মিঃ মৈত্র, আপনার পয়েণ্ট অব অর্ডারটা হচ্ছে উনি যে জবাবটা দেবেন সেটা আজকের দিনের কি আগেকার, এটাই মোটামুটি বল্লেন তো?

Shri Kashi Kanta Maitra:

আমি বলছি যে প্রেজেণ্ট ডে ফ্যাক্ট দিতে হবে—আপনার হয়তো মনে আছে—আপনি অনেক সময় মিনিষ্টারদের বলেছেন, তার ফলে ওঁরা টেলিফোন করে জেনে নিয়েছেন এবং এই হাউসে শ্রীসোরেন মিশ্র মহাশয় এডুকেসন ডিপার্টমেণ্টের প্রশ্নে একটা এই রকম ঘটনা ঘটেছিল, তখন তিনি টেলিফোন করে খবর নিয়ে এই হাউসে সেটা প্লেস করেছিলেন। আমি তো দেখি নি এর আগে এই রকম ট্রাডিসন আছে যে এক মাস আগেকার তথ্য জানাবেন। উনি কি এইভাবে এই হাউসে তথ্য দিয়ে বিধানসভার সভাকে বোকা বানিয়ে রাখবেন—এইভাবে উনি হেয় হতে পারেন কিন্তু আমরা হবো না।

Let him be ridiculed: We don't want to be ridiculed in this fashion.

Shri Smarajit Bandyopadhyay:

মাননীয় অধ্যক্ষ, মহাশয়, শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় নানা রকম অভিসন্ধি আরোপ করছেন.....

Mr. Speaker:

আমি আগে পয়েণ্ট অব অর্ডারের জবাবটা দিই। মিঃ মৈত্র, উনি কোয়েশ্চেনটার যখন আনসার দেন তাঁর কাছে যে এ্যাভেলেবেল রেকর্ডস থাকে সেই রেকর্ডসের উপর বেস করে দেন। তবে যদি এক্সপ্রেসলি আপনি বলেন অমুক তারিখ অমুক তারিখ তাহলে

Certainly the Hon'ble Minister will answer giving prices on those particular dates.

এখানে কোয়েশ্চেনটা যেভাবে দেওয়া হয়েছিল—উনি যে দিন জবাব দেন ওঁর এ্যাভেলেবেল রেকর্ডস যা ছিল তার থেকেই দিয়েছেন। এখানে অনেকগুলি ডিস্ট্রিক্টের ব্যাপার আছে—সেগুলি উনি দিয়েছেন।

Shri Cour Chandra Kundu:

স্যার, আমি বলছি রানাঘাট কৃষ্ণনগরে ১৩ তারিখের উনি যে দর বল্লেন যে এক টাকা দরে চাল পাওয়া যাচ্ছে—আমি বলবো সেখানে দু টাকা দরেও চাল পাওয়া যাচ্ছিল না। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী সেখানে যাবার আগেও ১·২৫—৩০—৪০ দরে চাল বিক্রি হচ্ছিল কিন্তু উনি ঘুরে আসবার পরেই বেড়ে গেল কাজেই উনি কি করে একথা বল্লেন যে এক টাকা। এবং যে সমস্ত অফিসার এই সব রিপোর্ট দিয়েছেন তাদের কেন সাসপেণ্ড করছেন না? উনি রাজগিরে ছিলেন—উনি কিছুই জানেন না। নদীয়া জেলার ১৮ লক্ষ লোক না খেয়ে মারা যাচ্ছে আর এখানে উনি মিথ্যা কথা বলছেন।

Shri Nikhil Das:

স্যার, উনি ১৩-১০-৬৫ তারিখের একটা তথ্য আমাদের কাছে দিলেন যে কোথায় এক টাকা কোথায়ও ১৪ আনা কোথায়ও ১·০৬ চালের দাম ছিল। আমরা এই হাউসের যারা মেম্বার আছি এবং ঐ তরফের মেম্বার যাঁরা আছেন তাঁরা যদি সত্যি কথা বলেন তাহলে এটা বলবেন যে জুলাই মাস থেকে বাংলা দেশের ঘাটতি এলাকায় এমন কোন অঞ্চল ছিল না যেখানে দেড় টাকা কিলোর নিচে চাল পাওয়া যায় এবং অক্টোবরের প্রথম সপ্তাহে এসে ঘাটতি জেলাগুলির প্রতি এলাকায় চালের দাম প্রতি কিলো কোথায়ও দু টাকা, দু টাকা চার আনা, আড়াই টাকায় এসে দাঁড়িয়েছে এবং অক্টোবর মাস এগোতে থাকলে চালের দামও ধীরে ধীরে বাড়তে থাকলো এবং সর্বোচ্চ সীমানা হচ্ছে—আমাদের মুখ্যমন্ত্রীর বক্তৃতার পরে সেটা আড়াই টাকা থেকে তিন টাকা হোল। এই হাউসের কাছে ১৩-১০-৬৫ তারিখের চালের দামের যে ফিরিস্তি আমাদের রাষ্ট্রমন্ত্রী পেশ করলেন তাতে তিনি অসত্য তথ্য পেশ করেছেন—বিভিন্ন কাগজে সেই সময়ে বিভিন্ন জেলার চালের দামের যে খবর বেরিয়েছে তাতে দেখা যাবে প্রতি জেলায় তাঁরা বলছেন কোথায়ও ১·৫০ কোথায়ও ১.৭৫—২ টাকা ইত্যাদি এবং বাড়তি এলাকায় ওঁরা দেখিয়েছেন যে চালের দাম বেশী ছিল। মাননীয় স্পীকার স্যার, আমি আপনাকে জানাতে চাই যে খাদ্য সংকট এখন অত্যন্ত তীব্র আকারে পশ্চিমবাংগলায় দেখা দিয়েছে—কাজেই এই অসত্য তথ্য পরিবেশন করাটা কত বড় অন্যায় এবং খারাপ ব্যাপার সেটার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এবং আমাদের যে অধিকার আছে মেম্বার হিসাবে সেই অধিকারটা তাঁরা খর্ব করছেন।

Dr. Kanai Lal Bhattacharyya:

স্যার, নিখিলবাবু যেকথা বল্লেন তাঁর সংগে আমি একটু এ্যাড করতে চাচ্ছি—আপনি কিছুক্ষণ আগে কাশীবাবুর পয়েণ্ট অব অর্ডারের জবাবে বল্লেন যে মন্ত্রী মহাশয়কে যে সময় প্রশ্নটা দেওয়া হয়েছিল—সেই সময় যে তথ্য.....

Mr. Speaker:

আমি তা বলি নি—আমি বলেছি যে সময় জবাবটা লিখেছিলেন।

Dr. Kanai Lal Bhattacharyya:

সেই সময় যে তথ্য পেয়েছিলেন সেই তথ্যের উপর বেস করে তিনি ১৩ তারিখের ফিরিস্তি দিয়েছেন.....

Mr. Speaker:

আমি আপনাকে একটু কারেক্ট করে দিই—তারিখের সংগে আমার কোন সম্পর্ক নেই—আমি পয়েণ্ট অব অর্ডারের জবাবে বলেছি যে যেসময় উনি জবাবটা লেখেন সেই সময় এ্যাভেলেবেল রেকর্ডের উপর লেখা হয়—আনলেস আপনারা স্পেসিফিক্যালি কোন পার্টিকুলার ডেট কি কোন পার্টিকুলার টাইম না দেন।

Dr. Kanai Lal Bhattacharyya:

তারই পরিপ্রেক্ষিতে আমার জিজ্ঞাস্য হচ্ছে ১৩ই তারিখের পর ফর্টনাইট ২৮ তারিখ আজকে ২রা নভেম্বর তারিখে সাপ্লিমেণ্টারীর জন্য নিশ্চয় উনি তৈরী হয়ে এসেছেন—রাইটার্স বিল্ডিংস গতকাল খোলা ছিল এবং তার আগে শুক্র-শনিবারও খোলা ছিল। ১৩ তারিখের পর এই যে ফর্টনাইট গেল এই ফর্টনাইটে বাংলা দেশে প্রত্যেকটা ডেফিসিট অঞ্চলে চালের দাম অভাবনীয় ভাবে বেড়েছে এবং যেটা আমরা কখনও শুনি নি হাওড়া জেলায় তিন টাকা চালের কিলো হয়েছে। আমরা বড় বড় কথা বলি যে পাকিস্তানে ৩।৪ টাকা চালের কিলো—কিন্তু আমাদের কলকাতার পাশে হাওড়া জেলার গ্রামে ৩ টাকা চালের কিলো—সেই খবর মন্ত্রীমহাশয় রেখেছেন

কিনা এবং আমাদের সাপ্লিমেণ্টারী প্রশ্নের জবাবে তিনি আমাদের কোন তথ্য দিতে পারেন কিনা সেটাই জিজ্ঞাসা করছি। যদি পারেন তাহলে আমার জিজ্ঞাস্য হচ্ছে অক্টোবর মাসের লাস্ট উইকে অর্থাৎ ২৮শে অক্টোবর যে ফর্টনাইট গেছে তার রিপোর্ট আপনার কাছে নিশ্চয়ই আছে—বাংলা দেশের বিভিন্ন ডেফিসিট ডিস্ট্রিক্ট হাওড়া নদীয়া ২৪ পরগণা মুর্শিদাবাদ মালদহ কুচবিহার ও জলপাইগুড়ি এই সাতটি জেলায় কত টাকা চালের কিলো ছিল সেই সময় সেটা মন্ত্রীমহাশয় আমাদের জানাবেন কি?

[1-50—2 p.m.]

Shri Smarajit Bandyopadhyay:

২৮ তারিখের পর স্টেটমেণ্ট আমাদের কাছে এখনও আসেনি এলে আমরা তা সাবমিট করে দিতাম। ১লা তারিখের কথা আপনি যা বলছেন ঐ সময় কোন স্টেটমেণ্ট আসে নি। এই ফর্টনাইটের মধ্যে চালের দাম বেড়ে থাকতে পারে।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রীমহাশয় (খ) প্রশ্নের উত্তরে বলেছেন যে এক শ্রেণীর অসাধু ব্যবসায়ীরা চোরা কারবার করে চালের দাম বাড়াচ্ছে এবং তার সমাধানের কথা প্রসঙ্গে বলেছেন এম আর শপ সম্প্রসারণের মধ্য দিয়ে বিভিন্ন জায়গায় চালের দাম কমাবার চেষ্টা হচ্ছে। একথা কি তিনি বলবেন যে এম আর শপ সম্প্রসারণের উদ্দেশ্যে যেটা করা হয়েছে তাতে ঐ চালের দাম ১৩ই অক্টোবর-এর আগে থেকেই বাড়ে এবং তারপর থেকে বেড়ে বেড়ে ক্রমে ঘাটতি জেলাগুলিতে অর্থাৎ জলপাইগুড়ির ন্যায় জেলাগুলিতে ক্রমেই চালের দর বাড়তে থাকে ঐ অক্টোবর থেকে আরম্ভ করে শেষ পর্যন্ত?

Shri Smarajit Bandyopadhyay:

বেড়ে থাকতে পারে।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি খাদ্য ঘাটতি দূর করার জন্য সরকার থেকে কোন পরিকল্পনা নেওয়া হয়েছে কি এবং নেওয়া হয়ে থাকলে তার ফল কি হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

মজুত চাল উদ্ধারের নির্দেশ দেওয়া হয়েছে বলা হয়েছে জেলা শাসকদের যে মজুত চাল সীজ কর।

Shri Nani Bhattacharjee:

জেলা শাসকদের কাছ থেকে কত মজুত হয়েছে সে রিপোর্ট পেয়েছেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

রিপোর্ট চেয়ে প্রশ্ন করলে বলবো।

Shri Nani Bhattacharjee:

যে অসাধু ব্যবসায়ীদের জন্য চালের দর বৃদ্ধি হয়েছে তাদের কতজনকে ডি আই আর-এ ধরার কি আয়োজন করা হয়েছে ঐ ঘাটতি জেলাগুলিতে?

Shri Smarajit Bandyopadhyay:

নোটীশ দিলে বলতে পারবো।

Shri Kamal Kanti Guha:

মাননীয় মন্ত্রীমহাশয় ১৩ তারিখের যে তথ্য প্রকাশ করলেন সেটা অসত্য বলছি, বিশেষ করে ঘাটতি জেলা সম্বন্ধে আপনি যে কথা বলেছেন যে আপনার ডিপার্টমেণ্ট এই তথ্য দিয়েছে। আমার কথা হচ্ছে যে আপনি তদন্ত করতে রাজী আছেন কিনা অর্থাৎ ১৩ তারিখে আপনার ডিপার্টমেণ্ট যে তথ্য দিলেন এবং আমরা যাকে অসত্য বলছি সেই সম্পর্কে? বিভিন্ন জেলার এম-এল-এ-দের নিয়ে আপনি তদন্তে রাজী আছেন কিনা যে স্টেটমেণ্ট দিয়েছেন সে সম্পর্কে?

Shri Smarajit Bandyopadhyay:

এ প্রশ্ন থেকে এটা আসে না।

Shri Syed Abul Mansur Habibullah:

এখানে বিভিন্ন জেলার চালের সম্পর্কে যে উত্তর দেওয়া হয়েছে তা থেকে আর একটা কথা জিজ্ঞাসা করছি, এটা কি জানা আছে যে বাড়তি জেলা থেকে ধান যাবার পথে ঐ ফুড ডিপার্টমেণ্ট-এর কর্মচারীরা ঘুস খায় এবং দাম বাড়ার এটাও একটা অন্যতম কারণ এ কথা তিনি জানেন কি?

(No reply)

(Noise and interruptions)

Shri Birendra Narayan Ray: Sir, answer to *22, Admitted Question No. *412, has not been laid on the library table.

Mr. Speaker:

তাহলে, মন্ত্রীমহাশয়, এর উত্তরটা দিয়ে দেবেন।

Sirens and light covers

***14.** (Admitted question No. *410.) **Shri Birendra Narayan Ray:**

স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পাক-ভারত অঘোষিত যুদ্ধের সময় (আগষ্ট, ১৯৬৫) কলিকাতা এবং বৃহত্তর কলিকাতায় সাইরেনের সংখ্যা অপ্রতুল ছিল এবং ঐ অপ্রতুল সাইরেনও সবগুলি ঠিকমত বাজিতেছিল না;

(খ) সত্য হইলে, তাহার কারণ কি; এবং

(গ) উক্ত সময়ে রাস্তার আলোর ঠুলির সংখ্যা কত ছিল?

Shri Ardhendu Shekhar Naskar:

(ক) হ্যাঁ।

(খ) অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার জন্য প্রয়োজনীয় সাইরেন সংগ্রহের দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করিয়াছিলেন। সাইরেনের জন্য কেন্দ্রীয় সরকার এক প্রতিষ্ঠানের কাছে অর্ডার দিয়াছিলেন। তাঁহাদের নিকট হইতে উপযুক্ত সংখ্যক সাইরেন পাওয়ার আগেই পাকিস্তান এই দেশ আক্রমণ করিয়াছিল। পাক-ভারত যুদ্ধের প্রারম্ভ পর্যন্ত এই জন্য পশ্চিমবঙ্গ সরকার

তাঁহাদের প্রয়োজনের তুলনায় খুবই কম সাইরেন পাইয়াছিলেন। এই সাইরেনগুলি পাওয়ার পরেই এগুলিকে স্থাপন করা এবং ইহাদের সঙ্গে বৈদ্যুতিক শক্তি সংযোগ করার কাজ আরম্ভ করা হয়। কিন্তু সাইরেনের সংখ্যা কম ছিল এবং সেগুলিকে স্থাপনের কাজও সম্পূর্ণ হয় নাই। তাহা ছাড়া এ সাইরেনগুলি এ সি বৈদ্যুতিক শক্তিতে চালিত হয়। কিন্তু কলিকাতা সহরের ও হাওড়ার বহু অঞ্চলে এইরূপ বৈদ্যুতিক শক্তি কাছাকাছি ছিল না। দূর হইতে সাইরেনের স্থান পর্যন্ত এই শক্তি আনার ব্যবস্থা করিতে হয়। তাহাতে কিছু বিলম্ব ঘটে। এই সকল কারণে এই সাইরেনগুলি প্রকাশ্যে চালু করিয়া পরীক্ষা করিবার সুযোগ ঘটে নাই। তার ফলে সাইরেনগুলির দোষত্রুটি আগে ধরা পড়ে নাই। এই জন্যই কোনও কোনও ক্ষেত্রে যান্ত্রিক গোলযোগ ঘটিয়াছিল।

(গ) ৮,৪০৬।

Shri Birendra Narayan Ray:

জরুরী অবস্থা তো ১৯৬২ সালে আরম্ভ হয়েছে আর আজ হল ১৯৬৫। সুতরাং এই সাইরেনগুলি এতদিন বসান হয় নি কেন? এগুলি কোন প্রতিষ্ঠানকে দিয়েছেন যার জন্য আজ পর্যন্ত এগুলি বসান হয় নি। এর সঠিক সংখ্যা কত এবং আপনারা কি কেন্দ্রীয় সরকারকে এর তাগাদা দিয়েছিলেন যে আপনারা সাইরেন পাচ্ছেন না বলে?

Shri Ardhendu Shekhar Naskar:

আমি প্রথম প্রশ্নের জবাব দিয়েছি এবং কেন্দ্রীয় সরকারকে এ নিয়ে বহুবার তাগাদা আমরা দিয়েছি এবং যা পাওয়া গিয়েছে তা আমরা টেষ্ট করবার সময় পাই নি।

Shri Syed Abul Mansur Habibullah:

১৯৬২ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত সাইরেনের কত খরচ হয়েছে তা বলতে পারবেন কি?

Shri Ardhendu Shekhar Naskar:

নোটিশ চাই।

Shri Birendra Narayan Ray:

আপনি বলেছেন যে উপযুক্ত সংখ্যক সাইরেন পাই নি, কত সংখ্যক হলে উপযুক্ত বা প্রতুল হয় সেটা জানাবেন কি?

Shri Ardhendu Shekhar Naskar: The original intention of the Government of India was to effect crash blackout in each of the selected towns within the civil defence areas in the event of an air attack. Accordingly, the Government of India suggested re-devising of the electric circuits in each of the selected towns to a certain limitation of experience.

এটা একটা বড় স্টেটমেণ্ট, দরকার হলে এটা পড়ে দিতে পারি।

Mr. Speaker: Question hour is over.

STARRED QUESTIONS
(to which Answers were laid on the Table)

Arrests during Indo-Pak conflict

***15.** (Admitted question No. *436.) **Shri Subodh Chowdhury:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many persons were arrested and detained during the recent Indo-Pak conflict;

(b) how many of them are from different political parties and their respective numbers; and

(c) how many of them were given classification?

The Minister for Home (Police): (a) During the recent Indo-Pak hostilities altogether 682 persons were detained under rule 30 of the D.I. Rules in West Bengal.

(b) Political party affiliations of these persons are not precisely known.

(c) 108 persons were given treatment as Division I undertrial prisoners in Jail.

Civil Defence Organisation

***16.** (Admitted question No. *470.) **Shri Panchugopal Bhaduri:** Will the Minister-in-charge of the Home (Civil Defence) Department be pleased to state—

(a) whether the Civil Defence Organisation of the State is the same as was organised in 1962-63; and

(b) what steps, if any, are being taken to further strengthen it?

The Minister for Home (Civil Defence): (a) The present Civil Defence Organisation in the State has been built up on the basis of the organisation started in 1962-63.

(b) Even before Pakistani aggression in Kutch, the State Government had decided to make the Civil Defence Organisation in the State a part of the normal administration. With this end in view, and in partial modification of the policy of November, 1962, steps were taken to appoint the District Magistrates/Deputy Commissioners of the districts having Civil Defence areas as the Controller of Civil Defence in their respective jurisdictions in addition to their normal duties. In Calcutta city, which has no Officer like a District Magistrate, however, a fulltime Controller had to be appointed. He is helped by 4 fulltime Deputy Controllers of Civil Defence. The responsibility for different aspects of Civil Defence was allotted to different Departments of State Government, the Home (Civil Defence) Department being responsible for certain aspects in particular and co-ordination in general. From the beginning of the year, steps have been taken for making greater use of existing official and non-official organisations in Civil Defence and, accordingly, specific duties have been allotted to Organisations like Home Guards, West Bengal National Volunteer Force, N.C.C., etc.

After Pakistani aggression in Kutch, and particularly after their full scale aggression in August-September, 1965, steps have been taken to further strengthen the Organisation. Several time officers have been employed for organisational and operational purposes in different Civil Defence areas. The work of recruitment and training of volunteers has been intensified. Arrangements have been made for manning Wardens Posts, Control and Sub-Control Rooms, First Aid Posts, Depots, etc., round the clock. The number of hospital beds has been increased and arrangements for lighting restrictions have been made. Steps for the purchase and installation of sirens for warning the public have been intensified. Other equipment have also been secured on a priority basis. Arrangements for extending Civil Defence measures in some border areas have been made. Divisional Wardens and Additional Divisional Wardens have also been appointed. Ladies have also been associated with Civil Defence by appointing them in different capacities in Civil Defence. Proposals for taking some more measures are now under consideration of Government.

Kerosene oil

***17.** (Admitted question No. *503.) **Shri Kashi Kanta Maitra:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার কেরোসিন তেলের দর নির্দিষ্ট করা সিদ্ধান্ত নিয়েছেন ;

(খ) সত্য হইলে তাহার কারণ কি ;

(গ) কেরোসিন তেলের সরবরাহে ঘাটতির কোন লক্ষণ দেখা গিয়েছে কিনা ;

(ঘ) ভারতীয় তৈল কর্পোরেশান বা বিদেশী তৈল কোম্পানীগুলি কেরোসিনের দাম বাড়িয়েছেন কিনা ; এবং

(ঙ) বর্তমানে মফঃস্বলে ও গ্রামাঞ্চলে কেরোসিন তেলের দাম তিন চার গুণ বেশী দিয়ে ক্রেতা সাধারণকে কিনতে হচ্ছে সে সম্বন্ধে রাজ্য সরকার অবগত আছেন কিনা এবং অবগত থাকলে তার প্রতিকার সাধনের জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

The Minister for Food and Supplies:

(ক) কেরোসিনের দর ভারত সরকারের কেরোসিন (প্রাইস কণ্ট্রোল) অর্ডার, ১৯৬৩ দ্বারা নিয়ন্ত্রিত হইতেছে। রাজ্য সরকার পৃথক ভাবে এই রাজ্যে কেরোসিনের দর নির্দিষ্ট করিবার কোন সিদ্ধান্ত এখন পর্যন্ত গ্রহণ করেন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ। সাম্প্রতিক ভারত ও পাকিস্তান সংঘর্ষের দরুণ প্রচুর পরিমাণ কেরোসিন প্রতিরক্ষার কাজে ব্যবহৃত হইতেছে। ফলে সাময়িকভাবে কোথাও কোথাও কেরোসিন তেলের ঘাটতির লক্ষণ দেখা দিয়াছে।

(ঘ) না।

(ঙ) বর্তমান পরিস্থিতির দরুণ মফঃস্বল ও গ্রামাঞ্চলের কোথাও কোথাও যে কেরোসিনের কিছুটা ঘাটতি এবং তজ্জনিত মূল্য বৃদ্ধি হইয়াছে ইহা সরকার অবগত আছেন। ইহার প্রতিকারের উদ্দেশ্যে রাজ্যের সর্বত্র সরবরাহ যথাসম্ভব বজায় রাখিবার জন্য তৈল কোম্পানীগুলিকে পরামর্শ দেওয়া হইতেছে। মূল্য বৃদ্ধি রোধ করিবার জন্য রাজ্য সরকার এই রাজ্যে পৃথক ভাবে কেরোসিনের মূল্য বাঁধিয়া দিবার এবং এই রাজ্যের জন্য একটি সুষ্ঠু বণ্টন ব্যবস্থা চালু করিবার কথা বিবেচনা করিতেছেন। এই উভয় বিষয় সম্পর্কে রাজ্য সরকার ভারত সরকারের সহিত পরামর্শ করিতেছেন। ইতিমধ্যে কেরোসিনের সরবরাহ বৃদ্ধি করিবার জন্য ভারত সরকার রন্ধন ও আলো জ্বালানো ব্যতীত কেরোসিনের অন্য প্রকার ব্যবহার নিষিদ্ধ করিয়া দিয়াছেন।

Last batch of policemen sent to Dahalakhagrabari and Kotbhajini

***18.** (Admitted question No. *553.) **Shri Amarendra Roy Prodhan:**

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোচবিহার জেলার অন্তর্ভুক্ত ভারতীয় ছিট দহলাখাগড়াবাড়ী ও কোটভাজিনীতে পশ্চিমবঙ্গের শাসন ব্যবস্থা অক্ষুণ্ণ রাখার জন্য সর্বশেষ দলে কতজন পুলিশকে উক্ত স্থানে প্রেরণ করা হইয়াছে ; এবং

(খ) শেষ পুলিশ দলটিকে কোন্ তারিখে দহলাখাগড়াবাড়ী-কোট্‌ভাজিনীতে প্রেরণ করা হইয়াছে?

The Minister for Home (Political):

(ক) ১১ জন।

(খ) ২১-৮-৬৫ তারিখে।

"B" and "C" class ration card-holders in rural areas

***19.** (Admitted question No. *8.) **Shri Sanat Kumar Raha:**

খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পল্লী অঞ্চলে 'খ' শ্রেণীর রেশন প্রাপক কাহাদের বলা হয়;

(খ) 'গ' শ্রেণীর কাহাদের বলা হয়;

(গ) 'খ' ও 'গ' শ্রেণীর জন্য কোনরূপ বরাদ্দ রেশন দেওয়া হয় কিনা; এবং

(ঘ) 'ক' শ্রেণীর সকলের জন্য আংশিক রেশন দেওয়া হয় কিনা?

The Minister for Food and Supplies:

(ক) পুরুলিয়া ও কুচবিহার জেলার পল্লী অঞ্চল ব্যতীত এই রাজ্যের সমগ্র পল্লী অঞ্চলে বৎসরে ২ টাকা পর্যন্ত ইউনিয়ন রেট অথবা চৌকিদারী ট্যাক্স দেন এইরূপ পরিবার সমূহকে 'খ' শ্রেণীর রেশন প্রাপক বলা হয়। পুরুলিয়া জেলার ক্ষেত্রে বৎসরে ১২ আনা পর্যন্ত চৌকিদারী ট্যাক্স প্রদানকারী পরিবারসমূহ এবং কুচবিহার জেলায় যে সমস্ত পরিবার ৩ বিঘার বেশী কিন্তু অনধিক ৫ বিঘা চাষের জমির মালিক তাঁহারা 'খ' শ্রেণীভুক্ত।

(খ) রাজ্যের পল্লী অঞ্চলে 'ক' শ্রেণীভুক্ত এবং উপরোক্ত 'খ' শ্রেণীভুক্ত পরিবারসমূহ ব্যতিরেকে যেসমস্ত পরিবার অবশিষ্ট থাকে তাঁহারা 'গ' শ্রেণীভুক্ত।

(গ) সর্বাগ্রে রেশন বরাদ্দের সুযোগ সুবিধা 'ক' শ্রেণীয়দের দেওয়া হয়। তবে প্রয়োজন হইলে এবং সরবরাহ পর্যাপ্ত থাকিলে এই সুবিধা পল্লী অঞ্চলের 'খ' ও 'গ' শ্রেণীয়দেরও দেওয়া হয়।

(ঘ) সরবরাহ পর্যাপ্ত থাকিলে পল্লী ও সহর অঞ্চলে 'ক' শ্রেণীয়দের সকলকেই রেশন দেওয়া হয়।

Supply of sugar in rural areas

***20.** (Admitted question No. *91.) **Shri Ananga Mohan Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে গ্রামাঞ্চলে মাথাপিছু কি পরিমাণ চিনি সরবরাহের ব্যবস্থা আছে;

(খ) কোন্ কোন্ ক্ষেত্রে বিশেষ পারমিটে চিনি পাওয়া হয়; এবং

(গ) বিশেষ পারমিটে কিরূপ হিসাবে চিনি দেওয়া হয়?

The Minister for Food and Supplies:

(ক) দার্জিলিং জেলার গ্রামাঞ্চল ব্যতীত রাজ্যের সমগ্র পল্লী অঞ্চলে সর্বশ্রেণীর লোককে মাসে মাথাপিছু ২৬০ গ্রাম চিনি এম আর শপ মারফৎ সরবরাহ করা হয়। দার্জিলিং জেলার পল্লী অঞ্চলে সর্বশ্রেণীর লোককে রেশন কার্ডের মাধ্যমে মাথাপিছু মাসে ১ কেজি চিনি সরবরাহ করা হয়।

(খ) বিবাহ, শ্রাদ্ধ, অন্নপ্রাশন, দুর্গাপূজা, কালীপূজা, দোলযাত্রা, জন্মাষ্টমী, ঈদ, ভ্রাতৃদ্বিতীয়া এবং বড়দিন—এই কয়েকটি সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠান উপলক্ষ্যে গ্রামাঞ্চলে বিশেষ পারমিটে চিনি দেওয়ার ব্যবস্থা আছে।

(গ) বিশেষ পারমিটে চিনি দেওয়ার কোন পরিমাণ নির্দিষ্ট করা নাই। জেলায় জন্য প্রাপ্ত মোট সরবরাহের পরিমাণ অনুসারে জেলা শাসকগণ ইহা নির্ধারণ করেন।

Arrests of Pak spies and saboteurs

***21.** (Admitted question No. *175.) **Shri Sudhir Chandra Das:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাকিস্তানের সহিত যোগাযোগ আছে এইরূপ প্রমাণের ভিত্তিতে কোন্ কোন্ জেলায় কতজনকে বর্তমান বৎসরে গ্রেপ্তার করা হইয়াছে;

(খ) পশ্চিমবঙ্গে পাকগুপ্তচর সন্দেহে কোন্ কোন্ জেলায় কতজনকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(গ) অন্তর্ঘাতী কাজে লিপ্ত থাকার অভিযোগে কোন্ কোন্ জেলায় কতগুলি মামলা বর্তমান বৎসরে দায়ের হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) ও (খ) পাকিস্তানের সহিত যোগাযোগ আছে এইরূপ সন্দেহে ও পাক গুপ্তচর সন্দেহে কলিকাতা সহ পশ্চিমবঙ্গে ১৪২ জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে। জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল।

কলিকাতা—১	পুরুলিয়া—২
চব্বিশ পরগণা—৬০	বর্ধমান—৫
নদীয়া—৭	হুগলী—১৬
জলপাইগুড়ি—৯	হাওড়া—১
মুর্শিদাবাদ—৫	বাঁকুড়া—৩
কুচবিহার—৩	বীরভূম—১
দার্জিলিং—৭	মালদহ ১৯
মেদিনীপুর—১	পশ্চিম দিনাজপুর—২

(গ) বর্ধমান জেলার অন্তর্ঘাতী কাজের জন্য (সাবোটেজ) একটি মামলা দায়ের করা হইয়াছে।

Arrests under D.I.R., P.D. Act and W.B. Security Act

***22.** (Admitted question No. *412.) **Shri Birendra Narayan Roy:**

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালের ৫ই আগস্ট হইতে বর্তমান সময় পর্যন্ত কয়জনকে (১) ডি আই আর, (২) পি ডি এ্যাক্ট এবং (৩) ওয়েষ্ট বেঙ্গল সিকিউরিটি এ্যাক্ট-এ গ্রেপ্তার করা হইয়াছে;

(খ) তাহাদের মধ্যে কয়জন ভারতীয় এবং কয়জন অভারতীয় নাগরিক;

(গ) ভারতীয় নাগরিকদের কয়জন (১) রাজনৈতিক দলের সদস্য, (২) কয়জন খাদ্যে ভেজালদানকারী এবং (৩) কয়জন অন্যান্য শ্রেণীর ব্যক্তি; এবং

(ঘ) উহাদের কোন্ শ্রেণীর কয় ব্যক্তি অদ্যাবধি ছাড়া পাইয়াছে?

The Minister for Home (Special):

(ক) ৫ই আগষ্ট, ১৯৬৫ হইতে ২৫শে অক্টোবর, ১৯৬৫ পর্যন্ত গ্রেপ্তারের সংখ্যা দেওয়া হইল।

(১) ৪,৯৩৮ জন ডি আই আর [তন্মধ্যে ৮৩৮ জন ৩০(১)(খ) ধারায় আটক বন্দী আছেন]।

(২) ৩৮ জন পি ডি এ্যাক্ট।

(৩) ৪৪২ জন সিকিউরিটি এ্যাক্ট।

(খ) ডি আই আর এর ৩০(১)(খ) ধারায় আটক বন্দী ৮৩৮ জনই ভারতীয় নাগরিক।

পি ডি এ্যাক্ট-এর ৩৮ জনই ভারতীয় নাগরিক।

ডি আই আর এর অন্যান্য ধারায় ও সিকিউরিটি এ্যাক্টে গ্রেপ্তারীকৃত ব্যক্তিদের কতজন ভারতীয় ও কতজন অ-ভারতীয় তাহা সঠিক জানা যায় নাই।

(গ) (১) ডি আই আর-এর ৩০(১)(খ) ধারায় আটক বন্দীদের ৫৯ জনের রাজনৈতিক পরিচয় আছে। পি ডি এ্যাক্ট-এ গ্রেপ্তারীকৃত ব্যক্তিদের কাহারও রাজনৈতিক পরিচয় নাই।

অন্যান্যদের সম্বন্ধে সঠিক জানা নাই।

(২) ও (৩) সঠিক জানা নাই।

(ঘ) ডি আই আর ৩০(১)(খ) ধারায় আটক বন্দীদের মধ্যে ৩৯৪ জন মুক্তি পাইয়াছেন।

পি ডি এ্যাক্ট-এ কেহই মুক্তি পান নাই।

অন্যান্যদের সঠিক সংখ্যা জানা নাই।

D.I.R. detenus and family allowances

***23.** (Admitted question No. *440.) **Shri Subodh Chowdhury:** Will the Minister-in-charge of the Home (Special) Department be pleased to state—

(a) how many detenus (under Rule 30 of D.I.R.) are there at present in West Bengal;

(b) how many of the detenus (under Rule 30 of D.I.R.) have been allowed family allowance and how many cases are pending for taking decision; and

(c) what is the basis of granting family allowance and how the amount is decided upon?

The Minister for Home (Special): (a) 1,185 persons are detained under Rule 30 of D.I.R. at present (i.e. on 30-10-1965).

(b) 119 persons have till that date been allowed family allowance and 67 cases are under consideration. A number of cases were rejected.

(c) Family allowance is normally granted by Government on an ex-gratia basis in those cases in which it is satisfactorily proved that the detainee was bread-winner and his detention has substantially affected the means of subsistances of his family. The scale of family allowances is Rs. 30 per member dependent on the detenu before his arrest and Rs. 25 as contingency charges per family per month having regard to the existing sources

of income of the family and other circumstances of the case. But in no case the amount so decided will cross the pre-arrest income of the detainee. The Government do not consider the grant of family allowance to criminals, goondas, black-marketers, hoarders etc.

Deep tubewells in Nadia district

***24.** (Admitted question No. *504.) **Shri Kashi Kanta Maitra:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় মোট কতগুলি সেচের জন্য গভীর নলকূপ বসান হয়েছে ;

(খ) তার মধ্যে কতগুলি চালু হয়েছে (এনারজাইজড্) ;

(গ) প্রতিটি নলকূপ মাধ্যমে কত বিঘা জমিতে সেচের জল সরবরাহ করা সম্ভব এবং প্রকৃত পক্ষে কি পরিমাণ জমিতে সেচের জল সরবরাহ করা হচ্ছে ; এবং

(ঘ) কি কি কারণে সমস্ত নলকূপগুলি আজও চালু করা সম্ভব হয় নি?

The Minister for Agriculture and Community Development:

(ক) ৪৪৮টি।

(খ) ১৬৫টি তে বিদ্যুৎ-শক্তি সংযোজিত হয়েছে।

(গ) প্রতিটি নলকূপ মাধ্যমে ২০০ একর জমিতে সেচের জল সরবরাহ করার কথা। বর্তমানে গড়ে প্রতিটি নলকূপ হইতে ১০০ একর জমিতে জল সরবরাহ করা হইতেছে; এবং

(ঘ) বিদ্যুৎ-শক্তি সংযোজনের কাজে দেরী হওয়ার জন্যই সমস্ত নলকূপগুলি এখনও চালু করা সম্ভব হয় নাই।

Arrests under D.I.R. at Berhampore on the 16th August, 1965

***25.** (Admitted question No. *9.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৬ই আগস্ট বহরমপুরে ভারত রক্ষা আইনে কতজনকে গ্রেপ্তার করা হয় ;

(খ) ইহা কি সত্য যে ঐ দিন (১৬-৮-৬৫) বহরমপুরে পুলিশ কর্তৃক লাঠিচার্জ করা হয় ; এবং

(ঘ) সত্য হইলে, লাঠি চার্জের ফলে কতজন আহত হয়?

The Minister for Home (Police):

(ক) ৯ জনকে।

(খ) না।

(গ) প্রশ্নটি উঠে না।

Damage of rice in some Government godowns

***26.** (Admitted question No. *101.) **Shri Ananga Mohan Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কয়েকটি সরকারী গুদামে সঞ্চিত চাউল ব্যবহারের অযোগ্য হইয়াছে বলিয়া গত জুন মাসে জানা গিয়াছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ সকল গুদামগুলির সংখ্যা কত ও মোট কত চাউল নষ্ট হইয়াছে, এবং

(২) উক্ত চাউলের মূল্য কত এবং উহা কি কারণে নষ্ট হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) (১) গুদামের সংখ্যা—১৮

চাউলের পরিমাণ—১৭৮ মেঃ টন।

(২) উক্ত চাউলের মূল্য আনুমানিক ৭০।৮০ হাজার টাকা। গত জুন মাসের শেষ সপ্তাহে যে অপ্রত্যাশিতরূপে প্রচণ্ড বর্ষণ হয় তাহাতে গুদামে জল ঢুকিয়া চাউল নষ্ট হয়।

Districts surplus in food

***27.** (Admitted question No. *176.) **Shri Sudhir Chandra Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলা খাদ্যে বাড়তি ও কোন্ কোন্ জেলা ঘাটতি স্থির করা হইয়াছে ; এবং

(খ) বাড়তি জেলাগুলিতেও চাউলের মূল্য বর্তমানে কত?

The Minister for Food and Supplies:

(ক) বাড়তি জেলাঃ

বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, মেদিনীপুর, পশ্চিম দিনাজপুর এবং পুরুলিয়া।

ঘাটতি জেলাঃ

২৪-পরগণা, নদীয়া, মুর্শিদাবাদ, হুগলী, হাওড়া, জলপাইগুড়ি, দার্জিলিং, মালদহ এবং কুচবিহার।

(খ) এতৎসংলগ্ন বিবরণীতে দেখানো হইল।

Statement referred to in clause (Kha) *of starred question No.* *27.

District average minimum and maximum retail prices of Rice in the surplus districts of West Bengal as on 13-10-1965.

	(Prices in rupees per K.G.)	
	Maximum	Mininum
Burdwan	1.04	0.94
Birbhum	0.86	0.86
Bankura	0.75	0.73
Midnapur	0.84	0.74
West Dinajpore	1.08	1.00
Purulia	0.77	0.75

Pak paratroopers

***28.** (Admitted question No. *420.) **Shri Birendra Narayan Roy:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত পাক-ভারত অঘোষিত যুদ্ধের সময় কলিকাতাসহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় শত্রুপক্ষের ছত্রীসৈন্য সন্দেহে কিছু ব্যক্তিকে (১) পুলিশ গ্রেপ্তার করিয়াছে এবং (২) জনসাধারণ ছত্রীসৈন্য সন্দেহে পুলিশের নিকট সমর্পণ করিয়াছে ;

(খ) সত্য হইলে, জেলাওয়ারী তাহাদের সংখ্যা কত ; এবং

(গ) উহাদের মধ্যে কয়জনকে প্রকৃত সন্দেহভাজন ব্যক্তি বলিয়া পুলিশের ধারণা হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

Price of Jute

***29.** (Admitted question No. *505.) **Shri Kashi Kanta Maitra:**

ষ ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ বছর বিভিন্ন জেলায় বিভিন্ন শ্রেণীর পাটের বাজার দর কত ;

(খ) পাটের সর্ব নিম্ন দর নতুন করে বর্তমান বাজারে বাড়াবার কথা সরকার চিন্তা করছেন কিনা ;

(গ) বর্তমান বাজারে প্রতিমণ পাট উৎপন্ন করতে চাষীর ব্যয় কত হয় এবং সরকারী খামারে ঐ পরিমাণ পাটের উৎপাদন ব্যয় কত এ সম্পর্কে কোন সরকারী তথ্য আছে কিনা ; এবং

(ঘ) তথ্য থাকিলে, তাহা কি?

The Minister for Agriculture and Community Development:

(ক) প্রধান প্রধান পাট উৎপাদনকারী জেলা হইতে সংগৃহীত পাটের দরের একটি তালিকা ইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল ;

(খ) রাজ্য সরকার জ্ঞাত নহে ; ইহা কেন্দ্রীয় সরকারের অধীন।

(গ) আছে ;

(ঘ) প্রতি মণ পাট উৎপন্ন করিতে চাষীর ব্যয় হয় ১৬ টাকা ৮০ পয়সা এবং সরকারী খামারে ২১ টাকা ৭২ পয়সা।

Statement referred to in reply to clause (Ka) *of starred question No. 29.*

Statement showing prices of Raw Jute as obtained in the different districts of West Bengal from January 1965 to the middle of October 1965.

(Prices per Quintal Figures in brackets are prices per md.) for Bottom Grade

Name of districts with name of market	January, 1965				February, 1965				March, 1965				April, 1965			
	Secondary market		Primary market		Secondary market		Primary market		Secondary market		Primary market		Secondary market		Primary market	
	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum
1. Jalpaiguri																
Belacoba	N.T.	N.T.	N.T.	N.T.	91.10 (34.00)	93.77 (35.00)	88.40 (33.00)	91.10 (34.00)	91.10 (34.00)	95.11 (35.00)	88.41 (33.00)	91.10 (34.00)	91.10 (34.00)	104.50 (39.00)	88.41 (33.00)	101.81 (38.00)
2. Malda																
Samsi	77.90 (29.18)	82.40 (30,77)	76.40 (28.58)	80.50 (30.17)	79.10 (29.62)	84.40 (31.55)	77.70 (29.02)	83.00 (30.95)	75.70 (28.38)	82.40 (30.77)	74.40 (27.78)	80.50 (30.17)	84.40 (31.58)	111.90 (41.97)	83.05 (30.98)	110.60 (41.37)
3. Cooch Behar																
Cooch Behar	75.02 (28.00)	83.07 (31.00)	72.35 (27.00)	80.40 (30.00)	83.07 (31.00)	85.74 (32.00)	80.40 (30.10)	83.07 (31.00)	83.07 (31.00)	85.74 (32.00)	80.40 (30.00)	83.07 (31.00)	85.74 (32.00)	104.50 (39.00)	83.07 (31.00)	101.80 (38.00)
4. West Dinajpore																
Raiganj	76.36 (28.50)	76.36 (28.50)	75.02 (28.00)	75.02 (28.00)	81.73 (30.50)	81.73 (30.50)	N.T.	N.T.	80.39 (30.00)	85.75 (32.00)	N.T.	N.T.	83.37 (31.00)	104.51 (30.00)	N.T.	N.T.
5. Burdwan																
Kalna	85.74 (32.00)	96.40 (35.90)	82.40 (30.75)	90.40 (33.75)	84.40 (31.50)	96.45 (36.00)	81.10 (30.25)	93.10 (34.75)	93.77 (35.00)	96.45 (36.00)	91.70 (34.25)	93.10 (34.75)	96.45 (36.00)	115.21) (43.00)	93.10 (34.75)	111.80 (41.75)
6. Katwa	83.07 (31.00)	93.77 (35.00)	N.T.	N.T.	91.10 (34.00)	100.47 (37.50)	N.T.	N.T.	92.43 (34.50)	97.80 (36.56)	N.T.	N.T.	96.45 (36.00)	117.90 (44.00)	N.T.	N.T.

	Chakdah	93.77 (35.00)	101.80 (38.00)	91.10 (34.00)	99.13 (37.00)	93.80 (35.07)	99.10 (36.94)	91.20 (34.14)	96.45 (36.00)	93.80 (35.07)	93.80 (35.07)	91.20 (34.14)	91.20 (34.14)	98.00 (34.14) 36.75	101.00 (36.75) 37.50	N.T.	N.T.
7.	24-Parganas																
	Bongaon	89.75 (33.50)	101.80 (38.00)	85.74 (32.00)	99.13 (37.00)	97.79 (36.00)	101.80 (38.00)	95.11 (35.50)	99.13 (37.00)	95.11 (35.50)	99.13 (37.00)	N.T.	N.T.	101.81 (38.00)	128.60 (48.00)	N.T.	N.T.
8.	Murshidabad																
	Berhampore	80.40 (30.00)	85.74 32.00)	75.02 (28.00)	80.40 (30.00)	85.74 (32.00)	85.74 32.00)	80.40 (30.00)	80.40 (30.00)	85.00 (31.75)	85.00 (31.75)	N.T.	N.T.	85.00 (31.75)	85.00 (31.75)	N.T.	N.T.
9.	24-Parganas																
	Metiahat	..	..	N.T.	N.T.	..	..	105.80 (39.50)	105.80 (39.50)	..	..	101.80 (38.00)	103.15 (38.50)	..	..	N.T.	N.T.

N.T. = No Transaction.e

Name of districts with name of market	May, 1965				June, 1965				July, 1965			
	Secondary Market		Primary Market		Secondary Market		Primary Market		Secondary Market		Primary Market	
	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum
1. Jalpaiguri												
Belacoba	101.81 (38.00)	101.81 (38.00)	99.13 (37.00)	99.13 (37.00)	99.13 (37.00)	104.50 (39.00)	96.45 (36.00)	101.80 (38.00)	101.80 (38.00)	107.1 (40.00)	96.45 (36.00)	101.81 (38.00)
2. Malda												
Samsi	N.T. N.T.	N.T. N.T.	N.T. N.T.	N.T. N.T.	112.50 (41.97)	112.50 (41.97)	113.50 (41.37)	113.50 (41.37)	95.80 (35.75)	101.80 (37.97)	100.40 (37.37)	100.40 (37.37)
3. Cooch Behar												
Cooch Behar	93.77 (35.00)	107.17 (40.00)	92.43 (34.50)	104.50 (39.00)	99.13 (37.00)	107.17 (40.00)	96.45 (36.00)	101.80 (38.00)	93.77 (35.00)	104.50 (39.00)	91.10 (34.00)	101.80 (38.00)
4. West Dinajpore												
Raiganj	101.83 (38.00)	107.19 (40.00)	N.T. ..	N.T. ..	107.19 (40.00)	109.87 (41.00)	N.T. ..	N.T. ..	89.77 (33.50)	109.87 (41.00)	N.T. ..	N.T. ..
5. Burdwan												
Kalna	117.90 (44.00)	124.60 (46.50)	114.50 (42.75)	114.50 (42.75)	119.25 (44.50)	128.60 (48.00)	N.T. ..	N.T. ..	115.20 (43.00)	121.90 (45.50)	N.T. ..	N.T. ..
Katwa	112.53 (42.00)	125.93 (47.00)	N.T. ..	N.T. ..	112.53 (42.00)	123.25 (46.00)	N.T. ..	N.T. ..	104.50 (39.00)	117.89 (44.00)	N.T. ..	N.T. ..
6. Nadia												
Chakdah	105.00 (39.25)	128.00 (47.75)	N.T. ..	N.T. ..	126.00 (47.00)	128.00 (47.75)	N.T. ..	N.T. ..	N.T. ..	N.T. ..	N.T. ..	N.T. ..

7. 24-Parganas												
Bongaon	115.21 (43.00)	135.92 (47.00)	N.T. ..	N.T. ..	121.91 (45.50)	125.93 (47.00)	N.T. ..	N.T. ..	113.87 (42.50)	121.91 (45.50)	N.T. ..	N.T. -
8. Murshidabad												
Berhampore	N.T.	N.T.	N.T.	N.T.	N.T.	N.T.	N.T.	N.T.	N.T.	N.T.	N.T.	N.T.
9. 24-Parganas												
Motiahat	..	..	N.T.	N.T.	..	..	N.T.	N.T.	..	..	87.08 (32.50)	103.15 (38.50)

N.T. = No transaction.

Name of districts with name of market	August, 1965				September, 1965				October, 1965			
	Secondary market		Primary market		Secondary market		Primary market		Secondary market		Primary market	
	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum	Minimum	Maximum
Jalpaiguri												
Belacoba	99.13 (37.00)	107.17 (40.00)	93.77 (35.00)	101.81 (38.00)	.. ..	.. ..	.. ..	.. ..	.. ..	.. ..	.. ..	.. ..
Halda												
Samsai	97.70 (36.42)	104.50 (39.00)	95.90 (35.82)	104.50 (39.00)	93.20 (34.85)	108.50 (40.41)	91.70 (34.25)	105.80 (39.41)	102.32 (38.25)	102.32 (38.25)	.. ..	.. ..
Cooch Behar												
Cooch Behar	95.11 (35.50)	106.50 (39.75)	92.43 (34.50)	103.80 (38.75)	93.10 (34.75)	95.11 (35.50)	90.40 (33.75)	92.43 (34.50)	100.00 (37.50)	107.50 (40:12)	.. ..	.. ..
West Dinajpore												
Raiganj	96.47 (36.00)	112.55 (42.00)	N.T. ..	N.T. ..	93.79 (35.00)	105.85 (39.50)	N.T. ..	N.T. ..	96.47 (36.00)	107.19 (40.00)	..	.. ..
Burdwan												
Kalna	109.85 (41.00)	121.90 (45.50)	105.83 (39.50)	116.55 (43.50)	109.85 (41.00)	123.25 (46.00)	105.83 (39.50)	120.57 (45.00)	121.91 (45.50)	123.24 (46.00)	.. ..	.. ..
Katwa	107.17 (40.00)	117.89 (44.00)	N.T. N.T.	N.T. ..	107.17 (40.00)	123.25 (46.00)	N.T. ..	N.T. ..	117.89 (44.00)	123.25 (46.00)	.. ..	.. ..
Nadia												
Chakdah	100.00 (37.50)	101.00 (37.75)	N.T. ..	N.T. ..	105.00 (39.25)	120.00 (44.75)	N.T. ..	N.T. ..	120.00 (44.76)	123.00 (46.00)	.. ..	..

Bongaon	(40.50)	(43.00)	..	..	(39.25)	(43.50)	..	..	..	..	..	..
8. Murshidabad												
Berhampore	112.00 (41.75)	112.00 (41.75)	N.T. ..	N.T. ..	102.00 (38.00)	115.00 (43.00)	N.T. ..	N.T. ..	112.00 (41.75)	115.00 (43.00)	.. ..	.. ..
9. 24-Parganas												
Metiabat	.. ..	.. ..	84.40 (31.50)	96.45 (36.00)	.. ..	.. ..	88.41 (33.00)	101.81 (38.00)	.. ..	.. ..	N.T. ..	N.T. ..

N.T. = No transaction.

[2—2-10 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা খুব জরুরী বিষয়, এক মাস আগে নোটিশ দিয়েছিলাম, (৫০৪ এবং ৫০৫ নম্বর) প্রশ্ন সম্পর্কে। লাইব্রেরী টেবিল-এ তার এ্যানসার তো দেখতে পেলাম না। সেটা যাতে নেক্সট রোটেশনাল ডে-তে পাই, তার একটা এ্যাসিওরেন্স দেবেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

এই তথ্য এখনও আমার দপ্তরে এসে পেঁছায়নি, পরে দেখে জানাবো।

Shri Kashi Kanta Maitra:

আমার ২৪নং কোয়েশ্চনটা হচ্ছে নদীয়া জেলায় মোট কতগুলি সেচের জন্য গভীর নলকূপ বসান হয়েছে,—তার উত্তর পাইনি। এবং আমার ২৯নং প্রশ্ন ছিল—এ বছরে বিভিন্ন জেলায় বিভিন্ন শ্রেণীর পাটের বাজার দর সম্পর্কে। এগুলির উত্তর নেক্সট রোটেশনাল ডে-তে আসবে তো?

Shri Smarajit Bandyopadhyay:

তথ্যগুলি সংগ্রহ হলে পর দেবো।

Shri Birendra Narayan Ray:

মিঃ স্পীকার স্যার, আমার এ্যাডমিটেড কোয়েশ্চেন নং ৪১২, তার উত্তর পাইনি। জরুরী অবস্থায় এতগুলি লোককে এ্যারেষ্ট করে রাখা হয়েছে, তাদের সম্বন্ধে ইনফরমেশান চাওয়া হয়েছে। আশা করি তিনি এর উত্তর নেক্সট রোটেশনাল ডে-তে দেবেন।

Dr. Kanai Lal Bhattacharyya:

মিঃ স্পীকার স্যার, আমাদের তরফ থেকে বর্তমান খাদ্য পরিস্থিতি সম্বন্ধে আলোচনা করবার জন্য যে কতকগুলি প্রস্তাব দেওয়া হয়েছে, সেগুলির কি হল?

Mr. Speaker: Dr. Bhattacharyya, I am coming to all these points.

Honourable members, I have received 19 notices of adjournment motions on different subjects mostly regarding high price of rice and scarcity of foodgrains in different parts of West Bengal. They are as follows:

1. Appalling and dismal food situation in West Bengal—by Shri Kashi Kanta Maitra.
2. Present food situation in West Bengal—by Shri Nikhil Das.
3. and 4. High price of rice in the districts of West Bengal—by Sarbasree Abul Mansur Habibullah and Apurba Lal Majumdar.
5. Scarcity of foodgrains in several parts of West Bengal—by Dr. Kanai Lal Bhattacharyya.
6. Failure of the Government to hold the price line of essential commodities—by Dr. Narayan Chandra Roy.
7. Alleged Government bungling and administrative collusion with hoarders and blackmarketeers—by Shri Panchugopal Bhaduri.
8. Consultation with Assembly for the next year's food policy—by Shri Sreemohan Thakur.

9. Near-famine condition in Coochbehar owing to the food policy of the Government—by Shri Kamal Guha.
10. Acute food scarcity in most of the regions of West Bengal—by Shri Sambhu Ghosh.
11. High prices of foodstuff and its non-availability—by Shri Hemanta Kumar Basu.
12. Non-availability of rice in Nadia district—by Shri Gour Chandra Kundu.
13. Acute scarcity of food in the districts of West Bengal—by Dr. A. M. O. Ghani.
14. Non-availability of rice in the rural areas of Howrah district—by Shri Anadi Das.
15. Supply of mustard oil cakes to potato growers—by Shri Syed Abul Mansur Habibullah.
16. Holding session of the Assembly keeping prominent members of the Opposition under detention—by Shri Syed Abul Mansur Habibullah.
17. Failure of the Government to convene the Assembly during Pak Aggression—by Shri Gopal Banerjee.
18. Acute food crisis in West Bengal—by Shri Sudhir Chandra Das.
19. Acute food crisis in West Bengal—by Shri Balai Lal Das Mahapatra.

Regarding all the motions in connection with scarcity of foodgrains and high price of rice, I may inform the honourable members that I had already received an information yesterday from the Hon'ble Chief Minister that he would soon fix a date for discussing the food situation and hence consent on all the motions for adjournment is withheld.

Shri Ardhendu Sekhar Naskar:

ফুড ডিবেট তো হবে।

Dr. Kanai Lal Bhattacharyya:

আমরা একটা আলাদা আলোচনা চাই।

Mr. Speaker:

ফুড ডিবেটের সময় সব বলবেন। বসুন।

Shri Hemanta Kumar Basu:

এ্যাডজোর্ণ মিটিং আলোচনা ছাড়াও আমরা আলাদা একটা ফুড ডিবেট চাই, অন্ততঃ তিনদিন ই এই খাদ্য বিতর্ক।

Mr. Speaker:

মঃ বসু, আপনি শুনুন। ফুড ডিবেট তো হবে। এখন কোশ্চেন হচ্ছে আপনারা যে এ্যাড জোর্ণমেণ্ট মোশান চেয়েছিলেন, তাতে আপনারা আড়াই ঘণ্টা সময় পেতেন—ইট ইজ নট দ্যাট, তার জন্য কালকে অলরেডি বলেছিলেন ফুড ডিবেট দিতে। আমরা আজ বিজনেস এ্যাডভাই-সারি কমিটিতে বসছি, ফুড ডিবেট, কয়দিন পরেই বসবার সুযোগ পাবেন। এর মধ্যে ইউ মক ইট কনভেনিয়েণ্ট—যাতে করে ইট মে বি এ্যাডজাস্টেড।

Dr. Kanai Lal Bhattacharyya:

্যার, আমার বক্তব্য হচ্ছে আমরা এ্যাডজোর্ণমেণ্ট মোশান দিয়েছিলাম নোয়িং ফুললি ওয়েল য আমরা দু-ঘণ্টা মাত্র সময় পাব। আজকে প্রেজেণ্ট ফুড সিচুয়েশান সম্বন্ধে ডিসকাসন করবার জন্য আপনি এ্যাডজোর্ণমেণ্ট মোশান এ্যালাউ করুন। কারণ চীফ মিনিষ্টার যে ফুড ডিবেটের কথা বলেছেন সেটা হচ্ছে গভর্ণমেণ্ট যে ফুড পলিসী আগামী বছরের জন্য নিতে লেছেন তার আলোচনার জন্য। প্রিভিয়াসলী সে সম্বন্ধে ফুড ডিবেট হোক আপত্তি নাই। আজকে যে অবস্থা চলছে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে সে সম্পর্কে কিছু শুনতে চাই।

কারণ আমরা মনে করি গভর্ণমেণ্টের তরফ থেকে ফুড সিচুয়েশান ট্যাকেল করতে গিয়ে মেনলি ইন ডেফিসিট ডিস্ট্রিক্টস—তাঁরা ফেল করেছেন। আমরা যারা সেই সব ডেফিসিট অঞ্চল থেকে এসেছি তাঁদের বক্তব্য আপনি দু-তিন মিনিট শুনুন। আপনি হয়ত বলবেন সেটা সম্ভব নয়, তাহলেও একটু শুনুন এবং শুনে মুখ্যমন্ত্রী মহাশয় তারজন্য কি প্রতিকারের চেষ্টা করছেন বা কি প্রতিকারের কথা চিন্তা করছেন, সেই স্পেসিফিক প্রপোজাল তিনি হাউসের কাছে বলুন। তাহলে আমরা জিনিষটা বুঝতে পারবো। কারণ ১১ই তারিখে যে ডিসকাসন খাদ্য সম্পর্কে হবে ততদিন আমরা ধৈর্য ধারণ করতে পারছি না। কারণ হচ্ছে আজকে ডেফিসিট অঞ্চলে একদম খাদ্য নাই, কুচবিহারেও আদৌ ফুড নাই। আমার থানা জগাছা থানায় এককণাও চাল পাওয়া যাচ্ছে না। আড়াই টাকা তিন টাকা কিলো। লোকে কলাই সিদ্ধ ও জবের আটা খাচ্ছে। কাজেই সে সম্বন্ধে আমাদের বক্তব্য হচ্ছে ব্ল্যাকমানির স্কোপ দিবেন না সেই জন্য বলছি নোয়িং ফুললি ওয়েল যে তাদের ডিসএ্যাডভানটেজাস পজিসন; তা সত্ত্বেও বলবো ডিম্যাণ্ড করবো আমাদের এ্যাডজোর্ণমেণ্ট মোশান এ্যালাউ করুন ও এ সম্বন্ধে আজই ডিসকাসন এর সুযোগ দিন। আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে এখনই কিছু শুনতে চাই।

Mr. Speaker:

কয়দিন পরেই যখন ফুড ডিবেট হচ্ছে, তখন

I do not think there is any scope for discussion

এখন আপনি যেটা বললেন এ্যাডজোর্ণমেণ্ট মোশান এ্যালাউ করা সম্পর্কে

it always depends on the Ministerial bench to give a date to debate the adjournment motion. All that you can do is that you can make a request to the Chief Minister to fix a date as early as possible having regard to the urgency of the topics mentioned in the adjournment motions.

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমরা যে এ্যাডজোর্ণমেণ্ট মোশান দিয়েছিলাম, তাতে পরিষ্কারভাবে এটা বলেছি যে বর্তমানে যে খাদ্য সংকট, চাল যে বর্তমানে পাওয়া যাচ্ছে না, আজকে সেকেণ্ড নভেম্বর, আজকে চাল পাওয়া যাচ্ছে না। কাজেই ১১ই তারিখে গিয়ে এ নিয়ে আলোচনা করবো, তা হতে পারে না।

Mr. Speaker:

আমি যেটা শুনেছি—উনি ফুড সিচুয়েসান সম্বন্ধে একটা ডেট এ্যালাউ করেছেন।

(নয়েজ: আজকে চাল পাওয়া যাচ্ছে না। আমরা কোন কথা শুনতে রাজী নই; আজকে আলোচনা হবে না কেন?)

Shri Khagendra Kumar Ray Chowdhury:

আজকে কী অবস্থা হয়েছে সেটা দেখছেন না কেন?

Shri Ardhendu Shekhar Naskar:

আগামী বৃহস্পতিবার খাদ্য বিতর্ক হবে।

Shri Nikhil Das:

আমি বলছি যাদবপুর ষ্টেশনের উল্টো দিকে বাজারে চাল নাই। তিন টাকা কিলো বিক্রী হচ্ছে। সর্বত্র এই রকম অবস্থা। আজকে বলতে পারবেন না কেন? লোকে খেতে পাচ্ছে না, উপোষ করে আছে। এটা হচ্ছে সত্য কথা, এটা স্বীকার করে নিতে হবে। কাজেই মুলতুবী প্রস্তাবের মাধ্যমে এ সম্বন্ধে এখানে আলোচনা করতে চাই। স্যার, আমরা সে মুলতুবী প্রস্তাব দিয়েছি।

)—2-20 p.m.]

Mr. Speaker:

নারা সবাই যদি একসঙ্গে বলেন তবে কার কথা শুনব।

Shri Kamal Kanti Guha:

অফিসিয়াল পর্যন্ত আমরা অপেক্ষা করতে রাজী নই।

Shri Khagendra Kumar Ray Chowdhury:

নর বছরের ফুড পলিসি-র আলোচনা আমরা পরে করব; এখনকার কথা আমরা জানতে

Mr. Speaker:

নর বছরের কথা পেলেন কোথায়?

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মনের বছরের জন্য একটা পলিসি গ্রহণ করা হয়েছে—কিন্তু আমরা এখনকার ক্রাইসিস-এর া শুনতে চাই।

Shri Syed Abul Mansur Habibullah:

পনারা ইণ্টার ডিস্ট্রিক্ট জোনাল প্রথা তুলে দিন, তা নাহলে ডেফিসিট এলেকার লোকেরা খেতে াবে না।

Shri Sreemohan Thakur:

আপনাদের ঘুষের রাজত্ব বন্ধ করে দিন তাহলেই চাল পাওয়া যাবে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি, স্যার, আমাদের এ্যাডজোর্নমেণ্ট মোশান নাকচ করে দিলেন

n the plea that the Chief Minister has accepted the contents of the Adjourn-d motion.

। থেকে আমরা কি বুঝব?

Shri Syed Abul Mansur Habibullah:

র্টাত এলেকায় আজ যে অবস্থার সৃষ্টি হয়েছে.....

Mr. Speaker: Mr. Habibullah, will you please take your seat.

Shri Sailendra Nath Adhikary:

ননীয় স্পীকার মহাশয়, আপনি তো এ্যাডজোর্নমেণ্ট মোশান নাকচ করে দিলেন, কিন্তু আমি াপনার কাছে বলতে চাচ্ছি যে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার এবং এই সম্পর্কে যদি আমরা রী করি তাহলে এই গুরুত্বপূর্ণ অবস্থার কথা বাংলাদেশের লোকের কাছে প্লেস করতে রব না। আপনি জানেন যে আমরা কখন আপনার কাছে এ্যাডজোর্নমেণ্ট মোশান প্লেস করি নিই গভর্নমেণ্টের কোন একটা ফেলিয়োর হয়। এবং আজকে স্পেশালি এর একটা বিশেষ আছে—আজকে আমরা একটা এ্যাগ্রেশানের সামনে দাঁড়িয়ে আছি, এবং এই হাউসেই

মুখ্যমন্ত্রী মহাশয় জোর গলায় বলেছিলেন যে ৭৬ পয়সার বেশী দামে আমরা চাল বিক্রি করতে দেবনা, আজকে সেই মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে বলা হচ্ছে ১ টাকার দামে চাল বিক্রী হচ্ছে। কাজেই এইটা একটা ফেলিয়োর অব দি গভর্নমেণ্ট। আমি আপনাকে আরও বলছি

It is a kind of censure.

কাজেই আপনি যদি আমরা যে বক্তব্যগুলি আপনার কাছে উপস্থিত করতে চাচ্ছি সেগুলি যদি কোণ ঠাসা করে দেন তাহলে বাংলাদেশের পিপলের কাছে কি কথা বলব। সেজন্যই আমি আপনার কাছে বলছি এ্যাডজোর্নমেণ্ট মোশানগুলি আপনি তুলতে দিন আজকেই তার ডিস-কাসন হক। আজকে সাধারণ ভাবে ডেফিসিট এলাকাগুলিতে কি অবস্থার সৃষ্টি হয়েছে। মুর্শিদাবাদের কথাই ধরুন, মুর্শিদাবাদে ইতিমধ্যে ৮।১০টা আত্মহত্যা হয়েছে। এবং প্রত্যেক জায়গায়ই এই রকম করে লোকে মারা যাচ্ছে। তাই এখানে আমরা বসে যদি এই কথাগুলি না বলতে পারি যে গভর্নমেণ্টের ফেলিয়োরের জন্যই এই সমস্ত অমূল্য জীবন নষ্ট হয়েছে তাহলে আমরা আমাদের বিবেকের কাছে কি জবাবদিহি করব এবং আপনিই বা আপনার বিবেকের কাছে কি জবাবদিহি করবেন? আজ যখন ঘাটতি এলাকাতে চালের দর আকাশ ছোঁয়া হয়েছে এবং দুর্ভিক্ষের অবস্থা সৃষ্টি হয়েছে তখন সরকারের তরফ থেকে প্রথমেই এই হাউসের কাছে রাখা উচিত ছিল যে তারা ব্যর্থ হয়েছেন, এবং মুখ্যমন্ত্রী মহাশয় যে কথা বলে-ছিলেন সে কথা ধূলিসাত হয়ে গিয়েছে এবং তিনি আজকে এখানে নিশ্চিন্ত হয়ে বসে আছেন এটা একটু বিশদ্‌শ দেখা যাচ্ছে। কাজেই আপনার কাছে custodian of the rights and privileges of the members and also custodian of the con cience of the nation আমাদের অনুরোধ এটা এলাউ করুন তা না হলে আজকে বাংলাদেশে আমরা অত্যন্ত হেয় প্রতিপন্ন হব এবং দেশের কাছে ধিক্কারের পাত্র হব। অথচ মুখ্যমন্ত্রীর সেদিকে কোন দৃষ্টি নাই। আমাদের জন্মভূমিতে মানুষ এই ভাবে না খেয়ে মরবে আর আমরা তা বসে বসে দেখব এ হতে পারে না। দিস এ্যাডজোর্নমেণ্ট মোশান

is a kind of censure on the ministry

তাঁরা যে সমস্ত ডিডস এ্যাণ্ড মিস ডিডস করেছেন এবং ও'দের কমিশন এ্যাণ্ড ওমিশনের জন্য আজকে বাংলাদেশের মানুষের হয়রানি হতে হচ্ছে তার প্রতিরোধ এবং প্রতিবাদ করবার জনাই এই এ্যাডজোর্নমেণ্ট মোশান তোলা হয়েছে।

(Noise and interruptions)

Shri Nani Bhattacharyya:

মিঃ স্পীকার স্যার, আমি একটা পয়েণ্ট রাখতে চাচ্ছি.....

Shri Panchu Copal Bhaduri:

স্যার আমার একটা পয়েণ্ট অব প্রিভিলেজ আছে, বর্তমান খাদ্য সংকট যে স্তরে পৌঁচেছে তাতে গ্রামাঞ্চলের লক্ষ লক্ষ লোক পাতা এবং টিউবার খেয়ে জীবন ধারণ করতে বাধ্য হচ্ছে। এমত-বস্থায় আমি মাননীয় স্পীকার মহাশয় খুবই বিনয়ের সঙ্গে আমি এই কথাটাই রাখতে চাচ্ছি যে আপনি কেন মুখ্যমন্ত্রী মহাশয়কে শেলটার করছেন। এবং এ্যাডজোর্নমেণ্ট মোশান কেনই বা এলাউ করছেন না তা আমি বুঝতে পারছি না। আপনি আপনার ডিগনিফায়েড ষ্টেশান থেকে যদি কোন দিন কোন এ্যাডজোর্নমেণ্ট মোশান এলাউ করে থাকেন তাহলে আজকের এই সঙ্কটজনক খাদ্যাবস্থায় এটাও এলাউ করা উচিত। সেজন্য আমি আপনার কাছে এইটুকু নিবেদন করব যে এই ব্যাপারে কোন পক্ষ দেখবার অধিকার নাই আপনার এবং এর সত্যাসত্য না দেখে জনপ্রতিনিধিদের এই বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণের সুযোগ দেবেন এই আশা করি। আমি সেজন্য আপনার কাছে নিবেদন করব যে এই প্রিভিলেজ থেকে বঞ্চিত করবেন না।

Shri Somnath Lahiri:

স্যার, একথাটা ঠিকই যে এ্যাডজোর্নমেণ্ট মোশান এলাউড হবে কিনা সে সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবার অধিকার মাননীয় স্পীকারের, এবং আপনি আপনার সেই অধিকার বিষয়ের গুরুত্ব বিবেচনা করে প্রয়োগ করবেন এটা জানি। সাধারণতঃ যা আমরা দেখে এসেছি তাতে আমরা দেখেছি যে বিষয়টা যদি জরুরী হয় এবং তিন চারটা বিষয় যদি একসঙ্গে আসে তাহলে একটা আপনি নির্বাচন করেন এবং নির্বাচন করে তাতে আপনি আপনার অনুমতি দেন। আজকে আপনার সামনে এ্যাডজোর্নমেণ্ট মোশান মাত্র দুটি বিষয়ে এসেছে ২২ টার মধ্যে ২১ টাই ফুড সিচুয়েশান সম্পর্কে এ্যাডজোর্নমেণ্টের দাবী আর একটা হচ্ছে পাকিস্তানের সঙ্গে যুদ্ধ হবার সময়ে মুখ্যমন্ত্রী কেন ব্যর্থ হলেন এ্যাসেম্বলী ডাকতে সে বিষয়ে। এই থেকেই বুঝতে পারবেন এ্যাসেম্বলীর সভ্যরা যারা জনসাধারণের প্রতিনিধি তাদের মধ্যে অন্তত ২১ জন আপনার সামনে এসে এই বিষয়ে কেন এ্যাডজোর্নমেণ্ট মোশান চেয়েছেন।

[2-20—2-30 p m.]

এবং আপনি দেশের অবস্থা সম্বন্ধে আমাদের থেকে কম অবহিত নন। আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন যে আজকে পশ্চিমবঙ্গের সামনে খাদ্য সমস্যা সব থেকে জরুরী সমস্যা হয়ে দাঁড়িয়েছে দুর্ভাগ্যক্রমে। কাজে কাজেই এই অবস্থায় একই বিষয়ে ২১টি এ্যাডজোর্নমেণ্ট মোশান আপনার সামনে এসেছে, অন্যান্য বিষয় বিশেষ কিছু নেই। এই জিনিষটা বিবেচনা করে আপনাকে অনুরোধ করবো আপনি আপনার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন যাতে আমরা এই এ্যাডজোর্নমেণ্ট মোশান আলোচনা করতে পারি। কারণ বাংলাদেশের মানুষ আজ আমাদের এ্যাসেম্বলীর দিকে তাকিয়ে আছে। তারা আজ খেতে পাচ্ছে না। হঠাৎ মুখ্যমন্ত্রী একটা বক্তৃতা দিয়ে দিলেন, তার ফলে চোরা কারবারীরা ইঙ্গিত পেয়ে গেলেন, তার মধ্যে দিয়ে দাম আকাশ ছোঁয়া হয়ে গেল, কি রহস্য এর মধ্যে আছে কেউ বুঝতে পারলোনা। আমরা শুনলাম মডিফায়েড রেশনিং চালু করবো, তারজন্য রাইস মিল থেকে ৪ লক্ষ টন আদায় করবো, কোন চিন্তা নেই, আমাদের বলে গেলেন গত বারে। বাম্পার ক্রপ হয়েছে, রাইস মিলের কাছ থেকে লেভি আদায় করবো, সব ঠিক রাখবো, আপনাদের কিছু চিন্তা করতে হবে না। কিন্তু পরে দেখলাম রাইস মিলের কাছ থেকে প্রাপ্য লেভি আদায় করতে পারলেন না। কারণ সম্ভবতঃ রাইস মিলের মালিকরা কংগ্রেস ফাণ্ডে চাঁদা দেয়, কিম্বা যে কোন রহস্যজনক কারণেই হোক দেখলাম রাইস মিল থেকে লেভি আদায় করতে পারলেন না, ফেল করলো মডিফায়েড রেশনিং। এবারে তিনি এমন একটা বক্তৃতা দিলেন যার অনিবার্য সুযোগ দেখলাম জনসাধারণ নিতে পারলো না, নিলো চোরা কারবারীরা। ফলে মানুষ না খেয়ে মরতে আরম্ভ করলো। আজ যেখানে বাংলা দেশের মানুষ ত্রাহি ত্রাহি রব ছাড়ছে সেখানে স্পীকার মহাশয়, আপনাকে অনুরোধ করবো আপনি আপনার যে সিদ্ধান্ত দিয়েছেন, আপনার সিদ্ধান্ত আমরা নিশ্চয়ই মানতে বাধ্য, কিন্তু দেশের বর্তমান অবস্থার কথা বিবেচনা করে, জনসাধারণের মনের ভাব বিবেচনা করে, আপনি আপনার সেই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে আমাদের এই এ্যাডজোর্নমেণ্ট মোশান আলোচনা করতে দিন। এটা ঠিক সাধারণ ডিবেট নয়, ইন এ ওয়ে

it is a censure against the policies of the Government.

যেটা সাধারণ ফুড ডিবেটের মধ্যে দিয়ে আসেনা। সেইজন্য আমরা যখন এ্যাডজোর্নমেণ্ট মোশান দিয়েছি তখন দুটো জিনিষ আলাদা করে দিয়েছি। এ্যাডজোর্নমেণ্ট মোশানে দিয়েছি ইমিডিয়েট ক্রাইসিস উপস্থিত হয়েছে সেই সম্বন্ধে এবং ফুড ডিবেট আমরা নিশ্চয়ই আশা করছি আপনি দেবেন সাধারণভাবে ভবিষ্যতে কি পলিসি হবে না হবে সে সম্বন্ধে বিবেচনা করা যাবে তাঁরা যদি ফুড ডিবেট সম্বন্ধে দিন নির্ধারণ করে থাকেন তাতে কিছু এসে যায় না। কিন্তু এখন যে পরিস্থিতি এসেছে সেই পরিস্থিতি থেকে অদূর ভবিষ্যতে জনসাধারণ কিভাবে পরিত্রাণ পেতে পারে মন্ত্রীসভার সে সম্বন্ধে কি বক্তব্য তা শুনবার জন্য আপনি আমাদের এ্যাডজোর্নমেণ্ট মোশান এলাউ করুন এই হচ্ছে আপনার কাছে আমার অনুরোধ।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনাকে এই এ্যাডজোর্নমেণ্ট মোশানগুলি গ্রহণ করার এবং আপনার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করার অনুরোধ জানিয়ে দু' তিনটি কথা বলতে চাই। কারণ এখনি প্রশ্নোত্তরের সময় খাদ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী কতকগুলি কথা বললেন যেগুলি আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতাতে সম্পূর্ণ অসত্য এবং তিনি যে সোর্সের কথা বললেন এর থেকে বোঝা যাচ্ছে যে এই গভর্নমেণ্ট তাঁর বর্তমান এবং অতীতে যেভাবে খাদ্য নীতি গড়ে তুলেছেন তার ভয়াবহ ফল এখনও আমরা ভোগ করছি। এর ফলে প্রত্যেকটি ঘাটতি জেলাতে ২।, ২॥, ৩ টাকা পর্যন্ত কেজি চাল বিক্রি হচ্ছে। সাধারণ মানুষ অভুক্ত, অর্ধভুক্ত অবস্থায় দিন কাটাচ্ছে। আমাদের জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমায় ৯ জনের অনাহারে মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। এই রকমভাবে বিভিন্ন জেলা থেকে যখন খবর আসছে তখন সামনের এক মাস, যতদিন না নূতন খাদ্য নীতি ঠিক হচ্ছে, অন্ততঃ এক মাস কিভাবে সাধারণ মানুষকে রিলিফ দিতে পারি সে সম্বন্ধে আলোচনা হওয়া দরকার। আমি সেজন্য বলছি ইট ইজ এ সট অব সেনসার এগেনষ্ট দি পলিসি অব দি গভর্নমেণ্ট। আমরা মনে করি এই গভর্নমেণ্টের অপদার্থতা, চোরা [illegible] প্রশ্রয় দেবার ফলে এবং তাঁদের বিভাগীয় দুর্নীতির ফলে আজকে চালের সঙ্কট এই রকম জায়গাতে গিয়েছে এবং প্রত্যেক জায়গাতে চালের দাম বেড়ে যাচ্ছে। সেই জন্য এটার আলোচনা হওয়া উচিত এবং গভর্নমেণ্টের জানা উচিত এবং ভবিষ্যতে যে খাদ্য বিতর্ক হবে নূতন ফুড পলিসির উপর তখন এটা তাঁদের উপকারে আসতে পারে। অবশ্য উপকারে আসবে কিনা সেটা আলাদা কথা কিন্তু যেখানে পরিস্থিতি খুব গুরুতর আকার ধারণ করেছে সেখানে আপনি এটা বিবেচনা করে এ্যাডজোর্নমেণ্ট মোশান এলাউ করুন এই অনুরোধ আপনাকে জানাচ্ছি।

Shri Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার, স্যার, যে প্রিভিলেজ মোশান উত্থাপন করা হয়েছে সেটাকে সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে দু'একটা কথা বলতে চাই। এখানে আমি একটা এ্যাডজোর্নমেণ্ট মোশান দিয়েছি যেমন অন্যান্য ২১ জন সদস্য এই ফুড স্কেয়ারসিটির উপর এ্যাডজোর্নমেণ্ট মোশান দিয়েছেন। আমি আপনার সৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে যখন চাল বাজার থেকে সম্পূর্ণভাবে উবে গেল তখন আমি মুখ্যমন্ত্রী শ্রীসেনের সঙ্গে দেখা করেছিলাম, বিশেষ করে হাওড়া জেলা সম্পর্কে তাঁর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। মডিফায়েড রেশন সপের মাধ্যমে চাল দেওয়া সম্পূর্ণ বন্ধ হয়ে গেল। ফেয়ার প্রাইস সপের মাধ্যমে চাল দেওয়া সম্পূর্ণ বন্ধ হয়ে গেল। এমন একটা সময় এসে দেখা দিলো যখন ৩।৪ টাকা কেন কোন টাকায় বাজারে চাল পাওয়া যাচ্ছিল না। এই কর্ডনিং-এর ফলে উদ্বৃত্ত অঞ্চল যেমন আমাদের হাওড়া জেলার পাশে মেদিনীপুর বা বর্ধমান, সেখান থেকে হাওড়া জেলার ঘাটতি অঞ্চলে চাল না আসায় সেখানে সম্পূর্ণভাবে চালের অভাব আমি দেখেছি। আমাদের পাঁচলা এবং বাউড়িয়া অঞ্চলে সপ্তাহের পর সপ্তাহ মানুষ চাল সংগ্রহ করতে না পেরে না খেয়ে আছে। তাই আশা করেছিলাম বিধানসভা খোলার সঙ্গে সঙ্গে অন্ততঃ মুখ্যমন্ত্রী.....

(এই সময় মুখ্যমন্ত্রী মহাশয় সভাকক্ষ হইতে চলিয়া গেলেন।)

মিঃ স্পীকার, স্যার, আমরা যখন এ্যাডজোর্নমেণ্ট মোশান এ্যাকসেপ্ট করবার জন্য পেশ করছি তখন মুখ্যমন্ত্রী এখান থেকে উঠে গেলেন। বর্তমানে দেশে যে খাদ্য সঙ্কট সে সম্পর্কে মুখ্যমন্ত্রীর যে মনোভাব এবং এই গুরুত্বপূর্ণ মুহূর্তে হাউস থেকে চলে যাওয়া এটা হাউসের পক্ষে অবমাননা বলে আমরা মনে করি।

(হট্টগোল)

Mr. Speaker:

আগে আমাকে প্রিভিলেজের প্রশ্নটা ডিসাইড করতে দিন, তারপর.....

Dr. Kanai Lal Bhattacharyya:

স্যার, আমার বক্তব্য হচ্ছে খাদ্য সম্বন্ধে আলোচনা করার জন্য আমরা সরকারকে এবং আপনাকে রাজী করানর চেষ্টা করছি যখন তখন মুখ্যমন্ত্রী হাউস ছেড়ে চলে গেলেন। এবং আপনাকে আমাদের এলাকায় যে খাদ্যাভাবের সৃষ্টি হয়েছে সে সম্পর্কে যখন আমাদের সেন্টিমেণ্ট এক্সপ্রেস করছি, ফ্যাক্টস দিচ্ছি, তখন তিনি উঠে চলে গেলেন এটা হাউসকে ডিসরিগার্ড করা ছাড়া আর কি হতে পারে? এর পরেও কি হাউসে বসে থাকা উচিত? এই হাউস আমরা চালাতে দেবো না। হাউস চালিয়ে লাভ কি? আজকে দেশের মধ্যে যখন এই অবস্থা, যখন খাদ্যমন্ত্রী খাদ্য সমস্যার সমাধান করতে পারছেন না, আমরা যখন সেই সমস্যা তাঁর কাছে তুলে ধরবার চেষ্টা করছি তখন সেটা শুনবার মত তাঁর ধৈর্য রইলো না। শুধু তাই নয়, তিনি আমাদের উপেক্ষা করে তাঁর ঘরে চলে গেলেন। তাঁর ঘরের কাজটাই বড় হল, এ্যাসেম্বলীর কাজটা বড় হল না, দেশের খাদ্যাবস্থা সম্বন্ধে শুনবার ধৈর্য তাঁর রইলো না। এই যদি অবস্থা হয় তাহলে এই হাউস আপনি এ্যাডজোর্ন করে দিন, আমরা হাউস চালাতে রাজী নই।

Shri Apurba Lal Majumdar:

স্যার, আমরা গত ৫ মাস ধরে বারবার অনুরোধ করা সত্ত্বেও হাউস ডাকা হয়নি। এতদিন পরে যখন হাউস ডাকা হল, কালকে সবেমাত্র হাউস খুলেছে, আমরা যখন ফুড সম্পর্কে আমাদের বক্তব্য পেশ করতে শুরু করেছি তখন মুখ্যমন্ত্রী এখানে থেকে উঠে গেলেন। এই ৫ মাস অফিসে থাকার পরও একদিন এই হাউসে বসবার ধৈর্য তাঁর রইলো না। তিনি হাউসকে উপেক্ষা করে চলে গেলেন। সেইজন্য স্যার, আপনি হাউস বন্ধ করে দিন। মিঃ স্পীকার, স্যার, হাওড়া জেলাতে মডিফায়েড রেশনিং-এর মাধ্যমে মাথা পিছু যে দু' শত, তিন শত গ্রাম চাল দিচ্ছে তার নমুনা আপনার কাছে এনেছিলাম আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে প্রেজেণ্টেশন দেবো বলে কারণ এইগুলি মানুষের খাদ্যের উপযোগী কিনা। এইগুলি ধূলার মত উড়ে যাবে, পচা জিনিষগুলি আপনারা আমাদের পাঠাচ্ছেন।

[2-30—2-40 p m.]

আজ মানুষের খাবারের অযোগ্য এই খাদ্যগুলি মডিফায়েড রেশনিং এরিয়ায় দিয়ে জনসাধারণের মধ্যে একটা প্রহসনের সৃষ্টি করছেন। পশ্চিমবাংলার মানুষ যখন দিনের পর দিন চেষ্টা করেও চাল সংগ্রহ করতে পারছেন না—যখন হাওড়া নদীয়া মুর্শিদাবাদ জেলায় এই সংকট চরমে উঠেছে যখন আমরা বিধানসভার মধ্যে প্রথম সুযোগ পেয়েছি আমাদের বক্তব্যকে এবং জনসাধারণের গভীর দুঃখ বেদনার কাহিনী তুলে ধরবার তখন সেই সুযোগ আমাদের না দিয়ে মুখ্যমন্ত্রী এখান থেকে চলে গেলেন—আমরা চেয়েছি যে অন্তত খাদ্যাবস্থার ভিত্তিতে এখানে দু দিন ডিবেট সুরু করা হোক, আমরা এমন কিছুই দাবী করি নি। এই পাঁচ মাস ধরে আমাদের পার্টির তরফ থেকে আমরা চিঠি দিয়েছি অনুরোধ করেছি আজ বিধানসভার ২১ জন সদস্য এ্যাডজোর্নমেণ্ট মোশান দিয়েছে—আজকে এটা অস্বীকার করবার উপায় নেই যে এই রকম ধূলা এবং পচা চাল (হাতে করিয়া কিছু চাল দেখাইয়া) মডিফায়েড রেশনিংয়ে মাথা পিছু দু'শ থেকে তিন'শ গ্রাম করে দেবার ব্যবস্থা করেছেন—এইভাবে মানুষ আজ অনাহারে মারা যাচ্ছে—এত দিন হাউস বন্ধ রাখার পর যখন আমরা একবার মিলিত হয়েছি তখন অন্য যে কোন জিনিস আমাদের সামনে না এনে অন্য সাবজেক্ট আলোচনা করার আগে আমরা যে দাবীটা জোরের সংগে উত্থাপন করেছি এই দাবী সম্বন্ধে যতক্ষণ না আলোচনা হয় ততক্ষণ অন্য কোন আলোচনা হতে পারে না—আমাদের মানসিক অবস্থাও সেই রকম নয়। সেই জন্য আমি আশা করি মিঃ স্পীকার স্যার, আশা করি মুখ্যমন্ত্রীকে আপনি ফিরিয়ে নিয়ে আসবেন—এবং ফিরিয়ে এনে আমাদের বক্তৃতা শুনে আপনি ডিবেট সুরু করে দেবেন—আজকে বিশেষ করে হাওড়ায় ষ্ট্যাটুটারী রেশনিং এরিয়ার বাইরে ১০ থেকে ১২ লক্ষ লোকের বাস—সেই লোকের মধ্যে বালী গ্রামাঞ্চলে সাঁকরাইল, ডোমজুড়, পাঁচলা, বাউড়িয়া, জগাছা ইত্যাদি অঞ্চলে আজকে মানুষ না খেয়ে আছে আজকে তাদের চাল সংগ্রহ করার উপায় নেই এই অবস্থার পরিপ্রেক্ষিতে আমরা আবেদন জানাই মিঃ

স্পীকার স্যার, যে আমাদের যে এ্যাডজোর্নমেণ্ট মোশান এবং প্রিভিলেজের প্রশ্নটা রয়েছে সেটা আপনি এ্যাকসেপ্ট করুন এবং আমাদের বক্তব্য পেশ করবার সুযোগ দেবেন।

Shrimati Ila Mitra:

মিঃ স্পীকার স্যার, আজকে গ্রামে গ্রামে মানুষ না খেয়ে মারা যাচ্ছে—আমি কয়েকটি গ্রামে নিজে গিয়ে দেখে এসেছি যে সেখানে মানুষ না খেয়ে মারা গেছে। সে সম্পর্কে আমি ৯ই আগষ্ট মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছি যে এ্যাসেম্বলী খুলুন এ ব্যাপারে সেই নাইন্থ আগষ্টের চিঠির উপর উনি ৩১শে অক্টোবর দিলেন যে এলিগেসন সত্য নয়। সেই অভিযোগ সত্য কি নয় সে সম্বন্ধে আমাদের এখানে বিভিন্ন যে সমস্ত সদস্য রয়েছেন তাঁরা তাঁদের নিজেদের অভিজ্ঞতার ভিত্তিতে তাঁদের জেলায় এবং গ্রামাঞ্চলে যে সমস্ত মানুষ না খেয়ে, অর্ধাহারে মৃত্যু বরণ করছেন সেই সম্পর্কে বক্তব্য রাখতে চান। এবং তার জন্য এ্যাডজোর্নমেণ্ট মোশান তাঁরা দিয়েছেন—আজকে আমি মনে করি বাংলাদেশে আজ ফুড সিচুয়েসন তীব্র আকার ধারণ করেছে যার জন্য সর্বাগ্রে এটা আলোচনা করা দরকার এবং আলোচনার পরে মন্ত্রীমহাশয়রা আমাদের বিরোধী পক্ষের যে সমস্ত নেতারা রয়েছেন তাঁদের সঙ্গে এক সঙ্গে মিলে কিভাবে এই দুরবস্থা থেকে দেশকে বাঁচানো যায় তার চেষ্টা করবেন। কারণ এর সঙ্গে আমাদের স্বাধীনতা জড়িয়ে রয়েছে। আমাদের স্বাধীনতা আজকে বিপন্ন হতে চলেছে। পাক এগ্রেসনের ভিত্তিতে আমরা দেখেছি যে আজকে সর্বস্তরের মানুষ একথা বলছি যে পি এল ৪৮০ আমরা নেবো না—আমরা কম খাবো—অর্ধাহারে থাকবো তবুও আমরা পি এল ৪৮০ নেবো না আত্মনির্ভরশীল হব। কাজেই আজকে প্রশ্ন এতখানি বড় হয়ে দাঁড়িয়েছে এর সঙ্গে আমাদের স্বাধীনতা রক্ষার প্রশ্ন আছে। কাজেই স্পীকার মহাশয়, আমি একথা দৃঢ় কণ্ঠে জানাতে চাই যে আপনি হাউস এ্যাডজোর্ন করে দিন এবং আজকে বাংলাদেশে খাদ্যের যে দুরবস্থা হয়েছে সেই সম্পর্কে আলোচনা করার সুযোগ দিন। আমরা একটা ডিবেট করে কথার ফুলঝুরি ঝরাতে চাই না, সেই আলোচনার ভিত্তিতে কনষ্ট্রাকটিভ পদ্ধতি গ্রহণ করে কিভাবে আমরা দেশকে বাঁচাতে পারি কি করে মানুষকে মৃত্যুর হাত থেকে রক্ষা করতে পারি সেই ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি আপনার কাছে অনুরোধ করছি আশা করি আপনি নিশ্চয় সম্মতি দেবেন।

Shri Bejoy Kumar Banerjee:

মিঃ স্পীকার স্যার, এখানে কথা বলা খুবই মুস্কিল, আইন এখানে কিছু আছে বলে মনে হয় না। স্যার, এই যে এ্যাডজোর্নমেণ্ট মোশান অনেকেই দিয়েছেন এখানে তাঁরা আইনতই দিয়েছেন। সেই মোশানটা যদি আপনারা বিচার করেন অবশ্য

subject to the consent of the Speaker,

দিতে হয়। কিন্তু তার মানে এই নয় যে কনসেণ্ট অব দি স্পীকার সব সময় হবে কিনা, যা ইচ্ছা করবে, তা হতে পারে না। যদি এটা

matter of urgent public importance হয়

তাহলে আমি জানিনা—কেন কনসেণ্ট অব দি স্পীকার পাওয়া যাবে না। এর জন্য আলাদা প্রভিসন আছে, এতো সর্ট টাইমের মধ্যে আরজেণ্ট ম্যাটার ডিসকাস করবার একটা ব্যবস্থা রুলসে আছে। আপনি বল্লেন যে কনসেণ্ট এর পরে কবে আসছে বা না আসছে—স্যার আমার মনে হয় আপনি এই ডিসিসনটা আবার ভাল করে বিবেচনা করুন। কারণ আমরা অনেকদিন আগে থেকে বলছি যে এখানকার খাদ্যের যে অবস্থা সেটা অত্যন্ত সঙ্গীন হয়ে আসছে দিনের পর দিন। সরকারকে নিন্দা করবার জন্য এখানে আমি আসি নি, সরকার খুব ভাল কাজ করছেন কিন্তু তাই বলে দেশের লোক যদি না বাঁচে তো কি হবে? খাদ্য সমস্যার সমাধান সরকার যদি না করতে পারেন আমাদের আর লাগবে না, সরকারকে বিদায় হতে হবে, দেশের মানুষই তাড়িয়ে দেবে। স্যার, প্রতিরক্ষা ব্যবস্থা খাদ্যাবস্থার সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। আমরা কত দিন আগে রাজ্যপালকে লিখলাম যে আপনি এ্যাসেম্বলী ডাকুন দিনের পর দিন

অবস্থা খারাপ হচ্ছে—উনি লিখলেন এ্যাকটিভ কনসিডারেসন। এই তিন চার মাস আমরা ভাবলাম যে হয়তো একটা সুব্যবস্থা হবে, কিন্তু এখন অবস্থা আয়ত্তের বাইরে চলে যাচ্ছে। আপনি যদি আজকে ডিসকাস করতে না দেন তাহলে বাংলা দেশের বিধানসভার কি সার্থকতা আছে জানি না। এর চেয়ে

definite matter of urgent public importance

আর কিছু নেই। আজকে বিধানসভায় অন্য বিষয় প্রাধান্য পেতে পারে না। আজকে অবশ্য জানি না মুখ্যমন্ত্রী কেন চলে গেলেন। আমি এ দিকে চুপ করে বসে খালি মন্ত্রীদের দেখছি যে আজকে এখানে যখন চেঁচামেচি হচ্ছে খাদ্যের জন্য—এটা বাইরেরও প্রতিধ্বনি—বাইরে গেলে আরও ভাল বুঝতে পারবেন—তখন তাঁরা এটা দেখে হাসাহাসি করছেন। স্যার, এর চেয়ে নির্লজ্জ ব্যাপার আর হতে পারে না। আজকে ওঁরা ক্ষমতায় আছেন মুখ্যমন্ত্রীর কোন কাজ আছে কিনা জানিনা—কিন্তু উনি যদি এখানে না থাকেন তাহলে এখানে আমাদের আসার কোন প্রয়োজন আছে কিনা জানি না। এটা একটা ফার্স ডেমোক্রাসীতে পরিণত হচ্ছে—আমরা বুঝতে পারছি না যে কোথাকার ডেমোক্রাসীতে আমরা আছি।

2-40—2-50 p.m.]

সজন্য আমি আপনাকে অনুরোধ করি এবং আশা করি আমাদের কথা রাখবেন। আমি সরকারকে নিন্দা করছি না। সরকার কি করেছেন, কি করছেন, কি ভাবে তাতে সহযোগীতা করা যায় সেটা আমাদের সকলের কাজ হওয়া উচিত। এই ভাবে এই এ্যাটিচুড নিয়ে বিধানসভা চালাতে দি না চালান তাহলে এটাকে জন্মের মত বন্ধ করে দিন। এই মাত্র একটা কাগজে পড়লাম যে একজন এম-এল-এ এখান থেকে চাল পাকিস্তানে পাঠিয়েছেন—জানি না খবর সত্য কি মিথ্যা। এই সব খবর যদি কাগজে বের হয় যে একজন রেসপনসেবল এম-এল-এ এসব করছেন তাহলে পাকিস্তানে তার কি প্রতিক্রিয়া হবে। আপনি যদি এসব আলোচনা করতে না দেন **তাহলে বিধানসভার কোন মানেই হয় না। আপনি মুখ্যমন্ত্রীকে বলুন তিনি আসুন এবং** আমাদের সব যা আছে সে সব শুনে একটা ব্যবস্থা করুন আপনি মন্ত্রীদের চেহারার দিকে তাকান দেখুন তাঁরা কি মোটা হয়েছেন। বাদবাকি দেশের লোক খেতে পাচ্ছে না মারা যাচ্ছে এটা কি আপনাদের জমিদারী। আজকে যদি আলোচনা যা ডিমান্ড করছি তা যদি না দেন তাহলে বুঝবো যে ডব্লউ বি এল এ-তে আজ কোন ডেমোক্রাসী নেই। এখানে বলবার কোন **অধিকার নেই দেশের লোক যারা যায় যাক। এ্যাসেম্বলীতে গিয়ে কোন ফল হবে না। অমরা** বড় লোক নই কিন্তু তাহলেও কি কথা শুনবেন না আপনার আইন আছে। কিন্তু তাই বলে

Discretion discreetly and not perversely. If I may say so, I am quoting the words of an eminent judge, when there is discretion that discretion is to be exercised discreetly and not perversely. Here is a case in which you will be justified to give your consent to the adjournment motion that has been given by the honourable members.

Shri Nikhil Das:

স্পীকার স্যার, আমার একটা এ্যাডজোর্নমেণ্ট মোশান ছিল এবং সেই এ্যাডজোর্নমেণ্ট মোশান এর উপর আলোচনার জন্য আপনার কাছে বারবার আবেদন করছি। আমাদের প্রতিরক্ষা সম্পর্কে মন্ত্রীরা অনেক বক্তৃতা দিচ্ছেন, কিন্তু প্রতিরক্ষার সঙ্গে যে লোকের পেটের যোগ আছে সেটা তাঁরা ভুলে গেছেন। সুতরাং যেখানে প্রতিরক্ষার প্রশ্ন বড় করে দেখা দিয়েছে সেখানে লোক খেতে পাচ্ছে না, চাল পাচ্ছে না চালের দাম আজ ৩ টাকা কিলো। এই অবস্থার গুরুত্ব অনেক বেশী এই জন্যই এ্যাডজোর্নমেণ্ট মোশান রেখেছিলাম এবং এ্যাডজোর্নমেণ্ট মোশান দিয়ে এই কথাই বলেছিলাম যে একদিনও অপেক্ষা করা উচিত নয়। মন্ত্রীরা বলছেন পাকিস্তান যে কোন দিন আক্রমণ করতে পারে তাঁরা যখন যে কোন দিন আক্রমণ করতে পারে তখন দেশের লোককে না খাইয়ে রেখে প্রতিরক্ষা ব্যবস্থা করা যায় না সেজন্য বারবার বলছি এর গুরুত্ব আপনি চিন্তা করুন। একদিকে বাইরে শত্রু আছে আর একদিকে ভেতরের শত্রু দ্বারা খাদ্য সমস্যাকে

একটা জটিল জায়গায় নিয়ে যাচ্ছে যার জন্য আমরা খেতে পাচ্ছি না এবং সরকার যে খাদ্য নীতি চালাচ্ছেন তার যাঁরা বিরোধীতা করছেন তাঁরা দেশদ্রোহীতা করছেন। চাল যাঁরা মজুত করে রেখেছেন তাঁদের তাঁরা সাহায্য করছেন। সেই মজুত চাল উদ্ধারের কোন ব্যবস্থা নেই। তিনি হঠাৎ গিয়ে বক্তৃতা দিলেন যে বিভিন্ন জেলায় কর্ডন শক্ত করে দাও। কিন্তু কি ভাবে বিভিন্ন জায়গায় বণ্টন করবেন সে ব্যবস্থা নেই, মফঃস্বল জায়গায় চালের ব্যবস্থা না করে কর্ডন করলেন যার ফলে চালের দাম বেড়ে গেল। এই যে দায়িত্বজ্ঞান হীনতা এই ইমারজেন্সী সিচুয়েসান এটা দেশদ্রোহীতার সামিল।

এবং এটা যারা করছেন সেই মন্ত্রী মণ্ডলী সম্বন্ধে এ্যাডজোর্নমেন্ট মোসান এনে তাদের বিরুদ্ধে আমরা সেনসার করছি যে তাঁরা দেশদ্রোহীতা করছেন, দেশের প্রতিরক্ষা দুর্বল করছেন দেশের মানুষের মনোবল দুর্বল করছেন। সেদিক থেকে আমার যে এ্যাডজোর্নমেন্ট মোসান তাতে তিনটা কথা ছিল ৫০০ গ্রাম করে যে রেশান কমিয়ে দেওয়া হয়েছে তাতে লোকে আধ পেটা খেয়ে আছে, মজুর শ্রেণীদের বাড়তি রেশন দেবার ব্যবস্থা নেই। মাঁডফায়েড রেশান এলাকায় চাল, গম পাওয়া যাচ্ছে না। ঘাটতি এলাকায় চালের দাম ২৷৷ টাকা থেকে ৩ টাকা হয়েছে। এ অবস্থায় আপনার কাছে আবেদন করেও আপনি মঞ্জুর করেন নি তাই আবার আবেদন করছি যে আপনি বাংলা দেশের গুরুত্বপূর্ণ অবস্থা বিচার করুন এবং কি করে এই সংকটের হাত থেকে উদ্ধার পেতে পারি সে সম্পর্কে বক্তব্য পেশের সুযোগ দিন। সেদিক থেকে বলবো এ্যাডজোর্নমেন্ট মোসান হিসাবে এর গুরুত্ব রয়েছে এবং আপনি এটা আবার বিবেচনা করুন

Shri Gour Chandra Kundu:

স্যার, পাঁচুবাবু যে পয়েন্ট অফ প্রিভিলেজ এনেছেন আমি তার সমর্থনে আপনার মাধ্যমে দু একটা কথা বলতে চাই। আজকে পশ্চিমবঙ্গ খাদ্যের যে অবস্থা দেখা দিয়েছে সেটা আমরা মোটামুটি আলোচনা করেছি। আমরা যারা বিধান সভার সদস্য আছি তাঁরা কেন এসেছি বাংলাদেশে ৩ কোটি মানুষ খাদ্য সংকটে প্রপীড়িত হয়ে অনাহারে অর্ধাহারে রয়েছে। আমরা তাদের রিপ্রেজেনটেটিভ হয়ে এসেছি সুতরাং আমরা প্রথমেই এসে চাইবো আমাদের মানুষ যারা অনাহারে অর্দ্ধাহারে আছে তাদের সম্বন্ধে আলোচনা করতে চাই এবং সরকার এ সম্পর্কে কি করতে চান তা জানতে চাই। আজ যে ব্যবস্থার ফলে আজকে বাংলাদেশের লোক না খেয়ে মারা যাচ্ছে, এই সম্পর্কে আলোচনা না করে আইন পাশ করে মন্ত্রীদের বুলি শোনা আমাদের সম্ভব নয়। আপনি স্পীকার হিসাবে আমাদের কাস্টোডিয়েন, আপনার কাছে আবেদন করছি আজকে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে যে এ্যাডজোর্নমেন্ট মোসান দিয়েছি সেটা কিসের জন্য দিয়েছি তা আপনি বুঝুন। আজকে যে জরুরী সমস্যা দেখা দিয়েছে সে সমস্যার প্রতি মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করবার জন্য এটা দিয়েছি। কিন্তু আপনি যেভাবে তা নাকচ করে দিতে শুরু করেছেন তাতে এই আইনের ধারা তুলে দেওয়া দরকার এবং তাহলে তো দেখা যাচ্ছে যে আমাদের এম এল এ, দের কোন রাইট নেই। একমাত্র মন্ত্রীদের ইচ্ছামত এ্যাসেম্বলী চলবে এটা একটী নজীর হতে পারে না। তাই আবেদন করি আজকে সমস্ত পশ্চিম বাংলায় চালের অভাবে যে লোক মারা যাচ্ছে এম আর সপে চাল দিচ্ছেন না এ্যাসেম্বলীতে এসে মিথ্যা কথা বলছেন। এ সম্পর্কে এ্যাডজোর্নমেন্ট মোসান গ্রহণ করে আড়াই ঘণ্টা সময় আলোচনা করতে দিন এবং চিফ মিনিস্টার কি বলেন তা আমরা শুনতে চাই ও তারপর খাদ্য ডিবেট করবো।

[2-50—3 p.m.]

Shri Anadi Das:

আমি স্যার কয়েকটা কথা বলতে চাই। হাওড়া জেলায় চাল পাওয়া যাচ্ছেনা লোকে ছুটাছুটি করছে। এবং কোন জায়গায় যদি চাল পাওয়া যায় সেখানে ১ কিলো চাল পাবার জন্য দু চারশো লোক জড়ো হয়ে যাচ্ছে, কিন্তু কেন চাল পাওয়া যাচ্ছে না যেখানে গেলে পাওয়া যেতে পারে সেখানের লোকেরা চাল আনতে দেয় না মারামারি করবার মত অবস্থা উপস্থিত হয় হাওড়ার লোকেরা বলে তোমরা ওখান থেকে যদি চাল আনতে না দাও তাহলে আমাদের এলাকায় কাজ করতে যেতে দেব না।

এই রকম অবস্থা সৃষ্টি হয়েছে, কোথায় গিয়ে পড়েছি। যে কোন দিন খাদ্যের জন্য মানুষে, মানুষে দাঙ্গা হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে, এবং এটাকে কিছুতেই এড়িয়ে যাওয়া চলতে পারেনা, এই রকম অবস্থায় যখন আমরা হাওড়া অধিবাসীদের তরফ থেকে মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে দেখা করতে যাই, মাননীয় সদস্য তারাপদবাবুও ছিলেন, তাঁর সঙ্গে নির্দিষ্ট সময় দেওয়া ছিল, কিন্তু মুখ্যমন্ত্রিমহাশয় দেখা করবার সময় পেলেন না। তিনি বললেন দেখা করবার সময় আমার নেই, নির্দিষ্ট সময় আমাদের দেওয়া সত্ত্বেও। শুধু এই কথা নয়, দেখাত তিনি করলেনই না, তারপর ছবি তোলবার জন্য বারান্ডায় যখন তিনি এলেন, আমরা তাঁকে ঘিরে ধরে এই কথা বলছিলাম আপনি এটা কি করলেন, মানুষ যে মারা যাচ্ছে, একটা ব্যবস্থা করুন? তিনি তাচ্ছিলের সঙ্গে বললেন মানুষ মরে, মরুক। আমাদের যিনি খাদ্যমন্ত্রী, তাঁর উপর আমাদের দেশের ভবিষ্যৎ নির্ভর করছে, তাঁর মুখ থেকে যখন শুনি মরে মরুক, আমার কিছু করবার নেই, সেটা খুবই দুঃখের বিষয়। যখন তাঁকে আরও চেপে ধরলাম, যে চাল পাওয়া যাচ্ছে না, আপনি একটা ব্যবস্থা করুন, লোকে শাক, পাতা, কচু, ঘেঁচু, খাচ্ছে, এই অবস্থায় নানা রকম রোগে জর্জরিত হচ্ছে। তখন তিনি বললেন আপনাদের মুখ থেকে শুনে, আমাকে ব্যবস্থা করতে হবে? আমি সব জানি, আমার যা করবার, আমি তা করছি। এইধরনের উপেক্ষা আমরা মুখ্য মন্ত্রিমহাশয়ের কাছ থেকে পাই। আমরা এম, এল, এ, যখন জনসাধারণের প্রতিনিধি হয়ে কোন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে তাঁর সাথে দেখা করতে যাই, তখন তিনি দেখা করবার সময় দেওয়া সত্বেও, আমাদের সাথে দেখা করেন না। জোর করে যদি কোন প্রকারে দেখা করা যায়, তিনি এই রকম উক্তি করেন দেশের লোক মরে, মরুক, আপনাদের কাছ থেকে কোন খবর জানতে চাইনা, আমি যা ভাল বুঝছি, তাই করছি। তাঁর যখন এই রকম মনোভাব, তখন এই এ্যাসেম্বলীতে প্রথম সুরুতে, দেশের বর্তমান খাদ্যের অবস্থা সম্বন্ধে আলোচনা হওয়া আরও বিশেষ প্রয়োজন হয়ে উঠেছে। কারণ ভারত রক্ষার সঙ্গে দেশের এই খাদ্যাবস্থা জড়িত। রাস্তায় যেতে, যেতে লোকে যা বলে, তা শুনে আমাদের লজ্জা হয়। আজ আমাদের দেশের লোককে, দেশ-প্রেমিককে কোথায় এসে হাজির করেছেন সরকার। লোককে বলতে শোনা যায় আমাদের সরকারের নীতি কিন্তু আধপেটা খাও, বেশী করে রক্ত দাও। এই কথা যখন রাস্তায় চলতে, চলতে শুনি লোকের কাছ থেকে, তখন আমার নিজের লজ্জা করে, দেশকে রক্ষা করবার জন্য মানুষের মনকে কোথায় নিয়ে এসেছি। কাজেই, দেখা যাচ্ছে যে আমাদের দেশের বর্তমান খাদ্য সমস্যা বা খাদ্যের অবস্থা, এই দেশের প্রতিরক্ষার মনোবলকে অটুট রাখার জন্যে এর সমাধান অত্যন্ত প্রয়োজনীয়, সুতরাং এটাকে কখনই পোষ্টপোন্ড করা যায় না। খাদ্য বিষয় আলোচনা করবার জন্য যে সময় চাওয়া হয়েছে, আশাকরি সরকার দয়া করে সেই সময়টা দেবেন। দেশের বর্তমান খাদ্য পরিস্থিতিতে সরকারের কি করণীয় এবং কোন সুষ্ঠু নীতি এ সম্পর্কে তাঁরা আলোচনা বা নির্ধারিত করতে চান, তা আমরা তাঁর কাছ থেকে শুনতে চাই। এখানে যে কোন নীতি নির্ধারিত হতে পারে। ও'রা বলে থাকেন খাদ্য রাজনীতির বাইরে। আমরাও বলি সেই কথা। কিন্তু খাদ্যাবস্থা এরকম জটিল আকার ধারণ করেছে, তা আলোচনা করছেন না। তাঁরা কতকগুলি লোককে বাঁচাবার জন্য এই নীতি গ্রহণ করেছেন, ফলে তাঁরা রাজনীতি করছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি আশা করি আপনি এ সম্পর্কে আলোচনা করবার জন্যে আমাদের সময় দেবেন। আমরা খাদ্য সম্পর্কে আলোচনা করবার সুযোগ পাবো, একটা নীতি নিতে দেশের মানুষকে বাঁচাবার জন্য আমরা উপযুক্ত পথ নিতে পারবো, এই আশা করি।

Shri Kashi Kanta Maitra:

মিঃ স্পীকার, স্যার, আমি এখন আমার স্বাধিকার সম্বন্ধে আমার বক্তব্য রাখছি। আমাদের জেলার দুরবস্থা সম্বন্ধে এ্যাডজর্নমেণ্ট মোসান দিয়েছি—তার উপর বলার সুযোগ আমি চাই। কিন্তু আমার বক্তব্য আমি সীমাবদ্ধ রাখবো স্বাধিকার প্রশ্নের মধ্যে আমার স্বাধিকারের প্রশ্নের সুরু এখানে। আপনার কনসেণ্ট বা সম্মতি না দিয়ে আপনি আমাদের এই হাউসের সদস্যদের এমন একটা অসহনীয় অবস্থার মধ্যে ফেলেছেন, যাতে বিভিন্ন বক্তার বক্তৃতা শুনে মনে হচ্ছে যে আপনার মাধ্যমে আমরা মুখ্যমন্ত্রীর কৃপাভিক্ষা করছি। আমি স্পষ্টভাবে বলছি

I stand here on my Constitutional legal and political rights. I am not here as a charity boy of anybody.

সুতরাং আমাদের কনষ্টিটুসনাল রাইট যাই রাখছি দুঃখের কথা এমন একটা অবস্থার মধ্যে আপনি আমাকে রাখছেন কেন? মুখ্যমন্ত্রী উপস্থিত নেই, কিন্তু রুল ৫৯ যেটা আছে সেই রুল ৫৯ অনুযায়ী আমাদের এই এ্যাডজোর্নমেন্ট মোসান দেওয়া হয়েছে। হাউসের ২৫৬ জন সদস্যের মধ্যে ১৬৪ জন হচ্ছে কংগ্রেস সদস্য সেখানে বিরোধীদলের ক্ষমতা কতটুকু? আপনারা যখন গণতন্ত্রের কথা বলছেন, তখন বিরোধীদলের একটা ভূমিকা রয়েছে। তবুও এই বিরোধীদল ক্ষমতাশীল কংগ্রেস দলের তুলনায় কত অসহায় সেটা বিবেচনা করে দেখুন। আমাদের হাতে তিনটি অস্ত্র আছে তার মধ্যে একটা হাতিয়ার হচ্ছে এ্যাডজোর্নমেন্ট মোসান বা মুলতুবী প্রস্তাব আনার দ্বারা সরকারকে তিরস্কার বা ভর্ৎসনা করা যায়। দ্বিতীয় হাতিয়ার হচ্ছে নো কনফিডেন্স মোসান যে হাউসের ১৬৪ জন কংগ্রেস সদস্য, সেখানে নো কনফিডেন্স মোসান এনেও লাভ নাই আর তৃতীয় হাতিয়ার হচ্ছে আমাদের এই কোশ্চেন আওয়ার প্রশ্নোত্তরের সময় আপনি দেখেছেন, আমরা কিভাবে ক্রিপল্‌ড হয়ে গেছি। শুধু একটা খোলা আছে সে হচ্ছে এই এ্যাডজোর্নমেন্ট মোসান এ্যালাউ করে আলোচনা করতে দেওয়া। এখানেও কিন্তু সব নির্ভর করছে আপনার ডিসক্রিসন-এর উপর। আজ গণতন্ত্রের এই লিমিটেড স্ফিয়ার একসাইজ এ ও বিরোধীদলের যে ভূমিকা প্লে অব ডেমোক্রেসি তা নির্ভর করছে আপনার উপর। আমরা এই যে এ্যাডজোর্নমেন্ট মোসান এনেছি আমি বলছি আপনি আর একবার রুল ৬১টা দেখুন। অনেকে বলছেন আপনার ডিসক্রিসন আছে। কিন্তু আমি মনে করি রুল ৬১তে যে কতকগুলো কন্ডিসন দেওয়া হয়েছে, রেসটিকসন আছে, তাতে বলা হচ্ছে

If those conditions are fulfilled, then, consent has to be given, in my most respectful submission, as a matter of course, as a matter of formality. I do not think that there is any element of discretion left in you so far as giving consent or withdrawing consent is concerned. It is a discretion, in my submission, coupled with a duty which you have an obligation to discharge. And that obligation has to be discharged by giving consent to the adjournment motions.

এবং যদি আপনি দেখেন যে তার কোন একটা কন্ডিসান ভায়োলেটেড হয়েছে, আপনাকে তা বলতে হবে যে এই এ্যাডজোর্নমেন্ট মোসান-এর মধ্যে কতকগুলি ত্রুটি আছে। যা রুল ৬১এ লিপিবদ্ধ ঐ কন্ডিসান ফুলফিল করছে না; বা যে সব কন্ডিসানস্ রুল ৬১তে উল্লেখ করা হয়েছে, তার ইনফ্রিঞ্জমেন্ট হচ্ছে। কাজেই আপনি ডিজ-এ্যালাউ করে দিচ্ছেন। আপনার এ সম্বন্ধে কমপ্লিট ডিসক্রিসন আছে। কিন্তু যদি আপনি দেখেন রুল ৬১, যেখানে যে ৯টা কন্ডিসান দেওয়া হয়েছে, তার কোন একটা কন্ডিসান-এর মেলা না হয়ে থাকে, তাহলে আমি জিজ্ঞাসা করি আপনি কোন্ আইন বলে আপনার কনসেন্ট উইতহেল্ড করতে পারেন? আপনি এখানে আপনার কনসেন্ট উইথহেল্ড করতে পারেন না। আপনি দেখুন আপনি যখন হাউসে এলেন, তখন আমাদের প্রশ্ন উঠলো যে এখানে ডিবেট হবে। মাননীয় নস্কর মহাশয় মুখ্যমন্ত্রীর সঙ্গে কানাকানি করে কি বললেন জানিনা, তারপরেই তিনি বললেন যে এখানে ফুড ডিবেট হবে।

A food debate even if it is called a food debate, as he says, is not sufficient recompense or a sufficient substitute of a debate following adjournment. The two are quite independent and quite different.

[3—3-40 p.m.]

আমার প্রশ্ন হচ্ছে আমার ফুড ডিবেট এ্যাজ এ ম্যাটার অব রাইট আর মুখ্যমন্ত্রী কি ভেবে রেখেছেন তাঁর দয়ার উপর এই ফুড ডিবেট নির্ভর করছে? আমরা গতবার প্রিসিডেন্ট করে দেখিয়ে দিয়েছি যে বিরোধীদল সেজন্য তাঁদের বাধ্য করতে পারে ফুড ডিবেটের জন্য আমরা আবার ও দেখিয়ে দেব যে আমরা অত অসহায় নয় যে আমরা তাঁদের বাধ্য করতে পারবো না। মুখ্যমন্ত্রী মহাশয় যাবার আগে বলে গেলেন না যে কারেন্ট ফুড ক্রাইসিস্ সম্বন্ধে আলোচনার জন্য একদিন বা দু-দিন দিতে রাজী আছেন বা আগামীকাল থেকে এনিয়ে আলোচনা

করবেন। কিন্তু ফুড ডিবেট যেদিন শেষ হবে, সেই দিন ফুড পলিসির উপর তাদের স্ট্যান্ড নেওয়া হয়ে যাবে তা নয়।

In one debate he wants to telescope the scopes of two debates.

এটা হতে পারেনা। এই যে ধোকাবাজি, এই যে চালাকী, তা বোঝবার বুদ্ধি আমাদের বিরোধী পক্ষের অনেকেরই আছে। আপনি বল্লেন সরকার তরফ থেকে, মিনিষ্টেরিয়াল বেঞ্চ থেকে, ফুড ডিবেট এর জন্য একটা দিন দেবেন।

You have disallowed it, you have withheld your consent. I submit, Sir, that it is not at all a judicial exercise of discretion.

এটা নয়।

Even if it is assumed if it is a really matter of discretion, that discretion has not been discreetly exercised as has been rightly pointed out by some honourable members.

আপনাকে হাউসে এসে Independently merit of the adjournment motion বলতে হবে

I disallow the motion, I withdraw my consent.

আপনি In anticipation of the assurance that the Food Minister or the Chief Minister has agreed or conceded to grant a day for having a discussion on the subject, on that consideration alone you cannot withhold consideration of adjournment motion or you cannot withhold your consent. But that has been done.

এবং ফোর্থলি আপনি এ্যাডজোর্নমেণ্ট মোসান ডিসএলাউ করছেন। এই মাত্র হাউসে আমার কাছে একজন একটা কাগজ দিয়ে গেলেন এবং যে রুলস আছে তাতে আমরা দেখছি

As early as possible intimation by the Secretary is to be given to the member concerned informing him that the Hon'ble Speaker has withheld his consent.

সেটাই আমরা পাচ্ছি এতে। আপনি আপনার চেম্বারে বসে আপনার এই সেক্রেড ডিউটি পারফর্ম করবেন এ কখনও হতে পারে না। এই হাউসের চেয়ারে বসেই মেরিট বিবেচনা করেই এ্যাডজোর্নমেণ্ট মোসান হয় এলাউ করবেন না হয় ডিস-এলাউ করবেন। আমি চার বছর হয় এই হাউসে মেম্বার আছি কখনও কোন এ্যাডজোর্নমেণ্ট মোসান এলাউড হতে আমি দেখিনি। একবারই শুধু এ্যাডজোর্নমেণ্ট মোসান এলাউ করা হয়েছিল উদ্বাস্তু সমস্যা নিয়ে ১৯৬৪ সালের দাঙ্গার পর। এছাড়া কখনও দেখিনি এ্যাডজোর্নমেণ্ট মোসান এলাউ করতে। সুতরাং আজকে যেখানে এই রকম একটা অবস্থা সেখানে আমরা খাদ্য নিয়ে আলোচনা করতে পারব না এটা না হয় আপনি পরিষ্কার করে বলে দিন এবং হাউসে যা রুলস আছে তা থেকে এই সব জিনিষ বাদ দিয়ে দেওয়া হউক না হয় রুলসটা রিকাণ্ট করা হক। যদি আইনতঃ সমস্ত কন্ডিসান ফুলফিল হয় তাহলে

As a matter of formality, as a matter of routine measure consent has to be given.

আমি আমার চার বছরের অভিজ্ঞতায় কখনও দেখিনি যে খাদ্যের ব্যাপারে এই রকমভাবে একদিনে ১৯টা এ্যাডজোর্নমেণ্ট মোসান এসেছে। মুখ্যমন্ত্রী এখন নেই হয়ত তিনি তাঁর ঘরে বসে

ভাইকে শুনছেন, আমি প্রার্থনা করি তিনি ১০০ বছর সুস্থ দেহে বসে বেঁচে থাকুন তার জন্য দরকার তার বিউটিফুল ফেস দেখবার জন্য আমরা এখানে উদগ্রীব হয়ে বসে নেই।

He should know that his Ministry has a very ugly face.

আমি তাই আপনাকে অনুরোধ করছি যে এই এ্যাডজোর্নমেন্ট মোসান ডিসএলাউ না করে এটা রিকনসিডার করুন এবং আমাদের আলোচনা করবার সুযোগ দিন।

Mr. Speaker: The House stands adjourned for 35 minutes. Members who are interested may attend the Business Advisory Committee which is going to be held in my Chamber.

[At this stage the House was adjourned for 35 minutes]

[After adjournment]

[3-40—3-50 p.m.]

Mr. Speaker: Honourable members, the Business Advisory Committee was just held in my chamber. I am glad to inform honourable members that it has been decided there that there will be discussions on food situation on Thursday and Friday. Under the circumstances, I would request Mr. Bhaduri not to press for the point of privilege.

Shri Panchu Gopal Bhaduri: Since it is conceded that there will be a debate on the present food situation, I withdraw my point of privilege.

Mr. Speaker: Honourable members, regarding the adjournment motions, the rule provides that the Speaker may read the adjournment motion to which consent has been withheld. As there are large numbers of such adjournment motions, I would request honourable members who have submitted the motions to read their respective motions instead of myself reading them out to this House. But at the same time I would request honourable members to keep within the line and read the motion alone without making any speech.

Shri Kashi Kanta Maitra: Sir, my adjournment motion stands as follows:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

Appalling and dismal food situation in Nadia, Murshidabad, Jalpaiguri, Darjeeling, Cooch Behar in particular and in the State in general.

People of the State are passing through an appalling and grim man-made food crisis, particularly people of Nadia, Murshidabad and Jalpaiguri, Cooch Behar and other deficit border areas in this State. Chief Minister made a dramatic statement at a public meeting at Phulia in Nadia about the alleged smuggling of rice from deficit starving Nadia to East Pakistan. Consequent upon such statement rice disappeared from the market throwing the people of Nadia since October 11, 1965 at the tender mercy of recalcitrant food traders, black marketeers, price manipulators and food bandits. People are facing starvation. Nadia and other deficit border districts should be tagged to surplus districts in the State and food from the surplus district should be imported to the district once on a Government to Government basis. As a result of the inter-district cordon system,

people's suffering beggar description. Chief Minister even condemned district officials for relaxing the strict enforcement of cordons and even characterised them as pro-Pak elements but took no steps either to feed the famished Nadia people or to punish the pro-Pak high Government officials who are according to Chief Minister responsible for helping smuggling of rice from Nadia to East Pakistan.

Shri Nikhil Das: My adjournment motion is as under:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the present food crisis in West Bengal. Quota of ration has been recently cut by 500 grammes and this cut has caused much distress to the common people. In the modified ration areas non-availability of rice and wheat in modified ration shops is a common feature, and even when it is available the quantity of ration. Due to this non-availability and supply if less quantity of ration than as specified the prices of rice in different areas of West Bengal have soared up like anything, and in some area rice is being sold at 2.50 per kg. to Rs. 3.00 per kg. In some areas rice is not even available in the market.

Shri Apurba Lal Majumdar: My adjournment motion runs as follows:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that in the major part of the rural areas of West Bengal, particularly in the districts of Howrah and Nadia, rice is not available in the open market, and is being sold in the black market at a rate varying from Rs. 2 to Rs. 3 per kg., much beyond the purchasing capacity of the people causing immense suffering and hardship to them and the public mind is seriously agitating over the issue. During the last one month due to the extra greed and profit mentality of the dishonest rice dealers and hoarders and the policy followed by the Government, no rice could be available in the rural areas of Howrah and in the district of Nadia. Deprived of the facility of statutory rationing system, and for want of rice people of many rural areas are practically starving and going on without any rice for days together. Suffering of the people knows no bound.

Dr. Kanai Lal Bhattacharya: My adjournment motion runs as follows:

This House do now adjourn to discuss a definite matter of urgent public importance, viz, the acute scarcity of foodgrains, mainly rice and wheat, in several parts of West Bengal with particular reference to the districts of Nadia and Howrah, and failure of the Government to supply rice and wheat under the modified rationing scheme, causing thereby serious hardship to the people.

Shri Syed Abul Mansur Habibullah: My adjournment motion runs as follows:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, grave situation prevalent in the countryside, specially in the definite areas and districts where even after Aus harvest prices of rice have gone up and selling at Rs. 2 to Rs. 3 per kilogram.

Shri Panchu Gopal Bhaduri: My adjournment motion runs as follows:

The House do now adjourn to discuss a matter of grave public importance and urgency, graver still in the background of war emergency and the absolute importance of peoples' moral. This grave matter is the Government bungling and administrative collusion with hoarders and blackmarketers which has depend the food crisis during the last few weeks and which has forced literally lakhs of our people in the rural areas to subsist by eating leaves and roots.

Shri Shreemohan Thakur: My adjournment motion runs as follows:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, failure of the Government to consult this House before announcing next year's food policy which has created apprehensions in the minds of the growers.

Shri Kamal Kanti Guha: I would like to move the following adjournment motion:

This Assembly do now adjurn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that

সরকারের বর্তমান খাদ্যনীতির ফলে কুচবিহার জেলায় প্রায় দুর্ভিক্ষ অবস্থার সৃষ্টি হইয়াছে। এর সংগে, স্যার, শ্রীসলীল দাশগুপ্তের কাছে এই টেলিগ্রামটি এসেছে আমি পড়ে দিচ্ছি :

Rice market dry apprehend grave situation send rice immediately.

Shri Sambhu Charan Ghosh: My adjournment motion runs as follows:

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, that

পশ্চিমবঙ্গ সরকারের অপদার্থ খাদ্যনীতির ফলে বাংলা দেশের অধিকাংশ স্থানে চরম খাদ্যাভাব দেখা দিয়েছে। কোন কোন স্থানে ৩ টাকা কেজি পর্যন্ত চাউলের দর উঠিয়াছে। প্রতিটি জিনিষপত্রের দাম সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার বাহিরে চলিয়া গিয়াছে। পাক আক্রমণের বিরুদ্ধে সাধারণ মানুষ সরকারী নীতিকে আন্তরিকভাবে সমর্থন করিলেও চরম খাদ্যাভাবে আজ তাহারা সরকারী খাদ্য নীতিকে কোনমতেই সমর্থন করিতে পারিতেছে না। বিভিন্ন স্থানে খয়রাতি সাহায্যের পরিমাণ অস্বাভাবিক কমাইয়া দিয়া সরকার দুর্গত মানুষের দুর্গতিকে আরো বাড়াইয়া দিয়াছেন।

[3-50—4 p.m.]

Shri Hemanta Kumar Basu: The Assembly do now adjourn to discuss a matter of very urgent public importance and of recent occurrence namely, the acute and intense suffering to the people of West Bengal due to high price of foodstuff and its non-availability in several places in West Bengal and the blackmarketting which is going on practicully without any check.

Shri Cour Chandra Kundu: The Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of the recent occurrence namely—no rice available in Nadia district resulting in famine condition. After the recent visit of Chief Minister in Nadia rice is not being available in any place within Nadia. Rice and wheat supply through M. R. shops is inadequate and irregular. Due to this 18 lakhs of people of Nadia have been compelled to face starvation half-starvation for want of rice.

Dr. A. M. O. Chani: The Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely—acute scarcity of food in the district of West Bengal.

Shri Anadi Das: The Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely—no rice available in Howrah district rural areas. Rice supplied through M. R. Shops is inadequate. The supply also is not regular. Rice in free market is not available. Rice in blackmarket is selling at 2.50 to 3.00 per kg. Famine conditions are prevailing. People are living on Dal joar etc. Many are starving.

Shri Syed Abul Mansur Habibullah: This Assembly do now adjourn to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely—failure of the Government to supply Mustard Oil Cakes at reasonable prices specially to potato growers.

Shri Syed Abul Mansur Habibullah: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely—holding of the session of the Assembly with prominent members of the Opposition including the Leader of the Opposition kept inside the prison bars.

Shri Gopal Banerjee: This Assembly do adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely—failure of the Government to convene the Legislative Assembly during Pak aggression on our country.

Shri Sudhir Chandra Das:

চলতি বছরে ভাল ফসল হইয়াছে। পশ্চিমবঙ্গে মুখ্যমন্ত্রী এই আশ্বাস দিয়াছিলেন যে কলিকাতা ও শিল্পাঞ্চলে পূর্ণ র‍্যাশনিং প্রথা চালু করিয়া চাউল কলগুলির উপর ৫০ ভাগ লেভি আদায় করিয়া এবং কৃষকের ঘরে মজুত শস্য সিজ করিয়া এবছরের খাদ্য সংকটের প্রতিরোধ করা হইবে। এই সকল ব্যবস্থা অবলম্বিত হওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গে ভয়াবহ খাদ্য সংকট দেখা দিয়াছে। চাউলের কিলো ৩ টাকারও ঊর্ধ্বে অনেক স্থানে বিক্রয় হইতেছে। প্রায় সর্বত্র সরকার নির্দিষ্ট মূল্য অপেক্ষা তিনগুনের বেশী মূল্যে ধান্য ও চাউল বিক্রয় হইতেছে। বহু স্থানে চাউল দুষ্প্রাপ্য হইয়াছে বহু এলাকায় সাধারণ মানুষ অর্ধাহারে ও অনাহারে দিনাতিপাত করিতেছে। এদিকে পশ্চিমবঙ্গের সীমান্তে চীন পাকিস্থান সৈন্য সমাবেশ করিয়াছে। যে কোণ মুহূর্তে যুদ্ধ বাধিবার সম্ভাবনা রহিয়াছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এই ভয়াবহ খাদ্য সংকটকে উপেক্ষা করিয়া চাপা দিবার চেষ্টা করিতেছেন। এইরূপ চাউলের মূল্য বৃদ্ধি অভূতপূর্ব ও কল্পনাতীত। যুদ্ধ পরিস্থিতিতে ঐক্য রক্ষার জন্য বিরোধী দলগুলি কোন আন্দোলন করে নাই। সরকারী চরম অকর্মণ্যতাই এই খাদ্য সংকট সৃষ্টি করিয়াছে। এই অসহনীয় অবস্থায় প্রতিকার কল্পে আলোচনার জন্য সভার অধিবেশন মুলতুবী রাখিবার প্রস্তাব উত্থাপন করিতেছি।

Shri Balai Lal Das Mahapatra:

"পশ্চিমবঙ্গে নিদারুন খাদ্য সংকট হেতু বিপদ জনক পরিস্থিতি ও উহার প্রতিকারে সরকারী ঔদাসীন্য" শীর্ষক জনস্বার্থের পক্ষে গুরুত্বপূর্ণ বিষয়টি বিধানসভায় মুলতুবি প্রস্তাব হিসাবে আলোচনা করা প্রয়োজন মনে করিতেছি।

আমার বক্তব্য হচ্ছেঃ—

সমগ্র পশ্চিমবঙ্গের অধিকাংশ জেলা আজ একান্ত প্রত্যাশিতভাবে নিদারুন খাদ্য সংকটের সম্মুখীন হইয়াছে। কোন কোন জেলায় দুর্ভিক্ষাবস্থা দেখা দিয়াছে। কিন্তু দীর্ঘ কয়েক

বৎসরের মধ্যে গত বৎসরের ফসল খুব ভাল হইয়াছিল। সরকারও গত বৎসরের ফসলকে 'বাম্পার ক্রপ' বলিয়া অভিহিত করিয়াছিলেন। তাহা ছাড়া সরকার এই রাজ্যের উদ্বৃত্ত অঞ্চল হইতে সমবায় সমিতির মাধ্যমে এবং রাজ্যের চাউল কলগুলি হইতে লেভির দ্বারা ধান্য সংগ্রহ করিয়া ও কেন্দ্রীয় প্রতিশ্রুত চাউল ও গম লইয়া খাদ্য ভাণ্ডার সৃষ্টি করিয়াছেন। তাহা সত্ত্বেও এই রাজ্যে এক অস্বাভাবিক খাদ্যাবস্থা দেখা দিয়াছে।

বিধিবদ্ধ রেশনিং এলেকায় রেশনের পরিমাণ হ্রাস করায় এবং আংশিক রেশনিং এলেকায় খাদ্যদ্রব্য সরবরাহ অনিয়মিত ও অনিশ্চিত থাকায় সমগ্র রাজ্য চাউলের চোরাকারবারীদের স্বর্গ-রাজ্যে পরিণত হইয়াছে। কলিকাতায় চোরা বাজারে চাউলের কে জি দুই টাকা হইতে ২·৫০ টাকা বিক্রয় হইতেছে এবং কলিকাতা ও হাওড়ার আগে পাশে আংশিক রেশন এলেকায় চাউল এক প্রকার দুষ্প্রাপ্য হইয়াছে।। যাদবপুর, সোণারপুর, গাঁড়িয়া ধাপা, হাবড়া, কল্যাণগড়, অশোক নগর, বাগনান প্রভৃতি মফঃস্বল অঞ্চলে প্রকাশ্যে প্রতি কে জি ২-৪, দরে চাউল বিক্রয় হইতেছে। তাহাও সহজ প্রাপ্য নহে। পশ্চিম বঙ্গের সীমান্ত জেলাগুলির অবস্থা আরও শোচনীয়। নদীয়া, মুর্দিদাবাদ এবং উত্তরবঙ্গে বিভিন্ন জেলায় দুর্ভিক্ষাবস্থা দেখা দিয়েছে। ১৯৪৩ সালের দুর্ভিক্ষের এমন শোচনীয় খাদ্য সংকট আর কখনও পশ্চিমবঙ্গে দেখা দেয় নাই। ইহা সরকারের ভুল খাদ্য নীতি এবং প্রশাসনিক চরম ব্যর্থতার নিদর্শন ছাড়া আর কিছুই নহে। অথচ প্রধানমন্ত্রী শ্রীশাস্ত্রী পশ্চিমবঙ্গে খাদ্য সংকট নিরসনে পশ্চিমবঙ্গ সরকারের বলিষ্ঠ খাদ্য নীতির প্রশংসা করিয়া পশ্চিমবাংলায় মুখ্যমন্ত্রী ও রাজ্যসরকারকে অভিনন্দন জানাইয়াছেন এবং পশ্চিমবঙ্গ সরকার প্রয়োজন মনে করিলে আরও খাদ্য সরবরাহের প্রতিশ্রুতি দিয়াছেন, ইহাতে মনে হইতেছে যে পশ্চিমবঙ্গের প্রকৃত খাদ্যাবস্থা সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার মাননীয় প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় সরকারকে বিভ্রান্ত করিতেছেন। পশ্চিমবঙ্গ সরকার ভারতের সীমান্ত রাজ্য—ইহার উত্তর সীমানায় সম্প্রসারণবাদী চীন এবং পূর্ব সীমানায় জঙ্গীবাদী পাকিস্তান যুক্তভাবে ভারত আক্রমণের জন্য সর্বদা প্রস্তুত রহিয়াছে এবং পাকিস্তান প্রায়ই পশ্চিমবঙ্গের অভ্যন্তরে হামলা করিতেছে। এমতাবস্থায় খাদ্যাবস্থার দ্রুত উন্নতি, নিয়মিত সরবরাহ, সরকারী খাদ্য মূল্য বজায় রাখার দৃঢ় ব্যবস্থা প্রশাসনিক সততা ও দৃঢ়তা এবং কঠোর হস্তে চোরাকারবারী দমন না করিলে দেশের স্বাধীনতা রক্ষা জাতীয় ঐক্য এবং প্রতিরক্ষা ব্যবস্থা ভাঙ্গিয়া পড়ার পূর্ণ সম্ভাবনা রহিয়াছে। সেইহেতু এই জরুরী পরিস্থিতিতে সরকারের খাদ্য নীতির পরিবর্তন এবং সমগ্র রাজ্যে খাদ্য সংকট প্রতিকারের জন্য প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা অবলম্বন অত্যাবশ্যক।"

Mr. Speaker: I will read the notice of adjournment motion that has been placed by Dr. Narayan Chandra Roy—"This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, failure of the Government to hold price line and maintain adequate supply of such essential commodities as Dal, sugar, oil cakes, etc."

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received 11 calling attention notices on the following subjects:—

(1) Food situation in West Bengal—from Shri Birendra Narayan Ray.

(2) Distress sale of Aus paddy by the peasantry in Burdwan District—from Shri Aswini Roy.

(3) Declaration of lockout by the management of the Bengal Paper Mill, Raniganj—from Shri Aswini Roy and Shri Haridas Chakravarty.

(4) Non-availability of rice in Durgapur and Kulti areas—from Shri Aswini Roy.

(5) Police firing in New Barrackpore on 30th July, 1965—from Shri Sanat Kumar Raha.

(6) Increase in tram fares—from Shri Sanat Kumar Raha

(7) Fire in the gas-grid between Durgapur and Calcutta—from Shri Bejoy Pal.

(8) Discussions between the Chief Minister and the Prime Minister on food and Gold Bond Schemes—from Shri Aswini Roy.

(9) Lay-off of workers of Dunlop Rubber Co., Hooghly—from Shri Sambhu Charan Ghosh.

(10) Stoppage of work of Rajabagan Dockyard of R. S. N. Co. Ltd., West Bengal,—from Shri Nikhil Das, and

(11) Disruption of gas from Durgapur—from Shri Birendra Narayan Ray.

I have selected the notices of Shri Aswini Roy and Shri Haridas Chakravarty on the subject of declaration of lockout by the management of the Bengal Paper Mill, Raniganj, and of Shri Sambhu Charan Ghosh on the subject of lay-off of workers of Dunlop Rubber Co., Hooghly. Hon'ble Ministers-in-charge may please make statements or give a date for the same

Shri Bijoy Singh Nahar: I will make the statements on Friday.

[4—4-10 p.m.]

Laying of Ordinances

The Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1965

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to lay before the Assembly the Calcutta Municipal (Second Amendment) Ordinance, 1965 (West Bengal Ordinance No. III of 1965), under Article 213(12) (a) of the Constitution of India.

The West Bengal Shops and Establishmeents (Amendment) Ordinance 1965

Shri Bijoy Singh Nahar: Sir, I beg to lay before the Assembly the West Bengal Shops and Establishments (Amendment) Ordinance, 1965 (West Bengal Ordinance No. IV of 1965), under Article 213(2) (a) of the Constitution of India.

The Bengal Municipal (Amendment) Ordinance, 1965

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to lay before the Assembly the Bengal Municipal (Amendment) Ordinance, 1965 (West Bengal Ordinance No. V of 1965), under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Premises Tenancy (Amendment) Ordinance, 1965

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to lay before the Assembly the West Bengal Premises Tenancy (Amendment) Ordinance, 1965 (West Bengal Ordinance No. VI of 1965), under Article 213(2) (a) of the Constitution of India.

The Calcutta Municipal (Third Amendment) Ordinance, 1965

Shri S. M. Fazlur Rahman: *Sir, I beg to lay before the Assembly the* Calcutta Municipal (Third Amendment) Ordinance, 1965 (West Bengal Ordinance No. VII of 1965), under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Ordinance, 1965

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to lay before the Assembly the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Ordinance, 1965 (West Bengal Ordinance No. VIII of 1965), under Article 213(2) (a) of the Constitution of India.

The West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Ordinance, 1965

Shri Sowrindra Mohan Misra: Sir, I beg to lay before the Assembly the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Ordinance 1965 (West Bengal Ordinance No. IX of 1965), under Article 213(2) (a) of the Constitution of India.

Laying of Rules and Regulations

Amendments to the Bengal Motor Vehicles Rules, 1940

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to lay before the Assembly amendments to the Bengal Motor Vehicles Rules, 1940.

Amendments to the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to lay before the Assembly amendments to the West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulations, 1955.

Presentation of Reports

Third Report of the Committee on Privileges

Shri Ashutosh Mallick: Sir, I beg to present before the House the Third Report of the Committee of Privileges.

Sixth Report of the Committee on Estimates

Shri Baidyanath Banerjee: Sir, I beg to present before the House the Sixth Report of the Committee on the estimates of the Salt Lakes Reclamation and Development Project.

Report of the Joint Committee on the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1964

Shri Tenzing Wangdi: Sir, I beg to present the Report of the Joint Committee of the House on the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1964.

Report of the Select Committee on the Bengal Excise (Amendment) Bill, 1964

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to present the Report of the Select Committee on the Bengal Excise (Amendment) Bill, 1964.

Laying of Appropriation and Finance Accounts of the Government of West Bengal for 1963-64 and Audit Report, 1965

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to lay before the Assembly—

(a) the Appropriation Accounts of the Government of West Bengal for 1963-64;

(b) the Finance Accounts of the Government of West Bengal for 1963-64; and

(c) the Audit Report, 1965.

Annual Report of the West Bengal Khadi and Village Industries Board, 1962-63

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to lay before the Assembly the Annual Report of the West Bengal Khadi and Village Industries Board, 1962-63.

Government Bills

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1965.

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to introduce the Calcutta Municipal (Second Amendment) Bill, 1965, and to place a Statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill.)

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to make the following statement:

Section 66 of the Calcutta Municipal Act, 1951, as it originally stood, required the oath or affirmation of his allegiance to the Constitution of India to be made by a Councillor or an Alderman at the meeting of the Corporation. If for any reason beyond his control a Councillor or an Alderman was unable to attend such a meeting he could not make the oath or affirmation of his allegiance. To remove this difficulty amendment to section 66 was considered necessary so that the oath or affirmation could be made before the Mayor, the Deputy Mayor or the Commissioner without attending the meeting of the Corporation. The amendment was urgently necessary as otherwise some Councillors elected at the last General Election would not be able to comply with the main requirements of the section.

As the Houses of the Legislature were not in session, an amendment had to be made by promulgation of the Calcutta Municipal (Second Amendment) Bill, 1965, (West Bengal Ordinance III of 1965.)

Sir, I now beg to move that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1965, be taken into consideration.

এটা একটা ছোট এ্যামেন্ডমেন্ট ক্যালকাটা মিউনিসপ্যাল এ্যাক্ট এর ৬৬ ধারা অনুসারে বর্তমান আইনে আছে যদি ক্যালকাটা করপোরেশনের কোন কাউন্সিলার বা অল্ডারম্যান মিটিং অফ দি করপোরেসান ইলেকসানের পর ওথ না নিতে পারেন তাহলে সেকসান ৬৮ অনুসারে ৬ মাসের পরে তামাম বাতিল হয়ে যাবে এবং তিনি আর কাউন্সিলার বা অল্ডারম্যান থাকতে পারবেন না। এ অবস্থা থাকার দরুন যে অসুবিধার সৃষ্টি হচ্ছে সেটা দূর করার জন্যই এই এ্যামেন্ডমেন্ট

জানা হয়েছে। কতকগুলি অবস্থা যা আয়ত্তের বাইরে কোন ক্ষেত্রে বিপদজনক অবস্থায় পতিত হতে হয় ইচ্ছা থাকা সত্ত্বেও উপস্থিত থাকতে পারছেন না এবং ৬ মাসের মধ্যে যদি ওথ্ না নিয়ে থাকেন তাহলে ৬৮ ধারা অনুসারে তিনি কাউন্সিলার বা অলডারম্যান বাতিল হয়ে যাবেন। এ অসুবিধাজনক অবস্থা রিমুভ করার জন্য এই এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে। কাজেই মিটিং অব দি করপোরেশন যদি না থাকেন তাহলে ইচ্ছা করলে মেয়র ডেপুটি মেয়র বা কমিশনার-এর কাছে আনুন বা তাদের বাড়ীতে গিয়ে তিনি ওথ্ অফ অ্যালিজিয়েনজ্ নিতে পারবেন—এতে আর কোন অসুবিধার সৃষ্টি হবে না। সেই জন্যই এ বিল আনা হয়েছে; কাজেই এতে বিতর্কের কোন অবকাশ নেই এবং আশা করি মাননীয় সদস্যরা এটা বিনা বিতর্কে গ্রহণ করবেন।

Mr. Speaker: There are motions for circulation of the Bill. I will now request Shri Aswini Roy to move his motion.

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st December, 1965.

স্যার, তিনি যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন এটা আমি সমর্থন করি। এখানে কিন্তু একটা পরিষ্কার জিনিষ থাকা উচিত ছিল কারণ আপনি জানেন কলকাতা পৌরসভায় যারা নির্বাচিত হয়েছিলেন তাঁদের অনেকেই আটক আইনে জেলে আছেন। এখন এ অবস্থাতে তাঁরা যদি ওথ্ অব এফারমেশান না নিতে পারেন তিনি কাউন্সিলার থাকবেন না। এটা যদি স্পেসিফিক্যালি বহুদিন থাকতো তো ভাল হত। যা হোক ভবিষ্যতে যদি ওটা আনেন তাহলে কোন কমিসনার বহুদিন ধরে জেলে আটটক আছেন বাইরে আসতে পারছেন না তাদের পক্ষে সুবিধা হত। আপনি যে সংশোধনী এনেছেন সে সংশোধনী নীতি তেমন কিছু থাকছে না যে কমিশনার মেয়র বা ডেঃ মেয়র জেলখানায় গিয়ে তাঁদের কাছ থেকে ওথ্ অফ এফারমেসান নিয়ে আসবেন। এটা থাকলে ভাল হত। সেজন্য আমি এই সার্কুলেসান মোসান এনেছিলাম—বিরোধিতার জন্য অবশ্য নয়। মন্ত্রিমহাশয় যদি এটা চিন্তা করেন যে নির্বাচিত হবার পর গণতান্ত্রিক অধিকার রাখতে গেলে এ ধরনের সংশোধনী বা প্রভাইসো আইনের মধ্যে রাখা যায় কিনা?

[4-10—4-20 p.m.]

Shri Nikhil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

স্যার, আমার সার্কুলেসান মোসান বিরোধীতার উদ্দেশ্যে আনিনি। এই যে সংশোধনী এসেছে এটা আগে যা ছিল তার চেয়ে খারাপ নয়। ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট যা ছিল সেকসান ৬৬তে তার চেয়ে এই এ্যামেণ্ডমেণ্ট-এর মাধ্যমে কিছুটা উন্নতি করা হয়েছে কারণ আগে কম্পালসারি ছিল যদি কোন কাউন্সিলার নির্বাচিত হন তাহলে তাকে মিটিংএ এসে ওথ্ নিতে হবে, এখন এ্যামেণ্ড করে বলছেন মিটিংএ না নলে তিনি ওথ্ নিতে পারবেন মেয়র, ডেপুটী মেয়র বা কমিশনারের কাছে কিন্তু, প্রশ্ন হচ্ছে বিয়ণ্ড মাই কণ্ট্রোল যদি কোন মিটিং এ্যাটেণ্ড না করতে পারি জেলে থাকতে হয় অসুখে বাড়ীতে থাকতে হয় সেটা কমপালসরী করা হচ্ছে না তাহলে লেয়র, ডেপুটী মেয়র বা কমিশনারের কাছে গিয়ে ওথ্ নিতে পারে। কণ্ট্রোল মেয়র ডেপুটী-মেয়র, কমিশানার তাঁদের কাছে গিয়ে নেবেন একথা বলা হচ্ছে না। বলা হচ্ছে যে সে তাদের কাছে যাবে অর্থাৎ এটাকে কম্পালসারি করা হচ্ছে না যে তাঁরা তাদের কাছে গিয়ে আনবেন, তার ফলে একটি ডিসক্রিসান থেকে যাচ্ছে। তাঁরা যদি ইচ্ছা করেন তাঁরা গিয়ে ওথ্ নিতে পারেন কিন্তু তাদের গিয়ে নে ওথ্ আনতে হবে সেটা এই এ্যামেন্ডমেণ্ট-এ পরিষ্কার হচ্ছে না। এমন কোন লোক যেটা তার কণ্ট্রোল-এর মধ্যে নেই যদি এমন কোন কারণে মিটিং-এ আসতে না পারে এবং শপথ গ্রহণ না করতে পারে তাহলে সে শপথ গ্রহণ তার কাছে গিয়ে করতে হবে এটা [illegible] হলে ভাল হত। এটা যদি পরিষ্কার করে এ্যামেণ্ডমেণ্ট-এ আনা হত তাহলে এ্যামেণ্ডমেণ্ট-এর উদ্দেশ্য সাধিত হত। এই কথা বলে শেষ করছি।

Shri Apurba Lal Majumdar: Sir: I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1965.

যে ছোট এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে সে এ্যামেণ্ডমেণ্ট আমি সমর্থন করি এই জন্য যে, যে অসুবিধার সম্মুখীন কাউন্সিলাররা হচ্ছিলেন অসুস্থতা বা কোন বিশেষ কারণে মিটিং-এ না আসার জন্য তাঁরা যে ওথ্ নিতে পারছিলেন না সেটা রিমুভ ক'রে মেয়র, ডেপুটী মেয়র বা কমিশনারের সামনে ওথ্ নিলেই চলবে এই সংশোধনী করে খানিকটা অসুবিধা দূর করলেন এটা স্বীকার করছি কিন্তু এটা দূর করলেও আরো কিছু কিছু অসুবিধা থেকে যাচ্ছে সেটা হল ৬ মাসের মধ্যে তাকে ওথ্ নিতেই হবে। এই ৬ মাসের মধ্যে যদি কোন কারনে বিয়ল্ড হিজ্ কন্ট্রোল থাকে তাহলে মেয়র, ডেপুটী মেহর, কমিশনারের কাছে গিয়ে যদি হাজির না হতে পারে তাহলে কি ব্যবস্থা হবে, এবং সেখানে কন্ডোনের কোন ব্যবস্থা আছে কিনা? যদি সারকমস্টানসেস বিয়ণ্ড হিজ কণ্ট্রোল হয় তাহলে কণ্ডোনের কোন ব্যবস্থা নেই। যারা ক্যালকাটা কর্পোরেসন-এ নির্বাচিত হয়েছেন, তাদের মধ্যে কেউ কেউ ডি আই আর এ, আটক আছেন কিম্বা কেউ হয়তো ৬ মাস ধরে অসুস্থ থাকতেও পারেন। এই ৬ মাস ধরে মিটিং-এ এসে বা অন্য জায়গায় কমিশনার, মেয়র বা ডেপুটী মেয়রের কাছে ওথ্ নেওয়া সম্ভব হচ্ছে না সে সব ক্ষেত্রে কনডোন্ করে দেওয়া দরকার না হয় এমন একটি প্রভাইসো থাকা উচিত যাতে মেয়র ডেঃ মেয়র বা কমিশনার সেখানে গিয়ে ওথ্ নিয়ে আসেন। যদি সে মেয়রের কাছে দরখাস্ত করে যে আমি শারীরিক্ অসুস্থতার জন্য আসতে পাচ্ছি না তাহলে এই যে অসুবিধা এই অবস্থায় মেয়র, ডেপুটী মেয়র বা কমিশনার করতে বাধ্য কিনা যে কর্পোরেশনের বিল্ডিং ছাড়া তাঁর বাড়ীতে গিয়ে বা যেখানে আটক আছেন সেখানে গিয়ে ওথ্ নিতে বাধ্য কিনা সেটা সংশোধনীতে বলা নেই।

অবশ্য আমি স্বায়ত্ব শাসন মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ দিকে। যাঁরা জেলখানায় ৩০ ডি আই রুলস্-এ আটক আছেন, তাঁদের ক্ষেত্রে বিশেষ করে বলছি যে, তাঁদের পক্ষে ওথ্ নেওয়া সম্ভবপর নয়। কিন্তু গণতন্ত্র যদি আমরা খানিকটা মেনে নিন, প্রিনসিপলস্ অব ডেমোক্রেসিতে যদি আটক অবস্থায় তাঁরা নির্বাচিত হয়ে থাকেন, তাঁদের সেখানে ছেড়ে দিন না। ছেড়ে দিলে তাঁরা মিটিং-এ এসে ওথ্ নিতে পারেন। এই দাবী আমি জনসাধারনের তরফ থেকে করছি। জনসাধারণ তাঁদের ভোট দিয়ে নির্বাচন করবার পরে, নাগরিকরা তাদের কাউন্সিলার হিসাবে নির্বাচিত করবার পরেও, তাদের জেল থেকে মুক্তি দেওয়া হবে না বলে, সরকার সদম্ভে ঘোষণা করেছেন। আমি বিরোধী পক্ষের সদস্য হিসাবে, গণতন্ত্রের পূজারী হিসাবে এই দাবী উত্থাপণ করছি যে যাঁরা জনসাধারণের ভোটে নির্বাচিত হয়ে কাউন্সিলার হয়েছেন, তাঁদের সেখান থেকে ছেড়ে দিন, যাতে তাঁরা জনসাধারণের সেবায় বা কাউন্সিলার হিসাবে, তাঁরা দায়িত্ব নিয়ে কাজ করতে পারেন, সেই সুযোগ সরকারের দেওয়া উচিত। এই দাবা আমি রাখছি, এবং সঙ্গে সঙ্গে এই কথাও বলছি, আমাদের সংবিধানের মধ্য দিয়ে এমন ব্যবস্থাও মন্ত্রিমহাশয়ের করা উচিত ছিল, যার মাধ্যমে কমিশনার, মেয়র, ডেপুটী মেয়র, তাঁরা বন্দোবস্ত করবেন ওথ্ নেবার জন্য, বা কাউকে পার্টিকুলারলি গভর্নমেণ্ট সিলেক্ট করে দিতে পারেন, যে কেউ যদি ওথ্ নেবার জন্য না আসতে পারেন, কোন বিশেষ সারকমস্টেন্স-এর জন্য ছয় মাস, বা আট মাস, তাহলে তিনি যেন সেখানে গিয়ে তাঁর ওথ্ নেবার ব্যবস্থা করতে পারেন। এই ব্যবস্থা এর মধ্যে থাকা উচিত ছিল, তাহলে আমি বলতাম, যে ইমপ্রুভমেন্ট হয়েছে, তার চেয়ে আরও বেটার ইমপ্রুভমেন্ট হতো। এই অসুবিধাটী সম্পূর্ণভাবে দূর হওয়া উচিত। মানুষকে অনেক সময় নানা সারকমসটান্স্-এর জন্য, ওথ্ নেবার ইচ্ছা থাকলেও, তা নিতে পারেন না। সেই জন্য আমি দাবী করছি এটাকে আরও এক্সটেন্ড করে, যে অসুবিধা দূর করবার জন্য চেষ্টা করা হচ্ছে, সেটাকে আরও একটু পরিষ্কার করে আপনারা ব্যবস্থা করুন, এবং সঙ্গে সঙ্গে আমি দাবী জানাই যাঁরা কাউন্সিলার হিসাবে নির্বাচিত হয়েছেন, তাঁদের মুক্তি দিন, যাতে তাঁরা কাউন্সিলার হিসাবে ওথ্ নিয়ে কাজ করতে পারেন। গণতান্ত্রিক আদর্শের যে কথা, আপনারা বলেন, সেই আদর্শ অনুসারে তাঁদের কাজ করবার সুযোগ আপনারা দিন। এই কথা বলে, আমি আমার সারকুলেশন মোসান মুভ করছি।

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে আজকে যে এ্যামেন্ডমেন্ট এসেছে, সেটার পিছনে কংগ্রেস সরকারের একটা ষড়যন্ত্র রয়েছে, যদিও এই এ্যামেন্ডমেণ্টটা মন্দের ভাল বলে সমর্থন করতে বাধ্য হচ্ছি। কিন্তু ষড়যন্ত্র হল এই, যে সমস্ত জনপ্রতিনিধিরা নির্বাচিত হবেন, তাদের কংগ্রেস সরকার বিনা কারণে, বিনা বিচারে কারারুদ্ধ করে রাখবেন, তাদের কোন প্রকার সুবিধা দেবেন না, তাঁদের খুসী মত কারারুদ্ধ করে রাখবেন, তাঁদের দলীয় স্বার্থে। ধরুন কর্পোরেশনে এমন অবস্থা যদি হয়, যে সমস্ত প্রতিনিধিরা আটক আছেন, তাঁরা সেখানকার মেজর অংশ, তাঁদেরকে কর্পোরেশনের সভায় যোগ দিতে, আসতে দেওয়া হল না, তাদের কি হবে? তাহলে এই অবস্থা দাঁড়াবে যে, যখন মেয়র বা ডেপুটি মেয়রের ইলেক্সন হবে, তখন তাঁরা সেখানে অংশ গ্রহণ করতে পারবেন না। তাঁরা জেলখানায় বসে ওথ্ নিতে পারবেন, এই ব্যবস্থাটা করছেন। কিন্তু, তাঁরা কর্পোরেশনের কোন মিটিং-এ অংশ গ্রহণ করতে পারবেন না। তাহলে যে গণতান্ত্রিক অধিকার প্রত্যেক ভারতবাসীকে, ভারতীয় সংবিধানে দেওয়া হয়েছে, অর্থাৎ কর্পোরেশনের মিটিং-এ বা এ্যাসেম্বলীর মিটিং-এ গিয়ে তার এলাকার অবস্থা বর্ণনা করে, ভোট প্রয়োগ করার তার যে অধিকার সেই অধিকার থেকে কংগ্রেস সরকার তাঁদের বঞ্চিত করবার জন্য একটা ব্যবস্থা করেছেন। আমি তার নিন্দা করছি। আমি মনে করি যাঁরা জেলখানায় আটক থাকাকালীন অবস্থার মধ্যে, নির্বাচিত হবেন, তাঁদের অন্ততঃ কর্পোরেশনের মিটিং-এর সময়, হয় প্যারাল ছাড়বার ব্যবস্থা করুন আর না হয় প্রতিদিন জেলখানা থেকে নিয়ে আসার ব্যবস্থা করা হোক। আমরা মনে করি আইন সভার ক্ষেত্রেও, এই ব্যবস্থা গ্রহণ করা উচিত। আইন সভার অধিবেশনে সকল সদস্যদের যোগ দেওয়ার অধিকার আছে। তাদের যদি মুক্তি দেওয়া সম্ভব না হয়, তাহলে অন্ততঃ আইনসভার অধিবেশন চলাকালীন সময় তাদের প্যারোল জেল থেকে ছেড়ে দেওয়া উচিত। কারণ, আমাদের সংবিধানে বলছে, যে সমস্ত ইলেকটেড রিপ্রেজেণ্টেটিভ, যারা জনসাধারণের ভোটে নির্বাচিত হয়ে এসেছেন, তাঁরা জনসাধারণের কাছে দায়ী থাকবেন সুতরাং তাঁরা যখন জনসাধারণের কাছে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন, তখন তাঁরা যদি আইন সভায় আসতে না পারেন, বা কর্পোরেশনের সিটিং-এ যোগদান করতে আসতে না পারেন, তাহলে তাঁরা কিভাবে জনসাধারণের দায়িত্ব পালন করবেন? তাহলে গণতন্ত্রত একটা প্রহসনে পরিণত হয়ে যাবে। সেইজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই আবেদন করবো, এই এ্যামেন্ড-মেন্টটা মন্দের ভাল হিসাবে যখন গ্রহণ করছেনই, তখন এর সাথে আর একটু যোগ করুন, যে নির্বাচিত প্রতিনিধি, যাঁরা জেলে আটক আছেন, তাঁরা ভবিষ্যতে জেলখানা থেকে এসে যাতে মিটিং-এ যোগদান করতে পারেন। এ বিষয় বিশেষভাবে বিবেচনা করে, ব্যবস্থা অবলম্বন করার জন্যে আমি তাঁকে অনুরোধ করছি।

[4-20—4-30 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহোদয় এই এ্যামেন্ডমেন্ট-টি নিয়ে এসে যেভাবে ব্যাখ্যা করলেন তাতে এটা বোঝা গেল যে, এই এ্যামেন্ডমেণ্ট আনার উদ্দেশ্য হচ্ছে যে, এর আগে যেভাবে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টের যে কতগুলি লিমিটেসন ছিল সেই লিমিটেসন্স উনি ইকোয়েট করতে চাইলেন। অর্থাৎ একজন নির্বাচিত প্রতিনিধি যে-কোন কারণে অ্যাট এ মিটিং আগে ছিল, অ্যাট এ মিটিং না করে যে কোন লোকের কাছে—কমিশনার, মেয়র, ডেপুটি মেয়র তাঁদের যে কোন একজনের কাছে তিনি শপথ নিতে পারবেন এই বিলে একথা বলা হয়েছে। কিন্তু বিলটি আরও গ্রেসফুল হোত আমার মতে যদি তিনি গত ক্যালকাটা কর্পোরেশন ইলেকসন-এর আগে এই বিলটি নিয়ে আসতেন। কিন্তু সেটা না আনার কারণে সরকার-এর সেই ডিসগ্রেসফুল এ্যাক্ট-কে ধামাচাপা দেবার জন্য এখন একটা গ্রেসফুল জেসচার দেখান হচ্ছে। তাঁরা ক্যালকাটা কর্পোরেসনের ইলেকসনে দেখেছেন সংখ্যালঘু কংগ্রেস বিরোধীদলের কয়েকজনকে জেলে পুরে তাঁরা একটা ফিক্টিসাস্ মেজরিটি তৈরী করলেন এবং এর জন্য তাঁদের বাংলার জনমত তিরস্কার করল। যার ফলে ওঁরা সঙ্গে সঙ্গে একটা অর্ডিনান্স

নিয়ে এসে এটার দোষ মুক্ত করতে চেয়েছিলেন। আমার কথা হচ্ছে সেকসন সিক্সটি-টু এটাতে যে অবলিগেসন আছে সেটা যদি পালিত না হয় তাহলে তাঁর সিট ভয়েড হয়ে যাবে। এই প্রতিবন্ধক সরিয়ে দেওয়া হোল, ভাল কথা। কিন্তু এখন ধরুন, আর একটা সেকসন সিক্সটি-এইট বোধ হয়, সেখানে যদি কেউ কাণ্টীনউয়্যালি এ্যাবসেণ্ট থাকেন, ধরুন আমি এলিজিয়ান্স নিলাম, জেলাখানার মধ্যে যদি আমাকে কাণ্টীনউয়্যালি আটক রাখা হয় এক বছর, কি দু বছর তাহলে কি হবে? এটা আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি সেই সিট থাকবে কিনা, সে সম্বন্ধে তিনি কোন ক্লিয়ার কথা বলতে পারবেন কিনা? তিনি যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন তা ফুলফিল করল এবং করার পরে সেই ভদ্রলোককে, ধরুন যে কোন কাউন্সিলার বা অল্ডারম্যান তাঁকে ডি আই রুল-এ, ধরে রাখা হোল ততদিন যতদিন যে কয়টি মিটিং-এ পরপর যোগ না দিলে অটোমেটিক্যালি তাঁর সদস্যপদ ক্যানসেল্ড হয়। তাহলে একদিকে তাঁকে জেলের মধ্যে আটক রাখা হবে এবং তার জন্য তাঁর সিট থেকে তিনি বঞ্চিত হবেন। এটা যে খুব দৃষ্টিকটু হয় সে সম্বন্ধে মন্ত্রিমহাশয় কিছু ভেবেছেন কিনা জানতে চাই। তথাপি এটা দেরী হলেও আজকে উনি যেভাবে বললেন সেটা আমরা সমর্থন করি। এবং এটার সম্পর্কে আবারও বলছি যে তিনি এই জিনিষটা ভেবে দেখুন যাদের জেলে ধরে রাখা হবে তাদের কোন প্রটেকশান আছে কিনা দীর্ঘকাল যদি তাদের ধরে রাখা হয়।

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটি সারকুলেসন-এর জন্য যে মোসানটা এসেছে তার উপর মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন তার দুটো ভাগ করে আমি দেখছি। একটি হল যে বিলের উদ্দেশ্য যেটা পরিস্কার করে বলা হচ্ছে যে কোন কাউন্সিলার বা অল্ডারম্যান যদি ওথ্ বা এ্যাফারমেসন করতে না পারেন তাহলে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে তিনি সেই কাজটা সমাধান না করলে তার অল্ডারম্যানসিপ বা কাউন্সিলারসিপ চলে যাবে। এখন নির্বাচনের পরই তিনি প্রকৃত প্রস্তাবে কর্পোরেশন-এর একটা অংশীদার বা একটা বডির মধ্যে এলেন, ততক্ষণই আসবেন যখন তিনি ওথ্ অব এ্যালিজিয়েন্সটা নিতে পারবেন। সেটা থেকে মূলতঃ নির্বাচনের পর তিনি বঞ্চিত হলে তার সে অধিকার থাকছে না। সেই জন্য তার না থাকার কারণ হল যদি তিনি অসুস্থ হন বা অন্য কোন কারণে হউক তিনি যদি আসতে না পারেন তাহলে সেই বাধা অপসারণের জন্য এই বিলটা আনা হয়েছে। অর্থাৎ কর্পোরেশন-এর নির্বাচিত কাউন্সিলার বা অল্ডারম্যান তাকে এই অধিকার দেবার জন্য ওথ্ না নেওয়ার জন্য তার কাউন্সিলর সিপ চলে যায় বা অল্ডারম্যান সিপ চলে যায় এটা অব্যাহতি দেবার জন্য এটা করা হচ্ছে। যদিও স্পেসিফিক্যালি এখানে বলা নেই মেয়র বা ডেপুটি মেয়র বা কমিশনারের সম্মুখে বা তার কাছে গিয়ে ওথ্ নিতে হবে এনি প্লেস, এনিহোয়ার সেটা যেমন অবস্থায়, এই অন্তরায় থেকে অব্যাহতি দেবার, বাধাগুলি অপসারণের জন্য যদি করা হয়ে থাকে এই বিল তাহলে কোন ক্ষেত্রেই কারো মনে আসা এটা উচিত নয়। যদি কেউ হাসপাতালে থাকেন তাহলে তাকে কি করে নিয়ে আসা হবে সেখানে তিনি জানাবেন যে তিনি হাসপাতালে আছেন তাহলে তার কাছে মেয়র বা ডেপুটী মেয়র বা কমিশনার যাবেন। মিটিং-এ আসতেই হবে এটা বাধ্যতামূলক কিছু থাকছে না। এই অসুবিধা দূর করাই যদি বিলের মুখ্য উদ্দেশ্য হয়ে থাকে তাহলে তার বাড়ীতে গিয়েই হউক বা জেলখানায় গিয়ে হউক বা হাসপাতালে থাকুন সেখানেই যাবে তার কোন অন্তরায় নাই। এই জন্য বিলটী আনা হয়েছে।

দ্বিতীয়তঃ এই প্রসঙ্গে আরেকটী কথা হচ্ছে যে এটা এই আইনের মধ্যে কিছু করা যেতে পারে কিনা—মিউনিসিপ্যাল এ্যাক্ট হল স্বয়ং সম্পূর্ণ এ্যাক্ট এই বিধান অনুসারে কেমন করে কাজ কর্ম চলবে—আর দীর্ঘদিন কোন মাননীয় সদস্য বা অল্ডারম্যান যদি কোন জায়গায় আবদ্ধ হয়ে পড়েন বা অন্য কোন কারণে তার দণ্ড বিধান হয়েছে তাতে আসতে পারছে না তার উপরে এই না আসার যে অন্তরায় সৃষ্টির যে বৈধ কারণ আছে সেটার সাথে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট-এর সঙ্গে কোন প্রোভিসন থাকতে পারে না। মনে করুন ডি আই রুলস্-এ যদি কেউ ধরা পড়ে—

ডি আই রুলস্ থেকে ছাড় পেয়ে এখানে মিটিং-এ অ্যাটেন্ড করতে পারে কিনা ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট-এ—এই এ্যাক্ট-এ এমন কোন প্রোভিসন থাকতে পারে না যে তাকে আসতে দিতে পারে। কাজে কাজেই এর সংশোধন করতে ডি আই রুলে ধরা পড়লে যদি ঐ রকম কোন প্রতিষ্ঠানে যেখানে জনসাধারণের প্রতিনিধিত্ব করছে সেখান থেকে যাতে বঞ্চিত না হতে পারে তার বিধান হতে পারে। কাজে কাজেই এই সংক্রান্ত বিলে এই ব্যাপারের সাথে ওটা জড়িত হতে পারে না। কাজেই যে বিলটা আনা হয়েছে তাতে সন্দেহ প্রকাশ করবার কোন কারণ নেই। সেজন্য এনি প্লেস এনিহোয়ার মেয়র বা ডেপুটী মেয়র বা কমিশনারের সম্মুখে নিতে পারবেন। সেখানে যে কমিশনারের বাড়ীতে আসতে বা মেয়রের বা ডেপুটী মেয়রের বাড়ীতেই আসতে হবে বা তিনি যেতে পারবেন না তার কোন অন্তরায় নেই। কাজেই এই সার্কুলেসন মোসান-এর আমি বিরোধিতা করছি এবং আমার মোসানটি গ্রহণের জন্য অনুরোধ করছি।

[4-30—4-35 p.m.]

The motion that the Bill be circulated for eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri S. M. Fazlur Rahman that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to move that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1965, as sett'ed in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965.

Shri Bijoy Singh Nahar: Sir, I beg to introduce the West Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Bijoy Singh Nahar: Sir, I beg to place a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

The provision for closure of shops and establishments in the West Bengal Shops and Establishments Act, 1963 is designed to ensure enjoyment of weekly holidays by the persons employed in them. It is, however, very difficult to enforce compliance with this requirement if the shop-keepers are allowed to observe the days of closure according to their own will. In fact persistent and widespread complaints of non-observance were voiced by the persons employed. To guard against this, sub-section (4) of section 5 of the West Bengal Shops and Establishments Act, 1963 provided that the State Government may, if it thinks fit so to do in the public interest, by notification, specify any particular area and the day,

and the half day during which all or any class or classes of shops or establishments in such area shall be entirely closed under clause (a), sub-section (1) of section 5 of the Act. In exercise of this power a Notification, No. 313-IR, dated 25th January 1965, was issued by Government in the Labour Department specifying the days and the half days during which all except a few specified classes of shops in different wards of the Calcutta Corporation were to observe weekly closure. According to this notification, shops in different wards of the Calcutta Corporation were to observe weekly holidays of $1\frac{1}{2}$ days on different days of the week as specified by Government.

Since the issue of this notification representations were received from a very large number of shop-keepers about their difficulties in observing the weekly holidays specified in the notification on various grounds including the suffering of their trade. This matter was discussed with various interests including employers' organisations of the State and after a careful examination of the representations it was decided to amend the notification so as to specify Sunday as the day of full weekly closure for all shops, excluding some specified classes of shops like ration/fair price shops, barbers' and hair dressers' shops, etc., in all wards of Calcutta Municipal Corporation; and as regards the half holiday, it was decided to allow the shop-keepers to choose, according to their own convenience, either the afternoon of Saturday or the first half of Monday. The aforesaid decision represented the consensus of opinions of all interests concerned. This arrangement, however, could not be given effect to without amending sub-section (4) of section 5 of the West Bengal Shops and Establishments Act, 1963 inasmuch as it was incumbent on Government, while exercising powers under that sub-section, to specify both the day of full closure and the day of half closure, and it was not permissible to allow option to the shop-keepers or employers to choose the day of half closure themselves. With a view to removing this difficulty and to enabling the shop-keepers and employers to option for the day of half closure of their shops and establishments according to their own convenience, it was necessary to amend sub-section (4) of section 5 of the West Bengal Shops and Establishments Act, 1963.

As the Legislature was not in session and since the matter was very urgent, the amendment was effected by promulgating of an Ordinance by the Governor.

Mr. Speaker: Mr. Nahar, please move the consideration motion.

Shri Bijoy Singh Nahar: Sir, I beg to move that the West Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965, be taken into consideration.

Adjournment

The House was then adjourned at 4-35 p.m. till 1 p.m. on Wednesday, the 3rd November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 3rd November, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 188 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

1—1-10 p.m.]

Farakka Barrage Public Relations Committee

***30.** (Admitted question No. *34.) **Shri Sanat Kumar Raha:**

সেচ বিভাগের মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ফারাক্কা প্রকল্প পশ্চিমবঙ্গ সংযোগ রক্ষা সমিতির সদস্য কে কে এবং তাঁহাদের নাম কি ;

(খ) এই সমিতির কার্যক্রম কি ; এবং

(গ) গত এক বছরে এই সমিতির কয়বার সভা অনুষ্ঠিত হয়?

Shri Syamadas Bhattacharyya:

(ক) সদস্যগণের নাম নীচে উল্লেখ করা হলঃ—

১। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী	—	সভাপতি
২। সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী	—	সদস্য
৩। সেচ ও জলপথ বিভাগের সচিব	—	,,
৪। রাজস্ব পর্ষতের সদস্য বা ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের সচিব	—	,,
৫। মুখ্য সংযোগ অধিকর্তা (রেলওয়ে পর্ষৎ কর্তৃক মনোনীত)	—	,,
৬। মুভমেণ্টস স্পন্সরিং অথরিটি ও প্রধান সংযোগ অধিকর্তা, পশ্চিমবঙ্গ		
৭। সভাপতি, কলিকাতা পোর্ট কমিশনার্স		
৮। সভাপতি, পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষৎ	—	,,
৯। স্বাস্থ্য বিভাগের সচিব	—	,,
১০। শ্রম বিভাগের সচিব	—	,,
১১। মুখ্য বাস্তুকার ও যুগ্ম সচিব, কেন্দ্রীয় সেচ ও বিদ্যুৎ মন্ত্রক	—	,,
১২। শ্রীসতীশচন্দ্র সামন্ত, এম-পি	—	,,

১৩। শ্রীসৌরীন্দ্রমোহন মিশ্র, এম-এল-এ	—	,,
১৪। শ্রী কে. এ, মির্জা,, এম-এল-এ	—	,,
১৫। শ্রীমতী রেণুকা রায়, এম-পি	—	,,
১৬। শ্রী আর, পি, রায়, এম-পি	—	,,
১৭। শ্রীশান্তিগোপাল সেন, এম-এল-এ	—	,,
১৮। শ্রীঅজয়কুমার মুখার্জী, এম-এল-এ	—	,,
১৯। মুখ্য বাস্তুকার, ফারাক্কা বাঁধ প্রকল্প	—	,,

(খ) কেন্দ্রীয় সেচ ও বিদ্যুৎ মন্ত্রক এবং ফারাক্কা বাঁধ প্রকল্পের মুখ্য বাস্তুকার যে সকল স্থানীয় অসুবিধার বিষয় ও আঞ্চলিক বাধাবিপত্তির প্রতি সমিতির সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন তাহা দূর করাই সমিতির কাজ।

(গ) একবার।

Shri Sanat Kumar Raha:

এই ফারাক্কা প্রকল্প পশ্চিমবঙ্গের সংযোগ রক্ষা সমিতির সঙ্গে কেন্দ্রীয় সরকারের এই রকম কোন সমিতি আছে যার সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ করে কাজ করতে হয় এই সমিতিকে?

Shri Syamadas Bhattacharyya:

না।

Shri Sanat Kumar Raha:

সেণ্ট্রালের সঙ্গে এটার দায়িত্ব কি?

Shri Syamadas Bhattacharyya:

১৯৬২ সালে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া একটা রেজোলিউশন করে বলেছিলেন

The Government consider that the objectives could be best achieved by setting up a local Committee for ensuring active liaison amongst the departments concerned. The Committee will be known as the West Bengal Co-ordination Committee for the Farakka Barrage Project.

The functions of the Committee will be to eliminate or ease local bottlenecks and difficulties of a regional nature in all matters which are brought to the notice of the Chairman by the Ministry of Irrigation and Power and the Chief Engineer, Farakka Barrage.

Shri Sanat Kumar Raha:

আমাদের বাংলা দেশে এই সমিতি তৈরী হল কবে?

Shri Syamadas Bhattacharyya:

১৯৬২ সালে।

Shri Sanat Kumar Raha:

তিন বছরের মধ্যে মাত্র একবার বসেছে?

Shri Syamadas Bhattacharyya:

আপনার প্রশ্নে ছিল গত এক বছরে সমিতির কত সভা হয়।

Shri Sanat Kumar Raha:

তিন বছরের মধ্যে মাত্র একবার বসে?

Shri Syamadas Bhattacharyya:

তিনবার।

Shri Sanat Kumar Raha:

এই সমিতির পক্ষ থেকে কোন কন্‌ক্রিট প্রপোজাল গিয়েছিল কিনা যে ফারাক্কা যে ডিলেড হয়েছে, পাইলস্‌গুলি বসান যাচ্ছে না, এই সম্বন্ধে কোন পরামর্শ দিয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:

এই সমিতির কার্য সম্বন্ধে বললাম যে কোন বটল নেক হয়েছে, কিংবা গোলমাল হয়ে গেল, ধরুন ভূমি সংগ্রহ সম্পর্কে যদি কোন গোলমাল হয়, স্থানীয় শ্রমিক সংগ্রহ সম্পর্কে যদি কোন গোলমাল হয়, কোন অসুবিধা উপস্থিত হয় তাহলে সে সম্পর্কে সভাপতির দৃষ্টি আকর্ষণ করলে সভাপতি এই কমিটির মিটিং আহ্বান করে এই সম্পর্কে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেন।

Shri Sanat Kumar Raha:

এই যে সমিতি সেট আপ হয়েছিল এটা কি সেণ্ট্রাল গভর্ণমেণ্ট করেছিল পার্সোনালি, না ষ্টেট গভর্ণমেণ্ট করেছিল?

Shri Syamadas Bhattacharyya:

এটা সেণ্ট্রাল গভর্ণমেণ্ট করেছিল, রেজোলিউশনটা পড়ে দিলাম।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে কোন গুরুত্বপূর্ণ সমস্যা এলে সভাপতি মহাশয় সমিতিকে ডাকেন। আমি আপনাকে বলছি এই কিছুদিনের মধ্যে এরকম কি কোন গুরুত্বপূর্ণ সমস্যা আপনাদের সামনে আসেনি যার জন্য আপনারা এই সমিতিকে ডাকেননি? যেমন ধরুন ইতিমধ্যে ১॥ হাজার লোককে ছাঁটাই করা হয়েছে, প্রকল্প বন্ধ হয়ে যাবো যাবো এই রকম অবস্থা শোনা যাচ্ছে, এখনও কি আপনারা ডাকতে পারছেন না?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যকে আর একবার পড়ে শুনিয়ে দিই।

The functions of the Committee will be to eliminate or case local bottlenecks and difficulties of regional nature in all matters which are brought to the notice of the Chairman by the Ministry of Irrigation and Power and the Chief Engineer, Farakka Barrage Project.

Shri Sailendra Nath Adhikary:

তাহলে চিফ ইঞ্জিনিয়ার, ফারাক্কা ব্যারেজ প্রজেক্ট, এই বিষয়ে আপনাদের কি কিছু জানান নি?

Shri Syamadas Bhattacharyya:

আমার জানা নেই।

Shri Lutfal Haque:

আপনি বললেন যে স্থানীয় কোন অসুবিধা হলে এই কমিটি সেই বিষয় পরামর্শ দেবে এবং ডিফিকাল্টি দূরীভূত করবার ব্যবস্থা করবে। এই যে ফারাক্কা ব্যারাজ প্রজেক্ট ক্যানেল যেটা যাচ্ছে সেটা ফারাক্কা এবং সুতি কনস্টিটিউয়েন্সির মধ্যে দিয়ে যাচ্ছে, সেখানকার লোকাল রিপ্রেজেণ্টিভ কাউকে রাখা হয়েছে কি যাঁরা এই বিষয় ফ্রুটফুলি সাহায্য করতে পারে?

Shri Syamadas Bhattacharyya:

এই কমিটি গঠন করেছেন কেন্দ্রীয় সরকার এবং একটা রেজোলিউশন করে গঠন করেছেন। তাঁরা স্থির করে দিয়েছেন কে কে সদস্য হবেন।

Shri Sailendra Nath Adhikary:

এই যে কমিটি কেন্দ্রীয় সরকার গঠন করলেন তাঁরা কি আমাদের পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে কোন রকম পরামর্শ না করে নিজেরাই গঠন করে দিলেন এই কথাই কি আমরা মনে করবো?

Shri Syamadas Bhattacharyya:

আপনারা যা খুশী মনে করতে পারেন।

Rehabilitation of persons displaced by Haldia Port

***31.** (Admitted question No. *90.) **Shri Ananga Mohan Das:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া বন্দরের জন্য যে সকল লোকের ঘরবাড়ী নেওয়া হইয়াছে তাহাদের সংখ্যা কত ; এবং

(খ) নির্মিয়মাণ হলদিয়া সহরে উক্ত লোকদিগকে বাসস্থান বা ব্যবসায়ের জন্য উপযুক্ত স্থান প্রদানের কোন ব্যবস্থা হইতেছে কি?

Shri Syamadas Bhattacharyya:

(ক) ৫৯০।

(খ) হ্যাঁ।

Shri Ananga Mohan Das:

এই যে ৫৯০টি লোক এখন বাস্তুচ্যুত হয়েছে তারা বর্তমানে কোথায় বাস করছে বলতে পারেন?

Shri Syamadas Bhattacharyya:

তারা কোথায় বাস করছে বলতে পারবো না। তবে মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি বলতে পারি যে যাদের বাড়ী ঘর নেওয়া হয়েছে তাদের বাসস্থানের জন্য ওখানে একটা পরিকল্পনা করা হয়েছে। সেই পরিকল্পনাতে যত জন বাস্তুচ্যুত হবেন তাঁরা সকলে যাতে একটা সুন্দর পরিকল্পিত সহরের মধ্যে বাস করতে পারেন সেইভাবে জমি জায়গা নিয়ে আমরা সেখানে উন্নয়ন কার্য করছি এবং সেই জমি উন্নত করে ওখানকার লোকদের দিচ্ছি।

Shri Ananga Mohan Das:

আপনি বললেন যে উন্নয়ন করছেন। কিন্তু যে সমস্ত লোক বাস্তুচ্যুত হবে বা হয়েছে তাদের নূতন করে বাসস্থান করবার যে জায়গা উন্নয়ন করছেন সেই উন্নয়নের কাজ কত দিনের মধ্যে শেষ হবে বলে মনে করেন?

Shri Syamadas Bhattacharyya:

উন্নয়ন কার্য অনেকখানি শেষ হয়ে এসেছে। আমরা এপর্যন্ত পুনর্বাসনের জন্য দুর্গাচক রেফিউজি কলোনীতে ৯১৪টি প্লট ডেভালপ করেছি এবং যারা বাস্তুচ্যুত হয়েছে তাদের সেই প্লট নেবার জন্য আহ্বান করেছি, কিন্তু দুর্ভাগ্যক্রমে এপর্যন্ত আমরা মাত্র ২০০ পরিবারের কাছ থেকে এই আবেদন পেয়েছি।

Shri Ananga Mohan Das:

যে ২০০টি পরিবারের কাছ থেকে আপনি আবেদন পেয়েছেন তাদের পুনর্বাসনের জন্য জায়গা এ্যালট করা হয়েছে কি?

Shri Syamadas Bhattacharyya:

না।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি হলদিয়ায় যাদের বাস্তুচ্যুত করা হয়েছে বাড়ী নিয়ে তাদের সেই জমি এবং ঘরবাড়ীর মূল্য সব মিটিয়ে দেওয়া হয়েছে কি না?

Shri Syamadas Bhattacharyya:

হ্যাঁ, নিশ্চয়ই।

[1-10—1-20 p.m.]

Remission of land revenue

***32.** (Admitted question No. *178.) **Shri Sudhir Chandra Das:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ৫ একর পর্যন্ত জমির মালিকের খাজনা মকুব করিবার প্রস্তাব আছে;

(খ) সত্য হইলে তাহা কত দিনের মধ্যে কার্যকরী করা হইবে;

(গ) ইহা কি সত্য যে জমির খাজনা আদায়ের দায়িত্ব পঞ্চায়েতের হাতে দিবার প্রস্তাব আছে; এবং

(ঘ) সত্য হইলে, তাহা কি নাগাদ কার্যকরী হইবে?

Shri Syamadas Bhattacharyya:

ক) না, (খ) প্রশ্ন উঠে না, (গ) হ্যাঁ, (ঘ) এখানে লেখা আছে প্রস্তাবের উপর এখনও সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। কিন্তু ক্যাবিনেটে ইতিমধ্যেই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

Shri Sudhir Chandra Das:

এ সম্পর্কে কি সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:

এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল যে জমির খাজনা আদায়ের সম্পূর্ণভাবে জেলা পরিষদের উপর ন্যস্ত করা হবে।

Shri Sailendra Nath Adhikary:

এই সিদ্ধান্ত কি গ্রহণ করা হয়েছে যে ৫ একর পর্যন্ত জমির খাজনা মকুব করা হবে না?

Shri Syamadas Bhattacharyya:

প্রশ্ন উঠে না।

Shri Deb Saran Ghosh:

আপনাদের খাজনা বাড়াবার কোন প্রস্তাব আছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এর থেকে এ প্রশ্ন উঠে না।

Shri Sunil Das Gupta:

যে তহশীলদাররা খাজনা আদায় করে তারা কি জেলা পঞ্চায়েতের অধীনে রাজস্ব আদায় করবে? তাদের চাকুরীর অবস্থা কি হবে?

Shri Syamadas Bhattacharyya:

খুঁটিনাটি বিবরণ এখনও তৈরী হয় নি। মোটামুটি নির্ধারিত হয়েছে খাজনা আদায় করবার সম্পূর্ণ ভার জেলা পরিষদ গ্রহণ করবেন এবং আমাদের সংশ্লিষ্ট কর্মচারীরা তহশীলদারগণ সহ জেলা পরিষদের কর্তৃত্বে স্থাপন করা হবে।

Shri Nani Bhattacharjee:

আমি জিজ্ঞাসা করছি যে এর আগে ৫ একর বা সাধারণভাবে খাজনা বৃদ্ধির প্রস্তাব এই সরকার স্থগিত রেখেছিলেন কি?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য জানেন যে গতবারে ভূমি সংস্কার সংশোধক বিধায়ক আলোচনার সময় এ সম্পর্কে একটা ধারা সন্নিবিষ্ট ছিল আমাদের প্রস্তাবের মধ্যে সেই ধারাটা এখনও গ্রহণ করি নি।

Shri Nani Bhattacharjee:

কবে থেকে আপনারা ঠিক করলেন যে ৫ একর পর্যন্ত জমির মালিকদের খাজনা মকুব করার কোন প্রস্তাব নেই?

Shri Syamadas Bhattacharyya:

এ প্রশ্ন তো কোন দিনই ছিল না।

Shri Sanat Kumar Raha:

যে তহশীলদারদের নিয়ে আসা হচ্ছে নূতনভাবে জেলা পরিষদের অধীনে তাদের পূর্বে চাকুরীর অবস্থা ছিল ২৭ টাকা এবং কমিশন এই পরিষদে আসার ফলে তার কোন পরিবর্তন হবে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এটা এখন বলা যাবে না।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে ৫ একর জমির খাজনা মকুব করা হবে এই রকম মন্ত্রী-সভার প্রতিনিধি স্থানীয় যারা ব্যক্তি তাঁরা এখানে অনেকবার এটাকে বিবেচনা করা হচ্ছে এই রকম কথা বলেছিলেন কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এই রকম কথা বলেছিলেন কিনা আমার জানা নেই।

Shri Shamsuddin Ahammad:

মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই যে রাজস্ব আদায়ের ভার জেলা পরিষদের হাতে দেওয়া হচ্ছে তাতে সেটা তাদের কাছে জমা দেবেন না রাজ্য সরকারের কাছে জমা দেবেন?

Shri Syamadas Bhattacharyya:

সম্পূর্ণভাবে খবর করবার দায়িত্ব বা অধিকার তারা পাবেন—তাদের কালেকসনের যেমন দায়িত্ব তেমন খরচ করারও অধিকার তাঁরা পাবেন।

Shri Shamsuddin Ahammad:

যে টাকা জেলা পরিষদ আদায় করবেন, জেলা পরিষদ যে ৪টি পর্যায়ক্রমে গঠন করা হয়েছে সেই চারটি পর্যায়ে টাকা কি ভাবে বণ্টন করা হবে?

Shri Syamadas Bhattacharyya:

এটা খুঁটিনাটি এখনও ঠিক হয় নি।

Shri Sailendra Nath Adhikary:

আমি আবার জিজ্ঞাসা করছি যে ৫ একর পর্যন্ত জমির খাজনা মকুব করবেন না এটা ঠিক করেছেন—কিন্তু কত একর পর্যন্ত মকুব করবেন সেটা জিজ্ঞাসা করতে পারি কি?

Shri Syamadas Bhattacharyya:

। সম্পর্কে কোন প্রশ্ন উঠে না। কারণ ৫ একর পর্যন্ত জমির খাজনা মকুব করা যাবে না—। প্রশ্নও উঠে না আর কোন সীমা পর্যন্ত জমির খাজনা মকুব করা হবে এ প্রশ্নও উঠে না।

Shri Sailendra Nath Adhikary:

াপাতত আপনি কি একথা বিবেচনা করেন না যে চাষীর হাতে যে সমস্ত আন ইকনমিক রেণ্টের মি আছে সেই সমস্ত জমির যদি খাজনা মকুব করা না হয় তাহলে খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির রিকল্পনা ব্যাহত হবে—এই আশঙ্কা কি পশ্চিমবঙ্গ সরকার করেন না?

Shri Syamadas Bhattacharyya:

আমি আপনার সাথে একমত নই। কারণ খাজনা যে পরিমাণ আদায় হয় সেটা উৎপন্ন শস্যের সামান্য মাত্র। উৎপন্ন শস্যের দাম অত্যন্ত বৃদ্ধি প্রাপ্ত হয়েছে তার ফলে যদি আমরা শতকরা হার দেখি তাহলে আগেকার তুলনায় খাজনার যে পরিমাণ তা অতি নগণ্য মাত্র এবং খাজনা মাপ করে দিলে যদি ফসল হোত তাহলে আমরা এখুনিই সমস্ত খাজনা মকুব করে দিতে পারি।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রীমহাশয়ের একথা স্মরণ আছে কিনা যে ল্যাণ্ড রিফর্ম সিলেক্ট কমিটিতে আপনার উপস্থিতিতে স্বাস্থ্য মন্ত্রী শ্রীমতী পূরবী মুখার্জি বলেছিলেন যে খাজনা আমরা একেবারে তুলে দেবার প্রস্তাব গ্রহণ করবো সরকার থেকে.....?

Shri Syamadas Bhattacharyya:

আপনার তো স্মরণ আছে দেখতে পাচ্ছি।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রীমহাশয় জানাবেন কি যে সামগ্রিকভাবে জমির খাজনা বৃদ্ধি করবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এ প্রশ্ন উঠে না।

Collection of Water-rate in D.V.C. area

***33.** (Admitted question No. *394.) **Shri Aswini Roy:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে ডি-ভি-সি এলাকায় সেচ ট্যাক্স আদায়ের দায়িত্ব তহশীলদারদের (রেভিনিউ কালেক্টর) উপর অর্পণ করা হইয়াছে;

(খ) সত্য হইলে মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি উক্ত দায়িত্ব কোন্ তারিখ হইতে অর্পিত হইয়াছে;

(গ) উক্ত ট্যাক্স আদায়ের জন্য আদায়কারীদের জন্য পারিশ্রমিক হার; এবং

(ঘ) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে ডি-ভি-সি এলাকায় (প্রতি বৎসর ধার্য ট্যাক্সের পরিমাণ ও আদায়কৃত ট্যাক্সের পরিমাণ কত?

Shri Syamadas Bhattacharyya:

হ্যাঁ, আংশিকভাবে।

কোন কোন অঞ্চলে ১৯৬৩ সালের ডিসেম্বর মাস হইতে এবং কোন কোন অঞ্চলে ১৯৬৪ সালের জানুয়ারী মাস হইতে ভূমিরাজস্ব আদায়কারী তহশীলদারদের উপর জলকর আদায়ের দায়িত্ব অর্পিত হইয়াছে।

সেচকর আদায়কারীদের মধ্যে সরকার কর্তৃক নির্ধারিত স্কেলে বেতনভোগী তহশীলদার ও মোহরার আছেন। তাহাদের বেতন হার ১০০—৩—১৩৬—৪—১৪০। এ ছাড়া প্রচলিত ভাতাদিও তাহারা পাইয়া থাকেন। আর যে সব অঞ্চলে ভূমি রাজস্ব আদায়কারী তহশীলদারদের, সেচকর আদায়ের কাজে নিযুক্ত করা হইয়াছে, তাহারা মোট অদায়ীকৃত ভূমি রাজস্ব ও সেচকরের উপর নিম্নলিখিত হারে কমিশন পাইয়া থাকেন:—

(১) প্রথম অনূর্ধ ৩,০০০ টাকা পর্যন্ত শতকরা টাকা ২·৫০ পঃ হারে

(২) তৎপরবর্তী অনূর্ধ ২,০০০ টাকা পর্যন্ত শতকরা ৩·০০ পঃ হারে

(৩) তৎপরবর্তী অনূর্ধ ৩,০০০ টাকা পর্যন্ত শতকরা ৪·০০ পঃ হারে

(৪) তৎপরবর্তী অনূর্ধ ২,০০০ বা তদূর্ধে টাকা পর্যন্ত শতকরা ৪·৫০ পঃ হারে

উক্ত কমিশন ব্যতীত মাসিক ২৭ টাকা হারে ভাতাও দেওয়া হয়।

উক্ত বৎসরগুলিতে ধার্য ট্যাক্সের পরিমাণ ও আদায়ীকৃত ট্যাক্সের পরিমাণ নিম্নে দেখান হইল:

বৎসর	ধার্য ট্যাক্সের পরিমাণ	আদায়ীকৃত ট্যাক্সের পরিমাণ
১৯৬২-৬৩	৫৪,৪৮,৩২১	২৫,৫৭,১৬০
১৯৬৩-৫৪	৮২,৭৫,৫৮৬	২৭,৫৬,১২১
১৯৬৪-৬৫	১,২১,৯৯,০৭৩	৪৭,৪৬,২৬৯

Shri Aswini Roy :

আপনি 'ক' প্রশ্নের উত্তরে বললেন যে আংশিক ভাবে তহশীলদারদের দায়িত্ব দেওয়া আছে তাহলে আপনার কাছে আছে কিনা যে কোন কোন এলাকায় তহশীলদারদের ভার দেওয়া হয়েছে এবং কতজনকে ভার দেওয়া হয়েছে ?

Shri Syamadas Bhattacharyya :

অমরা ডি-ভি-সি এলাকায় ক্যানাল কর আদায় করবার জন্য তহশীলদারদের হাতে ক্ষমতা দিয়েছি এবং পরীক্ষা করে দেখছি যে এতে আদায়ের অবস্থা কি হয়।

Shri Aswini Roy :

তহশীলদার এবং মোহরার—এদের মধ্যে পে-স্কেলের কোন তারতম্য আছে কি ?

Shri Syamadas Bhattacharyya :

স্কেল অব পে এক নয়। আমি তহশীলদারদের কথা বলেছি।

Shri Abani Kumar Basu :

মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাচ্ছি যে তহশীলদারদের ভার না দিয়ে ক্যানেল রেভিনিউ ডিভিসন সেচ বিভাগের যে সমস্ত দখলীকৃত জমির খাজনা আদায় করেন তাদের উপর ভার ন্যস্ত করা হয় নি কেন ?

[1-20—1-30 p.m.]

Shri Syamadas Bhattacharyya :

আমাদের যে ক্যানেল সেটা আদায় করবার ভার ইরিগেশন বিভাগের তহশীলদারদের উপর, তহশীলদারদের বেতনের হার বেশী আমাদের ঐ সমস্ত বিভাগের তহশীলদারদের চেয়ে। তারা কমিশন হিসাবে উপযুক্ত পান না বলে মনে করি। আর বাড়ানর উদ্দেশ্য হিসাবে এসব ক্যানেল কর এবং ভূমি রাজস্ব কর আদায় করার ভার দিয়েছেন তাঁদের উপর, এর ফল কি ভাল হয়েছে ?

Shri Abani Kumar Basu :
তহশীলদারদের সাধারণভাবে টাকা আদায় করবার ভার দেওয়া হয়ে থাকে। এই যে অতিরিক্ত ভার চাপান হচ্ছে যাতে করে অধিক সংগতি বৃদ্ধি পায় সেটা দেখা হচ্ছে ?

(No reply)

Shri Nani Bhattacharjee :

১৯৬১-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫-তে কি পরিমাণ ট্যাক্স ধার্য করা হয়েছে এবং গত ৩ বৎসর লক্ষ্য করেছি যে স্টেটমেন্ট থেকে যে শতকরা ৫০ ভাগ এর নীচে আদায় হয়েছে কারণ আমি বলছি যে ক্যানেল রেভিনিউ ডিপার্টমেন্টের উপর ভার দেওয়া হয়েছিল সেটা বদলে রাজস্ব বিভাগের তহশীলদারদের ট্যাক্স আদায়ের ভার দেওয়া হয়েছে। এটা দেওয়া হয়েছে যাতে ট্যাক্স ভালভাবে আদায় হতে পারে কিন্তু আমরা দেখছি এর ফলে ট্যাক্স ভাল আদায় হচ্ছে না বরং দেখা যাচ্ছে ট্যাক্স ৫০ ভাগেরও কম আদায় হয়েছে এটা হবার কারণ কি ? এটা ট্যাক্স ধার্য হওয়ায় দোষ আছে না আদায় করার ব্যাপারে দোষ আছে ?

Shri Syamadas Bhattacharyya :

ধার্য করার দোষ নেই তবে ধার্য করতে বিলম্ব হয়েছিল আমাদের আইনের যে পদ্ধতি রয়েছে তাতে ধার্য করার কতকগুলি জটীল পদ্ধতি আছে। আমি আশাকরি সমস্ত ইরিগেশন আইন-গুলি, জলকর আইনগুলি একত্র করে যাতে সহজ হতে পারে সে সম্পর্কে একটা প্রস্তাব আনবো। তাছাড়া ট্যাক্স আদায় করতে দেরী হওয়ার জন্য এটা আদায় করতে গেলে রেসিসট্যান্স পাওয়া যায় এটা একটা কারণ, তবে আদায়ের হার ক্রমেই বাড়ছে।

Shri Sanat Kumar Raha :

সেচের জল না দেবার ফলে যে ট্যাক্স ছিল তার কি পরিমাণ অংশ আদায় হয় নি ?

Shri Syamadas Bhattacharyya :

কি অংশ বলতে পারবো না, তবে সেচের জল পাওয়া যায় না বা না পাবার ফলে শস্যহানী হয়েছে যেখানে সেখানে রেহাই দেবার ব্যবস্থা হয়েছে।

Shri Aswini Roy :

১৯৬৩-৬৪ সালে তহশীলদার বা রেভিনিউ ক্যালেক্টর-রা যে টাকা আদায় করেছিল তার কমি-শনের পরিমাণ কত এবং ঐ টাকা কবে দেওয়া হবে ?

Shri Syamadas Bhattacharyya :

নোটিশ দিলে বলতে পারবো।

Farakka Project

***34.** (Admitted question No. *408.) **Shri Tarun Kumar Sen Gupta :**

সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে চলতি বৎসরে, কোনো কারণে ফারাক্কা প্রকল্পের কাজ বন্ধ রাখা হইয়াছিল :

(খ) সত্য হইলে, কারণটি কি ; এবং

(গ) উক্ত প্রকল্পের কাজ চালু আছে কি না ও কবে নাগাদ সম্পূর্ণ হইবে ?

Shri Syamadas Bhattacharyya :

(ক), (খ) ও (গ) ফারাক্কা বাঁধ প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে রূপায়িত হইতেছে। সুতরাং রাজ্য সরকারের পক্ষে এ বিষয়ে কিছু বলা সম্ভব নয়।

Shri Sanat Kumar Raha :

মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই এই সম্পর্কে তার কারণ হলো তিনি অত্যন্ত নিকটে থাকেন ঐ ফারাক্কা ব্যারেজের, তাই আমার বক্তব্য হচ্ছে যে তিনি নিশ্চয়ই জানেন এবং তার যে ইনফরমেশন সেটা যদি আমাদের জানান। আমাদের একটা অধিকার আছে এর অবস্থা কি জানবার আজকে ফারাক্কা প্রকল্পের বর্তমান অবস্থা কি?

Shri Syamadas Bhattacharyya :

ফারাক্কা প্রকল্পের কাজ বন্ধ হয় নি, আমাদের ইউনিয়ন ইরিগেশন মিনিস্টার ডাঃ রাও তাঁর সঙ্গে আমি আলোচনা করে দেখলাম যে কাজ বন্ধ হয়নি ফারাক্কার কাজ ঠিক ভাবেই চালু হয়েছে। ফারাক্কার কাজ বর্ষার সময় বন্ধ হয় তখন নদীর মধ্যে পিলারের কাজ বন্ধ হয় তখন অন্যান্য কাজ হচ্ছিল। এখন পূর্ণোদ্যমে কাজ চলেছে যে যে হ্যামার ছিল—রাশিয়ান হ্যামার তার কাজ টেকনিক্যাল ডিফিকাল্টি-র জন্য বন্ধ ছিল, এখন কাজ পূর্ণোদ্যমেই চলেছে। ডাঃ রাও বারবার বলেছেন যে ১৯৭০-৭১ সালের মধ্যে কাজ সম্পূর্ণ হতে পারে।

Shri Sailendra Nath Adhikary :

মাননীয় মন্ত্রিমহাশয় আশ্বাস দিলেন যে কাজ বন্ধ হয়নি। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই কাজ বন্ধ হয়নি কিন্তু তার গতি কমিয়ে দেওয়া হয়েছে কিনা এবং তার ফলে কয়েক হাজার পারমানেন্ট এবং সেমি পারমানেন্ট স্টাফকে ইতিমধ্যেই ছাঁটাই করে দেওয়া হয়েছে কিনা, এবং তা যদি হয়ে থাকে তা হলে সেটা কাজ কমিয়ে দেওয়ার লক্ষণ কিনা?

Shri Syamadas Bhattacharyya :

একটা ভুল মাননীয় সদস্য করছেন যারা ফারাক্কা ব্যারেজ প্রোজেক্টের নির্দিষ্ট কর্মচারী আছে এবং তাছাড়া ন্যাশনাল প্রোজেক্ট কনস্ট্রাকশন কর্পোরেশন এদেরও অনেক কর্মচারী আছে ঐ সমস্ত প্রোজেক্টের ঐ ধরনের প্রতিষ্ঠানে বহু লোকই ঐ রকম কাজ করছে। প্রোজেক্ট অথরিটীর তাদের উপর কোনই হাত নেই সুতরাং মাননীয় সদস্য যে কথা বলছেন সেই ফারাক্কা প্রোজেক্টের কর্মচারী ছাঁটাই হয়েছে বলে জানা নেই যারা এইভাবে এন-পি-সি-সি-তে অস্থায়ী ভাবে নিযুক্ত হয়েছিলেন তাদের কোন দিনের জন্যই যে ছাঁটাই হয়েছে তা জানা নেই।

Shri Sailendra Nath Adhikary :

আপনার কথামত আর একটা কথা বলছি যে ফারাক্কা প্রোজেক্টে আর কিছু লোক ছাঁটাই হয়েছে কিনা এবং যে সমস্ত লোক ছাঁটাই হয়েছে তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা অবলম্বন করবেন?

Shri Syamadas Bhattacharyya :

আমার যতদূর জানা আছে যে ওখানের ঐ ধরনের সমস্ত কিছুই এন-পি-সি-সি-র কন্ট্রোলে বা অধিকারে। এবং এছাড়া আরও অনেক কনট্রাকটার আছেন যাদের অধীনে এ ধরনের বহু লোক কাজ করে কিন্তু তাদের উপর আমাদের কোনই কর্তৃত্ব নেই, শ্রম বিভাগ এ সম্বন্ধে কিছু করতে পারেন কিনা দেখুন। তবে সাধারণভাবে একথা বলতে পারি যে ব্যাপকভাবে ছাঁটাই হওয়ার যে কথা বলছেন এরূপ তথ্য আমার জানা নেই। তবে প্রকৃত সংখ্যা কত তাও জানা নেই।

Shri Kashi Kanta Maitra :

অন এ পয়েন্ট অফ ক্লারিফিকেশন আমি জানতে চাই তিনি যে বিবৃতি রেখেছেন সেটা ফারাক্কা ব্যারেজের মেম্বার এই হিসাবে করলেন না একজন মিনিস্টার হিসাবে করলেন কারণ তিনি প্রথম শুরু করলেন যে ফারাক্কা ব্যারেজ কেন্দ্রীয় সরকারের তত্বাবধানে যা কিছু করছেন কেন্দ্রীয় সরকারই করেছেন সুতরাং আমাদের কিছুই করবার নেই। তা হলে এটা ত বললেই হয় তা কারণ হচ্ছে আমার মতন একজন লে ম্যান তিনি হয়ত একথা বলতে পারেন কিন্তু একজন মন্ত্রী হয়ে তিনি কি করে এই কথা বলেন কারণ তা হলে এর কোন গুরুত্ব থাকে না। কেন্দ্রীয় সরকারের একটা স্কীম আমাদের স্টেট-এ হচ্ছে তা হলে সেন্ট্রাল-এর সমস্ত দায়িত্ব আমাদের কোন দায়িত্ব নেই। এই সমস্ত ইনফরমেশন ক্রেডিবেল ইনফরমেশন যা দিচ্ছেন তার বেসিস কি ব প্রসীড কি ভাবে করছেন ইত্যাদির সমস্ত জিনিষটার ক্লারিফিকেশন আমি করতে চাইছি?

Shri Syamadas Bhattacharyya :

আমি একজন লে-ম্যান মিনিস্টার হিসাবে বলছি।

Shri Sailendra Nath Adhikary :

মাননীয় স্পীকার, স্যার, এই যে লে-ম্যান মিনিস্টার এটার অর্থ আমি জানতে চাইছি?

Shri Syamadas Bhattacharyya :

আমি এর উত্তর আগেই দিয়েছি।

Shri Kashi Kanta Maitra :

মাননীয় মন্ত্রিমহাশয় ক্লারিফিকেশন-এ বললেন যে এটা হল একটা সেন্ট্রাল গভর্নমেন্ট-এর প্রোজেক্ট ইম্‌প্লিমেন্ট করা হয় স্টেট-এ এটার কোন দায়িত্ব নেই এবং সেটাই কি বুঝবো কারণ আমি যেটা ক্লারিফিকেশন চেয়েছিলাম সেটার জবাব আমি পাইনি অর্থাৎ যদি সেন্ট্রাল গভর্নমেন্ট-এর প্রোজেক্ট স্টেট-এ ইম্‌প্লিমেন্ট করার ব্যাপারে স্টেট-এর কোন রেসপন্সিবিলিটি নেই এটাই ত বুঝবো মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে এটারই ক্লারিফিকেশন চাই?

Shri Syamadas Bhattacharyya :

আমি এর জবাবে আগেই বলেছিলাম যে আমাদের এ সংবাদ জানা নেই এবং আরও বলছি যে আমাদের অথরিটি নেই এ সম্পর্কে কিছু বলবার এটা আমি স্বীকার করছি। আমি যা জানি অ্যাজ এ মেম্বার অফ দি ফারাক্কা ব্যারেজ কন্ট্রোল বোর্ড খোঁজ খবর করেই বলছি। এছাড়া আমাকে আর প্রশ্ন করলে আমার পক্ষে উত্তর দেওয়া কঠিন। তবে একথা বলতে পারি যে আমার এ সম্পর্কে বলবার কোন অধিকার নেই সমস্ত খরচই কেন্দ্রীয় সরকার বহন করছেন এবং সমস্ত কর্তৃত্ব কেন্দ্রীয় সরকারের হাতে। সুতরাং আমি যা বলেছি তা অ্যাজ অ্যান এক্সপার্ট হিসাবে বলিনি। আমি একজন কমোনার বা অ্যাজ এ লে-ম্যান হিসাবে বলছি এটা ধরে নিতে পারেন।

Shri Birendra Narayan Ray:

আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এটা জিজ্ঞাসা করছি তিনি ঐ প্রোজেক্টের একজন মেম্বার হিসাবে যে নির্দিষ্ট সময়ে এটা শেষ হবে কিনা?

Shri Syamadas Bhattacharyya :

আমি একজন সংযোগ রক্ষাকারী সদস্য হলেও আমার এ সম্পর্কে কিছু বলবার নেই।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন ফারাক্কা ব্যারেজের জন্য রাশিয়ান হ্যমার এসেছে। তাহলে আমি জিজ্ঞাসা করি গ্রো মোর ফুড-এর জন্য রাশিয়ান সিকিল আসছে কিনা?

(No reply)

[1-30—1-40 p.m.]

Construction of sea-dykes in the Sundarban areas

***35.** (Admitted question No. *512.) **Shri Kashi Kanta Maitra:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন অঞ্চলে আবাদযোগ্য কৃষি জমিগুলিকে লোনা জলের প্লাবন থেকে স্থায়ীভাবে রক্ষার জন্য ১৯৬২ থেকে এ পর্যন্ত বাঁধ নির্মাণের জন্য মোট কত টাকা ব্যয় করেছেন রাজ্য সরকার ;

(খ) এই অঞ্চলে মোট কতগুলি বাঁধ আছে এবং এই বাঁধ রক্ষা করা ও সংস্কারের জন্য কি ব্যবস্থা আছে ; এবং

(গ) ১৯৬২ সাল থেকে এ পর্যন্ত কতগুলি বাঁধের ভাঙ্গন ধরে এবং মোট কি পরিমাণ জমির ক্ষতি হয়?

Shri Syamadas Bhattacharyya:

(ক) বাঁধ মেরামতী, পুনর্গঠন, বাঁধান ইত্যাদি কার্যের জন্য ১৯৬২-৬৩ সাল হইতে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত মোট ২২৯·৫৩ লক্ষ টাকা ব্যয় হইয়াছে। ১৯৬৫-৬৬ সালের জন্য এই খাতে ৮০ লক্ষ টাকা বরাদ্দ আছে।

(খ) এই অঞ্চলে প্রায় ২২০০ মাইল মাটির বাঁধ আছে।

এই বাঁধ রক্ষা এবং প্রয়োজনবোধে সংস্কার করিবার দায়িত্ব তিনটি ইঞ্জিনীয়ারিং ডিভিশানের উপর ন্যস্ত আছে।

(গ) ১৯৬২ সাল হইতে ১৯৬৫ সালের এই পর্যন্ত মোট ৪৯টি স্থানে বাঁধে ভাঙ্গন ধরে এবং ইহার ফলে মোট ২৯,৩০০ বিঘা পরিমাণ জমি সাময়িকভাবে প্লাবিত হয়।

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করছি মাননীয় মন্ত্রীমহাশয়কে যে বিপুল অর্থের ইঙ্গিত তিনি করলেন, তা থেকে, সুন্দরবন অঞ্চলের গুরুত্বের কথা বিবেচনা করে, সুন্দরবনের উন্নয়নের জন্য বা কৃষি উন্নয়নের জন্য সুন্দরবন ডেভালাপমেণ্ট বোর্ড বা কর্পোরেশন,—এই রকম একটা কর্পোরেশন গঠন করবার কথা চিন্তা করছেন কিনা?

Shri Syamadas Bhattacharyya:

এ সম্বন্ধে এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। সমস্ত দিক চিন্তা করে এখনও পর্যন্ত কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

Shri Kashi Kanta Maitra:

বাঁধগুলি যা তৈরী করা হয়েছিল, তাতো ৪৯ বার ভেঙ্গে গিয়েছে, বললেন এবং ২৯ হাজার বিঘা জমি নষ্ট হয়েছে। এই ব্যাপকতা দেখে, আমি আপনাকে জিজ্ঞাসা করছি এই যে বাঁধগুলি

ভেঙ্গেছে, এর কারণ কি, ডিফেক্টিভ কনস্ট্রাকসন অফ এমব্যাঙ্কমেণ্ট, এর জন্য অথবা অ টাকার মধ্যে বড়, বড় বাঁধ বাঁধবার জন্য হচ্ছে না, ঐ অঞ্চলটাই হচ্ছে এখনি, যে, যে কোন ব তৈরী করুন না কেন, পলিন ওয়াটার ইনকারসন-এর হাত থেকে, একে রক্ষা করবার উপ নেই?

Shri Syamadas Bhattacharyya:

যে কোন ধরণের বাঁধ কনক্রিট দিয়ে তৈরী করা যেতে পারে, অথবা ব্যারেজ এক্সপার্ট-রা যে ভা ইঙ্গিত করেন, সেই ভাবে করলে, হয়ত এ্যাবসোলেট ইমিউনিটি হতে পারে বা ভাঙ্গনের হ থেকে রক্ষা পাওয়া যেতে পারে। কিন্তু আমরা ওখানে বাঁধগুলি করি ওখানকার নোনা জলে পলি মাটি তুলে, এবং তা দিয়ে যতদূর সম্ভব মজবুত করা হয়। সেই বাঁধ যতদূর সম্ভ স্থানীয় লোক ও ইঞ্জিনীয়ার দিয়ে রক্ষা করবার জন্য চেষ্টা করা হয়। তা সত্বেও, সেখানে এ জোরে বন্যা হয়, যে তাতে ঐ বাঁধ ভেঙ্গে যাবার সম্ভাবনা থাকে। প্রায় ২২০০ মাইল লম্ব বাঁধ, কোথাও (২) ভেঙ্গে যাওয়া সম্ভব। সত্যিই দুঃখের কথা, বর্তমান অবস্থায় সেট পুরাপুরি রক্ষা করা যাচ্ছে না। মাননীয় সদস্য বোধহয় জানেন, অনেক সময় কাঁকড়াতে মাটি কেটে গর্ত করে দেয়, যা উপর থেকে দেখা যায় না। সেই গর্তের ভিতর দিয়ে জল প্রবেশ করে হয়ত হানা সৃষ্টি হতে পারে। আবার অনেক জায়গায় ইঁদুরেও মাটি কেটে দেয়। যাইহোব এই ২২০০ মাইল লম্বা বাঁধ রক্ষা করবার জন্য নানা রকম ভাবে আমরা চেষ্টা করছি। যদিও আমরা সম্পূর্ণভাবে তা রক্ষা করতে সমর্থ হইনি দুঃখের কথা, তবুও, যাতে ভালভাবে, সুষ্ঠু ভাবে ঐ বাঁধ রক্ষা করা সম্ভব হতে পারে, তারজন্য চেষ্টা করছি।

Shri Nani Bhattacharjee:

আপনি বাঁধ ভাঙ্গবার কয়েকটি কারণের কথা বলেছেন। এটাও কি একটা কারণ, যে যারা মৎস্য চারী, ইনটারেস্টেড যে সমস্ত ভেড়ীওয়ালা, তারা অনেক স্থলে বাঁধ ভেঙ্গে বা কেটে দেয় তাতে প্রচুর পরিমাণে ক্ষতি হয়?

Shri Syamadas Bhattacharyya:

এ রকম খবর বা অভিযোগ কোন কোন জায়গা থেকে পাওয়া গিয়েছে।

Work of Revisional Settlement

*36. (Admitted question No. *627.) **Shri Abani Kumar Basu:** Wi the Minister-in-charge of the Land and Land Revenue Department be please to state—

(a) if the work of Revisional Settlement in West Bengal has bee completed;

(b) if so, the date of completion of the work;

(c) if the printed copies of the records of Revisional Settlemer (Parcha) are available to the owners of land;

(d) if not, the reason for the same; and

(e) the approximate time by which the said copies are expected t be available?

Shri Syamadas Bhattacharyya: (a) The work of Revisional Settleme up to the stage of final publication has been completed in all areas of We Bengal except Howrah town, Asansol municipality and the coded areas Purulia and Islampore.

(b) The work in different areas was completed on different dates and hence the question of giving a particular date does not arise.

(c) No.

(d) The question of printing record-of-rights was considered at one stage. It was found that the work would be so heavy that it would take several years to print the record-of-rights by which time the records themselves would lose much of their value because of change due to transfer, inheritance, subdivision, amalgamation, etc. The cost was also found to be excessive.

(e) Does not arise.

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে কোন্ সময়ে তাঁরা এই রেকর্ড অফ রাইটস প্রিণ্টেড এ্যান্ড পাবলিকেশান করার কথা ভেবেছিলেন?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যের স্মরণ থাকতে পারে যে এখানে এই সম্পর্কে এর আগে একাধিকবার প্রশ্ন উত্থাপিত হয়েছে এবং তার উত্তরও দেওয়া হয়েছে। আজ থেকে ৫।৬ বছর আগে থেকে বিষয়টা দপ্তরে আলোচিত হয় এবং মাননীয় সদস্যগণ ও এই এ্যাসেম্বলী-তে সে সম্পর্কে আলোচনা করেন এবং সেই সময় আমি বলেছিলাম যে বিভিন্ন জায়গাতে আমরা ছাপানোর ব্যবস্থা করতে চেয়েছিলাম। যখন গভর্ণমেণ্ট প্রেসে ছাপানোর কথা চিন্তা করা গেল না, তখন আমরা বাইরে বে-সরকারী ভাবে ছাপানোর কথা চিন্তা করলাম এবং বিভিন্ন জায়গায় সে সম্পর্কে খোঁজখবর নিয়ে দেখলাম যে তখন বড় বড় প্রেস বললো এ ছাপাতে অনেকদিন লাগবে। কেউ বললো দশ বছর, কেউ বললো পনের বছর। আর খরচের অঙ্ক দেখা গেল পনের কোটী টাকা লাগবে। কাজেই এই সমস্ত বিষয় বিবেচনা করে ঠিক করা হয় যে প্রিণ্টেড কপি হবে না।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রীর কাছে কি এই তথ্য আছে যে ১৯৩৫ সালে যখন সারা বাংলাদেশে এই প্রিণ্টেড রেকর্ড অফ রাইটস পাবলিকেশান হয় রিভিশনাল সেটেলমেণ্ট-এর, তখন কত সময় লেগেছিল এবং কত টাকা ব্যয় হয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:

আগে যখন সেটেলমেণ্ট হতো তখন একটা কি দুটো জেলা নিয়ে হতো। কিন্তু একসঙ্গে যারা পশ্চিমবঙ্গ জুড়ে একদিকক্রমে কোথাও এই রেকর্ড রাইটস তৈরী হয় নাই?

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন যে প্রিণ্টেড রেকর্ড অফ রাইটস না থাকার ফলে জমির মালিকদের রিভিশনাল সেটেলমেণ্টের রেকর্ড পাওয়াতে অসুবিধা হচ্ছে, পাওয়া যাচ্ছে না, এখন কি নকলও পাওয়া যাচ্ছে না?

Shri Syamadas Bhattacharyya:

আমাদের নকল দেওয়ার ব্যবস্থা আছে এবং অল্পমূল্যে যাতে সার্টিফায়েড কপি পাওয়া যায় তারও ব্যবস্থা আছে। যখন একটা থানায় একটা ক্যাম্প বা দুটো থানায় একটা ক্যাম্প হতো,

তখন যত রকম দরখাস্ত পেয়েছি, সেই দরখাস্ত অনুযায়ী আমরা সার্টিফায়েড কপি দিয়েছি। তার মূল্যও বেশী নয়। আগে যে প্রিন্টেড কপি হতো, সেই প্রিন্টেড কপির খরচ প্রজাদের উপর বসান হতো। আর এখন যে দাম দিতে হয়, তা মোটেই বেশী নয়।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আর একটা জিনিস জানতে চাচ্ছি রেকর্ড অফ রাইটস তৈরী করবার জন্য যেসব অসুবিধার কথা বললেন, বুঝলাম, কিন্তু ঐ রিভিশনাল সেটেলমেণ্ট-এ যে সমস্ত পরিবর্তন হয়েছে, সেই সমস্ত পরিবর্তন সম্বলিত যে ম্যাপ, সেই ম্যাপ প্রিন্টেড করা হয়েছে কিনা জানাবেন?

Shri Syamadas Bhattacharyya:

অনেকগুলি জায়গায় প্রিন্টেড করা হয়েছে, আবার অনেক জায়গায় প্রিন্টেড হয় নাই।

Shri Abani Kumar Basu:

যে জায়গায় ম্যাপ পাবলিশ করা হয় নাই, প্রিন্টেড হয় নাই সেই জায়গার জন্য কী ব্যবস্থা করা হচ্ছে?

Shri Syamadas Bhattacharyya:

সেই সব জায়গার ম্যাপ যাতে সত্বর প্রিন্টেড হতে পারে তার ব্যবস্থা করা হচ্ছে।
I have not yet completed printing.

Land ceiling

***37.** (Admitted question No. *183.) **Shri Sudhir Chandra Das:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্তমান জমির সিলিং যাহা নির্ধারিত আছে তাহা কমাইবার প্রস্তাব আছে; এবং

(খ) প্রস্তাব থাকিলে, তাহা কি নাগাদ কার্যকরী হইবে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Sudhir Chandra Das:

ল্যান্ড কমিশনের কোন অধিবেশন হয়েছে বা তাদের পরামর্শ দিয়েছেন সেই সম্পর্কে তাদের কোন অধিবেশন হয়েছে কিনা? এখান থেকে ল্যান্ড কমিশন গঠন করবার সুপারিশ করবেন বলে চিন্তা করা হয়েছিল, সে সম্বন্ধে কোন কমিটি গঠিত হয়েছে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

আপনি যদি প্রশ্নটা বুঝিয়ে বলেন তো ভাল হয়।

Shri Nani Bhattacharjee:

আপনি জানেন একটা উচ্চ পর্যায়ের কমিশন গঠন হয়েছিল। তার কয়টা মিটিং হয়েছিল সেই সম্পর্কে প্রশ্ন। এখানে প্রশ্ন হচ্ছে জমির প্রশ্ন, ইহা কি সত্য যে বর্তমানে জমির সিলিং যাহা নির্ধারিত আছে, তা কমাবার কোন প্রস্তাব হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:

পরবর্তী প্রশ্নে উত্তর দেব।

Shri Nani Bhattacharjee:

এখানে সুধীরবাবুর প্রশ্নে জিজ্ঞাসা করা হয়েছে যে ল্যান্ড সিলিং যেটা নির্ধারিত আছে সেই সিলিং কমানোর প্রস্তাব আছে কিনা এটা বিবেচনার জন্য কোন হাই পাওয়ার কমিটি থাকতে পারে। কাজেই সেই উচ্চ পর্যায়ের কমিটিতে সেরকম প্রস্তাব আছে কিনা যে বর্তমানে ল্যান্ডের সিলিং কমানো উচিত?

Shri Syamadas Bhattacharyya:

পরবর্তী প্রশ্নের জবাবে বলবো।

Durgapur Express Road Scheme

[1-40—1-50 p.m.]

***38.** (Admitted question No. *280.) **Shri Ananga Mohan Das:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর এক্সপ্রেস রোড প্রকল্প কবে মঞ্জুর হইয়াছে এবং উহার মোট এষ্টিমেট কত; এবং

(খ) উক্ত প্রকল্পের কাজ কবে আরম্ভ হইয়াছে এবং কবে শেষ হইবে?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) ১৯৬০ সালে ২৮শে মার্চ। আপাততঃ ইহা বালী হইতে পালাসিট পর্যন্ত নির্মিত হইবে, উহার আনুমানিক ব্যয়ের পরিমাণ ১০ কোটি টাকা।

(খ) ১৯৬২ সালের জানুয়ারী মাস। বর্তমান আপতকালীন অবস্থায় কতটা অর্থ বরাদ্দ করা সম্ভব তাহার উপর ইহা শেষ করা নির্ভর করে।

Shri Ananga Mohan Das:

এ পর্যন্ত কতটা অংশ ধরা হয়েছে এবং কত টাকা খরচ হয়েছে?

Shri Khagendra Nath Das Gupta:

শতকরা ২০ ভাগ হয়েছে; ২ কোটি টাকা খরচ হয়েছে।

Shri Ananga Mohan Das:

বর্তমানে এই রাস্তাটার জন্য কত টাকা পাওয়া যাবে বলে মনে করেন?

Shri Khagendra Nath Das Gupta:
আমি পূর্বেই বলেছি সবই অনিশ্চয়তার মধ্যে আছে।

Land Reforms Committees

***39.** (Admitted question No. *313.) **Shri Sanat Kumar Raha:**
ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ভূমি সংস্কার বিষয়ে রাজ্য পর্যায়ে উচ্চতর কমিটি গঠিত হইয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত কমিটির অদ্যাবধি কতবার সভা ডাকা হয় ; এবং

(গ) কি কি পরামর্শ উক্ত কমিটি রাজ্য সরকারকে দিয়াছেন?

Shri Syamadas Bhattacharyya:

(ক) হ্যাঁ।

(খ) এক বার।

(গ) কোন পরামর্শ দেন নাই। কমিটির উদ্দেশ্য ও কার্য্যাবলী সম্পর্কে সাধারণভাবে আলোচনা হয়।

Shri Sanat Kumar Raha:
একবার বসা হয়েছে, কত বৎসরের মধ্যে?

Shri Syamadas Bhattacharyya:
কমিটি গঠিত হবার পরে ৪ঠা মে, ১৯৬৫ সালে প্রথম অধিবেশন বসে।

Shri Sanat Kumar Raha:
কমিটির বৈঠকে সাধারণভাবে যা আলোচনা হয়েছিল তার রিপোর্ট বিধানসভার সদস্যদের দেওয়া হবে?

Shri Syamadas Bhattacharyya:
না।

Shri Sanat Kumar Raha:
এই কমিটি বর্তমানে সারা ভারতবর্ষে খাদ্যোৎপাদন বৃদ্ধির জন্য কৃষির উপর যে জোর দেওয়া হয়েছে সেই বিষয়ে আলোচনা করবেন কিনা?

Shri Syamadas Bhattacharyya:
এই কমিটি ন্যাশানাল ডেভেলপমেন্ট কাউন্সিল-এর ল্যান্ড রিফর্ম ইমপ্লিমেন্টেসান সম্পর্কিত সুপারিশ অনুসারে গঠন করা হয়। কমিটির উদ্দেশ্য হচ্ছে, রাজ্যের মধ্যে ল্যান্ড রিফর্ম মেজারস্ কতখানি প্রয়োগ করা হয়েছে, কোথায় তার ত্রুটি আছে তা দেখা এবং তদ্বিষয়ে কমিটি যে সুপারিশ করতে চান সেই সুপারিশ করা—এই হচ্ছে কমিটির উদ্দেশ্য। কমিটি যে মাসে বসেন —আবার শীঘ্রই বসবেন—বসার পর তাঁরা একটা বিস্তারিত বিবরণ চান, তা আমরা পাঠিয়েছি

জুলাই মাসে। আমাদের প্রেরিত বিবরণ বিবেচনা করে তাঁরা তাঁদের সুপারিশ দেবেন আমাদের কাছে আশা করছি।

Shri Sanat Kumar Raha:

কমিটি কোনদিকে অগ্রসর হচ্ছেন বা আসল লক্ষ্যের দিকে তাঁরা অগ্রসর হচ্ছেন কিনা, তার কোন ইংগিতই তো আমরা পাচ্ছি না।

Shri Syamadas Bhattacharyya:

আমরা যখন সাধারণভাবে আলোচনা করি তখন কতগুলি বিষয় সদস্যদের সামনে উপস্থিত করেছিলাম, যেমন জমির উচ্চসীমা নির্ধারণ সম্পর্কে কমিটির অভিমত, প্রকৃত চাষী কে, ভূমির স্বত্ব অর্পণ করা সম্পর্কে যে বন্দোবস্ত হয় মেয়াদ কতদিন হবে, বন্দোবস্ত দেবার সময় কতখানি জমি বর্তমানে বন্দোবস্ত দেওয়া যেতে পারে—এই বিষয়গুলি কমিটির সামনে রাখা হয়েছে। তাঁরা তাঁদের অভিমত পরবর্তী অধিবেশনে দিতে পারেন আশা করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি বাংলাদেশে একজন মালিক ৭৫ একর পর্যন্ত জমির সিলিং রাখতে পারে, সেই মালিকেরই যদি অন্য রাজ্যে জমি থাকে তাহলে তার সিলিং কমবে কিনা এবং এই বিষয়ে হাই-পাওয়ার কমিটি কোন আলোচনা করেছেন কিনা

Shri Syamadas Bhattacharyya:

কমিটি তাঁদের সামনে যে সমস্ত বিষয় রাখা হয়েছে সেইগুলিই সাধারণভাবে আলোচনা করেন —অর্থাৎ যেগুলি আমরা বলেছিলাম। মাননীয় সদস্য যে প্রশ্ন করেছেন সেই সম্পর্কে কমিটিতে আলোচনা হয়নি।

Shri Birendra Narayan Ray:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন কমিটির রিপোর্ট বিধানসভার সদস্যদের কাছে পেশ করা হবে না, জনপ্রতিনিধিদের কাছে এটা গোপন করার কারণ কি?

Shri Syamadas Bhattacharyya:

কোন কারণ নাই। তবে আপাততঃ কোন কথা—প্রতিশ্রুতি দিতে পারছি না কমিটির রিপোর্ট সদস্যদের কাছে পেশ করা হবে বলে।

Shri Birendra Narayan Ray:

এর কারণ কি এই যে, ওতে আপনাদের অনেক গলদ বেরিয়ে পড়বে?

(No reply)

Shri Nani Bhattacharjee:

এই কমিটির পক্ষ থেকে জমির সিলিং কমান সম্পর্কে কোন সুপারিশ বা প্রস্তাব করা হয়েছে কি?

Shri Syamadas Bhattacharyya:

কমিটি এ পর্যন্ত কোন সুপারিশ বা প্রস্তাব করেননি।

Shri Sailendra Nath Adhikary:

এই কমিটির সুপারিশ পশ্চিমবঙ্গ সরকার ইন টোটো গ্রহণ করবেন, না তার উপর তাঁরা নিজেদের মত চাপাবেন—অর্থাৎ তাঁদের সুপারিশ ম্যান্ডেটারি না আনুষ্ঠানিক?

Shri Syamadas Bhattacharyya:

এটা অবশ্যই সুপারিশের উপর নির্ভর করে।

Shri Sailendra Nath Adhikary:

এই কমিটিই তো যথেষ্ট নয়, কমিটির সুপারিশগুলি কিভাবে সরকারের কাছে ট্রিটেড হবে তার উপর অনেক কিছু নির্ভর করছে।

Shri Syamadas Bhattacharyya: The recommendations of the Committee will be treated with utmost respect.

Housing scheme for small-income and middle-income group people

***40.** (Admitted question No. *283.) **Shri Ananga Mohan Das:**

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসরে ১৯৬৫-৬৬ এই রাজ্যে স্বল্পবিত্ত ও মধ্যবিত্ত ব্যক্তিগণের বাসস্থানের জন্য সরকারী ব্যয়ে ভাড়ার জন্য কতগুলি গৃহ নির্মিত হইবে; এবং

(খ) ঐগুলি কোন্ কোন্ সহরে অনুষ্ঠিত হইবে এবং উহাদের ভাড়ার হার কত হইবে?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) এই বৎসর স্বল্পবিত্ত ব্যক্তিগণের জন্য ১,২৫৪টি ও মধ্যবিত্ত ব্যক্তিগণের জন্য ২০০টি গৃহ ভাড়ার জন্য নির্মিত হইবে।

খ (১) মধ্যবিত্ত ব্যক্তিগণের জন্য

কলিকাতায় তিনটি জায়গায় ২০০ বাড়ীর মধ্যে দুইটি জায়গায় ১১২টি বাড়ী নির্মিত হইয়াছে এবং নির্মাণ ব্যয় অনুযায়ী উক্ত ফ্ল্যাটের প্রতি গড়ে ২০০ টাকা মাসিক ভাড়া ধার্য্য হইয়াছে।

খ (২) স্বল্পবিত্ত ব্যক্তিগণের জন্য

কলিকাতায় (দুইটি জায়গায়)	...	৫৭৬ টি
দমদম	...	১৬ "
বালটিকুরী (হাওড়া)	...	১৫২ "
সোদপুর	...	৩৫২ "
দুর্গাপুর	...	১০২ "

নির্মাণ ব্যয় অনুযায়ী দুর্গাপুরে নির্মিত প্রতিটি প্রমাণ দুই কামরা ফ্ল্যাটের জন্য ১০৯ টাকা, সাধারণ দুই কামরা ফ্ল্যাটের জন্য ৮৫ টাকা এবং নিরক্ষিত দুই কামরা ফ্ল্যাটের জন্য ৬৫ টাকা ভাড়া ধার্য্য হইয়াছে। অন্যান্য জায়গায় বাড়ীগুলি নির্মাণ কার্য্য শেষ হইলে তাহাদের নির্মাণ ব্যয় অনুযায়ী ভাড়া ধার্য্য করা হইবে।

[1-50—2 p.m.]

Shri Ananga Mohan Das:

ইতিপূর্বে ১৯৬৪-৬৫ সালে কেন্দ্রীয় গভর্নমেন্ট এই প্রকল্পের জন্য যে টাকা মঞ্জুর করেছিলেন সেই টাকা কি সমস্ত খরচ করতে পেরেছিলেন?

Shri Khagendra Nath Das Gupta:

এ প্রশ্নটা এর মধ্যে আসে না, ১৯৬৪-৬৫ সালের হিসাব এর মধ্যে নেই।

Shri Ananga Mohan Das:

আপনি যে ঘরগুলি নির্মাণের কথা বলছেন এই ঘরগুলি সমস্ত কি এ বছরের মধ্যে তৈরী হবে?

Shri Khagendra Nath Das Gupta:

হ্যাঁ, আশা করি।

Shri Aswini Roy:

এই যে দুর্গাপুরে ১০২টি ঘরের কথা বললেন এটা কোন কলোনীতে হবে? এটা কি বিভিন্ন কলোনীতে হবে, না একটা নির্দিষ্ট কলোনীতে হবে?

Shri Khagendra Nath Das Gupta:

দুর্গাপুরেই হবে কিন্তু দুর্গাপুরে কোন কলোনী তা বুঝতে পারলাম না।

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be kind enough to state whether these houses are really given to this class of people, viz, people of the small income group and middle income group?

Shri Khagendra Nath Das Gupta: Yes.

Shri A. H. Besterwitch: Is it a fact that these houses are built in the name of the small income and middle income group people, but are given to the higher income group people?

Shri Khagendra Nath Das Gupta: No.

Shri A. H. Besterwitch: Actually the small income and middle income group people are not getting the houses at all. They are roaming about in the streets and the Minister says that the houses are meant for these people.

Shri Khagendra Nath Das Gupta: It is not a fact.

Shri Sanat Kumar Raha:

আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে স্বল্পবিত্ত এবং মধ্যবিত্ত এই ক্যাটিগোরি কিভাবে ঠিক করা হয়?

Shri Khagendra Nath Das Cupta:

যাদের বাৎসরিক আয় ৬ হাজারের মধ্যে তারা স্বল্পবিত্ত, আর যাদের আয় বাৎসরিক ৬ হাজার টাকার উপরে ১৫ হাজার টাকা পর্যন্ত তারা মধ্যবিত্ত।

Shri Sanat Kumar Raha:

এই যে বাড়ীগুলি দেওয়া হচ্ছে ৬৫ টাকা এবং ১০৯ টাকা—ফ্ল্যাট দু-রকমের আছে, এখানে আমরা স্বল্পবিত্ত এবং মধ্যবিত্ত এদের আমরা কিভাবে ঠিক করে দেবো যে এ ৬৫ টাকার ফ্ল্যাট পাবে এবং এ ১০৯ টাকার পাবে?

Shri Khagendra Nath Das Cupta:

যার আয় যেমন সেইভাবে তাকে দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha:

আয়ের হিসাবে দেওয়া হয়, না শেয়ার হিসাবে দেওয়া হয়?

Shri Khagendra Nath Das Cupta:

আয় এবং ভাড়া দেবার ক্ষমতা হিসাবে দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha:

যার মাইনে হাজার টাকা তিনি যদি ৬৭ টাকার ঘর চান তাকে কি তাই দেওয়া হয়?

Shri Khagendra Nath Das Cupta:

না, তা দেওয়া হয়না।

Shri Radhakrishna Singha:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই কলকাতা সহরে অনেক বাড়ী তৈরী হয়ে পড়ে রয়েছে কিন্তু প্রশাসনিক দুরবস্থার জন্য সেগুলি লোককে দেওয়া হচ্ছে না, এটা কি সত্যি?

Shri Khagendra Nath Das Cupta:

স্বল্পবিত্ত এবং মধ্যবিত্ত ব্যক্তিদের জন্য যেসব বাড়ী তৈরী করা হয়েছে তার কোন বাড়ীই পড়ে নেই।

Shri Kashi Kanta Maitra:

রাজ্য সরকার স্বল্পবিত্ত এবং মধ্যবিত্ত যে সমস্ত কন্সিডারেশনে বিচার করেন এই দুটি ক্যাটিগোরির লোকদের, রাজ্যের সমস্ত বিভাগেই কি সেই কন্সিডারেশনে বিচার করা হয়?

Shri Khagendra Nath Das Cupta:

অন্য বিভাগের খবর জানিনা, হাউসিং ডিপার্টমেন্ট এই হিসাবেই বিচার করে।

Shri Kashi Kanta Maitra:

আমার বক্তব্য হচ্ছে সল্ট লেক এরিয়ায় যেভাবে জমির দাম ধার্য করতে যাচ্ছেন তাতে এই যে ক্যাটিগোরি এবং কন্সিডারেশন দিলেন সেই ক্যাটিগোরি এবং কন্সিডারেশনের লোক সল্ট লেক এরিয়ায় যে জমি বিলি করছেন তারা তার মধ্যে পড়ে না। এখানে এক রকম ষ্ট্যান্ডার্ড দিচ্ছেন আবার ওখানে আর এক রকম ষ্ট্যান্ডার্ড দিচ্ছেন এর কারণ কি?

Shri Khagendra Nath Das Gupta:

হাউসিং-এর ষ্ট্যান্ডার্ড সারা ভারতবর্ষে একই রকম বেঁধে দেওয়া হয়েছে, অন্য বিভাগ সম্পর্কে আমি এখানে কিছু বলতে পারছি না।

UNSTARRED QUESTIONS TO WHICH WRITTEN ANSWERS WERE LAID ON THE TABLE

THIRD LIST

Enquiry about the Food position of Murshidabad district

6. (Admitted question No. 10.) **শ্রীসনৎ কুমার রাহা:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে প্রেসিডেন্সি বিভাগের কমিশনার সম্প্রতি মুর্শিদাবাদের খাদ্যাবস্থা তদন্তের জন্য গিয়াছিলেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) তিনি কবে গিয়েছিলেন এবং খাদ্যাবস্থা সম্পর্কে কাহার কাহার সহিত আলোচনা করিয়াছিলেন;

(২) তিনি উক্ত তদন্তের কোন রিপোর্ট দাখিল করিয়াছেন কি না; এবং

(৩) দাখিল করিয়া থাকিলে, উক্ত তদন্তের রিপোর্ট কি?

The Minister for Food and Supplies:

(ক) না।

(খ) (১), (২) ও (৩) প্রশ্ন ওঠে না।

Seizure of Food articles

7. (Admitted question No. 30.) **শ্রীসনৎ কুমার রাহা:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ বৎসর (১৯৬৫) কোন্ কোন্ জেলা হইতে কত মজুত খাদ্যশস্য সীজ করা হইয়াছে;

(খ) কি পদ্ধতিতে উক্ত খাদ্য সীজ করা হয়; এবং

(গ) কোন্ নীতির ভিত্তিতে সীজের পরিমাণ নির্ধারিত হয়?

The Minister for Food and Supplies:

(ক) ১৫-১০-৬৫ পর্যন্ত সীজ করা শস্যের জেলাওয়ারী হিসাব নিম্নোক্তরূপ—

জেলা	সীজ করা শস্য	
	চাউল	ধান
১। বর্ধমান	কিছুই নহে	৪১৮ কুইন্টাল
২। দার্জিলিং	১০১১ কুইন্টাল	১৯২ কুইন্টাল

(খ) ও(গ) ভারত সরকারের এসেন্সিয়াল কমোডিটিজ অ্যাক্ট ১৯৫৫-এর ৩ ধারা অনুসারে রাজ্য সরকার যে আদেশ জারী করিয়াছেন তাহা লঙ্ঘন করা হইলে মজুত শস্য সীজ করা হয়। খাদ্য ও সরবরাহ বিভাগের এবং পুলিশের এনফোর্সমেণ্ট শাখার কর্মীদের এই সীজ করার আইনগত ক্ষমতা দেওয়া হইয়াছে। যে ক্ষেত্রে উপরোক্ত আদেশ লঙ্ঘন করা হয় সেই ক্ষেত্রে মজুত শস্যের সবটাই সীজ করা হয়।

Industrial Estates

8. (Admitted question No. 40.) **শ্রীসনৎ কুমার রাহাঃ**

কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনার কালে কয়টি শিল্প উপনগরী স্থাপনের কথা ছিল; এবং

(খ) অদ্যাবধি কোথায় কয়টি এই উপনগরী সংস্থাপিত হইয়াছে?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) ও (খ) তৃতীয় পরিকল্পনার কালে ১১টি শিল্প-উপনগরী স্থাপনের কথা ছিল। কিন্তু দেশে জরুরী অবস্থা ঘোষিত হওয়ার পর পরিকল্পনা কমিশন তৃতীয় পরিকল্পনার প্রকল্প রূপায়ণে কিছুটা রদবদল নির্দেশ করেন। তাহাতে শিল্প-উপনগরী স্থাপন প্রকল্পের কাজ কমাইয়া দিতে বলা হয়। সেই মতে স্থির হয় যে, প্রতিরক্ষার প্রয়োজনের দিকে নজর রাখিয়া তৃতীয় পরিকল্পনায় মাত্র তিনটি শিল্প-উপনগরী স্থাপন করা হইবে। তাহাদের একটি বারুইপুরে ইতিমধ্যে স্থাপিত হইয়াছে। দ্বিতীয় উপনগরীর জন্য আসানসোলে জমি ক্রয় করিয়া হইয়াছে এবং তৃতীয়টির জন্য কলিকাতার নিকটবর্তী ট্যাংরা তপসিয়া এলাকায় জমি অধিগ্রহ করা হইয়াছে। এই সবকয়টি শিল্প-উপনগরীর নির্মাণকার্য চতুর্থ পরিকল্পনা কালের প্রথম দিকে সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

Establishment of a new Medical College in West Bengal

9. (Admitted question No. 53.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if is a fact that Government has a proposal for starting one new Medical College in West Bengal; and

(b) if so, when and where it will be situated?

The Minister for Health: (a) Yes, at least one State Medical College is proposed to be established.

(b) During the Fourth Five-Year Plan, in North Bengal.

Factories for manufacturing Knives, Scissors and Locks in West Bengal

10. (Admitted question No. 63.)

শ্রীজনপ্রিয় মোহন দাস:

কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে সরকারী তত্ত্বাবধানে ছুরি, কাঁচি ও তালা প্রস্তুতের জন্য কোথায় কারখানা আছে;

(খ) ঐ সকল কারখানায় কত মূলধন নিয়োগ করা হইয়াছে এবং বৎসরে কত কি প্রকারের দ্রব্য প্রস্তুত হয়; এবং

(গ) এই সকল দ্রব্যের নির্ধারিত দাম কি?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) ২৪-পরগণা জেলায় বারুইপুরে শল্য চিকিৎসার প্রয়োজনীয় ছুরি ও কাঁচি তৈয়ারী করিবার জন্য সরকারী কারখানা আছে।

তালা তৈয়ারীর জন্য হাওড়া জেলায় বড়গাছিয়াতে সরকারী কারখানা স্থাপন করা হইয়াছে।

(খ) ১৯৫৬-৫৭ সাল হইতে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত প্রায় ৫,০০,০০০ টাকার মূলধন নিয়োগ করা হইয়াছে। ঐ সময়কালীন উৎপন্ন দ্রব্যের মূল্য প্রায় ২,২১,০০০ টাকা।

এই কারখানায় বর্তমানে প্রায় ৩২৫ ধরনের শল্য চিকিৎসার যন্ত্রপাতি এবং পরিবার পরিকল্পনায় ব্যবহার্য যন্ত্রপাতি তৈয়ারী করিবার ব্যবস্থা আছে।

বড়গাছিয়া : ১৯৫৬-৫৭ সাল হইতে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত প্রায় ১০,৮০,০০০ টাকার মূলধন নিয়োগ করা হইয়াছে। ঐ সময়কালীন উৎপন্ন দ্রব্যের মূল্য ৮,২৩,০০০ টাকার উপরে।

এই কারখানায় ৯ রকম মানের পিতলের তালা তৈয়ারী হয়।

(গ) ঐ সকল দ্রব্যের মূল্য ইহাদের মাপ ও মানের উপর নির্ভর করে।

Ivory industries in West Bengal

11. (Admitted question No. 67.)

শ্রীজনপ্রিয় মোহন দাস:

কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন শিং ও শিং শিল্প প্রধানতঃ মেদিনীপুর জেলার দাসপুর এবং পাঁশকুড়া থানায় প্রসারলাভ ব্যবস্থা আছে?

The Minister for Cottage and Small-scale Industries:

শিং ও শিং শিল্প প্রধানতঃ মেদিনীপুর জেলার দাসপুর এবং পাঁশকুড়া থানায় প্রসারলাভ করিয়াছে। দাসপুর থানার জ্যোতিঘনশ্যামে এই শিল্পের একটি শিক্ষণ ও উৎপাদন কেন্দ্র আছে। পাঁশকুড়া থানায় বৈকুণ্ঠচকে একটি সাহায্যদানকারী সংস্থা (কমন ফেসিলিটি সেন্টার) আছে, সেখানে শিং শিল্পীদের শিংজাত দ্রব্য প্রস্তুতের জন্য সকলপ্রকার কারিগরী সুযোগ-সুবিধা দেওয়া হয়। হস্তীদন্ত মুর্শিদাবাদ জেলার খাগড়া ও জিয়াগঞ্জে প্রায় ৫০ জন শিল্পী আছেন যাঁহারা হস্তীদন্ত হইতে বিভিন্ন প্রকার দ্রব্যাদি প্রস্তুত করেন, পশ্চিমবঙ্গ সরকার এই সকল শিল্পীদের নিকট হইতে বৎসরে আনুমানিক ১০,০০০ টাকার দ্রব্য সংগ্রহ করেন। বিভিন্ন প্রকার দ্রব্য প্রস্তুতের জন্য এই সকল শিল্পীদের নক্‌শা প্রভৃতি সরবরাহ করা হয়। উপরন্তু, উৎপাদনে উৎসাহ দেওয়ার জন্য পুরস্কার দেওয়ারও ব্যবস্থা আছে।

Glass factories

12. *(Admitted question No. 69.)*

শ্রীজনগ মোহন দাস:

কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে সরকারী পরিচালনায় কোথায় কোথায় কাঁচের গ্লাস ও পাত্র নির্মাণের কারখানা আছে;

(খ) উহাদের মধ্যে কয়টি সরকারী পরিচালনায় এবং কয়টি সরকারের সাহায্যে ব্যক্তিগত মালিকানায় বা সমবায় সমিতি দ্বারা পরিচালিত হইতেছে; এবং

(গ) কাঁচের তৈরী জিনিসের দাম নিয়ন্ত্রিত করার কোন ব্যবস্থা আছে কিনা?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) কোথাও না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) না।

Rice in Covernment godowns of Jalpaiguri district

13. (Admitted question No. 126.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য্য:

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে জলপাইগুড়ি জেলার সরকারী গুদাম হইতে লক্ষাধিক মণ চাউলের কোন হদিশ পাওয়া যাইতেছে না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) জলপাইগুড়ি জেলার কোন্ কোন্ সরকারী গুদাম হইতে কত চাউল উধাও হইয়াছে এবং উহার মূল্য কত টাকা; এবং

(২) এ সম্বন্ধে কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) জলপাইগুড়ি জেলায় রাজ্যসরকারের খাদ্য ও সরবরাহ বিভাগের অধীনস্থ কোন গুদামে এরূপ কোন ঘটনা ঘটে নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

Record-keepers of Chatal and Chandrakona Registration Office

14. (Admitted question No. 149.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য্য:

গত ১১-৫-৬৫ তারিখে প্রদত্ত ১৫৪০নং প্রশ্নের (অ্যাডমিটেড প্রশ্ন নং ৩১৪) উত্তর উল্লেখ করিয়া বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত বিবরণগুলি সংগৃহীত হইয়াছে কিনা; এবং

(২) সংগৃহীত হইয়া থাকিলে, তাহা কি?

The Minster for Judicial:

(১) সংগৃহীত হইয়াছে।

(২) প্রয়োজনীয় বিবরণগুলি এতদ্‌সংলগ্ন বিবরণটীতে লিপিবদ্ধ আছে।

Statement referred to in reply to clause (2) of unstarred question No. 14

বিবরণী

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল এবং চন্দ্রকোণা রেজিস্ট্রি অফিসে কতজন 'রেকর্ড কিপার' (যাঁহারা দলিল ইত্যাদি সরকারী রেকর্ড হইতে নোট করেন) রহিয়াছেন;

(খ) তাহাদের নাম এবং চাকরির বয়স কত?

(গ) উহাদের সরকারী চাকুরিয়া হিসাবে গণ্য করা হয় কিনা;

(ঘ) উহাদের কাহার কাহার চাকরী স্থায়ী করা হইয়াছে এবং কোন্ তারিখে করা হইয়াছে;

(ঙ) বাকীদের চাকরি স্থায়ী না করার কারণ কি;

(চ) উহারা প্রত্যহ কত ঘন্টা কাজ করেন এবং উহাদের মাসিক বেতনের হার কত;

(ছ) উহাদের ডি, এ, এবং আর কোন ভাতা দেওয়া হয় কিনা?

উত্তর

(ক) ঘাটাল নিবন্ধন কার্যালয়ে দুইজন মোহরার ও তেরজন অতিরিক্ত মোহরার এবং চন্দ্রকোণা নিবন্ধন কার্যালয়ে একজন মোহরার ও চারজন অতিরিক্ত মোহরার সরকারী রেকর্ড বইতে দলিল ইত্যাদি নকল করিয়া থাকেন।

(খ) ঘাটাল ও চন্দ্রকোণা নিবন্ধন কার্যালয়ে নিযুক্ত মোহরার ও অতিরিক্ত মোহরারগণের নাম ও চাকরির বয়স নিম্নরূপ ঃ

কার্যালয়	নাম	চাকরির বয়স
ঘাটাল ..	(১) শ্রীগোপাল চন্দ্র মিত্র (মোহরার)	৭ বৎসর
	(২) শ্রীগুরুপদ চৌধুরী (মোহরার)	৭ বৎসর
	(৩) শ্রীশৈলেন্দ্র নাথ ঘোষ (অতিরিক্ত মোহরার)	১২ বৎসর
	(৪) শ্রীগণপতি মণ্ডল (অতিরিক্ত মোহরার)	৭ বৎসর
	(৫) শ্রীশান্তিচরণ দে (অতিরিক্ত মোহরার)	৭ বৎসর
	(৬) শ্রীকালিপ্রসাদ প্রামাণিক (অতিরিক্ত মোহারার)	৭ বৎসর
	(৭) শ্রীপ্রশান্তকুমার পাল (অতিরিক্ত মোহরার)	৭ বৎসর
	(৮) শ্রীজয়দেব ঘোষ পাল (অতিরিক্ত মোহরার)	৩ বৎসর
	(৯) শ্রীসুধাংশুশেখর সরকার (অতিরিক্ত মোহরার)	৯ বৎসর
	(১০) শ্রীবিশ্বনাথ ডোগরা (অতিরিক্ত মোহরার)	৩ বৎসর
	(১১) শ্রীধর্ম দাস দাস (অতিরিক্ত মোহরার)	১০ বৎসর
	(১২) শ্রীসুরেন্দ্রনাথ দালাল (অতিরিক্ত মোহরার)	১০ বৎসর
	(১৩) শ্রীতুষারকান্তি বেড়া (অতিরিক্ত মোহরার)	৩ বৎসর
	(১৪) শ্রীবনমালী কর্মকার (অতিরিক্ত মোহরার)	৩ বৎসর
	(১৫) শ্রীঅজিত কুমার সরকার (অতিরিক্ত মোহরার)	১ বৎসর
চন্দ্রকোণা ..	(১) শ্রীশম্ভু চরণ পাল (মোহরার)	প্রায় ১৩ বৎসর
	(২) শ্রীক্ষুদিরাম সাহা (অতিরিক্ত মোহরার)	৪ বৎসর
	(৩) শ্রীকৃষ্ণচৈতন্য ঘোষাল (অতিরিক্ত মোহরার)	৯ বৎসর
	(৪) শ্রীগৌরমোহন মুখোঃ (অতিরিক্ত মোহরার)	৮ বৎসর
	(৫) শ্রীপ্রভাকর সরকার (অতিরিক্ত মোহরার)	৫ বৎসর

(গ) হ্যাঁ।

(ঘ) ঘাটাল নিবন্ধন কার্যালয়ে নিযুক্ত মোহরারদ্বয় সর্বশ্রী গোপালচন্দ্র মিত্র ও গুরুপদ চৌধুরিকে যথাক্রমে ৮-৮-৬২ ও ১-৯-৬২ তারিখে স্থায়ী করা হইয়াছে। চন্দ্রকোণা নিবন্ধন কার্যালয়ে নিযুক্ত মোহরার শ্রীশম্ভুচরণ পালকে ৩-৫-৬২ তারিখে স্থায়ী করা হইয়াছে।

(ঙ) অবশিষ্ট সকলেই অতিরিক্ত মোহরার। মোহরারের পদ শূন্য হইলে জেলার সমগ্র নিবন্ধন কার্যালয়সমূহে নিযুক্ত অতিরিক্ত মোহরারগণের অস্থায়ী কার্যকালের ক্রমিক দীর্ঘতা ও অন্যান্য যোগ্যতা বিচার করিয়া অতিরিক্ত মোহরারগণকে অস্থায়ী মোহরার পদে নিযুক্ত করিয়া যথাকালে স্থায়ী পদে নিযুক্ত করা হয়। অতিরিক্ত মোহরারগণ ঠিকা হিসাবে কার্য করেন বলিয়া তাঁহাদের অতিরিক্ত মোহরার হিসাবে স্থায়ী করা হয় না। ঘাটালে দুইটি এবং চন্দ্রকোণায় একটি মাত্র স্থায়ী মোহরার পদ আছে।

(চ) মোহরার ও অতিরিক্ত মোহরারগণ সাধারণতঃ সাত ঘন্টা কাজ করেন। মোহরারদের মাসিক বেতনের হার হইতেছে ১০০—৩—১৩৬—৪—১৪০ টাকা। অতিরিক্ত মোহরারগণ প্রতি তিনশত শব্দ সম্বলিত দশ পৃষ্ঠা নকল করিলে ও তিনশত শব্দ সম্বলিত কুড়ি পৃষ্ঠা মিলাইয়া দেখিলে এক টাকা হিসাবে পারিশ্রমিক পাইয়া থাকেন।

(ছ) মোহরারগণ বেতন ছাড়া মহার্ঘ ভাতা পাইয়া থাকেন এবং অতিরিক্ত মোহরারগণ পারিশ্রমিক ছাড়া নিয়মানুসারে অন্তবর্তীকালীন বৃদ্ধি, মহার্ঘ ভাতা, অতিরিক্ত মহার্ঘ ভাতা ও নগদ ভাতা পাইয়া থাকেন।

Advisory Committee for Health centres

15. (Admitted question No. 166.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য্য:

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইউনিয়ন এবং থানা স্বাস্থ্যকেন্দ্রের উপদেষ্টা কমিটি গঠন করা হয় কিভাবে এবং এই কমিটির সম্পাদক কে হন বা কে এই কমিটির মিটিং ডাকেন; এবং

(খ) উপদেষ্টা কমিটির নাম কি?

The Minister for Health:

(ক) ইউনিয়ন ও থানা স্বাস্থ্যকেন্দ্রের স্থান এখন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (প্রাইমারী হেল্থ সেন্টার) এবং উপ-স্বাস্থ্যকেন্দ্র (সাবসিডিয়ারি হেলথ সেন্টার) অধিকার করিয়াছে। সুতরাং এখন ইউনিয়ন ও থানা স্বাস্থ্যকেন্দ্রের উপদেষ্টা কমিটি বলিয়া কিছু নাই।

সরকারী নির্দেশে কমিটিগুলির গঠনতন্ত্র নিম্নলিখিতভাবে স্থিরীকৃত করা আছে :—

প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

১। ব্লক ডেভেলপমেণ্ট অফিসার	চেয়ারম্যান	
২। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত মেডিকেল অফিসার	সেক্রেটারী	
৩। মহকুমা হেলথ অফিসার	সদস্যবৃন্দ	
৪। উন্নয়ন সংস্থার সোস্যাল এডুকেশন অর্গানাইজার		
৫। রাজ্য আইন সভা সভাগুলির স্থানীয় সদস্য/সদস্যগণ		
৬। প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটির এলাকার অঞ্চল প্রধান অথবা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট		
৭। জেলা অধিকর্তা কর্তৃক মনোনীত একজন স্থানীয় চিকিৎসক		
৮। জেলা অধিকর্তা কর্তৃক মনোনীত দুইজন স্বাস্থ্য উন্নয়ন সম্পর্কে উৎসাহী সমাজ সেবকযাহাদের মধ্যে একজন মহিলা হইবেন।		

অনূন্য দশ-শয্যাবিশিষ্ট উপ-স্বাস্থ্যকেন্দ্র

১। ব্লক ডেভেলপমেণ্ট অফিসার	চেয়ারম্যান
২। উপস্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত মেডিকেল অফিসার	সেক্রেটারী
৩। মহকুমা হেল্থ অফিসার	--
৪। উন্নয়ন সংস্থার সোস্যাল এডুকেশন অর্গানাইজার	--
৫। রাজ্য আইনসভার সভাগুলির স্থানীয় সদস্য/সদস্যগণ	সদস্যবন্ধ
৬। উপস্বাস্থ্যকেন্দ্রটি যে এলাকায় অবস্থিত উহার অঞ্চল প্রধান বা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট	--
৭। জেলা অধিকর্তা কর্তৃক মনোনীত একজন স্থানীয় চিকিৎসক	--
৮। ২ জন স্বাস্থ্যোন্নয়ন বিষয়ে আগ্রহী সমাজসেবী যাঁহাদের মধ্যে একজন মহিলা হইবেন ..	--

জিলা অধিকর্তা কর্তৃক বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্র কমিটি গঠিত হইয়া থাকে—স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত মেডিক্যাল অফিসার ঐ কমিটির সেক্রেটারী এবং তিনিই উপদেষ্টা কমিটির মিটিং আহ্বান করেন।

(খ) (১) স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন ও উন্নয়ন বিষয়ক পরামর্শদান।

(২) রোগমুক্তি, রোগনিবারণ, শিশুমঙ্গল ও মাতৃকল্যাণ, ছাত্রদের স্বাস্থ্যপরীক্ষা, পরিবার নিয়ন্ত্রণ, স্বাস্থ্য বিষয়ক শিক্ষা, কুষ্ঠব্যাধি ও সংক্রামক ব্যাধি নিবারণ ও নিয়ন্ত্রণ এবং জন্মমৃত্যু খতিয়ান প্রনয়ন বিষয়ে স্বাস্থ্যকেন্দ্রটির কার্যাবলী উন্নত করিবার নিমিত্ত প্রয়োজনমত পরামর্শদান।

Scarcity of Kerosene oil in rural areas

16. (Admitted question No. 215.) **শ্রীসুধীরচন্দ্র দাস:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, গ্রামাঞ্চলে কেরোসিন তৈলের মূল্য কন্ট্রোল রেটের বহু উর্ধে বহুস্থানে বিক্রয় হইতেছে এবং বহুস্থানে কেরোসিন তৈল পাওয়া যাইতেছে না; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে, এই সঙ্কটের কারণ কি, এবং ইহার প্রতিকারের কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) পাকিস্তানের দ্বারা ভারত আক্রান্ত হইবার জন্য সামরিক প্রয়োজনে কেরোসিনের চাহিদা বৃদ্ধির ফলে কেরোসিনের বেসামরিক সরবরাহের পরিমাণ প্রায় এক-পঞ্চমাংশ হ্রাস পাইয়াছে। এই অভাব দূর করিবার জন্য ভারত সরকার একটি অর্ডিন্যান্স জারি করিয়া আলো জ্বালান এবং জ্বালানির কার্য ছাড়া কেরোসিনের অন্য প্রকার ব্যবহার নিষিদ্ধ করিয়াছেন।

ইণ্ডিয়ান অয়েল কোম্পানীর সহযোগিতায় বিভিন্ন স্থানে খুচরা বিক্রয় কেন্দ্র স্থাপন করিয়া জনসাধারণকে নির্দিষ্ট মূল্যে কেরোসিন বিলি করিবার ব্যবস্থা করা হইয়াছে এবং হইতেছে। ইহার ফলে সুদূর পল্লী অঞ্চলে কিছু অসাধু ব্যবসায়ীর অতিরিক্ত লাভ করিবার প্রচেষ্টা প্রশমিত হইবে বলিয়া মনে হয়।

কেরোসিনের সুসম বণ্টনের একটি প্রকল্প প্রবর্তন করিবার জন্য প্রয়োজনীয় বিধিব্যবস্থা গ্রহণের জন্য ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে।

Tribal Welfare Centres in Jhargram subdivision

17. (Admitted question No. 248.) শ্রীসুরেন্দ্র নাথ মাহাতঃ

আদিবাসি মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কোন্ থানায় বর্তমানে কয়টি ট্রাইব্যাল ওয়েলফেয়ার সেন্টার চালু আছে; এবং

(খ) এই কেন্দ্রগুলির কোন্‌টিতে ১৯৬৪ সালে কোন্ কোন্ খাতে সরকার কি পরিমাণ টাকা ব্যয় করিয়াছেন?

The Minister of State for Tribal Welfare:

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় বীনপুর থানায় দুইটি এবং ঝাড়গ্রাম থানায় একটি ট্রাইব্যাল ওয়েলফেয়ার সেন্টার বর্তমানে চালু আছে।

(খ) উপরোক্ত কেন্দ্রগুলির প্রত্যেকটিতে সরকার ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে যে পরিমাণ অর্থ ব্যয় করিয়াছেন, তাহার বিবরণ নিম্নে একটি তালিকায় প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 17

Statement Of Expenditure Incurared During The Year 1964-65

		Welfare centre at Jamboni, P.S. Binpur.	Welfare centre at Paluidanga, P.S. Binpur.	Welfare centre at Pialgeria, P.S. Jhargram.
		Rs. P.	Rs. P.	Rs. P.
1	Pay of Social Worker	1,572.00	1,103.00	1,533.00
2 .	Pay of One helper	720.00	720.00	720.00
3,	D. A. (including M.A.)	160.00	200.00	160.00
4.	Pay of 2 part-time night school teachers ..	Nil	360.00	Nil
5.	Sports, etc.	50.00	50.00	50.00
6.	T. A.	Nil	Nil	Nil
7.	Contingency	123.00	110.00	122.00
8.	Food for Poultry	Nil	Nil	Nil
9.	Seedling ,etc.	44.00	48.00	Nil
		2,669.00	2,591.00	2,585.00

Registration of deeds at Jhargram Sub-Registry Office

18. (Admitted question No. 255.) **শ্রীসুরেন্দ্র নাথ মাহাত:**

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম সাব-রেজেস্ট্রী অফিসে কোন্ কোন্ থানার দলিল রেজেস্ট্রী হয়।

The Minister for Judicial:

জামবনী, ঝাড়গ্রাম এবং বীনপুর থানাসমূহের দলিল ঝাড়গ্রাম অবর নিবন্ধকের কার্যালয়ে নিবন্ধীকৃত হয়।

Sankrail Primary Health Centre Building, Midnapore

19. (Admitted question No. 357.) **শ্রীসুরেন্দ্র নাথ মাহাত:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শাঁকরাইল ব্লকের শাঁকরাইল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) কোন্ সময়ের মধ্যে নির্মাণকার্য শেষ হইবে?

The Minister for Public Works:

(ক) শাঁকরাইল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের গৃহাদির নির্মাণকার্য প্রায় শতকরা ৮০ ভাগ অগ্রসর হইয়াছে। স্যানিটারি ও প্লাম্বিং অংশের কার্যের জন্য টেন্ডার আহ্বান করা হইয়াছে।

(খ) আগামী বৎসরের ফেব্রুয়ারী মাসের মধ্যে কার্য সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Alampur Sub-Health Centre Building, Midnapore

20. (Admitted question No. 358.) **শ্রীসুরেন্দ্র নাথ মাহাত:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ১নং ব্লকের আলমপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) কোন্ সময়ের মধ্যে ইহার নির্মাণ কার্য শেষ হইবে?

The Minister for Public Works:

(ক) আলমপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের গৃহাদির নির্মাণকার্য শতকরা ৭৫ ভাগ অগ্রসর হইয়াছে। স্যানিটারি ও প্লাম্বিং অংশের কার্যের জন্য টেন্ডার আহ্বান করা হইয়াছে।

(খ) আগামী বৎসরের ফেব্রুয়ারী মাসের মধ্যে সর্বতোভাবে সম্পন্ন হইবে বলিয়া আশা করা যায়।

Nota Sub-Health Centre Building, Midnapore

21. (Admitted question No. 359.) **শ্রীসুরেন্দ্র নাথ মাহাত:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ২নং ব্লকের নোটা উপ-স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্য কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) কোন্ সময়ের মধ্যে ইহার নির্মাণ কার্য শেষ হইবে?

The Minister for Public Works:

(ক) নোটা উপ-স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্য সর্বতোভাবে সম্পন্ন হইয়াছে।

(খ) উপরের "ক" অংশের উত্তর দ্রষ্টব্য।

Police investigation about the death from starvation in Fulia village, Nadia

22. (Admitted question No. 41.)

শ্রীসনৎ কুমার রাহা : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত আগষ্ট মাসে খাদ্যের তাড়নায় নদীয়া জেলার ফুলিয়া গ্রামে আত্মহত্যা ও হত্যার ঘটনা সম্পর্কে পুলিশ সম্প্রতি তদন্ত করিয়াছে; এবং

(খ) সত্য হইলে, ইহার রিপোর্ট কি?

The Minister for Home (Police):

(ক) না; তবে দৈনিক বসুমতীতে এ সম্বন্ধে একটি খবর প্রকাশিত হবার পর অনুসন্ধান করা হইয়াছিল।

(খ) প্রশ্ন উঠে না।

Tram fare enhancement resistance movement

23. (Admitted question No. 50.)

শ্রীসনৎ কুমার রাহা : স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জুলাই-আগষ্ট মাসে ট্রামের ভাড়া বৃদ্ধির প্রতিরোধ আন্দোলনে কত লোককে গ্রেপ্তার করা হয়; এবং

(খ) ইহাদের মধ্যে কতজনকে দণ্ডিত করা হয়?

The Minister for Home (Police):

(ক) ৮৫৮ জন।

(খ) ইহাদের মধ্যে এখন পর্যন্ত ২০৬ জন আদালত দ্বারা দণ্ডিত হইয়াছে।

Iron-made furniture

24. (Admitted question No. 61.)

শ্রীঅনন্ত মোহন দাস : শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লৌহ নির্মিত চেয়ার, টেবিল, আলমারী প্রভৃতি আসবাবপত্র নির্মাণের কারখানা এই রাজ্যে কোথায় কোথায় কয়টি আছে;

(খ) এই সকল কারখানার ব্যবহারের জন্য কাঁচামাল কোথা হইতে সরবরাহ করা হয়;

(গ) ঐ সকল দ্রব্যের মূল্য নির্ধারণের জন্য সরকারের কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(ঘ) ঐ সকল কারখানায় কত লোক কাজ করিতেছে?

The Minister for Commerce and Industries:

(ক) কলিকাতায় ৬টি, হাওড়ায় ৩টি।

(খ) ভারত সরকারের সংশ্লিষ্ট দপ্তর হইতে সরবরাহ করা হয়।

(গ) না।

(ঘ) ১,০২৮ জন।

Places and arrangement of Moth cultivation in this State

25. (Admitted question No. 80.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রেশম গুটি চাষের জন্য এই রাজ্যে কোথায় কোথায় কিরূপ ব্যবস্থা আছে;

(খ) যাহাতে উক্ত শিল্প বিভিন্ন জেলায় বৃদ্ধিপ্রাপ্ত হয়, তজ্জন্য কিরূপ পরিকল্পনা করা হইয়াছে;

(গ) রেশম ও পশমী বস্ত্রের মূল্য নির্ধারণের কোন ব্যবস্থা আছে কিনা এবং থাকিলে কিরূপ; এবং

(ঘ) এই শিল্প ব্যাপারে সরকার কিরূপ সাহায্য করেন?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর ও কুমারপুর-মালদহ জেলার পিয়াসবাড়ি, অমৃতি, সাদুল্লাপুর ও কৃষ্ণপুর, মেদিনীপুর জেলার ডেবরা, বাঁকুড়া জেলার বিষ্ণুপুর, নদীয়া জেলার রাণাঘাট, বীরভূম জেলার কলিথা এবং দার্জিলিং জেলার মাটিগাড়া, কার্শিয়াং ও কালিমপংএ রেশম গুটি পোকার চাষ করিবার প্রয়োজনীয় পূর্ণ ব্যবস্থা আছে।

(খ) রেশম শিল্পের উন্নতির জন্য প্রথম, দ্বিতীয়, ও তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিভিন্ন জেলায় মোট ২৫টি প্রকল্প চালু করা হইয়াছে। ঐ প্রকল্পগুলির মাধ্যমে তুঁত চাষের সম্প্রসারণ, উন্নত ধরনের রেশম গুটি পোকার চাষ, বৈজ্ঞানিক প্রথায় গুটি পোকা সংরক্ষণ ও তাহা হইতে সুতা প্রস্তুত প্রভৃতি কার্যসূচী গ্রহণ করা হইয়াছে।

(গ) সরকার পরিচালিত সংগঠনের মাধ্যমে যে সকল রেশম বস্ত্র উৎপাদন করা হয়, উৎপাদন-হিসাবে ও উৎকর্ষতার ভিত্তিতে তাহাদের মূল্য নির্ধারণের ব্যবস্থা আছে। পশম বস্ত্রের মূল্য নির্ধারণের কোনও ব্যবস্থা নাই।

(ঘ) সরকার রেশম গুটিপোকা, চাষীদের তুঁত গাছের চারা ও কলম এবং বীজাণুমুক্ত রেশম কীটের ডিম সরবরাহ করিয়া থাকেন। অপেক্ষাকৃত অল্পক হ্রাস মূল্যে রিলিং মেশিনও সরবরাহ করা হয়। তুঁত গাছের চাষের জন্য প্রয়োজনীয় সেচ ব্যবস্থার নিমিত্ত নানারূপ সাহায্য সরকার তরফ হইতে করা হয়।

Recruitment of warders

26. (Admitted question No. 108.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নূতন যে সমস্ত ব্যক্তিকে ওয়ার্ডার (সিপাই) হিসাবে ভর্তি (রিক্রুট) করা হয় তাদের কয় বৎসর অস্থায়ী হিসাবে রাখা হয়;

(খ) কি কি যোগ্যতা ভিত্তিতে উহাদের স্থায়ী করা হয়; এবং

(গ) স্থায়ী ও অস্থায়ী ওয়ার্ডারদের বেতনের পার্থক্য আছে কিনা এবং থাকিলে কিরূপ?

The Minister for Home (Jails):

(ক) স্থায়ী পদে নিযুক্ত ওয়ার্ডারদের ভর্তির তারিখ হইতে দুই বৎসর অবেক্ষাধীন (অন প্রবেশন) থাকিতে হয়। অস্থায়ী পদে নিযুক্ত ওয়ার্ডারদের কার্যকাল সেই পদের [illegible] উপর নির্ভর করে।

(খ) কর্তব্যে দক্ষতার ভিত্তিতে অবেক্ষাধীন ওয়ার্ডারদের স্থায়ী (কনফার্মড) করা হয়।

(গ) স্থায়ী এবং অস্থায়ী ওয়ার্ডারদের বেতনের কোন পার্থক্য নাই।

Protection of third class prisoners from mosquito bites

27. (Admitted question No. 111.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় শ্রেণীর বন্দীদের মশার কামড় হইতে রক্ষা করার কোন ব্যবস্থা আছে কিনা;

(খ) এই শ্রেণীর বন্দীদের মশারী ব্যবহার করিতে দেওয়া হয় কিনা; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর না হয়, তবে কারণ কি?

The Minister for Home (Jails):

(ক) জেলের ভিতরে যাহাতে মশা না জন্মাইতে পারে তাহার জন্য সর্বপ্রকার ব্যবস্থা অবলম্বন করা হয়, যথা : জল নিষ্কাশন এর দিকে লক্ষ্য রাখা হয়, পয়ঃপ্রণালী যথা সময়ে পরিষ্কার করা এবং তাহাতে রীতিমত ফিনাইল, ব্লিচিং পাউডার, চুণ এবং অন্যান্য কীটনাশক দ্রব্যের প্রয়োগ করা হয়। কয়েদীদের প্রতিটি সেল ও ওয়ার্ডে ও মশার দংশন হইতে রক্ষা করিবার জন্য ডি, ডি, টি সোলুশান অথবা মশকনাশক তৈল রীতিমত ব্যবহার করা হয়। এই সমস্ত ব্যবস্থা ছাড়াও প্রতিটি জেলে ধুনা ব্যবহার করিবার রীতিও আছে।

(খ) না।

(গ) জেলে আভ্যন্তরীণ নিরাপত্তার এবং প্রশাসনিক ব্যবস্থা সুষ্ঠু পরিচালনার দিকে লক্ষ্য রাখিয়াই তৃতীয় শ্রেণীর বন্দীদের মশারী দিবার ব্যবস্থা নাই।

Number of district jails and sub-jails under each Central Jail

28. (Admitted question No. 112.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন্ কোন্ কেন্দ্রীয় কারাগারের অন্তর্গত কয়টি জেলা কারাগার ও কয়টি সাব জেল আছে;

(খ) ঐ সমস্ত কারাগারে কতজন স্থায়ী এবং কতজন অস্থায়ী ওয়ার্ডার্স আছে; এবং

(গ) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কতজন ওয়ার্ডার্স কর্মচ্যুত হইয়াছে এবং কি কারণে?

The Minister for Home (Jails):

(ক), (খ) ও (গ) প্রয়োজনীয় তথ্যসম্বলিত একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল।

Statement referred to in reply to unstarred question No. 28.

(ক) কেন্দ্রীয় কারা	প্রতি কেন্দ্রীয় কারার অন্তর্গত		
	জেলা কারার সংখ্যা	*স্পেশাল জেলের সংখ্যা	সাবজেলের সংখ্যা
১। প্রেসিডেন্সী	২	১	৫
২। আলিপুর	১	১	৬
৩। দমদম	১	..	৫
৪। মেদিনীপুর	২	..	৭
৫। বহরমপুর	৩	২	১১

*জেলা কারার সমপর্যায়ভুক্ত।

(খ) ঐ সমস্ত কারাগারের কারারক্ষীর (warder) সংখ্যা;

স্থায়ী কারারক্ষী

পুরুষ--১,৭৭৭

মহিলা--১৭

অস্থায়ী কারারক্ষী--

পুরুষ--২২৭

মহিলা--১৩

(গ) কারণসহ কর্মচ্যুত কারারক্ষীর (warder) সংখ্যা:

	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
১। দুর্নীতির জন্য	১	২	৩	১
২। কর্ত্তব্য কর্মে অবহেলার জন্য	..	১	৩	১
৩। কর্মে অযোগ্যতার জন্য	..	১	..	..
৪। আদালত কর্ত্তৃক দণ্ডিত হওয়ার জন্য ..	..	..	..	১
৫। ঔদ্ধত্য এবং শৃঙ্খলা ভঙ্গের জন্য	২	১	..	৩
৬। অস্থায়ী পদের মেয়াদ উত্তীর্ণ হওয়ার জন্য ..	..	..	২	..
মোট ..	৩	৫	৮	৬

State Buses in Calcutta

29. (Admitted question No. 139.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালের ২৯-৭-৬৫ তারিখ হইতে ৬-৮-৬৫ তারিখ পর্যন্ত কোন্ তারিখ কয়টি সরকারী বাস কলিকাতায় চলাচল করে এবং মোট বাসের সংখ্যা কত;

(খ) উক্ত কয়দিনে কোনদিন কত টাকার টিকিট বিক্রয় হয়; এবং

(গ) কোনদিন কয়খানি বাস বে-মেরামত অবস্থায় ছিল?

The Minister for Home (Transport):

তারিখ	চলাচলকারী বাসের সংখ্যা।	মোট বাসের সংখ্যা।	টিকিট বিক্রয় লব্ধ টাকা।	বে-মেরামত বাসের সংখ্যা।		মন্তব্য
১	২	৩	৪	৫		৬
						অন্যান্য কারণে (যেমন পরিদর্শন ও সার্ভিস ড্রাইভার, কণ্ডাক্টরের অভাব, ট্রাফিক স্পেয়ার্স ইত্যাদি) যে বাসগুলি বাহির করা যায় নাই তাহাদের সংখ্যা।
২৯-৭-৬৫	৭২৪	৮৭১	১,৫২,৮৭৯	১০২	৪৫	
৩০-৭-৬৫	৩৭৩	ঐ	৩৮,২৫০	১১৪	৩৩	(এছাড়াও ৩৫১ খানি বাস হরতালের জন্য চালান হয় নাই)
৩১-৭-৬৫	৭১৯	ঐ	১,৬৬,৮১৭	১০৯	৪৩	
১-৮-৬৫	৬৫৯	ঐ	১,৩৫,৬৮৪	১১৭	৯৫	
২-৮-৬৫	৭০৬	ঐ	১,৫৯,৯৯০	১১৪	৫১	
৩-৮-৬৫	৭০৪	ঐ	১,৫৪,১৯৬	১০৯	৫৮	
৪-৮-৬৫	৭১২	ঐ	১,৬৯,৩৪০	১০১	৫৮	
৫-৮-৬৫	৭১২	ঐ	১,৬৯,৩৪০	১০১	৫৮	
৫-৮-৬৫	৪৮৭	ঐ	৪৫,৭৬৯	১০২	৫৭	(এ ছাড়াও ২২৫ খানি বাস হরতালের জন্য চালান হয় নাই)
৬-৮-৬৫	৭০৯	ঐ	১,৬৮,৯৪৯	১০০	৬২	

Stud bulls in Chatal subdivision

30. (Admitted question No. 193.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমায় গো-প্রজননের জন্য বর্তমানে কতগুলি ষাড় আছে; এবং

(খ) কৃত্রিম গো-প্রজননের ব্যবস্থা ঐ মহকুমার কোন কোন ব্লকে আছে এবং এজন্য পাবলিকের নিকট কত "ফি" ধার্য করা হয়?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) ঘাটাল মহকুমায় বর্তমানে গো-প্রজননের জন্য ব্যক্তিগত তত্ত্বাবধানে সরকারের তিনটি ষাঁড় আছে।

(খ) ঐ মহকুমায় সরকারের কোন কৃত্রিম গো-প্রজনন কেন্দ্র নাই। সরকার কর্তৃক স্থাপিত কৃত্রিম গো-প্রজনন কেন্দ্রে কোন ফি লওয়া হয় না।

Veterinary hospitals

31. (Admitted question No. 196.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনার মধ্যে কতকগুলি ব্লকে গো-চিকিৎসক নিযুক্ত করা হইবে এবং ১৫-৯-৬৫ পর্যন্ত কতগুলি ব্লকে চিকিৎসক নিযুক্ত করা হইয়াছে;

(খ) ব্লকে নিযুক্ত গো-চিকিৎসকদের দায়িত্ব এবং কর্তব্য কি;

(গ) তাঁহাদের বেতন ও ভাতা কত;

(ঘ) গ্রামবাসিগণ গো-চিকিৎসার সাহায্য কিভাবে কতটা পেতে পারে; এবং

(ঙ) বাড়িতে গো-চিকিৎসার জন্য সরকার নিযুক্ত এই সকল গো-চিকিৎসক লইয়া যাইতে হইলে কোন "ফি" দিতে হয় কি না?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) তৃতীয় পরিকল্পনার মধ্যে মোট ২৩৩টি ব্লকে গো-চিকিৎসক নিযুক্ত করা হইবে। ১৫-৯-৬৫ তারিখ পর্যন্ত ২২৪টি ব্লকে গো-চিকিৎসক নিযুক্ত করা হইয়াছে।

(খ) ব্লকে নিযুক্ত পশু-চিকিৎসক সংশ্লিষ্ট ব্লকের পশু-চিকিৎসালয়ে নিয়মিত হাজির থাকিয়া উক্ত চিকিৎসালয়ে আনীত রুগ্ন গবাদি পশু ও হাঁস-মুরগির চিকিৎসা করিয়া থাকেন। তাঁহাকে ঐ ব্লকের মধ্যে অবস্থিত ভেটারিনারি এড সেন্টারগুলিতে প্রতি সপ্তাহে নির্দিষ্ট দিনে ও সময়ে উপস্থিত হইয়া সেখানে আনীত রুগ্ন পশুপক্ষীর চিকিৎসার ব্যবস্থাও করিতে হয়। ইহা ছাড়া সংশ্লিষ্ট ব্লকের মধ্যে গবাদি পশু কিংবা হাঁস-মুরগির মহামারী দেখা দিলে ঐ ব্লকে নিযুক্ত পশুচিকিৎসককে মহামারী বন্ধের জন্য প্রয়োজনীয় প্রতিষেধক ব্যবস্থা করিতে হয়।

(গ) তাঁহাদের বেতনের হার ২০০ টাকা হইতে বৎসরে ১০ টাকা হিসাবে বৃদ্ধি পাইয়া ৪০০ টাকা পর্যন্ত। ইহা ছাড়া তাঁহারা মাসিক ২০ টাকা হারে বিশেষ বেতন ও মাসিক ২০ টাকা হইতে ৩০ টাকা হারে মহার্ঘ ভাতা পান।

(ঘ) গ্রামবাসিগণ তাঁহাদের গবাদি ও পশুপক্ষীর চিকিৎসার জন্য সমস্ত সম্ভাব্য সাহায্য গো-চিকিৎসকদের নিকট পাইতে পারেন।

(ঙ) হ্যাঁ।

Ice-cream

32. (Admitted question No. 64.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় যেসকল আইসক্রীম কারখানা রহিয়াছে, তাহাতে উৎপন্ন খাদ্যদ্রব্যাদির বিশুদ্ধতা পরীক্ষার জন্য কিরূপ ব্যবস্থা আছে;

(খ) গত ১৯৬৪ সালে উক্ত কারখানাগুলি কতবার পরীক্ষিত হইয়াছিল; এবং

(গ) ঐ সকল পরীক্ষার ফলাফল কি?

The Minister for Health:

(ক) কলিকাতায় খাদ্যদ্রব্যাদির বিশুদ্ধতা পরীক্ষার জন্য কলিকাতা কর্পোরেশনের বিশ্লেষণাগার আছে। উক্ত কর্পোরেশনের খাদ্য-পরিদর্শকগণ (ফুড ইন্সপেকটরস্) আইসক্রীম কারখানাগুলি পরিদর্শনকালে সন্দেহজনক আইসক্রীমের নমুনা সংগ্রহ করেন এবং কেন্দ্রীয় খাদ্যে ভেজাল নিবারণ আইন (১৯৫৪) অনুসারে তাহা বিশ্লেষণের জন্য উক্ত বিশ্লেষণাগারে প্রেরণ করেন।

(খ) উক্ত সালে প্রত্যেকটি কারখানা একবার করিয়া পরীক্ষিত (ইন্সপেকটেড) হইয়াছিল।

(গ) ১৯৬৪ সালে ১৬টি আইসক্রীমের নমুনা সংগৃহীত হইয়াছিল; তন্মধ্যে ১৪টি ভেজাল বলিয়া প্রতিপন্ন হয়। ১৪টি ক্ষেত্রেই মামলা দায়ের করা হইয়াছে। এ পর্যন্ত পাঁচটি ক্ষেত্রে সাজা হইয়াছে। নয়টি এখনও বিবেচনাধীন। সাজা হিসাবে উহাদের ৩০০ টাকা হইতে ১,৫০০ টাকা পর্যন্ত জরিমানা করা হইয়াছে।

Conversion of Protappur Dispensary into a Health Centre, Midnapore

33. (Admitted question No. 70.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় পাঁশকুড়া থানার প্রতাপপুর চিকিৎসালয়টিকে হেল্থ সেন্টারে উন্নীত করিবার জন্য কোন্ তারিখে সরকারের নিকট প্রথম প্রস্তাব আসিয়াছিল;

(খ) উহার বিষয় এখনও কোন সিদ্ধান্ত হইয়াছে কি; এবং

(গ) উক্ত স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ কবে আরম্ভ হইবে?

The Minister for Health:

(ক) ইংরাজী ১৯৬১ সালের ১৯এ জানুয়ারি।

(খ) যেহেতু পাঁশকুড়া ১নং ব্লকে একটি প্রাথমিক ও দুইটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে সেজন্য এই ব্লকে বর্তমানে নতুন কোন উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হইবে না।

(গ) প্রশ্ন উঠে না।

Construction of buildings of the Health Centres in Midnapore district

34. (Admitted question No. 93.)

শ্রীঅনঙ্গমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ সম্পূর্ণরূপে শেষ হইলেও এখনও খোলা হইতেছে না;

(খ) উহাদের মধ্যে কোন্ কোন্‌টির গৃহনির্মাণ কবে শেষ হইয়াছে;

(গ) কি কারণে এগুলি খোলা হইতেছে না; এবং

(ঘ) ঐ সকল স্বাস্থ্যকেন্দ্রের জিনিসপত্র, ঘরবাড়ি রক্ষণাবেক্ষণের কিরূপ ব্যবস্থা করা হইয়াছে ও তজ্জন্য মাসে কি খরচ পড়িতেছে?

The Minister for Health:

(ক) দাশপুর ২নং উন্নয়ন এলাকার নিশ্চিন্তপুর উপ-স্বাস্থ্যকেন্দ্র এবং কেশিয়ারী উন্নয়ন এলাকার খাজরাডেড়ী উপস্বাস্থ্যকেন্দ্র।

(খ) নিশ্চিন্তপুর উপ-স্বাস্থ্যকেন্দ্রের গৃহনির্মাণ ২৩-৮-৬৫ এবং খাজরাডেড়ী উপস্বাস্থ্য-কেন্দ্রের গৃহনির্মাণ ২৯-৫-৬৫ তারিখে শেষ হইয়াছে।

(গ) মেডিক্যাল অফিসারের অভাবে।

(ঘ) স্বাস্থ্যকেন্দ্র দুটির জিনিসপত্র ও ঘরবাড়ি একজন পরিচারকের তত্ত্বাবধানে রাখা হইয়াছে এবং ঐ বাবদ মাসিক ৭৫ টাকা খরচ হইতেছে।

Registration of Allopathic and Ayurvedic practitioners

35. (Admitted question No. 94.)

শ্রীঅনন্তমোহন দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সময়ে কোন কলেজে অধ্যয়ন না করিয়া প্রাইভেট প্র্যাকটিশ করেন এইরূপ—
(১) এলোপ্যাথি চিকিৎসক, ও
(২) আয়ুর্বেদী চিকিৎসকগণ রেজিস্টার্ড বলিয়া গণ্য হইতে পারেন কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে এই সুযোগ কতদিন পর্যন্ত থাকিবে এবং রেজিস্ট্রেশনের জন্য প্রত্যেককে কত টাকা ফি দিতে হইবে?

The Minister for Health:

(ক) (১) বেঙ্গল মেডিক্যাল অ্যাক্ট, ১৯১৪-এর অন্তর্গত তফসীলে বর্ণিত যোগ্যতাবলী সম্পন্ন চিকিৎসকগণই শুধু রেজিস্টার্ড হইতে পারেন। কেবলমাত্র প্রাইভেট প্র্যাকটিশ এই যোগ্যতাবলীর অন্তর্ভুক্ত নয়।

(২) পশ্চিমবঙ্গ আয়ুর্বেদীক সিস্টেম অফ মেডিসিন অ্যাক্ট ১৯৬১ এর বিধান অনুযায়ী ঐ আইন কার্যকর হওয়ার পূর্বে যাঁহারা নিয়মিতভাবে অন্যূন দশ বৎসর যাবত প্রাইভেট প্রাকটিশ করিতেছিলেন, তাঁহারাই রেজিস্টার্ড হইবার অধিকারী ছিলেন।

(খ) অ্যালোপ্যাথি চিকিৎসকগণের ক্ষেত্রে প্রশ্ন উঠে না।

আয়ুর্বেদীয় চিকিৎসকদের ঐভাবে রেজিস্টার্ড হওয়ার জন্য আবেদন করার সময় আইনের বিধান অনুযায়ী ১৯৬৪ সালের ৩১এ মে তারিখে অতিক্রান্ত হইয়াছে। এই ক্ষেত্রে রেজিস্ট্রেসন বাবদ ফি লাগিত ২০ টাকা।

Wages of prisoners in different jails

36. (Admitted question No. 114.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—৩০-৯-৬৫ পর্যন্ত পশ্চিম বাংলার কোন্ কারাগারে কতজন অপরাধীর পারিশ্রমিক বাবত মোট কত পাওনা টাকা জমা রহিয়াছে এবং সেই টাকাগুলি কিভাবে রাখা হয় ও তাহার সুদ হয় কিনা?

The Minister for Home (Jails):

৩০-৯-৬৫ তারিখ পর্যন্ত পশ্চিম বাংলার নিম্নলিখিত কারাগুলিতে অপরাধীর পারিশ্রমিক বাবদ যে পাওনা টাকা জমা আছে তাহা প্রদত্ত হইল :

কারাগারের নাম	অপরাধীর সংখ্যা	পারিশ্রমিক বাবদ মোট পাওনা
		টাকা জমা।
১। প্রেসিডেন্সি (পৌর) কারা	৪০২	২৬,১১৫.০০
২। আলিপুর কেন্দ্রীয় কারা	১,০৫২	১,৪২,১২৯.৯৬
৩। দমদম কেন্দ্রীয় কারা	৪২৯	৩৭,৫৫৮.০৭
৪। মেদিনীপুর কেন্দ্রীয় কারা	৮৭৮	৮৪,৬০৩.৬৫
৫। বহরমপুর কেন্দ্রীয় কারা	১,০৩৭	৯১,৭২৫.৫০

উপরোক্ত টাকাগুলি ট্রেজারীতে 'রেভিনিউ ডিপোজিট' খাতে জমা রাখা হয় এবং উহার জন্য কোন সুদ পাওয়া যায় না।

Sale of surplus foodstuff in different jails

37. (Admitted question No. 115.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪, ১৯৬৪-৬৫ সালে কোন্ কোন্ জেলের উদ্বৃত্ত ভাত, ডাল, তরকারী বিক্রয় করিয়া কত টাকা সরকারের আয় হইয়াছে; এবং

(খ) কি পদ্ধতিতে ঐ সমস্ত উদ্বৃত্ত খাদ্য বিক্রয় করা হয়?

The Minister for Home (Jails):

(ক) প্রয়োজনীয় তথ্যাদি একটি পৃথক বিবরণীতে প্রদত্ত হইল।

(খ) টেন্ডার বা কোটেশন আহ্বান করিয়া দর দাতাদের সর্বোচ্চ দর গ্রহণ করা হইয়া থাকে।

Statement referred to in repply to clause (ka) of unstarred question No. 37.

বিবরণী

কারাগারের নাম	আয়		
	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
	টাকা	টাকা	টাকা
প্রেসিডেন্সী (পৌর) কারা	৪ ৫০৪·০৬	৩ ০৫৩·৮৪	৮ ৪৩১·০০
আলিপুর কেন্দ্রীয় কারা	৩৮২·১৪	৫ ৫৮০·৯৪	১৩ ৭৩৪·৬৯
আলিপুর বিশেষ কারা	৫৯৫·০০	৮২৪·০০	৮৩৪·০০
দমদম কেন্দ্রীয় কারা	১,৮০০·০০	১ ৫৭৫·০০	১,৩৮০·০০
মেদিনীপুর কেন্দ্রীয় কারা	১,৮২৭ ৭৪	১,১২৮·০০	৩,০৮৩·৬১
কুচবিহার জেলা কারা	..	..	৫০·০০
হুগলী জেলা কারা	..	..	১২৫·০০
কৃষ্ণনগর জেল কারা	১১৭·০০	১০০·০০	৭৭·০০

Seizure of intoxicants and arrests made in that connection

38. (Admitted question No. 135.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩-৬৪, ১৯৬৪-৬৫ এবং ১৯৬৫ সালের ১৫ই অগাস্টের মধ্যে কোন্ জেলায় কতজন মহিলা—

(১) চোরাই মদ সহ ধরা পড়িয়াছে এবং উক্ত মদের পরিমাণ কত;

(২) চোরাই গাঁজা সহ ধরা পড়িয়াছে এবং উক্ত গাঁজার পরিমাণ কত;

(৩) চোরাই সিদ্ধি সহ ধরা পড়িয়াছে এবং উক্ত সিদ্ধির পরিমাণ কত; এবং

(৪) চোরাই আফিং সহ ধরা পড়িয়াছে এবং উক্ত আফিং-এর পরিমাণ কত; এবং

(খ) ঐ সমস্ত অপরাধে জড়িত মহিলার কতজনের কি ধরনের শাস্তি হইয়াছে?

The Minister for Excise:

(ক) ও (খ) চোরাই মদ, গাঁজা, সিদ্ধি, আফিং প্রভৃতি সংক্রান্ত অপরাধে জড়িত মহিলাগণের সংখ্যা এবং তাহাদের নিকট হইতে প্রাপ্ত এই সকল বস্তুর পরিমাণের জেলাওয়ারী কোন হিসাব রাখা হয় না। এই কারণে এই হিসাব দেওয়া সম্ভব নহে। এই সময়ে এইসব অপরাধে জড়িত মোট ব্যক্তিদের (পুরুষ ও মহিলা) সংখ্যা এবং আটক দ্রব্যের মোট পরিমাণের হিসাব এতৎসহ একটি বিবরণীতে দেওয়া হইল।

Statement referred to in reply to unstarred question No. 38.

বিবরণী

চোরাই আবগারী দ্রব্যের অপরাধে জড়িত ব্যক্তির (পুরুষ ও মহিলা) সংখ্যা এবং আটক চোরাই আবগারী দ্রব্যের পরিমাণ

সময়কাল	দেশী মদ		গাঁজা		সিদ্ধি		আফিং	
	অপরাধী ব্যক্তিদের সংখ্যা	আটক দ্রব্যের পরিমাণ লিটার	অপরাধী ব্যক্তিদের সংখ্যা	আটক দ্রব্যের পরিমাণ (কিলো গ্রাম)	অপরাধী ব্যক্তিদের সংখ্যা	আটক দ্রব্যের পরিমাণ (কিলো গ্রাম)	অপরাধী ব্যক্তিদের সংখ্যা	আটক দ্রব্যের পরিমাণ (কিলোগ্রাম)
১৯৬৩-৬৪ ..	২৫,১২৬	হিসাব পাওয়া যায় নাই	৩,৬৩৫	৪,৮০৪.২০৮	২২০	১,২৪২.৪০৬	৫৭১	১৩৮.৬২০
১৯৬৪-৬৫ ..	২৩,৪৫৮	ঐ	২,৮২৯	২,৪৬৩.৬৮১	২১২	১,০৮২.৭৩৫	৫৬০	২৮৯.৯৪৮
১লা এপ্রিল হইতে ৩০শে জুন ১৯৬৫ পর্যন্ত	৬,৩২১	ঐ	৭৬১	২,৩৩১.৬৯১	৭৬	৫৬৪.০৩২	১৩০	৯৮.৪২৪

[2—2-10 p.m.]

Adjournment Motion

Mr. Speaker: I have received one notice of adjournment motion from Shri Sambhu Charan Ghosh on the subject of smuggling of rice from Howrah district. I have withheld consent.

(Reading of adjournment motions on which consent withheld, not to be taken as precedent.)

Shri Sambhu Charan Ghosh:

মিঃ স্পীকার, স্যার, আপনি এর আগে যে সব মুলতুবি প্রস্তাব এসেছে কন্সেন্ট উইথহেল্ড করলেও সেগুলি অন্ততঃ হাউসে পড়বার সুযোগ দিয়েছেন। আমি আপনার কাছে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে মুলতুবি প্রস্তাব এনেছি। আমি অন্ততঃ আশা করেছিলাম যে বিষয়টা নিশ্চয়ই অবগত আছেন—অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, এবং শুধু পড়া নয় এটা আলোচনা করার আপনি সুযোগ দেবেন।

Mr. Speaker:

মিঃ ঘোষ, রুলস-এ দেওয়া আছে আপনাদের পড়বার অধিকার নেই।

Speaker may read the notice of motion

আমি আপনাদের একদিন হয়ত কোন স্পেশাল সার্কমাসট্যানসেসে আপনাদের স্পেশাল রিকোয়েষ্টএ একদিন বা ততধিক এ্যাকোমোডেট হয়ত করে থাকতে পারি কিন্তু দ্যাট ক্যান নট ক্রিয়েট এ প্রিসিডেন্ট এবং যখন আপনারা এটা প্রিসিডেন্ট করতে চাইছেন তখন আমার কর্তব্য হচ্ছে আননেসেসারিলি রুলসের বাইরে যাতে প্রিসিডেন্ট না হয় সেটা দেখা। কালকে যখন ১৯টি মোশন ছিল আমি ১৯টি মোশন পড়তে দিয়েছিলাম। শুধু গত কাল নয়, এর আগে.....

Shri Sambhu Charan Ghosh:

আমি গত কালকের কথা বলিনি, আমি বলছি একটু শুনে নিন এর আগে মুলতুবি প্রস্তাব যখন এনেছি.....

Mr. Speaker:

গত সেসনের আগের সেসনে একদিনও পড়তে দেওয়া হয়নি, তারপরে গত সেসানে দু'একদিন স্পেশাল রিকোয়েষ্টে পড়তে দেওয়া হয়েছিল। কালকেও আমি বলেছিলাম.....

Shri Sambhu Charan Ghosh:

গত সেসনে এই প্রেশ্নের উপর মাননীয় সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র যখন আপনার কাছে বলেছিলেন তারপর থেকে আমরা আজ পর্যন্ত প্রতিটি অকেশনে এই সুযোগ পেয়েছি। আমি বুঝতে পারছিনা এই বিষয়ে আপনি পড়তে দেবার অনুমতি দিচ্ছেন না কেন? গতকাল যুগান্তরে ঘটনাটা বেরিয়েছে, একজন কংগ্রেসী এম, এল, এ, যিনি দু' হাজার কুইন্টল চাল পাকিস্থানে পাচার করেছেন, সে সম্পর্কে একটা মুলতুবি প্রস্তাব আমি আনতে চেষ্টা করছি কিন্তু আমাকে পড়তেও অনুমতি দিচ্ছেন না। আমি আপনার কাছে অনুরোধ করবো এর আগে যেমন কালকেও ১৯টি প্রস্তাব পড়তে দিয়েছেন তেমনি এটাও পড়তে দেবেন। গত কাল যুগান্তরে যে সংবাদ বেরিয়েছে তাতে সেই এলাকার জনসাধারণের মধ্যে অত্যন্ত চাঞ্চল্যের সৃষ্টি হয়েএে। তারা চায় এই সম্বন্ধে বিধান সভায় সরকার পক্ষ তাঁদের বক্তব্য বলুন। আমি আপনাকে অনুরোধ করবো সেই সুযোগটা আমাকে দিন, আমি এই মুলতুবি প্রস্তাবটা হাউসের সামনে পড়ি।

Mr. Speaker:

মিঃ ঘোষ, ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ সালে একদিনও একটা এ্যাডজোর্নমেন্ট মোশনও পড়তে দেওয়া হয়নি, ওনলি গত সেসনে একদিন তাও আপনাদের স্পেশাল রিকোয়েষ্টে দেওয়া হয়েছিল এবং রুলস্ বলছে

hat Speaker may in a special circumstance read the motion.

আপনারা যদি একটা কনভেনশন ক্রিয়েট করতে চান রুলসের বারইরে অনর্থক সেটা এ্যালাউ করা উচিত নয় বলে আজকে আপনাকে পড়তে দিলামনা। আপনি যখন বললেন এ্যাডজোর্নমেন্ট মোশন ইমপর্টেন্ট ম্যাটারের উপর সেটা পড়তে দেওয়া দরকার কারণ যুগান্তরে বেরিয়েছে তাই যদি তাহলে মিঃ ঘোষ, এ্যাজ এ মেম্বার অব দি হাউস আপনি আশা করি আমাকে এ্যালাউ করবেন রুলস্টা অবজার্ভ করা উচিত। যেটা কাগজে বেরিয়েছে সেটা এ্যাডজোর্নমেন্ট মোশন করে রুলসের বাইরে রিড করা কি উচিত হবে?

Shri Sambhu Charan Ghosh:

স্যার, আপনার কাছে রাখছি কালকে যে সংবাদ বেরিয়েছে সেটা বড় কথা নয়। আপনি যখন এর আগে এ্যালাউ করেছিলেন তখন উত্তর প্রদেশের বিধান সভার নজীর এখানে উপস্থিত করেছিলেন, সেই পয়েন্ট অব অর্ডার এখানে দিয়েছিলেন এ্যাডজোর্নমেন্ট মোশন এখানে পড়বার জন্য সদস্যদের এ্যালাউ করবেন। তারপর থেকেই যে সুযোগ দিয়ে এসেছেন আজকে কোন কারণে সেই সুযোগ থেকে আমাকে বঞ্চিত করছেন রুলসের নজীর দিয়ে? আমি আপনাকে অনুরোধ করবো জনস্বার্থের খাতিরে আমাদের যে সুযোগ দিয়েছেন, ইউ কাইন্ড এনাফ, সেই সুযোগ দিয়ে আমাকে পড়বার অনুমতি দেবেন।

Mr. Speaker:

যখন প্রয়োজন হবে, যখন স্পেশাল রিকেয়েষ্ট হবে, রুলমাফিক আমি নোটিশটা পড়ে দেবো যেমন কালকে দিয়েছিলাম। আই উড রিকোয়েষ্ট ইউ মিঃ ঘোষ, আপনাদের রুল কমিটি কল করে

I would rather request the Hon'ble members to amend the rule.

Shri Sambhu Charan Ghosh:

আমি আপনার কাছে অনুরোধ করছি যদি আমাকে সেই সুযোগ না দেন অন্ততঃ আপনি আপুনার চেয়ার থেকে এই মুলতুবি প্রস্তাবটা পড়ে দিন।

Mr. Speaker: But I will read it provided you will agree that it will not be made a convention and to-morrow I might not have to hear from you that because I am reading it to-day why shall I not allow next day. If you give me that assurance that you will never do it and that this should not be taken as a convention, certainly, Mr. Ghosh, I will keep your request and read the notice of your adjournment motion.

Shri Kamal Kanti Guha:

এখানে প্রশ্ন হচ্ছে মুলতুবি প্রস্তাব সম্বন্ধে এটা আমরা দেখেছি যে আমরা সেই সুযোগ পাইনি। পশ্চিমবঙ্গ বিধান সভায় এই সুযোগ দেওয়া হয়নি। কালকে আপনার ঘরে যেটা আলোচনা হল, আপনি বললেন যে খাদ্য বিতর্কে দু' দিন দেওয়া হচ্ছে এবং তখন আপনি বললেন যে এটা শেষ হয়ে গেল। আমরা বললাম শেষ হলনা, আমরা যে অ্যাডজোর্নমেন্ট মোশন এনেছি এটা পড়ে দেবার পর তবে শেষ হয়ে যাবে এবং তাতে আপনি রাজী হলেন। কালকে স্পেশশাল রিকোয়েষ্ট করা হয়নি।

Mr. Speaker:

স্পেশাল রিকোয়েস্ট নয়, কালকে আমার ঘরে যে ডিসকাশন হয়েছিল তখন সেটা may be a request from me, may be a request from you. আর আগেরগুলি যেটা বললাম ১৯৬২, '৬৩ '৬৪ সাল সেই সময়ে, মিঃ গুহ, আপনি এখানে আছেন অনেক দিন থেকে, আপনি জানেন যে, একদিনও পড়া হয়নি। যা হোক

as requested by Mr. Ghosh আমি পড়ে দিচ্ছি, but it must not be taken as a convention when the rule is there. Of course, you can always change the rule.

বুধবার ৩রা নবেম্বর আমি নিম্নলিখিত মুলতুবি প্রস্তাব উত্থাপন করতে চাইঃ গত ২রা নবেম্বর যুগান্তর পত্রিকায় প্রকাশ, সারা পশ্চিমবাংলায় চালের অভাবে যখন তীব্র খাদ্য সংকট দেখা দিয়াছে, তখনই এই রাজ্যের সবচেয়ে ঘাটতি জেলা হাওড়ার এক অঞ্চল থেকে দু হাজার কুইনটালের বেশী চাল খাদ্য দপ্তরের একজন অফিসার, একজন কংগ্রেসী এম, এল, এ এবং এস, ডি, ও-র যোগসাজসে পাচার হয়ে গেছে। এই চাল পাচারের সংবাদ পেয়ে হাওড়ার জেলা ম্যাজিস্ট্রেট, খাদ্য দপ্তরের উচ্চ পদস্থ অফিসাররা লাফালাফি সুরু করেছেন। সন্দেহ করা হচ্ছে, অধিকাংশ চালই নদীপথে পাকিস্থানে চলে গেছে। এই বিষয়টি আলোচনা করিবার জন্য সভা মুলতুবী রাখিবার প্রস্তাব করিতেছি।

Shri Sailendra Nath Adhikary:

স্পীকার মহোদয়, আমার একটা স্যামিসন আছে, এই মোসনের মুলতুবী প্রস্তাবের শেষ পোরসনে সেটা দেখা গেল—শুধু শুধু চাল পাচারের ব্যাপার নয়, এটা রাষ্ট্রের নিরাপত্তার ব্যাপার। সেখানে কি আপনার কাছে আমরা এই অনুরোধ রাখতে পারি না যে এই মুলতুবী প্রস্তাবটা আপনি পুনর্বিবেচনা করে আপনি গ্রাহ্য করুন—কেন না এটা দেশ রক্ষার প্রশ্ন এবং একজন মাননীয় সদস্যকে এর মধ্যে জড়িত করা হয়েছে। তাঁকে আমরা দেখতে চাই যে তিনি কে—হু ইজ দ্যাট ম্যান—যিনি এইভাবে দেশের সর্বনাশ করছেন।

Mr. Speaker: Mr. Adhikary, I have given my decision. Please take your seat.

(Noise and interruptions)

Shri Sambhu Charan Ghosh:

স্পীকার মহাশয়, আপনি যখন এটা পড়ে দিয়েছেন এবং আপনি যখন এটাকে উইথহেল্ড করেছেন তখন আমরা নিশ্চয় এটুকু করতে পারি যে এই রকম একটা গুরুত্বপূর্ণ প্রস্তার আলোচনা করবার সুযোগ আপনি যদি না দেন।তাহলেও একজন কংগ্রেসী সদস্য যিনি চোরাগোপ্তাভাবে ২ হাজার কুইনটল চাল আমাদের দেশ থেকে পাকিস্তানে পাচার করেছেন—সে সম্পর্কে আমাদের জানবার অধিকার আছে—সেই অঞ্চলের মানুষ এসে আমাদের কাছে সরকারের বক্তব্য জানতে চাচ্ছে। কাজেই সরকারের পক্ষ থেকে এ বিষয়ে আমাদের জানানো হোক যে শ্যামপুরের কংগ্রেসী এম, এল, এ শ্রীমুরারী মোহন মান্না ২ হাজার কুইনটল চাল হাওড়া জেলা ঘাটতি এলাকা থেকে পাকিস্তানে পাচার করেছেন--আমি তাঁকে চ্যালেঞ্জ করছি যদি এর মধ্যে অসত্যতা থাকে তাহলে তিনি প্রিভিলেজ কমিটিতে চলুন। তাই আমি বলতে চাই একজন কংগ্রেসী সদস্য তিনি এই হাউসের মর্যাদা ক্ষুন্ন করছেন। সুতরাং স্পীকার মহোদয়, এটা একটা গুরুত্বপূর্ণ ঘটনা বলে আমি আপনাকে অনুরোধ করবো যে রকীর পক্ষ থেকে অন্ততঃ এই ব্যাপারে তাঁদের বক্তব্য রাখবার জন্য আপনি তাঁদের অনুরোধ করুন।

Mr. Speaker: Mr. Ghosh, please take your seat.

Shri Hemanta Kumar Basu:

স্পীকার মহোদয়.....

Mr. Speaker: Mr. Bose, you are the leader of the Group. You are one of the oldest members of the House. I will hear you. It is the duty of the Chair.

মিঃ বোস, আপনি যখন উঠেছেন তখন নিশ্চয় আপনার কথা আমি শুনবো—কিন্তু এটা কি আপনি অনুমোদন করবেন যে আমি যখন অনবরত ওনাকে বলছি যে উনি চুপ করে বসুন তারপরেও কি উনি বলবেন এটা যদি অনুমোদন করেন তাহলে অবশ্য আমি আপনার কাছ থেকে পার্লামেন্টারী প্রাকটিস জেনে নেবো। এইভাবে আমি অনবরত বলেছি যে মিঃ ঘোষ বসুন—এবং তিনি অনেক যুক্তি দিয়ে আমাকে পড়বার কথা বলবার পর আমি সেটা পড়েও দিয়েছি। এবার আপনি বলুন।

Shri Hemanta Kumar Basu:

স্যার, এই চাল পাচারের ব্যাপারটা খুব গুরুতর ব্যাপার। সেদিন আমাদের মুখ্য মন্ত্রী ফুলিয়ায় গিয়েছিলেন তাঁর চোখের সামনে দিয়ে চাল পাচার হচ্ছিল তাতে তিনি এত বিরক্ত হলেন যে তিনি বল্লেন ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট এবং অন্যান্য অফিসারদের যে এর ডিমোসন হবে। এই যে মূলতুবী প্রস্তাব তা আপনি নিজে পড়ে দিয়েছেন। আপনি এলাউ করেন নি—আপনার দিক থেকে আপনি ঠিক করেছেন.....

Mr. Speaker:

মিঃ বোস, কালকে আপনাদের ডিসকাসন আছে সার্টেনলী আপনি সব জিনিস বলবেন।

Shri Hemanta Kumar Basu:

স্যার, এসেম্বলীর একজন সদস্য এর সঙ্গে যুক্ত। কাজেই মন্ত্রীদের পক্ষ থেকে এ বিষয়ে পরিষ্কার জানিয়ে দেওয়া দরকার যে, এ সম্বন্ধে তাঁদের কি বক্তব্য এবং এ সম্পর্কে তাঁরা কি করেছেন।

(গোলমাল)

Personal Explanation.

Shri Murari Mohan Manna:

অন এ পয়েন্ট অব পারসোন্যাল এক্সপ্ল্যানেসন স্যার, আজকে এখানে যে প্রশ্ন উঠেছে একটা ভুল তথ্যের উপর ভিত্তি করে এই সংবাদ সরবরাহ করা হয়েছে। হাওড়া জেলা থেকে ৭০৮ কুইনটল চাল জেলেরা তাদের নিজেদের চাল নিয়ে দীঘাতে গেছে এবং কর্ডনের ফলে যেতে অসুবিধা হবে বলে তারা মুভমেন্ট পারমিট নিয়েছে। তারা দীঘাতে চার মাস মাছ ধরে এবং সেই চার মাস তাদের সেখানে থাকতে হয়—সেইজন্য তারা তাদের নিজেদের চাল নিয়ে যাবার জন্য মুভমেন্ট পারমিট নিয়েছে। সরকারী কোন পারমিট নেয় নি। এবং আজও তারা দীঘাতে মাছ ধরছে, তদন্ত করলে এটা জানা যাবে। এতে আমার নাম যে জড়িত করা হয়েছে- এর সঙ্গে আমার কোন সম্পর্ক নেই।

(গোলমাল)

Shri Anadi Das:

স্যার, এই ব্যাপারে ফুড কমিশনারকে ফোন করা হয়েছে। ফুড কমিশনার বলেন যে ম্যাজিষ্ট্রেটের কাছে তিনি এই খবরটা পেয়েছেন এবং একজন এনকোয়ারী করবার জন্য লোক পাঠানো হয়েছে।

এই রকম অবস্থায় সমস্ত মেম্বাররা অত্যন্ত উৎকণ্ঠিত হয়ে আছেন অনুসন্ধানের ফল জানবার জন্য। কারণ এই হাউসের একজন অনারেবল মেম্বারের নাম এর সঙ্গে জড়িত আছে। মুখ্যমন্ত্রী এটা জানেন। তিনি ফুড কমিশনারকে ফোন করেছিলেন—তারফল কি হোল আমরা জানতে চাই। কাজেই আমি আশা করবো আপনি এটা আলোচনা করবার সুযোগ দেবেন।

[2-10—2-20 p.m.]

Shri Kamal Kanti Guha:

আমার কয়েকটী কথা বলার আছে। উনি উঠছেন কেন?

(নয়েজ)

Shri Khagendra Nath Das Gupta:

আগামী কাল ফুড ডিবেট হবে.....

(নয়েজ)

Point of Privilege

Shri Nikhil Das: Over Point of Privilege, Sir,

আমার কথাটী অত্যন্ত সহজ এবং পরিষ্কার। বিধান সভার সদস্য—কংগ্রেসী হোক বা বিরোধী দলের হোক—একজনের কথা খবরের কাগজে বেরিয়েছে এবং তার উপর একজন মাননীয় সদস্য বলছেন যে এই হাউসের একজন সভ্য চাল পাচারের ব্যাপারে জড়িত আছেন। এখন বিধান সভা চলছে। এই সময় একজন সদস্য সম্পর্কে ঐ চাল পাচার সম্পর্কে খবরের কাগজে ওপেনলি বেরিয়েছে। সুতরাং আমি আবেদন করবো সরকার পক্ষ থেকে বিধান সভার সকল দলের লোক নিয়ে একটা কমিটি, করে তদন্ত করা হোক এবং তার রিপোর্ট বিধান সভায় দেওয়া হোক। এ ব্যাপারটা বিধান সভার প্রত্যেক সদস্যের মর্যাদার সঙ্গে জড়িত। এবং তিনি বললেন এ রকম ধারা নাকি একটা পারমিট নিয়েছিলেন? অনাদি বাবু বললেন ডি এম পারমিট দিয়েছিলেন। যা হোক না কেন পাকিস্তানে চাল পাচার হয়েছে এবং বিধান সভা চলাকালীন বিধান সভার একজন সদস্য সম্পর্কে একটী প্রশ্ন যখন উঠেছে তখন আপনার কাছে আবেদন করছি যে আপনি এটা এ্যালাউ করুন যে বিধান সভার বিভিন্ন দল নিয়ে একটি কমিটি হোক এবং তারা দেখুক অভিযোগ সত্য কিনা যে অভিযোগ উঠেছে, এবং তিনি তা অস্বীকারও করেছেন তখন এটা আপনি প্রিভিলেজ কমিটিতে দিতে পারেন। প্রিভিলেজ কমিটি বিচার করে দেখবেন এটা সত্য কিনা।

Shri Khagendra Nath Das Gupta:

যুগান্তর কাগজে যে সংবাদ বেরিয়েছে সে সম্পর্কে সরকার পক্ষ থেকে তদন্ত করা হচ্ছে।

Shri Kashi Kanta Maitra:

অন দি পয়েন্ট অব অর্ডার, খগেন বাবু কিসের জবাব দিচ্ছেন?

Mr. Speaker:

জবাব কাহারই দেবার অধিকার নেই। মাননীয় সদস্য একটি অধিকারগত প্রশ্ন তুলেছেন এবং আমি তার জবাব দিচ্ছি।

Shri Khagendra Nath Das Gupta:

অধিকারগত প্রশ্ন সম্পর্কে আমি একটা কথা নিবেদন করতে চাই।

Shri Kashi Kanta Maitra: How does he come into the picture at all?

Mr. Speaker:
তিনি যে পয়েন্ট তুলেছেন সেটার আমি জবাব দেবো।

Mr. Speaker: Privilege এর উপরই বলছেন।

Shri Khagendra Nath Das Cupta:
এই সম্পর্কে রুলিং দেবার আগে আমি দু একটী কথা বলছি প্রিভিলেজগত প্রশ্ন সম্পর্কে। আমাদের একজন মাননীয় সদস্য সম্পর্কে গুরুতর অভিযোগ করেছেন। আমার আপনার কাছে নিবেদন হচ্ছে যে এটা প্রিভিলেজ কমিটিতে দেওয়া হোক। প্রিভিলেজ কমিটি যদি দেখে যে আমাদের মাননীয় সদস্যের বিরুদ্ধে অভিযোগ অসত্য তাহলে শম্ভু ঘোষ মহাশয় পদত্যাগ করবেন কিনা সেটা আমি জানতে চাই?

(গোলমাল)

[Shri Sunil Das Gupta rose to Speak]

Mr. Speaker: Mr. Das Gupta, please take your seat.

Shri Bejoy Kumar Banerjee: Sir, the charge is very very serious. Why was the member allowed to enter the House? This is a serious charge against him. In the fitness of things may I request you to consider whether you would suspend him.

(গোলমাল)

আমি বলছি যে এটা একটা গুরুতর অভিযোগ, তখন আমি বলছি যে প্রিভিলেজ কমিটি এষ্টিমেট কমিটির ধার আমি ধারি না। আমি চাই সমস্ত কাজ সাসপেন্ড রেখে এটা এ হাউসে বিচার হোক তানাহলে খবরের কাগজে এ সব কথা লিখেছে কেন তা জানতে পাচ্ছি না। আজকে মিলিটারি কোর্ট হলে এটা একটা কোর্ট মার্সাল হয়ে যেত।

Shri Sailendra Nath Adhikary:
আমার একটী পয়েন্ট অব অর্ডার আছে সেটা শুনুন।

Mr. Speaker:
পয়েন্ট অব প্রিভিলেজ শেষ হবার পর আপনি দয়া করে পয়েন্ট অব অর্ডার তুলে বলবেন।

Shri Sailendra Nath Adhikary:
আমার এর উপর কিছু বক্তব্য আছে।

Shri Kamal Kanti Guha:
আমরা রাজী আছি এটা প্রিভিলেজ কমিটিতে পাঠানো হোক কিন্তু কালকের ঘটনা স্মরজিৎ বাবুকে নিয়ে যেটা হয়েছে সেটাও যেন প্রিভিলেজ কমিটিতে পাঠান হয়।

[2-20—2-30 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, সে সম্পর্কে আমি বলতে চাই, এই সভার ডেপুটি লিডার খগেন বাবু এই ব্যাপারটা প্রিভিলেজ কমিটিতে পাঠানর কথা সমর্থন করেছেন। আমিও আপনাকে অনুরোধ করছি যাতে এটা প্রিভিলেজ কমিটিতে যায়। আমি মনে করি এই হাউসের কোন সদস্যের নামটা পাকিস্থানে চাল পাচারের ব্যাপারের সাথে যদি জড়িত করা হয়, তারচেয়ে গর্হিত কাজ আর কিছু হতে পারে না। আগে এই বিষয়টি প্রিভিলেজ কমিটিতে পাঠান হোক, এবং সেখানে, প্রিভিলেজ কমিটিতে বিচার করে দেখা যাবে যে সমস্ত ঘটনাটি কি? কি ভাবে আমাদের ইজ্জৎ রক্ষা করতে পারি, তা চিন্তা করা উচিত। এটা অত্যন্ত লজ্জার কথা, যে আজকে পাকিস্থানে চাল পাচারের ব্যাপারে এখানকার কোন এক মাননীয় সদস্যের নাম জড়িত হয়ে আছে। মাননীয় সদস্য মুরারী মোহন মান্না, তিনি পার্সোন্যাল এক্সপ্লানেসন দিতে গিয়ে, স্বীকার করেছেন যে দু-হাজার কুইন্টাল নয়, ছয়শো কুইন্টাল চাল দেবার জন্য সুপারিশ করেন, যারা বঙ্গোপসাগরে মাছ ধরতে যায় তাদের জন্য। কারা সেখানে মাছ ধরতে যায়, সেটা দেখা, হোক।

Shri Saila Kumar Mukherjee: Both Opposition Leaders and the Government side agree that it is one of the most reckless charges. So it is a matter for the Privilege Committee.

Mr. Speaker: I have to see whether it is within the jurisdiction of the Privilege Committee.

Shri Saila Kumar Mukherjee: Of course, the Speaker will decide it.

Shri Kashi Kanta Maitra:

অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আজকে মাননীয় সদস্য শম্ভু ঘোষ মহাশয় আপনার কাছে অনুমতি নিয়ে যেটা করবার জন্য চেয়েছিলেন, সেটা আপনি অনুগ্রহ করে তাঁকে পড়তে দিয়েছেন। (Noise and interruption). Now I realise where the shoe pinches.

স্যার, আমি আপনার কাছে পার্লামেন্টের একটা প্রিসিডেন্ট রাখতে চাচ্ছি। এই রকম একটা অভিযোগ যখন হাউসে এসেছে, এই অভিযোগ সত্য হলে, আমাদের লজ্জার কথা। আমাদের হাউসের একজন সদস্যকে আমাদের মধ্যে পেয়েছি, যিনি এইভাবে দারুণ অভিযোগে অভিযুক্ত হতে চলেছেন। আপনার হয়ত মনে আছে গত পার্লামেন্টের সেসন-এ, তৈল ও জ্বালানী দপ্তরের মন্ত্রী, অধ্যাপক হুমায়ুন কবীরের বিরুদ্ধে, নির্দলীয় সদস্য, মাননীয় প্রকাশবীর শাস্ত্রী একটা অভিযোগ করেন, তাতে তিনি বলেন অধ্যাপক হুমায়ুন কবীর জামিয়েৎ উল উলেমা ও ওয়াকফি ফান্ড-এর টাকা ইউটিলাইজ করেছেন পলিটিক্যাল রাইটর্স, পলিটিক্যাল ইন্টারেষ্ট ফুলফিল করবার জন্যে। এই সিরিয়াস্ এলিগেসন যখন করা হয়, যখন এই অভিযোগ করা হয়, তখন সেখানে কেন্দ্রীয় মন্ত্রী দাঁড়িয়ে উঠে সেটা রিফুট করেন, অস্বীকার করেন, এবং প্রধান মন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী পার্লামেন্টের ফ্লোরে দাঁড়িয়ে বলেন এ অভিযোগ সত্য নয়। তখন শ্রীপ্রকাশবীর শাস্ত্রী তাঁর কাগজপত্র বের করে ওয়েভ করতে থাকেন।

He waved sheets of paper to show that the allegation is borne out by recorded documents and news paper reports.

যে সব খবরের কাগজে এই রিপোর্ট প্রকাশিত হয়েছে, সেই সব কাগজ দেখুন, তাতে অধ্যাপক কবীরের নাম আছে। কবীর যেসব মিটিং-এ যোগ দিয়েছেন কাগজে সেই সমস্ত তথ্য এবং সংবাদ পরিবেশিত হবার পর কবীর

Did not take any step to repudiate the insinuation made in the press reports.

যখন এই অভিযোগ এল তখন পজিসন হোল পার্লামেন্ট-এর কাছে স্পীকার-এর সামনে এল

সেটা ওথ এগেন্সট ওথ। সেখানে স্পীকার-এর দায়িত্ব কি হোল সেটা আমরা দেখলাম। সেখানে একটা নূতন নজীর আমাদের কাছে প্রতিষ্ঠিত হোল। যদিও পার্লামেন্ট-এ সেদিন প্রাইম মিনিস্টার নিজে দাঁড়িয়ে বলেছিলেন, আমি মনে করি যে, প্রকাশবীর শাস্ত্রীর এই রকম অভিযোগ আনা উচিত হয়নি। তিনি আমাকে ব্যক্তিগতভাবে আমার চেম্বারে গিয়ে বলতে পারতেন। এই রকম দায়িত্বসম্পন্ন নেতার এই কথা বলা সত্বেও স্পীকার সেদিন চুপ করে থাকেন নাই। স্পীকার সেদিন বলেছিলেন যে, আমি সমস্ত ব্যাপারটা একটা এনকোয়ারীর জন্য প্রিভিলেজ কমিটিতে পাঠাচ্ছি। আজকে এই হাউসে আপনি দেখুন যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকা দুটো কংগ্রেসেরই কাগজ, বিরোধীদলের কাগজ নয়।

(গোলমাল) এ ভয়েসঃ—কোশ্চেন, কোশ্চেন।

ওঁরা স্যার, এত উত্তেজিত হচ্ছেন কেন জানিনা। ওঁদের তো গল্ডারের চামড়া। এত উত্তেজিত হবার কোন কারণ তো বুঝিনা। আমরা ইতিপূর্বে বহু অভিযোগ করেছি, কই তখন তো ওঁদের গায়ে লাগেনি। অতএব আমি আপনাকে বলছি, আপনি শুনুন

(গোলমাল)

Mr. Speaker:

মিঃ মৈত্র, এবারে আপনি বসুন। আপনি যেটা বললেন আমি তার রুলিং দিয়ে দিচ্ছি। কাগজে কি রিপোর্টেড হয়েছে আমি জানিনা।

I will look into the actual papers of the Lok Sabha, and I reserve my ruling on this point.

Shri Kashi Kanta Maitra:

স্যার, আপনার রুলিং আগামী কাল ফুড ডিবেট আরম্ভ হবার আগে যদি দেন তাহলে ভাল হয়। তার কারণ আমি বলেছি আগামীকাল ফুড ডিবেট হবে।

Out of respect for constitutional principles, if the matter is in seisin of the Speaker, and if the matter remains in your custody and a decision is to be awaited, possibly, out of regard for constitutional propriety and dignity of the House, we cannot refer to this matter in tomorrow's debate.

Mr. Speaker: There cannot be any bar to your bringing in this matter in tomorrow's debate. আপনার প্রিভিলেজের জবাব আমি দেব।

Shri Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার স্যার, এই সিচুয়েসন-এর গ্রাভিটি সম্পর্কে বিবেচনা করে নিশ্চয়ই আপনি এটা প্রিভিলেজ কমিটিতে দেবেন এবং কনসিডার করবেন। কারণ ব্যাপারটি কাগজে বেরিয়েছে।

Mr. Speaker:

মিঃ মজুমদার, আপনি একজন লইয়ার। কাগজে রিপোর্ট বেরিয়েছে বলে আমি আপনাদের এই পয়েন্ট-এ না দেখেশুনে কিছু ডিসিসন দিতে পরিনা।

I have to look into the papers of the proceedings of the Lok Sabha.

Shri Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার স্যার, যেটা মাননীয় সদস্য শম্ভু ঘোষ মহাশয় তুলেছেন আমি সেটার সম্পর্কে একটু আপনাকে নিবেদন করছি যে, জিনিসটা যেভাবে হয়েছে উনি সেইভাবে দু-হাজার কুইনটাল চালের কথা অস্বীকার করছেন। অবশ্য আমি নিজের চোখে যেটুকু দেখেছি, আমি জানি কতগুলি

পার্মিট যা ইস্যু হয়েছে সেই পার্মিটগুলো যে ইস্যু করেছে তার পাওয়ার নেই ইস্যু করবার। এই চালগুলো নামখানার ভেতর দিয়ে নিয়ে যাবার চেষ্টা হয়েছে নৌকা যোগে। প্রায় ৮০ খানা পার্মিট, সেই পার্মিটগুলো আমি নিজের চোখে দেখেছি এবং সেই পার্মিট-এর বলে এখান থেকে চাল যখন হাওড়া কর্মাশ্লটলী ড্রাই, যখন হাওড়া ফেসিং ফেমিন সেই সময় শ্যামপুর থেকে মুরারীবাবুর রিকমেন্ডেসন-এ যাদের যাদের পার্মিট দেওয়া হয়েছে তাদের অধিকাংশ লোকই কারখানায় কাজ করে এবং তারা ওঁর নিজের লোক। তার কেউই জেলে নয় এটা আমি জানি। সেই পার্মিট-এর মধ্যে লেখা আছে, যে তারা সব জেলে। আমি স্যার, চ্যালেঞ্জ দিচ্ছি, আমি সেই পার্মিট নিজের চোখে দেখেছি। সেই পার্মিটের মধ্যে একথা লেখা নেই যে তারা জেলে, সেই পার্মিটের মধ্যে লেখা আছে তাদের নিজেদের এগ্রিকালচারাল প্রোডাক্ট এবং যে এনকোয়ারী করা হয়েছে এখন পর্যন্ত দেখাগেছে সেই নৌকা করে মাঝি যারা নিয়ে গেছে তারা কেউই নৌকার মালিক নয়, জেলেও নয়। তাদের নৌকাও নয়, তাদের এগ্রিকালচারাল প্রোডাক্ট বলতে নিজেদের কিছু নয়। প্রায় ৮০।৯০ খানা নৌকা অলরেডি পুলিশ সিজ করেছে এবং সেই সমস্ত পার্মিটে যা লেখা আছে আমি তা দেখেছি। এই বিষয়গুলো আমি এই জন্য বলছি যে, সেই সময় উলুবেড়িয়ার এস ডি ও ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর কাছে বার বার লিখে পাঠাচ্ছেন যে, আমাদের বাগনানে, উলুবেড়িয়ার এম আর সপ-এ একফোটাও চাল নেই—ড্রাই। সেপ্টেম্বর-এর লাস্ট উইক থেকে অক্টোবরের ফার্স্ট উইক পর্যন্ত এম আর সপ-এ এক ফোটাও চাল সেই এলাকার জন্য দেওয়া হয়নি। এই সময় সেই এস ডি ও-র নির্দেশ ওখানকার যিনি সাব-ডিভিসন্যাল কন্ট্রোলার তিনি আমাদের এখানকার যিনি কংগ্রেসী এম এল এ মুরারী মোহন মান্না তাঁদেরই সহযোগিতায়, তাঁদেরই লোকের হাত দিয়ে এত চাল বাইরে পাচার করেছেন। সেই পার্মিটে লেখা আছে যে, সাগরদ্বীপ হয়ে দীঘাতে যাবে। সেই সময় সাগরদ্বীপে চালের কে জি ছিল ৮০ নয়া পয়সা, আর দীঘাতে চালের কে জি ছিল ৭৫ নয়া পয়সা। অথচ সেই সময় হাওড়ায় চালের কে জি দেড় টাকা। প্রায় ২ হাজার কুইন্টাল চাল ওখান থেকে ওখানকার অফিসারদের হাতেরমুঠোর মধ্য দিয়ে বাইরে পাচার হয়ে গেল। মুরারীবাবু চালকলের মালিক, তিনি হাওড়ার অন্যতম শ্রেষ্ঠ চালের ব্যবসায়ী। মান্না এ্যান্ড মন্ডল কোম্পানীর অন্যতম প্রোপ্রাইটর। তিনি ২ হাজার কুইনটল-এর বেশী চাল হাওড়া থেকে গোপনে পাচার করে দিলেন। মুখ্যমন্ত্রী সেন যখন ডি এমদের কনফারেন্স ডেকেছিলেন তখন জিনিসটা উঠল।

[2-30—2-40 p.m.]

কি ভাবে জিনিষটা উঠলো স্যার, প্রফুল্ল সেন মহাশয় যখন জেলা মেজিস্ট্রেটদের কনফারেন্স ডাকলেন, যখন হাওড়া জেলা মেজিস্ট্রেট চীৎকার করছেন যে হাওড়ায় চাল নেই তখন মেদিনীপুরের জেলা মেজিস্ট্রেট ওকে বলেন যে আপনি চাল নেই বলে চীৎকার করছেন অথচ হাওড়া জেলা থেকে দুই হাজার কুইনটাল চাল মেদিনীপুরে চলে যাচ্ছে। (শেম শেম শেম) (গোলমাল উভয় পক্ষ থেকে) স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা। তারপর স্যার, যখন হাওড়ার জেলা মেজিস্ট্রেট তার জেলাতে এনকোয়ারী করতে সুরু করলেন—স্যার, এটা অত্যন্ত সিরিয়াস ঘটনা—আমি যুগান্তর পত্রিকাকে ধন্যবাদ জানাই যে তারা সত্যিকারের ঘটনা প্রকাশ করে জনসাধারণের কাছে সরকারের মুখোশ খুলে দিয়েছেন। (সরকার পক্ষ হইতে গন্ডেগোল) তারপর স্যার, মুখ্যমন্ত্রী যখন কনফারেন্সএ এসে এই সব কথা জানতে পারলেন এবং মেদিনীপুরের জেলা মেজিস্ট্রেট যখন এই সব ব্যাপার পয়েন্ট আউট করলেন তখন তিনি অবাক হয়ে গেলেন, কারণ পারমিট ইসু করার একমাত্র মালিক জেলা মেজিস্ট্রেট-এর যদিও ডেফিসিট জেলার বাহিরে পাচার করবার অধিকার দিতে পারেন কিনা এটাও ডিবেটেবল প্রশ্ন। হয়ত জেলা মেজিস্ট্রেটের ক্ষমতা থাকতে পারে কিন্তু তিনি কোন পাওয়ার ডেলিগেট করেন নি এবং সাব ডিভিশনাল ফুড কনট্রোলারের কোন অধিকার নাই পারমিট ইসু করার। তারপর জেলা মেজিস্ট্রেট এনকোয়ারি করে ৮০।৯০টি পারমিট ধরে ফেললেন। তিনি দেখলেন যে তার সীল মেরে মুরারী বাবু নিজের লোককে জেলে সাজিয়ে বাহিরে চাল পাচার করে দিচ্ছেন। আমি জানি এবং আমি আপনাকে বলছি যে আপনি এই ব্যাপারটা প্রিভিলেজ কমিটিতে পাঠাবেন। স্যার, এটা অত্যন্ত ভয়াবহ ঘটনা যখন বাগনান এলাকার লোকে চালের অভাবে মুগ কলাই ইত্যাদি খেয়ে জীবন ধারণ

করছে তখন যদি এই আইন সভার কোন সদস্য এর সঙ্গে জড়িত থাকেন এবং তিনি যদি কোন রকম মিথ্যার আশ্রয় নিয়ে জালিয়াতি করে চাল পাকিস্তানে পাচার করে থাকেন তাহলে এটা নিশ্চয়ই প্রিভিলেজ কমিটিতে যাওয়া উচিত।

Mr. Speaker: Mr. Majumdar, please take your seat

Shri Apurba Lal Majumdar:

স্যার, আমার বলা এখনও শেষ হয়নি।

Mr. Speaker: Mr. Majumdar, please take your seat.

Shri Apurba Lal Majumdar:

আমি প্রিভিলেজ কমিটি সম্বন্ধে.....

Mr. Speaker: I hope honourable members will allow me to go on with the regular business of the day.

Shri Nikhil Das:

স্যার, আমার একটু বলার ছিল.....

Mr. Speaker: Mr. Das, please take your seat. Sufficient time has been given for discussion of this point.

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received eight Calling Attention notices on the following subjects:—

(1) Police excesses in a Murshidabad village—from Shri Sanat Kumar Raha.

(2) Intrusion and firing by Pakistan during the recent conflict—from Shri Ananga Mohan Das.

(3) Accident at the 4th Blast Furnace at Durgapur—from Shri Bejoy Pal.

(4) Lay-off of workers of R. S. N. Co. Ltd., West Bengal—from Shri Nikhil Das.

(5) Rapid expansion of Filaria in West Bengal—from Shri Birendra Narayan Ray.

(6) Opening of post-graduate and law classes in Mohsin College, Hooghly—from Shri Sambhu Charan Ghosh.

(7) Non-availability of rice in modified ration shops at Barrackpore Subdivision—from Shri Gopal Banerjee.

(8) Rise in prices of paddy—from Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Nikhil Das on the subject of lay-off of workers of R.S.N. Co. Ltd., West Bengal. The Hon'ble Minister-in-charge will please make a statement or give a date for making a statement.

Shri Bijoy Singh Nahar:

শুক্রবার দিন দেব?

Report of the Business Advisory Committee

Mr. Speaker: *I beg to present the 27th report of the Business Advisory Committee which at its meeting held on the 2nd November, 1965, considered the question of allocation of dates and time for Government Bills and other businesses for the current session of the Assembly. The Committee recommended that the following business be taken up by the House on the 4th and 5th November, 1965:—*

Thursday, the 4th November 1965—Discussion on food situation.

Friday, the 5th November, 1965—Discussion on food situation.

The Committee also recommended the allocation of time for disposal of the following Bills, namely,—

The Wset Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

The Bengal Municipal (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—half an hour.

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing—one hour.

The Calcutta Municipal (Third Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—two hours.

The West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Bill, 1965. (Introduction, consideration and passing)—half an hour.

The West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—four hours.

The West Bengal Highways (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

The West Bengal Gramdan (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965 (Introduction and reference to Select Committee)—four hours.

The West Bengal Molasses Control (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—half an hour.

The Bengal Co-operative Societies (Amendment) Bill, 1964 as reported by the Joint Committee. (Consideration and passing)—six hours.

The Bengal Excise (Amendment) Bill, 1964, as reported by the Select Committee (Consideration and passing)—four hours.

The West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965. —Four hours.

The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

The Bengal Public Demand Recovery (Amendment) Bill, 1965. (Introduction, consideration and passing)—one hour.

Shri Ardhendu Shekhar Naskar: Sir, I beg to move that the 27th report of the Business Advisory Committee presented this day, the 3rd November, 1965, be adopted.

The motion was then put and agreed to.

Shri Somnath Lahiri: Sir, on a point of clarification. As far as I remember, it was agreed yesterday that the West Bengal Slum Areas (Improvement and Clearance) Bill, 1965, should be referred to a Select Committee and on that basis the time allotted was four hours. Is that correct?

Mr. Speaker: Yes.

[2-40—2-50 p.m.]

Shri A. H. Besterwitch: Sir, I wish to draw the attention of the Minister through you to the fact that I have received a wire from Kumargram, Alipur Duar which runs as follows:—

"Food situation at Kumargram extremely acute people in complete starvation arrange immediate supply".

I have repeatedly informed the Government about this. They have not taken any action.

Shri Cirish Mahato:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীতো এখানে নেই, আমি আপনার মারফত পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এম পি শ্রীভজহরি মাহাতো আমাদের একটা চিঠি দিয়েছেন, সেটা আমি পড়ে দিচ্ছি। গত ২৯শে অক্টোবর ১৯৬৫ তারিখে বেলা ৮॥ টার সময় পাহাড়গেলা গ্রামের নরসিংহ কুমার বর্ধনকে ভূষণ মাহাতো দিং দলবলে কংগ্রেসী অঞ্চল পঞ্চায়েত সেক্রেটারী বন্দুক, তীর, ধনুক এবং লাঠি দ্বারা রাস্তায় মেরোয়া করে হত্যা করেছে। আন্দাজ ১০টার সময় থানা পুলিশে সংবাদ দিলে থানা পুলিশ বিকেল ৫ টার মধ্যে ঘটনাস্থলে গিয়ে লাস তুলে। থানা পুলিশ আসামীকে না ধরে—থানায় কালী উৎসব হচ্ছে, সেখানে তিন দিন ধরে থিয়েটার হচ্ছে, হাজার হাজার টাকা গরীব লোকের কাছ থেকে আদায় করছে এবং উৎসব করছে। এই দুর্দিনে এই এমারজেন্সির দিনে পুলিশ এইভাবে অন্যায় কাজ করছে। আমি পুলিশমন্ত্রীকে অনুরোধ করছি এটা তদন্ত করা হোক।

Shri Aswini Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আসানসোল অঞ্চল-এ যে চালের অভাব হয়েছে তার জন্য আমাদের ফুড সাপ্লাই মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সকলেই জানেন যে আসানসোল, বার্ণপুর, কুলটি এইগুলি শিল্পাঞ্চল। তাছাড়া এখানে প্রায় দু'লক্ষের মত কোলিয়ারি শ্রমিক আছে। এই অঞ্চলে গত ২৩শে যে সপ্তাহ শেষ হয়েছে সেই সপ্তাহ শেষ হবার সঙ্গে সঙ্গে দেখা যাচ্ছে মডিফায়েড র‍্যাশন সপ থেকে মাত্র ৫ শত গ্রাম মাথা পিছু চাল দেওয়া হয়েছিল। পরের সপ্তাহে আসানসোল, কুলটি, বার্ণপুরের কোন জায়গায় চাল পাওয়া যাচ্ছে না। এ সম্পর্কে একটা টেলিগ্রাম পেয়েছি আয়রণ এ্যান্ড ষ্টিল ওয়ার্কার্স ইউনিয়নের সম্পাদকের কাছ থেকে, সেই টেলিগ্রামটা ছোট, আমি তাড়াতাড়ি পড়ে দিচ্ছি—

'Last week only half kilo rice per unit preceding week no rice at all supplied to Burnpur, Kulti workers of ISCO. Last week no rice to M.R. Shop in Asansol Area causing tremendous hardship black market rice sells at one rupee four annas per kilo. Guarantee food supply at controlled rate".

Shri Kamal Kanti Guha:

স্যার, আমার একটা পয়েন্ট অব প্রিভিলেজ আছে সেটা হচ্ছে কালকে বিজনেস এ্যাডভাইসরি কমিটির মিটিং-এ ঠিক হয়েছিল যে চিফ মিনিষ্টার দিল্লী থেকে ফিরে এলে একটা ষ্টেটমেণ্ট করবেন যে, ১৯৬৬ সালে গভর্নমেন্টের ফুড পলিসি কি হবে, তার উপর একটা ডিবেট হবে। এটা আমাদের ঠিক হয়েছে কালকে অথচ আজকে পেপারে দেখছি যে গভর্ণমেণ্ট আগামী বছরে কি পলিসি নিয়েছে সেটা কার্যকরী করতে সুরু করেছে। বসুমতীতে খবর বেরিয়েছে যেখানে বলা হচ্ছে জেলা ম্যাজিষ্ট্রেটদের কাছে নির্দেশ গিয়েছে যে তোমরা ধান সিজ করতে শুরু কর এবং তোমাকে যে কোটা ঠিক করে দেওয়া হয়েছে সেটা তোমাকে পূরণ করতেই হবে। সেই পরিমাণ ধান যদি তুমি সিজ করতে না পারো এবং তারপরে তোমার জেলায় যদি অভাব দেখা দেয় তাহলে তার জন্য খাদ্য দপ্তর দায়ী হবে না। এটা কি পলিসি, কি ব্যাপার আমরা জানি না। সরকার যেখানে মনে করছে যে এক হাজার মণ ধান সিজ করা হবে সেখানে হয়ত ফসল খারাপ হয়েছে বা যিনি অফিসার গিয়েছেন তিনি হয়ত সেখানে গিয়ে কিছু ধান ছেড়ে দিলেন, তার ফলে হয়ত টারগেট ফুলফিল হলনা, তারজন্য কি জেলার লোক সাফার করবে? খাদ্য দপ্তর থেকে অভাবের সময় চাল দেবেন না এটা অত্যন্ত মারাত্মক কথা। কিন্তু এই ধরণের নির্দেশ গিয়েছে। যখন হাউস চলছে, মেম্বাররা এখানে উপস্থিত আছেন, ঠিক হয়েছে ফুড পলিসি সম্বন্ধে ডিবেট হবে, চিফ মিনিষ্টার ষ্টেটমেন্ট দেবেন, আমরা হাউসে ঠিক করবো আগামী বছর ফুড পলিসি কি হবে, তখন আমরা দেখছি ফুড পলিসি নিয়ে কাজ শুরু করা হয়েছে। এতে আমাদের প্রিভিলেজ নষ্ট করা হয়েছে, আমাদের হেয় করা হয়েছে। সেজন্য আমি জিনিষটা প্রিভিলেজ কমিটির কাছে আনতে চাই এবং সেবিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

আর একটা মজার কথা হচ্ছে আগামী বছর আমাদের এখানে দুর্ভিক্ষ হবে সেজন্য আমাদের সজাগ থাকতে হবে এই সমস্ত বড় বড় কথা বলা হচ্ছে কিন্তু কি ধরণের অপদার্থ লোক নিয়ে এই খাদ্য দপ্তর তৈরী হচ্ছে সেটা কাগজে বেরিয়েছে। খাদ্য দপ্তরের একজন মুখপাত্র বলছেন আর ১৫ দিন পরে অভাব থাকবে না। এ কথাত সব লোক জানে, এমন কি বাংলাদেশের গরুগুলি পর্যন্ত জানে যে, ১৫ দিন পরে ধান উঠলে নূতন বিচালি পাওয়া যাবে। এই ধরনের অপদার্থ, অযোগ্য লোক নিয়ে খাদ্য দপ্তর চললে সামনের বছরে কি হাল হবে দেশের তা বুঝতে পারা যাচ্ছে। খাদ্য দপ্তরের বা সরকারের যদি কোন পলিসি থাকে তাহলে তাঁরা সেই পলিসি এইভাবে প্রকাশ করে আমাদের হেয় করতে পারেন না এবং হাউস যদি অনুমোদন না করে তাহলে কোন পলিসিই হতে পারেনা। সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফৎ আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই আমাদের পরিষদীয় মন্ত্রী যিনি আছেন তাঁর এবং আমাদের বিধানসভার সকল সদস্যদের যে কেছু দিন আগে আমরা প্রত্যেকটি বিলের বাংলা ভাষণ পেয়েছিলাম কিন্তু বর্তমানে এতগুলি বিল আসছে, অর্ডিনেন্স হয়ে গিয়েছে, তার কোন বাংলা ভাষণ আমরা পাইনি। এর থেকে মনে হয় বাংলা ভাষার জন্য মন্ত্রীসভা মাঝে মাঝে উৎসাহ দেখান বটে কিন্তু আবার ভাটা পড়ে যায়। এই সম্পর্কে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Nathaniel Murmu:

স্যার, অন এ পয়েন্ট অব ইনফর্মেশন, সেটা হচ্ছে আমি মালদহ থেকে আসার সময় শুনলাম মালদহের কংগ্রেসী এম এল এ শ্রীআসাদুল্লা চৌধুরী যুদ্ধের সময় পাকিস্তানে পালিয়েছেন।

Mr. Speaker: I cannot allow each and every member to rise and speak in this manner. You can raise this matter after obtaining my previous permission.

GOVERNMENT BILLS

The West Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965.

Shri Nikhil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

স্পীকার মহাশয়, কালকে আমাদের শ্রমমন্ত্রীর যে বক্তৃতা সেটা আমরা ভালভাবে শুনতে পাইনি কারণ মাইকের গোলোযোগ ছিল।

Mr. Speaker:

আপনারা যখন বলছেন যে আপনারা ভাল করে শুনতে পাননি তখন লেট ইট বি রেড এগেন।

Shri Bijoy Singh Nahar:

স্যার, আমি অত বড়টা না পড়ে সামারিটা বলে দিচ্ছি। এটা অর্ডিনেন্স এইজন্য করা হয়েছিল আপনারা জানেন সপ এ্যান্ড এসট্যাবলিসমেন্ট এ্যাক্ট অনুযায়ী কলকাতা সহরকে এক একটা জোনে ভাগ করা হয়, এক একটা ওয়ার্ডে ভাগ করা হয় এবং সেই জোনগুলিতে বিভিন্ন দিন দোকান বন্ধের নিয়ম করা হয়েছিল। কেউ শনিবার অর্ধেক দিন রবিবার পুরো দিন, আবার কেউ বৃহস্পতিবার পুরো দিন, শুক্রবার অর্ধেক দিন এই রকমভাবে ছিল। সেখানে এক একটা এলাকায় যেসব দোকানদাররা ছিলেন তাঁদের বিভিন্ন রকমের দোকান ছিল, তাঁদের এতে নানা অসুবিধা হচ্ছিল। সেইজন্য অনেক রিপ্রেজেন্টেশন আমার কাছে আসে। তারপর এখানে একটা ছোট এ্যামেন্ডমেন্ট করা হয়। ম্যানেজমেন্টরা বলেন যে রবিবারকে উইকেন্ড না করে মঙ্গলবারকে উইকেন্ড করা হোক। বিভিন্ন দোকানের মালিকরা এই জিনিষটা বললেন যে আমাদের যদি এক দিন বন্ধ করা হয় রবিবার এবং সোমবার সকালে তাহলে আমাদের পক্ষে সুবিধা হয়। সেইভাবে ঠিক করা হয় যে রবিবার পুরোদিন বন্ধ সমস্ত কলকাতায় আর একটা ক্লাস শনিবার বৈকালে অর্ধদিন বন্ধ করবে, আবার কেউ সোমবার সকালে অর্ধদিন বন্ধ করবে। আবার যাদের কনজিউমার গুডস নয় যেমন বইয়ের দোকান তাঁরা বলছেন শনিবার বিকালে বন্ধ থাক—আবার যাদের ব্যাঙ্কের সঙ্গে কারবার তাদের দোকান শনিবার বিকেলে বন্ধ করে সোমবার সকালে খোলা হোক এই অলটারনেটিভ পাওয়ার দেবার জন্য এই বিলটা এসেছে এবং এটা অনেক দিন ধরে চলছিল বলে অর্ডিন্যান্স করা হয়েছিল। এটা আমি আপনাদের কাছে পেশ করছি।

[2-50—3 p.m.]

Shri Nikhil Das:

মিঃ স্পীকার স্যার, আমাদের মাননীয় শ্রমমন্ত্রী যেটা বল্লেন সেটা হচ্ছে অর্ধেক দিনের ব্যাপার। সেই অর্ধেক দিনটা শনিবার না সোমবার হবে তার জন্য এই এ্যামেন্ডমেন্ট এসেছে—এটাই বুঝলাম এবং সেই অর্ধেক দিনটি কে ঠিক করবেন—পশ্চিমবঙ্গ সরকার ঠিক করবেন—না দোকানের মালিক ঠিক করবেন সেটা তিনি পরিষ্কারভাবে বলবেন।

Shri Bijoy Singh Nahar:

আমি এটা পরিষ্কার করে দিই—এই বলে রয়েছে যারা দোকানের মালিক তাঁরা যে নোটিশ করবেন তাতে জানিয়ে দেবেন যে পূর্ণ ছুটির আগের দিন বিকালে বন্ধ করবেন—না পূর্ণ ছুটির পরদিন সকালে বন্ধ করবেন—এই অধিকারটা মালিকদের দেওয়া আছে।

Shri Nikhil Das:

স্যার, এই বিলটি যখন এ্যাক্টে পরিণত হয় তখন এটার মূল উদ্দেশ্য ছিল যে দোকানের যে কর্মচারীরা কাজ করেন তাদের দোকানের মালিকরা ঠিক ঠিকভাবে ছুটি দেন না এবং তারা ইচ্ছা মত একদিন হয়তো মঙ্গলবার দোকান বন্ধ রাখেন আর একজায়গায় হয়তো বুধবার—আর এক জায়গায় হয়তো বৃহস্পতিবার বন্ধ রাখেন—তার ফলে জানা যায় না যে, দোকানের মালিকরা ঠিক ঠিকভাবে দোকানগুলি বন্ধ দিচ্ছেন কিনা। আইনে পশ্চিমবঙ্গ সরকারের ঠিক করে দেওয়া উচিত যে এক একটা এলাকার জন্য এক একটা দিন দোকান বন্ধ থাকবে তাহলে কোন দোকান মালিকের পক্ষে ফাঁক দেওয়া সম্ভব হবে না এবং ধরারও অসুবিধা হবে না। সেদিক থেকে এ্যাক্টে যেটা ছিল তার খুব বেশী পরিবর্তন এখানে করা হয় নি। কেবল অর্ধেক দিনটা দোকানের মালিকদের ডিসক্রিসনের উপর ছেড়ে দেওয়া হয়েছে। আর একটা এই প্রসঙ্গে রাখতে চাই সেটা হচ্ছে এই যে রবিবারে যদি সমস্ত এলাকায় ছুটির দিন দোকান বন্ধের দিনগুলি ঠিক হয়ে যায় তাহলে কিছুটা অসুবিধা দেখা যায়। যাঁরা অফিসে কাজ কর্ম করেন তাঁদের ছুটির দিন রবিবার—সেই দিন যদি দোকান বন্ধ থাকে তাহলে সেই এলাকায় যাঁরা বাজার করেন তাঁদের খুবই অসুবিধা হয়। সেদিক থেকে পশ্চিমবঙ্গ সরকার তারিখগুলি যখন নির্দিষ্ট করে দেবেন তখন যেন এই খেয়ালটা রাখেন যাতে কিছু অসুবিধা জনসাধারণের না হয়। যাতে লোকে ছুটির দিনে বাজার করতে পায়। এই হোল এক নং কথা—২নং কথা হচ্ছে, রেশন সপগুলি রবিবার বন্ধ থাকতো—এবং আমরা বলার পর রেশন দোকানগুলি রবিবারে খোলা থাকে। এতে অফিসে এবং কলকারখানায় যাঁরা কাজ করেন তাঁরা রবিবারে রেশন তুলতে পারেন। এখন এই নূতন এ্যামেন্ডমেন্টটাকে কার্যকরী করার ক্ষেত্রে এই দিকে যেন লক্ষ্য রাখা হয় যাতে ছুটির দিন লোকে বাজার হাট করতে পারে। হয়তো একটা ওয়ার্কিং ক্লাস অধ্যুষিত এলাকা - যেখানে মজুররা রবিবারে ছুটি পায়, সেই এলাকায় যেন রবিবার খোলা থাকে। এমন অনেক এলাকা আছে যেখানে মজুররা শুক্রবারে ছুটি পায় কিংবা অন্য দিনে ছুটি পায় বৈদ্যুতিক গোলোযোগের জন্য—সেই এলাকা যখন নির্ধারিত হবে তখন সেই দিনটি নির্ধারিত হয়। ২নং হচ্ছে একই এলাকায় অর্ধেক দিনের যে ব্যাপার সেই এলাকায় কিছু দোকান খোলা থাকলে অসুবিধা দেখা দেবে—অর্থাৎ দোকানের কর্মচারীরা অর্ধেক ছুটি থেকে বঞ্চিত হবে। কাজেই এগুলি যেন ঠিকভাবে নির্দিষ্ট করে দেওয়া হয়। এই যে ডিসক্রিসনটা মালিকদের উপর রাখছেন সেখানে আমাদের আশঙ্কা হচ্ছে যে হয়তো দোকান কর্মচারীরা আধবেলার ছুটি পাবেন না—তাই এই সব দিকে আমি শ্রম মন্ত্রীকে আপনার মাধ্যমে নজর রাখতে অনুরোধ করছি।

Shri Sanat Kumar Raha:

Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেভাবে শপ্‌স এ্যান্ড এসট্যাবলিসমেণ্ট বিলটা এসেছে—আমরা ভেবেছিলাম আইনটা চালু করার পর এ্যামেন্ডমেণ্টটা কমপ্রিহেন্সিভ হবে। এবং আরও কয়েকটি বিষয় এতে থাকবে। কিন্তু সে দিক দিয়ে না গিয়ে মাত্র একটা বিষয়—দেড় দিন ছুটির ব্যাপার নিয়ে শ্রমমন্ত্রী যে আইনটা এনেছেন সেটা মোটামুটি সমর্থন করা যায় এবং কর্মচারীরাও মোটামুটি চাইবে যেন তাদের আধ বেলা ছুটি না মারা যায়। আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি—মফঃস্বল এলাকার সঙ্গে কলকাতা সহরের তুলনা করলে শপ্‌স এ্যান্ড এসট্যাবলিসমেণ্ট এ্যাক্টের পুরাপুরি অপারেশন কি হবে না হবে সে বিষয়ে আমাদের প্রশ্ন আছে। আমি এই সমস্ত কথা বলছি এই জন্য যাতে পরবর্তী অধ্যায়ে আরও কমপ্রিহেন্সিভ বিল আসে। আমি মনে করি যে কলকাতার মত বড় বড় ব্যবসাদাররা যেভাবে দোকান কর্মচারীদের শোষণ করে মফঃস্বল এলাকাতে ঠিক সেইভাবে পুরাপুরি এই আইনটি অপারেট করতে গিয়ে খানিকটা অসুবিধা হয় কর্মচারী এবং ছোট ছোট মালিকদের পক্ষে। এই জন্য আমার মনে হয় কয়েকটি বিষয়কে স্থির করে নিয়ে এর পরে একটা কমপ্রিহেন্সিভ বিল আনা উচিত। যেমন আগে দেখেছি যে শপ্‌স এ্যান্ড এসট্যাবলিসমেণ্ট ব্যাপারে সুপারভাইজিং ইন্সপেক্টারের সংখ্যা, ইন্সপেক্টারের সংখ্যা এতো কম ছিল যে ইন্সপেকসন হোত না। আইনটা আছে তা তারা কেউ

জানতেন না। আবার আইনটা যখন প্রয়োগ করার জন্য সুপারভাইজিং ইন্সপেক্টার, ইন্সপেক্টর এ্যাপয়েন্ট করা হোল তখন আবার দেখা যাচ্ছে আইনটাকে আইনের জন্য পালন করবার জন্য অত্যন্ত উৎসাহ—যার ফলে বহু রিপোর্ট শুনা যায় যে এই আইনটা আইনের জন্য অপারেট করতে গিয়ে অনেক ছোট ছোট দোকানদারদের হয়রানি করা হয় এবং আমি জানি ৮টা তিন মিনিট হয়েছে, ইন্সপেক্টার বললেন কেন দোকান বন্ধ করো নি—তোমার বিরুদ্ধে কেস হবে, তখন আবার অন্যভাবে ব্যবস্থা করতে হয়। কাজেই আইন যত বেশী জোর করে চাপাতে যাবেন বাস্তব পরিস্থিতি যদি রিয়েলিস্টিক্যালি রেসপন্ড না করে অবজেক্টিভ কন্ডিসন যদি অনুকূল না হয় সেখানে নিশ্চয় দুর্নীতি থাকতে বাধ্য। কাজেই এই রকম রেওয়াজ হয়ে গেছে অনেক শপ্‌স এ্যান্ড এসট্যাবলিসমেণ্ট ইন্সপেক্টার মাসহারার ব্যবস্থা করে নিয়েছে অনেক দোকানের সংগে। আমি এ বিষয়ে বিস্তৃতভাবে না বলে একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে—যেমন ধরুন বহরমপুর সহরের কথা বলি—সেখানে ৯০ পারসেণ্ট দর্জির কাজ করেন—তাঁরা ফুরনে কাজ করেন কোথায়ও দুইজন কোথায়ও ৩ জন কারিগর কাজ করেন। সেখানে একজন মালিক থাকেন—সেও টেলার—বাকী লোক ফুরনে কাজ করেন। তাদের যদি শপ্‌স এ্যান্ড এসট্যাবলিসমেণ্ট আইনের আওতায় ফেলা হয় তাহলে অনেক অসুবিধা হবে—এবং তারা বলেছে যে এতে আমাদের ইনকাম কমে গেল। এ বিষয়ে আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে স্থানীয় দর্জি সমিতির পক্ষ থেকে একটি মেমোরান্ডাম দিই—তখন তার উপরে মোটামুটি জানানো হয় যে বাংলাদেশের সব জায়গায় যখন এটা চলছে তখন এখানে এটা চলবে না কেন। আমার বক্তব্য তবুও আছে—যে এই রকম ফুরনের কাজ বহরমপুরের মত আর কোথায়ও আছে কিনা সেটাও দেখা দরকার।

[3—3-10 p.m.]

তাদের অভিজ্ঞতা আমরা জানতে চাই বিশেষ করে টেলার শ্রেণীর উপর এই আইন প্রয়োগ করার ফলে তাদের আয় কমে গেছে এবং তাদের সংগে আলাপ করে এই মনে হইতেছে যে নিদৃষ্ট সময় থাকার জন্য তারা যে মজুরী পরিশ্রম করে উপায় করে সেটাও কমে গেছে হয়তো যে যেখানে কাজ করে সেখানে হয়ত ২।১টা মেসিন আছে সেখানেও লেনদেনের ব্যাপারে অসুবিধা হওয়ায় রোজগার বেশী হয় না। আর একটা কথা হচ্ছে ছোট ছোট দোকানের উপর ইন্সপেক্টার-রা গিয়ে বলে যে আপনাদের ভিজিটার বই ইত্যাদি কেন নেই। ক্যাজুয়্যাল-এর ছুটির খাতা কেন নেই, একুইজেসন রোল কোথায়। সে সম্পর্কে আমরা দেখেছি বহু দোকানে শিক্ষিত লোকের অভাব সেখানে ছোট ছোট দোকানে হয়ত ১ জন কর্মচারী আছে কিন্তু তারজন্য তাকে তাহলে ৫ খানা খাতা রাখতে হবে এবং এটা মেনটেন্ড করার জন্য তাকে ৫০।৬০ টাকা মাহিনা দিয়ে একজন শিক্ষিত কেরাণী রাখতে হবে। এই ব্যাপারে গরজ কর্মচারীর মালিকের নয়। অনেক সময় আমাদের মফঃস্বল অঞ্চলে বলতে হয় যে তোমার দোকানে নিয়ে নাও কিছু কাজ শিখুক। এটাই হচ্ছে একটা সামাজিক ব্যাখ্যা যা চীরকাল চলে আসছে। ইণ্ডাস্ট্রিয়ালি ডেভেলাপ এলাকা যেখানে সেখানে এরূপভারে আইন প্রয়োগ করা যায় কিন্তু এগরোরিয়ান সিচুয়েসান যেখানে ঠিক সেভাবে আইন প্রয়োগ করা যায় না—কিন্তু একটা ওয়েলফেয়ার ষ্টেটের কর্তব্য হচ্ছে এমনভাবে আইন প্রয়োগ করা যাতে কর্মচারীদের শোষিত হতে না হয় আইন প্রয়োগ করা মানে এই নয় যে দুর্নীতি পরায়ণ কর্মচারীদের সুবিধা করে দেওয়া বা গরীব লোককে হয়রাণীতে ফেলে কিছু কিছু পয়সা দিতে বাধ্য করা। এই ভাবে এই আইনকে কার্যকরী করতে গিয়ে সামাজিক নিরাপত্তা কর্মচারীদের নিরাপত্তা অনেকসময় বিঘ্নিত হচ্ছে। সেজন্য আইনের প্রয়োগ সেভাবে করতে হবে। কিন্তু তার জন্য দুর্নীতিপরায়ণ কতকগুলি কর্মচারীকে প্রশ্রয় দেবার জন্য যদি আইন প্রয়োগ করা হয় তাহলে সে আইন করার কোন ব্যার্থকতা নেই এবং সেভাবে ডিরেকসান হওয়া দরকার। কলকাতা এবং বহরমপুরে একই রকম আইন হবে। আমি এ কথা বলছি ইমপ্লিমেণ্টেসান এমন ভাবে হওয়া উচিত যাতে একটা ওয়েলফেয়ার ষ্টেটের কর্মচারীর ছোট ছোট মালিকরা বুঝতে পারে যে আমাদের উপর জাস্টিস, করা হচ্ছে। জাজমেণ্ট দেওয়া হচ্ছে। সে ক্ষেত্রে আমি মনে করি অত্যন্ত বিবেচনাশীল সুপার-ভাইজারী ইন্সপেক্টার দেওয়া দরকার। আমি এদের অনেকের সংগে কথা বলে দেখেছি তারা বলেছেন আইন যা আছে তাতে অনেক অসুবিধা হচ্ছে যেমন ধরুন রেজিষ্ট্রেসানের ক্ষেত্র যদি

আমরা দেখি যে ১২ বৎসর ধরে এই শপ্ এসট্যাবলিসমেণ্ট কনসার্ণ-কে সে কাগজটী তিন বৎসর অন্তর রিনিউ করতে হবে। কিন্তু সে কাগজটা এত পাতলা যেটা ১২ বৎসর ধরে মেণ্টেণ্ড করা যায় না কাজেই যেখানে পয়সা দিয়ে রেজিষ্ট্রেসান করতে হবে সেখানে সরকারের তরফ থেকে রেজিষ্ট্রেশান সার্টিফিকেটের কাগজের এমন ব্যবস্থা করা উচিত যাতে সেটা ১২ বৎসর ধরে মেণ্টেণ্ড করা যায়। কাজেই যে বিল এনেছেন সে বিল সম্পর্কে কিছু না থাকলেও এটাই হচ্ছে বলার বিষয় যে এমনভাবে ব্যবস্থা করা উচিত যাতে করে কর্মচারীদের ১৬ আনা স্বার্থ বজায় থাকে এবং যারা গরীব দোকানদার আছে তাদের কোন অসুবিধা না হয়। অনেক সময় দেখা যায় যে বড় দোকানদারদের কেস কম হয় এ বিষয়ে আমি অবশ্য পরে প্রশ্ন করবো যে কোন এলাকায় কি কি পরিমাণ দোকানদারের বিরুদ্ধে কেস করা হয়েছে এবং তাদের সংখ্যা কিরূপ। আরও বাধ্য করা হচ্ছে আইনের ব্যাপক প্রচার হওয়া দরকার। কোন কোন দোকান আইনের আওতায় আসে সে সম্পর্কে বাংলা ভাষায় প্রচার হওয়া দরকার। কিন্তু সরকার পক্ষ থেকে তার কোন ব্যবস্থা নেই। তার ফলে কেস দোকানদার-রা বুঝতে পারে যে শপ্ এসট্যাবলিসমেণ্ট এাক্ট বলে একটা আইন আছে। কাজেই মনে হয় সরকার যখন নূতন কোন আইন করবেন তখন সেটা ব্যাপকভাবে জনসাধারণের মধ্যে প্রচার করা দরকার এবং এমন কর্মচারী রাখা উচিত যারা জনসাধারণের সহযোগীতায় এ আইন প্রচার করবেন তা নাহলে দুর্নীতির সেখানে বাসা বেঁধে উঠবে। এই কথা বলে মোটামুটি এ আইনটা আমি সমর্থন করলাম।

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th April, 1966.

মাননীয় স্পীকার স্যার, এই এ্যামেণ্ডমেণ্টটা অত্যন্ত সংক্ষেপ। একটা দোকান দেড়দিন ছুটী থাকবে এবং সরকারের তরফ থেকে তার একদিন ঠিক করে দেওয়া হবে এবং বাকী হাফ ডে সেটা শপ কিপার-এর উপর ছেড়ে দেওয়া হল। তিনি ঠিক করবেন যে কবে হাফ-ডে থাকবে। এ সম্পর্কে কথা বলবার আগে প্রথমেই আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যে এই বিল অনেক দিন আগেই পাশ করান হয়েছে। প্রায় দু'বৎসর হল কিন্তু আমরা দেখছি এই বিলটা আজও এনফ্রিন্ড হচ্ছে না। হাওড়া জেলার বিভিন্ন এলাকায় দু একজন অফিসার নিয়োগ করা হয়েছে ঠিকই কিন্তু আমি যখন রাতে বাড়ী ফিরি তখন ঐ এলাকার দোকানগুলি দেখে মনে হয় যে এই বিলের এক্সসিকিউসান মাননীয় শ্রম মন্ত্রীমহাশয় বোধ হয় ষ্টে করে দিয়েছেন কিছু দিনের জন্য। রাতে কিছু মাল কেনার দরকার হলে ঐ সমস্ত জায়গা থেকে অবাধে তা পাওয়া যায়। সেখানে যে লোকজন রয়েছে অর্থাৎ ঐ হাওড়া অফিস পঞ্চাশ কিউবিক ফুটের মধ্যে কিন্তু দেখা যায় যে সেখানে রাত সাড়ে নটা দশটা অবধি প্রত্যেক দিনই পালা করে ঠিক ভাবে দোকান খোলা থাকে। আমি চেষ্টা করেছিলাম কেন এটা এনফোর্স হচ্ছে না তা দেখার জন্য। আমি যা জেনেছি তা হচ্ছে যে সমস্ত লোকের উপর তার সংখ্যা অত্যধিক আজ এই অল্প সংখ্যক অফিসারের পক্ষে সমস্ত কিছু দেখা সম্ভব নয়। দ্বিতীয়তঃ করাপসান সেখানে বাসা বেঁধেছে সেইজন্য ইচ্ছা থাকা সত্বেও এটা হচ্ছে না। আজ দেখা যাচ্ছে সরকারী কর্মচারীদের সহযোগিতাছ রাত সাড়ে নটা দশটা অবধি সেখানের দোকান খোলা থাকে। আজকে সরকার যে ফেসিলিটিজ এক্সটেন্ট করার জন্য আনলেন সেই ফেসিলিটিজ এক্সটেন্ট করতে পারছেন না তখন দোকানদারদের স্বার্থে ঐ দোকান কর্মচারীদের দিকে লক্ষ্য না রেখে এই এ্যামেণ্ডমেণ্টটি আনা হয়েছে। মাননীয় শ্রম মন্ত্রিমহাশয় যে বক্তব্য পেশ করেছেন তাতে তিনি বলেছেন যে, অনেক দোকানদারদের রিপ্রেজেনটেটিভ তাঁর কাছে এসেছে এবং তারা বিভিন্ন ভাবে বলেছে কেউ কেউ যে শনিবার না হয়ে সোমবার হলে অসুবিধা হয় আবার কেউ কেউ তার উল্টো বলেছে। কাজেই আমরা দেখতে পাচ্ছি শ্রম মন্ত্রিমহাশয় যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন যে এটা ফর দি ইন্টারেস্ট অফ দি এমপ্লয়ি [illegible] স্বার্থের দিকে লক্ষ্য রেখে এই এ্যামেণ্ডমেণ্ট আনা হয় নি। সেজন্য আমরা দেখতে পাচ্ছি—শনিবারই বা সোমবার যে দিন হোক এটা তারা ডিসক্লিয়েসান করবেন। আগে বা পিছে হোক সেই হাফ দিন বন্ধ করার অধিকার দোকানদারের হাতে তুলে দিচ্ছেন তার ইচ্ছামত তিনি হাফ দিনের ব্যাপারে তার ডিসক্লিয়েসান চালাবেন এবং সেইভাবেই দোকানে কেবল একটা নোটিশ টাঙ্গিয়ে দেবেন।

[3-10—3-20 p.m.]

আমার কথা হল যে এই ফেসিলিটি-টা আপনি ইনডিভিজুয়াল দোকানদারকে ক্লাস বেসিস-এ নয়, এখানে যে ক্ষমতা দেওয়া হচ্ছে, তাতে ঐসব দোকান ওয়ালারা, কেউ বলতে পারে শনিবার, আবার কেউ বলতে পারে সোমবার এবং একই জিনিস বিক্রয় করে, একই ধরনের সপ যদি ক্লাস বেসিস-এ খানিকটা করতেন, তাহলেও বোঝা যেত যে এনফোর্স করতে খানিকটা সুবিধা হত,—পাবলিক-এর মধ্যে জানার সুবিধা হত, দোকানদার কর্মচারীদের পক্ষেও খানিকটা সুবিধা হত। তা না করে, ইনডিভিজুয়াল এসট্যাবলিসমেণ্ট, ইনডিভিজুয়াল শপ্‌কিপারস, বিজনেসম্যান, তাদের যে ক্লাস, তাদের কোন ক্লাস বেসিস-এ না করে, অর্থাৎ দোকানদারদের ব্যক্তিগত সুখ, সবিধার দিকে লক্ষ্য রেখে ছুটি দেবার অধিকার যদি থাকে, সেইটাকে দোকান কর্মচারীর উপর চাপিয়ে দিয়ে, অর্ধ দিবস, বা হাফ ডে ছুটি এই আইনের মধ্যে দিয়ে দেওয়ার ব্যবস্থা হয়েছে। সেইজন্য আমি বলছিলাম যে এইটা তিনি করতে গিয়ে, আর একটা অসুবিধা সৃষ্টি করলেন। সেটা হল এক একটা এলাকায় গভর্নমেণ্টের তরফ থেকে দিন নির্দিষ্ট করে দেওয়া হবে যে কার কোন দিন, কার কোন এলাকায় দোকান বন্ধ থাকবে। এই হাফ ডে-র ক্ষেত্রে। যদি পূর্ণ দিবসটা গভর্নমেণ্ট তার নিজের এবং দুই পক্ষেরই ইনটারেণ্ট লক্ষ্য করে ব্যালেন্সড ওয়ে-তে, অর্থাৎ জনসাধারণের অধিকাংশের সুখ, সুবিধা এবং দোকানদার ও দোকান কর্মচারীর সুখ, সুবিধা দেখে, একটা ব্যালেন্সড ওয়ে-তে ঠিক করে দেন, তাহলে ভাল হয়। তা না হলে হাফ ডে-র ক্ষেত্রে, অর্ধ দিবসের ক্ষেত্রে, গভর্ণমেণ্ট সেটা নিজের হাতে দায়িত্ব না রেখে, এবং দোকান কর্মচারীর স্বার্থের দিকটা উপেক্ষা করে, শুধু দোকানদারদের স্বার্থে এত বেশী প্রিডোমিনান্স দেওয়ার যুক্তি আমি দেখতে পাচ্ছি না। তাছাড়া, বারে বারে দোকান কোনদিন হাফ ডে বন্ধ থাকবে, সেটা যখন আমাদের জানা নেই, তখন সেটা আমাদের চেকিং ক্ষমতার বাইরে চলে যাবে, তা করা ডিফিকাল্টি হবে। সেইজন্য বর্তমানে যতটুকু এরিয়া আমাদের দৃষ্টিগোচরে রাখি, যেখানে পূর্ণ দিবস এবং অর্দ্ধ দিবস, সরকারী নির্দেশনামায় যে তালিকা থাকে, সেটা থেকে আমরা পাবলিকরা বুঝতে পারি যে, ঠিক পূর্ণ দিবসের পরে, অর্ধ দিবস কবে বন্ধ থাকবে, তা আমাদের অগোচরে চলে যাবে। এবং আমার মনে হয় এই লাকুনা-র সুযোগ নিয়ে দোকান-দার, দোকান কর্মচারীদের ছুটি ঐ অর্দ্ধ দিবস থেকে বঞ্চিত করতে পারে। তারপর আমি শুনছিলাম, জানিনা অবশ্য, এই এ্যামেণ্ডমেণ্টে নেই, আমি শ্রমমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, সেটা হল, কিছুদিন ধরে শুনতে পাচ্ছি যে কোন কোন বিশেষ ক্লাস অফ শপকিপারসদের এই আইনের আওতা থেকে বাদ দেবার কথা শ্রমমন্ত্রী মহাশয় চিন্তা করছেন। আমি ঠিক জানিনা, যদি সত্য হয় মন্ত্রীমহাশয় জানাবেন। কারণ, আমাদের ধারণা যে, যদি ঐ রকম কোন পরিকল্পনা সরকারের থাকে, তাহলে নিশ্চয়ই এর এ্যামেণ্ডমেণ্ট পরে আসবে। তবে এটা ঠিক যে, যতটুকু ফেসিলিটি দোকান কর্মচারীদের দেবার জন্য এই আইন বিধানসভায় এনেছিলেন এবং তা ১৯৬৩ সালে পাশ করে ছিলেন, সেটা এই ভাবে কেড়ে নেবার জন্য চেষ্টা করবেন না, এই ভাবে আর, এই আইনকে এনফোর্স করবার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করবেন না। সেইজন্য আমি ঠিক ভাল ভাবে একটাকে গ্রহণ করতে পারিনি বলে, সারকুলেশন মোশন-এ দিয়েছি। এটা ঠিক যে বিভিন্ন এলাকায় একটা ডেট ফিক্স করে দেওয়া উচিত, তা নাহলে কনসিউমার্স বা কাণ্টমার্স যারা তাদের খুব অসুবিধায় পড়তে হয়। আমি শুধু এইটুকু বলছি যে, এর মাধ্যমে আরও দোকান-দারদের সুযোগ দিলেন, যে তারা এই আইন ফাঁকি দেবে—তাতে দোকান কর্মচারীদের আরও অসুবিধার মধ্যে ফেললেন, এবং আইনকে এনফোর্সমেণ্ট করার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি করলেন। এই কয়েকটি কথা বলে, আমার বক্তব্য শেষ করছি।

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st December, 1965.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই আইন ১৯৬৩ সালে সম্পূর্ণভাবে ঢেলে সাজান হয়েছে। তারপর ১৯৬৩ সালের পর থেকে ১৯৬৪ সাল গিয়েছে, ১৯৬৫ সালে গত সেখানে এই আইনের একটা সংশোধন হয়েছিল, সেটা হচ্ছে সপ্তাহের সংজ্ঞা কি হবে। আর এখন এই যে সপ্তাহের দেড় দিন কি রকমভাবে বন্ধ থাকবে—তার একটা খসড়া আইন আনা হয়েছে। ১৯৬৩ সালের থেকে

আজ পর্যন্ত এই আইন প্রয়োগ করতে গিয়ে কোন কোন শ্রেণীর শ্রমিক ও কর্মচারীর অসুবিধা হলো সেটাকে বিচার বিবেচনা করে যদি একটা সামগ্রিকভাবে বিল আনতেন, সংশোধনী আনতেন, তাহলে খুব আনন্দিত হতাম। একটা অসুবিধা আমি জানি যারা ব্যাঙ্ক এমপ্লয়িজ তাদের পক্ষ থেকে একটা রিপ্রেজেণ্টেশান দেওয়া হয়েছে এই আইনের প্রয়োগ সম্বন্ধে এই আইন যখন চালু হবে তখন এই ব্যাঙ্ক এমপ্লয়িজদের সপ্তাহে ৪৮ ঘণ্টা কাজ করতে হবে। কিন্তু এর আগে তাঁরা যে আইন অনুযায়ী চলতেন, সে হচ্ছে ন্যাশানাল ইণ্ডাষ্ট্রিয়াল ট্রাইবুনাল অন ব্যাঙ্কিং ইণ্ডাষ্ট্রিয়াল এ্যাওয়ার্ড, তাতে তাদের সাড়ে ছত্রিশ ঘণ্টা সপ্তাহে কাজ করতে হতো এবং বছরে তারজন্য তাঁরা ১২০ ঘণ্টা ওভারটাইম করতেন। এখন সাড়ে ছত্রিশ ঘণ্টার জায়গায় ৪৮ ঘণ্টা ন্যূনতম সময় করে দেওয়া হচ্ছে। যেটা আইনের ৭(২) ধারায় আছে, তাতে কাজ বছরে বেশী করতে হবে। বছরে ১২০ ঘণ্টা তাঁরা ওভারটাইম পেতেন। এখন তা থেকে তাঁরা বঞ্চিত হচ্ছেন। এই যে অসুবিধা তাদের হচ্ছে, এটা আইন প্রয়োগ করবার সময় দেখা গিয়েছে; এটা যদি তিনি ভেবেচিন্তে বিচার বিবেচনা করে এই সম্পর্কে সংশোধনী আনতেন, তাহলে আমরা খুসী হতাম।

আরো বহু শ্রমিক আছে যারা হোটেলে রেস্তরায় কাজকর্ম করছেন, তাদের পরিপ্রেক্ষিতে এই আইনটা দেখে মনে হচ্ছে এখনো আমরা ইন দি ডেজ অফ জাংগল-এ আছি, জাংগল ডে শেষ হয়নি। এখনো তাদের রাত্রি ১১।১২টা পর্যন্ত সেখানে কাজ করতে হয়। মাহলা শ্রমিকদের রাত্রি ৯।১০টা অবধি কাজ করতে হয় যদি আইনে তাদের কিছুটা রক্ষার ব্যবস্থা আছে তা থাকলেও আইন যেভাবে প্রয়োগ করা দরকার ছিল, তা হচ্ছে না। কাজেই এই রকম টুকরা ভাবে জোড়াতালি দিয়ে আইনকে কার্যকরী করলে সকল সেকসনের সুবিধা হবে না, বিশেষ করে ব্যাঙ্ক এমপ্লয়িজদের ক্ষেত্রে যে অসুবিধা হয়েছে এটা মন্ত্রিমহাশয়কে একটু চিন্তা করবার জন্য বলছি। সেখানে যে অসুবিধা এসেছে, তা দূরীকরণের জন্য একটা সংশোধনী তিনি নিয়ে আসুন।

আর সংশোধনীতে হাফ ডে এন্ড ওয়ান ডে যেটা রয়েছে, সেই সম্পর্কে এখন কিছু বলছি না পরে বলবো।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় সভাপতি মহাশয়, শ্রীনিখিল দাস মহাশয় যে সাজেসান দিয়েছেন এবং অপূর্বলালবাবু যে কথা বলেছেন তারপর আমার আর নতুন করে কিছু বলবার নেই। যদি রবিবার বন্ধ করা হয় তাহলে যারা রবিবারে ছুটি উপভোগ করেন তাদের পক্ষে অসুবিধা হয়। অনেকে আবার রবিবার কেনাবেচা করেন, যেমন রেশনের দোকান। সেখানে ২।৩ ঘণ্টা দাঁড়ালে চাল পাওয়া যায়। এখানে রবিবার করলে পরে কর্মচারীদের সুবিধা হয় কিন্তু সোমবার মংগলবার করলে তাদের পক্ষে অসুবিধা হয়। মফস্বলের লোকেরা অনেকে ছুটিতে কোলকাতায় আসেন এবং কেনাবেচা করেন। কাজেই মন্ত্রীমহাশয়কে বলব যে তিনি এসব লক্ষ্য রাখবেন। রবিবার বন্ধ করা হলে ঠিক হবেনা। দেড় দিনের ছুটি তা দোকানদারদের উপর ছেড়ে দেওয়া ঠিক হচ্ছে না। এর একটা ক্লাসিফিকেসান করা উচিত। যা অপূর্ববাবু বলেছেন, চালের দোকান একদিন বন্ধ হবে, বই-এর দোকান একদিন বন্ধ হবে। তাছাড়া এ সম্পর্কে দোকানদারদের উপরে নির্ভর করা উচিত নয় গভর্ণমেণ্টের। হাফ ডে তারা বন্ধ করতে পারেন তবে সেও সাবজেক্ট টু দি এ্যাপ্রোভাল অফ দি গভর্ণমেণ্ট হওয়া উচিত। সুতরাং তারা কখন খুলবেন বা বন্ধ করবেন তার ঠিক নেই। আধাদিন যেটা হবে তারও ক্লাসিফিকেসান হওয়া উচিত। বুক সেলাররাও জানিয়ে দেবেন গভর্ণমেণ্টকে কবে তারা হাফ ডে করবেন। কারণ সেটা জানিয়ে না দিলে এ্যানামেলি হবে। কাজেই এটাতে গভর্ণমেণ্টের এ্যাপ্রুভ্যাল প্রয়োজন।

[3-20—3-30 p.m.]

Shri Monoranjan Roy:

মাননীয় সভাপাল মহাশয়, ননীবাবু এবং অপূর্ববাবু, হেমন্তবাবু প্রমুখ সভ্যরা যা বলেছেন তার সংগে আমি এইটুকু এ্যাড করে বলতে চাই যে এই বিলটা কার্যকরী করতে গিয়ে কি কি

অসুবিধা হচ্ছে বিশেষ করে যে সব কর্মচারীদের জন্য এই বিলটা এসেছে তাদের কথা বিবেচনা করে প্রয়োজন মত অন্যান্য সংশোধন করতে পারলে ভাল হত। কিন্তু দুঃখের বিষয় সে দিক থেকে এটা হয়নি। একটা সংশোধনী যেটা মালিক শ্রমিক কর্মচারী সকলেরই ব্যাপার এবং জনসাধারণের স্বার্থ জড়িত রয়েছে তা সত্বেও আমি ওকে স্মরণ করিয়ে দিতে চাই যে ব্যাঙ্ক কর্মচারীরা বহুবার শ্রমমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন, তারা আমাদের মারফত শ্রমমন্ত্রীর কাছে এসেছিলেন এবং আমি নিজেও একদিন ব্যাঙ্ক কর্মচারী সমিতির প্রতিনিধিদের নিয়ে তাঁর সঙ্গে দেখা করেছিলাম। তারা যে সমস্ত অসুবিধা ভোগ করছেন সে সমস্ত ব্যাপারে। এখানে আমি তাদের কাজের ঘণ্টার ব্যাপারে বা ওভার টাইমের ব্যাপারে আমি বিস্তৃত ভাবে বলতে চাই না। কারণ ওগুলো এই বিলের স্কপের বাইরে, কিন্তু তা সত্বেও শ্রমমন্ত্রীর কাছে এইটুকু বলব যে সে সমস্ত বিষয়ের এ্যামেণ্ডমেণ্ট আনলে ভাল হত। তারপরে ড্রাইভারদের কথা যেটা সরকার এর থেকে বাদ দিয়েছেন এই বাদ দেওয়ার ফলে বড় বড় কোম্পানী যেগুলো ক্লাইভ স্ট্রীটে আছে সেই সব কোম্পানীতে ২০।২৫ জন পর্যন্ত ড্রাইভার কাজ করে—এটা একজন দুইজন পারসোন্যাল ড্রাইভারের কথা নয়, কিন্তু তারাও কর্মচারী, তাদের দিকে তাকিয়ে দেখতে হবে যাতে তারা সপ্তাহে একদিন ছুটী পায়। তাদের এর থেকে বাদ দেওয়া হয়েছে এটা দুর্ভাগ্যের ব্যাপার। এখন যে সংশোধনী এসেছে এই সম্পর্কে আগেই তিনি ট্রেড ইউনিয়নদের ডেকে আলোচনা করেছিলেন যখন এই এ্যাক্ট আসে। সেজন্য আমি তাঁকে অবশ্যই ধন্যবাদ জানাব। এটার সম্পর্কেও যদি আলোচনা করতেন তাহলে সুবিধা হোত। কারণ আমরা দেখেছি কর্মচারীদের অসুবিধা কি। কলকাতা এবং মফস্বলে যে সমস্ত বড় বড় দোকান আছে তাদের বহু কর্মচারী দূর দূরান্তর থেকে এসে কাজ করেন। এবং এক দিন দেড় দিনের ছুটীতে তারা বাড়ী চলে যায়। বর্ধমান, বীরভূম, বাঁকুড়া এই সমস্ত জায়গার বহু দোকান কর্মচারী আছেন যারা কাজ করতে এসে কলকাতায় থাকেন তাদের পক্ষে রবিবার হোল ডে বন্ধ থাকলে তাদের একদিনের ছুটী থেকে সম্পূর্ণ বঞ্চিত হতে হবে। কেননা শনিবার ছুটী হতে হতে রাত্রি আটটা নয়টার বেশী হয়ে যায় যদিও আইনে আছে যে শনিবার আটটার সময়ে দরজা বন্ধ হয়ে যাবে তা সত্বেও তাদের হিসাব মিলিয়ে চাকরী বজায় রাখবার জন্য অনেক বেশী সময় থাকতে হয়। তাহলে দাঁড়াচ্ছে এই শনিবার তারা যেতে পারবেন না রবিবার সকালে তারা বাড়ী যান, অন্য দিকে আবার সোমবার সকালেই তাদের রওনা দিয়ে আসতে হয় যার জন্য তারা সামবার ছুটী ভোগ করতে পারবেন না। সেজন্য ছুটীর আগের দিন অর্দ্ধদিন যদি এবং পরের দিন সমস্ত দিন বন্ধ রাখা যায় তাহলে তাদের পক্ষে সুবিধা হয়। শেষ কথা যদি রবিবার দিন যদি ছুটী থাকে তাহলে কর্মচারীদের খুব অসুবিধা হবে। একথা ঠিক যে রবিবার হলে পাবলিকের পক্ষে সুবিধা হবে। শ্রমমন্ত্রী বললেন যে দিল্লীতে রবিবার বন্ধ থাকে। কিন্তু আমি ওকে বলছি দিল্লী আর কলকাতায় অনেক তফাৎ এবং আচার ব্যবহারে অনেক রকম পার্থক্য আছে। রবিবার দিন বন্ধ থাকলে কর্মচারীদের পক্ষে অসুবিধা হবে। দ্বিতীয়তঃ কর্মচারীদের সিভিল সাপ্লাই অফিসে যেতে হবে রেশন কার্ড আনবার জন্য পারমিট আনবার জন্য এই সব কাজগুলি তারা করতে পারবেন না যদি রবিবার বন্ধ থাকে কারণ আপনি জানেন যে অফিস আদালত সব কিছু রবিবার বন্ধ থাকে। অন্য দিকে রবিবারই মাত্র একটা দিন যে দিন ব্যাঙ্ক ইত্যাদির কর্মচারীরা বাড়ীর কাজ করতে পারেন। সেজন্য আমার কথা হচ্ছে যে শুধুমাত্র মালিকদের স্বার্থের দিকে না তাকিয়ে যাদের জন্য বিশেষ করে এই আইনটা করেছেন যে জন্য আমরা গতবার আপনাকে ধন্যবাদ জানিয়েছিলাম তাদের দিকে আরেকটু তাকিয়ে দেখবেন যাতে করে অর্দ্ধেক দিন ছুটী পরের দিনের সকালে না হয়। দ্বিতীয়ত সব জায়গায় যাতে রবিবার বন্ধ না হয় সেটা দেখবেন। বই এর দোকানের কর্মচারীরা আপনার কাছে এসে ছিলেন তা আমি জানি, সেদিকেও একটু লক্ষ রাখবেন। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Deb Saran Ghosh:

মাননীয় সভাপাল মহাশয়, এই আলোচ্য বিলটা খুব বিতর্কমূলক নয়, তবুও আমি দুই একটি কথা মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে উপস্থিত করতে চাই। পূর্ণ দিবস ছুটী সম্পর্কে তিনি

বলছেন যে সরকার কর্তৃক নির্ধারিত দিনেই করতে হবে। তাই আমার মনে হয় এই সংশোধনীটা কলকাতার দিকেই লক্ষ্য রেখে করা হয়েছে। মফস্বলের বিভিন্ন গঞ্জে যে সমস্ত দোকান বাজার রয়েছে সেগুলি এক একটা চার পাঁচ মাইল দূরে দূরে অবস্থিত তাই যদি সপ্তাহে একটা দিনই ঠিক হয় তাহলে গ্রামবাসী ব্যবসায়ীদের পক্ষে অসুবিধা হবে। সেজন্য আমি মনে করি সপ্তাহে একটা নির্দিষ্ট দিনে বাজার বন্ধ রাখা উচিত নয়। তারপর মালিকদের হাতে অর্দ্ধ দিবসের ছুটীর ক্ষমতা ছেড়ে দিচ্ছেন তাতে এটা অভিসন্ধিমূলক বলে মনে হচ্ছে। এজন্য আমার সন্দেহ হচ্ছে অর্দ্ধ দিবসের যে ছুটী তা থেকে কর্মচারীরা বঞ্চিত হবে। এমনও হতে পারে যে রবিবার পূর্ণদিন এবং সোমবার অর্দ্ধ দিবস ছুটীর ব্যাপারটা মালিকদের ইচ্ছার উপর ছেড়ে দেওয়া হয় তাহলে কর্মচারীদের অনেক ক্ষেত্রে অর্দ্ধ দিবসের ছুটী মারা যাবে। সুতরাং আমি মনে করি অর্দ্ধ দিবসের ছুটীটা কনটিনিউয়াস হওয়া দরকার। আমি মনে করি পূর্ণ দিবস এবং অর্দ্ধ দিবস ছুটীটা এক নাগাড়ে হওয়া উচিত। আমি আবার শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে এই অর্দ্ধ দিবসের ছুটীটা যদি মালিকের হাতে রাখা হয় এবং সেটা যদি কনটিনিউয়াস না করা হয় তাহলে কর্মচারীরা এই সুযোগ থেকে তারা বঞ্চিত হবে।

[3-30—3-40 p.m.]

অর্দ্ধ দিবস কাজ করার পর আবার তাদের অর্দ্ধ দিবস ছুটী থাকছে। সেইজন্য অসুবিধার সৃষ্টি হয়েছে। আমি মনে করি এটা সরকারের নিজের হাতে রাখা উচিত এবং সেদিকে লক্ষ্য রাখা উচিত, অর্দ্ধ দিবস ছুটী এবং পূর্ণ দিবস ছুটী যাতে এক নাগাড়ে পায় সেটার ব্যবস্থা করা উচিত। মাননীয় স্পীকার মহাশয়, এই আইনটা ১৯৬৩ সালে পাশ হবার পর বিভিন্ন মফঃস্বল সহরে বা গঞ্জ এলাকায় যে সমস্ত দোকান কর্মচারী আছে তারা এই আইন সম্বন্ধে এখন পর্যন্ত অজ্ঞ থেকে গিয়েছে। সেজন্য ব্যবসাদার যারা তারা আইনটা যাতে প্রচলিত না হয় সেজন্য তার সমস্ত ব্যাপারটি চেপে রাখার চেষ্টা করে। দোকান কর্মচারী যারা আছে তারা এই আইনটা সম্পর্কে সচেতন না থাকার ফলে পল্লী অঞ্চলে, বাজার, গঞ্জ, যেখানে দোকান কর্মচারী আইন চালু হওয়া সম্ভবপর সেখানে আজ পর্যন্ত চালু হয়নি। সেজন্য এর ব্যাপক প্রচার হওয়া দরকার। এই প্রসঙ্গে আমি একটা কথা মাননীয় শ্রমমন্ত্রীর কাছে রাখতে চাই সেটা হচ্ছে বেলডাঙ্গা থানা, বেলডাঙ্গার একটা বিরাট গঞ্জ এবং মুর্শিদাবাদের একটা বিরাট ব্যবসাকেন্দ্র, সেখানে হাজার হাজার কর্মচারী কাজ করে। দুঃখের বিষয় ১৯৬৩ সালে এই আইন পাশ হওয়া সত্ত্বেও, বেলডাঙ্গা গঞ্জ জায়গা হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত সেখানে দোকান কর্মচারী আইন চালু করা হয়নি। সেজন্য আমার বক্তৃতার মাধ্যমে এবং আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যাতে এই দোকান কর্মচারী আইন বেলডাঙ্গা গঞ্জে চালু হয় সেদিকে তিনি যেন দৃষ্টি দেন।

Shri Gour Chandra Kundu:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলের আলোচনার সুযোগে মাননীয় মন্ত্রীমহাশয়ের দু' একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথম কথা হচ্ছে, এই যে দোকান কর্মচারী আইনটা তৈরী হল এই আইনটা এ্যাপ্লাই করতে গিয়ে দেখা যাচ্ছে কতকগুলি অসুবিধা যেগুলি অনুধাবন করে একটা কমপ্রিহেনসিভ বিল আনবার জন্য আমি বলছি। এক নম্বর অসুবিধা হচ্ছে গরমকালে রাত্রি ৮ টার সময় যদি দোকান বন্ধ হয়ে যায় তাহলে তাতে পাবলিকের অসুবিধা হয় এবং দোকানদারদেরও অসুবিধা হয়। সেজন্য গরমকালে যদি ওটা ৯টা করা যায়, এক ঘণ্টা বাড়িয়ে দেওয়া যায় তাহলে সকলের সুবিধা হয়। ২ নম্বর কথা হচ্ছে এই দোকান কর্মচারীদের রক্ষা করবার জন্য যে ইন্সপেক্টর লাগান হয়েছে সেই ইন্সপেক্টরের সংখ্যা এক কম যে সমস্ত দোকান তারা তদারক করতে পারেন না। ফলে যে সমস্ত বড় বড় দোকানে গেলে পর ইন্সপেক্টর বাবুর ঘুষের ব্যবস্থা হতে পারে সেখানে তিনি যান, ঘুষের ব্যবস্থা করে নেন। কিন্তু বহু ছোট ছোট দোকানের কর্মচারীদের বেশী খাটতে বাধ্য হতে হয়। যেমন আমি নদীয়া জেলার কথা বলতে পারি, সেখানে ইন্সপেক্টর আছেন একজন রানাঘাট মহকুমায়। ফলে

তিনি সব দোকানে যেতে পারেন না, দেখতে পারেন না, দোকান কর্মচারীদের জন্য যেসব প্রিভিলেজ আছে আইনে সেগুলি তারা পায় না। যে প্রিভিলেজ আইনে বিধিবদ্ধ করা হল সেই প্রিভিলেজ যদি না পায় সরকারী কর্মতৎপরতার অভাবে এই আইনের উদ্দেশ্য ব্যর্থ হয়ে যায়। সেজন্য আমি বলব ইন্সপেক্টর-এর সংখ্যা কিছু বাড়ান প্রয়োজন এবং যাতে সমস্ত দোকান ঠিকমত বন্ধ হয় তার ব্যবস্থা করা প্রয়োজন। তা না হলে একটা দোকান খোলা থাকল আর একটা বন্ধ থাকল—যে দোকান খোলা রইল তার খুব সুবিধা হল এই জিনিসটা যাতে না ঘটে, সমস্ত কর্মচারী যাতে সুযোগ সুবিধা পায় সেদিকে দৃষ্টি দেবার জন্য এই ইন্সপেক্টরের সংখ্যা বাড়ান দরকার। তৃতীয়তঃ দেড় দিন বন্ধ রাখবার জন্য যেটা এনেছেন খেপে খেপে, সেটার আমি তীব্র বিরোধিতা করছি। এটা যদি করা হয় তাহলে দোকান কর্মচারীদের যে সুযোগ সুবিধা পাওয়া দরকার সেটা তারা পাবে না। কারণ, জেলাতে আমি দেখেছি একদিন অর্ধেক দিন ছুটি, আর একদিন পুরো দিন ছুটি যদি স্থির হয় তাহলে দোকানের মালিকরা এদের ফাঁকি দেবেন এবং কোন সময়ে তাঁরা এই ছুটি দেবেন না। বহু কর্মচারী আছেন যাঁরা বিভিন্ন জায়গা থেকে আসেন, যাঁরা বহু দূরবর্তী জায়গায় থাকেন, তাঁরা বিভিন্ন গঞ্জে এসে হোটেলে থেকে খেয়ে দোকানে কাজ করেন। তাঁরা অর্ধেক দিন ছুটি উপভোগ করবার জন্য একদিন বাড়ী যাবেন আবার একদিন বাড়ী যাবেন, ২।৩ ভিত্তিতে যে কোন দোকান দেড় দিন বন্ধ থাকবে সেটা সরকার ঠিক করবেন সেটা আমি সমর্থন করি। হয়ত রানাঘাট এলাকাতে, কি কলকাতার কোন পাড়াতে ঠিক করা হল যে সোমবার এবং মঙ্গলবার বন্ধ থাকবে, কি বৃহস্পতিবার, শুক্রবার বন্ধ থাকবে—পার্টিকুলার এরিয়ায় পার্টিকুলার ডেট ঠিক করে দেবেন বলছেন সেটা সমর্থনযোগ্য। কিন্তু একদিন ছুটি একবার হবে আবার অর্ধেক দিন ছুটি আর একবার হবে সেটা সমর্থনযোগ্য নয়। তাতে কর্মচারীরা সুযোগ পাবে না। এতে যদি অসুবিধা হয় তাহলে যেমন আছে মাসে ৫ দিন কি ৬ দিন ছুটি দিয়ে দিন, সেইভাবে একটা ব্যবস্থা করুন। অর্ধেকদিন ছুটি যাতে মারা না যায় সেটা দেখা দরকার। সেদিকে লক্ষ্য রেখে আমি বলছি ঐ ধারা পরিবর্তন করা দরকার। একটা পার্টিকুলার এরিয়ায় দেড় দিন ছুটি হোক তাতে আমাদের আপত্তি নেই, কিন্তু একদিন একসময়ে অর্ধেকদিন আর এক সময়ে এই জিনিসটা কখনই হওয়া উচিত নয়।

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 2nd March, 1966.

Shri Bijoy Singh Nahar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের আলোচনাকালে অনেক মাননীয় সদস্য বলেছেন যে এই বিলের অনেকগুলি জায়গায় পরিবর্তনের আবশ্যক আছে। আমি তাঁদের কাছে নিবেদন করব কোথায় কোন পরিবর্তন তাঁরা মনে করেন সেটা যদি আমার কাছে জানান তাহলে নিশ্চয়ই আমি দেখব। আমার কাছে যেগুলি এসেছে আমি দেখছি এবং যদি দরকার হয় আমরা পরিবর্তন করব। এই বিলের সম্বন্ধে যেসব কথা উঠেছে তাতে আমি একটা কথা জানিয়ে দিতে চাই যে কলকাতা শহরে রবিবার সম্পূর্ণ বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। কতকগুলি দোকান যাদের সন্ধ্যা বেলায় বেশী বিক্রি বিশেষ করে কনজিউমার গুডস, কাপড়, স্টেশনারী গুডস, ইত্যাদি তাদের যদি শনিবার বিকাল এবং রবিবার বিকাল বন্ধ থাকে তাহলে তাদের বিক্রির অসুবিধা হয় এবং সাধারণ মানুষের কেনারও অসুবিধা হয়। সেজন্য রবিবারের সঙ্গে যাতে সোমবার সকাল যোগ করে দেওয়া যেতে পারে তারজন্য এই সংশোধন এসেছে। বেশীর ভাগ ব্যবসায়ী যারা মনে করছেন শনিবার যদি খোলা রাখেন এবং সোমবার যদি সকালে বন্ধ রাখেন তাহলে কর্মচারীদের অসুবিধা হবে, আমরাও বুঝি নিশ্চয়ই অসুবিধা হবে। আমাদের কাছে যেসব আলোচনা হয়েছে তাতে বুঝতে পারছি যে বেশীর ভাগ দোকানদারদের শনিবারও বিকাল এবং রবিবার সমস্ত দিন বন্ধ রাখতে অসুবিধা নেই। বিশেষ করে যাদের ব্যাংকের সঙ্গে কারবার, বড় বড় কারখানার সঙ্গে কারবার তাদের সেই ব্যবস্থা রাখতে হয়েছে। কেবল কাপড় বা অন্যান্য দৈনন্দিন ব্যবহার্য জিনিষ যাদের তাদের অসুবিধা হবে যদি দুটো বিকাল উপর্যুপরি বন্ধ হয়। তারাও বেশীর ভাগ এই সুযোগ গ্রহণ করবেন যে রবিবারের সঙ্গে সোমবার সকাল জুড়ে দেওয়া হোক। একদিন এক

সময়ে আর অর্ধেক দিন আর সময়ে যে করা হচ্ছে ভেঙ্গে তা নয়। এক সঙ্গেই করতে হবে, যেদিন সম্পূর্ণ বন্ধ থাকবে তার আগের দিন বিকালে কিম্বা তার পরের দিন সকালে বন্ধ করতে হবে। এতে কয়েকজন মাননীয় সদস্য সন্দেহ প্রকাশ করেছেন যে হয়ত [illegible] সুবিধা হবে না, দোকানের মালিকদের এতে সুবিধা হবে। আমি একথা বলতে চাই সমস্ত আইনের পিছনে সব চেয়ে প্রথম জিনিষ যেটা দেখা হয়েছে সেটা হচ্ছে দোকানের কর্মচারীরা যাতে বেশী সুবিধা পায়। আমার কাছে বহু দোকান কর্মচারী এসেছেন, তাঁরা বলেছেন যে রবিবার ছুটি হলে সকলের সুবিধা হয়। রবিবার তাঁরা হয়ত বাড়ী গেলেন, তাঁরা আত্মীয় স্বজন, বন্ধু বান্ধবের সঙ্গে দেখা করতে পারেন, কিন্তু অন্য দিন ছুটি হলে সেটা সম্ভব হয়না। এই রকম অসুবিধা হওয়াতে আমরা সমস্ত কলকাতায় রবিবার দিন ছুটির দিন ঠিক করে দিয়েছি এবং এক মাসের উপর রবিবার দিন ছুটির ব্যবস্থা চলেছে এবং তাতে কোন পক্ষের বিশেষ অসুবিধা হচ্ছে না এবং কর্মচারীদেরও তাতে সুবিধা হচ্ছে। একটা প্রশ্ন তুলেছেন যে সোমবার কি শনিবার এটা কিভাবে আমরা ব্যবস্থা করবো এবং এর সুযোগ কর্মচারীরা হয়ত গ্রহণ করতে পারবে না। আমরা সে সম্বন্ধে আমাদের বিভাগে আলোচনা করেছি এবং আমরা নূতন পরিকল্পনা নেবার চেষ্টা করছি—হয়ত দোকানের সামনে সাইনবোর্ডে বিভিন্ন রং দিয়ে লেখা থাকবে যে কে শনিবার বিকালে বন্ধ করবে বা কে সোমবার সকালে বন্ধ করবে যাতে বাইরে থেকে বোঝা যায় যে কোন দোকান শনিবার বিকালে বন্ধ করছে আর কোন দোকান সোমবার সকালে বন্ধ করছে। আরো কয়েকটা কথা বলেছেন যেমন সনৎবাবু বলেছেন ইন্সপেকটারদের দুর্নীতির কথা। এইগুলি যদি আমাদের কাছে জানান আমরা নিশ্চয়ই দেখবো। আমরা এটুকু বলতে পারি এক রকম নিয়মের যেখানে ব্যবস্থা হচ্ছে সেখানে এই রকম দুর্নীতি কমে গিয়েছে। আমি আপনাদের কাছে বলতে পারি এ সম্বন্ধে আমরা অনেক প্রচার করেছি, রেডিওতে বলেছি, কাগজে ছাপিয়ে দিয়েছি, আমাদের পাবলিসিটি ডিপার্টমেন্ট থেকে নানাভাবে এইগুলি প্রচার করা হয়েছে। বেশীর ভাগ দোকানের মালিকরা এবং কর্মচারীরাও এ সম্বন্ধে অনেক কিছু জানেন, তাদের খুব অসুবিধা বর্তমানে হচ্ছে না।

[3-40—4-10 p,m,]

তবে ফর্ম অনেক রকম আছে এবং ফর্ম করা দরকার। আমরা সংক্ষিপ্ত করার চেষ্টা করছি। এই যে ফর্ম সেই ফর্মে কে কে কর্মচারী আছে তাদের যদি নাম না থাকে—তারা ছুটি দিচ্ছেন না দিচ্ছেন এই সব যদি না লেখা থাকে তাহলে চেক করার অসুবিধা হয়। এবং আমাদের কাছে যদি কমপ্লেন আসে তাতে অসুবিধা হয়। কাজেই আমরা কি করে সংক্ষিপ্ত হয় তার চেষ্টা করছি। আমাদের কাছে অনেকগুলি সাজেসন এসেছে—সেগুলি দেখে আমরা সংক্ষিপ্ত করার চেষ্টা করছি—কে কোন দিন ছুটি দেন না দেন—কোথায় কি এ্যাটেনডেন্স—কোথায় কে কত মাইনে পেল—সমস্ত বিষয় যদি না লেখা যায় তাহলে কর্মচারীরা যে কমপ্লেন করেন সেগুলি ভাল করে দেখা যায় না। এখানে যেটা আছে তার সম্বন্ধে মাননীয় সদস্যরা আপত্তি জানান নি। কেবল তারা অর্ধেক দিন ছুটির ব্যাপারে তারা একটু ভয় করছেন—আমি তাঁদের এই কথা বলি যে কলকাতা সহরে বিশেষ করে যেখানকার জন্য এই ব্যবস্থা চালু করা হচ্ছে তাতে কন-জিউমার গুডস ভিন্ন সকলেই শনিবার বিকালে এবং রবিবার বন্ধ করার অভিমত জানিয়েছেন এবং যাদের বিক্রি করার অসুবিধা হয় এবং ক্রেতাদের অসুবিধা হয় তারাই কেবল শনিবার দিন সন্ধ্যা ৮টা পর্যন্ত খোলা রাখবেন এবং সোমবার সকাল বন্ধ রাখবেন—সোমবার সকালে যাতে ছুটি পায় সেদিকে লক্ষ্য রাখবো অবশ্য কয়েকজন দোকানদার অসুবিধার সৃষ্টির চেষ্টা করছেন সেদিক দিয়ে কড়াকড়ি ব্যবস্থা করেছি। সনৎবাবু বললেন যে বহরমপুরে কড়াকড়ি হয়েছে—আমি ধনাবাদ দিই আমাদের ইন্সপেকটারদের যে তাঁরা এ ব্যাপারে কড়াকড়ি করছেন। তবে যারা খুব ছোট্ট দোকানদার তাদের উপর যাতে জোর জুলুম না করা হয় সেদিকে লক্ষ্য রাখা হবে এবং ক্রেতাদের যাতে অসুবিধা না হয় সেদিকে লক্ষ্য রাখা হবে। কাজেই সব দিক থেকে যাতে কর্মচারী এবং ক্রেতাদের অসুবিধা না হয় সে সব দিকে লক্ষ্য রেখে আমরা কিছু কিছু ছেড়ে দিয়েছি। সুতরাং ভবিষ্যতে তারা দেড় দিন ছুটি পাবেন এবং অন্যান্য সুযোগ সুবিধা পাবেন। জেনাল ক্লোজারের মধ্যে বন্ধ না করে অন্যদিন বন্ধ দিতে পারেন তার জন্য নোটিফিকেসন করা হয়েছে। আমি এ ব্যাপারে সমস্ত মোসনগুলি অপোজ করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Bijoy Singh Nahar that the West Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that the clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 2, in proposed sub-section (4), line 3, the words "the day or" be omitted.

Sir, I also beg to move that in clause 2, the following proviso be added to proposed sub-section (4):—

"Provided the day of full closure should succeed the half day."

আমার সংশোধনী হচ্ছে এখানে রয়েছে দি ডে এ্যান্ড হাফ ডে, যেভাবে শ্রমমন্ত্রী মহাশয় বললেন সেটা খুব ভাল কথা—সেটাকে সমর্থন করা যায় কিন্তু আইনে যেভাল ভাষাটা রয়েছে তাতে একটা সন্দেহ রয়েছে যে দেড় দিনের যে ছুটি সেটা এক দিন হতে পারে আবার তার মাঝখানে স্পিলিট করে হাফ দিন হতে পারে।

Shri Bijoy Singh Nahar:

তা নয়, কনটিনিউয়াসলি হবে।

Shri Aswini Roy:

আমি বলেছি দি ডে এটাকে বাদ দিয়ে বোথ দি ডে এন্ড দি হাফ ডে এই দুটো থাকলে ভাল হয়। কনটিনিউয়িটির কথা তিনি বলছেন কিন্তু ৪নং ক্লজে সে রকম কিছু নেই। সেইজন্য আর একটা প্রোভাইসো যোগ করতে বলছি এ্যাট দি এন্ড অফ দিস ক্লজ।

এই প্রোভাইসোটা যদি এ্যাড করে দেন তাহলে আমরা একটু নিশ্চিন্ত হই যে না অর্ধ ছুটিটা পূর্ণ ছুটির আগের দিন দিতে হবে। কারণ সত্য সত্যিই পূর্ণ ছুটির আগের দিন যদি অর্ধ ছুটিটা না পায় তাহলে পূর্ণ ছুটিটা শ্রমিকদের পক্ষে সুবিধাজনক হয় না। আমরা জানি, বিশেষ করে শ্রমমন্ত্রী মহাশয় আরো বেশী জানেন যে এক লক্ষ থেকে দেড় লক্ষ এই রকম দোকান কর্মচারী তারা শনিবার বাইরে চলে যান তাদের বাড়ী আছে। ঠিক মফঃস্বল, জেলা সহরগুলিতে দেখা যাবে যে গ্রাম এলাকায় যারা দোকান কর্মচারী কাজ করেন তারা ঐ অর্ধ দিন ছুটি পেয়ে চলে যায়। পুরোনো যে আইন তাতে ছিল ডে এন্ড হাফ ডে—কিন্তু উনি এখন নূতন করে বসাচ্ছেন দি ডে তার পরে বোথ দি ডে এন্ড হাফ ডে। যদি খুব তাড়াতাড়ি করা যায় তাহলে এটা মানে করা যায় যে এক দিন দেবার পর আবার বাদ দিয়ে অর্ধ দিন ছুটিটা হয়তো দেওয়া যেতে পারে। যেমন রবিবার পূর্ণ দিলেন আবার হয়তো শুক্রবার হাফ ডে দিলেন। সেদিক থেকে কর্মচারীদের খুব অসুবিধা হবে। সেইজন্য আমি বলছি যে এই ডিলিসন যদি না মানতে চান তাহলে আমি অনুরোধ করবো যে একটা প্রভিসন দেওয়া হোক
provided the day of full closure should succeed the half day.

Shri Bijoy Singh Nahar:

মাননীয় সদস্য যা বললেন সমস্ত ভুল ধারণার উপর তিনি বলেছেন। এই আইনে পরিষ্কারভাবে আছে যে দিন পূর্ণ দিন ছুটি হবে তার সঙ্গে কনটিনিউয়েসনে অর্ধেক দিন ছুটি থাকবে, সেটা

বদলানো হচ্ছে না। এখানে কেবল অপসন দেওয়া হচ্ছে যে যদি রবিবার ফুল ছুটি হয় তাহলে সেখানে শনিবার না সোমবার অর্ধছুটি দেওয়া হবে এই অপসনটা দেওয়া হচ্ছে। কিন্তু কনটিনিউয়িটি ব্রেক করবার কোন ভয় নেই।

The motion of Shri Aswini Roy that in clause 2, in proposed sub-section (4), line 3, the words "the day or" be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 2, the following proviso be added to proposed sub-section (4):—

"Provided the day of full closure should succeed the half day."

was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3 and Preamble

The question that clause 3 and the preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Bijoy Singh Nahar: Sir, I beg to move that the West Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

(At this stage the House was adjourned for 20 minutes)

[After Adjournment]

[4-10—4-20 p.m.]

Shri Murari Mohan Manya:

অন এ পয়েন্ট অফ পার্সোন্যাল এক্সপ্লেনেসান আজকে শ্যামপুরের খাদ্যের পারমিট সম্পর্কে অপূর্ববাবু যে কটা কথা বলেছেন তার উত্তরে আমি বলছি।

Mr. Chairman:

আপনিতো একবার বলেছেন,

Shri Murari Mohan Manya:

অপূর্ববাবু বলার আগে বলেছি পরে বলিনি। অপূর্ববাবু টাকা নেবার কথা বলেছেন তা সম্পূর্ণ অসত্য। অপূর্ববাবু বলেছেন যে পারমিট দেওয়া হয়েছে তারা সকলেই আমার নিজের কর্মচারী, কেউ জেলে নয় এটা সম্পূর্ণ মিথ্যাকথা এবং তারা প্রত্যেকেই জেলে।

Shri Nikhil Das: Sir, he cannot make any statement now.

Mr. Chairman: He is replying to certain charges made by Mr. Apurba Lal Majumdar. He is entitled to do that.

Shri Somenath Lahiri:

অন এ পয়েন্ট অফ অর্ডার, এ বিষয়ে যখন আলোচনা হয় তখন আপনি সভায় উপস্থিত ছিলেন এ বিষয়ে একটা প্রিভিলেজ-এর কোয়েশ্চেন উপস্থিত হয়েছে এবং এ বিষয়ে আলোচনার পর স্পিকার মহাশয় হাউস-এ কথা বলেছেন যে, যে প্রিভিলেজ মোশন সম্পর্কে কাল বা পরশু তাঁর রুলিং দেবেন। এই হিসাবে বিষয়টা স্থগিত আছে, যতক্ষণ পর্যন্ত না স্পিকার-এর রুলিং আমরা পাচ্ছি আবার এই কোয়েশ্চেন এই ফর্মে রি-ওপেন করা চলে কিনা সেটাই জিজ্ঞাস্য।

Shri Bijesh Chandra Sen:

সোমনাথবাবু যে কথা বলেছেন স্পীকার বলেছেন তিনি পরে রুলিং দেবেন, কিন্তু তারপরে অপূর্ববাবু অনেক কথা বলেছেন মুরারীবাবু সম্পর্কে। সে জন্য তিনি তাঁর পার্সোনাল এক্সপ্লেনেসান দিতে চেয়েছেন যেটা দেবার তাঁর অধিকার আছে।

Shri Ranjit Ghosh Chowdhury: Mr. Chairman has ruled that he is entitled to do it. He is replying to certain charges made by Mr. Majumdar.

Shri Asoke Krishna Datta:

অন এ পয়েন্ট অফ পার্সোন্যাল এক্সপ্লেনেসান-এর কথা বলতে চাই। এই সভার প্রত্যেক সদস্যের অধিকার আছে তাঁর বিরুদ্ধে ব্যক্তিগত কোন কথা কেউ বললে তাঁর বিরুদ্ধে প্রতিবাদ জানানো। এই সভায় ব্যক্তিগত একজন সদস্যের নামে যখন অভিযোগ করা হয়েছে তখন তার উত্তর দেবার অধিকার আছে এবং যখন সে অধিকার আছে তখন তা কেউ বন্ধ করে দিতে পারে না।

Mr. Chairman: Mr. Manya has already given his explanation. The matter ends there.

Shri Nikhil Das:

আমার একটা প্রিভিলেজ মোসান ছিল যে সম্পর্কে স্পিকার তার রুলিং এখন স্থগিত রেখেছেন যে এটা প্রিভিলেজ কমিটিতে যাবে কি না। কিন্তু তার আগে এ সম্পর্কে কোন কথা বলা ঠিক নয়—এটাই আমার পয়েন্ট অফ অর্ডার। সেজন্য বলছি এটা প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করা হোক।

Mr. Chairman: He is entitled to give a reply.

Shri A. H. Besterwitch: Sir, the Speaker has kept his ruling in abeyance. He will give it tomorrow, or this evening. Now can the matter end there?

Mr. Chairman: He has given reply to the charges levelled against him by Shri Apurba Lal Majumdar. He is entitled to do that.

The Bengal Municipal (Amendment) Bill, 1965.

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to introduce the Bengal Municipal (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the bill)

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to place the following statement required under Rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Section 57(1) of the Bengal Municipal Act, 1932, as it stood before the 13th August, 1965, required the Commissioner of a Municipality to make and subscribe an oath or affirmation of allegiance to the Constitution of India in the presence of the other Commissioners assembled for a meeting. If for any reason beyond his control a Commissioner was unable to attend such a meeting, he could not make and subscribe the oath or affirmation could be made and subscribed before any of the persons specified in the amendment, namely, the Chairman, the Vice-Chairman, the District Magistrate, etc. The amendment was urgent as otherwise some Commissioners elected at the last general elections of some municipalities would not be able to comply with the then requirements of the section, and as the Houses of the Legislature were not in session, the amendment had to be made by promulgation of the Bengal Municipal (Amendment) Ordinance, 1965 (West Bengal Ordinance No. V of 1965).

Mr. Chairman: Shri Rahman, please move your consideration motion.

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to move that the Bengal Municipal (Amendment) Bill, 1965, be taken into consideration

মিঃ চেয়ারম্যান স্যার, এই বিলটা খুবই সংক্ষিপ্ত সহজ এবং সরল। ডবলিউ, বি, এম, এ্যাক্ট-এ ৫৭(১) ধারায় যে বিধান আছে তাতে দেখা যাচ্ছে নির্বাচিত কমিশনার যিনি তাঁকে এ্যাট দি মিটিং অফ দি কমিশনার, সেখানে আনুগত্য শপথ গ্রহণ করতে হবে, তা যদি গ্রহণ না করতে পারেন তাহলে ৩ মাসের মধ্যে কমিশনারের পদ বাতিল হয়ে যাবে। এই অবস্থায় অনেক ক্ষেত্রে দেখা গেছে কিছু কিছু কমিশনার কতকগুলি অবস্থায় যা তাদের আয়ত্বের বাইরে সে অবস্থায় মিউনিসিপ্যাল কমিশনার উপস্থিত হয়ে আনুগত্য শপথ গ্রহণ করতে পারে না, এ সব অসুবিধা দূর করার জন্যই এ বিল আনা হয়েছে এবং এই বিলের প্রয়োজনীয়তা সব দিক থেকে উপলব্ধি করে আনা হয়েছে। বর্তমানে যে বিল আনা হয়েছে তার ধারায় এ বিষয়গুলি উল্লেখ করা হয়েছে যে যদি কোন কমিশনার এমন কোন ঘটনা বা অবস্থায় যা তার আয়ত্বের বাইরে সে যদি যথা সময়ে মিটিং অফ দি কমিশনার উপস্থিত না হয়ে আনুগত্য না নিতে পারেন তাহলে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, ডি, এম অথবা মহকুমা হাকিম এই জুরিডিকসানের মধ্যে যে মিউনিসিপ্যালিটি অবস্থিত বা যে কোন গভর্নমেন্ট অফিসার, ডি, এম যাকে অথোরাইজ করবেন তাঁর কাছে যে কোন সময় যে কোন স্থানে গিয়ে শপথ গ্রহণ করতে পারবেন। এই গণতান্ত্রিক অধিকার যেটা স্বায়ত্বশাসন আইনে রক্ষিত ছিল সেটা এই বিলের দ্বারা রিমুভ করা হয়েছে। এই বিলে বিতর্কমূলক বিষয় কিছু নেই। আশা করি এটা সকলে গ্রহণ করবেন।

[4-20—4-30 p.m.]

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মিঃ চেয়ারম্যান স্যার, বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যামেন্ডমেন্ট বিল যেটা এনেছেন সেটা খুবই মহৎ। আমি এটাকে সমর্থন করতে গিয়ে কিছু না বলে পারছি না। সেটা হচ্ছে—আমরা দেখছি বিগত কয়েক বছর, যাঁরা জন-প্রতিনিধি, পৌর সদস্য নির্বাচিত হয়েছিলেন; তাঁরা দেখতে পাই বিশেষ অসুবিধায় থাকেন। যেমন তাঁরা নির্বাচিত হয়েও সদস্যপদ হারিয়েছেন। আমরা কেরালাতে দেখলাম এমনি একটা অবস্থা, যে সেখানকার নির্বাচিত সদস্যরা শপথ গ্রহণ করতে পারেন নি। কাজেই এই রকম একটা আইন আনার জন্য, আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রী মহাশয় খুব ভাল কাজই করেছেন। কিন্তু উনি যদি এখানে একটা নির্দিষ্ট ধারা ধার্য করে দিতেন, তাহলে আরও ভাল হত, এবং আমরা খুশী হতাম। উনি বলেছেন বোর্ড অফ কমিশনারস-এর মিটিং-এ উপযুক্ত

সংখ্যক কর্মচারীর সামনে শপথ নেবার প্রয়োজন ছিল, সেটা এখন আর প্রয়োজন নেই। এখন প্রভিসন করা হচ্ছে যে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, বা সাব-ডিভিসনাল ম্যাজিস্ট্রেট-এর এই শপথ গ্রহণ করতে হবে। আমি বলতে চাই সেটা কোন, কোন ক্ষেত্রে সম্ভব হবে না; যদি কোন লোক জেলখানায় আটক থাকেন, বা কোন লোক হাসপাতালে থাকেন, সেখানে সাব-ডিভিসন্যাল ম্যাজিস্ট্রেট, চেয়ারম্যান; বা ভাইস-চেয়ারম্যান, বা তাঁদের অথোরাইজড রিপ্রেজেনটেটিভ, সেখানে যাবেন কি, যাবেন না; তার কোন বাধ্যবাধকতা এখানে থাকছে না। সুতরাং এখানে যদি দয়া করে এই রকমের একটা প্রভিসন করে দেন, যে ইলেকটেড প্রতিনিধি—তারা যেখানেই চান—হাসপাতালেতে চান, বা বাড়ীতে চান, বা জেলখানায় চান, সেখানে তাদের শপথ গ্রহণ করা হবে, এবং তাঁরা সেখানে যেতে বাধ্য থাকবেন। এতদিন যাবৎ একটা খারাপ বিল, বা আইন ছিল, সেটা অনেকটা ভাল করা হয়েছে, এখন এই প্রগতিশীল ধারা; এইটুকু যোগ করবার জন্যে আমি আমার মোশানটা মুভ করছি।

Shri Sailendra Nath Adhikary:

মিঃ চেয়ারম্যান মহাশয়, এই যে বিলটি মাননীয় ফজলুল রহমন সাহেব নিয়ে এলেন, এটার সম্বন্ধে ভবিষ্যতে, কি হবে, বা না হবে, সেটা বিবেচনা না করেই, আমি এর ইনট্রিনসিক কোয়ালিটি বিচার করে, এইটুকু বলতে পারি এতদিনের যে একটা মস্তবড় বাধা ছিল বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট-এ, সেটা তিনি অপসারিত করবার জন্য অগ্রসর হয়েছেন। কিন্তু, এটাও আমি দেখতে পাচ্ছি যে বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৩২, যেটা বৃটিশ সাম্রাজ্যবাদের সৃষ্টি, সেই আইনটা এখনও রয়ে গেলো। শুধু তার কতকগুলি মোকড়া দেওয়া হচ্ছে, যেমন এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ। তারপর নূতন যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এলেন, সেখানেও এইভাবে একটা মোচড়া দেওয়া হচ্ছে। আমি মনে করি বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, এটাকে টোটালি বদলে দিয়ে, নূতন আর একটা এ্যাক্ট নিয়ে আসা দরকার। তার কারণ, আজ থেকে প্রায় ৩০।৩২ বছর আগে যে আইন তৈরী হয়েছিল বৃটিশ শাসকের দ্বারা, এর পিছনে বাংলা দেশের জনতার সাংশন ছিল কিনা, সন্দেহ আছে, এবং যে আইনের পিছনে কেবল সাংশান ছিল সেই বৃটিশ প্রভুদের, সেই আইন এখনও চলবে, এবং ১৮ বছরের মধ্যে, সেই আইনটাকে ঢেলে সাজান হল না, এটা অত্যন্ত দুঃখজনক ব্যাপার। আমাদের প্রতিনিধিরা, আমাদের পসটারিটি, আমাদের লক্ষ্য করে এই কথাই বলবে, যে বৃটিশে সৃষ্ট আইনগুলি, আমাদের ফোর-ফাদারস-রা কুড়ি বছরের মধ্যেও সরিয়ে দিতে পারলো না। কাজেই, এই আইনে এ্যামেন্ডমেন্ট করবার আগ্রহ নিয়ে আমরা হাউসের সামনে এসেছি, সেইজন্য আমি তাঁকে স্বাগত জানাই।

অ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ-এর ব্যাপারেও তিনি এগিয়ে এসেছিলেন, সেটাও গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে তাকে স্বাগত জানিয়ে আমরা বলেছিলাম যে বহুদিনের আন্দোলনের ফলে আমাদের একটা জয় হলো।

আর আমাদের মাননীয় মুর্মু যে কথা বললেন সেটাও ভাববার কথা—যে এটা ভেগ টার্ম লেখা আছে। আমরা যদি জেলের মধ্যে থাকি, সেখানে ম্যাজিস্ট্রেট যাবেন কিনা? এই বিলটা যেভাবে নিয়ে আসা হয়েছে, তার মধ্যে কোনরকম হদিস নাই। হয়ত উনি ডিপার্টমেন্টে একটা জি, ও, পাঠাবেন যে তোমরা যাবে। এখানে স্পষ্টভাবে এটা থাকা উচিত ছিল যে তারা যেখানে থাকুক ডেকে পাঠালে তাদের সেখানে যেতে হবে।

দ্বিতীয় কথা—গতকাল কলকাতা কর্পোরেশনের এই কথা বলেছি; কিন্তু মন্ত্রীমহাশয় আমার সে কথাটা এড়িয়ে পাশ কাটিয়ে চলে গেলেন। সেটা হচ্ছে এই ধরুন একজন মিউনিসিপ্যালিটীর নির্বাচিত কমিশনার এবং আমাদের আজকাল ডি, আই, রুল ইত্যাদি যে সমস্ত রুল হয়েছে, এই সমস্ত রুলের কথা বলছি, যদি মরাল টার্পিচুড-এর দোষে দোষী কেউ হয়, তাহলে তো তিনি নির্বাচনে দাঁড়াতে পারবেন না। কাজেই সে প্রশ্ন আসবে না, উনি বললেন চুরি-ডাকাতি করলে কী হবে? তার সদস্য পদ অটোমেটিক্যালি ল্যাপ্স করে যাবে, আমি ধরুন ডি, আই, রুল-এ এ্যারেস্ট হয়েছি, তারপর ছ'মাস, ৮ মাস বা এক বছর, দু বছর আটক থাকতে পারি; সেই অবস্থায় এই বিলের দ্বারা সেখানে ওথ অফ এলিজিয়েন্স নেওয়া সম্ভব হবে, আবার যেখানে কয়েকটা ধারা আছে—বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট-এর মধ্যে যে সার্বসিকোয়েন্টলি এ্যাট এ নাম্বার অফ মিটিংস এ্যাটেন্ড না করলে আমার মেম্বারশিপ চ্যালেঞ্জড হবে। সেগুলো কেন এই

সাথে রি-মডেল করা হল না? এক হাতে একটা অধিকার দিচ্ছেন, আর একহাতে সেই অধিকার কেড়ে নেবার ক্ষমতা রেখে দিচ্ছেন। হতে পারে এটা আর একটা প্রসেস যাতে আমরা আমাদের অধিকার থেকে বঞ্চিত হতে পারি। আমাদের গণতান্ত্রিক দেশে এমন কোন বিধিবিধান থাকা উচিত নয় যাতে ন্যূনতম অধিকার ক্ষুণ্ণ করে, আমার পয়েন্ট হচ্ছে এমন ব্যবস্থা এতে থাকা উচিত ছিল যাতে প্রদত্ত অধিকার থেকে কোনক্রমে আমরা ক্ষুণ্ণ না হই।

তারপর বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট, ১৯৩২, এটা যখন সৃষ্ট হয়েছিল, তার সামনে গভর্নর, গভর্নর জেনারেল, তার উপর বৃটিশ পার্লামেন্টের সোভারেনিটি ছিল। আর এখন যেখানে ১৯৪৭ সালের পর ১৯৫০ সালের ২৬এ জানুয়ারী যেদিন থেকে আমাদের কন্সটিটিউশন চালু হলো, তখন থেকে এই সোভারেনিটি আমাদের হাতে। এই পরিস্থিতিতে আমাদের কোয়ালিটেটিভ চেঞ্জ অফ আউট লুক হয়েছে। ১৯৩২ সালে এই পাশ হয়েছিল যে আউট লুক নিয়ে সেই আউট লুক আর এখন নাই এখন টোটাল এই সভেরিনিটি লাই ইন দি পিপিল। কিন্তু তার ফোরাম হিসেবে বিভিন্ন কাউনসিল, লোকসভা রয়ে গিয়েছে। আমার কথা হচ্ছে সেই সময় যারা এই আইন করেছিলেন, তাঁরা বৃটিশের স্বার্থেই এটা করেছিলেন, সেই সময় ভারতবর্ষের মুক্তি সংগ্রাম দানা বেঁধে উঠছিল; উগ্র হয়ে উঠছিল: তদানীন্তনকালে মডারেটদের হাতে অস্ত্র দেবার জন্য এই আইনটা তৈরী হয়েছিল। এ কথা মন্ত্রীমহাশয় খুব ভাল করেই জানেন, তিনি সেই সময় জেলের মধ্যে আবদ্ধ ছিলেন, কিভাবে প্রতারণা হয়েছে সেটা তিনি জানেন। আমরা খুবই দুঃখিত যে তাঁর হাতে এখনো ১৯৩২ সালের সেই বস্তাপচা আইনটা রয়ে গেছে। তার একতিলও তিনি বদলাচ্ছেন না। অথচ বলছেন গণতান্ত্রিক অধিকারকে সম্প্রসারণ করা হচ্ছে। বৃটিশের ইউজ করা রংটা ইমপ্লিমেন্টেসান করা হচ্ছে যার ফলে এর স্পিরিট-এর গুরুত্ব হারিয়ে ফেলছেন। সেজন্য মন্ত্রীমহাশয়ের কাছে আবেদন করছি, আমি পৌরসংস্থার সঙ্গে জড়িত আছি বলে আমি জানি কি অবস্থা হয়। আপনি এই এ্যাসুয়েরেন্স হাউসের কাছে দেবেন কিনা যে আগামী বছর একটা ফুল ফ্লেজেড আই বা বিল আপনি নিয়ে আসবেন যে আইন সত্যিই স্বায়ত্বশাসনের ক্ষেত্রে ভারতবর্ষে তথা পশ্চিমবঙ্গে যে নূতন ভিত্তিতে হয়েছে, সেই নূতন ভিত্তির আলোকে রূপায়িত হবে এবং জনগণের মধ্যে সেই ক্ষমতাকে বিকেন্দ্রিত হবার সুযোগ দেওয়া হবে। এই কথা কয়টা বলে আমি এই বিলকে সমর্থন করছি।

[4-30—4-40 p.m.]

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় সভ্য শ্রীনাথানিয়েল মুর্মু বলেছেন যে বিলটা ভাল হলেও বিলটার মধ্যে অনেক ফাঁক রাখা হয়েছে। কোন জায়গায় কোন কথাই স্পষ্ট ভাবে বলাই হয়নি। যদি কোন অবস্থা গতিকে কেউ আনুগত্যের শপথ গ্রহণ করতে না পারেন তাহলে এই বিলে যে

"ন অবস্থা গতিকে কেউ আনুগত্যের শপথ গ্রহণ করতে না পারেন তাহলে এই বিলে যে

অধিকার দেওয়া হচ্ছে তা কার্যকরী হবে না। এই হচ্ছে ও'র অভিযোগ। কিন্তু এই বিলের অন্তরর্নিহিত উদ্দেশ্য হচ্ছে যিনি সদস্য পদ থেকে বঞ্চিত হচ্ছেন তাকে সে অধিকার দেওয়া তা না হলে অনর্থক এই বিল আনা কেন? সেজন্য এর অর্থই হলো—আমি প্রথমেই বলেছি যে কোন স্থানে এই এই ব্যক্তির সামনে শপথ গ্রহণ করলেই হবে, জেলখানায় থেকেও এই আইনে তাকে যে সুবিধা দেওয়া হলো তা থেকে যাতে তিনি বঞ্চিত না হন তাই হলো এই বিলের আসল উদ্দেশ্য মাননীয় সদস্য শ্রীঅধিকারী বলেছেন এই বিলটা সবদিক থেকে বিবেচনা করে দেখা যাচ্ছে যে এই বিলটা খারাপ নয়, কারণ যে আইনের আওতায় এই বিলটা আনা হয়েছে সেই মূল আইনটাই খারাপ কেননা এটা বৃটিশ আমলের আইন। এর মধ্যে দিয়ে যে গণতান্ত্রিক অধিকার দেওয়া হচ্ছে বা যে সব অধিকার দেবার উদ্দেশ্যে এই সব সংশোধন করা হচ্ছে তা ব্যর্থতায় পর্যবেসিত হবে যতক্ষণ না ঐ মূল আইনটা সংশোধন করা না হয়। আমি তাঁকে বলতে পারি যে সেই কাজ শুরু হয়ে গিয়েছে। আমরা ব্যাপকভাবে বহু সংশোধনীর মধ্যে দিয়ে সমস্ত বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট-টাই সংশোধন করার বিল আনবার চেষ্টা করছি এবং আশাকরি যতদূর সম্ভব তাড়াতাড়ি এই কাজ সম্পন্ন হবে। তিনি আরেকটা কথা বলেছেন ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টের এ্যামেন্ডমেন্টের সময় যারা জেলখানায় আছেন তাদের অধিকার দেওয়া হলো বটে জেলখানা থেকে এসে যোগদান করতে কিন্তু তারা কার্যত পরবর্তী সভায় যোগদান করতে

পারবেন না এবং তারজন্য তাদের সদস্যপদ বাতিল হয়ে যাবে। কিন্তু আমার যতদূর মনে হয় বর্তমানে যে আইন আছে তার সেকশান ৬২(২)(সি) তাতে দেখা যাচ্ছে যদি কেউ এ্যাবসেন্ট থাকেন তাহলে তিনি মিউনিসিপ্যালিটির কাছে পারমিশান নিয়ে এ্যাবসেন্ট থাকতে পারবেন যে আমি এই এই রিজনের জন্য উপস্থিত থাকতে পারছি না এবং এইভাবে তিন মাস পর্যন্ত তিনি অনুপস্থিত থাকতে পারবেন। তিন মাসের বেশী করা হবে কিনা সেটা আলাদা কথা এবং মূল বিল যখন আলোচনার জন্য আসবে তখন সেটা সংশোধন হতে পারবে। কাজেই ওঁরা সকলেই যখন আমার মূল বক্তব্য স্বীকার করেছেন তখন আমি সারকুলেশান মোশানের বিরোধীতা করে এই বিলটা গ্রহণ করবার জন্য আমি মাননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri S. M. Fazlur Rahman that the Bengal Municipal (Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2 and 3

The question that clauses 1, 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri S. M. Fazlur Rahmman: I move that the Bengal Municipal (Amendment) Bill, 1965, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965.

Mr. Chairman: The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965.

Who will move it? Hon'ble Minister is not here.

Mr. Chairman: The Calcutta Municipal (Third Amendment) Bill, 1965.

Shri Sailendra Nath Adhikary: Sir, the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965, has already been placed.

Mr. Chairman: It is not placed.

Shri Sailendra Nath Adhikary:

ইট ইজ লেড বিফোর দি হাউস, এর মধ্যে কি পদ্ধতি অন্যরকম হয়ে গেল, না কি এই বিলটা ল্যাপ্সড হয়ে গেল?

Mr. Chairman: I presume that the House has the consent to change the order of programme.

Shri Sailendra Nath Adhikary:
কিন্তু হাউস কি কনসেন্ট দিয়েছে?

Shri Monoranjan Roy:
তাহলে বিলের পোরসানটা কি হবে সেটা আমরা জানতে চাচ্ছি, এটা কি তাহলে বকেয়া হয়ে গেল?

Mr. Chairman: I take that the House has the consent to change the order of business.

Shri Hemanta Kumar Basu:
আপনি ডাকলেন, কিন্তু তিনি উপস্থিত নেই।

Mr. Chairman: I can wait. I can send for the Hon'ble Minister.

Shri Hemanta Kumar Basu:
কনসেন্ট-এর প্রশ্ন এ্যারাইজ করে না; মিনিস্টারকে ডাকলেন, তিনি কিন্তু উপস্থিত নেই।

Inherent power of the Speaker to change the order of the progremme.

Mr. Chairman: Mr. Speaker has inherent power to change the order of the programme. Now the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965 will be taken up.

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965.

[4-40—4-50 p.m.]

Shri Nikhil Das:
স্যার, আপনি আবার হাউসের অর্ডার চেঞ্জ করে এখানকার ডিগনিটি নষ্ট করলেন। আমাদের বক্তব্য হচ্ছে যে,

Mr. Chairman: I did not do it because you did not agree. I did not take the sense of the House. Therefore, the order stands as per the programme of the day.

Shri Monoranjan Roy:
আপনি এ্যানাউন্স করার পর মন্ত্রী মহাশয় এখানে অনুপস্থিত ছিলেন এবং সেই সময় বিলটা এখানে প্লেস করা হয়নি। আপনি এ্যানাউন্স করলেন যে অর্ডার চেঞ্জ করলাম তারপর আমরা বললাম আপনি অর্ডার চেঞ্জ করলেন কিন্তু বিলটার কি হল? আপনি তখন হাউসের কন্সেন্টের কথা বললেন। আমরা বললাম বিলটা এ্যানাউন্স করার পর যখন মন্ত্রীমহাশয় ওটাকে

প্লেস করলেন না বিলটার ফেট কি হল তখন আর একজন মন্ত্রী আর একটা বিল পড়তে আরম্ভ করলেন। আমরা সেই সময় চ্যালেঞ্জ করলাম যে ঐ আগের বিলটার ফেট কি হল যেটা প্লেস করা হলনা? মন্ত্রী মহাশয়কে ডেকে আনা হল আমরা তখন বললাম যে এই ইনটারভেনিং পিরিয়ডে বিলটা যে প্লেস করা হলনা তার ফেটটা কি হল?

Mr. Chairman: I made an announcement regarding the change but as there was some objection I revised my decision.

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আপনার কাছে আমরা একটা হ্যামবল সাবমিশন আছে, এটা কোন অফহ্যান্ড কথা বলছি না, আপনি যখন বললেন যে চেয়ারম্যান হ্যাজ গট দি ইনহেরেন্ট পাওয়ার টু ক্যান্সেল দি অর্ডার। এই কথা বলার পর আপনি আর একটা বিল ডাকলেন। এখন কোশ্চেন হচ্ছে আপনার দুটো রুলিং হয়ে যাচ্ছে এবং দুটোই কন্ট্রাডিকটারি। সেই হিসাবে আপনি হাউসের কাছে.....

Mr. Chairman:

আমার রুলিং কন্ট্রাডিকটারি হয়নি। আমি যখন বলেছিলাম চেয়ারম্যান হ্যাজ দি ইনহেরেন্ট পাওয়ার তখন আই প্রিজিউম দ্যাট ইউ হ্যাব দি কনসেন্ট কিন্তু তা সত্ত্বেও আপনারা এগ্রি করেননি যখন বলেছিলাম,

In that case I will have to take the sense of the House. But it was not necessary because the Minister concerned came at that time. So there was no question of changing the order. The order stands as per the programme, whether the order should be changed or not.

Shri Somnath Lahiri:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনার একথাও যদি কারেক্ট হয় তাহলে হাউসের সামনে প্রশ্ন ছিল এ্যাট দ্যাট স্টেজ

whether the order should be changed or not.

Mr. Chairman: It was not done.

Shri Somnath Lahiri: It was going to be done.

Mr. Chairman: The sense of the House was not taken.

Shri Somnath Lahiri:

আপনি যখন অর্ডার দিয়েছেন তখন ধরে নিয়েছেন যে

I will take the sense of the House whether it should be changed or not.

তাহলে আপনাকে সেইভাবে প্রসিড করতে হবে। ওয়ানস্ ইউ হ্যাব প্রনাউনস্ড্ যে আই উইল টেক দি সেন্স অব দি হাউস তখন আপনাকে তা করতে হবে। কিন্তু আপনি তা না করে মিনিষ্টার আসার সঙ্গে সঙ্গেই আবার সেটাকে মুলতুবি রেখে টু টেক দি সেন্স অফ দি হাউস.....

Mr. Chairman: It was not the question.

Mr. Somnath Lahiri: The question of changing the order is already on the agenda by your own decision.

তখন আপনি আবার সেই কোশ্চেন মুলতুবি রেখে তারপর যখন মন্ত্রী এসেছেন তাঁকে মুভ করতে দিতে পারেন না, তখন আপনাকে সেন্স অব দি হাউস নিতে হবে হোয়েদার দি অর্ডার স্যুড নট বি চেঞ্জড্।

Mr. Chairman: Mr. Lahiri, I have got the inherent power.

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ বাড়ীভাড়া আইন, ১৯৫৬ সংশোধনের জন্য বিভিন্ন তরফ থেকে অনেক আবেদন পত্র পাওয়া যায়। সমস্ত আবেদন পত্র এবং বিভিন্ন আদালতের রায়ের পরিপ্রেক্ষিতে আইনের বিধি সংশোধন প্রয়োজন তা বিবেচনা করে রিপোর্ট দানের জন্য রাজ্য আইন কমিশনকে অনুরোধ করা হয়। রাজ্য আইন কমিশান বিশেষ বিচার বিবেচনা করে আইন সংশোধনের জন্য সরকারের নিকট তাঁদের রিপোর্ট পেশ করেন। আইন সংশোধনের জন্য বিভিন্ন তরফ থেকে প্রাপ্ত আবেদনপত্র এবং আইন কমিশনের রিপোর্ট পরীক্ষা করে আইনের কিছু সংশোধনের জন্য পশ্চিমবঙ্গ বাড়ী ভাড়া (সংশোধন) বিধেয়ক, ১৯৬৫ আনয়ন করা হয় এবং উক্ত বিধেয়ক ১৯শে এপ্রিল, ১৯৬৫-এর কলিকাতা ঘোষণাপত্রে একটি বিশেষ সংখ্যায় প্রকাশিত হয়। কিন্তু সময়াভাবে বিধানমণ্ডলের বাজেট অধিবেশনে উক্ত বিধেয়ক পাশ করা সম্ভব হয়নি। পরে আইনের আরো কিছু সংশোধনের প্রয়োজন অনুভূত হয়। এই সমস্ত কারণে সংশোধনের অনুমোদিত সমস্ত প্রস্তাবগুলি সংযোজিত করে সত্বর একটা অধ্যাদেশ জারি করার প্রয়োজন হয়ে পড়ে। সেজন্য পশ্চিমবঙ্গ বাড়ী ভাড়া (সংশোধন) অধ্যাদেশ, ১৯৬৫ জারী করা হয়। আলোচ্য বিধেয়কের বিধানগুলি বিধানমণ্ডলীতে আইনে পরিণত করবার জন্য আনীত হইয়াছে। অধ্যাদেশ কেন জারী করা হইয়াছিল তার কারণ আমি সংক্ষেপে বর্ণনা করলাম।

Mr. Chairman: Mr. Bhattacharyya may now move the motion for consideration.

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965, be taken into consideration.

মাননীয় চেয়ারম্যান মহাশয়, কয়েকটি উদ্দেশ্যে এই সংশোধনী প্রস্তাব আনা হয়েছে। সরকার যে সমস্ত বাড়ী লিজ নিয়েছেন সেই সমস্ত বাড়ী ভাড়া আইনের আওতায় আনা এর একটা উদ্দেশ্য। স্ট্যাটুটারি টেনেন্ট মারা গেলে তার উত্তরাধিকারীদের বাড়ীতে থাকিবার অধিকার যাতে দেওয়া যেতে পারে তাও একটা উদ্দেশ্যে। ২০ বৎসর বা তার চেয়েও বেশী সময়ের জন্য লিজে গৃহীত বাড়ীর ব্যাপারে বাড়ী ভাড়া আইনের ভাড়ার বিধান এবং ৩১ ধারা ও ৩৬ ধারার বিধান প্রয়োগ করা আর একটি উদ্দেশ্য। আইনের ১৭ ধারায় মামলা চলবার সময়ে ভাড়াটে কর্তৃক বাড়ী ভাড়া নিয়ামকের নিকট বাড়ী ভাড়ার টাকা জমা দেওয়া আর একটি উদ্দেশ্য। কোন কোন ক্ষেত্রে উচ্ছেদের আদেশ রদ করবার জন্য আদালতের উপর ক্ষমতা অর্পণ করবার প্রস্তাব করা হইয়াছে এবং বাড়ী ভাড়া নিয়ামকের নিকট জমা দেওয়া ভাড়ার টাকা বাড়ীওয়ালা তুলে না নিলে ঐ টাকা বাজেয়াপ্তকরণের পরিবর্তে অতিপত্তির বিধান করা আর একটা উদ্দেশ্য। মামলা চলা কালীন বাড়ীভাড়া নিয়ামকের নিকট ভাড়ার টাকা জমাদেবার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ এবং জরুরী ছিল। অনেক ভাড়াটে মামলা চলা কালীন অবস্থায় নিয়ামকের নিকট ভাড়ার টাকা জমা দেন। কিন্তু এই সমস্ত ক্ষেত্রে ভাড়ার টাকা আদালতে জমা দেওয়া যায় বা বাড়ীর মালিককে সরাসরি দেওয়া যায়, নিয়ামকের নিকট দেওয়া যায়না। ফলে অনেক ক্ষেত্রে এই সমস্ত ভাড়াটিয়া বাড়ী ভাড়া বাকী পড়ার দায়ে উচ্ছেদের সম্মুখীন হয়। অবিলম্বে এই সমস্ত ক্ষেত্রে উচ্ছেদ বন্ধ করার প্রয়োজন হয়ে পড়ে। সরকার কর্তৃক লিজে

গৃহীত বাড়ীকে বাড়ী ভাড়া আইনের আওতায় আনার প্রস্তাবটি ভারত সরকারের নিকট থেকে পাওয়া যায়। প্রস্তাবটি বহুদিন ধরে বিবেচনাধীন ছিল। বিষয়টি ত্বরান্বিত করার জন্য ভারত সরকার আমাদের তাগিদ দিয়েছেন। তুলে না নেওয়া ভাড়ার টাকা বাজেয়াপ্তকরণের পরিবর্তে প্রতিপত্তির বিধান সংযোজনের প্রস্তাবও প্রশাসনিক কারণে বিশেষ জরুরী বলিয়া বিবেচিত হইয়াছে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই সমস্ত বিধানগুলি আইনে পরিণত করিবার জন্য বর্তমান বিধেয়কটি মাননীয় সদস্যগণের নিকট উপস্থিত করা হইয়াছে।

[4-50—5 p.m.]

Mr. Chairman: All the circulation motions are taken as moved.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st day of May, 1966.

মাননীয় চেয়ারম্যান স্যার, এই বিলটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিল। সেইজন্য এই বিলের উপর বক্তব্য পরিষ্কারভাবে আমাদের রাখা দরকার। দীর্ঘ দিন ধরে বাড়ীর মালিকের অত্যাচারে জর্জরিত সাধারণ মানুষের তরফ থেকে সরকারের কাছে বহুবার আবেদন নিবেদন করা হয়েছে যে প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্টকে বর্তমান সময়ের উপযোগী করে ঢেলে সাজানো দরকার। তা যদি না হয় বাড়ীর মালিকরা নানাভাবে ভাড়াটেদের উপর যে উৎপীড়ন করে চলেছে তাদের হাত থেকে বাংলা দেশের ভাড়াটেদের রেহাই পাবার কোন উপায় নেই। আমরা আশা করেছিলাম যে এই বিল দীর্ঘ প্রতিক্ষিত থাকার পর ১৯৫৬ সাল থেকে ১৯৬৫ সাল এই দীর্ঘ দিনের পর বিলটি যখন উত্থাপিত হবে বিধানসভার মধ্যে তখন তার মধ্যে অন্তত ভাড়াটেদের কিছু সুযোগ সুবিধা লিপিবন্ধ করা হবে। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হয় যে এই বিল সম্পর্কে আমরা যতখানি আশা পোষণ করেছিলাম সে আশা মোটেই কার্যকরী হয় নি। রাজ্য আইন কমিশনের সামনে বিষয়টি উত্থাপন করা হয়েছিল তারা বিচার বিশ্লেষণ করে রিপোর্ট পেশ করেছেন এবং সেই রিপোর্টের ভিত্তিতে এই আইনের সংশোধন হতে চলেছে। আমাদের কাছে অবশ্য সেই রিপোর্ট নেই। মন্ত্রী মহাশয় যদি রাজ্য আইন কমিশন-এর রিপোর্টটা সদস্যদের মধ্যে বিলি করার ব্যবস্থা করতেন এবং পাশাপাশি সেই রিপোর্টটা যদি আমরা পড়তে পারতাম তার রেকমেন্ডেসনগুলি দেখতে পেতাম যে সরকার তা কতটা নিয়েছেন কতটা বাদ দিয়েছেন তাহলে আমাদের পক্ষে আলোচনায় যোগদান করে আমাদের বক্তব্য আরও স্পষ্ট ভাষায় আমরা রাখতে পারতাম। কিন্তু এখানে সে ব্যবস্থা নেই। আমি প্রথমে দীর্ঘ দিনের ভাড়াটেদের যে দুঃখ সেটার প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস টেন্যান্সি অ্যাক্ট-এর যে ১৩ ধারা আমরা আশা করেছিলাম যে এই সেকসন ১৩ সম্পর্কে খানিকটা কিছু মন্ত্রী মহাশয় উত্থাপন করবেন। কিন্তু সেকসন ১৩কে এ্যাজ ইট ইজ রেখে দিয়ে তার কোন সংশোধন না করে যে সমস্ত মামুলি সংশোধন এর মধ্যে নিয়ে এসেছেন সেই মামুলি সংশোধনে আমাদের দেশের ভাড়াটেদের এতটুকু উপকার হবে বলে আমার মনে হয় না। সামান্যতম একটু সুযোগ দিয়ে একটা বিলের সংশোধন এনে ভাড়াটেদের খুব উপকার করবো এই রকম একটা ধারণার সৃষ্টি করা হয়েছে। কিন্তু আইনটা পড়ে দেখি যে ভাড়াটেদের কোন রকম বিশেষ সুবিধা হয় নি। শুধু একটা মাত্র ক্ষেত্রে যেখানে সেকসন ১৭-এর কথা উনি বলেছেন সেই সেকসন ১৭—যেখানে মাত্র দুটো জায়গায় ভাড়ার টাকা জমা দেবার বন্দোবস্ত ছিল—কোর্টে কিংবা ল্যান্ডলর্ডকে টাকা জমা দেবার যে বন্দোবস্ত ছিল সেখানে আরও একটি মাত্র সংজ্ঞা যোগ করে দিয়েছেন রেন্ট কনট্রোলারের কাছে সেই টাকা জমা দিলে সেই টাকা ধার্য করা হবে। তাছাড়া আর সমস্ত ছোটখাট সংশোধনী আছে তার কোনটাই আজকের দিনে ভাড়াটে এবং মালিকের যে সম্পর্ক সেই সম্পর্কের এতটুকু উন্নতি বিধানের কোনরকম ব্যবস্থা এতে নেই। সেইজন্য আমি একথা বলছি যে এটা একটা প্রহসন। ভাড়াটেদের দীর্ঘ দিনের যে সমস্ত অসুবিধা—তাদের যে দাবী-দাওয়া মালিকদের জুলুমের হাত

থেকে ভাড়াটেদের রক্ষা করার যে বক্তব্য বাংলাদেশের মানুষ পেশ করে আসছে সে সম্পর্কে আইন সম্পূর্ণ নীরব। মিঃ স্পীকার স্যার, উনি বললেন যে একটা বিষয় উনি এখানে সংযোজন করেছেন যে সরকারের যে সমস্ত রিকুইজিসনড হাউস আছে সেই সমস্ত বাড়ীঘরে যে সমস্ত ভাড়াটে আছেন এতদিন পর্যন্ত সেই ভাড়াটেরা এই আইনের সুযোগ থেকে বঞ্চিত ছিল। কিন্তু বর্তমানে ভারত সরকারের প্রস্তাব অনুসারে এই আইনের মধ্যে গভর্নমেন্টের ঘরে যারা বাস করেন সেই সমস্ত টেনান্টদের যে অধিকার তা এই আইনের মধ্যে দেওয়া হয়েছে। এবং ভারত সরকার যেহেতু তাদের উপর চাপ দিয়েছে—তারা বার বার প্রস্তাব পাঠিয়ে সেটাতে সম্মতি দেবার কথা বলেছে সেইহেতু আইনে তাদের সম্পর্কে এটা স্বীকার করে নিয়েছেন। কিন্তু আইনের প্রথমে দেখছি যে সেকসন ২-তে যে সুযোগগুলি দেওয়া হয়েছে তার অধিকাংশ সুযোগই সংশোধন হবার আগে ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্ট বিদ্যমান ছিল। যেমন এই আইন এ্যাপ্লাই করবে না যদি দেখা যায় যে সেই বাড়ীগুলির মালিক লোক্যাল অথরিটি এবং রিকুইজিসনড বাই দি গভর্নমেন্ট এবং টেনান্সি

created by the Government in respect of premises taken on lease by the Government.

এগুলি পূর্বে যে আইন ছিল ১৯৫৬ সালে সেই আইনের সংগে একই। শুধু কথার হেরফের ছাড়া ২নং সেকসনটাতে কোন মামুলি বা মৌলিক পরিবর্তন কিছু দেখতে পাচ্ছি না। কিন্তু টেন্যান্টের সংজ্ঞা নির্দেশ করতে গিয়ে একটা ইমপ্রুভমেন্ট করেছেন এই আইনের মধ্যে সেটা হোল এই যে ১৯৪৮ সালের আইনে যে সংজ্ঞা দেওয়া হোত টেন্যান্টদের আমরা দেখছি যে সেই সংজ্ঞাকে ১৯৫০ সালে যে সংশোধন হয়েছিল সেই সংশোধনের মাধ্যমে ১৯৪৮ সালে যে সুযোগ ছিল টেনান্টদের সংজ্ঞার ব্যাপারে সেটা তুলে দেওয়া হোল। কিন্তু বর্তমানের আইনে আবার সেটাকে সেই পোজিসনে প্রায় নিয়ে আসা হয়েছে। অর্থাৎ টেন্যান্টদের সংজ্ঞা দিতে গিয়ে গভর্নমেন্ট মতি স্থির করতে পারেন নি কাকে টেন্যান্ট বলে স্বীকার করবেন। আমরা দেখছি এক একটা সময়ে এক এক রকমভাবে সংশোধন করে আনেন। ১৯৪৮ সালে যখন আইন হোল তখন তাদের টেন্যান্ট বলে স্বীকৃতি দেওয়া হোল। আবার ১৯৫০ সালে যখন সংশোধন হোল তখন দেখলাম সেই ধরণের লোককে এর আওতা থেকে বাদ দেওয়া হোল। আবার ১৯৫৬ সালের যে আইন তাতে ১৯৪৮ সালের যে আইন ছিল ঠিক সেখানে রিভার্ট করা হোল। ঠিক একই কথা—আবার ফিরে গেলাম ১৯৫৬ সালে। এবারে ১৯৬৫ সালে যে সংশোধনী এলো তাতে খানিকটা যারা দীর্ঘ দিনের টেন্যান্ট আছেন তাদের সুবিধা দিলেন এই যে ভাড়াটে যদি মারা যায়—এর আগে ছিল তার লিগ্যাল এয়ার—উত্তরাধিকারী সূত্রে কোন রকম প্রটেকসন আণ্ডার ল ছিল না। কিন্তু এবার সংশোধন করে তাদের যদি কোন লিগ্যাল এয়ার থাকে আফটার দি ডেথ অব দি টেন্যান্ট তাকে রেকগনাইজ করা হোল। এবার থেকে প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্টে যে সমস্ত প্রভিসন এবং প্রটেকসন দেওয়া আছে তাতে সেই টেন্যান্ট মারা যাবার পরেও তার ফেমিলির অন্যান্য লোক লিগ্যাল এয়ারস যদি বসবাস করেন তাহলে তারা এনটাইটেলড টু

get protection under section 17 or under section 13 of the West Bengal Premises Tenancy Act, 1965.

[5—5-10 p.m.]

এই একটু সংশোধন তিনি করলেন আমরা দেখছি এ বিলের মাধ্যমে মন্ত্রীমহাশয় আর একটা সুযোগের কথা বলেছেন অর্থাৎ সমস্ত সেকসন ৩ অ্যামেণ্ড করে তিনি একটা সুযোগ দেবার কথা বলেছেন

Any premises held under a lease which has been entered on or after the 1st December.....

অর্থাৎ লিজের ক্ষেত্রে আমরা দেখতাম আগে যে আইন ছিল লীজের ক্ষেত্রে এটা প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্ট প্রযোজ্য ছিল না। তবে অনেক সময় আমরা দেখতাম যে ল্যাণ্ডলর্ড তারা ভাড়াটে বিল কেটে ভাড়াটে না বসিয়ে ট্যাক্সে এগরিমেন্ট করে নিতেন এবং একটা লীজ করে দেখাতেন কেবল প্রেমিসেস টেনেন্সি এ্যাক্টে যে প্রোটেকসান তা যাতে না পেতে পারে টেনেণ্ট

তার জন্য লীজ করে নিতেন, কিন্তু বর্তমান আইনের সংশোধনের মধ্যে দেখা যাচ্ছে যে লীজ যদি করা হয় তার ক্ষেত্রে এই প্রেমিসেস টেনেন্সি এ্যাক্টের যে প্রটেকসান তা এ্যাপলিকেবল হবে। আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, বর্তমানে যে সমস্ত লীজ আছে সেখানে এ আইন কেন চালু হবে না? এই নূতন আইন সংশোধন হবার পর ১৯৬৫ সালে যখন বর্তমান আইন কার্যকরী হবে তারপর যদি কোন লীজ যারা ভাড়াটে এবং ল্যান্ডলর্ড যদি লেসি হয়ে থাকে তাহলে এসব ক্ষেত্রে ৬ আইন প্রযোজ্য হবে, আমি বিশেষ করে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, with retrospective effect

কেন দিচ্ছেন না, আপনি জানেন যে ওয়েষ্ট বেঙ্গল টেন্যান্সি এ্যাক্টে যে সুযোগ আছে যে প্রটেকসান টেনেন্ট পেতে পারে সেটার সুযোগ থেকে বঞ্চিত করার জন্য বহু ল্যান্ডলর্ড তারা ছোট ছোট অনেক লীজ করে নিয়েছে—২, ৫, ৭ বৎসরের লীজ করে নিয়েছে কাজেই বিশেষ করে অনুরোধ এটাকে রে-ট্রসপেকটিভ এফেক্ট দিন। বর্তমান আইন পাশ হবার পূর্বে থেকে এ জিনিষ চলে আসছে, ল্যান্ড লর্ড-রা তাদের ক্ষমতার জোরে এ্যাডভানটেজিয়াস পজিশানের জোরে এ আইনকে ফাঁকি দেবার চেষ্টা করছে। এগুলিকে যদি রে-ট্রসপেকটিভ এফেক্ট দিয়ে আইনের আওতার মধ্যে আনা দরকার। একদিকে মন্ত্রীমহাশয় সুযোগ করে দিচ্ছেন যারা লীজ হোল্ডার্স যারা ল্যান্ড লর্ড এদের সঙ্গে রেজিস্ট্রী করছেন তারা আইনের আওতার মধ্যে আসছেন, কিন্তু এক হাতে সুযোগ যেমন দিচ্ছেন তেমন আর এক হাতে সে সুযোগ কেড়ে নিচ্ছেন তার পর প্রভাইসো দেয়া হবে যে দুটো কনডিসান যদি ফুলফিল না করে তাহলে যে লীজ হোল্ডার টেনেন্ট বর্তমান এ আইনের আওতায় আসবে না। একটা হল তার লীজ ২০ বৎসরের কম হওয়া উচিত। ২০ বৎসরের কম যদি না হয় তাহলে প্রেমিসেস টেনেন্সি এ্যাক্টের যে প্রটেকসান সে প্রটেকসান পেতে সে হকদার নয়। আগে এই ব্যবস্থাই থেকে যাবে অর্থাৎ এই ফাস্ট কণ্ডিসান টেনেন্টকে স্যাটিস্‌ফাই করতে হবে। সেকেণ্ড কনডিসানে আর একটা সুযোগ দিচ্ছেন যদি দেখা যায় যে লীজের মধ্যে কোন কণ্ডিসান বা টার্মস আছে তাহলে ইচ্ছা করলে টেনেন্ট বা ল্যান্ড লর্ড সে লীজ নাকচ্ করে দিতে পারবেন এবং সে আইনের আওতায় আসবে না। আমি জিজ্ঞাসা করি বাংলাদেশে অধিকাংশ যে লীজ চালু আছে টেনেন্ট এবং ল্যান্ডলর্ডদের মধ্যে সে লীজের মধ্যে অধিকাংশ ক্ষেত্রে কণ্ডিসান দেওয়া আছে যে ইচ্ছা করলেই ল্যান্ডলর্ড লীজ রিফোক করতে পারবে বা টেনেণ্ট ইচ্ছা করলে রিফোক করতে পারবে। কাজেই এই কণ্ডিসান দেওয়া হয়েছে যে এখন কোন টার্মস এণ্ড কনডিসান্ লীজের মধ্যে দিলে হি উইল নট গেট দি লিজ ফিট অফ দিস এ্যাক্ট, অর্থাৎ এই এ্যাক্ট-এর আওতায় যে সুযোগ আছে তা থেকে বঞ্চিত হবে। সুতরাং একদিক থেকে ল্যান্ডলর্ড এবং টেনেন্টকে এ আইনের আওতার মধ্যে নিয়ে আসছেন আর একদিকে দুটো কনডিসান ইমপোজ করছেন যে কনডিসান ইমপোজ করার জন্য ভাড়াটেরা এ সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। একটা হচ্ছে লীজ মাষ্ট বি লেস দ্যান টুয়েণ্টি ইয়ারস, আর একটা হচ্ছে দেয়ার মাষ্ট নট বি এনি সাচ কণ্ডিসান দ্যাট দি লিজ ক্যান বি রিভোক্‌ড আইদার বাই দি ল্যান্ডলর্ড অর বাই দি টেনেণ্ট অর্থাৎ মন্ত্রীমহাশয় এই করে আমাদের দেশের ভাড়াটে যারা তাদের হাতকে শক্তিশালী করছেন। আর একদিকে প্রগ্রেসিভ আউটলুক দেখিয়ে সঙ্গে সঙ্গে ভাড়াটেদের যে প্রটেকসান তা থেকে বঞ্চিত করছেন। এই আইনের মধ্যে প্রহসন তিনি চালিয়ে যাচ্ছেন। একটা জিনিষ যা এই আইন আনার মুখ্য উদ্দেশ্য বলে মনে হয় সেটা হল সেকসান ১৩ যদি দেখেন তাহলে দেখবেন যে সেকসান ১৩-এ ১১টা ক্লজ আছে। এই ১১টা ক্লজ ১টা করে যদি ভাড়াটে ভেঙ্গে ফেলে এবং ঠিকভাবে না মেনে চলে তাহলে ল্যান্ড-লর্ডের অধিকার আছে ভাড়াটে উচ্ছেদ করা। এই যে

Section 13 of the West Bengal Premises Tenancy Act..... ....

এই ১১টা ধারার কোন ধারাই সংশোধন হল না অর্থাৎ ডিফল্টার গ্রাউণ্ডই বলুন তার নিজের রেসিডেন্সিয়াল পারপাসে বলুন বা বিজনেস পারপাসে যদি ব্যবহার করে অন দ্যাট গ্রাউণ্ড সে মিস্‌চিফ্ কমিট করছে সুপারফ্লুয়াস্ ভেগ কনডিসান করছে যে আমি তার বাড়ীর কিছু খারাপ করেছি। এই যে সমস্ত কণ্ডিসান কতকগুলি ঢুকিয়ে দিয়ে ভাড়াটে উচ্ছেদ করবার জন্য যে ১১টা একের পর এক ধারা দিয়ে যাওয়া হয়েছে, সেকসান ১৩-এর মাধ্যমে তার সুযোগ থেকে ল্যান্ডলর্ডকে বঞ্চিত করা উচিত ছিল। আইন সংশোধন করতে গিয়ে, কিন্তু মন্ত্রী মহাশয় অতি সুকৌশলে আজকে এটা এড়িয়ে গেছেন এবং যে প্রটেকসান্ আনে ছিল আজ ঠিক তাই

রয়ে গেছে। সেকসান্ ১৭ বেটার সম্বন্ধে দেয়ার আর সাম কনফ্লিকটিং ডিসিসানস্ হাইকোর্টে কতকগুলি কনফ্লিকটিং ডিসিসান আছে যার জন্য এ আইন আমরা সংশোধন করতে বাধ্য হলাম। কি এই কনফ্লিকটিং ডিসিসান? নট দ্যাট যে ভাড়াটের ভাড়া বাকি পড়লে পর তার টাকা কোর্টে জমা দিলে উচ্ছেদ হবে না, এই যে চিরকালের দাবী এ দাবীকে উপেক্ষা করে সেকসান ১৭ এ্যামেন্ড করলেন। আমরা চেয়েছিলাম যদি কেউ উচ্ছেদের মামলা করে তাহলে ভাড়াটে যদি বাকি টাকা রাখে বা কোর্টে ডিগ্রী হলে পর সে টাকা ডিগ্রীর পর যদি পেমেন্ট করে তাহলে উচ্ছেদ হবে না এটাই সাধারণ ভাড়াটেরা দাবী করে আসছে। তিনি সংশোধন করলেন বটে কিন্তু কনফ্লিকটিং ডিসিসান কি? প্রেমিসেস্ রেন্ট-কনট্রোল এ্যাক্টে বলা আছে যদি ভাড়াটের বিরুদ্ধে ল্যান্ড লর্ড মামলা করে তাহলে সে মামলার নোটীশ পাবার পর টাকাটা তাকে জমা দিতে হবে হয় কোর্টে কিম্বা তাকে জমা দিতে হবে ল্যান্ডলর্ডকে যে ল্যান্ড লর্ড মামলা করেছে সে স্বাভাবিক ভাবে টাকা নেবে না, কিন্তু সে টাকা তখন কোর্টে জমা দিতে হবে। এমন বহু ভাড়াটে আছে যারা সে টাকা রেন্ট কনট্রোলে জমা দিয়ে আসছে। এখন আইনে যেভাবে লেখা ছিল তাতে ডিসিসান হলে ধরুন, ঐ হাইকোর্ট রেন্ট কণ্ট্রোল যদি জমা দিয়ে থাকে তাহলে সেটা স্বীকার করে নেয় এবং তাকে আর উচ্ছেদ করা চলবে না, কিন্তু আবার হাইকোর্টে ডিসিসান হলে যদি রেন্ট কনট্রোলে জমা দেওয়া হয় তাহলে তার কগ্নিজেন্স কোর্ট নেবে না। আমরা দেখছি এরকম কনফ্লিকটিং ডিসিসান বহু আছে। সেখানে রিপোর্ট ইন ১৯৬১ সি, ডবলিউ, এন, সেখানে আমরা দেখছি। জাস্টিস মুখার্জি বলছেন যে টাকাটা যদি রেন্ট কনট্রোলে জমা দেয় তাহলে তার স্বীকৃতি নিয়ে উচ্ছেদ হওয়া উচিত নয়।

[5-10—5-20 p.m.]

অথচ তারপরেই দেখছি ৬১ সি, উবলিউ, এন, ৬২ সি, উবলিউ, এন, জাজেস সাইড সেখানে আবার জজেরাই এই মত প্রকাশ করলেন যে রেন্ট কন্ট্রোল-এ টাকা জমা দিলে, তার কগ্নিসেন্স কোর্ট নেবে না, তার উচ্ছেদ হতেই হবে, যেহেতু এই আইনে প্রভিসন নেই, সেই টাকাটা কোর্টে কিম্বা ল্যান্ড লর্ড-এর কাছে জমা দিতে হবে। এই যে কনফ্লিকটিং ডিসিসান, এই কনফ্লিকটিং ডিসিসানকে রিমুভ করবার জন্য এখন এইটা আনা হল যে কোর্টের কাছে টাকা জমা দেওয়া যাবে, রেন্ট কনট্রোল-এ-ও টাকা জমা দেওয়া যাবে, এবং ল্যান্ডলর্ড-এর কাছেও টাকা জমা দেওয়া যাবে। এই সামান্য সংশোধন, যে সংশোধনে রেন্ট কনট্রোল-এ টাকা জমা দিলে পর, কোর্ট কগনিসেন্স নিয়ে তাকে উচ্ছেদ-এর অর্ডার দেবে না। এই সামানাটুকু করা হয়েছে। আমরা এখানে দাবী করেছিলাম এবং মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই ভাবে সংশোধন আনলে চলবে না। এখানে, সেকসান ১৭-এ অধিকার দিন যে যত টাকার জন্য ডিগ্রী হবে, তার, বা কোর্ট থেকে ফাইণ্ডিং হবে যে এত টাকা বাকী আছে, বা যে দাবী করা হচ্ছে যে ল্যান্ডলর্ড-এর কাছে পুরা টাকাটা যদি আমি জমা দিই, তাহলে আই উইল গেট প্রোটেকসান। কারণ, আপনি জানেন, অনেক ভাড়াটিয়াদের অজ্ঞতার সুযোগ নিয়ে; তাদের বিশ্বাসের সুযোগ নিয়ে ল্যান্ডলর্ডরা অতি সহজে, বছরের ১২ মাসের মধ্যে দু-মাস যদি তাকে ডিফল্টার করতে পারে, তাহলে সে হাতে অস্ত্র পেয়ে গেলো। একটি ভাড়াটিয়াকে উচ্ছেদ করতে পারলে, সেখানে আবার সেলামী নিয়ে ডাব্‌ল ভাড়াতে সেই ঘর বিলি করা চলবে। কলিকাতা এবং হাওড়ার শিল্পাঞ্চলে এই রকম ব্যবস্থা চালু আছে। সেইজন্য আমরা আশা করেছিলাম যে এই-ভাবে সংশোধন করা হবে, যে যারা ভাড়া দিতে পারেনি, বা ল্যান্ডলর্ড-এর কথায় বিশ্বাস করে, যে ল্যান্ডলর্ড বলেছেন পরে তিন, চার মাসের ভাড়া এক সঙ্গে নেবো, এমনি করে তাদের বিভ্রান্ত করে ডিফল্টার করা হয়েছে, তারা যদি কোর্টের সামনে এসে পুরা টাকাটা জমা দিতে চায় তাহলে তাদের প্রোটেকসান দেওয়া, তার ডিফেন্স যেন স্ট্রাক অফ করা না হয়। আমি জানি আণ্ডার সেকসান ১৭, সাব-সেকসান (৩)-তে তার ডিফেন্স কেস স্ট্রাক অফ করে, তাকে মামলা করবার কোন সুযোগ দেওয়া হয়নি। অন্ততঃ সেই অবস্থাটা করুন, যে তারা পুরা টাকাটা জমা দিলে, কোর্টের সামনে সে প্রোটেকসান পেতে পারে।

Mr. Chairman: Mr. Majumdar, you may simply refer to only section 14.

Shri Apurba Lal Majumdar:

কিন্তু এখানে, সেই সুযোগ থেকে তাকে যদি বঞ্চিত না করা হয়, এবং টেনেন্টরা যদি সেই সুযোগ পায়, তাহলে আমার বলবার কিছু নেই। কিন্তু আমি দেখছি এখানে একটা লম্বা সেকসান ৬, মিঃ চেয়ারম্যান স্যার, আপনি দেখবেন সেকসান ৬, একটা বিরাট সেক্সান, সেখানে এ্যাড করে দেওয়া হয়েছে মোর দ্যান ওয়ান পেজ, এই সেকসান-এ এতগুলি ওয়ার্ড লিখে, এতগুলি লাইন লিখে, তার অর্থ কি দাঁড়ালো, শুধু এইটুকু, এতে প্রোটেকসান ছাড়া আর কিছু হল না; শুধু যাদের ডিগ্রি হয়ে গিয়েছে, যদি দেখা যেত যে রেন্ট কন্ট্রোলার-এর কাছে যারা টাকা জমা দিয়েছে বার বার, সেটার কগনিজেন্স নিলে পর সে উচ্ছেদ হতে পারবে না, শুধু এই সুযোগ যদি সে করে থাকে, এইটুকু যারা ব্যবহার করেছে, তার উচ্ছেদ হবে না; কত পারসেন্ট? যে ল্যান্ডলর্ডরা উচ্ছেদের মামলা করেন, ওয়ান পারসেন্ট কেস ইজ নট কভারড বাই দিস সেকসান অফ এ্যামেন্ডমেন্ট। কাজেই এটা এতদিন পরে, প্রায় ১০ বছর পরে যে সংশোধন নিয়ে আসা হল, এই সারকুলেসান মোসান, যেটা আমাদের সামনে উত্থাপন করা হল, তার মধ্যে আমি দেখছি যে বাংলাদেশের ভাড়াটিয়াদের পজিসান এতটুকুও ইমপ্রুভ করা হয়নি, বরং তাঁদের বলা হয়েছে যে এক সঙ্গে এক মাসের মধ্যে পুরা টাকা যদি দিয়ে দেয়, যারা রেন্ট কন্ট্রোল-এ টাকা জমা দিয়েছে, শুধু তাদের ক্ষেত্রে এক মাসের মধ্যে কোর্টে ফাইন্ডিং হবার পর, তার ডিফেন্স কেস স্ট্রাক অফ না করে দিয়ে, আবার হিয়ারিং-এর ব্যবস্থা করা হয়েছে। যদি সে এক মাসের মধ্যে সেই পুরা টাকাটা জমা দিয়ে দেয় তাহলে তার ক্ষেত্রে উচ্ছেদ হবে না। কিন্তু মূল আইনে—প্রেমিসেস টেন্যান্সি এ্যাক্ট-এ যে সমস্ত দোষত্রুটি রয়েছে, যার ফলে ব্ল্যাক মার্কেটিং আজকে ল্যান্ডলর্ডরা করে তুলেছেন। আইনের বিভিন্ন ধারার সুযোগ নিয়ে যেভাবে ভাড়াটিয়াদের বঞ্চিত করছে, তার একটিও মূল বিষয় টাচ্ করা হয়নি। সেইজন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে এই বিলকে সারকুলেসান-এ দিতে বলছি। আর একটি কথা যেটা উনি বলছেন ফরফিট-এর ব্যবস্থা করা হয়েছিল, সেই ফরফিট-এর জায়গা ল্যাপ্স করেছে, তার পজিসন ইমপ্রুভ করা হয়েছে। আগে ছিল ১০ বছর পর্যন্ত রেন্ট কন্ট্রোল-এ টাকা জমা থাকবে। এখন উনি করছেন তিন বছরের মধ্যে যদি ঐ টাকা উঠিয়ে নিয়ে না যান, তাহলে সে টাকা ল্যাপ্স হয়ে যাবে, এবং ল্যাপ্স হয়ে গেলে, সেই টাকা গভর্নমেন্টে বর্তাবে, এবং ল্যান্ডলর্ডকে পরে এসে গভর্নমেন্টের কাছ থেকে সেই টাকা আদায় করতে হবে। আগে নিয়ম ছিল যে ১০ বছরের মধ্যে টাকাটা না তুললে ল্যাপস্ হয়ে যেত। আজকে ফরফিটেড হচ্ছে না, জমিদারের স্বার্থে, ল্যান্ডলর্ড-এর স্বার্থে, সেই স্বার্থ পূর্ণভাবে বজায় রাখবার জন্য এই সেকসান (২১), এবং এই সেকসান (২১) সংশোধন হতে চলেছে। কাজেই আমি দেখছি ল্যান্ডলর্ড-এর যে সব সুবিধাগুলি আছে, তা সম্পূর্ণ ভাবে বজায় রেখে, খালি একটি মাত্র ক্ষেত্রে, সামান্য একটা কনফ্লিকটিং পজিসান-কে দূর করবার জন্য এই আইন সংশোধনী আকারে এসেছে। সেইজন্য আমি এই বিলকে খুব ভালভাবে গ্রহণ করতে পারছি না, এবং যে আশা আশঙ্কা নিয়ে আমরা আশা করেছিলাম এই বিলের সংশোধন মন্ত্রী মহাশয় আনবেন সেদিক থেকে সম্পূর্ণভাবে বাংলা দেশের ভাড়াটিয়াদের প্রবঞ্চিত করা হয়েছে এই আইনের মধ্য দিয়ে।

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

মিঃ চেয়ারম্যান স্যার, ভাড়াটেদের জন্য যে আইনটি আনা হয়েছে সেটা মূলতঃ ভাড়াটেদের জন্য আনা হয়েছে এই দৃষ্টিভঙ্গী ভুল। যদিও এই আইনটা ভাড়াটেদের টুকিটাকি, কিছু ছিটে-ফোটা দেবার জন্য চেষ্টা হয়েছে, মূলতঃ যাদের টাকা আগে বাজেয়াপ্ত হয়ে যেত সেই টাকাটাকে আবার তাদের কাছে ফিরিয়ে দেওয়াই হচ্ছে এর মূল লক্ষ্য। যেভাবে প্রগতিশীল দৃষ্টিভঙ্গী নিয়ে বর্তমান যুগে ভাড়াটেদের স্বার্থের জন্য বিল আনা উচিত ছিল সেইভাবে এই বিল আনা হয়নি। যেটুকু ভাড়াটেদের জন্য সুযোগ এসেছে তার বিরোধিতা না করলেও এই বিলটাকে আমি মোটামুটি সমর্থন করতে পারিনা এবং তার কারণ হচ্ছে যেভাবে, যে গুরুত্ব নিয়ে এই সময় বিলটা আনা দরকার ছিল সেই গুরুত্বপূর্ণ ভূমিকা আমাদের সরকার প্রতিপালন করতে পারেননি। সরকারের এখানে যে চরিত্র প্রকাশ পেয়েছে রাজ্য আইন কমিশন বসল, আবেদনপত্র পাওয়া গেল আর ভাড়াটেদের মতামত নেবার জন্য কোন কমিশনই বসলনা। এটাকে সার্কুলেসন-এ দিয়ে যদি জনসাধারণের মতামত নেবার ব্যবস্থা হোত তাহলে আইনটা আরও কমপ্রিহেনসিভ

হওয়া সম্ভব ছিল। আমি আমার অভিজ্ঞতা থেকে কয়েকটা কথা বলতে চাই। যেসব দৃষ্টিভঙ্গী থাকলে সেগুলি ভাড়াটেদের পক্ষে বেত তার অত্যন্ত অভাবের জন্য এই বিলটা আংশিকভাবে আমাদের কাছে সত্যই অপূর্ববাবুর কথায় আমাদের বঞ্চনার জন্যই এসেছে বলে মনে হয়। প্রথমতঃ, ১৩ ধারায় মালিকদের যেসব অধিকার দেওয়া হয়েছে নিজেদের বাড়ী হিসেবে দখল করে যখন তখন উচ্ছেদ করার যেসব সুযোগ আছে তা থেকে মালিককে বঞ্চিত করা হয়নি। বরং যেসব সুযোগ মালিককে দেওয়া হয়েছে অটুটভাবে এখনও যাতে করে সেই সব সুযোগ নিয়ে এখনও মালিক নিজের বাড়ী বলে বাস করবার জন্য অনুমতি নিয়ে এসে ভবিষ্যতে সেই বাড়ীতে এসে অন্য কোন ব্যবসা ফাঁদতে পারে। দ্বিতীয়ত, এই ১৩ নম্বর সেকসনের যদি আমূল পরিবর্তন করার চেষ্টা হোত তাহলে ভাল হোত। ৩০।৪০ বছর ধরে একটা বাড়ীতে ভাড়াটে বাস করছে, হঠাৎ মালিকের খেয়াল হোল বাড়িটার ভ্যালুয়েসন বেড়ে যাচ্ছে। সামনে দোকানঘর করে ব্যবসা যদি সাজান যায় তাহলে মন্দ হয়না, অতএব উচ্ছেদ করতে হবে ভাড়াটেকে। তিনি দোতালায় বাস করবেন, আর একতলা ভাড়া দেবেন। এই রকম দৃষ্টিভঙ্গী নিয়ে নানানভাবে আজকাল মালিক ভাড়াটেদের উচ্ছেদ করবার ষড়যন্ত্র করছে এবং সেই ষড়যন্ত্রের মূলে যে উৎসাহ সৃষ্টি করছে সে হচ্ছে এই আইনের ১৩ ধারা। এই আইনটা যদি আমরা সম্পূর্ণ বিনাশ না করতে পারি তাহলে এই শহরে আমাদের যারা ভাড়াটে বাস করেন তাদের পক্ষে কোন সুযোগ সুবিধা দেওয়া যেতে পারেনা। আর এটাও আমরা জানি যে, শহরাঞ্চলে প্রায় শতকরা ৭০।৮০ জন লোকই ভাড়াটে বাড়ীতে বাস করে থাকেন—তাদের নিজেদের কোন বাড়ী নেই, পরের বাড়ীতে বাস করেন অত্যন্ত ভিখারীর মত। যেকোন সময় মালিক এসে বললেই তাকে ছেড়ে যেতে হবে। অজুহাত কি? না, আমি এসে বাস করব তারপর, ডিগ্রি পাবার পর মালিক সেখানে বাস করবেন কিনা সে চিন্তা পরে। কাজেই এই ১৩ ধারা সম্পর্কে এই আইনের মধ্যে কোন কিছু না থাকাতে আমরা খুব মর্ম্মাহত এবং হতাশ হয়েছি। যার ফলে আমার মনে হয় এই আইন ভাড়াটেদের পক্ষে কোন উৎসাহ সৃষ্টি করতে পারবেনা।

আর একটা কথা হচ্ছে মিউনিসিপ্যাল এলাকার অনেক ভাড়াটের কথা আমরা জানি, বিশেষকরে আমাদের শহরে অনেক ভাড়াটে আছে সেখানে বাড়ীর মালিকদের রেওয়াজ হয়ে গেছে ভাড়াটে ঠিক হলে পর তাকে বলা হয় তোমাকে বাড়ীতে বাস করতে হবে, মিউনিসিপ্যাল ট্যাক্স দিতে হবে, বাড়ীর খাজনা ইত্যাদি তোমাকে বহন করতে হবে, এমন কি বাড়ী রিপেয়ারের খরচও মালিক বহন করবেন না—সেটাও ভাড়াটেকে বহন করতে হবে। আইনে যেসব সুযোগ সুবিধা আছে তা ভাড়াটেরা পায়না। এমনও দেখা যায় ভাড়াটে যখন মালিককে ভাড়া দিতে যান তখন ল্যান্ডলর্ড সেটা নেননা। তখন ল্যান্ডলর্ড—এর সঙ্গে যে চুক্তিতে ভাড়া হয়েছিল সেই চুক্তি অনুযায়ী রেন্ট কন্ট্রোলার-ও ভাড়া গ্রহণ করেন না। আমি ওসব চুক্তি-টুক্তি কিছু বুঝিনা, ভাড়া হিসেতে পুরো টাকা দিলে পর আমরা ভাড়া গ্রহণ করব, তার বাইরে ওইসব রিডাকসন ডিডাকসন কিছু হবেনা।

[5-20—5-30 p.m.]

কাজে কাজেই আমার মনে হয় এক পক্ষে এই সব আইনগুলি যদি দূর করতে পার না যায় তাহলে ভাড়াটিয়াদের সুযোগ বাড়ছেনা বরং দিনের পর দিন যে সব সুযোগ আগে ছিল সেই সুযোগগুলি ক্রমশঃ ক্রমশঃ আমরা হারাতে বসেছি। কেন না বেশীর ভাগ মালিক আজকাল চায় রেন্টকন্ট্রোল-এ জমা দাও ক্ষতি নাই যদি রেন্টকন্ট্রোল-এর টাকাটা বাজেয়প্ত না হয়ে যায়। রেন্টকন্ট্রোল-এ টাকা জমা দাও আপত্তি নাই যদি মিউনিসিপ্যালিটি-র ট্যাক্স বহন কর, খাজনা বহন কর তাতে বাড়তি একটা ইনকাম হয়ে গেল। কাজে কাজেই এই সব জিনিষগুলি আইনের ত্রুটী বিচ্যুতি বিস্তৃত ভাবে বলা যায় সেই সব জিনিষগুলি যদি আমাদের মন্ত্রীর সামগ্রীক দৃষ্টিভঙ্গী না থাকে তাহলে এই রকম টুকিটাকি বিল নিয়ে এসে এক জায়গায় উচ্ছেদ বন্ধ করার সুবিধা করে দিলাম, আবার মালিকের টাকা যাতে বাজেয়াপ্ত না হয় সে সুবিধা করে দিলাম অথচ তাদের উচ্ছেদ করার সুযোগ আগেকার মত থেকেই গেল। একবার মালিক পক্ষের দিলাম অথচ তাদের উচ্ছেদ করার সুযোগ আগেকার মত থেকেই গেল। একবার মালিক পক্ষের বিরোধী দৃষ্টিভঙ্গী বলে মনে করি।

তারপর ভূমি রাজস্ব মন্ত্রী বলেছেন যে অনেক আবেদনপত্র এসেছে। আমি তার সঙ্গত আলাপ আলোচনা করেছি তাকে চিঠিও দিয়েছি—জানিয়েছিলাম যে ভাড়াটিয়ারা মনি অর্ডার করে টাকা পাঠাতে চায়। ৫ টাকা ভাড়ার বাড়ীর মালিক কিম্বা ১৫ টাকা ৩ জন কিম্বা ৪ জন মালিক প্রত্যেক মালিককে পৃথক পৃথক ভাবে রেন্টকন্ট্রোল-এ জমা দিতে হবে। আগে তারা সম্পূর্ণ টাকা নিতেন মিউনিসিপ্যাল ট্যাক্স বাদ দিয়ে এবং খাজনা বাদ দিয়ে এখন সেই ১৫ টাকা দিতে হবে প্লাস মিউনিসিপ্যালটি ট্যাক্স প্লাস খাজনা এবং সেই ১৫ টাকা দিতে হবে তিন জন মালিককে ৫ টাকা হিসাবে। প্রত্যেক মালিককে ৫ টাকা হিসাবে রেন্ট কন্ট্রোল দিতে যাবার জন্য ষ্ট্যাম্প ফি লাগবে ১ টাকা করে এবং একবার চালান করতে হবে এই করে দুটো দিন যাবে স্টেট ব্যাঙ্কে জমা দেবার জন্য। এই যে ৫টা টাকা জমা দেবার জন্য একটা লোককে দুই দিন হয়রানি, তারপরে প্রত্যেক দফায় চালানী ১ টাকা করে ষ্ট্যাম্প এইগুলি হচ্ছে অত্যন্ত পানিসিং এবং পেনালাইজিং। আমার মনে হয় এই সব উৎপাত থেকে যদি আইন এমন একটা হত যাতে ভাড়াটীয়ারা স্বচ্ছ এবং সরল জীবন যাপন করতে এবং সহজে বিচার পেতে পারত এবং সহজে টাকা পাঠাতে পারত এবং তারা মনিঅর্ডার যোগে টাকা দিতে পারত তাহলে আমার মনে হয় আইনের দিক দিয়ে ভাড়াটে সন্তুষ্ট হতে পারত।

আর আমার বিশেষ কছু বলবার নেই আরেকটা কথা হচ্ছে যে ভাড়াটীয়ারা যারা দীর্ঘকাল ধরে বাস করছেন তাদের বাড়ী কোন রকম মেরামত হয় না উপরন্তু তাদেরকে কি আইনে বাধ্য করা যায় মেরামতীর টাকা বাদ দেওয়াতে রেন্ট কন্ট্রোল-এ জমা দিতে গেলেও বাধ্য করান যায় এই রকম ধরণের প্রভিসন থাকা উচিত। এই রকম দিকে আইনের কোন দৃষ্টিভঙ্গী নাই। তাই আমি অত্যন্ত হতাশার সঙ্গে এই আইনটাকে সার্কুলেসন-এ দেবার জন্য বলছিলাম যখন এটা দেরী হয়ে গিয়েছে তখন আর ১ মাস দেরী হলেও কোন ক্ষতি হবে না। পরে এটা পরিপূর্ণ আকারে নিয়ে আসুন এটাই চাই।

Shri Nikhil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের কাছে পশ্চিমবাংলার ভাড়াটীয়ার যে আইন আছে সে আইনটির একটি সংশোধনী বিল এখানে আনা হয়েছে। এবং ভাড়াটীয়া আইনের যদি কোন সংশোধনী হয় আমরা স্বভাবতই আশা করব এটা যেসংশোধনটা সেই দিকে লক্ষ্য রেখে হবে যাতে ভাড়াটীয়ারা সুযোগ সুবিধা পায়। এখন যে সংশোধনীটী এনেছেন আমাদের মন্ত্রী মহাশয় তা যদি আমরা একটু ভাল করে লক্ষ্য করে দেখি তাহলে এই সংশোধনীর মারফতে ভাড়াটীয়ারা কোন সুযোগ সুবিধা পাবেনা। একমাত্র সুযোগ সুবিধা পাবে সরকার যেখানে তারা লীজ হোল্ডার হিসাবে আছেন অথবা স্থানীয় স্বায়ত্বশাসন মূলক প্রতিষ্ঠানগুলি তারা যেখানে লীজ হোল্ডার হিসাবে আছেন তারাই এর পূর্ণ সুযোগ সুবিধা পাবেন। ভাড়াটীয়ারা পাবেন না। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে ভাড়াটীয়াদের সামনে দুটো সমস্যা একটি হচ্ছে তারা যেখানে ভাড়াটীয়া হিসাবে আছে সেখান থেকে উৎখাত হবার সমস্যা, আরেকটা হচ্ছে ভাড়া হিসাবে যে টাকা তাদের কাছ থেকে নেওয়া হয় সে ভাড়ার টাকার সমস্যা। অর্থাৎ রেন্ট কন্ট্রোল যে আইনটী আছে সেই আইনে একটা বাড়ীর বা একটা ঘরের যে ভাড়া হতে পারে কলকাতা সহরে অধিকাংশ জায়গায় তার চেয়ে অনেক বেশী ভাড়া নেয়। কি ভাবে নেয় তারা ভাড়াটীয়া হিসাবে ঐ লোকদের বসায় না তারা লীজ দিয়ে লোকদের বসায় কাউকে দুই বছরের লীজ কাউকে তিন বছরের লীজ কাউকে ৪ বছরের লীজ—এবং বসিয়ে ১২০ টাকা ১৫০ টাকা এমন কি ২০০ টাকা হিসাবে একখানা ঘর কিম্বা দুইখানি ঘর তারা ভাড়া দেয়। এবং লীজের যে ফাঁকিটা তারা নিত কারণ তাহলে রেন্ট কন্ট্রোল-এর আওতায় সে পড়বেনা, ভাড়াটী কমবে না। আমাদের মন্ত্রী মহাশয় এখানে সেই লীজকে আনছেন ২০ বছরের বাড়তি যদি লীজ হয় তাহলে সেটা আসছে না। ফলটা কি হবে এই হবে বাড়ীওয়ালা যাকে বাড়ীর ভাড়াটে হিসাবে আনুন তাকে ভাড়াটে হিসাবে আনবে না ২০ বছরের বাড়তি লীজ হোল্ডার হিসাবে আনবে। অর্থাৎ বাড়তি ভাড়া যেটা বাড়ীওয়ালা নিত সেই সুযোগ এই সংশোধনীর মারফতে পুরাপুরি থাকছে।

দুই নম্বর হচ্ছে উৎখাতের প্রশ্ন মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে বাড়ীওয়ালা জানে যে পুরানো ভাড়াটে যারা আছে তারা আইনের সুযোগ পাচ্ছে, বাড়ী ভাড়া কম দিচ্ছে। যদি উৎখাত করে দিতে পারি একজনকে তাহলে সেলামী একটা মোটা টাকা পাব এবং লীজের কায়দায় ভাড়াটাকে আকাশচুম্বী করে দিতে পারব। এবং সেই জন্য পুরানো ভাড়াটেদের উৎখাতের চক্রান্ত করছে। এবং ১৩ নম্বর ধারায় যে যে কারণে তারা উৎখাত করতে পারে সেগুলি তারা সৃষ্টি করে নেয়। কখন বলে আমার ছেলে আসবে ঘর দরকার, কখন ভাড়া দিতে যান তারা নেবেনা পরে কোর্ট-এ কেস কর এবং ডিক্রি করে সেখান থেকে উচ্ছেদ করে দেবে। এই রকম নানা ফাঁক এবং ফাঁকির মাধ্যমে এই ১৩ নম্বর ধারার সুযোগ নিয়ে যারা পুরানো কম ভাড়া দিয়ে আছে তাদের উৎখাত করছে সুতরাং উৎখাতের সমস্যা একটা বিরাট সমস্যা। এবং আমরা আশা করেছিলাম যখন সংশোধনী আসছে তাতে এই যে বিরাট কলকাতা এবং হাওড়া এবং তার আশে পাশের যে সমস্যার তার সমাধান এই সংশোধনী বিলে থাকবে। কিন্তু তা নেই। আগে যে ভাবে উৎখাত হত সেই ভাবেই এখনও উৎখাত করতে পারবেন। শুধু একটী সংশোধনী তিনি এনেছেন যে টাকাটা যদি রেণ্ট কণ্ট্রোল-এ জমা দেওয়া থাকে তাহলে ডিক্রি যে ব্যাপারটা তা দিয়ে তাকে ডিফেন্স-এ দিতে পারবে। কিন্তু অনেক অজ্ঞ ভাড়াটিয়া আছে যারা আইন কানুন জানে না বাড়ীওয়ালা যখন তাদের কাছে ভাড়া নেয় না কি ভাবে কোথায় কখন দিতে হয় সে কাজ তারা করতে পারে না, এই সুযোগে তাদের উৎখাত করে দেওয়া হয়। তারপরে যদি তারা পুরো টাকাটা দিতে কোর্ট-এ রাজীও হয় তাহলে ও তারা থাকার সুযোগ পায় না। সুতরাং উৎখাতের যে প্রশ্নটা সেটা আগেও যেমন ছিল এখনও সেটা থেকে যাচ্ছে। এবং লীজের মারফৎ বাড়তি ভাড়া পাবার সুযোগ থেকে যাচ্ছে। আপনি জানেন কলকাতা সহরে একটী ঘরের ফ্ল্যাট ১০০।১৫০ টাকায় ভাড়া হয়ে যাচ্ছে লীজের মাধ্যমে বাড়ী ভাড়া না বলে। ২ খানা রুমের ফ্লাট ২৫০ থেকে ৩৪০, টাকা ভাড়া হয়ে যাচ্ছে এই লীজের মাধ্যমে। তার পরে সেলামী ১ হাজার দুই হাজার দিতে হচ্ছে। এই যে একটি চোরাকারবারী বাড়ী ভাড়া নিয়ে চলছে এবং এই ভাবে যে কালো টাকা জমা হচ্ছে তার বিরুদ্ধে এই আইনে যে সংশোধন থাকা উচিত ছিল তা আসেনি শুধু একটী জায়গায় সুযোগ দেওয়া হয়েছে সরকার যদি লীজ নেয় সেখানে বছরের প্রশ্ন নেই। কিন্তু সাধারণ মানুষ তারা এই সংশোধনের মাধ্যমে উৎখাতের হাত থেকে রেহাই পাবেনা বাড়তি বাড়ী ভাড়ার হাত থেকে রেহাই পাবেনা। এখানে সংশোধনী আনা উচিত ছিল উৎখাতের রক্ষা কবচ দিয়ে, উচিত ছিল বাড়তি ভাড়া লীজের নাম দিয়ে যে সুযোগ তার পথ রক্ষা কবচ দিয়ে তা না দিয়ে যে সংশোধনী বিল এসেছে তার কোন অর্থ হয় না। এই দুটী কারণের জন্য আমি বিলটী বিরোধীতা করছি এবং সার্কুলেশন-এ দেবার জন্য দাবী করছি।

Shri Anadi Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মাননীয় স্পীকার মহাশয়, যে বিলটা আনা হয়েছে সেটা ছোট হলেও বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, হাওড়া এবং তার আশেপাশের জায়গায় বা বাংলা দেশের যে কোন সহরে আজকে ভাড়াটিয়াদের সংখ্যা এত বেশী যে তাদের সম্পর্কে এত হালকাভাবে চিন্তা করা যায়না। মানুষের খাদ্য, বস্ত্র, এবং আশ্রয় এই তিনটি হল প্রধান বিষয়। ভাড়াটিয়া যারা তারা আশ্রয়ের খোঁজে, নিজের একটু জায়গা না থাকার ফলে অন্যের বাড়ীতে ভাড়াটিয়া হিসাবে যায়। সেই আশ্রয়ের ব্যাপার অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেইজন্য এটাকে সার্কুলেশনে দেওয়া অত্যন্ত প্রয়োজন। কি হচ্ছে, স্যার, সরকার থেকে মাঝে মাঝে নানা আশ্বাস দিয়ে থাকা হয় যে আমরা ভাড়াটিয়াদের জন্য বাড়িঘর করছি। সরকার সেই ব্যবস্থা আজও করতে পারলেন না। অথচ যারা ভাড়াটিয়া হয়ে কোন রকমে আশ্রয় খুঁজে নিয়েছে তারা যাতে সুখে স্বাচ্ছন্দে থাকতে পারে, বিনা বাধায় থাকতে পারে, কোন অসুবিধার মধ্যে না পড়তে হয়, এই রকম কোন ব্যবস্থা তাঁরা করতে রাজী হচ্ছেন না এটা উচিত নয়। প্রথমতঃ এই আইনে থাকা উচিত ছিল সেলামী বন্ধের ব্যাপার। কলিকাতা এবং আশেপাশে সেলামী নেওয়ার পরিমাণ দিনের পর দিন বেড়ে যাচ্ছে, এক হাজার, দু'হাজার, তিন হাজার, এইভাবে সেলামী বেড়ে যাচ্ছে। এই সেলামী যাতে না নেওয়া যেতে পারে এই রকম কোন প্রভিশন এই আইনে আছে কি? আমি জিজ্ঞাসা করি সরকার কি এই বিষয়ে

জানেন না? যাঁরা আইন তৈরী করেছেন তাঁরা কি জানেন না যে কলকাতায় বাড়ী ভাড়া নিয়ে কভাবে সেলামী নেওয়া হয়? সেই সেলামী নেওয়াটা বে-আইনী করবার জন্য কোন বিধান এই অ্যামেন্ডমেন্টে নেই। এমন কোন বিধান নেই যে যারা বাড়ী ভাড়া চাইবে তাদের বাড়ীওয়ালারা বিনা সেলামীতে ভাড়া দিতে বাধ্য হবে। এটা না থাকার ফলে এই আইনের উদ্দেশ্য ব্যর্থ হচ্ছে। তারপরে, স্যার, ভাড়ার কমপিটিশন হচ্ছে। একটা বসত বাড়ী তার ভাড়া কতখানি হওয়া উচিত, সেখানে কি কি সুবিধা থাকা উচিত সে সম্পর্কে একটা প্রভিশন এই বিলে থাকা উচিত ছিল। সেই জন্য আমি বলছি এই রকম একটা বিল যাতে সার্কুলেশনে দেওয়া হয় এবং বিভিন্ন কোয়ার্টার্স থেকে যাতে মতামত আমরা সংগ্রহ করতে পারি, ভাড়াটিয়াদের অসুবিধা কি কি সেগুলি যাতে আরো যোগাড় করা যায়, যোগার করে সেগুলি দূর করার ব্যবস্থা করা যায়, র‍্যাকেটিয়ারিং ইন রেন্ট যাতে না হয়, সেলামী যাতে না নেওয়া যেতে পারে এই সব ব্যবস্থা করবার জন্য বিলটাকে আমূল পরিবর্তন করা দরকার। ন' বছর ধরে এই আইন চালু আছে এই আইনে অনেক দোষ ত্রুটি, ভুল যেগুলি বের হয়েছে, সেগুলি সমস্ত নিয়ে যদি একটা কমপ্রিহেনসিভ বিল তৈরী করবার চেষ্টা হতো তাহলে সেটা ভাল হতো। এই কথা বলে এই বিলটাকে সার্কুলেশনে দেবার জন্য যে প্রস্তাব আনা হয়েছে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো তাতে রিনি যেন সম্মত হন এবং ভাড়াটিয়াদের স্বার্থ যেন রক্ষা করেন।

[5-30—5-40 p.m.]

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহোদয়, এই বিলটা অত্যধিক গুরুতর বিল এবং এই বিল সম্বন্ধে আলোচনার জন্য এক ঘণ্টা সময় কেন নির্দিষ্ট করা হল আমি বুঝতে পারলাম না। যাঁরা এই বিলের আলোচনার জন্য টাইম নির্ধারণ করেছেন আমার মনে হয় তাঁরা বিলের গুরুত্ব ভাল করে বোঝেন নি। বহু দিন ধরে কলকাতার ভাড়াটিয়াদের সমস্যার যেভাবে সমাধান করা উচিত ছিল, যেভাবে আইনটা পরিবর্তন করা উচিত ছিল, তা করা হয়নি। সব চেয়ে বড় সমস্যা হচ্ছে এই ভাড়াটিয়াদের উচ্ছেদ। অনেক গরীব ভাড়াটিয়া আছে যারা হয়ত ঠিক সময়ে ভাড়া দিতে পারেনা, দু'মাসের ভাড়া হয়ত জমে গেল তখন তাকে উচ্ছেদের মুখে পড়তে হয়। এর আগেও যখন আইন এসেছে ১৯৪৮ সালে তখন আমরা দেখেছি উচ্ছেদের ব্যাপারে হাজার হাজার কেস বিভিন্ন কোর্টে রয়েছে। তখন আমি মুখ্যমন্ত্রী বিধান চন্দ্র রায়কে বলেছিলাম এইভাবে বহু লোক উচ্ছেদ হয়ে যাচ্ছে। তখন তিনি অর্ডিনেন্স করলেন এবং যে সমস্ত কেস-এর প্রসিডিংস ইন এক্সিকিউশন সেইগুলি তিনি রদ করলেন। অবশ্য আইনে সেটা করা হয়নি। আজকে বহু ভাড়াটিয়ারা উচ্ছেদ হয়ে যায় এবং সেই উচ্ছেদ বন্ধ করার জন্য আমাদের বহু দিনের দাবী আছে যে কোর্টে যদি টাকা জমা দিয়ে দেয় তাহলে তাকে উচ্ছেদ করা হবেনা। তিনি রেন্ট কন্ট্রোলে বা কোর্টে টাকা জমা দিতে পারবেন যখন তাঁর কেস চলবে কিন্তু তার উচ্ছেদ বন্ধ হবেনা। কিন্তু সব চেয়ে বড় ব্যাপার হচ্ছে এই উচ্ছেদ বন্ধ করা। ভাড়াটিয়ারা টাকা দেবেনা সে কথা বলিনি। টাকা হয়ত একসঙ্গে দিতে না পারে কিন্তু কোর্টে মামলা হলে এরা যদি টাকা দিয়ে দেয় তাহলে উচ্ছেদ হবেনা। আজকে কলকাতা সহরে সামান্য ছোট একটা ঘরের ভাড়া ৫০।৬০ টাকা। শুধু ভাড়া নয় তার জন্য আবার সেলামী দিতে হবে। সেদিন একজন ভদ্রলোক তার দুখানা ঘরের ভাড়া বললেন ৮০ টাকা, এর মাঝে এক ভদ্রলোক এসে গেলেন তিনি ১৫০ টাকায় সেই ঘর নিয়ে নিলেন। যে ভদ্রলোক ৮০ টাকায় নেবেন বলেছিলেন তিনি নিতে পারলেন না। সরকার থেকে অনেক বাড়ী, ফ্ল্যাট তৈরী করা হচ্ছে কিন্তু তাতে লোকের বসবাসের সমস্যার সমাধান হচ্ছে না। এইজন্য আমরা ভেবেছিলাম যে মাননীয় মন্ত্রী মহাশয় যিনি এই বিলটা এনেছেন তিনি এই উচ্ছেদের ব্যাপারের উপর বেশী ঝোক দেবেন যাতে উচ্ছেদ না হয়। আর একটা ব্যাপার হচ্ছে এই যে বাড়ী খালি হয়, ভাড়াটিয়ারা রেন্ট কন্ট্রোলারের কাছে কেস করলে হয়ত ভাড়াটা কমে যায় কিন্তু তারা সেই কেস করতে রাজী হয়না। অনেক সময় বাড়ীওয়ালারা ভাড়াটিয়াদের উচ্ছেদ করবার জন্য নানা রকম অসুবিধার সৃষ্টি করে, আবার ভাড়াটিয়াদের রেন্ট কন্ট্রোল কোর্টে গেলেও অনেক অসুবিধায় পড়তে হয় এইজন্য সরকার থেকে যদি একটা নিয়ম করা হয় যে যেখানে বাড়ী খালি হবে সেখানে তার নোটিশটা কন্ট্রোলারকে

দিতে হবে এবং কণ্ট্রোলার সেখানে গিয়ে সেই বাড়ীর ভাড়া কত হবে সেটা ধার্য করে দেবেন এবং সেই ধার্যমত সেখানে ভাড়াটিয়ারা বসবে তাহলে ভাড়ার অত্যধিক চার্জ বাড়ীওয়ালারা করতে পারবেনা এবং বাড়ীর ব্যাপারে মোটা সেলামীও নিতে পারবেনা। কাজেই এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। কারণ ভাড়াটিয়াদের উপর ভয়ানক জুলুম চলে এবং তাদের অনেক অসুবিধায় পড়তে হয়। এই বিলে অন্যান্য যে আরো ধারা আছে যেমন সেকসন ১৩র যে ১১ ধারা আছে, এই সমস্ত ধারার সুযোগ নিয়ে বাড়ীওয়ালারা অনেক সময় ভাড়াটিয়াদের অজ্ঞতার সুযোগ নিয়ে বলে যে আচ্ছা ভাড়া এখন থাক এবং দু' তিন মাস পরে তাদের উচ্ছেদ করে দেয়। তারা যখন দু'মাস কি তিন মাস পরে ভাড়া দিলো তখন দেখা গেল যে তাদের নামে মামলা এসে হাজির। মালিকরা অনেক সময় ভাড়া দিতে গেলেও ভাড়া নেয়না এবং নানা অজুহাতে তাদের নামে কেস করা হয়। কাজেই এই বিলটি যেভাবে এসেছে তাতে মূল যে সমস্যা তার কোন সমাধান হবে না। এখানে লিজের যে ব্যাপার করেছেন ২০ বছরের উপর লিজ হওয়া চাই তার কম হলে হবে না তাতে বাড়ীওয়ালাদের অনেক সুযোগ সুবিধা পাচ্ছে। এতে ভাড়াটিয়াদের উপর নানা রকম জুলুম চলেছে তারা কি করে ঘরবাড়ী পাবে কলকাতা সহরে তা নিয়ে ব্যতিব্যস্ত হয়ে পড়েছে। কাজেই যত ভাড়াই হোক আর যাই হোক তাকে সেলামী পর্যন্ত দিয়ে বাধ্য হয়ে বাড়ী নিতে হবে। সে দিক থেকে কলকাতা শহরে মধ্যবিত্ত গরিবের পক্ষে থাকা দুরূহ হয়ে পড়েছে। কলকাতার বাহিরে থাকাও দুরূহ হয়ে পড়েছে। কারণ সেখানে কনভেয়ান্সের অসুবিধা। তাহলে কি করে মধ্যবিত্তরা বাঁচবে, কি করে তারা মাথা গোঁজবার জায়গা পারে—এই সমস্ত সমস্যা রয়েছে। সুতরাং সে দিক দিয়ে আমি সরকারকে বলবো যে মূল যে সমস্যা তার কোনও সমাধান করা হোল না। মূল সমস্যা হচ্ছে ভাড়াটেদের উপর অত্যধিক জুলুম করা হয় তাদের কাছ থেকে সেলামী লওয়া হয়। এগুলি যাতে বন্ধ হয়—তারা যাতে ন্যায্য ভাড়াতে থাকতে পারে তারই ব্যবস্থা করা দরকার। সেদিক থেকে আইনটা পরিবর্তন করে যদি সে রকম একটা আইন করা হয় তাহলে ভাড়াটেদের উপকার হবে। তা নাহলে ভাড়াটেদের কিছুই সুবিধা হোল না—এই বলে আমি আমার কন্তব্য শেষ করছি।

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

Shri Abhoy Pada Saha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1965.

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st December, 1965.

[5-40—5-50 p.m.]

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ সকলেই মোটামুটি বলেছেন যে বিলটি খুবই গুরুত্বপূর্ণ এবং রাঁরা একথা স্বীকার করেছেন যে এই বিলটিতে যদিও যথেষ্ট পরিমাণে সংশোধনের ব্যবস্থা করা হয় নি—তবুও ভাড়াটেদের জন্য টুকিটাকি ব্যবস্থা করা হয়েছে। কাজেই বিলের বিরোধীতা না করলেও মাননীয় সনৎবাবু বলছেন যে বিলটি পুরাপুরি সমর্থন করতে পারছেন না। মোটামুটি বলতে চাচ্ছেন যে বিলের মধ্যে ১৩ ধারা সংশোধন করা উচিত ছিল। কিন্তু ১৩ ধারাটা বিবেচ্য নয়। বিলের মধ্যে ১৭ ধারাটা আছে কাজেই যেটা নেই সেটা সম্বন্ধে আলোচনার প্রসার আমাদের বিধানসভার যে আইন কানুন তার মধ্যে নেই। আমি একটা কথা কিন্তু লক্ষ্য করলাম একটু আশ্চর্য হয়ে যে মাননীয় সদস্য অপূর্ববাবু এবং নিখিলবাবু এই বিলটি সমালোচনা করতে গিয়ে গুলিয়ে ফেলেছেন। তাঁদের যা বক্তব্য সেটা হচ্ছে এই রকম যে ২০ বছরের কম হলে সুযোগ সুবিধা পাওয়া যাবে না। ২০ বছরের বেশী

হলে সুযোগ সুবিধা পাওয়া যাবে—এটা ঠিক নয়। মাননীয় সদস্যগণ যদি একবার পড়েন তাহলে দেখবেন তাতে লেখা আছে

Section 3 of the said Act shall be re-numbered as sub-section (1) of that section, and after the said sub-section as so re-numbered, the following sub-section shall be added.

মাননীয় সদস্যগণ ধরে নিয়েছেন যে এটা যেন সেকসন থ্রি অব দি এ্যাক্ট বসাচ্ছেন। কিন্তু তা না, মাননীয় সদস্যগণ সেকসন থ্রি যদি দেখেন তাহলে দেখবেন যে সেকসন থ্রির উপর এটা এ্যাড করা হচ্ছে। সেকসন থ্রিতে আছে ২০ বছর পর্যন্ত কি করা যেতে পারে। ২০ বছর পর্যন্ত যাদের লিজ তারা সেকসন থ্রিতে কভার্ড হয়ে যাচ্ছে—তার বেশী যাদের তারা এই সুবিধা পেতেন না। তারা যাতে সুবিধা পেতে পারেন সেই সম্পর্কে সংশোধন আনা হয়েছে। কাজেই এতে টেন্যান্টদের অধিকার আরও প্রসারিত করা হচ্ছে। এখানে ল কমিশনের রিপোর্ট পড়তে পারি কিনা জানি না—তবে মাননীয় সদস্যগণ যদি দেখেন তাহলে দেখবেন ল কমিশন ঠিক এইভাবে সংশোধনী প্রস্তাব করেছেন। আর একটা কথা, রেন্টকন্ট্রোলারের কাছে টাকা জমা দেওয়া সম্পর্কে বিভিন্ন মত মহামান্য হাইকোর্ট বিভিন্ন সময়ে প্রকাশ করলেও শেষ পর্যন্ত অসুবিধা হয়ে গেছে এই যে রেন্ট কন্ট্রোলারের কাছে টাকা জমা দিলে এবং আদালতে জমা না দিয়ে বাড়ীওয়ালার কাছে জমা না দিয়ে শুধু রেন্ট কন্ট্রোলারের কাছে জমা দিলে তাঁরা কোন সুযোগ সুবিধা পেতেন না। আমরা দেখছি তাতে অনেক উচ্ছেদের ডিক্রি হয়ে গিয়েছিল অনেকে উচ্ছেদ হতে চলেছিল এবং যাতে এই উচ্ছেদ বন্ধ করা যায় সেইজন্য আমরা অর্ডন্যান্স করেছিলাম এবং উচ্ছেদ বন্ধ করেছিলাম এবং সুযোগ দেওয়া হয়েছে আবার এগুলি রিওপেন করতে পারবেন আবার পরে ফেরৎ পেতে পারবেন—শুধু যদি এই মাত্র কারণে তাদের বিরুদ্ধে উচ্ছেদের ডিগ্রি হয়ে থাকে। ল্যাপ্স ডিপজিটের কথা বল্লেন। এ সম্বন্ধে আমরা দেখতে পাচ্ছি আমরা একটা হিসাব নিচ্ছিলাম এ পর্যন্ত ২ কোটি ১১ লক্ষ টাকা রেন্ট কন্ট্রোলারের কাছে ডিপোজিট হিসাবে পড়ে আছে এবং তার মধ্যে ১২ লক্ষ ৩১ হাজার টাকা তোলবার সময় উত্তীর্ণ হওয়ায় ফরফিটেড হবার অবস্থা হয়েছে। এজন্য আমাদের যে সংশোধন করা হয়েছে তাতে বাড়ীওয়ালার সুযোগ সুবিধার দিকে লক্ষ্য রেখেই যে করা হয়েছে একথা বলা ঠিক হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে সংশোধনী এনেছি তাকে সর্বাঙ্গ সুন্দর বলে আমরা মনে করি না। একথা স্বীকার করি। তবুও একথা বলি যে এতে ভাড়াটেদের অনেকখানি সুযোগ সুবিধা দেওয়া হয়েছে যে সুযোগ সুবিধা তারা আগে পেতেন না।

Shri Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার স্যার, উনি যে উত্তরগুলি দিলেন সেকসন থ্রি সম্পর্কে পার্টিকুলারলি সেকসন ফোর যেটা এ্যামেন্ডমেন্ট হয়েছে—অরিজিন্যাল সেকসনটা ইনট্যাক্ট থাকছে। যেখানে রেসিডেনসিয়াল হাউস সম্পর্কে দুটো সাবক্লজ করে প্রোভাইসো করা হয়েছে প্লাস যেটা রেসিডেনসিয়াল পারপাসে ইউজ হবে না সেখানে লিখছেন আবার অল প্রেমিসেস, এই দুটো কনট্রোডিকটরি হয়ে যাচ্ছে এবং কমপ্লিকেটেড হয়ে যাচ্ছে। আপনি যদি ব্রেনটা একটু ঠিক করে দেখেন তাহলে দেখবেন

confusion worst confunded,

আমার মনে হয় একটু সময় নিয়ে এই সেকসন থ্রিতে ঢেলে সাজিয়ে ঠিক করে রাখা হোক। যেমন আগে ছিল, ১৯৪৮ সালের এ্যাক্টে এই কমপ্লিকেসনগুলি ছিল না। রেসিডেনসিয়াল হাউস সম্পর্কে ২০ বছরের কম হলে পর তাদের ক্ষেত্রে একই রকম আইন প্রযোজ্য হবে। তার মধ্যে আবার দিলেন এ এন্ড বি—বিতে বল্লেন ২০ বছর—আবার ১৫ বছর নিয়ে এলেন। আবার পরে যে এ্যাডিসন করলেন সেখানে নিয়ে এলেন ,

notwithstanding any thing to all premises held under a lease,

তাহলে ঐ রেসিডেন্সিয়াল হাউস যেটা আপনি ফার্স্ট সাবক্লজে নিয়ে আসছেন সেটাও আবার ইনক্লুডেড হয়ে গেল। এখানে আবার বলছেন

Notwithstanding anything to the contrary contained in sub-section (1) but subject to sub-section 3 of section 1 only residential purpose.

এখানে বলছেন অনলি রেসিডেনসিয়াল পারপাস, আবার সাবসেকসন টুতে দিচ্ছেন অল প্রেমিসেস তাহলে ইট কোয়ালিফাইড

সাবসেকসন ওয়ানে রেসিডেনসিয়াল হাউস সেটাও কোয়ালিফাই করছে—করে এখানে আনলেন provided that if such a lease is for a period of not less than 20 years.

অর্থাৎ দাঁড়ালো কি

২০ বছরের কম না হলে—তাহলে রেসিডেনসিয়াল হাউস ছাড়া যেখানে বিসনেস হাউস ইণ্ডাস্ট্রিয়াল হাউস বা সপ-কিপারস হাউস যে সমস্ত আছে তাদের ক্ষেত্রে ২০ বছরের যদি কম হয় তাহলে ইট উইল নট বি এ্যাপ্লিকেবল—সেখানে এ্যাপ্লিকেবল হচ্ছে না। কলকাতায় যত দোকানদার আছে যারা এর মধ্যে পড়ছে

period limited by such lease is not expressed to be terminated upon its expiration at the option either of the landlord or of the tenant,

যদি এই প্রভিসনস থাকে অপসনেবল—ফারদার এ্যাপ্লিকেসন করলেন—যদি এই রকম টার্মস থাকে তাহলে এ্যাপ্লিকেবল হবে না তাহলে সোজা বাংলায় কি দাঁড়ালো?

[5-50—5-53 p.m.]

কাজেই এটা অত্যধিক জাম্বলড্ আপ্ হয়ে যাচ্ছে, রেসিডেনসিয়াল নন-রেসিডেনসিয়াল, ১৫ বৎসর, ২০ বৎসর আবার রেসিডেন্সিয়াল করলে নট লেস দ্যান ২০ বৎসর এরূপ টার্মস এণ্ড কনডিসান থাকলে জাম্বল্ড আপ্ হবে, সেজন্য আমার অনুরোধ যে সেকসনটা একটু চিন্তা করে আবার রিরাইট করুন। এতগুলো প্রভিসান এ বি সি ডি করে এমন পর্যায়ে দাঁড়িয়েছে যে একটা একটা করে ওভার ল্যাপ্ করছে। ২০ বৎসর পর হলে যদি ইণ্ডাস্ট্রিয়াল হয়, সপ কিপার হয়, নন রেসিডেনসিয়াল হয় তাহলে টেনান্সির ক্ষেত্রে এ্যাপ্লিকেবল হচ্ছেনা। আবার যদি এমন কোন টার্মস এণ্ড কনডিসান থাকে তাহলে এটা এ্যাপ্লিকেবল হচ্ছে না। সেজন্য আমি বলছি যে আইনটা অত্যন্ত কমপ্লিকেটেড হচ্ছে, এর কোন ক্লিয়ার মিনিং হচ্ছেনা, এবং এটা ঢেলে সেজে একটা এ্যামেণ্ডমেণ্ট আনুন।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অপূর্ববাবু বললেন জিনিসটা খুবই জটীল, সে বিষয়ে সন্দেহ নেই। তিনি বললেন কনফিউসান ওয়ারস্ কনফাউণ্ডেড্ কথাটা খুবই সত্য। ২০ বৎসর না হলে হবে না। I fully agree আপনার মত astute lawyer আমি সে সম্বন্ধে কিছুই জানিনা। আপনি যদি ভুল করেন তাহলে তো ভুল হবেই। কিন্তু জিনিষটা যে খুবই জটীল বলে আমরা ভেবে চিন্তে করছি। তা সত্বেও আলোচনার স্কোপ যে নেই তা নয়। ফাস্ট রিডিং হয়ে থাক। ক্লজ বাই ক্লজ ডিসকাসান যখন হবে

We shall have enough discussion. Let us now go through the first reading.

আজকে ফার্ষ্ট রিডিং হয়ে থাক। আর একটি এ্যামেণ্ডমেণ্ট ক্লারিফাই ওয়েতে আমরা সোমবার দেবার চেষ্টা করছি, আজকে এই ফাস্ট রিডিং হয়ে থাক।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-53 p.m. till 1 p.m. on Thursday, the 4th November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, the 4th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 12 Ministers, 3 Ministers of State and 190 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Cossimbazar Manindra Mills and B. T. Mills

***41.** (Admitted question No. *2.)

Shri Sanat Kumar Raha:

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার কাশীমবাজার মণীন্দ্র মিল্‌স ও বি, টি মিলস্‌-এ লক-আউট চলিতেছে ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই লক-আউটের কারণ কি ;

(২) লক-আউটের ফলে কতজন শ্রমিক বেকার হইয়া পড়িয়াছে, এবং

(৩) উক্ত মিল দুইটি চালু করার জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি না?

Shri Bijoy Singh Nahar:

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন প্রশ্নটা কোন তারিখে পেয়েছিলেন আমার কাছ থেকে?

Shri Bijoy Singh Nahar:

ঐটা ১৪-১০-৬৫ তারিখে এ্যাসেম্বলী হাউস থেকে পেয়েছি।

Shri Sanat Kumar Raha:

ঐটা ১৪-১০-৬৫ তারিখের আগে আপনি পাননি?

Shri Bijoy Singh Nahar:

না। আমি ঐটা পেয়েছি ১৪-১০ তারিখে।

Shri Sanat Kumar Raha:

হয়ত, আমি যখন ঐ প্রশ্নটি পাঠাই তখন কাশীমবাজার মণীন্দ্র মিলস্-এ লক-আউট ছিল। বর্তমানে সেই মিলস্ লক-আউট থেকে মুক্ত আছে। আমি জানতে চাই, আপনি কি জানেন এই লক-আউট তখন ছিল?

Shri Bijoy Singh Nahar:

হ্যাঁ, ছিল।

Shri Sanat Kumar Raha:

কয় মাস ধরে ছিল?

Shri Bijoy Singh Nahar:

তারা লক-আউট করে ১০-৬-৬৫ তারিখেতে, আর কাজ আরম্ভ হয় ১২-১০-৬৫ তারিখে।

Shri Sanat Kumar Raha:

প্রায় সাড়ে চার মাস ধরে লক-আউট ছিল। এই লক-আউটটা হল কেন?

Shri Bijoy Singh Nahar:

কর্মীদের সঙ্গে মালিকের বিরোধ হওয়াতে।

Shri Sanat Kumar Raha:

এই যে লক-আউট পিরিয়ডএ হাজার হাজার কর্মীকে মালিক বসিয়ে রাখলো, তার জন্য শ্রম দপ্তর কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

Shri Bijoy Singh Nahar:

আমি ত এইমাত্র বললাম, কাদের কত টাকা পাওনা হবে, বা না হবে লক-আউট পিরিয়ডএ, সেটা ট্রাইবুনাল-এ বিচারের জন্য দেওয়া হয়েছে।

Shri Narayan Choubey:

এটা ট্রাইবুনাল-এ দেওয়া হয়েছে বললেন, সেখানে কবে গিয়েছে?

Shri Bijoy Singh Nahar:

১২-১০-৬৫ তারিখে।

Shri Narayan Choubey:

১২-১০-৬৫ তারিখে লক-আউট হল, তারপরও ট্রাইবুনালে দেওয়া হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

হ্যাঁ।

Shri Narayan Choubey:

ইমারজেন্সীর সময়, কয়েকদিন আগে আপনি দিল্লীতে কনফারেন্স করে এলেন। ইমারজেন্সীর সময় মালিক পক্ষ লক-আউট চালাচ্ছে, তার বিরুদ্ধে ট্রাইবুনাল ছাড়া আর কোন ব্যবস্থা করতে পারেন না?

Shri Bijoy Singh Nahar:

ইম্যুরজেন্সীর আগেই ঐ লক-আউট ছিল বলে আমি জানি। কাজেই সেটা ট্রাইবুনালএ দেওয়া হয়েছে।

Shri Nikhil Das:

আপনি বললেন জুন মাসের ১০ই তারিখে লক-আউট হয়েছে এবং জুন মাসের ২২এ তারিখে একটা এগ্রিমেন্ট হয়। সেই এগ্রিমেন্ট হয় লেবার কমিশনারস অফিসএ লেবার কমিশনার-এর সামনে—যে তারিখে লক-আউট খোলার কথা ছিল, সেই তারিখে লক-আউটটা উইথড্র করা হয়ে ছিল্লা কি?

Shri Bijoy Singh Nahar:

সেই তারিখে হয়নি। ১২-১০-৬৫ তারিখ থেকে মিল চালু হয়েছে।

Shri Nikhil Das:

১২-১০ তারিখে লক-আউট উইথড্রন হয়েছে। ইন্ডাস্ট্রিজ মিনিস্টার-এর সঙ্গে কথাবার্তা বলে ১২-১০ তারিখে একটা ত্রিপক্ষীয় চুক্তি বা এগ্রিমেন্ট হয়েছিল যে অমুক তারিখে লক-আউট উইথড্রন হবে। যে তারিখে লক-আউট উইথড্রন করবার কথা ছিল, সেই তারিখে হয়েছিল কিনা?

Shri Bijoy Singh Nahar:

আমি ত বললাম সেই তারিখে হয় নি। উইথড্রনটা ১২-১০-৬৫ তারিখে হয়েছে।

Shri Nikhil Das:

সেই তারিখে যদি লক-আউট উইথড্রন না হয়ে থাকে, তাহলে মালিক পক্ষ এগ্রিমেন্ট ভঙ্গ করেছেন। মালিক পক্ষ এই এগ্রিমেন্ট ভঙ্গ করার জন্য, তাঁর শাস্তির ব্যবস্থা করেছেন কিনা?

Shri Bijoy Singh Nahar:

এগ্রিমেন্ট ভঙ্গ করলে, সে রকম কোন শাস্তি দেবার ব্যবস্থা নেই। তবে রিপ্রিমেণ্ড করা যেতে পারে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে এমার্জেন্সীর সময় মালিক পক্ষ বেআইনী ভাবে লক-আউট যাতে না করতে পারে, সে সম্বন্ধে সরকারী কোন ব্যবস্থা হয়েছে কিনা?

Shri Bijoy Singh Nahar:

হ্যাঁ, ব্যবস্থা হয়েছে। একটা ত্রিপক্ষীয় কমিটি করে দেওয়া হয়েছে, যেখানেই গণ্ডগোল হয়, সেখানে দেখতে পাবেন যে এই হাই লেভেল কমিটির তিনটি দল মিলে ব্যবস্থা করছেন।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যদি এগ্রিমেন্ট ভঙ্গ করা হয়ে থাকে তাহলে আইনমত মালিকপক্ষের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা যাবে কিনা?

Shri Bijoy Singh Nahar:

আমি তো বললাম এই ব্যাপারটা। আজকে যে পরিস্থিতি তাতে সেই লক-আউট তারা তুলে নিয়েছে।

Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে বললেন জুনমাসে মিলে লক-আউট হয় সেই সময় ইমারজেন্সী ছিল না। এটা তিনি কি সেন্স-এ বললেন, ইমারজেন্সী তো রয়েছে, তাতে লক-আউট নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে

Shri Bijoy Singh Nahar:

পাকিস্তানের সঙ্গে যে নূতনভাবে চুক্তি হোল আমি তার কথাই বলেছি।

Shri Narayan Choubey:

ইমারজেন্সী চলাকালে যখন লক-আউট হয়েছিল তখন ভারতবর্ষে এবং পশ্চিমবাংলায় ইমারজেন্সী ছিল না একথাই কি আপনি বলতে চান?

Shri Bijoy Singh Nahar:

যেভাবে কোশ্চেন ছিল সেইভাবেই উত্তর দিয়েছি। পাকিস্তানের সঙ্গে গোলমাল হয়েছিল, নূতন ভাবে তাদের সঙ্গে চুক্তির ব্যবস্থা হয়েছে, তার আগে লক-আউট হয়েছিল। কাজেই নিয়মিতভাবে ব্যবস্থা করা হয়েছে।

Shri Narayan Choubey:

মন্ত্রিমহাশয় এই যে ত্রিপাক্ষিক কমিটির কথা বললেন তা কি এই মণীন্দ্র মিলস সম্বন্ধে বিচার বিবেচনা করেছেন?

Shri Bijoy Singh Nahar:

ট্রেড ইউনিয়ন-এর পক্ষ থেকে বা মালিকের পক্ষ থেকে এরকম কোন বিষয় সেখানে আনা হয়নি।

Shri Nikhil Das:

লক-আউট-এর কারণ কি তা যদি দেখি তাহলে দেখা যাবে যে এগ্রিমেন্ট উপেক্ষা করে মালিক শ্রমিকদের রিট্রেঞ্চ করেছে উইদআউট এনি বেনিফিট দিয়ে। আজ পর্যন্ত সেই রিট্রেঞ্চমেন্ট বেনিফিট দেওয়া হয়নি। সে সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

Shri Bijoy Singh Nahar:

ত্রিপাক্ষিক চুক্তির কথা বলতে পারি না। তবে লক-আউট হয়েছিল, চুক্তিও হয়েছিল। কিছু ওয়ার্ক লোড বাড়িয়ে দেবার জন্য শ্রমিকরা কাজে অসুবিধা করাতে মালিকপক্ষ লক-আউট করেছে।

Shri Sailendra Nath Adhikary:

এই যে লক-আউট হোল এই লক-আউট হবার আগে মন্ত্রিমহাশয়ের শ্রম দপ্তরের নির্দেশ সত্ত্বেও মালিকপক্ষ লক-আউট করল। এটা আপনাকে জানান সত্ত্বেও আপনি চুপ করে রইলেন এই এনাক্টনিজমের কারণ কি?

Shri Bijoy Singh Nahar:

আপনার প্রশ্নের সমস্ত তথ্য ভুল।

Shri Sailendra Nath Adhikary:

আমি নিজে এ সম্বন্ধে আপনার কাছে অভিযোগ তুলেছিলাম এবং আপনি বলেছিলেন এ বিষয়ে কোন কিছু করণীয় নেই। যখন ইমারজেন্সী চলছে দেশের মধ্যে এরকম অবস্থা তখন শিল্পে

যে সংকট সৃষ্টি করল, আপনি জানেন সেই মালিকটি একজন কংগ্রেস সদস্য। তাহলে আপনার কোন কিছু করণীয় ছিল না একথাই কি ধরব? এটা প্রতীয়মান হচ্ছে যখন কংগ্রেসী মালিক এমন কোন কাজ করেন যা দেশের স্বার্থের পরিপন্থী তখন শ্রমদপ্তর অগ্রসর হতে চান না। এই অবস্থায় প্রতিকার কি?

Shri Bijoy Singh Nahar:

আপনি একথা খুব ভাল করেই জানেন কালকের দৃষ্টান্ত বললে হয়ত আপনি লজ্জিত হবেন।। কংগ্রেস বা অ-কংগ্রেস এটা শ্রম দপ্তর দেখে না। এটা নিশ্চয়ই আপনার খুব ভাল করে জানা আছে।

Shri Nani Bhattacharjee:

মন্ত্রিমহাশয় বলছেন তিনি জানেন বোধহয় ২২-৬-৬৫ তারিখে একটা এগ্রিমেণ্ট হয় এবং এগ্রিমেণ্ট এর পরেও মিল খুলল না। তার কয়েকদিন পরে সমস্ত ব্যাপারটা ট্রাইবুনালে রেফার করেছেন এই ট্রাইবুনালে রেফার করা সত্ত্বেও লক-আউট কি বে-আইনী ঘোষণা করেছিলেন?

Shri Bijoy Singh Nahar:

আমি পূর্বেই বলেছি এই লক-আউট এ্যাডজুডিকেসন-এ দিয়েছি, সেকসন ১০ অনুযায়ী লক-আউ উইথড্র করতে বলেছি।

[1-10—1-20 p.m.]

Shri Nani Bhattacharjee:

আপনারা যে নির্দেশ দিয়েছিলেন লক-আউট তুলে নেবার ব্যাপারে মালিক যখন সেটা মানলেননা তখন আপনারা কি স্টেপ নিয়েছেন?

Shri Bijoy Singh Nahar:

আমরা প্রথমে চেষ্টা করেছি মিল খুলতে, আইনের যে সমস্ত ব্যবস্থা আছে সরকার সেগুলি বিবেচন করছেন।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বি টি মিলস সম্পূর্ণ চলছে এখন?

Shri Bijoy Singh Nahar:

প্রশ্ন করলে জানতে পারবেন।

Shri Sanat Kumar Raha:

বর্তমানে কোন কর্মী ছাঁটাই আছে কিনা বা সমস্ত কর্মীকে কাজ দেওয়া হয়েছে কিনা?

Shri Bijoy Singh Nahar:

আমাদের শ্রম দপ্তর থেকে যে নির্দেশ দেওয়া হয়েছে সেটা হল, যারা পারমেনেণ্ট নয়, টেম্পোরারী কর্মী যারা তাদের সম্পর্কে লাস্ট কাম ফার্স্ট গো ব্যবস্থা করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

Shri Sanat Kumar Raha:

শ্রমিকদের বেতন যা পাওনা ছিল তা মিটিয়ে দেওয়া হয়েছে কি?

Shri Bijoy Singh Nahar:

নোটিশ চাই।

Hotel Employees

***42.** (Admitted question No. *65.) **Shri Anangamohan Das :**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা নগরে যে সকল ব্যক্তি হোটেল ও রেষ্টুরেণ্টে কাজ করে তাহাদের সংখ্যা কত; এবং

(খ) উহাদের ছুটি ইত্যাদির কিরূপ সুযোগ আছে?

Shri Bijoy Singh Nahar:

(ক) ১৯৬৩ সালের পশ্চিমবঙ্গীয় দোকান ও সংস্থাবলী আইনের (দি ওয়েস্ট বেঙ্গল শপ অ্যাণ্ড এসটাবলিসমেণ্টস অ্যাক্ট, ১৯৬৩) আওতায় এতাবৎ রেজিস্ট্রিভুক্ত হোটেল ও রেস্তোরাঁয় নিযুক্ত কর্মি বর্গের সংখ্যা হইল ১৪,১৮৯ জন। আবাসিক হোটেল ও বোর্ডিংসমূহ বর্তমানে আইনের আওতাধীন নয়। উহাদের এই হিসাবে ধরা হয় নাই।

(খ) পশ্চিমবঙ্গীয় দোকান ও সংস্থাবলী আইনের আওতাধীন অন্যান্য দোকান ও সংস্থায় নিযুক্ত কর্মিবর্গের ন্যায় ইহারা ও উক্ত আইন নির্দেশিত নিম্নলিখিতরূপ ছুটিসমূহ পাওয়ার অধিকারী :—

(১) একটানা দেড়দিন সবেতন সাপ্তাহিক ছুটি।

(২) প্রতি বৎসরের একটানা কার্য সম্পূণান্তে ১৪ দিন পূর্ণ বেতনে বিশেষ বাৎসরিক ছুটি (প্রিভিলেজ লিভ)।

(৩) রেজিস্ট্রিকৃত ডাক্তারের সার্টিফিকেট দাখিল করার শর্তে প্রতি বৎসর অর্ধ বেতনে ১৪ দিনের অসুস্থতাজনিত ছুটি (সিক লিভ)।

(৪) পূর্ণ বেতনে বৎসরে দশ দিন নৈমিত্তিক ছুটি (ক্যাজ্যুয়াল লিভ)।

(৫) ইহা ছাড়া মহিলারা আইনের আওতায় প্রণীত নিয়মাবলীতে নির্ধারিত প্রসবকালীন ছুটি পাইবেন।

Shri Ananga Mohan Das:

এসব সংস্থায় যারা কাজ করে তাদের বেতনের হার সম্পর্কে আপনাদের কোন উপদেশ আছে কিনা?

Shri Bijoy Singh Nahar:

বর্তমানে নাই।

Shri Ananga Mohan Das:

মিনিমাম ওয়েজ অ্যাক্ট অনুসারে এদের বেতন গাইডেড হবার কোন ব্যবস্থা আছে কিনা?

Shri Bijoy Singh Nahar:

এখনো কোন মিনিমাম ওয়েজ ফিক্স করা হয়নি।

Shri Ananga Mohan Das:

হোটেল ও রেস্টুরেন্ট যে হাজার হাজার লোক কাজ করে তাদের মাঝে মাঝে বিনা নোটিশে খেয়ালখুসীমত তাড়িয়ে দেওয়া হয়, এদের কোন প্রোটেকসান দেবার ব্যবস্থা আছে কি?

Shri Bijoy Singh Nahar:

এ সমস্ত বিরোধ আমাদের কাছে আনা হলে আইনগত ব্যবস্থা করা হবে।

Shri Monoranjan Roy:

মিনিমাম ওয়েজেস এ্যাক্ট সিডিউলের মধ্যে হোটেল রেঁস্তোরাঁর এমপ্লয়িজদের আনা হয়েছে কিনা মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি?

Shri Bijoy Singh Nahar:

আমি যতদূর জানি আনা হয়নি।

Shri Monoranjan Roy:

যদি না আনা হয়ে থাকে তাহলে ভবিষ্যতে আনবার জন্য কোন ব্যবস্থা করবার পরিকল্পনা আছে কি?

Shri Bijoy Singh Nahar:

বর্তমানে এইরকম কোন পরিকল্পনা নাই।

Shri Monoranjan Roy:

ছোট ছোট হোটেল রেঁস্তোরায় যারা কাজ করে তাদের অর্গানাইজ করা বড় মুস্কিল হয়, এই সমস্ত আন অর্গানাইজড ওয়ার্কার্সদের একই রকম বেতন যাতে হয় এবং তারা একটি নির্দিষ্ট পরিকল্পিত যাতে ন্যূনতম বেতন পায় তার ব্যবস্থা করবেন কি?

Shri Bijoy Singh Nahar:

ব্যবস্থা করা যায়, কিন্তু যদি কোন ব্যবস্থিত ট্রেড ইউনিয়ন না থাকে তাহলে কোথায় কি হচ্ছে সরকার জানতে পারেন না এবং এদের এত ছোট ছোট ইউনিট যে ইচ্ছা থাকলেও খোঁজ খবরের অভাবে কার্যকরী করা সম্ভব হয় না।

Shri Aswini Roy:

এই যে ১৪ হাজার কর্মচারীর কথা বলা হয়েছে এর মধ্যে মহিলা শ্রমিকের সংখ্যা আছে কি?

Shri Bijoy Singh Nahar:

না আলাদা করে কিছু দেওয়া হয়নি।

Shri Aswini Roy:

ছুটি ইত্যাদি ক্ষেত্রে মহিলা পুরুষ ইত্যাদির মধ্যে কোন পার্থক্য আছে কি?

Shri Bijoy Singh Nahar

সাধারণভাবে কিছু নেই কেবল প্রসবের সময় একটু পৃথক ব্যবস্থা করা হয়।

Shri Aswini Roy:

সময়সূচীর কিছু তারতম্য হয় না?

Shri Bijoy Singh Nahar:

না, সময়সূচী একই।

Shri Nani Bhattacharjee:

এদের মধ্যে ট্রেড ইউনিয়ন না থাকার জন্য মিনিমাম ওয়েজেস সিডিউলের মধ্যে এনে সেগুলো এনফোর্স করায় অনেক সময় মুসকিল হয়। অনেক ইনডাসট্রির আন অর্গানাইজড ওয়ারকার্স যেমন স্টোন ক্রাসিং ইনডাস্ট্রি তাদের মিনিমাম ওয়েজেস ধারা অন্তর্গত করার কথা ঠিক হয়েছে তেমনি যেহেতু এরা আনঅর্গানাইজড ওয়ারকার্স, এদের কোন ট্রেড ইউনিয়ন নাই সেই কারণে এদের রিলিফ দেবার ব্যবস্থার জন্য মিনিমাম ওয়েজেস সিডিউলের ভিতরে আনবার কথা চিন্তা করবেন কিনা?

Shri Bijoy Singh Nahar:

দেখতে পারি।

Appointment of doctors in W. B. Medical Services

***43.** (Admitted question No. *186.)

ডাঃ গোলাম ইয়াজদানি: স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি এই বৎসর পশ্চিমবঙ্গ মেডিকেল সার্ভিসের জন্য—

(১) কতজন ডাক্তরের প্রয়োজন ছিল;

(২) পাব্লিক সার্ভিস কমিশন কতজন ডাক্তারের নাম নিয়োগের জন্য সুপারিশ করিয়াছিলেন;

(৩) কতজন ডাক্তারকে নিয়োগপত্র দেওয়া হইয়াছিল; এবং

(৪) যাহাদের নিয়োগপত্র দেওয়া হয় তাহাদের মধ্যে কতজন ডাক্তার কাজে যোগ দেন?

Shrimati Purabi Mukhopadhyay:

(১) ১৯৬৫ সালের প্রথম দিকে পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্র ও অপরাপর স্বাস্থ্য পরিকল্পনার জন্য ৩৯০ জন ডাক্তারের প্রয়োজন ছিল।

(২) ও (৩) ৩৯০

(৪) অক্টোবর মাসের মাঝামাঝি পর্যন্ত ১০৫ জন ডাক্তার কাজে যোগ দেন।

Dr. Golam Yazdani:

কতজন ডাক্তার দরখাস্ত করেছিলেন?

Shrimati Purabi Mukhopadhyay:

পাবলিক সার্ভিস কমিশন বলতে পারেন।

Dr. Golam Yazdani:

মাননীয় মন্ত্রিমহোদয়া জানালেন ১০৫ জন ডাক্তার মাত্র জয়েন করেছেন, যাঁরা জয়েন করেন নি তাঁরা কি কোন কারণ দেখিয়েছেন।

Shrimati Purabi Mukhopadhyay:

কেউ কেউ কারণ দেখাননি আর কেউ কেউ গ্রামাঞ্চলে যেতে আপত্তি জানিয়েছেন।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, স্বাস্থ্য মন্ত্রিমহাশয়া জানালেন পাবলিক সার্ভিস কমিশন বলতে পারেন এটা কি একটা উত্তর হল? উনি যেখান থেকে প্রয়োজন সেখান থেকে খবর এনে আমাদের জানাবেন।

Shrimati Purabi Mukhopadhyay:

কতজন ডাক্তার দরখাস্ত করেছেন সেটা আপাতত বলা সম্ভব নয়।

Dr. Kanai Lal Bhattacharyya:

তাহলে আপনি বলতে পারেন যে নোটিশ চাই। পাবলিক সার্ভিস কমিশন থেকে প্রয়োজনীয় খবর এনে আমাদের কাছে পেশ করা মন্ত্রীমহোদয়ার দায়িত্ব।

Shrimati Purabi Mukhopadhyay:

তাহলে সেইভাবে প্রশ্ন করতে হয়।

Dr. Kanai Lal Bhattacharyya:

আপনি তাহলে নোটিশ চাই একথা বলতে পারেন, 'পাবলিক সার্ভিস কমিশন বলতে পারেন' একথা বলতে পারেন না।

Shrimati Purabi Mukhopadhyay:

তাহলে আলাদা প্রশ্ন করতে হবে।

Dr. Golam Yazdani:

যাঁরা জয়েন করেন নি তাঁদের কি টাইম দিয়েছেন? নাকি তাঁদের আবার অনুরোধ জানিয়েছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

যাঁরা যুক্তিসঙ্গত কারণে টাইম চেয়েছেন তাঁদেরকে আমরা টাইম দিয়েছি। যাঁরা গ্রামাঞ্চলে যেতে অস্বীকার করেছেন তাঁদের কেস গণ্য হবে না। অক্টোবরের মাঝামাঝি সময়ের ফিগার আমি দিয়েছি, ভবিষ্যতে কতজন জয়েন করবেন তাঁদের কথা আমি বলতে পারবো না।

Dr. Radhakrishna Sinha:

আমাদের পশ্চিমবঙ্গে ডাক্তারের খুব অভাব একথা আমরা সকলেই জানি, যাঁরা পাবলিক সার্ভিস কমিশনে ইনটারভ্যু দিয়েছিলেন তাঁদের মধ্যে যোগ্য চিকিৎসক হওয়া সত্ত্বেও এ্যাপয়েণ্টমেণ্ট পাননি, এইজন্য কি আপনি পাবলিক সার্ভিস কমিশনের কাছে কোন কৈফিয়ত চেয়েছেন যে কেন তাঁরা চাকরী পান নি?

(নো রিপ্লাই)

[1-20—1-30 p.m.]

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে ৩৯০ জনের মধ্যে ১০৫ জন ডাক্তার কাজে যোগ দিচ্ছেন এর কি প্রধান কারণ এই নয় যে যে বেতন আপনারা দিচ্ছেন সেই বেতন তাদের পক্ষে কম বলে তারা মনে করেন এবং দ্বিতীয়তঃ তারই পরিপ্রেক্ষিতে আপনারা এই বেতন বাড়ানর কথা চিন্তা করছেন কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

যদি বেতন কম বলে মনে করতেন তাহলে তারা এ্যাডভার্টাইজমেণ্টের উত্তরে দরখাস্ত করতেন না বা ইণ্টারভিউ দিতে আসতেন না।

Shri Sunil Dasgupta:

মাননীয় মন্ত্রিমহাশয়া বললেন যে ৩৯০ জন ডাক্তারকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছিল তার মধ্যে ১০৫ জন কাজে যোগ দিয়েছে। এই যে ৩৯০ জনকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছিল তার মধ্যে কত জন গ্রামের হেলথ সেণ্টারের ডাক্তার এবং কত জন সহরের ডাক্তার ছিলেন?

Shrimati Purabi Mukhopadhyay:

বেশীর ভাগ সবায়ের এ্যাপয়েণ্টমেণ্ট লেটার গ্রামের জন্য দেওয়া হয়েছিল।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয়া কি জানাবেন যে এই পাবলিক সার্ভিস কমিশন যাঁদের সিলেক্ট করেছেন এবং হেলথ ডিপার্টমেণ্ট সকলকে যখন গ্রামে পোস্ট করবেন এই সিদ্ধান্ত হয়েছিল তখন কত জন বিশিষ্ট ব্যক্তি বিশেষ করে সদস্য আপনার কাছে গিয়ে তদবির করেছিলেন তাঁদের যাতে সহরে পোস্ট করা হয়?

(নো রিপ্লাই)

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় সদস্য আনন্দ বাবু যে প্রশ্ন করলেন তাতে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি যে উনি এরকম ইনসিনিউয়েশন করলেন, মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলবো এই ব্যাপারে কত জন কংগ্রেসী সদস্য আপনার কাছে গিয়ে তদবির করেছেন?

(নো রিপ্লাই)

Shri Aswini Roy:

এই যে ১০৫ জনকে চাকরী দিয়েছেন এর মধ্যে পোস্ট গ্রাজুয়েট কত জন আছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

আমার কাছে ভাগ করা নেই, তবে ১০-১৫ জন হবে।

Shri Aswini Roy:

সাধারণ যে বেতন তাই থেকে তাঁদের দেওয়া হয়?

Shrimati Purabi Mukhopadhyay:

পোস্ট গ্রাজুয়েট কোয়ালিফায়েড যাঁরা আসেন পাবলিক সার্ভিস কমিশন যখন নাম পাঠান সে সময়ে হাইয়ার ইনিশিয়াল কি দেব তা তাঁরা রেকমেণ্ড করেন সেই অনুযায়ী দেওয়া হয়। যেখানে পাবলিক সার্ভিস কমিশন রেকমেণ্ড করেন না সেখানে আমরা তাদের একটা কিম্বা দুটি ইনক্রিমেণ্ট ইনিসিয়ালি দিয়ে ভর্তি করতে পারি।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমি জিজ্ঞাসা করতে চাই যখন দেখা যাচ্ছে যে গ্রামাঞ্চলের অধিকাংশ স্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার থাকে না এই গ্রামাঞ্চলে যাতে অধিক সংখ্যক ডাক্তার যেতে পারেন এর জন্য কি কোন এনকারেজমেণ্ট স্কীম বা অন্য কোন পরিকল্পনা সরকার নেবেন?

Shrimati Purabi Mukhopadhyay:

আমরা ৭৫ টাকা রুরাল হেলথ সেণ্টার এ্যালাউন্স ইতিমধ্যেই মঞ্জুর করেছি গত বছর।

Shri Cour Chandra Kundu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে আপনি বললেন ৩৯০ জনকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছিল তাঁদের সবাইকে প্রায় গ্রামে পোস্ট করা হয়েছিল এবং তার মধ্যে ১০৫ জন ডাক্তার জয়েন করেছিল। যে সমস্ত হেলথ সেণ্টারে ডাক্তার জয়েন করেন নি তাদের জন্য অলটারনেট ব্যবস্থা কি করেছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

কয়েকটি ক্ষেত্রে আমা যেখানে যেখানে স্থানীয় প্রাকাশিনার পেয়েছি যাঁরা পার্টটাইম আমাদের হেলথ সেণ্টারে কাজ করতে চান তাঁদের রেখেছি প্রাইমারি হেলথ সেণ্টারে সেকেণ্ড মেডিক্যাল অফিসার হিসাবে, কিন্তু সাবসিডিয়ারী হেলথ সেণ্টারে সেকেণ্ড মেডিক্যাল অফিসারের পোষ্ট নেই বলে সেখানে আমাদের যে সব এল, এম, এফ, ডাক্তার আছেন যাঁরা ৫৮ বছর বয়সে সুপার-এ্যানুয়েটেড হয়ে চলে যাচ্ছিলেন তাঁদের অনেককে রেখে দেওয়া হয়েছে।

Shri Abani Kumar Basu:

যাঁরা পার্ট টাইম কাজ করেন তাঁদের প্রাইভেট প্রাকটিস করতে দেওয়া হয় কি?

Shrimati Purabi Mukhopadhyay:

যাঁরা সেকেণ্ড মেডিক্যাল অফিসার হিসাবে পার্ট টাইম কাজ করেন তাঁদের প্রাকটিস এ্যালাউ করা হবে।

Dr. Golam Yazdani:

আমার প্রশ্ন হল এই ১০৫ জন ডাক্তার সব কলকাতা পোস্টেড হয়েছে, না গ্রাম গিয়েছে? ২নং হচ্ছে কলকাতায় যেসব ডাক্তার পোস্টেড হয়েছে তাঁদের সুপারনিউমারারি ডিউটিতে কত জন আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

১০৫ জনের মধ্যে বেশীর ভাগ আমরা গ্রামাঞ্চলে পোস্ট করেছি, তাঁরা গ্রামাঞ্চলে গিয়েছেন। কলকাতা সহরে যেসব চেষ্ট ক্লিনিক, যেসব সহরাঞ্চলে লেপ্রসি, চেষ্ট ক্লিনিক এর জন্য ডাক্তারের অভাব ছিল সেখানে ১০৫ জনের মধ্যে থেকে নিতে বলেছি। এছাড়া কয়েক জন সুপারনিউমারারি মেডিক্যাল অফিসার নিয়েছি সেই সুপারনিউমেরারি মেডিক্যাল অফিসারকে পোস্ট করা হয় তখনই যখন যে ডিপার্টমেণ্টের যে স্যাংশন স্ট্রেংথ তার চেয়েও যদি কাজ বেশী থাকে কোন একটা পার্টিকুলার পিরিয়ডে সেই কাজটা চালানর জন্য।

Contai Subdivisional Hospital

***44.** (Admitted question No. *214.)

Shri Sudhir Chandra Das:

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমা হাসপাতালের নূতন গৃহ নির্মাণের কার্য কবে শেষ হইবে;

(খ) ঐ হাসপাতালটিতে জল সরবরাহের কি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে এবং ঐ পরিকল্পনা রূপায়ণের কার্য কি পর্যায়ে আছে; এবং

(গ) ঐ হাসপাতালটি কবে চালু হইবে?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) এখন সঠিক বলা সম্ভব নহে।

(খ) উৎস হিসাবে ৫" ব্যাস বিশিষ্ট ৭০০ গভীর দুইটি নলকূপ বসাইবার একটি পরিকল্পনা স্বাস্থ্য অধিকারের বিবেচনাধীন আছে।

(গ) এখন সঠিক বলা সম্ভব নহে।

Shri Sudhir Chandra Das:

(ক) প্রশ্নের উত্তরে মন্ত্রিমহাশয়া বললেন যে এখন বলা সম্ভব নয়। আমি জানতে চাই ঘর তৈরী শেষ করার মেয়াদটা কবে ছিল?

Shrimati Purabi Mukhopadhyay:

আমরা আশা করেছিলাম আমাদের এই থার্ড প্ল্যানের শেষ দিকে এই বাড়ী শেষ হবে কিন্তু এখনও পর্যন্ত কাজের যে প্রগ্রেস তাতে আমরা এখনও আশা করছি আমরা থার্ড প্ল্যানে শেষ করতে পারবো। কিন্তু করতে পারবো বলে ডেফিনিট বলতে পারছি না এবং সেই জন্য বলেছি যে এখন বলা সম্ভব নয়।

Shri Sudhir Chandra Das:

(খ) প্রশ্নের উত্তরে বলেছেন যে ৭০০ ফুট নলকূপ বসানর একটা পরিকল্পনা আছে। আপনি জানাবেন কি এর জন্য কোন স্থান নির্বাচন হয়ে গিয়েছে কি?

Shrimati Purabi Mukhopadhyay:

না।

Shri Sudhir Chandra Das:

মাননীয় মন্ত্রিমহাশয় এটা সম্পর্কে আরো কিছু জানাবেন কি, যে দেড় মাইল, দু মাইল দূরে নন-টিউবওয়েল এরিয়া থেকে এখন জল সরবরাহের যে পরিকল্পনা আপনার দপ্তরে থেকে গ্রহণ করা হয়েছে সেটা সম্পর্কে কিছু সংবাদ দিতে পারেন কি?

Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের যিনি চিফ ইনজিনিয়ার, পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং, তিনি এ সম্পর্কে বিশেষজ্ঞ। তিনি নিজে সরেজমিনে তদন্ত করে এই নলকূপ বসানর পরিকল্পনা গ্রহণ করেছেন। এই রকম কোন অভিযোগ আমাদের দপ্তরে আসেনি। যেখানে ৩ লক্ষ টাকার উপর ব্যয় করে এই নলকূপ

বসবে সেখানে তদন্ত করা হবে, কিন্তু এখনও পর্যন্ত চিফ ইঞ্জিনিয়ার যে রিপোর্ট দিয়েছে তাতে তিনি নন টিউবওয়েল এরিয়া বলে কিছু বলেন নি।

Shri Sudhir Chandra Das:

চিফ ইঞ্জিনিয়ার যখন একটা রিপোর্ট দিয়েছেন তখন স্থান নির্বাচন হবার পরিকল্পনা সম্বন্ধে কোন ইঙ্গিত আছে। সেটা যদি আমাকে বলেন তাহলে আমি বলতে পারবো সেটা নন টিউবওয়েল এরিয়া কিনা।

Shrimati Purabi Mukhopadhyay:

সেটা আমি এখন বলতে পারবো না। আপনি যদি আমার ঘরে যান তাহলে আমি চিফ ইঞ্জিনিয়ারকে ডেকে পাঠিয়ে আপনার সন্দেহের অবসান করতে পারি।

Detenus arrested under D.I.R.

***45.** (Admitted question No. *398.)

Shri Tarun Kumar Sengupta:

স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ভারতরক্ষা আইনে বিনা বিচারে কারারুদ্ধ সর্ব মোট কতজন রাজনৈতিক বন্দী আছেন;

(খ) উক্ত বন্দীদের মধ্যে যাঁহারা রোগে ভুগিতেছেন, তাঁহাদের সংখ্যা কত; এবং

(গ) উক্ত বন্দীদের কাহাকেও মুক্তি দেওয়ার কথা সরকার বিবেচনা করিতেছেন কি?

Mr. Speaker: Honourable Members, admitted question No. *398 is held over till the next rotational day as the Hon'ble Minister has not been able to collect all the information.

Enquiry into the death of Dr. Jatindra Bimal Chaudhury

***46.** (Admitted question No. *409.)

Shri Birendra Narayan Ray:

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেনকি—

(ক) গত ১০ই জুলাই, ১৯৬৫ তারিখে মেডিক্যাল কলেজ হাসপাতালে বিখ্যাত শিক্ষাবিদ ডাঃ যতীন্দ্র বিমল চৌধুরীর মৃত্যু সম্বন্ধে তদন্ত শেষ হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে তাহা কি?

1-30—1-40 p.m.]

Shrimati Purabi Mukhopadhyay:

ত(ক) হ্যাঁ;

(খ) তদন্তে প্রকাশ পায় যে ১৯৬৪ সালের ১০ই জুলাই তারিখে রাত্রি ৯-১০ মিনিটে ডাঃ চৌধুরীকে কলিকাতার মেডিক্যাল কলেজ হাসপাতালের ইমারজেন্সী ডিপার্টমেন্টে প্রায় অচৈতন্য অবস্থায় লইয়া আসা হয়। সেখানে কর্মরত দুইজন ডাক্তার (একজন বিশেষজ্ঞ) রোগীকে অবিলম্বে পরীক্ষা করেন। তিনি রোগীকে হাসপাতালের ওয়ার্ডে ভর্তি করিয়া যথাযোগ্য চিকিৎসার পরামর্শ দান করেন।

ডাঃ চৌধুরীকে চিকিৎসার জন্য ফ্রি বেডে ভর্তি করা সম্ভব ছিল। কিন্তু তাহার আত্মীয়েরা তাহাকে কেবিন অথবা পেয়িং বেডে ভর্তি করাইবার জন্য পীড়াপিড়ি করেন। ফলে ঐরূপ বেডের সন্ধান করিয়া এবং হাসপাতালের নিয়মানুযায়ী টাকা পয়সা জমা লইয়া এবং নির্ধারিত ফরম সহি করাইয়া রোগীকে একটি কেবিনে রাত্রি ৯-৪৫ মিনিটে ভর্তি করা হয়।

কেবিনে ভর্তির পর ডাক্তারী পরীক্ষান্তে দেখা যায় যে রোগীর গুরুতর রকমে সেরেব্রোরাল হেমারেজ হইয়াছিল এবং এরূপ রক্তক্ষয় "সেরেব্রোস্পিনাল-ফ্লুইড স্পেস" পর্যন্ত পৌঁছাইয়াছিল। এরূপ গুরুতর অবস্থায় রোগীকে নিরাময় করা প্রায় অসম্ভব বলেই বিশেষজ্ঞগণ মনে করেন। তথাপি রোগীকে বাঁচাইবার জন্য যতটুকু করা সম্ভব তাহা করা হইয়াছিল।

তদন্তের রিপোর্ট পরীক্ষান্তে স্বাস্থ্য দপ্তরের তদানীন্তন অধিকর্ত্তা এবং বিভাগীয় তদন্তের জন নিযুক্ত কমিশনার (অবসরপ্রাপ্ত জর্জ) উভয়েই এই অভিমত প্রকাশ করেন যে, ডাঃ চৌধুরীকে হাসপাতালে ভর্তি ও চিকিৎসার ব্যাপারে কোন গাফিলতি হয় নাই এবং তাহার মৃত্যুর জন্য হাসপাতালের কোন ডাক্তার বা কর্মচারীকে দায়ী করা যায় না। সরকার তাহাদের অভিমত গ্রহণ করেন।

Shri Birendra Narayan Ray:

পশ্চিমবঙ্গ সরকার ঐ চৌধুরী ফেমেলীর কাছ থেকে কোন অভিযোগ পেয়েছিলেন কি না—যাতে তারা বলছেন যে হাসপাতালের চিকিৎসকের অযোযোগ্যতার জন্য ঠিক ঠিক চিকিৎসা হয়—সে জন্য মারা গেছে?

Shrimati Purabi Mukhopadhyay:

ডঃ যতীন্দ্র বিমল চৌধুরীর পরিবার বন্ধু-বান্ধব এবং খবরের কাগজ ও এই সংবাদ প্রকাশ পেয়েছিল তাঁর পরিবারের থেকে যে দরখাস্ত আমরা পেয়েছিলাম তাতে তারা হাসপাতালের গাফেলতির চেয়ে তাতে তারা বলেছিলেন তাঁর যখন মৃত্যু হয় তখন কাছাকাছি তাঁরা থাকা সত্বেও তাদের ঠিক মত খবর দেওয়া হয় নি এবং এই অভিযোগটা খুব সিরিয়াস ধরণের ছিল বলে আমরা বিশেষজ্ঞ কমিটি করেছিলাম এবং তদন্ত কমিটির রিপোর্ট আমি আপনাদের পড়ে শুনিয়েছি।

Water scarcity at Alipore Central Jail

***47.** (Admitted question No. *423.) **Shri SUBODH CHOWDHURY:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether the Government is aware that there is scarcity of water at Alipore Central Jail and in particular at the wards where the D.I.R. detenus are housed; and

(b) If so, what arrangements are being made for the supply of adequate water there?

Mr. Speaker: Admitted question No. *423 is held over till next rotational day.

Bangeswari Cotton Mills

***48.** (Admitted question No. *468.) **Shri PANCHU GOPAL BHADURI:** Will the Minister-in-charge of the Labour Department be leased to state—

(a) if it is a fact that the workers of Bangeswari Cotton Mills are not getting due wages for the last three months;

(b) if it is a fact that the workers have been illegally laid-off since 19-7-65; and

(c) if the answers to (a) and (b) be in the affirmative, what steps, if any, are being contemplated to protect the workers?

Shri Panchu Copal Bhaduri:

লে-অফ সম্পর্কে যে লে অফ ওয়েজেস দেবার কথা তা যে দেওয়া হচ্ছে সে সম্বন্ধে কোন কমপ্লেন লেবার ডিপার্টমেণ্ট পান নি?

Shri Bijoy Singh Nahar:

কমপ্লেন পেয়েছি—কিন্তু যে হিসাবে—নিয়মে দেবার কথা সে নিয়মে পাওয়া যায় নি।

Shri Panchu Copal Bhaduri:

কোন লে অফ ওয়েজেস দেওয়া হয়েছে বলে আপনি শুনেছেন?

Shri Bijoy Singh Nahar:

যতদূর জানা আছে—লে-অফ ওয়েজেস কেউ দেয় নি।

Shri Panchu Copal Bhaduri:

আপনি কি একথা বলবেন যে যে সময় বঙ্গেশ্বরী মিলে লে অফ রয়েছে সেই সময় ভারত পাকিস্তান যুদ্ধের আমাদের বিশেষ ইমারজেন্সী অবস্থা অর্থাৎ যে ইমারজেন্সী অস্বীকার করা যায় না সেই ইমারজেন্সী থাকা সত্ত্বেও আপনি বলবেন যে এ সম্বন্ধে গভর্নমেণ্ট লে-অফ উঠিয়ে নেবার জন্য কি ব্যবস্থা করেছেন?

Shri Bijoy Singh Nahar:

এখন মিলটা সম্পূর্ণ বন্ধ হয়ে আছে। তা তুলে নেবার কোন ব্যবস্থা করা যায় না।

Shri Panchu Copal Bhaduri:

এই মিল বন্ধ হয়ে থাকা সম্পর্কে এই মিল টেক ওভার করার জন্য ১৯৫১ সালের যে রেগুলেসন এণ্ড ডেভেলপমেণ্ট অব ইণ্ডাস্ট্রিজ এ্যাক্ট আছে সে সম্বন্ধে সেণ্ট্রাল গভর্নমেণ্টের কাছে আপনারা কি কোন রেকমেণ্ডেসন করেছেন?

Shri Bijoy Singh Nahar:

আমরা কোন রেকমেণ্ডেসন করি নি। এবং আমার যতদূর জানা আছে—এই মিলটি নেওয়া হবে না এই জন্য যে এদের এত বেশী দেনা আছে এবং এ সম্পর্কে হাইকোর্টে তদন্ত চলছে।

Shri Panchu Copal Bhaduri:

এই মিলের ১৩৫ বিঘা জমি আছে যার মূল্য হচ্ছে ২॥ তিন কোটি টাকা—কাজেই ৬০ লক্ষ টাকা ধার সেটা কিছুই নয়—এ নিয়ে গভর্নমেণ্টের প্রফিটেবল করতে পারেন এটা মনে করেন কি?

Shri Bijoy Singh Nahar:

এটা মত সাপেক্ষ—তবে আমি এটুকু বলতে পারি যে ৬টা, ৬০ লক্ষ ১৯৬২ সালের হিসাবে—১৯৬৩-১৯৬৪-১৯৬৫ লেও কিছু বেড়েছে।

Shri Panchu Copal Bhaduri:

এক কোটি টাকা হলেও টেক আপ করা প্রফিটেবল হবে বলে মনে করেন কিনা।

Shri Bijoy Singh Nahar:

এটা এখন হাইকোর্টে রয়েছে কাজেই এর মধ্যে সরকারের যাওয়া উচিত নয়।

Shri Panchu Copal Bhaduri:

শ্রমিকদের পাওনা ১০ লক্ষ টাকার মত হবে এবং ৪ হাজার শ্রমিক স্টারভেসন করে আছে—এই সমস্ত শ্রমিকদের পাওনা পাইয়ে দেবার জন্য আপনারা কিছু করতে পারেন তাদের তিন বছরের স্ট্যাটুটারী লীভ ১ বছর সিক লিভ, ১ বছর ক্যাজুয়্যাল লিভ পাওনা এবং কমপালসারিলি পেয়েবল মিনিমাম বোনাস, বোনাস অর্ডীন্যান্স এই সমস্ত যে পাচ্ছে না এগুলি পাইয়ে দেবার জন্য গভর্নমেণ্টের কোন ওবলিগেসন আছে কিনা এরা কোন লিগ্যাল প্রটেকসন দাবী করতে পারেন কিনা ?

Shri Bijoy Singh Nahar:

আমি এ কু বলতে পারি যে ওয়ার্কারদের পাওনা প্রায় ২ লক্ষের উপর আছে—কিন্তু এই পাওনা আইন মত আদায় করার আমরা চেষ্টা করছি তবে কোম্পানীর কোন টাকা নেই ব্যাঙ্কে টাকা নেই।

Shri Panchu Copal Bhaduri:

বর্তমান ইমারজেন্সীর দরুণ মালিকদের ডি. আই. আরে আটক করতে পারেন কিনা ?

Shri Bijoy Singh Nahar:

হাইকোর্ট থেকে একটা বোর্ড অব ডাইরেক্টার করে দিয়েছে—হাইকোর্টের রায়ের উপর আমরা কিছু করেতে পারি না।

Shri Panchu Copal Bhaduri:

এই লে-অফ সম্পর্কে ?

Shri Bijoy Singh Nahar:

লে-অফ সম্পর্কে আমরা কিছু করতে পারি না—কারণ এটা হাই কোর্টের বিচারাধীন আছে।

Morgue of Krishnagar Sadar Hospital

***49.** (Admitted question No. *540.)

Shri Kashi Kanta Maitra:

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কৃষ্ণনগর সদর হাসপাতালে অবস্থিত 'মর্গ'টিকে সহরের মধ্যস্থল থেকে সরিয়ে জেলা হাসপাতালের সন্নিকটস্থ কোন অঞ্চলে স্থাপনের প্রস্তাব আছে ; এবং

(খ) সত্য হইলে, কতদিনের মধ্যে কার্যকরী করা হবে ?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) পূর্বতন সদর হাসপাতালে অবস্থিত মর্গটিকে সরিয়ে কৃষ্ণনগর সহরের শক্তিনগর অঞ্চলে অবস্থিত নূতন সদর হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

(খ) প্রশ্ন উঠে না।

Violation of the provisions of Minimum Wages Act by the tea planters

*50. (Admitted question No. *578.) **Shri MONORANJAN ROY:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware that the managements of Tea Industry in West Bengal have been refusing to pay the increased D.A. as per the notification under the Minimum Wages Act since 1963 in Darjeeling Hill area and 1964 for the whole of the Tea area in West Bengal; and

(b) if so, what steps the Government has taken against the planters for the continued violation of the statutory provisions for the payment of Minimum Wages?

Shri Bijoy Singh Nahar:

(a) The employers in Tea Industry have pleaded that they have no capacity to pay the additional dearness allowance as per the Minimum Wage notification of 1959.

(b) Efforts are being made for removing the deadlock.

Shri Monoranjan Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে আজ পর্যন্ত কোন হিসাব করেছেন কিনা যে প্রায় ২ লক্ষ শ্রমিকের কত পাওনা হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

হিসাব এখনও করা হয়নি।

Shri Monoranjan Roy:

এটা কি সত্য যে পাঁচ কোটি টাকার উপর গত আগষ্ট মাসে তাদের পাওনা হয়ে গিয়েছিল এবং এই সেপ্টেম্বর অক্টোবরে আরও কিছু হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

আমি তো বললাম যে আমার কাছে এ হিসাব নেই।

Shri Monoranjan Roy:

মন্ত্রিমহাশয় জানাবেন কি যে যখন আপনাদের ব্যয়সূচী অনুযায়ী শ্রমিকদের মাইনে কেটে নেওয়া হয় তখন আমরা আপনাদের কাছে দরখাস্ত করেছিলাম যে ঐ চটকলগুলির শ্রমিকদের মাইনে কাটা বন্ধ করে ব্যয়সূচী তদন্ত করা হোক—তখন কি শ্রমিকদের ক্যাপাসিটি আপনারা বিবেচনা করেছিলেন যে তাদের দেওয়া উচিত—মালিকের দেবার ক্যাপাসিটি আছে।

Shri Bijoy Singh Nahar:

আমি তো একথা বলি নি—যে মালিকদের ক্যাপাসিটি নেই বলে তাদের ছেড়ে দিচ্ছি। এটা লিগ্যাল ডিউজ তাদের দেয় রয়েছে অতএব বিবেচনার কথা উঠে না।

Shri Monoranjan Roy:

তারা যে আজও আইন ভঙ্গ করে যাচ্ছে—আমরা জানি আপনি চেষ্টা করছেন, মালিকদের ডেকেছিলেন, তা সত্বেও তারা পরিষ্কার বলে দিচ্ছে দেবো না তোমরা যা পার কর—সেই জায়গায় আইন ভাঙ্গার জন্য তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা নিচ্ছেন কিনা জানতে চাই। অর্থাৎ কোর্টে গিয়ে ডি. আই. আর-এ কেন মালিকদের রাখা হচ্ছে না যারা আইন ভঙ্গ করছেন?

[1-40—1-50 p.m.]

Shri Bijoy Singh Nahar:

যারা আইন ভঙ্গ করেছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা—আইন হিসাবে তাদের যে পাওনা সেটা দেওয়া দরকার এবং সেটার জন্য আমরা বারবার বলছি। যে যারা ট্রেড ইউনিয়নে আছেন তাদের মাইনা আদায়ের ব্যবস্থা করুন। আমরাও এটা করবো। কিন্তু জিনিষটা এত ব্যাপক যে এখুনি এর উপর ব্যবস্থা গ্রহণ করা যায় না।

Shri Narayan Choubey:

তাহলে আপনি কি বলছেন যে আপনি তাদের ভয় করছেন কারণ উপযুক্ত আইনে ব্যবস্থা অবলম্বন না করে মালিকপক্ষ এটাকে সাবোটেজ করছে।

Shri Bijoy Singh Nahar:

সাবোটেজের কোন প্রশ্ন নেই। মালিকপক্ষ এটা দিচ্ছে না। ইউনিয়নের নেতারাও গোড়ার দিকে ঘুমিয়ে ছিলেন। আমি ননীবাবুকে ধন্যবাদ দেবো, কারণ তিনি হঠাৎ একবার এখানে এ প্রশ্ন তোলেন। আমি এটা পরীক্ষা করে দেখি এবং মালিকপক্ষকেও এ সম্বন্ধে বলি, শ্রমিক ইউনিয়নের নেতাদের সঙ্গেও এ সম্পর্কে আলোচনা করেছি। মনোরঞ্জনবাবুকে আমি বলেছিলাম যে আপনারা আন্দোলন করুন যাতে নাকি এর একটা সুব্যবস্থা হয় এবং শ্রমিকরা কিছু পান।

Shri Monoranjan Roy:

শ্রমিকদের পাওনা টাকা যেটা রয়েছে সেটা তারা আদায় করতে পারে নি। একই জিনিষ—অর্থাৎ আইন তারা ভঙ্গ করছেন। আর নূতন বেতন যেটা তাদের আইন অনুযায়ী পাবার কথা সেটাও তারা দিচ্ছেন না। এটার দায়িত্ব যারা লেবার ডিপার্টমেণ্টে চাকরি করেন বা সেখানে যারা ইন-স্পেক্টার আছেন। কিন্তু তারা মিনিমাম 'ওয়েজেস এ্যাক্ট দেখাচ্ছেন না। আমাদের প্রশ্ন হচ্ছে আপনার সেই মালিকদের বিরুদ্ধে কেন ডি. আই. আর প্রয়োগ করলেন না?

Shri Bijoy Singh Nahar:

ডি. আই. আর প্রয়োগ উপযুক্ত বলে মনে হয়নি।

Shri Apurba Lal Majumdar:

উনি বললেন মালিকরা আইন ভঙ্গ করছে। সেটা খুব ব্যাপক এবং একসঙ্গে অনেক মালিক জড়িত। কাজেই আইনত: যদি কোন একসান নিতে হয় তাহলে সেটা এত ব্যাপক হয় যে তা নেওয়া যেতে পারে না। আমি জিজ্ঞাসা করছি সকলের বিরুদ্ধে না হয় অন্তত ২-১ জনের বিরুদ্ধে কেন আইনত ব্যবস্থা করছেন না।

Shri Bijoy Singh Nahar:

২-১ জনের প্রশ্ন নয়। যত কর্মী সেখানে রয়েছেন তাদের সকলের নামে মকদ্দমা করতে হবে এবং টাকা আদায়ের ব্যবস্থা করতে হবে। এটা এত ব্যাপক যে এটা না করে আমরা কন-সিলিয়েসান অফিসে দিচ্ছি যাতে এর একটা মীমাংসা হতে পারে।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা বলবেন যে মিনিমাম ওয়েজেস এ্যাক্ট অনুযায়ী ডুয়ার্স ও তরাই এর ক্ষেত্রে শ্রমিকদের ৪০ পয়সা এবং দার্জিলিং-এ ৮০ পয়সা প্রতিদিন হয় কিনা? আর সেটা পেমেণ্ট অফ মিনিমাম ওয়েজস হয় কিনা?

Shri Bijoy Singh Nahar:

হ্যাঁ

Shri Nani Bhattacharjee:

যখন মূল্য বৃদ্ধি ঘটে গিয়েছে তখন মালিকরা বেআইনি কার্যকলাপ করে শ্রমিকদের মধ্যে ডিসাফেকসানের মনোভাব ক্রিয়েট করছেন কিনা ?

Shri Bijoy Singh Nahar:

ডিসাফেকসান হচ্ছে কিনা বলতে পারবো না তবে এটা অন্যায় হচ্ছে বলতে পারি।

Shri Nani Bhattacharjee:

ডি, আই, আর-এ এটা পরিষ্কার ভাবে আছে যে যদি কেউ এই ধরণের একটা ভীষণ ডিসাফেকসান করতে আরম্ভ করে পাবলিকের মধ্যে তখন তাহলে তাদের ডি, আই, আরে বাঁধা হয়ে যায়। জায়গাটা হল উপজাতি প্রধান এলাকা। আপনি জানেন ডুয়ার্স এবং দার্জিলিং বর্ডার ডিস্ট্রিক্টের মধ্যে পড়ে। এই অবস্থায় আজকে শ্রমিকদের মধ্যে যে বিক্ষোভ দেখা দিয়েছে তার মূলে এই জিনিষগুলিই আছে। তার দিকে তাকিয়ে আপনি ডি, আই, আর প্রয়োগ করার কথা ভাবছেন কিনা ?

Shri Bijoy Singh Nahar:

বর্তমানে নয়।

Shri Anadi Das:

আপনি বললেন যে কনসিলিয়েসান মারফত ডিসাফেকসান দূর করবার চেষ্টা করবেন। তাহলে এটা বলবেন কি যে মিনিমাম ওয়েজেস এ্যাক্টে যেটুকু শ্রমিকদের প্রাপ্য তার থেকে কম হচ্ছে শ্রমিকদের প্রাপ্য যেটা তার থেকে কম দেবার যদি প্রশ্ন আসে এবং মালিকপক্ষ শ্রমিকদের প্রাপ্য যেটা তার থেকে কম দেবার যদি প্রশ্ন আসে এবং মালিকপক্ষ যদি তা মেনে নেন, এ ধরণের কাজ করবার চিন্তা সরকারের আছে কিনা ?

Shri Bijoy Singh Nahar:

এখন যা কথাবার্তা চলছে তাতে শ্রমিকদের সঙ্গে পরামর্শ করেই করা হচ্ছে।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় জানেন প্রতিদিন ১ লক্ষ টাকার মত মালিকরা শ্রমিকদের বঞ্চিত করে চলেছে। ডুয়ার্স এবং তরাই দার্জিলিং এলাকায় যদি এইরকম একটা মীমাংসা হয় তাহলে বাকি যে পাওনা দাঁড়ায় যেটা ওঁরা দিচ্ছেন না সেটা মালিকপক্ষকে ডিফেন্স ফাণ্ডে দেবার জন্য কি অনুরোধ করবেন ? শ্রমিকরা পাওনা যেটা ৪০ পয়সা তার মধ্যে ২০ পয়সা যদি একটা সেটেলমেণ্ট হল—যদিও এটা একটা হাইপথেটিক্যাল কেস—সেই ২০ পয়সা ডিফেন্স ফাণ্ডে জমা দেবার জন্য অন বিহাফ অফ দি ওয়ারকার্স অনুরোধ করবেন কিনা ?

Shri Bijoy Singh Nahar:

ডিফেন্স ফাণ্ডে কি দেবেন জানি না। তবে বাকি পাওনা সম্বন্ধে তাদের মধ্যে একটা মীমাংসা হবে।

Shri Bhadra Bahadur Hamal:

মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই যে, তিনি কি এটা জানেন, যে, বাকি টাকা-ডিমাণ্ড করার জন্য যাঁরা মিটিং করেছিলেন তাঁদের ডি, আই, আরে ধরা হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

আমার জানা নেই।

Shri Bhadra Bahadur Hamal:

টি গার্ডেনের রিসেণ্টলি শ্রমিকদের ঐ টাকা ডিমাণ্ড করার জন্য ডি. আই. আরে ধরেছেন। কিন্তু ঐ টি গার্ডেনের প্রোপাইটার বা ম্যানেজারকে ধরেছেন কি?

Shri Bijoy Singh Nahar:

কাকে ধরা হয়েছে জানা নেই।

Shri Bhadra Bahadur Hamal:

এই টি এষ্টেটের মালিকরা এই ডিমাণ্ডের জন্য টি গার্ডেন বন্ধ করে চলে গিয়েছেন। এখন শ্রমিকরা সেটা চালাচ্ছে। তাদের বাকি টাকাটা কি হবে।

Shri Bijoy Singh Nahar:

প্রশ্ন করলে উত্তর দেবো।

Shri Apurba Lal Majumdar:

এখানে প্রশ্ন করা হল যে যে সমস্ত মজুর তাদের ন্যায্য পাওনার জন্য আন্দোলন করেছে তাদের ডি. আই আরে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু মালিকপক্ষ থেকে ২ বছর ধরে যারা শ্রমিকদের বঞ্চিত করে চলেছে তাদের উপরে এখন পর্যন্ত ডি. আই. আর প্রয়োগ করা হয়নি কেন? তাছাড়া মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি যে যে আইনি করে শ্রমিকদের ফাঁকি দিয়ে এবং তাদের মধ্যে আনরেষ্ট সৃষ্টি করে যদি তাঁদের এজিটেড করে তাহলে ডি. আই. আরে ৪১-৫ যে সেকসন রয়েছে তা ব্যবহার করা যেতে পারে। টি আর এ বর্ডার এলাকায় ২ লক্ষ শ্রমিকেদের মধ্যে যদি হেটরেড গড়ে উঠে তা দমন করার জন্য ৪১-৫ মালিকদের বিরুদ্ধে প্রয়োগ না করে আজ যারা ন্যায়সঙ্গত টাকা দাবি করছে তাদের বিরুদ্ধে ডি. আই. আর প্রয়াগ করছেন কেন? যেখানে প্রভিসান রয়েছে মালিকদের বিরুদ্ধে প্রয়োগ করা সেখানে ওয়ান কাস অফ পারসন তারা হেটরেড এবং এজিটেড তৈরী করা সত্বেও এবং তাদের বিরুদ্ধে একসান নেবার যথেষ্ট ক্ষমতা আপনাদের হাতে থাকলেও তা না করে যারা ন্যায্য ডিমাণ্ড করছে তাদের বিরুদ্ধে প্রয়োগ করা হচ্ছে কেন?

Shri Bijoy Singh Nahar:

আমি পূর্বেই বলেছি, কাকে ধরা হয়েছে জানি না।

Employees' State Insurance Scheme

***51.** (Admitted question No. *29.)

Shri Sanat Kumar Raha:

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

ক) পশ্চিমবঙ্গে কর্মচারী রাজ্যবীমা পরিকল্পনায় ঔষধ বিলির জন্য কতগুলি ডিসপেন্সারী নিযুক্ত হইয়াছে;

(খ) এই পরিকল্পনার মধ্যে কোন হাসপাতাল আছে কিনা ;

(গ) থাকিলে কয়টি ; এবং

(ঘ) গত ১৯৬৪-৬৫-তে সরকারকে এই পরিকল্পনার জন্য কত ব্যয় করিতে হইয়াছে ?

1-50—2 p.m.]

Shri Bijoy Singh Nahar:

(ক) ২৮৪টি।

(খ) হ্যাঁ।

(গ) বর্তমানে ৪টি।

(ঘ) রাজ্যবীমা পরিকল্পনায় বীমাভুক্ত কর্মচারীদের চিকিৎসার ব্যবস্থা করা রাজ্যসরকার ও কর্পোরেশনের যৌথদায়িত্ব।

চিকিৎসা খাতে ১৯৬৪-৬৫ সালে রাজ্যবীমা কর্পোরেশনের সহিত যৌথভাবে মোট ২,০১,২৯,৯০০ টাকা ৯১ পয়সা ব্যয় করা হইয়াছে।

Shri Sanat Kumar Raha:

২৮৪টি ডিসপেনসারী কোন এলাকায় বেশীর ভাগ আছে ? কলকাতার মধ্যে বেশী, না বাইরে বেশী ?

Shri Bijoy Singh Nahar:

ডিসপেনসারী নয়, ঔষধের দোকান। এই ২৮৪টির মধ্যে বেশীর ভাগ শুধু ২৪ পরগণার মধ্যে আছে।

Shri Sanat Kumar Raha:

শুধু ২৪ পরগনা কে, কি কেন্দ্র করে এটা করা হয়েছে ?

Shri Bijoy Singh Nahar:

না, না। কলকাতায় ৬২টি আছে। হাওড়ায় ৬৫টি। ২৪ পরগনায় ১২৯টি, হুগলীতে ২৮টি, মোট ২৮৪টি।

Shri Sanat Kumar Raha:

এই সব দোকান থেকে ঔষধ নিয়ে ব্ল্যাক মার্কেট হওয়ার ফলে কর্মচারীদের অত্যন্ত অসুবিধায় পড়তে হয়, এই অভিযোগ আপনি পেয়েছেন কি ?

Shri Bijoy Singh Nahar:

এ অভিযোগ আমি পাইনি। এখানকার ঔষধ ব্ল্যাক মার্কেট, কোথায় যায়, মাননীয় সদস্য যদি খবর দেন, নিশ্চয় আমি তা তদন্ত করে দেখবো।

Shri Anadi Das:

এই সমস্ত ডিসপেনসারী থেকে, ডাক্তারের পার্চি নিয়ে রোগীরা ঔষধ আনতে যায়, প্রায়ই ঔষধ পায় না। ৭, ৮, ১০টা দোকান ঘুরে, তবে ঔষধ পাওয়া যায়। এতে ওয়ার্কারদের ক্ষতি হয়, এ খবর আপনি রাখেন কিনা ?

Shri Bijoy Singh Nahar:

কয়েকটা খবর পেয়েছি যে বাজারে অনেক জায়গায় ঔষধ পাওয়া যায় না। কিন্তু বাকী দোকানের ও এই রকম অবস্থা নয়। একটা দোকানে পেলেন না বলে, যে, আর একটা অন্য দোকানে পাবে না, এমনত কোন কথা নেই।

Shri Anadi Das:

আপনি কি এ খবর রাখেন যে অনেক সময় দোকানের মালিক বলেন যে আমরা স্টেট ইনসিওরেন্স এর তরফ থেকে ঔষধের দাম সময় মত পাই না, সেইজন্য ঔষধ সময় মত সকলকে সরবরাহ করতে পারি না।

Shri Bijoy Singh Nahar:

এটা গোড়ায় গত বছর হয়েছিল। বিল দিতে দেরী হয়েছিল। অনেক দিন হল, তার সুব্যবস্থা হয়ে গিয়েছে।

Shri Monoranjan Roy :

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে ইদানিং সালফার জাতীয় সমস্ত রকম ঔষধ সাধারণ ভাবে বিক্রয় করা বন্ধ করে দেওয়া হয়েছে। এই দোকানগুলিতে এখন সালফার জাতীয় কোন ঔষধ পাওয়া যাচ্ছে না। মাননীয় মন্ত্রিমহাশয় কি পরিষ্কার করে বলবেন এই সব সালফার জাতীয় ঔষধ না পাওয়ার কারণ কি ?

Shri Bijoy Singh Nahar:

নোটিশ না দিলে বলতে পারবো না।

Mr. Speaker: Question No. *52 will appear on the next rotational day as the Hon'ble Jagannath Kolay is not here today and it will be difficult for other Ministers to answer the supplementaries.

Employees' State Insurance Scheme in 24-Parganas district

***53.** (Admitted question No. *403.)

Shri Tarun Kumar Sen Gupta:

শ্রম বিভাগের মাননীয় মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার বিভিন্ন থানার মোট শ্রমিক ও কর্মচারীর শতকরা কত অংশ বর্তমানে ষ্টেট ইনসুওরেন্স স্কীম-এর মধ্যে অন্তর্ভুক্ত ; এবং

(খ) উক্ত বিভিন্ন থানায় উক্ত স্কীম-এর অন্তর্ভুক্ত শ্রমিক ও কর্মচারীদের বিভিন্ন ধরণের রোগের সুচিকিৎসার জন্য কি কি ব্যবস্থা স্থাপন করা হইয়াছে ?

Shri Bijoy Singh Nahar:

(ক) শ্রমিকদের থানাওয়ারী কোন পরিসংখ্যান রাখা হয় না। ২৪ পরগনা জেলার মোট শ্রমিক ও কর্মচারীর শতকরা ৭৩ জন বাধ্যবীমা পরিকল্পনার অন্তর্ভুক্ত।

(খ) সাধারণ রোগের চিকিৎসার জন্য ও বিনা ব্যয়ে ঔষধ সরবরাহের জন্য ৮৬৫ জন ডাক্তার ও ১২৯টি বেসরকারী ঔষধ দোকান নির্বাচিত হইয়াছে। এই সব ডাক্তার নারী শ্রমিকদের প্রসূতি চিকিৎসা নিজেদের তত্ত্বাবধানে করিবার ব্যবস্থাও করেন। জটিল রোগে বিশেষজ্ঞের পরামর্শ দানের জন্য ৭৭টি বিশেষজ্ঞ কেন্দ্রও খোলা হইয়াছে।

হাসপাতালে চিকিৎসার সুযোগ দানের জন্য কামারহাটী ও শিয়ালদহ রাজ্যবীমা হাসপাতালের ২০০টি শয্যা সহ মোট ২৮১টি শয্যার ব্যবস্থা করা হইয়াছে।

যক্ষ্মা রোগের চিকিৎসার জন্য সরকারী ও বেসরকারী যক্ষ্মা হাসপাতালে ৭০টি শয্যা সংরক্ষিত আছে।

ইহা ছাড়া রাজ্যবীমা পরিকল্পনার সরকারের নিজস্ব কোন চিকিৎসার ব্যবস্থা নাই এইরূপ রোগের চিকিৎসার ব্যবস্থা বীমাভুক্ত কর্মচারী নিজে অন্য সরকারী বা বেসরকারী হাসপাতালে করিয়া থাকেন। এই চিকিৎসার সম্পূর্ণ ব্যয় রাজ্য সরকার এবং কর্মচারী রাজ্য বীমা কর্পোরেশন বহন করেন। প্রয়োজন হইলে বিনা ব্যয়ে এ্যাম্বুলেন্সের সাহায্যে হাসপাতালে স্থানান্তরিত করার ব্যবস্থাও করা হইয়াছে।

Mr. Speaker: Question No. *54 is held over till the next rotational day.

Labour troubles in India Jute Co., Ltd.

***55.** (Admitted question No. *472.) **Shri PANCHU GOPAL BHADURI :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware of any labour troubles recently in the cotton section of India Jute Co., Ltd.; and

(b) if so, the nature of the trouble and whether the Government has taken any action in this respect?

Shri Bijoy Singh Nahar: (a) Yes.

(b) Disputes were raised regarding introduction of piece rate system in the Winding Department, refusal of production Bonus to warpers and fixation of "Barber Winding Section".

Conciliation reports in these matters have been received by the Government and are under consideration.

Shri Panchu Gopal Bhaduri:

কয়েকটা ডিপার্টমেণ্টে ব্যাপকভাবে ছাঁটাই চলেছে, এবং যাঁরা পার্মানেণ্ট ওয়ার্কার নয়, তাদের কোন রকম কারণ না দেখিয়ে বসিয়ে দেওয়া হচ্ছে। এই রকম কোন রিপোর্ট পেয়েছেন কি?

Shri Bijoy Singh Nahar:

এরকমত বর্তমানে কোন রিপোর্ট পাইনি।

Shri Panchu Gopal Bhaduri:

পাঁচশো শ্রমিককে মিল থেকে বের করে দেওয়া হয়েছে, এরকম খবর আপনার কাছে আছে কি?

Shri Bijoy Singh Nahar:

বর্তমানে আমার কাছে ঐ রকম কোন খবর নেই।

Shri Panchu Gopal Bhaduri:

এই মিলে যে সমস্ত অন্যায় চলে সেই সম্পর্কে খুব তাড়াতাড়ি লেবার ডিপার্টমেণ্ট থেকে এনকোয়ারী করার কোন কিছু ব্যবস্থা আপনি কি করতে পারেন?

Shri Bijoy Singh Nahar:

এখানে দেখতে পাচ্ছি এটার এনকোয়ারী খুব তাড়াতাড়ি হয়েছে।

Nursing Homes

***56.** (*Admitted question No. *83.*)

Shri Ananga Mohan Das:

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে সরকারী পরিচালনে বা সরকারের মঞ্জুরী প্রাপ্ত কয়টি নার্সিং হোম রহিয়াছে; এবং

(খ) কি কি শর্তে ঐগুলিকে মঞ্জুরী দেওয়া হয়?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) এই রাজ্যে সরকারী পরিচালনায় কোন 'নার্সিং হোম' নাই।

সরকারী মঞ্জুরী প্রাপ্ত ১২৩টি নার্সিং হোম আছে।

(খ) লাইসেন্সের ব্যাপারে পশ্চিমবঙ্গ ক্লিনিক্যাল এষ্টাবলিশমেণ্ট (১৯৫১) নিয়মাবলীর ১১নং নিয়মে বর্ণিত শর্ত অনুযায়ী নার্সিং হোম গুলিকে মঞ্জুরী দেওয়া হয়। উক্ত নিয়মের একটি অনুলিপি লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Extract from Notification No. Medl/621/PH/2R-72/50, dated 11th February, 1952, regarding "West Bengal Clinical Establishments Act, 1950 (West Bengal Act LVI of 1950), Rules".

11. No license for a clinical establishment shall be granted unless the licensing authority is satisfied that the applicant and the clinical establishment fulfil the following conditions:—

For Nursing and Maternity Homes.

(i) The floor space provided for each patient is not ordinarily less than 120 square feet in a cubicle or 150 square feet in a room or 80 square feet in a ward accommodating not less than 4 patients.

(ii) Proper ventilation, lighting and water supply are provided for.

(iii) Electric fans where electricity is available are provided for or other means of cooling are adopted.

(iv) Sufficient number of water closets, bathrooms and lavatories are provided.

(v) Adequate number of bed-pans and slop sinks with flushing arrangements are provided.

(vi) Floors and other parts of the rooms are kept clean and in proper repairs.

(vii) Properly equipped operation theatre or labour room of adequate size is provided for.

(viii) The rooms and the buildings are whitewashed every year.

(ix) Adequate and wholesome diet is given to the patient and cleanliness is maintained in preparation of diet and its service to the patients.

(x) Proper arrangements for attending the patients and answering their calls are made.

(xi) No persons other than those who are directly connected with the running of the establishment or who are members of their families shall be allowed to reside in the premises except with the special permission of the authorities of the establishment and under special circumstances. The authorities of the establishment shall be responsible for the actions of any person whom they grant such special permission.

(xii) No person is allowed to sleep on the floor where the patient are accommodated.

(xiii) In case of a maternity home arrangements are made for immediate and proper attendance and treatment of patient by a registered medical practitioner, if any sudden and urgent necessity arises at all times of the day and night.

Shri Ananga Mohan Das:

কোলকাতা শহরে এই যে বহু নার্সিং হোম হয়েছে নিশ্চয়ই সবগুলি মঞ্জুরী নেয়নি। তাঁরা যাতে মঞ্জুরী নেন তার জন্য আইনের মধ্যে তাঁদের আনাবার কোন ব্যবস্থা আপনাদের আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

ক্লিনিক্যাল এসটাবলিসমেণ্ট এ্যাক্ট অনুযায়ী এই সমস্ত নার্সিং হোম চালাবার জন্য আমাদের কাছে দরখাস্ত করতে হয় এবং তারপর কতগুলি সর্ত যা আছে তা ফুলফিল করলে আমরা মঞ্জুরী দিই। বাদবাকী কেউ কোন বে-আইনী কাজ করলে পুলিশ ডিপার্টমেণ্ট এর মারফত তা ধরা হয়।

Shri Ananga Mohan Das:

আমার কথা হচ্ছে যাঁরা নার্সিং হোম করছেন তাঁরা নিশ্চয়ই আপনাদের কাছে দরখাস্ত করেছেন, আর নিয়মমত যাঁরা করেন না তাঁদের সেখানে শিক্ষণ প্রাপ্ত কোন ডাক্তার নাই বা শিক্ষিতা নার্স ও নেই, কাজেই তাঁরা আপনাদের কাছে আসেন না। এখন গভর্নমেণ্ট জনসাধারণের স্বার্থের জন্য এই সমস্ত নার্সিং হোমকে কণ্ট্রোল করবার জন্য আইনের আওতায় আনার ব্যবস্থা করবেন কি?

Shrimati Purabi Mukhopadhyay:

কোলকাতা শহরে ৮৭টি নার্সিং হোম আমাদের নিয়মাবলী অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত আছে। এঁদের ইনস্পেকসন করবার ব্যবস্থা আছে ইনস্পেকসন না করে কাউকে লাইসেন্স দেওয়া হয় না। অন্যগুলোর সম্বন্ধে কি করা যায় তা পুলিশ ডিপার্টমেণ্ট-এর সঙ্গে পরামর্শ করে পন্থা ঠিক করা যাবে।

Blood Banks

***57.** (Admitted question No. *292.)

Shri Sanat Kumar Raha:

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় এ পর্যন্ত কয়টি ব্লাড ব্যাঙ্ক খোলা হইয়াছে এবং কাজ করিতেছে?

Shrimati Purabi Mukhopadhyay:

পশ্চিমবঙ্গে এ পর্যন্ত নিম্নলিখিত ব্লাড ব্যাঙ্কগুলি খোলা হইয়াছে এবং কাজ করিতেছে:—

কলিকাতা অঞ্চল:

১। কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্ক—মেডিক্যাল কলেজ হাসপাতাল।
২। ব্লাড ব্যাঙ্ক—এস. এস. কে. এম. হাসপাতাল।
৩। যাদবপুর ব্লাড ব্যাঙ্ক—কে. এস. রায় যক্ষ্মা হাসপাতাল।

কলিকাতার বাহিরে:

৪। বিজয়চাঁদ হাসপাতাল, বর্ধমান।
৫। বাঁকুড়া জিলা হাসপাতাল।
৬। স্যার জে. এন. রায় হাসপাতাল, বহরমপুর।
৭। মেদিনীপুর জিলা হাসপাতাল।
৮। মালদহ জিলা হাসপাতাল।
৯। কুচবিহার এম. জে. এন. হাসপাতাল।
১০। জলপাইগুড়ি জেনারেল হাসপাতাল।
১১। দার্জিলিং ভিক্টোরিয়া হাসপাতাল।
১২। হুগলী জিলা হাসপাতাল, চুঁচুড়া।
১৩। নদীয়া জিলা হাসপাতাল, কৃষ্ণনগর।
১৪। কাঁচড়াপাড়া যক্ষ্মা হাসপাতাল।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ব্লাড ব্যাঙ্কে যে পরিমাণ স্টাফ থাকা দরকার সব জায়গাতে তা আছে?

Shrimati Purabi Mukhopadhyay:

না, সব জায়গাতে খুব ভালভাবে নাই।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Fishing in chaltia-Mazdia Beel, Berhampore

39. (Admitted question No. 16.)

Shri Sanat Kumar Raha:

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বহরমপুর থানার ভাকুড়ীর মৎস্যজীবী সম্প্রদায়ের লোকদিগকে এ বৎসর চালতিয়া-মাজদিয়া বিল হইতে মাছ ধরতে দেওয়া হইতেছে না;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) উক্ত বিল ভাকুড়ী মৎস্যজীবী সমবায়কে দিবার কোন প্রস্তাব আছে কি না?

The Minister for Fisheries:

(ক) হ্যাঁ।

(খ) পূর্বের বন্দোবস্ত শেষ হওয়ার প্রাককালে চালতিয়া-মাজদিয়া বিলের জন্য বাংলা ১৩৭২ সাল হইতে নূতন বন্দোবস্তের টেণ্ডার আহ্বান করা হয় এবং দুইটি টেণ্ডার পাওয়া যায়। একটিতে ভাকুড়ী মৎস্যজীবী সমবায় সমিতি ৩,০৭৫ টাকা এবং অন্যটিতে আন্দিরন মৎস্যজীবী সমবায় সমিতি ৫,০২৫ টাকা ঐ জলকর বাবদ দিবার প্রস্তব করেন। আন্দিরন সমবায় সমিতির প্রস্তাবটিতে যেহেতু অধিক অর্থ দিবার প্রস্তাব ছিল, সেইহেতু ঐ মৎস্যজীবী সমবায় সমিতিকে বাংলা ১৩৭২ সাল হইতে পাঁচ বৎসরের জন্য উক্ত বিলটির মেয়াদী বন্দোবস্ত দেওয়া হয়।

(গ) নাই।

Primary vaccination in Midnapore district

40. (Admitted question No. 56.)

Shri Ananga Mohan Das:

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলায় মোট কতজনকে প্রাথমিক টীকা দেওয়া হইয়াছে;

(খ) উহাদের মধ্যে কতজনের বয়স (১) ১ বৎসর হইতে ৫ বৎসরের মধ্যে, (২) ৫ বৎসর হইতে ১০ বৎসরের মধ্যে, (৩) ১০ বৎসর হইতে ১৫ বৎসরের মধ্যে, এবং (৪) ১৫ বৎসর হইতে ২০ বৎসরের মধ্যে; এবং

(গ) গত বৎসর যাহাদের বয়স ১ বৎসরের কম ছিল তাহাদের কবে টীকা দেওয়া হইবে?

The Minister for Health:

(ক) ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলায় মোট ৩,৯৮,৩১৮ জনকে প্রাথমিক টীকা দেওয়া হইয়াছে।

(খ) হিসাবের বিবরণ নীচে দেওয়া হইল:

	বয়স		সংখ্যা
(১)	০—৫ বৎসর মধ্যে		২,৪৭,৩৪৭ জন
(২)	৫—১০ " "		১,৪৬,২০৫ "
(৩)	১০—১৫ " "		৪,২৫৬ "
(৪)	১৫—২০ " "		৫১০ "
		মোট ..	৩,৯৮,৩১৮ "

(গ) বঙ্গীয় টীকা দান আইন অনুসারে শিশুর জন্মের ৬ মাসের মধ্যে বাধ্যতামূলক টীকা দিবার বিধান আছে। (খ) প্রশ্নের (১) নং ধারায় বর্ণিত ২,৪৭,৩৪৭ জনের মধ্যে বহু শিশুর বয়স ১ বৎসরের নিম্নে। ১ বৎসরের নিম্ন বয়স্ক শিশু সমেত কতজনকে টীকা দেওয়া হয় নাই তাহার হিসাব জানা নাই। আশা করা যাইতেছে যে জনসংখ্যার শতকরা ১০০ জনকেই টীকা দেওয়ার পরিকল্পনা অনুসারে গত বৎসরে যাহাদের বয়স ১ বৎসরের কম ছিল এবং যাহারা পরে জন্ম গ্রহণ করিয়াছে সকলেরই টীকা দেওয়া ১৯৬৫ সালের ৩১এ মার্চের মধ্যে শেষ করা যাইবে।

Jute and cocoanut husk industries

41. (Admitted question No. 62.) **Shri Ananga Mohan Das:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাট এবং নারিকেল ছোবড়া হইতে কুটিরশিল্প হিসাবে বিভিন্নপ্রকার দ্রব্যাদি নির্মাণের ব্যবস্থা কোথায় কোথায় আছে;

(খ) সাধারণতঃ ঐগুলি হইতে কি দ্রব্য বর্তমানে প্রস্তুত হইতেছে; এবং

(গ) উক্ত শিল্প যাহাতে বৃদ্ধি হয়, তজ্জন্য সরকারের কিরূপ পরিকল্পনা আছে?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) পাট হইতে কুটিরশিল্প হিসাবে বিভিন্নপ্রকার দ্রব্যাদি নির্মাণের ব্যবস্থা নিম্নলিখিত স্থানে আছে—

(১) চব্বিশপরগনা জেলা,

(২) জলপাইগুড়ি জেলা,

(৩) কুচবিহার জেলা,

(৪) হুগলি জেলার শ্রীরামপুর,

(৫) মেদিনীপুর জেলার সদর।

নারিকেল ছোবড়া হইতে কুটিরশিল্প হিসাবে বিভিন্নপ্রকার দ্রব্যাদি নির্মাণের ব্যবস্থা নিম্নলিখিত স্থানে আছে—

চব্বিশপরগনা জেলা—বাক্‌রাহাট, জয়চণ্ডীপুর, পুজালী, সিরাকোল ও বাওয়ালী।

হাওড়া জেলা—লতিবপুর, বানীবন, জামবেড়িয়া, পাঁচলা, ধুলাগড়, বাউড়িয়া, রানীহাট ও ডোমজুড়।

(খ) পাট—পাটের গালিচা, আসন, সতরঞ্চি, বাজার করার থলে, মাদুর, কম্বল, সুতলী ও দড়ি।

নারিকেল ছোবড়া—গদি প্রভৃতিতে ব্যবহারের জন্য মোটা ও উৎকৃষ্ট ধরণের আঁশ, বিভিন্ন প্রকারের পাপোষ, নারিকেল দড়ি, বিড়ি, ইত্যাদি জ্বালাইবার জন্য 'বোলেন' দড়ি।

(গ) পাটশিল্পের শ্রীবৃদ্ধিকল্পে পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদের ট্রেনিং-কাম-ডিমনস্ট্রেশন পর্যায়ের পরিকল্পনাগুলি নিম্নলিখিত স্থানসমূহে রূপায়িত হইতেছে—

(১) চন্দননগর (হুগলি),

(২) কোতরঙ্গ (হুগলি),

(৩) মালদহ, এবং

(৪) ইসলামপুর (পশ্চিম দিনাজপুর)।

ইহা ছাড়া পশ্চিমবঙ্গের উপজাতি উন্নয়ন বিভাগ কর্তৃক এই শিল্পের উন্নতিকল্পে নিম্নলিখিত স্থানসমূহে ট্রেইনিং-কাম-প্রোডাকশন সেণ্টার হইয়াছে—

(১) কেন্দপুকুর (মালদহ),

(২) বালুরঘাট (পশ্চিম দিনাজপুর),

(৩) হাতিমারা (মালদহ), এবং

(৪) শ্রীখণ্ড (বর্ধমান)।

নারিকেল ছোবড়া শিল্পের শ্রীবৃদ্ধিকল্পে সরকার কর্তৃক হাওড়া ও চব্বিশপরগনা জেলায় চারিটি শিক্ষণ কেন্দ্র খোলা হইয়াছে। উক্ত শিক্ষণকেন্দ্রসমূহ হইতে শিক্ষালাভ করিয়া কর্মীরা ইতিমধ্যেই শিরাকোল (চব্বিশপরগনা), ধূলাগড় (হাওড়া), পাঁচলা (হাওড়া), বাউড়িয়া (হাওড়া)তে চারিটি সমবায় সমিতি গঠন করিয়াছেন। এ পর্যন্ত মোট ৮৬ জন শিক্ষার্থী এই শিক্ষণকেন্দ্রসমূহে শিক্ষালাভ করিয়াছেন। এইসকল সমবায় সমিতিগুলি যাহাতে উন্নত ধরণের জিনিস তৈয়ারী করিতে পারে তজ্জন্য সর্বপ্রকার আর্থিক ও কারিগরী সাহায্য ইহাদের দেওয়া হইয়া থাকে।

১৯৬৪-৬৫ সালের সরকারী সাহায্যে ২৫টি ছোবড়া সমবায় সমিতি বিভিন্নভাবে উপকৃত হইয়াছে।

Preventive measures taken by Government against chicken-pox and Measles in Midnapore district

42. (Admitted question No. 92.) **Shri Ananga Mohan Das:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় পানি বসন্ত এবং হামের সংক্রামতা নিবারণের জন্য বর্তমান বৎসরে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সরকারী হিসাব অনুযায়ী ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলায় কতজনের পানি বসন্ত হইয়াছিল এবং উক্ত রোগে আক্রান্ত হইয়া কতজনের মৃত্যু হইয়াছিল?

The Minister for Health:

(ক) পানি বসন্ত এবং হামের সংক্রামতা নিবারণের জন্য সরকার হইতে কোন বিশেষ ব্যবস্থা অবলম্বন করা হয় না। তবে কোন স্থানে উক্ত রোগের প্রাদুর্ভাব হইলে প্রচলিত বিধি অনুসারে জনস্বাস্থ্যমূলক সতর্কতা অবলম্বন করা হয় এবং আক্রান্ত রোগীদের চিকিৎসার ব্যবস্থা বিভিন্ন হাসপাতালে, স্বাস্থ্যকেন্দ্রে এবং গ্রাম্যমাণ চিকিৎসা সংস্থাসমূহে করা হয়।

(খ) গত ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলায় মোট ৩,১৬২ জন পানি বসন্তে আক্রান্ত হইয়াছিলেন। তন্মধ্যে কাহারও মৃত্যু হয় নাই।

Wells in Midnapore district

43. *(Admitted question No. 97.)* **Shri Ananga Mohan Das:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬২ হইতে ১৯৬৪ সাল পর্যন্ত মেদিনীপুর জেলায় পানীয় জলের জন্য কোন্ থানায় কয়টি কুয়া খনন করিবার জন্য মঞ্জুর করা হইয়াছিল;

(খ) ঐগুলির মধ্যে কতগুলির কোন্ সালে কাজ আরম্ভ হয় এবং কোন্ সালে উহার কাজ শেষ হয়;

(গ) যেগুলির কাজ আরম্ভ হয় নাই তাহাদের থানাওয়ারী সংখ্যা কত এবং কি কারণে উহাদের কাজ আরম্ভ হয় নাই, এবং

(ঘ) যেগুলি সম্পূর্ণ হইয়াছে সেগুলির খনন বাবদ কোন্ সালে কত টাকা ব্যয় হইয়াছে?

The Minister for Health:

(ক) ও (খ) ১৯৬২-৬৩ হইতে ১৯৬৩-৬৪ সালের মধ্যে মেদিনীপুর জেলায় পানীয় জলের জন্য কুয়া খননের নূতন কোন কাজ মঞ্জুর করা হয় নাই। তবে ঐ কয় বৎসর উক্ত জেলায় ১৯৬১-৬২ সালের মঞ্জুরীকৃত কুয়া খনের কাজগুলি চলিয়াছে এবং এ পর্যন্ত ১৪৩টি কুয়া খননের কাজ সম্পূর্ণ হইয়াছে। থানাওয়ারী হিসাব অবিলম্বে দেওয়া সম্ভব নয়।

(গ) ১৯৬৪-৬৫ সালে ১৫০টি নতুন কুয়া খননের একটি পরিকল্পনা গৃহীত হয় কিন্তু সময়মত উহাদের স্থান নির্বাচন না হওয়ায় এবং পরের বৎসর অর্থাৎ ১৯৬৫-৬৬ সালে নূতন পদ্ধতি অনুসারে সমস্ত পল্লী জল সরবরাহের কাজ জেলা ও আঞ্চলিক পরিষদের নিকট হস্তান্তরিত হওয়ায় উক্ত পরিকল্পনা বাতিল করিয়া দেওয়া হইয়াছে।

(ঘ) উক্ত ১৪৩টি কুয়া নিম্নলিখিত সালে সম্পূর্ণ হইয়াছে এবং উহাদের বাবদ নিম্নলিখিতরূপ ব্যয় হইয়াছে:—

সাল		সংখ্যা	টাকা
১৯৬২	.. ..	৩৫	৩৮,১৩৮
১৯৬৩	.. ..	৩৬	৩৭,৮৯৭
১৯৬৪	.. ..	৫৯	৭৬,৯৪৪
১৯৬৫ (সেপ্টেম্বর)	.. ..	১৩	১৫,১৭৭

Remission of the period for transportation for life

44. (Admitted question No. 107.) **Shri Mrigendra Bhattacharyya:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইংরাজ আমলে যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত (ট্রান্সপোর্টেশন ফর লাইফ) বন্দীদের "রাণী মার্কা" (ভিক্টোরিয়া রেমিশন) নামে ৬ বৎসর "মাপ" (রেমিশন) দেওয়া হইত কিনা;

(খ) এই "মাপ" (রেমিশন) কোন্ সময় হইতে কি কারণে প্রবর্তিত হয় এবং কতদিন ইহা চালু ছিল;

(গ) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে কোন্ জেলে কতজন যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত ব্যক্তিদের মুক্তির জন্য অ্যাডভাইসরি কমিটির মিটিং-এ উপস্থাপিত হয় এবং কতজনের মুক্তির সুপারিশ করেন; এবং

(ঘ) অ্যাডভাইসরি কমিটি মুক্তি দেওয়ার সুপারিশ করিয়াছেন অথচ সরকার বাতিল করিয়াছেন এরূপ বন্দীর সংখ্যা কত ?

The Minister for Home (Jails):

(ক) ও (খ) এই বিষয়ে কোন তথ্য স্বরাষ্ট্র (কারা) বিভাগে নাই।

(গ) ও (ঘ) এই বিষয়ে পূর্ণ তথ্য সম্বলিত একটি তালিকা নিম্নে প্রদত্ত হইল।

Statement referred to in reply to clauses (Ga) and (Gha) of unstarred question No. 44.

জেলের নাম।	বৎসর।	কতজন যাবজ্জীবন কারাদণ্ড প্রাপ্ত কয়েদীর অকাল-মুক্তির বিষয় বিবেচনার জন্য এডভাইসরি বোর্ডের মিটিং-এ পেশ করা হইয়াছিল।	এডভাইসরি বোর্ড কর্তৃক অকালমুক্তির জন্য অনুমোদিত যাবজ্জীবন কারাদণ্ড প্রাপ্ত কয়েদীদের সংখ্যা।	কতগুলি ক্ষেত্রে এডভাইসরি বোর্ডের অনুমোদন সরকার নাকচ করিয়াছেন।
মেদিনীপুর কেন্দ্রীয় কারা ..	১৯৬২-৬৩ ..	১১	৬	১
	১৯৬৩-৬৪ ..	৫	১	১
	১৯৬৪-৬৫ ..	৭	৩	২
আলিপুর কেন্দ্রীয় কারা ..	১৯৬২-৬৩ ..	৩৫	৭	৩
	১৯৬৩-৬৪ ..	৩৭	৭	৪
	১৯৬৪-৬৫ ..	এডভাইসরি বোর্ডের কোন মিটিং হয় নাই।		
বহরমপুর কেন্দ্রীয় কারা ..	১৯৬২-৬৩ ..	১১	৩	১
	১৯৬৩-৬৪ ..	..	..	
	১৯৬৪-৬৫ ..	১২	৫	১
প্রেসিডেন্সী জেল	১৯৬২-৬৩ ..	১	১	..
	১৯৬৩-৬৪ ..	..	..	..
	১৯৬৪-৬৫ ..	..	..	..
বন্ধু কেন্দ্রীয় কারা	১৯৬২-৬৩ ..	..	..	.
	১৯৬৩-৬৪ ..	৩	১	..
	১৯৬৪-৬৫ ..	..	..	..

Horse racing in Calcutta

45. (Admitted question No. 133.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার মাঠে "ঘোড়দৌড়" পরিচালনা করেন কে বা কাহারা;

(খ) এজন্য সরকারের "লাইসেন্স" নেওয়া বাধ্যতামূলক কিনা;

(গ) ঘোড়দৌড়ের আয়ব্যয়ের হিসাব সরকারের নিকট দাখিল করা হয় কিনা; এবং

(ঘ) গত পাঁচ বৎসরের প্রতি বৎসর এই ঘোড়দৌড় হইতে সরকারের কত আয় হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) দি রয়াল ক্যালকাটা টার্ফ ক্লাব, কলিকাতা, মাঠের ঘোড়দৌড় পরিচালনা করেন।

(খ) ঘোড়দৌড়ের জন্য কোন "লাইসেন্স" প্রয়োজন হয় না।

(গ) না।

(ঘ) একটি বিবরণী প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 45.

বিবরণী

	বৎসর				পণ-কর বাবদ	প্রমোদ-কর বাবদ
					টাকা	টাকা
১।	১৯৬০-৬১	..	..	.. ..	৭৪,২১,০৮৩	৪,২৬,৩৯০
২।	১৯৬১-৬২	..	..	.. ..	৮৬,২৯,৩৯৭	৪,০৩,৩৫৬
৩।	১৯৬২-৬৩	..	..	.. ..	৯০,৫৪,৪৩৮	৪,৩৭,৪২৬
৪	১৯৬৩-৬৪	..	..	.. ..	৯৩,২৭,৭২০	৪,২৮,৩২৯
৫।	১৯৬৪-৬৫	..	..	.. ..	১,০৬,৪০,৮৮৬	৫,১১,৮৬১

Forest area of Midnapore district

46. (Admitted question No. 140.)

শ্রীমৃগেন্দ্র ভট্টাচার্য: বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার বনাঞ্চলকে কয়টি সেকসনে ভাগ করা হইয়াছে, তাদের নাম এবং এলাকার পরিমাণ কত; এবং

(খ) ১৯৪৮-৪৯, ১৯৫৪-৫৫ এবং ১৯৬৩-৬৪ সালে মেদিনীপুর জেলার কোন্ সেকসনে কি পরিমাণ শাল জঙ্গল ছিল?

The Minister for Forests:

(ক) বন বিভাগে 'সেকসন' বলে কোন কথা ব্যবহার করা হয় না। তবে মেদিনীপুর জেলার বনাঞ্চলকে দুইটি ডিভিসনে (বন ভুক্তি) বিভক্ত করা হয়েছে। তাদের নাম পূর্ব মেদিনীপুর বন ভুক্তি ও পশ্চিম মেদিনীপুর বন ভুক্তি। তাদের এলাকার পরিমাণ নিম্নে দেওয়া হোলো:

পূর্ব মেদিনীপুর বন ভুক্তি—৭৮,০৫৯.৫৮ হেক্টার।

পশ্চিম মেদিনীপুর বন ভুক্তি—৯১,৫৯৫.৭৪ হেক্টার।

(খ) ১৯৪৮-৪৯ সালে মেদিনীপুর জেলার কোন জঙ্গলই সরকারের হাতে ছিল না। তখন বেসরকারী শাল জঙ্গলের পরিমাণ ঠিক কত ছিল তাহা আমাদের জানা নেই। শাল জঙ্গল সরকারের কাছে আসতে থাকে এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট, ১৯৫৩, জারী হওয়ার পর থেকে। ১৯৫৪-৫৫ সালে পূর্ব মেদিনীপর বন ভুক্তিতে সরকারের হাতে শাল জঙ্গলের পরিমাণ ছিল ১২২.৬২ হেক্টার এবং ১৯৬৩-৬৪ সালে ছিল ৭৩.২৬৬.৩৯ হেক্টার। পশ্চিম মেদিনীপুর বন ভুক্তিতে ১৯৫৪-৫৫ সালে শাল জঙ্গলের পরিমাণ ছিল ৬০,৯৯৭.৭৯ হেক্টার এবং ১৯৬৩-৬৪ সালে তা একই আছে।

Land for construction of the Ghatal Hospital, Midnapore

47. (Admitted question No. 145.) **Shri Mrigendra Bhattacharyya:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল হাসপাতাল নির্মাণের জন্য কত পরিমাণ জমি সংগ্রহ করার সিদ্ধান্ত হইয়াছে;

(খ) ৩১এ আগষ্ট, ১৯৬৫ পর্যন্ত কি পরিমাণ জমি পাওয়া গিয়াছে;

(গ) বাকী জমির জন্য কি ব্যবস্থা নেওয়া হইয়াছে; এবং

(ঘ) বর্তমানে ঘাটাল হাসপাতালের বেড সংখ্যা কত এবং কয়জন ডাক্তার, কম্পাউণ্ডার এবং নার্স আছেন?

The Minister for Health:

(ক) ২২.৯১৫ একর।

(খ) কোন জমি পাওয়া যায় নাই।

(গ) নির্দিষ্ট জমি 'রিকুইজিশন' করিতে মেদিনীপুরের ভূমি সমাহর্তাকে নির্দেশ দেওয়া হইয়াছে।

(ঘ) শয্যা সংখ্যা ১১টি। বর্তমানে ২ জন ডাক্তার, ২ জন ফার্মাসিষ্ট এবং ৫ জন নার্স আছেন।

Women Police

48. (Admitted question No. 153.) **Shri Mrigendra Bhattacharyya:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মহিলা পুলিশদের থাকার পৃথক ব্যারাক আছে কিনা;

(খ) ইহাদের দৈনিক কত ঘণ্টা ডিউটি দিতে হয়, দিনে কত ঘণ্টা এবং রাত্রিতে কত ঘণ্টা;

(গ) যে যে মহিলার বাড়ীতে থেকে ডিউটি করা সম্ভব তাঁদের বাড়ীতে থাকতে দেওয়া হয় কিনা;

(ঘ) পুলিস মহিলাগণ বিবাহ করিতে পারে কিনা এবং সন্তানবতী হওয়ার পূর্বে ও পরে কতদিন বেতনসহ ছুটি দেওয়া হয়; এবং

(ঙ) মহিলা পুলিসদের কি কি অস্ত্রচালনা (আর্মস ট্রেনিং) শিক্ষা দেওয়া হয়?

The Minister for Home (Police):

(ক) না।

(খ) সাধারণতঃ দিন ও রাত্রি মিলাইয়া মোট আট ঘণ্টা। বিশেষ প্রয়োজন না হইলে ইহাদিগকে অধিক রাত্রি পর্যন্ত ডিউটী দিতে হয় না।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ; সন্তানবতী হওয়ার পূর্বে ও পরে অন্যান্য সরকারী মহিলা কর্মচারীর ন্যায় বেতনসহ ছুটি দেওয়া হয়।

(ঙ) সাধারণতঃ মহিলা পুলিসদের রিভলভার চালনা শিক্ষা দেওয়া হয়।

Arrest of Rice-Mill owners

49. (Admitted question No. 182.) **Shri Sudhir Chandra Das:**

স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালে এ পর্যন্ত লেভির চাউল হিসাব অনুযায়ী পাওয়া যায়নি—এই অভিযোগে কোন্ কোন্ জেলার কতজন চাউল কলের মালিককে গ্রেপ্তার করা হইয়াছে;

(খ) চাউল পাচারের অভিযোগে ১৯৬৫ সালে এ পর্যন্ত কোন্ কোন্ জেলার কতজন চাউল কলের মালিক গ্রেপ্তার হইয়াছেন এবং কতজন দণ্ডিত হইয়াছেন;

(গ) চাউল পাচারের অভিযোগে কোন্ কোন্ জেলার কতজন মজুতদার চলতি বৎসরে এ পর্যন্ত গ্রেপ্তার হইয়াছেন; এবং

(ঘ) চলতি বৎসরে এ পর্যন্ত মজুতদারের বিরুদ্ধে চাউল পাচারের অভিযোগে কোন্ কোন্ জেলায় কতগুলি মামলা চলিতেছে?

The Minister for Home (Police):

(ক) ১৫ই অক্টোবর, ১৯৬৫ তারিখ পর্যন্ত কোচবিহার জেলার ১ জন চাউল কলের মালিককে গ্রেপ্তার করা হইয়াছে।

(খ) উপরোক্ত তারিখ পর্যন্ত মোট ১৬ জন—

বীরভূম—৬।

হুগলী—১।

২৪-পরগনা—৮।

জলপাইগুড়ি—১।

এ পর্যন্ত কেহই দণ্ডিত হন নাই।

(গ) এবং (ঘ) উপরোক্ত তারিখ পর্যন্ত প্রয়োজনীয় তথ্য সম্বলিত একটি বিবরণী যুক্ত হইল

Statement referred to in reply to clauses (Ga) and (Gha) of unstarred question No. 49.

বিবরণী

জেলার নাম	(খ) মামলার সংখ্যা	(গ) গ্রেপ্তারের সংখ্যা
১। বাঁকড়া	৪৫	২৮০
২। বীরভূম	৭৫	২৭৩
৩। বর্ধমান	৪৮	১৫৭
৪। হাওড়া	২০	৩৪
৫। হুগলী	৯৫৯	২,১৭১
৬। মেদিনীপুর	১৩০	২৮২
৭। পুরুলিয়া	১৮১	৫৫৬
৮। ২৪-পরগনা	৪৭৪	৬৮৪
৯। মুর্শিদাবাদ	২৬	৮০
১০। নদীয়া	৬৯	১৪৩
১১। পশ্চিম দিনাজপুর	১০	৩৩
১২। জলপাইগুড়ি	৫০	৮৩
১৩। মালদহ	৬	২২
১৪। দার্জিলিং	১৩	৩৮
১৫। কুচবিহার	২০	২৮
মোট ..	২,১২৬	৪,৮৬৪

Cottage Industry Development Scheme for Chatal subdivision

50. (Admitted question No. 192.) **Shri Mrigendra Bhattacharyya:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্পবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল মহকুমায় তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় কুটিরশিল্প উন্নয়নের জন্য কি কি পরিকল্পনা ছিল, এবং

(খ) এ পর্যন্ত কতটা কার্যকরী করা হইয়াছে?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) ও (খ) তৃতীয় পরিকল্পনাকালে ঘাটাল মহকুমায় কুটিরশিল্প উন্নয়নের জন্য যেসকল কাজ করা হইয়াছে, তাহার একটি তালিকা উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 50.

(১) নিম্নলিখিত হস্তশিল্প সমবায় সমিতিগুলিকে বিভিন্ন প্রকার সাহায্য দেওয়া হইয়াছে :—

(ক) বাসুলিয়া শ্রীনগর বেত ও বাঁশ সমবায় সমিতি।

(খ) চন্দ্রকোণা কল্যাণশ্রী মহিলা শিল্প সমবায় সমিতি।

(গ) চন্দ্রকোণা বেত ও বাঁশ শিল্প সমবায় সমিতি।

(২) নিম্নলিখিত সমবায় সমিতিগুলিকে ম্যানেজার নিযুক্ত করার জন্য অর্থসাহায্য করা হইয়াছে :—

(ক) খরার ধাতু ও কাঁসা নির্মাণকারী সমবায় সমিতি।

(খ) রঘুনাথবারি সীবনশিল্প সমবায় সমিতি।

(গ) শ্রীবার শাঁখাশিল্প সমবায় সমিতি।

(ঘ) আজুরিয়া পিতল বাসন সমবায় সমিতি।

(৩) নিম্নলিখিত শিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র স্থাপিত হইয়াছে—

(ক) তাঁত বয়ন শিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র—চন্দ্রকোণা ব্লক ১।

(খ) সেলাই শিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র—চন্দ্রকোণা ব্লক ২।

(গ) কামারশালা শিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র—চন্দ্রকোণা ব্লক ২।

(ঘ) টালি শিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র—ঘাটাল ব্লক।

(ঙ) কাঠের কাজ শিক্ষণ তথা উৎপাদন কেন্দ্র—চন্দ্রকোণা ব্লক ১।

(৪) হস্তচালিত তাঁতশিল্পের জন্য নিখিল ভারত হস্তশিল্প বোর্ডের পরিকল্পনা অনুসারে ঘাটাল মহকুমায় সমবায়ী তাঁতীদিগকে নানাবিধ সাহায্য দেওয়া হইতেছে।

(৫) বঙ্গীয় শিল্প ঋণ আইন অনুসারে ক্ষুদ্র শিল্পীদিগকে কম সুদে শিল্প ঋণ দেওয়া হইতেছে।

(৬) খাদি ও গ্রামোদ্যোগ পর্ষতের পরিকল্পনা অনুযায়ী খাদি ও গ্রামীণ শিল্পসমবায় সমিতি ও অনুমোদিত সংস্থাগুলিকে নানাবিধ সাহায্য দেওয়া হইতেছে।

Establishment of a Health Centre in Sekendary in Daspur police-station, Midnapore

51. (Admitted question No. 194.) **Shri Mrigendra Bhattacharyya:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার দাশপুর থানার অন্তর্গত ৪নং নন্দনপুর অঞ্চলের অধীন "সেকেণ্ডারী স্বাস্থ্যকেন্দ্র" নির্মাণ না হওয়ার কারণ কি;

(খ) কতদিনে উহা হওয়ার আশা করা যাইতে পারে, এবং

(গ) এই থানার (১) নিশ্চিন্দপুর স্বাস্থ্যকেন্দ্র, (২) মোকরামপুর স্বাস্থ্যকেন্দ্র চালু কত দিনে হইবে?

The Minister for Health:

(ক) ও (খ) স্বাস্থ্যকেন্দ্র স্থাপন সংক্রান্ত পরিকল্পনা অনুসারে প্রতিটি উন্নয়ন এলাকায় একটি প্রাথমিক ও দুইটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইবে। দাশপুর ১নং উন্নয়ন এলাকার (যাহার মধ্যে নন্দনপুর অঞ্চল অবস্থিত) দাশপুর একটি ২০ শয্যা বিশিষ্ট প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং নাড়াজোল এবং মোকরামপুরে দুইটি উপস্বাস্থ্যকেন্দ্র চালু আছে। সুতরাং বর্তমানে সেকেণ্ডারীতে উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপন সম্ভব নয় এবং কবে উহা হইতে পারে তাহা বলা সম্ভব নয়।

(গ) (১) শীঘ্রই নিশ্চিন্দপুর উপস্বাস্থ্যকেন্দ্র চালু করা যাইবে বলিয়া আশা করা যায়। (২) মোকারামপুর উপস্বাস্থ্যকেন্দ্র চালু হইয়াছে।

Kangsabati Project in Midnapore district

52. (Admitted question No. 209.) **Shri Mrigendra Bhattacharyya:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী পরিকল্পনানুসারে মেদিনীপুর জেলার কোন্ থানার কত একর জমিতে সেচের ব্যবস্থা হইবে, এবং

(খ) এ পর্যন্ত কোন্ থানার কত মাইল ক্যানেল কাটা হইয়াছে, কত একর জমিতে জল সরবরাহ আরম্ভ হইয়াছে; এবং ক্যানেল কাটা কত মাইল বাকি আছে; এবং তাহা কতদিনে সমাপ্ত হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) মেদিনীপুর জেলার—

বিনপুর থানায় ৬৪,৫৮৭ একর,

ঝাড়গ্রাম থানায় ৩০,৩৮৫ একর,

জামবনি থানায় ৩,৮৩৮ একর,

গাঁকরাইল থানায় ৬,৪৪০ একর,

কেশিয়ারী থানায় ৩৯,০০০ একর,

খড়গপুর থানায় ৪১,৫০৭ একর,

গড়বেতা থানায় ১,০৫,৪৭১ একর,

শালবনি থানায় ৮৭,৭০১ একর,

এবং মেদিনীপুর থানায় ৩০,০০০ একর জমিতে জল সরবরাহ করা যাইবে বলিয়া আশা করা যায়।

(খ) এ পর্যন্ত গড়বেতা থানায় ১৫২ মাইল, শালবনি থানায় ৯ মাইল, কেশিয়ারী থানায় ৫ মাইল এবং বিনপুর থানায় ৩ মাইল ক্যানেল কাটা হইয়াছে।

১৯৬৫ সালের খারিফ মরশুমে গড়বেতা ও শালবনি থানায় প্রায় ৩০,০০০ একর জমিতে জল সরবরাহ করা হইয়াছে। অন্য থানায় এখনও জল সরবরাহ আরম্ভ হয় নাই। বর্তমান কার্য্যসূচী অনুসারে—

গড়বেতা থানায় ৭২ মাইল,

কেশপুর থানায় ৩৭ মাল,

শালবনি থানায় ১৩২ মাইল,

কেশিয়ারী থানায় ৪১ মাইল,

সাঁকরাইল থানায় ৩৭ মাইল,

খড়গপুর থানায় ৬৭ মাইল,

ঝাড়গ্রাম থানায় ১৩৪ মাইল,

জামবনি থানায় ৩২ মাইল এবং

বিনপুর থানায় ৯৯ মাইল ক্যানেল কাটা বাকি আছে। আশা করা যায় ১৯৭১-৭২ সালে ক্যানেল কাটা সমাপ্ত হইবে।

Adjournment Motions

[2—2-10 p.m.]

Mr. Speaker: I have received two notices of adjournment motion, one from Shri Panchu Gopal Bhaduri on the subject of retrenchment of employees of several cotton textile mills of Serampore and another from Shri Apurba Lal Majumdar, Shri Sambhu Charas Ghosh and Shri Kamal Kanti Guha on the subject of air-conditioning of Ministers' chambers in the Assembly House.

I have withheld consent.

Shri Apurba Lal Majumdar:

স্যার আপনার পারমিশান নিয়ে এডর্জনমেণ্ট মোশানটা পড়ে দিতে চাই।

Mr. Speaker:

পারমিশান নিয়ে পড়ে দেবার কোন স্কোপ নেই, স্পেশাল সারকামসটানসে একবার দিয়েছিলাম।

Shri Apurba Lal Majumdar:

আগে আপনি পড়তে দিয়েছিলেন আমাকে ৪টে লাইন পড়তে দিন।

Mr. Speaker: Mr. Majumdar, this is an adjournment motion on the subject of air-conditioning of Ministers' chambers in the Assembly House. There are other members also who have given the same notice. Please do not make a precedent. I am always ready to accommodate you. But these things cannot go on every day. You are a responsible member of the House. I request you not to press for it further.

Shri Kamal Kanti Guha:

স্যার আপনি বললেন আপনি উল্লেখ করেছেন, কিন্তু আজকে কেন এডজর্নমেণ্ট ঘোষান দেওয়া হল সেটা বললেন না। এই জরুরি অবস্থায় মন্ত্রিদের ঘর এয়ারকণ্ডিশান করা হচ্ছে এটাই আমাদের পয়েণ্ট।

Shri Apurba Lal Majumdar:

ওঁরা এমারজেন্সীর কথা বলেন আর এদিকে এসেম্বলীতে মন্ত্রিদের ঘরগুলো লক্ষ লক্ষ টাকা ব্যয় করে এয়ারকণ্ডিশান করা হচ্ছে এরপরে ওঁরা লোকের কাছে কি করে বলবেন যে প্রতিরক্ষা তহবিলে টাকা দাও।

Mr. Speaker: Mr. Majumdar, I have repeatedly told you that I have withheld my consent and I feel that I should not allow the notice to be read, following the practice of this House. I am again requesting you not to insist on it.

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received 12 notices of calling attention on the following subjects, namely:—

(1) Air attacks on West Bengal by Pakistan during the recent conflict by Shri Ananga Mohan Das.

(2) Pest attack on paddy in West Bengal by Shri Birendra Narayan Roy.

(3) Seizure of adulterated mustard oil in Berhampur by Shri Sanat Kumar Raha.

(4) Stoppage of supply of rice from modified ration shop in Kharba by Dr. Golam Yazdani.

(5) Result of the construction of a canal over agricultural lands in Purulia district by Shri Daman Kuiry.

(6) Lay off of entire workmen of Bangeswari Cotton Mills by Shri Panchu Gopal Bhaduri.

(7) Pak atrocities on Indian Police by Shri Amarandra Nath Roy Prodhan and Shri Sunil Das Gupta.

(8) Non-availability of baby food in West Bengal by Shri Monoranjan Bakshi, Shri Radhakrishna Singha, Shri Bejoy Kumar Banerjee and Shri Hrishikesh Halder.

(9) Accident of Sainthia Local neear Gadharpur Station by Shrimati Niharika Majumdar.

(10) Sanction of bus route between Howrah and Sankrail by Shri Dulal Chandra Mondal.

(11) Scarcity of rice in Sankrail by Shri Dulal Chandra Mondal.

(12) Sharp increase of T.B. deaths in Calcutta by Dr. A. M. O. Ghani.

I have selected the notice of Dr. A. M. O. Gani on the subject of sharp increase of T.B. deaths in Calcutta. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, or give a date when the statement will be made.

Shrimati Purabi Mukhopadhyay: I will make the statement on Monday next.

Mr. Speaker: I have received a notice on the question of privilege from Shri Murari Mohan Manya raised yesterday. I have refused consent.

Shri Panchu Gopal Bhaduri:

মিষ্টার স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুতর বিষয়ের প্রতি গভর্নমেণ্টের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সম্প্রতি অর্থাৎ গত দু সপ্তাহ ধরে হুগলী জেলায় বিশেষ করে সুতা কলগুলির মধ্যে সাংঘাতিক রকম ছাঁটাই চলেছে। শ্রীরামপুরের ভিতরে যে ৪টা বড় সুতাকল-আছে তার ভিতরে বঙ্গলক্ষী কটন মিল যেখানে তিন হাজার শ্রমিক কাজ করে সেখানে কয়েক শত শ্রমিক ছাঁটাই হয়েছে। রামপুরিয়ায় একটি খুব বড় কটন মিল যেখানে প্রায় ২৩০০ শ্রমিক কাজ করে সেখানে গত দুই সপ্তাহে প্রায় ৭০০ শ্রমিক বের করে দেওয়া হয়েছে তার ভিতরে কয়েক শত টেম্পোরারী এবং তিনশত পারমানেণ্ট শ্রমিক। বঙ্গশ্রীতে ৮০০ পারমানেণ্ট শ্রমিক এবং কয়েক শত টেম্পোরারী শ্রমিক কে ছাঁটাই করা হয়েছে এবং মিলটা সম্পূর্ণ লে অফ করা আছে। এবং লে অফএর মজুরী শ্রমিকরা পাচ্ছেন না। এবং ইণ্ডিয়া জুট মিল-এর সংলগ্ন যে কটন সেক্সন সেখানে ১৫০০ শ্রমিক কাজ করে সেখানে কয়েক শত শ্রমিক কর্মহীন হয়ে রয়েছে। বেঙ্গল ফাইন মিলএ কোন্নগরে কয়েক শত শ্রমিককে বের করে দেওয়া হয়েছে। এই যে দারুণ সঙ্কট একটা ছোট এলাকার মধ্যে প্রায় ১০ হাজার মানুষের যে জীবিকা নষ্ট হয়ে গেছে এবং দারুণ একটা সঙ্কট সৃষ্টি করেছে এ সম্পর্কে অবিলম্বে গভর্ন-মেণ্ট-এর হস্তক্ষেপ করার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

[2-10—2-20 p.m.]

Shri Khagendra Kumar Ray Chowdhury:

স্যার, আমি আপনার অনুমতি চেয়েছি একটা দুঃখজনক ঘটনার প্রতি আমাদের বিধান সভার সদস্যদের কাছে উপস্থিত করার জন্য। আমারই কনস্টিটিউয়েন্সীতে আমি যেখানে থাকি, আমার বাড়ীর কাছে গতকাল ৬জন লোক অর্থাৎ স্বামীস্ত্রী ও তার দুটী ছেলে এবং দুটী মেয়ে তারা কয়েকদিন না খেতে পাওয়ার পরে কালকে তারা বিষ খেয়েছে। এবং তার ছেলে-মেয়েরা এই কিছুদিন যাবৎ এর ওর বাড়ীতে আত্মীয়স্বজন যারা থাকতো তাদের বাড়ীতে গিয়ে তারা উপস্থিত হলে কিছু খেতে দিত।

কিন্তু যেহেতু তারা মধ্যবিত্ত পরিবারের লোক সেহেতু তাদের আত্মসম্মানে বেধেছে, কিছু দিন উপোস করা সত্ত্বেও তারা কারো বাড়ীতে যায়নি। ওখানে মডিফায়েড রেশনিং চৌটালি ফেল করার জন্য বাজারে তিন টাকা কিলো চাল সেই চাল কেনার ক্ষমতা তাদের ছিল না। এই যে ভদ্রলোক আত্মহত্যা করেছেন তার নাম হচ্ছে বীরেন্দ্র কৃষ্ণ দে, তার স্ত্রীর নাম হচ্ছে মণিবালা দে, তার দুই ছেলের মধ্যে ১৪ বছরের একটি ছেলের নাম মানিক, আর ১২ বছরের ছেলের নাম উদয় এবং নয় বছরের একটি মেয়ে টুকুন, এই পাঁচ জন তার মেম্বার। আজকে আমি সেখানে গিয়েছিলাম, সেখানে পুলিশও আছে, তারা আত্মা হত্যা করেছে এবং চাল তিন টাকা করে কিলো কেনার ক্ষমতা তাদের নেই। এই ভদ্রলোক আন এমপ্লয়েড, তিনি ভারটিরাতে কাজ করতেন, ভলাণ্টারিলি রিটায়ার্ড করেছেন এই জন্য যে চতুর্দিকে তার পাওনাদার ছিল, রিটায়রমেণ্টের সময় তিনি যে টাকা পেয়েছিলেন সেই টাকা দিয়ে তিনি অনেক লোকের দেনা শোধ করেছেন। মরার সময় তিনি চিঠি লিখেছেন যে আমি মরছি আমি কাউকে দায়ী করছি না। আমার কাছে কিছু কিছু লোকের পাওনা আছে, সেই টাকা যদি পাওয়া যায় তাহলে বাড়ীওয়ালার দু বছরের বাড়ী ভাড়া যেন শোধ করে দেওয়া হয় এবং তারপর যদি কিছু থাকে তাহলে সেই টাকা যেন বীর জোয়ানদের জন্য দেওয়া হয়। ওপক্ষের অনেক সদস্য আছেন যাঁদের কাছে প্রত্যেক দিন শুনি চালের কিলো—সেদিন কৃষিমন্ত্রী মহাশয়ও বললেন একটাকা চালের কিলো, অথচ তিন টাকা কিলো চাল বলে এইভাবে

পাঁচটা লোক মারা গেল। আমি জানতে চাই এর ওঁরা জবাব দেবেন কিনা। স্পীকার মহাশয়, আপনি যদি সেখানে উপস্থিত থাকতেন তাহলে আপনিও চোখের জল থামাতে পারতেন না।

Shri Bijoy Kumar Banerjee :

মিঃ স্পীকার স্যার, আমার বন্ধু শ্রীগিরিশ মহাতোর কাছে একটা টেলিগ্রাম এসেছে পুরুলিয়া থেকে। কাগজেও বেরিয়েছে, তার হেডিংএ আছে, প্রকাশ্য দিবালোকে নৃশংস হত্যা রাজনৈতিক কর্মীকে হত্যা করবার ঘৃণ্য চক্রান্ত। টেলিগ্রামটা লিখছেন লাবণ্য প্রভাঘোষ। এখানে লিখছেন—"

"Girish Mahato, Legislative Assembly: Prominent Sangh worker brutally murdered in Pargala village under Banduan thana. Apprehension Police being accused and political pressure to suppress the case. Pray intervention.

এর কি করবেন, স্যার?

Mr. Speaker:

ওটা ওখানেই থাকবে।

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আপনার এখানে একটু দৃষ্টি আকর্ষণ করবার ব্যাপার হয়ে উঠলো। তার কারণ মাননীয় বিজয় ব্যানার্জী মহাশয় যে টেলিগ্রামটি পড়লেন সেটা একটি অডিনারি টেলিগ্রাম নয়। এতে লেখা আছে একটি পলিটিক্যাল মার্ডারের কথা এবং এ্যাপ্রিহেনসন করা হচ্ছে এই রকম মার্ডার হতে পারে। আপনার এখানে একটা দেখবার ব্যাপার আছে যে এই রকম একটা অভিযোগ পলিটিক্যাল মার্ডার হলে

Mr. Speaker: Mr. Adhikary, please take your seat. Day before yesterday you were continuing in this manner. It is a matter for a particular member. He has drawn the attention of the Ministerial Bench. He has passed out the telegram to the Minister and it will be taken up by the Member concerned with the Minister.

Shri Nathaniel Murmu:

মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে ওপক্ষের একজন সদস্য, মালদহের একজন কংগ্রেসী এম, এল, এ, শ্রীআসাদুল্লা চৌধুরী তিনি নাকি এই যুদ্ধকালীন অবস্থায় পাকিস্তানে চলে গিয়েছেন এবং পাকিস্তান থেকে এখানে তাঁর যে বাড়ী এবং সম্পত্তি আছে সেটা এক্সচেঞ্জ করার চেষ্টা করছেন। এই সম্বন্ধে পজিশনটা কি তা মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই।

Shri Birendra Kumar Maitra:

স্যার, শ্রীআসাদুল্লা চৌধুরী সম্পর্কে মাননীয় সদস্য শ্রীনাথানিয়েল মুর্মু যা বললেন আমিও সে সম্পর্কে কিছু বলতে চাই।

Mr. Speaker: Mr. Maitra, please take your seat. Without my permission you cannot stand up. I cannot allow a precedent to be created that for information or explanation, if required by any of the members, another member will stand up and give the answer. An answer, if at all desired, can be given by the Ministerial Bench here. Such a practice can never be allowed. Please don't try to create a new precedent.

Laying of the Report of the Joint Committee on the West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965.

Shri Smarajit Bandopadhyay: I beg to ay on the Table a copy of the Report of the Joint Committee on the West Bengal Cold Storage (Licensing and Regulation) Bill, 1965.

Debate on food situation.

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গের খাদ্য সমস্যা যে খুবই সঙ্কটজনক এ বিষয়ে কোন সন্দেহ নেই। অনেক সময় মনে হয় যত দিন পর্যন্ত আমাদের উৎপাদন আমরা পর্যাপ্ত পরিমাণে বাড়াতে না পারছি ততদিন পর্যন্ত এই খাদ্য সমস্যার সুষ্ঠু সমাধান সম্ভবপর নয়। কিন্তু তা সত্ত্বেও যতদিন পর্যন্ত আমাদের খাদ্য শস্যের উৎপাদন না বাড়ছে ততদিন পর্যন্ত আমাদের চেষ্টা করতেই হবে উৎপাদন বাড়ানর জন্য । আমাদের পশ্চিমবাংলার লোক সংখ্যা প্রায় ৩ কোটি ৯২ লক্ষ, তাদের খাদ্য সমস্যার যতদূর সম্ভব তার ব্যবস্থা করা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে ১৯৫৪ সালের জুলাই মাসে, যেহেতু আমাদের ১৯৫৩ সালে যে আমন ফসল হয়েছিল তা পর্যাপ্ত হয়েছিল, অনেকে বলেছিলেন বামপার ক্রপ, আমাদের পশ্চিমবাংলায় এবং ভারতবর্ষের প্রায় সমস্ত প্রদেশে সে বছরে শস্যের উৎপাদন খুব ভাল হয় এবং আমাদের তদানীন্তন কেন্দ্রীয় খাদ্য ও কৃষি মন্ত্রী, শ্রীরফি আমেদ কিদোয়াই সাহেব বলেছিলেন আমাদের খাদ্য সমস্যা সম্বন্ধে চিন্তা করবার কোন কারণ নেই, খাদ্য বিনিয়ন্ত্রণ করে দেওয়া হোক, অর্থাৎ সব ডিকণ্ট্রোল করে দেওয়া হোক। অর্থাৎ ডিস্ট্রিবিউশনের উপর, বণ্টনের উপর কোন রকম আর সরকারী নিয়ন্ত্রণ থাকবে না। নানা কথা আছে—কেউ বলেন যে সেই থেকে আমাদের বণ্টন ব্যবস্থাতে অত্যন্ত অসুবিধা দেখা দেয়। কেন?

[2-20—2-30 p.m.]

কন না—তার পরে আমরা দেখলাম যেন যে পরিমাণ খাদ্যশস্য লোকসংখ্যা অনুপাতে অবশ ১৯৫৪ সালে হয়েছিল—সে পরিমাণ খাদ্যশস্য ১৯৫৬ বা ১৯৫৭ অথবা ১৯৫৮ এমন কি ১৯৫৯ সাল পর্যন্ত হোল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং সকলেই জানেন যে ১৯৫৬ সালে আমাদের পশ্চিমবাংলায় বন্যা হয়েছিল এবং ১৯৫৭ ড্রাট হয়েছিল এবং আবার ১৯৫৯ সালে তিন বছরের মধ্যে বন্যা হয়েছিল। ইতিমধ্যে আমাদের পশ্চিমবাংলায় পূর্ব পাকিস্তান থেকে আশ্রয়প্রার্থীদের আসা চলতেই থাকলো এবং এটা সকলেই জানেন এবং আপনি ও জানেন যে বর্তমানে আমাদের এই পশ্চিমবাংলায় ৪০ লক্ষ আশ্রয়প্রার্থী ভাইবোন আছে এবং ১৯৬৪ সালে যে সাড়ে সাত লক্ষ লোক পশ্চিম বাংলার এসেছিলেন তার মধ্যে ৬ লক্ষ লোকই থেকে গেছে এখানে। এটা সহজেই হিসাব করলে দেখা যাবে যে এই ৬ লক্ষ লোকের জন্য অন্তত ৮০।৯০ হাজার টন খাদ্যশস্য বা তারও বেশী দরকার। সেদিক দিয়ে হিসাব করলে বোধ হয় ১ লক্ষ টন হবে। আমরা অবশ্য চুপ করে বসে নেই। আমাদের দেশে খাদ্যশস্যের উৎপাদন যে একদম বাড়ছে না তা কেউ বলবে না। আমি সামান্য একটু তুলনা করে বলি যে আমাদের প্রথম পঞ্চ বার্ষিকী পরিকল্পনা আরম্ভ করার আগে ৫ বছরের যদি আমরা হিসাব নিই তাহলে আমরা দেখতে পাবো যে সেই সময় আমাদের চালের উৎপাদন ছিল ৩৫ লক্ষ টন। তার পরের পাঁচ বছরে দেখতে পাবো প্রায় ৪০ লক্ষ টন, তার পরের পাচ বছরের যদি আমরা গড় হিসাব করি তাহলে দেখতে পাবো যে প্রায় ৪৫ লক্ষ টন। তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় আমাদের পশ্চিমবাংলায় ধানের উৎপাদন বাড়ছে অবশ্য সব জায়গায় সমান নয়—কারণ যতই আমরা কৃষি সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করি না কেন সে বীজের জন্য হোক, সারের ব্যবস্থার জন্য হোক আরও অনেক কারণ আছে যাতে করে ফসল কম হয় এবং সেটা সব জায়গায়ই হয়। আজকে একটা খবর দেখলাম যে শুধু ভারতবর্ষে নয় পৃথিবীর প্রায় সমস্ত দেশে আগামী বছর চালের উৎপাদন খুব আশানুরূপ হবে। ইতিমধ্যে আমাদের এখানে কেন্দ্রীয় খাদ্য মন্ত্রী এসেছিলেন—তিনি আমার সামনে যে চিত্র রেখেছিলেন তাতে দেখা গেল এবার উড়িষ্যায় সুবৃষ্টি হয় নি। মধ্যপ্রদেশ যেখান থেকে ৬।৭ লক্ষ উদ্বৃত্ত চাল পাওয়া যায় সেখানেও

সুবৃষ্টি হয় নি। মাদ্রাজে খুব ভাল হয়নি—অন্ধ্রেও না। আমাদের পশ্চিমবাংলার কোন কোন জায়গায় খুবই ফসলের ক্ষতি হয়েছে—আমি আজকে পেলাম যে আউস যেখানে গত বছর আমাদের হয়েছিল ৬ লক্ষ টন এ বছর ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ষ্ট্যাটাস্টিক্যাল ব্যুরো তারা এষ্টিমেট করেছেন ৪ লক্ষ ৩৮ হাজার টন এবং আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে আমাদের পশ্চিমবাংলার কতকগুলি জেলা আছে তার মধ্যে বিশেষ নদীয়া জেলা—সেখানে আউসের উপর বেশী নির্ভর করে। অবশ্য নদীয়া জেলার লোককে যদি জিজ্ঞাসা করি আমারা মাননীয় সহকর্মী স্মরজিত উনি বললেন আরও কম হয়েছে—কিন্তু ষ্টেট ষ্ট্যাটিস্টিক্যাল ব্যুরো অনুসারে কমতো হয়েছে—শতকরা ৩৫ ভাগ কম হয়েছে সে বিষয়ে সন্দেহ নেই। এই কম হবার দরুণ আমাদের খাদ্য বণ্টনের অনেক রকম অসুবিধা দেখা দিয়েছে।

এ বছর আমরা যে নীতি গ্রহণ করেছিলাম ১৯৬৫ সালের জন্য তার মূল কথা ছিল যে কলকাতা এবং শিল্পাঞ্চল যার লোকসংখ্যা ৭০।৭২ লক্ষ—সেই অঞ্চলকে আমরা ষ্ট্যাটুটারী রেসনিংয়ের আওতায় আনবো। এবং আমি কেন্দ্রকে বলেছিলাম যে কলকাতার জন্য যে পরিমাণ চালের দরকার তা কেন্দ্র থেকে সরবরাহ করতে হবে—গম তো তাঁরা সরবরাহ করেন—কেন না—আমাদের পশ্চিম বাংলায় গম হয় না—সামান্য কিছু হয় এবং আমি এও বলেছিলাম পশ্চিম বাংলায় আমাদের যে ধান উৎপাদন হয় তা থেকে সামান্য হয়তো আমরা নেবো।—সেই পরিমাণ আমরা রেখে দেবো পশ্চিমবাংলার গ্রামবাসীদের জন্য। আমি আজকে সকালে হিসাব করছিলাম, দেখে আশ্চর্যান্বিত হলাম যে যদিও আমরা কেন্দ্র থেকে চেয়েছিলাম সাড়ে তিন লক্ষ টন চাল এবং তাঁরা আমাদের বলেছিলেন যে সাড়ে তিন লক্ষ টন দিতে পারবো না—অন্যান্য প্রদেশ থেকে আরও দাবী আসবে বেশী। তবে তোমাদের তিন লক্ষ টন দেবো। আমরা তখন বলেছিলাম যে আমাদের যে তিন লক্ষ টন চাল দেবেন সেটা যেন আমাদের হাতে অক্টোবরে আসে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে আমাদের এখানে চাল এলে আমাদের গ্রামাঞ্চলে বিশেষ করে এমন অনেক গ্রামাঞ্চল আছে যেখানে বর্ষাকালে বিশেষ অসুবিধা হয় রাস্তাঘাটের—আমরা সেখানে যাতে তাড়াতাড়ি পাঠিয়ে দিতে পারি তার চেষ্টা করি। কেন্দ্রীয় সরকার যদিও আমাদের তিন লক্ষ টন এ্যালটমেণ্ট দিয়েছেন—কিন্তু আজ পর্যন্ত আমরা পেয়েছি ২ লক্ষ ৬৪ হাজার টন। আমরা যদি এই তিন লক্ষ টন চাল ৩০ শে সেপ্টেম্বরের মধ্যে পেতাম তাহলে অক্টোবর মাস থেকে আমাদের এখানে খাদ্য বণ্টন ব্যবস্থায় যে অসুবিধা দেখা দিয়েছে সে অসুবিধা দেখা যেতো না। আর একটা কথা—আমাদের অনেকের ধারণা যে ধানকলে লেভি বসিয়ে আমরা যে চাল নিয়ে আসছি—সেই চাল কলকাতা এবং শিল্পাঞ্চল লোকের জন্য—আমরা দিচ্ছি। আমি দেখছিলাম কাল কি পরশু পর্যন্ত আমাদের বাংলা দেশের কলে ৫ লক্ষ ৭২ হাজার টন চাল হয়েছে—বড় বড় ধান কলগুলিতে প্যাডি হাসকিং মেসিনে নয়, এই ৫ লক্ষ ৭২ হাজার টন যে চাল হয়েছে—আমরা শতকরা ৫০ ভাগ তাদের কাছ থেকে নিয়ে নিচ্ছি লেভি করে—২ লক্ষ ৮৬ হাজার টন চাল পেয়েছি। আর কিছু চাল আমরা সীজ করেছি, সেগুলি সব যদি ধরি তাহলে ২ লক্ষ ৮৬ হাজার টনটা বেড়ে না হয় ২ লক্ষ ৯২।৯৪ হবে, তার বেশী হবে না। চাল কিন্তু আমরা কলকাতায় এ পর্যন্ত খরচ করেছি শিল্পাঞ্চল নিয়ে ৩ লক্ষ ৪১ হাজার টন। আমরা ২ লক্ষ ৮৬ হাজার টন আমাদের চালকলগুলি থেকে লেভী হিসাবে পেয়েছি, আর কলকাতা এবং শিল্পাঞ্চলের জন্য বিধিবদ্ধ রেশনিং এলাকায় ৩ লক্ষ ৪১ হাজার টন আমরা দিয়েছি—তাহলে আমাদের ২ লক্ষ ৬৪ হাজারের উপর কত আমরা বেশী করেছি, না ৭৭ হাজার টন, কেন না কেন্দ্র আমাদের ২ লক্ষ ৬৪ হাজার টন দিয়েছে কলকাতা এবং শিল্পাঞ্চলের জন্য আমাদের দিতে হয়েছে ৩ লক্ষ ৪১ হাজার টন এ পর্যন্ত—তাহলে আমাদের চাল কতটা খেয়েছে কলকাতা এবং শিল্পাঞ্চলের লোক, ৭৭ হাজার টন মাত্র। আমরা নভেম্বর ডিসেম্বরএ আরো কিছু পাব। এখন মফঃস্বলে আমরা কি করেছি—৫ লক্ষ ৭২ হাজার টন চাল আমাদের ধানকলগুলিতে যে হলো তাথেকে আমরা নিলাম ২ লক্ষ ৮৬ হাজার টন কিন্তু আমি মফঃস্বলে দিলাম কি?

[2-30—2-40 p.m.]

কথা ছিল কেন্দ্রীয় সরকার যেটা আমাদের দেবেন সেটা দিয়ে আমরা কলকাতা এবং শিল্পাঞ্চলে

রেশনিং-এর কাজ চালাব। গম দিয়েছি, চাল চালাব। শুনলে আশ্চর্য হবেন এ পর্যন্ত গভ মেণ্ট একাউণ্টে আমরা বিভিন্ন জেলায় চাল দিয়েছি ১ লক্ষ ৯৬ হাজার টন আর ঐ যে শতক ৫০ ভাগ আমরা মিল থেকে নিয়ে নিচ্ছি আর বাকি ৫০ ভাগ জেলা ম্যাজিষ্ট্রেটের হাতে রেখে দিচ্ছি। তিনি সেটা বিভিন্ন জায়গায় এবং নিজের এলাকায় বণ্টনের ব্যবস্থা করেন আমাদের এ্যাকাউণ্টএ দিয়েছি ১ লক্ষ ৯৬ হাজার টন আর লেভি ফ্রি যেটা চাল তা থেকে বিভিন্ন ঘাটতি জেলাতে দেওয়া হয়েছে ১ লক্ষ ১৭ হাজার টন, মোট হল ৩ লক্ষ ১৩ হাজার তাহলে দেখতে পাওয়া যাচ্ছে মফস্বলে কত চাল দিয়েছি, আর বিভিন্ন জেলাতে যেখানে ধানকল আছে সেখানে বাকি যেটা থাকছে ১ লক্ষ ৬৯ হাজার টন তা দিয়ে দিচ্ছি বর্দ্ধমান ডি এম কিছু চাল নিয়েছেন, বাঁকুড়া ডি এম কিছু চাল রেখেছেন, মেদিনীপুরও তাই করেছেন। আর একটা মস্তবড় জরুরী কথা আছে। আমাদের এ বৎসরের খাদ্য নীতি সম্বন্ধে আমরা মনে করেছিলাম যে কলকাতা এবং শিল্পাঞ্চলে যদি বিধিবদ্ধ রেশনিং চালু রাখতে পারি তখন আমাদের মধ্যে অনেকের মনে দ্বিধা আশঙ্কা ছিল যে আমাদের হাতে যখন ষ্টক নেই তখন আমরা চালাতে পারবো না। কেন্দ্রীয় সরকার আমাদের কোন ষ্টক দিতে পাচ্ছেন না। তাঁরা কোথা থেকে পাবেন? তাদের হাতে নেই। বাইরে থেকেও চাল পাওয়া যাচ্ছে না। কেউ কেউ বললেন এটা দুঃসাহস হচ্ছে কিন্তু আমরা আরম্ভ করেছিলাম এবং কলকাতায় আমাদের ষ্টেটুটারী রেশনিংএ চালের বণ্টনের ব্যবস্থা ভালভাবে চলছে বলে সকলে স্বীকার করেছেন। কোন কাজেই ত্রুটি হয় না একথা কেউ বলতে পারে না। কিন্তু তা ভাল ভাবেই চলছে। (শ্রীনিখিল দাস—কত গম পেয়েছেন) গমের কথা পরে বলব চালের কথা আগে বলে নিই। কারণ গম তত ইমপর্টেণ্ট নয়। আমাদের একটা নীতির কথা বললাম যে কলকাতা এবং শিল্পাঞ্চলের ক্রয় ক্ষমতা বেশী, তাদের যদি বাইরের চাল এনে খাওয়াতে পারি এবং আমাদের পশ্চিমবাংলায় যত উৎপাদন হয় তা যদি সমগ্র পশ্চিমবাংলায় বিতরনের ব্যবস্থা করতে পারি তাহলে মূল্য নিয়ন্ত্রণ করতে পারবো। কিন্তু আমরা এটা পারিনি, এটা স্বীকার করছি যে এটা আমরা ব্যর্থ হয়েছি। কেন না আমরা দেখলাম যদিও বাঁকুড়ায় আমরা মোটামুটি মূল্য নিয়ন্ত্রণ করতে পেরেছি, পুরুলিয়ায় করতে পেরেছি। মেদিনীপুরে মোটামুটি সমর্থ হয়েছি। কিন্তু আমরা ঘাটতি জেলায় মূল্য নিয়ন্ত্রণ করতে পারিনি, এবং এই যে মূল্য নিয়ন্ত্রণ করতে পারিনি এ সম্বন্ধে আমার জানাছিল যে এই এই দোষে পারা যাবে না, কিন্তু সকলে এটা ভালভাবে উপলব্ধি করতে পারিনি। আমি একবার নয় বারবার বলেছি, কেন্দ্রীয় সরকারকে যে আমাদের দেশে যে সমস্ত যন্ত্র আছে ধান থেকে চাল উৎপাদন করবার, যে তিনটি মোটামুটি যন্ত্র আছে তাহলো বড় বড় রাইস মিল যার সংখ্যা পশ্চিমবাংলায় ৭০০ আর ছোট ছোট যাকে হালার বলে বা আমরা যাকে প্যাডি হাসকিং মেসিন বলি এর সংখ্যা অনেক। আমাদের যে হিসাব আছে তা হল ১০ হাজার কিন্তু এটা বোধ হয় ১২ হাজার হবে। অনেকগুলি চলে না বটে কিন্তু শুনেছি ঐগুলি দিনে না চলে রাত্রে চলে। আমার নিজের ধারণা ১২ হাজার হালার আছে বা প্যাডি হাসকিং মেসিন আছে। আর কতকগুলি ঢেঁকি আছে ঢেঁকি যে কম আছে তা নয় এখনও পল্লীঅঞ্চলে ঢেঁকি চলে। বাঁকুড়া মুর্শিদাবাদের পল্লী অঞ্চলে ঢেঁকি চলে। আমাদের দেশে গত বৎসর ৫৭ লক্ষ টন চাল হয়েছে তার মধ্যে সবই চাল যে হয়েছে তা নয় ধানও আছে। ফলে আপনারা দেখলেন ৫ লক্ষ ৭২ হাজার টন করেছে।

আমাদের ধানকলগুলি ৬॥ লক্ষ টন থেকে ৮ লক্ষ টন চাল করতে পারে। আমরা অক্টোবরের শেষ পর্যন্ত ২ লক্ষ ৮৬ হাজার টন এবং মোট ৫ লক্ষ টন পেয়েছি। মাননীয় সদস্যরা সকলেই জানেন নভেম্বর ডিসেম্বর মাসে আমাদের এখানের ধানকলগুলি আবার চলতে আরম্ভ করে। আমরা আশা করছি যে এই ধানকলগুলি থেকে ১ লক্ষ ৩০ হাজার টন চাল হবে। ৫ লক্ষ ৭২ হাজার টন আর ১ লক্ষ ৩০ হাজার টন এই নিয়ে প্রায় ৭ লক্ষ ২ হাজার টন হয়। আমরা মনে করি যে এটা ঠিক আছে, আজ বড় বড় ধানকলগুলি নিয়ন্ত্রণ করা কঠিন নয়। কিন্তু ঐ যে ১২ হাজারের মতন প্যাডি হাসকিং মেশিন আছে সেগুলি কণ্ট্রোল করা খুবই কঠিন। আমি এবার যখন ১৯৬৫ সালের খাদ্য নিয়ন্ত্রণ নীতি ঠিক করি তখন আমি বলেছিলাম এই প্যাডি হাস্কিং মেশিনগুলি আর চলতে দেব না, এবং মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে আমরা কিছু দিন ঐ সব প্যাডি হাস্কিং মেশিনগুলি চালাতে দিইনি। এর ফলে গ্রামের বহু লোক আমাদের

বলে যে আমরা কি করে চাল করবো। আমাদের ঢেঁকি নেই। তখন আমরা তাদের বলেছিলাম যে তোমরা গ্রামপঞ্চায়তের সার্টিফিকেট নিয়ে করতে পারো, তাতে তারা বলেন যে এতে আমাদের অনেক দূরে যেতে হয় এই কাজের জন্য সুতরাং এটা আমাদের পক্ষে করা সম্ভব নয়। আমরা এটা নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছিলাম কিন্তু আমরা সমর্থ হইনি—প্যাডি হাস্কিং মেশনের ক্ষেত্রে আমরা ব্যর্থ হয়েছি। আমাদের যে বড় বড় চালকগুলি আছে তাতে ৭ লক্ষ টন চাল হয় এবং ঐ ঢেঁকিগুলিতে প্রায় ১২–১৪ লক্ষ টনের মত চাল হয়। কেউ কেউ বলেন যে প্যাডি হাস্কিং মেশিনের চেয়েও ঢেঁকিতে আরো বেশী চাল ভাঙ্গা হয়। প্যাডি হাস্কিং মেশিনের সংখ্যা, যা হল ১২ হাজারের মত তাতে ১৪-১৫-১৮ কি ২০ লক্ষ টনের মত যে চাল হয় তাতে সন্দেহ নেই। আমাদের এই খাদ্য নিয়ন্ত্রণ নিয়ে বা বণ্টন সম্বন্ধে দিল্লী এবং বাঙ্গালোরে সম্মেলন হয়েছে। আমি সেখানে বলেছি যে আমাদের এ নিয়ন্ত্রণ সার্থক হবে না যতক্ষণ পর্যন্ত না আমরা প্যাডি হাস্কিং মেশিন নিয়ন্ত্রণ করতে পারি। আমি কয়েক মাস আগে বলেছিলাম দুটি বিভাগকে—আমাদের পুলিশ এবং পঞ্চায়েত বিভাগকে বলেছিলাম পরীক্ষা করে বলতে যে কত হাস্কিং মেসিন আছে, এবং আমি সেটা জেলা ওয়ারী দিতে বলেছিলাম মানচিত্রের আকারে। আমাকে পুলিস বিভাগ একটা চিত্র দিয়েছে মাস খানেক আগে, আমি তাতে দেখলাম এবং দেখে খুবই আশ্চর্য্য হলাম যে এইসব হাস্কিং মেশিনগুলো ইনটিরিয়ারে গ্রামের মধ্যে আছে, যে গুলিতে কৃষকরা ধান ভাঙ্গে তাদের খাবার জন্য। কিন্তু আমি আরো দেখলাম যে ঘাটতি এবং বাড়তি জেলার সীমান্তে অনেক হাস্কিং মেশিন কনসেণ্ট্রেটেড হয়ে আছে। যেগুলির কাজ হল ধান ভাঙ্গা এবং চাল তৈরী করবার পর সেইসব চাল ব্লাক মারকেট বা চোরাবাজারে চলে যায়, যার ফলে মূল্য নিয়ন্ত্রণ করা শক্ত হয়ে দাঁড়ায় এবং মূল্য নিয়ন্ত্রণে যা বাধা সৃষ্টি করছে। আজ এর ফলে অনেক তর্কের সৃষ্টি হয়েছে এবং আমরা বোধ হয় এর একটা আইনের ব্যবস্থা করতে পারি। আমরা চেষ্টা করছি যাতে এই জিনিষটা পাকাপাকি ভাবে বন্ধ হয় এবং আমরা এ নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনাও করছি। আমি এইটুকু বলতে পারি যে প্যাডি হাস্কিং মেশিনগুলো হয়ত আমরা নিয়ন্ত্রণ করতে পারবো।

[2-40—2-50 p.m.]

কেন? যেখানে আমাদের এত পরিমাণ ঘাটতি সেখানে যদি আমি যেটা মার্কেটেবেল সারপ্লাস, আমার বাজারে যেটা আসে, কিম্বা আসা উচিত, শুধু আসে না বললেই হবে না, যতটা আসা উচিত ততটা যদি আমি না নিতে পারি, তাহলে আমার বণ্টনও ঠিকভাবে হবে না, এবং আমি মূল্য নিয়ন্ত্রণ করতে পারবো না, একদম ব্যর্থ হবো। আমি সেটা চেষ্টা করছি। এখন আমাদের বিভিন্ন জেলায় অনেক অসুবিধা হচ্ছে, যেমন নদীয়া, মুর্শিদাবাদ, ২৪ পরগণা, হুগলী জেলা প্রভৃতি অনেক অঞ্চলে। তারপর হাওড়া জেলায় ও সহরে যদিও নিয়ন্ত্রিত, হাওড়া জেলা, কুচবিহার, বিশেষ করে ঘাটতি জেলা। এখন ই ঘাটতি জেলাতে যখন অভাব হয়, তখন ঘাটতি জেলার ম্যাজিস্ট্রেট আমাদের খাদ্য বিভাগে চিঠি লেখেন বা টেলিফোন, টেলিগ্রাম করে জানান, বা রেডিও মেসেজ পাঠান যে আমাদের এত খাদ্য লাগবে, তোমরা পাঠাও। তখন আমাদের খাদ্য বিভাগের কমিশনার তিনি বললেন, আমরা খাদ্য পাবো কোথা থেকে, তুমি ঘাটতি জেলার লোক, বাড়তি জেলা থেকে আমি নিয়ে সংগ্রহ করে দিতে পারি; বা কেন্দ্রের কাছ থেকে সংগ্রহ করে, দিতে পারি। তোমার জেলা বাড়তি জেলা, সেখান থেকে তুমি সেটা সংগ্রহ করো। আমি সমস্ত জেলা ম্যাজিস্ট্রেটকে লিখেছি, তাতে দেখলাম, আমরা একটা অঙ্ক পেয়েছি। সেই অঙ্ক আমরা পরীক্ষা করে দেখছি কতটা ঠিক। আমাদের ভূমিরাজস্ব বিভাগ, তাঁরা আমাদের দিয়েছেন, এবং এটা খুব রিভিলিং

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে সব জেলাকে ঘাটতি জেলা বলি, সেখানে এখনও এমন সব চাষী আছে, যাদের বলা যেতে পারে উদ্‌বৃত্ত চাষী। তার যেটা উদ্‌বৃত্ত, তা যদি নিয়ে নেন জেলা ম্যাজিস্ট্রেটরা, তাহলে তাঁদের সব সময় আর ফুড্ কমিশনারের কাছে টেলিগ্রাম করতে হবে না, তাঁদের হাতে সব সময়ই একটা স্টক থাকবে এবং তাঁদের কাছ থেকে নিয়ে ঘাটতি এলাকায় সরবরাহ করতে পারা যাবে। এখন দেখতে পাচ্ছি আমাদের পশ্চিম বাংলায় যত চাল হয়, এবং যে সামান্য পরিমাণ গম হয়, তা সমস্ত নিয়ে নিলাম, তা সম্ভবপর নয়। যা কিছু

উৎপাদন হয়েছে, তা টোটাল প্রোকিওরমেণ্ট করা সম্ভব নয়। তা পৃথিবীতে কোথাও হয়নি। ধরুন অঙ্কের খাতিরে, তা নিয়ে নিলাম, তাহলে কোন বছরে মাথা পিছু ৭ আউন্স পড়বে, কোন বছরে ৮ আউন্স, কোন বছরে৯ আউন্স পড়বে, থিওরেটিক্যালি, অ্যারেথমেটিক্যালি। কিন্তু যে চাষী, তাকে কখনই একথা বলতে পারবো না যে তুমি ৭ আউন্স খাও, তাহলে তারা কি কোন উৎপাদন করবে? অনেক জায়গায় দেখা গিয়েছে কলেকটিভিসেসন এর ব্যাপার। ইউ. এস. ঐস. আর. তারা যে বছর কলেকটিভিসেসন আরম্ভ করলেন, সেই বছর সেখানে চাষীরা ধর্মঘটের মত করলো, প্রতিরোধ করলো, তাতে কুফল হল, দুর্ভিক্ষ হল, লক্ষ লক্ষ লোকের মৃত্যু হল। অবশ্য অন্য দেশ, অন্য কম্যুনিস্ট কান্ট্রিতে তা নয়। আমাদের এখানে পোল্যাণ্ড, কনসাল-জেনারেল এসেছিলেন, কার্টসী কলএ তাঁর সঙ্গে কথাবার্তা হয়,— তিনি বললেন আমরা কলেকটিভিসেসন করি না, আমরা প্রাইভেট লোকের কাছে সব রেখে দিই, তাতে বিশেষ অসুবিধা দেখা দেয় না। আমি যেটা বলছিলাম যেগুল টোটালিটেরিয়ান দেশ, সেখানে তারা সব কিছু নিয়ে নিতে পারেন, কিন্তু যে চাষী, সে কি আর বেশী করে চাষ করবে? যে চাষী, চাষ করবে, তাকে পেট ভরে খেতে দিতে হবে। আমাদের দেশে চাষীরা পেট ভরে খেতে পায় না। আমরা কেন পারি না? তার কারণ কি? আমি মোটামুটি একটা হিসাব করেছি, আমাদের দেশে ৩২ লক্ষ থেকে ৩৫ লক্ষ কৃষক পরিবার আছে। পশ্চিম বাংলায় ১ কোটি ৫০ লক্ষ থেকে, ৬০, ৭০ লক্ষ হতে পারে কৃষক আছে। তার মধ্যে অন্তত ২০ লক্ষ কৃষক পরিবার, তাদের বলতে পারি ডেফিসিট অর্থাৎ কারও ১ বিঘা জমি আছে, কারও ২ বিঘা জমি আছ, কারও ৩ বিঘা জমি আছে, কারও ৪ বিঘা জমি আছে, কারও ৫ বিঘা জমি আছে।

আমরা মোটামুটি যেটা বলি ইরিগেটেড এরিয়া, তার বাইরে যেখানে সেচ ব্যবস্থা নেই সেখানে অন্ততঃ পাঁচ একর জমি না হলে ইকোনমিক হোল্ডিং হল না।

ধানের দিক থেকে যদি আমরা বিচার করি, তাহলে অন্ততঃ ৫ একর জমি থাকা চাই বাঁকুড়া জেলা বা ২৪ পরগণা জেলা যেখানে সেচের ব্যবস্থা নাই। আর যেখানে সেচের ব্যবস্থা আছে, প্রচুর বৃষ্টি হবে, সেখানে আমরা বলতে পারি ৩ একর জমি না হলে ইকনমিক হোল্ডিং হবে না। আমাদের পশ্চিমবাংলায় ১ কোটি ৩৪ লক্ষ একর জমিতে চাষ হয়, আর ৩ কোটি ৯২ লক্ষ লোকের বাস। কাজেই মাথাপিছু এক বিঘার একটু বেশী। তাতে তো খাদ্যের অবস্থা এই রকম হবে। আর যে আশ্রয়প্রার্থী ভাইবোন ৩৪ লক্ষ এখানে এসেছেন, তাঁরা তো আর সঙ্গে করে জমি আনেন নি। অথচ লোক সংখ্যা বেড়ে চলছে। যখন আমরা কেন্দ্রের কাছে দাবী করি, বলি আমাদের পশ্চিম বাংলায় ৫৫ লক্ষ অন্যান্য প্রদেশের লোক আছে। তারা পাট কলে কাজ করছে। কাপড়ের কলে কাজ করছে, কয়লাখনিতে কাজ করছে, চা বাগানে কাজ করছে। এই যে ৫৫ লক্ষ লোক এরা বাইরে থেকে এসেছে। কাজে কাজেই কেন্দ্র আমাদের সাহায্য না করলে আমরা এই খাদ্য সমস্যার সমাধান করতে পারি না। কিন্তু এখন কথা উঠেছে যে প্রত্যেক প্রদেশকে স্বাবলম্বী হতে হবে। রাতারাতি তো আর কেউ স্বাবলম্বী হতে পারবে না। রাতারাতি যদি স্বাবলম্বী হতে না পারা যায়, তাহলে যা আমাদের উৎপন্ন হচ্ছে তা সমানভাবে বণ্টনের ব্যবস্থা করতে হবে। তবে যে উদ্বৃত্ত কৃষক, তাকে পুরো মাত্রায় খেতে দিতে হবে। সে ১৬ আউন্সই হোক, আর ১৭ আউন্সই হোক, যেটা দরকার তার পুষ্টির জন্য, সেটা তাকে দিতে হবে যাতে তারা চাষে ভাল ভাবে উৎপাদন বৃদ্ধি করবার জন্য উৎসাহ পায়। একটা ইনসেন্টিভ যাতে কৃষক পেতে পারে, তার জন্য অবশ্য এই ব্যবস্থা করা দরকার। অবশ্য তাকে ন্যায্যমূল্য দিতে হবে। তা না দিলে তার চাষে কোন ইনসেন্টিভ থাকবে না। জাপানে কী হয়? কৃষকের যা উৎপাদন হয়, তার উদ্বৃত্তটা সরকার নিয়ে নেয় বেশী দাম দিয়ে। যে দামে সরকার কেনে, তার চেয়ে কম দামে কৃষকের কাছে বিক্রয় করে। কাজে কাজেই সেখানে ব্লাক মার্কেটিং হতে পারে না। তাঁরা বছরে আড়াইশো তিন শো কোটি টাকা সাবসিডি দেয়। আমি জাপানের প্রাইম মিনিস্টারকে জিজ্ঞাসা করেছিলাম জাপানে আপনাদের চালের উৎপাদন তো খুব বেড়ে গিয়েছে, আপনারা কেন ডি-কণ্ট্রোলের কথা ভাবছেন না? আপনারা কেন চালের উপর নিয়ন্ত্রণ রাখছেন? তিনি বললেন খবরদার, ও কথা বলবেন না। নানাকারণে চালের উপর আমাদের নিয়ন্ত্রণ রাখতে হবে। তারা চাল যে দামে কেনেন, তার চেয়ে কম দামে বিক্রী করেন। কিন্তু আমাদের সেই অবস্থা নয়। আমরা যদি চাল বেশী দামে কিনে কম দামে

বিক্রী করতে পারতাম, তাহলে ব্লাক মার্কেটিং হতো না। সমস্ত টাই নিয়ন্ত্রিত হবে, সরকার ছাড়া আর কেউ কিনতে পারবে না। আমরা যদি মূল্য নিয়ন্ত্রণ করতে চাই, তাহলে আমাদের সমস্ত মার্কেটেবল সারপ্লাস ষ্টক করতে হবে, আমাদের হাতে আনতে হবে। আমাদের এখানে যে ফুড্ গ্রেনস এন্‌কোয়ারী কমিটি বসেছিল, তার রিপোর্ট আমরা পরীক্ষা করে দেখেছি। আরো অনেকে এ বিষয়ে অনুসন্ধান করেছেন, তাঁদের সার্ভে রিপোর্ট ও পাওয়া গেছে। অবশ্য যেটা আমাদের মার্কেটেবল সারপ্লাস হওয়ার দরকার, তা হচ্ছে না। এ বিষয়ে আবার দুরকম মত আছে। কেউ বলেন শতকরা ৩০ ভাগ উৎপাদনের মার্কেটেবল সারপ্লাস আবার কেউ বলেন শতকরা ২৫ ভাগ মার্কেটেবল সারপ্লাস হবে। কিন্তু আমাদের দেশে তা হচ্ছে না। ঐ যে চোরাকারবারীদের যেটা, তা কিন্তু ঐ হিসেবের মধ্যে আসছে না। এটা বন্ধ করতে হবে। এটা বন্ধ করবার জন্য আইন করেছি, তা যাতে না হয় তার জন্য অনেক নিয়ম করেছি, অনেক লোককে আমরা ধরেছি। আমি দেখছিলাম কলকাতায় আমরা কত লোককে ধরেছি। কলকাতার বাইরে ও অনেক ধানকল আছে, আমরা তাদের ৫০ জন লোককে ডি. আই. রুলএ আটকে রেখেছি। তা বাদে আরো ১১ হাজার লোককে আমরা স্পেসিফিক কেসে ধরেছি।

[2-50—3 p.m.]

আমরা ধরেছি, আমরা চাল সীজ করেছি। আজকে আমাদের আই জি অব পুলিশ আমার কাছে এসেছিলেন, তিনি আমাকে বললেন বিভিন্ন জায়গা থেকে চোরা চালান যাচ্ছে, আমরা হাজার কুইণ্টাল চাল ধরেছি কিন্তু তাও আমরা কিছু করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ১১ই অক্টোবর নদিয়া গিয়েছিলাম, আমি জানি কিছু কিছু চোরা চালান হয়, কিন্তু আমার ধারণা ছিল না যে এক জেলা থেকে আর এক জেলায় আমাদের মূল্য নিয়ন্ত্রণ লঙ্ঘন করে এই সব হচ্ছে। এবং এই সব নিরোধ করা দরকার প্রতিরোধ করা দরকার। আমরা ধরছি, আমাদের ক্যালকাটা পুলিশ এবং ওয়েস্ট বেঙ্গল পুলিশ ধরছেন। আমি যখন নদীয়া গিয়েছিলাম ১১ই অক্টোবর আপনারা জানেন যে নদীয়ার রাণাঘাটে একটা পুল আছে সেটা খারাপ হয়ে আছে—কবে খগেনবাবু ঠিক করবেন জানি না, আশা করছি এটা শীঘ্র ঠিক হবে—সেখানে একটা ডাইভারশান আছে। ডাইভারশান দিয়ে আমার গাড়ী যাচ্ছে খুব ধুলো উড়িয়ে মুখ্যমন্ত্রী যাচ্ছেন বলে সব আটকে দেওয়া হয়েছে—আটকে না দিলে হয়ত আদবেই দেখতে পেতাম না। তারপর আমি পার হয়ে দেখি প্রায় ৬০—৭০—৮০—টির মত হবে সাইকেল—প্রথমে আমি গুণেছিলাম পরে আর গুণতে পারিনি, তাতে সামনে এবং পেছনে চাল, আমার সঙ্গে যারা ছিলেন তার মধ্যে একজন বললেন এক একটায় ১ মণও হতে পারে ৩০ সের তো নিশ্চয়ই, সাইকেলের সামনে ৩০ সের আর পিছনে ৩০ সের অর্থাৎ মোট ৬০ সের চাল আছে এক একটা সাইকেলে। তারপর আমরা আরেকটু দূরে গেলাম সেখানে দেখি আবার সাইকেল রিক্সায় চাল আসছে—৩০—৩৫ জন হবে আসছে তো আসছেই, তারপর আমি আরেকটু গেলাম গিয়ে দেখি—এটা হলো নদীয়া জেলা, আমি বিহারে মানুষ, আমি বিহারে এক্কা গাড়ী দেখেছি, এক ঘোড়ায় টানে—এই রকম গাড়ী আসছে তো আসছেই। এতো মহামুস্কিল হলো! আমি রাস্তায় একজনকে জিজ্ঞাসা করলাম এখানে চালের দাম কত। একজন বললেন এখানে চালের দাম এক টাকা আট আনা এক টাকা দশ আনা এই রকম। চোখের সামনে দিয়ে এত চাল চলে যাচ্ছে এবং কেউ কেউ বললেন রানাঘাটের দিকে যাচ্ছে বনগাঁর দিকে যাচ্ছে এবং কিছু পরিমাণ পাকিস্তানের দিকে যাচ্ছে, কিন্তু কি পরিমাণ পাকিস্তানে যাচ্ছে তা আমি বলতে পারব না। কেন? কারণ পাকিস্তানে এখন খুব আটক। তাই আমি বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, কি পরিমাণ পাকিস্তানে যাচ্ছে তা আমি বলতে পারব না। সেপ্টেম্বরের মাঝামাঝি পুলিশ থেকে যে বিবরণী পেয়েছি তাতে দেখলাম অন্য জিনিষ তারা ধরেছেন, ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত আমরা ধরেছি এবং আমি অন্য তথ্য ও পেয়েছি, তারা বলছেন সুন্দরবনের দিক থেকেও নৌকায় পাচার হয়ে যাচ্ছে। তারা বললেন এগুলো ধরা বড় শক্ত কারণ আমাদের লঞ্চ ইত্যাদি নেই, এই সবের ব্যবস্থা না করতে পারলে এগুলি ধরা বড় শক্ত। সেদিন আমাদের এক বন্ধু বললেন মেদিনীপুর জেলায় এইরকম একজন কারবার করে। যে এই কারবার করে তার কাছে কিছু নোট পাওয়া গেছে আগষ্টের মাঝামাঝি থেকে সেপ্টেম্বরএর মাঝামাঝি এই সময়এর মধ্যে। এই সব কাজ করতে গেলে সব সময় তো নোট দেখে নেওয়া সম্ভব নয় কোনটা ভারতীয় কোনটা পাকিস্তানী ইনি বললেন তার কাছে দেখেছি কিন্তু আমি যাচাই করিনি তার মধ্যে কিছু পাকিস্তানী নোট পর্যন্ত আছে।

কিছু পরিমাণ চাল পাকিস্তানে যেতে পারে কেন না পাকিস্তানে প্রথম অবস্থায় সব জায়গাতে দাম বেড়ে গিয়েছিল, পাকিস্তানে ঢাকা নারায়ণগঞ্জ খুলনা, চট্টগ্রাম প্রভৃতি জায়গায় সরকার দাম কমিয়ে দিয়েছেন নানাভাবে। নুনের দাম পর্যন্ত ১ টাকা এবং সবচেয়ে বেশী ৬ টাকা এক সেরের দাম উঠেছিল। চালের দাম গ্রামাঞ্চলে অধিকাংশ জায়গায় তিন চার টাকা কিলোগ্রাম হয়। কাজে কাজেই এত যেখানে মূল্যের পার্থক্য সেখানে কিছু যেতে পারে না এটা আমি বলতে পারি না। তবে আমাদের পুলিশের মতে যাওয়া সম্ভবপর নয়। কেন না আমাদের সীমান্ত রক্ষীরা খুব কড়া পাহারা দিচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সীমান্ত হচ্ছে এক হাজার তিনশ উনপঞ্চাশ মাইল এবং যদি লোহার জিনিষ যেতে পারে বিড়ির পাতা যেতে পারে আর চাল যেতে পারে না এটা হলফ করে বলা শক্ত। তবে চাল এরা ধরতে পারেনি, এটা ঠিক। তাই আমি নদীয়াতে যখন এই রকম দেখলাম আমার ফুলিয়াতে একটা মীটিং ছিল, বললাম যে মশায় দেখলাম শত শত মণ চাল এই রকম ভাবে কোথায় যাচ্ছে শুনছি নিয়ন্ত্রিত মূল্যে বিক্রয় হচ্ছে না, আপনারা কেন এই রকম যেতে দিচ্ছেন? (শ্রীগৌর কুণ্ডু :—আপনি মীটিং-এ বলেছিলেন যে সব চাল পাকিস্তানে যাচ্ছে) না আমি একথা বলিনি যে সব চাল পাকিস্তানে যাচ্ছে। হয় আপনি ভুল বলছেন না হয় আমাকে আপনি নির্বোধ মনে করেন। আমি এত নির্বোধ নই, পাকিস্তানে সব চাল যেতে পারে না। কেন না আমাকে ওখানেই নদীয়া জেলার লোকেরা বললেন যে এই চাল আমরাও অনেকে পাই, দেড় টাকা করে কিলো, কাজেই তারাও কিছু পেয়েছে। আবার অনেকে বললেন বনগাঁতেও কিছু গেছে, তারাও কিছু পেয়েছে এবং অনেকে বলেন এর থেকে কিছু অংশ পাকিস্তানে গেছে সব চাল যে পাকিস্তানে গেছে এমন কথা আমি বলিনি এবং এত নির্বোধও আমি নই। এবং তা আমি বিশ্বাসও করি না। কাজে কাজেই পাকিস্তানে যদি একটুকুও যায় তাহলেও সেটা অন্যায়, এক সেরও যাওয়া উচিত নয়, কেন যাবে, এগুলি আমাদের দেশের চাল। (শ্রীকাশীকান্ত মৈত্র :—যখন খবরের কাগজে বেরিয়েছিল, আপনি তখন কেন তার প্রতিবাদ করেন নি?) ?) আমাকে বলতে দিন, মাননীয় সদস্যরা যদি আমার কথা শোনেন এবং আমার কথা কোনটা ভুল আর কোন্‌টা ঠিক সেটা পরে বললে আমি তার জবাব দিতে পারব, এখন যদি আমার ট্রেণ্ডটা নষ্ট করে দেন তাহলে আমি যা আপনাদের কাছে বলতে চাচ্ছি তা বলতে পারব না। (শ্রীনিখিল দাস :—এতক্ষণ আপনি যা বলছিলেন ভালই বলছিলেন) মাননীয় সদস্য বলছেন যে আমি এতক্ষণ ঠিকই বলছিলাম, শুনে আমি খুব খুশী হলাম। আমি তাদের সম্বন্ধে এখনও কোন সমালোচনা করনি কাজে কাজেই এতক্ষণ যদি খুশী হয়ে থাকেন আর একটু ধৈর্য্য ধরে শুনলে পর খুশী হবো। এর পর যখন অখুশীর কথা বলব তখন বলবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার বলতে পারি যে আমি কখনো বিশ্বাস করি না এবং আমি নির্বোধও নই যাতে আমি বলতে পারি যে সমস্ত চাল পাকিস্তানে যাচ্ছে। তা যদি হত তাহলে পর এই চাল স্থানীয় লোকেরাই বেশী করে ধরত। তবে কিছু পরিমাণ যেতে পারে তাতে সন্দেহ নাই, এবং আমি ফুলিয়ার মীটিং-এ সমস্ত চাল পাকিস্তানে যাচ্ছে তা বলিনি। আমি বলেছিলাম কিছু পরিমাণ চাল পাকস্তানে যাচ্ছে বলে লোকে সন্দেহ করছে। আমি এই রকম কথা বলতে পারি না। আমি বলেছি কিছু পরিমাণ চাল পাকিস্তানে যেতেও পারে। এবং তা যদি যায় তাহলে পর লোকে কি বলবে? বলবে আমরা পাকিস্তানে চাল পাঠিয়ে তাদের সাহায্য করছি। এখন যে নদীয়া জেলায়, ২৪ পরগণায়, হাওড়া জেলায় যে অসুবিধা হয়েছে, তার কারণ হচ্ছে আমাদের পুলিশ ও খাদ্য বিভাগের কর্মচারীরা তারা খুব কঠোরভাবে দেখছেন বাইরে থেকে চাল আসছে কিনা এং তারা তা বন্ধ করছেন। এবং তার দরুন প্রথম চোটে—সবাই প্রতিরোধ করবে। যারা চোরাচালান দেয় তারা বলবে দেখি কি রকমভাবে চাল পায়, চাল যেতে দেব না। আর অনেকে বলবে এবং তারা ভয়ও পাবে যে আমরা চাল নিয়ে যাচ্ছিলাম বেশী মূল্যে বিক্রী করব বলে লাভের জন্য, পুলিশ যদি আমাদের চাল নিয়ে নেয় আবার থানায় নিয়ে আটক করে তাহলে আমরা লাভ কি করবো? কাজে কাজেই এই কাজটা যারা করছেন তারা করবেন না। এর ফল হয়েছে এই চাল এখানে আটক পেল বাধা পেলতার জন্য দেখছি এই রাইস মিলগুলিতে ধান একটু বেশী করে যেতে আরম্ভ করল।

[3—3-10 p.m.]

এবং আমি তখন দেখলাম ৭-৮ দিন সেখানে খুব কষ্ট হয়েছে, অসুবিধা হয়েছে, সেখানে আমরা চাল পাঠাতে পারিনি। কারণ আমাদের এখানে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাল বেটা

আমাদের পাওনা ছিল যেটা আশা করেছিলাম সেপ্টেম্বরের মধ্যে আমাদের হস্তগত হয়ে যাবে সেটা আসেনি, সেজন্য আমরা পাঠাতে পারিনি। তা সত্ত্বেও আমি নদীয়া জেলায় দেখেছিলাম প্রথম ৭ দিন খুব অসুবিধা হয়েছিল তারপর আমরা ধীরে ধীরে সেখানে চাল পাঠাচ্ছি—বিভিন্ন জেলা থেকে পাঠাচ্ছি। আমি নদীয়া জেলার অঙ্কগুলি দেখছিলাম, নদীয়া জেলাতে ঐ ঘটনার পর আমরা ২ হাজার ২ শত ৮১ টন চাল পাঠিয়েছি। এর মধ্যে শুধু কলকাতা থেকে আমাদের র‍্যাশন ষ্টক থেকে অতি কষ্টে যে পাঠান হয়েছে তা নয়, বীরভূম থেকে ৬০৪ টন, বর্ধমান থেকে ১০০ টন, পুরুলিয়ার ডেপুটি কমিশনার বললেন যে, হাঁ ধান রয়েছে, পাঠাতে পারি, সেখান থেকে ৮৫০ টন পাঠিয়েছি এবং কলকাতা থেকে ৩৪৪ টন পাঠিয়েছি। আর আগেকার যে ষ্টক ৩৮২ টন ছিল ১১ই অক্টোবর সেটা বাদ দিলে ১ হাজার ৯ শত টন চাল আমরা পাঠিয়েছি। আর গম পাঠিয়েছি—আগে ওদের হাতে ছিল ১৫০৯ টন, ২ হাজার ১৪ টন ওখানে পাঠিয়েছি। এতে লোকের খুব অসুবিধা হয়েছে, ১১ই অক্টোবরের পর কি রকম অসুবিধা হয়েছে একটা অঙ্ক দিলেই বুঝতে পারবেন। জুলাই মাসে আমাদের র‍্যাশন ষ্টক থেকে মডিফায়েড র‍্যাশন হিসাবে নদীয়া জেলায় ৬২৪০ টন চাল আমরা দিয়েছিলাম, আগষ্টএ দিয়েছি ৫৫৫২ টন, সেপ্টেম্বরে ৫২২৩ টন, আর গম দিয়েছি ৩২১১ টন অক্টোবরে। কিন্তু চাল এ পর্যন্ত ওরা পেয়েছে ১৫০৪ টন। কাজে কাজেই এই ৫ হাজার ৬ হাজার, আর ১৫ শত এতে নিশ্চয়ই অসুবিধা হয়েছে। অন্যান্য জেলার খবর পরে দেবো। কিন্তু যেটা আমরা পাঠিয়েছি, ওদের হাতে ষ্টক যেটা ছিল, এর মধ্যে কলকাতার আছে, পুরুলিয়ার আছে, মোটামুটি হিসাবে যেটা আমরা দিতে পারিনি সেটা আমরা দিতে পারতাম যদি আমরা কেন্দ্রের কাছ থেকে ঐ ৩৬ হাজার টন টন পেতাম। কিন্তু আমাদের এই যে দুটো নীতি এই দুটো নীতি আমরা কার্যকরী করবার চেষ্টা করছি—একটা হচ্ছে, সহরাঞ্চলগুলিতে, কলকাতা এবং শিল্পাঞ্চলে আমরা বাংলাদেশের চাল যত কম পারি খরচ করবো এবং আমি যেসব অঙ্ক দিয়েছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বুঝতে পারছেন আমরা তাই করেছি এবং বাংলা দেশের চাল মোটামুটি বাংলা দেশের লোকে খাবে এবং বণ্টনের সুব্যবস্থা হবে এবং মূল্য নিয়ন্ত্রিত হবে। এটা খুব শক্ত কাজ আমি জানি, এটা ভারতবর্ষের অন্য কোথায়ও পারেনি। আমাকে অনেকে ঠাট্টা করে বলে, অসম্ভবকে সম্ভব করতে যাচ্ছেন। আমার একজন কম্যুনিষ্ট বন্ধু সকাল বেলায় আমাকে বলেছেন সহানুভূতির সঙ্গে যে এটা আপনাকে করতেই হবে, যদি এটা করতে পারেন খুব ভাল হবে, করতে না পারলে ভয়ঙ্কর অসুবিধা হবে। এটা যদি আমরা করতে চাই তাহলে আগামী বছরে আমাদের কি নীতি হবে মোটামুটিভাবে আমরা ভেবেছি তবে সম্পূর্ণ নীতি আমরা এখনও রচনা করতে পারিনি। আমাদের নীতি কি হবে না হবে সে সম্বন্ধে মাননীয় সদস্যরা হয়ত বলবেন, সেটা পরে আর একদিন আলোচনা করবো, কিন্তু আগামী বছরে কি নীতি হবে সেদিকে লক্ষ্য রেখেই আমরা কাজ করছি। আমরা দেখতে পাচ্ছি যে মার্কেটেবল সারপ্লাস যত আছে সব আমাদের নিয়ে নিতে হবে।

Shri Nikhil Das:

স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার, আমাদের আজকে যে ডিবেট হচ্ছে সেটা কারেণ্ট ফুড সিচুয়েশন সম্পর্কে। উনি আগামী ফুড পলিসি সম্পর্কে বলছেন।

Mr. Speaker:

উনিত বলছেন যে আগামী বছরের নীতি কি হবে সেটা পরে বলবেন, আপনারা ভাল করে না শুনেই বাধা দিচ্ছেন।

Shri Prafulla Chandra Sen:

আমাদের আগামী বছরের খাদ্য নীতির পরিপূর্ণ যে চিত্র সেটা পরে দেবো, কিন্তু এ বছরে যেটা দেখে, ঠেকে, শিখেছি সেগুলির অভিজ্ঞতা সম্পর্কে বলছি। মাননীয় সদস্যরা যদি শুনতে না চান আমি বলবো না। আমার মূল বক্তব্য হচ্ছে আমাদের এখানে, আমার কাছে ঠিক অঙ্ক নেই, তবে মোটামুটিভাবে ৬ লক্ষ টনের মত গম এবারে ষ্ট্যাটুটরি র‍্যাশনিং এরিয়ার এবং মফঃস্বলে দিতে পেরেছি ষ্ট্যাটুটরি র‍্যাশনিং এরিয়ায় যে পরিমাণ চাল খরচ করেছি সেটা হচ্ছে ৩ লক্ষ

৪১ টন এবং গমও ঐ পরিমাণ খরচ করেছি এবং পরে ২ লক্ষ ৪০ টন গম আমরা মফঃস্বলে দিয়েছি। আমরা মফঃস্বল থেকে বাংলা দেশের চাল যত এনেছি তার পরিমাণ হচ্ছে ৭৭ হাজার টন কিন্তু গম দিয়েছি ২ লক্ষ টনের উপর। কাজে কাজেই কলকাতা এবং বিধিবদ্ধ র‍্যাপনিং এলাকা শিল্পাঞ্চলে আমরা বাংলা দেশের চাল মাত্র ৭৭ হাজার টন দিয়েছি, তার পরিবর্তে ২ লক্ষ টন গম আমরা গ্রামকে দিয়েছি। তাতে অসুবিধা হয়েছে সত্য। সেজন্য মাননীয় সদস্যদের একথা বলতে চাই ১৯৬৩ সালে আমরা কেন্দ্রের কাছ থেকে ১০ লক্ষ টন গম পেয়েছিলাম, এ বছরে ৬ লক্ষ টনের কাছাকাছি পেয়েছি, আর এই দু'মাসে কিছু পাবো, আমার মনে হয় ৭ লক্ষ টন হবে। ১০ লক্ষ টন পাব না, তা পেলে অসুবিধা হত না। এখন কথা হচ্ছে পাকিস্তান এবং ভারতবর্ষের মধ্যে এতদিন যে যুদ্ধ হল সেটা এখনও নবযৌ ন তস্থৌ অবস্থায় আছে। এবং আমরা খাদ্যে স্বাবলম্বী না হলে বিশেষ বিপদে পড়বো, সেদিক থেকে যদি বিচার করি তাহলে আমাদের যা আছে তাই ভাগ করে খেতে হবে এবং সেজন্য আমাদের উৎপাদন বৃদ্ধির জন্যে চেষ্টা করতে হবে। এখন নদীয়া মুর্শিদাবাদ, ২৪ পরগনা, হাওড়া, অন্যান্য যে সমস্ত ঘাটতি জেলা যেখানে বিশেষ অসুবিধার সৃষ্টি হয়েছে আমাদের খাদ্য বিভাগ তাদের সেই অসুবিধা সম্পর্কে শুধু যে অবহিত আছেন তা নয় তারা রোজ যেখানে যতটা উত্তরণ দেখছে সেখানে থেকে ততটা নিয়ে ঘাটতি জেলায় পাঠাচ্ছে, আরো ৭ দিন অসুবিধা হবে, ইতিমধ্যে আরো এক জাহাজ চাল থাইল্যাণ্ড থেকে আসছে, আমরা আশা করছি সেটা ৭-৮ দিনের মধ্যেই পেতে পারবো এবং এই সব জেলাতে বেশী পরিমাণে চাল দিতে পারবো। গম আমরা কিছু কমাইনি, অক্টোবরে ১৫ শত টন চাল যেমন এখান থেকে পাঠিয়েছি তেমনি ৩ হাজার টনের উপর গম দিয়েছি, আমরা গমটা বেশী দিতে পারবো। এখন ৫।৭ দিন একটু অসুবিধা হবে। এই যে অসুবিধা হচ্ছে এথেকে আমাদের ভবিষ্যতে কি করণীয় তার ইঙ্গিত আমরা পেয়েছি এবং সেই অনুসারে—আমাদের ভবিষ্যতের খাদ্যনীতি কি হবে তা ঠিক করতে হবে।

[3-10—3-35 p.m.]

আমার এখানে একটা কথা আছে, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন, আমি যখন কালকে এই হাউসে ছিলাম না তখন হাউসে খুব হৈ চৈ হয়েছিল আমাদেরও একজন সদস্য শ্রীমুরারী মোহন মান্না তিনি নাকি পাকিস্তানে চাল চালান দিয়েছে

(বিরোধী পক্ষের বেঞ্চ হতে তুমুল হট্টগোল)

Shri Kashi Kanta Maitra:

স্যার, এটা তো প্রিভিলেজ কমিটির ব্যাপার .. ..

Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্বন্ধে একটা ভ্রান্ত ধারণা সৃষ্টি যে হয়েছে সেটা আমি নিরাকরণ করতে চাই—কালকে আপনার কাছে এবং আমাদের মন্ত্রী মণ্ডলীর কাছে বলা হয়েছিল যে ওঁরা জবাব দিক .. ..

(তুমুল হট্টগোল)

ওরা যদি শুনতে না চান তাহলে আমি বলবো না। আমি আমার এই বক্তব্য রাখলাম—পরে আবার মাননীয় সদস্যদের কথা শুনে জবাব দেবো।

Shri Aswini Roy:

স্যার, আমার একটা পয়েণ্ট জানা দরকার। চাষীদের যে ধানের দর দেওয়া হচ্ছে এবং এ বছর প্রকিওরমেণ্ট করতে গেলে সেদিকে কোন রেজিস্টান্স আছে কিনা—এ জিনিসটা ওঁর বক্তব্যের মধ্যে রাখা উচিত।

Mr. Speaker: The House stands adjourned for 20 minutes.

[At this stage the House was adjourned for 20 minutes]

[After Adjournment]

[3-35—3-45 p.m.]

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আজকে এই যে খাদ্য বিতর্ক সুরু হয়েছে মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয়ের বিবৃতি থেকে সুরু করে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই যে আজকে সমস্ত পশ্চিমবাংলায় একটা দুর্ভিক্ষের অবস্থা দেখাদিয়েছে। ঘাটতি জেলা বাড়তি জেলা সমস্ত জেলাতেই আজকে চালের দাম হু হু করে বেড়ে যাচ্ছে। তার ফলে গরীব মানুষ মধ্যবিত্ত শ্রেণীর মানুষ তারা আজকে চাল কিনতে পাচ্ছে না। ফলে তাদের সংসারে হাহাকার সুরু হয়ে গেছে। এবং বহু শিশু সন্তান আজ না খেতে পেয়ে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে। আজ খগেনবাবু একটা উদাহরণ দিয়েছেন—এই রকম উদাহরণ বাংলা দেশের বিভিন্ন ক্ষেত্রে আছে। সেগুলি সরকারী দপ্তরে এসে পৌঁছাচ্ছে কিন্তু সরকার সেগুলি একেবারে চেপে যাচ্ছেন। আজকে এই গুরুত্ব পশ্চিমবঙ্গ বিধান সভার অনুভব করা উচিত যে আমরা এখানে বাংলাদেশের প্রতিনিধি আছি—বাঙ্গালী জাতি আজ অনাহারে অর্ধাহারে মারা যাচ্ছে তাদের দুটো অন্ন বস্ত্রের কি করে ব্যবস্থা করতে পারি উপায় উদ্ভাবন করতেই হবে। বাংলা দেশের মানুষ মন্ত্রীদের মত গাড়ী বাড়ী চায় না—মন্ত্রীদের মত লাইসেন্স পারমিট কিছু চায় না—তারা চায় দুটো ভাত—কিন্তু আমাদের প্রফুল্ল বাবু আজকে ১৭ বছর ধরে তাদের সেই ভাতের ব্যবস্থা করতে পারেনি। আমরা দেখছি জেলায় জেলায়—যেমন নদীয়া জেলার কথা কথা আমি বলতে চাই—আমাদের মুখ্য মন্ত্রী অনেক ক্ষণ নদীয়া জেলার কথা বলেছেন—নদীয়া জেলা ঘাটতি জেলা—সেখানে বছরে মাত্র ৪ মাসের খোরাক হয়—এবার তাও হয়নি—কারণ আউস ধান অন্যবার যা হয় এবার তার অধেক হয়েছে—বহু আউস ধান বৃষ্টি না হবার জন্য নষ্ট হয়ে গেছে।

তার ফলে সেখানে মাত্র দু মাসের খোরাক হয়েছে—বাকী দশ মাসের খোরাকের জন্য তাদের বাজারের চালের উপর নির্ভরশীল হয়ে থাকতে হয় আমরা নদীয়া জেলার লোক আমরা বর্ধমান জেলার চালের উপর নির্ভরশীল, বর্ধমান জেলা থেকে যে চাল যায় সেই চাল নদীয়ার লোক লোকদের কিনে খেতে হয়। সরকার গত বছর খাদ্য নীতি সম্বন্ধে গভর্নমেন্টের এ্যাড্ভোসের মারফৎ তাদের বক্তব্য রেখেছিলেন, তারা বলেছিলেন যে আমরা মফঃস্বল জেলাগুলিতে ১ কে. জি. চাল, এবং ১ কে. জি. গম প্রত্যেককে দেবো যাতে করে সেই জেলায় চালের দাম কমে যায়। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতেপারি যে গত দু মাস যাবত সরকারের তরফ থেকে গ্রাম কলোনী ক্যাম্প কোথায়ও রেসন দেওয়া হচ্ছিল না—তার পর চেঁচামেচি করার পর এক কেজি করে দিয়েছেন—ফলে. আমাদের ওখানে নদীয়া জেলার লোকদের ঐ চাল এবং গমে চলতো না, সেজন্য বর্ধমান থেকে যে চালটা আসতো সেই চালের উপর আমরা নির্ভরশীল ছিলাম। একথা যদি কেউ বলেন যে গ্রামের সব লোকের ঘরে ধান চাল আছে—তাহলে ভুল। হয়তো শকরা ২৫ জনের ঘরে আউস ধান থাকতে পারে কিন্তু ৭৫ জন লোকের ঘর কিছুই নেই। তারা বাজারের চালের উপর নির্ভরশীল। কালনা কাটোয়া থেকে যে চাল আসে সরকারী দর অপেক্ষা বেশী দামে সেটা বিক্রি হয়। একথা সরকার চার পাঁচ বছর আগে থেকে জানেন যে নিয়ন্ত্রিত দরে কোন খানে চাল পাওয়া যায় না—কিন্তু কোন দিন সরকার এ সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ করেন নি। হঠাৎ মুখ্যমন্ত্রী ফুলিয়ায় গেলেন—গিয়ে এমন এক বিবৃতি দিলেন যে বিবৃতির ফলে আমাদের জেলায় চরম খাদ্য সঙ্কট দেখা দিল। তিনি আজকে অবশ্য বল্লেন যে আমি বলি নি একথা—কিন্তু আমি জানি সেখানকার সমস্ত লোক বলেছে এবং কাগজের রিপোর্টেও বেরিয়েছে যে মুখ্যমন্ত্রী একথা বলেছেন যে নদীয়া জেলা থেকে চাল পাকিস্তানে পাচার হয়ে যায়, এখানে আমরা চাল

আসতে দেখো না এবং সেই চাল অবিলম্বে সিজ করো। যখন সেই চাল সিজ করা হোল—তখন বাজার থেকে সমস্ত চাল অদৃশ্য হয়ে গেল, এক ছটাকও চাল বাজারে পাওয়া যায় না—কি বড় লোক কি গরীব লোক তারা চাল কিনতে পারে না। গরীব রিক্সাওয়ালা এক কেজি চাল একটু আলু কিনে আলু ভাতে ভাত খাবে তারও উপায় নেই। লোকের ঘরে চাল নেই। এইভাবে গ্রামে কলোনীতে ক্যাম্পে সর্বত্র একটা দুর্ভিক্ষের অবস্থার সৃষ্টি হোল।

আমরা টেলিগ্রামের পর টেলিগ্রাম পাঠালাম মুখ্যমন্ত্রীর কাছে—সেখানকার জনসাধারণ টেলিগ্রাম পাঠালো এমন কি শুনেছি সেখানকার কংগ্রেসের লোকেরা পর্যন্ত টেলিগ্রাম পাঠালো যে একটা ব্যবস্থা করা হোক—কিন্তু মুখ্য মন্ত্রী কি করলেন—আগে সহরে যেখানে এক কে. জি. রেসন দিতেন এখন সেখানে ৭৫০ করে দিলেন। তিনি বল্লেন জেলাতে জেলাতে বহু চাল পাঠিয়েছি—কিন্তু বাস্তব ঘটনা হচ্ছে এই যে সহরের রেসন কমিয়ে ৭৫০ করে দেওয়া হয়েছে। ১৩ই অক্টোবর মুখ্য মন্ত্রী ঘুরে আসবার পর আরও রেসন কমলো গ্রাম কলোনীতে কোথায়ও ২০০, কোথায়ও ৪০০ কোথায়ও ৫০০ গ্রাম করে দেওয়া হোল। অথচ কাগজে বিবৃতি বেরুচ্ছে ফলাও করে যে আমাদের নদীয়া জেলায় প্রচুর ধান চাল পাঠানো হচ্ছে। স্মরজিৎবাবু নদীয়া পরিভ্রমণ করে রিপোর্ট দিলেন যে সেখানে উন্নতি হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি চাল নিয়ে রাজনীতি করবো না—কিন্তু আমি বলবো যে নদীয়ার অবস্থা অত্যন্ত সঙ্গীন—সেখানে চাল পাওয়া যায় না—যাও পাওয়া যায় তাও দু টাকা আট আনা করে সের—সেখানকার মানুষ কাহিল হয়ে এসেছে কাজেই আমি বলবো যে সেখানকার কর্ডনিং প্রথাটা একটু রিল্যাক্স করা দরকার এবং বর্ধমান জেলা থেকে চাল এনে নদীয়ার লোককে খাওয়ানো উচিত। আমরা কেউ চাই না যে পাকিস্তানে চাল যাক, তার জন্য আপনাদের কাষ্টমস মিলিটারী আছে তারা সেই জিনিসগুলি বন্ধকরতে পারেন। আজকে শুধু নদীয়ার প্রশ্ন নয়, আজকে মুর্শিদাবাদ কুচবিহার হাওড়া হুগলী সব জায়গায় এই অবস্থা দেখা দিয়েছে। কলকাতার রেশনিং-এ যে চাল বা গম দেওয়া হোত তাও কমিয় দেওয়া হয়েছে। কাঁচড়াপাড়া, শোধপুর এই সব জায়গায় লোক তারা বাজার থেকে চাল কিনতে বাধ্য হয়, সেখানে আজকে চালের দর তিন টাকা উঠে গেছে এবং হাওড়ার গ্রামাঞ্চল মুর্শিদাবাদ এই সমস্ত জায়গায় চালের দর দু টাকা তিন টাকা উঠেছে। তাহলে দেখা যাচ্ছে যে যে লোক দেড় টাকা থেকে দু টাকা আয় করে সে তো আর ঐ দামে চাল কিনে খেতেই পাবে না।

এই অবস্থার পরিপ্রেক্ষিতে যে অবস্থার সৃষ্টি হয়েছে সে অবস্থার কি পরিবর্তন করা যেত না? মুখ্য-মন্ত্রী বলেছেন বাংলাদেশ খাদ্যে স্বয়ং সম্পূর্ণ নয় কিন্তু আমি মুখ্য মন্ত্রীকে বলি বাংলাদেশ একটা স্বাধীন স্বার্বভৌম রাষ্ট্র নয় এ বাংলা দেশ ভারতবর্ষের মধ্যে রয়েছে আজ যদি বাংলা দেশের লোক না খেতে পায় তাহলে অন্য যে প্রভিন্স রয়েছে উড়িষ্যা মধ্যপ্রদেশ সেখান থেকে চাল কেন আনা হবে না আজকে এ অবস্থারি উন্নতি করা কি যেত না আমরা বহুদিন থেকে বলে আসছি যে মিল মালিকদের কাছে চালের ব্যবসা ছেড়ে দেবেন না তারা সব রাঘব বোয়াল কিন্তু আজকে মুখ্য মন্ত্রী সেই মিল মালিক দের বাঁচিয়ে গেলেন কি বললেন প্যাডি হাসকিং মেসিন গুলোর যত দোষ। কিন্তু আমরা জানি বর্দ্ধমান বীরভূম মিল মালিকরা যে সমস্ত ধান তারা কিনেছে চাল কিনেছে তার হিসাব তিনি দেখাচ্ছেন ৫ লক্ষ টন, অথচ তারা উৎপাদন করেছে ১৫ লক্ষ টন মিল মালিকদের উপর তাঁর অগাদ ভালবাসা আছে জানি। মিল-মালিকরা যে হিসাব দিয়েছে তা সব সত্য ঘটনা, কিন্তু হাসকিং মেসিন বা বলছে সব মিথ্যা ঘটনা সেজন্য ৫ লক্ষ টনের হিসাব দেওয়া হয়েছে। কিন্তু ৫ লক্ষ টনের বেশী তারা উৎপাদন করেছে এবং যে চাল তারা বাজারে ছেড়ে ছে যার ফলে বর্দ্ধমানে চাল ৭৬ পয়সায় পাওয়া যায় না এবং সেখানে আমরা শুনছি ১-৫০ পয়সায় চালের দাম। এই মিলমালিকদের গায়ে তিনি হাত দেবেন না। এই মিল মালিকদের যদি হস্তক্ষেপ করা হোত তাহলে

এ অবস্থার সৃষ্টি হত না। যদি মজুতদারদের ধান কেনার সুযোগ না দেওয়া হত তাহলে এ অবস্থায় সৃষ্টি হত না। যখন এ ঘটনা চলছে তখন মুখ্য মন্ত্রী বলেছিলেন আমরা এটার একটা ব্যবস্থা করবো তিনি কি করলেন না কলকাতায় রেশনিং করলেন এবং বাংলা দেশের তিন সাড়ে তিন কোটি মানুষকে চোরা কারবারের মুখে ঠেলে দিলেন। যদি তিনি বাংলা দেশে সংশোধিত রেশনিং-এ উপযুক্ত চাল গম সরবরাহ করতেন তাহলে আমাদের বলবার কিছু

ছিল না কিন্তু তার ব্যবস্থা কিছু করলেন না। এম আর সপএ কোন সপ্তাহে চাল পাওয়া যায় কিন্তু বেশীর ভাগ চাল গম পাওয়া যায় না এবং বাজারে সেখানে চালের দাম ২৲ ২॥ টাকা, আমরা জানি এ আমাদের পরিবর্তন করা যেত যদি মিল মালিকদের গায়ে হাত দেওয়া হত এবং মিল গুলিকে জাতীয়করণ করে ছোট ছোট দোকান মারফৎ সে চাল বিলি বণ্টন করলে এ সমস্যার সমাধান হত। কিন্তু কংগ্রেসী সরকার এ মিলমালিকদের গায়ে হাত দিতে চান না তার জন্য আজকে বাংলাদেশের লক্ষ লক্ষ কোটি কোটি মানুষকে অনাহার অর্দ্ধাহারের দিকে ঠেলে দিয়েছেন, এর আগে গভর্নর বলেছিলেন যে আমরা কলকাতায় ২.৪ কেজি ফুড দেবো। এখন তা কমিয়ে দেওয়া হল। চিন্তা করুন কলকাতায় যারা অধিবাসী আছে তাদের এখন যা দেওয়া হচ্ছে এই ১৯ শত গ্রাম তাতে তাদের ১ সপ্তাহ চলতে পারে কিনা এবং তার ফলে চোরা কারাবারীদের কাছ থেকে চাল গম কিনতে হচ্ছে এবং তার দাম হচ্ছে ৩৲ কেজি যেটা বিভিন্ন জায়গা থেকে আসছে। মুখ্য মন্ত্রী বলেছিলেন আমরা বিভিন্ন মিল মালিকদের কাছ থেকে ৪ লক্ষ টন চাল নেবো। সেই চাল আমরা বিলিবণ্টন করবো কলকাতার রেশনিং এর মধ্যে কিন্তু তিনি এখন যা বললেন তাতে ২ লক্ষ টন করা হয়েছে কিন্তু কেন করা হল কারণ তিনি মিল মালিকদের গায়ে হাত দিতে চান না। মফঃস্বল জেলার জন্য বলেছিলেন ১ কোজি চাল এবং গম দেবেন কিন্তু তা যিনি করলেন না। এর মফঃস্বল জেলার জন্য বলেছিলেন ১১ কেজি চাল এবং গম দেবেন কিন্তু তা তিনি করলেন না। এর আগেই বলেছি অত্যন্ত কম পরিমাণ দেওয়া হয় এবং তাও আবার অনেক সময় পাওয়া যায় না, এবং ক্যাম্প এবং কলোনীতে রেশান বন্ধ করে দেওয়া হয়েছে এবং শহরে রেশানের পরিমাণ কমিয়ে দেওয়া হয়েছে। বাজারে চাল পাওয়া যাচ্ছে না আপনি আগে হিসাব দিয়েছিলেন যে বাংলা দেশে ৪ লক্ষ টন ঘাটতি আছে। সেণ্ট্রাল এবং উড়িষ্যা থেকে যদি কিছু চাল আনাহত এবং স্টেট ট্রেডিং করে চাল সরকারী আওতায় আনা হত তাহলে এ অবস্থার সৃষ্টি হত না।

[3-45—3-55 p.m.]

সেজন্য আমরা দাবী করবো কংগ্রেস সরকারকে যে তাঁদের ভুল নীতির জন্য মিল মালিক চোরা কারবারীরা চাল ন্যায্যদরে বিক্রি করার পরিবর্তে বাংলা দেশের ৭৬ পয়সার চাল ২৲ ২॥ টাকা দরে বিক্রি হচ্ছে। আজ কেন্দ্রে যে সরকার সে সরকার কংগ্রেস সরকার তারা বাংলা দেশের দুর্ভিক্ষের অবস্থা জেনেও চাল দিচ্ছেন না গম দিচ্ছেন না এই যে কঠোর কাজ করছেন তার জন্য আমি তাদের অপরাধী করছি। মুখ্য মন্ত্রীর উপর বাংলা দেশের লোকের এই যে অনানাহার এবং অর্দ্ধাহার অনুভব করছে এ অবস্থার অবিলম্বে দূরকরা যেত মিণ মালিকদের কাছ থেকে চাল সিজ করে নিয়ে এসে চোরাকারবারীদের কাছ থেকে নিয়ে এসে বিভিন্ন জায়গায় সমভাবে বণ্টর করা যেত এবং তাহলে এ সমস্যার সমাধান হত। কিন্তু আমাদের সরকার তা করলেন না। তাঁরা চোরাকারবারী মিলমালিক মজুতদারদের স্বার্থ দেখছেন এবং দেখে তাঁরা আজকে স্টেট ট্রেডিং করলেন না। কেন্দ্র থেকে চাল আনলেন না এবং বাংলা দেশের মানুষকে চোরা কারবারীর দিকে ঠেলে দিয়েছেন সেজন্য এই ক্রাই সিপ, এই সঙ্কট থেকে মুক্তি পাবার জন্য মুখ্য মন্ত্রী যে ভুল নীতি গ্রহণ করেছেন তার ফলে এই সমস্যার সৃষ্টি হল। সেজন্য আজ তিনি পাকিস্তানের কথা বলছেন। পাকিস্তানে যদি চাল যায় নিশ্চয় সেটা বন্ধ করতে হবে। কিছু পরিমাণ চাল চিরদিনই স্মাগলড হয় তার জন্য মিলিটারী দিয়ে তা বন্ধ করবার চেষ্টা করতে হবে। কিন্তু ঐএ কথা বলে চোরা কারবারীদের আড়াল করবার যে চেষ্টা কেন্দ্রীয় সরকারকে আড়াল করবা যে চেষ্টা সে চেষ্টার আমরা সম্পূর্ণ বিরোধীতা করি। হাসকিং মেসিন যদি কিছু করে তাহলে নিশ্চয়ই তা বন্ধ করতে হবে কিন্তু আজকে তার চেয়ে বেশী অপরাধ করছে বড় বড় মিল মালিক মজুতদার এবং এই সরকার ও ঐ সরকারী কর্মচারীরা। এর পর আমি কর্ডার্ট ন সিস্টেম সম্বন্ধে কিছু বলতে চাই। চাল বাড়তি জেলা এবং ঘাটতি জেলায় যে কর্ডন সিস্টেম করা হয়েছে এর জন্য কি হয়েছে না চোরা [illegible] সুযোগ করে দেওয়া হয়েছে যে তোমরা যেখানে কর্ডন আছে সেখানে চাল পাঠাতে পারবে না। অতএব তারা চালের দাম বাড়ালো। পুলিশ সেখানে ঘুষ নিচ্ছে যে চাল যদি আসতে হয় তাহলে হপ্তা প্রতি ১ টাকা বা ২ টাকা

ঘুষ দিতে হবে। এর ফলে ডেফিসিট এলাকায় অভাব বাড়ছে এবং চালের অভাবে কর্ডন এলাকার প্রচুর পরিমাণে দাম বেড়ে যাচ্ছে। কালনা বর্দ্ধমানে যে চাল ১.০৫ নয়া বিক্রি হচ্ছে সেটা নদীয়ায় দেখা যাচ্ছে ১.৩০ নয়া বিক্রি হচ্ছে জিজ্ঞাসা করলে জানা যায় ঘুষ দেবার জন্য চালের দাম বাড়ছে। সেজন্য এই যে কর্ডন সিস্টেম হয়েছে বিশেষ করে ঘাটতি ও বাড়তি জেলায় মুর্শিদাবাদ ও নদীয়ায় বর্দ্ধমানের চাল না এলে সেখানে কোন প্রকারে চলতে পারে না। কিন্তু মুখ্য মন্ত্রী জেলা ম্যাজিস্ট্রেটকে পাওয়ার দিলেন যে বাড়তি জেলা থেকে চাল আনতে পারবে না। এর ফলে নদীয়া মুর্শিদাবাদে চাল আসছে না এবং পারমিট ইত্যাদির ব্যবস্থার ফলে সেখানে চাল নেই। বাড়তি জেলার চাল সংগ্রহ করার অধিকার জেলা ম্যাজিস্ট্রেটকে দেন নি তার ফলে ঘাটতি জেলায় কোনরকম সাপ্লাই হয় না, এবং এর ফলে সেখানকার মিল মালিক চোরা কারবারীরা বেশী দামে বাজারে চাল বিক্রি করছে এবং তারা পারমিটগুলোকে অনার দেয়না। এসব করণে এ সব ঘাটতি জেলায় এ অবস্থার সৃষ্টি হয়েছে।

সেই জন্য বলতে চাই আজকে যে শুধু ঘাটতি জেলাতেই সঙ্কট সুরু হয়েছে, তা নয়, আজকে বর্দ্ধমান জেলায় চালের দাম বেড়ে গিয়েছে, মেদিনীপুর জেলায় চালের দাম বেড়ে গিয়েছে। এর কারণ হচ্ছে এই—মজুতদার ও মিল মালিকরা চাল মজুত করে রাখলে, বা গুদামজাত করে রাখলে, সেই চাল আজকে বিভিন্ন গোপন পথে বাজারে বিক্রয় করছে, এবং তাদের গায়ে হাত না দেবার জন্য এই অবস্থাটা সৃষ্টি হয়েছে, এবং এখন কলিকাতাতে যে যে চালটা সংগ্রহ করবার কথা ছিল, সেই চালটা তাঁরা সংগ্রহ করতে পারলেন না। এখন প্রফুল্লবাবু কি করছেন? না, তিনি কেন্দ্রের কাছে গিয়েছেন, দিল্লীতে গিয়েছেন, সেখানে তিনি তার বলিষ্ঠ খাদ্য নীতির জন্য এই অপূর্ব খাদ্য নীতির জন্য, তিনি খুব বাহবা পেয়েছেন। এখন কলকাতার রেশনিং ভেঙ্গে পরবার উপক্রম। তিনি বর্দ্ধমান ও মেদিনীপুর থেকে যা চাল পাচ্ছেন বা অন্যান্য জায়গা থেকে যখন যে চাল পাচ্ছেন, সব নিয়ে আসছেন। তিনি হাসকিং মিল থেকে সমস্ত চাল সংগ্রহ করে কলকাতায় আসছেন। সুতরাং আজকে সেই চাল গুলো যে সমস্ত ঘাটতি জেলায় যেতো, তা বন্ধ করে দিচ্ছেন। বাংলা দেশের অন্যান্য জেলায় তিন কোটি লোক কি খাবে, তার ব্যবস্থা তিনি করতে পারলেন না। সেখানে রেশনিং এ কোন চাল পাঠালেন না। সেখানকার চাল সরবরাহ সম্পূর্ণরূপে বিপর্যস্ত করে দিলেন সেখানে যে টুকু চাল পাওয়া যাচ্ছে, তা সংগ্র করে নিয়ে, কলকাতার রেশনিং-এর জন্য পাঠাচ্ছেন। কলিকাতার সমস্যা তিনি সমাধান করতে পারছেন না, এবং সাথে, সাথে তিনি মফঃস্বলের ঘাটতি জেলা গুলির সমস্যা ও সমাধান করতে পারছেন না। এর ফলে একটা দারুণ সঙ্কট সৃষ্টি হয়ে একটা জগাখিচুড়িতে পরিণত হয়েছে। সেই জন্য আমার বক্তব্য হচ্ছে যে কলকাতার রেশনিংও যদি বজায় রাখতে হয়, তাহলে ২৪ কেজি, যেটা কলকাতার দেবার কথা ছিল, সেইটুকু রেশনিং চালু করা দরকার। কারণ, বর্তমানে যে টুকু রেশনিং দেওয়া হচ্ছে সেই টুকু রেশনিংএ মানুষের চলতে পারে না। সুতরাং বাংলার মানুষকে যদি খাওয়াতে হয়, এই রেশনিং যদি ঠিকমত চালু রাখতে হয়, তাহলে কেন্দ্র থেকে চাল অবশ্যই আনতে হবে। তারজন্য প্রয়োজনীয় প্রস্তাব বিধান সভা থেকে পাশ করা দরকার, এবং তা করে, মিল, মালিকদের গায়ে যদি হাত দিতে হয়, তাহলে মিল, মালকদের গায়ে হাত দিয়েও এই চাল সংগ্রহ করতেই হবে, এবং যে সমস্ত ঘাটতি জেলায়, বাড়তি জেলা থেকে চাল যেতো,—যাতে সেখানে চাল যেতে পারে, তার জন্য একটা কার্যকরী ব্যবস্থা অবলম্বন করার বিশেষ প্রয়োজন আছে তা না হলে সেখানকার লোক আজ না খেয়ে শুকিয়ে মারা যাবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি জানাতে চাই পাকিস্তানে যে চাল পাচার হয়, তার মোরতর বিরোধিতা আমরা করি, তা আগেই বলেছি, এবং পাকিস্তানে চাল-পাচারের ব্যাপারে যে সমস্ত অফিসাররা নিযুক্ত আছেন, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করা দরকার। কিন্তু আজকে পাকিস্তানে চাল পাচার হচ্ছে, এই কথা বলে আমাদের ঘাটতি জেলায় চাল সরবরাহ বন্ধ করে দেওয়ার, এই যে সরকারী নীতি আমি তার তীব্র বিরোধিতা করছি। এখন যা বাংলা দেশের অবস্থা, সেই অবস্থার পরিপ্রেক্ষিতে এখানে মানুষ যাতে পেট ভরে দুবেলা খেতে পায়, তার ব্যবস্থা সরকার করবেন। আমি বলতে চাই, এখন যে অবস্থা সৃষ্টি হয়েছে,

এটা শুধুমাত্র কংগ্রেস বা কম্যুনিষ্টএর সমস্যা নয়, এটা সমগ্র বাংলা জাতির একটা সমস্যা হিসাবে দেখা দিয়েছে। সেই সমস্যা বা কানাই বাবুর যে এ্যামেণ্ডমেণ্ট, তা যদি সমর্থন করতে হয়, তাহোলে তার জন্য যে মনোভাবের প্রয়োজন, সেই মনোভাব কংগ্রেস সরকার গ্রহণ করছেন না। প্রফুল্ল বাবু যে অকর্মন্যতা ও অপদার্থতার পরিচয় দিয়েছেন, তা থেকে যদি বাংলা দেশকে বাঁচাতে হয়, তাহলে বিরোধী দলের সঙ্গে সরামর্শ করে একটা বলিষ্ঠ নীতি গ্রহণ করার প্রয়োজন ছিল, কিন্তু তা তাঁরা করেন নি। বিভিন্ন জায়গা যে ফুড অ্যাডভাইসরি বোর্ড ছিল, তা তারা উঠিয়ে দিয়েছেন। কারণ, বিরোধী দলের সঙ্গে পরামর্শ করা, তাঁরা প্রয়োজন মনে করেন না। বর্তমানে নদীয়া জেলায় যে সঙ্কট সৃষ্টি হয়েছে, তা দেখবার জন্য সময়জিত বাবু সেখানে যান, এবং তিনি সেখানে গিয়ে কংগ্রেসী সদস্যদের সঙ্গে আলাপ আলোচনা করেছেন, তা জানি না। কিন্তু আজকে বিরোধী দলের যে সমস্ত এম এল এরা সেখানে আছেন, তাঁদের সঙ্গে দেখা করা আলাপ, আলোচনা করা প্রয়োজন, তিনি মনে করলেন না। এই সমস্যাটাকে, একটা জাতীয় সমস্যা হিসাবে পরিগণিত করে, সবার সহযোগিতা নিয়ে আজকে যেভাবে চলা প্রয়োজন, সেই মনোভাব গ্রহণ করার পরিবর্তে বিরোধীদের পরিত্যাগ করার পথ তারা নিয়েছেন। মিলিক কমিটি থেকে সমস্ত বিরোধী দলের এম এল এদের বাদ দেওয়া হয়েছে, এবং ফুড অ্যাডভাইসরি কমিটি কে বাতিল করে দিয়েছেন ও তাঁরা সর্বত্র একনায়কত্বে চালাচ্ছেন, এবং চোরাকারবারীদের পোষ ভালাবার সুযোগ করে দিয়েছেন। আমি মনে করি আজকে প্রত্যেকটি থানাতে একটি করে ফুড অ্যাডভাইসরি বডি রাখার নীতি গ্রহণ করা উচিত, যাতে সেই জেলার ধান, চালের ব্যবস্থা আমরা গ্রহণ করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের আগামী বৎসরের কি খাদ্য নীতি হবে, তা নিয়ে আমি এখন আলোচনা করতে চাই না, কারণ তা নিয়ে এখন আলোচনা করা আমাদের প্রয়োজন নেই, সেটা প্রফুল্লবাবুর কাছে শুনে আমরা আলোচনা করবো।

[3-55—4-5 p.m.]

আজকে বাংলাদেশে যে দুর্ভিক্ষ অবস্থা সৃষ্টি হয়েছে, তা থেকে যদি পরিত্রাণ পেতে হয়, তাহলে অবিলম্বে কতকগুলি ব্যবস্থা অবলম্বন করা দরকার। তা হচ্ছে প্রথমতঃ অবিলম্বে যে সমস্ত মিল-মালিকের কাছ থেকে চাল সংগ্রহ করবার কথা ছিল এখন যা সমস্ত শেডেড আছে, সেই এনটায়ার যে ফুড তা সরকারের অধীনে আনা উচিত; দু নম্বর হচ্ছে বর্ধমান মুর্শিদাবাদ প্রভৃতি জেলার মজুতদারদের ঘরে যে সমস্ত ধানচাল রয়েছে, সে খবর পুলিস জানে, কিন্তু তাদের গায়ে হাত দেয়নি। কিন্তু এটা পাবলিকের ভিউটি তা নয়, এটা পুলিসই করতে পারে। সেই চাল পুলিসের দখলকরা দরকার। তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা দরকার। তিন নম্বর হচ্ছে মডিফায়েড রেশনিং মারফৎ খাদ্য ঘাটতি জেলায় এককেজির বেশী চাল ও গম দেবার ব্যবস্থা করা দরকার। যেটা রাজ্যপালও স্বীকার করেছেন। সেটা সর্বত্র চালু করা দরকার। তা না হলে চালের দাম কমাবার ব্যবস্থা আমরা করতে পারবো না। গ্রামে শতকরা অন্ততঃ ৭৫ ভাগ লোকের ঘরে ধানচাল নাই। কাজেই এই স্ট্যাটুটরী রেশনিং-এর এরিয়া আরো বাড়িয়ে দেওয়া প্রয়োজন। যেখানে ২৪ শো গ্রাম দেবার কথা, সেখানে ১৯ শো গ্রাম দিলে চলবে না। সেই দুই কেজি চার শো গ্রাম দেবার ব্যবস্থা পুনঃ প্রবর্তন করা প্রয়োজন। এই যে কর্ডনিং সিস্টেম সেই সিস্টেমকে রিল্যাক্স করা প্রয়োজন। যাতে বাড়তি জেলা ঘাটতি জেলা না হয়ে পড়ে তার ব্যবস্থা গ্রহণ করা দরকার। সেটা কি ভাবে হতে পারে? সরকারী তরফ থেকে পারমিট দিয়ে বর্ধমান ও হুগলীর জেলা ম্যাজিস্ট্রেটদের তত্বাবধানে কর্ডনিং সিস্টেম বজায় রেখে দোকানদারদের মারফৎ চাল বিলিবণ্টনের ব্যবস্থা করা হয় তাহলে আমাদের আপত্তি নাই। কিন্তু সেই চাল যাতে পাচার হয়ে না যেতে পারে তার জন্য কড়া ব্যবস্থা করতে হবে। তারপর যে দুর্নীতিএর ভেতর চলছে শুধু পুলিস তা দূরকরতে পারবে না। প্রত্যেক থানায় সর্বদলীয় কমিটি যদি স্থানীয় এম এল এদের নিয়ে করা হয় তাহলে চালের সুষ্ঠু বিলি বণ্টনের ব্যবস্থা হতে পারে। এই কমিটিই দুর্নীতি বন্ধ করতে পারবে। এই প্রসঙ্গে আর একটি কথা বলবো—মুখ্যমন্ত্রী কলিয়া ও বিভিন্ন জায়গায় বিভিন্ন সময়ে যে বিবৃতি দিয়েছেন, সেই বিবৃতি দিয়ে তিনি ভুল করেছেন, তার ফলও মারাত্মক হয়েছে। সেই ভুল সংশোধন করে আজকে যেটা ব্যবস্থা করা উচিত ছিল, সেই চোরাকারবারী বন্ধ করে একটি ভাল নীতি তিনি গ্রহণ করুন যাতে খাদ্যাভাব দূর হতে পারে।

Dr. Kanai Lal Bhattacharyya:

মাননীয় স্পীকার মহাশয়, বর্তমান খাদ্যবিতর্কের উদ্বোধন করতে গিয়ে মুখ্যমন্ত্রী যে বক্তৃতা দিলেন তা থেকে অন্ততঃ এইটুক বুঝতে পারা গেল যে সরকারী খাদ্যনীতি ব্যর্থ হয়েছে। এটা মুখ্যমন্ত্রী নিজে তাঁর বক্তৃতামাধ্যমে স্বীকার করে নিয়েছেন। তবে সেই স্বীকার করতে গিয়ে তিনি আজকের যে সমস্যা সেই সমস্যাটা যেটা ছোট করে দেখাবার প্রয়াস পেয়েছেন, সেটা দেখে অত্যন্ত উদ্বিগ্ন ও চিন্তিত হলাম। স্যার, মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের বিগত বৎসরের খাদ্য বিতর্কে যেকথাগুলি বলেছিলেন তাতে তিনি আমাদের দেখিয়েছিলেন আমাদের দেশে প্রোডাকসন হবে চাল প্রায় ৫২ লক্ষ টন। আর আমাদের প্রয়োজন ৬৩ লক্ষ টনের মত। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাল এবং গমের সাহায্য ১১।১২ লক্ষ টন পাওয়া যাবে। কাজেই খাদ্য ব্যাপারে কোন সমস্যাই আমাদের থাকবে না এবং এই ব্যাপারে কোন সঙ্কট ও সৃষ্টি হবে না। এই কথাই তিনি বলেছিলেন এবং তিনি আমাদের সামনে যে ফিরিস্তি দিলেন তা থেকে খুব একটা বড় রকমের ঘাটতি হয়েছে বলে মনে হল না। অথচ আজকে দেশের যে অবস্থা, তাতে দেখতে পাচ্ছি প্রায় ৫০ লক্ষ লোক খাদ্যাভাবের মধ্যে পড়েছে। তারা হয় অর্দ্ধাহারে বা অনশনে আছে। আজকে মুখ্যমন্ত্রী সহ প্রত্যেকটি সদস্যকে একথা স্বীকার করতে হবে।

আজকে তিনি বলেছেন কেন্দ্রীয় সরকারের ১১ লক্ষ টন দেবার কথা ছিল। স্যার, তিনি নিজেই স্বীকার করেছেন যে, ৬ লক্ষ টনেরও বেশী গম তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পেয়েছেন এবং চাল পেয়েছেন ২ লক্ষ ৬৪ হাজার টন—অর্থাৎ প্রায় ৯ লক্ষ টনের মত চাল এবং গম-এ মিলিয়ে তাঁরা পেয়েছেন। কিন্তু স্যার, একটা জায়গা তিনি চেপে গেলেন। তিনি যখন তাঁর খাদ্য নীতি ঘোষনা করেন তখন তিনি বলেছিলেন শতকরা ৫০ ভাগ লেভি আমার চালকলের উপর করব এবং তার ফলে ৪ লক্ষ টন পাব কিন্তু এখন তিনি আমাদের দেখালেন মাত্র ২ লক্ষ ৮৬ হাজার টন চাল তাঁরা লেভি মারফত তুলেছেন। অর্থাৎ এই যে বড় বড় চালকলের মালিক, এই যে বড় বড় জোতদার তাদের কাছ থেকে যেটা প্রাপ্য ছিল সেটা তাঁরা পাননি এবং তার ফলে আমরা মনে করি খাদ্য সঙ্কট আরও তীব্র হয়ে উঠেছে। শুধু তাই নয়, তিনি যখন তাঁর খাদ্য নীতি ঘোষণা করেন তখন তিনি জেলা কর্ডনিং-এর কথা হাউসে বলেননি পরে আমরা জানলাম উদ্বৃত্ত জেলার জেলা শাসকদের চাপে পড়ে জেলা কর্ডনিং হয়। এর ফলে আমরা দেখলাম যে মাস যেতে না যেতে হাওড়া, নদীয়া, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি, ২৪ পরগণা, মালদহ, কুচবিহার প্রভৃতি যেসব ডেফিসিট অঞ্চল আছে সেখানে আস্তে আস্তে চালের দাম বাড়ছে। জুন জুলাই মাসে দেখা গেল পশ্চিম বাংলায় যেটা কখনও হয়নি চালের দাম তাই হয়েছে—অর্থাৎ এক কে. জি. চালের দাম দেড়টাকা, একটাকা বারোআনা পর্যন্ত উঠে গেছে। স্যার, বাংলা দেশের মানুষ কখনও একথা শোনেনি যে বাংলা দেশে চালের দাম প্রতি মণ ৬০।৭০ টাকা। পাকিস্তানের সঙ্গে যুদ্ধ লাগবার আছে এই বছরের জন, জুলাই এবং আগষ্ট মাসে এই দর ঘাটতি জেলাতেও গেছে। এর একমাত্র কারণ হচ্ছে উদ্বৃত্ত জেলাগুলোতেও তাঁরা কর্ডনিং করেছেন। তিনি বলেছিলেন উদ্বৃত্ত জেলায় কর্ডনিং করে প্রথমে তাঁদের লাভ হয়েছে, অর্থাৎ চালকল থেকে তাঁরা নাকি কিছু বেশী চাল পেয়েছেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় হচ্ছে যে চাল পাবার কথা ছিল, যেটা তিনি ঘোষণা করেছিলেন ৪ লক্ষ টন পাবেন তা তিনি পাননি অথচ কর্ডনিং করবার একটা যুক্তি দিলেন। যদি বুঝতাম বর্ধমান জেলার বড় বড় জোতদারদের ঘর থেকে চাল প্রোকিওর করেছেন, যদি বুঝাম মেদিনীপুরের বড় বড় জোতাদারদের ঘর থেকে চাল প্রোকিওর করেছেন তাহলে বুঝতাম যে এই জেলা কর্ডনিং-এর একটা মানে আছে। আমরা মনে করি এই জেলা কর্ডনিং করে তাঁরা অসাধু ব্যবসায়ীদের একটা সুযোগ করে দিয়েছেন। শুধু তাই নয়, এর সঙ্গে সঙ্গে আমাদের দেশে একদল উশৃঙ্খল যুবক সৃষ্টি হয়েছে যারা কর্ডনিং-এর ভেতর দিয়ে চোরা-কারবার করে চাল বাইরে নিয়ে যায় এবং জেলা কর্ডনিং যারা করে সেই পুলিশকে সুবিধা করে দেয়। এর ফলে আর একটা জিনিস যা হয়েছে তা হচ্ছে সরকারী প্রশাসনে দর্নীতি ভালভাবে প্রবেশ করেছে। স্যার, কর্ডন করে পশ্চিমবঙ্গ সরকার ঘাটতি জেলার খাদ্য সমস্যার সমাধান করবার কোন যুক্তি দেখাতে পারেন নি। তারপর, তিনি বলেছিলেন রেশনিং এলাকায় খাওয়াবার দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিয়েছেন। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে তিনি রেশনিং এলাকায় চাল দিয়েছেন বললেন প্রায় ৩ লক্ষ ৪১ হাজার টন, কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ

থেকে পেয়েছেন মাত্র ২ লক্ষ ৬৪ হাজার টন। স্যার, আজ পর্যন্ত আমরা পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় সরকারের কাছে জোর গলায় এটা তুলতে কখনও শুনিনি যে কলকাতাকে খাওয়াবার দায়িত্ব তোমাদের, কেন তোমরা কলকাতাকে খাওয়ার দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকারের উপর ছেড়ে দিচ্ছ? তিনি বললেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে চাল পাওয়া গেলে সমস্যার সমাধান হবে। আমি জিজ্ঞাসা করি পশ্চিম বাংলার ঘাটতিজেলায় মডিফাইড রেশন দেবার কথা যা ছিল তাতে তাঁরা কি পরিমাণ মডিফাইড রেশন দিচ্ছেন? তিনি নিজেই নদীয়া জেলার ব্যাপারে স্বীকার করেছেন যে ৫ হাজার টন করে প্রথমে কয়েক মাস দিতে দিতে এখন যেখানে লিন মানথ সবচেয়ে যখন বেশী প্রয়োজন সেই সময় দিয়েছেন মাত্র দেড় হাজার টন চাল। আমি জিজ্ঞাসা করি সেই অঞ্চলের লোকেরা, ঘাটতি জেলার লোকেরা তাহলে কি করে জীবন ধারণ করবে? সেখানে বাড়তি অঞ্চল থেকে চাল আনতে দেওয়া হবে না, এম. আর—এ যা দিতেন তার এক তৃতীয়াংশ মাত্র সরকার পক্ষ থেকে দেন—তাহলে চাল, গম কোথা থেকে আসবে? এবারে আমি আমার জেলা সম্পর্কে দু-একটা তথ্য আপনার সামনে তুলে ধরতে চাই। স্যার, হাওড়া জেলা ঘাটতি অঞ্চল এবং আপনি জানেন গত বছর জুলাই মাসে কর্ডন হবার পর থেকে এই জেলায় ধান ও চালের দাম আস্তে আস্তে বাড়তে সুরু করে। সদর মহকুমার একটা বিস্তৃত অঞ্চল রেশন এলাকার বাইরে থাকে এবং ৩ কিলোমিটার পরিমিত এলাকার মধ্যে চাল এবং গম খোলাবাজারে বিক্রি করা নিষেধ করে দিলেন সরকার তাঁদের এক নির্দেশে। জুন, জুলাই এবং আগষ্ট মাস পর্যন্ত এই অঞ্চলে এবং হাওড়া অঞ্চলে এম. আর-এ পয়েন্ট ৪ কিলো চাল এবং গম দিয়েছিলেন এবং ততদিন পর্যন্ত লোকের কোন অসুবিধা হয়নি। কিন্তু যখন সেটা কমিয়ে দিয়ে ধার্য করলেন, ১৫০০ গ্রাম থেকে ১২০০ গ্রামে নামিয়ে দিলেন তখন দেখা গেল খোলা বাজারে চাল বিক্রি নিষেধ। স্যার, সরকার যদি ১২০০ গ্রাম-এর বেশী চাল না দেন তাহলে লোকের গলা টিপে মারা ছাড়া আর কি হতে পারে। সরকারের এই নীতির কি মানে হয়? এই ৩ কিলোমিটার অঞ্চলে, বালি, জগাছা, সাঁকরাইল থানার কোন অঞ্চলে চাল বিক্রি হবে না, শুধু এম আর এ ১২০০ গ্রাম চাল দেওয়া হবে। তারপর যখন সেখানকার সম্বন্ধ মানুষ জেলা শাসকের কাছে গেল তখন তিনি সেই আদেশ তুলে নিলে না বটে, তবে চাল এবং গম বিক্রি করতে দিলেন এবং তখন চালের দাম দেড় টাকা। স্যার, পাকিস্তানের সঙ্গে যখন যুদ্ধ আরম্ভ হোল তখন ব্যবসায়ীরা চালের দাম বাড়ায়নি দেখে আমরা মনে করলাম হয়ত দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে তারা এই কাজ করছে না। কিন্তু যুদ্ধ নিবৃত্তির সঙ্গে সঙ্গে আমরা লক্ষ্য করলাম, না এটা দেশপ্রেম নয়। তখন সাধারণ মানুষ যেভাবে ক্ষেপে উঠেছিল তাতে তারা দাম বাড়াবার সাহস করেনি, কারণ তারা জানতো জিনিসপত্রের দাম বাড়ালে যদি চেষ্টা করি তাহলে লুঠপাট হবে।

তারই জন্য তারা দাম বাড়ায়নি। কিন্তু তার পর আমরা দেখেছি মুনাফার লোভে তারা পাকিস্তানে চাল পাচার করে দিয়েছে। মুখ্যমন্ত্রী নিজে চোখে দেখেছেন, শুধু তাই নয়, এই পাকিস্তানে চাল পাচার করার লেভেল এত বেশী যে আমাদের এই হাউসে একজন সংখ্যালঘু নাম কাল্লকে বলা হয়েছে, শ্রীমুরারী মান্না, যিনি হাওড়ার একজন বিশিষ্ট চাল ব্যবসায়ী, তিনি পর্যন্ত হাজার হাজার কুইন্টাল চাল পাকিস্তানে পাচার করে দিয়েছেন। কিন্তু না, টাকায় টাকা লাভ। তিনি টাকায় টাকা লাভ করবার জন্য তাঁর দেশপ্রেমের আদর্শ জলাঞ্জলি দিয়ে পাকিস্তানে চাল পাচার করে দিলেন। যে টাকা ডিফেন্স ফাণ্ডে দিয়েছেন তার ১০ গুণ, ২০ গুণ টাকা লাভ করে নিলেন। এই হচ্ছে আমাদের দেশের ব্যবসায়ীদের মনোভাব। সেই ব্যবসায়ীদের মনোভাবকে আজকে এই সরকার কোন দিক দিয়ে দমন করতে পারছেন না যার ফলে আমাদের দেশের এই অবস্থা হয়েছে। মুখ্য মন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতার সময় বললেন যে দেশের এই অবস্থা হয়েছে। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বক্তৃতার সময় বললেন যে দেশের এই অবস্থা দেশের লোককে একটু কষ্ট স্বীকার করতেই হবে। নিশ্চয়ই স্বীকার করত হবে আজকে যখন পাকিস্তান এবং চীনের সঙ্গে আমরা যুদ্ধ রত অবস্থায় রয়েছি তখন দেশের মানুষ নিশ্চয়ই কষ্ট স্বীকার করবে, একথা আমরা তাদের বলি এবং বলবো। কিন্তু তার মানে এই নয় যে সরকারের একটা ভুল নীতি, একটা ব্যর্থ নীতির বলি হয়ে প্রদেশের ৫০ লক্ষ লোক মৃত্যুর পথে এগিয়ে যাবে। যদি দেশের সমস্ত লোক সমানভাবে দুঃখ বণ্টন করে নিতো তাহলে হাওড়া, কুচবিহার, নদীয়া জেলার মানুষ সেই দুঃখ বহন করতো। কিন্তু তারা যদি দেখে যে

মেদিনীপুরে ১২ আনা কিলো চাল বিক্রি হচ্ছে, আর হাওড়া জেলায় ৩ টাকা কেজি চাল কিনতে হচ্ছে তাহলে সাধারণ মানুষকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করা যায় না। সেখানে বলতে হয় সরকারের নীতির কোন জায়গায় গলদ আছে। সেই গলদের মূলে আজকে আঘাত হানতে হবে। তানা হলে আজকে দেশ রক্ষা হবে না। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে বলবো প্রতিরক্ষা তহবিলে টাকা তোলার জন্য তিনি তাঁর বেশীর ভাগ সময় নষ্ট করছেন। আমরা যখন হাওড়ার চালের অভাবের কথা তাঁকে টেলিফোনে বলে একটা সময় চেয়ে ছিলাম যে আমাদের সঙ্গে আলোচনা করুন, ৩ টাকা কিলো চালের দাম হয়ে গিয়েছে, তিনি বললেন যে আমার সময় নেই তোমার কি বক্তব্য আছে টেলিফোনে বল। আমি বললাম জগাছা থানায় চালের কিলো ৩ টাকা হয়েছে, হয় কর্ডোনিং শিথিল করে দিন, মেদিনীপুরের চাল আসুক, আর না হয় মডিফায়েড র‍্যাশনিংএ ২ কেজি করে পাঠান। তিন বললেন আমি কর্ডোনিং শিথিল করতে পারবো না, ওখান থেকে আমাদের চাল আরো বেশী তুলতে হবে, সিজ করতে হবে, অর্থাৎ চাল প্রকিয়োর করতে হবে। এবং আর একটা কথা বললেন, আমার কাছে এক কনাও চাল নেই, আমি চাল মডিফায়েড রেশনিংএ বাড়াতে পারবো না। স্যার, আমি আপনার কাছে এই কথা বলতে চাই যে হাওড়া জেলার জগাছা থানায় যেখানে সব চেয়ে বেশী মডিফায়েড র‍্যাশনিংএ চাল দেওয়া হয় এবং গম দেওয়া হয় সেই অঞ্চলের গুটি কয়েক তথ্য আপনার কাছে তুলে ধরতে চাই। মাসে ১০ তারিখে যে সপ্তাহ শেষ হয়েছে সেই সপ্তাহে মাত্র ১২ শত গ্রাম গম দেওয়া হয়েছে, চাল দেওয়া হয়নি। যে সপ্তাহ ১৭ তারিখে শেষ হয়েছে সেই সপ্তাহে ৩।। শত গ্রাম চাল এবং ৩।। শত গ্রাম গম মাথা পিছু দেওয়া হয়েছে। যে সপ্তাহ ২৩শে অক্টোবর শেষ হয়েছে সেই সপ্তাহে ৪।। শত গ্রাম চাল এবং ৪।। শত গ্রাম গম মাথা পিছু দেওয়া হয়েছে। যে সপ্তাহ ৩০শে অক্টোবর শেষ হয়েছে সেই সপ্তাহে ৪।। শত গ্রাম চাল এবং ৪।। শত গ্রাম গম দেওয়া হয়েছে। এবং যে সপ্তাহ আরম্ভ হচ্ছে এই ৩ তারিখ থেকে এই সপ্তাহে দেওয়া হচ্ছে ৩।।শত গ্রাম চাল এবং ৪।। শত গ্রাম গম। এই মডিফায়েড র‍্যাশানিং হাওড়া জেলার একটি থানায় যেখানে সব চেয়ে বেশী দেওয়া হয় সেখানে এই দেওয়া হয়েছে, আর অন্যান্য থানার কথা বলে লাভ নেই। কাজেই আমার বক্তব্য হচ্ছে আজকে যদি সত্যই পাকিস্তানের বিরুদ্ধে এই প্রতিরক্ষা ব্যবস্থাকে জোরদার করে তুলতে হয় তাহলে শুধু এই ৫০ লক্ষ মানুষকে বললে চলবে না যে তোমরা স্যাকরিফাইস করো। স্যাকরিফাইস বাংলা দেশের ৪ কোটি লোককে করতে হবে, সেজন্য ৫০ লক্ষ মানুষকে কিছুটা খাওয়াবার যদি ব্যবস্থা করতে হয় তাহলে তার জন্য ৩।। কোটি মানুষকে দুঃখ কষ্ট স্বীকার করতেই হবে। সেজন্য আমার বক্তব্য হচ্ছে সারপ্লাস জেলা যেগুলো সেখানকার কর্ডোনিং শিথিল করে দিতে হবে। যেমন হাওড়া জেলার জন্য মেদিনীপুরের কর্ডোনিং শিথিল করতে হবে, নদীয়ার জন্য বর্ধমানের কর্ডোনিং শিথিল করতে হবে এবং কুচবিহারের জন্য ওয়েষ্ট দিনাজপুরের কর্ডোনিং শিথিল করতে হবে। অর্থাৎ ১০ কেজি চাল যদি একজন লোক নিয়ে আসে নিজের খাওয়ার জন্য তবে তাকে আনতে দিতে হবে। কেন্দ্রীয় সরকার কবে চাল দেবেন, কবে থাইল্যাণ্ড থেকে জাহাজ এসে ঘাটে ভিড়বে এ করলে লোক বেঁচে থাকবে না। আজকের যে অবস্থার সৃষ্টি হয়েছে সেই অবস্থার যদি ঠিকমত মোকাবিলা করতে হয় তাহলে এই ব্যবস্থা করা ছাড়া আর কোন গত্যন্তর নেই।

[4-15—4-25 p.m.]

Shri Somnath Lahiri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য বিতর্কের উদ্বোধন করে আমাদের মুখ্যমন্ত্রী এবং খাদ্যমন্ত্রী নানারকম তথ্য পরিবেশন করলেন, কত সিজ করেছেন, কত লেভি আদায় করেছেন, ইত্যাদি ইত্যাদি, কিন্তু তাঁর তথ্য সম্বন্ধে আমরা খুবই অভ্যস্ত যে তিনি একজন তথ্যবিশারদ, যা ইচ্ছা যেমন ইচ্ছা তথ্য দেন তখনকার মত এড়িয়ে যাবার একটা রাস্তা বের করবার জন্য। আমি তাঁদেরই তথ্য থেকে আপনার কাছে আর একটি তথ্য উপস্থিত করছি। গতকাল আমাদের এই সভায় সনত কমার রাহার একটি লিখিত প্রশ্নের উত্তরে প্রশ্নটা ছিল এ্যাডমিটেড কোশ্চেন।

নম্বার ৩০, জবাব দিয়েছেন আমাদের খাদ্য এবং সরবরাহ মন্ত্রী যে এ বছর ১৫ই অক্টোবর পর্যন্ত অর্থাৎ প্রায় ১০ মাসের মধ্যে সারা পশ্চিম বাংলায় বে-আইনী মজুত শস্য যা সিজ করা হয়েছে তার মোট পরিমাণ চাল হচ্ছে ১০১ মেট্রিক টন এবং ধান ৬০ মেট্রিক টন, অর্থাৎ ১০ মাসে বে-আইনী চালের কারবার করার দরুণ যে সিজ করা হয়েছে তার মোট পরিমাণ ১৬১ মেট্রিক টন। এখন বাংলাদেশে এ বছরে উৎপাদন ৫৬ লক্ষ টন, এটা মুখ্যমন্ত্রীর নিজেরই হিসাব এবং মার্কেটেবেল সারপ্লাস ১৪ লক্ষ থেকে ১৮ লক্ষ টন। সুতরাং বাংলাদেশের উৎপাদন আর মার্কেটেবেল সারপ্লাস হিসাবে এই সিজ করা ধান এবং চালের পরিমাণ ১৬১ টনকে শূন্য বলে ধরা যেতে পারে, অঙ্ক শাস্ত্রে এটা অ্যালাউড। কাজেই আমাদের খাদ্য এবং সরবরাহ মন্ত্রী যে তথ্য পরিবেশন করলেন তাতে এই সিদ্ধান্ত হয় যে বাংলাদেশে গত ১০ মাসে কোথাও কোন ধান সিজ করার দরকার হয়নি। কারণ কোন অসাধু ব্যবসা চলছে না, সব ব্যবসায়ীরাই সাধু, কথাটা সত্য বটে এক বিষয়ে, কারণ সরকারী খাদ্য নীতি চোরাকারবারকে এই বাংলাদেশের খাদ্য নীতি নীতি হিসাবে গ্রহণ করেছে। কাজে কাজেই চোরাকারবার যেখানে খাদ্য সরবরাহের নীতি সেখানে অসাধু ব্যবসা বলতে কিছু নেই। কাজেই ধান চাল ১৬১ টনের বেশী সিজ করা সম্ভব হয়নি এবং এই নীতি সরকার গ্রহণ করেছেন বলে এ বছরে মুখ্যমন্ত্রীর গতবারের বিবৃতি অনুসারে বাম্পার ক্রপ হওয়া সত্ত্বেও এপ্রিল মাসের আগে থেকে চালের দাম গতবারের থেকে বেশী বাড়তে আরম্ভ করেছে এবং সেই খাদ্য নীতি যে সম্পূর্ণরূপে চোরা কারবারীদের কাছে আত্মসমর্পনের নীতি হয়েছে যার ফলে যখন মানুষের জীবনে বিভীষিকা এনেছে তখন নানা রকম ধোয়া তোলা হচ্ছে যে পাকিস্তানে চাল পাচার হচ্ছে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বি ডি ও করে দেবো, দেশের জন্য কম করে খেতে হবে, ইত্যাদি ইত্যাদি। কিন্তু যখন খাদ্য নীতি স্থির করা হয়েছিল তখন এই সব কথা মনে ছিল না কেন? আজকে এই সব কথা তোলা হচ্ছে কেন? আজকে র‍্যাশন অঞ্চল কিছু পরিমাণে সুস্থ আছে সত্য কিন্তু কলকাতা এবং শিল্পাঞ্চলে যে বিধিবদ্ধ র‍্যাশন চালু করেছিলেন সরকারের এজন্য হৃদয় ফাটেনি যে কলকাতায় লোককে খেতে দিতে হবে।

আমাদের মুখ্যমন্ত্রী তখন পরিষ্কার বলেছিলেন কলকাতা এবং শিল্পাঞ্চলের লোকদের হাতে পয়সা আছে তারা একটু বেশী খায়। যাতে বেশী খাওয়াটা বন্ধ করতে পারি সেজন্য এখানে কম করে রেশন বরাদ্দ ধরো—আমার শক্তি আমি সঞ্চয় করবো। অর্থাৎ কলকাতার মানুষ যাতে পেট ভরে খেতে না পায় প্রধানত সেই উদ্দেশ্যে রেশনিং চালু করা হয়েছিল। যে দৃষ্টিভঙ্গী থেকে এবং যে নিলর্জ্জতার সঙ্গে সেই দৃষ্টিভঙ্গী বর্ণনা করে মুখ্যমন্ত্রী রেশনিং পরিবেশন করেছিলেন তাতে এ ছাড়া আর কিছু বলার উপায় থাকে না এবং যা বরাদ্দ হয়েছিল তাও ক্রমে ক্রমে কমিয়ে আনা হচ্ছে আর এখন মডিফায়েড রেশনিং প্রায় তুলে দেওয়া হয়েছে—এই সমস্ত অঞ্চলের ১০০ গ্রামও অনেক সময় সাপ্লাই করা হয় না, চাল ৫০০ গ্রাম দেবার কথা—কাজেই রেশনিং চালু করে আমরা মস্তবড় বাহাদুরি করেছি তা বলবার উপায় নেই। কারণ রেশনিংয়ে যে বরাদ্দ ধরা হয়েছিল তাও সরকার দিতে পারে নি—তার খাদ্য নীতি সম্পূর্ণরূপে ক্লাস করেছে তারই মাথার উপর। সরকার বলেছিলেন যে আমরা সরবরাহ কিভাবে পাবো সে সব আগের বক্তারা বলেছেন, মন্ত্রিমহাশয় নিজেও বলেছেন—তার মোদ্দাকথা কি ছিল—আমরা বলেছিলাম স্টেট ট্রেডিং করো—মনোপলি প্রকিওরমেন্ট অব ফুড গ্রেনস তিনি বলেছিলেন একথা চিন্তাও করা যায় না। রাইস মিলের মারফৎ আমরা চার লক্ষ টন সংগ্রহ করবো আর বাকী চাল ও ৭ লক্ষ টন গম সেন্ট্রাল থেকে আসবে—তাই দিয়ে আমরা মডিফায়েড রেশনিং হেঁসে খেলে চালিয়ে যেতে পারবো। এবং যখন কলকাতা বন্ধ তখন বাইরেও 'প্রচর' চাল হবে এটা মুখ্যমন্ত্রীর নিজের বক্তৃতা তাঁর নিজের ভঙ্গিমাতে—কাজে ফল দাঁড়ালো এই যে বাংলাদেশে রেশনিং ব্যবস্থাটা ছেড়ে দেওয়া হোল রাইস মিলার নামক ডাইনীদের হাতে, একমাত্র পুত্র সমর্পণ করা হোল—এখন বলছেন যে রাইস মিলাররা ৪ লক্ষ টন দেয় নি—মোট ২ লক্ষ ৮৬ হাজার টন দিয়েছে—কিন্তু সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রী তাঁর স্বভাবসিদ্ধ ধাপ্পাবাজ বিশারদ হিসাবে বলছেন যে বাকী এক মাসের মধ্যে আমরা ১ লক্ষ ১২ হাজার—না কত— পারো। কি রকম কেরামতি দশ মাসে যা করতে পারলেন না আগামী দেড় মাসে তার অর্ধেক করে ফেলবেন তা আমাদের বিশ্বাস করতে হবে। যার ফুড পলিসিতে মানুষ পাগল হয়ে যাচ্ছে, তিনি এখানে দাঁড়িয়ে অম্লান বদনে রাইস মিলারদের বাঁচাবার জন্য মিথ্যা স্তোকবাক্য দিয়ে যাচ্ছেন। দুই মিনিট আগে খগেন রায় চৌধুরী রহস্যের বর্ণনা করলেন একটা পরিবার না খেতে পেয়ে আত্মহত্যা করেছে। এখানে মানুষ

হোল না। একেবারে অম্লান বদনে চতুরতার সঙ্গে এখানে বলেগেলেন এখন কথা হচ্ছে যে রাইস মিলাররা দিয়েছে ২ লক্ষ ৮৬ হাজার টন—এটাই আসল কথা—উনি বলছেন তারা নাকি পাঁচ লক্ষ ৭২ হাজার টন পেয়েছেন। গতবারে রাইস মিলারদের উপর লেভি ছিল ২৫ পারসেণ্ট তাতে—তাতে রাইস মিলে নিশ্চয় ৮ লক্ষ টন কাছাকাছি নিজেরা পেয়েছিল না হলে ২ লক্ষ টন দিল কি করে। গত বারে যখন ফসল খারাপ হোল তখন ২ লক্ষ টন তাদের ফুল কোটা দিয়ে দিতে পারলো—আর এবারে আমাদের মুখ্য মন্ত্রীর ভাষায় বামপার ক্রপ হওয়া সত্ত্বেও দিতে পারলো না কেন সংগ্রহ করতে পারলো না কেন ভাঙতে পারলো না কেন। এখানে অম্লান বদনে মুখ্যমন্ত্রী স্ট্যাটাসটিক্স ছড়িয়ে দিলেন—স্ট্যাটাসটিক্স খাতায় লেখা থাকে—কিন্তু তার পিছনে যা জীবন্ত সত্য তা স্ট্যাটাসটিক্স-এর পাতা ছিঁড়ে উদ্‌ঘাটন করে দেখতে হয়। কথা হচ্ছে রাইস মিল গত বারের চেয়ে এবারে বেশী সংগ্রহ করেছে কিন্তু সরকারের হিসাবের খাতায় তা উঠে না—প্রত্যেকটি লোক তা জানে—মুখ্যমন্ত্রীও যে জানেন না তা আমি বলবো না—কারণ তিনি নিজে এখুনিই বল্লেন যে আমি এতো বোকা নই—সত্যি এতো বোকা নন যে এটা বিশ্বাস করবেন—কিন্তু তাঁর কোন উপায় নেই—কারণ এই হলের মধ্যে আপনি পাবেন কত রাইস মিলার—আমি কংগ্রেস দল ছেড়ে দিলাম—একমাত্র এই এসেম্বলীর কংগ্রেস বেঞ্চের মধ্যে যদি খোঁজেন তাহলে বহু রাইস মিলার পাওয়া যাবে। কালকে দেখলেন আমাদের মাননীয় শ্রীমুরারী মোহন মান্না মহাশয়ের কত কীর্তি কাহিনী।

[4-25—4-35 p.m.]

আমি দুটি মাত্র নমুনা দিই। ২৪ পরগণার কংগ্রেস এম. এল. এ শ্রী হিমালয় হালদার রাইস মিলার মেদিনীপুরের এম. এল. এ শ্রীনিরঞ্জন খামরাই রাইসমিলার। যদি ফুল লিস্ট ইনভেষ্টিগেট করে তাহলে দেখবেন কংগ্রেস পার্টির মেজরিটিই হাতে রাইস মিলার—আর বাইরের কংগ্রেসের সঙ্গে যুক্ত চোরাকারবারী বা জোতদার যাদের কংগ্রেস পোষণ করেন তাদের ধরলে তো আর কথাই থাকে না। আসলে এই সব লোকেরা প্রফুল্ল বাবুর খাদ্যনীতি নিয়ন্ত্রণ করেন। সুতরাং সেই সব চোরাকারবারীদের রক্ষা করার নীতি মানুষ মারার নীতি। এই রাইস মিলার এবং জোতদার প্রভৃতি খাদ্য কংগ্রেসের স্তম্ভ—দেশে সংখ্যায় তারা কিন্তু যথেষ্ট শক্তিশালী। চোরাকারবারের উপর এবং ব্ল্যাক মানির উপর তাদের প্রচণ্ড দখল রয়েছে এবং তারা একটা নূতন খার্ড এস্টেটে পরিণত হয়েছে দেশের মধ্যে—কিন্তু বর্তমান সময়ের বিপদের কারণ কি—তারা শুধু একা নন এখানে নিত্য যা ঘটেছে তা হচ্ছে যে মনোপলি ক্যাপিটেল একচেটিয়া পুঁজিবাদিরা তারা এখন শস্য সংগ্রহের বাজারে খাদ্যশস্যের বাজারে প্রবেশ করতে আরম্ভ করেছে। ব্ল্যাক মানি, ব্যাঙ্ক ক্যাপীটেল একচেটিয়া পুঁজির শক্তি আর এই সমস্ত অপেক্ষাকৃত ছোট জোতদার রাইসমিলার ইত্যাদি চোরাকারবারী শক্তি আজ এক সূত্রে গাঁথা হয়েছে। তারা প্রফুল্ল সেন মহাশয়ের টিকি ধরে যে দিকে টানে সেদিকে তারা মাথা নড়ে। এবং সেইভাবে তিনি পুতুল নাচের নাচ করে যান তথা এবং স্ট্যাটাসটিক্স সংগ্রহ করে। ধরুন এই যে একচেটিয়া পুঁজিবাদী তাদের এই কংগ্রেস সরকারের উপর অমিত প্রভাব আছে—এই সব চোরাকারবারীদের পবিত্র অধিকার রক্ষায় তিনি নিয়োজিত হয়েছেন। বছরের গোড়ার দিকে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের সামান্য একটু দুর্বুদ্ধি হয়েছিল—কয়েকজন খাদ্যশস্যের মাঝারী গোছের চুনোপুঁটি মালিককে ডি. আই. আর-এ তিনি ধরেছিলেন এবং আরও ৬ জন চুনোপুঁটির চেয়ে একটু বড় কিন্তু রাঘব বোয়াল নয় এই রকম ৬।৭ জনের এগেনষ্টে ওয়ারেণ্ট জারী করা হয়েছে—কিন্তু ঐ খাদ্য মন্ত্রী যিনি আবার পুলিশ মন্ত্রীও বটে—তাঁর পুলিশের মেহেরবানীতে সেই সমস্ত ওয়ারেণ্ট প্রাপ্ত চোরাকারবারীরা এবরুণ্ড করে বহালতবিয়তে দিনের পর দিন কাজ করে যাচ্ছে—কিন্তু প্রফুল্লবাবুর দুর্বুদ্ধি হয়েছিল তাদের নামে ওয়ারেণ্ট জারী করার। কি হোল. ছুটে এলেন আমাদের ভারতীয় ক্যাপিটেলের মধ্যমণি স্বয়ং ঘনশ্যাম দাস বিড়লা—কলকাতায় এপ্রিল মাসে ইণ্ডিয়ান চেম্বার অব কমার্সের সেই ঐতিহাসিক সভা থেকে উত্থাপিত হোল বিড়লা সাহবের সেই জলদ গম্ভীর হুঙ্কার ধ্বনি যে, খবরদার যদি ব্যবসায়ীদের গায়ে হাত দাও তাহলে মিনিমেট্রিয়াল হেডস উইল রোল—মুণ্ডু গড়াগড়ি যাবে মন্ত্রীদের। বিড়লার সেই বুক কাঁপানো হাড় কাঁপানো প্রাণ কাঁপানো ধ্বনি চলে গেল কলকাতা থেকে দিল্লী পর্যন্ত—তখন চারিদিকে সাড়া পড়ে গেল। শুধু রাইটার্স বিল্ডিংসে নয়, ঐ ওখানকার দিল্লীর মসনদ পর্যন্ত টলমল করে উঠলো,

ছুটে এলেন আমাদের কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী গুলজারীলাল নন্দ গুলজার করবার জন্য। এরারওড্রামে বেচারী বিজয় সিং নাহার কি কৃতাঞ্জলিপুটে গাড়ী নিয়ে দাঁড়ালেন— 'চলুন স্যার', কিন্তু তিনি তাঁর দিকে ফিরে দেখলেননা সোজা গিয়ে উঠলেনবিলড়াজীর চরণ দর্শন করবার জন্য। কি কথা হল জানি না কিন্তু কদিন পরে দেখলাম আদেশ বেরিয়েছে যে ৭ জন চোরাকারবারীর বিরুদ্ধে 'ওয়ারেণ্ট পশ্চিমবঙ্গ সরকার প্রত্যাহার করে নিয়েছেন মোলকলা পূর্ণ হল। সম্পূর্ণরূপে চোরাকারবারীদের হাতে পশ্চিমবঙ্গ আত্ম সমর্পণ করলেন। আমি এজন্য বলছি যে চালকল থেকে তাঁদের পাওনা যা তা সম্পূর্ণরূপে আসছে না একথা কি তাঁরা নভেম্বর বা অক্টোবরে বুঝলেন? মোটেইতা নয়, বেশ বুঝেছিলেন যে বরাদ্দ ঠিক মত পৌছায়নি কিন্তু তাঁরা এর বিরুদ্ধে কোন স্টেপ গ্রহণ করলেন না। তারা এ কথা বুঝতে পেরেছেন যে চালকল-গুলি যে চাল লুকিয়েছে তা হচ্ছে লোকাল ব্ল্যাক মার্কেটিয়ার্সদের প্রধান ভিত্তি এবং তাদের সঙ্গে আছে জোতদার মজুতদার ইত্যাদি। কিন্তু মুখ্যমন্ত্রী কি করলেন যখন এ অবস্থা ক্রমে সঙ্গীনের দিকে আসছে তখন তিনি তাঁর স্বভাব সিদ্ধ ভাষায় ধাপ্পা দিলেন কবে না ঐ ১৮ই সেপ্টেম্বর অর্থাৎ যখন অবস্থা সঙ্গীন হয়ে আসছে সেই ১৮ই সেপ্টেম্বর তিনি প্রেস রিপোর্টারদের কাছে মিথ্যা বিবৃতি দিয়ে জানালেন পশ্চিমবাংলায় চালের ভবিষ্যৎ উজ্জ্বল। বড় উৎপাদকরা লোকের উপকারের জন্য বাজারে মজুত চাল ছাড়ছে এমন কি আউস চাল তারা সংগ্রহ করলেন না। আমি নিজে জানি মাস খানেক আগে কেশপুর ও চাদকণা এবং মেদিনীপুরের আরও অনেক অঞ্চলে যখন চাষীরা ৯ টাকা থেকে ১২৲ ধান বিক্রি করতে বাধ্য হচ্ছে তখন সরকার তা কেনেন নি যাতে মজুতদার তা কিনতে পারে। এখন সমস্ত ঘাটতি জেলায় হাহাকার করছে। পুরুলিয়া বাঁকুড়া জেলায় যথেষ্ট ক্রেতা পাওয়া যায় না সরকারও কেনবার ব্যবস্থা করলেন না। মুখ্যমন্ত্রীর ফুলিয়া বক্তৃতার পর হৈ, চৈ হল এবং যখন কর্ডন খুব স্ট্রীক্ট হল স্বভাবতই কর্ডন স্ট্রীকট হবার ফলে এটা বোঝা গেল পুলিস ইচ্ছা করলেই স্ট্রীক্ট কর্ডন করতে পারে ফল হলো উল্টো। চাল আসা বন্ধ হয়ে গেল এর কারণ কি? কারণ হচ্ছে যে পশ্চিমবাংলা সরকারের যে খাদ্যনীতি তাতে মানুষ কে চাল পেতে হলে ব্ল্যাক মার্কেটএ চাল আসাতে পারতে হবে অর্থাৎ ব্ল্যাক মার্কেটিংকে অব্যাহত রাখলে বেশীদাম হলেও কিছু চাল পাওয়া যাবে কর্ডন করে যেই ব্ল্যাক মার্কেটিং বন্ধ হল অমনি চাল পাওয়া গেল না, সুতরাং সে কর্ডনের কোন মূল্যই থাকে না যদি না বাজারে চাল পাওয়া যায় এবং সেই সঙ্গে সঙ্গে চালের সাপ্লাই সরকারী ব্যবস্থা না হয় অর্থাৎ এ সব না করতে পারলে কর্ডনের বিশেষ ফল হয় না কাজেই এই যে দাবী মানুষকে খেতে দিতে তাঁরা বাধ্য মানুষ তাঁদের ট্যাক্স দেয় মানুষই তাদের রেখেছে তাদের ও মানুষ রাখতে হবে। সুতরাং যেখান থেকে হোক সে বাড়তি জেলা অবিলম্বে সরকার থেকে সংগ্রহ করবার ব্যবস্থা করে ত্রাণ ঘাটতি অঞ্চলে বা অন্যান্য জায়গায় খাওয়াবার ব্যবস্থা করতে হবে। তারপর রাইস মিলের যে বাকি ১.২ লক্ষ টন আছে সেটা নিশ্চয়ই লুকান আছে—মনে হয় আরও বেশী আছে, সেটা খুঁজে বার করার চেষ্টা হোক। যদি এ বিষয় যে সমস্ত অপজিসান পার্টির সহযোগিতায় দরকার হয় তাহলে তা করতে প্রস্তুত আছি। কিন্তু দুঃখের বিষয় মুখ্যমন্ত্রী সে সহযোগিত চান না। আমরা যখন বললাম খাদ্যে এরকম দুরবস্থা হচ্ছে আমাদের সঙ্গে মিলে আলোচনা করুন তিনি তা ফুৎকারে উড়িয়ে দিলেন, কারণ তিনি জানেন তিনি আছেন তাঁর দল আছে, আর তাঁর চোরা কারবারীরা আছে এটাই হচ্ছে সত্য। আমরা বলি নি যে তাঁর সঙ্গে বিরোধীতা করবো। আমরা বলেছিলাম আলাপ আলোচনা করে দেখি কি হয়। কিন্তু আজ পর্যন্ত তিনি তা করলেন না একবার খাদ্য সম্মেলন ডাকা বার কথা হয়েছিল তার শেষ পর্যন্ত বাতিল হল। কলকাতা এবং মফঃস্বলকে পুরো রেশনিং এর আওতায় আনা দরকার তাহলে একটু ব্ল্যাক মার্কেটিং বন্ধ হবে। তা যদি না করেন তাহলে অপদার্থ মন্ত্রী মণ্ডলী এবং তাদের অপদার্থ নীতি নিয়ে কোন কালে ব্ল্যাক মার্কেটিং বন্ধ করতে পারবে না। শেষ কথা বলবো যে এরূপ ধরণের পজেটিভ স্টেপ তাঁরা যদি নিতে ইচ্ছা করেন তাহলে ১ বৎসরের মধ্যে তো বটেই এ ঘুস বন্ধ হবে এবং আমরা অপজিসান পার্টিও তাঁদের সঙ্গে এ বিষয়ে সহযোগিতা করতে প্রস্তুত আছি। কিন্তু তাঁদের নীতি ও ভেতর থেকে চোরাকারবারী পোষণ রাইস মিলারদের কাছে আত্মসমর্পণ এবং ব্ল্যাক মার্কেটিয়ার্সদের কাছে আত্ম সমর্পণ এটাই দেখতে পাচ্ছি। তাই আমার বক্তব্য হচ্ছে বাংলা দেশের সমস্ত মানুষের সমবেত প্রচেষ্টায় নিশ্চয়ই আমরা যেমন করে পারি এ অবস্থা থেকে বেরিয়ে আসবো।

[4-35—4-45 p.m.]

Shri Nikhil Das:

মাননীয় সভাপাল মহাশয় আজকে এমন একটা সময় দাঁড়িয়ে আমরা খাদ্য বিতর্ক করছি যখন বাংলা দেশের বিভিন্ন ঘাটতি এলাকায় চাল গম তিন টাকা দরে বিক্রি হচ্ছে। বিভিন্ন ঘাটতি এলাকায় সাধারণ মানুষ যারা আধ পেটা খেয়ে আছে যারা ভাত খেতে পাচ্ছে না তারা কোন রকমে খুঁদ কুঁড়ো জোগাড় করে ডালের সঙ্গে সেদ্ধ করে সে জাতীয় জিনিষ খাচ্ছে। আজকে মানুষ অন্নের অভাবে অনাহারে অর্দ্ধাহারে আছে। চালের দাম যখন তিনটাকা কিলো আছে ঠিক সে সময় আমরা খাদ্য বিতর্ক করছি। আমাদের মুখ্যমন্ত্রী এ বিতর্ক উদ্বোধন করতে গিয়ে যে কথা বলেছিলেন সে আমাদের মূল্য নিয়ন্ত্রণ নীতি ব্যর্থ হয়েছে কিন্তু খাদ্য নীতি ব্যর্থ হয়েছে তা বলেন নি। আমি আপনার মাধ্যমে একটা প্রশ্ন করছি আজকে যে অভুক্ত মানুষ আছে। আধ পেটা খেয়ে যে মানুষ আছে চাল তারা পাচ্ছে না। অনাহারে তাদের মৃত্যু হচ্ছে। তাদের কাছে কি এই কৈফিয়ৎ যথেষ্ট যে আমাদের মূল্য নিয়ন্ত্রণ নীতি ব্যর্থ হয়েছে। তাদের যে অভাব সে জায়গায় গিয়ে তিনি যদি হাজির হতেন তাহলে আজকে ওর বক্তৃতা অন্য রকম হত। আজকে আমরা সংখ্যাতত্ত্বের মিথ্যা কচকচি শুনলাম, গতবার যখন খাদ্য নীতি ঘোষণা করেছিলেন তখন বলেছিলেন যে আমরা ধান কিনবো ১৪৲ ১৫৲ ১৬ টাকা দরে এবং চাল দেব ২৬৲ ২৭৲ ২৮এ কিন্তু আজকে চালের দাম কোথায় না কোথাও ১০০ কোথাও ১১০, কোথাওবা ৮০৲ কি ৯০৲ টাকা কেন না তাঁদের নিয়ন্ত্রণ নীতি ব্যর্থ হয়েছে এটাই ঘোষণা করলেন। মুখ্য মন্ত্রীর ঐ দামে কোথাও চাল বিক্রি হয়নি এটাই হচ্ছে সত্য ঘটনা, তিনি আর একটা কথা বলেছেন বাংলা দেশ ঘাটতি অঞ্চল। বাংলা দেশে আমাদের যা উৎপন্ন হয় তা যদি ভাগ করে খাই তাহলে তা যা বলেছেন তা ৭ বা ৮ আউন্স হয় বাংলা দেশে তাঁর হিসাবে ৩ কোটি ৯২ লক্ষ বৎসরে হয় এবং খাদ্যশস্য উৎপাদন হচ্ছে ৫৭ লক্ষ টন তা থেকেই ভাগে ৭ থেকে ৮ আউন্স পড়ে না সেটা ১২ থেকে ১৩ আউন্স পড়ে। অঙ্কের এই হিসাব তাঁর জানা ছিল। গত বার বলেছিলেন ৩ কোটি ৬০ লক্ষ লোক আছে আর এরা যদি ১৬ আউন্স করে খায় তাহলে দরকার ৬২ লক্ষ টন। এই হিসাব যদি ধরে নিই, অর্থাৎ ৩ কোটির উপর লোক খায় এবং তারা যদি সকলেই ১৬ আউন্স করে খায় তাহলে আমাদের দরকার ৬৬ লক্ষ টন, আমাদের দেশে উৎপাদন হয় ৫৭ লক্ষ টন আর কেন্দ্র থেকে চাল পাচ্ছে ৩ লক্ষ টন এই ৬০ লক্ষ টন হল এবং গম পাই ৬ লক্ষ টন। গমও আমাদের দেশে কিছু হচ্ছে, এই হিসাব যদি ধরি তাহলে দেখবেন ৬৬ লক্ষ টন ছাড় গেছে সকলেই যদি ১৬ আউন্স করে খাই।

কিন্তু রেশনিং এলাকায় যারা থাকেন, তাদের দেওয়া হত ১২ আউন্স করে, যখন ২৪শো গ্রামে ছিল। তাদের যদি এই ১২ আউন্স করে না দেওয়া হয় সেপ্টেম্বরের শেষ থেকে ডিসেম্বর পর্যন্ত যদি তাদের ১৯শো গ্রাম করে দেওয়া হয়, তাহলে এখান থেকে ৩ লক্ষ টন খাদ্য শস্য বেঁচে গেলো। ১৬ আউন্সের হিসাবে তাহলে আমাদের প্রয়োজন ৬৩ লক্ষ টন, এবং আছেও ৬৩ লক্ষ টন, তাহলে অভাব কেন? কম কেন? এই প্রশ্নটা স্বভাবতই উঠতে পারে, যার জবাব মুখ্য মন্ত্রী এখানে দেননি। তাঁর যে সংখ্যাতত্ত্ব সেই সংখ্যাতত্ত্বই আমি আপনার সামনে রাখছি।

মাননীয় সভাপাল মহাশয়, পাকিস্তান এং আমাদের সাথে যুদ্ধের পর, শুনছি বলা হচ্ছে সোমবার রাত্রিতে এক বেলা খেও না, এখন দেশের সঙ্কট, দেশের খুব খারাপ অবস্থা। একটি প্রশ্ন আপনার মাধ্যমে আমি রাখতে চাই। আমাদের এখানে আজ যে খাদ্য সঙ্কট দেখা দিয়েছে তার মূল কারণ কি, ভারত পাকিস্তান যুদ্ধ, না তার কারণ অন্য জায়গায় রয়েছে? পাকিস্তানের সঙ্গে আমাদের যুদ্ধ যে এলাকায় হয়েছে, সেখানে কি সরকারের পক্ষ থেকে, সে এলাকায় খাদ্য শস্য পাঠান হয়েছে? বাংলার এক কণা খাদ্য শস্যও কি সেখানে পাঠান হয়েছে? তা হয়নি। বাংলাদেশের বুকের উপর ও যুদ্ধ হয়নি কাজেই বাংলা দেশের যে খাদ্য শস্য থাকে,এবং বাইরে থেকে খাদ্য শস্য বাংলা দেশে আসে, তা বাংলা দেশের বুকেই রয়েছে। ভারত, পাকিস্তান যুদ্ধের জন্য, এখানে খাদ্য শস্যের অভাব দেখানর যে নজীর দেবার চেষ্টা হচ্ছে, এ অত্যন্ত অসৎ প্রচেষ্টা অপচেষ্টা এবং অসৎ চেষ্টা, এবং লোকের যে অনাহার, তাকে নিয়ে বিদ্রূপ করার চেষ্টা হচ্ছে।

মাননীয় সভাপাল মহাশয়, আমার দু নম্বর কথা যেটা, সেটা হল, তাহলে এই খাদ্য সঙ্কট এবং খাদ্যের অভাব কেন? গতবার যখন আমরা এই খাদ্য সঙ্কট সম্বন্ধে সতর্কতার পথ অবলম্বন করার জন্য বলে ছিলাম, তখন মুখ্য মন্ত্রী মহাশয় লাফিয়ে, লাফিয়ে উঠে বলেছিলেন, না, আপনাদের কোন কথাই শুনবো না, আমার খাদ্য নীতি অত্যন্ত ভাল। তাঁর কি নীতি? যে আমি এত লক্ষ টন চাল, গম পাবো, তা দিয়ে বিধিবদ্ধ রেশনিং এলাকাকে খাওয়াবো, আর বাইরের যে সব এলাকায়, সেখানে চাল, গমে ভেসে যাবে, ভেসে যাবে, ভেসে যাবে; আপনারা এখন এত আপত্তি করবেন না। তখন আমরা বলেছিলাম এতে হবেনা। পাইকারী ব্যবসাকে রাষ্ট্রায়ত্ব করুন, খাদ্য সংগ্রহের ব্যবস্থা ঠিক করুন, ঘাটতি এলাকায় রেশনিং ব্যবস্থা পুরো চালু রাখুন বণ্টন ঠিক জায়গায় নিন, এবং যেখানে ঘাটতি এলাকায় আংশিক রেশনিং ব্যবস্থা চালু আছে, সেখানে পুরো ভাবে চাল রাখুন, তা না হলে, চোরাকারবারী ও মজুতদারদের হাতে আপনি বন্দী হয়ে যাবেন। তিনি বলে ছিলেন তা হবো না। খাপ্পার ক্রপ হয়েছে। কিন্তু সে দিন আমরা যেটা বলেছিলাম, আজকে সেটা সত্যি বলে প্রমাণিত হয়েছে, এবং সেটা আজকে মুখ্যমন্ত্রী মহাশয় পারাপুরি স্বীকার না করলেও আংশিকভাবে স্বীকার করতে হয়েছে।

আমি মনে করি বর্ত্তমান খাদ্য সঙ্কটের চারটি কারণ আছে। এক নম্বর হল, সরকারের ভুল খাদ্য নীতি। দু নম্বর হল, সরকারের সংগ্রহ ও বণ্টন নীতির মধ্যে ত্রুটি। তিন নম্বর হচ্ছে সরকারের ব্যবসায়ী চোরাকারবারী এবং চাল মজুতদারদের পৃষ্ঠপোষকতা করা এবং তাঁদের তোষণ নীতি। চার নম্বর হচ্ছে, সরকারের যে প্রশাসনিক ব্যবস্থা আছে, তার অপদার্থতা এবং তার ভিতর যে দুর্নীতি রয়েছে। পাঁচ নম্বর হচ্ছে আমাদের খাদ্য মন্ত্রী তথা তিনি মধ্যমনী, তাঁর অপদার্থতা। সময়, সময় তিনি যে সব বাণী খবরের কাগজের মাধ্যমে দেন, তাতে তিনি চাল এবং গমের দাম বাড়িয়ে দেন। এবং তিনি যে মিথ্যা সংখ্যাতত্ত্ব দেন, এগুলি সব মিলে বাংলা দেশের মধ্যে খাদ্য সঙ্কট সৃষ্টি করেছেন। এই পাঁচটি কারণকে যদি দূর করা না যায়, তাহলে খাদ্য সঙ্কটের হাত থেকে আমরা কখনও রেহাই পাবো না।

মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন চিরকাল আমরা দাবী করে এসেছি যে ভারতবর্ষ একটা দেশ, এখানে একটাই খাদ্য নীতি হবে, কিন্তু কেন্দ্র সেটা গ্রহণ করেন নি। অবশ্য বাংলা দেশে একটি খাদ্য নীতি আছে, সেটা হল ১৪, ১৫, ১৬ টাকা দরে ধান সংগ্রহ করবেন, এবং ২৭।২৮ টাকায় চালের দাম পৌঁছে দেবেন এবং বিধিবদ্ধ রেশনিং এলাকায় ১২ আনা করে চাল দেবেন, এবং যেখানে ঘাটতি এলাকা, সেখানে মোডিফাইড রেশনিং এর মাধ্যমে চাল দেবেন, এই নীতি তাঁরা ঘোষণা করেছিলেন। এই যদি হয় বাংলা দেশের খাদ্য নীতি তাহলে আজকে বিভিন্ন জেলার মধ্যে ইনার ডিস্ট্রিক্ট কর্ডনিং কেন? জেলার অভ্যন্তরে কর্ডনিং কেন? ইনার ডিস্ট্রিক্ট কর্ডনিং কেন? অর্থাৎ একটা জেলার ভিতর কর্ডনিং মুর্শিদাবাদ জেলা, কাঁদি অঞ্চলের সাথে সেটা এদিকের অঞ্চল, গঙ্গার ওপারের সাথে কর্ডনিং বর্দ্ধমান, মেদিনীপুর জেলার ইনার ডিস্ট্রিক্ট কর্ডনিং আবার সারপ্লাস ডিস্ট্রিক্ট কর্ডনিং যেটা রয়েছে, তার সাথে ডেফিসিট জেলার কর্ডনিং রাখা হয়েছে। ইনার ডিস্ট্রিক্ট কর্ডনিং কেন? সারপ্লাস ডিস্ট্রিক্ট এবং ডেফিসিট ডিস্ট্রিক্টএর মধ্যে কর্ডনিং রাখা হয়েছে কেন?

[4-45—4-55 p.m.]

এই যদি হয় তাহলে বাংলাদেশের বিভিন্ন জেলার মধ্যে ইনার ডিস্ট্রিক্ট কর্ডনিং কেন? ইনার ডিস্ট্রিক্ট কর্ডনিং কেন? একটা জেলার ভেতর কর্ডনিং, তার ফলে একই জেলার সারপ্লাস এলাকা থেকে সেই জেলার ডেফিসিট এলাকায় চাল যেতে পরবে না কর্ডনিং-এর জন্য। মুর্শিদাবাদের কাঁদি অঞ্চলের সাথে রাঢ় অঞ্চলের সাথে গঙ্গার এপার অঞ্চলের সাথে সেখানে কর্ডনিং বর্দ্ধমান জেলার ইনার ডিস্ট্রিক্ট কর্ডনিং আবার সারপ্লাস জেলা যেগুলি রয়েছে, ডেফিসিট জেলা যেগুলি রয়েছে তাদের মধ্যে কর্ডনিং কেন? মূল্য তো নিয়ন্ত্রণ করে দিয়েছেন। আপনার যদি প্রশাসনিক ব্যবস্থা ঠিক থাকতো মজুত উদ্ধারের নীতি ঠিক থাকতো সেই জায়গায় যদি আপনি জোর দিয়ে ধরতে পারতেন তাহলে এই কর্ডনিং-এর দরকার হত না। এই কর্ডনিং করেছেন কেন? এ করার কারণ আছে। এই কর্ডনিং না হলে চোরাকারবারীদের ব্যবসায় ফলাও হয়ে চলে না। আর কর্ডনিং না হলে মন্ত্রী বাবুদের এবং তাঁদের পোষ্য

যাঁরা আছেন, আর এই প্রশাসনিক দপ্তরের মাথায় যারা বসে আছেন, তাঁদের পকেটে টাকা যায় না। তাই কর্ডনিং রাখার প্রয়োজন তাছাড়াও এই দুর্নীতিকে বাঁচাবার জন্য, দুর্নীতিকে বাড়াবার জন্য কংগ্রেসের তরফের লোক যারা তাদের পকেটে কিছু টাকা ঢুকিয়ে দেবার জন্য মূল্য নিয়ন্ত্রণের জন্য নয়।

আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন, আপনি শুনেছেন কালকে রাষ্ট্রমন্ত্রী স্মরজিৎ বাবু বলেছিলেন; লজ্জা তাঁদের হয়েছে কিনা জানি না—নদীয়া জেলায় গত ১৩ই অক্টোবর চালের দাম ছিল একটাকা ও দু নয়া পয়সা আমাদের মুখ্য মন্ত্রী ১১ই তারিখে নদীয়া জেলায় গিয়েছিলেন, তিনি সেদিন কতদর শুনে এসেছেন? এক টাকা পঞ্চাশ নয়া পয়সা থেকে একটাকা বাষট্টি নয়া পয়সা। তাহলে এখন জিজ্ঞাস্য দুজনের কার কথাটা সত্যি? কার কথা আমরা গ্রহণ করবো? এরা সব অসত্যের কারবারী, অসৎ তথ্যের কারবারী, মিথ্যাকথা বলে দেশের মানুষের অনাহার নিয়ে খেলা করে। তারপর মুখ্যমন্ত্রী বললেন কেন তিনি ওটাকে বন্ধ করলেন কর্ডনিং শক্তিশালী করলেন। তার মাথায় হঠাৎ এসে গেল তখন যে মূল্যনিয়ন্ত্রণ ঠিক ঠিকভাবে করতে পারছি না। যদি ডিস্ট্রিক্ট কর্ডনিং শক্ত করে দিই, তাহলে ঠিক ঠিক মূল্য নিয়ন্ত্রণ করতে পারবেন। হায়রে হায়, কপালরে কপাল। ডিস্ট্রিক্ট কর্ডনিং শক্ত হয়ে গেল; আর মূল্য নিয়ন্ত্রণ? লাফ দিয়ে ১.৬২ নয়া পয়সা থেকে তিন টাকা কেজি উঠে গেল। কি চমৎকার মূল্য নিয়ন্ত্রণ। এই যদি তাঁদের মূল্য নিয়ন্ত্রণ হয় তাহলে আসল মূল্য নিয়ন্ত্রণ যে কী, সেটা ওঁদের মাথায় ঢোকেনি। আপনি হাতুড়ি পিটিয়ে ঢোকালেও ঢুকবে না। কারণ চোরাকারবারীদের কাছে তাঁদের টিকি কেন, মাথা বাঁধা আছে, সমস্ত দেহটাই বাঁধা আছে। সার, ওঁদের সৎ উদ্দেশ্য বলে কিছু আছে বলে আমাদের মনে হয় না। মুখ্যমন্ত্রী যে বক্তৃতা দিয়েছেন তার মধ্যে কোন সদুদ্দেশ্যের প্রতিফলন আমরা দেখতে পেলাম না। এক্ষণে করণীয় কাজ যেগুলি এই সঙ্কটকে রোধ করার জন্য, তার কিছু সাজেসন আমি দিতে চাই।

এক নম্বর কাজ হচ্ছে বাংলাদেশে যে খাদ্যশস্য লুকানো আছে বাইস মিলের গুদামে অথবা মজুতদার বা ব্যবসাদারদের ঘরে সেটাকে শক্ত হাতে ধরে উদ্ধার করতে হবে। সেখানে কোন দয়া মায়া দেখলে চলবে না। সেখানে মুরারী বাবুর মত অনেক রাঘব বোয়ালরা জড়িত আছে আমরা জানি। কিন্তু সেখানে কোন দয়ামায়া দেখালে চলবে না। সেখানে যদি সক্ত হাত দিয়ে ধরতে পারেন, সেই লুকানো মজুত উদ্ধার করতে পারেন, তাহলে এই সঙ্কটের হাত থেকে উদ্ধার পাওয়া যাবে।

জেলার ভেতর কর্ডনিং জেলায় জেলায় কর্ডনিং এই করে চালের দাম কমান যাবে না তাতে দাম আরো বাড়বে। এটা ফল হতো যদি মোডিফাইড রেশনিংএ পুরা রেশনটা আপনারা দিতে পারতেন। আজ বারো আউন্স থেকে আবার কমে গেল দশ আউন্সে। আজকে বিধিবদ্ধ রেশনিং এলাকার লোক ১০ আউন্স খাবার পায়। মডিফায়েড রেশনিংএ আরো কমে গেল। তাঁদের খাদ্য নীতি প্রফুল্লবাবুর কথায় বলতে হয় কনজুমারস রেজিসটেন্স গড়ে তোলা। সরষের তেলের দাম বাড়বে সরষের তেল খাবেন না। বাদাম তেল খাবেন। চালের দাম বাড়ছে, চাল খাবেন না আলু খাবেন। আর আলুর দাম বাড়বে, আলু খাবেন না, ঘাস খান, পাতা খান এবং ঐ দিকে চলে যান। অর্থাৎ কনজুমারস রেজিসটেন্স গড়ে তুলুন। যার দাম বাড়বে, তা খাবেন না। ঐ গাছের পাতাটাত যা আছে তাই খেয়ে উদরপূর্তি করুন। এই হচ্ছে কনজুমারস রেজিসটেন্স।

তারপর এই যে অডিট রিপোর্ট আমাদের কাছে দেওয়া হয়েছে, সেটা খুব চমৎকার কি রকম তাদের প্রশাসনিক ব্যবস্থা তার একটা উদাহরণ এখানে রাখতে চাই। এর ৭৫ পৃষ্ঠায় বলা হয়েছে ১৯৬০-৬১ সালে, ১৯৬১-৬২ সালে সরকারী গুদামে যে খাদ্যশস্য ছিল, তা থেকে একলক্ষ কুইন্টাল খাদ্যশস্য নিতে, আনতে আর রাখতে চলে গেল। এই যে প্রায়

পৌণে তিন লক্ষ মনের মত খাদ্যশস্য নিতে আনতে রাখতে চলে গেল, এই সম্পর্কে স্মরজিৎ বাবু বলবেন কলকাতার ইঁদুরগুলো খুব মোটামোটা, তাই তাদের পেটে এটা চলে গেছে। প্রসঙ্গত এখানে আমার একটা গল্পের কথা মনে পড়ে গেল। আমি এক সময় কয়লাখনি অঞ্চলে থাকতাম। আমি একটা গল্প শুনেছিলাম কিভাবে খনির ম্যানেজার কয়লা চুরি করে। যে কয়লা খাদ থেকে ৬ঠে তার প্রায় অর্দ্ধেক মালিকরা পায় না। এক সাহেব কোম্পানীর খাদের কয়লা উঠেছে, সাহেব এসে বললো এত কয়লা উঠলো তার বাকী অর্দ্ধেক গেল কোথায়? তখন ম্যানেজার বললো জানেন না? এখানে অনেক মোটা মোটা গরু রয়েছে, সেই গরুরা সব কয়লা খেয়ে চলে যায়। তখন সাহেব বললো গরুরা কয়লা খায়? ম্যানেজার বললে এটা আপনি কী বলছেন? এযে ভারতবর্ষের গরু, এরা কয়লা খায়। সেই এই চাল ও চলে গেল। তার হিসেব নাই। ১৯৬০-৬১ সালে এই এক লক্ষ কুইণ্টাল চলে গেল। এর পরে পরে আরো বেশী পরিমাণ চলে যাবে। গাঙ্গুলী সাহেবের মত যারা ঐ খাদ্য দপ্তরের মাথার মণি হয়ে বসে আছে, যাদের বড় বড় বাড়ীঘর উঠছে, লক্ষ লক্ষ টাকার ধান চাল সেই সব মোটা মোটা ইঁদুররা তাদের পকেটে রেখে দেয়। আর তাদের বাক্স পেটরা বড় হয়ে ফুলে যায়। প্রশাসন ব্যবস্থাকে যদি শক্তি করা না যায়, এই দুর্নীতি মুক্ত করা না যায় তাহলে খাদ্য সঙ্কট কোনদিন দূর করা যাবে না। খাদ্যশস্য বিভিন্ন জেলায় লুকানো আছে, ঘাটতি জেলাগুলিতে ব্যবসায়ীদের মজুতদারদের হাতে লুকান আছে, সেগুলি উদ্ধার করে নিজেদের ষ্টকে আনুন। কারণ, তাদের লুকান চাল বিধিবদ্ধ রেশনিং এলাকায় এনে বাড়তি দামে বিক্রী করছে, তাদের ধরুন। ইণ্টারডিস্ট্রিক্ট কর্ডনিং নয়, ইণ্টার ডিস্ট্রিক্ট কর্ডনিং নয়, মডিফায়েড রেশনিং নয়, বড় বড় বক্তৃতা নয়, এগুলি খাদ্য সমস্যা সমাধানের পথ নয়। দেশপ্রেম, দেশপ্রেম করছেন কিন্তু না খেয়ে দেশপ্রেম হয় না। ত্যাগ কর, ত্যাগ কর এই করে খাদ্য সমস্যার সমাধান করা যাবে না। তাই স্যার, আমি আপনার মাধ্যমে এদের কাছে একটা সাবধান বাণী উচ্চারণ করছি মানুষের জীবন নিয়ে এঁরা যেন খেলা না করেন। আগষ্ট মাস পর্যন্ত যখন বাংলাদেশের অবস্থা অগ্নিগর্ভ ছিল তখন আমরা বিভিন্ন জেলা থেকে যে খবর আমরা পেয়েছি সেটা হচ্চে ক্ষুধার্ত মানুষের মিছিলের খবর, বিক্ষোভের খবর, এস ডি ও জেলা ম্যাজিস্ট্রেটকে ঘেরাও করার খবর। যুদ্ধের সময় মানুষ পেটে গামছা বেঁধে ছিল, যুদ্ধ চলছিল বলে। কিন্তু যারা আমাদের প্রতিরক্ষা ব্যবস্থার ভিতরে থেকে অন্তর্ঘাতী কাজ করছে, পাকিস্তানী এজেণ্টের কাজ করছে, যারা খাদ্য শস্য নিয়ে চোরা কারবার করছে, যারা আমাদের প্রতিরক্ষা ব্যবস্থাকে দুর্বল করে দিয়েছে দেশ-দ্রোহিতার কাজ করছে তাদের বিচারের কাঠগোড়ায় দাঁড় করিয়ে দেওয়া আমাদের একমাত্র কাজ। তা যখন আমরা করতে পারব তখনই আমরা খাদ্য সঙ্কট দূর করতে পারব তার আগে কিছু হবে না।

Shri Haralal Haldar: On a point of personal explanation, Sir,

আমি জানতে পেরেছি সোমনাথ লাহিড়ী মহাশয় আমার নামে কটূক্তি করে বলেছেন যে আমি নাকি চালের ব্যবসা করি, আমার নাকি চালের কল আছে—এটা সম্পূর্ণ অসত্য।

[4-55—5-5 p.m.]

Shri Pijus Kanti Mukherjee:

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের দেশ অত্যন্ত সঙ্কটের মধ্যে দিয়ে যাচ্ছে। একদিকে যখন পাকিস্তানের সঙ্গে যুদ্ধ চলছে, যখন চীন আমাদের উপর হুমকী দিচ্ছে সেই সময় দেশের একদল লোক সেই সুযোগ নিয়ে মুনাফার পর মুনাফা করে যাবে এই ব্যাপার কখনই সহ্য করা সম্ভব নয়। কোন দেশ যদি নিজেদের ঐতিহ্য নিয়ে বেঁচে থাকতে চায় সেই দেশের মধ্যে যদি এই অবস্থা বিরাজ করতে থাকে তাহলে সেটা সত্যই আশঙ্কাজনক। একদিকে যখন হাজার হাজার জোয়ান মাতৃভূমি রক্ষার জন্য নিজেদের আত্মাহুতি দিচ্ছে সেই সময় জোয়ানদের আত্মাহুতির আড়ালে নিজেদের রক্ষা করে একদল লোক যারা

কালো বাজারী করে তাদের অপরাধ ক্ষমার অযোগ্য। মাননীয় সভাপাল মহাশয়, এই অবস্থা কেন দেখা দিল, আমাদের দেশের লোকের এই ধারণা হয়ে গিয়েছে সরকার যখন কিছু কণ্ট্রোল করেন তখন সেই জিনিসের দাম নিশ্চয়ই বাড়বে। যখনই কোন কণ্ট্রোল হয় তখন সেই সেই দ্রব্যের যারা ব্যবসা করেন তাদের মধ্যে এক শ্রেণীর লোকের ধারণা জন্মায় যে তখন তারা কিছু সুযোগ সুবিধা করে নিতে পারবে। এর ফলে তারা যারা ধান উৎপাদন করে চাল উৎপাদন করে এই উভয় শ্রেণীর লোক একটা আশার আলো দেখতে পায়—তারা মনে করেন এতে তারা কিছু কামাইতে পারবেন। এরই ফলে সরকার যে নীতি গ্রহণ করেছিলেন সে নীতি সার্থক ভাবে প্রয়োগ করা সম্ভব হয় না। মিল যে পরিমাণ ধান সংগ্রহ করে যে পরিমাণ চাল উৎপাদন করে তার পুরাপরি হিসাব দেখান হয় না। খানিকটা পশ্চাতদ্বার দিয়ে কালোবাজারে চলে যায়। সমস্ত বাংলা দেশের খুঁটিনাটি হিসাব করে আমি বলতে পারব না কিন্তু জলপাইগুড়ি হিসাব যদি দেখা যায় তাহলে আমার মনে হয় সেটাই বাংলা দেশের ছবি হিসাবে দেখা যাবে। গত এপ্রিল মাসে জলপাইগুড়ি, ময়নাগুড়ি মহকুমায় ধানের দাম বাড়তে থাকে। এখন প্রশ্ন হল সেখানকার ধানের দাম গেল কোথায়? কয়েকদিন আগে আমি ইণ্ডিয়ান টি প্ল্যাণ্টার্স এসোসিয়েশান থেকে একটা চিঠি পেলাম তাতে দেখছি সরকার তাদের ৯ হাজার টন চাল দেবে বলে বলেছিলেন কিন্তু আমি যখন চিঠি পাই এই দশ দিন আগে তখন মাত্র দুই ওয়াগন চাল গিয়ে পৌঁছেছে, আরও ১১ ওয়াগন বাকী। এখন প্রশ্ন হবে এই চা বাগানের মালিকেরা তাদের শ্রমিকের জন্য এই চাল কোথা থেকে পেলেন —লোক্যাল মারকেট থেকে এই চাল তাদের কিনতে হয়েছিল। যার ফলে যে সব ধান মজুত ছিল সেই ধানের দাম বাড়তে সুরু করে এবং সেটা বাড়তে বাড়তে জুন জুলাই আগষ্ট মাস পর্যন্ত এই রকম চলে। যখন পাকিস্তানী হামলা সুরু হয় তখন হঠাৎ দেখা যায় এক টাকা বারো আনা থেকে চাল এক টাকা চার আনায় নেমে আসে। আমি খোঁজ করে জানতে পারলাম যে সে সময়ে লোকের ধারণা ছিল হয়ত পূর্ববংগের সঙ্গে পশ্চিমবঙ্গের লড়াই বেঁধে যাবে, হয়ত এখানেও বোমা পড়বে এই ধারণার বশবর্তী হয়ে অনেকে সেই সময় চাল বাজারে ছেড়েছে। কিন্তু যখনই আবার তাদের মনে এই ধারণা সৃষ্টি হল যে এই এলাকায় যুদ্ধ সম্প্রসারিত হবে না তখনই আবার চালের দাম বাড়তে সুরু করলো। আমরা যাদের ছোট ছোট দোকান করতে দেখেছি এমন কি যারা বিড়ি বেঁধে চলতো তারা রাতারাতি ব্যবসায়ী হয়ে উঠলো।

অদ্ভুত ব্যাপার। আমরা দেখেছি হাজার হাজার ব্যবসায়ী ৫ মণ, ৭ মণ, ১০ মণ মোটরে করে প্রত্যেকে নিয়ে যাচ্ছে। তাদের যদি ধরা হয় তারা বলে যে এটা আমার চাল, ২ মণ নিয়ে যাচ্ছি। এই ভাবে তারা নিয়ে গিয়েছে, নিয়ে গিয়েছে নিজেদের ঘরে খাবার জন্য নয়, বিক্রি করবার জন্য। এই অবস্থার প্রতিকার কি করে করা সম্ভব সেটা আমাদের দেখতে হবে। যে নীতি আমরা গ্রহণ করি সেই নীতিকে কার্যকরী করবার জন্য যদি প্রয়োগ করা হতো তাহলে এই অবস্থা আমাদের এলাকায় এতটা হতে পারতো না এবং যদি সরকারী কর্মচারীদের মধ্যে পুরোপুরি কো-অর্ডিনেশন থাকতো। আমি নিজে বিভিন্ন বিভাগের সঙ্গে কথা বার্তা বলে দেখেছি যে জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন, পুলিশ, ফুড ডিপার্টমেণ্ট এবং এনফোর্সমেণ্টের মধ্যে কোন কো-অর্ডিনেশন নেই। জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন একদিকে আর ফুড ডিপার্টমেণ্ট এবং এনফোর্সমেণ্ট আর এক দিকে। আমরা হোমগার্ডেরও সাহায্য নিয়েছিলাম কিন্তু কিছুদিন পরে দেখতে পেলাম তাদের মধ্যে ডিভিশন দেখা দিলো। আমাকে অনেক সময় মধ্যস্থতা করতে হয়েছে। এ একটা ভয়ংকর অবস্থা, জেনারেল এ্যাডমিনিস্ট্রেশন একদিকে যাচ্ছে, পুলিশ এনফোর্সমেণ্ট ও খাদ্য দপ্তর আর একদিকে যাচ্ছে। এই অবস্থার জন্য বিশৃঙ্খলা দেখা দিলো, এই বিশৃঙ্খলা অবস্থাকে শৃঙ্খলে আনবার চেষ্টা দেখা দিলো। আমরা দেখেছি এদের মধ্যে অসহযোগিতা প্রচুর পরিমাণে আছে। গত মে মাসে প্রথম সপ্তাহে সরকার থেকে ভুয়ো র‍্যাশন কার্ড ধরা শুরু করা হয়নি। আমরা ফল্স রেশন কার্ড ধরতে চেষ্টা করেছিলাম কিন্তু খাদ্য বিভাগ আমাদের প্রচণ্ডভাবে বাধা দিলো। তারপর আমরা যখন নিজেদের সংগঠন দ্বারা জবরদস্তিভাবে প্রায় ৩০ হাজার ফল্স কার্ড দেখিয়ে দিই তখন আমাদের সেই চেকিংটা তাঁরা স্বীকার করে নেন। যে পরিমাণ আমাদের হাতে জনশক্তি ছিল, যে পরিমাণ জনশক্তিকে আমরা সংহত করতে পেরেছি সেই পরিমাণে আমরা এই অসুবিধা দূর করতে সক্ষম হয়েছি। আমরা জানি খাদ্য বিভাগের মারফত নানা ফল্স কার্ড তৈরী হয়ে গিয়েছে। এনফোর্সমেণ্ট পুলিশ এবং জেনারেল

এ্যাডমিনিস্ট্রেশন একযোগে এবং একভাবে যদি কাজ না করে তাহলে এইগুলি ধরা সম্ভব হবে না। যুদ্ধকে যেমন প্রথম অধিকার দিতে হবে, দেশরক্ষা না হলে খাদ্যই বা কি আর অন্য কিছুই বা কি, কোন কিছু যেমন সঠিকভাবে করা সম্ভব নয় তেমনি আমরা কোন কিছু শান্ত করতে পারবো না, জীবন ধারণ আমাদের পক্ষে সম্ভব হবে না যদি না খাদ্যের ব্যবস্থা করা যায়। এই জন্য যুদ্ধকে যেমন প্রথম স্বীকৃতি দিতে হবে তেমনি খাদ্যাবস্থাকেও স্বীকৃতি দিতে হবে এবং আমাদের সেইভাবে অগ্রসর হওয়া প্রয়োজন। এবারে গোলমাল হয়নি, লোকে আন্দোলন করেনি, তার কারণ দেশপ্রেম। আমরা কৃষক, চাষীর ঘরের মেয়েদের জিজ্ঞাসা করেছি তারা বলেছে খাদ্য চাই না বাবু যুদ্ধে জিততে হবে। এই যে দেশপ্রেম এই দেশ-প্রেমের জন্য গোলমাল হয়নি। একদিকে যেখানে লড়াই চলছে অসাধ্যসাধন করবার চেষ্টা চলছে, দেশপ্রেম দেখিয়ে জনসাধারণ হাতে হাত মিলিয়েছে দেশকে বাঁচাবার জন্য, খাদ্যসমস্যা সমাধান করবার জন্য সেই সময় সমস্ত সরকারী বিভাগ যাতে ইন কোঅর্ডিনেসান কাজ করে অভাব দূরীকরণের চেষ্টা করে সেটা দেখতে হবে। খাদ্য যদি কম থাকে তাহলে সেটা সমানভাবে ভাগ করে নিতে হবে। আমরা জানি আমাদের এ বছরে এই সিজন টাইম অগ্রহায়ণ, পৌষ মাসে মফঃস্বলের বাজারে যে পরিমাণ চাল আসছে তার চেয়েও বেশী চাল আছে এবং এই চাল চাষীর ঘরে আছে। সেজন্য আগামি বছরে মৌতাল প্রোকিওরমেণ্ট দরকার। চাষীদের জীবনধারণের জন্য যতটুকু দরকার খাদ্য হিসাবে তার চেয়ে তাদের কিছু পরিমাণ বেশী দেওয়া দরকার, তা না হলে চাষীদের মধ্যে ইনসেণ্টিভ থাকবে না এবং মিলিং যদি করতে হয় তাহলে গভনমেণ্ট থেকে ধান নিয়ে রাইসমিলগুলি মিলিং করবে এবং গভর্ন-মেণ্টকে তা উপযুক্ত পরিমাণে ফেরত দিতে হবে। এই ব্যবস্থা যদি করা যায় তাহলে এর প্রতিকার সম্ভব। যে পন্থা আমরা অবলম্বন করবো তা যদি খরচ সাপেক্ষ হয় কষ্ট সাপেক্ষ হয় তাহলেও তাকে পুরাপুরি রূপায়িত করবার চেষ্টা করতে হবে। তা না হলে পুনরায় এই ধানের চলবে। লোকে ভাববে সরকার যখন সমস্ত কিছু নিয়ন্ত্রিত করতে যাচ্ছেন তখন এ বছরের তিন টাকা কে. জি. চাল ছিল আগামী বছর ৫ টাকায় বিক্রী হবে। সেজন্য সমস্ত শক্তি প্রয়োগ করে এর প্রতিরোধ করার চেষ্টা করা উচিত এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-5—5-15 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

চেয়ারম্যান স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যখন এই খাদ্য বিতর্কের উপর বেশ গুছিয়ে ভঙ্গী করে আমাদের তাঁর বক্তৃতা শোনাচ্ছিলেন তখন আমার একটা কথা মনে হচ্ছিল যে এ ঘরটা গোল এবং মুখ্যমন্ত্রীর শেষ কথা পর্যন্ত শোনার পর সমস্তটাই মনে হল এই গোলো মত শূন্য এবং আমাদের বাংলাদেশের জীবনে তিনি গণ্ডগোলের সৃষ্টি করেছেন এবং সঙ্গে সঙ্গে তিনি একথা যখন বললেন যে তিনি নির্বোধ নন তখন আমাদের সকলের মনে হল ঈশ্বর যদি তাকে নির্বোধ করতেন তাহলে এই বাংলাদেশ এই হাহাকারের হাত থেকে বেঁচে যেত। তাঁর এই বুদ্ধি স্বাধীনতার ১৭ বছর ধরে বাংলাদেশের মানুষকে অনাহারে এবং অর্ধাহারে রেখেছে। স্যার, আমি মুর্শিদাবাদ জেলা থেকে এসেছি। গত সেশানের পর যখন আমি সেখানে গিয়েছি এখানে মুখ্যমন্ত্রীর সদম্ভ উক্তি শোনার পর যে কাউকে না খেয়ে মরতে দেব না, এবারে বাম্পার ক্রপ হয়েছে, কোন অভাব নেই, তখন দেখেছি ভগবানগোলার ঐ ওডাহর গ্রামের এক চাষী তার নিজের মেয়েকে খুন করে নিজে আত্মহত্যা করেছে। কাজেম আলি মির্জার কনস্টিটউয়েন্সি রাজারামপুরে হাজার হাজার লোকের মৃত্যু হয়েছে। তখন মনে হয়েছিল এতবড় ধৃষ্ট মুখ্যমন্ত্রী যে দেশের মাথায় বসে আছেন সেই দেশের কতদূর সর্বনাশ হবে সেটা ঈশ্বরই জানেন স্যার আমি আজ একথা বলতে চাই দেশের এই সঙ্কটময় সময়ে যখন বাংলাদেশের মানুষের ভবিষ্যত টু বি অর নট টু বির সামনে দাঁড়িয়ে আছে, যখন ভারতবর্ষের উপর বৈদেশিক হামলা সুরু হয়েছে, এমন কি ভারতবর্ষের সামনে বৈদেশিক হুমকি পর্যন্ত আসছে তখন এই মুখ্যমন্ত্রী বাইরে বড় বড় কথা বললেও এ্যাসেম্বলীর সামনে এসে একটা সুনির্দিষ্ট কথা বলবার মত তাঁর সাহস নেই। স্যার, কি করে সাহস হবে? উনি সব সময়

চালবাজি দিয়ে এই চালের তথ্য দিয়েছেন, এই চালের মধ্যে আছে স্ট্যাটিস্টিকস-এর চালবাজি, নানা রকম অঙ্কের চালবাজি, নানারকম কথার তুবড়ি ফুটছে এবং শেষ পর্যন্ত বাংলা দেশের মানুষকে উপদেশের চালবাজি দিচ্ছেন। দীর্ঘ ১৭ বছর স্বাধীনতার পর তিনি বলছেন আমি এত নির্বোধ নই। তিনি নির্বোধ হলে বাংলা দেশের এতখানি দুরবস্থা আসতো না। স্যার আমি আপনার কাছে বলছি এতখানি অপদার্থ এই মুখ্যমন্ত্রী এবং সরকার, দীর্ঘ কাল পরে যখন বুক ফুলিয়ে বলতে পারেন যে আমি এক মাসের মধ্যে এ লক্ষ টন চাল নিয়ে এসে দেবো তখন আমার মনে হয়েছিল সেই ফার্সি কবির কথা, যিনি এক জায়গায় বলেছিলেন—সেই চোরের সব চেয়ে বাহাদুরি যে চোর রাত্রি বেলায় লণ্ঠন হাতে করে চুরি করে। বাংলা দেশের মানুষকে না খেয়ে মরতে দেবো না এটা শুনে আসছি। তিনি নানারকম ফিরিস্তি দিয়ে আগামী দিনের, ভবিষ্যতের স্বপ্নের জাল বুনছেন।

স্যার, আপনাকে আর একটা কথা বলি উনি নদীয়া জেলার হিসাব দিলেন, মুর্শিদাবাদের হিসাব দেননি—বোধ হয় দেবার সাহস করছেন না—কিন্তু ঐ কংগ্রেসী কর্তারা মুর্শিদাবাদে যখন তাঁর কাছে ধর্ণা দিয়েছিলেন ঐ কাজেম আলি মির্জা সাহেবও ছিলেন তখন তিনি মুর্শিদাবাদে খুদ পাঠাতে চেয়েছিলেন—সেখানে ক্ষুদ আমরা দেখেছি ৬০ নয়া পয়সা—না ৫২ নয়া পয়সা কে জি র খুদ এবং সেই ক্ষুদ দিয়ে মুর্শিদাবাদের বুভুক্ষু মানুষকে স্তোকবাক্য দিতে চেয়েছিলেন নদীয়া এবং হাওড়ায় দিতে চেয়েছিলেন—আমি বলি চাল গেল কোথায়—এই হাউসের সামনে দাঁড়িয়ে তিনি বলেছিলেন যে বাম্পার ক্রপ হয়েছে তবে চাল গেল কোথায়—চাল কি ইঁদুরে খেয়েছে না বাদরে খেয়েছে—যদি বাঁদরে চাল খেয়ে থাকে তাহলে কত বাঁদর আছে সেটার আমরা হিসাব চাই। স্যার, আজ খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে—আজকে দেশ এক দিকে সংকটের মধ্য দিয়ে চলেছে আর এক দিকে এখনও পর্যন্ত এই সরকার অত্যন্ত নীতিভ্রষ্ট নীতি চলছে—সেই জন্য আজ আমাদের আশঙ্কা হচ্ছে যে দেশকে এই রকম সময় ওঁরা একটা বিপদের মধ্যে ফেলে দেবেন—সেই জন্য আমি এর আগেও বলেছিলাম যখন এই রকম একটা অবস্থা চলছে যখন বাংলা দেশের মানুষ দলে দলে মিছিল করে এস ডি ও ম্যাজিস্ট্রেটকে ঘেরাও করছে—যখন খাদ্য নীতি ভেঙ্গে চুরমার হয়ে গেছে তখন আমরা বিরোধী দলের তরফ থেকে মহামান্য রাজ্যপালকে বলেছিলাম যে আপনারা ডেমোক্রেসীর গর্ব করেন—আপনারা এসেম্বলী ডাকুন—এই অবস্থা প্রতিকারের জন্য আমরা বসতে চাই—আপনি শুনে আশ্চর্য হবেন মহামান্য রাজ্যপাল তিনি উত্তর দিয়েছিলেন যে it is under contemplation. আজ আমাকে সেই জন্য বলতে হচ্ছে যে মুর্শিদাবাদের মায়েরা নদীয়ার মায়েরা ছেলেরা যখন মরছে তখন মহামান্য রাজ্যপালকে দেখলাম তিনি নেহেরু ফাণ্ডে চাঁদা তুলে বেড়াচ্ছেন। স্যার, আজকে এই কথা আপনার সামনে বলছি যে আজ আমরা এমন একটা ডেমোক্রেটিক কান্ট্রিতে বাস করছি যে কান্ট্রিতে মহামান্য রাজ্যপাল পর্যন্ত আজকে দেশের মানুষের দুরবস্থার প্রতিকারের জন্য অপোজিসনের কথাকে গ্রাহ্য পর্যন্ত করেন না। স্যার, আর একটা কথা বলি—আমাদের খাদ্যমন্ত্রী অনেক হিসাব দিয়েছেন—আমি অত হিসাবের মধ্যে যাবো না আমার সময় কম। কিন্তু একটা জিনিস আমরা দেখেছি যে এই ১৮ বছর ধরে প্রডাকসনের উপর কোন জোর দেওয়া হয়নি। যতই ৩৫।৪০।৫০ লক্ষ টন বলুন না কেন—আপনি জানেন স্যার, ইণ্ডিয়ান ক্রাইসিস বলে একটা বই আছে সেই বইটা আপনি নিশ্চয় পড়েছেন—একজন বিখ্যাত সাংবাদিক লেখক তিনি বলেছেন ১৯৪৭ সালে ভারতবর্ষ স্বাধীন হোল এবং যখন চীন ১৯৫৯ সালে স্বাধীন হোল তখন উভয়ের অর্থনৈতিক অবস্থা একই ছিল উভয়েরই ইণ্ডাস্ট্রি এবং এগ্রিকালচার একই ছিল—ভারতবর্ষের কনজিউমার প্রডাক্ট বেশী ছিল—১৭ বছর পরে তিনি লিখছেন যে চীন ভারতবর্ষের চেয়েও অনেক এগিয়ে গেছে—কেন গেছে আর আমরা বা কেন যাই নি—

(ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চ : চীনা পত্নীর মত যে কথা বলছেন)

আজ আমাদের আত্ম সমালোচনা করবার দিন এসেছে—কারণ আজকে চীনের সঙ্গে লড়াই করতে হলে আমাদের বুঝতে হবে যে দুর্বলতাটা কোথায়—কি করে আমরা তাদের সঙ্গে ওয়ার প্রটেনসিয়ালে সমকক্ষ হতে পারি একথা আমাদের চিন্তা করতে হবে। স্যার, সেই জন্য

আমি বলছি যে আজকের দিনে এই রকম কমপ্ল্যাসেন্সির সময় নয়—আমরা জানতে চাই যে কি ভাবে নীতি চেঞ্জ করা হবে আমরা জানতে চাই গ্রামের মানুষ কাল থেকে চাল পাবে কিনা—আমরা জানতে চাই যে কলকাতা সহরে যে রেশন কাটা হয়েছে সেই কাটা পুনরুদ্ধার হবে কিনা—আমরা জানতে চাই চোরাকারবারী এবং তার সমর্থ কদের শাস্তি দেওয়া হবে কিনা—আমরা জানতে চাই যারা বড় বড় মিলমালিক যারা মজুতদার তাদের ধরে তাদের মজুতকে টেনে নিয়ে ক্ষুধার্ত মানুষ জোয়ান যারা লড়াই করছে তাদের পরিবারকে অভুক্ত অবস্থার দিক থেকে ভুক্তের দিকে নিয়ে আসা হবে কিনা। আমি একথা বলে দিচ্ছি যে আমরা দেশ রক্ষার জন্য সর্ব শক্তি দিতে প্রস্তুত আছি এবং আমরা অপোজিসনের তরফ থেকে দেখিয়ে দিয়েছি যে ৫ই আগষ্ট থেকে আরম্ভ করে যে দিন ছাত্র এলাকা ত : আগে পর্যন্ত অপোজিসনের তরফ থেকে যে আন্দোলন হয়েছিল—যে দিন দেশ বিপন্ন হোল সেদিন আমরা দেখিয়ে দিয়েছি যে আমরা কিভাবে দুঃসহ পরিস্থিতির জন্য দেশ রক্ষার কাজে এগিয়ে আসতে পারি—সেই ভরসা সেই সাহস নিয়ে আজ আমি বলবো যে আমাদের দেশের মানুষ আমি মানে শুধু ফৌজ নয় ডীপ রেয়ারে যে আমি আছে সেই আমি আনফেড অবস্থায় যুদ্ধকরতে পারে না। কাজেই আর্মিকে যদি ফেড করতে হয়—তাহলে এই অবস্থায় সম্পূর্ণ নিরসন করা দরকার এবং সেই অবস্থা নিরসন করতে হলে আজকে আমাদের মুখ্যমন্ত্রীকে ঢেলে তাঁর নীতিকে সাজাতে হবে চোরাকারবারী নীতি, স্বজন পোষণ নীতি দলবাজী নীতি—সমস্ত নীতিকে ঢেলে সাজিয়ে দেশের প্রতি লক্ষ্য রেখে সমস্ত দলকে নিয়ে যদি তিনি নীতি স্থির করেন তবে এই সমস্যার সমাধান হবে নতুবা যারা আত্মহত্যা করেছে যারা না খেয়ে মেরেছে তাদের অভিশাপ থেকে তিনি নিজেকে বাঁচাতে পারবেন না এ কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-15—5-25 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আমরা আমাদের যে মুলতুবী প্রস্তাব দিয়েছি তাতে আমাদের বক্তব্য কিছু না কিছু পেশ করেছি। আপনি নিজেই বুঝতে পারছেন যে খাদ্যের উপর যখন ১৯টা মুলতুবী প্রস্তাব এসেছে তখন বিষয়টি কত গুরুত্বপূর্ণ। এটা যে কোন বিবেকসম্পন্ন লোকই বুঝতে পারছেন। সে জন্য আমি আপনার সামনে কয়েকটি কথা রেখে আমার বক্তব্য শেষ করবো। আজ ১৮ বছর ধরে আমরা দেখছি যে এই রাজ্য দুর্ভিক্ষের রাজ্যে পরিণত হয়েছে। এমন কোন বছর যায়নি যে বছর আমরা দুর্ভিক্ষের সম্মুখীন হইনি এবং প্রত্যেক বছরই আমরা সমালোচনা করছি এবং সরকারকে সতর্ক করে দিচ্ছি কিন্তু আমরা দেখি প্রতিটি বছর দেশের লোককে হাহাকার করতে হয় খাদ্যের জন্য। এ বছর আমরা দেখছি কলকাতার উপর ২ টাকা আড়াই টাকা চালের দর এবং মফঃস্বলে দুই থেকে তিনটাকা দর। কিন্তু আজ গভর্নমেণ্ট একথা স্বীকার করতে চান না—তাঁরা বলেন যে এক টাকা দু আনা করে। এতবড় অসত্য কথা তাঁরা বিধানসভার সামনে উপস্থিত করেন। আপনি আপনি দেখবেন কংগ্রেসী কাগজ পর্যন্ত লিখছে তিন টাকা করে চাল—তাও চাল খুঁজে পাওয়া যায় না—দুষ্প্রাপ্য। আপনি কলকাতার আশে পাশে যান যাদবপুরে দেখবেন সেখানে প্রকাশ্যে ৩ টাকা দরে চাল বিক্রি হচ্ছে। মানিকতলার রুটির দোকানে তিন হাজার রুটি এক ঘণ্টা বিক্রি হয়ে চলে গেল—লোকে চাল পাচ্ছে না—রুটি কিনে খাচ্ছে আজকে দেশের লোক ফ্যান খাচ্ছে—ঘাঁস পাতা খাচ্ছে, এই ভাবে দেশ চলছে অথচ তাঁরা কল্যাণ রাষ্ট্র বলে দাবী করেন। যখন মুখ্য মন্ত্রী বিবৃতি দিলেন তখন আমি বসে শুনছিলাম—তখন মনে হোল তিনি গল্প করছেন, না যাদু সৃষ্টি করছেন সেটা ঠিক বুঝতে পারলাম না। তিনি অনেক কথাই বল্লেন—আমি সংখ্যা তত্ত্বের ভিতর যাবো না—তবে তিনি সংখ্যা তত্ত্বের ভিতর যাদু সৃষ্টি করতে পারেন এটা সকলেই জানেন। তার বক্তৃতা থেকে আমার এই ধারণা সৃষ্টি হোল যে তিনি নিজেই স্বীকার করলেন যে খাদ্যনীতি সফল হয়নি। আমরা এ ব্যাপারে অনেক সমালোচনা করেছিলাম—আমরা তখনই সতর্ক করে দিয়েছিলাম যে তাঁরা যেভাবে খাদ্য নীতি পরিচালনা করতে যাচ্ছেন তা সফল হবে না। আমরা আজকের বিবৃতি দেখে বুঝলাম যে তা সফল হয় নি। দ্বিতীয় কথা বুঝতে পারলাম যে এই সরকার তাঁদের মূল্য নীতিও বজায়

রাখতে অসমর্থ হয়েছেন। যে সরকার তাঁর মূল্য নীতি ঘোষণা করে বজায় রাখতে পারে না সেই সরকারের যোগ্যতা কতখানি তা আপনি বিবেচনা করে দেখবেন। তৃতীয় কথা তাঁরা চোরাকারবারী মজুতদারদের দমন করতে পারেননি। কালকে রাষ্ট্র মন্ত্রী বলেছেন চালের দাম বেড়েছে—তার কারণ চোরাকারবারীরা চাল আটক রেখেছে। আজকের মুখ্যমন্ত্রীও বল্লেন যে চোরাকারবারীদের কাছে কিছু চাল রয়েছে—তিনি নিজেও স্বীকার করলেন। তিনি নদীয়া গিয়ে যে চোরাকারবারী হচ্ছে সেটা তিনি দেখে এসেছেন এবং সেখানে জেলা ম্যাজিস্ট্রেটকে ধমক দিয়েছেন যে যদি চোরাই চালান বন্ধ না করেন তাহলে তাঁকে বি. ডি. ও.তে নামিয়ে দেবেন। এভাবে তাঁর খাদ্য নীতি ব্যর্থ হয়েছে তার প্রশাসন ব্যবস্থা ব্যর্থ হয়েছে। এই ভাবে একটা দেশের শাসন ব্যবস্থা চলতে পারে না। যে সরকার ক্ষুধার্ত্তের মুখে অন্ন দিতে পারে না, যে সরকার চোরা কারবারী বন্ধ করতে পারে না সে সরকারের গদীতে বসে থাকবার নীতিগত কোন অধিকার আছে কিনা আপনি বিচার করে দেখুন। মুখ্য মন্ত্রী যে সব সংখ্যা তত্ত্ব দিলেন তাতে দেখা যায় দুর্ভিক্ষ অবস্থার সৃষ্টি হয় নি। তিনি বারবার বলেছেন ৬২ থেকে ৬৩ লক্ষ টন চাল দরকার। তিনি বলেছেন ৫৭ লক্ষ টন চাল বাংলাদেশে উৎপন্ন হচ্ছে। তিনি আরও বলেছেন এখন ৮ লক্ষ ৬৪ হাজার টন চাল ওপন সেণ্টার থেকে পাচ্ছেন। আমরা যেখানে দেখছি ৬৫ লক্ষ ৬৪ হাজার টন চাল তাঁরা পাচ্ছেন সেখানে এ অবস্থার কারণ কি? সমগ্র জেলার হিসাব নিন বাঁকুড়া বীরভূম বাদ দিতে পারেন সব জেলারই চালের অভাব আমি মনে করি মজুতদাররা চাল আটকাবার জন্য আজকে দেশে এ দুরবস্থা হয়েছে। সরকার যদি চোরাকারবারীদের কাছ থেকে কংগ্রেস অধিবেশন চালাবার জন্য লক্ষ লক্ষ টাকা না নিতেন, ইলেকসন এর জন্য লক্ষ লক্ষ টাকা না নিতেন তাহলে দেশের মধ্যে এ অবস্থা হত না এবং আমি মনে করি তার জন্য সরকারই সম্পূর্ণ ভাবে দায়ী। আজকে চালের অভাবের জন্য সরকারই দায়ী এবং তাঁরাই এ দুর্ভিক্ষ অবস্থার সৃষ্টি করেছেন এবং এটা মনুষ্য সৃষ্টি দুর্ভিক্ষ। যেমন ভাবে আমরা দেখেছিলাম ১৯৪৩ সালে বৃটিশ গভর্নমেণ্ট এ দেশের দুর্ভিক্ষ সৃষ্টি করেছিল আমি মনে করি এই সরকারও প্রত্যেক বৎসর দুর্ভিক্ষ সৃষ্টি করে জনসাধারণের সম্পর্ক তাঁর ভেঙ্গে দিচ্ছেন। অর্থাৎ তাঁদের গদী রক্ষা করার জন্য প্রকৃত প্রস্তাবে কৃত্রিম অভাব সৃষ্টি করা হয়েছে। সেজন্য আমি বারবার বলবো যতক্ষণ পর্যন্ত চোরা কারবারী বন্ধ না হবে এবং যতক্ষণ পর্যন্ত মজুতদারী দমন না করতে পারেন এবং যতক্ষণ পর্যন্ত জনসাধারণের কাছে চাল পৌঁছাবে না ততক্ষণ আমি মনে করি দেশের প্রতিরক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়বে। আপনি জানেন আমাদের সীমান্তে চীন এবং পাকিস্তান সৈন্য সমাবেশ করছে। আজকে যদি আমরা দেশের লক্ষ লক্ষ লোকের মনোবল ঠিক না রাখতে পারি তাহলে আমাদের প্রতিরক্ষা ব্যবস্থা ভেঙ্গে পড়বে, এবং আমি ত বিশ্বাস করি সরকার যদি আজকে জনসাধারণকে খেতে না দিতে পারেন তাদের যদি অনশন থেকে বাঁচাতে না পারেন তাহলে আমাদের স্বাধীনতা বিপন্ন হবে। আমি আপনার মাধ্যমে মুখ্য মন্ত্রীর কাছ এবং সরকারের কাছে দাবী করছি অবিলম্বে তাঁরা বাংলাদেশে এই যে দুর্ভিক্ষ তাঁরা সৃষ্টি করেছেন তা বন্ধ করবার জন্য সর্বপ্রকার চেষ্টা করুন। তা না হলে সামনে যে আন্দোলন আসবে তাকে দমন করবার ক্ষমতা তাদের থাকবে না। লক্ষ লক্ষ মানুষ আজকে দেশ সেবার নামে চুপ করে আছে। তাদের আর দাবীয়ে রাখবার ক্ষমতা সরকারের থাকবে না।

[5-25—5-35 p.m.

Shri Radhakrishna Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে খাদ্য পরিস্থিতি সম্বন্ধে আমরা আলোচনা করছি আমার নিজের বক্তব্য এই যে খাদ্য পরিস্থিতি সম্বন্ধে বহু ভাবে এই সভায় বিশেষ ভাবে আলোচনা করেছি। আজকে বোঝা যাচ্ছে যে বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে আলোচনা করে বা তাদের সাজেসান নিয়ে আজ পর্যন্ত কোন কিছু করা সম্ভব হয় নি। আজ দেশের খাদ্যাবস্থা বোধ হয় সবচেয়ে সঙ্কট জনক অবস্থায় এসেছে। আমার নিজের বক্তব্য

ভারতবর্ষের কোন একটা ষ্টেট নিজে কখনও আদৌ স্বয়ং সম্পূর্ণ হতে পারে না। যদি কোন ষ্টেট এটা বিশ্বাস করে তাহলে আমি বলবো যে এটা ভুল। এ বছর বাংলা দেশে বাম্পার ক্রপ হয়েছিল বলে আমাদের সরকারী মহলের ধারণা। ফিগারটি এইট ল্যাক্স টন খাদ্য হয়েছিল। ইকনমিক্সের যারা ছাত্র তাঁরা জানেন বা যারা কৃষি বিশেষজ্ঞ তাঁরা বলেছেন ওয়ান থার্ড অফ দি প্রডিউস মার্কেটেবল সারপ্লাস হয়ে আসে। তাহলে অন্ততঃ ১৮ লক্ষ টন, ওয়ান থার্ড অফ দি প্রডিউস যেটা মার্কেটেবল সারপ্লাস সেটা বাজারে আসা উচিত ছিল, কিন্তু আমার মনে হয় সেটা আসে নি এলেও সেটা প্রকিওরমেণ্ট করা সম্ভব হয় নি। এর অনেক দিক আছে প্রকিওরমেণ্ট সিস্টেমের অভাব এটা বিভিন্ন ডিস্ট্রিক্টে বিভিন্ন প্রকারের। আপনি অবাক হয়ে যাবেন বীরভূম এ যেখানে ১৫, ১৬ টাকা ধানের মণ বন্ধমানে সেখানে ২৪, ২৫ টাকা। যেটা ডিসটেন্স অফ এ মাইল ইট ইস নট পসেবল ফর দি গভর্ণমেণ্ট যে সমস্ত ডিস্ট্রিক্ট কর্ডন করে ধান চাল আটক করা। এই জন্য আমার বক্তব্য যোন সিস্টেম যদি না তুলে দেন তাহলে এ অবস্থা থেকে আমরা দাঁড়াতে পারবো না, কারণ আপনি জানেন চোরাকারবারীতে যারা অভ্যস্ত তাদের রাতারাতি সাধু করা যাবে না। আমাদের মাননীয় প্রধান মন্ত্রী যখন গদীতে আসেন তিনি বহুবার বলেছিলেন ১৫ দিনের মধ্যে তোমাদের স্টক জানাও। কিন্তু তার কথায় কেউ কর্ণপাত করে নি। এর পরে চোরা কারবারীদের উপর বিশ্বাস করে কোন খাদ্য নীতি প্রশয়ন করা ঠিক করবে কি না সেটা সরকারের পক্ষে চিন্তা করা উচিত। দ্বিতীয় কথা ফুড যোন সম্বন্ধে আমি বলবো যে আমরা সবাই জানি পাঞ্জাবে যে গম গরুতে খায় গুজরাটে মানুষ তা খেতে পায় না। মাননীয় সুব্রামানিয়াম ফুড মিনিস্টার হয়েই বলেছিলেন দিস ফুড যোন মাস্ট গো আজকে তিনিই আবার ওয়ান অফ দি প্রেসেন্ট অ্যাডভোকেটস অব যোন সিস্টেম। এই যোন সিস্টেম যদি না তোলা হয় তাহলে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ হওয়া যাবে না। একটা স্টেটের ক্ষমতা নেই যে একটা স্টেটের লোককে পুরাপুরি খাওয়াতে পারে। দ্বিতীয়ত হচ্ছে থ্রো মোর ফুড। আমাদের মাননীয় মুখ্য মন্ত্রী বলেছেন যে আমাদের খাদ্য উৎপাদন বাড়াতে হবে। উৎপাদন বাড়াতে গেলে চাষীদের যে ইনসেনটিভ বা ইনডিউসমেণ্ট দেওয়া দরকার তা দেওয়া উচিত। অধ্যক্ষ মহাশয় জানেন বাংলা দেশের বহু জমি পাটের জমিতে পরিণত হয়েছে। আজকে কি ইউনিয়ন গভর্ণমেণ্ট এর কোন রেসপনসিবিলিটি বাংলা দেশের উপর নেই? আজকে দেখছি ১১ লক্ষ একর ধান জমিতে পাটের চাষ হচ্ছে। অথচ যে তিন লক্ষ টন চাল দেবার কথা তারা সেটাও দেন নি। তাদের একটা ওভারঅল রেসপনসিবিলিটি প্রত্যেক স্টেটএর উপর রয়েছে, সেই সেণ্ট্রাল গভর্ণমেণ্ট-এর যে ক্যাবিনেট মার্ক অফ দেয়ার রেসপনসিবিলিটির আজকে ১১ লক্ষ জমিতে পাটের চাষ করে যে ফরেন এক্সচেঞ্জ আন করছে তাছাড়া আমরা এখান থেকে কয়লা ও চা ইত্যাদি দিচ্ছি। আর এখানে বাংলা দেশের লোক চালের অভাবে খেতে পারছে না আমরা সেই অবস্থা কল্পনা করতে পারছি না। রেশনিং সম্বন্ধে অনেকে আলোচনা করেছেন। আমি বীরভূমের চাষীদের সম্বন্ধে জানি যে তারা নিজেরা হাতে চাষ করে দেশকে খাওয়াচ্ছে আর তারা আজকে নিজেরা খেতে পাচ্ছে না। আপনি জানেন বীরভূম একটা সারপ্লাস ডিস্ট্রিক্ট আমি বলতে পারি ২ বছর তারা যদি এই ভাবে খেতে না পায় তাহলে ২।৩ বছর পর বীরভূম ইউইল বী এ ডেফিসিট ডিস্ট্রিক্ট সুতরাং তাদের পরীক্ষা নেতে দিতে হবে। যারা বড় বড় বর্গাদার তারা তাদের এক্সপ্লয়েড করে খাদ্য নিয়ে আসে। অর্থাৎ চাষের সময় এক বস্তা যদি ধান দেয় পৌষ মাস মাসে পরে তা ২ বস্তা আদায় করে বা নগদ দাম নিয়ে নেয়। এক্সপ্লয়টেসান। উৎপাদন বৃদ্ধির জন্য আজ চাষীদের সময় মত বীজ ও সার দিতে হবে। আপনি জানেন একটা জিপীর উঠেছে রবি শস্য ফলাও। কিন্তু এখনও পর্যন্ত বি. ডি. ও. অফিস গম সরষে ও ছোলার বীজ দেয়নি। তাহলে তারা কি করে চাষ করবে সময়ে এ সব না পেলে?

এই যে কতকগুলি জিনিষ, এগুলি প্রাকটিক্যাল দৃষ্টিভঙ্গী দিয়ে দেখতে হবে। আমরা বুঝি যে আমাদের দেশের লোক আজকে খেতে পাচ্ছে না, সেদিকে সরকারের বিশেষ ভাবে দৃষ্টি দেওয়া উচিত। মোস্ট পপুলার ডিমাণ্ড অব দি পিউপল ইজ দি ডিমাণ্ড অব ফুড, এ সম্বন্ধে কেউ অস্বীকার করতে পারবেন না। আজকে গভর্ণমেণ্টকে এই ডিমাণ্ড মানতে হবে।

আজকে আপনি জানেন যে, সেণ্ট্রাল গভর্নমেণ্ট একটি দল, এ টীম অব অ্যামেরিকান এক্সপার্টস, এখানে ইনভাইট করে নিয়ে আসেন। অ্যামেরিকান ফার্ম থেকে, যারা আসেন, তাঁরা বলেন ওখানকার নিয়ম হচ্ছে অল অ্যামেরিকানস ফলো ওয়ান ফুড পলিসি। অ্যামেরিকা এতবড় রাষ্ট্রে সেখানে অনেক স্টেট রয়েছে কিন্তু, তাদের ফুড পলিসি এক; বিভিন্ন স্টেট বিভিন্ন ফুড পলিসি নয়। আমাদের এখানেও সেই রকম ব্যবস্থা করা উচিত। অ্যামেরিকান টীমরা একথাও বলেছেন যে ধানের দর বাড়াতে হবে, তা না হলে চাষীরা ধান বেশী করে ফলাবে না, তা না হলে তারা ধান ফলাবার জন্য কোন রকম ইনসেনটিভ পাবে না। আমরা জানি এখনো গভর্নমেণ্ট সেই রিপোর্ট চেপে রেখেছেন, এখনও পর্যন্ত তাঁরা সেই রিপোর্ট প্রকাশ করেন নি। সেইজন্য আমি গভর্নমেণ্টকে বলবো আমাদের বাংলা দেশে ধানের দাম যা রয়েছে, সেটা বাড়িয়ে অন্ততঃ ১৮ টাকা যদি না করেন, তাহলে ধানের ফলন আমাদের এখানে আরও কমে যাবে।

আর একটা জিনিষ আমি সর্বশেষে বলবো, আমাদের বাংলা দেশের জন্য ইউনিয়ন গভর্নমেণ্ট যেটা ঠিক করে মনে করছেন; ন্যাশনাল ফুড বাজেট, অর্থাৎ আমরা যদি খাদ্যাভাবের হাত থেকে বাঁচতে চাই, তাহলে আমাদের ন্যাশনাল ফুড বাজেট করতে হবে। এই বাজেট সম্বন্ধে আমি বলবো যে সমস্ত ডেফিসিট অ্যাণ্ড সারপ্লাস স্টেট-এর ফুড প্রোডাকসন এক করে, বিভিন্ন স্টেটএর প্রত্যেকটি মানুষকে তার ইনডিভিডুয়াল ক্যাপাসিটি মানে পার ক্যাপিটাল বেসিস-এ এবং যাদের আমরা দেখি ম্যানুয়াল লেবার করেন, তাদের সেইভাবে সকলকে খাদ্য বণ্টন করতে না পারেন, তাহলে এই ফুড ডিফেট ডিফেট হয়েই থাকবে, একে কার্য্যে পরিণত করা সম্ভব হবে না, এই আমার বিশ্বাস।

Shri Gopikaranjan Mitra:

মাননীয় স্পীকার স্যার, আমাদের মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন এবং পশ্চিমবঙ্গ সরকারের যে খাদ্য নীতি আমাদের দেশে চলেছে, তারই সমর্থনে আমি দু-চারটি কথা বলতে চাই।

স্যার, আজকের বাংলা তারিখটা আপনাকে মনে করিয়ে দিতে চাই। আজকের তারিখ হচ্ছে ১৮ই কার্তিক। যখন বাংলাদেশ ভাগ হয়নি, যখন বরিশাল, খুলনা, নোয়াখালি, কুষ্টিয়া, জেলাগুলি বাংলা দেশের সঙ্গে ছিল, তখনও আপনি জানতেন যে ভাদ্র, আশ্বিন, কার্তিক, এই তিন মাস, বাংলা দেশের পক্ষে এমন একটা সময় যে সময় বাংলা দেশের খাদ্য শস্যের অবস্থা একটা ভীষণ অবস্থার মধ্যে পড়তো। সেদিন বাংলা দেশের বহু লোক, হাজার হাজার লোক তাল ও চালের খুদ খেয়ে কাটিয়েছে। আজ যেই বাংলা দেশ ভাগ হয়ে গেছে বাংলা দেশের যেটাকে গ্রানারী বলা হত, যে অংশের নাম আমি উল্লেখ করলাম, সেই অংশের গ্রানারী বাংলা দেশ থেকে বেরিয়ে চলে গেছে। যে অংশ এখানে পড়ে রইলো, তার ভয়াবহ অবস্থার রূপটা আমরা সকলে জানি মুখ্যমন্ত্রী মহাশয়ের বক্তৃতাটা যাঁরা একটু ভাল করে শুনেছেন, তাঁরা জানেন যে প্রায় ৪০লক্ষ উদ্বাস্তু এ দেশে পূর্ববঙ্গ থেকে এলো, এবং বহির্বাগতের মধ্যে যারা শ্রমিক, তাঁদের সংখ্যা পঞ্চাশ লক্ষের কম নয়। শুধু তাই নয়, ভারতবর্ষের স্বার্থের দিকে তাকিয়ে, ভারতবর্ষের অর্থনৈতিক উন্নতির দিকে তাকিয়ে বাংলা দেশের জমিতে ধান উৎপন্ন হত, তার কিছু অংশ ক্যাশ ক্রপ প্রোডাকসন এর জন্যে দিয়ে দিতে হয়েছে। তা সত্ত্বেও, বাংলা দেশে, আজকে এই তারিখে এখানে দাঁড়িয়ে যে ভাবে আমরা খাদ্য নীতির বিতর্ক করছি, আলোচনা করছি, এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের নিকট যে বক্তৃতা শুনলাম, তাতে সরকারের খাদ্য নীতি সমর্থন করতে আমি মোটেই দ্বিধাগ্রস্থ নই। আজকে এখানে সোমনাথ বাবু যে আখ্যা দিয়েছিলেন বা নিখিলবাবু, শৈলেন বাবু, তাঁরা যে উক্তি করেছিলেন, যে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ের টিকিটি নাকি কংগ্রেস পরিষদীয় দলের সাথে বাঁধা আছে আমরা তাতে গৌরব বোধ করছি। আজকে ভারতবর্ষের প্রত্যেকটি খাদ্য মন্ত্রী যদি বাংলা দেশের খাদ্য মন্ত্রীর মত, এই ধরণের বলিষ্ঠ খাদ্যনীতি চালাতে পারতেন, তাহলে গর্ব করে বলতে পারি ভারতবর্ষের খাদ্য সমস্যার সমাধান হয়ে যেত। আজকে এই যে হীন প্রস্তাব আমেরিকা ভারতবর্ষের কাছে করেছে, ঐ পি.এল. ৪৮০ রদ করবার জন্য হুমকী দেখিয়ে, পাকিস্তান, ভারত যুদ্ধের ব্যাপার নিয়ে, ভারতবর্ষকে অপমান করে, তা করতে তারা সক্ষম বা সাহসী হত না। আজকে ভারতবর্ষের অন্যান্য মুখ্যমন্ত্রীরা যদি আমাদের বাংলাদেশের মুখ্যমন্ত্রী যে দৃঢ় খাদ্যনীতি চালিয়ে চলেছেন সেই নীতি অনুসরণ করে কাজ করতেন, তাহলে আমরা বাঙ্গালী হিসাবে গর্বিত ভাবে বলতে পারি আজকে ভারতবর্ষের এই হীনমন্যতা দেখতে হতো না।

[5-35—5-45 p.m.]

স্যার, আমি এমন একটি জায়গায় থাকি যার কিছু দূরে বিহার রাজ্য। আপনারা দেখেছেন যে তারা বাংলা দেশে যে খাদ্য মূল্যমান রইল। বিহারে কি অবস্থা বিহারের সঙ্গে যাদের পরিচয় আছে তাঁরা জানেন। সেখানে ঐ খাদ্য মূল্যমান বহুগুণ বৃদ্ধি পেয়েছে। আমার কিছু আত্মীয়স্বজন মহারাষ্ট্রে থাকেন। সেখানকার অবস্থার কথা বাংলাদেশে কেউ চিন্তা ও করতে পারেন না। আজ বাংলাদেশের সমস্ত জেলাগুলিকে দুভাগে ভাগ করা যেতে পারে। এক ভাগ হচ্ছে ঘাটতি জেলা সমূহ, সেই সব জেলার বহু জায়গায় আমি জানি সেখানে আজ ৭৫ পয়সা পর্যন্ত কেজি চালের দাম নাই। তার চেয়ে কম কনট্রোল্ড রেটএ পাওয়া যাচ্ছে। আজ যে ১৮ই কার্তিক যে কথা বলে আমি আরম্ভ করেছি, সেই ১৮ই কার্তিক ঐ দামে বিক্রী হচ্ছে। আর বাংলাদেশের যে সব অঞ্চল ঘাটতি অঞ্চল, সেই সব অঞ্চলে নিশ্চয়ই দুঃখদৈন্য এসেছে। কিন্তু বাংলাদেশের আইনসভার মাননীয় সদস্যদের আমি চিন্তা করতে বলি যে আজকে নীতির জন্য এই অবস্থা এসেছে, একবার তাঁরা যেন দয়াকরে সেটা চিন্তা করে দেখেন। আজ বাংলাদেশে যে খাদ্য শস্যের ব্যবসায় ছিল, সেই ব্যবসায় ছিল এমন কিছু কিছু লোকের হাতে যারা মুনাফাখোরি করতো, যারা চোরাকারবারি করতো, যারা নানারকম বদ অভ্যাসের দ্বারা লক্ষ লক্ষ কোটি কোটি টাকা রোজগার করতো। বর্দ্ধমান জেলা হলেও আমি একটি ঘাটতি অঞ্চলে থাকি, আসানসোল থাকি। তাই এদের কিয়াকলাপ আমি জানি। আপনারা যদি খুব গভীর ভাবে তার মধ্যে যান তাহলে দেখতে পাবেন আপনারা তাদের আজকে আঘাত পেয়েছে। তারা আজকে একথা জানে বাংলাদেশের খাদ্য নীতি তাদের অতি-লোভের উপর আঘাত করেছে, তাদের আয়ের উপর আঘাত করেছে। আমি এটা প্রমাণ দিয়ে দেখিয়ে দিতে পারি। নিখিলবাবু যেভাবে হিসেব দেখিয়ে বলছিলেন ৩.৯২ ক্রোরস লোক, এত এত চালের উৎপাদন হলো। এত পোলাম, এত ভাগ করেছিলাম, সংলোক এত এত করে পেয়ে গেলো, তাতে তাঁর কাছে একটা প্রশ্ন করতে ইচ্ছা হয়। এই কলকাতায় যেটা গ্রেটার ক্যাল-কাটা আছে, তাতে সেন্সাস অনুযায়ী এবং ৫ পারসেণ্ট ইনক্রিজ ধরলে ৬৫ লক্ষ লোক হয়। আজকে এই কলকাতাতে রেশনের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারকে ৮০ লক্ষ লোককে রেশন দিতে হচ্ছে। এই যে ৬৫ থেকে ৮০ লক্ষ লোক কোথায় এরা? এদের রেশন কে জোগাবে? পশ্চিমবাংলার জেলাগুলি, না, ঐ সেণ্টার? একথা আজকে চিন্তা করে দেখতে বলি তাঁদের। আমাদের বাংলাদেশের বহু ব্যবসাদার এই খাদ্য ব্যবসায়ের হাতের কব্জির মধ্যে রেখেছে। বলিষ্ঠ নীতির দ্বারা প্রফুল্লবাবু তাদের আঘাত দিয়েছেন। আজকে বহু আরগুমেণ্ট যা আপনারা এখানে দিচ্ছেন, আমি নিশ্চয় করে বলতে পারি, তার বহু আরগুমেণ্ট ঐ মুনাফাখোরদের আরগুমেণ্ট, ঐ ব্যবসায়ীদের আরগুমেণ্ট, তারা লিবিটিষ্ট কর্ডনিং করলে লাফিয়ে ওঠেন। কেন না তাহলে যে এই চালের দর কমে যায়। ডিফিসিট জেলার নাম করে তারা চোরাকারবারদের অবাধ ব্যবসা করছে। তাদের নিয়ন্ত্রণ করে জেলায় জেলায় মুভমেণ্টের জন্য ব্যবস্থা হয়েছে। তারা এটা বানচাল করতে চায়।

অনেকে বলছেন যুদ্ধের সময় হঠাৎ দেখা গেল চালের দাম কমতে লাগল। (বিরোধী পক্ষ হইতে: কে বলেছে? কে বলেছে?) এখানে বহু বক্তৃতা হয়েছে সে বক্তৃতাগুলি লক্ষ্য করে দেখবেন যুদ্ধ যেদিন লাগল তার ৩।৪ দিনের মধ্যে চালের দাম কমে গেল, বহুলোক বলেছেন ব্যবসায়ীদের মধ্যে নাকি দেশপ্রেম এসেছিল। কিন্তু আসল কথা হচ্ছে, যদিও মুখ্যমন্ত্রী মহাশয় স্বীকার করলেন না তবুও আমরা নিজেরা জানি যে চোরাকারবারীরা নদীয়া, মেদিনীপুর-এর মধ্যে দিয়ে বর্ডোপসাগরের মধ্যে দিয়ে চোরাকারবারীরা পাকিস্তানে চাল পাঠিয়েছে। যুদ্ধ লাগবার সঙ্গে সঙ্গেই চোরাকারবার বন্ধ হল—ব্যবসায়ীদের মধ্যে জাতীয়তাবোধ বেড়ে গেল এটা কোন কাজের কথা নয়। আমাদের খাদ্যনীতি অত্যন্ত সোজা, তিনটি জিনিষের মধ্যে দিয়ে এই খাদ্য নীতি গৃহীত হয়েছে। প্রথম হল, কোলকাতায় বিধিবদ্ধ রেশনিং, মডিফায়েড অঞ্চলে মডিফায়েড রেশনিং এবং চোরাকারবারীদের বিরুদ্ধে দৃঢ়তর ব্যবস্থা অবলম্বন। তারপরে কোলকাতার রেশনিং সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। এসম্বন্ধে আমি এইটুকু বলতে পারি যে এখানে যদি খোলা বাজার থাকত তাহলে যাদের ক্রয় ক্ষমতা বেশী, তাদের জন্য কম ক্রয়শক্তি সম্পন্ন লোক তাদের অবস্থা আরো বিপন্ন হতো। শুধু তাই নয়, আজ জেলা গুলিতে যে অবস্থায় পড়েছে তার চেয়েও আরো খারাপ অবস্থা তাদের হতো যদি কোলকাতায় রেশনিং না থাকত।

এই রেশনিং ব্যবস্থা যদি আমরা আরো সম্প্রসারিত করে সমস্ত শিল্পাঞ্চলগুলিতে ছড়িয়ে দিতে পারি তাহলে লোকের অনেক উপকার হবে। বাংলাদেশে রেশনিং ব্যবস্থা এক যুগান্তকারী পদক্ষেপ। খাদ্য সমস্যা আজকে বিশ্বের সমস্যা। বহুদিন ধরেই খাদ্যসমস্যা ভারতবর্ষে আছে। আজ আমি অত্যন্ত দৃঢ়তার সঙ্গে বলছি, অত্যন্ত সঙ্কল্পের সঙ্গে বলছি আমাদের মুখ্যমন্ত্রী যে রেশনিং এর মাধ্যমে খাদ্যনীতি অনুসরণ করে চলেছেন সেই খাদ্যনীতি যদি ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রীরা পালন করতেন তাহলে ভারতবর্ষকে পি. এল ৪৮০ জন্য অপেক্ষা করে থাকতে হতো না। আমি আপনার কাছে আর একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করবো। আজ বাংলাদেশের মানুষ মুখ্যমন্ত্রী কর্তৃক গৃহীত খাদ্যনীতি বুঝতে পেরেছেন ও সমর্থন করেন। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা অনেক খাদ্যমিছিল দেখেছেন। কিন্তু খাদ্য মিছিল আমাদের চোখে একটাও পড়ে নি। বরং আজ যদি বাংলাদেশের মানুষকে সপ্তাহে এক দিন না খেয়েও থাকতে হয় তাহলেও তারা থাকবে, কিন্তু তথাপি তারা আমাদের শত্রু পাকিস্তান ও চীন এবং তার সঙ্গে যে ইংগ মার্কিন এই কয় শক্তিতে মিলে যে চক্রান্ত চালিয়েছে তাকে ব্যর্থ করে দেবার জন্য তার সমুচিত জবাব দেবার জন্য তারা প্রস্তুত আছে সে কথা তারা লক্ষে লক্ষে জমায়েত হয়ে সেদিন বিক্রেড প্যারেড গ্রাউণ্ডে প্রধান মন্ত্রীকে জানিয়ে দিয়েছে।

Shri Girish Mahato:

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রীর বক্তৃতা শুনলাম। তিনি অনেক পরিসংখ্যান দিয়ে বক্তৃত করেছেন। আমি ওঁকে জিজ্ঞাসা করছি যে কেন মানুষকে ৩।৪ টাকা দর দিয়ে চাল কিনতে হচ্ছে, কেন মানুষের মধ্যে আজ এই অনশন। অর্থাৎ ওঁদের মধ্যে যে দুর্নীতি রয়েছে, যার ফলে আজ মানুষ না খেতে পেয়ে মারা যাচ্ছে তার প্রতিকারের ব্যবস্থা যদি না করা হয় তাহলে যতই খাদ্য উৎপাদনের ব্যবস্থা হোক না কেন, সব শেষ হয়ে যাবে। তাই আমি আপনার কাছে এই অভাব অনটনের মূল কারণগুলো রাখতে চাই। প্রথম কারণ হচ্ছে সরকারী অব্যবস্থা, দ্বিতীয় কারণ হচ্ছে চোরা কারবারীদের অবাধ গতি, আর তৃতীয় কারণ হচ্ছে খাদ্যদ্রব্য পচে নষ্ট হয়ে যাওয়া, আর চতুর্থ কারণ হচ্ছে সরকারের পৃষ্ঠপোষক সংবাদপত্র মারফৎ অসত্য সংবাদ প্রচার করা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সরকার যে খাদ্য ব্যবস্থা করেছেন তাতে তাঁরা এখনও গ্রামে গ্রামে রেশন কার্ডের ব্যবস্থা করতে পারেন নি, মডিফায়েড রেশনিং এর ব্যবস্থা করতে পারেন নি যার জন্য অবাধে চোরাকারবার চলছে, বহু জায়গায় সরকার ও চোরাকারবারিদের অবাধ লুটপাট চলছে, হাজার হাজার মানুষকে তার ফলে অভুক্ত থাকতে হচ্ছে, হাজার হাজার মণ চাল পাকিস্তানে পাচার হয়ে চলে যাচ্ছে। শুধু তাই নয়, মাননীয় স্পীকার মহাশয়, আপনি শুনে অবাক হবেন যে হাজার হাজার মণ চাল গুদামে পচে নষ্ট হচ্ছে এমনি ওঁদের অপদার্থতা। এই সমস্ত অব্যবস্থার প্রতিকার যদি না করতে পারা যায় তাহলে সরকারের সমস্ত কর্মতালিকা বিফল হয়ে যাবে। অন্যদিকে দেখুন মাননীয় স্পীকার মহাশয়, চাষী আজ লোন পাচ্ছে না, ধার পাচ্ছে না, বীজ পাচ্ছে না। যে সমস্ত বড় বড় পুঁজিপতি রয়েছে তাদের উপর ইনকাম ট্যাক্স ধার্য্য হচ্ছে না অথচ কৃষকের উপর এগ্রিকালচারাল ট্যাক্স ধার্য্য হচ্ছে। সরকারের এই দৃষ্টিভঙ্গী পরিবর্তন করতে হবে। সহযোগীতার কথা বলা হচ্ছে। কিন্তু আমরা দেখেছি যুদ্ধের সময়ে দেশের জনসাধারণের মধ্যে একটা সাড়া এসেছিল, তারা সরকারকে শক্তি দিয়ে সাহায্য করতে এগিয়ে এসেছিল, কিন্তু কংগ্রেসী সরকার নিজেদের দলীয় স্বার্থের জন্য সেই সুযোগের সৎব্যবহার করতে পারেন নি। আজ যে নিদারুণ খাদ্যসঙ্কট দেখা দিয়েছে তাতে যদি তাঁরা তাঁদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তন না করেন তাহলে তাঁরা নিজেরাও মরবেন দেশকেও মারবেন, দেশ অন্য শক্তিতে কেড়ে নেবে। তাঁরা বলছেন দান করতে। অথচ দেখুন মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীরা এয়ার কণ্ডিসান ঘর করে নিচ্ছেন হাজার হাজার টাকা খরচ করে। এই তো সেদিন ভারতের প্রধানমন্ত্রী শ্রীলালাবাহাদুর শাস্ত্রী বললেন না যে আমার জন্য কেন এত টাকা খরচ করা হবে, সেই টাকা দেশের জন্য খরচ করা হোক। এই জাতীয় সঙ্কট সময়ে বিভেদ ভুলে যেতে বলছি।

কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, ওঁদের ঘরোয়া ব্যাপারে যে সঙ্কট সৃষ্টি হয়েছে তা আপনি জানেন। এটা হয়েছে অজয় বাবুকে কেন্দ্র করে। অজয় বাবু কিছু করে উঠতে পাচ্ছেন না কারণ যেহেতু ওরা দলে ভারি। অজয় বাবু ওঁদের বিরুদ্ধে বহু দুর্নীতির অভিযোগ এনেছেন।

কিন্তু তার কোন প্রতিবাদ করতে পারি নি। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন এঁদের হাতে ন্যায় বিচার পাবার কোন উপায় নাই।

উপসংহারে মাননীয় স্পীকার মহাশয় আমি আপনার মারফৎ এইটুকু শুধু বলব যে আজ আমাদের সকলকে মিলিত ভাবে দেশের সঙ্কটের সম্মুখীন হয়ে এর প্রতিকারের জন্য চেষ্টা করতে হবে, তা না হলে সমস্ত দেশ শেষ হয়ে যাবে।

[5-45—5-55 p.m.]

Shri Jiban Krishna Dey:

মাননীয় স্পীকার মহাশয়, কিছুক্ষণ আগে আমরা [illegible] কি ভাবে পরিবারবর্গে-সহ বিষ পানে আত্মহত্যা করেছে সে কথা শুনলাম। আমরা জানি এর পোষ্ট মর্টেম হবে, কিন্তু এই পোষ্ট মর্টেম এর ফলাফল কি হবে এখুনিনি বলে দিতে পারি।এক বছর আগে যখন খাদ্য সম্পর্কে আলোচনা হয়েছিল তখনই আমরা জানতাম সরকারের এই খাদ্যনীতির অবশ্যম্ভাবী পরিণতি কি। ৫টা লোক বিষ পানে আত্মহত্যা করল এটা নূতন কথা নয়। আমাদের উত্তরবঙ্গে সম্প্রতি অকালে কলেরার মত একটা রোগ দেখা দিল, মেডিকেল বিভাগ স্টুল একজামিন করে বলল এটা কলেরা নয়।

কিন্তু কলেরা ইনজেকশন দেবার পরও দেখা যাচ্ছে সেই অসুখ হচ্ছে, একবার দু বার পায়খানা করে মানুষ মারা যাচ্ছে। এখনি দেড় হাজার লোক উত্তরবঙ্গে গত তিন মাসের মধ্যে মারা গেল এই অদ্ভুত ব্যাধিতে। আমি জানি এই রোগ অনাহারজনিত রোগ, এই রোগ আমরা ১৯৪৩ সালের দুর্ভিক্ষে বাংলায় প্রত্যক্ষ করেছিলাম। গা দিয়ে পক্স বেরুল না, ইরাপসন বের হতো না, পেটের মধ্যে কোথায় ঘা হতো, একবার মাত্র পায়খানার সাথে একটু রক্ত পড়তো তারপর রোগী মারা যেতো। ডাক্তাররা পরে বললেন এটা সাপ্রেসড পক্স। এই সাপ্রেসড পক্সে দুর্ভিক্ষের সময় বাংলাদেশে ৫০ লক্ষ লোক মারা গিয়েছিল। আজ ১৮ বছর স্বাধীনতা পাবার পর আমাদের শুনতে হচ্ছে যে মানুষ গাছ পাতা খাচ্ছে, অখাদ্য, কুখাদ্য খাচ্ছে এবং কলেরার ইনজেকশন নেবার পরও কলেরায় মারা যাচ্ছে, এক জন দু'জন নয়, হাজার হাজার, সহস্র সহস্র। সরকারী খাদ্যনীতির সাফল্যের প্রমাণ এর থেকেই পাওয়া যায়। আমাদের গোপিকা বাবুর মত লোক অনেকে থাকবেন, শ্মশানে ঐ সব জীবরা থাকে, যত শব দাহ হয় তত ঐ সব নন্দী ভৃঙ্গীর দল নৃত্য করতে থাকে। তারা নৃত্য করুক কিন্তু ঐ নৃত্য করতে করতে যখন কাপড় জামা খসে পড়বে মানুষ তখন তাদের দেশ থেকে চিরকালের মত বিদায় করে দেবে। আমরা জানি এই দিন তাদের ঘনিয়ে আসছে। মাননীয় স্পকার মহাশয়, আজকে খাদ্যনীতির বড়াই করা হচ্ছে, আপনি একটু আগে শুনলেন মুখ্যমন্ত্রী বলে গেলেন যে আমাদের দেশে ২৫ লক্ষ কৃষক আছে। তা যদি সত্য হয় তাহলে তার মধ্য ৮ লক্ষ ভাগচাষী। এই ৮ লক্ষ ভাগচাষী সম্বন্ধে আইন সভার বিগত অধিবেশনে আমরা আলোচনা করেছিলাম যে এদের অবস্থা কি হবে। আমরা জানি এই ৮ লক্ষ ভাগচাষীকে ৮ পয়সারও লোন, সার, দেবার ব্যবস্থা হয়না গভর্নমেণ্ট থেকে। যারা মানিলেণ্ডিং ব্যবসা করে এবং আজকে যারা বড় বড় মজুতদার তাদের পকেটে এই ৮ লক্ষ ভাগচাষী বয়ে গিয়েছে। এই ভাগচাষীর দল সারা বছর লোন করে খায় আর ফসল উঠলে নিজেদের মুখের খাদ্য নিয়ে ১০০ টাকায় ৩।৪ মণ ধান শোধ দেয় গোপনে নিজের গরজে মজুতদারদের ঘরে সেই ধান পৌছে দিয়ে। তাই এই ৮ লক্ষ লোক কম করে বছরে ৪০ লক্ষ মণ ধান মজুতদারদের বাড়ীতে পৌছে দেয়। প্রফুল্ল বাবুর খাদ্যনীতিতে গেল বছরে ভাগচাষীকে লোন দেবার ব্যবস্থা হয়নি, তার ধান আটক রাখার কোন ব্যবস্থা করা হয়নি এবং আজকে তিনি যে নীতি অবলম্বন করতে যাচ্ছেন তাতে এই ভাগচাষীদের সম্বন্ধে একটা কথাও নেই এবং আমি জানি আগামী খাদ্যনীতিতেও তার নাগাল পাওয়া যাবে না এবং মজুতদারদের যে চোরা কারবার সেটা অব্যাহত থাকবে, দেশে দুর্ভিক্ষ উত্তর-উত্তর বাড়তে থাকবে। যারা ভাগচাষী রাখে সেই বড় বড় জোতদার এবং ল্যাণ্ড হোল্ডারদের ব্যবস্থা কি আমরা জানি। তুমি সংস্কার সরকার বিধিবদ্ধ করতে পারেন নি, সেই ভাবে সরকার যান নি। আমরা জানি তাঁদেরই আইন ফাঁকি দিয়ে আজকে বড় বড় জোতদার, মজুতদার এবং অবস্থাপন্ন লোক কিভাবে শত শত বিঘা জমি দখল করে রেখেছে। আমি অত্যন্ত

খুশী হবো মুখ্যমন্ত্রী যদি তাঁর উত্তর দেবার সময় এ সম্বন্ধে বলেন। আজকে তাঁরা আইন করে দিয়েছেন যে ৭৫ বিঘার বেশী জমি কেউ রাখতে পারবে না। কিন্তু আমি জানি বিধান পরিষদের সদস্য উপেনবাবুর পরিবারের এখনও ৭০০ বিঘা জমি বিভিন্ন নামে রয়েছে—তাঁর নিজের নামে, তাঁর স্ত্রীর নামে, বড় ছেলের নামে, ছোট ছেলে যিনি দিল্লীতে এন.এস.সি, পড়েন, তাঁর নামে, দুই মেয়ের নামে, নাতির নামে—প্রত্যেকের নামে ১০০ বিঘা করে জমি রেখেছেন এবং আজকে মুখ্যমন্ত্রী আমাদের বড়াই করে বললেন আমরা ধান সিজ করছি, আমি তাঁকে জিজ্ঞাসা করবো ঐ এম এল সি উপেন বাবুর পরিবার থেকে তাঁরা কত হাজার মণ ধান সিজ করেছেন? যদি তাঁর সৎ সাহস থাকে তাহলে তিনি সে সম্বন্ধে খুঁজে আমাদের যেন বলেন। কিন্তু আমরা জানি পুলিশ এই সব বাড়ীতে হানা দেয় না। তাঁরা ৫০।৬০।৭০ টাকা দরে ধান বিক্রি করেছেন, আধিয়ার দিয়ে করেছেন, আত্মীয়স্বজন দিয়ে করিয়েছেন, দল দিয়ে করিয়েছেন, এমন কি তাঁরা নিজেরাও অনেক সময় বাজারে গিয়ে ধান বিক্রি করেছেন। সেই জন্য দেশের মানুষের আজকে এই অনিবার্য্য পরিণতি দাঁড়িয়েছে। মাননীয় স্পীকারমহাশয়, আমরা জানি এর থেকে সরকারের যে শিক্ষা নেওয়া উচিত সেই শিক্ষা হচ্ছে কৃষকদের কাছে জমি দেওয়া এবং জনসাধারণের সর্বাঙ্গীন সহযোগিতা এবং সহানুভূতি নেওয়া। কিন্তু সরকার সে দিকে যাচ্ছেন না। আজকে তাঁরা কি করতে যাচ্ছেন? না, সেই যে সরকারী আমলাতন্ত্র যাদের প্রফুল্ল বাবু নিজে বলেছেন বি. ডি. ও.কে নামিয়ে দেবেন, এস. ডি. ও.কে গ্রেপ্তার করবেন, ডি. সি.কে নামিয়ে দেবেন, এসব একটা ধাপ্পাবাজী মাত্র, তাঁদেরই উপর নির্ভর করছে। প্রফুল্ল বাবু দেশের মানুষকে বোকা পেয়েছেন এবং তাদের বোকা পেয়ে কি মনে করছেন যে যাবতীয় ব্যর্থতার গ্লানি বি. ডি. ও. এস. ডি. ও. আর ডি. সি.র উপর চাপিয়ে দিলেই দেশের মানুষ তাঁকে বাহবা দেবে?

[5-55—6-3 p.m.]

আজকে আমরা জানি যে ডি. সি.র যদি ক্ষমতা থাকতো, এস. ডি. ও.র যদি ক্ষমতা থাকতো, বি. ডি. ও.র যদি ক্ষমতা থাকতো তাহলে প্রত্যেকটি মানুষ তাঁদের বলতো, কিন্তু তা ত নয়, আপনার খাদ্যনীতি যার ব্যর্থতা এর মধ্যে ধরা পড়েছে আপনি তাদের কর্মচারী পেয়ে তাদের মুখ বন্ধ করে তাদেরই উপর চাপিয়ে দিচ্ছেন আপনার ব্যর্থতা আমরা জানি লালবাহাদুর শাস্ত্রী যখন কেন্দ্রীয় রেলমন্ত্রী ছিলেন সেই সময় রেল এ্যাক্সিডেন্টের জন্য তিনি পদত্যাগ করেছিলেন, কিন্তু প্রফুল্লবাবু তাঁর খাদ্যনীতির চরম ব্যর্থতার পর বি. ডি. ও. এস. ডি. ও. চুনো পুটি, কোথাকার কাঁকড়া ব্যাং, চিল, তাদের ফাঁসি দেবার ব্যবস্থা করছেন। এর নাম কি অবস্থা দেখে শেখা? এটা অবস্থা দেখে শিক্ষা নেওয়া নয়, এটা মস্ত ধাপ্পাবাজী। আমি জানি আমার মহকুমাতে বীজ ধান সিডলিংএর জন্য যেটা দিয়েছিলেন সেটা বি. ডি. ও.র অফিসে গেল এবং সেই বি. ডি. ও.র অফিস থেকে আশ্বিন মাসে ২৮ টাকা মণ দরে বাজারে বিক্রি করে দেওয়া হয়েছে। এই হচ্ছে তাঁর খাদ্যনীতির পরিণতি। এইত আপনাদের অফিস। এইত আপনাদের ব্যবস্থা। আপনি বীজ ধান দিলেন সেগুলি ২৮ টাকা মণ দরে বাজারে বিক্রি হয়ে গেল বি. ডি. ও. অফিস থেকে। রাজভবনে আপনারা এক একর জমি আবিষ্কার করেছেন, সেখানে অনেক ঘটা করে একটার জায়গায় পাঁচটা ট্রাক্টার চালাবেন কিন্তু যেখানে হাজার হাজার বিঘা জমি পড়ে গিয়েছে, যেখানে বীজ যায় না, যেখানে হালের বলদ নেই, সেখানকার জন্য আপনারা কোন ব্যবস্থা করছেন না, সত্যিকারের যেটা পথ সে পথে আপনারা যাবেন না। অডিট রিপোর্ট ব্যাখ্যা করে বলেছেন যে ৪৫ লক্ষ টাকা লস দিয়েছে এই খাদ্য বিভাগ, তাদের অপদার্থতার জন্য এক লক্ষ কুইন্টল চালের হিসাব পাওয়া যাচ্ছে না। হ্যাণ্ডলিং করতে যেখানে একলক্ষ কুইন্টল চাল ভূতে বাদুড়ে পিপড়েতে খেয়ে দেয় সেই ডিপার্টমেণ্টকে নিয়ে আপনারা দেশের মানুষকে খাদ্য দিচ্ছেন। আপনারা এ্যাসেম্বলী ডাকছেন না, দেশের মানুষকে ডাকছেন না, বিরোধী দলকে ডাকছেন না, আপনারা ভাওতা দিচ্ছেন যে আগামীবার তোমরা সব কিছু কর। কিন্তু আমরা জানি এপথে কি দাঁড়াচ্ছে—মুখে তিনি আয়ুব খাঁকে রুখবেন, পাকিস্তানকে ঠেকাবেন, প্রতিরক্ষা করবেন, অথচ কার্যকরী করার ক্ষেত্রে তিনি যা করছেন, দেশের গতি যেদিকে যাচ্ছে তার বিরুদ্ধে তিনি এখানে আয়ুব খাঁকে বহাল করার ব্যবস্থা করছেন। এ্যাসেম্বলী থাকবে না, বিভিন্ন লিবার্টি থাকবে না এবং জনসাধারণের সহযোগিতার নাম থাকবে না, বুরোক্রাটিক মুখোস নিয়ে তিনি এবং তাঁর আমলা ধরের খাঁ এবং কয়েকজন মন্ত্রী মিলে যা করবেন দেশকে বাধ্য করা হবে সেই পথে যেতে। তারই পরিণতি আজকে দাঁড়িয়েছে

[5-55—6-3 p.m.]

তিন টাকা কিলো চাল। কোথায় যাবেন? দমদমে চলুন, একটু পাশে এরোড্রমে যান, দেখবেন তিন টাকা কেজি চাল বিক্রি হচ্ছে। গ্রামে আপনি দু'শত, তিন শত, পাঁচ শত গ্রাম চাল দিচ্ছেন। প্রফুল্লবাবু বলতে পারবেন, তিনি আইন করেছেন কিন্তু ৩ শত গ্রামের বেশী চাল কোথায়ও দেওয়া হয় না। একই দোকানে আমরা পরিবারকে মাথা পিছু ৩ শত গ্রাম দিচ্ছে, আর একটা পরিবারকে দিচ্ছে ২ শত, আবার আর একটা পরিবারকে দিচ্ছে ৪ শত গ্রাম, এই ব্যবস্থা কে করলো? সেখানে বলা হয় প্রফুল্ল বাবুর হাত নেই, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের হাত নেই, যে দোকানে দরকার ৫ শ কুইণ্টল সেখানে তিনি দিচ্ছেন ২।। শত কুইণ্টল। এ. বি. সি. এই তিনটি র‍্যাশন কার্ডের ভাগ, বলাই আছে সি ক্ল্যাস চাল পাবে না, এ. বি. পাবে। এ. বি. যে পাবে তাদের পুরো র‍্যাশন, ৫ শত গ্রাম তা দেওয়া হবে না, তার ৬০ পার্সেণ্ট দেওয়া হবে এবং তার ফলে হচ্ছে কি আগে যে লাইন দেবে, একটা লাইনে যদি এক হাজার কার্ড হোল্ডার থাকে তার ৬০ পার্সেণ্ট অর্থাৎ ৬ শত লোক পাবে আর বাকী চার শত লোক ফেরৎ যাবে। তাই আগের দিন রাত্রি ৯টা থেকে লাইন পড়ে। সেই লাইনের কি অবস্থা দেখলে চোখের জল বেরিয়ে যায়, ঐ র‍্যাশন নেবার জন্য গায়ের ঘাম বেরিয়ে যায়। ডিলাররা সেখানে বলে তোমরা হাজার লোক কিন্তু মাল এসেছে ৬ শত শত লোকের। এখন আমি কি করবো—এখন আমরা কাজ হচ্ছে প্রফুল্লবাবুর আইন দিয়ে চলবেনা, ৫ শত করে চাল তোমরা পাবে না তাই কেউ ২ শত, কেউ ১ শত, কেউ ৩ শত পাবে। অর্থাৎ নিয়ন্ত্রণ করছে কে? আইনসভা নয়, কৃষক নেতা নয়, দেশের মানুষ নয়, প্রফুল্লবাবু নিজে পর্যন্ত নয়, কুখ্যাত ডিলার, আপনার আশিনাদভাজন চোরাকারবারী যারা রয়ে গিয়েছে তারাই সমস্ত দেশের ভাগ্য নির্দ্ধারণ করে দিচ্ছে, কাউকে ২ শত, কাউকে ৩ শত, কাউকে ৫ শত, চাল দিচ্ছেন। এর কোন বিধি নেই, ব্যবস্থা নেই এবং এর কোন প্রতিকার নেই এবং আপনারা যে পথ দিয়ে যাচ্ছেন তাতে এর কোন প্রতিকার হবে না।

আজকে ওদিকে গোপিকাবাবু নৃত্য করছেন—আনন্দে উল্লাস করছেন—তিনি নৃত্য করুন—কোন আপত্তি নেই হয়তো তাঁর বন্ধুবান্ধব আত্মীয়স্বজনদের মধ্যে কেউ চালের কারবারী আছেন—কিন্তু আজকে আমাদের এতটুকু স্বাচ্ছন্দ্যে বোধ করার কোন কারণ নেই। কারণ যে ভয়াবহ অবস্থা আমরা দেখছি ১। থেকে তিন টাকা চালের দর। কুচবিহার জেলায় ১৯৪৩ সালের হিসাবে দেখা যাবে কুচবিহার জেলাতে মাত্র দু দিন ২১ টাকা মণ চালের দর উঠেছিল—আজকে সেখানে তিন টাকা কেজী পর্যন্ত দরে বিক্রি হচ্ছে। সেখানে আজ মানুষের বাঁচার কোন পথ নেই—সেখানে কেবল পাঁচশো করে গম চাল দেওয়া হচ্ছে কিন্তু মানুষের দরকার দেড় হাজার থেকে দু হাজার কোথা থেকে তারা কিনবে সেই সমস্ত কোন ব্যবস্থা নেই অথচ সরকার থেকে কোন ব্যবস্থা করা হচ্ছে না। আমি এইটুকু বলি—আমি পদত্যাগ পর্যন্ত করতে রাজী আজি যদি আপনারা দেখাতে পারেন যে উপেনবাবুর বাড়ী থেকে সন্তোষজনক পরিমাণে চাল সিজ করেছেন। আমি জানি যে আপনারা ছোট ছোট লোকের গায়ে হাত দিতে পারেন কিন্তু উপেনবাবুর মত লোকের ধারেকাছে যাবেন না। খাদ্যের ব্যাপারে এই অবস্থা চলছে—তারপরে আধিয়ারদের ব্যাপারে আমি নূতন করে বলছি যদি বাঁচতে চান তাহলে আগামী বছর আধিয়ারদের লোন দিন। আধিয়াররা সরকারী গুদামে কো-অপারেটিভ বলুন—যেখানেই বলুন তারা ধান পৌঁছে দেবে—কারণ তারা জানে যে তাদেরই আবার ১০০ টাকা দরে ঐ চাল কিনতে হবে এজন্যই তারা পৌঁছে দেবে—কিন্তু আপনি জানেন যে আধিয়ারদের লোন দেবার কোন ব্যবস্থা নেই—কি ব্যবস্থা করা হয়েছে তাঁদের বলা হয়েছে যখন তারা ঋণের জন্য পিটিসন করবে তখন সেখানে পাবলিক প্রসিকিউটার যিনি থাকবে তিনি খাতাপত্র দেখে বলে দেবেন যে এই কিষাণ লোন পেতে পারেন কিনা। পাবলিক প্রসিকিউটারের ভারী বয়ে গেছে ঐ কৃষকদের জন্য মাথা ঘামাবেন—১৫০ টাকা লোন দেবেন তার জন্য আবার পাবলিক প্রসিকিউটারের কাছে যেতে হবে—আমার এলাকাতে আমি জানি যে একটা লোককেও পাবলিক প্রসিকিউটার স্যাংকাই করেন নি—সব বরবাদ করে দিয়েছে—কাজেই এই সব ৮ লক্ষ আধিয়ার এবং ৫ লক্ষ ছোট জমির মালিক এই ১৩ লক্ষ লোককে কিছু পয়সা দিচ্ছেন না—খাদ্য নীতি সফল হবে কি করে? আমাদের মুখ্যমন্ত্রী নিশ্চয়ই আগামী কাল তাঁর নূতন নীতি সম্পর্কে কিছু বলবেন—এই বলে শেষ করছি।

Mr. Speaker: There will be no questions tomorrow. The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 6-3 p.m. till 1 p.m. on Friday, the 5th November, 1965, at the "Assembly House", Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 5th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 12 Ministers, 3 Ministers of State and 175 Members.

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

[1—1-10 p.m.]

Kathua Khal Project in Copiballavpur police-station, Midnapur

53. (Admitted question No. 226.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত ৭১১ নং (এ্যাডমিটেড ১৮৫২ নং) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানায় কাথুয়াখাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য শেষ হইয়াছে কিনা ;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এই প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য হইয়াছে কিনা ;

(২) এই প্রকল্পের মোট কত ব্যয় হইবে এবং কত জমি উপকৃত হইবে ; এবং

(৩) এই প্রকল্পের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ও (খ) (১) ১৯৬০ সনে আরম্ভ হইয়াছে। সম্পূর্ণ শেষ হয় নাই।

(খ) (২) ও (৩) অনুসন্ধান কার্য শেষ করিয়া প্রকল্প চূড়ান্তভাবে প্রস্তুত না হওয়া পর্যন্ত এই সম্বন্ধে সঠিক কিছু বলা সম্ভব নহে।

Test Relief Schemes submitted by the Anchal Panchayats of Nayagram Block, Midnapur

54. (Admitted question No. 227.) **Shri Surendra Nath Mahato:**

ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলার নয়াগ্রাম অঞ্চলে পঞ্চায়েতগুলি টেস্ট রিলিফের জন্য কতগুলি প্রকল্প পাঠাইয়াছিলেন এবং তাহার বিবরণ ;

(খ) উক্ত প্রকল্পের মধ্যে কোন্ কোন্ অঞ্চল কতগুলি প্রকল্প কার্যকরী করার জন্য মঞ্জুরী পায় এবং প্রতিটি প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উল্লিখিত কোন প্রকল্প ৩১এ জানুয়ারী, ১৯৬৫ মধ্যে কার্যকরী হইয়া থাকে তবে তাহার বিবরণ?

The Minister for Relief:

(ক), (খ) এবং (গ) অঞ্চল পঞ্চায়েতগুলি ৮টি প্রকল্প পাঠাইয়াছিলেন এবং তাহার সবগুলি কার্যকরী করার জন্য মঞ্জুরী পায়। এই প্রকল্পগুলির বিবরণ এবং মঞ্জুরীকৃত ব্যয়ের পরিমাণ এতৎসহ উপস্থাপিত বিবরণীতে দ্রষ্টব্য। ৩১এ জানুয়ারী, ১৯৬৫ মধ্যে কোন প্রকল্প কার্যকরী হয় নাই।

Statement referred to in reply to unstarred question No. 54

বিবরণী

অঞ্চলের নাম	প্রকল্পের বিবরণ	মঞ্জুরীকৃত ব্যয়ের পরিমাণ
(১)	(২)	(৩)
জমিয়াপাল ৮ ও	ডুডুরবণী—	টাকা
বেড়াজাল ৯	জয়পোঁটা রাস্তা	১০,০০০
ঘড়িকামাখানা ও	বালিগেড়িয়া—	
বালিগেড়া (৬+১০)	পাচকাহানিয়া রাস্তা	৩,১৬৮
বড়নিগুই ও	বালিগেড়া—	
বালিগেড়া (৫+১০)	বড়নিগুই রাস্তা	৭,৬০৩
বড় খাকুরী ৩	ছোট ধামাশাল—	
	নারদা রাস্তা	৮,২৩৬
চান্দা বিলা ২	চান্দা বিলা—	
	পাথরডহরা রাস্তা	২,৫৩৪
মলম ৪	বাবুইচাসী—	
	নিমাইনগর রাস্তা	৬,৩৩৬
বালিগেড়া ও	তেলিয়া—	
চন্দ্রলেখা (১০+১২)	চান্দুয়া রাস্তা	৬,৩৩৬
অররা ১১	শালগেড়িয়া—	
	ধূমসাই রাস্তা	৬,৩৩৬

Shyamsangi Khal Project in Copiballavpur police-station, Midnapur

55. (Admitted question No. 228.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তরের উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার শ্যামসঙ্গী খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা;

(খ) এই প্রকল্পে মোট কত টাকা ব্যয় হইবে এবং কত জমি উপকৃত হইবে; এবং

(গ) এই প্রকল্পের কাজ কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) অনুসন্ধান কার্য ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাককলন সহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Test Relief Schemes submitted by the Anchal Panchayats of Jambani Block, Midnapur

56. (Admitted question No. 229.) **Shri Surendra Nath Mahato:**

ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলার জাম্বনী ব্লকে অঞ্চল পঞ্চায়েতগুলি টেস্ট রিলিফের জন্য কতগুলি প্রকল্প পাঠাইয়াছিলেন এবং তাহার বিবরণ ;

(খ) উক্ত প্রকল্পের মধ্যে কোন্ কোন্ অঞ্চল কতগুলি প্রকল্প কার্যকরী করার জন্য মঞ্জুরী পায় এবং প্রতিটি প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উল্লিখিত কোন প্রকল্প ৩১এ জানুয়ারী, ১৯৬৫ মধ্যে কার্যকরী হইয়া থাকে তবে তাহার বিবরণ?

The Minister for Relief:

(ক), (খ) ও (গ) অঞ্চল পঞ্চায়েতগুলি ২৩টি প্রকল্প পাঠাইয়াছিলেন এবং তাহার সবগুলি কার্যকরী করার জন্য মঞ্জুরী পায়। এই প্রকল্পগুলির বিবরণ, মঞ্জুরীভূত ব্যয়ের পরিমাণ এবং ৩১এ জানুয়ারী, ১৯৬৫ মধ্যে যে প্রকল্পগুলি কার্যকরী হইয়াছে তাহার নাম এতৎসহ উপস্থাপিত বিবরণীতে দ্রষ্টব্য।

Statement referred to in reply to unstarred question No. 56.

বিবরণী

অঞ্চলের নাম	প্রকল্পের বিবরণ	মঞ্জুরীকৃত ব্যয়ের পরিমাণ	৩১শে জানুয়ারী ১৯৬৫ মধ্যে যে প্রকল্প কার্যকরী হইয়াছে তাহার নাম
(১)	(২)	(৩)	(৪)
		টাকা	
গিবনী (৪)	নুনিয়া-ধাদিকা রাস্তা	৮,৪০০	নুনিয়া-ধাদিকা রাস্তা
ঐ	গিবনী-দেশপ্রাণ রাস্তা	৪,০০১	
ঐ	গিবনী-চারিচাকা বাঁধ	২,০০০	
ঐ	চারিচাকা-ঘোড়মোড়া রাস্তা	১,৩০৮	চারিচাকা ঘোরমোড়া রাস্তা
ঐ	গিবনী-ডিসপেনসারী রাস্তা	৭৮৫	গিবনী-ডিসপেনসারী রাস্তা
ঐ	গিবনী-মুনিয়ানা রাস্তা	১,১০৩	গিবনী-মুনিয়ানা রাস্তা
ঐ	নুনীয়া-চান্সবালা রাস্তা	১,৭৬৯	নুনিয়া-চাঁদাবিলা রাস্তা
ঐ	নুনীয়া-দেগাড়িয়া রাস্তা	৪,৩৭২	
ঐ	কেশগেড়া-বড়খণ্ড রাস্তা	৩,৩০৫	
ঐ	হলুদবনী-বাঘঘোরী রাস্তা	৩,১৪৩	
দুবড়া (৭)	মেটাল বাঁধ	২,০৬০	
দুবড়া (৭)	জামনী-দুবড়া রাস্তা	৩,৪৫৪	
চিচড়া (১০)	ভরসা বাঁধ	১,৭৮৫	
ঐ	চিঙ্গাপাড়া বাঁধ	৭৪২	
কাপগাড়ী (৩)	কাপগাড়ী রাস্তা	৪০০	
ঐ	কুকুরমুড়ি-কাপগাড়ী রাস্তা	৪,১৩২	
ঐ	কাপগাড়ী-চালকুচপয়া রাস্তা	৪,১৪৬	
পড়িহাসী (২)	পড়িহাসী-বিজয়াবাসী রাস্তা	৪,৯৯৪	
ঐ	পড়িহাসী-এড়মোদা রাস্তা	৪,১৪৬	পড়িহাসী-এড়মোদা রাস্তা
লাল বাঁধ (৫)	বালিবাঁধ-লালবাঁধ রাস্তা	৪,৯৮৪	বালিবাধ-লালবাধ রাস্তা
ঐ	আন্তি-সখীপাল রাস্তা	৬,৯২৭	
চিল্কীগড় (৬)	সোনামুখী-টুলিবর রাস্তা।	৩,৪৯৮	
ধরসা (১)	ঢেংবহড়া-ধড়মা রাস্তা।	৭,০৬১	

Turki Khal Project in Copiballavpur police-station, Midnapur

57. (Admitted question No. 231.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২ প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার তুর্কী খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা ;

(খ) এই প্রকল্পের জন্য মোট কত ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে ; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলনসহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Sita Khal Project in Copiballavpur police-station, Midnapur

58. (Admitted question No. 232.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার শুক্লা খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা ;

(খ) এই প্রকল্পের জন্য মোট কত টাকা ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে ; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলনসহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Dudhia Khal Project in Copiballavpur police-station, Midnapur

59. (Admitted question No. 233.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার দুধিয়া খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা ;

(খ) এই প্রকল্পের জন্য মোট কত ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে ; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে আর কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলনসহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Kuancha Amrasol Khal Project in Gopiballavpur police-station, Midnapur

60. (Admitted question No. 234.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার (কোণ আমড়াশোল) খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা;

(খ) এই প্রকল্পের জন্য মোট কত ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলনসহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Saria Khal Project in Copiballavpur police-station, Midnapur

61. (Admitted question No. 235.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার সারিয়া খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা;

(খ) এই প্রকল্পের জন্য মোট কত টাকা ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলন সহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিরাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Jhili Khal Project in Gopiballavpur police-station, Midnapur

62. (Admitted question No. 236.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার ঝিলি খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা ;

(খ) এই প্রকল্পের জন্য মোট কত টাকা ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে ; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলন সহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Bangsia Khal Project in Gopiballavpur police-station, Midnapur

63. (Admitted question No. 237.) **Shri Surendra Nath Mahato:**

তত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার বংশীয়া খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা;

(খ) এই প্রকল্পের জন্য মোট কত ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে ; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণকার্য কবে আরম্ভ হইবে এবং কতদিনের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলন সহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Lutijhuri Khal Project in Gopiballavpur police-station, Midnapur

64. (Admitted question No. 238.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার লুটিঝুড়ি খালে প্রকল্পের ইনভেসটিগেশন কায কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা ;

(খ) এই প্রকল্পের জন্য মোট কত ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে ; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায় ?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলন সহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Bachhurdoba Khal Project in Copiballavpur police-station, Midnapur

65. (Admitted question No. 239.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ নং (এ্যাডমিটেড প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোপীবল্লভপুর থানার (জেলা মেদিনীপুর) বাছুরডোবা খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা;

(খ) এই প্রকল্পের জন্য মোট কত ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলন সহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Pathbandha Khal Project in Copiballavpur police-station, Midnapur

66. (Admitted question No. 240.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২এ মার্চ ১৯৬৫ তারিখের অতারকিত ৭১১ নং (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গোপীবল্লভপুর থানায় পথবাঁধা খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা;

(খ) এই প্রকল্পে মোট কত ব্যয় হইবে আর কত জমি উপকৃত হইবে; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণকার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় এবং ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাককলন সহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Sita Khal Project in Copiballavpur police-station, Midnapur

87. (Admitted question No. 241.) **Shri Surendra Nath Mahato:**

গত ২২-৩-৬৫ তারিখে প্রদত্ত অতারকিত ৭১১ বং (অনুমোদিত প্রশ্ন নং ১৮৫২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানায় 'সীতা খাল প্রকল্পের ইনভেসটিগেশন কার্য কবে আরম্ভ হইয়াছে এবং উক্ত কার্য শেষ হইয়াছে কিনা ;

(খ) এই প্রকল্পে মোট কত ব্যয় হইবে আর মোট কত জমি উপকৃত হইবে ; এবং

(গ) এই প্রকল্পের নির্মাণকার্য কবে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০ সালে আরম্ভ হয় ও ১৯৬২ সালে শেষ হয়।

(খ) প্রকল্প তৈয়ারীর কাজ চলিতেছে। প্রাক্‌কলন সহ প্রকল্পটি চূড়ান্তভাবে প্রস্তুত হইবার পূর্বে মোট ব্যয়ের এবং উপকৃত জমির পরিমাণ বলা সম্ভব নহে।

(গ) বর্তমানে বলা সম্ভব নহে।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: The Minister-in-charge of Labour Department will please make a statement on the subject of declaration of lockout by the manage- of the Bengal Paper Mill, Raniganj, called attention by Shri Aswini Roy and Shri Haridas Chakravarty on the 2nd November, 1965.

Shri Jagannath Kolay:

উনি এটা বোধ হয় বুঝতে পারেন নি।

Shri Nikhil Das:

আজকে লেবার-এর উপর তিনটা কলিং এ্যাটেনশান ছিল তিনটার উত্তর দেবার কথা ছিল কিন্তু লেবার মিনিষ্টার এ্যাবজেণ্ট।

Shri Jagannath Kolay:

আজকে কোশ্চেন আওয়ার হবে না সেজন্য মিনিষ্টার মনে করেছেন যে কোশ্চেন হবে না বলে কলিং এ্যাটেনশান-এর জন্য প্রিপেয়ার হন নি।

Mr. Speaker:

কালকে কোশ্চেন আওয়ার হবে না কিন্তু আজ যে কাজ হবে সেটা আমি বলতে ভুলে গিয়েছিলাম।

It was rather my mistake because I declared yesterday that there would be no questions to-day.

I have received four notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Scarcity of Kerosene oil—by Shri Ananga Mohan Das,

(2) Lock-out of Manindra Mills and B. P. Mills of Cossimbazar, Murshidabad—by Shri Sanat Kumar Raha,

(3) Collapse of the building of Sainik School, Purulia—by Shri Girish Mahato, and

(4) Death of three persons due to starvation at Manikchak police-station, district Malda—by Sm. Ila Mitra.

I have selected the notice of Shri Girish Mahato on the subject of collapse of the building of Sainik School, Purulia. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject to-day, if possible or give a date for the same.

Shri Jagannath Kolay: The statement will be made on Monday.

Difficulty in obtaining ration cards

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় এখানে বলছি, আমার ওয়ার্ডে আমার কনষ্টিটিউয়েন্সিতে অনেক লোক রেশন কার্ডের জন্য আসে। আগে হয়ত করেনি বা নূতন এসেছে আমার কাছে আসে লিখে নেবার জন্য। আমি তা দিচ্ছি। কিন্তু রেশন কার্ড দেওয়া হচ্ছে না, তারা বলছে যে গেজেটেড অফিসারদের সই আনুন। তারা গরীব মানুষ। গেজেটেড অফিসার কোথায় থাকে তা জানেনা, এ ব্যাপারটার কি হবে তা জানতে চাই।

Restriction on slow moving vehicles

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আমি আপনার মাধ্যমে একটা প্রশ্ন মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। কলকাতায় স্লো মুভিং ভেহিকল রেস্ট্রিক্ট করে দেওয়া হয়েছে বলে একটা গুরুত্বপূর্ণ অবস্থার সৃষ্টি হয়েছে। মানুষের স্বাভাবিক জীবনযাত্রা স্লো মুভিং ভেহিকলস বিঘ্নিত করছে বলে আপনারা রেস্ট্রিক্ট করে রেখেছেন। এই কারণে তাদের জীবনে একটা বিপর্যয় এসেছে। আমি বলছি না যে এটা উলটে দিন। আমার কথা হচ্ছে এমনভাবে টাইমিং করতে পারেন না যাতে আরও একটু বাড়িয়ে দেওয়া যায় কোন রকম ডিসরাপশান করে। স্পেসালি সাইকেল রিক্সা বন্ধ করে দেওয়ার ফলে ব্যবসাদারদের অনেক অসুবিধা হচ্ছে। সেজন্য যাতে টাইমিংটা ঠিক করতে পারেন সেজন্য দৃষ্টি আকর্ষণ করছি।

Debate on food situation

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার স্যার, আজকে হাউসে খাদ্য বিতর্ক নিয়ে আলোচনা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেছেন যে সকলকে সমান ভাগ করে খেতে হবে। একথা আমরা গত কয়েকদিন থেকেই শুনছি যে সকলকে সমান ভাগ করে খেতে হবে। কিন্তু এই নীতি সরকার নিজেই ব্যর্থ করে দিয়েছেন। আমরা দেখতে পাচ্ছি কলকাতা সহরে যে বিধিবদ্ধ রেশনিং-এর আওতায় আছে তারা একরকম রেশন পাচ্ছে, মফঃস্বল সহরে বিশেষ করে উত্তরবঙ্গে যারা আছে তারা একরকম পাচ্ছে। কাজেই সমান ভাগ করে খেতে হবে এটা ব্যর্থ হয়ে গেছে সরকারী নীতির মাধ্যমে। আমরা খাদ্য বিতর্ক শুরু করেছি এবং এই সূত্রে আমি আমার বিতর্ক উত্তরবঙ্গের মধ্যে সীমাবদ্ধ রাখবো। আমরা গোড়া থেকে একথা বারবার বলছি যে কিছুদিন ধরে লক্ষ্য করছি যে উত্তরবঙ্গের বিভিন্ন জেলা থেকে ধান চাল পাচার হয়ে যাচ্ছে তির্যক্, নেপাল এবং ভুটানে, তখন আমাদের কথার গুরুত্ব দেওয়া হয়নি। কিন্তু পরে দেখা গেল এমন ভাবে ট্রাকে ট্রাকে রাতের অন্ধকারে চাল পাচার করা হল যে সম্পূর্ণ জেলা শূন্য হয়ে গেল। আর একটা জিনিষ লক্ষ্য করছি উত্তরবঙ্গে যখন দুর্ভিক্ষ তীব্র হয়ে দাঁড়াল তখন খোলা বাজার থেকে চাল উধাও হয়ে গেল। অথচ তখন নেপাল রাইস নামে একরকম চাল উত্তরবঙ্গে আসে এবং ডি-এম সে চাল

বিক্রি করবার অনুমতি দেন এই যুক্তি দেখিয়ে যে খোলা বাজারে চাল পাওয়া যাচ্ছে না, নেপালের চাল দামে বেশী হলেও খেতে হবে। আমরা যে নেপাল রাইস দেখেছি সেটা কিন্তু নেপালের নয়—সেটা সম্পূর্ণভাবে বেঙ্গল রাইস। দিনাজপুর, কুচবিহার, জলপাইগুড়ির চাল মরশুমের শুরুতেই নেপালে গিয়ে মজুত করে এবং পরে সেটা বাংলায় বেশী দামে বিক্রি করা হয়। অর্থাৎ আইনকে কলা দেখিয়ে তারা ২ বার লাভ করে। তারা এটা জানে কিন্তু আমরা বুঝতে পারি না যে এ ঘটনা কি করে ঘটে। আর একটা কথা বলা হচ্ছে পাকিস্তানে চাল যায় এবং এতে আমাদের দেশের নিরাপত্তা নষ্ট হয়ে যাচ্ছে। পাকিস্তানে যে চাল গেছে এটা ঠিক সেপ্টেম্বরের ৮ তারিখ থেকে ১২ তারিখ সীমান্তের যোগাযোগ ব্যবস্থা যখন বন্ধ করা হয় তখন সীমান্তে দাম বেড়ে ছিল কিন্তু সেপ্টেম্বরের ঠিক পরেই বাজার স্বাভাবিক হয়ে গেল। কাজেই পাকিস্তানে যাবার জন্য যে ধান চালের দাম বেড়েছে একথা সত্য নয়। আর পাকিস্তানে যদি যায় তাহলে সেটা মানুষের দোষ নয়, দোষ হচ্ছে যারা ট্রেজারী বেঞ্চে বসে আছে তাদের। স্টেট ট্রেডিং-এর কথা আমরা বহুবার বলেছি; স্টেট ট্রেডিং যদি না করা হয় তাহলে চোরা কারবারী মুনাফাখোরদের হাতে বাংলাদেশের মানুষকে ঠেলে দেওয়া হবে। আপনার নিশ্চই মনে আছে গত বাজেট সেসানে আমরা যখন স্টেট ট্রেডিং-এর কথা বলেছিলাম তখন মুখ্যমন্ত্রী এখানে দাঁড়িয়ে স্বভাবসুলভ ন্যাকামীতে বলেছিলেন যে স্টেট ট্রেডিং-এর কথা সরকার চিন্তা করেন না, অথচ আজ যে স্টেট ট্রেডিং-এর পথে সরকারকে আসতে হচ্ছে। কিন্তু আমাদের একটা আশঙ্কা থেকে যাচ্ছে সরকার যে স্টেট ট্রেডিং করছেন সে স্টেট ট্রেডিং-এর নমুনা আমরা দেখতে পাচ্ছি।

[1-10—1-20 p.m.]

স্টেট ট্রেডিং-এর গোড়ার কথা হচ্ছে, সমস্ত ধান সরকার প্রোকিওর করে নেবেন। এবার জুন, জুলাই মাসে কুচবিহার জেলায় ধান রিকুইজিসন করা হল, ১৫ দিন ধরে। দিনের পর দিন জিপে করে অফিসাররা ঘুরে ঘুরে দিনহাটা মহকুমা থেকে মাত্র ১৫০০ মণ চাল রিকুইজিসান করা হল। এবার যখন আমরা মজুত বিরোধী আন্দোলন সুরু করি, পুজার পরে, যখন ধানের দাম ৫০।৬০ টাকা হয়ে গেল, মজুতদার, জোতদারদের ঘরে গিয়ে দেখেছি, সেখানে এক এক-জনের ঘরে একশো মণ দেড়শো মণ করে ধান মজুত রয়েছে। অর্থাৎ জুন, জুলাই মাসে অফিসাররা মাত্র ১৫০০ মণ ধান রিকুইজিসান করেন, সীজ নয়। এখানে আমার বক্তব্য হচ্ছে উত্তরবঙ্গে, সরকার ধান-চালকে উত্তরবঙ্গে চালু রাখতে পারলেন না। মজুতদারের ঘরে যাও থাকলো, তাও আপনারা সেগুলি উদ্ধার করতে পারলেন না। উত্তরবঙ্গের মিল থেকে যে ধান লেভী করা হল, কলকাতায় সেটা নিয়ে এলেন, কলকাতার মানুষকে খাওয়াবার জন্য। সেদিন ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট বললেন, আমাদের, আপনাদের জন্য চিন্তা করতে হবে, কেন্দ্র থেকে বা উড়িষ্যা থেকে যত চাল আসবে, সেটা আপনাদের দেবো। আজকে প্রফুল্লবাবু বলছেন, উড়িষ্যা থেকে চাল নিয়ে এসে দিতে পারলাম না। জানতেই পারলাম না, যে উড়িষ্যা থেকে সরকার কত চাল পেয়েছেন। স্যার, মুনাফাখোর, মজুতদার ও কালোবাজারী যদি বন্ধ করতে হয় তাহলে সরকারের রেশনিং ছাড়া আর কোন গতি থাকবে না। কালোবাজারীদের চ্যালেঞ্জ যদি এ্যাকসেপ্ট করতে হয়, তাহলে সরকারের স্টক যেখানে রাখা উচিত, সেই স্টক তাঁরা রাখেননি। তার ফলে, তাদের কাছে সরকার সম্পূর্ণ ভাবে আত্মসমর্পণ করেছেন। আর রেশনিং ব্যবস্থা সবচেয়ে হাস্যকর হচ্ছে, যখন ধান উঠলো সরকার বললেন ১৪।১৫ টাকার বেশীতে কেউ ধান কিনতে পারবেন না, এবং সরকার কো-অপারেটিভ সোসাইটি হিসাবে ধান কেনবার দায়িত্ব দিলেন। তারাও সেই সরকারের নির্ধারিত দরে ধান কিনলো না, তারা কিনলেন ১২।১৩ টাকা দরে। চৈত্র-বৈশাখ মাসে যখন ধানের দর উঁচুতে উঠে গেলো, তখন আমরা বললাম,—তখন সরকার বললেন কাউকে বেশী দামে কিনতে দেবো না। যতই দিন যেতে লাগলো এই সরকারী ব্যবস্থা ভেঙ্গে যেতে লাগলো আমরা দেখলাম। সরকারের দৃষ্টিতে ফের যখন আমরা এটা আনলাম, তখন তাঁরা বললেন, আমাদের কাছে এই নিয়ে আপনারা হৈচৈ করবেন না। ধান চালের বাজারদর উঠতে দিন। এর ফলে মজুতদাররা উৎসাহিত হয়ে উঠলো, এবং গত বৎসর থেকে আমরা দেখতে পাচ্ছি যে মজুতদারের কাছে সরকার সম্পূর্ণ ভাবে আত্মসমর্পণ করেছেন। আর একটা কথা, সরকার ৫০ ভাগ চাল লেভি করেছেন। এই ৫০ ভাগ চাল কুচবিহার থেকে কলকাতায়

চলে এলো, আর বাকী চালটা কি হল? ডিস্ট্রিক্ট কন্ট্রোলার অর্ডার দিলেন, সেই বাকী চালটা বিক্রয় করবার অনুমতি দিলেন, তার কোন হিসাব-নিকাশ নেওয়া হল না, ফলে ঐ বাকী ৫০ ভাগ চাল কুচবিহার থেকে তিব্বত, ভুটান, নেপালে চলে গেলো। এই অফিসারদের কোন শাস্তি দেবার ব্যবস্থা হল না। জলপাইগুড়ির ডিভিশনাল কমিশনার আই, বি, সুরিটা বললেন তিব্বত বা নেপালে কোন চাল যায়নি। এই ভদ্রলোকের কথায় বিশ্বাস করে, মুখ্যমন্ত্রী বললেন, না, সেখানে কোন চাল যায়নি। সে ভদ্রলোক সারাদিন মদে চুর হয়ে থাকেন, তাঁকে উত্তরবঙ্গের ডিভিশনাল কমিশনার করে রাখা হয়েছে। সেই ভদ্রলোকের কথায় বিশ্বাস করে ওখানকার মানুষের ভাগ্য নিয়ন্ত্রিত হতে চলেছে।

আমি আর একটি কথা বলতে চাই—আমরা দেখেছি মফঃস্বল অঞ্চলে যত লোকের রেশন কার্ড পাওয়া দরকার, তা পাচ্ছে না। সেখানে চালের রেশন কার্ড পাচ্ছে কিছু কিছু লোক, তাও, তাদের এ, বি, সি, ক্লাস-এতে ভাগ করা হয়েছে। কুচবিহার জেলায় যাদের পাঁচ বিঘা জমি আছে, তাদের সি ক্লাসে ধরা হয়েছে, তারা ধান-চাল কিম্বা গম, কিছুই পাবে না। তার নিচে আছে এ ক্লাস, বি ক্লাস, তাদের যত রেশন কার্ড আছে সেই অনুযায়ী অর্থাৎ তাদের প্রয়োজন অনুযায়ী জিনিষ রেশনের দোকানে যাচ্ছে না।

আগের দিন থেকে কাতারে কাতারে লোক লাইন দিয়ে দোকানের সামনে পড়ে থাকে। একটা স্বাধীন দেশে, সভ্য দেশে ক্ষুধা নিবারণের জন্য ঘর-সংসারের অন্যান্য কাজ ছেড়ে দিয়ে, রাতের ঘুম ছেড়ে কোন লোক যে আগের দিন রাত্রি থেকে রেশনের দোকানের সামনে এইভাবে লাইন দিয়ে থাকে—এ কোন সভ্য জাতি কল্পনা করতে পারে না। আজ কংগ্রেস সরকারের আমলে আমাদের তাই দেখতে হয়। সারা রাত্রি জেগে কাতারে কাতারে লোক রেশনের দোকানের সামনে পড়ে আছে, কখন দোকান খুলবে। রোদ-বৃষ্টি অগ্রাহ্য করে দাঁড়িয়ে আছে। তারপরে হয়ত দেখা গেল কিছু লোকে রেশন পেল এবং শেষ পর্যন্ত অপেক্ষা করে থেকে বাকী লোককে রেশন না নিয়ে ফিরে যেতে হয়। দোকানী বললো সমস্ত কার্ডের সাপ্লাই দেওয়া হয় নাই। সেখানে ৩০ পারসেন্ট বা ৪০ পারসেন্ট-এর বেশী মাল দেওয়া হয় না, এখনো সেই অবস্থা চলছে। এস-ডি-ওকে বললে তিনি বলেন আমি দোকানদারকে বলছি যে চাল আছে, তা সবাই ভাগ করে নেন। এদিকে আবার বলা হচ্ছে পাঁচশো গ্রাম চাল ও গম দেওয়া হবে। যত লোক লাইনে দাঁড়ালো, তাদের সবার জন্য চাল ও গম নাই। অথচ একথা বলা হচ্ছে ভাগ করে খেতে হবে যা আছে। প্রফুল্লবাবু বলছেন ভাগ করে খাও, এস ডি-ও বলছেন ভাগ করে খাও। এ দুটো কি একই জিনিষ হলো? ফেয়ার প্রাইসে আংশিক চাল পাওয়া যাচ্ছে। আর পাশাপাশি সহরে এক কেজি চাল ও ৭৫০ গ্রাম গম পায় সপ্তাহে, এই যে অব্যবস্থা চলছে, তার বিরুদ্ধে আজ সারা বাংলার মানুষ ক্ষেপে উঠছে।

স্যার, আজকে দুঃখের কথা এঁরা এমন জিনিষের কথা বলেন, এঁরা প্রতিরক্ষার কথা বলেন, কিন্তু স্যার, এটা সাধারণ মানুষের কথা নয়—যখন গোলাগুলি চলছে আমাদের বর্ডার ব্যাটালিয়ন অস্ত্র নিয়ে শত্রুর মোকবিলার জন্য সীমান্তে দাঁড়িয়ে আছে, তখন তাদের কারো রেশন ছিল না। এস-ডি-ও বললেন তাদের রেশন কার্ড আছে। ঐ যে যারা গীতলদহে ট্রেঞ্চে বসে আছে, তাদের কারো বাড়ী ব্যারাকপুর, কারো বাড়ী আরো দূরবর্তী কোন জেলায়, তাদের সেখানেও চোরাবাজার থেকে চাল কিনে খেতে হচ্ছে।

আমি আর একটা গুরুত্বপূর্ণ বিষয় বলতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী প্রায়ই বলেন তোমাদের খাদ্যাভ্যাস বদলাও। আবার মাঝখানে বলেছেন তোমরা ছোলা খাও, ভাত খেও না। আমরা সবাই তা খেতে রাজি, আমরা খাব কিন্তু আমাদের ভাগ্য নিয়ে আপনারা ছিনিমিনি খেলবেন না। তাঁর খাদ্য দপ্তর কেমন জোচ্চুরি করছেন, তার সম্বন্ধে একটু বলতে চাই। পাঞ্জাব সরকার পশ্চিমবাংলা সরকারকে বললো গত মে মাসে আমরা ১৫ হাজার টন ছোলা বাংলা দেশকে দেব। তা আনবার ভার খাদ্য দপ্তরকে দেওয়া হলো। কোন টেন্ডার ডাকা হলো না, কোন পেপারেও ঘোষণা করা হলো না। খাদ্য দপ্তরের ডেপুটী ডিরেক্টর টি, পি, নন্দী ও হেড ক্লার্ক রবি ঘোষ তাঁদের পেটোয়া লোকদের ডেকে ডেকে কাউকে এক হাজার টন, কাউকে দেড়

হাজার টন এমনি করে ছোলা আনার ভার দেওয়া হলো। যে ছোলা ৪৫ টাকা দরে কুই'টাল কেনা হলো, তাকে ফলস ইনভয়েস-এ ৫৫।৫৭ টাকা দর দেখান হলো। ১৭ লক্ষ কুই'টাল ছোলা পাইকারী ৬৫ টাকা থেকে ৬৭ টাকা দরে এবং খুচরা ৭০ টাকা দরে বিক্রির ব্যবস্থা হলো। আর যারা কখনো ছোলার ব্যবসা করে না, তারা এই ছোলা আনবার অনুমতি পেল। তাদের নাম আমি একে একে বলে দিচ্ছি—১। পিয়ারীলাল পরমেশ্বরলাল, ২৬এ, আর্মানী স্ট্রীট, কলকাতা। ২। মোহনলাল নিরঞ্জনলাল, ৫১।৪, স্ট্রা'ড রোড, কলিকাতা। ৩। শিউলাল চিরঞ্জীলাল, টালিগঞ্জ। ৪। শিউকুমার আগরওয়ালা, ৪৫, স্ট্রা'ড রোড। ৫। গৃহ রাইস মিল, আমড়াতলা স্ট্রীট। মঙ্গলম আদক, টালিগঞ্জ। ৬। বিহারীলাল দে গোষ্টবিহারী নন্দ, (কানাইলাল দে'র বে-নামদার)। ৭। বিষ্ণু ডালমিল, দাশপাড়া।

এই বিহারীলাল দে একজন বড় রাইসমিল ওনার, তিনি পাকিস্তানে চাল পাঠান। আর তিনি কানাইলাল দে'র বে-নামীতে ব্যবসায় করছেন। এরা এইভাবে আমাদের ঠকাচ্ছেন, বঞ্চনা করছেন, আর আমাদের বলছেন খাদ্যাভ্যাস বদলাও।

[1-20—1-30 p.m.]

Shri Nimai Chand Murmu:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ দুর্ভিক্ষের করাল ছায়ায় ঢেকে গিয়েছে। এবং পল্লী অঞ্চল ও গ্রামসমূহ অগণিত ক্ষুধার্ত্ত মানুষের ক্রন্দনে ভরে গিয়েছে। আমাদের দেশের অধিকাংশ জায়গায় লোকে অনাহারে এবং অর্ধাহারে দিনাতিপাত করছে। ক্ষুধার যন্ত্রণা মানুষ সহ্য করতে না পেরে গলায় ফাঁসি লটকে অনেকে মৃত্যু বরণ করছে। এর জন্য দায়ী কে? এর জন্য দায়ী কংগ্রেসী সরকারের জনস্বার্থ বিরোধী খাদ্য নীতি। সত্যিকারের যদি আমাদের মানুষের মত খেয়ে পরে বেঁচে থাকতে হয় তাহলে কংগ্রেসী সরকারের খাদ্য নীতি আমূল পরিবর্তন করতে হবে, নতুবা আমাদের দেশের লোক কখনই পেট ভরে খেয়ে মানুষের মত বেঁচে থাকতে পারবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বাংলাদেশে যখন মানুষ অনাহারে অন্ধকারে দিন কাটাচ্ছে তখন আমরা শুনতে পাই যে বিভিন্ন জায়গায় কি ভাবে সরকারী গুদাম থেকে ধান চাল পাচার হয়ে যাচ্ছে। আমরা খবরের কাগজে দেখেছি যে জলপাইগুড়িতে সরকারী লক্ষাধিক মণ চালের হিসাব পাওয়া যাচ্ছে না। ৬০-৬১ সালে এক লক্ষ কুই'টাল খাদ্যশস্য উধাও হয়ে গিয়েছে। তার জন্য লোকসানের পরিমাণ হচ্ছে ৪৪ লক্ষ টাকার মত। তাছাড়া কতকগুলি বেসরকারী চালকলের মালিকের কাছে সরকারের পাওনা রয়েছে ২৫ লক্ষ টাকা। এবং দুইটি ময়দা কল মালিকের কাছে ১২ লক্ষ টাকা অনাদায়ী হয়ে পড়ে রয়েছে। মুনাফাখোর এবং মজুতদারদের প্রতি সরকারের এই মৌন সম্মতি অন্যদিকে উৎপাদনকারী কৃষক-এর কাছে থেকে লোনের দায়ে থালা বাটী বাসন ছিনিয়ে নেওয়া হচ্ছে। মুখ্যমন্ত্রী বক্তৃতা প্রসংগে বলেছেন যে এবার উৎপাদন খুব ভাল হয়েছে। বছরের প্রথম অধিবেশনে তিনি বলে-ছিলেন যে এবার বামপার ক্রপ হয়েছে। তখন মুখ্যমন্ত্রীর এই স্বীকারোক্তি শুনে কৃষকেরা আনন্দ করেছিল, তারা ভেবেছিল যে আমাদের আর খাদ্য সমস্যা বলে কিছু থাকবে না, কিন্তু কৃষকেরা কি দেখলো? দেখলো আমরা এত বেশী ফসল উৎপাদন করা সত্ত্বেও এবং যেটা মুখ্য-মন্ত্রী নিজেও স্বীকার করলেন যে কংগ্রেস রাজত্বে এই রকম ফসল উৎপাদন কখনও হয়নি তা সত্ত্বেও ধান চালের দাম এই রকম বেড়ে গেল। তাহলে কি যত বেশী ফসল উৎপাদন হবে তত-বেশী দাম বেড়ে যাবে? তারা দেখলো ন্যায্য মূল্যে তারা চাল পাচ্ছে না। তাদেরই উৎপাদিত ফসল কি ভাবে কোথায় কি ষড়যন্ত্রের ভিতর দিয়ে তাদের কাছ থেকে নিয়ে নেওয়া হচ্ছে তাদেরকে বঞ্চিত করে। এবং সরকারী মূল্য যেটা কয়েক মাস মাত্র চালু করবার চেষ্টা হয়েছিল সে দামে তারা চাল পাচ্ছে না। এবং যেই ভাদ্র-আশ্বিন মাস এসে গেল তখন তাদের উৎপাদিত ফসল যেটা মিলমালিকের কাছে রয়েছে সেই ধান চালই তাদেরকে অধিক মূল্যে ক্রয় করতে হলো এই কংগ্রেসী সরকারের সর্বনাশা নীতির ফলে। তারপরে মুখ্যমন্ত্রী বলেছেন যে বাংলাদেশের যে জমি রয়েছে তার পরিমাণ খুব কম। অথচ বসিরহাট হাসনাবাদে প্রায় ৮০ হাজার বিঘা জমি

জলমগ্ন হয়ে রয়েছে এবং আমাদের মালদহ জেলার বামনগোলা বর্ডারের কাছাকাছি এই রকম অনাবাদী অব্যবস্থায় বহু জমি পড়ে রয়েছে। সেগুলি যাতে সুষ্ঠু ভাবে চাষ আবাদ হয় তার কোন চেষ্টা হচ্ছে না।

Shri Daman Kuiry:

মাননীয় স্পীকার মহাশয়, খাদ্য বিতর্কে অংশ গ্রহণ করে আমি বলতে চাই যে আমাদের পুরুলিয়ার প্রতি পশ্চিমবঙ্গ সরকার যে বিমাতৃসুলভ মনোভাব পোষণ করেন তা প্রমাণ হয়ে গিয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, পুরুলিয়া ঘাটতি জেলা অথচ সরকার পুরুলিয়া জেলাকে উদ্বৃত্ত জেলা বলে ঘোষণা করেছেন। এতেই প্রমাণ হয়ে গিয়েছে যে সরকার পুরুলিয়ার প্রতি অবিচার করেছেন। পুরুলিয়া জেলা থেকে সহস্র সহস্র কুইন্টাল চাল পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলাগুলিতে দেওয়া হচ্ছে। এমন কি মুখ্যমন্ত্রী নিজেই স্বীকার করেছেন যে গত আগষ্ট মাসে ১০ হাজার কুইন্টাল চাল মুর্শিদাবাদে পাঠান হয়েছে। স্পীকার মহাশয়, পুরুলিয়া জেলা অনুর্বর জেলা, সেখানে চাষ ভালভাবে হতে পারে না, সেখানকার মাটি পাথুরিয়া মাটি। তা সত্ত্বেও সেখান থেকে হাজার হাজার কুইন্টাল চাল বিভিন্ন জেলায় পাঠান হচ্ছে। আমি বলতে চাই পুরুলিয়ার প্রতি সরকারের মনোভাব উদ্দেশ্যপ্রণোদিত কারণ পুরুলিয়া আগে বিহারে ছিল এবং এখন পশ্চিমবঙ্গে যোগ দিয়েছে সেজন্য তার উপর অবিচার করা হচ্ছে। আমরা জানি পশ্চিমবাংলায় ১০টি জেলাকে ইনটেনসিভ কালটিভেশান জেলা বলে গ্রহণ করা হয়েছে, পুরুলিয়াকে তার মধ্যে বাদ দেওয়া হয়েছে। আমরা জানি পশ্চিমবাংলায় প্রত্যেক জেলায় কর্ডনিং আছে, কিন্তু আমাদের জেলায় কোন কর্ডনিং নাই। কারণ বাঁকুড়ার মিল মালিকদের সন্তুষ্ট করবার জন্য ধান দিতে হবে। সেজন্য পুরুলিয়ায় কর্ডনিং নাই। ওখানে সরকারী কর্মচারীরা কাগজে কলমে চাষ করে, আমি তার দুই একটি উদাহরণ দিচ্ছি। সম্প্রতি সেখানে বর্ষাকালে আলু চাষ হয়েছে। ১১০০ মণ আলুর বীজ অযোধ্যা পাহাড়িয়া অঞ্চলে দেওয়া হয়েছিল বলে বলা হয়েছিল কিন্তু আমরা জানি একশত অথবা দেড়শো মণের বেশী আলুর বীজ দেওয়া হয়নি।

1-30—1-40 p.m.]

এইভাবে সরকার চাষ করছেন, আর পুরুলিয়া জেলায় বলছেন যে আঙ্গুর হয়, আপেল হয়, এই ধরণের বিকৃত সংবাদ সরকার পরিবেশন করছেন। আমি অবাক হয়ে গেলাম, কয়েক দিন আগে রেডিওতে খবর বেরিয়েছিল যে অযোধ্যা পাহাড়ের উপর হাজার হাজার কুইন্টাল আলুর চাষ হয়েছে। এই হাজার হাজার কুইন্টাল আলুর চাষ মানে ঐ যে ১১ শত মণ বীজ আলু তাঁরা কাগজে কলমে দিয়েছেন সেই জন্য এই হাজার হাজার কুইন্টাল আলু রেডিও মারফৎ প্রচার করা হয়েছে। স্পীকার মহাশয়, পুরুলিয়ায় যে অবস্থার সৃষ্টি করা হচ্ছে সেটা হচ্ছে সেখানকার সাধারণ মানুষকে অনাহারে, অর্ধাহারে রেখে সেখান থেকে হাজার হাজার কুইন্টাল চাল কংগ্রেস প্রেসিডেন্ট সোহন লাল বাংকা টাটা জামসেদপুরে পাচার করেছেন, কিন্তু তা ধরার ব্যবস্থা কিছু নেই। আমি এ সম্পর্কে সরকারকে জানিয়েছিলাম যে কংগ্রেস প্রেসিডেন্ট সোহন লাল বাংকা এক জন মিল মালিক, হাজার হাজার কুইন্টাল চাল বিহারে জামসেদপুরে পাঠাচ্ছে।

(নির্ধারিত সময় শেষ হওয়ায় মাননীয় সদস্য আসন গ্রহণ করিলেন।)

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রায় প্রতি বছরই আমরা খাদ্য নিয়ে বিতর্ক করি, সেই সময় আমরা লক্ষ্য করি যে এই বিধানসভার মধ্যে এবং বাইরে কি ভীষণ উত্তাপের সৃষ্টি হয়। কলকাতা সহরের বিভিন্ন জায়গায় খাদ্য নিয়ে সভা হয়, শোভাযাত্রা হয়, বিধানসভা অভিযান হয় এবং এই হাউসের মধ্যেই বিরাট একটা তান্ডব শুরু হয়ে যায়, এটা আমরা লক্ষ্য করেছি। কিন্তু

এ বছরে যে খাদ্য বিতর্ক হচ্ছে তার মধ্যে একটা উল্লেখযোগ্য পরিবর্তন লক্ষ্য করা যায় সেটা হচ্ছে এই বিধানসভা একেবারে নিরুত্তাপ। এমন কি আমার বন্ধু, মাননীয় সদস্য, শ্রীকমল কান্তি গুহ মহাশয় যাঁর স্বভাব সুলভ উত্তাপ আমরা আগে লক্ষ্য করেছি, আজকে একটা অত্যন্ত জোলো বক্তৃতা এখানে উপস্থিত করেছেন তার কারণ হচ্ছে কি? তার কারণ আজকে মাননীয় মুখ্যমন্ত্রী তথা খাদ্যমন্ত্রী খাদ্য সম্পর্কে যে পরিকল্পনা গ্রহণ করেছেন তা আংশিকভাবে সাফল্য অর্জন করেছে, এর মধ্যে দিয়েই তা স্বীকৃতিলাভ করেছে। এতদিন যে কলকাতায় খাদ্য নিয়ে মহা উত্তেজনার সৃষ্টি হয়েছে সেই কলকাতা এবং সহরতলিতে আজকে কোন রকম আন্দোলন দেখা যাচ্ছে না। আমি কলকাতার মানুষ, অল্প খেলেও নিয়মিতভাবে বাঁধা দামে আমরা এখানে খাদ্যশস্য পাচ্ছি। বাড়তি জেলাগুলিতে কোন রকম আন্দোলনের লক্ষণ দেখতে পাচ্ছি না। কোথায় দেখতে পাচ্ছি? দেখতে পাচ্ছি বাংলাদেশের কয়েকটি ঘাটতি জেলায়। কালকে মাননীয় সদস্য কানাইবাবু বলেছেন ৩ কোটি ৯২ লক্ষ লোকের মধ্যে ৫০ লক্ষ লোকের বাস্তবিকই অসুবিধা হয়েছে। সেটা আমরাও স্বীকার করি এবং মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন যে তাঁর এই মূল্য নিয়ন্ত্রণ পরিকল্পনার জন্য তিনি ব্যর্থকাম হয়েছেন। এতো লজ্জার কিছু নেই কেননা কৃষি এমন একটা ব্যাপার যেটায় সব সময় আমরা একেবারে ফরমুলার দ্বারা কাজ করতে পারি না। যতই পরিকল্পনা হোক, যতই আমরা চেষ্টা করিনা কেন, কিছুতেই নিজেদের লক্ষ্যে সব সময় আমরা পৌঁছতে পারিনা। কারণ কৃষিতে কোটি কোটি লোক নিয়ে কারবার। সেজন্য আমরা দেখতে পাচ্ছি আজকে যে সমস্ত দেশের কথা প্রায়ই উল্লেখ করা হয়, যেমন সোভিয়েট ইউনিয়ন, আমি সেই সোভিয়েট ইউনিয়নের কথা বলছি, সেখানে যিনি অন্যতম প্রধান কর্তা ব্রেজনভ সাহেব, তিনি ১৯৬৫ সালের এপ্রিলে সরকারী পুস্তিকায় যে রিপোর্ট বেরিয়েছে তাতে বলেছেন যে

According to target figures gross output of agricultural produce should have been grown in the course of seven-year plan (1959-65) by 70 per cent. whereas in practice the increase over the six years that have already passed amounted to 10 per cent.

কাজেই ৭০ পার্সেন্ট চেয়েছিলেন কিন্তু হল ১০ পার্সেন্ট এবং তিনি স্বীকার করেছেন,

We are coming up against the consequences of errors in agricultural management in all zones of our country.

এই হচ্ছে সোভিয়েট ইউনিয়নের অবস্থা। মাননীয় সদস্য শৈলেন অধিকারী মহাশয় কালকে চীনাদের খুব জয়গান করলেন। চীনে কৃষি ব্যবস্থা এত সফল হয়েছে যে সেখান থেকে লক্ষ লক্ষ মানুষ ইংরেজ শাসিত হংকং ও পর্তুগীজদের ম্যাকাওতে পালিয়ে যাচ্ছে দুটো ভাতের জন্য। এই হচ্ছে চীনের কৃষি সাফল্য। ধরে নিচ্ছি এখানে ভারতবর্ষে কৃষির অবস্থা খুবই খারাপ। সেইজন্য পাকিস্তান থেকে কেবল হিন্দুই আসছে না আমরা দেখেছি আসামে লক্ষ লক্ষ মুসলমান পর্যন্ত আসছে ভাতের জন্য। চীন কি করেছে? তারা করেছে যে অনেক কাপিটালিষ্ট দেশ রয়েছে, সেই অষ্ট্রেলিয়া, সেই কানাডা থেকে কোটি কোটি টাকা খরচ করে গম কিনে নিয়ে আসছে। এই হচ্ছে চীনের সাফল্য। কাজেই ওসব ছেড়ে দিন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশের কথা চিন্তা করা যাক। এখানে সব চেয়ে বড় কথা হচ্ছে চাল নেই। চাল নিয়ে এসো কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। কেন্দ্রীয় সরকার কোথায় পাবে.....

Shri Kamal Kanti Guha:

আমাদের সরকার বলছেন যে রাজনৈতিক কারণে পাকিস্তান থেকে লোক আসামে অনুপ্রবেশ করছে আর উনি বলছেন ভাতের জন্য, এই কথা যদি উনি বলেন তাহলে ফলাও করে তারা বলবে এবং এতে পাকিস্তানেরই সুবিধা হবে।

Mr. Speaker:

উনি ওনার কথা বলছেন।

Dr. Pratap Chandra Chunder:

পাকিস্তান থেকে লোক খেতে পাচ্ছেনা বলে আমাদের দেশে আসছে একথা যদি তারা স্বীকার করে তাহলে আমি খুব খুশী হবো। আমাদের এখানে স্বল্প মেয়াদী যে সব সমাধানের কথা বলা হয় যে চাল নেই চাল নিয়ে এসো, জেলায় চাল পাঠাতে হবে। নিশ্চয়ই। আমাদের রাজ্যে চাল নেই, কেন্দ্রীয় সরকার দেবেন। কেন্দ্রীয় সরকার কোথা থেকে পাবেন? আমেরিকার কাছ থেকে ভিক্ষা করে নিয়ে এসো। আমেরিকা দেবেনা। তাহলে আসবে কোথা থেকে? আকাশ থেকে ত আর পড়বেনা। তাই আজকে আমাদের এখানে চেষ্টা হচ্ছে, প্রধানমন্ত্রী এবং অন্যান্য সকলে বলেছেন যে আজকে দীর্ঘ মেয়াদী পরিকল্পনা ত্বরান্বিত করে আমাদের দেশকে যতদূর সম্ভব স্বয়ং সম্পূর্ণ করতে হবে খাদ্যের দিক থেকে। এই জন্য নানাদিকে অনেক সময় বিধান সভার ভিতরেও আলোচনা করা হয় সেচ, সার, বীজ, বৈজ্ঞানিক পদ্ধতি সম্বন্ধে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মারফত একটি মৌলিক বিষয়-এ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে ভূমি সংস্কারের কথা। গত কাল আমি ষ্টেটসম্যানে একটি রিপোর্ট দেখেছিলাম জানিনা এটা কতদূর সত্য, যদি সত্য হয় তাহলে নিশ্চয়ই এটা ভয়াবহ কথা, ষ্টেটসম্যানের রিপোর্টে বলা হচ্ছে আমাদের দেশে শতকরা ৭০ ভাগ জমি আছে শতকরা ৫ জনের হাতে। এই ৭০ ভাগ জমি যদি শতকরা ৫ জনের হাতে থাকে তাহলে কিছুতেই আমাদের দেশে খাদ্য উৎপাদন বৃদ্ধিই বলুন আর আনুষঙ্গিক বিষয় বলুন, সেই জিনিষ ত্বরান্বিত করা শক্ত হয়ে উঠবে। সেইজন্য সরকার যখন জমিদারি উঠিয়ে দেবার ব্যবস্থা করেছেন তখন, তার পরের ধাপ, জমির সুষ্ঠু বণ্টন, সেদিকেও লক্ষ্য দেওয়ার বিশেষ প্রয়োজন বলে মনে করি। আজকে আমরা দেখতে পাচ্ছি গ্রামে এক শ্রেণী হঠাৎ নবাব গোষ্ঠীর সৃষ্টি হয়েছে যারা সনামে, বেনামে, নিজেদের আত্মীয়-স্বজনের নামে জমি রেখেছে যার ফলে তারা একটা বিশেষ অবস্থার সৃষ্টি করেছে এবং গ্রাম্য নেতৃত্ব তাদের হাতে চলে গিয়েছে। আমাদের বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা কথায় কথায় আমাদের কংগ্রেসকে দায়ী করেন কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাঁদের জিজ্ঞাসা করছি আজকে কৃষকদের উন্নতির জন্য তাঁদের কিষান সভা কোথায় গেল, আজকে তাঁদের কৃষক আন্দোলন কোথায় গেল? আজকে কেন তাঁরা সেই মুষ্টিমেয় কৃষি ভিত্তিক যে বড়লোক হয়েছে তাদের সঙ্গে হাত মিলিয়ে গ্রাম্য পঞ্চায়েত নির্বাচনে তাদের দলে টানবার চেষ্টা করছেন? আজকে যদি কংগ্রেস সংশোধন না পারে, নিশ্চয়ই কংগ্রেসের ত্রুটি থাকতে পারে কিন্তু এই অবস্থার জন্য বিরোধীপক্ষের বন্ধুরাও সকলে দায়ী। আজকে তাঁরা কৃষকদের মধ্যে আর আন্দোলন করেন না, কৃষকদের মধ্যে তাঁদের ঘাঁটি নেই, তাঁরা আন্দোলন করেন মধ্যবিত্ত সমাজের মাঝখানে, আন্দোলন করেন ছাত্রদের মাঝখানে, আন্দোলন করেন সরকারী কর্মচারীদের মাঝখানে। আজকে গ্রামে তাঁদের স্থান নেই। এই অবস্থা যদি দেশে দাঁড়ায়, বাস্তবিকই তাহলে দেশের খুব সর্বনাশের অবস্থা হবে। সেইজন্য মাননীয় সদস্যদের কাছে আপনার মাধ্যমে আবেদন জানাবো। এই ভূমি সংস্কার ত্বরান্বিত করে বাস্তবিক যারা গতরে খেটে কৃষিপণ্য উৎপন্ন করে তাদের হাতে যদি জমি দেবার ব্যবস্থা করে দিতে না পারি তাহলে যতই সেচ, সার, বীজ-এর ব্যবস্থা হোক না কেন কিছুতেই আমাদের খাদ্য উৎপাদন বৃদ্ধি হবে না।

[1-40—1-50 p.m.]

দ্বিতীয় প্রশ্ন হচ্ছে ষ্টেট ট্রেডিং-এর কথা। বন্ধুরা অনেক সময় দাবী করছেন "আমরা তো ষ্টেট ট্রেডিং-এর কথা বলেছি।" নিশ্চয় তাঁরা বলেছেন। কিন্তু এর পূর্বে আমি এই বিধানসভায় প্ল্যানিং কমিশনের যে রিপোর্ট আছে তার প্রোগ্রামের যে বই আছে, সেই প্রোগ্রাম থেকে উল্লেখ করে দেখাবার চেষ্টা করেছি। যে প্ল্যানিং কমিশন বলছেন কৃষিশস্য ব্যাপারে ষ্টেটের মনোপলি করা প্রয়োজন। কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমি দেখাবার চেষ্টা করেছি সোভিয়েট ইউনিয়নের অভিজ্ঞতা, থেকে যে ষ্টেট ট্রেডিং শুধু মুখের কথায় হয়না—রাইটার্স বিল্ডিংস থেকে একটা ফতোয়া দিলে ষ্টেট ট্রেডিং হয় না। তার দুটো দিক আছে—একটা সাংগঠনিক আর একটা মানসিক। আমি রাশিয়ার অবস্থা জানি সেখানে ষ্টেট ট্রেডিং প্রথম পর্যায়ে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়ে গিয়েছে যখন, তখন তাঁরা আবার কৃষিজীবীর কাছে ফিরে আসেন এবং পরের

ধাপে নিউ ইকনমিক পলিসির সময় তারা অন্যভাবে কৃষি সংগঠন করে ষ্টেট ট্রেডিং-এর ব্যবস্থা করেছেন। তাই আজকে যখন মুখ্যমন্ত্রী চেষ্টা করছেন, এই সব মুনাফাখোর মজুতদারদের বিরুদ্ধে সংগ্রাম ঘোষণা করেছেন, আমি বলব অঘোষিত সংগ্রাম, কিন্তু এই সংগ্রাম সুরু হয়ে গিয়েছে। আজকে কলকাতা এবং শহরতলিতে এই যে কিরাট বাজার আছে, সেই বাজারে রেশন চালু হয়েছে; তার মানে হচ্ছে এখন বাইরে মুনাফাখোর, এই সমস্ত মজুতদার, এখানে সুবিধা করতে পারছে না। বাড়তি অঞ্চলে তারা সুবিধা করতে পারছে না এই কর্ডনিং প্রথার জন্য। কোথায় করতে পারছে?—যেখানে এই ঘাটতি অঞ্চল রয়েছে। কিন্তু সেখানেও আমাদের আক্রমণ করতে হবে। সেইজন্য মুখ্যমন্ত্রী এই যে ঘোষণা করছেন—সংবাদপত্র মারফত দেখছি যে ভবিষ্যতে সরকার এই সমস্ত উদ্বৃত্ত খাদ্যশস্য কিনে নেবেন, আমি তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এবং তাঁর সেই কাজগুলো সফল করবার জন্য আমরা সকলেই চেষ্টা করবো। এই ষ্টেট ট্রেডিং-এর দুটো দিকের কথা বলছি—একটা হচ্ছে সাংগঠনিক আর একটা হচ্ছে তার মানসিক দিক। সাংগঠনিক দিকের কথা বলব। সরকার যদি ষ্টেট ট্রেডিং করেন, প্রোকিওরমেণ্ট হবে, গ্রামে যে খাদ্যশস্য আছে, তা সংগ্রহ করবেন। কি করে হবে? এই প্রশ্ন নিশ্চয় আপনার মনে জাগছে। এই প্রোকিওরমেণ্টের জন্য যদি আমরা যে সমস্ত পঞ্চায়েত আছে, তাদের হাতে দিই, নিশ্চয় একটা উপায় হতে পারে। কিন্তু পঞ্চায়েতের মধ্যে দেখছি যে গ্রামে যে স্বার্থ সম্পন্ন লোক বিভিন্ন কেন্দ্রীয় পদে নির্বাচিত হয়ে অধিকাংশ পঞ্চায়েতকে কমজোরী করে দেবার চেষ্টা করেছেন। কাজেই পঞ্চায়েতে একটা বিপদ আছে। সেদিকে সচেতন করে দিতে চাই। দ্বিতীয় হচ্ছে কো-অপারেটিভ বা সমবায়। অত্যন্ত দুঃখের বিষয় সমবায়কে এই রাজ্যে আমরা এখনও জোরদার করে তুলতে পারি নি। তার জন্য যদি সরকারী ব্যবস্থা দায়ী থাকে, তাহলে আমরা সকলেই দায়ী। মাননীয় বামপন্থী বন্ধুরাও দায়ী। কেননা, বামপন্থীরাও চেষ্টা করেন নি এই সমবায়কে জোরদার করার জন্য। তৃতীয় হচ্ছে, সাংগঠনিক দিকে সরকারী ব্যবস্থা। অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন সরকারের এই কর্মচারীরা কারা কাকে নিয়ে। তাঁরা আমাদের ভাইবোন এবং বামপন্থীদেরও ভাইবোন আত্মীয় স্বজন এঁদের মধ্যে আছেন। অর্থাৎ আমাদের দেশের যে মধ্যবিত্ত সমাজ, নিম্ন মধ্যবিত্ত বা উচ্চ মধ্যবিত্ত কি বর্ধিষ্ণু কৃষক সম্প্রদায় তাঁদের প্রতিনিধিই হচ্ছে মুখ্যত এই সরকারী কর্মচারী। কাজেই আজকে শুধু সমালোচনা করলেই চলবে না, তাঁদের মনের পরিবর্তন ঘটাবার জন্য চেষ্টা করতে হবে। আমাদের ত অন্য দেশ থেকে লোক নিয়ে এসে চলতে পারে না। আমাদের দেশের মানুষ দিয়েই সরকারী সংস্থা সব চালাতে হবে। সেইজন্য আজকে কি সরকারী কর্মচারী, কি সমবায়, কি পঞ্চায়েত সব জায়গায় প্রথম এবং প্রধান কাজ হচ্ছে মানসিক বিপ্লব ঘটানো। এই মানসিক বিপ্লব যদি আমরা ঘটাতে না পারি, তাহলে শুধু আইন পরিবর্তন করে আমরা কিছুতেই এই সমস্ত সামাজিক বিপ্লব সংগঠিত করতে পারব না। সেইজন্য, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই খাদ্য বিতর্ক করে এই সমস্ত দীর্ঘ মেয়াদী সমস্যার দিকে আপনার মারফত সরকারের দৃষ্টি আকর্ষণ করলাম।

Shri Monoranjan Baksi:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মুখ্যমন্ত্রী আমি লক্ষ্য করলাম যে জাপানের উচ্ছসিত প্রশংসা করেছেন। তিনি বল্লেন আমি যখন জাপানে গিয়েছিলাম তখন প্রধানমন্ত্রীকে অনুরোধ করেছিলাম কণ্ট্রোল তুলে দেবার জন্য—তিনি বল্লেন কণ্ট্রোল তোলা হবে না। মাননীয় স্পীকার মহাশয়, আমরা জানি যে এদেশে জাপানী প্রথায় চাষের প্রবর্তন করা হয়—কিন্তু এ দেশে যারা দিনের পর দিন চোরাকারবার করছে, যারা খাদ্য নিয়ে ছিনিমিনি খেলছে—যারা শিশুদের খাদ্য নিয়ে দিনে চুরি করে বেড়াচ্ছে—তাদের শাস্তি দেবার জন্য ঐ জাপানের যে মহান প্রথা এবং মহান ব্রত সেই হারাকিরি সিসটেম সেটা কেন প্রবর্তন করা হচ্ছে না। আজকে যারা ধান চাল নিয়ে চোরাকারবার করছে—যারা এক জেলা থেকে অপর জেলাতে মানুষের খাদ্য নিয়ে পাকিস্তানে পাচার করছে—তাদের যদি শাস্তি না দেওয়া হয় তাহলে আমার মনে হয় সেদিন কলকাতার ময়দানে লক্ষ লক্ষ মানুষের সামনে আমাদের প্রধানমন্ত্রী যে কথা ঘোষণা করেছেন জয় কিশান, জয় জোয়ান, জয় হিন্দ—সেগুলি সমস্ত ব্যর্থ হবে। সত্যিকারের এই গণতান্ত্রিক দেশে এই শাস্তি যারা চোরাকারবার। দেশদ্রোহী তাদের যদি আদালতের প্রকাশ্য প্রাঙ্গনে বেত্রাঘাত করা

না হয়—ফাঁসি কাষ্ঠে ঝোলানো না হয় তাহলে আমার মনে হয় কোন দিনই আমাদের দেশের উন্নতি হতে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি জানি কিছু দিন আগে কলকাতার বুকে করপোরেশানের এক স্কুলে ১১ জন ছাত্র না খেতে পেয়ে অজ্ঞান হয়ে যায়। মাননীয় স্পীকার মহাশয়, আজকে এই সমস্ত ছাত্ররা না খেতে পেয়ে যদি অজ্ঞান হয়ে যায় তাহলে বুঝতে হবে আমাদের দেশ কোন দিকে যাচ্ছে। এইভাবে না খেতে পেয়ে আমাদের দেশের বহু শিশুর প্রাণ হানি ঘটেছে। কাজেই চিন্তা করতে হবে যে তাঁরা দেশকে কোন পথে নিয়ে যাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আমরা কাগজে দেখেছি—আমাদের মুখ্যমন্ত্রী ফুলিয়ায় গিয়েছিলেন—সেখানে তাঁর সামনে ৫০০ মণ ধান-চাল বাহিরে গিয়েছিল। জানি না, এইভাবে বাংলাদেশে যতগুলি বর্ডার আছে সেখান থেকে প্রতি মাসে প্রতি বছরে কত লক্ষ মণ ধান চাল এইভাবে পাকিস্তানে পাচার হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী যদি বলতেন যে আমি জাপানের মত হাড়িকাড়ি কোর্ট মার্শাল এখানে প্রবর্তন করতে পেরেছি—তাহলে বুঝতাম যে চোরাকারবারীদের দমন করবার ইচ্ছা তাদের জেলা থেকে নয়—আমাদের সরকারকে এজন্য সেপারেট, স্পেশ্যাল দায়িত্ব গ্রহণ করতে হবে যাবে। স্যার, আমি বর্ধমান জেলা থেকে আসছি আমি আপনার কাছে নিবেদন করছি যে বর্ধমান জেলার আসানসোলের শিল্পাঞ্চলে আমি কিছু দিন আগে পর্যন্ত দেখেছি যে সেখানে দারুন ভয়াবহ খাদ্যাভাব দেখা দিয়েছে—সেখানে ধান চালের দর প্রচুর—সেখানে মানুষ খেতে পাচ্ছে না। আমি দাবী করবো সত্যিকারের এই শিল্পাঞ্চলকে যদি বাঁচাতে চান তাহলে শুধু বর্ধমান জেলা থেকে নয়—আমাদের সরকারকে এজন্য সেপারেট, স্পেশ্যাল দায়িত্ব গ্রহণ করতে হবে এবং আসানসোল মহকুমার শিল্পাঞ্চলকে খাদ্য দিতে হবে। যদি না পারেন তাহলে বর্ধমান জেলা অতিরিক্ত জেলা বলে নামেই থাকবে। আমরা দেখেছি যে সেখানে বহু এলাকাতে ক্যানেল নেই সেচের ব্যবস্থা নেই, বহু আবেদন নিবেদন করেও কিছু করা যায় নি। স্পীকার মহাশয়, আমি আপনার সামনে একটা চিঠি পড়ে দিচ্ছি তাতে আপনি বুঝতে পারবেন যে অবস্থাটা কি। এই চিঠিটা হচ্ছে এগ্রিকালচারাল অফিসারের

To: District Agricultural Officer,
Burdwan.

On my personal enquiry it is found that the applications of the said villages would get water as usual from the bundh of the Irrigation Department in river 'Tumni' for irrigation of their crops of about 500 acres. but due to flood in the year 1956 the sluice gate of the said river bundh was totally damaged and the authority concerned has constructed the same over 4 ft. higher than the natural level.

For this reason no irrigation for the crops is being possible from the bundh at present. The villagers have already reported to the authority concerned for removing the defects but to no effect.

Further it will be much helpful for irrigation purpose for their crops if the inlet pipes would be fixed 2 ft. below the construction of the said bundh.

সেখানে ৫ শত একর জমি দিনের পর দিন শুকিয়ে যাচ্ছে। স্যার, আজকে যদি তাদের সময় মত সার, জল, বীজ দেন তাহলে তারা নিশ্চয় চাষ করতে এগিয়ে যাবে।

[1-50—2 p.m.]

আমি একটা কথা বলছি সেটা হচ্ছে ১৯৫৩তে এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার বর্ধমানের লেখা। তিনি লিখছেন

You are hereby informed that after investigation it has been found that no small scheme for irrigation of the fields in and around mouza Debshala is feasible. The area, however, will receive full benefit of irrigation when the

construction of the barrage at Durgapur and excavation of irrigation canals therefrom which have already been taken up are completed

সেখানে কোন ইরিগেশানের ব্যবস্থা করা হয় নি। সেখানে হাজার হাজার বিঘা জমি শুকিয়ে যাচ্ছে বর্ধমান জেলা শুধু উদ্বৃত্ত নামেই আছে। বহু জায়গায় ক্যানেল নেই। এ অবস্থা সেখানে চলছে। আমি আপনার মাধ্যমে কৃষি মন্ত্রী এবং সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যে যদি তারা সময় মত জল দিতে পারেন তাহলে চাষী নিশ্চই এগিয়ে যাবে। তা যদি না পারেন তাহলে এই যে খাদ্য নীতি যেটা দুর্বল নীতি তারজন্য পল্লী অঞ্চলের মানুষ শেষ হয়ে যাবে। এই কথা বলে শেষ করছি।

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় স্পীকার স্যার, একটু আগে প্রতাপবাবুর বক্তৃতা শুনে মনে হল ও'দের দল খাদ্যের ব্যাপারে ভীষণ উদ্‌বিগ্ন। এতই উদ্‌বিগ্ন যে খাদ্য সংকট যখন দেশে চলছিল তখন এ্যাসেম্বলী ডাকা মনে করেননি ; আরও উদ্‌বিগ্ন কিসে প্রমাণিত হল যে, মোটে প্রোগ্রাম পর্যন্ত ছিল না যে এটা আলোচনা হবে কিন্তু এখান থেকে বিধানসভার সকলে তীব্র দাবী করবার পর তখন বিজনেস কমিটিতে একটা প্রোগ্রাম হল। চমৎকার ও'দের উদ্‌বিগ্ন ভাব, চমৎকার ও'দের দেশের লোকের জন্য দরদ। এই প্রসঙ্গে বলবো ১৯৪৭ সালে বাংলাদেশে চালের দর ছিল ১৪, ১৬ টাকা আর আজকে ১৯৬৫ সালের শেষে যখন তিন টাকা কিলো চাল বিক্রি হচ্ছে তখন এর দর হচ্ছে ১২০ টাকা, এই হচ্ছে চালের জন্য ওঁদের দরদ—অর্থাৎ ১৪, ১৬ থেকে ১২০ টাকা। এর ঠেলাতেই রোজ একবার করে সাংঘাতিক বক্তৃতা দিচ্ছেন যে আমরা সাংঘাতিক কাজ করছি। আমাদের বিরাট পার্টি, আমরা রেশনে ২০০ গ্রাম করে চাল দিচ্ছি। কি একবারে বক্তৃতার ঠেলা। দেশের লোককে একবারে দুধে মাছে রেখেছেন। তার পর দেখি সাধারণ লোক চাল পাচ্ছে না বাচ্ছা ছেলে মেয়ে শীতের রাত্রে থাকার পরেও চাল পায় না। মৃত্যুর মুখে অনাহারে প্রাণত্যাগ করে। প্রতাপবাবুর বিবেকের দংশন একটু থাকা উচিত ছিল কিন্তু তাঁর তা নেই। আপনি কারুর জবানী বলছেন কিনা জানিনা, আপনার সম্বন্ধে ধারণা ভালই ছিল, কিন্তু আপনি যা বক্তৃতা করলেন তাতে সেসব পাল্টে গেল। তারপর ও'রা এখন বলছেন আমরা তিনটা লংটার্ম পলিসি নিয়েছি। তিনটা পরিকল্পনা হয়ে গেল এতেও হল না? তিনটা পরিকল্পনা কি লংটার্ম? লংটার্ম স্কেলে হবে? ২০, ২৫ বৎসরে হবে? যখন আপনারা খাদ্য রপ্তানী করবেন। রফি আমেদ কিদোয়াই সাহেব বলেছিলেন আমরা ২০ বছর বাদে খাদ্য রপ্তানী করবো। প্রফুল্লবাবু হিসাবে বললেন ১৪ লক্ষ টন ঢেঁকিতে ভাঙ্গা হচ্ছে আর ১৮ থেকে ২০ লক্ষ হাসকিং মেসিনে আর ৭ লক্ষ টন মিল ভাঙ্গছে তাহলে মোট ৪১ লক্ষ টন হয়। বাংলা দেশে বাম্পার ক্রপ ৫৭ লক্ষ টন হয়েছে তাহলে বাকি ১৬ লক্ষ টন গেল কোথায়? তারপর মিল থেকে দিয়েছে ২ লক্ষ ৮৬ হাজার টন, বাকিটা গেল কোথায়? ২ মাসের জন্য স্টোর করে রাখা হয়েছে। আমি গত বাজেট সেসানে গভর্ণার্স স্পিচে দেখলাম তাতে একটা পলিসি হিসাবে গভর্ণার বলেছিলেন তাঁর ২ পাতায় আছে 'সংগৃহীত চালের দ্বারা কলকাতার রেশনিং এলাকার দাবী মেটান হবে' কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রতিশ্রুত সরবরাহের দ্বারা জেলা-গুলির প্রয়োজন মেটান হবে। আজকে ওঁদের এই ফুড প্ল্যান যেটা গভর্ণার বলেছেন সেটারই ঠিক উল্টো কথা কাল তিনি বলেছেন। এটা কি এলোমেলো করে দে মা লুটে পুটে খাই, আমরা যদি এ সম্বন্ধে কিছু বলি তাহলে আমাদের দেশদ্রোহী বলা হবে এবং ডি আই আর-এ পাঠান হবে। এদিকে রেশনে ১২৫ গ্রাম করে কম দেওয়া হবে, এটা কি দেশপ্রেম দেখান হচ্ছে? এবং দেশের প্রতি তারা যে খুবই উদ্‌বিগ্ন তা দেখে বোঝা যাচ্ছে। তারপর আগের বার যখন খাদ্য সংকট ছিল তখন বলা হল স্টেট ট্রেডিং করবো। তখন আমরা মিনমিন সুরে বলেছিলাম আবার ঘরে সতীন ঢুকছে স্টেট ট্রেডিং হবে না। আমরা স্টেট ট্রেডিং সম্বন্ধে বলেছিলাম। তখন তারা বলেছিলেন স্টেট ট্রেডিং সম্বন্ধে যদি কেউ বলে থাকে তাহলে সেটা কংগ্রেস বলছে সেটা তাদের মৌলিক আবিষ্কার। এভাবে তারা সমস্ত জিনিস করছেন তাতে তা থেকে একটা সুস্পষ্ট ষড়যন্ত্র বোঝা যাচ্ছে। যখন একটা খুব হৈচৈ হল, আন্দোলন হল তখন তাঁরা বুঝলেন যে দর বাঁধতে হবে তারপর কি করলেন যে এমন ভাবে দর বাঁধলেন যাতে কোন জায়গায় বাংলাদেশে ঐ দামে

চাল না পাওয়া যায় এবং যাতে ভবিষ্যতে কোন মানুষ আর দর বাঁধার কথা না বলে। এভাবে যে ষ্টেট ট্রেডিং হবে এবং সেটা এমনভাবে হবে যাতে করে বাংলাদেশের আর ষ্টেট ট্রেডিং-এর কথা ভবিষ্যতে আর কেউ না আনে। আপনাদের অমুক বাবুর নেতৃত্বে ষ্টেট ট্রেডিং হচ্ছে এবং আপনারা দেশকে একটা সাংঘাতিকের দিকে নিয়ে যাচ্ছেন। দেশে যেখানে ৩ টাকা করে চাল বিক্রি হচ্ছে সেখানে এভাবে দালালী করার কি মানে আছে, একটু খানি রেখে থেকে নাহয় করুন। আপনারা দাম নিয়ন্ত্রণ করলেন কিভাবে নিয়ন্ত্রণ করলেন না ২৬ টাকার চাল ১২০ টাকায় বিক্রি হচ্ছে। তারপর প্রফুল্লবাবু বললেন আমরা দেশকে টাইট করে দিচ্ছি, আপনাদের টাইট করার দরকার হত না আপনারা না করলেও হত। আপনারা থাকার জন্য এ দর বেড়েছে এবং বাংলা দেশের একটা জেলাতে যেখানে ২৮, ৩০, টাকা মণ চাল বিক্রি হচ্ছে সেখানে আর একটা জেলাতে ১২০ টাকা চাল বিক্রি হচ্ছে চমৎকার ব্যবস্থা। মেদিনীপুর, ২৪-পরগণা, বাঁকুড়া ইত্যাদি সবই যেন একটা সার্বভৌম রাষ্ট্র। আজকে জাতীয় সংহতির কথা বলা হচ্ছে, কিন্তু আপনারা মেদিনীপুর, ২৪-পরগণা, বাঁকুড়া, হুগলী, হাওড়া ইত্যাদির মধ্যে ঝগড়া বাঁধিয়ে দিচ্ছেন অর্থাৎ ওরা যদি বলেন জাতীয় সংহতি তাহলে সেই জাতীয় সংহতি কি ভাবে ভাঙ্গা যায় সে ব্যবস্থা করছেন। ওঁরা যদি মনে করেন মূল্য নিয়ন্ত্রণ করবো তাহলে কি করে সেটা ব্যানচাল হবে ওঁরা সেই চেষ্টা করবেন। ওঁরা যদি বলেন আমরা ষ্টেট ট্রেডিং করবো তাহলে বোঝা যাবে যে কি করে ষ্টেট ট্রেডিং বন্ধ হবে সেই চেষ্টাই করবেন। মানুষকে আজ তিন টাকা সাড়ে তিন টাকা করে মুড়ি কিনতে হয়। আমি প্রফুল্লবাবুর কাছে চিঁড়ে আসা বন্ধ হয়ে গিয়েছে ওঁর কাছে দাবী জানালে মুড়ি নিতে এসব সংঘাতিক ব্যাপার। প্রতাপবাবু কোন সন্দেশ খান কিন্তু এপক্ষের লোকেরা তো চিঁড়ে মুড়ি খায়, কিন্তু সাধারণ মানুষকে আজ তিন টাকা সাড়ে তিন টাকা করে মুড়ি কিনতে হয়। আমি প্রফুল্লবাবুর কাছে জলপান কমিটির একটা ডেপুটেশন নিয়ে গিয়েছিলাম মুড়ি চিঁড়ের জন্য। তিনি ঠিক করে দিলেন ১·১২ পয়সা করে মুড়ি বিক্রি হবে এবং বললেন ধান চালের দাম বেঁধে দেবেন। কিন্তু তা যাতে আসতে না পারে তাও ব্যবস্থা করে দিলেন।

[2—2-10 p.m.]

আমি জিজ্ঞাসা করলাম কি রকম হল, কোথায় যাবো? তিনি বললেন কলকাতার লোক কত খাবে—মুড়িও খাবে, চিড়েও খাবে, রুটিও খাবে, সন্দেশও খাবে। তিনি এই রকম ভাবে গড় গড় করে বলে গেলেন। তিনি বললেন সকলের আটা খাওয়া উচিত। সুতরাং মুড়ি খাওয়া বন্ধ করে দিতে হবে। আমরা একেবারে কনভিন্সড হয়ে ফিরে চলে এলাম যে, না, মুড়ি খাওয়া উচিত নয়। আচ্ছা স্যার, ছানা—ওটা কি বলে? সন্দেশ। সেটা উনি বন্ধ করে দিলেন। আমরা বুঝলুম এবারে দুধ টুধ কিছু পাওয়া যাবে। ওঃ, কি দুধ,—কলকাতার রাস্তাগুলি একেবারে সাদা হয়ে যাবে। তফাৎটা কি হয়েছে? বিহার থেকে যে ক্ষীর টির আসতো, সেটা সাড়ে তিন টাকার জায়গায় সাত টাকা হয়ে গেলো। বাহবা চমৎকার, আপনারা যাতে হাত দেবেন, সেটাই নিরাকার, কিছু করবার উপায় নেই আপনাদের জ্বালায়। আর এটার জন্য, মশাই রোজ এঁদের বক্তৃতাটা দেখুন দেকি? বললেন যে খাওয়ার অভ্যাস বদলাও। খাওয়ার অভ্যাস বদলান হল, চাল থেকে, গমে নিয়ে এলাম। তারপর আবার বললেন গমও পাওয়া যাবে না। আরে মশাই রাতারাতি অভ্যাস কি বদলান যায়? চাল থেকে গম, এবার গম থেকে কিসে আনবে, এটা বুঝিয়ে দিন। গমের বদলে কি খাবো আমরা এটা বুঝিয়ে দিন। মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন আলু খাও। এই যে তাঁর মুখ দিয়ে এবার আলু কথাটি বার করেছেন আমরা দেখতে পাবো, সামনের বছরে কি বদলান যায়? চাল থেকে গম, এবার গম থেকে কিসে আসবে, এটা বুঝিয়ে দিন। গমের হবে, বাস হয়ে গেলো, বাজারে আর আলুর দাম দেখতে হবে না। এইত অবস্থা। সুতরাং আপনারা ষ্টেট ট্রেডিং করুন বা মূল্য নিয়ন্ত্রণ করুন, যা করা উচিত, তার কোনটা করেছেন? যদি বুঝতাম যে কোন বিশেষ বছরে একটা ঘটনা ঘটে গিয়েছে, আপনাদের কোন অভিজ্ঞতা নেই, হাঁ, বুঝতাম, যে জানুষের ত্রুটি বিচ্যুতি আছে, আপনারা সামলে নেবার জন্য চেষ্টা করছেন,

তাহলে আলাদা কথা। কিন্তু আপনাদের সামলাবার কোন লক্ষণ আছে? গত চৌদ্দ বছর ধরে শেম থিং ইজ বিং রিপিটেড এগেন এ্যান্ড এগেন--একই জিনিষ ঘটছে, আর কি আপনারা দেশে সংকট সৃষ্টি করছেন, আর মনে মনে উদবিঘ্ন প্রকাশ করছেন। কিন্তু ভিতরের আসল মতলব কি? আমরা গ্রামের লোক, আমরা সেখানকার খবর জানি। চাল যখন লোকে না পায় তখন তাদের কি দুরবস্থার মধ্যে দিন কাটাতে হয়। ওঁরা একটা কৃত্রিমভাবে সংকট সৃষ্টি করলেন, ১০০ গ্রাম, ১২৫ গ্রাম করে খাদ্য লোককে সরবরাহ করলেন। এই সংকট সৃষ্টি করলেন কৃত্রিম ভাবে, আর তারপরে, লোকেরা যখন চাল না পাচ্ছে, তখন বলা হচ্ছে, ঐ দেখো কে চাল এনেছে ঐ এলাকা থেকে? কে এনেছে চাল? কংগ্রেস। কংগ্রেস চাল এনে দিয়েছে দুর্ভিক্ষ পীড়িত লোকদের, দেখো, কতবড় কংগ্রেস। এতবড় প্রতিষ্ঠান কংগ্রেস, তার কাজের বহর দেখে, একেবারে টেঁকা দায় হয়েছে। সুতরাং আপনারা সাবধান হন একটুখানি। ঐ যে ভদ্রলোক, দেখুন ঐখান থেকে মাথা নাড়ছেন, মনে হয় যেন একেবারে চামরমনী চাল।

(নয়েজ এ্যান্ড ইন্টারাপসান)

যাইহোক, এখন শুধু একটা কথা বলুন আপনারা, খাদ্য সংকট সৃষ্টি করছেন কারা? ওঁরাইত আজ খাদ্য সংকট সৃষ্টি করছেন। আজকে যাঁরা চোখের জল বার করবার চেষ্টা করে, মনে মনে উদবেগ প্রকাশ করে, তার মধ্যে ভণ্ডামী ছাড়া আর কিছু নেই, শুধু ভণ্ডামী আছে। যদি বুঝতাম যে দেশের সংকটের জন্য আপনি উদ্বিগ্ন বোধ করছেন। যদি বুঝতাম যে অনাহারে লোক রয়েছে তার জন্য উদবিগ্ন বোধ করছেন, যদি বুঝতাম যে দেশের লোকের ক্রয় ক্ষমতার বাইরে চালের দর চলে গিয়েছে, এবং তার জন্য আপনারা দেশের সমস্ত মানুষকে সংগঠনের জন্য আহ্বান জানিয়েছেন এবং কি ভাবে সংগঠন হবে, তা সমাধান করবার জন্য চেষ্টা করছেন, তাহলে না হয় হতো। কোন দিন বিরোধীপক্ষকে ডেকেছেন আপনারা খাদ্য সংকট সমাধানের জন্য বা কোনদিন পরামর্শ নিয়েছেন তাঁদের? তাহলে বুঝতাম আপনারা সমগ্রভাবে সমস্ত দেশের মানুষকে নিয়ে খাদ্য সংকট সমাধানের চেষ্টা করছেন। কিন্তু তাত নয়, কেবল পার্টি বাজী হচ্ছে। আপনারা যে জাতীয় সংহতির কথা বলছেন, সেই সংহতি আপনারা চান না, আপনারা যে পার্টি বাজি করছেন, তার ফলে এই জাতীয় সংহতি আজ টুকরা-টুকরা হয়ে যাচ্ছে। এই তো আপনাদের গণতন্ত্র?

কালকে সোমনাথবাবু বললেন নন্দজী এলেন, আর তারপরই সব রিলিজ হয়ে গেল। কিন্তু আমরা তারপরেই দেখছি যে কিছুদিন আগে যে সমস্ত লোককে তাঁরা ট্রাম আন্দোলনের সময় ধরেছিলেন, তাদের এখনো সরকার ছাড়েনি। তখন তিনি বলেন তাঁর এ ব্যাপারে কোন হাত নাই। আর ঐ নন্দজী একবার বলেছিলেন তিনি দুর্নীতি দূর করবেন, দমন করবেন। এখন কোথায় তিনি দুর্নীতি দূর করতে, এসে তিনি দুর্নীতির দায়ে ধৃত লোকদের ছাড়াবার বন্দোবস্ত করে গেলেন। একটা কথা আমরা বুঝেছি যে আপনারা যা বলেন তা করেন না; আর যা করেন, তা বলেন না। এই হচ্ছে আপনাদের নীতি। যেদিন থেকে কংগ্রেস গদিতে বসেছে, সেদিন থেকে আমরা বুঝতে পেরেছি কংগ্রেস কোথায় যাচ্ছে। যতদিন এই কংগ্রেস রাজত্ব এখানে থাকবে, যতদিন এই সরকার গদিতে থাকবে,ততদিন আমরা দেশের লোককে বলবো যে এঁরা গদিতে থাকতে দেশের সংকট কখনো দূর হবে না, সমস্যারও কোন সমাধান হবে না। এঁরা থাকতে দেশের চালের দর ক্রমাগত বাড়তেই থাকবে। এই হচ্ছে সাধারণ মানুষের অভিজ্ঞতা। আজকে একথা দেশের লোককে ভাল করে বুঝিয়ে দিতে চাই যে এঁরা হচ্ছে কতকগুলি ভণ্ড, কতকগুলি চোরাকারবারীদের প্রতিনিধি, যারা আজকে দেশপ্রেমের নামে, জাতীয় সংহতির নামে দেশের লোকের টাকাকড়ি ও ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলছে। এদের কিছু করবার যোগ্যতা নাই, এরা শুধু চোরাকারবারীদের প্রতিনিধিত্ব করছে। আজকে এদের ফাঁকা বক্তৃতায় দেশের লোকের মনও ভিজবে না, পেটও ভরবে না, একথা আমরা খুব করে জানি। আমাদের প্রতাপবাবু একবার চেষ্টা করে দেখতে পারেন আমেরিকার মন ভেজাতে পারেন কিনা? আজকে গম সম্বন্ধে আবার কথাবার্তা হচ্ছে। আমাদের এ বিশ্বাস নাই যে এদের আমরা মন

ভেঙ্গাতে পারবো। দেশে জিনিষ নাই, মন্ত্রীদের ঘর এয়ার কণ্ডিসন হয়ে যাচ্ছে। ঐ এয়ার কণ্ডিসন-এর ভেতর কোন জিনিষ যাবে না। এই কথা বলি এইজন্য যে দেশের লোক বুঝুক, দেশের লোক জানুক আপনাদের ভণ্ডামী। দেশের লোক যেদিন আপনাদের চিনবে ভণ্ডামী বুঝবে, সেদিন আপনাদের ঐ মুখোস টেনে ছিঁড়ে ফেলে দিয়ে আপনাদের ঐ গদি থেকে নামিয়ে দেবে। এটা আপনারা ভাল করে বুঝবেন।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে প্রতাপবাবুর বক্তৃতা মন দিয়ে শুনেছিলাম। তিনি বললেন এ বছর খাদ্য বিতর্কে বিধানসভা একেবারেই নিরুত্তাপ, কোন উত্তেজনা নাই, কোন সভা, শোভাযাত্রা বা মিছিল নাই। তার দ্বারা প্রমাণিত হয়েছে যে খাদ্য সমস্যার সমাধান হয়েছে। এটা কার মুখের কথা প্রতাপবাবু বললেন, জানিনা। পরের মুখে ঝাল খাওয়ারও একটা সীমা আছে। কিন্তু সে সীমাও মাননীয় ডঃ চন্দ্র ছাড়িয়ে যাচ্ছেন। আজকের খবরের কাগজে দেখেন নাই বীরেন দে'র কাহিনী? খাদ্য দিতে না পেরে তিনি তাঁর ছেলেমেয়ে ও স্ত্রীর মুখে বিষ তুলে দিয়ে নিজেও বিষ খেয়ে আত্মহত্যা করছেন এবং তার শেষ সম্বল দশটা টাকা দেশের প্রতিরক্ষা তহবিলে দিয়ে গেছেন। যুদ্ধ বাঁচিয়ে দিয়ে গেল এই মন্ত্রীসভাকে। তা নাহলে যে খাদ্য-সংকট সুরু হয়েছিল তাতে আপনাদের লোকে টুকরো টুকরো করে ছিঁড়ে ফেলতো, বেঁচে গেলেন আপনারা এই যুদ্ধের দোহাই দিয়ে। দেশ আজ চরম সংকটের সম্মুখীন। একদিকে চীন, আর অন্যদিকে পাকিস্তানের আক্রমণের ফলে দেশ আজ চরম সংকটাপন্ন; ঠিক সেই মুহূর্তে মাননীয় মুখ্যমন্ত্রী প্রফুল্লবাবু গতকাল ঘোষণা করলেন 'আমরা মূল্য নিয়ন্ত্রণে ব্যর্থ হয়েছি।' আর খাদ্যসমস্যার সমাধানের ইঙ্গিত দিয়ে তিনি বললেন যে আর ৫।৭ দিনের মধ্যে একটা খাদ্য-শস্য বোঝাই জাহাজ এসে পৌঁছাবে। তাহলেই খাদ্যসমস্যার সমাধান হবে, কবে সাত মণ তেল পুড়বে, আর কবে রাধা নাচবে! আর পনের দিন পরে নূতন ধান উঠবে, সেদিন আর খাদ্যসমস্যা সমাধানের জন্য শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের মন্ত্রিসভাকে এগিয়ে আসতে হবে না। এমনিই গ্রামে খাদ্যসমস্যার সমাধান হবে। কিন্তু তারপরের অবস্থার কী হবে? আজকে যে খাদ্য অবস্থা চলছে তাতে সমস্ত দেশের লোক না খেয়ে আছে। এর মধ্যে মাঠের ফসল, কৃষকের যে ধান সে ধান মাঠে থাকতেই বিক্রী হয়ে গেল আট টাকা মন দরে। তার কোন প্রতিকারের ব্যবস্থা নাই। গ্রামে গ্রামে যে হাহাকার রব উঠছে, তার কোন প্রতিকার নাই। তাই বলে এদিকে কিন্তু মাঝে মাঝে প্রফুল্লবাবু বাণী দিতে কার্পণ্য করেন নাই। তাঁর অতি বড় শত্রুও বলতে পারবে না যে প্রফুল্লবাবু বাণী দিতে কোন সময় কার্পণ্য করেন। তাই আমি তাঁর বাণীর কথাই বলছি।

[2-10—2-20 p.m.]

তিনি বাণী দিলেন, 'সপ্তাহে একবেলা খাওয়া বন্ধ কর'। কিন্তু আমি তাঁকে জিজ্ঞাসা করি তিনি কি খবর রাখেন যে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ মানুষ সপ্তাহে সাত বেলাই না খেয়ে থাকে। প্রফুল্লবাবুর পক্ষে সম্ভব হতে পারে এক বেলা না খেয়ে থাকা—তিনি একটু সুপ কিছু পরিমাণ দই দুটো আপেল খান, কিন্তু পশ্চিমবাংলার কতজন মানুষের ভাগ্যে এই জিনিস জোটে সে খবর কি তিনি রাখেন? কয়েকদিন আগে তিনি বাণী দিলেন 'পশ্চিমবঙ্গে সামান্য খাদ্য ঘাটতি আছে, আমরা তার জন্য আমেরিকার পি, এল; ৪৮০ উপর নির্ভর করব না যা আছে তাই সমানভাবে ভাগ করে খাব।' এই বিষয়ে আমরা প্রফুল্লবাবুর সাথে একমত যে আমেরিকার রাজনীতি সর্ত সাপেক্ষ পি, এল, ৪৮০ খাদ্য খাব না। আমরা তা ঘৃণার সঙ্গে প্রত্যাক্ষাণ করি। কিন্তু একটা কথা আমি এই মন্ত্রিসভার কাছে জিজ্ঞাসা করি, প্রফুল্লবাবুর কাছে জিজ্ঞাসা করি, এই সমান ভাগে ভাগ করা এটা কি জিনিস? সাধের আরামবাগে ৬৫ পয়সা এক কেজি চালের দাম আর তারি প্যাশে হাওড়াতে ২ টাকা ৬২ পয়সা, এই কি সমান ভাগাভাগির নমুনা? উত্তরবঙ্গ যেখানকার কথা সব সময় রাইটার্সবিল্ডিং-এ এসে পৌঁছায় না সেই অবহেলিত উত্তরবঙ্গের মানুষ ৩ টাকা ৭৫ পয়সায় চাল কিনবে, না খেয়ে মরবে, এর কোন প্রতিবিধান হবে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতদিন ধরে আমরা দেখে এসেছি যে মিল মালিক, মহাজন, চোরা [illegible] কাছ থেকে ঘুষ খেয়ে চোরাকারবারের সহায়তা করেন এই মন্ত্রীসভা।

আজকে আমি পরিষ্কার ভাবে এই অভিযোগ আনছি যে এই মন্ত্রীসভা সরাসরি ভাবে চোরা-কারবার করেন এবং একজন মন্ত্রী তার সঙ্গে জড়িত আছেন। আমি অভিযোগ করছি ভুটানে যে চাল পাচার হয়ে গেছে সে সংবাদ 'বসুমতী', 'আনন্দবাজার' এবং জলপাইগুড়ি থেকে প্রকাশিত 'জনমত'-এ বেরিয়েছে। "২রা আগষ্ট তারিখে কর্মকর্তারা বললেন লক্ষাধিক মন পরিমাণ চালের হদিস পাওয়া যাচ্ছে না, সীমান্ত পুলিশের শ্যেন দৃষ্টি এড়িয়ে সেই চাল কোথায় গেল তার পাত্তা নেই। ভুটান সরকারের সংগে ভারত সরকারের একটি চুক্তি মারফত এই চাল ভুটানে পাঠাবার ব্যবস্থা হয়। কিন্তু এই চাল ভুটানে গিয়ে পৌঁছায়নি বলে ভুটান সরকার জানান।" তখন চারিদিকে অনুসন্ধান শুরু হয়, কিন্তু অদ্যাবধি সেই চালের কোন সন্ধান হয়নি। তারপরে শুরু হল তদন্ত, সেই তদন্তে ২ জন হ্যান্ডলিং এজেন্টের বিরুদ্ধে—জলপাইগুড়ির কিশোরীলাল এবং শিলিগুড়ীর তারাচাঁদ এই ২ জনের বিরুদ্ধে অভিযোগ নিয়ে আসা এবং গ্রেপ্তারি পরোয়ানা বের হল। জলপাইগুড়ীর কিশোরীলালকে গ্রেপ্তার করা হল কিন্তু শিলিগুড়ীর তারাচাঁদ পুলিশের চোখ ফাঁকি দিল, পুলিশ ঘুষ খেল, তাকে ধরা হল না। ইতিমধ্যে জলপাইগুড়ীর মিউনিসিপ্যাল ইলেকসানের ব্যাপারে সেখানে মাননীয় মন্ত্রী খগেনবাবুর দৌড়াদৌড়ি শুরু হল। খগেনবাবুর প্রচেষ্টায় এই কিশোরীলাল এবং তারাচাঁদের বিরুদ্ধে মামলা প্রত্যাহার করা হল। কি লজ্জার কথা, এইভাবে বাংলাদেশের মন্ত্রীসভা চোরাকারবারকে সমর্থন করেন, তাদের চোখের সামনে দিয়ে চাল পাচার হয়ে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য কমল গুহ মহাশয় নেপাল চাল সম্পর্কে যে অভিযোগ এনেছেন সেই চাল আমি কিছু সংগে করে নিয়ে এসেছি। এই চাল পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় কুচবিহারে, জলপাইগুড়ীতে এবং দার্জিলিং-এ নেপাল রাইস নামে ১ টাকা ৭০ পয়সা কে, জি, দরে বিক্রী হচ্ছে। এখানে মাননীয় সদস্য অরুণবাবু আছেন; তিনি জানেন শিলিগুড়ীর বাজারে সেই নেপাল রাইস পাওয়া যায়, যার জন্য নেপালে যাওয়ার প্রয়োজন হয় না, জলপাইগুড়ীর ডি, সি; কুচবিহারের ডি, সি, বেঙ্গল রাইসকে নেপাল রাইস বলে পারমিট ইসু করেন। উত্তর বাংলায় চায়ের যে দুটি সংস্থা আছে, ডি, বি, টি-এ এবং আই; পি; টি; এ। এই দুটি সংস্থাকে বলা হল তোমরা উদ্বৃত্ত জেলা দিনাজপুর থেকে চাল সংগ্রহ কর। সেই চালেরই কিছু নেপালে গেল আর কিছু ঐ অঞ্চলের চা বাগানগুলির জন্য থেকে গেল। এখন সেই চাল জেলাশাসক মারফত বাজারে ছাড়া হচ্ছে এবং সেইটাকেই নেপাল রাইস নাম করে ১ টাকা ৭০ পয়সায় সরকার নিজের হাতে বিক্রী করছেন। এর চেয়ে লজ্জার কথা আর কি হতে পারে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেশে আজ এক সংকটজনক অবস্থা দেখা দিয়েছে, আজকে আমাদের দেশ পাকিস্তান কর্তৃক আক্রান্ত, আজকে সীমান্তের লোক নানাভাবে বিভ্রান্ত। আমরা গ্রামে গ্রামে ঘুরে দেখেছি যে গ্রামের অনেক লোকের মনে একটা ধারণা সৃষ্টি হয়েছে যে ওসব যুদ্ধ কিছু নয়, ও একটা চালের দাম বাড়াবার উপায়। আমরা এই ধারণার প্রতিবাদ করি। কিন্তু আমরা জানি আজ দেশে ভারত রক্ষা আইন ও ইমার্জেন্সী থাকা সত্বেও এই সরকার তা সুষ্ঠভাবে প্রয়োগ করতে ব্যর্থ হয়েছেন, যার জন্য সাধারণ মানুষ এই সব কথা বলে। সাধারণ মানুষ জানে না কোথায় যুদ্ধ হচ্ছে না হচ্ছে তারা পেটের যুদ্ধ সামলাতেই ব্যস্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা শুনতে পাই বিভিন্ন জায়গা থেকে সরকারী চাল উধাও হয়ে যায়, সম্প্রতি প্রকাশিত অডিট রিপোর্টে দেখান হয়েছে যে ৪১ হাজার টন খাদ্যশস্য সরকারী গুদাম থেকে উধাও হয়ে গেছে। কেন্দ্রে একটা কমিশন গঠিত হয়েছে, ইঁদুর মারা কমিশন, যে কমিশনের সভাপতি হচ্ছেন কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী শ্রীপূর্ণেন্দু শেখর নস্কর। আমি জানি পশ্চিমবাংলা সরকারও হয়ত এই রকম একটা কমিশন গঠন করবেন। কিন্তু আমি বলছি এই চারপেয়ে ইঁদুর মারা কমিশন গঠন করে কিছু হবে না, যতক্ষণ পর্যন্ত না ঐ মুরারী বাবুর মতন দু-পাওয়ালা ইঁদুরদের এবং মন্ত্রীসভার সদস্য যারা তাদের সমর্থন করেন তাদের ধরা হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই খাদ্য সমস্যার সমাধান হবে না।

Shri Panchu Copal Bhaduri:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে যখন ডক্টর চন্দ্র প্রথমে বলছিলেন তখন আমার মনে হচ্ছিল যে বোধহয় তাঁর একটা হিল্লে হলো, তিনি বোধহয় মন্ত্রীসভায় স্থান পাবেন। কিন্তু তারপরে একটা মারাত্মক উক্তি করে ফেললেন যে শতকরা ৭০ ভাগ জমি মাত্র ৫ ভাগ লোকের হাতে

আছে এবং যখন তিনি সেই পাঁচ ভাগ লোককে যখন তিনি আক্রমণের লক্ষ্য করে ফেললেন তখন তার কেস খুব খারাপ হয়ে গেল। আগামী বৎসরের প্রডাকশান এবং প্রকিওরমেন্ট নিয়ে যখন আলোচনা হবে তখন ডক্টর চন্দ্রের শেষ কথাটা আবার উঠবে। এখন এই বছরের যে খাদ্য-সংকট সেই সম্পর্কে বিতর্কে বলতে গিয়ে আমি কালকে মুখ্যমন্ত্রী তার বক্তৃতা যে কয়েকটা এ্যালিভি দিয়ে পালাবার চেষ্টা করেছেন সেই অ্যালিভিগুলি আমি প্রথমে ভাঙবার চেষ্টা করছি। প্রথমে খুব ধীর নম্র বিনীত ভাবে তিনি বললেন এবং তারপর তিনি নিজের সাফাই গেয়ে গেলেন যে এবারের সংকটের জন্য তাঁর কোন দায়িত্ব নাস। কেন্দ্র থেকে যে সাপ্লাই দেবার কথা সেটা যদি ঠিক সময় মত পাওয়া যেত তাহলে এই সংকট হতো না। দ্বিতীয়তঃ প্রকিওর-মেন্ট যেটা হবার কথা ছিল রাইস মিল ওনারদের কাছ থেকে সেটা পূর্ণ হতে এখনও দুই মাস বাকী আছে। তারপর ঐ অখ্যাত অজ্ঞাত যারা গ্রামের মধ্যে লুকিয়ে ছিল "হালার"গুলো, তারাই সর্বনাশ ঘটিয়েছে। এই হচ্ছে তাঁর মোটামুটি কথা। কিন্তু আমি তাকে জিজ্ঞাসা করব তিনি যখন উত্তর দেবেন তখন নিশ্চয়ই বলবেন তিনি যে বামপার ক্রপের কথা আগে বলেছিলেন তার কি হলো?

[2-20—2-30 p.m.]

প্রকিওরমেন্ট-এ আমরাও বার বার বলেছিলাম যে মিল ওনার-দের প্রকিওরমেন্ট করতে দেবেন না, ডাইরেক্ট প্রকিওরমেন্ট করুন, তিনি তা করেননি। এবং ডাইরেক্ট প্রকিওরমেন্ট না করলে যে সর্বনাশ হবে সে কথা আমরা বার বার বলেছিলাম। আর একটা কথা সহরাঞ্চলে স্ট্যাটুটারি রেশনিং করে ব্ল্যাক মার্কেটার সবচেয়ে বড় পুল, যেখানে টাকা কড়ি দিতে পারে এই রকম বেশী সংখ্যক লোক আছে, সেটাকে সিল আপ করে ফেলা। সেই ব্ল্যাক মার্কেটটাকে ছোট করে নিয়ে আসবার জন্যে সহরাঞ্চলে স্ট্যাটুটারী রেশনিং করা সে সম্বন্ধে আমরা বলেছিলাম যে অতীতের অভিজ্ঞতা নিন। ইংরাজ খুব খারাপ ছিল, দেশের লোককে বেশী খাওয়ানো তার মতলব ছিল না, তবু তারা পূর্ণ রেশনিং মানে সপ্তাহে সাধারণ মানুষকে ৩½ সের আর মেহ-নতি মানুষকে ৪ সের করে রেশন ব্যবস্থা করেছিল তবেই সহরাঞ্চলে ব্ল্যাক মার্কেটিং বন্ধ হয়। আর তা না হলে যা হয়েছে সহরাঞ্চলে স্ট্যাটুটারী রেশনিং-এর পাশেই বরাবর ব্ল্যাক মার্কেটিং চলেছে, গড়ে বলা যেতে পারে ৪ দিন তারা রেশন থেকে চাল নিয়ে খায় আর তিন দিন ব্ল্যাক মার্কেট থেকে কেনে। তাছাড়া আমরা গ্রাম এলাকায় বলেছিলাম যে সমস্ত ডেফিসিট এলাকায় এবং ডেফিসিট পকেট-এ মডিফায়েড রেশনিং করুন এবং সরকারের হাতে যথেষ্ট স্টক রাখুন সে স্টক থেকে চাল বিক্রি করে আপনারা মূল্য ঠিক রাখতে পারবেন। তাও তিনি করতে পারেন নি। এবং এই যে না করতে পারার এই যে ফেলিওর, শুধুমাত্র সেটা "আমার মূল্য নিয়ন্ত্রণ ব্যর্থ হয়েছে" বললে তার জাস্টিফিকেসান হয় না। তেমনি তিনি যে ঐ ১১ই অক্টোবর, তিনি ফুলিয়ার রাস্তায় দাঁড়িয়ে হঠাৎ ডন কুইসট-এর মত নাইটলি পারভার-এর মত তাঁর উৎসাহ এসে গেল, ডন কুইস্‌ট যেমন উইণ্ড মিল-এর সঙ্গে লড়াই করেছিলেন, উইণ্ড মিল তার ভয়ানক শত্রু, বর্শার ঘায়ে তাতে পতিত করতে হবে, তেমনি তিনি ঐ সাইকেল রিক্সা, একা করে চাল পাচার করছে সেটাই বর্তমানে এই খাদ্য সংকটের মূল কারণ বলে তার বিরুদ্ধে উনি করে চাল পাচার করছে সেটাই বর্তমানে এই খাদ্য সংকটের মূল কারণ বলে তার বিরুদ্ধে উনি বলতে পারতেন সেখানে তিনি ছুলেন না—এটা নূতন কথা নয়। বহুদিন ধরে এটা একটা সেট মডেল বাংলাদেশে ব্ল্যাক মার্কেটিং হোর্ডিং এটা সেট মডেল হয়ে এসেছে, সেটা হচ্ছে গ্রামাঞ্চলে যাদের ১০ একরের বেশী জমি আছে তাদের হাতেই মার্কেটেবল সারপ্লাস-এর শত-করা ৮০ ভাগ তারা প্রোডিউস করে এবং সেই ১০ একরের বেশী জমি, যেটা ডঃ প্রতাপ চন্দ্র বলে গেলেন, যেটা স্টেটসম্যান-এ পড়েছেন, যে শতকরা ৫ জন লোকের হাতে শতকরা ৭০ ভাগ জমি আছে এবং জমির এই একচেটিয়া মালিকানা গ্রামাঞ্চলে এবং ঐ যে একচেটিয়া মালিক তারা গ্রামাঞ্চলে রয়েছে রাজনীতির কর্তা। তাদের গ্রাম্য ইকনমির উপরে যে দখল, তার জন্য তাদের গ্রাম্য পলিটিক্স-এর উপরে দখল, গ্রামের কংগ্রেস মেশিনারির উপরে তাদের দস্তুর মত একটা দখল আছে এবং তারা গ্রামা-ঞ্চলে কংগ্রেসের বেয়ার বা ভিত্তি। কংগ্রেসের যে ক্ষমতা গ্রামাঞ্চলে আছে, আজকে ক্ষেত মজুর, গরীব কৃষক, মাঝারি কৃষক নিয়ে নয়। ধনী কৃষক, জোতদার, কলওয়ালা এবং যে ব্যাপারী;

তারা মিলে যে শোষণের চক্র করেছে এবং তাদের যে ইনটার কানেকসান সহরাঞ্চলে ব্যাঙ্ক মারফৎ একচেটিয়া ব্যাপারীদের সঙ্গে, যে ৭৪টা বড় বড় ব্যাপারী সারা ভারতবর্ষে একচেটিয়া কারবার করেছে ব্যাঙ্ক মারফৎ তাদের সঙ্গে তাদের যোগাযোগ। এই যে বিরাট রেমিফিকেসান এর সঙ্গে যোগাযোগ থেকে এই সহরাঞ্চল গ্রামাঞ্চল মিলে ব্ল্যাক মার্কেট চলেছে। গত জুন, জুলাই মাসে যাঁরা লক্ষ্য করেছেন তাঁরা দেখেছেন সর্বত্র লিগ্যাল চালের মার্কেট খোলা বাজারের পাশে একটা প্রায় সমভাবে লিগ্যাল এবং ওপেন ব্ল্যাক মার্কেট চলেছে। সাধারণ লোকে নিরুপায় হয়ে তার সহায়তা নিয়েছে, সহায়তা নিতে বাধ্য হয়েছে। এই ব্ল্যাক মার্কেট-এর স্যাংশান গভর্নমেন্ট-এর নীতির মধ্যেই ছিল, শুরু থেকেই ছিল তা আমরা শুরু থেকেই বলেছি। আজকে এই সংকট সমাধান করতে গেলে যে জিনিসটা প্রফুল্ল সেন মহাশয়েরা করলেন না, যে জিনিসটা আমরা বার বার বলেছি, দম্ভের সঙ্গে বলিনি, বিনয়ের সঙ্গে বলেছি এবং দেশের লোকের অপরিসীম যন্ত্রণা আছে সেটা বুঝে বলেছি, যে ডি-হোর্ডিং করুন উইথ পপুলার সাপোর্ট সেটা করুন, আমরা সহায়তা করবো, আমাদের সহায়তা নিন। এবং বলেছি যে রেশন কার্ড ক্যানসেল বা বাতিল করছেন তা রেস্টোর করুন। কালও বলেছি যে মডিফায়েড রেশন ডেফিসিট এরিয়া এবং ডেফিসিট পকেট-এ চালু করুন এবং যথেষ্ট যোগান দিয়ে ফেয়ার প্রাইস সপগুলির মারফৎ আপনার যেটুকু অভাব আছে তা পূরণ করুন এবং এইটা করেন নি তারা। এবং রাইস মিল ওনারসদের উপর প্রকিওরমেন্ট-এর ভার না দিয়ে ডাইরেক্ট প্রকিওরমেন্ট করুন। এ যদি করতেন তাহলে আজকে এই সংকট থাকতো না। এ যে করেন নি, কেন করেন নি তাও বলা যেতে পারে। তিনি যে শ্রেণীর সরকার, যে পুঁজিপতি শ্রেণীর সরকার তার দুটো অংশ আছে, একটা হচ্ছে শিল্প, কলকারখানা, ব্যাঙ্কগুলির মালিকরা আর একটা হচ্ছে গ্রামাঞ্চলে এই যে ছোট ও মাঝারী বুর্জুয়া, যারা কৃষির সঙ্গে যুক্ত এবং যাদের নিয়ে এই চাল-ধানের চোরাকারবার শুরু হয়েছে, এই দুটির সঙ্গেই কংগ্রেস সরকারের যোগাযোগ আছে। একথা সত্যি যে সহরাঞ্চলে রেশন করতে তাঁরা বাধ্য হয়েছেন এই জন্যে বৃহৎ পুঁজিপতিদের প্রয়োজনেতে, সহরাঞ্চলে শিল্পকে চালু রাখা দরকার কারণ তাদের না রাখলে দেশ চলে না সেইজন্য দরকার হয়েছে। কিন্তু সেখানেও তাঁরা ব্ল্যাক মার্কেটকে খোলা রেখেছেন। তাঁদের যে সমর্থক গ্রামাঞ্চলের ঐ পাঁচজন, ঐ শতকরা ৫ জন যারা শতকরা ৭০ ভাগ জমির মালিক, যারা ধানচাল মজুত করে, যারা আজকে দেশের লোকের অপরিসীম দুঃখ দুর্দশার সৃষ্টি করছে এবং যারা কংগ্রেসের গ্রামাঞ্চলের ভিত্তি। এখন নূতন একটা কথা এসে পড়েছে, ইতিহাস অদ্ভুতভাবে কাজ করে, ইতিহাস অচিন্তিতভাবেতে জনগণের সামনে সুবিধা এনে দেয় আর সরকারী পলিসিকে পানচার করে দেয়। আজকে এই যে যুদ্ধ হল, পাকিস্তান ভারতের যুদ্ধ এটা নানা দিক থেকে দুঃখজনক, সকলের পক্ষে মর্মান্তিক হলেও যেহেতু এই যুদ্ধের পিছনে আমেরিকা, ইংলণ্ড ছিল, তাই এই যুদ্ধ প্রকৃতপক্ষে সাম্রাজ্যবাদ বিরোধী যুদ্ধ। এর মধ্যে দিয়ে অনেকগুলি জিনিস খোলা বা নগ্ন হয়ে পড়লো। প্রকাশ হয়ে গেল এবং যে যে পলিসিগুলি আজকে আমাদের চোখে সাধারণ ভাবেতে শুধুমাত্র চোরাবাজার তোষণ বিলে। আজকে সেই পলিসি আজকের দিনেতে সেটা হয়ে যাচ্ছে দেশদ্রোহী পলিসি। আজকে কাজে কাজেই প্রফুল্লবাবুকে আমি চ্যালেঞ্জ করবো আপনার যুদ্ধের সময় উচিত ছিল ওয়ার ইমার্জেন্সীর সময় প্রত্যেক গভর্নমেন্ট এই রকমভাবে জোতদার, মজুতদারদের কাছ থেকে চাল বের করে লোককে খাওয়াবার দায়িত্ব তুলে নেওয়া উচিত ছিল, ওয়ার ইমার্জেন্সী হিসাবে সেই মেজার নিয়ে সেই কাজ করেন নি। এবং তাছাড়াও আজকে যখন আমেরিকান সাম্রাজ্যবাদ একহাতে মুচলেখা, এক হাতে দাসত্বের মুচলেখা, আর এক হাতে গমের পি. এল; ৪৮০ গম নিয়ে আসছে; এসে বলছে গম খাও আর আমার যুদ্ধে নয়া-উপনিবেশের গোলামির মুচলেখাতে সই কর তখন তার বিরুদ্ধে যখন আমরা বলছি যে খাদ্যে স্বয়ং সম্পূর্ণ করতে হবে দেশকে। তাহলে তার একটা দিক হচ্ছে এই যে বল্টনের ক্ষেত্রে জনগণের খাদ্যের যারা শত্রু, উৎপাদনের ক্ষেত্রেও তারা জনগণের খাদ্যের প্রচুর উৎপাদনের শত্রু, তারা প্রাচুর্য্য সৃষ্টি করতে চায় না, প্রচুর লাভ চায় এবং তারা শুধুমাত্র ব্ল্যাক মার্কেট করে যে প্রফিট করেছে তা বছরে প্রায় ৫০ কোটি টাকা হবে এবং এই বছরে ৫০ কোটি নয়, ৭০ কোটি কিম্বা ৮০ কোটি। প্রফুল্ল সেন মহাশয় হয়ত মতলব করেছেন এই রাইস মিল ওনারদের সামনের বছর থেকে ১৭২ কোটি টাকা এ্যাডভান্স করে এবার আর তারা নিজেদের টাকায় প্রকিওর করে চোরাকারবার করবে না, এবার গভর্নমেন্ট-এর টাকায় তারা প্রকিওর করে কারবার করবে। সে জিনিস আমাদের

প্রিভেন্ট করতে হবে। চালকলগুলির সরকারকে হাতে নিতে হবে এই ভাবেতে যে তারা ব্ল্যাক মার্কেট করবে, ব্ল্যাক মুনাফা করবে এবং অপরিসীম দুঃখ কষ্টের সৃষ্টি করবে। সেই রাইস মিল ওনার এবং ঐ যার কথা বললাম ১০ বিঘা জমির মালিক যে সমস্ত জোতদার এবং জমিদার তারা আবার নূতন করে দেশে দুঃখকষ্ট সৃষ্টি করবে। এটা বন্ধ করতেই হবে। আজকে দেশের যে অবস্থা, যুদ্ধের যে পরিস্থিতি, আমেরিকার যে হাবভাব, আমাদের দেশকে নয়া-উপনিবেশে পরিণত করার যে চক্রান্ত, পাক-ভারত যুদ্ধ, কাশ্মীর নিয়ে চক্রান্ত, এই জিনিসটা নূতন করে আমাদের সামনে খাদ্যসমস্যাকে তুলে ধরেছে। কাজে কাজেই আজকে শুধুমাত্র সাধারণভাবে বিরোধীদল প্রত্যেক বৎসর চেঁচায় এ বৎসরও চেঁচাচ্ছে তা নয়, তার চেয়ে অনেক গুরুত্বপূর্ণ। এবারে কংগ্রেসপক্ষকে দেশপ্রেমের সত্যিকারের পরিচয় দিতে হবে। আমরা শুধু ফাঁকা কথাতে তর্ক-বিতর্ক করছি না। সমাধান করতে হবে এই খাদ্য সমস্যার সমাধান তাছাড়া কোন গভর্নমেন্ট-এর অস্তিত্বের কোন জাস্টিফিকেসান থাকতে পারে না।

[2-30—2-40 p.m.]

Shri Nani Bhattacharjee:

শ্রদ্ধেয় স্পীকার মহাশয়, আমাদের শ্রদ্ধাস্পদ প্রতাপচন্দ্র চন্দ্র মহাশয়, তিনি নিরুত্তাপ দেখে খুব খুশী হয়েছেন। এবং বলছেন যে দেশের প্রফুল্লচন্দ্র সেন মহাশয়ের খাদ্যনীতির অন্তত আংশিক সাফল্য লক্ষ্য করেছেন বলে আজকে সেখানে কোন বিক্ষোভ দেখা দিচ্ছে না। বিধান সভার বাইরে কোন ঝড় ভেতরে কোন ঝড় উঠছে না বা বাংলা দেশের জেলায় জেলায় বিক্ষোভ ফেটে পড়ছে না। প্রতাপবাবু অবশ্য কলকাতার লোক পড়াশুনা নিয়েই কাটান। বাংলাদেশের খবর তবুও তাঁর জানা উচিত যে গত জুলাই মাস থেকে আরম্ভ করে আগস্ট, সেপ্টেম্বরের তিন চার পাঁচ তারিখ পর্যন্ত বাংলা দেশে বিক্ষোভের ঝড় বয়ে গেছে। ঐ জলপাইগুড়ি জেলাতে যেমন চাল দখল চাল ধরো আন্দোলন চলেছে—কুচবিহারে সেই রকম চলেছে। খগেন দাসগুপ্ত এখানে নেই- তবুও বলবো যে তাঁকে ধাওয়া খেয়ে চলে আসতে হয়েছে—প্রায় কয়েক হাজার জনতা তাঁকে ধাওয়া দিয়েছিল—পালিয়ে এসেছেন। ঠিক সেখান থেকে আরম্ভ করে এমন কি বাড়তি জেলা পশ্চিম দিনাজপুর সেখানেও বিক্ষোভ শুনা গেছে। তার পর মালদা তার পর সেখান থেকে মুর্শিদাবাদ সেখানে অন্তত জলঙ্গি থানার ধান লুট থেকে আরম্ভ করে মুর্শিদাবাদের বিভিন্ন থানা থেকে হাজারে হাজারে লোক বার বার ডিসিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের ওখানে বিক্ষোভ দেখিয়েছে। সেখানে লাঠি চালানো হয়েছে তবুও তারা সেখানে পিছুপা হয় নি কলকাতার আবেপাশ সেগুলি আপনি লক্ষ্য করেছেন। সেদিন বাটাতে ৮ হাজার মজুররা ঘেরাও করেছিল বি, ডি, ও-কে। সেই সমস্ত বিক্ষোভ নিশ্চয় পণ্ডিতমন্য প্রতাপবাবুর চোখে পড়ে নি- কোনও নিশ্চয় আসে নি। অধ্যাপনার ঘরের মধ্যে বসে থাকার দরুন সেগুলি হয়তো তাঁর কানে গিয়ে পৌঁছায় নি। সব চেয়ে লজ্জার কথা যে প্রতাপবাবু যখন এই সমস্ত কথা বলে প্রফুল্লবাবুর ধাপ্পার সমর্থনে এসে দাঁড়াচ্ছেন। এইভাবে নিজের বিবেক বিক্রি করে দিয়েছেন। সেটাই সবচেয়ে লজ্জার কথা। সত্যকে সত্য বলুন আপত্তি নেই। আজকে যে কথাটা প্রফুল্লবাবু বলি বলি করেও বলতে পারেন না তাঁর কালকের স্টেটমেন্টে সেটা প্রতাপবাবু বলে দিয়েছেন—ঘাটতি ভীষণ। এই ঘাটতির ধাপ্পাটা আমরা প্রফুল্লবাবুর কাছ থেকে বহু দিন ধরে শুনছি। কালকের বক্তৃতায় তিনি ঘাটতির কথা বিশেষ বলেন নি—আংশিক ঘাটতির কথা বলবার চেষ্টা করেছেন। কিন্তু প্রতাপবাবুর ঘাটতি দীর্ঘমেয়াদী পরিকল্পনা ইত্যাদি ইত্যাদির কথা শুনলাম। এখন একটু ঘাটতির ধাপ্পার দিকে তাকাই। আমাদের এখানে জনসংখ্যা লাষ্ট সেনসারের ভিত্তিতে ৩ কোটি ৫৯ লক্ষ। তার মধ্যে ৩৬ লক্ষ ৮০ হাজার হচ্ছে শিশু যাদের চার বছরের কম বয়স। টোট্যাল পপুলেসনের যেটা ১৩·৪ শতাংশ। তারা চাল খায় না। ১ কোটি সাড়ে ১৫ লক্ষ হচ্ছে নাবালক যাদের চার থেকে ১৪ বছর বয়স—প্রফুল্লবাবু তাদের জন্য বরাদ্দ ধরে রেখেছেন ৮ আউন্স করে—এখন ৬ আউন্সে নামিয়েছেন। আমি আট আউন্সের হিসাব ধরেছি। সেখানে দেখতে পাচ্ছি তাদের জন্য চালের দরকার হয় ২৫·৯ মিলিয়ন মণ এবং সাবালক লোক টোট্যাল পপুলেসনে হচ্ছে ৬১·৭ ভাগ—তাঁদের সংখ্যা হচ্ছে ১ কোটি ৮৩ লক্ষ—তাদের চালের দরকার পড়ে ৮৪·১৫ মিলিয়ন মণ অর্থাৎ মোট ১১১ মিলিয়ন মণ দরকার পড়ে—এটা টনে আনতে গেলে ৪১ লক্ষ টন পড়ে।

জনসংখ্যা বেড়েছে কয়েক বছরে এবং প্রফুল্লবাবু বলেছেন এখন ৩ কোটি ৯২ লক্ষ তার ম ৪৩ লক্ষ বেড়েছে। তার জন্য প্রয়োজন হয় যদি খুব বেশী করেই ধরি তাহলে ৮ লক্ষ ট মোট ৪৯ লক্ষ টন প্রয়োজন হয় চালের। এবং প্রফুল্লবাবু বলেছেন আমরা গম খাই ৭।৮ ল টনের মত। আমি ৭ লক্ষ টন ধরেছি। সুতরাং গমের হিসাব যদি দিই তাহলে ৪২ লক্ষ আমাদের চালের দরকার এবং মুড়ি, চিড়া, খৈ এই সমস্ত ১০ লক্ষ টনের হিসাব ধরি তাহ হচ্ছে ৫২ লক্ষ টন চালের আকারে দরকার। প্রফুল্লবাবুর বাম্পার ক্রপের ষ্টেটমেন্ট হচ্ছে (লক্ষ টন তারপর প্রফুল্লবাবু কালকে ষ্টেটমেন্টে বলেছেন যে ৪ লক্ষ ৪৮ হাজার টন আ চাল হয়েছে। সুতরাং ঘাটতি কি? এই ঘাটতির ধাপ্পা বাংলা দেশের লোক বহু আগে থে ধরেছে বলে বিক্ষোভের ঝড় উঠেছে। কিন্তু যেমন আমাদের মাননীয় সদস্য একজন বলে যে যুদ্ধ আসার দরুণ দেশপ্রেমের জারক আসায় তা স্তিমিত হয়ে গেছে। সেটা প্রফুল্লবাব মুখের [illegible] তাকিয়ে নয়, তার উদাত্ত আহ্বানের কথা শুনে নয় কংগ্রেস নেতাদের বড় ব কথা শুনে নয়। দেশপ্রেমের জারক আসায় সেই আন্দোলন স্তিমিত হয়েছিল—তার পর আবা [illegible] পর থেকে মিছিল হতে আরম্ভ করেছে। সেগুলি অন্ততঃ ওঁদের কানে যাওয় উচিত। সেই বিক্ষোভের কথা হয়তো প্রতাপবাবুর কানে বা কংগ্রেস নেতাদের কানে না যেতে [illegible] তাহলেও সেটা বাড়ছে। তাহলে সংকটটা কোথায়—এই ঘাটতির থিওরি এটা একা ধাপ্পা। এই সংকটের কারণ কোথায়? সংকট বাজারের মূল্যের ক্ষেত্রে—সেখানে দেখতে পাচ্ছি সেটা বার বার আমরা বলেছি, ঘাটতির তথ্য বিশ্বাস না করে আমরা বলতে পারি যে আজকে যারা চালের বড় বড় জোতদার গ্রামাঞ্চলে সেখানে স্বার্থের পরিবর্তন ঘটে গেছে। এবং সেট শুধু ধান উৎপাদনের স্বার্থেই নয়, সেখানে ব্যবসায়ীদের স্বার্থ তার মধ্যে বড় হয়ে উঠেছে মহাজনী স্বার্থ বড় হয়ে উঠেছে এবং এটা তো আপনারা জানেন যে সাধারণ চাষীর ঘরের ধান আগাম তাদের গোলায় গিয়ে উঠে—ঠিক সেই মজুতদার মহাজনী স্বার্থ ব্যবসায়ী স্বার্থ বড় হয়ে উঠেছে যেমন গ্রামাঞ্চলে এক শ্রেণীর মানুষের মধ্যে ঠিক তেমনি যারা ব্যবসায়ী ফাটকা-বাজ, যারা চালকলের মালিক তাদের মধ্যে একটা দুষ্ট চক্র গড়ে উঠেছে এবং সেই চক্র বাজার নিয়ে ছিনিমিনি খেলছে মনোপলি করছে। আমি উদ্বৃত্ত জেলার কিছু চালের বাজারের খবর দিচ্ছি। বাইসোয়ে ১৯৬৪ সালে কোন চাল বুক হয় নি—১৯৬৫ সালের জানুয়ারীতে ওয়েষ্ট দিনাজপুর থেকে ৪১০০ কুইনটল ধান এবং চাল বুক হয় ফেব্রুয়ারীতে ৬,১৪০ কুইনটল ধান এবং চাল বুক হয় মার্চে ৩,৭৮৬ কুইনটল ধান এবং চাল বুক করা হয়—মোট ১৪ হাজার ১৫ কুইনটল ধান এবং চাল বুক করা হয়। এই হিসাব সরকারের আছে কিনা—এইভাবে যদি হয় তাহলে কি হবে? উত্তর বঙ্গের কয়েকজন মাননীয় সদস্য বলেছেন যে ভুটানে চাল যায় না কিন্তু আমি বলতে পারি যে সেখানে নো ম্যানস ল্যাণ্ডে বড় বড় গুদাম গড়ে উঠেছে। জল-পাইগুড়ি এবং কুচবিহার জেলায় সেখানে গুদামজাত হয়। সরকারের নির্দেশ আছে ভুটানে যা যাবে তার একটা হিসাব রাখার—ভুটানকে হাতে রাখতে হবে, সুতরাং সেই সুযোগে অসাধু ব্যবসায়ীরা তটিন সীমান্তে—আমি বিশেষকরে নাম করে দিচ্ছি ফুলছিলিং সেখানে আজকে গুদাম গড়ে উঠেছে। ঠিক তেমনি করে ভদ্রপুর বা ঐ রকম থানার—নেপালের আশেপাশে বহু গোলা গুদাম গড়ে উঠেছে ব্যবসায়ীদের এবং তারা সেইভাবে চাল নিয়ে যায় এবং আবার অতি-রিক্ত দরে চাল নিয়ে বলে নেপাল রাইস খাওয়াচ্ছি ঠিক এইভাবে সেখানে স্মাগলিং চোরাকারবার চলছে তারা সাধারণ মানুষের উপর দুর্গতির বোঝা আপনারা চাপাবার চেষ্টা করছেন। চা-বাগানগুলিতে অবস্থা খারাপ। সেই চাবাগানগুলিতে রাইস কার্ড হয়েছে—সেখানে যা ছিল তা থেকে এখন ১ কে, জি-র বেশী চাল দেবেন না এটা ঠিক করেছেন। চা বাগানে চালের ষ্টকের কথা বার বার আমরা বলেছি—লেবার দপ্তরের সেক্রেটারীকে খাদ্য দপ্তরে একথা বলবার জন্য আমরা বলেছি। চা বাগানের ষ্টকে প্রচুর চাল থাকা সত্বেও ফেব্রুয়ারী, মার্চ মাস পর্যন্ত চাল থাকা সত্বেও সেই চাল কমিয়ে উদ্বৃত্ত চাল চোরাকারবারে পাঠাবার ব্যবস্থা করেছেন—এই কার-বার আপনারা করেছেন।

[2-40—2-50 p.m.]

সেভাবে চা বাগানগুলোতে চলছে। আমরা দেখছি যে একমাত্র জলপাইগুড়ী সহরে ৯ জন লোক অনাহারে মারা গেছে। আমরা সেই খবর বি, ডি, ও, এস ডি ও; ডেপুটি কমিশনার ইত্যাদি সকলকে দিয়েছি কি ফল হয়েছে তা জানিনা। তারপর জলপাইগুড়ী সহরে বিভিন্ন থানায় এন্টেরিক রোগে মারা যাচ্ছে। ১৮১ রকমের গাছ পাতা তারা খাচ্ছে। সিরিস্ গাছের পাতা তারা সেদ্ধ করে খাচ্ছে। বিরেন দের মধ্যবিত্ত সংসারে পরিবার মারা গেছে আজ কিসের যন্ত্রনায়? তার দেশপ্রেমের কোন অভাব ছিল না। মৃত্যুকালে সে ১০ টাকা ডিফেন্স ফান্ড-এ দিয়ে গেছে। আজকে এখানে বড় বড় ধাপ্পার কথা চিফ মিনিষ্টার বলছেন। আমি তাঁর জন্য একটা হুঁসিয়ারী করে দিতে চাই। বাংলা দেশে জনসাধারণের উদ্দেশ্যে যে চিফ মিনিষ্টার কালকে ব্যর্থতার কথা বলেছেন। তার গুলো নিয়ন্ত্রণ ব্যর্থ হয়েছে তখন কেন তিনি অনারেবলি রেজিগনেসান দিচ্ছেন না কেন? তার যদি কিছুমাত্র লজ্জা থাকতো, সংসদীয় গণতন্ত্রের প্রতি শ্রদ্ধা থাকতো তাহলে বলতেন যে রেজিগনেসান দিচ্ছি। চোরাকারবারীরা বানচাল করে দিচ্ছে। হোর্ডারর্রা বানচাল করে দিচ্ছে। আমি রেজিগনেসান দিচ্ছি। তাহলে বুঝতাম তাঁর সদিচ্ছা আছে। আমি জানি তিনি দেবেন না কারণ এ সংসদে তার ব্রুট মেজরিটি আছে। তিনি রেজিগনেসান কোন লজ্জায় দেবেন। সেজন্য বাংলা দেশের লোক মনে করে ডিফেন্স মেজ ইজ্ এক্সট্রিমলি কস্টলি ফান্ড ও ইজ্ এক্সট্রিমলি। ব্রুট ইজ্ ইমমেসপারেবিলি ডিফেন্ডড্ উইথ ডিফেন্স। সেজন্য আবার খাপ্পামি লাগছে, বাস্তায় লড়াই হবে, যে অবস্থায় বাংলা দেশের সরকার খাদ্য-নীতি নিয়ে চলছেন, যে অবস্থায় দেশকে ঠেলে দিচ্ছেন তাতে রাস্তায় লড়াই হবে। আমি হাউসের সামনে সুস্পষ্ট দায়িত্ব নিয়ে বলে যাচ্ছি যে আমরা বেঙ্গলের উপরেশো লোককে আমরা রক্ষা করে দিতে পারি আছুন কিন্তু আমাদের বাধা বলে যাচ্ছি, যে এই নীতির পরিবর্তন করতে হবে এবং তাঁকে রাজীবনী, তিস্তা, মহানন্দার জল দিয়ে সে আমন ধানকে বাঁচাতে হবে।

Sri Keshi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্য বিতর্ক সম্বন্ধে বলতে গিয়ে আমি আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই একটা ঘটতি জেলা হল নদীয়া, যার সম্বন্ধে এই বিধান-সভায় বারে বারে বলেছেন। সেই একটা ঘাটতি জেলার সভ্য হিসাবে আমি একজন নির্দিষ্ট প্রতিনিধি। যদিও মাননীয় কংগ্রেস বন্ধুরা চিৎকার করছিলেন, আমি সেদিন বিরত হয়েছিলাম, ফেলিও হলে আপনি ক্ষমা করবেন চোখ বুজে বলে যাচ্ছিলাম। এই ঘাটতি জেলার পাশে মুর্শিদাবাদ জেলায় খাও পান খাও, আর কথা একমাত্র হলে পরিবর্তন হবে এবং একমাত্র কথা হচ্ছে খাবি খাও। খাবিই হচ্ছে একমাত্র বক্তব্য যার ভিত্তিতে বাংলা দেশের মানুষ বেঁচে থাকতে পারে। তিনি নদীয়া জেলা সফর করেন বিভিন্ন সময়ে ১১ই এপ্রিল এবং ১৯ই অক্টোবরে সেখানে একটা জনসভায় ভাষণ দিয়ে বলেছিলেন, নদীয়া জেলা ঘাটতি এলাকা সেখানে চাল পাঠিয়ে দেওয়া হবে। কিন্তু আজকে সেই নদীয়া জেলা থেকে পাকিস্তানে চাল যাচ্ছে, এবং পাকিস্তানে চাল পাঠাবার জন্য ট্রাকের অভাব ছিল তাই তাদের ট্রাক দিয়ে সাহায্য করা হয়েছে। এটা জানেন এটার জন্য খাদ্য দপ্তরের একজন দায়িত্বশীল নিশ্চয়ই ভারপ্রাপ্ত কর্মচারী

যারা জানোয়ার ভালবাসে তারাও খোঁড়া গরুকে এটা দিতে পারে না। আমি এ ছোলা আনব ভেবেছিলাম কিন্তু মুখ্যমন্ত্রী হয়ত বলতেন যে আমিই ধুলা মিশিয়ে এনেছি। কিন্তু আমি বলছি আপনি তো সংসার করেন, আপনারও স্ত্রী, পুত্র, পরিবার আছে আপনার পয়সা থাকতে আপনি কি পারেন আপনার বাড়ীর ছেলে মেয়ে বা স্ত্রীকে ঐ পাঞ্জাবের খুদ চাল এবং ছোলা চালের বদলে খাওয়াতে। কোন মন্ত্রী বা কংগ্রেসের কোন সভ্য বা বিরোধী পক্ষের কোন লোক বলতে পারে যে এটা খেতে হবে। আজকে দেশের লোককে বলছেন ভাগ করে খেতে হবে-সকলের সাথে অন্ন পান, আমি জিজ্ঞাসা করছি কলকাতার ৭১ লক্ষ লোক, কেন করছেন না।

Are they then the only pampered children of the State that the State Government should ensure for guaranteed supply of 1900 grammes of cereals? Why not follow the same example with regard to the mofussil people? Why not follow the same examle with regard to the rural people, the peasants, the landless tillers.

আজকে যদি ভাগ করে খেতে হয় তাহলে আমি বলছি যদি সাহস থাকে তাহলে আগামী ২ সপ্তাহ কলকাতায় লোকেদের জন্য ঐ পাঞ্জাবের খুদ, চাল ও ছোলা তাঁরা সরবরাহ করুন। আপনারা দেখুন যে বাংলাদেশের লোক বিদ্রোহ করে কি না। এবং তখনই দেখবো ডঃ চন্দ্রের কণ্ঠ স্তব্ধ হয় কি না। অধ্যাপক ডাঃ চন্দ্র বলেছেন বিক্ষোভ নেই, কিন্তু কেন নেই? জিজ্ঞাসা করলেই জানতে পারবেন বাংলায় যে বাঘা বাঘা ৫ খানা কাগজ আছে তাদের কণ্ঠরোধ করা হয়েছে। মুখ্যমন্ত্রী ধমক দিয়েছেন তারা ছাপবেন না। আমি বলছি বাংলা দেশের সাংবাদিকদের একটা দায়িত্ব আছে একটা রিলিজিয়াস ডিউটি আছে টু রাউজ দি পিপল, টু রাউজ দি নেশন। এটা অত্যন্ত দুঃখের কথা যদি বিদ্রোহ হয়। তার চেয়ে দুঃখের কথা জালিমের বিরুদ্ধে এই ভারতবর্ষ লড়াই করে নি সিরাজের বিরুদ্ধে যে ষড়যন্ত্র হয়েছিল, মিরজাফরের বিরুদ্ধে লড়াই হয়নি, ইংরাজকে তারা ডেকে এনেছিল। চীন যখন আক্রমণ করেছিল তখন কেউ কেউ ভেবেছিল চীন আসে আসুক। ইংরাজকে ডেকে এনেছে, বিদেশীকে ডেকে এনেছে, কিন্তু আমরা জালিমের বিরুদ্ধে লড়তে পারি নি। ভারতবর্ষের এটাই হচ্ছে একটা ঐতিহ্য। ভারতবর্ষের এটাই হচ্ছে দুঃখের কথা যে জালিমের বিরুদ্ধে লড়বার শিক্ষা দিতে হবে। আজকে বিদ্রোহ করা দরকার বিক্ষোভ নেই এটা দেশের পক্ষে গ্লানির কথা আনন্দের কথা নয়, আমরা এই হাউসে বহুবার বহুর ধরে বলছি যে বাংলাদেশে চালের কোন ঘাটতি নেই। মুখ্যমন্ত্রী তখন হেসে আমায় উড়িয়ে দিয়েছিলেন।

[2-50—3 p.m.]

কিন্তু মুখ্যমন্ত্রী মহাশয় আমাকে বাগ করে ছেসে উড়িয়ে দিয়েছেন, তখনও আমার কথা মানেন নি। আমি বলছি যে আমাদের দায়িত্ব এখানেই শেষ নয়। কিন্তু সংবাদপত্রের দায়িত্ব আছে। যদি জনমত তৈরী করতে পারেন, তাহলে এই কংগ্রেস সরকার বাধ্য হবেন তাঁদের নীতি পরিবর্তন করতে। মাননীয় সদস্য ননীবাবু তিনি এখানে যে ফিগারস দিয়েছেন, আমি বলছি তিনি বরং আরও বেশী করে ধরেছেন, এতও ধরার দরকার নেই। ইকনমিকস-এর একটা ল' আছে, তাকে এ্যাডাল্ট কনজামসান ইউনিটস বলে। ৮০ পারসেন্ট হচ্ছে টোটাল পপুলেসান-এর এ্যাডাল্ট কনজামসান-এর ইউনিট। একশো জন লোকের যা খাওয়া, ৮০ জন এ্যাডাল্টকে খেতে দিলে তাই হয়। সেই ক্যালকুলেসান-এ বাংলা দেশে টোটাল পপুলেসান-এর মধ্যে এ্যাডাল্ট কনজামসান ইউনিট হচ্ছে ২ কোটী, ৯৬ লক্ষ ৮০ হাজার ক্যালকুলেটেড এ্যাট দি রেট অফ ১৫·৩ আউন্স এ ডে বাংলার রিকোয়ারমেন্ট গিয়ে দাঁড়াবে ৪৬ লক্ষ ৪০ হাজার টন,

calculated at the rate of 13.3 ounce a day, it would come to 40,22,000 Tons and calculated at 9.3 ounces a day, that is 700 grammes as in the rationed area, the total requirement would come to 30,59,000 tons.

আমি এই ফিগার দিয়ে চ্যালেঞ্জ করছি মুখ্যমন্ত্রীর কাছে, তিনি ফলসিফাই করে দিন। তিনি

তা পারবেন না। শুধু তাই নয়, আমি যখন এই হাউসে মারকেটেবল সারপ্লাস কেনার কথা বলি, তখন তিনি আমাকে পণ্ডিত প্রভু বলে হাউসে ব্যঙ্গ করেছিলেন। কিন্তু আজকে তাঁরা ১৫ লক্ষ টনস্ ফুড গ্রেনস বাজার থেকে কিনবেন বলেছেন। ভাল কথা। কিন্তু আপনি দেখুন কলকাতার কাগজে বেরিয়েছে যে এই বাংলাদেশের ফুড গ্রেন স্টোর থেকে ১ লক্ষ কুইন্টাল ৬১-৬২ অডিট রিপোর্ট অনুসারে, গায়েব হয়েছে। আমি বলছি আপনাকে

with all sense of responsibility as a member of this House, if any honest searching enquiry is made today the minimum shortage with regard to 1964 would be at least 15 per cent.

যদি আমরা ক্যালকুলেট করি, তাহলে দেখা যাবে ৩ লক্ষ টনে, ২ কোটী ৪০ লক্ষ টাকার খাদ্যশস্য চুরি হচ্ছে প্রত্যেক বছরে। এইভাবে যদি বাংলাদেশে খাদ্যশস্য চুরি হয়, ৩ লক্ষ টনের টারনওভার বেসিস, ১০ পার্সেন্ট হয় আপনার ৩০ হাজারে। আমি ৩০ হাজারের দাম কষেছি,—১০০ টাকা করে টন, এই হিসাবে ধরলে, ২ কোটী ৪০ লক্ষ টাকার চাল গায়েব প্রতি বছর হয়ে যাচ্ছে। আমি ১৯৬৪ সালের ফিগার আপনাকে দিয়ে যাচ্ছি। আমি আবার বলছি, যদি ৩ লক্ষ টন চালের, ২ কোটি ৪০ লক্ষ টাকা চুরি হয়, তাহলে ১৫ লক্ষ টন চাল, যখন এঁরা প্রকিওর করবেন, তখন কি পরিমাণ চুরি দাঁড়াবে? ১২ কোটি টাকা চুরি গিয়ে দাঁড়াবে। যদি এই সর্টেজ আপনারা বন্ধ করতে না পারেন, তাহলে কখনই বাংলা দেশে এ দুঃখ দূর হবে না। এবং এই যে ম্যানুপুলেটেড সর্টেজ অফ ফুড গ্রেন হচ্ছে ফ্রম দি গ্রেন স্টোর, সেটা কলকাতার বাজারে এবং মফঃস্বল এরিয়াতে চোরাবাজারে বিক্রয় হচ্ছে। আপনি জানেন, বাংলাদেশে যে চালটা আসে, সেটা গভর্নমেন্টের গোডাউন-এ রাখা হয়। এ সম্পর্কে গভর্নমেন্টের গোডাউন নীতি যা আছে, তাতে দেখতে পাই ক্যালকাটা ফুড ডিপার্টমেন্ট-এর গোডাউন আছে, সেন্ট্রাল ওয়ারহাউস গোডাউন আছে এবং স্টেট ওয়ারহাউসিং কর্পোরেসান গোডাউন আছে, আমি আপনাকে একজন অফিসারের নাম বলছি, মিঃ রামপাল সিং, হি ইজ ইন চার্জ অফ সেন্ট্রাল ওয়েরহাউজ গোডাউন, লোকেটেড এ্যাট ঘুসুরি এবং ফ্রি ইণ্ডিয়া জুট মিল গোডাউন, সেখানে এ্যাট লিস্ট ৩০,০০০ টনস-এর খাদ্যশস্য মজুত থাকে। তাঁরা কি করেন জানেন? ১০০ ব্যাগে হয় সাড়ে সাত টন। ১০০ ব্যাগে চাল এনে, খাতায় তাঁরা দেখান ৭ টন চাল পাচার। তার মানে হাফ টন করে চাল সর্টেজ দেখাচ্ছেন। সেই চাল আবার রি-ব্যাগিং করে, আবার গভর্নমেন্ট কনট্রাকটারস-এর হাতে যখন দিচ্ছেন তখন দেখাচ্ছেন লোক্যাল ৮·৬ টনস. আমি বলছি যে খুব উচ্চ পর্যায়ের একটি কমিটি করে, এ সম্বন্ধে এনকোয়ারী করে দেখুন, আমি যা বললাম তা সত্য কিনা? ২৪ কি ৪৮ ঘন্টার মধ্যে আপনারা ঘুসুরীতে গিয়ে এই সেন্ট্রাল গভর্নমেন্ট-এর ফ্রি ইণ্ডিয়া মিল-এর গোডাউন আছে, সেখানে আপনারা এনকোয়ারী করুন, সর্টেজ ধরা পড়ে যাবে। শুধু তাই নয়, বাংলা দেশের মানুষ, আমার জেলার মানুষ, ডেফিসিট এলাকার মানুষ, না খেতে পেয়ে; মায়ে ভুখা পুঃ বলে কেঁদে কেটে মরলো, তখন লেক গোডাউন-এতে চার হাজার টন চাল একেবারে ডেস্ট্রয়েড হয়ে যায়, কজড বাই সিপেজ অফ রেইন ওয়াটার। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে লিখলাম আপনি কি ব্যবস্থা করছেন এর জন্য? আপনি শুনলে অবাক হয়ে যাবেন পি, ডবলিউ, ডি, চার লাখ টাকার স্যাংশান চেয়েছিলেন, ফাইনান্স ডিপার্টমেন্ট বলেন তা খরচ করা চলবে না। এই যে চারা স্যাংশান করলেন না, তার ফল দাঁড়াল এই—৪ লক্ষ টাকা খরচ বন্ধ করতে গিয়ে, ৩২ লক্ষ টাকার চাল নষ্ট করলেন তারা? কার টাকা? সাধারণ মানুষের টাকা, দেশের গরীব মানুষের টাকা, যারা কর দিচ্ছে, যারা জাতীয় প্রতিরক্ষা তহবিলে টাকা দিচ্ছে। ঐ যে বীরেন দে স্বপরিবারে যারা যাবার সময় প্রতিরক্ষা তহবিলে ১০ টাকা দিয়ে গিয়েছে, তাদের ঘরের টাকা। মুখ্যমন্ত্রী মহাশয় কালকে বললেন টোটালিটেরিয়ান কানট্রি-র কথা। কিন্তু আমরাও টোটালিটেরিয়ান ার এগেনস্টে মশাই। কিন্তু, টোটালিটেরিয়ান কানট্রি-তে এইরকম ভাবে যদি ১ লক্ষ টন চাল রি যেতো, তাহলে তাকে ফায়ারিং স্কোয়াড-এর সামনে আসতে হত। আমি ফায়ারিং স্কোয়াডর কথা ছেড়ে দিলাম, শুধু বস্ত্র উত্তোলন করে কয়েক গাছা চাবুকের বাড়ি পর্যন্ত তাদের পিটে রনি, জোটেনি। এই হচ্ছে আমাদের দেশের ভবিষ্যৎ। আমি বলি নদীয়াতে যেখানে ৭৪ হাজার কর পাটের জমি ছিল, আজ সেখানে ১ লক্ষ ৬৯ হাজার একর জমিতে পাট চাষ হচ্ছে। পাট ষ হবার পর, সেখানে ডিভারসান হচ্ছে, সেখানে ফুড গ্রেন ক্রপস হচ্ছে না। তার ফলে হচ্ছে

কি? ফুড গ্রেন ডেফিসিট হয়ে যাচ্ছে। তাহলে এই ডেফিসিট জেলাগুলোকে খাওয়াবার দায়িত্ব কাদের?

Then every jute producing deficit district has a fundamental claim on the agricultural commodities produced in other surplus districts, like Burdwan, Bankura and Midnapur.

তা হবে না কেন? তাও আমরা দেখেছি, স্টেট উইদিন দি স্টেট।

উনি বলছেন সেল্‌ফ সাফিসিয়েন্ট। আমি অর্থনীতির ছাত্র ছিলাম, কিছু কিছু এ সম্বন্ধে পড়াশোনা করেছি, এখনো পড়াশোনা করে থাকি। আমি এটা বুঝতে পারি না বর্ধমান একটা ইউনিট হবে, বাংলাদেশের নদীয়া জেলা সেল্‌ফ সাফিসিয়েন্ট ইউনিট হবে, জলপাইগুড়ি সেল্‌ফ সাফিসিয়েন্ট ইউনিট হবে এটা ইন কন্সিভেবল, এটা হতে পারে? অনলি ভিলেন ল' কনসিভ অফ সাচ থিংস। আজকে নদীয়া জেলার লোক খেতে পাবে না; অথচ আজকে সকলে আমরা দেখবো বর্ধমানের লোক চাল পাচ্ছে—খেতে পাবে। আজকে বীরভূমের লোক চাল পাবে। কেবল নদীয়া, মুর্শিদাবাদ, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার লোক খেতে পাবে না, হাওড়া জেলার লোক খেতে পারে দুবেলা—এটা ন্যাশানাল ইনটিগ্রেসান নয়, এতে করে দেশ ন্যাশানাল ডিস-ইনটিগ্রেসান-এর পথে চলে যাচ্ছে।

মুখ্যমন্ত্রী গিয়ে বললেন নদীয়া দিয়ে চাল পাকিস্তানে চলে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গভর্নরের কাছে একটা ওপেন লেটার দিয়েছিলাম ৯ই জুলাই যে আপনি নদীয়া জেলা সফরে গিয়েছিলেন—নদীয়া জেলায় করিমপুর বলে একটা জায়গা আছে যেটা মাননীয় রাষ্ট্রমন্ত্রী স্মরজিৎবাবুর কেন্দ্র, আপনি শুনলে স্যার, অবাক হয়ে যাবেন ন' হাজার, দশ হাজার টাকা জমির কাঠা সেই করিমপুর গ্রামে, এখন তাও এ্যাভেলেবল নয়। আর ওদিকে ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার্সে তিন হাজার করে জমির কাঠা বিক্রী হচ্ছে। কেন? কি করে হচ্ছে? জুট যা আমাদের এখানে হয়েছে, আমি বলছি টোটাল প্রোডাকসান এ্যাভারেজ, অল ইণ্ডিয়া ফোরকাস্ট অনুযায়ী, প্রোটেক-সান অনুযায়ী যা পাট এদেশে উৎপন্ন হয়েছে, ইণ্ডিয়ান জুট মিল এ্যাসোসিয়েসান যা স্ট্যাটিস-টিক্‌স দিচ্ছেন তার এ্যাভারেজ কষে দেখেছি ৮ লক্ষ গাঁট পাট অতিরিক্ত হচ্ছে। আপনি সার, কল্পনা করুন ৮ লক্ষ গাঁট তার মানে ২০ লক্ষ মন পাট, এটা পাকিস্থানের পাট এখানে যার এ্যাকাউন্ট হচ্ছে না, সেটা ওখানে প্রোডাকসান হচ্ছে এবং সীমান্ত দিয়ে এখানে আসছে। এই ২০ লক্ষ গাঁট পাট কালকুলেটেড এ্যাট দি রেট অফ মিনিমাম প্রাইস অফ ৩০ টাকা যদি হয় তাহলে তার দাম কত হয় ভেবে দেখুন। ৩০ টাকা হলে প্রায় ৮।৯ কোটী টাকা এর দাম হবে, কারা এই টাকা লাভ করছেন? ইণ্ডিয়ান জুট মিল্‌স এ্যাসোসিয়েসান করছেন। তাদের বিরুদ্ধে মুখ্য-মন্ত্রী কথা বলতে পারেন? পারেন না। চটকল শ্রমিক মালোয়াড়ি ব্যবসাদারদের বিরুদ্ধে তাঁর কিছু বলবার অধিকার নাই। তাহলে বুঝুন কাদের নিয়ে তিনি বসে আছেন। এই সমস্ত বড় বড় মজুত-দারদের বিরুদ্ধে তার কিছু বলবার ক্ষমতা নাই। যাত্রা দলের নাটক অভিনয়ের মত যে কথা প্রতাপবাবু বললেন, আমি সে সম্বন্ধে আপনাকে একটা কাহিনী বলছি। এক ভদ্রলোক প্রত্যেক বছর বাড়ীতে দুর্গোৎসবের সময় লোকদের খাওয়াতেন। তার একটা ঘোষ ছিল, মতি ঘোষ—তাকে বললেন যে বাপু হে, এবার দু টাকা করে মণ দই দিতে হবে। ঘোষ বললে আজ্ঞে কর্তা তাই দেব। দ্যাখ বাবা, আমি যখন অতিথি অভ্যাগতদের জিজ্ঞাসা করবো দই কেমন হলো? যদি তারা খারাপ বলে, তাহলে আমি তোকে ধমক দিয়ে কিছু বলবো। তখন তুই বাবা কিছু মনে করিস না। নিমন্ত্রণ শেষে যখন দই পাতে দেওয়া হলো, বুঝতেই পারছেন দু টাকা দরের দই ৪৪০ রেসে পাতে দৌড়াচ্ছে, যখন এই রকম অবস্থা, তখন কর্তা হাতজোড় করে জিজ্ঞাসা করলো—কি রকম দই হলো? তারা বললে, কর্তামশাই সবই সুন্দর হয়েছে, কিন্তু দইটা বড় খারাপ হয়েছে। এই কথা শুনে তিনি বললেন ডাকো মতি ঘোষকে। সে এলো যখন, তখন কেন এরকম করেছিস বলে টেম্পোর মাথায় পায়ের খড়ম দিয়ে তার মাথায় বাড়ি মারলো, তখন ঘোষ বললো কর্তামশাই, শুধু তো বক্‌বার কথা ছিল, মারবার তো কথা ছিল না! এই যে নন্দজী, এই যে প্রফুল্লবাবু এঁরা যাত্রাদলের অভিনয় করছেন তোমরা দুর্নীতি বন্ধ কর। ব্লাক মার্কেট-টিয়ার যারা অন্যায় করছে, তারা তো জানে তাদের বকবার কথা, মারবার কথা নয় তা যদি তারা

জানতো, তাহলে তো তারা ল্যাম্প পোষ্টে ঝুলতো, ফায়ারিং স্কোয়াডের সামনে দাঁড়াতো। এখন পণ্ডিত নেহেরু কলেজ হচ্ছে, ইউনিভার্সিটী হচ্ছে, ল্যাম্প পোস্ট-এ তাদের ঝোলানো হল না। কারণ ঐ

lamp post manufactured by the Iron and Steel Co. of Tatas cannot possibly bear the burden of the black-marketeer.

সেইজন্য বোধ হয় ওখানে হবে না; ভেঙ্গে পড়বে। এখন ভিলাইতে সোস্যালিষ্ট সেকটরে যে ইস্পাত কারখানা হয়েছে, সেই ইস্পাতের তৈরী পোষ্টে কি তাদের ঝোলানো যাবে না? যাবে না। তাই আজকে বলছিলাম বাংলাদেশকে ওরা সংকটের মুখে নিয়ে যাচ্ছেন। আজকে সংকটের হাত থেকে বাঁচবার জন্য মুখ্যমন্ত্রী একটা দারুণ বিপর্য্যয়ের মধ্যে দিয়ে দেশকে নিয়ে চলেছেন, আজকে তাঁকে আমি বলছি—

He is a pompous snob, vulgar, ranker only indulging in cheap stunts and nothing else and it is a very unfortunate thing that the Congress Legislature Party in the Assembly is behaving like a comic opera, huddling around the haughty soloist like the Chief Minister Mr. Sen.

এবং শেষে আমি বলছি আজকে এই দুর্দিনের মধ্যে খাদ্য যদি না সরবরাহ করতে পারা যায়, তাহলে কেউ বাঁচবে না; কেবল বড় বড় কথাতে কিছু হবে না। আমাদের চিফ ফুড চাই, আমাদের জন্য চিফ গ্যারান্টিড ফুড-এর ব্যবস্থা করতে হবে, আর একথা আপনারা মনে রাখবেন যে

in corruptible honest administration are the best weapons of defence at the popular level.

শেষে আর একটা কথা বলে আমি শেষ করছি, অধ্যক্ষ মহাশয়, আমার সমস্ত জীবন কেটেছে সেই মহাপুরুষের জীবনী পড়ে এবং তাঁর কথা চিন্তা করে—আমাদের যে মহান নেতা সেই নেতাজী সুভাষচন্দ্রের কথা পড়ে। কিন্তু দুঃখের কথা লালবাহাদুর শাস্ত্রী কলকাতায় এলেন, ময়দানের সভায় কি সব কথা বললেন জয় জোয়ান ইত্যাদি। অধ্যক্ষ মহাশয়, আপনি নেতাজীর একজন অনুরাগী বলে আমরা জানি। আমরা সেবার আপনাকে প্রথম ময়দানের কি অনুষ্ঠানে নিয়ে গিয়েছিলাম, সেখানে শ্রদ্ধেয় হেমন্তবাবু ছিলেন, আপনি প্রধান অতিথি রূপে ভাষণ দিয়েছিলেন, আর সেই মহান নেতার মহানগরীতে এসে প্রধানমন্ত্রী জয় হিন্দ না বলে কি সব কথা বললেন জয় জোয়ান কি কোন শ্লোগান হতে পারে?

[3—3-10 p.m.]

একবার জয় জোয়ান জয় কৃষাণ আবার আই, এন, টি, ইউ, সি; বললেন যে মজদুরের কথা বললেন না তো—সঙ্গে সঙ্গে তার পরের দিন বললেন কেরলে। তার পর কংগ্রেস অধ্যাপকরা বলবেন স্যার আপনি মিড্‌ল ক্লাস-এর কথা বললেন না তো তারপরে হবে জয় মধ্যবিত্ত তারপরে জয় কংগ্রেস হবে। এই করে কখনও দেশ বাঁচবে না। তাই আমি ঐ মহান নেতা নেতাজীর কথা বলে আমি শেষ করছি। একবারের ঘটনা বলি। ১৯৪৪ সালে আজাদ হিন্দ ফৌজের যখন ভয়ানক দুর্যোগ, সিঙ্গাপুরে তিনি একজন গুজরাটী বড় ব্যবসায়ীর কাছে গিয়েছিলেন, তিনি গুজরাটী পোষাক পরে ঐ ব্যবসায়ীর বাড়ীতে গিয়েছিলেন। তিনি বললেন যে আজকে আমার সেনাবাহিনীর জন্য যুদ্ধের জন্য টাকা চাই। তখন সেই গুজরাটী ব্যবসাদার বললেন আগে তো আপনি চা খান তারপরে আমি টাকার ব্যবস্থা করছি। চায়ের ব্যবস্থা হতে তিনি বললেন নেতাজী আমি অর্ডার দিয়েছিলাম আমার ব্যাঙ্ককে বলে দিলাম যে

10 P.C. of my profits would be henceforth go to the Indian National Army.

এই অর্ডার তিনি দিয়েছিলেন। নেতাজী চা স্পর্শ না করে সঙ্গে সঙ্গে উঠে দাঁড়িয়ে বললেন

যে ঠিক আছে আমি শাহানওয়াজ, ধীলন, রাণী লক্ষীবাঈ এদের বলে দেব যে you only spent 10 per cent. of your blood and reserved 90 per cent. of your blood.

কিন্তু দেশ স্বাধীন হতে পারে না যদি সেল্ট পার্সেন্ট ব্লাড না দিতে পারে। আজকে এই ব্যবসাদাররা তাদের টেন পার্সেন্ট প্রফিট দেবে আর নাইনটি পার্সেন্ট তারা লুটবে এই ভিত্তিতে যদি দেশ চলে দেশ ধ্বংস হয়ে যাবে। এবং প্রতাপবাবুকেও বলছি তারা যেন মনে না করেন যে বিক্ষোভ আর এবার হবে না—বিক্ষোভ হচ্ছে না। বিক্ষোভ হবেই হবে তিনি জানবেন। এবং সেই বিক্ষোভের পথই তৈরী হচ্ছে। এবং গোলমালের মধ্যে দিয়েই পরিবর্তন আসছে। আজকের এই বিতর্কের মধ্য দিয়ে নতুন ঝড়ের ইঙ্গিত আমি পাচ্ছি। এই বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Narendra Nath Sarker:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রী খাদ্য পরিস্থিতি বিশ্লেষণ করে যে বিবৃতি দিয়েছেন আমি তা পূর্ণ সমর্থন করি এবং আমাদের প্রধানমন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রীও আমাদের মুখ্যমন্ত্রীর খাদ্যনীতি অনুসরণ করেছেন। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়ও এই কথা স্বীকার করেছেন যে আজ দেশে অভাব অনটন প্রবলতর হয়েছে এবং এই জন্য তিনি উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি দেখিয়েছেন আমাদের জমির পরিমাণ ১ কোটি ৩৮ লক্ষ একর, আর লোকসংখ্যা ৩ কোটি ৯২ লক্ষ। এটাই হচ্ছে খাদ্য ঘাটতির কারণ। মুখ্যমন্ত্রী মহাশয় খাদ্যনীতি বিশ্লেষণ করতে গিয়ে দেখিয়েছেন যে আজকে কলকাতা এবং শিল্পাঞ্চলে রেশনিং ব্যবস্থা প্রবর্তন এবং ঘাটতি অঞ্চলে মডিফায়েড রেশন চালু হওয়ার ফলে কলকাতা ও শিল্পাঞ্চল থেকে মুনাফাখোর এবং মজুতদাররা বিদায় গ্রহণ করেছে। বিরোধী দলের বন্ধুদের মধ্যে অনেকেই বিশেষ করে সোমনাথ লাহিড়ী মহাশয় বলেছেন যে কলকাতা এবং শিল্পাঞ্চলকে খাওয়াবার জন্য আজকে ঘাটতি জেলাসমূহে এইরকম দারুণ অভাবের সৃষ্টি হয়েছে। তারা উদ্বৃত্ত জেলাগুলিতে রেশনিং ব্যবস্থার সমালোচনা করেছেন। কিন্তু সেটা প্রকৃত ঘটনা নয়। উদ্বৃত্ত জেলা থেকে লেভি করে যে চাল সংগৃহীত হয়েছে সেই চাল ঘাটতি অঞ্চলে মডিফায়েড রেশনিং অঞ্চলে দেবার কথা ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার থেকে যে সাহায্য পাবার কথা ছিল সেই সাহায্য সম্পূর্ণ সময়মত না পৌঁছুবার ফলে বিধিবদ্ধ এলাকায় রেশনের জন্য সেই চাল দিতে হয়েছে। সুতরাং আমরা যে আশা করেছিলাম সে আশামত কাজ হয়নি। মুখ্যমন্ত্রী মহাশয় ১১ই তারিখে নদীয়ায় গিয়েছিলেন এবং নদীয়া থেকে কিছু কিছু পরিমাণ চাল স্মাগল্ড হয়ে পাকিস্তানে চলে যায় বলে শুনেছেন। আমি গ্রামের কর্মী হিসাবে এই কথা পরিষ্কার বলতে পারি যে এই চাল পাকিস্তানে যায়নি। পাকিস্তানে চাল পাচার হয়ে গিয়েছে বলে মুখ্যমন্ত্রীর কাছে যে সংবাদ পরিবেশন করেছে সে সত্য সংবাদ পরিবেশন করে নি। কারণ, নদীয়া সীমান্তের লোকেরা আজ অনাহারে অনটনের মধ্যে থেকে নিশ্চয়ই পাকিস্থানে চাল পাঠাবার জন্য উৎসাহ দিতে পারে না। বিশেষ করে নদীয়া সীমান্তে আজ পুলিশ পাহারা তীব্রতর হয়েছে। দেশ বিভাগের সময় নদীয়া জেলায় ৭ লক্ষ লোকের বাস ছিল আজ সেখানে ১৮ লক্ষ লোকের বাস হয়েছে, কিন্তু জমির পরিমাণ কিছুই বাড়ে নি। আমরা পি, এল, ৪৮০ গম খাব না। আমাদের এই প্রতিজ্ঞা আজ গোটা জাতি অভিনন্দিত করেছে। তারপর আমাদের সরকার কর্তৃক যে সমস্ত ডিপ টিউবয়েল প্রথিত হয়েছে সেগুলো ঠিকমত এনারজাইস করলে আমাদের ফসল উৎপাদন বৃদ্ধিরও সম্ভাবনা রয়েছে। অধিক খাদ্য ফলাও নীতির অনুসরণ করবার জন্য মুখ্যমন্ত্রী যে আহ্বান জানিয়েছেন তাতে দেশের সমস্ত মানুষ সাড়া দিয়েছে এবং আমাদের যে ১ কোটি ৩৩ লক্ষ মার্জিন্যাল এবং সাব-মার্জিন্যাল ল্যান্ড আছে তাতে ইনটেনসিভ কাল্টিভেসান করার জন্য যে পরিবেশের প্রয়োজন, যে সার ও বীজের প্রয়োজন, আমাদের সরকার তা নিশ্চয়ই মুক্ত হস্তে যোগাবেন। এখানে শুধু গলাবাজি করে কাজ হাসিল করা যাবে না। মানুষের জন্য বেদনা বামপন্থী সদস্যদের একচেটিয়া নয়। কম্যুনিস্ট পার্টির সদস্য খগেনবাবু বললেন ১৯৪৭ সালে ১৪ টাকা চালের মন দেখেছেন। আমি বেশী না বলে

এটুকু তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৪২ সালে এই কম্যুনিস্ট পার্টি জনগণকে বিভ্রান্ত করেছিলেন।

[3-10—3-35 p.m.]

সেদিন শুধু ঝাণ্ডাবাজি করেছিলেন, মানুষের দুঃখের কথা বলতে এগিয়ে আসেন নি, আজকে দেশপ্রেম শিখতে হবে তাঁদের কাছে? তাঁরা যেমন করে সাধারণ মানুষের ভোটে নির্বাচিত হয়ে এসেছেন আমরাও ঠিক তেমনি করেই এসেছি। সাধারণ মানুষের দুঃখ দুর্দশার কথা তাঁরা যেমন ওয়াকিবহাল আছেন আমরাও তেমনি ওয়াকিবহাল আছি। নদীয়া জেলার লোকের দুঃখ দুর্দশার কথা কাশীবাবু বলেছিলেন আমি তাঁর সম্বন্ধে পরিষ্কার করে বলতে চাই যে বিগত জুন জুলাই মাসে তিনি যেভাবে আন্দোলনের রূপ, গতি ও প্রকৃতি আরম্ভ করেছিলেন সেই আন্দোলনের রূপ, গতি ও প্রকৃতি আমরা লক্ষ্য করেছি। তিনি বাজারে নিজে ৭৬ নয়া পয়সায় চাল বিক্রি করাবার জন্য গুদাম থেকে চাল নিয়ে এসেছিলেন কিন্তু পালিয়ে এলেন কেন? তাঁর সেই নীতিকে আমরা অভিনন্দন জানিয়েছিলাম, সমর্থন জানিয়েছিলাম, প্রতিবাদ করিনি। কিন্তু তিনি ব্যর্থ হয়েছেন। আমাদের মুখ্যমন্ত্রী যে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করেছেন তিনি স্বীকার করেছেন যে তা ব্যর্থ হয়েছে। আমরাও দেখেছি নদীয়া জেলায় ৭৬ নয়া পয়সায় বিক্রি করতে গিয়ে কাশীবাবুর আন্দোলনের কি রূপ, গতি এবং প্রকৃতি হয়েছে। ১৯৫৯ সালের আন্দোলনের কথাও আমরা জানি, এই আন্দোলনের দ্বারা সরকারকে বানচাল করবার চেষ্টা করেছিলেন কিন্তু আমরা দেখেছি সেই আন্দোলনের ফলে তাঁদের নিজেদের সংগঠনের মধ্যেই ফাটল ধরেছে, ভাংগন ধরেছে, আলাদা আলাদা হাঁড়ি তৈরী হয়েছে। কাশীবাবু জনতার প্রতি যে বেদনাবোধের কথা বলেছেন সেই বেদনাবোধ প্রত্যেক সদস্যেরই আছে, সেই বেদনাবোধ প্রকাশ করা যায় কাজের মধ্যে দিয়ে, সেবার মধ্যে দিয়ে। কংগ্রেস তার কর্মের মধ্যে দিয়ে, সেবার মধ্যে দিয়ে বেদনাবোধ প্রকাশ করেছে। সুতরাং কংগ্রেসকে শুধু গাল দিলে হবে না। ওঁরা ১৪ টাকা মণের কথা বললেন কিন্তু সে যুগেও দুর্ভিক্ষ হয়েছে, ইংরাজ আমলেও দুর্ভিক্ষ হয়েছে, যুগে যুগে, দেশ স্বাধীনতা লাভ করার পর, '৪৭ সালের পর, এই ১৯ বছরের মধ্যে খাদ্যের অভাব ঘটেছে, অনটন ঘটেছে কিন্তু দুর্ভিক্ষ হয়নি। মানুষ সম্বন্ধে তাঁদের যেমন বেদনাবোধ আছে তেমনি আমাদেরও বেদনাবোধ আছে একথা পরিষ্কার করে তাঁদের কাছে রাখতে চাই। এই দেশের মানুষ না খেয়ে মরবে এমন অবস্থার সৃষ্টি হতে দিতে রাজী নই। তাই যত বড়ই কালোবাজারি হোক না কেন, যত বড়ই দুষমণ হোক না কেন, যত বড় জোতদার হোক না কেন, সে যত বড়ই শয়তান হোক না কেন, তাদের ধ্বংস করতেই হবে। তাই আজ হাজার হাজার লোককে ডি, আই, আর-এ জেলে পুরে রাখা হয়েছে। আমরা জানি নূতন যে নীতি নির্ধারিত হবে যে নীতির আভাস আমরা কাগজের মাধ্যমে পেয়েছি সেই নীতিকে কার্যকরী করবার জন্য সমস্ত মন দিয়ে, সমস্ত আন্তরিকতা দিয়ে নিশ্চয়ই আমরা এগিয়ে যাবো। সেই সংগে সংগে বিরোধী পক্ষের বন্ধুদের আহ্বান করছি যে তাঁরা সাহস করে এগিয়ে আসুন, তাঁরা যে সাধারণ মানুষ, চাষীর কথা বলছেন, তাদের উদ্বুদ্ধ করুন অধিক ফসল ফলাবার জন্য। এই ফসল বাড়াতে পারলে আমাদের বীর জোয়ান যারা সীমান্তে কাজ করছে তাদের হাত মজবুত হবে। আপনারা শুধু চিৎকার না করে এগিয়ে আসুন যাতে সম্মিলিতভাবে দেশের মানুষকে উদ্বুদ্ধ করে তুলতে পারি বেশী ফসল ফলাবার জন্য।

Mr. Speaker: The House stands adjourned for twenty minutes.

(At this stage the House was adjourned for twenty minutes)

[After Adjournment]

[3-35—3-45 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মিঃ চেয়ারম্যান, স্যার, এই খাদ্য সংকট বর্তমান পরিস্থিতি যা হয়েছে সে সম্বন্ধে আমি কিছু বলতে চাই। আমি মুখ্যমন্ত্রীর ভাষণ খুব মনোযোগ সহকারে শুনেছি। গণতন্ত্রের যদি কোন মর্যাদা থাকে, গণতান্ত্রিক দেশের কোন নজীর যদি কোন কাজে লাগে, ইতিহাস ধরে যদি চলতে হয় তাহলে অন্য কোন অভিযোগ করার আগে মুখ্যমন্ত্রীর নিজের যে স্বীকারোক্তি আছে তিনি যে বক্তব্য করেছেন তাঁর সেই নিজের বক্তব্যের উপরই মন্ত্রীত্ব ছেড়ে দেওয়া উচিত। এই সময়ে আমার বন্ধু ডাক্তার চন্দ্র এখানে নেই উনি খুব পড়াশুনা করেন হয়ত এ সম্বন্ধে বলতে পারবেন। পৃথিবীর ইতিহাসে কোন গণতান্ত্রিক দেশে যদি কোন দায়িত্বশীল ব্যক্তি এই রকম উক্তি করেন যে আমরা দেশের মানুষকে যে কোন কারণেই হোক খেতে দিতে পারছি না, এতদিন ধরে পারি নি, আজকেও পারছি না, স্বীকার করে যে দেশে সত্যই ঘাটতি আছে, স্বীকার করে যে দেশের এই পরিস্থিতিতে পাকিস্তানের চাল পাচার হয়, তাহলে এই রকম অপরাধীর আদালতে বিচার হত, তাহলে তাকে শাস্তি পেতে হত। তাই আজকে গণতান্ত্রিক রাষ্ট্রের নজির আমাকে অপর পক্ষ দেখান যে পৃথিবীর ইতিহাসে এই রকম একটা গুরুত্বপূর্ণ পরিস্থিতিতে মন্ত্রীসভা তার দায়িত্ব পালন করতে পারেনি, স্বীকার করেছেন যে হাঁ এই রকম অবস্থা হয়েছে। আমরা সংবাদপত্রে দেখেছি যে দেশের মানুষ প্রতিদিন অনাহারে অর্ধাহারে রয়েছে, অনশন করছে মারা যাচ্ছে। আমাকে আমার একজন বন্ধু বলেছেন লালগোলাতে আঞ্চলিক পরিষদের সভাতে কংগ্রেসী যাঁরা তাঁরা বলেছেন, সেখানে তিনজন লোক নাকি না খেয়ে মারা গেছে। কালকেও এই সভাতে এইরকম না খেয়ে মারা যাবার সংবাদ পাওয়া গেছে। মিঃ চন্দ্র এখন এখানে নেই, তিনি সোভিয়েট রাশিয়ার কথা বলেছেন আমি তাঁকে জিজ্ঞাসা করি সোভিয়েট রাশিয়াতে যদি এই রকম খাদ্য পরিস্থিতিতে কোন লোকের প্রাণ হানি হত তাহলে কত জন লোককে গুলি করে মারা হত, তার নজির তিনি দেননি। আমাদের দেশে কোন মন্ত্রীর সুপারিশ না নিয়ে গেলে হাসপাতালে চিকিৎসার সুযোগ পায়না, লোক মারা যায়, কিন্তু ডাঃ চন্দ্র কি সোভিয়েট রাশিয়ায় এই রকম কোন নজির দেখাতে পারেন? এই রকম গাফিলতী কি সেখানকার লোক সহ্য করে? শুধু সোভিয়েট রাশিয়া কেন যে কোন ফ্যাসিস্ট কান্ট্রিতেও এটা হয়না ডেমোক্র্যাসী যদি মেনে চলতে হয়, তাহলে বৃটিশ ডেমোক্র্যাসীর নকল করে আমরা যে খসড়া করেছি তাতে মন্ত্রীসভার যদি কোন মাননীয় সদস্যের উপর দোষারোপ করা হয়, তাহলে তাঁকে রিজাইন দিয়ে চলে যেতে হয়। চার্চিলের সময় টমাস মন্ত্রী তাঁর ছেলেকে সামান্য কিছু সুযোগ সুবিধা করে দিয়েছিলেন সেজন্য চার্চিল এক কথায় টমাসকে রেজিগনেশন দিতে বাধ্য করেছিলেন, বাধ্য করতে হয়নি সে নিজেই রেজিগনেশন দিয়ে গেল। এই সেদিনকার ঘটনা—একটা সামান্য মেয়েছেলে প্রফিউমার—ব্যাপারে একটা ক্যাবিনেট চলে গেল। কিন্তু এদেশের গণতন্ত্র আমরা সংখ্যাগরিষ্ট এখানে আমরা দলে দলে আছি—চীৎকার করবো -ভোট দেবো -থাকবো আমরা—। ৫০ বছর ১০০ বছর থাকুন তাতে কিছু আসে যায় না। উনি বলেছেন যে এই যে চালের ঘাটতি এর কারণ আমাদের কেন্দ্রীয় সরকার অক্টোবর মাসের মধ্যে যদি সবটা দিতেন তাহলে ঘাটতি হোত না। সাধারণ নাগরিক যারা তারা কেন্দ্রীয় সরকার বা কোন সরকার তাদের খেতে দেয় সে খবর তারা রাখে না। তারা চায় মোটা ভাত কোন রকমে খেয়ে জীবন ধারণ করবে। কেন্দ্রীয় সরকার নাকি চাল দেয় নি তারপর উনি বলেছেন উৎপাদন যদি বৃদ্ধি হোত পর্যাপ্তভাবে তাহলে ঘাটতি হোত না। ১৮ বছর স্বাধীনতার পর ৩টি পরিকল্পনা হয়ে যাবার পর শত শত কোটি কোটি টাকা খরচ করবার পর আজকে উনি বলতে পারেন যে আমাদের উৎপাদন কি পরিমাণ বেড়েছে? বড় বড় সেচ পরিকল্পনা দেওয়া হয়েছে এতো কাণ্ড করবার পরও এই জিনিস ঘটছে। এই রকম খাদ্যসংকট এই বাংলা দেশের ইতিহাসে বা দুর্ভিক্ষের সময়ও হয় নি। আমি চ্যালেঞ্জ করছি মন্ত্রীরা বলুন যে না এই রকম অমুক সময়ে হয়েছে। উনি একটা কথা বলেছেন বেশ গম্ভীরভাবে যে ঘরে কোন রকম গোলমাল গণ্ডগোল হচ্ছে না। ১৯৫৮ সালে যখন খাদ্য আন্দোলন হয় ৭০।৮০ জন

লোক তাতে প্রাণ দিয়েছে সেই সময় এবং ১০।১২ হাজার লোককে তখন জেলে রাখা হয়েছে—তখনকার দিনে চালের বাজার ২৪ টাকা হয়েছিল। আর আজকের দিনে ৪০।৫০।৬০ টাকা হয়েছে। আজকে যে গণআন্দোলন হচ্ছে না এটা দেশের পক্ষে ভাল নয়, দেশের পক্ষে অমঙ্গল। হয়তো মন্ত্রীত্ব যারা তাঁদের পক্ষে একটা কায়েমী ব্যবস্থা করার একটা সুব্যবস্থা হতে পারে। এখানে যখন খাদ্য বিতর্ক হয় তখন আমি তাদের মুখের চেহারা দেখেছি। তখন মনে হয় যে কোন রাজত্ব এখানে নেই। শাসন ব্যবস্থা সব লোপ পেয়ে গেছে। কারণ বাজারে চাল ডাল তেল মাছ কিছুই নাই অথচ এখানে এসে বড় বড় লেকচার করা হচ্ছে। আমি বলবো যে আপনারা দেশের চেয়ে দলকে বড় করতে চান তাহলে এদেশের মানুষকে আপনারা বাঁচাতে পারবেন না কিছুতেই। আমরা যদি চলে যাই সমস্ত বিরোধীপক্ষ তাহলেও দেশের মানুষ আপনাদের রাখবে না। কারণ আপনারা দেশের কোন সমস্যারই সমাধান করেননি। দুর্নীতি ক্রমশই বেড়ে চলেছে--এতো দুর্নীতি যেখানে সেখানে সমাধান হওয়া সম্ভব নয়। আমি এই টুকু বলি যে যখন মুখ্যমন্ত্রী বলেছেন যে এই রকম আমাদের অবস্থা তখন কি হলে তাঁরা এখান থেকে ছেড়ে দেবেন। এত দিনের খাদ্য মন্ত্রী মুখ্যমন্ত্রী হিসাবে পৃথিবীর কোন জায়গায় একটা লোক বসে থাকে না। যখন এতো দিনে এই হাল হোল তখন আর ভাল হাল কবে তা বুঝতে পারছি।

[3-45—3-55 p.m.]

Shri Anadi Das:

মাননীয় চেয়ারম্যান স্যার, খাদ্যাবস্থা যে শোচনীয় সেকথা কালকে এবং আজকে বিভিন্ন বক্তার মুখ দিয়ে পরিষ্কারভাবে বেরিয়ে পড়লো। আমি সে সব কথার মধ্যে এখন যেতে চাচ্ছি না। মুখ্যমন্ত্রী মহাশয় নিজে একথা স্বীকার করেছেন যে আমাদের নীতি ব্যর্থ হয়েছে, অবশ্য তিনি সংখ্যাতত্ত্বের আড়াল থেকে নিজের দোষ ঢাকবার চেষ্টা করছেন যে যদি কেন্দ্রীয় সরকার যথা সময়ে চাল পাঠাতেন তাহলে এই অবস্থা হোত না। আমি স্যার, আপনাকে বলছি—কয়েকটি ঘটনা-। খাদ্যাবস্থা নিয়ে বাংলা দেশে যে সব ঘটনা ঘটছে তা ১৩৭০ সালের দুর্ভিক্ষের অবস্থা নিয়ে আনন্দমঠে যেসব কথা লেখা আছে তা মনে করিয়ে দেয়। হাওড়ার [illegible] দক্ষিণ বাড়ীতে ও হুগলীর রামকৃষ্ণবাটীতে মশাটে এই সব জায়গায় খাবার নিয়ে টানা হেঁচড়া চলেছে এবং মারামারিও চলছে। যদি এই রকম অবস্থা চলতে থাকে তাহলে এগুলি আরও ভয়াবহ হয়ে উঠবে। তাই আমি সরকারের কাছে কয়েকটি কথা রাখতে চাচ্ছি। খাদ্য আছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় সদস্য ননীবাবু কাশিকান্তবাবু হিসাব করে দেখিয়েছেন যে খাদ্য আমাদের দেশে রয়েছে, সেই খাদ্য টুকু যদি বের করে এনে সকল লোককে দেওয়া যেতো তাহলে এই অবস্থা হোত না। সুতরাং যদি সরকার সত্য সত্যিই সিরিয়াস হন খাদ্য সমস্যার সমাধান করতে চান তাহলে একটা কাজ করতে পারেন যে কাল থেকে সুরু হোক, সারা বাংলা দেশে এই যে লুকায়িত খাদ্য চাল গম আছে সেগুলিকে বের করবার জন্য একটা ব্যাপক অভিযান চালানো হোক এবং সেই অভিযান চালিয়ে সমস্ত খাদ্য অবিলম্বে সমস্ত বাংলা দেশের বিভিন্ন জায়গায় বিশেষকরে ঘাটতি জেলাগুলিতে যদি পাঠানো যায় তাহলে এই অবস্থার প্রতিকার করা চলতে পারে। প্রতাপবাবু বলেছেন যে আমাদের মধ্যে খুব উদ্বেগ আছে। তাহলে এই ব্যবস্থাটা কেন গ্রহণ করা হচ্ছে না এবং এর জন্য সকল দলের লোকদের নিয়ে খাদ্য কমিটি তৈরী করা হোক—জেলা প্রদেশ এবং অঞ্চলে প্রত্যেক জায়গায় খাদ্য কমিটি তৈরী করে যদি অগ্রসর হওয়া যায় তাহলে এক সপ্তাহের মধ্যে সমস্ত চাল বেরিয়ে পড়তে পারে এবং বাংলা দেশের লোককে বাঁচানো যেতে পারে। কিন্তু কাকে এই কথা বলি একথা সরকার শুনবেন না—তারা কেবল কথার ছলের পেছনে আত্মগোপন করে থাকবেন। খাদ্য রয়েছে আমরা যখন বলেছিলাম এখানে বাজেট অধিবেশনের সময় তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে খাবার রয়েছে কোন ভাবনা নেই। সুতরাং আমরা যে নীতি নিয়ে চলছি সেই নীতি যথেষ্ট। আমরা তখন বার বার করে বলেছি যে আপনারা যে চাল কলের উপর ৫০ ভাগ লেভি করবার ব্যবস্থা করছেন—সেটাকে বাদ দিয়ে ১০০ ভাগ লেভি করতে থাকুন—আপনারা নিজেরা চাল সংগ্রহ করতে থাকুন—ষ্টেট ট্রেডিং করুন—চালের বাজারে আপনারা একচেটিয়া রাষ্ট্র ব্যবসা প্রবর্তন করুন তখন

তাঁরা শুনেন নি। আজ তাঁরা বলছেন হ্যাঁ, এটা করা উচিত কিন্তু করবেন কিনা সেটা বুঝতে পারছি না। যতক্ষণ পর্যন্ত এটা করা না হয় ততক্ষণ না আঁচালে বিশ্বাস নেই; তাই আজ বলছি যে তাহলে তারা এটা করতে পারলেন না কেন? আজ যেটা স্বীকার করছেন তখন যদি সেটাকে ধরতে পারতেন তাহলে বাংলা দেশের এই অবস্থা হোত না। এই না করার পেছনে দুটো যুক্তি থাকতে পারে—হয় তাঁরা ভবিষ্যৎ দেখতে পান নি নির্বুদ্ধিতা অথবা শয়তানী বুদ্ধি—মুনাফাবাজকে বজায় রাখবার জন্য চেষ্টা করছেন মাত্র। তিনি গর্বভরে বলেছেন যে আমি নির্বোধ নয়, আমরাও মনে করি না যে তিনি নির্বোধ, কারণ এর পেছনে মুনাফাবাজকে রক্ষা করবার চক্রান্ত থেকে তাঁরা দেখতে পান নি। সেই শয়তান চক্রান্তকারী সরকারকে যাঁরা মুনাফাবাজদের রক্ষা করেন সেই সরকারকে বরখাস্ত করা হটিয়ে দেওয়া অপসারিত করাই বাংলা দেশের লোকের একমাত্র কাজ। এছাড়া অন্য কোন কাজ নেই।

আমরা বারবার দেখেছি যে সরকারের ঐ এ, কে, দত্ত মহাশয় সালকিয়াতে তাদের যে বেবি ফুডের কারবার আছে যেটা বাংলাদেশের সকলেই জানেন এবং তিনি এই নিয়ে যখন চোরাকারবারী করতে গেলেন, যখন তিনি গ্রেপ্তার হলেন তখন তাঁকে ছাড়াবার জন্য ওকালতি করতে গেলেন ক্যাবিনেটের একজন প্রবীনতম সদস্য শ্রীশৈলকুমার মুখার্জি। কিন্তু তার কথা শোনেনি প্রফুল্লবাবু। এটা বড়ই দুঃখের বিষয় যে তাঁরই ক্যাবিনেটের একজন মন্ত্রী চোরাকারবারী করার জন্য যাঁকে গ্রেপ্তার করা হয়েছে তাকে ছাড়াবার জন্য তদবির করছেন এই প্রফুল্ল সেন-এর মন্ত্রীসভার একজন মন্ত্রী। সরকারের অধীনে টালিগঞ্জ-এ যে সমস্ত গোডাউন আছে সেখানে ৯ হাজার টন চাল গম নষ্ট হয়ে গেল। কেন্দ্রীয় সরকার থেকে যখন ইন্সপেক্টার আসে তখন তারা বলে গিয়েছিলেন গোডাউনের যে অবস্থা তাতে জল ঢুকে সমস্ত নষ্ট হয়ে যেতে পারে। কিন্তু দেখা গেল এক বৎসর আগে যে কথা বলে গিয়েছিলেন তার কিছুই হয়নি বি. সি. গাঙ্গুলি যিনি নাকি ঐ গোডাউনের ইনচার্জ-এ ছিলেন তার জন্য আজ ৯ হাজার টন খাদ্যশস্য নষ্ট হয়ে গেল অথচ তাঁকে আজ বহাল তবিয়তে রাখা হয়েছে তার কারণ হচ্ছে এই বি. সি. গাঙ্গুলি জনতার হাত থেকে প্রফুল্লবাবুকে রক্ষা করেছিলেন। এসব খবর জনসাধারণের দর্পণ কাগজে বেরিয়েছে। একথা সরকারও জানেন, আজকে সরকার র‍্যাশনিং নিয়ে কথা বলেন। কিন্তু যে র‍্যাশনিং নিয়ে এত কথা সেই র‍্যাশনিং-এর জন্য আজ আমরা গর্ব অনুভব করি। কারণ আমার দলের পক্ষ থেকে এই বিধানসভায় প্রথমে এই র‍্যাশনিং-এর কথা বলা হয়েছিল। কিন্তু আজকে আমরা দেখছি যে এই র‍্যাশনিং নিয়ে ধাপ্পাবাজী করছেন। আজকে আমাদের যা খাদ্যশস্য আছে তা ভাগ করে খেতে হবে বলা হচ্ছে, কিন্তু আমি বলতে পারি যে আজকে খাদ্য নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। কতকগুলি লোক গরীবের পকেট কেটে এই কাজ করছে যার ফলে কেউ খেতে পাবে আর কেউ খেতে পাবে না। এই অবস্থা চলতে পারে না এই জিনিস হতে পারে না। আজকে কলকাতার মানুষকে কম খাইয়ে রাখা হচ্ছে, হাওড়া জেলার মাকড়দহে সেদিন একটি লোক তিন দিন না খেয়ে থাকবার পর স্টেশনে চাল সংগ্রহ করতে এসে অজ্ঞান হয়ে পড়ে যান এবং পরে মারা যান। ঘটনাটি এনকোয়ারি করবার জন্য যে ব্যবস্থা হয়েছে তাতে এই চেষ্টা করা হয়েছে যে সে অসুখে মারা গেছে এই কথা লেখা যায়। সুতরাং আজকে এই বিধানসভা থেকে জনসাধারণের কাছে একমাত্র কথা রাখতে হবে যে এঁরা বলেন এক আর করেন অন্য। এঁরা বলেন গঠনমূলক সমালোচনার কথা। আমরা মাঠে ময়দানে মিটিং করে নানা গণ ডেপুটেশনের গঠনমূলক অনেক কথাই বলেছি, কিন্তু সরকার তার একটা কথাও রাখেন নি এবং জানি রাখবেনও না। চোরাকারবারীর কাছ থেকে চাল উদ্ধারের কোন ব্যবস্থাও করবেন না তাই আজকে একমাত্র কর্তব্য হচ্ছে এই সরকারকে অপসারিত করবার জন্য প্রাণপণে অগ্রসর হওয়া।

[3-55—4-5 p.m.]

Shri Kandru Majhi:

মাননীয় স্পীকার মহাশয় ১৮ বৎসর ধরে বাংলা দেশের কৃষি এবং কৃষককে ফাঁকি দিয়েছে এই সরকার। আজকে যুদ্ধ পরিস্থিতিতে তাদের ঘুম ভেঙ্গেছে। এঁরা বলছেন উৎপাদন বাড়াতে হবে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হতে হবে। কিন্তু চাষীরা যে উৎপাদন করছে তাদের তা ঠিকমত

বণ্টন হচ্ছে না। চাষীর মুখের অন্ন কেড়ে নিয়ে সরকার এবং মুনাফাখোর চোরাকারবারদের যোগসাজসে তা চোরাবাজারে চলে যাচ্ছে। আজ এর কোন ব্যবস্থা হচ্ছে না। এতে চাষীরা কি ভাবে উৎপাদন বাড়াবে বা সে উৎসাহ পাবে তা জানি না। চাষীদের চাষের জন্য যে অনুকূল পরিবেশ সৃষ্টি করার দরকার তা করতে হবে। চাষী যে উৎপাদন করছে সেটা সে যাতে ঠিক ভাবে পায় যাতে সেটা সুষ্ঠুভাবে বণ্টন হয় সেটা দেখা দরকার। চাষীরা যাতে অভাবের সময় উৎপীড়িত বা বঞ্চিত না হয় তা দেখতে হবে কিন্তু আজকে সরকারী অব্যবস্থার ফলে চোরাকারবারীরা তা করতে দিচ্ছেন না। আমরা দেখেছি পুরুলিয়া জেলায় যখন ধান লেভী করলেন তখন জেলার জনসাধারণ বলেছিল সেই চাল জেলার অভাব অনটনের সময় সেই চাল বণ্টন করা। আজকে আমরা দেখছি আমাদের জেলার লোক না খেয়ে মরছে, তাদের খাদ্যের অভাব এরা পূরণ করতে পাচ্ছেন না। অপরধারে আমরা দেখেছি--যে এই চাল অনেক পাচার হয়ে যাচ্ছে। চৌর্যবৃত্তি বা ডাকাতি ছাড়া আর কি বলা যেতে পারে। চোরাকারবারী এবং মুনাফাখোরদের যোগসাজসে এই চাল বেশীদামে বিক্রী হচ্ছে এবং বিহার বর্ডার দিয়ে এই চাল চলে যাচ্ছে। আমার বাড়ী বিহার বর্ডারের সন্নিকটে। এই অবস্থার সম্পর্কে প্রতিকার করা দরকার। প্রতিদিন শত শত মণ চাল পাচার করে দেওয়া হচ্ছে আমি ডি, সি-কে জানালেও তিনি ব্যবস্থা করতে পারেন নি। আমরা দেখেছি ছোট ছোট চাষীদের এরা ধরপাকড় করছেন অথচ যারা চোরাকারবারী করছে সেই সমস্ত বড় বড় ব্যাবসাদারদের শাস্তি দেওয়া হচ্ছে না। আমার কথা হল এই সমস্ত বড় বড় চাষীদের বা এই সমস্ত মুনাফাখোরদের ধরার ব্যবস্থা করা হোক। আজকে চোরা পথে ধান বিহারে চলে যাচ্ছে পাচার হয়ে যাচ্ছে আমরা দেখেছি যে নদীয়া জেলায় এবং অন্যান্য জেলায় ঠিক যখন ধান পেকে উঠেছে ঠিক সেই সময় এই সমস্ত চাষীদের ধর পাকড় করা হচ্ছে। আমি অবশ্য এই কথা বলি না যে চোরাকারবারীদের ছেড়ে দেওয়া হোক। কিন্তু যে জিনিষটা ঘটছে সেটা মোটেই বাঞ্ছনীয় নয়। পরিশেষে আমি বলবো দেশের প্রকৃত অবস্থা উপলব্ধি করা না হয় তা হলে আমাদের খাদ্য উৎপাদন কোন প্রকারেই বাড়ান যাবে না এবং এ খাদ্য সমস্যার সমাধানও হবে না।

Shri Tarapada Dey:

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে যে অবস্থা হয়েছে কোন সভ্য দেশের গভর্ণমেণ্টের অধীনে যারা নিজেদের সভ্য বলে থাকেন তাদের অধীনে যে এরূপ অবস্থা হতে পারে এটা অত্যন্তই বিরল। আজকে আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত ঘাটতি এলাকার সেখানকার মানুষ কি দুঃখ কষ্টে, কি অনাহারে দিন কাটাচ্ছে। মাননীয় চেয়ারম্যান স্যার, এর ভয়াবহ দৃশ্য না দেখলে বুঝতে পারা যায় না। আমি হাওড়া জেলার কথা বলছি। উৎপাদন সেখানে যা হয় সারা গ্রামাঞ্চলেও তিন মাসের বেশী হয় না। তা ছাড়া সহর সাব ডিভিসান ডোমজুড় সাকরেল এবং বালী থানা অঞ্চলের লোকেদের এক মাসেরও খাবার হয় না। এই সমস্ত অঞ্চলে বেশীর ভাগ শ্রমিক তন্তুজীবী এবং দুর্জিরা বাস করে। আজকে আপনারা এই সমস্ত এলাকায় আইন করে চাল আমদানী করা বন্ধ করে দিয়েছেন যদি কোন সভ্য সরকার এরূপ অবস্থা করেন এবং তার পরিণাম কি সেটা ভাবা দরকার। আজকে আমরা দেখতে পাচ্ছি যে এক ছটাকও চাল ঐ সমস্ত এলাকায় যাচ্ছে না এবং যার ফলে লোকে খাবার কোন ব্যবস্থা আজ নেই। জেলা ম্যাজিষ্ট্রেট এবং মন্ত্রী মহাশয়রা সব চুপ করে বসে আছেন অথচ এই সমস্ত লোকগুলি কি করবে তার কোন উত্তর আজ আমরা পাচ্ছি না। ওরা মডিফায়েড র‍্যাশনিং চালু করেছেন কিন্তু এই মডিফায়েড র‍্যাশনিং হল একটা মস্ত বড় ধাপ্পাবাজি। কংগ্রেসের সকলেই জানেন যে গ্রামাঞ্চলের লোক, শহরাঞ্চলের লোক অর্থাৎ রুরাল অঞ্চলের লোক আর আরবান অঞ্চলের লোক এইভাবে দুটী ভাগ আছে। যে সব জায়গায় মডিফায়েড র‍্যাশনিং দেওয়া হয়েছে তা অতি সামান্য। আবার রুরাল অঞ্চলে বলা হয়েছে যে চাল সেখানে দেওয়া হবে না।

আমরা বুঝি যাদের বাড়ীতে ধান আছে, তাদের বাড়ীতে চাল দিন আর না দিন সে আলাদা কথা। কিন্তু যাদের বাড়ীতে কিছু নাই, যাদের বাড়ীতে না কিনলে উপায় নাই, তাদের বাড়ীতে এই রকম করে চাল বন্ধ করে দেওয়া যে কোন্ নীতি, কোন সভ্যতা, তা আমরা বলতে পারবো না। এই যে মডিফায়েড রেশন বলে যে বস্তুটি ঢুকিয়ে দিয়েছেন, এমা একটা মস্তবড় ধাপ্পা

ছাড়া আর কিছু নয়, এই রকম অবস্থা যে হবে তা আমরা গত বছর খাদ্য নিয়ে আলোচনার সময় বার বার করে বলেছিলাম। তখন মুখ্যমন্ত্রী আমাদের অনেক করে বোঝাবার চেষ্টা করেছিলেন এই বলে যে এবার প্রচুর ফসল ফলবে। ঘাটতি জেলার সঙ্গে বাড়তি জেলা এক সঙ্গে মিশিয়ে দেবার কথা হয়েছিল যেমন মেদিনীপুরের সঙ্গে হাওড়াকে মিশিয়ে দেবেন এবং মেদিনীপুর থেকে চাল হাওড়ায় আনা যাবে। তারপর তিনি বলেছিলেন মডিফায়েড রেশনে এক কেজি চাল ও এক কেজি গম দেওয়া হবে। এক এক করে সব তিনি তুলে নিলেন; মেদিনীপুরকে আলাদা করে দিলেন, হাওড়াকে আলাদা রেখে দিলেন। চাল-গমের পরিমাণও কমে গেছে ঢের—কোথাও একশো করে গম, আবার কোন এলাকায় চারশো করে গম ও চারশো করে চাল দেওয়া হচ্ছে। কলকাতায় যা দিচ্ছেন তাতে এক-আধদিন কম হচ্ছে। কিন্তু মডিফায়েড রেশন এলাকাতে মাত্র এক দিনের খোরাক দিয়ে সমস্ত জায়গায় চাল আমদানী বন্ধ করে দেওয়া হয়েছে। এটা কোন সভ্য সরকার করতে পারেন, তা আমরা জানি না। তার মানে কী? তার মানে কি এই যে প্রকারান্তরে বলা হচ্ছে যে চোরাকারবারটা আমরা বজায় রাখবো? যদি আমরা খাবার না পাই, বাইরে থেকে আমরা কিনবো, সুতরাং চোরাকারবারে চাল আসবে এবং আমরা তা কিনতে বাধ্য হবো, হয়েছেও তাই। হাজার হাজার মন চোরাকারবারী আসছে এবং বেশী বেশী দাম দিয়ে আমরা কিনছি। অথচ এই চোরাকারবারীদের গায় মুখ্যমন্ত্রী হাত দিতে পারেন নি। আমরা বার বার করে বলেছি মুখ্যমন্ত্রীকে, তাদের নামধামও জানিয়েছি তাকে; কিন্তু কোন ফল হয় নাই। আমরা জেলা ম্যাজিস্ট্রেটকে বলেছিলাম যে মশাই, মেদিনীপুর থেকে চাল আসবে—তখন আনতে দেওয়া হয় নাই। এখন বেশী দাম দিয়ে মেদিনীপুর থেকে চাল আনতে দেওয়া হচ্ছে, এই সমস্ত ব্যক্তিরা আসছেন যেমন গড়াইডাঙ্গার বলাইচন্দ্র পাল, চণ্ডীতলার কেটচন্দ্র পাল আর ডানকুনির জহর মল্লিক। তারা মেদিনীপুর থেকে প্রচুর চাল নিয়ে এসে ব্লাক মার্কেটিং করছে। কিন্তু হাওড়া জেলার ডোমজুড়ের যে সমস্ত লোক মেদিনীপুর থেকে চাল আনতে চাচ্ছে, তাদের মিল মালিকরা বলছে বেশী দাম দেও, না হলে চাল দেব না। আমরা জেলা ম্যাজিস্ট্রেটের কাছে এ সম্বন্ধে চিঠি লিখেছিলাম এবং তাঁকে অনুরোধ করেছিলাম আপনি মুখ্যমন্ত্রীকে বা হাইয়ার ডিপার্টমেন্টকে এটা জানান। তারপর রাইটার্স বিল্ডিংস থেকে পুলিস গিয়ে আমাকে বললেন চলুন, ব্যাপারটা দেখি গিয়ে। যাওয়া গেল। সমস্ত কারবারীদের ডাকলেন এবং বললেন আপনারা প্রমাণ দিন যে তারা বেশী দাম চেয়েছে। তখন কারবারীরা বললেন মশাই, আমরা তো অর্ডার দিয়েছি, আমাদের অর্ডার সাপ্লাই হয়নি। তা ছাড়া এটা আপনারা অনুসন্ধান করুন। আজকে যদি আমরা সব বলে দেই, তাহলে চিরকালের জন্য আমাদের কারবার বন্ধ হয়ে যাবে। আমরা বললাম মশাই, আপনাদের এত আই-বি ডিপার্টমেন্ট ইত্যাদি আছে তাদের গিয়ে বলুন। আপনাদের ডি. আই. রুল আছে তাতে তাদের ধরুন। তখন তাঁরা বললেন অত ক্ষমতা আমাদের নাই, একমাত্র যদি আপনারা প্রমাণ দিতে পারেন, তাহলে হবে। এইভাবে তারা চোরাকারবারটা বজায় রেখেছে।

তারপর ডোমজুড়ের যে অবস্থা, সেই ইতিহাস আমাদের জীবনে কোনদিন আসেনি, সেটার একমাত্র কারণ হচ্ছে মুখ্যমন্ত্রীর ঐতিহাসিক বক্তৃতা। তাঁর ঐতিহাসিক বক্তৃতার পর আর কোথাও চাল নাই। চালের দাম আড়াই টাকা থেকে চার টাকা উঠে গেছে, দলে দলে লোক ছুটেছে খাবারের সন্ধানে, খাবার পায়নি। গ্রাম থেকে গ্রামান্তরে কাতারে কাতারে নিয়ে মানুষ চলেছে। সেই অভুক্ত মানুষের দল জেলা ম্যাজিস্ট্রেটের কাছে গিয়ে ধর্ণা দিয়েছে। তিনি বললেন আমি কিছু করতে পারবো না, আমার কোন হাত নাই, আমরা কয়েকজন মন্ত্রীসাহেবের কাছে গিয়েছিলাম, এ্যাপয়েন্টমেন্ট করে ইলিয়াস সাহেব, অনাদিবাবু ও আমি তাঁর সাথে দেখা করতে গিয়ে দেখি তিনি এত ব্যস্ত যে আমাদের সঙ্গে দেখা করতে পারলেন না দশটার সময়। আমরা বললাম এত লোক না খেয়ে মরছে, একটা ব্যবস্থা করুন, তিনি বললেন মরে মরুক, আমি কিছু করতে পারবো না। তিনি এই ধরনের নির্মম উক্তি করতে পারেন আমরা শুনে তো অবাক হয়ে গেলাম। আমাদের দেশ বলে তা সহ্য করছে। শীতল পাল বলে একজন লোক না খেয়ে মরেছে—কন্ট্রোলের চাল নিতে এসেছে। রাজাপুর, মহিষপুর, চক্রদাগা, চক-কদমতলা, পানিহাড়া প্রভৃতি গ্রামে বহু লোক না খেতে পেয়ে মারা গেছে। সেপ্টেম্বর থেকে আজ পর্যন্ত হিসাব করলে জানা যাবে, ডাক্তাররা বলতে পারবেন—সে সব লোক না খেয়ে মারা

গেছে, অনাহারজনিত রোগে মারা গেছে। পরীক্ষা করলে তা জানা যাবে। এই হচ্ছে আমাদের মুখ্যমন্ত্রীর খাদ্যনীতি, যা সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আবার শুনছি নূতন করে তাঁরা খাদ্যনীতির ব্যবস্থা করবেন, তা করতে গেলে যে সমস্ত এলাকা ঘাটতি এলাকা, যেখানে মডিফায়েড রেশন নাই, সেখানে পুরা রেশনিং-এর ব্যবস্থা করতে হবে। খাদ্য বাড়াতে গেলে, কৃষকদের জমি না দিয়ে, জমিদারী প্রথা সম্পূর্ণ উচ্ছেদ না করে, প্রাচীন ধরনের লাঙ্গল ও বুড়ো বলদ দিয়ে চাষ করলে হবে না, এর পরিবর্তন করতে হবে। কায়েমী স্বার্থকে হত্যা করতে হবে, তাদের গায়ে হস্তক্ষেপ করতে হবে, তা না করলে কোনদিন খাদ্য সমস্যার সমাধান হবে না। এটা না করলে বাংলার মানুষ কোনদিন আপনাদের ক্ষমা করবে না। কংগ্রেসী যারা আছেন তারা হয়ত দলে পড়ে সহ্য করছেন, চাকরী চলে যাবে ভয়ে, কিন্তু বাংলার মানুষ তাদেরও ক্ষমা করবে না, তা অসম্ভব।

[4-5—4-15 p.m.]

Shri Sanat Kumar Raha:

মিঃ চেয়ারম্যান স্যার, খাদ্য সংকটে সরকারী নীতি ও খাদ্য সংকটের ভয়াবহ রূপ সম্পর্কে বহু বক্তা বক্তৃতা করে গেছেন। আমি কেবল মুর্শিদাবাদ জেলার ডেফিসিট এলাকা সম্বন্ধে আমার অভিজ্ঞতা থেকে কিছু বক্তব্য পেশ করছি। এবারকার ১৯৬৫ সালের সংকট প্রত্যক্ষভাবে আমাদের কাছে এই রাষ্ট্রযন্ত্রের রাজনৈতিক রূপটা প্রকট করে দিয়েছে। সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই এই সরকারের নেতৃত্বে যে দুটো বাজার চলছে, সেই দুটো বাজারের বীভৎস রূপ হচ্ছে সরকারী নিয়ন্ত্রণের বাইরে, তারই সঙ্গে চোরাবাজারী ঘোষ নীতি, তাদের রেশনিং ও মডিফায়েড রেশনিং। তারও বীভৎস রূপের অনেক রিপোর্ট দিয়েছেন। আর একটা বীভৎস রূপ হচ্ছে সরকারী নিয়ন্ত্রণের বাইরে, তারই সঙ্গে চোরাবাজারী ঘোষ নীতি, তাদের দ্বারা সৃষ্ট কালোবাজারীর একটা শাসন। এই দুটো বাজারের উপর রাষ্ট্রযন্ত্রের প্রশাসনিক আধিপত্য আছে। কী রকম? যেখানে মডিফায়েড রেশন এর দরকার সেখানে মডিফায়েড রেশন-এর ব্যবস্থা নাই। যেখানে সেইসব গাঁয়ের লোকের কথা এই এ্যাসেম্বলী মিটিং এ এসে [illegible] সুযোগ কম থাকে; সেই দেশে গ্রামের এবং দুঃস্থ এলাকার [illegible] আমরা জানি! মোটামুটি এটা ঠিক কলকাতাকে পূর্ণ রেশন না দিয়ে কলকাতার [illegible] করা হয়েছে এই সরকারের খাদ্যনীতির ফলে। মোটামুটি এটাও ঠিক যে মডিফায়েড [illegible] অংশ কমিয়ে দিয়ে মডিফায়েড এলাকায় নিয়মিতভাবে খাদ্য সরবরাহ না করে [illegible] বঞ্চিত করা হয়েছে। কিন্তু বাংলাদেশের সমাজে এমন একটা শ্রেণী আছে [illegible] রেশন বা মডিফায়েড রেশনের দোকানে পদার্পণ করবার মত ক্ষমতা রাখে না। [illegible] রাজই খাটে, রোজই চাল কেনে এক কেজি আধ কেজি করে, [illegible] ভয়াবহরূপ [illegible] দেখছি মুর্শিদাবাদ জেলায় এবং মূলতঃ এই শ্রেণী এবার খাদ্য আন্দোলনে অংশ [illegible]। লালগোলা, ধর্মপুরা, ঔরাগাবাদ; ভগবানগোলা; মালদহের মানিকচক; [illegible] থানার বিভিন্ন গ্রাম থেকে মহিলারা এমন কি [illegible] বেরিয়ে এসেছিলেন এই খাদ্য আন্দোলন করতে। [illegible] না। কেন? না তিনি [illegible] ভয়াবহ হয়ে সেইসব রিপোর্ট পরিপূর্ণভাবে ছাপেন না। [illegible] এই কংগ্রেস সরকার [illegible] দ্বারা দুটো [illegible] পরিচালনা করছেন [illegible]। রেশনিং নিয়ন্ত্রিত করেন বড়লোকের স্বার্থে এবং কালোবাজার তৈরী করেন [illegible] স্বার্থে। এই দু-মুখো নীতি এবার প্রকট রূপে খাদ্য সংকটে দেখা দিয়েছে।

আর একটা কথা বলতে চাই কালকে প্রফুল্লবাবু বলছিলেন যে কর্ডনিং করার ফলে শাপে বর হয়েছে। বরটা কী? এই কর্ডনিং-এর জন্য নাকি ধান পাওয়া যাচ্ছে [illegible] ধান পাচ্ছেন। এই কথাটা এ্যাসেম্বলীর ফেরামে বলা অত্যন্ত দুঃসাহসের কাজ [illegible] গিয়ে যদি অভুক্ত লোকের সামনে বলতে পারতেন [illegible] রাধারঘাট অঞ্চলে গিয়ে বলতে পারতেন তাহলে বুঝতেন দেশের মানুষ এই কথার কি মূল্য দেয়। পল্লী অঞ্চলের ৭৭ হাজার টন

খাদ্যশস্য কেড়ে নিয়ে এসে তিনি কলকাতায় রেশনিং করে নিজের ইজ্জত রক্ষা করেছেন। তিনি বললেন ৩৪ হাজার টন দিলে এই সংকট হত না। এ সবই মিথ্যা কথা, আমরা পরিষ্কারভাবে দেখিয়েছি যে আরও ৩ লক্ষ টন খাদ্য না পেলে মডিফায়েড র‍্যাশনিং এবং কলকাতার রেশনিং তিনি রক্ষা করতে পারতেন না যার সুযোগ চোরাকারবারীরা পেয়েছে। প্রফুল্লবাবু যে তথ্য রাখেন এরা তার চেয়ে অনেক তথ্য বাগীশ। প্রফুল্লবাবুর ১৮ বছরের রাজত্বে তারা খুব সিজন্ড মেকানইজ্ড এবং অর্গানাইজ্ড হয়েছে। প্রফুল্লবাবুর ক্ষমতা নেই যে তাদের সঙ্গে লড়াই করে পারেন। তাই আমি বলতে চাই যে কর্ডনিং-এর ফলে স্পেকুলেটারসরা যে পুরানো চাল পচে গিয়েছে পোকা লেগেছে সেগুলি আস্তে আস্তে ছেড়ে দেন। ফুলিয়ার মিটিং-এ তিনি ঐ কথা বলার পর জীবনপুর বর্ডার দিয়ে বহরমপুরে যে চাল আসছিল সে চাল আসা বন্ধ হয়। হোর্ডারদের সঙ্গে ডি, এম, ও এস, ডি, ও-দের একটা মৌখিক চুক্তি হল—ডি, এম, পারমিট দিচ্ছেন এস, ডি, ও, পারমিট দিচ্ছেন সুতরাং হোর্ডাররা দেখল ৭৬ পয়সায় বিক্রী করবার দরকার নেই ১ টাকা চার আনা ছয় আনায় যা বিক্রী হচ্ছিল ওখানকার স্থানীয় কর্তৃপক্ষ বললেন ওটা বেআইনী নয়। এ'রা নীতি ভ্রষ্ট, এ'দের প্রশাসনে কোন ভিত্তি নেই, এ'দের কোন সততা নেই। একটা ঘটনার কথা বলি। একবার ৫০ হাজার টাকার মাল পাচার হয়ে যাচ্ছিল আমি ডি, এম-কে গিয়ে বললাম এগুলো আপনি চেক করুন। কিন্তু ডি, এম, বললেন তাহলে সমস্ত লোক চটে গিয়ে ব্ল্যাক আউট করবে আপনি সে দায়িত্ব নেবেন? তখন আমি নিজে হ্যাণ্ডল করেছি। বহরমপুরে খাগড়া বাজারে ২/৩ হাজার লোক একটি ট্রাককে ঘিরে ধরেছে—তাতে ১০০ কুইন্টাল চাল ছিল। পুলিশ ফায়ারিং করতে চায় এবং লাঠি চার্জ করে। সমস্ত লোক ছত্রভঙ্গ হয়ে পড়ে। ফায়ারিং হলে মানুষও মরবে, এবং উত্তেজিত মানুষের হাতে পুলিশও মরতে পারে। সেই মুহূর্তে আমি সেখানে গিয়ে উপস্থিত হই এবং আমি ডি, এম-কে বলি এই মাল এখানেই এখুনি বিক্রী করে দিতে হবে। কিন্তু পুলিশ বলে তাদের ল এ্যাণ্ড অর্ডার মেনটেন করতে হবে, এগুলো গভর্নমেন্টের হেফাজতে যাবে। কিন্তু তারপর আমি পুলিশের একটু সাহায্য না নিয়ে সেগুলো সব ৭৬ পয়সায় বিক্রী করে দিই। এই তো হল বাংলাদেশের অবস্থা। এইসব কণ্ট পাওয়া লোকের প্রতি এই সরকারের কোন দৃষ্টি নেই। তাদের প্রতি এরা উদাসীন। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এর আগে মাননীয় সদস্য ইলা মিত্র মহাশয়া মানিকচক সম্পর্কে আপনাকে কয়েকটা মৃত্যু সংবাদ দিয়েছেন। বি, ডি, ও রা তদন্ত করতে যান ঠিকই কিন্তু তাঁরা মনোরমা অসুখ বিসুখে মৃত্যু হয়েছে বলে রিপোর্ট দেন। আমিও এখানে আপনাকে কয়েকটা মৃত্যু সংবাদ দেব, কালিয়াচকে রাধা রিমান বলে একজনের মৃত্যু হয়েছে, লালগোলাতে কিয়ামত শেখ, আজিমগঞ্জের কাদের শেখ, এই ঘটনাগুলো আমি নিজে জানি। তারপর হালতুর বীরেন দের কথা এখানে আলোচিত হয়েছে, এরকম আরো কয়েক শত মারা গিয়েছে জলপাইগুড়ী, কুচবিহারে। এইসব মৃত্যু সম্পর্কে সরকারের এ্যাটিচিউড হচ্ছে গতানুগতিক বৃটিশ যুগের মত। তারা বলে দেবেন হয় টি, বি, রোগে মারা গিয়েছে না হয় হার্টফেল করে মারা গিয়েছে। যদি এই সরকার সত্যি সত্যিই জনদরদী সরকার হতেন তাহলে খাদ্য ও মানুষের জীবনকে এক সঙ্গে দেখতেন। তাঁরা বি, ডি, ও: এস, ডি, ও: ডি, এম-এর উপর দায়িত্ব দিয়ে বসে থাকতেন। সরকারী এ্যাটিচিউড বদলাতে হবে, হোর্ডারদের সম্পর্কে, প্রকিওরমেন্ট সম্পর্কে ওঁদের এ্যাটিচিউড বদলাতে হবে। মেদিনীপুরে আমি জানি-সরকার ৯ মাস ধরে সিজ করে রেখে দিয়েও মাল নেন নি এমন অপদার্থ এবং পংগু সরকার। এ'রা প্রকিওরমেন্ট করতে পারেন না। এ'দের পুলিশ দুর্নীতি করেন।

[4-15—4-25 p.m.]

Shri Golam Yazdani:

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে বাংলাদেশের খাদ্য পরিস্থিতির বিষয়ে আমাদের পক্ষ থেকে যথেষ্ট বলা হয়েছে। এবং আমিও আমার অভিজ্ঞতা থেকে যতটা জানি বলবার চেষ্টা করব। আমাদের এই মুখ্যমন্ত্রী বহুদিন ধরে এই খাদ্য দপ্তরের ভার প্রাপ্ত আছেন। তাঁর কাছে আমরা প্রত্যেক বছরই শুনতে পাই যে এই রকম নানা ধরণের অসুবিধা হয় এবং এই অসুবিধাগুলি তারা দূর করবার চেষ্টা করবেন। আমরা এবারও গতকাল শুনলাম কতকগুলি

অসুবিধার কথা যেমন মূল্য নিয়ন্ত্রণ চোরাকারবার এবং মিল মালিকদের শায়েস্তা করবার জন্য আইন করবার কথা। এই কথা আমরা বারে বারে শুনি কিন্তু পরবর্তী বছরে দেখি ঠিক সেই অবস্থাই বর্তমান, খাদ্য সমস্যার সমাধান হয়নি যার ফলে আমরা দেখি আজ বাংলাদেশের চারিধারে হাহাকার। এবং চালের কে, জি তিন টাকা। এমন অবস্থায় আমরা সরকারের কাছ থেকে যেটা আমরা আশা করেছিলাম তা আমরা পাইনি এবং পাব না। এটা আমরা জানি। তারা যদি মফঃস্বল অঞ্চলের লোকের দুঃখ দুর্দশার অনুভব করতেন তাহলে তারা এইদিকে একটু দৃষ্টি দিতেন। কিন্তু আমি মনে করি মফঃস্বল এলাকার দুঃখ দুর্দশার কথা তারা অনুভব করতে পারেন না। স্যার, গতকাল মুখ্যমন্ত্রী মহাশয় যে সমস্ত ঘাটতি জেলার কথা বললেন তাতে মালদহের কথা শুনলাম না। মালদহ জেলাও ঘাটতি জেলা, সেখানে জুন, জুলাই, সেপ্টেম্বর-এ কি ভয়াবহ অবস্থা ছিল। চালের কে, জি আড়াই টাকা পর্যন্ত হয়ে গিয়েছিল। এবং অনাহারে কালিয়াচক, মানিকচক এবং আমার এলাকা খরবা থানায় অনাহারে মৃত্যু হয়েছে একথা আমি বলতে পারি। অখাদ্য-কুখাদ্য খেয়ে অনেকের কলেরা হয়েছে বলে আমার কাছে খবর আসায় আমি নিজে কোন কোন জায়গায় গিয়ে দেখি যে কলেরা নয় অখাদ্য-কুখাদ্য খেয়ে কলেরার মতই একটা অসুখ হয়েছে এবং তারা মৃত্যুমুখে পতিত হয়েছে। আমরা এগুলিকে অনাহারে মৃত্যুই বলব—কেননা যে সমস্ত জিনিষ লোকে খায় না সেই জিনিষ খেয়েই লোকে অসুখে পড়েছে এবং তারা মনে করছে বুঝি কলেরা হয়েছে। এইরকমভাবে উত্তর বঙ্গে আমরা বহু জেলাতে এই রকম কলেরার সংবাদ পেয়েছি যা গতকাল মাননীয় সদস্য জীবন দে মহাশয় বললেন। তিনি বললেন যে তাঁদের এলেকাতে এই রকম কলেরা হয়েছে বলে সংবাদ পাওয়া যায় কিন্তু সেগুলো সত্যিকার কলেরা নয়। তারপরে মফঃস্বল এলেকাগুলিতে, যেটা মাননীয় সদস্যরা বললেন, এম আর সপ মারফত যে সব গম চাল বিলি বন্টন করা হয় সেটা একটা প্রহসনের পর্যায়ে পড়ে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই যে এম আর সপগুলি মারফত চাল কম দেওয়া হয় এর অর্থ কি আপনি নিশ্চয়ই জানেন। তার পরিমান খুবই কম, মাত্র ১,২০০ গ্রাম। কিন্তু আমাদের মালদহ জেলাতে তিন সপ্তাহ চাল কমিয়ে দেওয়া হয়েছে, এখন মাত্র ৫০০ গ্রাম গম আর ২৫০ গ্রাম চাল প্রাপ্তবয়স্কদের জন্য দেওয়া হচ্ছে। মিঃ চেয়ারম্যান স্যার, এই ৫০০ গ্রাম গম আর ২৫০ গ্রাম চাল যদি বরাদ্দ হয়, তাহলে লোকে কি করে বাঁচতে পারে যেখানে প্রায় চালের দর দেড় টাকা পৌণে দুটাকা? আমি আশ্চর্য হয়ে গেলাম এই মালদহ সহরে আমি গিয়েছিলাম সেখানে ফুড কন্ট্রোলারের সঙ্গে আমি কথা বললাম তিনি বললেন আমরা কিছু জানিনা, এগুলি উপরের নির্দেশে হচ্ছে। কার নির্দেশে হচ্ছে জানিনা কিন্তু এই হচ্ছে বাস্তব অবস্থা। সেখানে চাল পাওয়া যায় না, অথচ এখানে মন্ত্রীদের কাছে বড় বড় কথা শুনি যে মফঃস্বল এলেকাগুলিতে আমরা এম আর সপের মারফত চাল দেওয়ার ব্যবস্থা করেছি। কিন্তু সত্যিকারের অবস্থা হচ্ছে এই। তারপরে স্যার, আর একটা অবস্থা চলছে—এম আর সপের ডীলার যারা সেই ডিলারদের দর নিয়ে কতকগুলি সমস্যা দেখা দিয়েছে যে সমস্যার কথা ফুড কন্ট্রোলারের কাছে তুলে ধরেছি। কিন্তু তিনি কোন ব্যবস্থা করতে পারেন নি। অনেক সময় দেখেছি এম আর সপের ডিলার তাদের পেটুয়া লোককে নিযুক্ত করেন এবং তারা অনেক সময় মাল তুলেন না। আমরা এ সম্পর্কে বরাবর জেলা কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছি যে এই সমস্ত ডিলার এই খাদ্য ঘাটতির সময়ে তাদের যেটা প্রাপ্য তিনিয় সেটা তোলেন না। সেজন্য আপনারা তাদের বদলি করে অন্য ডিলার নিযুক্ত করুন। কিন্তু আমাদের এ কথা বলা সত্ত্বেও আমি জানি আমার এলাকায় দুজন ডিলারকে নিযুক্ত করা হয়েছে সত্য কিন্তু পপুলেশন ভাগ করে দেয়নি বলে তাদের মাল দেওয়া হচ্ছে না। এই রকম অবস্থা যখন মালদহে চলছে, যখন মালদহে খাদ্য সংকট ভয়াবহ আকার ধারণ করেছে এক সপ্তাহ কাল তখন মালদহের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বলছেন যে মালদহের অবস্থা ভাল, সেখান থেকে ১০ হাজার গম বাইরে চালান দিচ্ছে। এটা সম্পর্কে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের কালিয়াচক থানা পাকিস্তান বর্ডারে। সেখানে শুনে এসেছিলাম যে একটা চালের গুদাম স্থাপন করার পরিকল্পনা হচ্ছে। আমার কথা হচ্ছে কালিয়াচক থানা যেটা পাকিস্তান বর্ডারে অবস্থিত, সেখানে হাজেশাই মালদহ জেলা থেকে গরু-মহিষ চালান হয়ে যায়, যেখানে চোরাকারবারের সুবিধা হয়, সেখানে চালের গুদাম করে খাদ্য মজুত কিভাবে করবেন আমি জানিনা। আর একটা কথা হচ্ছে যেটা গতকাল জীবন দে মহাশয় বলেছিলেন সেটা হচ্ছে কুচবিহারে উপেন বর্মণ

এম, এল, সি, তাঁর একমাত্র গুদামে ২॥ হাজার মন ধান আছে। অন্য গুদামেও অনেক ধান আছে। তিনি কালকে জিজ্ঞাসা করেছিলেন তাঁর ধান সিজ করা হয়েছে কি? আমি যতটকু জানি কুচবিহারের খবর শ্রীউপেন বর্মণ মহাশয়ের এক সের ধানও সিজ করা হয়নি। অথচ তাঁর একটা গোলাতে ২॥ হাজার মন ধান রয়েছে। তাঁর এক হাজার বিঘা জমি রয়েছে এবং সেই সমস্ত জমি তিনি তাঁর আত্মীয় স্বজনের নামে বেনামী করে রেখেছেন। এত ধান রাখা সত্ত্বেও তাঁর ধান সিজ করা হচ্ছে না এই জন্য যে সিজ করলে এস, ডি, ও, ম্যাজিস্ট্রেটকে নানা কৈফিয়ত দিতে হবে।

Personal Explanation

Shri Saila Kumar Mukherjee: Sir, on a point of personal explanation. I have just now heard that Shri Anadi Das while speaking on the food debate referred to my name that I pleaded for one A. K. Dutt who was a dealer and blackmarketeer in baby food and recommended his case to the Chief Minister. This is a gross lie. On the other hand, I remember I do not know A. K. Dutt that one gentleman came with an introduction from Shri Anadi Das and requested me to plead with the Chief Minister for his release because he was dealing with that case. I turned him out of my room saying I had no sympathy for him. Perhaps this annoyed him and that is the reason he has built up a cock and bull story.

[4-25—4-35 p.m.]

Shri Manindra Bhusan Biswas:

শ্রদ্ধেয় সভাপাল মহাশয়, সরকারের খাদ্য নীতির সমর্থন করে আমি আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে দু-একটা কথা বলতে চাই। আমি যেখান থেকে এসেছি সেটা একেবারে বর্ডারের উপর এবং মাথাভাঙ্গা, চুয়াটিয়া, বয়রা, বাগদা এই সমস্ত গ্রামের অর্ধেক পড়েছে পাকিস্তানের ভিতর আর অর্ধেক পড়েছে ইণ্ডিয়ার ভিতর। এই সমস্ত জায়গায় আমরা মাঝখানে মনে করেছিলাম যে মিলিটারি চলাচলের ফলে যুদ্ধের বাজারে বোধহয় ব্ল্যাক মার্কেটিং বন্ধ হয়ে গিয়েছে। কিন্তু বড় দুঃখের বিষয় এই যে এই ব্ল্যাক মার্কেটিয়াররা যে কত সাহসের সাথে কাজ করে সেটা চিন্তা করলে অবাক হয়ে যেতে হয়। আমাদের বনগাঁ বর্ডারের হরিদাসপুরে ২৪ ঘন্টা মিলিটারি মোতায়েন রয়েছে কিন্তু তা সত্ত্বেও দেখা গেল একদিন রাত্রি ২টার সময় মিলিটারির সামনে কি নড়ছে। খানিক পরে তারা বুঝতে পারলো যে মানুষ বুকের উপর ভর দিয়ে ওদিকে যাচ্ছে এবং এদিকে আসছে, তারা এইভাবে মাল বিনিময় করবার চেষ্টা করছে। তখন মিলিটারি তাদের হল্ট বলে। কিন্তু হল্ট বলার সঙ্গে সঙ্গে তারা দৌড়ে পালিয়ে যায়, তখন মিলিটারি তাদের উপর গুলি ছোড়ে, অনেকগুলি পালিয়ে যায় কিন্তু সত্য নামে একটা লোক মারা যায়। সেখানে মাথাভাংগা বলে যে গ্রাম আছে তার অর্ধেক এদিকে আর অর্ধেক ওদিকে। সেখানে একটা বিল আছে সেই বিলের ভিতরে রাত্রে নৌকা করে মাল পাচার হয়ে যায়। অবশ্য খাদ্য বিতর্কের ভিতরে এইজন্য এই কথাগুলি বলছি যে এদের ভিতর কোন প্রকার দেশপ্রেম, দেশাত্মবোধ নেই। এই ব্ল্যাক মার্কেটিয়াররা একেবারে নিজেদের স্বার্থ সম্বন্ধে সম্পূর্ণভাবে ওয়াকিবহাল। অন্য কোন উদ্দেশ্য, অন্য কোন মোটিভ এদের থাকতে পারে না, এরা কল্পনা করতে পারে না। সেই মাথাভাংগা থেকে এরা সরিষার তেল, নুন, কিছু কিছু আউশ চাল পাচার করেছে। এবারে আউশ ধানের উৎপাদন খুব ভাল হয়েছে, অর্থাৎ এক এক একরে প্রায় ১২/১৪ মণ আউশ ধান হয়েছে। কিন্তু আপনারা জানেন ইন্টার ডিস্ট্রিক্ট যে চালের মুভমেন্ট সেটা বন্ধ হয়ে গিয়েছে। আমাদের নদীয়া, বর্ধমান থেকে কিছু কিছু চাল যেতো কিন্তু এখন সব দিক থেকে চাল যাওয়া বন্ধ হয়ে গিয়েছে। এই অবস্থায় যদি এইরকমভাবে চাল পাচার হয়ে যায় তাহলে আমাদের সর্বনাশ হবে। একথা আমি এখানে রাখছি যে এই শয়তানদের আমাদের যে কোন প্রকারে বাধা দিতে হবে। আমি অত্যন্ত আনন্দিত যে আমাদের মুখ্যমন্ত্রী যে খাদ্যনীতি ঘোষণা করেছেন তার দ্বারা এর প্রতিকারের চেষ্টা করছেন, চার পাশে কর্ডন

করে, বর্ডার সিল করে। সেখানে উপযুক্ত পাহারার ব্যবস্থা করে চাল যাতে পাচার হয়ে যেতে না পারে তার চেষ্টা করছেন। তবুও বলছি এরা এমন একটা স্পেশাল জাত যে এদের দিকে দৃষ্টি না দিলে সর্বনাশ হবে। আমি আর একটা কথা বলবো যখন আমাদের খাদ্যে বিশেষ টানাটানি চলছে সেই সময় আমাদের ঐ এরিয়ার এম, আর, ডিলারের মারফত যে চাল বন্টন করা হয়েছে এবং আমাদের ওখানকার পাড়াগাঁয়ে যে চাল ছিল তার দ্বারা সুষ্ঠুভাবে আমাদের অঞ্চল পেতে পারতো। এখন সেই এম, আর, ডিলারের মাধ্যমে যেভাবে চাল দেওয়া হচ্ছে তাতে মাথাভাংগার চাল যদি বাইরে চলে যায় তাহলে নিশ্চয়ই সেখানে ঠিকভাবে চলতে পারে না। আমি তাই মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ রাখবো তিনি যেন এ বিষয়ে এখনি সতর্কতা অবলম্বন করেন। এখন দেখা যাচ্ছে যে-সমস্ত বাজার আছে সেই সমস্ত বাজারে দরিদ্র চাষীরা কিছু কিছু আউশ চাল কিনছে। কিন্তু বর্ডারে যে সমস্ত জায়গায় বি, ও, পি আছে সেই সমস্ত জায়গা দিয়ে রাত্রে পুলিশকে ফাঁকি দিয়ে চাল পাচার করে দিচ্ছে। সেজন্য আমাদের ওখানে যে বি, ও, পি, আছে সেই বি, ও, পি; ৩ মাইল থেকে ৫ মাইল অন্তর অবস্থিত; এই কারণে বাগদা বর্ডারে আরো ৩/৪টি বি, ও, পি, যাতে খোলা হয়; ভিজিলেন্স স্কোয়াড যাতে করা হয় তার জন্য নিবেদন জানাবো। আমি এই কথা বলে আমার সরকারের যে খাদ্যনীতি তাকে সমর্থন করে আমার কথা শেষ করছি।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় চেয়ারম্যান স্যার, খাদ্য বিতর্কে আমরা দেখলাম সরকারী নীতির ব্যর্থতা সরকার শুধু স্বীকার করেন নি। আজকে সমস্ত জনসাধারণের সামনে, বাংলাদেশের বিশেষ করে যারা ঘাটতি অঞ্চলের মানুষ তাদের কাছে এক বিভীষিকার রাজত্ব সৃষ্টি হয়েছে এবং এই বিভীষিকার রাজত্বের মধ্যে আমরা দেখতে পাচ্ছি, সরকারের অসাধু কর্মচারীদের সংগে সহযোগিতা করে বিভিন্ন লোক তার মধ্যে ওপক্ষের মাননীয় সদস্যরা জড়িত আছেন যারা চাল পাচার করছেন বিভিন্ন জায়গায়।

Shri Nepal Roy:

নাম বলুন, নাম বলুন।

Shri Apurba Lal Majumdar:

ইতিপূর্বে বিধানসভার মধ্যে যখন এই সমস্ত নোংরা কথা ও জঘন্য কার্যকলাপের প্রতি আমরা দৃষ্টি আকর্ষণ করেছিলাম, তখন কেউ কেউ উষ্মা প্রকাশ করেছিলেন যে তাঁদের এর সংগে কোন সম্পর্ক নেই। আমি যখন এই কথা বলেছিলাম যে, আমি নিজের চোখে দেখে এসেছি এইভাবে ডেফিসিট এরিয়া থেকে সরকারী কর্মচারীদের সংগে সহযোগীতায় পারমিট তৈরী করে সেখানকার লোকাল প্রেস থেকে পারমিট ছাপিয়ে তৈরী করে যাদের ক্ষমতা নেই সেই কর্মচারীদের সিল নিয়ে সই করে হাওড়া জেলার মত একটা ডেফিসিট এরিয়া থেকে হাজার হাজার কুইন্টাল চাল বেরিয়ে যাচ্ছে, তখন তিনি দাঁড়িয়ে আস্তে সরু গলায় বলেছিলেন যে, এগুলো মিথ্যা কথা। আমি আজকে মাননীয় চেয়ারম্যান সাহেব আপনার সামনে আরও বিস্তৃতভাবে উইথ ডকুমেন্টারী এভিডেন্স এখানে উপস্থিত করে বলতে চাচ্ছি এ সম্পর্কে অবিলম্বে উচ্চ পর্যায়ে এনকোয়ারি করে যারা অপরাধী এবং যাঁরা উচ্চপদস্থ লোক এর সংগে জড়িত রাজনৈতিক দলের যে কোন পজিসনে তাঁরা থাকুন না কেন যতই বিত্তশালী এবং অর্থশালী তাঁরা হন না কেন, চালের যত বড় কারবারী তাঁরা হন না কেন তার বিরুদ্ধে এবং যে সমস্ত অসৎ কর্মচারীর সহযোগিতায় এই সব কাজ করা হয়েছে তাদের বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করা হোক। সেপ্টেম্বর এবং অক্টোবর মাসে যখন হাওড়া জেলা এবং অন্যান্য ঘাটতি অঞ্চলের মানুষ না খেতে আরম্ভ করলো, চাল যখন বাজারে দুই তিন টাকা উঠতে আরম্ভ করলো, তখন শ্যামপুর অঞ্চল থেকে কিভাবে চাল পাচার হয়েছে, সেটা আপনার কাছে উত্থাপন করছি। দেখা গেল ওই শ্যামপুর অঞ্চলের এম, এল, এ শ্রীমুরারীমোহন মান্না—তিনি নিজে গিয়ে এস, ডি, ও সংগে যোগাযোগ করলেন এবং তাঁকে তাঁর হাতের কব্জার মধ্যে নিতে বাধ্য করলেন

যে কোনভাবেই হোক না কেন। ওখানকার ফুড এ্যান্ড সাপ্লাই ডিপার্টমেন্টের যিনি সাব ডিভিসন্যাল কন্ট্রোলার শ্রীডি, এন, পাল, তাঁকে দিয়ে কতকগুলি ভূয়া পারমিট বাজারে ছাড়বার জন্য; তাঁর মনোমত লোককে দেবার জন্য এবং সেইভাবে ৮-১০-৬৫ তারিখ থেকে ১৫-১০-৬৫ তারিখের মধ্যে প্রায় দেড়শত পারমিট ইতিমধ্যে সেখান থেকে ইসু হয়ে গেল। সেই দেড়শত পারমিটের মধ্যে ৮২টি পারমিট ইতিমধ্যে অনুসন্ধান করা গিয়েছে। আরও প্রায় ৬০টি পারমিট এখনও পর্যন্ত অনুসন্ধান করা যায় নি। শ্রীমুরারীমোহন মান্না এস, ডি, ও-র কাছে যেয়ে অনুনয় করে দলে টেনে আনবার পর তিনি অনেক লোকের নাম দিয়ে একটা জয়েন্ট পিটিশন করলেন এস, ডি, ও-র কাছে। এস, ডি, ও-কে ইনফ্লুয়েন্স করলে এস, ডি, ও শ্রী ডি, এন, পালকে বলে দিলেন পারমিট ইসু করে দাও। শ্রী ডি, এন, পাল, সাব ডিভিসন্যাল কন্ট্রোলার, হাওড়া তিনি বললেন, আইনে আমার ক্ষমতা নেই, কি করে দিতে পারি? ফুড ডিপার্টমেন্ট কিংবা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট দিতে পারেন। তখন শ্রীউষাপতি লাহিড়ী এস, ডি, ও, লিখিতভাবে দিলেন, তুমি পারমিট দিয়ে দাও কোন ভয় নেই। কারণ লোকাল এম, এল, এ তিনি। যাকে যাকে দিতে বলেন তাকে তাকে দিয়ে দাও।

[4-35—4-45 p.m.]

সেই চিঠি তিনি দিয়েছিলেন যে যাকে যাকে পারমিট দিতে বলে তাকে তাকে পারমিট দিয়ে দাও। ৩০শে তারিখে লিখিতভাবে এস, ডি, ও দিয়ে দিলেন যে মুরারীবাবু যাকে বলবেন তাকে পারমিট দিয়ে দাও। চাল হাওড়া জেলা থেকে সরিয়ে নেবার জন্য মুভমেন্ট পারমিট দিয়ে দাও এবং সেই মুভমেন্ট পারমিট এখান থেকে গেল না—ফ্রি স্কুল ষ্ট্রীট বা ফুড ডিপার্টমেন্ট থেকে গেল না, রাতারাতি কোথায় পারমিটের ফর্ম পাওয়া যায় তার চেষ্টা হোল। ওখানে উলুবেড়িয়ায় শ্রীমুরারী মান্না এবং তাঁর দলের লোক ছাপিয়ে ফেললেন—উলুবেড়িয়ার রাজরাজেশ্বরী প্রেস থেকে পারমিটগুলি ছাপানো হোল এবং সেই পারমিট ছাপিয়ে—সেই পারমিট এস, ডি, ও এবং মুরারীবাবুর কথা মত ডি, এন, পাল বেআইনীভাবে সীল মেরে মেরে দিতে আরম্ভ করে দিলেন। এইভাবে অক্টোবর মাসে আপনি দেখেছেন যে হাওড়া জেলাতে অনসন শুরু হোল। আমি উদাহরণ দিতে পারি—যশেশ্বর ইউনিয়নে, বাগনান ইউনিয়নে অনশন সুরু হোল—লোকে খেতে পাচ্ছে না—এটা নিশ্চয় মুরারীবাবু এবং বাগনানের এম, এল, এ শ্রীঘোষ চৌধুরী তাঁরা জানেন এবং এইজন্য একদিন এই রকম অবস্থার সৃষ্টি হোল যে মুরারীবাবুকে বাগনানের লোকেরা আটক করলো এবং তার নেতৃত্ব করেছিলেন তাঁরই দলের আর একজন কংগ্রেস এম, এল, এ রণজিৎবাবু। যেহেতু শ্যামপুরের চাল পাচার হয়ে যাচ্ছে পাশে বাগনানের লোক খেতে পাচ্ছে না সেইহেতু রণজিৎবাবুর নেতৃত্বে সেখানে মুরারীবাবুকে আটক রাখা হয়েছিল। তারপরে পুলিশের সাহায্য নিয়ে পুলিশের ইন্টারভেনসনে মুরারীবাবুকে বাগনান থেকে শ্যামপুরে যেতে হয়েছিল। যখন চাল হাওড়াতে পাওয়া যায় না—যখন ডোমজুড় প্রভৃতি এলাকায় পুলিশ এই সমস্ত ধরবার চেষ্টা করছিলেন তখন মুরারীবাবু তাঁর এলাকার চাল পাচার করবার জন্য এস, ডি, ও এবং ডি, এন, পাল সাব-ডিভিসন্যাল কন্ট্রোলারের সহযোগিতায় উলুবেড়িয়ার প্রেসে পারমিট ছাপিয়ে তৈরী করে রাতারাতি বেআইনী পারমিট করে ফেললেন। এই ক্ষমতা জেলা ম্যাজিস্ট্রেট ছাড়া আর কারও নেই—যিনি ইন্টার ডিস্ট্রিক্ট মুভমেন্ট পারমিট ইসু করতে পারেন। সেই ক্ষমতা না থাকা সত্ত্বেও ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং ফুড ডিপার্টমেন্টকে গোপন করে এই সমস্ত জিনিস করা হয়েছে এমন কি উলুবেড়িয়া থেকে একটা টেলিফোন করে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বা ফুড এবং সাপ্লাই ডিপার্টমেন্টের কোন পারমিসন নেওয়া হয় নি। তাদের কাউকে কোন সংবাদ না দিয়ে রাতারাতি এই ব্যবস্থা করা হোল যে এই চাল গোপন পথে পাকিস্তানে চালান হোক। যখন এখানে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কনফারেন্স হয় সেই কনফারেন্সে মেদিনীপুরের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট হাওড়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের নজরে আনেন যে আপনার ডেফিসিট জেলা থেকে চাল চালান হচ্ছে হাজার হাজার কুইন্টল—আপনি নজর রাখেন না কেন? সেই সংবাদ পাবার পর এস, পি-র কাছে লেখা হোল যে ব্যাপারটা কি—কিভাবে চাল বেরিয়ে গেল।

Mr. Chairman: Mr. Majumdar, you have already mentioned all these things here. It is no use repeating them.

Shri Apurba Lal Majumdar:

এখান থেকে এডিসন্যাল ডি, আই, জি লিখলেন যে পারমিটের সুযোগ নিয়ে রাইস স্মাগলিং হচ্ছে এটা কি ব্যাপার শুনতে পাচ্ছি, এ ব্যাপারে একটা রিপোর্ট দেওয়া হোক। শ্রীএস, এম, ঘোষ সেই চিঠি লিখলেন এস, পি-র কাছে—এস, পি এনকোয়ারী করে একটা উত্তর পাঠালেন সেই চিঠির নকল একটা আমার কাছে আছে। তাতে লেখা আছে যে

Permits were issued on the representation made by Shri Murari Mohan Manya, M.L.A., who pleaded that rice is required by fishermen.

এই যে চালটা গেল—মুরারীবাবু রিপ্রেজেন্টেসন করে পারমিট ইসু করতে বাধ্য করলেন, তার পরে সেই চালটা কোথায় গেল কি হোল সেটা আমি মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার কাছে উত্থাপন করতে চাই। এই খবর জানতে পেরে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পুলিশকে লিখলেন যে তোমার কর্ডন ভেঙ্গে কি করে চাল হাওড়া জেলা থেকে বেরিয়ে গেল তা তুমি ইমিডিয়েটলি জানাও।

তখন হাওড়ার এস, পি গত ৩০শে সেপ্টেম্বর তারিখে লিখলেন, একটা চিঠিতে যে

Since we tightended up our cordoning arrangements along the river borders of Shyampur and Uluberia a large number of permits have been issued by Shri D. N. Paul, Sub-Divisional Controller of Food and Supplies, Uluberia, authorising different agricultural producers of Shyampur to carry the consignments of rice ranging from 10 quintals and above to Digha via Sunderbans. It is apparent that this rice is not being taken to Digha at all where rice is selling according to our information at less than Rupee One per K.G., as that happens to be a surplus area and rice is being sold in black-market in Sunderbans and neighbouring areas of 24-Parganas district. We have received 82 permits in our office after a delay of nearly a fortnight which made it impossible for us to intervene in time to stop such movement. I believe that nearly 60 more permits have been issued in the meanwhile authorising further movement of rice by various local producers in similar manner to Digha via Sunderbans.

এই চাল পুলিশ রিপোর্ট, এস, পি র রিপোর্ট অনুসারে ব্ল্যাক মার্কেটিং-এর দামে বিভিন্ন জায়গায় বিক্রি হচ্ছে এবং ২৪-পরগণা ও সুন্দরবনের পথ দিয়ে সেই চাল হাওড়ায় ডেফিসিট এলাকা দিয়ে বাহিরে গেছে। সেই চাল যারা ব্ল্যাক মার্কেট-এ নিয়ে গিয়েছিল তাদের সঙ্গে মুরারী মান্না জড়িত। তিনি এস, ডি, ও এবং সাব-ডিভিসন্যাল কন্ট্রোলারকে দিয়ে ভুয়া পারমিট গুলো সৃষ্টি করেছিলেন এবং সেই চাল ব্ল্যাক মার্কেটের পথে চলে গিয়েছে। এস, পি রেকমেণ্ড করেছেন দ্যাট সুটেবল এ্যাকসান সুড বি টেকেন এগেইনস্ট দি অফিসারস্। কাজেই আমি দাবী করি সেই শাস্তি লাহিড়ী এবং সাব ডিভিসনাল কন্ট্রোলার ডি, এন, পাল মিত্রদের ক্ষমতা না থাকা সত্ত্বেও পারমিট ছাপিয়ে পারমিট ইসু করে তারা ব্ল্যাকমার্কেটিং করেছে এবং সেই চাল ডেফিসিট হাওড়া থেকে পাচার করে দিয়েছে। কিন্তু তাদের কোন শাস্তি দেওয়া হয়নি। যাদের ইন্টারভেনসানে এ পারমিট ইসু করা হয়েছে তারা এখনও বহালতবিয়তে বসে আছে। তাঁদের কোন লজ্জা নেই। তার চেয়েও লজ্জা নেই তাঁর যিনি ৩ তারিখে বিধান সভায় সংবাদ উঠবার পর নিজের হাতে প্রতিবাদ ছাপিয়ে যুগান্তর অমৃতবাজার অফিসে দিয়ে এসেছেন। তিনি লোক পান নি নিজের হাতে এ অবস্থায় প্রতিবাদ পত্র দিয়ে এসেছেন আজকে সেই এনকোয়ারীকে চাপা দেবার জন্য একটা চক্রান্ত চলছে। কিন্তু এতে হাওড়ার ডেফিসিট এরিয়াকে বাঁচান যাবে না। হাওড়ার বিশিষ্ট কংগ্রেস কর্মী এবং এম, এল, এ-কে ঐ অসৎ অফিসারদের বাঁচাবার জন্য আজকে প্রফুল্লবাবু পর্যন্ত তদ্বির হচ্ছে এবং পুলিশ যাতে কোন স্টেপ বা এ্যাকসান না নেয় এবং এনকোয়ারীকে যাতে ধামাচাপা দেওয়া হয় তারজন্য জঘন্য ষড়যন্ত্র চলছে। কিন্তু এদিকে নদীয়া হাওড়া প্রভৃতি ডেফিসিট এলাকার লোকেরা খেতে পাচ্ছে না তারা এজন্য

সহস্রবার ধিক্কার দিচ্ছে এ সমস্ত এম, এল, এ-দের যারা নিজেরা ঘুস খেয়ে অসাধু কর্মচারী-দের সহযোগিতায় চোরাকারবারের পথ প্রশস্ত করে দিচ্ছে। তাই আপনার দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে উচ্চপর্যায়ে এনকোয়ারী করে এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

Shri Murari Mohan Manya:

স্যার মাননীয় সদস্য যে কথা বললেন সে কথা তাঁকে বাইরে বলার জন্য বলছি এবং তাহলেই আমি প্রমাণ করে দেবো তিনি কতবড় অসত্যভাষী। আমি সমস্ত ঘটনা হাউসের সামনে রাখতে চাই। আমার শ্যামপুর থানায় ১৫ হাজার মৎসজীবীর বাস। তারা চিরকাল শীতকালে সমুদ্রে মাছ ধরতে যায় এবং ৪ মাস তারা সমুদ্রে থাকে।

(হৈ চৈ গোলমাল)

[4-45—4-55 p.m.]

তারা এখান থেকে ৪ মাসের রেশান নিয়ে যাবে। তারা যখন বাইরে মাছ ধরতে যাচ্ছে তখন জেলাতে কর্ডন থাকার জন্য চাল নিয়ে যাবার অনুমতি থাকা চাই। তারা যে মাছ ধরতে যায় তার নজীর আছে। আমি কিছুক্ষণ আগে দীঘার একজন অপজিসান পার্টির এম, এল, এ-র কাছে খোঁজ নিচ্ছিলাম.....

(নয়েজ)

তারা যখন বাইরে মাছ ধরতে যায় তখন সংগে চাল নিয়ে যাবার জন্য এস, ডি, ও-র কাছে পিটিসান করে। আমার দায়িত্ব আছে তাদের সে পিটিসানকে রেকমেণ্ড করা। আমার এটা কর্তব্য এবং দায়িত্ব। আমার সে রেকমেণ্ডেসানের উপর এস, ডি, ও, সাবডিভিসন্যাল কন্ট্রোলারের পারমিট দেবার ক্ষমতা আছে কিনা সে বিচার করবার ক্ষমতা আমার নেই। তাদের দরখাস্তের জেনুইনেনস্ দেখে তাদের প্রয়োজন দেখে আমি রেকমেণ্ডেসান করেছি। আমাদের এখানের যারা মৎসজীবী তারা বাইরে মাছ ধরতে যাবে তাদের তার জন্য যা প্রয়োজন তা করে দেওয়ার দায়িত্ব কর্তব্য আমার। আমি তা থেকে এটী করেছি। তারা ৪ মাস বাইরে থেকে মাছ ধরে এনে সমাজকে খাওয়ায় এবং কলকাতার লোককে খাওয়ায়। তারা যে পাকিস্তানে চাল পাচার করছে এটা বললে তারা কোনদিন ক্ষমা করবে না। আজকে কি বলতে চান? আপনার ক্ষমতা থাকে বাইরে বলুন। আমি একথা বলতে চাই, আমি এম, এল, এ হিসাবে রেকমেণ্ড করেছি এবং আমি আমার দায়িত্ব কর্তব্য পালন করেছি। আমার রেকমেণ্ডেসানের উপর যদি কোন অফিসার ভুল করে থাকেন তাহলে সে দায়িত্ব আমার নয়। মুখ্যমন্ত্রীর কাছে হাউস দাবী করেছিল পূর্ণ তদন্তের রিপোর্ট চাই। আমিও হাউসের কাছে বলছি মুখ্যমন্ত্রী সে রিপোর্ট যেন হাউসের কাছে প্লেস করেন।

(নয়েজ)

পাকিস্তানে চাল পাচারের পারমিট, আমি ইসু করেছি এই কথা বলা হয়েছে।

(নয়েজ)

Mr. Chairman:

আপনি বসুন। এবার আপনি বলুন, অনেক হয়ে গিয়েছে।

Shri Nikhil Das: On a point of order, Sir.

এ হাউস কি, হাউস নয়? স্যার কথা আমরা শুনবো। আপনি ওঁকে বসতে বললেন ১০।১৫ বার, উনি আপনার কথা শুনছেন না। এটা কি হাউস, না, মাঠ ময়দান? এইরকম হাউস রেখে কি লাভ? এইরকম অবস্থায় বক্তৃতা করে কি লাভ হবে? আপনার কোন কথাই উনি শুনছেন না, কেন?

(Noise and interruptions.)

Mr. Chairman:

ত অনেকেই শোনেন না। বলতে বললে বলা উচিত।

et us proceed with the business.

Shri Apurba Lal Majumdar:

ামাকে বাইরে যাবার কথা বললেন, আমি যাচ্ছি.....

(Noise and interruptions.)

ামি ওঁদের চ্যালেঞ্জ এ্যাকসেপ্ট করছি।.....

(Noise and interruptions.)

Mr. Chairman: Let us proceed with the business.

Shri Khagendra Nath Das Gupta:

মাননীয় চেয়ারম্যান মহোদয়, বিরোধী পক্ষের মাননীয় সদস্য অমর রায় প্রধান মহাশয় খাদ্য সম্পর্কে বক্তৃতা দিতে গিয়ে, নেপালে চাল পাচারের কথা বলে, আমাকে আক্রমণ করে কতকগুলি কিথা বলেছেন।

(Noise and interruptions.)

জলপাইগুড়ি জেলা সম্বন্ধে একটা সংবাদ প্রকাশিত হয়েছিল যে জলপাইগুড়ি বা শিলিগুড়ির সরকারী গুদাম থেকে লক্ষ, লক্ষ মণ চাল পাচার হয়ে ভুটানে চলে গিয়েছে। সেই চাল পাচার হয়ে চলে যাবার পর, বোধহয়, সন্দেহ করে সরকার থেকে দুজন মাড়োয়াড়ী ভদ্রলোককে ধরা হয়, এবং আমি নাকি চেষ্টা করে ঐ দুজন ভদ্রলোককে জামিনে মুক্ত করে দিয়েছি।

আমি অনুসন্ধান করে জানলাম যে জলপাইগুড়ি জেলা বা শিলিগুড়ি মহকুমার কোন সরকারী গুদাম থেকে এই রকম ভাবে চাল পাচার হয়নি। ভুটান সরকারের যখন চালের প্রয়োজন হয়, তখন ভুটান সরকারের কর্মচারীরা এখানে এসে, আমাদের রাজ্য সরকারের কাছ থেকে পারমিট নিয়ে, প্রয়োজনীয় চাল খরিদ করে, ভুটানের যত চাল দরকার, সেটা নিয়ে যায়। ভুটানে চাল পাচারের কোন সংবাদ আমি জানি না। 'জনমত' বা কোন কাগজে, কি বেরিয়েছিল, তা আমি জানিনা। কোন কাগজে একটা ভুয়া কথা বেরিয়েছে, তা নিয়ে আপনারা নাচা-নাচী করতে পারেন। আর একটি কথা হচ্ছে এই সম্পর্কে দুজন মাড়োয়াড়ী ভদ্রলোককে ধরা হয়েছিল এ সংবাদ আমি জানিনা। তবে এইটুকু জানি যে এই এলাকাতে ৮।১০ জন, না, কত জনকে ধরা হয়েছিল, তাদের কাউকে ছাড়া হয়েছে কিনা জানিনা। আমার সঙ্গে পরামর্শ করে কাউকে ধরাও হয়নি, ছাড়াও হয়নি। তাদের সঙ্গে আমার কোন সম্পর্ক নেই। ভুটানে চাল পাচারের কথা যেটা উনি তুলেছেন, এর সংবাদ ঐ 'জনমত' পত্রিকায় বেরিয়েছিল, কিন্তু তার কোন সত্যতা নেই।

(নয়েজ)

[4-55—5-5 p.m.]

Shri Nikhil Das:

স্যার, উনি অসত্য কথা বললেন। খগেনবাবু বিক্ষোভকারীদের আলিপুর দুয়ারে যারটার সময় দেখা করবার সময় দিয়েছিলেন, কিন্তু তিনি দেখা না করে পালিয়ে চলে এসেছিলেন, একথা কি তিনি অস্বীকার করতে পারেন? তাদের প্রতিনিধিদের সঙ্গে দেখা করবেন বলে-ছিলেন, সময়ও দিয়েছিলেন, অথচ আপনি দেখা করেন নাই।

Mr. Chairman: Please take your seat.

Shri Syed Abul Mansur Habibullah:

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে এই খাদ্য আলোচনায় যোগদান করতে গিয়ে প্রথমে মুখ্যমন্ত্রীর কথার একটা প্রতিবাদ আপনার সামনে করতে চাই। তিনি বলেছেন

stating that the Government had failed to maintain the price line in the deficit districts.

এই কথাটা সত্য কি অসত্য, তার একটা প্রমাণ হচ্ছে কোন প্রাইস লাইন ইন দি ডেফিসিট ডিস্ট্রিক্ট-এ নাই—এটা অসত্য ভাষণ যে বর্দ্ধমান যেটা সারপ্লাস ডিস্ট্রিক্ট সেখানে প্রাইস লাইন নাই। ধর্মপুত্র-যুধিষ্ঠির আর কি? বর্ধমানের সহরাঞ্চলে বা যেখানে চালের উৎপাদন কম হয়েছে, সেখানে মানুষ কিনে খায়, সেখানে কন্ট্রোল রেটের বহু উপরে চাল কিনে খেতে হচ্ছে। শুধু একথা নয়—আমি যদি বলি একথা যে বর্ধমান জেলার গরীব ক্ষেতমজুরকে আজ যে দর দিতে হচ্ছে সে হচ্ছে ৬০ টাকা মণ, ৭৫ টাকা মণ। আজকের দিনে যে ক্ষেতমজুর বড়লোকের ঘরে ধান নিতে যাচ্ছে, তাকে ৩০ টাকা বস্তা দরে ধান নিতে হচ্ছে। এই দর পৌষমাসের দর হতে পারে না, এক টাকা হিসেবে মজুরীর দর নিতে হবে। সেই সময় মজুরী দু-টাকা থেকে তিন টাকা। তাহলে এক মাসে ৯০ টাকা পাবার কথা। সেখানে এক টাকা দর নিতে হবে বলে চুক্তিবদ্ধ হতে হচ্ছে এবং এমন ধনী জোতদারদের কাছ থেকে ৩০ টাকা বস্তা দরে ধান তারা নিয়ে আসছে। এই হচ্ছে গ্রামাঞ্চলের গরীব ক্ষেতমজুরদের অবস্থা। কাজেই মুখ্যমন্ত্রী যখন বলছেন ডেফিসিট ডিস্ট্রিক্ট-এ আমি প্রাইস লাইন রাখতে পারি না একথা অসত্য ভাষণ। বাংলাদেশের কোথাও তিনি পশ্চিমবঙ্গের কোথাও তিনি প্রাইস লাইন রাখতে পারেন নি। তিনি সম্পূর্ণ ব্যর্থ। তিনি আজকে যে কথাটা বলেছেন সেটা সম্পূর্ণ সত্য নয়।

কালকে একজন কংগ্রেসী বন্ধু বলেছিলেন ডাঃ মিত্র বোধ হয় তিনি আমাদের একটা অদ্ভুত কথা শুনিয়েছিলেন। তিনি কালকে হঠাৎ ১৮ই কার্তিক দিন দেখিয়ে বললেন যে বাংলা দেশের সবাই জানে যে ভাদ্র আশ্বিন কার্ত্তিক মাসে ধানের দর বেশী থাকে। শুধু একটা কথা তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে ১৮ই কার্ত্তিক আর ভাদ্র মাস এক কথা নয়। কারণ কার্ত্তিক মাসে বাংলাদেশে আউস ফসল উঠে যায়। বাংলাদেশে যারা খাদ্য আন্দোলন করেছেন তারা জানেন যে বাংলাদেশে আউস ফসল আসলে ধানের দাম পড়তে থাকে। ১৮ই কার্ত্তিকের সঙ্গে ভাদ্র মাসের তফাৎ এইটা। কিন্তু এ বছরে আমরা কি দেখেছি—এই বছরের বাস্তব অবস্থা হচ্ছে যে আউস ফসল বাজারে উঠেছে, ধান কাটা হয়েছে আউস হারভেস্টিং হয়েছে কিন্তু তার পরে চালের দর কমে নি। চালের দর বেড়েছে। এই হচ্ছে বাস্তব অবস্থা।

কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই অধিবেশনে আমি কি আশা করব যে মুখ্যমন্ত্রী তার নীতিগুলি পাল্টে দিচ্ছেন তার জন্য আমরা যোগদান করিনি। আমরা জানি বড় বড় বক্তৃতার পিছনে তারা তাকিয়ে আছেন ঐ পি সি ৪৮০-তে কত ধান কত চাল আসবে গম আসবে তার দিকে তারা তাকিয়ে আছেন। তারা লোক পাঠিয়েছেন। পরদিন খবরের কাগজে দেখে ঠিক আমার দশাটা এই রকম মনে পড়ছে কোন বড় জোতদারের বাড়ীতে ঐ ক্ষেতমজুর বা গরীব চাষী যেমন বসে থাকে এবং বলে বাবু একটু ধান পাওয়া যাবে। তখন তিনি যেমন বলেন গরুটাকে একটু জাবনা দিয়েছে এবং হুকো হাতে বসে থাকেন—তেমনি করে খবর বেরলো দেয়ার আর ইণ্ডিকেসান কিছু পাওয়া যেতে পারে এইরকম ইণ্ডিকেসান্সস পাওয়া গেছে। আমাদের গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া থেকে খুশী হয়ে বললেন কিছু পাওয়া গেছে। আজকে খবর এসেছে পি এল ৪৮০-তে আমরা কিছু চাল পাব। এবং মুখ্যমন্ত্রী ভালভাবে জানেন কি ভাবে পি এল ৪৮০ উপরে আমাদের বসিয়ে রাখা হয়েছে।

গত বছর যখন আমরা খাদ্য ডিবেট করে গিয়েছিলাম তখন আশা করেছিলাম জানুয়ারী ফেব্রুয়ারী এপ্রিল মাসে ধান কেনা হবে গ্রামের থেকে। চাষী যখন ধান বিক্রী করবে সেই ধান কিনে নেবেন গর্ভমেণ্ট গুদামজাত করবেন। এবং সমস্ত এলাকায় ভাগ করে দেবেন। এটা আশা করেছিলাম। কিন্তু কি দেখছি—আজকে যে অবস্থা হবে তার জন্য ৪ নম্বর ব্যাংশাল

ষ্ট্রীটে বসে যে ব্যবস্থা হয়েছে শাওয়ালেস সঙ্গে খাদ্য দপ্তরের—এরাই আজকের অবস্থার জন্য দায়ী। এবং মুখ্যমন্ত্রী তার সঙ্গে প্রত্যক্ষভাবে দায়ী। ঐ বেঙ্গল রাইস মিলস এ্যাসোসিয়েসান এবং ঐ ৪ নম্বর ব্যাংশাল ষ্ট্রীটে শাওয়ালেস তারা তৈরী করেছেন এই অবস্থা। আমরা দেখেছি পৌষ মাসে মাঘ মাসে ফাল্গুন মাসে চৈত্র মাসে কোন প্রোকিওরমেণ্ট হয়নি সরকারের তরফ থেকে। সরকার কি করেছে—সরকারী অফিসাররা বড় বড় জোতদারদের বাড়ীতে গেছে সেখানে খানাপিনা হয়েছে, মজলিস হয়েছে।

[5-5—5-15 p.m.]

আপনি শুনে আশ্চর্য হয়ে যাবেন স্যার—এই আজকে আমি এখানে আসার আগে পর্যন্ত বর্দ্ধমানে একটা জায়গা আছে বিলেরগড় বলে একটা জায়গা আছে মন্তেশ্বরে সেখানে দেখছি অফিসাররা দীঘিতে মাছ ধরছে আর সেখানে গুদামে চাল রাখা হচ্ছে ব্লাক মার্কেট হচ্ছে। কি করে হচ্ছে প্রফুল্লবাবুর পাঞ্জা নিয়ে। ইস্ট ইন্ডিয়া কোম্পানীর যেমন পাঞ্জা ছিল তা দেখালে যেমন সমস্ত মাল পার হত তেমনি ফুড ডিপার্টমেন্ট-এর লোকেরা যদি দয়া করে ১০০ মণের একটা পারমিট দেন তাহলে সেই পারমিট-টা হাতে রেখে রাইস মিল-এর এজেন্টরা যে হাজার মণ পার করবে। বর্তমানে তাঁরা বিহারে চালান দিচ্ছে। প্রথমে প্রফুল্লবাবুর এজেন্টরা তারা কি করবেন তারা ধান নিয়েছেন যখন মুড়ি কন্ট্রোল অর্ডার ছিল না তখন মুড়ি ধরেছেন—কলকাতায় পাঠিয়েছে এবং অন্যান্য জায়গায় পাঠিয়েছেন। বর্ধমান সহরে কি হচ্ছে সেখানে ৭০/৮০টি চিড়াকল আছে সেখান থেকে চিড়া আসাম বিহারে চালান যাচ্ছে। এই হচ্ছে সারপ্লাস ডিস্ট্রিক্ট-এর অবস্থা। বর্ধমান জেলার গরীব মানুষদের ১ টাকা ১০ নয়া পয়সা দিয়ে চাল কিনতে হচ্ছে।

আজকের খাদ্য নীতি, একদিকে গরীব চাষী যখন বিক্রী করছে তখন তাকে বলছে তুমি ১৫ টাকা দিয়ে ধান দিয়ে দাও তার সে রেমিউনারেশান প্রাইস হউক বা না হউক তাকে ধান দিতে বাধ্য করা হচ্ছে। এবং অন্য দিকে ডেফিসিট এলাকা ভারসেস সারপ্লাস এলাকা—সিটি ভারসেস ভিলেজ এই গ্রাম ভারসেস নগর এই ভাবে লাগিয়ে দিয়ে একটা রাজত্ব তৈরী করা হয়েছে। তার কাছে কি বলব তিনিই তো এই সব করেছেন। প্রফুল্লবাবু তো জেনে শুনে জানুয়ারী মাসে এপ্রিল মাসে ধান কেনেন নাই। যখন খুব চাপাচাপি হয়েছে ভাদ্র মাসে তখন জোতদার কাছ থেকে সামান্য ধান এনেছেন। জোতদার-রা বলেছে আমি তো আগেই ১০০ মণ ধান দিয়েছি। সুতরাং আর তাদের ধরে কে। অথচ যারা সামান্য ধান নিয়ে গেছে [illegible] ধান হাসকিং মেসিনে ধান ভাঙ্গাতে সেই ধানের উপরে আক্রমণ হয়েছে। প্রফুল্লবাবুর লোক প্যাডি কন্ট্রোল অর্ডার চলেনি সেখানে এসেনসিয়াল কমোডিটিজ এ্যাক্ট এ্যপ্লাই করে সমস্ত ধান দখল করেছেন গরীব মানুষের কাছ থেকে তাদের খোরাকী নিয়ে এসেছেন। এই হচ্ছে আমাদের দেশের বাস্তব অবস্থা। মুখ্যমন্ত্রীকে বলে লাভ নেই। কারণ মুখ্যমন্ত্রী এই জিনিষগুলি সংগঠিত করছেন। বর্দ্ধমানে যে গৌরীশংকর রাইস মিল কি করছেন? মুখ্যমন্ত্রী এবং তার সাঙ্গপাঙ্গ-রা এবং আমাদের এম-এল-এরা সকলে জানেন তারা খোলাখুলি ভাবে করছেন কোন রকম লুকিয়ে তারা করছেন না। বর্ধমানের চিড়া কলওয়ালারা যে ব্লাক মার্কেট করছেন তারা তো লুকিয়ে করছেন না। তারা এদের পাঞ্জা নিয়ে ব্লাক মার্কেট করছে।

অধ্যক্ষ মহাশয়, একটা কথা উঠেছে যে আমাদের দেশে নাকি দুর্ভিক্ষের পদধ্বনি শোনা যায়নি। কারণ আমাদের দেশে নাকি এখনও সুব্যবস্থা আছে। একথা সত্যি যে কথা নরেনবাবু বলেছিলেন যে ইনফ্লেসন-এর জন্য দাম বাড়ছে। একথা ঠিক। কিন্তু ইনফ্লেসন করছে কারা। সে তো আপনারাই করছেন। আমাদের দেশে যে মুদ্রাস্ফীতি হয়েছে যে নোট ছাপাচ্ছেন সে নোট কি এমনি ছাপাচ্ছেন সে তো আপনারাই তৈরী করছেন। আপনারা জানছেন যে ইনফ্লেসন দ্বারা লক্ষ কোটী যাদের মনোপলি ক্যাপিটেল যাদের একচেটিয়া বৃত্তি আছে সেইসব লোকের সুবিধা আছে। ইনফ্লেসনারি ইকনমি আপনারা ভাল করে বুঝেছেন। মুদ্রাস্ফীতির দ্বারা আপনারা পুঁজিকে একত্রিতভূত করবার ব্যবস্থা করেছেন। এবং কংগ্রেস রাজত্বে সেই কাজটা খুব ভালভাবে হচ্ছে। এবং সেজন্য দেখতে পাচ্ছি দেশকে পি এল ৪৮০ উপর নির্ভর করে দেশের মধ্যে ইনফ্লেসন করে মুদ্রাস্ফীতি এনে যাদের হাতে টাকা আছে তারা দেশটাকে কিনে

যা তা করতে পারেন। দিনকে রাত করতে পারে রাতকে দিন করতে পারে। আজকে দেশে সুষ্ঠু রাজত্ব যাকে বলছেন তা আপনি চালাতে পারবেন না। লোকে যদি আজকে পুলিশ অফিসারকে ৫ টাকা ঘুষ দিয়ে ৫ সের চাল পাচার করতে পারে তাহলে কেন করবে না।

এই সামগ্রিক অবস্থাত আপনারাই ক্রিয়েট করেছেন। লাল বাহাদুর শাস্ত্রী করেছেন, আপনি করেছেন। শ্রীলাল বাহাদুর শাস্ত্রী কলকাতা সহরে এসেছিলেন, প্রফুল্ল সেনকে বাহাদুরী দিয়েছেন.....

তুম মেরা হাজী বগোয়ম মঁ তেরা হাজী বগোয়ম।

ফার্সিতে একটা কথা আছে, তুমি আমার পিঠ চাপড়াও আমি তোমার পিঠ চাপড়াবো। যখন বাংলা দেশে চাল পাওয়া যাচ্ছেনা তখন শাস্ত্রীজী এসে আপনার পিঠ চাপড়ে যাচ্ছেন। আপনারা পি এল ৪৮০-তে আমেরিকার কাছ থেকে গম আনিয়ে দেশকে আমেরিকার কাছে গোলাম করছেন। আজকে স্বাধীনতার বড় বড় বক্তৃতা দিয়ে দেশকে বিকিয়ে দিচ্ছেন আমেরিকার কাছে. যাঁরা, যাঁরা দেশের আজ এই অবস্থার সৃষ্টি করেছেন, তাঁদের কাছ থেকে এর চেয়ে বেশী কিছু আশা করিনা। এখনও সময় আছে, সতর্ক হন। আজকে একটা পদধ্বনি শোনা যাচ্ছে সেটা দুর্ভিক্ষের পদধ্বনি নয়, সেটা ইনফ্লেশনের পদধ্বনি। আজকে যারা মানুষকে ঘাটতির বাজারে ঠেলে দিয়ে একচেটিয়া মুনাফা কায়েম করছে তাদের বিরুদ্ধে মানুষকে সজাগ করে তোলার প্রয়োজন হয়ে পড়েছে।

Shri Anadi Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কিছু কথা বলবার আছে। আমি এর আগে বলেছিলাম শালকিয়ার এ. কে. গুপ্ত, যিনি বেবি ফুডের চোরাকারবারী করতে ধরা পড়েছিলেন তার ছাড়া পাবার জন্য অর্থমন্ত্রী শৈলবাবু তদবির করতে গিয়েছিলেন। কিন্তু তিনি এখানে দাঁড়িয়ে উল্টো করে বললেন যে সে নাকি আমার চিঠি নিয়ে গিয়েছিল তাঁর কাছে ছাড়া পাবার জন্য। একথা সম্পূর্ণ মিথ্যা। একথা দর্পণ কাগজে বেরিয়েছিল এবং তারপর লালবাজার গোয়েন্দা বিভাগ থেকে অনুসন্ধান করা হয়।

[5-15—5-25 p.m.]

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এবারে একটা বিষয়ে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা আমার সঙ্গে একমত হয়েছেন। সেই বিষয়টা হচ্ছে এই যে আমি বলেছি আমাদের এবছরে যে খাদ্য নীতি তা সম্পূর্ণভাবে সার্থকতা লাভ করেনি, ব্যর্থকাম হয়েছে অনেক জায়গায়। অবশ্য তাঁরা বলেছেন সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। আমি একথা বলতে তাঁরা খুশী হয়েছেন কিনা জানিনা। আমার এক বন্ধু, বিজয় ব্যানার্জী মহাশয় বলেছেন যে রিজাইন করুন। তিনি বলেছেন যে গণতন্ত্র যদি সত্যই থাকতো তাহলে আমার এখনি পদত্যাগ করা উচিত। আমি পদত্যাগ করলে বিজয়বাবু নিশ্চয়ই মুখ্যমন্ত্রী হবেন না বা বন্ধুবর কাশীকান্তবাবুও হবেন না, হলে হয় শৈলবাবু হবেন, না হয় খগেনবাবু হবনে, না হয় জগন্নাথবাবু হবেন. আমাদেরই একজন হবেন এবং আমাদের যে খাদ্য নীতি সেই খাদ্য নীতিই তাঁরা পরিচালনা করবেন। তাঁরা ভেবে চিন্তে যদি বলেন যে আমি পদত্যাগ করলে খগেনবাবু, কি শৈলবাবু, কি জগন্নাথবাবু মুখ্যমন্ত্রী হলে আরো ভালভাবে চলবে তাহলে আমি ভেবে দেখতে পারি। আমার মাননীয় বন্ধু শ্রীবিজয় ব্যানার্জী মহাশয় গণতন্ত্রের কথা, পদত্যাগের কথা বললেন, যেহেতু জনসাধারণ আমাদের চায় না। চায়না যদি তাহলে আমাদের ভোট দেয় কেন? শ্রীমনসুর হবিবুল্লা বললেন যে লাল বাহাদুর শাস্ত্রী প্রফুল্ল সেনের পিঠ চাপড়ে দিয়েছেন আর প্রফুল্ল সেন তাঁর পিঠ চাপড়িয়ে দিয়েছেন। চায়না যদি তাহলে লক্ষ লক্ষ লোক আমাদের নীতিকে সমর্থন করছে কেন? এটা ওঁদের দেখবার চোখ নেই, বুঝবার শক্তি নেই। সেজন্য গণতন্ত্র এঁদের মুখে শোভা পায়, না কাশীকান্তবাবুর মুখে শোভা পায়? হবিবুল্লা সাহেব বললেন দুর্ভিক্ষের পদধ্বনি নয়, বিপ্লবের পদধ্বনি শোনা যাচ্ছে। সেটা আগামী নির্বাচনেই বোঝা যাবে যে

কিসের পদধ্বনি শোনা যাচ্ছে। এই সব কথা বললে চিড়ে ভিজবে না। আসল কথা হচ্ছে যেটা এখানে বলছেন আবার গোপনে সেটা আমার কাছে অন্য রকম বলছেন। আমার এক বন্ধু আমার কাছে বলেছেন যে, হ্যাঁ মশায় এবারে কলকাতা সহরে যেভাবে এই বিধিবদ্ধ রেশনিং সুপরিচালিত হয়েছে তাতে আমাদের আর কিছু করবার নেই, বলবার নেই, আমরা প্রসেশন বের করতে পারছিনা, শোভাযাত্রা বের করতে পারছিনা, মিটিং ডাকলে লোক হয়না, অথচ লাল বাহাদুর শাস্ত্রীর মিটিং-এ ৫০ লক্ষ লোক হল। সুতরাং এটা একটা ভাববার কথা বটে যে ভদ্রলোকেরা করবেন কি? আমাদের এই কলকাতা সহরে বিধিবদ্ধ রেশনিং সম্বন্ধে একটা কথা এঁরা স্বীকার করে নিয়েছেন কিন্তু সাহস নেই বলবার যে, না মশায় খাদ্য নীতির এই অংশটুকু আমরা সমর্থন করছি, আমরা এর জন্য অভিনন্দন জানাচ্ছি। সাহস থাকলে নিশ্চয়ই বলতেন। আজকে ভারতবর্ষের অন্যান্য সহরের দিকে তাকিয়ে দেখলে এবং আমাদের পশ্চিম বঙ্গের কলকাতা সহরের দিকে তাকিয়ে দেখলে পর বিরোধী দলের বন্ধুদের যদি সৎ সাহস থাকতো তাহলে তাঁরা নিশ্চয়ই বলতেন যে, হ্যাঁ মশায়, আপনারা কোন কোন ক্ষেত্রে সাফল্য অর্জন করেছেন যেমন কলকাতার ক্ষেত্রে। আমাদের একজন বন্ধু বললেন কলকাতাকে যদি খাওয়াবে তাহলে কলকাতার জন্য যতটা দরকার তার সবটাই কেন্দ্রের কাছ থেকে আদায় করছেন না কেন? আর একজন, কাশীকান্ত মৈত্র মহাশয়ের পাণ্ডিত্য সম্বন্ধে আমরা প্রশ্ন করছি না, তিনি একজন পণ্ডিত লোক, তাঁর অঙ্কের জ্ঞান এবং পাণ্ডিত্য এতখানি যে বিরোধী দলের অন্যের সঙ্গে তাঁর মিল নেই, না আছে ফরোয়ার্ড ব্লকের সঙ্গে, না আছে কম্যুনিস্টদের সঙ্গে, না আছে আমাদের সঙ্গে। তিনি বললেন আমাদের খাদ্যের অভাব নেই। তিনি একটা হিসাব করে দেখিয়ে দিলেন ৪৬ লক্ষ টন যদি চলে যেতে পারে তাহলে কোথায় খাদ্যাভাব। তাঁর পাণ্ডিত্য আছে খুবই সেটা সবাই স্বীকার করেন কিন্তু তাঁর এই কথার সঙ্গে অন্যান্য বন্ধুরা একমত হবেন না। কাজে কাজেই তিনি এক রকমের বক্তৃতা করে গেলেন এবং সঙ্গে সঙ্গে খগেন রায়চৌধুরী মহাশয় আর এক রকমের বক্তৃতা করে গেলেন এবং এ থেকেই বোঝা যাচ্ছে আমাদের এখানে যে বিতর্ক হচ্ছে এই বিতর্ক শুধু রাজনীতির দিক থেকে হচ্ছে, খাদ্য সমস্যার সমাধানের দিক থেকে হচ্ছে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয়ের কথা যদি মেনে নেওয়া যায় তাহলে আমাদের কম্যুনিস্ট বন্ধুরা, ফরোয়ার্ড ব্লকের বন্ধুরা সব নস্যাৎ হয়ে যাবেন, তাঁদের কিছু করবার থাকবে না। এটা যদি সত্য বলে ধরে নিই যে আমাদের যা আছে সেটা যদি সুচারুরূপে বণ্টনের ব্যবস্থা করা হতো তাহলে আমাদের ঘাটতি হতো না। আচ্ছা, তাই যদি হয় তাহলে আমরা ৬ লক্ষ টন গম এই সেরে পেয়েছি এবং সেই ৬ লক্ষ টন গম লোকেরা খেয়েছে এবং তাহলে কৃষকের বাড়ীতে লক্ষ লক্ষ মণ খাদ্য বাড়া জমে যাওয়া উচিত ছিল যদি কাশীকান্তবাবুর পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতার কোন অর্থ থাকতো।

(বিরোধী পক্ষের বেঞ্চ হইতে কণ্ঠস্বর.....চোরাকারবারীদের ঘরে চাল আছে।)

আরেকজন বন্ধু বলছেন চোরাকারবারীদের ঘরে চাল আছে (হট্টগোল)।

চোরাকারবারীরা ঘরে রেখে করবে কি? এটা ত নিয়ে ঝগড়ার প্রশ্ন নয়। দুটো মতের কথা। একটা মত হচ্ছে যে, পশ্চিমবাংলায় যে উৎপাদন হচ্ছে তাতে আমাদের কুলোতে পারে। তা যদি কুলোয় তা হলে ৬ লক্ষ টন গম খাবে কেন, আজ ২ লক্ষ ৬৪ হাজার টন যা পেয়েছি তাও বা খাবে কেন? একজন বন্ধু বলছেন হয়ত বিচার বিবেচনা করেই বলছেন যে, চোরাকারবারীদের বাড়িতে আছে। চোরাকারবারীরা বাড়িতে লক্ষ লক্ষ মণ জমিয়ে রাখবে কি আশায়? (হট্টগোল)। খাদ্যে যদি আমরা স্বয়ংসম্পূর্ণ হই, তদতিরিক্ত যদি ৬ লক্ষ টন গম আনি তার উপর যদি ২ লক্ষ ৬৪ হাজার টন চাল আনি, তাহলে চোরাকারবারীরা রাখবে কেন? আমার আর একজন বন্ধু বললেন যে ল অফ ডিমান্ড এ্যান্ড সাপ্লাই তা যদি হয়, তাহলে চোরাকারবারীরা ত কিছুই করতে পারবে না। কাজেই এটা হতে পারে না, অসম্ভব ব্যাপার তাহলে আর কেউ চাষ করতেন না। সুতরাং কাশীকান্ত মহাশয়ের পাণ্ডিত্যপূর্ণ বক্তৃতার আমি কোন মূল্য দিচ্ছি না। এখানে আমার অন্য বন্ধুরা যে সব কথা বলেছেন, সেগুলি ভাববার বিষয়। একজন বন্ধু বললেন যে, কলকাতা বেশি খাচ্ছে কেন? আমি কালকেই বলেছিলাম যে, কলকাতা ৭৪ হাজার টন বাংলাদেশের চাল খেয়েছে। গত বৎসর হয়ত ৩ লক্ষ টন খেয়েছিল বাংলাদেশের

চাল—গত বৎসরের চেয়ে কম খেয়েছে। আমার আর একজন বন্ধু তিনি আমার বড় সমাজতন্ত্রীবাদী কমুনিষ্ট গ্রামের জন্য তাঁর দরদ আছে। তিনি আমার কাছে এসেছিলেন কতকগুলি চিড়ে, মুড়ির ব্যবসাদারের জন্য কলকাতায় বিক্রির ব্যাপারে। আমি বললাম, তুমি কেন এটা করছো। মুড়ি, মুড়কি কি চিড়ে কলকাতার বাবুদের খাইয়ে করবে কি? আমি বিধিবদ্ধ রেশন করেছি। তিনি শুনবেন না। বড্ড বেশি দরদ। সেইজন্য আমাদের বন্ধু খগেন রায়চৌধুরী মহাশয় গ্রামের বুক থেকে চিড়ে, মুড়ি, বাতাসা প্রভৃতি কলকাতার আনার চেষ্টা করেছিলেন—এই হচ্ছে তাঁর স্বরূপ। কথা হচ্ছে, আমি যে নীতি গ্রহণ করেছি, সেই নীতি আংশিকভাবে নিশ্চয় সাফল্যমণ্ডিত হয়েছে। তাহলে কলকাতার মুখ দিয়ে বেরোল কেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি প্রসিডিং খুলে দেখুন, গত বৎসরের, তার আগের বৎসরের, তার আগের বৎসরের, দেখবেন খালি কলকাতার কথা। আমার একজন বন্ধু চালের নমুনা এনেছেন। যদি কলকাতার রেশনিং খারাপ হত, তাহলে দেখতেন, তাঁরা নমুনার পর নমুনা নিয়ে আসতেন। কলকাতার রেশনিং খুব ভাল, সেইজন্যই কলকাতা সম্বন্ধে কোন অনুযোগ নেই, অভিযোগ নেই, ক্ষোভ নেই, বিক্ষোভ নেই। সেই কারণেই আমি বলছিলাম, যে, আমাদের খাদ্যনীতি সম্পূর্ণভাবে সাফলমণ্ডিত হয় নি তা আমি স্বীকার করছি। কিন্তু আমাদের খাদ্যনীতি আংশিকভাবে সাফল্যলাভ করেছে। কি অর্থে, না কলকাতার লোক বাংলাদেশের চাল কম খেয়েছে। গ্রামের জন্য বাংলাদেশের চাল বেশি করে রেখে দিয়েছে। তার উপর আমরা বাইরে থেকে গম এলে ২ লক্ষ টন গ্রামাঞ্চলে দিয়েছি। একজন বন্ধু বললেন যে তোমরা বড় বড় চালকলওয়ালাদের ব্ল্যাক মার্কেট করার সুযোগ দিয়েছ। ২ লক্ষ ৮৬ হাজার টন আমরা নিয়েছি শতকরা ২৫ ভাগ। আর কালকে বলেছি ২ লক্ষ ৮৬ হাজার টন বাকি যেটা, তার মধ্যে কিছুটা রেখেছে তারা নিজের জায়গায় বাকিটা জেলা ম্যাজিস্ট্রেটকে পাঠিয়েছে। তাহলে যে ২ লক্ষ ৮৬ হাজার টন আমরা নিয়েছি কেউ কি বলতে পারেন যে সেই ২ লক্ষ ৮৬ হাজার টন আমরা বেশি দামে বিক্রি করেছি, তা কেউ বলতে পারেন না। আমাদের নিয়ন্ত্রিত দরে সেগুলি বিক্রি হয়েছে।

[5-25—5-35 p.m.]

আমাদের ধান কলওয়ালারা চুরি জোচ্চুরি কিছু করেছে কিনা জানিনা কিন্তু তারা জেলা ম্যাজিস্ট্রেটদের ৫ লক্ষ ৭২ হাজার টন চাল ৩০শে অক্টোবরের মধ্যে দিয়েছে এবং আমরা আশা করছি নভেম্বর ডিসেম্বরের মধ্যে আমরা আরও ১ লক্ষ কি সওয়া লক্ষ টন চাল পাব। তাহলে প্রায় ৭ লক্ষ টনের কাছাকাছি যাবে। আমি কালকেই বলেছিলাম যে, আমাদের বড় বড় ধান কলগুলিতে ৬ লক্ষ থেকে ৮ লক্ষ চাল হয়েছে তাহলে কোথায় চোরাকারবারীদের ব্ল্যাক মার্কেট করবার সুবিধা দেওয়া হল। আমার একজন বন্ধু বললেন রাইটিষ্ট কমুনিষ্ট পার্টির শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয়, তিনি বললেন যে, প্রফুল্লবাবু এত লোককে ধরলেন কিন্তু বিড়লা এবং গুলজারীলাল নন্দের ধমকানিতে তাদের ছেড়ে দিয়েছেন এটা সম্পূর্ণ অসত্য কথা যে আমাকে কেউ ধমক দিয়েছে। পৃথিবীতে এমন লোক জন্মায়নি যে আমাকে ধমক দিতে পারে—গুলজারীলাল নন্দ মহাশয় নয়। আর তিনি এমন অন্যায় কথা বলবেনই বা কেন। আর বিড়লার কি স্বার্থ থাকতে পারে যে আমাকে বলবে। আমি দুই বছরের মধ্যে বিড়লার মুখ দেখি নি। কাজে কাজেই এই সমস্ত কথা যাঁরা বলেন তাঁরা আসলে ডিসিসনটাকে গুলিয়ে দিতে চান। আর একজন বন্ধু বললেন যে, খগেনবাবু ব্ল্যাক মার্কেটিয়ারদের ছাড়িয়েছেন। আমি আপনার কাছে বলছি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ডি. আই. ও রুলসে যখন ধরি, তখন আমি মন্ত্রীসভার সঙ্গে পরামর্শ করি না এবং ছাড়ি যখন তখনও কারও সঙ্গে পরামর্শ করি না এবং আমার কোন মাননীয় মন্ত্রী আমাকে বলেন নি যে ওকে ছেড়ে দিন, কারণ তাঁরা জানেন যে, আমি একটা কঠোর নীতি অবলম্বন করেছি। কাজেই আমার মন্ত্রীসভা এবং আমার দলের সমস্ত লোক আমাকে সমর্থন করে এবং তার জন্য আমি গৌরববোধ করছি।

আজকে ওঁরা জ্বলে পুড়ে যাচ্ছেন—ওঁরা ভাবছেন যে, অন্য দেশে এত লোক ধরল না, উনি কি করে ধরছেন, সেজন্য ওঁদের বুক জ্বলে যাচ্ছে। (বিরোধী পক্ষের বেঞ্চ হইতে তুমুল হট্টগোল।) আমি বলে দিতে পারি যে পৃথিবীতে এমন লোক জন্মায়নি যে আমার কাছ থেকে কোন জিনিষ আদায় করে নিতে পারে বা আমার নীতি থেকে আমাকে বিচ্যুত করতে পারে। আমাদের দেশে খাদ্যের টানাটানি কোথাও কোথাও হচ্ছে, কেউ হয়ত পাচ্ছে না আমি স্বীকার করি সর্বত্র আমরা হয়ত মূল্য নিয়ন্ত্রণ করতে পারি নি, কিন্তু তার জন্য আমরা আন্তরিকভাবে চেষ্টা করছি। কিন্তু আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি, আমার এক বন্ধু যা বললেন সে সম্বন্ধে—তিনি যদি উল্লেখ না করতেন, তা হলে আমি বললাম না—তিনি বলেছেন, শ্রীদে বলে একজন লোক তাঁর স্ত্রী দুটি পুত্র ও একটি কন্যা সহ আত্মহত্যা করেছেন—এটা খুবই শোকাবহ ব্যাপার। ব্যাপারটা কি এই রকম একজন লোক আত্মহত্যা করলেন স্ত্রী এবং তিনটে পুত্র কন্যা সহ এটা তো খোঁজ করা দরকার। আমি সঙ্গে সঙ্গে তদন্ত করলাম। সেই ভদ্রলোক একটা চিঠি লিখে রেখে গেছেন। আমি আপনাকে পড়ে শোনাচ্ছি। কারণ এ নিয়ে মাননীয় সদস্যরা বলেছেন। তিনি এই চিঠিটা লিখেছেন ৩-১১-৬৫ তারিখেঃ—

"মাননীয় মহাশয় দিগর,

আপনাদের নিকট আমাদের সকলের নিবেদন যে, আমরা আজ নিজ নিজ স্বহস্তে বিষপাণ করিয়াছি। এর জন্য কেউ দায়ী নয়। দুঃখের বিষয়, আজ আমার টাকা থাকা সত্ত্বেও আমাকে একটা মূর্খের মত পরিচয় দিলাম।"

তিনি ভাষাটা এইরকমই লিখেছেন।

"তবে টাকা সবই পরহস্তে। তাহারা আমাকে টাকা না দিয়ে ফাঁকি দেবার জন্য আজ আমি বাধ্য হচ্ছি আপনার লোক থাকার জন্য তাঁদের কাছে শেষ অনুরোধ করলাম, তাঁরা আমার কথা রাখলেন না। উপরন্তু হৃদয়ের যতখানি আঘাত দেওয়া সম্ভব মনে করেছিলাম তাঁরা তা দিয়েছেন। আমার শ্যালা বিশ্বনাথ বসু সে আমার অফিসের টাকা প্রায় আট শো টাকার মত মেরে দিয়েছেন। এখন আর কথা বলে না। তার চাকরী আমারই দেওয়া, তাই আজ তার ছোট বোনকে ভালবাসছে। ওভারসিয়ার ব্যাঙ্ক গড়িয়াহাট দেখতে পাবেন এ্যাকাউণ্ট নং ৮৯৯ বিশ্বনাথ বসু, হালতু—প্রায় বরাবরই চেকে টাকা দিয়েছেন। হিসাব চেয়েছিলাম যা তা হিসাব দিয়ে বললেন আর টাকা নেই—মাত্র ১০ টাকা আছে। আমি প্রতিবাদ না করে চলে আসি, তার কারণ কারও সঙ্গে ঝগড়া করতে চাই না। এটাই আমার ভাগ্য। আপনারা যদি পারেন টাকা আদায় করে জোয়ানদের তহবিলে জমা দেবেন। আর কিছু রইল হয়তো ২৭০ টাকা বাড়ীওলাকে দেবেন। আমার জমতা এবং মেয়ের একটা ফটো ও সুটকেশ যা আছে পাড়ার মোড়ের ভদ্রলোককে তা দেবেন—তিনি আমার বহু উপকার করেছেন। ভদ্রলোকের নাম ললিত কিশোর চক্রবর্তী এবং ঘরের বাকি তারি দান উঁহাকে দেবেন। আমাদের যেন পোসমর্টেম না করা হয় কারণ আমরা স্বকৃত জীবন দান করছি ঘৃণায়।"

এটা লিখেছেন এবং তাতে স্বাক্ষর করেছেন। আমার কাছে যিনি এই দুঃখের সংবাদ বহন করে এনেছেন তিনি শ্রীখগেন রায়চৌধুরী এম-এল-এ এবং হরিহর বন্দ্যোপাধ্যায় জে পি। কিন্তু সবাই বললেন এঁরা না খেয়ে মরেছেন। অবশ্য এঁদের মৃত্যু সম্বন্ধে আরও তদন্ত হচ্ছে। কিন্তু আমার দুঃখ হচ্ছে এঁদের মৃত্যুর জন্য। দুর্ভিক্ষের জন্য যদি মৃত্যু হয়, তাহলে একজন দুজন তিনজন বা চার জনের মৃত্যু হবে না। সোমনাথবাবু জানেন আগেকার কথা যখন আমরা জেলে ছিলাম উনারা তখন বাইরে ছিলেন, উনারা জানেন যে কিরকম মৃত্যু সেই সময় হয়েছিল। অর্থাৎ সত্যকারের দুর্ভিক্ষ যখন হয়েছিল সেই ১৯৪২-৪৩ সালে। অনেকে বললেন লোকে খেতে পাচ্ছে না, মারা যাচ্ছে। আমাদের দেশে অন্নাভাব আছে সে বিষয়ে সন্দেহ নেই। কিন্তু আমাদের দেশে এটা সকলেই স্বীকার করবেন পশ্চিমবাংলায় মৃত্যুর হার কমছে না বেড়েছে—সকলেই স্বীকার করবেন যে মৃত্যুর হার কমছে। মৃত্যুর হার যদি কমতে থাকে তাহলে দুর্ভিক্ষ কোথায়, বিপ্লব হলো কোথায়, সেটা আমি বুঝতে পারছি না। ছোলা

সম্বন্ধে একজন মাননীয় সদস্য বললেন ছোলা এখানে যে দর ছিল পাঞ্জাবে তার চেয়ে বেশী দামে বিক্রি হচ্ছে। তার মধ্যে না কি কানাইলাল দে বেনামিতে কানাইলাল দে ইত্যাদি এঁরা কম দামে ছোলা এনেছিলেন এবং সাহু রাইস কোং তাঁরাও কম দামে এনেছিলেন চিরঞ্জীব, শিউলাল এঁরা কম দামে এনেছিলেন। এঁরা এনেছিলেন ৪৭।৪৮।৪৯ টাকায়। আমাদের কো-অপারেটিভের চেয়ে বেশী দামে এনেছিলেন, এ্যাপেক্স কো-অপারেটিভের চেয়ে বেশী দামে এনেছিলেন—৫৩ টাকায়। কাজেই এঁরা ব্ল্যাক মার্কেটিং করেন নি। বরং বলতে পারি যখন দাম নির্ধারণের বিষয় সম্বন্ধে আলোচনা হয় তখন আমরা বলেছিলাম যখন গুহ রাইস কোম্পানী, কানাই দে, তাঁরা যখন কম দামে এনেছেন আমরাও কম দামে বিক্রি করবো। কাজেই ওঁদের যতগুলি অভিযোগ আছে, সেই অভিযোগের কোনরকম মাথামুণ্ড নেই। এবার বোধ হয় মুরারী মোহন মান্না সম্বন্ধে বলতে দেওয়া হবে। কারণ কানাইবাবু অপূর্ববাবু এমন মজাদার জিনিস পেয়ে গেছেন মুরারী মোহন মান্না-কে বধ করার জন্য তখন কিছু সে সম্বন্ধে বলতে হবে। আর যেন অন্য কিছু বলার নেই, খাদ্য সমস্যা হল বা না হল মুরারীকে আগে মারি। কিন্তু মারতে গিয়ে একটু ফাঁপরে পড়ে গেছেন। কানাইবাবু এটাকে নিয়ে কাল আলোচনা করেছিলেন। ফাঁপরটা কি হয়েছে তা একটু বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি একজন সলিসিটার আপনি তিন চারটে জিনিস বিচার করুন। অপূর্ববাবু ওকালতি করেন—তাঁর অন্ততঃ একটু বিচার শক্তি থাকা দরকার।

[5-35—5-45 p.m.]

হাওড়া জেলায় আজ ভীষণ অবস্থা তার কারণ কিনা সেখানে আজকে ৩ টাকা কিলো চাল বিক্রী হচ্ছে। আর ২৪ পরগণায় দেড় টাকা কিলো চাল বিক্রী হচ্ছে। তাহলে মুরারীবাবু ৩ টাকায় চাল কিনে দেড় টাকায় বিক্রী করতে যাবেন কেন? মাননীয় সদস্য এস-পির একটা চিঠি পড়লেন তাতে তিনি বলছেন যে চাল দীঘায় যাচ্ছে না ২৪ পরগণায় যাচ্ছে। তাই যদি হয় আমার জানা আছে যে ২৪ পরগণা নদীয়ার চেয়ে হাওড়ার গ্রামে চালের দর বেড়েছে। এখন যেখানে দাম বেশী সেখানে বিক্রী না করে নির্বোধের মত মুরারীবাবু অন্য জায়গায় বিক্রী করবেন? সেইজন্য কানাইবাবু এবং আদালতে প্র্যাকটিস করেন অপূর্ববাবু এটা স্বীকার করবেন না যে মুরারিবাবু একজন নির্বোধ লোক। মুরারিবাবু একজন পাকা ব্যবসাদার, ব্যবসা বাণিজ্য শিল্প তিনি স্বার্থকতার সঙ্গে করেছেন। বাঙ্গালীর মধ্যে পাকা ব্যবসাদার হিসাবে বেশ নামও করেছেন। তিনি স্কুল কলেজ করেছেন, দানও তিনি অনেক করেন। মুরারীবাবু যদি অন্যায় কার্য করেন তাহলে কংগ্রেস থেকে তার নাম কেটে দেব এবং যদি প্রমাণিত হয় পাকিস্তানে চাল পাচার করতে গিয়েছিলেন তাহলে কংগ্রেস থেকে নাম কেটে দেব ও আসছে বছরে তাকে নমিনেশন দেব না—এই প্রতিশ্রুতি আমি কানাইবাবু এবং অপূর্ব বাবুকে দিচ্ছি। তবে একটা জিনিস বোঝা দরকার যে মুরারীবাবুর অপরাধ কি কানাইবাবু তা জানতে পারেন—কানাইবাবু নাও জানতে পারেন, তার জন্ম হাওড়ায় এবং কানাইবাবুর চোখ আছে তিনি লেখাপড়াও ভাল জানেন। তিনি জানেন যে শ্যামপুর অঞ্চল থেকে মাছ ধরতে যায় এবং সেটা নতুন নয়, চিরকালই লোক যায়, ৪ মাসের জন্য তারা এভাবে যায় এবং মাছ ধরে বেশ পয়সাও রোজগার করে। তাদের যে নৌকা সে নৌকায় ৮।১০ জন লোকও থাকে। (ডাঃ কানাইলাল ভট্টাচার্য—এসব গল্প কথা, আমরা শুনতে চাই না। এসব গল্প কথা শুনতে চাই না যে, শ্যামপুর থেকে জেলেরা সমুদ্রে মাছ ধরতে যায়।) কানাইবাবু এবং অপূর্ব বাবুর গল্প আমরা শুনেছি। আমাদের গল্প তাঁরা অবশ্য শুনতে রাজী নন বলে বলছেন, তাহলে আমি আর এ কথা বলব না। যা হোক এ সম্বন্ধে আমি তদন্ত করব এবং যদি মুরারীবাবুর অপরাধ হয় তাহলে তিনি পদত্যাগ করবেন আর যদি না হয় তাহলে কানাইবাবু এবং অপূর্ববাবু পদত্যাগ করবেন এই কথা তাঁরা এখানে বলুন।

(গোলমাল)

আমি এইটাই বলতে চাই.....

(Noise and interruptions.)

Dr. Kanai Lal Bhattacharya:

আমি চ্যালেঞ্জ করছি, আপনি এনকোয়ারি কমিটি বসান, যদি প্রমাণ না হয়, আই স্যাল রিজাইন...

(Noise and interruptions.)

Shri Apurba Lal Majumdar:

তদন্ত আমি এ্যাকসেপ্ট করছি। কানাইবাবু বেশ, আমিও রেজিগনেশান দিতে রাজী আছি।...

(Noise and interruptions.)

Shri Prafulla Chandra Sen:

এখন আমি আমার শেষ বক্তব্য বলে শেষ করতে চাই।

আমি বলতে পারি আজকে পশ্চিমবঙ্গের যে সমস্যা, বিশেষ করে শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয়ের জেলার যে সমস্যা, যেখানে ৭ লক্ষ ৭ হাজার লোক ছিল স্বাধীনতার আগে, আজ সেখানে ১৭ লক্ষ ১৬ হাজার লোক হয়েছে। তাঁর জেলার কয়েকটি লোক না খেতে পেয়ে মারা গিয়েছে, উনি বললেন। আমি বলছি আমাদের এই খাদ্য নীতি চলতে থাকবে, যতদিন পর্যন্ত আমাদের উৎপাদন পর্যাপ্ত পরিমাণে না হবে। পৃথিবীতে এমন কোন দেশ নেই, যেখানে তারা খাদ্য সমস্যা সম্পূর্ণ ভাবে সমাধান করতে পেরেছে। আমি শুনেছি ইউ এস এস আর-এ মাথা পিছু চাষের জমি ১৭ বিঘা। আর আমাদের এখানে, পশ্চিমবঙ্গে মাথা পিছু চাষের জমি মাত্র ১ বিঘা। সেই ইউ এস এস আর পর্যন্ত গম কেনে আমেরিকা থেকে, কানাডা থেকে। কাজেই লম্বা চওড়া কথা বললেইত হয় না। আমি গর্ববোধ করছি যে, যেখানে ৪০ লক্ষ আশ্রয় প্রার্থি এসেছেন নদীয়া জেলাতে, সেখানে ওঁরা যা খাচ্ছেন, তার জন্য আমাকে ধন্যবাদ দেওয়া উচিত।

ভবিষ্যতে আমাদের খাদ্য নীতি আরও ভালভাবে আরও বেশী করে সফল হবে।

Adjournment.

The House was then adjourned at 5-43 pm. till 1 p.m. on Monday, the 8th November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the 8th November, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 9 Ministers, 4 Ministers of State and 153 Members.

[1—1-10 p.m.]

Shri Kamal Kanti Guha:

স্যার, আজকে বিজনেস আরম্ভ হবার আগে আমি একটা কথা বলে নিই, আপনার প্রোগ্রাম পেলাম, কিন্তু এই প্রোগ্রামে ইমার্জেন্সী সম্বন্ধে ১৫ই তারিখে যে আলোচনা হবার কথা ছিল —বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে এইটাই ঠিক হয়েছিল, সেটা কিন্তু এর মধ্যে দেখছি না।

Shri Jagannath Kolay:

কমলবাবু, কালকে চীফ মিনিষ্টার এলে আমরা সবাই বসে এটা ঠিক করব।

Shri Kamal Kanti Guha:

কিন্তু ১৫ তারিখে হবে বলে ঠিক হয়েছিল এবং এখানে দেখছি ৭-১২-৬৫ পর্যন্ত হাউসের প্রোগ্রাম আছে।

Shri Jagannath Kolay:

বেশ তো, ঐ আলোচনাটা যেদিন হবার ঠিক হয়েছিল প্রোগ্রামে সেই ডেটটা সরিয়ে নিয়ে আর একদিনের প্রোগ্রামে দিয়ে দিলেই হবে।

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Ministers' contribution to National Defence Fund

***1.** (Admitted question No. *121.) **Shri Mrigendra Bhattacharyya:**

অর্থ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান জরুরী অবস্থার আরম্ভ হইতে বর্তমান সময় পর্যন্ত প্রতিরক্ষা তহবিলে কোন কোন মন্ত্রী, এবং রাষ্ট্রমন্ত্রী মাসিক কত টাকা বেতন হইতে দান করিয়াছেন এবং কোন মাস হইতে কোন মাস পর্যন্ত দিয়াছেন;

(খ) ইহা কি সত্য যে উক্ত মন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রী মহোদয়গণ প্রতিরক্ষা তহবিলে দান বন্ধ করিয়াছেন; এবং

(গ) সত্য হইলে, কি কারণে উক্ত "দান" বন্ধ করা হইয়াছে?

Shri Saila Kumar Mukherjee:

(ক) ১৯৬৩ সালের জানুয়ারী মাস হইতে যে সকল মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী প্রতিরক্ষা তহবিলে তাঁহাদের বেতন হইতে যে যে মাসে দান করিয়াছেন তাহার একটি তালিকা অবগতির জন্য টেবিলে রাখা হইল।

(খ) এবং (গ) হ্যাঁ। ইহার পরিবর্তে ১৯৬৫ সালের ১লা এপ্রিল হইতে মন্ত্রী ও রাষ্ট্র-মন্ত্রীগণের বেতন মাসিক ১০০ টাকা হারে কমাইয়া দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clause (Ka) of starred question No. 1

Statement showing the names of Minister, Ministers of State who have contributed to National Defence Fund

Names	Contribution for December 1962	Contribution from January '63 to Febuary, '64	Monthly rate
Ministers			
1. Shri P. C. Sen (C.M.)	Rs. 312·50	February '64.	Rs. 125·00
2. Shri K. N. Das Gupta	Rs. 250·00	-do-	Rs. 100·00
3. Shri S. Bhattacharya	Rs. 250·00	-do-	Rs. 100·00
4. Shri J. Kolay	Rs. 250·00	-do-	Rs. 100·00
5. Shri S. K. Mukherjee	Rs. 250·00	-do-	Rs. 100·00
6. Shri I. D. Jalan	....	-do-	Rs. 100·00
7. Shri T. K. Ghosh	....	-do-	Rs. 100·00
8. Sm. P. Mukherjee	....	-do	Rs. 100·00
9. Sm. A. Maiti	....	-do-	Rs. 100·00
10. Shri S. M. Fazlur Rahaman ..	...	-do-	Rs. 100·00
11. Shri B. S. Nahar	....	-do-	Rs. 100·00
Ministers of State			
1. Shri A. S. Naskar	Rs. 212·50	February '64	Rs. 85·00
2. Shri S. M. Misra	....	-do-	Rs. 85·00
3. Shri T. Wangdi	....	-do-	Rs. 85·00
4. Shri S. Banerjee	....	-do-	Rs. 85·00

Covernment Jeeps

*2. (Admitted question No. *172.) **Shri Sudhir Chandra Das:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান পশ্চিমবঙ্গে কোন্ কোন্ সরকারী বিভাগে কতগুলি জিপগাড়ী আছে; এবং

(খ) সরকারী জিপগাড়ী কোন রাজনৈতিক দলের কাজে বা ব্যক্তিগত কাজে ব্যবহৃত হইতে পারে কি না?

—স্যার, আমার কোশ্চেনটা প্রথমে টেবিলে পেশ করা হয়নি।

Shri Saila Kumar Mukherjee: Sir, I will ask for time in connection with this question. Materials are being collected from different districts. We have not yet received these materials from all the districts.

Timely and proper answers to questions.

Mr. Speaker: Mr. Mukherjee, lately it has been found that many of ie questions are not being answered properly. Often requests are being ade for carrying over the questions to the next rotational day, or sometimes the answers are scanty. After all you have got some obligation to see that the answers are given properly and timely. It is a right of the members of this House.

Shri Saila Kumar Mukherjee: Sir, I have already explained that naterials are being collected.

Mr. Speaker: I am not referring to this particular question.

Shri Saila Kumar Mukherjee: Sir, materials are being collected and perhaps it will be ready by the next week.

Mr. Speaker:

মঃ মুখার্জী, অনেক সময় এই রকম জবাব দেওয়া হয় কোশ্চেনের যে তথ্য সংগ্রহ করা হচ্ছে। তথ্য সংগ্রহ করবার জন্য সাধারণভাবে বেশ কিছু সময় দেওয়া হয়, এমন কিছু কোশ্চেন থাকে যা যার জন্য এর চেয়ে লম্বার টাইম লাগতে পারে।

What I suggest is that the Hon'ble Ministers should see that the honourable members get the answers in time.

Shri Saila Kumar Mukherjee: I entirely agree with you, Sir. As you know, 95 per cent. of the questions are being answered properly and in time. As for this question, information is being collected from different districts.

Mr. Speaker: I am not speaking of any particular question. It may be that this question will be answered properly

Shri Saila Kumar Mukherjee: Sir, our difficulty is that the required naterials of information are not confined within Writers' Buildings. They re spread over 16 districts of the State. We have got to collect the naterials and we are trying our best to give the answers in time and properly.

Mr. Speaker:

ঠা, এটা তো ঠিকই যে ১৬টা ডিস্ট্রিক্ট থেকেই তথ্য আনতে হয়, কিন্তু তার জন্য রাইটার্স-বিল্ডিং এর এমন কিছু দীর্ঘ সময় দরকার হওয়া উচিত নয়।

Bus accident near Raj Bhavan on the 7th June, 1965

*3. (Admitted question No. *278.) **Shri Ananga Mohan Das:**

রাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৭ই জুন, ১৯৬৫ তারিখে কলিকাতা নগরীতে রাজ্যপাল ভবনের সম্মুখে যে বাস দুর্ঘটনা হয় তাহার কারণ সম্পর্কে অনুসন্ধান করা হইয়াছে কি না;

(খ) অনুসন্ধান হইয়া থাকিলে, তাহার ফলাফল কি; এবং

(গ) উক্ত ব্যাপারে কতজন নিহত ও কতজন আহত হইয়াছিল?

Shri Saila Kumar Mukherjee:

(ক) হ্যাঁ।

(খ) অনুসন্ধানের ফলে জানা গিয়াছে যে ইহা স্বাভাবিক দুর্ঘটনা জনিত।

(গ) নিহতের সংখ্যা— ৬

আহতের সংখ্যা—২৯।

Shri Ananga Mohan Das:

ড্রাইভারের দোষে এই দুর্ঘটনা ঘটেছে অনেকে বলে এই কথা সত্য কি না?

Shri Saila Kumar Mukherjee: The Expert Committee headed by the Chief Mechanical Engineer had made an enquiry and reported that it is natural accident. No fault has been ascribed to the driver.

Shri Ananga Mohan Das:

কতজন নিহত এবং কতজন আহত হয়েছে সেটা বলবেন কি?

Shri Saila Kumar Mukherjee:

৬ জন নিহত হয়েছেন এবং আহতের সংখ্যা ২৯ জন।

Shri Ananga Mohan Das:

যে সমস্ত লোক নিহত হয়েছেন তাদের পরিবারবর্গকে ক্ষতিপূরণ দানের কোন ব্যবস্থা আছে কি না?

Shri Saila Kumar Mukherjee:

অলরেডি ষ্টেট ট্রান্সপোর্ট করপোরেশন থেকে তাদের কিছু টাকা দেওয়া হয়েছে এবং ষ্টেট ট্রান্সপোর্টের যা জেনারেল স্কীম এবং যেহেতু এক্সপার্ট কমিটির রিপোর্ট হচ্ছে এটা এ্যাক্সিডেন্টাল ডেথ সে জন্য তাদের কেস ষ্ট্যাটুটারি ওয়ার্কমেন্স কম্পেনসেসন এ্যাক্ট-এর আওতায় আসে না, তবে তাদের মেডিক্যাল এক্সপেন্সেস ষ্টেট ট্রান্সপোর্ট করপোরেশান থেকে বহন করা হয়েছে।

Shri Ananga Mohan Das:

কতজন কি ভাবে নিহত এবং আহত হয়েছেন?

Mr. Speaker: You give separate notice.

Shri Sunil Das Gupta:

সেপারেট নোটিশের কথা কেন বলছেন, এই গাড়ীটা রাস্তায় এ্যাক্সিডেন্ট করেছে এটা ঠিক?

Shri Saila Kumar Mukherjee:

কে কি ভাবে আহত এবং নিহত হয়েছেন আমি জানি না।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রীমহাশয়, এই এ্যাক্সিডেন্ট সম্পর্কে এক্সপার্ট কমিটির কথা বললেন এবং তিনি সেই এক্সপার্ট কমিটির রিপোর্টের সামান্য একটু অংশ মাত্র পড়লেন, সমস্তটা দয়া করে পড়বেন কি এবং এক্সপার্ট কমিটি ক্লজ কি দেখিয়েছেন সেটা বলবেন কি?

Shri Saila Kumar Mukherjee:

আমি পড়ে দিচ্ছি

The Committee recorded the depositions made by the driver concerned and one of the conductors who were on duty in WBS-1899 in the forenoon 7th March, 1965, which met with the unfortunate accident. Deposition of another passenger travelling in the said bus has also been recorded. The statement of the garage driver who drove the vehicle No. WBS-1899 from Hare Street police-station to Central Traffic Office on 9th June, 1965, after release by the Police has also been reecorded.

The Committee members had a trial run on the said vehicle up to the place of accident to ascertain the maximum speed the vehicle can attain after its start from the bus stoppage by the side of the Curzon Park up to the spot where the accident took place. It was found that the maximum speed attained was about 20 miles per hour with the normal traffic conditions. This speed can, by no means, be termed as dangerous, nor should it cause such an accident in absence of some other factors. While inspecting the spot, it was found that the vehicle, while negotiating in between the two islands, took a sharp turn to the right, most probably to avert a serious direct collision with a vehicle coming from his left, i.e., from Red Road. While taking turn abruptly to the right, the rear right wheel of the vehicle might have gone over the raised portion in between the road surface and the wall of the raised island on the right.

It might have given the vehicle a good swing which might have contributed a lot towards the driver losing the control over the steering.

[1-10—1-20 p.m.]

The vehicle was then put under severe road test for a through checking. It was found that the vehicle had not any mechanical defect whatsoever. The Committee feels that further investigation should be made by way of examining more witnesses, etc., and other attendant circumstances before a final conclusion is arrived at.

আবার তারপরে এই বিস্তারিত ৪ পৃষ্ঠাব্যাপি রিপোর্ট আছে, কনক্লুশন হয়েছে যে ন্যাচারেল এ্যাক্সিডেন্ট।

Shri Sailendra Nath Adhikary:

ন্যাচারাল এ্যাক্সিডেন্ট যেটা বললেন তাতে আমি জিজ্ঞাসা করতে চাই যে এ খবর কি সত্য যে ঐ ধরণের ভেহেকিল ঐ ৩এ রুটে যেটা চলে সেই ভেহেকিলের স্প্রিং নেই সেইজন্য টার্ন নেবার সময় একদিকে ঝুকে গেল কন্ট্রোল করতে পারে না এই অভিযোগ আছে?

Shri Saila Kumar Mukherjee:

না, সত্য নয়। এটাত রিপোর্টে পড়ে দিলাম।

Shri Jiban Krishna Dey:

দুর্ঘটনায় যে সমস্ত লোক আহত বা নিহত হয় তার ভিতর রাষ্ট্রীয় পরিবহনের কর্মচারী, কণ্ডাক্টার, ড্রাইভার, বা ক্লিনার কেউ ছিল কি না?

Shri Saila Kumar Mukherjee: That I cannot say at this stage, but all of them have submitted their representations before the State Transport Corporation and the State Transport Corporation spent about Rs. 6,500.00

towards meeting medical bill and other charges for the injured people. The expert committee's report shows that is was purely a natural accident. Calcutta Transport Corporation have, therefore, refused to accept any of the claims for compensation preferred by the injured people and others according to the Workmen's Compensation Act.

Shri Jiban Krishna Dey:

প্রশ্ন সেটা নয়। রাষ্ট্রীয় পরিবহনের কোন কর্মচারী আহত বা নিহত হয়েছে কিনা এটা ডিপার্টমেন্ট থেকে বলতে পারছেন না?

Shri Saila Kumar Mukherjee:

এই ২৯ জনের লিষ্টের মধ্যে এদের কেউ আছে কিনা জানি না। যদি থাকেন তাহলে তাঁরা অন্য আইনের বলে নিশ্চয়ই কমপেনসেশন পাবেন।

Effect of ban on Sandesh on the milk-supply

*4. (Admitted question No. *290.) **Shri Sanat Kumar Raha:**

পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) 'সন্দেশ' নিষিদ্ধ করণের পর সরকার দুগ্ধ সরবরাহ বর্ধিত পরিমাণে পাইতেছেন কি না; এবং

(খ) পাইয়া থাকিলে কোন্ জেলায় কি পরিমাণ দুগ্ধ বর্ধিত হিসাবে পাইতেছেন?

Shri S. M. Fazlur Rahman:

(ক) হ্যাঁ;

(খ) জেলাভিত্তিক ২৮-১০-৬৫ তারিখে বর্ধিত হারে সংগৃহীত মোট দুগ্ধের পরিমাণ নিম্নরূপ :--

নদীয়া	—	৩৯,৬৪২ লিটার
২৪-পরগনা	—	৯,৪২৮ "
মুর্শিদাবাদ	—	৩,৪৬০ "
হুগলী	—	১,৭১৬ "
		৫৪,২৪৬ "

সংগৃহীত দুগ্ধের পরিমাণ ক্রমশ বৃদ্ধি পাইতেছে। আর ৫-১০-৬৫ তারিখ পর্যন্ত খবর দিতে পারি ৬০ হাজার ৫০০ লিটার যোগাড় হয়েছে।

Shri Sanat Kumar Raha:

বর্দ্ধিত হারে সংগৃহীত কথাটার অর্থ বুঝতে পারলাম না। কি পরিমাণ বর্দ্ধিত হইয়াছে আর কি পরিমাণে আগে ছিল?

Shri S. M. Fazlur Rahman:

আগে ছিল নদীয়া জেলাতে ১৯ হাজার ৬ শত লিটার, এখন সেখানে ৩৯ হাজার ৬৪২ লিটার। ২৪-পরগণায় ছিল ১৭ শত লিটার এখন সেখানে হয়েছে ৯,৪২৮ লিটার। মুর্শিদাবাদে আগে ছিল ১৬ শত লিটার এখন সেখানে হয়েছে ৩,৪৬০ লিটার। হুগলীতে আগে ছিল ১০০ লিটার এখন সেখানে ১,৭১৬ লিটার এবং এই ২৮ তারিখ পর্যন্ত ৫৪ হাজার ২৪৬ লিটার ছিল সেটা ৫ তারিখ পর্যন্ত অতিক্রম করে ৬০ হাজার ৫০০ লিটার হয়েছে।

Shri Sanat Kumar Raha:

সরকার কি পরিমাণ দুধ আশা করেছিলেন এই সন্দেশ বন্ধ করলে পাওয়া যাবে?

Shri S. M. Fazlur Rahman:

জানুয়ারীতে এক লক্ষ লিটার পাওয়া যাবে বলে আশা করেছিলাম।

Shri Sanat Kumar Raha:

এই যে ফিগারটা ক্যালকুলেট করেছেন এটা কিভাবে ক্যালকুলেট করা হয়?

Shri S. M. Fazlur Rahman:

আমাদের যে চিলিং প্ল্যান্ট আছে সেই চিলিং প্ল্যান্টে যে পরিমাণ দুধ দেয় সেই পরিমাণে হিসাব করা হয়।

Shri Kashi Kanta Maitra:

এই যে হিসাব দিলেন নদীয়া জেলায় ১৯ হাজার লিটারের জায়গায় ৩৯ হাজার লিটার কালেকশন বেড়েছে। এই যে দুধটা মফঃস্বল থেকে আপনারা কালেক্ট করছেন আপনারা কি এটা ভেবে দেখেছেন মফঃস্বল থেকে দুধ এলে সেখানে লোকে কি করে পাবে?

Shri S. M. Fazlur Rahman:

মফঃস্বলে যেখান থেকে দুধ নেওয়া হয় সেখানে তারা নিজের ব্যবহার করবার মত দুধ রেখে মার্কেটেবল সারপ্লাস যেটা সেটাই দেয়, সেখানে বঞ্চিত করে নিয়ে আসা হয় না।

Shri Kashi Kanta Maitra:

প্রফুল্লবাবু আগে চালের ব্যাপারে মার্কেটেবল সারপ্লাস বলেছেন এবং আপনিও দুধের ব্যাপারে মার্কেটেবল সারপ্লাস বলছেন। মার্কেটেবল সারপ্লাস বলতে কি বোঝাচ্ছেন? এরিয়ার কি প্রডাকশন, কত কনজামশন সেটা না দেখে কিভাবে মার্কেটেবল সারপ্লাস ক্যালকুলেট করলেন?

Shri S. M. Fazlur Rahman:

যে পরিমাণ সারপ্লাস থাকলে বাজারে বিক্রি হয়ে থাকে সেটাই মার্কেটেবল সারপ্লাস।

Shri Kashi Kanta Maitra:

মার্কেটেবল সারপ্লাস কাকে বলে?

Shri S. M. Fazlur Rahman:

যদি সকলেই খায়, সকলেই নেয়, তাছাড়া যদি সারপ্লাস হয় সেটাই বৈজ্ঞানিক ভিত্তিতে মার্কেটেবল সারপ্লাস।

Shri Ananda Copal Mukhopadhya:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে এই পরিবর্তিত নীতির জন্য এখন লোকেরা যে পরিমাণে দুধ নিয়ে আসছে সরকার সমস্ত দুধটা নিতে পারছে না কারণ তাদের চিলিং প্ল্যান্টের অভাব আছে?

Shri S. M. Fazlur Rahman:

দুধটা সব নেবার জন্যই, আরো সুবিধা করবার জন্যই বর্তমানে গভর্নমেন্টের হরিণঘাটায় এবং বেলগাছিয়ায় যে ১০টি চিলিং প্ল্যান্ট আছে তাছাড়া আরো ৬টি চিলিং প্ল্যান্টের ব্যবস্থা করা

Shri Anadi Das:

এই যে দুধটা পল্লীঅঞ্চল থেকে সহরে চলে এলো, এই দুধ যদি পল্লীতে থাকতো তাহলে পল্লীতেই বিক্রি হতো কিন্তু দুধটা সহরে চলে আসার জন্য পল্লীর লোকেরা দুধ কিনতে পারছে না এই রকম অবস্থা হয়েছে এটা কি মন্ত্রী মহাশয় জানেন?

Shri S. M. Fazlur Rahman:

সেখানে সার্টেন পার্সেন্ট বাদ দিয়ে দুধ কেনা হয়।

Fixation of price of fish

*5. (Admitted question No. *407.) **Shri Tarun Kumar Sen Gupta:**

মৎস্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কি উদ্দেশ্যে ও সর্বপ্রথম কবে সরকার কর্তৃক বিভিন্ন মৎস্যের কি হারে মূল্য নির্ধারণ করা হয়;

(খ) তৎপরবর্তী সময়ে উক্ত নির্ধারিত মূল্যের কোন পরিবর্তন করা হইয়াছে কি; এবং

(গ) পরিবর্তন করা হইলে, তাহা কিরূপ?

Shri S. M. Fazlur Rahman:

(ক) সরবরাহের অপ্রতুলতার সুযোগ লইয়া অসাধু মৎস্য ব্যবসায়ীগণের অতিরিক্ত মুনাফা লাভের প্রবনতার প্রতিরোধ কল্পে ১৯৬৩ সালের ১লা নভেম্বর হইতে সর্ব প্রথম সরকার কর্তৃক পশ্চিমবঙ্গ মুনাফা নিরোধ আইন ১৯৫৮ অনুযায়ী বিভিন্ন মৎস্যের সর্বোচ্চ মূল্য বাঁধিয়া দেওয়া হয়। মূল্যের বিভিন্ন হার সম্বলিত সংশ্লিষ্ট আদেশ লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত হইল।

(খ) (১) ১৯৬০ সালের ১৫ই নভেম্বর হইতে কয়েক প্রকার মৎসোর মূল্য পুনঃ নির্ধারিত করা হইয়াছিল এবং (২) ১৯৬৫ সালের ১লা এপ্রিল হইতে সমস্ত মূল্যতালিকা সংশোধন করা হয়।

(গ) (১) উক্ত ১৯৬০ সালের ১৫ই নভেম্বরের আদেশে মূল্যের অসংগতি নিরসনকল্পে এবং ওজনের তারতম্য অনুসারে মূল্য নির্ধারণের জন্য কয়েক প্রকার মৎসোর মূল্য সংশোধন করা হয়। ১৫ই নভেম্বর ১৯৬৩ তারিখের মূল্য তালিকা সংশোধনের আদেশ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(২) স্বাভাবিক সময় (অর্থাৎ ১লা নভেম্বর হইতে ৩০শে এপ্রিল) এর জন্য এক প্রস্ত এবং 'মন্দার' সময় (অর্থাৎ ১লা মে হইতে ৩১শে অক্টোবর) এর জন্য আর এক প্রস্ত দর নির্দিষ্ট করা হইয়াছে। ১লা এপ্রিল ১৯৬৫ তারিখের সংশ্লিষ্ট আদেশ লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

Austerity measures adopted by State Government

*6. (Admitted question No. *174.) **Shri Sudhir Chandra Das:**

অর্থ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান পরিস্থিতিতে সরকারী ব্যয় কমাইবার কোন নীতি গৃহীত হইয়াছে কি না; এবং

(খ) উত্তর হ্যাঁ হইলে, কোন্ কোন্ বিষয়ে ব্যয় সংকোচ করা হইবে?

Shri Saila Kumar Mukherjee:

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান পরিস্থিতিতে যে যে বিষয়ে ব্যয় সংকোচ করার নীতি গৃহীত হইয়াছে তাহার তালিকা অর্থ বিভাগের ৩০এ নভেম্বর ১৯৬৫ তারিখের ৪০৮৫ এফ নং মেমোতে দেখা যাইবে। এই মেমোর একটি প্রতিলিপি বিধান সভা লাইব্রেরীর টেবিলে রাখার জন্য নিম্নে দেওয়া হইল।

GOVERNMENT OF WEST BENGAL

Finance Department

Audit Branch

No. 4085-F.

Calcutta,
The 30th September, 1965.

Memorandum

Economy measures during the present emergency

In supersession of all previous orders the Governor is pleased to lay down the following economy measures for immediate implementation by all Government departments. Controlling Officers should observe these measures strictly—

(1) In view of the present situation no unbudgeted liabilities should be undertaken in the current year and no department should spend more than what is provided in the Budget Estimates unless such excess expenditure relates to Police, Civil Defence, Food, Agricultural and other emergency measures.

(2) With regard to expenditure on contingencies not related to Police, Civil Defence, Food, Agricultural and other emergency measures, all Departments should impose a cut of 5 per cent. on contingency expenditure provided in the current year's budget estimates and frame their Revised Estimates accordingly. A further 5 per cent. cut should be imposed in the Budget Estimates of 1966-67.

(3) When the work on a scheme outside the Plan has not commenced it should not be taken up now without further concurrence of the Finance Department even though the scheme has been administratively approved or even though there is a financial provision.

(4) Each office was directed to surrender 5 per cent. of staff as a measure of economy. Offices which have not done it so far should be directed to do so immediately and a report should be furnished to the Finance Department through the Administrative Department whether necessary action has been taken. Pending revision of yardsticks the existing yardsticks are hereby raised by 7½ per cent. in Secretariat and 5 per cent. in other offices which will remain in force until further orders. It should be ensured that arrears of work do not accumulate on account of the slight raising of the standard. The staff should be prepared to shoulder consequential extra load, if necessary, by working extra hours.

(5) Saturdays should be full working days except the second Saturday of the month which shall be treated as a full holiday like Sunday.

(6) Non-essential journeys on tour should be completely eliminated. No daily allowance should be drawn in respect of any tour performed in a Government car which is completed within six hours. Air journeys should not be undertaken unless they are unavoidable and should not be allowed except in case of Ministers, Secretaries, Joint Secretaries in charge of Departments and officers drawing pay of Rs. 2,000 and above. The mileage allowance in such case will, however, be equal to one standard air fare for the journey or the return fare wherever available plus an allowance for incidental expenses at ¼th of the standard fare as now admissible but limited to a maximum of Rs. 30 for each journey.

Government vehicles should not be used for tours exceeding 75 miles including return journey except by Ministers and Secretaries or Officers of equivalent rank. Other officers may use motor vehicles for such journeys with specific permission of the Controlling Officer if the latter considers that it is essential in the public interest to perform a tour in excess of 75 miles in Government vehicles. In such cases the Controlling Officer concerned will be required to furnish a certificate on the body of the travelling allowance bill to the effect that he is satisfied that the use of a Government vehicle was necessary in public interest in relaxation of the standing order.

(7) Transfers should be reduced to the minimum. Transfers which are not necessary in the defence interest or on medical grounds or necessitated by the completion of tenure periods in particular posts should be kept in abeyance.

(8) No new post should be created unless it is absolutely inescapable.

(9) Leave vacancies even exceeding one month should not be filled up unless absolutely necessary.

(10) Additional pay should not be allowed for officiating arrangement or for combination of posts unless the period exceeds two months. The proposal for special pay should similarly be subjected to the strictest scrutiny.

(11) Motor car allowance and other fixed conveyance allowance should be strictly scrutinised and their number reduced to the minimum consistently with the efficiency of public service.

(12) Proposals for purchase of motor vehicles should not be pursued except when such vehicles are essential for Police, Civil Defence, Agricultural and other emergency measures.

(13) Proposals for purchase of carpets, tapestry, etc., should be kept in abeyance. Similarly, the proposal for purchase of furniture should be strictly scrutinised.

(5) Stoppage of issuing ration cards to the new applicants by Shri Nikhil Das.

I have selected the Notice of Shrimati Ila Mittra on the subject of the death of 3 persons alleged to be due to starvation at Manikchak, district Malda. The Hon'ble Minister-in-charge may make a statement now or give a date on which the statement will be made.

Shri Jagannath Kolay: On Thursday next.

Shri Monoranjan Roy:

স্যার, আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই মুখ্যমন্ত্রী নেই তিনি থাকলে ভাল হত কারণ তাঁর কাছে একটা লিখিত চিঠি বহরমপুর জেল থেকে ৫১ জন ডেটিনিউ শ্রীপ্রভাত রায় এবং ৫০ জন অন্য ডেটিনিউ মুখ্যমন্ত্রীর কাছে একটা রিপ্রেজেনটেসান দিয়েছেন এবং আমার কাছেও একটা কপি দিয়েছেন।

Mr. Speaker:

মুখ্যমন্ত্রীর কাছে যদি রিপ্রেজেনটেসান দিয়ে থাকেন তাহলে সেটার আর কোন এখানে রিপিট করবার কিছু থাকে না। একটা পার্টিকুলার বিষয়ে এ্যাটেনসান দেওয়া হয়নি বলে সেই পার্টিকুলার বিষয়ে এ্যাটেনসান ড্র করবার জন্য এ ব্যবস্থা।

Shri Monoranjan Roy:

আমি বলছি শ্রীচারু মজুমদারকে ১৯এ সেপ্টেম্বর গ্রেপ্তার করা হয়। তার আগে এ বৎসরে ৩ মাস পর্যন্ত সে সম্পূর্ণ শয্যাশায়ী ছিল। বাড়ী থেকে বেরলো, খাট থেকে নীচে নামা বারণ ছিল কারণ তাঁর দুবার থ্রম্বোসিস হয়।

Mr. Speaker: You are talking of same complaints.

Shri Monoranjan Roy:

ব্যাপারটা খুবই সিরিয়াস এবং পাবলিক ইমপর্টেন্স, এরূপভাবে তাদের এ্যারেস্ট করে কনফাইন্ড করে রাখা হয়েছে জলপাইগুড়ি জেলে। কলকাতায় আনা যাচ্ছে না, জলপাইগুড়িতে একা রাখা হয়েছে, কোন চিকিৎসার ব্যবস্থা নেই, ডাক্তার ডাকবার কোন ব্যবস্থা নেই জেলমন্ত্রী খবর নেন যে অবস্থায় ইনি আছেন কি না। তাঁর হার্টে এবং পেটে পেন হচ্ছে। আপনি রিপোর্ট পেয়েছেন কিনা জানি না যে জলপাইগুড়ী জেলে তার ই. সি. জি করা হয়েছে এবং ইনফেক্সান পাওয়া গেছে এবং যে কোন সময়ই কেস ফ্যাটাল হতে পারে, তাকে এক্সট্রে করে কলকাতায় আনার ব্যবস্থা করা যায় কি না? ডাক্তাররা বলছেন কলকাতায় নিয়ে আসা যাবে না। এ অবস্থায় জেলমন্ত্রী যদি কিছু বলেন তো ভাল হয়।

Shri Jagannath Kolay:

নিশ্চয়ই আমি অনুসন্ধান করবো এবং সেখানে চিকিৎসার ব্যবস্থা না থাকলে বলবো, ও ডাক্তাররা যদি বলেন কলকাতায় আনতে হবে তাহলে তা নিশ্চই করা হবে।

Shri Monoranjan Roy:

ই. সি. জি করা হয়েছে এ সম্পর্কে রিপোর্ট পেয়েছেন কি?

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার স্যার, বাটা সু কোম্পানী প্রাইভেট লিমিটেড-এর একটা কাগজ আছে তার নাম হচ্ছে ইংরাজীতে 'বাটা নিউজ' এবং বাংলা নাম 'বাটা বিচিত্রা'। দ্বাদশ বর্ষ ৯ম সংখ্যা, ১২ই সেপ্টেম্বর তারিখ যখন পাকিস্থানের সঙ্গে ভারতের যুদ্ধ চলছে সেই তারিখের কাগজে তাঁরা সম্পাদকীয় লিখেছেন। তার ইংরাজী হচ্ছে এই যুদ্ধ সম্পর্কে 'অফ নো বেনিফিট' বাংলায় হল 'কোন লাভে'। আমি ৫টা লাইন এ থেকে পড়ে দিচ্ছি, "ভারতবর্ষ এবং পাকিস্থানের মধ্যে সাম্প্রতিক সংঘর্ষে কোন দেশ লাভবান হয় নি। বহু টাকা অস্ত্রশস্ত্র এবং বিমান ধ্বংস হয়েছে। এতে বহু সৈন্য হতাহত হয়েছে বলে দুই দেশের পক্ষ থেকে দাবী করা হয়েছে। কিন্তু এতে লাভ হয়েছে কার? দুই পক্ষের দাবী এবং প্রতিদাবী থেকে একটা তথ্যই পরিষ্কার যে বহু অর্থ এবং জীবন বিনষ্ট হয়েছে। কোন দেশই এতে লাভবান হতে পারে নি।" -এটা লেখা হয়েছে ১২ সেপ্টেম্বর। বাটা সু কোম্পানী হল একটা বিদেশী কোম্পানী। তার হেড কোয়ার্টার চেকোস্লোভাকিয়া থেকে কানাডা এবং আমেরিকায় চলে গেছে। এটা লেখা হয়েছে ১২ সেপ্টেম্বর। আপনি জানেন বি. এস. সি (প্রাইভেট) লিমিটেড বিদেশী পুঁজির কোম্পানী এবং এই কোম্পানীর হেডকোয়ার্টার যুগোশ্লোভাকিয়া থেকে কানাডা ও আমেরিকায় চলে গেছে এবং আমেরিকান পুঁজির মূলধন তারা এখানে ব্যবসা চালাচ্ছে। তারা যুদ্ধ সম্পর্কে এই সংবাদ পরিবেশন করেছেন যার ফলে আমাদের দেশের মনোবল ক্ষুণ্ণ হচ্ছে। আর একটা কথা বলতে

চাই যে এই কথা আমরা যদি বলতাম তাহলে আমাদের বিরুদ্ধে ভারতরক্ষা আইন প্রযুক্ত হত বা আমাদের কোন খবরের কাগজে যদি এরূপ লেখা হত তাহলে আমাদের বিরুদ্ধে ভারত-রক্ষা প্রয়োগ হত। আপনার কাছে ২টা কাগজ আমি পেশ করছি এবং এ সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বন করবেন জানতে চাই।

Shri Kamal Guha:

সেখানকার শ্রমিকদের মধ্যে একটা ভীষণ বিক্ষোভ দেখা দিয়েছে তাতে বলছে যে তাতে সম্পাদকীয়তে লিখেছে যে ম্যানেজারকে এ ব্যাপারে শাস্তি দেওয়া হোক এবং গভর্নমেন্ট যথা-রীতি ব্যবস্থা অবলম্বন করা হোক। কাজেই এখানে শ্রমিকদের মধ্যে অসন্তোষ সৃষ্টি হচ্ছে এমার্জেন্সীর সময়, সেজন্য আমার মনে হয় একটা তদন্ত করা উচিত। এবং আমার মনে হয় একটা বিদেশী কোম্পানী কি কারণে আমরা অন্য রাষ্ট্রের সঙ্গে যুদ্ধে লিপ্ত আছি সে কথা বলবে। একটা বিদেশী কোম্পানী এ যুদ্ধের সম্বন্ধে লাভ-লোকসান দেখবার কোন এক্তিয়ার নেই, তারা কেন এভাবে বিভ্রান্তির সৃষ্টি করছেন। জগন্নাথবাবু যেমন জলপাইগুড়ীর ব্যাপারে এ্যাসিওরেন্স দিলেন যে তদন্ত করবেন ঠিক এরূপ এসিওরেন্স চাচ্ছি এবং ভারতের নিরাপত্তা সম্বন্ধে যারা এরূপ কথা লিখবে তাদের সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করবেন শুনতে চাই।

Shri Jagannath Kolay:

এসিওরেন্স দেওয়া হচ্ছে।

GOVERNMENT BILL

The West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965

Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

Clause 2

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 2, after para. (c) of the proposed proviso so the following be added:—

> "(d) to tenancy created by educational or charitable Institution in respect of any premises taken on lease by the said Institution."

সার, আমার যেটা সংশোধনী সেটা হচ্ছে ক্লজ ২ সাব-ক্লজ-এর উপর যে আমি এখানে একটা নূতন সাব-ক্লজ সংযোজনের জন্য বলছি। আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে

to tenancy created by educational or charitable Institution in respect of any premises taken on lease by the said Institution.

এখানে ২নং ক্লজে বলা হয়েছে যে সরকার বা কোন লোকাল অথরিটী এরা যদি জমি লিজ নেয় তাহলে এদের লীজ চিরকাল বলবৎ থাকবে এবং এরা টেনান্সি পাবে। এক্ষেত্রে সরকারেরও যেরূপ দরকার আছে সেরূপ যে সমস্ত চ্যারিটেবল ইনস্টিটিউশন যারা ঘর বাড় লীজ নিয়েছে বা কলকাতায় বহু প্রাইমারী স্কুল আছে যারা বাড়ী ভাড়া নিয়েছে বা ২০।২৫ বৎসরের জন্য লীজ নিয়েছে তাদের আবাস গৃহ সম্পর্কে ভাবতে হবে। সেজন্য (এ), (বি), (সি) যেখানে বলা হচ্ছে লোকাল অথরিটী বা সরকার ইত্যাদি তেমনি বিল-তে এই কথা বলার দরকার আছে। লোকাল অথরিটী জানে মিউনিসিপ্যালিটি কি অঞ্চল পরিষদ ইত্যাদি যেখানে যেমন প্রশ্ন রয়েছে দরকার তেমনি স্কুল চিকিৎসালয় ইত্যাদির ক্ষেত্রেও সে অধিকার বলা দরকার। সেজন্য আমি এ সংশোধনী দিচ্ছি।

[2-30—2-40 p.m.]

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that in clause 2, after paragraph (c) of the proposed proviso, the following be added:

"(d) to any tenancy created by recognised educational, charitable or social service institution in respect of any premises taken on lease".

এই সংশোধনী প্রস্তাব আমি যে অংশে দিতে চেয়েছি, সেটা অশ্বিনীবাবু বলে গেলেন। কাজেই, এরপরে আমি আর বেশী কিছু বলতে চাইনা, অশ্বিনীবাবুর-টা দ্বারাই আমারটা কভার হয়ে গিয়েছে।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সংশোধনী প্রস্তাব এখানে উপস্থিত করা হয়েছে, সেটা আমি গ্রহণ করতে অক্ষম। মাননীয় সদস্যগণ যদি আমার প্রস্তাবটি লক্ষ্য করে দেখেন, তাহলে দেখতে পাবেন যে বর্তমানে আমাদের যে আইন রয়েছে, যা থেকে বদল করা হয়েছে সরকারের বেলায়-যেখানে সরকার ভাড়া দিচ্ছেন বা ভাড়া নিচ্ছেন, সেক্ষেত্রে। আইনে যা আছে, সেটা অনেকখানি বজায় রেখে, সরকার যাতে অসুবিধায় না পড়েন, সেই উদ্দেশ্য নিয়ে এই সেকসন-এর প্রভিসো-টা সংশোধন করা হয়েছে। আগে যে সমস্ত লীজ সরকার নিতেন, সেগুলি এই আইনের আওতার বাইরে রাখা হত, এবং ট্রান্সফার অফ প্রপারটিজ এ্যাক্ট-এর ১০৬ ধারা অনুযায়ী সেগুলি নিয়ন্ত্রিত হতো, তাতে অনেক সময় অসুবিধা দেখা দিতো। এবং সেখানে সরকারকে বাধ্য হয়ে রিকুইজিসন করতে হত। যেখানে তাঁরা বাধ্য হতেন সেই জায়গার প্রেমিসেস রাখবার জন্যে, সেখানে তাঁরা রিকুইজিসন করতেন। গভর্নমেন্ট অফ ইন্ডিয়া যখন রিকুইজিসন অ্যান্ড এ্যাকুইজিসন বিল, ১৯৬৩, পার্লামেন্টে পাশ করেন, তখন আশ্বাস দিয়েছিলেন পার্লামেন্টের কাছে এই বলে যে, সাধারণতঃ তাঁরা রিকুইজিসন করবেন না, যতদূর সম্ভব কম করবেন। তাতেই এই সমস্ত লীজগুলি এই অ্যামেন্ডমেন্টের আওতায় আনা হল।

আর একটা কথা হল, সরকার যে টেনান্সি ক্রিয়েট করছেন, তা যদি এই আইনের আওতার মধ্যে রাখা না যায়, তাহলে সেখানে কতকগুলি কম্প্লিকেসান দেখা দেবে, এবং সেই কম্প্লি-কেসানস-এর ফলে আমাদের অনেকগুলি সরকারী কাজে অসুবিধা হবে। ধরুন এমন হলো, যে কোন একজন সরকারী কর্মচারীর কার্যকাল শেষ হয়েছে, এই রকম সময়। আমাদের সেই সমস্ত প্রেমিসেস হাতে রাখবার দরকার হতে পারে। এই সমস্ত নানা কারণে, আমরা এই এ্যামেন্ডমেন্ট এনেছি। এর মূল উদ্দেশ্য হল, যাতে সরকারী কার্যকলাপ অসুবিধার মধ্যে পড়ে বিঘ্নিত না হয়। আমার মনে হয় সরকার অ্যাজ ল্যান্ডলর্ড উইল বি জাস্ট অনফেয়ার টু টেনান্টস, এবং এটা মনে করবার যথেষ্ট কারণ আছে। এডুকেশনাল ইনস্টিটিউশন, চ্যারিটেবল ইনস্টিটিউশন, এই রকম বৃহত্তর ইনস্টিটিউশন-দের ঐ রকম সুযোগ সুবিধা যদি দিতে হয়, তাহলে এটা কোথায় গিয়ে দাঁড়াবে বলা যায় না। এই এডুকেশনাল ইনস্টিটিউশন সরকারকে দেখতে হবে। এডুকেশনাল ইনস্টিটিউশন যাতে ঘর বাড়ী পান, সরকার রিকুইজিসান করে দেন। এডুকেশনাল ইনস্টিটিউশন বাড়ী, বা ঘর নতুন করে লীজ নিলে সেই লীজ-এর বেলায় তা আইন কানুনের বাইরে রাখতে হবে, এটার কোন মানে হয় না।

এডুকেশনাল ইনস্টিটিউশন-এর যে উদ্দেশ্য তার দিকে লক্ষ্য রেখে এটা করা হয় নাই। সেইজন্য আমি এই এ্যামেন্ডমেন্ট গ্রহণ করতে পারছি না।

The motion of Shri Aswini Roy that in clause 2, after paragraph (c) of the proposed proviso the following be added:—

"(d) to tenancy created by educational or charitable institution in respect of any premises taken on lease by the said institution",

was then put and lost.

The motion of Shri Sailendra Nath Adhikary that in clause 2, after paragraph (c) of the proposed proviso, the following be added:

"(d) to any tenancy created by recognised educational, charitable or social service institution in respect of any premises taken on lease",

was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 5

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 5(a), line 5, for the words "one month" the words "forty five days" be substituted.

এটা এমন কিছু নয় - টাকা কতদিনের মধ্যে দেবার প্রশ্ন আছে। আপনি যেটা এক মাস বলছেন, আমি সেটা আরো বাড়িয়ে ৪৫ দিন করতে চাচ্ছি। ওটা থার্টি ডেজ না করে, ফর্টি ফাইভ ডেজ করলে ভাল হয়।

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the following proviso be added to clause 5: --

"Provided that if payment of rent is made by money order (Postal) it will be taken into consideration."

আমার এইটুকু গ্রহণ করে নিলে আমার মনে হয় খানিকটা সুবিধা হয় এবং এ বিষয়ে সাধারণ লোকের পক্ষে সহজ হয়। লোকে যদি পোস্টাল মানি অর্ডার যোগে যে টাকাটা দিচ্ছে, সেই মানি অর্ডার থ্রু গভর্নমেন্ট অফ ইন্ডিয়া দিচ্ছে। আর গভর্নমেন্ট অফ বেঙ্গল একটা বোনাফাইড ইনষ্টিটিউশন-এর মারফৎ টাকাটা পেলে কি অন্যায় হয়? কাজেই এই ক্লজটাতে এটা যোগ করলে টেনান্টের পক্ষে যথেষ্ট লাভ হতে পারে।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, দুটি সংশোধন প্রস্তাব এসেছে--একটি হলো এক মাসের জায়গায় ৪৫ দিন, আর একটা হলো পোস্টাল অর্ডার, এতে টাকাটা কোর্টে জমা দেবার কথা আছে বা ল্যান্ডলর্ড-এর কাছে দাখিল করবার কথা : যেটা কোর্টে ও কণ্ট্রোলারের কাছে জমা দেওয়া যাবে বা ল্যান্ডলর্ড-এর কাছে জমা দেওয়া যাবে। তার বদলে বলা হচ্ছে মণি অর্ডারে দেওয়ার কথা। সেখানে আপত্তি নাই। তবে অসুবিধা দেখা দিতে পারে এটা অবশ্য বিবেচনার যোগ্য, কিন্তু তাতে অসুবিধা হচ্ছে যে তাতে কিছু কনফিউশন হতে পারে, এতে অসুবিধা হবে বলে সন্দেহ হচ্ছে। তবু যদি এতে টেনান্টের সুবিধা হয় তাহলে বিবেচনা করে দেখবো।

আর ওয়ান মান্থ এটা অনেকদিন থেকে আছে, মেন এ্যাক্ট-এ ওয়ান মান্থ বহুদিন ধরে আছে। সেখানে চট্ করে দেড় মাস করার আশু প্রয়োজন দেখছি না।

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা জিনিষের প্রতি আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি.. about five benches of City Civil Court, Calcutta তার একটা জাজমেণ্ট-এর প্রতি। পোষ্টাল মণি অর্ডার-এ টাকা দেওয়ার জন্য পয়েণ্ট ফর ডিসকাসন রাইজ করেছেন। আপনি যখন এই মণি অর্ডারের ব্যাপারটা ভবিষ্যতে বিবেচনা করবেন, তখন ঐ জাজমেণ্টটা যেন একবার দেখেন—এই অনুরোধ জানাচ্ছি।

The motion of Shri Aswini Roy, that in clause 5(a), line 5, for the words "one month" the words "forty five days" be substituted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha, that the following proviso be added to clause 5:—

"Provided that if payment of rent is made by money order (Postal) it will be taken into consideration" was then put and lost.

The question that clause 5 do stand part of the Bill was then put and agreed to.

2-40—2-50 p.m.]

Clause 6

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 6 in proposed section 17A(3)(b) in last two lines, for the words "thirty days" the words "sixty days" be substituted.

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 6 the following proviso be added to proposed sub-section (4):—

"Provided that if any amount of deposit by the tenant is made over the due amount, the balance remaining will be adjusted with the rent to be paid subsequently or be awarded to the tenant according to the order of the Court."

আমার এ্যামেণ্ডমেণ্ট হচ্ছে এখানে একটা প্রভাইসো থাকা দরকার কারণ আমরা জানি ভাড়াটিয়া হিসাবে যে প্রতি মাসের ভাড়া পরের মাসের ১৫ তারিখের মধ্যে দিতে হয়, যদি কিছু এ্যাডভান্স করে তাহলে ভাড়াটিয়াদের পক্ষে লাভজনকই হয় এবং কিছু আগাম টাকা জমা থাকলে ভাড়াটিয়াদের পক্ষে একটা নিরাপত্তা বোধ থাকে এবং এই রকম একটা প্রভাইসো থাকলে কোন পক্ষের কোন অসুবিধা হবে না।

Shri Syamadas Bhattacharyya: If we adopt this we will feel difficulties in the matter of keeping accounts. He means to say that one person makes a payment in advance and if he had made any payment in excess of the amount which should have been paid, that should be adjusted against subsequent payments. This will create difficulties.

I cannot accept the amendments.

The motion of Shri Aswini Roy that in clause 6 in proposed section 17A(3)(b) in last two lines, for the words "thirty days" the words "sixty dyas" be substituted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 6 the following proviso be added to proposed sub-section (4):—

"*Provided that if any amount of deposit by the tenant is made over the due amount, the balance remaining will be adjusted with the rent to be paid subsequently or be awarded to the tenant according to the order of the Court.*",

was then put and lost.

The question that clause 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 7

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 7, in proposed sub-section (6)(b) in last but one line for the words "two years" the words "three years" be substituted.

I also move that in clause 7, in proposed sub-section (6A), in line 6, after the words "as may be prescribed" the words "and within three months from the date of the application by the landlord" be inserted.

Shri Syamadas Bhattacharyya: Sir, I do not accept the amendments.

The motion of Shri Aswini Roy that in clause 7, in proposed sub-section (6)(b) in last but one line for the words "two years" the words "three years" be substituted was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 7, in proposed sub-section (6A), in line 6, after the words "as may be prescribed" the words "and within three months from the date of the application by the landlord" be inserted was then put and lost.

The question that clause 7 do stand part of the Bill was then put and agreed to.

Clause 8

The question that clause 8 to stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965, as settled in the Assembly be passed.

Shri Narendra Nath Sen:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা পাশ হতে যাচ্ছে কিন্তু যা সংশোধনের প্রয়োজন ছিল তার অনেক কিছু এর মধ্যে নাই। এই বিলটা প্রথমে আসে ১৯৬৫ সালে তখন ডাঃ রায় বলেছিলেন এখন এটা পাশ হয়ে যাক পরে আলোচনা করে ঠিক করা যাবে।

কিন্তু পরে আর সেটা হয়নি। আমি হাউসে অনেকবার বলেছি এই এ্যাক্ট অনেক জায়গায় পরিবর্তন করার প্রয়োজন আছে, কিছু কিছু ল্যান্ড লর্ডের ইনটারেষ্টেই প্রয়োজন, অনেক ক্ষেত্রে

মালিকার টেনান্টের ইনটারেস্টেই প্রয়োজন। প্রথমতঃ ক্লজ ৪ সেকশান (৩) লাস্ট প্রভিশানে ল্যান্ড-লর্ডকে কি খেলা খেলতে দেওয়া হয়েছে তা আপনারা কল্পনা করতে পারবেন না। যে কোন বাড়ী ভাড়া নিতে হলে ২১ বছরের লীজে নিতে হবে এবং স্যার, আপনি জানেন যে অনেক সময় খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে এ্যাডভান্স নেওয়া হয়। আমি বলতে বাধ্য হচ্ছি যে ডিপার্টমেণ্ট এই সব খবর রাখেন না। অথচ এ্যাডভান্স নেওয়াটা বে-আইনী। এবং এই রকম ভাবে ২০ বছরের লীজ নিলে পরেও এর প্রতিকারের কোন রকম সম্ভাবনা নাই। যে অ্যামেন্ড-মেণ্ট এসেছে আমি আগেও বলেছি এটায় প্রেমিসেসের ভিতর সব কিছু আসবে না। যদি আসে ভাল কিন্তু এটা আরেকটু সরল ভাবে আইনের ভাষাটা রাখলে ভাল হত। আমি ইনডাস্ট্রিয়াল বিল্ডিং-এ যে সমস্ত লীজ হয় সে সম্বন্ধে কিছু বলছি না কিন্তু রেসিডেন্সিয়াল প্রেমিসেস সম্বন্ধে এটা হওয়া উচিত। রেসিডেন্সিয়াল প্রেমিসেসে যে কোন লীজ হউক না কেন সেটা মাষ্ট এ্যাপ্লিকেবল

to West Bengal residential premises

এটা হওয়া উচিত, তা না হলে টেনান্টরা যে দুর্দ্দশার মধ্যে আছে তা থেকে তারা রেহাই পাবে না। তারপরে সেকসান ১৭তে যে সংশোধনী এসেছে, ক্লজ ৫(এ) যে সংশোধনী হয়েছে ল্যান্ড লর্ডের তরফে হয়েছে এটা ভালই হয়েছে। অনেক টেনান্ট সময় পায় না যার ফলে যখন তখন রেখাস্ত করত, কিন্তু ক্লজ ৫এ যেটা হয়েছে কণ্ট্রোলারের কাছে জমা দিলেই হবে এটা খুব ভালই হয়েছে, এতে টেনান্টের ইনটারেষ্ট সার্ভ হবে। কিন্তু সেকসান ১৭তে যেটা নাকি আমেণ্ড করার ১৭ (২) (৭) সম্পর্কে বহু ডিমাণ্ড রয়েছে সেখানে এই প্রভাইসো দূর না করে দেওয়া হলে সিটি সিভিল কোর্টে কি পরিমাণ ইজেক্টমেণ্ট সুট হচ্ছে তা আপনি কল্পনা করতে পারবেন না।

এবং যে কোন দরখাস্ত ইউজ এ্যাণ্ড অকুপেশন অব দি ওনার এই বলে ইনজক্টমেণ্ট সুট করার না আসে এবং সেকসন ১৩তে পার্সোনাল রিকয়ারমেণ্ট সম্বন্ধে কি প্রয়োজন সেটা ভাল করে ক্লারিফাই হওয়া উচিত। আর সেকসন ৮এর প্রভাইসো যদি না থাকে তাহলে সে প্রাকটিক্যালি টাকা দিলেও এখানে যে প্রভিশন আছে সেকসন ১৭(২)তে তার ডিফেন্স কেটে গেলেও আবার সে ডিফেন্স রেইজ করতে পারে তাতেও তার লাভ হবে না। সে টাকা দেবে কিন্তু এই প্রভাইসো থাকলে তার ইজেক্টমেণ্ট অনিবার্য। সে টাকাও দেবে, আবার বেরিয়েও যাবে। অথচ মালিকের এখানে যে ট্রান্সফার অব প্রপার্টি এক্ট আছে তার সেকসন ১১৪তে আছে যে লেসি কি এক্সপায়ার করে, তার ডিফল্টের জন্য যদি ফরফিচার কেস হয় তাহলে সে সেকসন ১১৪তে টাকা এবং কস্ট জমা দিলে রিলিফ পায়। ১৯৪০ রেন্ট কণ্ট্রোল অ্যাক্ট-এও তাই ছিল, সেখানে কোর্ট টাইম দিল, সেই টাইমের মধ্যে টাকা জমা দিলে ইজেক্টমেণ্ট হবে না, এমন কি ঠিকা টেনান্সি এক্টেও আছে যদি ডিফল্ট হয় তাহলে ডিফল্ট গ্রাউণ্ড-এ ইজেক্টমেণ্ট অর্ডার হল, কিন্তু ৩০ দিনের মধ্যে সে যদি টাকা জমা দিয়ে দেয় তাহলে তার ইজেক্টমেণ্ট আর হয় না। সেজন্য এই বিলে তার রিলিফ পাবার কোন উপায় নেই।

Mr. Speaker:

মিঃ সেন, বিজনেস এ্যাডভাইসারি কমিটির টাইমের চেয়েও আপনাকে বেশী টাইম দেওয়া হয়েছে। আপনার যদি বলার কিছু থাকে তাহলে সেটা বিলের উপর বলুন।

2-50—3 p.m.]

Shri Narendra Nath Sen:

তার আমি বিলের উপরই বলছি। তারপর সেকসান ২১তে ডিপজিট ল্যাপ্‌স্ করবে না বলে যে বলছেন মন্ত্রীমহাশয় জানেন না সে সম্বন্ধে। উনি বলছেন যে এখানে ২ কোটি টাকার উপর ডিপজিট পড়ে আছে। তারা যে তুলতে পারে না তার কারণ হচ্ছে প্রত্যেক মাসে ডিপজিট তুলতে গেলে তাকে ওকালতনামা দিতে হবে, উকিল খরচ দিতে হবে, কোর্ট খরচ দিতে হবে।

অর্থাৎ ৫।৬ টাকা ভাড়া তুলতে গেলে বাড়ীওয়ালাকে মোর দ্যান ফাইভ হানড্রেড রুপিজ খরচ করতে হবে। সেজন্য তারা তুলে না। এটা যদি গভর্ণমেণ্ট ঠিক করে দেন যে প্রেমিসেসের জন্য এক বছরের মধ্যে একখানা ওকালতনামা দিলে চলে যাবে, যতক্ষণ না সেটা ক্যানসেল করে অন্যকে দেয় ততক্ষণ সেই ওকালতনামা কার্যকরী হবে তাহলে এইরকমভাবে টাকা পড়ে থাকবে না। ইচ্ছা করে কেউ কখনও টাকা ফেলে রাখে না। অনেক সময় তাদের নিজেদের মধ্যে মামলা মোকদ্দমার জন্য হয়ত টাকা তুলে না কিন্তু বেশীর ভাগ ক্ষেত্রে যাদের ছোট ছোট টাকা জমা আছে সেখানে ল্যাণ্ডলর্ড টাকা তুলতে পারে না এই কারণে। আমি আশা করি মন্ত্রীমহাশয় তাঁর এই রুল পরিবর্তন করে যাতে ছোট ছোট ল্যাণ্ডলর্ড এই টাকাটা তুলতে পারে সেই ব্যবস্থা তিনি করবেন।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় যে বিলটা উত্থাপন করেছেন সে সম্বন্ধে আমি তিনটি বক্তব্য রাখছি। প্রথমতঃ, যে অরিজিনাল পেরেণ্ট এ্যাক্ট ছিল, ১৯৫৬ টেনেন্সি এ্যাক্ট, তার সিডিউল যদি দেখেন তাহলে দেখবেন সেখানে সিটি সিভিল কোর্টের জুরিসডিকশন সম্বন্ধে বলা হচ্ছে

value of the suit premises on the value of the suit.

যদি ১০ হাজার টাকা একসিড করে তাহলে অরিজিনাল সাইড ক্যালকাটা হাইকোর্টে সুট ফাইল করতে হবে, তা না হলে সিটি সিভিল কোর্টে হবে। এখন প্রশ্ন হল ভ্যালু অফ দি সুট অর ভ্যালু অফ দি প্রেমিসেস, ক্যালকাটা অরিজিনাল জুরিসডিকশনের মধ্যে এমন একটা প্রেমিসেস পাওয়া যাবে না যার ভ্যালু ১০ হাজার টাকার উপরে হবে না। তাহলে এই এ্যাক্টের ফল দাঁড়াল এই যে সিটি সিভিল কোর্টে হাজার হাজার মামলা ফাইল করা হল যেটা মাননীয় সদস্য নরেন সেন মহাশয় বলেছেন হাইকোর্টে কয়েক মাস আগে একটা নজীর হয়েছে, একজন খ্যাতনামা বিচারপতি শ্রীবিজয়েশ মুখার্জী, একটা রায় দিয়েছেন, খুব গুরুত্বপূর্ণ রায়, যার ফলে এখানে বলা হয়েছে দি ভ্যালু অব দি সুট প্রেমিসেস সেটা ক্যালকুলেটিং টোয়েণ্টি টাইমস দি ক্যাপিটালাইজড ভ্যালু করতে গেলে অরিজিনাল জুরিসডিকশনে এসে পড়ছে, ফলে সিটি সিভিল কোর্টে হাজার হাজার সুট যেটা ফাইল করা হল, ল্যাণ্ডলর্ড এবং টেনাণ্ট যারা হাজার হাজার টাকা খরচ করে একদিন ফাইট করলেন এখন হাইকোর্টের এই রায়ের ফলে সমস্ত মামলা প্লেন উইথড্র করে হাইকোর্টে ফাইল করতে হবে। এসব কিছুই হয় না যদি মাননীয় মন্ত্রী মহাশয় একটু বিবেচনা করে আগে যে অরিজিনাল এ্যাক্টের যে সিডিউল ছিল সেটা রেখে দেন। আর তা যদি না হয় তাহলে কলকাতায় পানের দোকান ছাড়া আর কোন প্রেমিসেস এই প্রেমিসেস টেনান্সি এ্যাক্টের আওতায় এসে অল্প খরচে সিটি সিভিল কোর্টে মামলা করতে পারবে না। সুতরাং আমি তাঁকে অনুরোধ করবো। সেই দিক বিবেচনা করে হাইকোর্টের রায়ের প্রতি মর্যাদা দেখিয়ে এই এ্যামেণ্ডমেণ্ট তিনি গ্রহণ করুন। দ্বিতীয় হচ্ছে, যেটা সনৎবাবু বলেছেন, সেটা হচ্ছে এই যে ডিফল্ট হয়ে যাচ্ছে আইনে দেখবেন ভ্যালিড টেণ্ডার কিভাবে হবে তার কোন প্রভিশন নেই। তার ফলে ল্যাণ্ডলর্ড ইচ্ছা করে টেনেণ্টকে হ্যারাস করবার জন্য ৪টা ডিফল্টের দরকার, আমি হয়ত তিন মাস পরপর ভাড়া দিলাম না কিন্তু ফোর্থ মান্থে আমি একসঙ্গে ভাড়া দিয়ে দেবো ফিফটিন্থ অব দি নেক্সট মান্থ ফলোয়িং, আমি মানিঅর্ডার করে ল্যাণ্ডলর্ডের কাছে পাঠালাম। প্রথমে আমি পার্সোনালি দিতে গেলাম, ল্যাণ্ডলর্ড নিলোনা, তারপরে আমি মানিঅর্ডার করে টাকাটা পাঠালাম। ল্যাণ্ডলর্ড করলো কি কলকাতা থেকে আসানসোলে ডুব দিয়ে বসে থাকলেন, এদিকে পোষ্টাল ডিপার্টমেণ্ট ঘুরতে ঘুরতে যখন ফিরে এলো তখন রেণ্ট কণ্ট্রোলারের কাছে যদি টাকা জমা দিতে যাই তাহলে আই বিকাম এ ডিফল্টার। অথচ আমার কোন দোষ নেই। এই নিয়ে বহু নজীর হয়ে যাচ্ছে। সুতরাং এই আইনে যদি শুধু বলে দেন যে টেণ্ডার অব রেণ্ট

by money order would be accepted as valid tender

তাহলে কিন্তু এই অসুবিধা কেটে যায়, এই হচ্ছে দ্বিতীয় কথা। তারপর তৃতীয় কথা হচ্ছে ঐ যে প্রভাইসো টু সেকশন ফোর অব সেকশন ফোর্টিন যাতে বলা হচ্ছে চারটে ডিফল্ট যাদের

রে যাচ্ছে তারা কোন প্রটেকশন পাবে না সেখানে আমার বক্তব্য হচ্ছে আপনারা যদি এটুকু ফসিলিটি দেন যে একবার ডিফল্ট হলে তাদের ডিফল্ট এসকিউজ করা যাবে—আমি একেবারে ই প্রভাইসো উঠিয়ে দেওয়া হোক একথা বলছি না, একটা সুযোগ যদি দেওয়া থাকে তাহলে র্যান বোনাফায়েড টেনেন্ট টেকনিকাল ডিফল্ট করে ফেলেছেন তিনি যদি কোর্টে টাকাটা কবার জমা দেয় তাহলে তাঁকে যেন প্রটেকশন দেওয়া হয়। এই তিনটি কথা বিবেচনা করার না আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি।

Shri Balai Lal Das Mahapatra:

াননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় [illegible], ৯ বছর পরে এই বিলটা এনেছেন, তিনি জানেন াজকে এই বিলের মধ্যে এমন কিছু ধারা আনেন নি যার জন্য কিছু বলা যেতে পারে। তিনি মুলি কিছু সংশোধনী এনেছেন। কিন্তু ভাড়াটিয়ারা যে লাঞ্ছিত হচ্ছে, অত্যাচারিত হচ্ছে, দিকে লক্ষ্য রেখে যদি বিলটা আনতেন তাহলে তাঁকে ধন্যবাদ দিতাম। আমি বলতে চাই ই বিলের ১৩ ধারার আমূল না হলেও বহু অংশের পরিবর্তন করার দরকার ছিল। কিন্তু া তিনি করেননি। ১৩ নং ধারার মধ্যে অনেক কারণ আছে যে কারণে উচ্ছেদ করা যেতে ারে। ১৩(এফ) যেটা আছে সেটা হচ্ছে ২ মাস যদি পর পর ভাড়া না দেয় তাহলে তাকে চ্ছেদ করা যেতে পারে। অবশ্য তার জন্য কেস করা যেতে পারে। আমি মাননীয় মন্ত্রী হাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এখানে বহু ভাড়াটিয়া বাড়ীর মালিক বসে আছেন যাঁরা ক্ষ লক্ষ টাকা রোজগার করেন তাঁরা ২ মাস কোন রকমে এড়িয়ে যাওয়া যায়। তাঁরা যদি নে করেন যে সেলামী পাবো বা ভাড়া বেশী করে পাবো তাহলে কোন রকমে যদি ২ মাস ড়িয়ে দেওয়া যায় তাহলে তার নামে কেস সুরু করা যাবে। সে যে কোন অজুহাতে কোর্টে কটা কেস সুরু করা যায়। সেজন্য আমি মনে করি ২ মাস যেটা আছে সেটা আরো বাড়ান রকার। তারপর ১৭ নং ধারা যেটা আছে সে সম্বন্ধে নরেনবাবু বলে গিয়েছেন, আমিও ন্ত্রীমহাশয়-কে বলতে চাই যে এর দ্বারা বহু লোক অত্যাচারিত হচ্ছে। উনি সংশোধন নেছেন কি, না কেবল একটা সমন জারী করা সম্পর্কে এবং সেখানে টাকা জমা দেওয়া সম্পর্কেও লেছেন যে কণ্ট্রোলারের কাছে জমা দিতে পারবে, এইটুকু ক্ষেত্রে তিনি বাড়িয়েছেন। তিনি ই জায়গাটাতে দৃষ্টি দিলেন কিন্তু ১৭ নং ধারায় যেখানে আছে স্যাল পে সেখানে ম্যানডেটোরি ন্তা দেওয়া হয়েছে, কোর্টে টাকা জমা দেওয়া যায় কিন্তু কোর্টের ডিসক্রিসনারি পাওয়ার অনু- ায়ী সময় এক্সটেন্ড করার ক্ষমতা নেই। আমি এখানে একটা উদাহরণ দিচ্ছি, ধরুন ১৫ তারিখের ধ্যে টাকা জমা দেওয়ার দিন ছিল কিন্তু হয়ত কোন এ্যাক্সিডেণ্ট হয়ে গেল বা কোন অসুখ য়ে গেল যার জন্য ঐ তারিখে সে টাকা জমা দিতে পারলো না। তার জন্য সে যদি দরখাস্ত রে যে কোর্টে জমা দেবার যে তারিখটা আছে সেটা এক্সটেন্ড করা হোক তাহলে কোর্টে সে ডসক্রিসনারি পাওয়ার নেই। সেজন্য আমি বলতে চাই পরেতে যখন এই বিলটা আনবেন খন স্যাল পে পরিবর্তন করে কোর্টকে ডিসক্রিসনারি পাওয়ার দেবেন।

পর সেই সেকসন ১৭(S) প্রভাইসোতে আছে ১২ মাসের মধ্যে যদি ৪ মাস হয় তাহলে চ্ছেদযোগ্য হয়ে গেল সেখানে যদি পর পর চার মাস করতেন তাহলে তাদের রক্ষা পাবার কটা উপায় হোত তা করেন নি কাজেই আমি বলবো যে এই ধারাটা উঠিয়ে দেওয়া উচিত। মি আশা করি যে এই যে সহস্র সহস্র কেস হচ্ছে ১৭ ধারাকে অবলম্বন করে তাহলে ন্টা হোত না। কাজেই অনুরোধ করবো যে একটা ভাল বিল আনবেন যাতে বাংলাদেশের ক্ষ লক্ষ ভাড়াটিয়া বাঁচতে পারে। আজকের দিনে সেলামী না দিতে পারার জন্য ঘর খালি কলেও ঘর পায় না—সেখানে ১০০ টাকা থেকে ১০০০ টাকা পর্যন্ত সেলামী দিতে হয়। াজেই এইভাবে ভাড়াটিয়ারা নানাভাবে অত্যাচারিত হয়। মন্ত্রীমহাশয় মালিকদের নানা সুবিধার কথা বল্লেন—কিন্তু ভাড়াটিয়াদেরও অনেক অসুবিধা আছে—তারা জল পায় না, ানীয় জলের কোন ব্যবস্থা নেই পায়খানার কোন ব্যবস্থা নেই। এইভাবে কোন ব্যবস্থার থা বলতে গেলে ভাড়াটিয়ার সঙ্গে মালিকের ঝগড়া বেড়ে গেলে এবং মালিক তখন নানা কমে হাতে তাদের সরাবার চেষ্টা করে। কাজেই এই সব দিকে লক্ষ্য রেখে একটা ভাল বিল নুন যাতে সমগ্র বাংলাদেশের ভাড়াটিয়াদের সুবিধা হয়।

[3--3-10 p.m.]

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ স্পীকার সার, আমি বিলটি সম্পর্কে আমি দু একটি সাধারণ কথা বলতে চাই সেটা হচ্ছে এই ধরণের বাড়ীভাড়া সম্পর্কিত কোন বিল বা আইন করতে গেলে যে জিনিস করা উচিত বলে সকলে মনে করবেন সেটা হচ্ছে সাধারণভাবে ভাড়াটিয়াদের প্রটেকসন দেওয়া। অবশ্য একথা ঠিক যে খুব অল্প সংখ্যক ক্ষেত্রে দু'দে ভাড়াটিয়ারা ল্যান্ডলর্ডকে জ্বালাতন করে। কিন্তু সাধারণভাবে বলা যায় যে ভাড়াটিয়ারা বিশেষ করে আমি এই রকম বহু ক্ষেত্রে পরিচিত আছি যে গরীব বস্তীবাসী ভাড়াটিয়ারা যারা গত ১।২ বছর ধরে হঠাৎ হয়তো ভাড়া বাড়ানোর নোটিশ পেলো যেখানে ৮ টাকা ছিল সেখানে ১৬ টাকা এবং ভাড়া না নিয়ে রিফিউজ্যাল হতে আরম্ভ করলো এবং তখন রেণ্ট সুট করে রেণ্ট কণ্ট্রোলারের কাছে দিয়ে পরিত্রাণ পাবার মত যারা এমপ্লয়েড ওয়ার্কাস মিলে যায় মিল থেকে সে একটি মাত্র রবিবার খালি পায় সেই রবিবারে কোর্ট খোলা থাকে না তাদের কাজ কামাই করা ছাড়া কোর্টের স্মরণাপন্ন হওয়া মুস্কিল হয় ; সেজন্য যেই ভাড়া নিতে রিফিউজ করলো সেখানে সিম্পল প্রসিডিওর করা উচিত যাতে ভাড়াটেরা সহজ সরলভাবে ভাড়া দিতে পারে যেমন মনিঅর্ডার করে টাকা পাঠালো মনিঅর্ডারে যে পাঠিয়েছে সেটাই যথেষ্ট তার এভিকসন করার বিরুদ্ধে। এই রকম একটা সিম্পল প্রভিসন যদি না রাখেন তাহলে গরীব ভাড়াটেদের কোন প্রটেকসন থাকে না এবং রাঘব-বোয়াল যে সমস্ত ল্যান্ডলর্ড আছেন বিশেষকরে বস্তীর মালিক যারা তাদের কাছে সাধারণ শ্রমিক মজুররা অত্যন্ত সহজেই শিকার হয়ে পড়ে—ইজি ভিকটিম হয়ে পড়ে। এইজন্য আমি অনুরোধ করবো যে এর ভিতর ভাড়াটিয়াদের জন্য সেখানে একটা খুব সহজ প্রক্রিয়া রাখা উচিত সেটা রেণ্ট কণ্ট্রোলের কাছে নয় সেটা মনিঅর্ডার করে পাঠালেই সেটা ভাড়া দিয়েছে বলে গণ্য হবে এই রকম একটা সিম্পল প্রসিডিওর যদি করেন তাহলে ভাড়াটিয়ারা বেঁচে যাবে।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহোদয়, প্রেমিসেস টেনান্সি এ্যাক্টের থার্ড রিডিংয়ে আমি সংক্ষেপে আমার বক্তব্য পেশ করছি। কারণ কিছু কিছু এ্যামেণ্ডমেণ্ট আমি দিয়েছিলাম সেকসন ৪ এবং ৫ সম্পর্কে এবং একটা নিউ ক্লজ সাজেস্ট করেছিলাম কিন্তু আমি মুভ করতে পারি নি সময় মত আসতে পারি নি বলে। যা হোক এ্যাজ সেটলড তার উপর আমি আমার বক্তব্য রাখছি। প্রথমে একজিসটিং যে বিল রয়েছে প্রেমিসেস টেনান্সি এ্যাক্ট তার উপর ইমপ্রুভমেণ্ট বলে যে কথাটা শ্যামাদাসবাবু বলেছেন সমস্ত বিলটি তন্ন তন্ন করে পড়ে আমি কোন ইমপ্রুভমেণ্ট কোথায়ও খুঁজে পাচ্ছি না। বরং অনেক জায়গায় মনে হোল যে এতো বেশী কামব্রাস এবং এত বেশী মত পার্থক্যের সুযোগ এই আইনের মধ্যে করে দেওয়া হয়েছে যে ইণ্টারপিটেসন করতে গিয়ে আমরা আরও ঘোলা জলের মধ্যে পড়ে যাবো। যেমন আগে যে আইন ছিল যে আইন আমরা পাশ করেছিলাম ১৯৫১ সালে তার সেকসন ১৭-এর ইণ্টারপিটেসন হাই-কোর্টের এক একজন জজ এক এক রকম করে দিলেন এবং দেবার পর কনফ্লিকটিং ডিসিসনগুলি রয়ে গেল সেগুলিকে কিছুটা প্যাড আপ করার জন্য অবশ্য সেকসন ১৭-এর অ্যামেন্ডমেণ্ট এনেছেন কিন্তু সেই অ্যামেন্ডমেণ্ট আনতে গিয়ে কিছু ইমপ্রুভমেণ্ট তো দেখলামই না, উপরন্তু এতো নেগলিজেবল যে তার আওতায় পড়ে বাংলাদেশের কলকাতার এবং হাওড়ার হাজার হাজার লক্ষ লক্ষ ভাড়াটিয়া নির্যাতিত হচ্ছে। কাজেই এই সেকসন ১৭ যখন এ্যামেণ্ডমেণ্ট হয় তখন আমরা আশা করেছিলাম যে একটু ভাল হবে—কিন্তু তার বিষয়ে কোন কিছুই আইনের মধ্যে দেখতে পাচ্ছি না। শুধু একটুখানি যে যদি টাকাটা ধার্য করা এবং সেই টাকাটা গভর্ণমেণ্ট রগনিজন্স-এ যদি কোর্টে জমা দিয়ে থাকে ল্যান্ডলর্ডের হাতে জমা না দিয়ে থাকে তাহলে সেই টাকাটা যেন ধার্য হিসাবের মধ্যে ধরা হয়। সুতরাং এই সামান্য যে পরিবর্তন সেকসন ১৭-এর করলেন সেটার দ্বারা আমাদের দেশের ভাড়াটিয়াদের রিলিফ হতে পারে না। আমি বিশেষ করে দৃষ্টি আকর্ষণ করেছিলাম প্রভাইসো টু সাব-সেকসন ফোর অব

সেকসন ১৭ যে প্রভাইসোর মাধ্যমে আপনারা বলে দিয়েছেন অরিজিনাল এ্যাক্টে যে ভাড়াটিয়াদের যদি বাড়ী ভাড়া বাকী থাকে তাহলে

provided that the tenant shall not be entitled to any relief under this sub-section if he has made default in payment of rent for 4 months within a period of 12 months.

চার মাস যদি বাড়ী ভাড়া বাকী পড়ে

within a period of 12 months

এই সুযোগ নিয়ে যেভাবে উচ্ছেদ চলে, তার বিরুদ্ধে এর আগে যে সমস্ত লেজিসলেসন আমাদের এখানে ছিল ১৯৪৮ সালের তাতে যে প্রটেকসন ছিল আপনারা পরবর্তী লেজিসলেসনের মধ্য দিয়ে সেই প্রটেকসন কেড়ে নিয়েছেন। এবার এ্যামেন্ডমেণ্টে আমরা আশা করেছিলাম যে সেই প্রটেকসন ইনট্রডিউস করবেন এবং সেইজন্য আমি একটা নিউ ক্লজ ইনসার্ট করার জন্য প্রস্তাব করেছিলাম যে

new clause, amendment No. 31, new clause 5A.

ওটাকে বাদ দিয়ে দিয়েছিলাম। নিশ্চয় স্পীকার মহাশয়, আপনি জানেন এবং মন্ত্রীমহাশয়ও জানেন যে আজকালকার দিনে যে টার্মস ডিকটেট করে ল্যাণ্ডলর্ডেরা সেই টার্মস যদিও অন্যায় এবং অবৈধ তা সত্বেও আমাদের তা মানতে হয় এবং মেনে নিয়ে অনেক সময় বিনা রসিদে আমরা ভাড়া দিতে বাধ্য হই। হাউসিং প্রবলেম এতো ষ্টাগারিং যে ল্যাণ্ডলর্ডের সেই ডিকটেসন মেনে নিয়ে আমাদের ভাড়া নিতে হয় এবং অনেক সময় তাদের কাছ থেকে ভাড়ার বিলও পাওয়া যায় না। এই করে অনেক ভাল ভাল টেনাণ্টদের নাজেহাল হতে হয়। এখানে যদি একটা প্রভিসন করতেন যে যে মুহূর্তে নালিশ করবেন সেই মুহূর্তে যদি কোর্টে গিয়ে বাকী টাকা শোধ করে দেয় যেটা আগে রেণ্ট কণ্ট্রোল এ্যাক্টে প্রভিসন ছিল তাহলে তাকে উচ্ছেদ করার পক্ষে কি যুক্তি থাকতে পারে কিংবা তার ডিফেন্সকে স্ট্রাক অফ না করে ফেলে তাকে যদি প্রটেকসনের সুযোগ দেন সে যদি এ্যাডমিট করে যে ল্যাণ্ডলর্ড আমার কাছ থেকে ৪।৫ মাসের ভাড়া নেন নি, আমি একসঙ্গে এখনই দিতে রাজী আছি—সেই সব ক্ষেত্রে যদি টেনাণ্ট বলে যে ল্যাণ্ডলর্ড আমাকে মিসগাইড করেছে, মিসলিড করেছে এবং ইচ্ছা করে সে আমাকে ভাড়ার বিল দেয় নি বা দু তিন মাসের ভাড়া একসঙ্গে নিয়েছে সেই সব ক্ষেত্রে যদি টেনাণ্ট ইজেক্টমেণ্ট সুট ফাইল করার পর সে ভাল বলে তাহলে সেখানে যেন তাকে সেই সুযোগ দেওয়া হয়।

[3-10 -3-20 p.m.]

৪ মাস ডিফল্ট হয়েছে। তা সত্বেও যদি আমরা দিই তাহলে কেন প্রোটেকসান দেবো না। টেনাণ্ট যদি একসঙ্গে ৬ মাসের ভাড়া উইথ ইনটারেষ্ট দিয়ে দেয় তাহলে প্রটেকসন দিচ্ছেন। রেণ্ট কণ্ট্রোল এ্যাক্ট-এ, এই যে আমাদের এখানকার বাড়ীর মালিকদের পূর্বে আইনে যে ভাবে পক্ষপাতিত্ব আছে সে ভাবে আমার মনে হয় আজকের দিনে সেটআপ যা আজকের দিনে ল্যাণ্ডলর্ড-এর দৃষ্টিভঙ্গীর, আজকের দিনে জনসাধারণের যা অসুবিধা সেদিক থেকে আমরা সেকসন ১৭ একটু রিমডেল করতে পারতাম। খানিকটা রিলিফ দিতে পারতাম। সে রিলিফ আমরা দিই নি। সেজন্য আমরা বলছি এ বিলটা নূতনভাবে ঢেলে সাজা উচিত, নূতন চিন্তাধারার দিকে দৃষ্টি রেখে ভাড়াটিয়াদের প্রতি যে সুবিচার হয় সে দিকে দৃষ্টি রেখে এ বিল করা দরকার। এই সঙ্গে আর একটা কথা বলতে চাই সেটা হল সেকসন, ৪ সম্পর্কে। সেকসন ৪ সম্পর্কে আমি একটা কথা বলতে চাই যে অরিজিনাল যে সেকসন ৩ রয়েছে যার অ্যামেন্ডমেন্ট আপনি এখানে এনেছেন সেখানে আপনি দেখবেন যে এটার অর্থ সেদিন যা বোঝাবার চেষ্টা করেছিলেন ঠিক ইন্টারপিটেসনে সে অর্থ পরিষ্কার হয় না। আমি একটা অ্যামেন্ডমেন্ট দিয়াছিলাম সে এ্যামেন্ডমেণ্ট হচ্ছে নং ২৮ আপনি যদি চেয়ে দেখেন তাহলে দেখবেন সেকসন ৩ যেটা পুরাণ ছিল সেই সেকসন ৩র সঙ্গে আর এই যে এ্যামেণ্ডমেণ্ট দিচ্ছি এর সঙ্গে যদি

লাভ হিসাবে লাগিয়ে দেন তাহলে ইন্টারপিটেসন-এর যে অসুবিধা হচ্ছে তাতে হাইকোর্ট থেকে কনফ্লিক্টিং ডিসিশন অফ দি হাইকোর্ট আনতে হবে এবং আবার রেফার করতে হবে ফুল বেঞ্চ-এর কাছে ইন্টারপিটেসন-এর জন্য সেজন্য আমি ক্লজ ৪এ একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছিলাম। আমার অ্যামেন্ডমেন্ট নং ২৮ সেখানে সাংঘাতিক কয়েকটা লাইন-এর মধ্যে যে কথাটা রাখবার চেষ্টা করেছেন আমাদের বোঝাবার চেষ্টা করেছেন সেটা আমি সাংঘাতিক বলে বলেছিলাম। আপনি ২ রকম কেন আইন করছেন? আপনি যে বাড়ী তার জন্য একরকম আইন করছেন এবং দোকানের জন্য যারা ভাড়া নেবে তাদের জন্য আলাদা আইন পাশ করছেন অর্থাৎ রেসিডেন্সিয়াল পারপাস-এ যদি টেনান্সি ক্রিয়েট করে থাকে সেখানে বলছেন ২০ বৎসরের কম যদি লিজ থাকে তাহলে সেখানে এই আইন টেনান্সি ক্ষেত্রে প্রযোজ্য হবে না। যদি সেখানে লীজ এগ্রিড আপন হয়ে থাকে অন এ্যান্ড ফ্রম দি ফাষ্ট ডিসেম্বর ১৯৪৮.....আর ইন অল আদার কেসেস রেসিডেন্সিয়াল হাউস ছাড়া দোকান পারপাস-এ হয়ে থাকে বা আমার চেম্বার পারপাসে হয়ে থাকে এনি আদার পারপাস সেখানে নূতন করে আইন করছেন এবং তার সম্পর্কে অন্যরকম বলছেন। যেখানে বললেন ১০ বৎসর

provided that any such lease is for a period of not less than 20 years.

২০ বৎসরের কম হলে হবে না। আপনি এখানে বললেন

save as nothing in this Act shall apply to any premises held under a lease for a period of not less than 15 years.

আমি শ্যামাদাসবাবুর দৃষ্টি আকর্ষণ করছি এখানে অরিজিনাল সেকসন যেখানে আছে সেখানে আছে

for a period of not less than 15 years.

প্রভিসন আছে অর্থাৎ ১৫ বৎসরের কম হলে হবে না

provided any premises held under a lease for a period of not less than 15 years.

এটা পর্যন্ত

save as nothing in this Act shall apply to any premises held under a lease for a period of not less than 15 years.

এখানে বললেন

Provided any such lease is for a period of not less than 20 years.

তাহলে এই যে প্রভাইসো আর এই যে পরে ওখানে ১৫ বৎসর এখানে

20 years not less than Residential house
ছাড়া অন্যান্য যে টেনান্সি ক্রিয়েটেড হবে সে টেনান্সিগুলো যদি
for a period of not less than 15 years

হয় তাহলে অ্যাপ্লিকেবল হবে না। আর এখানে বলছেন নট লেস দ্যান ২০ ইয়ারস যদি হয় তাহলে এ্যাপ্লিকেবল হবে এবং তাতে আবার কণ্ডিসন করছেন যে টার্মিনেবল যদি হয় তাহলে হবে না অর্থাৎ টার্মিনেবল বাই আদার সাইড যদি হয় তাহলে এগুলি এ্যাপ্লিকেবল হবে না। তাহলে এক হল যে পিরিয়ড অফ লীজ নেকস্ট হল টার্মস এ্যান্ড কণ্ডিসান অফ লীজ তাহলে তার উপর এ আইন এ্যাপ্লিকেবল হবে কি না ডিসিসান নিচ্ছেন। সেজন্য আমি সাজেসান দিয়েছিলাম এগুলি না করে রেসিডেন্সিয়াল পারপাসে টেনেন্সি এবং নন রেসিডেন্সিয়াল পারপাসে টেনান্সি যদি নিয়ে আসে তবে একই পিরিয়ড ধরুন। এখানে একই রকম টার্মস অ্যান্ড কণ্ডিসান সবগুলো বদলাবার চেষ্টা করুন তা না হলে কমপ্লিকেসান কনফিউসান, ওয়াজ কনফাউন্ডেড সেজন্য আমি বলছিলাম এটা করা দরকার। সর্বশেষে অনুরোধ করবো যে সংশোধন আপনি করলেন সে সংশোধনগুলিতে অত্যন্ত মাইনর পয়েন্টে টেনান্টরা অসুবিধা ভোগ করছেন

তার ফিং অফ দি প্রবলেম টাচ করবার চেষ্টা করেন নি। সেজন্য আমি অনুরোধ করছি রেন্ট কন্ট্রোল এ্যাক্ট-কে এ ভাবে কমপ্লিকেটেড না রেখে, এ ভাবে পিস মিল না রেখে এটাকে ডিমভেল করে একটা এ্যাক্ট নিয়ে আসুন যাতে ভাড়াটেরা ল্যান্ডলর্ডের হাত থেকে বাঁচতে পারে।

Shri Syamadas Bhattacharyya: Mr. Speaker, Sir, many valuable suggestions have been made by honourable members here. My friend Shri Narendra Nath Sen referred to certain suggestions which he made for improvement of the rules under section 21. My friend Shri Kashi Kanta Maitra pointed out that the provision with regard to the determination of the jurisdiction of City Civil Court should be examined with reference to matters like value of suit or value of the premises which might be a subject matter of a suit. These are very important things undoubtedly. But they do not actually relate to the provisions of the Bill which are now under consideration. I do not claim that the Bill is a very comprehensive one. But I do not claim that the Bill does confer certain very positive benefits upon the tenants. My amending sections 2, 3 and 17 and also by inserting section 17A and amending section 21 we have proposed verey definite improvements, very definite benefits for the tenants. Sir, I am very sorry that my friend Shri Apurba Lal Majumdar has repeated his mistake with regard to interpretation of section 3 and also the amendment which we have proposed to section 3. Sir, if we look to section 3, as it at present stands in the original Act, we find that the Act does not apply to lease for more than 15 years with the exception that if the lease is not for a period of more than 20 years and the lease is for residential purposes, some of the provisions of the Act, as for example, provisions relating to rent will apply to the lease. With respect to the lease created after the amending law comes into force, the proposed sub-section (2) of section 3 makes quite different provision. According to sub-section (2) the provisions of the Act will be applicable to all leases, barring those coming within sub-section (3) of section 1 irrespective of the purpose of the lease or duration of the lease. Therefore, if a lease is for a period of more than 20 years, it comes within the benefit of the Act in certain conditions of this particular section. The only exception is that if the lease is for a period of more than 20 years without any option for terminating lease before the expiry of the period, then only the provisions regarding rent and certain other provisions of the Act will apply to the lease. It will therefore be noted that the old section 3 has been retained as sub-section (1) of section 3 for the purpose of making it clear that the old rule applies to leases created prior to the amendment and the new rule to leases created after the commencement of the West Bengal Prmises Tennacy (Amendment) Ordinance, 1965. If the old section was altogether omitted question would arise whether the old leases created before the amendment would be hit by it. So, to avoid difficulties of interpretation leading possibly to litigations, it has been decided to retain the old law side by side with the new law. The new law will be applied to leases granted after the proposed amending Act comes into force.

With these words I commend my Bill for the acceptance of the House, and I hope that the Bill, although it is not claimed to be a very much beneficial Bill, does confer some benefit upon the tenants.

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Premises Tenancy (Amendment) Bill, 1965, as settled in the Assembly be passed, was then put and agreed to.

THE CALCUTTA MUNICIPAL (THIRD AMENDMENT) BILL, 1965

Shri S. M. Fazlur Rahman: I beg to introduce the Calcutta Municipal (Third Amendment) Bill, 1965, and to place a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

[3-20—3-30 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

মিঃ স্পীকার স্যার, আমার একটা কনষ্টিটিউসনাল পয়েন্ট আছে। এই ক্যালকাটা মিউনিসি-(থার্ড এ্যামেন্ডমেন্ট) বিল, এর উপর আমার পয়েন্ট অফ অর্ডার-ট হচ্ছে থার্ড এ্যামেন্ডমেন্ট মেনলি যে জন্য নেওয়া সেটা হচ্ছে

maintenance of order at meetings and suspension of councillors or Alderman

এটাকে বেস করে এই থার্ড অ্যামেন্ডমেন্ট বিল, আনা হয়েছে, এবং এর বেসিস হচ্ছে, আমাদের লেজিসলেচার ও পার্লিয়ামেন্ট এর প্রসিডিওর-কে অনুসরণ করে।

স্যার, আমার এখানে বক্তব্য হচ্ছে যে লেজিসলেটিভ প্রসিডিওর এর ক্ষেত্রে, স্পীকার হচ্ছেন এ্যাভাব দি পার্টি। লেজিসলেচার-এ স্পীকারের যে রুলিং বা এ্যাকসন, সেটা হচ্ছে ফ্রম মেন্টাল, ইমপার্সিয়াল পয়েন্ট অফ ভিউ থেকে হয়ে থাকে। কারণ তিনি কোন পার্টি-ম্যান নন। কিন্তু কর্পোরেশনে, মেয়র বা ডেপুটি মেয়র, হু উইল প্রিসাইড, হি ইজ এ পার্টি ম্যান। তার এমন কোন পজিসন করে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট-এ দেওয়া হয়নি, যাতে স্পীকারের মত এ্যাবাভ দি পার্টি থাকতে পারেন। অথচ স্পীকারের হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছে, যে ক্ষমতা ইউসেজ হিসাবে এসে যাচ্ছে, সেই ক্ষমতা তাঁর হাতে দেওয়া হচ্ছে। এর মানে কি হচ্ছে? মেয়র, তিনি একজন পার্টি ম্যান তাঁর হাতে এমন একটা ক্ষমতা তুলে দিচ্ছেন, যাতে আমাদের ফান্ডা-মেন্টাল রাইট-এর উপর এনক্রোচ করা হচ্ছে। আর্টিকেল ১৯, সেটা হচ্ছে ফ্রিডম অফ স্পীচ এ্যান্ড এক্সপ্রেসন, সেই ফ্রিডম অফ স্পীচ এ্যান্ড ফ্রিডম অফ এক্সপ্রেসন, এর উপর হস্তক্ষেপ করা হচ্ছে। এটা ফ্রিডম অফ স্পীচ অ্যান্ড ফ্রিডম অফ এক্সপ্রেসন, এটা শুধু বাইরের কতকগুলো বক্তৃতা নয়। ফ্রিডম অফ স্পীচ এ্যান্ড ফ্রিডম অফ এক্সপ্রেসন সর্বত্র এ্যাপলিকেবল। এখানেও দেখানে স্যার, লেজিসলেচার এর ইমিউনিটি আছে, প্রিভিলেজ আছে। কিন্তু কর্পোরেশনে সে রকম কোন প্রিভিলেজ নেই। সেখানে মেম্বারদের যে ফ্রিডম অফ স্পীচ আছে, এবং সেটা আর্টিকেল ১৯এ দেওয়া আছে, তাকে এই এ্যাক্টের দ্বারা নষ্ট করা হচ্ছে।

আর একটা কথা বলবার আছে যে লেজিসলেচার এর যে পদ্ধতি—ইট ওয়াজ ফ্রেমড আণ্ডার দি কনষ্টিটিউশন, এবং কনষ্টিটিউশন হচ্ছে একটি সভারেন বডি।

কনষ্টিটিউয়েন্ট এ্যাসেম্বলি গঠনের কথা আর্টিকেল অফ দি কনষ্টিটিউসন উইল কণ্ডাক্ট। এই থেকে এই লেজিসলেটিভ প্রসিডিওর আসছে। কিন্তু এখানে হচ্ছে সাপোর্টেড বাই লেজিস-লেটিভ বডি, লেজিসলেটিভ যেটা করে দিয়েছেন, যেটা বিধিবদ্ধ ভাবে করে দিয়েছেন। তারপর লেজিসলেটিভ এর এই সমস্ত আ্যাকসন যেটা অ্যামেন্ডমেন্ট আকারে নিয়ে আসা হচ্ছে, তার দ্বারা এই আর্টিকেল ১৯ এটা ডিস্‌গ্রেস বা ভায়োলেট করা হচ্ছে। মেয়র এ্যাবাভ দি পার্টি নন, কিন্তু স্পীকার হচ্ছেন এ্যাভাব দি পার্টি। এই রকম ব্যবস্থা করলে, ওটা ভায়োলেসন হবে, এই রকম অপ্রেসিভ মেজরিটি রুল যেখানে, সেখানে তারা কনষ্টিটিউশন-এর নির্দেশকে ভায়োলেট করবেন? এটা হচ্ছে আমার পয়েন্ট।

Mr. [illegible]:

মিঃ অধিকারী এর মধ্যে পয়েন্ট অফ অর্ডার কিছু ইনভলভড্ নাই। আপনি যে ইস্যু উত্থাপন করছেন যে এটা

Ultravires, that is for the Court to decide.

Shri Nikhil Das:

স্যার পয়েন্ট অব অর্ডারে আমি দু-একটি কথা বলতে চাই। এই বিলটাতে ৯২(এ) যে প্রোভাইসো দেওয়া হচ্ছে অ্যামেন্ডমেন্ট আকারে, ইট ইজ এ নিউ থিং। এই ৯২ সেকসান-এ যদি দেখি, তাহলে দেখা যাবে এই ধরনের বিষয় সেখানে কিছু নাই, সুতরাং সেদিক থেকে ৯২(এ) এই যে নিউ সেকসান এখানে ঢোকান হচ্ছে এটা নিউ থিং যা এ্যামেন্ডমেন্ট আকারে এসেছে। সেদিক থেকে আমি বলছিলাম যে এটা একটা ইরেগুলার এ্যামেন্ডমেন্ট।

Mr. Speaker: Now Mr. Rahaman, you may lay a statement under rule 72(1) of the Assembly Procedure Rules.

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to place a statement under 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly:—

There have been instances at recent meetings of the Calcutta Corporation when the business could not be transacted on account of unseemly occurrences it was immediately necessary to provide the Presiding Officer at such a meeting with the power to suspend an offending Councillor and alderman from attending a meeting so that proceedings therefor could be conducted with decorum and discipline. To effect this purpose immediately it was necessary to insert a new section in the Calcutta Municipal Act, 1951, and as the Houses of the Legislature were not in session this had to be done by an Ordinance namely, the Calcutta Municipal (Third Amendment) Ordinance, 1965 (West Bengal Ordinance No. VII, 1965).

Sir, I beg to move that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1965 be taken into consideration.

স্যার, এই বিলটা বিশেষ বিতর্কমূলক বিল নয়। প্রিসাইডিং অফিসার তাঁর কার্য পরিচালনা যাতে সুষ্ঠুভাবে হয় কোন রকম বাধাবিপত্তি না হয়, কোন প্রকার বিশৃঙ্খলা সৃষ্টি না হয়, কোন প্রকার অসুবিধা না হয়, জনসাধারণের স্বার্থের খাতিরে কর্পোরেশনের কার্যক্রম যাতে ব্যাহত না হয়। তার জন্য এই বিলেতে একটা নূতন ধারা সন্নিবিষ্ট হচ্ছে ৯২(এ)। সেটা হলো আগে যা ক্ষমতা আছে রুল অফ বিজনেস-এ যেটা কর্পোরেশনের আছে, যাতে প্রিসাইডিং অফিসার কোন কাউন্সিলারকে অল্ডারম্যান কোন অশোভন আচরণ করলেন, তাঁর কথা শুনলেন না, কাজে ব্যাগড়া দিচ্ছেন, তাঁকে উইথ-ড্র করবার অর্ডার দিতে পারবেন। তিনি যদি তাঁর কথা না মানেন তাহলে সার্জেন্টকে আদেশ করলে সেখান থেকে তাঁকে সরিয়ে দিতে পারবেন। কিন্তু কিছুদিন আগে কর্পোরেশনে যে ঘটনাবলী ঘটে গেল শুধু বাগযুদ্ধ নয়, মুখ থেকে হাতাহাতি এবং সৌভাগ্যক্রমে পাকিস্তানের মত স্পীকার হত্যার ঘটনা হয় নাই। তাতে অধিকতর ক্ষমতা বিশেষ পেনাল সেকসান মেয়র বা প্রিসাইডিং অফিসারকে না দেওয়া হয় তাহলে অনেক ক্ষেত্রে অবস্থা এমন সৃষ্টি হয় যে শান্তি রক্ষা করা অসম্ভব হয়ে পড়ে, বিপজ্জনক হয়ে পড়ে, সভার ডিসেন্সি অ্যান্ড ডিকোরাম রক্ষা করা অসুবিধা হয়। সেই জন্য এই বিলটি আনা হয়েছে।

আর দ্বিতীয় ধারা যেটা ১৮২ নম্বর ধারা যেটায় ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যামেন্ডমেন্ট এ্যাক্ট যেটা সংশোধনী করা হচ্ছে সেটা হচ্ছে বর্তমানে ল্যান্ড এ্যান্ড বিল্ডিং এর এ্যাসেসমেন্টের জন্য যা করা হয় যিনি এ্যাসেস করেন তাকে এ্যাপয়েন্টমেন্ট

with the approval of the State Government.

স্টেট গভর্ণমেণ্টের অনুমোদন সাপেক্ষে তাকে দেওয়া হয়। এই হচ্ছে মোট কথা। ক্যালকাটা করপোরেশনের এমপ্লয়ি হিসাবে যদি এগ্রিভ পারসনের এই ভ্যালুয়েশান সম্পর্কে যদি কোন আপত্তি, তাহলে সেই আপত্তি ক্যালকাটা করপোরেশনের বিরুদ্ধেই হয়। তাতে জনসাধারণের স্বার্থের পরিপন্থী হলে শোভনও হয়না সেজন্য সরাসরি ঐ অফিসারকে সে দিক থেকেই এ্যাপ-য়েণ্ট করা হবে

not with the approval of the state Government

এতে সকলেরই স্বার্থ অক্ষুন্ন থাকবে, এই বিশ্বাসেই এই বিলটা আনা হয়েছে। এটা বিতর্ক-মূলক নয়। আমি আশা করি মাননীয় সদস্যরা এই বিলটাকে সানন্দে গ্রহণ করবেন।

(3-30 -4 p.m.)

Shri Nikhil Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এর মধ্যে দুটো জিনিষ এর মধ্যে আছে। প্রিসাইডিং অফিসারকে ক্ষমতা দেওয়া হচ্ছে

on his own initiative,

তিনি যে কোন সদসাকে বের করে দিতে পারবেন। আমি বলতে চাই সেকসান ৯২ এ্যামেণ্ড-মেণ্ট করেছেন তিনটা প্রভিশানের মাধ্যমে মেয়র ডেপুটী মেয়র এবং তিন নম্বর হচ্ছে কোরাম: যদি মিটিং হয় তাহলে প্রিসাইডিং অফিসার যে কোন কারণে এ্যাডজোর্ন করে দিতে পারবেন। অর্থাৎ সেকসান ৯২তে পিনালাইজ করার যে প্রভিশান ছিলনা সেটাই এখানে আনা হয়েছে। এটা নতুন জিনিষ ঢুকান হয়েছে। অথচ সেকসান ৯২ এর সঙ্গে তার কোন সম্পর্ক নাই। দ্বিতীয়তঃ কথা হচ্ছে আমরা এখান থেকে আইন পাশ করে দিলাম যে কি করে করপোরেশনের ভিতর কাউন্সিলাররা অল্ডারম্যানরা কি করে তাদের কাজকর্ম চালাবেন এটা অত্যন্ত অন্যায় ব্যাপার হবে। আমাদের এ্যাসেম্বলী ব্যাপারে রুলস এবং প্রসিডিওর আছে কি ভাবে এ্যাসেম্বলী চলবে না চলবে, স্পীকার কি করে হাউস চালাবেন এবং প্রয়োজন বোধে কাকে বের করে দেবেন সে সমস্ত বিষয়ে প্রথমে সমস্ত পার্টি বসে রুলস অ্যান্ড প্রসিডিওর এবং রুলস অ্যান্ড কন্ডাক্ট সম্পর্কে সকলের মধ্যে এগ্রিমেণ্ট হয়। আমরা ঐখানে বসে কাউন্সিলার অল্ডারম্যানরা কি ভাবে কাজ চালাবেন তা আমরা এ্যাসেম্বলী থেকে ঠিক করে দেব তা অত্যন্ত অন্যায় হবে এবং জঘন্য কাজ হবে। এবং তাদের উপরে ইনডাইরেক্টলি আ্যাসপারশান করা হবে। তাই আমি মনে করি আইন করে তাদের বলে দেওয়া হউক যে তোমরাই তোমাদের রুলস অব কণ্ডাক্ট এ্যান্ড রুলস অব বিজনেস করতে পারবে তার জন্য এ্যাসেম্বলীতে আসবার কোন প্রয়োজন নাই। তৃতীয় নম্বর কথা হচ্ছে যে স্থানীয় স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলিতে তারা নাকি হাতাহাতি মারামারি করেন সুতরাং এই প্রভিশন সেখানে থাকা দরকার। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলতে চাই কংগ্রেসই তো ওখানে মেজরিটি রয়েছে, মারামারি হাতাহাতি যে দলের প্রতিনিধিরা করে, এইরকম অশালীন কার্যকলাপ যারা করপোরেশনের ভিতরে করেন তারা তো আপনাদের দলের লোক। মাননীয় স্পীকার মহাশয়, এই স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলি আমাদের দেশের যদিও বহুদিন ধরে গড়ে উঠেছে তাহলেও গভর্ণমেণ্ট ধীরে ধীরে সেগুলির ক্ষমতা কেড়ে নেবার চেষ্টা করছেন এবং এই প্রতিষ্ঠানগুলি যাতে ঠিক ঠিক মতন কাজ না করতে পারে তার জন্য সরকার তাদের হাত পা বেঁধে দেবার চেষ্টা করছেন। আমি এখানে বলতে চাই হয়ত আমার একটা কথা মেয়র পছন্দ করলেন না, তারা যে অন্যায় করছেন তার বিরুদ্ধে আমি হয়ত জোর গলায় প্রতিবাদ করেছি সেজন্য উনি বললেন যে না এই লোককে বের করে দেওয়া হউক। সুতরাং আমার যে প্রিভিলেজের রাইট স্বাধিকারের প্রশ্ন সে সম্পর্কে কোন আইন কানুন হলো না, প্রিসাইডিং অফিসার যদি ভুল করে কিছু করে থাকেন এবং তাতে যদি আমার প্রিভিলেজ রাইট ভঙ্গ হয় তাহলে সেটা কি ভাবে নিয়ন্ত্রিত হবে এবং কে নির্দ্ধারণ করবে সে সম্পর্কে এখানে কোন উল্লেখ নাই। একেবারে প্রিসাইডিং অফিসারের হাতে সমস্ত ক্ষমতা তুলে দিলেন। এই

ভাবে ক্ষমতা দেওয়া অত্যন্ত অন্যায়। এবং আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে করপোরেশনকে বলা হউক তোমরা নিজেরা বসে কি ভাবে কাজকর্ম চলবে তা তোমরা ঠিক করে নাও, এখান থেকে যদি বলে দেওয়া হয় তাহলে অত্যন্ত অন্যায় হবে। তারপর স্পীকার মহাশয়, স্পেশাল অফিসার এতদিন ছিল যে স্পেশাল অফিসার করপোরেশনই এ্যাপয়েণ্ট করতে পারতেন, কেবল সরকারের কাছে এ্যাপ্রুভাল নিতে হত এবার থেকে সরাসরি আমাদের স্টেট গভর্ণমেণ্ট এ্যাপয়েণ্ট করবেন অর্থাৎ যে কোন অফিসার কমিশনার থেকে সুরু করে নীচুস্তরের স্পেশাল অফিসার পর্যন্ত নিয়োগ করবার ক্ষমতা সবই সরকার নিয়ে নিচ্ছেন। কিছুই আর করপোরেশনের হাতে থাকছে না। সুতরাং আমি এই বিলের বিরোধীতা করছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

4—4-10 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মিঃ চেয়ারম্যান, স্যার, এই কলকাতা মিউনিসিপ্যাল (থার্ড এ্যামেণ্ডমেণ্ট) অর্ডিনেন্স যেটা সেটা বিল এখানে হচ্ছে। এতে আমাদের মেয়রকে ক্ষমতা দেওয়া হচ্ছে যে যদি কোন সদস্য তাঁর কথা না শোনেন বা এমন আচরণ করেন যাতে মিটিং না হয় তাহলে তিনি তাঁকে সভা থেকে সাসপেণ্ড করতে পারেন ২ মাসের জন্য। ১৯২৩ সালে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট তৈরী হয়, আজ ১৯৬৫ সাল, প্রায় ৪২ বছর এই মেয়র এখানে ছিলেন বা এখনও আছেন। এই রকম ক্ষমতার কোন দিন দরকার হয়নি। কিন্তু বর্তমানে দেখছি আমাদের গণতন্ত্র যা ভালভাবে হচ্ছে তাতে স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠান মিউনিসিপ্যালিটিগুলির ক্ষমতা আস্তে আস্তে কেড়ে নেওয়া হচ্ছে। সেটা ভাল হচ্ছে কি মন্দ হচ্ছে জানিনা তবে মেয়র যদি এই রকম কিছু না করেন তাহলে হঠাৎ মেম্বাররা কিছু করবেন না। আমাদের যে রুলস অব বিজনেস আছে তাতে সরকার যে এই রকম হুড়োহুড়ি করে একটা কাজ করছেন এটা খুব ভাল হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি ক্যালকাটা করপোরেশনের মিটিং কণ্ডাক্ট করবার জন্য যে বিজনেস রুলস আছে হোল ইণ্ডিয়ার ভিতর সেই রকম রুলস নেই। আমাদের সেই রুলস দেখে প্যালিটি অব ম্যাড্রাস, মিউনিসিপ্যালিটি অব বম্বে, তার সমস্ত কপি করেছেন। কারণ এই সব রুলস আমাদের দেশবন্ধুর আমলে ও তার আগে থেকে তৈরী হয়েছে যেটা ভারতবর্ষের মধ্যে কোন মিউনিসিপ্যালিটিতে নেই এবং গভর্ণমেণ্টের সাধ্য নেই যে সেই রকম রুলস তৈরী করতে পারেন। সেই রুলস-এ মিটিং কি করে পরিচালিত হবে তা লেখা আছে। সেই রুলস পালন করবার মূল দায়িত্ব প্রিসাইডিং অফিসার বা মেয়রের উপর। যদি প্রিসাইডিং অফিসার সেই রুলস ফলো করে তাহলে কোন রকম পাওয়ারের দরকার হয়না ভালভাবে মিটিং পরিচালনা করার জন্য। রুলস-এ আছে কি রকমভাবে মিটিং পরিচালিত হবে। রুলস-এ যা আছে সেটা যদি প্রিসাইডিং অফিসার ফলো করে চলেন তাহলে মিটিং-এ এমন কোন জিনিস হতে পারেনা যার জন্য অন্য কোন এ্যাকশন নেওয়ার দরকার হয় কিন্তু যদি প্রিসাইডিং অফিসার রুলস ফলো না করেন তাহলে গোলমাল হওয়া স্বাভাবিক। এটা সরকার জানেন এই যে গোলমালের কথা কাগজে বেরিয়েছে তার কারণ কি। রুলস অব বিজনেস যেগুলি ফলো করা উচিত সেগুলি ফলোড হয়েছে কি না সেটাই প্রথমে দেখা দরকার। যদি সরকার মনে করেন যে সেগুলি ফলো করা সত্বেও এই রকম গণ্ডগোল হয়েছিল তাহলে সেটা স্বতন্ত্র কথা কিন্তু আমরা জানি সেই রুলস অফ বিজনেস ফলোড হয় না সেইজন্য এই রকম গোলমাল হয়। আমাদের এটা ধারণা আছে প্রিজাইডিং অফিসার যদি ইমপার্শিয়াল হয় কিম্বা এ্যাবাভ পার্টি পলিটিক্স হন তাহলে কেন মিটিং সুষ্ঠুভাবে পরিচালিত হবেনা? মিটিং-এ এই যে গণ্ডগোল হয় তার একমাত্র কারণ পলিটিক্যাল মাইণ্ডেড প্রিসাইডিং অফিসার হয় এবং তাঁরা dictated more by party mandate than by anything else.

সুতরাং এই রকম গোলমাল হওয়া স্বাভাবিক। যদি ক্যালকাটা কর্পোরেশনের মেয়র বা প্রিসাইডিং অফিসার রুলস মেনে চলেন তাহলে কখনও এই রকম গোলমাল হয় না। তাঁরা যদি এ্যাভাব পলিটিক্স হন, কোন পলিটিক্যাল পার্টির কোন একনায়কত্ব স্বীকার না করে সম্পূর্ণ

বেপরোয়াভাবে চলেন তাহলে এই মিটিং সুষ্ঠুভাবে পরিচালিত হওয়া স্বাভাবিক তা না হলে সম্ভব নয়। এই যে জনসাধারণের প্রতিনিধি যাদের অন্ততঃ ৪০।৫০ হাজার লোক নির্বাচিত করেছে, এটা কি স্কুল যে তাদের গাধার টুপি মাথায় দিয়ে হেড মাষ্টার বেঞ্চে দাঁড় করিয়ে দেবেন? তাঁরা সেখানে প্রতিনিধি হিসাবে গিয়েছেন, সেখানে মেয়রের হাতে এই রকম ক্ষমতা কেন তাঁকে দেওয়া হবে যে তিনি বলবেন যে আপনি দুই মাস আসবেন না? সেখানে প্রিসাইডিং অফিসার জাষ্টিস করছে, কি ইনজাষ্টিস করছে সে সম্বন্ধে বলবার কোন অধিকার মাননীয় সদস্যদের থাকবে না। হঠাৎ প্রিসাইডিং অফিসার বলে দিলেন যে তোমাকে সাসপেণ্ড করে দিলাম, অমনি সাসপেণ্ডেড হয়ে গেল এই যে আইন আপনারা আজকে করছেন এটা আপনাদের সংখ্যাগরিষ্ঠের জোর আছে বলেই করছেন। সংখ্যাগরিষ্ঠতার জোরে আজ আপনারা যাকে ইচ্ছা তাড়িয়ে দেবার ব্যবস্থা করছেন এই আইন করে। প্রিসাইডিং অফিসার যদি নিরপেক্ষ বা ইণ্ডিপেণ্ডেণ্ট প্রিসাইডিং অফিসার হন তাহলে আমার বলবার কিছু নেই কিন্তু তিনি পার্টির নেতৃত্বকে মেনে চলবেন, পার্টির হুইপকে ফলো করবেন। সেই প্রিসাইডিং অফিসারের যে জাজমেণ্ট সেই জাজমেণ্ট সম্বন্ধে আমাদের সভাদের ভয়ের কারণ আছে। আজকে আমরা দেখছি এই ক্যালকাটা করপোরেশনে বছরের পর বছর সমস্ত মেয়রদের পলিটিক্যাল ট্রেনিং আরম্ভ হয়েছে। আমি একটা খুব আশ্চর্যের ব্যাপার দেখছি যে সরকারের মধ্যে এই রকম একটা মনোভাব হয়েছে যে করপোরেশন একটা খারাপ জায়গা এবং তার ক্ষমতা কেড়ে নেও কিন্তু ওদিকে যাঁরা বসে আছেন তাঁদের অনেকেরই পলিটিক্যাল ট্রেনিং আরম্ভ হয়েছিল এই ক্যালকাটা করপোরেশনে। আজকে তাই এখানে এসে যাঁরা আচরণবিধি করছেন তাঁদের অনেকেই সেখান থেকে ট্রেনিং নিয়ে এসেছেন। যাইহোক সে কথা বলবার দরকার নেই। আমি আপনার কাছে অনুরোধ করবো এই মিটিং যাতে ভালভাবে চলে এটা প্রত্যেক সভ্যই চান, কেউ চাননা যে মিটিং-এ গোলমাল হোক কিন্তু আমরা যদি দেখি যে প্রিসাইডিং অফিসার এমন একটা কিছু করলেন যেটা বলা উচিত নয় তাহলে নিশ্চয়ই সভাদের বিক্ষোভ করবার কারণ আছে এবং সভ্যরা চুপচাপ করে গুড বয়ের মত বসে থাকবে না। প্রিসাইডিং অফিসার যদি বলেন যে তুমি ২ মাস এখানে আসতে পারবে না এই যে ক্ষমতা দিচ্ছেন এর থেকে বোঝা যাচ্ছে ডেমোক্রাসি কোন অবস্থায় এসেছে। এর পরে অবস্থা হবে কি, হয়ত ২ মাসে হলনা তখন বলবেন যে ওখানে পুলিশ দাও, সার্জেণ্ট লাগাও। আমাদের এখানে যে প্রিভিলেজ কমিটি আছে, তাতে যে রুলস এণ্ড রেগুলেশন আছে এবং আরো যে পাঁচ রকমের ব্যবস্থা আছে সেখানে কোন সভ্যের যদি কোন রকম অসুবিধা হয় তাহলে তার প্রতিকারের ব্যবস্থা হয়। আপনারা জানেন নিজেদের পার্টির লোক মেয়র, তার উপর এই রকম পাওয়ার দেওয়া যে ২ মাস উনি সাসপেণ্ড করতে পারবেন এই জিনিষ করবেন না। এই জিনিষ করে সমস্যার সমাধান হবে না। অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে অনুরোধ আপনি চিন্তা করে দেখুন যে একটা প্রিভিলেজ কমিটি করে সেখানে ডিফারেণ্ট পার্টির লিডার্স দিয়ে বিফোর ড্রাসটিক এ্যকশন ইজ টেকেন বাই দি প্রিসাইডিং অফিসার সেই লোক যাতে তার প্রতিকার পায় তার ব্যবস্থা করবেন। ঐ যে করপোরেশনের মেয়র সংখ্যাগরিষ্ঠতার জোরে একটা রেজিলিউশন পাশ করে ২ মাসের সাসপেণ্ড করবেন এটা যাতে না হয় সেজন্য আপনার কাছে আমি নিবেদন করলাম, আপনি এটা দেখবেন।

[4-10—4-20 p.m.]

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December 1965.

চেয়ারম্যান স্যার, যে বিলটি উত্থাপন করা হয়েছে—প্রিসাইডিং অফিসারকে ক্ষমতা দিয়ে মিটিং সুষ্ঠুভাবে যাতে পরিচালনা করা যায় সেই অজুহাতে কাউন্সিলারদের বিরুদ্ধে পলিটিক্যাল আউটলুক নিয়ে ইচ্ছা করলে মেয়রকে ষ্টেপ নেবার সুযোগ করে দেওয়া হচ্ছে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে মন্ত্রীমহাশয়কে বলতে চাচ্ছি যে ইদানিংকালে সংবাদপত্রের মাধ্যমে যেটুকু দেখেছি তাতে কাউন্সিলারদের সভায় অনেক রকম গণ্ডগোল চেঁচামেচি হৈ হুল্লোড় হয় সেদিকে দৃষ্টি রেখে হয়তো স্বায়ত্বশাসন মন্ত্রী এই বিলটি এনেছেন যাতে স্মুথলি সেখানে কাজ কারবার

চলে যেতে পারে। কিন্তু বিজয়বাবু বলেন যে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টের সেকসান ১৭এ বিজনেস কিভাবে কণ্ডাক্টেড হবে তারই ইলাবরেট রুল করে দেওয়া আছে এবং সেই রুল প্রপারলি অবজার্ভ করে না করলে মেয়র বা ডেপুটি মেয়র কিংবা অল্ডারম্যান যদি সেদিন প্রিসাইডিং হিসাবে কাজ করে থাকেন তার জন্য সমস্ত গণ্ডগোলের সৃষ্টি হয়ে থাকে। মেয়র হিসাবে বিজয়বাবুর অভিজ্ঞতা আছে—সত্যই একথা ঠিক ফোর্সফুল আর্গুমেন্ট যিনি প্রিসাইড করবেন তাঁর যদি নিউট্রাল আউটলুক না থাকে যদি রাইণ্ডলি পার্টি ম্যানডেট তাকে যদি কাজ করতে হয় তাহলে গণ্ডগোল হওয়াই স্বাভাবিক। জাসটিস না পেলে [illegible] সেটাকে টলারেট করতে পারেন না। কাজেই তিনি যখন এই বিলটিকে উত্থাপন করেন সুইপিং পাওয়ার প্রিসাইডিং অফিসারকে দিচ্ছেন দু মাসের জন্য যে কোন সদস্যকে বের করে দেবার তখন তার আগে তাঁর বিচার করে দেখা উচিত ছিল যে সেখানে যে বাধা সৃষ্টি হয়েছে সেগুলির মধ্যে কাউন্সিলারদের ইচ্ছাকৃত অপরাধ ছিল না বিজনেস রুল যেটা আপনারা করে দিয়েছেন ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টে সেগুলি প্রপারলি অবজার্ভ হয় নি বলে সেগুলি হয়েছে। মিঃ চেয়ারম্যান স্যার আপনি যদি স্পীকার হিসাবে কোন রুলিং দেন বা স্পীকারের কোন মতবোধের বিরুদ্ধে আমাদের কিছু করবার থাকে সেখানে বিজনেস রুলসে প্রভিসন আছে ইচ্ছা করলে আমরা—এই হাউসের সদস্যরা স্পীকারের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দিয়ে ঐ চেয়ার থেকে সরিয়ে দিতে পারি। যদি কোন রুল আমাদের বিরুদ্ধে যায় সেটা এই হাউসের ডিগনিটি না মেনটেন করে মেম্বারদের প্রিভিলেজগুলি যদি প্রপারলি অনার্ড না হয় তাহলে তার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব দিয়ে আমরা ডিবেট করে দেখতে পারি বা আমরা চেষ্টা করে দেখতে পারি তাকে রিমুভ করা যায় কিনা। ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টে সে রকম কোন প্রভিশন নেই। যে প্রিসাইডিং অফিসার সেখানে কোন রুলিং দিলেন বা কোন মন্তব্য করলেন তাকে চ্যালেঞ্জ করার কোন রুল ক্যালকাটা মিউনিসিপাল এ্যাক্টে নেই। ন্যায় হোক অন্যায় হোক সেটা মেনে নিতে হবে। কাজেই চেক এ্যাণ্ড ব্যালেন্স যেটা দরকার স্পীকারের আসনে বসে নিউট্রাল আসনে বসে তিনি যদি নিউট্রাল না হন যদি প্রপারলি প্রিভিলেজ এ্যাণ্ড প্রটেকসন অফ দি মেম্বার যা থাকে তাদের রাইটস এ্যাণ্ড অবলিগেসন যদি প্রপারলি লুকড আপটার না হয় তাহলে স্পীকারের বিরুদ্ধে মোশন এনে তাকে আমরা যাচাই করতে পারি। কিন্তু ক্যালকাটা মিউনিসিপাল এ্যাক্টে সেই প্রভিসন নেই। সেখানে কাউন্সিলাররা হয়তো তাদের বক্তব্য রাখবেন কিন্তু তারা সুযোগ পাবেন না—সেখানে তাদের রাইটস গ্যারাণ্টেড আছে সেখানে যদি লিগ্যাল প্রসিডিওর ফলো করা না হয় এবং সেখানে যদি তাদের গ্যাগ করার চেষ্টা করা হয় তাহলে তার কি ব্যবস্থা মন্ত্রীমহাশয় করেছেন? কাজেই আপনি যখন এই আইনের মাধ্যমে প্রিসাইডিং অফিসারকে সুইপিং পাওয়ার দিয়ে দিচ্ছেন কাউন্সিলারদের দু মাসের জন্য বয়কট করা সেখানে মেয়র তার রুলিং ঠিক করছেন কিনা

rules laid down in section 97 of the Calcutta Municipal Act.

সেটা এনফোর্সড বা প্রপারলি অনার্ড হচ্ছে কিনা সেটা দেখবার জন্য কোন জায়গায় কাউন্সিলারকে ক্ষমতা দিয়েছেন?

শুধু প্রিসাইডিং অফিসার পাওয়ার পাবে আর যারা মেম্বার কাউন্সিলার ইলেকটেড হয়ে আসবেন তারা সেই পাওয়ার থেকে বঞ্চিত হবেন এটা কি করে হয়? এখানে দুটো পাশাপাশি রাখতে হবে। শুধু যাতে রাইণ্ডলি পার্টি ম্যানডেট এবং ডিকটেসন কার্যকরী করতে না পারে

inconformity with the ideals and subject-matter.

তাঁরা যদি প্রসিডিওর না মানেন তাহলে সেক্ষেত্রে তার প্রটেকসন দিন যাতে বিজনেস চলতে পারে—নিশ্চয় দেবেন, তাঁরা যদি লিগ্যাল প্রসিডিংসে বাধা সৃষ্টি করেন সেক্ষেত্রে তাঁদের যেমন রিমুভ করবেন, সঙ্গে সঙ্গে মেয়র বা ডেপুটি মেয়র বা কোন অল্ডারম্যান—তিনি যদি অন্যায় করে থাকেন কিংবা কোন রুল ফলো না করে থাকেন তাহলে তাকে যাতে সরিয়ে দেওয়া যায় বা সেখানে একটা ডিবেট করার সুযোগ থাকে সেটাও দেওয়া উচিত। কাউন্সিলাররা যদি মনে করেন যে তাঁর বিরুদ্ধে তাঁরা একটা প্রস্তাব রাখবেন তাহলে তাঁরা যে সেটা করতে পারেন সেই

সুযোগ এ্যামেণ্ডমেণ্টের মধ্যে বিধিবদ্ধ করেন নি। শুধু এক চোখো দৃষ্টিভঙ্গী দিয়ে আপনি বিচার করেছেন। কিন্তু আর এক দিক দিয়ে যে প্রিভান্স কাউন্সিলারদের থাকতে পারে সেদিকে আপনি নজর দেবার চেষ্টা করেন নি। দ্বিতীয় পয়েণ্ট হচ্ছে, সেকসন ৯২-র এ্যামেণ্ডমেণ্ট যা এনেছেন স্ট্রিক্টলি এটা ইন কনফরমিটি আছে কিনা। যে কোন সেকসনে যে কোন এ্যামেণ্ড-মেন্ট তো আনা চলে না আইন অনুসারে—যে অ্যামেন্ডমেণ্ট আনা হবে দ্যাট মাস্ট বি

in conformity with some principles.

এবং যে সাবজেক্ট ম্যাটার তার সঙ্গে ইন কনফরমিটি থাকা উচিত। মিঃ চেয়ারম্যান স্যার, আমি এ্যাসেম্বলী রুলসের রুল ৮১-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। রুল ৮১-এ কতকগুলি প্রিন্সিপল লে ডাউন করা আছে যে কি কি এ্যামেণ্ডমেণ্ট আসতে পারে এবং কিভাবে ইনফরমিটি

with some principles.

তাকে নিয়ে আসতে হবে। সেখানে দেখবেন প্রথমে যেটা রয়েছে দি ফলোয়িং

conditions shall govern the admissibility of amendments to clauses or Schedules of a Bill:—(i) An amendment shall be within the scope of the Bill and relevant to the subject-matter of the clause to which it relates

যা স্পেশ্যাল এমফ্যাসিস আমরা দিচ্ছি

to the subject-matter of the clause of which it relates.

এখানে দেখুন সেকসন ৯২ যেটা আপনি এ্যামেণ্ড করছেন তার সাবজেক্ট ম্যাটার কি।

Mr. Chairman: Section 81 is applicable to clause 2 of the Bill. It is not amendment of the Bill.

[4-20—4-30 p.m.]

Shri Apurba Lal Majumdar:

হ্যাঁ, সেটাই আমি বলছি।

আমাকে তিনি যে বিল এখানে উত্থাপন করছেন, এ বিলের যদি কোন এ্যামেণ্ডমেণ্ট দিতে হয় তা হলে এ্যামেণ্ডমেণ্ট সাবজেক্ট ম্যাটার এবং সে সাবজেক্ট ম্যাটার এই হওয়া উচিত তা না হলে আমি এটা আনতে পারি না। আমাদের বিজনেসে সেটা রুল করা আছে, আমি বলছি দ্যাট ইজ

the fundamental principle of an amendment

আপনি যদি কোন এ্যাক্ট-এর এ্যামেণ্ডমেণ্ট আনতে চান এবং কোন সেকসন-এর এ্যামেণ্ডমেণ্ট করতে চান তো সেই সেকসন যে বিষয়ে আমরা ডিল করছি সে বিষয় এ্যামেণ্ডমেণ্ট করতে হবে। তা না হলে এ্যামেণ্ডমেণ্ট হতে পারে না। সেই সেকসন ৯২ এই বিল প্রিসাইডিং অফিসার কে ডিল করছে, কে প্রিসাইড করবে যে কাউনসিলার মেম্বার মিটিং তিনটা প্রভিসো প্রিসাইডিং অফিসার অ্যাট দি মিটিং প্রিসাইড করবে। মেয়র না থাকলে প্রথম ক্লজ এটা কি হবে বলেছেন। দ্বিতীয় সাব-ক্লজ-এ বলেছেন ডেপুটি মেয়র এবং মেয়র যদি অ্যাবসেন্ট থাকেন তাহলে অল্ডারম্যান প্রিসাইড করবে। আর থার্ড ক্লজ-এ বলেছেন দরকার হলে সকলের মত নিয়ে মেয়র এ পাওয়ার তার আছে। তিনি মিটিং পোস্টপণ্ড করতে পারবেন কাজেই আমি যে এ্যামেণ্ডমেণ্ট এনেছি সাবজেক্ট ম্যাটার-এ ৯২ সেকসন-এ যেটা এনেছি সেটা এ্যামেণ্ডমেণ্ট এ আওতায় আসে না যেমন ধরুন সেকসন ৯৫-এ আছে সেটা সেকসন ৯৫-এ বলা হয়েছে ঐ অরিজিনাল ক্যালকাটা মিউ-নিসিপ্যাল অ্যাক্ট-এ যে ইচ্ছা করলে মিটিং-এ পাবলিক সেটায় ঢুকতে পারবে কিনা? জেনারেল

পাবলিক উইল বি অ্যালাউড অ্যাট দি কাউন্সিলার্স মিটিং তার জন্য আমাদের সেকসন রয়েছে। সেখানে ক্যালকাটা করপোরেশন যদি মনে করে, মেম্বার-রা যদি মনে করে তারা এটা বন্ধ করে দিতে পারে। তা ছাড়া সেকসন ৯৭-এ এটা আছে। এই সেকসন ৯৭ রুলস ফ্রেম করে দিয়েছে হাউ দি বিজনেস উইল বি কনডাক্টেড কাজেই সেকসন ৯২ যেখানে প্রিসাইড করবে সেখানে আমার মূল বক্তব্য হচ্ছে কাউন্সিলার-দের বিরুদ্ধে সম্মতিমূলক ব্যবস্থা এই এ্যামেন্ডমেন্ট-এ ইনসার্ট করবার চেষ্টা করছেন। আমার মনে হয় কার্ডিন্যাল প্রিন্সিপ্যাল যেগুলি অ্যামেন্ডমেন্ট করার ভিত্তি—সেই প্রিন্সিপ্যালগুলি ভায়োলেটেড হচ্ছে। যদি রুল ৯৭ দেখি তা হলে দেখব যে রুল-এ সেটা ডিল করেছেন যে আলাদাভাবে পাওয়ার নিয়ে আসতে হবে। প্রিসাইডিং অফিসার-এর কি কি পাওয়ার আছে—কি পাওয়ার-এ আসতে হয় এভাবে সব পাওয়ার দিয়েছেন। প্রিসাইডিং অফিসারকে সারেপটিসাসলি দিয়েছেন বাই অ্যামেন্ডিং ওনলি সেকসন ৯২। এটা একটা বেখাপ্পা হচ্ছে এবং তার আওতার মধ্যে আসে না। সেজন্য আমি বলছিলাম সেকসন ৯২ নেবেন না এবং আমার মনে হয় মূলত সুইপিং পাওয়ার-এর সঙ্গে সঙ্গতি হারিয়ে ফেলেছেন। আমি অ্যামেন্ডমেন্ট-এ যে পয়েন্ট-টা বলেছিলাম তাতে মূল কথা হচ্ছে প্রিসাইডিং অফিসার-কে যে পজিসন এনে দাঁড় করিয়েছেন আজকে সেকসন ৯২-এ সেটা অ্যামেন্ডমেন্ট করে সেটা রিপ্রিহেনসিভ। আপনি আর একটা যে কথা বলেছেন সেটা কমপ্লিটলি রাইট। প্রিভিলেজ ডিনাই করে তাকে স্বীকৃতি না দিয়ে সুইপিং পাওয়ার টু ড্রাইভ আউট দি কাউন্সিলারস তাদের বিরুদ্ধেই আমার বক্তব্য এখানে রেখেছি।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি প্রথমেই এটা একটা সংবিধানগত প্রশ্ন দিয়েছিলাম। আজকে আমি এটা স্যাটিসফায়েড হলাম যে স্পীকার যেটা কোর্ট-এ যাবার প্রভিশন আছে, কোর্ট ডিসাইড করবে এই বলে রুলিং-এ বলেছেন। আমি এই বিলের বিরোধিতা করে প্রথমেই যেটা বলতে চাই সেটা হচ্ছে বরাবরই আমরা লক্ষ্য করে আসছি যে ক্যালকাটা করপোরেসান একটা স্টেপ গোটা এদের দুষ্কর্ম কংগ্রেস পার্টি যেটা সেখানে প্রতিফলিত হয়। এখানে একটা বিল এনে বলেন যে কলকাতা করপোরেসান একটা অজিয়ান স্টেবল সেটা কিভাবে পরিষ্কার করবো। আগে আপনারা নিজেরা পরিষ্কার হোন তবে পরিষ্কার করা যে কথা সেটা তারা ভুলে যান। কলকাতা করপোরেসান-কে এরূপ একটা প্রতিষ্ঠানে প্রতিপন্ন না করে সেটাকে ন্যাশানালাইজ করুন এটাই হচ্ছে আমার সাজেসান। আপনারা সবই ত ন্যাশানালাইজ করেছেন এটাকেও করুন। আপনাদের দলের লোক দিয়ে একটা স্ট্যাটুটরি বডি এর মতন একটা কনসার্নড করে পাবলিক সেক্টর-এ যেরূপ ঐ টাটা, বিড়লা, সিংহানিয়া এ যেমন আছেন এরূপ ন্যাশানালাইজ করে একটা কমিটি করতে পারলেই ভাল হয়।

Mr. Chairman: It is not a commercial concern to be nationalised.

Shri Sailendra Nath Adhikary:

আপনার কাছে আমি একটা কথা জিজ্ঞাসা করতে চাই। আমি বলছি সেকসান ৯২-এতে ক্লজ ২এ যেটা আছে সেটা একটা সাংঘাতিক কথা মাননীয় মন্ত্রীমহাশয় একজন ভেটার্ন পলিটিসিয়ান তিনি এরূপ বিল কেন যে আনলেন সেটা বুঝতে পাচ্ছি না। যদি তাকে দলের খাতিরে আনতে হয় তা হলে আলাদা কথা কিন্তু আমি এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই যে প্রিসাইডিং অফিসার এই অফিসার, মেয়র ডেপুটি মেয়র হতে পারেন বা

any body else in the absence of Mayor or Deputy Mayor, who will be elected for the day

যিনি মেয়র-কে এই মেয়র যিনি ক্যালকাটা করপোরেসান-এর হবেন তিনি পার্টি বেসিস-এ ইলেকটেড হন। এখনও পর্যন্ত কোন কনভেনসান সৃষ্টি হয় নি যেখানে মেয়র এ্যাজ এ পার্টি।

মেয়র একটা পার্টি-এর লোক এবং ডেপুটি মেয়র তিনিও একজন পার্টি-র লোক কাজেই তাদের কাছ থেকে যে নির্দেশ সেটা কিরূপ হবে সেটা বোঝা দরকার। কারণ তাদের পক্ষে এ্যাভাব পার্টি হওয়া সম্ভব নয়। আফটার অল মেয়র ইজ এ হিউম্যান বিং। তিনি হিউম্যান বিং তা ছাড়া আর একটা কোয়ালিফিকেশন হচ্ছে হি ইজ এ কংগ্রেস ম্যান। তার কাছ থেকে ইম্পার্সিয়াল জাজমেণ্ট করপোরেসান-এ কাউন্সিলার-রা কি করে আশা করেন? এখানে ফুল ফ্রেমড হয়ে আছে এবং সেই রুল অনুসারেই কাজ করবেন। বিভিন্ন দল নিয়ে কমিটি গঠন এর একটা কোড অফ কণ্ডাক্ট সৃষ্টি করতে পারেন। মাননীয় চেয়ারম্যান স্যার আপনি জানেন যে. ডেমোক্রেসি-এর কতকগুলি কডিফাইড ল নিয়ে হয় না। এখানে আনরিটিন কোড অফ কন্ডাক্ট, থ্রু ইউসেজ থ্রু প্রেসিডেণ্টস এগুলিতে ডেমোক্রেসি গ্রোথ হয়। ইংল্যাণ্ড-এ ডেমোক্রেসি-তে এ ধরণের আছে। ইংল্যাণ্ড-এ ল আছে সেখানে ডেমোক্রেসি আছে। সেখানে ন্যাচারাল গ্রোথ-এর মধ্য দিয়ে সব কিছু হয়েছে। আমরা যখন কনষ্টিটিউশন করেছিলাম তখন কতকগুলি জিনিস সম্পর্কে আমাদের সভারেন বডি একটা আমাদের এই কনষ্টিটিউশন করেছিলাম। সেই কনষ্টিটিউশন-এ যে আর্টিকেল গুলি তাতে আমাদের ফ্রিডাম দিয়েছে। এই আর্টিকেল-এ আজকে এই ক্লজ দ্বারা এনক্রোচ করা হচ্ছে এবং এখানে এনালজি ড্র করবেন স্পীকার সেইভাবে করবেন। স্পীকার এইভাবে করতে পারেন কেন? হি ইজ অ্যাবাভ পার্টি। আমাদের এখানে সে সিসটেম হয়নি। আমাদের স্পীকারের সেই এক্সালটেড পজিশন সকলে স্বীকার করেন নি। স্পীকারের রুলিং হবে এ্যাভাব পার্টি যদি স্পীকারের হাতে ডিটারেণ্ট হয়ে হাউস-এ ডিটারেণ্ট হবে এবং মেম্বার-দের প্রিভিলেজ হবে এবং কনষ্টিটিউসন-এ এই কথা বলা হয়েছে যে প্রিভিলেজ এখানে ডিফাইন করা হয়নি। কিন্তু ইংল্যাণ্ড-এ এর সত্তা আছে এবং সেইভাবে ইংল্যাণ্ড-এ রুলিং লেখা হয়। এখানে মাননীয় সদস্যদের প্রিভিলেজ সংক্রান্ত ব্যাপারে করা হয়। সেখানে প্রিভিলেজ-এর ব্যাপারে তাতে কোন কাউন্সিলার বা অল্ডারম্যানের বিষয় নেই। অথচ সেখানে এরূপ একটা জিনিষ সৃষ্টি করা হয়েছে যেটা এ্যাসেম্বলি এবং পার্লিয়ামেণ্ট-এ যে সিসটেম করা আছে সেই সিসটেম-এ এখানে প্রোটোটাইপ করা হচ্ছে। সেজন্য আমি প্রথম থেকে এটা রং বেসিসের উপর করা হয়েছে বলে এটার বিরোধীতা না করে পারি না। তা ছাড়া কলকাতা করপোরেসান-এর ব্যাপারে খুবই দুঃখের বিষয় যে এখানে প্রিভিলেজ থাকা সত্বেও কনষ্টিটিউশন-এর গ্যারাণ্টী দেওয়া সত্বেও রুলিং পার্টি দিনের পর দিন ঐ কনস্টিটিউশন-কে নানান দিক থেকে কেটে তাদের কাজে লাগাচ্ছেন এবং সেটাই হচ্ছে কনষ্টিটিউশন। কনষ্টিটিউশন-এর ডিরেক্টিভ প্রিন্সিপ্যালগুলি মানার বালাই নেই এমন কি কনষ্টিটিউশন-এর ফাণ্ডামেণ্টাল রাইটস-গুলি এনক্রোচ করবার জন্য নানান উপায় তারা অবলম্বন করছেন।

[4-30—4-40 p.m.]

এবং এই পার্টি, তাঁরা করপোরেশনে আছেন। করপোরেশন ইলেকসন হল, আমরা কি দেখলাম? ৫১ জন কংগ্রেস বিরোধী লোক, সেই ইলেকসনে রিটাণ্ড হল। সেই মেজরিটি-কে মাইনরিটি করবার জন্য এঁরা তাদের কতকগুলির উপর ডি-আই রুলস প্রয়োগ করে, ওঁদের গদি কায়েম করলেন। আরও কি দেখলাম? ক্যালকাটা কর্পোরেশনের মেয়র, তাঁর হাতে একটা তহবিল দেওয়া হয়েছে প্রতিরক্ষার জন্য, সেটা তিনি একজন কংগ্রেস নেতা, মাননীয় অতুল্য ঘোষের হাতে দিচ্ছেন। কতবড় সাংঘাতিক নজীর। একজন মেয়র, যিনি এ্যাভাব পার্টি এবং যাঁর ইমপার্সিয়াল জাজমেণ্ট থাকা উচিত, বলে আমরা মনে করি, তিনি তাঁর এই প্রতিরক্ষা তহবিল তুলে দিচ্ছেন, কর্পোরেশনের বাইরে এক ব্যক্তির হাতে; এতে কি কর্পোরেশনের মান ক্ষুন্ন হবে না? আমার কথা, শুধু রুলস কডিফাই করে, কখনও ডেমোক্র্যাসি-কে এগিয়ে নিয়ে যাওয়া চলে না। শুধু তাই নয়, এখানে আর একটি কথা, এই এ্যামেণ্ডমেণ্টে বলা হচ্ছে যে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টের সেকসন ১৮২টা এ্যামেণ্ড করা হচ্ছে, এই উদ্দেশ্যে, যে সেখানে একজন স্পেশাল অফিসার-কে গভর্ণমেণ্ট নিয়োগ করবেন। কেন

করবেন? বোধহয় কালকাটা কর্পোরেশনেতে মেজরিটি পার্টি নিয়োগ করবার ব্যাপারে যে দৃষ্টিভঙ্গী ও মন থাকা উচিত, তা আপনাদের নেই। আপনারা একপেশে হয়ে নিয়োগ করেন। এই নিয়োগ করবার ক্ষমতা আপনাদের হাতে আছে। তাহলে বোঝা যাচ্ছে যে সেখানে কংগ্রেস পার্টি বা স্টেট গভর্ণমেণ্টের উপর লোকের আস্থা নেই। অথচ তাদের হাতে আরও পাওয়ার দেওয়া হচ্ছে, সেখানে বিরোধী মেম্বারদের কত ল বারবার সাসপেণ্ড করবার। আমার কথা হচ্ছে এই বিলটি অত্যন্ত অগণতান্ত্রিক বিল। এই বিল নিয়ে এসে গণতন্ত্রকে হত্যা করা হবে। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে বলবো আগে আপনারা কাউন্সিলার, অল্ডারম্যান-দের প্রিভিলেজ ঠিক করুন। অর্থাৎ কি, কি প্রিভিলেজ তাদের থাকবে, তারপর তাদের গায়ে হাত দেবেন। আগে কোড অফ কণ্ডাক্ট তৈরী করুন, তাতে ডেমোক্র্যাসি এগিয়ে যাবে, তা না হলে ডেমোক্র্যাসি-কে হত্যা করা হবে।

স্বিতীয়ত অন্যান্য সংস্থা-কে যেমন ন্যাশানালাইজ করেছেন, তেমনি [illegible] ন্যাশানালাইজ করে নিলে পারেন।

Shri Hemanta Kumar Basu:

স্যার, এই বিলের বিশেষ কোন আবশ্যকতা আছে বলে আমি মনে করি না। কারণ কর্পোরেশনের কাজ যেভাবে পরিচালিত হচ্ছে, তা অত্যন্ত পরিতাপের বিষয়। যখন দেশবন্ধু দাস ছিলেন, যখন সেনগুপ্ত ছিলেন, যখন সুভাষচন্দ্র ছিলেন এবং ডাঃ রায় ছিলেন কর্পোরেশনের মেয়র, তখন তো এই সমস্ত প্রশ্ন ওঠেনি। তখনও অপজিসন পার্টি ছিল—স্ট্রং অপজিসন পার্টি মুসলীম লীগ, হিন্দু মহাসভা ছিল কিন্তু তখন এই রকম প্রশ্ন ওঠেনি আজকে কেন এই সমস্ত প্রশ্ন উঠছে তা বিশেষভাবে ভাবতে হবে। এটা নিশ্চিত যে যখন দেশবন্ধু ছিলেন, সেনগুপ্ত ছিলেন, নেতাজী ছিলেন, ডাঃ বিধান রায় ছিলেন, তখন কর্পোরেশন ঠিক দলগত স্বার্থে তাঁরা পরিচালিত করতেন না। এই জন্য যিনি মেয়র হতেন, তিনি সমস্ত কর্পোরেশনের স্বার্থে, কাউন্সিলারদের স্বার্থের দিকে, তাদের অধিকারের দিকে দৃষ্টি রেখে কর্পোরেশনের কাজ পরিচালনা করতেন। এই জন্যই বর্তমানে কর্পোরেশনের কাজে যে অবস্থা সৃষ্টি হয়েছে, সেই অবস্থা তখন সৃষ্টি হয় নাই। সেদিক থেকে মনে হচ্ছে কেন এই আইন আনা হলো? কার দোষে? মেজরিটি তো কংগ্রেস পার্টি আছে। আর অপজিসান যাঁরা আছেন, আমি শুনেছি, তাদের সঙ্গে মেজরিটি পার্টির তরফ থেকে অত্যন্ত আপত্তিকর ব্যবহার করা হয়। যেমন ধরুন ২৬ লক্ষ টাকার একটি কনট্রাক্ট দেওয়া হলো, তার টেন্ডার কল করা হলো না। কাজেই সে নিয়ে অপজিসন পার্টি কিছু কথা বললেন, উষ্মা প্রকাশ করলেন, কিছু গোলমাল হলো সে ব্যাপার নিয়ে, এটা কাদের কাজের ত্রুটির জন্য? মেজরিটি পার্টির কাজের জন্য নিশ্চয়ই, তাঁরা এই রকম অন্যায় কাজ করেন, তার জন্য অপজিসন পার্টি গোঁসা করেন, একটু জোরে কথা বলেন, তার প্রতিবাদ করেন এই আইনের দ্বারা প্রিজাইডিং অফিসারের হাতে যে ক্ষমতা দেওয়া হচ্ছে, সেই ক্ষমতা অপব্যবহার করবার সুযোগ নিয়ে কর্পোরেশন কাউন্সিলারদের যে গণতান্ত্রিক অধিকার, সেই অধিকারকে ক্ষুণ্ণ করা হবে। আমরা দেখছি রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথের আইনে কাউন্সিলারদের যতখানি অধিকার ও সুযোগ ছিল, আজ সেই আইনের পরিবর্তন করা হচ্ছে, আমরা দেখছি সেই অধিকার ক্রমে ক্ষুণ্ণ করা হচ্ছে। আজ কর্পোরেশনের বহু অধিকার হরণ করে নিয়ে নেবার মতলবে এই আইন করা হচ্ছে। কার্য পরিচালনার ব্যাপার নিয়ে এর আগে অনেক মেম্বার বলেছেন, কাজেই আর সে সম্বন্ধে আমার বলবার কিছু নাই। এই আইনসভার কাজ পরিচালিত হচ্ছে কী ভাবে? এখানকার মেম্বারদের অধিকার ও সুযোগ সুবিধা যাতে বিন্দুমাত্র ক্ষুণ্ণ না হয়, সেদিকে স্পীকার দৃষ্টি রাখেন। এই কর্পোরেশন একটি ইলেকটেড বডি, জনসাধারণের ভোটে নির্বাচিত, তাদের অধিকারের ওপর আমাদের খবরদারীর আবশ্যকতা আছে বলে আমি মনে করি না। কর্পোরেশন একটা গণতান্ত্রিক বডি। তাঁরা যেভাবে মনে করবেন, সেই ভাবে তাঁরা তাঁদের কাজ চালাবেন। ধরুন আমাদের পশ্চিমবাংলার গভর্ণমেণ্টের উপর যদি গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া সব সময় কথা বলেন—অমুক অমুক বিষয়—সাবজেক্ট টু দি এ্যাপ্রভ্যাল অফ দি গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া করতে হবে, তাহলে নিশ্চয়ই আমরা তা

বরদাস্ত করতে পারি না। সেই রকম কর্পোরেশনের প্রত্যেকটা কাজ যদি সাবজেক্ট টু দি অ্যাপ্রুভাল অফ দি স্টেট গভর্নমেন্ট হবে, তাহলে তো কর্পোরেশনের পক্ষে কাজ করা কঠিন। যেমন এই আইনসভার সদস্যরা জনসাধারণের ভোটে এ্যাডাল্ট ফ্রাঞ্চাইজ-এ নির্বাচিত হয়েছেন। সেইভাবে কর্পোরেশনের সদস্যরাও নির্বাচিত হয়েছেন। তাই যদি হয়ে থাকে, তাহলে কর্পোরেশনের বা কাউন্সিলারের অধিকারে হাত দেওয়া বা সেই অধিকার ক্ষুণ্ণ করবার চেষ্টা করা উচিত নয়। সেখানে কর্পোরেশনের কাজ পরিচালনার জন্য যতই আইন করুন না কেন, যতই আইনের দ্বারা কাউন্সিলারদের বিতাড়িত করুন না কেন, কিছুতেই কিছু হবে না। যদি কর্পোরেশনের সমস্ত দল মিলে মিশে কাজ না করেন, তাহলে এই আইনের সাহায্যে সেখানে যে অসুবিধা হচ্ছে, গণ্ডগোলের সৃষ্টি হচ্ছে তা দূরীভূত হবে না। আমাদের এখানে যেমন সকল দলের মিলিত প্রিভিলেজ কমিটি করা হয়েছে, ঠিক সেই ভাবে কর্পোরেশনের বিভিন্ন দল মিলে মিশে কর্পোরেশনের কোন কাজে যাতে বাধা সৃষ্টি না হয়, কোন গণ্ডগোল না হয়, সমস্ত দল নিয়ে একটা প্রসিডিওর করা হয় ও সেকসন ৯৭ এর প্রসিডিওর যদি ফলো করা যায়, তাহলে কর্পোরেশনের কাজ ঢের সুষ্ঠুভাবে পরিচালিত করা যাবে বলে আমার বিশ্বাস। বর্তমানে যিনিই থাকুন মেয়র বা ডেপুটী মেয়র থাকুন আর প্রিজাইডিং অফিসার হোন, তিনি যদি দলগত স্বার্থের দিক থেকে কর্পোরেশনের কাজ পরিচালনার চেষ্টা করেন, তাহলে এই সমস্ত অসুবিধা সৃষ্টি হবে। কাজেই সেদিক থেকে এই রকম আইনের কোন আবশ্যকতা নাই। বরং তার বদলে এই হোক যাতে এই রকম গণ্ডগোল আর না হয়, তার জন্য সমস্ত দল মিলে মিশে একটা প্রসিডিওর লে ডাউন করতে হবে সেকসন ৯৭ অনুসারে। আমরা এই আইনসভা থেকে আইন করে সেখানে মেয়র, ডেপুটী মেয়র বা প্রিসাইডিং অফিসারের হাত বেঁধে দিতে চাই না। কোন কাউন্সিলার যিনি সাধারণের ভোটে নির্বাচিত হয়েছেন, তাঁর অধিকারের উপর আমরা হস্তক্ষেপ করতে চাই না।

এই কর্পোরেশনের কর্মচারীদের নিয়োগের ব্যাপারে এ্যাপ্রোভাল-এর ক্লজের জায়গায় আমরা আপত্তি করেছিলাম সেটা হচ্ছে সাবজেক্ট টু দি এ্যাপ্রোভাল অফ দি গভর্ণমেণ্ট নিয়ে। কর্পোরেশনের একটা ইম্পর্ট্যান্ট ব্যাপার, প্রয়োজনীয় ব্যাপার। এখানে একজন অফিসার নিয়োজিত হবেন; আগে ছিল সাবজেক্ট টু দি অ্যাপ্রোভাল অফ দি গভর্নমেন্ট এখন হচ্ছে উইথ দি অ্যাপ্রোভাল অফ দি গভর্নমেন্ট। আগে আমাদের কর্পোরেশন নিয়োগ করবেন, তারপর গভর্নমেন্ট অ্যাপ্রোভ করবেন। এটা খারাপ কী ছিল? বড় বড় অফিসার কর্পোরেশন নিয়োগ করেন। এটা সাবজেক্ট টু দি এ্যাপ্রোভাল অফ দি গভর্ণমেণ্ট হওয়া উচিত। এই যে সেভিং ক্লজ তো একটা রয়েছে। কাজেই সেদিক থেকে সরাসরি ভাবে করপোরেশান থেকে ক্ষমতা কেড়ে নিয়ে গভর্নমেন্ট নিয়োগ করবেন, এবং করপোরেশনের আওতায় কিছুই থাকবে না। সুতরাং আমি এই বিলের বিরোধীতা করি এই বিলের কোন প্রয়োজন নাই। আমি বলতে চাই যে করপোরেশনের কাজকর্ম পরিচালনা করপোরেশনের হাতে থাকা উচিত। কারণ তারা ইলেকটিভ বডি। সুতরাং তাদের ক্ষমতা কেড়ে নেওয়ায় আমি ঘোরতর আপত্তি করছি।

[4-40—4-50 p.m.]

Dr. Narayan Chandra Ray:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এখানে এই বিলটার দারুণ বিরোধীতা করা উচিত, কিন্তু সংখ্যাধিকোর বলে আমাদের বিরোধীতা সত্ত্বেও পাশ হবে এটা এবং হবে বলে এর সম্বন্ধে কতকগুলি গুরুত্বপূর্ণ কথা আপনার সামনে আমি রাখতে চাইছি। প্রথম কথা হচ্ছে যে করপোরেশনের সভার মধ্যে যে একটা বিরাট গণ্ডগোল হয় একথা কলকাতা সহরে ঝাড়ুদার থেকে লাটসাহেব পর্যন্ত জানেন। এর জন্য আইনসভায় বলবার দরকার নাই। এর যদি সুচারুভাবে সমস্যার সমাধান করতে হয় তাহলে বুদ্ধিহীন মস্তিষ্ক নিয়ে ভাবার প্রয়োজন নেই, এখানটায় সত্যিকারের ভাবা দরকার সমস্যাটা কোথায়। যদি কোন জায়গায় অন্যায় করা হয়ে থাকে, যদি কোন জায়গায় অন্যায়ের প্রতিকার না করে অন্যায় বাড়ান হয়ে থাকে তার জবাবে অন্যায় আরেকটা বাড়িয়ে

তার সমাধান করা যাবে না। আপনি যদি মনে করেন করপোরেশনের সাধারণ মানুষ করপোরেশনে যাদের নির্বাচিত করে পাঠিয়েছিল সরকারের বিরোধীতা সত্বেও ডি-আই-আর বন্দী থাকা সত্বেও তাদের নির্বাচিত করল, সেখানে জনসাধারণের একটা রায় তার মূল্য আছে কিনা সেটা আপনাকে আজ ভাবতে হবে। পাঠিয়ে দেবার পরে আপনি প্রথম তাদের বসতে দেন নি যারা আছেন বসে তাদের পর পর ৭ বছর ধরে স্ট্যাণ্ডিং কমিটি থেকে বাদ দিয়ে রেখেছেন। গণতন্ত্রর কথা বারে বারে বলেন কিন্তু গণতন্ত্রের মধ্যে স্ট্যাণ্ডিং কমিটি-তে বিভিন্ন পার্টিকে বাদ দিয়ে খালি এক কংগ্রেস পার্টির হাতের মধ্যে রাখার ক্ষমতা এবং আর সকলে খুশী মনে সেলাম করে চলে যাবে এটা আশা করছেন কেন? সেখানে যদি প্রতিবাদ হয়, সে প্রতিবাদ শুধু ভিতরের কাউন্সিলার করছেন তা তো নয়। আপনাদের বাধা সত্বেও আপনারা মানুষকে জেলখানায় রাখা সত্বেও সেই রকম মানুষকে নির্বাচিত করে জনসাধারণ তো পাঠিয়ে দিয়েছে। যারা করপোরেশন এর ভিতরে গোলমাল করেছেন শুধু তাদের তো নয়। আপনি এবারে আইন করছেন কি না যে ভুল হয়েছে তার সংশোধন না করে যারা জনতার রায়ের জন্য সেটা প্রতিফলিত করে ঝগড়া করেছে আপনারা তাকে বার করে দেবার—এবং জনতা যাকে প্রতিনিধি নির্বাচিত করেছে তাকে প্রিসাইডিং অফিসার দিয়ে অনির্বাচিত করবার—সে দুই মাসই হউক আর দশ মাসই হউক সেই অধিকার আপনি তাকে দিচ্ছেন। আপনার কথার অর্থটা কি জনতা যাকে নির্বাচিত করে দিল আপনি প্রিসাইডিং অফিসারকে একজন দিয়েছেন তার রায়ে মেলেনি কংগ্রেস মিউনিসিপ্যাল অ্যাসোসিয়েশান যে আজকে ইন পাওয়ার তার সঙ্গে মতে মেলেনি বলে আপনি তাকে আজ বাইরে ফেলে দিচ্ছেন। এদিকে আপনার শাসনযন্ত্র ডি-আই-আর করছে ওদিকে আপনার মেয়র ডেপুটী মেয়র প্রিসাইডিং অফিসার তাকে বাহিরে ঠেলে ফেলে দিচ্ছে। আপনি একটা অন্যায়কে দিয়ে আরেকটা অন্যায় ডাকতে চান তার পর আরেকটা অন্যায় দিয়ে যদি প্রতিকার করতে চান তাহলে আরেক রাস্তা খোলা থাকে না। যাদের আপনি বাহিরে বের করে দিলেন তিন মাস ছয় মাস দশ মাস তাদের আর কোন রাস্তা থাকে না বাইরের জনতাকে ডাক দিয়ে ঐ করপোরেশনকে ঘেড়াও করা ছাড়া। আপনি তাদের নির্বাচিত প্রতিনিধিদের মুখ খুলতে দেবেন না কাজে অংশ নিতে দেবেন না আপনি যখন বের করে দেবার রাস্তা নিয়েছেন তখন আপনি কোন রাস্তা নিয়েছেন—আপনি এই গণতন্ত্রকে ধ্বংস করছেন। আপনি নির্বাচনকে প্রহসনে পরিণত করেছেন, আবার আপনি নতুন আইন করছেন সেখানে শৃংখলা বজায় রাখবার জন্য। আপনিই শৃংখলা ভংগ করছেন আপনি যে শৃংখলা নষ্ট করছেন আপনি করপোরেশানকে একটা যে-আইনী সংস্থায় পরিণত করে একদলীয় নায়কত্বে পরিণত করেছেন। কিন্তু আপনি দেখাতে চাইছেন করপোরেশান-কে ভাল করতে চাইছেন। আপনি করে দেখুন আমরা কলকাতার মানুষকে ডাক দিয়ে বলব এই রকম যদি ২।৪ জনকে বের করে দেয় তোমাদের যদি কোন মুরোদ থাকে পিঠের শিরদাঁড়া থাকে তোমাদের কাউন্সিলার-কে নিয়ে গিয়ে জোর করে প্রশেসান করে ঐ মেয়রের ঘরে বা করপোরেশানের ঘরে আবার বসিয়ে দাও। তাহলে কি আপনি খুশী হবেন? আপনাকে এই কথাগুলি বলে রাখলাম—এখন সে যুগ নয় সব কিছু সব কথা বললেই হয় না। এই সবগুলি বললেই ডি-আই-আর হবে তা তো নয়—এগুলি ডি আই আর-এ দেবার প্রশ্ন নয়। আপনি কেন কলকাতার সাধারণ মানুষের প্রতিনিধিদের অংশ নিতে দেবেন না। তাদের অংশ নিতে দেয়নি সেজন্য সে চীৎকার করেছে সেখানে তাদের মার্শাল দিয়ে বের করে দিলেন না কেন? সেজন্য আমি আবেদন করছি বড় বড় কথা বলার আগে বড় বড় আইন বিশৃংখলা ডাকবার আগে আপনারা যদি সত্যিকারের মিউনিসিপ্যাল এ্যাডমিনিস্ট্রেশন-কে ভাল করতে চান আপনারা সত্যকারের কারণ বিশ্লেষণ করুন এবং সেই পথে আপনারা চলুন। আমি আমার বক্তব্যের একটা পয়েন্ট আমি পিন পয়েন্ট করে রাখলাম যে এতে আপনারা আরও বিশৃংখলা ডাকবেন তখন আমরা মানুষকে ডাক দিয়ে বলব যে কাউন্সিলার-কে বের করে দেবে তোমরা পার যদি প্রশেসান করে তোমরা তাকে আবার বসিয়ে দাও।

Shri Gopal Banerjee:

চেয়ারম্যান স্যার, শ্রীমতী ইলা মিত্র যে সারকুলেসান মোশান এনেছিলেন তার সমর্থনে আমি বলছি। আমি আমাদের ডাঃ নারায়ণ রায় যে দৃষ্টিভঙ্গীর থেকে বক্তব্য রেখেছেন তাকে আমি

সম্পূর্ণ সমর্থন করি। করপোরেশন-এ গণ্ডগোল চলে একথা সবাই জানেন—আমি জিজ্ঞাসা করি প্রথমেই মন্ত্রীমহাশয়কে যে করপোরেশন থেকে কি তারা সুপারিশ করেছিলেন যে এই সম্পর্কে কি ব্যবস্থা নেবার জন্য—এটা কি সরকার নিজে স্বতপ্রবৃত্ত হয়ে নিচ্ছেন—না করপোরেশন থেকে কোন সুপারিশ এসেছে—না করপোরেশন-এর কোন দল অর্থাৎ যারা সংখ্যাগরিষ্ঠ তাদের আরেকটু সুখ সুবিধা করে দেবার জন্য তাদেরই রেকমেণ্ডেসান-এ কি এটা দেওয়া হচ্ছে? এই অর্ডিন্যান্স যখন এসেছে তার আগে করপোরেশন-এর কোন মত নেওয়া হয়েছিল কি না এবং তার পরেও করপোরেশন-এর কোন মতামত নেবার তারা সুযোগ পেয়েছিলেন কি না কিম্বা নিতে চেষ্টা করেছিলেন কি না। যদি না নিয়ে থাকেন এবং তারা নেননি। আমি জানি অন্তত প্রকাশ্যভাবে নেননি অপ্রকাশ্যভাবে কি ঘটছে তা আমি জানি না, তা হলেই সেখানে অত্যন্ত মারাত্মক জিনিষ হয়েছে। করপোরেশন-এর সমস্যা করপোরেশন সমাধান করবেন না সমাধান করবে এখানকার লেজিসলেটিভ এ্যাসেম্বলি এটাই হচ্ছে একটা প্রথম অন্যায় জিনিষ।

দ্বিতীয় কথা হচ্ছে ডাঃ নারায়ণ রায় যে কথা বলেছেন যে করপোরেশন-এর এই অবস্থার কারণ কি—করপোরেশন-এ তিনটা অথরিটি, করপোরেশন, স্ট্যাণ্ডিং কমিটি আর সেখানকার কমিশনার। কমিশনার সরকার নিযুক্ত, স্ট্যাণ্ডিং কমিটিতে অপজিশান-এর যাবার অধিকার নেই। শ্রীযুক্ত অতুল্য ঘোষ মহাশয় রায় দিয়েছেন কংগ্রেসের ঐ মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েশন-এ অপজিসান-দের নেওয়া হবে না। এরা কি সেকেণ্ড গ্রেড কাউন্সিলার? তারা কি দ্বিতীয় শ্রেণীর কাউন্সিলার, তারাও ইলেকটেড হয়ে এসেছেন। সেই স্ট্যাণ্ডিং কমিটিতে—স্ট্যাণ্ডিং কমিটি একটা অথরিটি টাকা খরচ করে, পলিসি নির্দ্ধারণ করে সেখানে তাদের আলোচনা করার কোন স্কোপ নেই। সেইখান থেকে যে জিনিষ আসবে—যখন তা করপোরেশন-এ আসে স্বভাবতই যদি কোন অন্যায় হয় তাহলে বিক্ষোভ দেখাবার আর কি প্রয়োজন আছে—আলোচনার স্তরে যে জিনিষগুলির মীমাংসা হয়। এখানে আমরা জানি যখন একটা বিল আলোচনা করি এখানে সরাসরি আলোচনা করা যায় না—যখন কম্পলিকেটেড বিল হয় আমরা জয়েণ্ট কমিটিতে দিই। ওখানেও এই রকম কতকগুলি ছোট ছোট জিনিষ যেগুলি আলোচনার মাধ্যমে মীমাংসা করা যায় সেখানে যে স্ট্যাণ্ডিং কমিটি—সেখানে ৭।৮ বছর ধরে অতুল্যবাবুর নির্দেশে সেখানে অপজিসান কাউন্সিলার-দের যাবার কোন অধিকার নাই। এটা কি—এটা কি চলছে অরাজকতা এ সম্পর্কে বার বার প্রতিবাদ জানান হয়েছে কিন্তু এর কোন প্রতিকারের ব্যবস্থা তো মন্ত্রীমহাশয় করতে পারেন নি। এটা কি শালীনতা, কোন গণতন্ত্র এটার একটুখানি জবাব মন্ত্রীমহাশয় দিতে চেষ্টা করবেন। সুতরাং এই যে কাউন্সিলার-দের যে অধিকার সেই অধিকার থেকে বঞ্চিত করার যে দৃষ্টিভঙ্গী প্রত্যেক এ্যামেণ্ডমেণ্ট তার মধ্যে আসে—যতবার এসেছে এখানে ক্যালকাটা করপোরেশন সম্পর্কে যে আইন এসেছে আসবার পরই মন্ত্রীমহাশয় যিনিই থাকেন তিনি বলেন খুব ভাল আইন—এই নিয়ে বিতর্কের কোন অবকাশ নাই। কিন্তু দুঃখের কথা আমাদের বিতর্ক করতে হয় অত্যন্ত তীব্র ভাষায় গালাগালিও করতে হয় এটাই আমাদের দুঃখ। কিন্তু এর মূল কারণ হচ্ছে দৃষ্টিভঙ্গী—ওঁদের দৃষ্টিভঙ্গী হচ্ছে ক্যালকাটা করপোরেশন-কে ক্রমশ ক্রমশ লোকাল সেল্ফ গভর্নমেণ্ট-এর অঙ্গীভূত করে ফেলবেন, ডিপার্টমেণ্ট হবে ক্যালকাটা করপোরেশন।

[4-50—5 p.m.]

ডিপার্টমেণ্ট হবে ক্যালকাটা কর্পোরেশন, আর আমরা বলছি তা নয়, এর অধিকার বাড়ান হোক। এই দুটোর মধ্যে সর্বদাই ঝগড়া চলছে। ক্যালকাটা কর্পোরেশনের ব্যাপারে আমরা না হয় ঝাঁপিয়ে পড়লাম। কিন্তু পার্লামেণ্টেও এই রকম ঘটনা ঘটেছে। রাষ্ট্রপতির ভাষণ হিন্দীতে আগে হবে, না ইংরাজীতে আগে হবে তা নিয়ে একটা বিশৃঙ্খলা দেখা দেয়, সেই বিশৃঙ্খলা সমাধান করবার জন্য কি পদ্ধতি নেওয়া হয়েছিল? না, প্রধানমন্ত্রী সমস্ত দলের প্রতিনিধিদের ডেকে কোড অফ কণ্ডাক্ট বের করবার চেষ্টা করেন, এই হচ্ছে পদ্ধতি। এখানে স্বায়ত্ব শাসন বিভাগের আজ যারা আমলাতান্ত্রিক কর্মচারী তাদের উপর বসে মন্ত্রীমহাশয় হাতে লাগুড় নিয়ে চলেছেন, তাদের সায়েস্তা করবেন এবং নারায়ণবাবুও বলেছেন যদি এই আইন পাশ হয়

তাহলে আমাদের আর কোন দ্বিতীয় পথ থাকবে না। প্রথমতঃ জোর করে কাউন্সিলারের যে অধিকার তাকে বের করে দিয়ে সেই অধিকার খর্ব করে দিচ্ছেন, যদি তিনি না বের হয়ে যান তখন ডি-আই-আর আছে, তারপর স্ট্যাণ্ডিং কমিটিতে যাবার অধিকার নেই, যিনি মেয়র হবেন তিনি কংগ্রেসের কংগ্রেসের আজ্ঞাবহ হয়ে চলবেন। কিন্তু মেয়র যদি আজ্ঞাবহ হয়ে চলতে না পারেন, তাহলে পূর্ব ঘটনা থেকে দেখেছি, বিজয়বাবু এখানে আছেন, আমরা দেখেছি তাঁর কি হাল হয়েছিল একটু স্বাধীনভাবে চিন্তা করবার জন্য এবং কংগ্রেস মিউনিসিপ্যাল এ্যাসোসিয়েশনের একটা উদ্ভট সিদ্ধান্ত না মানার জন্য তাঁকে কংগ্রেস থেকে ওদিকে যেতে হয়েছে। এই রকম যিনি মেয়র হবেন তাঁর এই নির্দেশে সদস্যকে বের করে দেওয়া হবে, এবং অপজিশন কাউন্সিলারের কোন অধিকার থাকবে না। এই ক্ষমতা মেয়রকে দিচ্ছেন ক্যালকাটা কর্পোরেশনের মধ্যে। সেইজন্য আমার বক্তব্য হচ্ছে মন্ত্রীমহাশয় সমস্ত জিনিসটা ভেবে দেখুন এবং কর্পোরেশনের মধ্যে যাতে বিশৃঙ্খলা আর না বাড়ে এবং গণতন্ত্রের যা কিছু অবশিষ্ট আছে সেটাকে বজায় রাখার জন্য এই বিলটাকে জনমতের সামনে দিন এইটাই আমার নিবেদন এবং আমি বিশ্বাস করি যে জনমত এই বিলটাকে নাকচ করে দেবেন।

Shri Nani Bhattacharjee:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি শুধু একটা বিষয়ের উপর আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো। তার কারণ অন্যান্য পয়েণ্ট নীতিগত প্রশ্ন অন্যান্য সদস্য বন্ধুরা আলোচনা করেছেন, আমারটা পয়েণ্ট অব অর্ডারের মধ্যে পড়ে যেতে পারে। আমি বলছি এই যে আপনারা মেয়রকে ক্ষমতা দিচ্ছেন যে, যে মিটিং চলছে সেই মিটিং চলাকালে যদি কোন গোলমাল হয় বা ইনডিসিপিলিন বিহেবিয়ার যদি কোন কাউন্সিলার দেখান তাহলে তাঁকে সাসপেণ্ড করার ক্ষমতা মেয়রকে দিয়ে দিচ্ছেন এবং মেয়র অন হিজ ওন মোশন মুভ করতে পারবেন এটা বলছেন। কোন্ মিটিং? সেগুলিত বলেন নি। যেভাবে লেখা আছে তাতে মনে হয় ঐ মিটিং-এ। আমি বোধহয় ঠিকই বলছি, কিন্তু আপনার মূল আইনে কণ্ডাক্ট অব বিসনেস-এর যে চ্যাপ্টার আছে তার সেকসন ৯০র প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় চেয়ারম্যান মহাশয়, সেখানে পরিস্কার করে বলা আছে

"List of business to be transacted at every meeting except at an adjourned meeting shall be posted to the registered address to each councillor and aldermen at least 72 hours before the time fixed for such meeting and no business shall be brought before or transacted at any meeting other than the business of which notice has been so given."

কোথায় সঙ্গতিটা থাকলো? এখানে ৯০তে পরিস্কার বলছে যে আপনাকে নোটিশ দিতে হবে, এ্যাজেণ্ডা দিতে হবে, এবং এ্যাজেণ্ডা দিয়ে সমস্ত কাউন্সিলারদের জানিয়ে দিতে হবে ৭২ ঘণ্টা আগে যে তার পরের যে মিটিং সেই মিটিং-এ এই এ্যাজেণ্ডা নিয়ে আলোচনা করতে হবে। এখানে কাউন্সিলারকে আপনি মেয়রের হাতে সাসপেণ্ড করার পাওয়ার দিচ্ছেন, অন হিস ওন মোশন তিনি মুভ করতে পারবেন বলছেন অথচ এই রকম একটা গুরুত্বপূর্ণ এ্যাজেণ্ডার জন্য আপনি প্রায়র নোটিশের কোন ব্যবস্থা রাখছেন না। মূল আইন পরিস্কার ভাবে বলছে যে প্রত্যেকটি এ্যাজেণ্ডা ন্যাচারালি সেটা ধরে নিতে পারি ইনক্লুডিং

the agenda for suspending any councillor,

এটা অটমেটিক্যালি হয় এবং এই সঙ্গতির অভাব এখানে লক্ষ্য করা যাচ্ছে এবং পরস্পর বিরোধী হচ্ছে। সেইজন্য এটা পয়েণ্ট অব অর্ডারের মধ্যে পড়ে বলে মনে হচ্ছে। মাননীয় চেয়ারম্যান মহাশয়, সে সম্বন্ধে আমি আরো আমার বক্তব্য রাখছি তারপর দ্বিতীয় ব্যাপার হচ্ছে যে এর পরে ভোট হবে কিনা? এই যে সাসপেণ্ড করার মোশন অন হিজ ওন মেয়র মুভ করবেন এর উপর ভোট হবে কিনা এবং ভোট হলে কিভাবে হবে, ব্যালটে হবে, না বাই সো অব হ্যাণ্ডস হবে? সেখানে আপনি কোন কিছু বলেন নি। আমি বুঝে উঠতে পারছি না এত তাড়াহুড়া করে মূল আইনের বিসনেস প্রসিডিয়োরের সঙ্গে সম্পূর্ণ সঙ্গতি বাদ দিয়ে কেন এই রকম

ধরণের এ্যামেন্ডমেন্ট আনা হচ্ছে। এর পিছনে কি কাজ করছে আমি বুঝতে পারছি না। এখানে পরিস্কার আলোচনা হয়েছে যে কর্পোরেশনের মধ্যে একটা কংগ্রেসী দলীয় চক্রান্ত গড়ে উঠেছে যে অপোজিশনকে যেভাবে পারো, যত হাই হ্যান্ডেড ওয়েতে পারো, এমন কি মূল আইনের যে কন্ডাক্ট অফ বিজনেস আছে তার মধ্যে যে সমস্ত বিধিবিধান বলা হয়েছে সেগুলিকে উপেক্ষা করে হোক, তার সংগে কোন রকম সংগতি না রেখেই হোক, তাকে কোতল করার ব্যবস্থা কর। মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই ধরণের মনোভাব যদি এদের মধ্যে কাজ করে না থাকে তাহলে এই রকম ধরণের মূল আইনের সংগে সংগতি বিরোধী-ভাবে এই রকম ল্যাংগুয়েজে তৈরী একটা অ্যামেন্ডমেন্ট আনার দরকার ছিল না। এই রকম ধরণের একটা অসামঞ্জস্যপূর্ণ এবং মূল আইনের সংগে সংগতিহীন যে ক্লজ এখানে আনা হয়েছে সে সম্বন্ধে মাননীয় চেয়ারম্যান মহাশয়, পয়েন্ট অব অর্ডারের আকারে আমি আপনার কাছে রাখলাম এবং মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছেও এটা রাখছি তিনি এটা বিবেচনা করবেন। মূল আইনের কন্ডাক্ট অব বিসনেসের যে চ্যাপ্টার সেটা যদি লক্ষ্য রাখি তাহলে দেখবো তার সংগে এই এ্যামেন্ডমেন্টের কোন সংগতি নেই এবং মন্ত্রীমহাশয় এই সম্বন্ধে কি বলতে চান সেটা বলবেন এবং আমি আশা করি এ সম্বন্ধে এই পয়েন্ট অব অর্ডারে চেয়ারম্যান মহাশয়, আপনি একটা রুলিং দেবেন।

Mr. Chairman: There is no point of order. It is for the Minister to reply to your question.

Shri Nani Bhattacharjee:

স্যার, এটা কন্টাডিক্টারি, মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে আশা করছি তিনি এর জবাব দেবেন কেন এটা নিয়ে আশা হয়েছে এবং এতে তিনি কি বলতে চান? মোশন কে মুভ করবে? আরো একটা কথা, সেকসন ৯১এ আছে

All matters required to be decided by the Corporation shall, save as in this Act otherwise provided, be determined by a majority.

সেখানে পরিস্কার করে বলা আছে যে এ্যাজেন্ডা এলে কিভাবে ভোটাভুটি হবে ব্যালট হবে, না বাই সো অব হ্যান্ডস হবে, এটাতে সে সম্বন্ধে কোন উল্লেখ নেই। এত বড় একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, যেখানে একটা কাউন্সিলারকে সাসপেন্ড করতে যাচ্ছেন ২ মাসের জন্য সেখানে কোন প্রসিডিয়োর না মেনে মেয়র অন হিজ ওন মোশন সেই মিটিং-এ এনে সাসপেন্ড করে দেবেন মেজোরিটি ভোটে এটা একটা তাজ্জব ব্যাপার। সেইজন্য আশা করি গণতন্ত্রের দিকে লক্ষ্য করে, রুল অব লর দিকে লক্ষ্য রেখে মাননীয় মন্ত্রীমহাশয় যেন এর জবাব দেন।

[5—5-10 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি এই বিলের তীব্র বিরোধীতা করছি। এইজন্য যে একটা গণ-তান্ত্রিক ও স্বায়ত্ব শাসনশীল প্রতিষ্ঠান করে তার সংগে সংগে এর সদস্যদের যে বাক্তি স্বাধীনতা তার বিরুদ্ধে কাজ হচ্ছে। গোলমাল করপোরেশনে অনেক দিন ধরেই হচ্ছে। কিন্তু গোল-মালের কারণ কি সেটা যদি বিশ্লেষণ করে দেখি তাহলে দেখবো যে প্রিসাইডিং অফিসারদের অযোগ্যতার জন্য আজ এই বিল আনতে হচ্ছে। কারণ প্রিসাইডিং অফিসাররা যদি নিরপেক্ষ-ভাবে করপোরেশনের সভা পরিচালনা করতে পারতেন তাহলে এই রকম লজ্জাজনক একটা বিল আনতে হোত না। প্রিসাইডিং অফিসার হচ্ছেন সংখ্যাগরিষ্ট দলের লোক—কাজেই সেখানে যদি এই বিল পাশ হয় তাহলে এটা সংখ্যালঘিষ্ট দলের উপর প্রযোজ্য হবে এটা আমরা পরিস্কারভাবে ধরে নিতে পারি। আজ আমরা দেখতে পাই পানীয় জলের সমস্যা, এ্যাসেস-মেন্টের সমস্যা আবার কখনো দেখি যে কনশ্যাক্ট বিলির সমস্যা কখনও দেখি টাকা তছরুপের সমস্যা অথবা টাকা অপব্যয় হচ্ছে—এই সব সমস্যা নিয়ে গোলমালের সৃষ্টি হয়। সেখানে যদি প্রিসাইডিং অফিসার নিরপেক্ষভাবে সভা পরিচালনা করতে পারেন এবং সংখ্যালঘিষ্ট

ন্যায়সঙ্গত বক্তব্য বলার সুযোগ দেন তাহলে গোলমাল হওয়ার কোন কারণ থাকতে পারে না। আমি মনে করি যে আজকে করপোরেশন সৃষ্টি হয় নি—বরং আমরা দেখি করপোরেশনের যে স্বায়ত্বশাসনশীল অধিকার তাকে ধীরে ধীরে গভর্ণমেণ্ট কুক্ষিগত করার চেষ্টা করছেন, তার সমস্ত অধিকার প্রায় কেড়ে নিচ্ছেন দিনের পর দিন এক একটা আইন এনে। এখন আবার শেষ পর্যন্ত করেছেন কি—সংখ্যা লঘিষ্ঠ দলের কাউন্সিলার অথবা অল্ডারম্যানকে তুচ্ছ কারণে ঘর থেকে বের করে দেবার ব্যবস্থা হচ্ছে। অর্থাৎ করপোরেশনে একনায়কত্ব প্রতিষ্ঠা করবার জন্য এই বিলের ভিতর তারা চেষ্টা করছেন। সুতরাং আমি মনে করি তারা যদি গণতন্ত্রের এতটুকু মর্যাদা রাখতে চান তাহলে এটাকে আরও ভালভাবে করা উচিত। কারণ এই করপোরেশন একদিন পরিচালনা করেছিলেন দেশবন্ধু, নেতাজী, যতীন্দ্রমোহন এমন কি সেদিন পর্যন্ত সুনামের সহিত পরিচালনা করে গেছেন ডাঃ বিধানচন্দ্র রায় এবং আমাদের এখানে বসে আছেন বিজয় ব্যানার্জি মহাশয়। তাদের আমলে তো ঘর থেকে বের করে দেবার বা সাসপেণ্ড করবার প্রয়োজন হয় নি। আজ কেন প্রয়োজন হচ্ছে। সেখানকার যিনি প্রিসাইডিং অফিসার—অর্থাৎ মেয়র—তিনি সব সময় মনে করেন যে তিনি দলের লোক—তিনি কলকাতার লক্ষ লক্ষ লোকের প্রতিনিধি বলে মনে করেন না—তাতেই গোলমালের সৃষ্টি হয়। কাজেই আমি বলবো এই বিলটিকে আপনি পাশ করাবেন না—যদি সংখ্যাগরিষ্ঠতার জোরে পাশ করিয়ে নেন তাহলে বিক্ষোভ আরও বেশী হবে। কারণ আমি মনে করি কোন আত্মসম্মান বিশিষ্ট সদস্যকে এইভাবে বের করে দিলে তাতে আরও বেশী বিক্ষোভের সৃষ্টি করবে এবং সেই বিক্ষোভ সমগ্র কলকাতায় ছড়িয়ে পড়বে। কাজেই আমি অনুরোধ করবো এই বিলটিকে আপনি প্রত্যাহার করে নিন। সেই জন্য আমি জনমত প্রচারের প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য আপনার সামনে রাখলাম এবং মন্ত্রিমহাশয়কে বলছি যে করপোরেশনের যে রুলস আছে কন্ডাক্ট অফ বিজনেস সেটা যাতে সম্মানের সহিত সকল সদস্য মান্য করে চলেন তার জন্য ব্যবস্থা করুন এবং সেখানে মেয়রকে ইনফ্লুয়েন্স করার চেষ্টা করুন যাতে তিনি নিরপেক্ষভাবে কাজ কর্ম পরিচালনা করেন। এইভাবে জবরদস্তি করে আইন পাশ করে করপোরেশনকে চালানো যাবে না। অথবা তিনি যেটা মনে করছেন শান্তিশৃঙ্খলা রক্ষা করবেন এবং প্রিসাইডিং অফিসারের প্রতি সম্মান প্রদর্শন করবেন—তা হবে না—কারণ আইন দিয়ে সম্মান পাওয়া যায় না সে কথা মাননীয় মন্ত্রীমহাশয় মনে রেখে যেন এই বিলটি প্রত্যাহার করেন।

Shri Sanat Kumar Raha:

চেয়ারম্যান স্যার, ক্যালকাটা মিউনিসিপ্যাল থার্ড এ্যামেণ্ডমেণ্ট বিল যেটা এলো—সেটা গণতান্ত্রিক রীতির বিপক্ষে যায় বলে আমি তার বিরোধীতা করছি। সঙ্গে সঙ্গে এই বিলের যে ভাবে আলাপ আলোচনা হোল তাতে একটা জিনিস পরিষ্কার থাকা দরকার। আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আপনারা কাউন্সিলারদের যে সাসপেণ্ড করবেন সেই সাসপেনসন পিরিয়ডে সেই কাউন্সিলাররা কোন সিটিং এ্যাটেণ্ড করছেন না—ইমলিউমেন্স পাচ্ছেন না—এ বিষয়ে এ্যাক্টে কোন প্রভিসন নেই। কাজেই এ বিষয়ে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে তিনি পরিষ্কার বলবেন এই সাসপেণ্ডেড কাউন্সিলারদের অবস্থা কি হবে।

Dr. Kanai Lal Bhattacharyya: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

Shrimati Ila Mitra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

Shri Anadi Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

Shri S. M. Fazlur Rahman:

স্যার, চেয়ারম্যান স্যার, গোপালবাবু বলেছেন যে এই করপোরেশনে যত বিধিবদ্ধ আইন আছে কলকাটা মিউনিসিপ্যাল এ্যাক্টে—এই এ্যাক্ট অনুসারে কার্য করবার অধিকার প্রয়োগ করবার তিনটি অথরিটি আছে—ফার্স্ট করপোরেশন—সেকেণ্ড স্ট্যাণ্ডিং কমিটি থার্ড হোল কমিশনার—এই তিনটির সুপ্রীম অথরিটি হোল করপোরেশন যে করপোরেশনের সভা পরিচালিত হয়

কাউন্সিলার এবং অল্ডারম্যানদের দ্বারা। মিঃ চেয়ারম্যান স্যার, করপোরেশন যে সব ক্ষমতা প্রয়োগ করেন এবং যে যে বিষয় সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করেন আপনি ধরে নিতে পারেন সেটা কমিশনারের ক্ষমতার বাইরে। সেখানে স্ট্যান্ডিং কমিটির ক্ষমতার বাইরে এমন একটা বৃহত্তর সমস্যা বা একটা বৃহত্তর বিষয়ে বলুন এবং গুরুত্বপূর্ণ বিষয় বলুন অনেক ক্ষেত্রে তা অতি সংক্ষিপ্ত সময়ের মধ্যে করতে হয়—অনেক ক্ষেত্রে জনস্বার্থের খাতিরে তা তৈরী করে সম্পন্ন করবার জন্য বিভিন্ন স্টেপ নিতে হয়। এই কাজগুলি করপোরেশন অথরিটির সকল অল্ডারম্যান —সকল কাউন্সিলার তাদের করণীয় কাজ এবং সময় সময় সেই মিটিংগুলি হয় এবং তারা যে বিসনেসগুলি ট্রানজাক্ট করেন দেখবেন বৃহত্তর কলকাতার জনস্বার্থের বিষয়ে লক্ষ্য রেখে বড় বড় বিষয় তারা আলোচনা করেন। এই আলোচনা যদি কোন ক্ষেত্রে স্থগিত হয়ে যায়, এই আলোচনা যদি যথা সময়ে ধীর এবং শান্ত ভাবে হয়ে কোন সিদ্ধান্তে উপনীত না হয় তাহলে অনেক ক্ষেত্রে যাদের নির্বাচিত প্রতিনিধি তারা এবং যাদের নিয়ে এই করপোরেশন গঠিত হয়েছে এবং যাদের সিদ্ধান্তের উপর লক্ষ লক্ষ লোকের ভাগ্য নির্ভর করবে সেখানে তাদের স্বার্থ ক্ষুন্ন হবার পরিপূর্ণ সম্ভাবনা আছে। সেক্ষেত্রে এই সিদ্ধান্ত গ্রহণ করতে হলে এটা উত্তেজনার বাইরে হওয়া উচিত এবং দলগত স্বার্থের বাইরে হওয়া উচিত এ আমি স্বীকার করি। কিন্তু দলগত স্বার্থের ঊর্ধে এবং সর্ব প্রকার উত্তেজনার ঊর্ধে করতে গেলে যে পরিবেশ সৃষ্টির প্রয়োজন হয় সেই পরিবেশেরও প্রয়োজন আছে। করপোরেশনের মেয়র যিনি প্রিসাইড করবেন —প্রিসাইডিং অফিসার—এখানে যদি সেই সভার মর্যাদা না থাকে—শান্তিপূর্ণ আবহাওয়া না থাকে—যিনি সভা পরিচালনা করছেন তাঁর মর্যাদা না থাকে তাহলে আমি আপনার কাছে বিচারের জন্য ছেড়ে দিচ্ছি সভাপাল মহাশয়, যে সেখানে কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেবার মত মন বা আবহাওয়া থাকতে পারে কিনা যদি না সেখানে এই মর্মে কাজ করা যায়। সভাপাল মহাশয়, আপনি কংগ্রেসের টিকিটে নির্বাচিত হয়ে এম-এল-এ হয়ে এসেছেন—আপনি হয়তো আধ ঘণ্টা আগে বিরোধী পক্ষ যেসব সমালোচনা করেছেন, আপনার অধিকার বলে আপনি তাদের সমালোচনা করেছিলেন—কোন বিধিগত কিংবা বিধিসঙ্গত কারণ বশত আপনি এখন চেয়ারম্যান হয়েছেন, তাহলে কি আমরা ধরে নেবো যে আপনি আজ প্রিসাইডিং অফিসার হয়ে আপনি কিছুক্ষণ আগে বিরোধী দলের বক্তব্যের যে বিরোধীতা করেছেন বা সমালোচনা করেছেন আপনি যখন ওখানে গেছেন তাহলে আপনার ঐ মর্যাদাটা বড় করে ধরছেন, না আপনার দৃষ্টি-ভঙ্গী চারিদিকে খোলা, আপনার মনটা সুস্পষ্ট এবং অনাচ্ছন্ন দৃষ্টিতে আপনি করছেন, না—আপনি কংগ্রেসের টিকিটে নির্বাচিত এম-এল-এ হিসাবে ওখানে চেয়ারম্যানের কাজ করছেন। কাজেই ঐ প্রিসাইডিং অফিসার—আমি বলবো তিনি যে দলেরই হোন না কেন বা যে টিকিটেই আসুন না কেন—তিনি যখন প্রিসাইডিং অফিসারের আসনে যাবেন তাঁর প্রতি এই দৃষ্টিভঙ্গীর প্রত্যেক কাউন্সিলারের এবং প্রত্যেক অল্ডারম্যানের যদি স্পনটেনিয়াস না হয়, আর যদি সেই দৃষ্টিভঙ্গী দেখাবার মত বা মর্যাদা দেবার মত যদি সাহস না থাকে তাহলে সেই প্রিসাইডিং অফিসার যে দলের হউন বা মেয়র হোন, ডেপুটি মেয়র হোন তাঁকে দিয়ে কাজ করানো চলে না। কাজেই বৃহত্তর সমস্যা—বৃহত্তর বিষয়বস্তু—আলোচ্য বিষয়বস্তু সে সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়ার জন্য এবং জনস্বার্থের খাতিরে আমরা এটা চাচ্ছি। এই বিলের মূল উদ্দেশ্য হোল যিনি প্রিসাইডিং অফিসার ঐ সভা পরিচালনা করবেন তাঁকে জনস্বার্থের দিকে এবং সকলের মর্যাদার দিকে এবং তাঁর মর্যাদার দিকেও যেমন দৃষ্টি রাখতে হবে তেমনি সভ্য যাঁরা তাঁদের মর্যাদার দিকেও দৃষ্টি রাখতে হবে—এখানে উভয়েরই মর্যাদার প্রশ্ন আছে।

[5-10—5-20 p.m.]

সভ্য যারা [illegible] যারা অল্ডারম্যান, সভা পরিচালনা যিনি করছেন তাঁর প্রতি আনুগত্য থেকে শান্তিপূর্ণ পরিবেশে সভা পরিচালনা করা দরকার। আমি অত্যন্ত বিস্মৃত যে আমাদের বিরোধী পক্ষের বন্ধুগণ তাঁরা যখন সমালোচনা করেন তখন তাঁদের মনের মধ্যে ২৪ ঘণ্টা একটা দুর্বলতা কাজ করছে। সেটা কি না যেহেতু কংগ্রেস করপোরেশনের সংখ্যাগরিষ্ঠতা

লাভ করেছে কাজেই এই আইন তাঁরা করিয়ে নিচ্ছেন। ভবিষ্যতে আর সেখানে যাবার উপায় নেই, এই আইনের অপপ্রয়োগ করতে পারবো না। এই যে দুর্বলতা এটা প্রত্যক্ষ এবং পরোক্ষ ভাবে আসছে। যা কিছু আইন করা হচ্ছে সেই আইনটা যদি তাদের সুযোগ সুবিধার জন্য হয়, কতটুকুন সুযোগ সুবিধা পাবে। যদি কলকাতা করপোরেশানের মেয়র কংগ্রেস টিকিটে নির্বাচিত হন, ততক্ষণ যদি আগামী দিনে না হয় তখন ওদের দিকেই সে সুযোগ যাবে, কাজেই সেই দুর্বলতা নিয়ে তাঁরা সেই বিলের সমালোচনা করছেন। ননীবাবু একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন করেছেন। তিনি বলেছেন দুটা—দেখা যাচ্ছে সেকসন৯২ এবং সেকসন ৯৭ এ সভার কাজ কেমন ভাবে পরিচালিত হবে এবং কে পরিচালনা করবেন। সেকসন ৯৭ রুলস, অফ বিসনেস করবার ক্ষমতা আছে রুল মেকিং পাওয়ার কলকাতা করপোরেশানকে দেওয়া আছে। আর সেকসন ৯২তে কে প্রিসাইডিং অফিসার হবে সেটার উল্লেখ আছে। স্যার, যেখানে ওদের স্বীকৃত মতে রুলস অফ বিজনেস করবার জন্য রুলস ফ্রেম করবার জন্য করপোরেশনকে ক্ষমতা দেওয়া আছে, সেই করপোরেশানে সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে কংগ্রেস। তারা যদি রুল করে তাহলে তাদের স্বার্থের পক্ষে যাবে না স্বার্থের পরিপন্থী হবে, সে ক্ষমতা তাদের না দিয়ে আজকে এটা বিধানসভায় এনেছি। এই আইনটা নূতন করে সেকসন৯২ সংশোধন করে সংযোজন হচ্ছে। এটা বিশেষ ভাবে আলোচনা করবার সুযোগ সুবিধা হবে কি না। আমি সেই দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিল এনেছি। আমি ৯৭ সেকসন এ কলকাতা করপোরেশানকে অধিকার দিতে পারতাম যে তোমরা কর। সেখানে তাদের মেজরিটি রয়েছে তাঁরা হয়ত বলতেন যে ধরে আনতে বললে বেঁধে আনতে। কাজেই এই অধিকারে এটা বিধানসভায় উত্থাপন করা হয়েছে। ৯৭ এ লিমিটেড পাওয়ার দিয়ে বিধানসভায় নিয়ে এসে এবং ৯২ কে সংশোধন করে সংযোজন করা হচ্ছে।

Shri Nikhil Das:

ওরা যে রুলস অফ প্রতিডিওর করবে সেটা ওরাই পাল্টাতে পারবে। আরো যদি আইন করি তাহলে আমাদের পাল্টাতে হবে।

Shri S. M. Fazlur Rahman:

বৃহত্তর ক্ষেত্রের মধ্যে বিশেষ ভাবে আলোচনা করে আজকে যেমন ৮ জন বিরোধী পক্ষ বিল সম্বন্ধে সমালোচনা করেছেন, ভাল মন্দ আলোচনা করেছেন তাঁরা সেই ভাল মন্দ বিবেচনা করে সংশোধনী আনবেন, সেটা গ্রহণ করা হবে কি না সেটা বিবেচনা করা হবে। এই আলোচনা করবার সুযোগ আছে। কলকাতা করপোরেশান যেখানে সামান্য একটা ব্যাপার সিদ্ধান্তে আসতে মারামারি করেন সেখানে রুল মেকিং পাওয়ার অনুসারে এই রুল করবার জন্য তাদের সুযোগ-সুবিধা দিলে সেটা সুযোগ-সুবিধা হচ্ছে কিনা সেটা বিবেচনা করতে হবে। এখানে সেকসন ৯০ সম্বন্ধে বলেছেন। সেকসন ৯০র কোন মূল বিষয়বস্তু নিয়ে আলোচনা করবার জন্য হাউসের সকলের প্রসঙ্গক্রমে এবং প্রয়োজনের ক্ষেত্রে যদি সে বিষয় উত্থাপিত হয় তাহলে সেটা ইন্ডিপেন্ডেন্ট সভা নয়। যদি বিষয়বস্তু কর্মসূচীর অন্তরভুক্ত না হয় তাহলে সে সভায় আলোচিত হবার জুরিডিক্সান আছে, আলোচ্য বিষয় হিসাবে গৃহীত হবার আইন সংগত যুক্তি আছে এবং তা হতে পারে।

ননীবাবু বলছেন, রুল ১৩—রুলস অফ বিসনেস

framed under section 97 of the Calcutta Municipal Act.

কি করে ডিভিসন হবে, কিভাবে করতে হবে সেইটাই বলেছেন। এখানে যে ক্ষমতা দেওয়া হয়েছে, মেয়র এবং ডেপুটি মেয়র প্রিসাইডিং অফিসার হবেন। মেয়র এবং ডেপুটি মেয়র ছাড়া যিনি সভা পরিচালনা করবেন তিনি প্রিসাইডিং অফিসার নন।—

"mode of deciding matters under rule 13

রুল ১৩ বলছে

every matter which requires a decision by meeting shall be determined in the manner provided in section 91 and the questions put by the Presiding Officer under sub-rule 4 etc.

এই রুলস অফ বিসনেসে-এ কেমন করে জিনিসটা নিতে হবে, প্রসঙ্গক্রমে একটা জিনিস ওই দিনের তালিকাভুক্ত হলে ৯০ বিধান অনুসারে নোটিস দেবার প্রয়োজন হবে। এই সভার মধ্যে একটা বিষয়বস্তু হিসাবে অবিচ্ছেদ্যভাবে তার অঙ্গিভূত হয়ে যায়। রুল ৯১ স্পষ্ট বলেছে কিভাবে মেজরিটি ভোট হবে। যদি কোন মেম্বার ব্যালট চান, তাহলে সেটা ব্যালট হবে। এবং সেকসান ৯১ স্পষ্টভাবে বলেছে অল ম্যাটারস

required to be decided by the Corporation etc. etc.

আর কি হবে, ভোটিং শ্যাল

be resolved in the affirmative or negative etc. etc.

দুটো আইন আছে রুলসের মধ্যে, তাতে হাত তুলে হয় হাত তুলে হবে, আর যদি ব্যালট হয় ব্যালটে হবে। কাজেই মাননীয় সদস্য যে প্রশ্ন উত্থাপন করেছেন, তা আইনসঙ্গত মতে দাঁড়াবার মত যে বিরোধীতা সেকসান ৯০ এবং ৯১ উল্লেখ করা ঠিক হয় নি। এটাতে আইনসঙ্গত কোন বার আছে বলে মনে হয় না। সুতরাং এই যুক্তি গ্রহণ করা যেতে পারে না। আর একটা কথা নিখিলবাবু বলেছেন এই বিলটা কিভাবে আশা উচিত ছিল। সেকসান ৯২—মেন সেকসান ৯২এর সঙ্গে ৯১এ যোগ করে দিয়ে, সেটা রেলিভেন্স থাকে না। আমি প্রথমেই নিবেদন করেছি প্রিসাইডিং অফিসার কে হবে, কিভাবে মিটিং পরিচালনা করবে। প্রিসাইডিং অফিসার সেকসান ৯২তে কে হবে বলে দিয়েছে এবং ৯৭এ রুলস অফ বিজনেস কেমনভাবে সভা পরিচালনা করবেন, সে বিষয়ে রুলস করবার অধিকার করপোরেশনকে দেওয়া আছে। এই আইনে দেখা যাচ্ছে এই রকম অবস্থার সৃষ্টি হলে ব্যবস্থা অবলম্বন করা যেতে পারে, তার উল্লেখ নেই। এখন উল্লেখ যদি না থাকে তাহলে বিবিধ উপায়ে সংশোধন হতে পারে। এক হবে তার রুল মেকিং পাওয়ার ৯৭ অনুসারে করপোরেশনকে বলা হবে তোমরা এইভাবে রুল কর'। তাহলে একটা বিপদজনক অবস্থার সৃষ্টি হবে। কারণ তারাই মেজরিটি আছে, তাদের সুযোগমত এমন একটা আইন করবে, তাতে আরও অসুবিধা হবে। তাঁরা বলছেন পার্টির স্বার্থ রক্ষার জন্য এসব করছেন কারণ পার্টি মেজরিটি রয়েছে। যে আইনই তোমরা কর তাতে এত সমালোচনা থাকতো না। এখানে সেকসান ৯২-এই জন্য আসছে যে, প্রিসাইডিং অফিসার কে হবেন এবং প্রিসাইডিং অফিসার হলে তার যে অধিকার সেটা রুলে দেওয়া নেই। সেই অধিকার পেতে ৯২ ছাড়া একটা প্রসঙ্গতা টেনে হয়, একটা যুক্তিযুক্ত এই অবস্থায় ৯২ সেকসনে এবং সেকসান ৯৭ এই দুটোর মাধ্যমে দাঁড়িয়ে সেকসান ৯২ সঙ্গে প্রসঙ্গত এই ক্ষমতা দেওয়া ছাড়া আর অন্য কিছু হতে পারে না।

[5-20—5-30 p.m.]

কাজেই সেকসান ৯২(এ)তে নূতন একটা ধারা সংযোজিত করা হয়েছে, এবং সেটা করা প্রাসঙ্গিক হয়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, যে অধিকার ক্ষুণ্ণ করবার কথা বলা হয়েছে, তা আদৌ হয়নি। বর্তমানে, কালকাটা করপোরেশনের প্রিসাইডিং অফিসারের যে ক্ষমতা দেওয়া আছে, তা কি ক্ষমতা? তা হচ্ছে কেউ যদি কোন অসৎ ব্যবহার করে, বা অসভ্য আচরণ করে, বা গালিগালাজ করে, তাহলে তিনি তাকে উইথড্র করতে পারবেন ঘর থেকে তাকে চলে যাবার জন্য বলা হলে, তিনি যদি না চলে যান, তাহলে সারজেন্ট-এর দ্বারা অর্দ্ধচন্দ্র দিয়ে তাকে বিদায় করতে পারবেন। এই হল সারজেন্ট-এর কাজ। এটা করপোরেশনের সভায় কোন দিন হয়েছে কিনা, জানিনা। দুই দলে মুখোমুখি থেকে, হাতাহাতি হয়ে লঙ্কাকাণ্ড হয়ে যাচ্ছে, সেখানে সারজেন্ট-কে দিয়ে হিড় হিড় করে টেনে বের করে দেবার আদেশ দেওয়া হয়েছে। প্রিসাইডিং অফিসারের ক্ষমতা, তার বর্তমান মেটিরিয়াল এক্সিসটেন্স কি হয় বলা যায়না। কাজের ক্ষেত্রে, ঐ সুষ্ঠু পন্থা অবলম্বন করা হয়নি। তা না করে, অন্য আর একটা পন্থা অবলম্বন করা হয়েছে। তা আরও জনস্বার্থ বিরোধী। অর্থাৎ তিনি যখন দেখলেন গোলমাল ব্যাপক হয়ে উঠল হাতাহাতি হবার উপক্রম, সেখানে তিনি বেগতিক দেখে মনে মনে ঠিক করলেন যঃ পলায়তে, স্বঃ জীবতে—এই ভেবে, তিনি সভা পরিচালিত করছিলেন, তিনি সদস্যদের আচরণে ক্ষুব্ধ হয়ে, সভা ভঙ্গ করে

দিয়ে, সভা থেকে চলে যান। কিন্তু যে উদ্দেশ্যে সেখানে জনসাধারণের পক্ষ হতে জনস্বার্থে সভা আহ্বান করা হয়, তা না করে এইভাবে সভা এ্যাজর্ন করে দিয়ে যদি তিনি চলে যান তাহলে তার দ্বারা কি জনস্বার্থ রক্ষিত হয়? তা কখনই হতে পারে না। সেইজন্য এইসব জিনিষগুলি পুঙ্খানুপুঙ্খ রূপে বিবেচনা করে এই বিলটি আনা হয়েছে। এখানে দলগত স্বার্থের কথা বলা হয়েছে,—কাউন্সিলার ও অল্ডারম্যান-দের দলাদলির কথা বলা হয়েছে, অতুল্য ঘোষের কথা বলা হয়েছে, কংগ্রেস এ্যাসোসিয়েশন পার্টির কথা বলা হয়েছে, স্ট্যান্ডিং কমিটির কথা বলা হয়েছে। আবার অনেকে এ কথাও বলেছেন, যেমন ডাঃ নারায়ণ রায় বলেছেন যে বাইরের জনতার রায়ে যাঁরা এসেছেন, তাঁদের দুটো কথা বলবার অধিকার দেওয়া হয়েছে, তাঁরা সেই অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। যদি কোন সদস্য অন্য কোন সদস্যের প্রতি খারাপ আচরণ করে থাকেন এবং তার জন্য যদি তাকে ঘর থেকে জোর করে বের করে দেওয়া হয়, তাহলে এর বিরুদ্ধে আমরা জনতাকে সঙ্গে নিয়ে জোর করে ঘরের মধ্যে ঢুকিয়ে দেবো। সেইজন্যই এটা করা হচ্ছে। আর অন্যান্য সদস্যরা অন্যান্য যে সব পয়েন্ট তুলেছেন আমি মোটামুটি তার জবাব দিয়েছি। এখানে যে সার্কুলেশন মোশন আনা হয়েছে তার আমি বিরোধিতা করছি এবং আমার মূল প্রস্তাবটি গ্রহণ করবার জন্য সকলকে অনুরোধ জানিয়ে হাউসের সামনে রাখছি।

The motion that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1965, be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:—

Noes—70

Abdul Gafur, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Syamadas
Bhowmik, Shri Barendra Krishna
Bose, Dr. Maitreyee
Chakravarty, Shri Hrishikesh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chowdhury, Shri Birendra Nath
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal

Noes 70—*(contd.)*

Das, Shri Radhanath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Shri Khagendra Nath
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutt, Dr. Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Hansda, Shri Debnath
Jalan, Shri Iswar Das
Jana, Shri Mrityunjoy
Jana, Shri Prabir Chandra
Joynal Abedin, Shri
Karam Hosshin, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khan, Shri Satyanarayan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Surendra Nath
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Hayat Ali, Shri
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mookerjee, Shri Naresh Nath
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Raikut, Shri Bhupendra Deb
Roy, Shri Gonesh Prosad
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Narendra Nath
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tudu, Shrimati Tushar
Ziaul Haque, Shri Md.

Ayes—40

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Basunia, Shri Sunil
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharjee, Shri Nani
Bhattacharya, Dr. Kanai Lal
Bhattacharyya, Shri Mrigendra
Das, Shri Nikhil
Das, Shri Shambhu Gopal
Das, Shri Sudhir Chandra
Das Gupta, Shri Sunil
Das Mahapatra, Shri Balai Lal
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Guha, Shri Kamal Kanti
Halder, Shri Hrishikesh
Kuiry, Shri Daman
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahata, Shri Padak
Maitra, Shri Kashi Kanta
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Bhakti Bhushan
Mondal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Bijoy Kumar
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Singha, Dr. Radhakrishna

The Ayes being 40 and the Noes 70 the motion was lost.

The motion of Shri S. M. Fazlur Rahman that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clause 1

The question that clause I do stand part of the Bill was then put and agreed to.

[5-30—5-40 p.m.]

Clause 2

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 2, in proposed section 92A(1), in line 12, after the word "period" the words "not exceeding one month for the first time and for subsequent reoccurrence" be inserted.

এখানে নট এক্সিডিংস টু মান্থস-টা থাকছে। এখন এই প্রথমেই একটা বিরোধিতা আছে কারণ আমি একজন মিউনিসিপ্যালিটির নির্বাচিত সদস্যকে খালি ঐ দুই মাসের জন্য তাকে কাজকর্ম থেকে বাতিল করছেন সে কথাটা নয়। কারণ এই পৌর সদস্য অন্তত ৮।১০ হাজার যে ভোটদাতা তাদের প্রতিনিধি কাজেই যে পিরিয়ডটাতে আপনি তাকে সাসপেন্ড করছেন সেই পিরিয়ড-এ এই যে ৮।১০ হাজার যারা ভোটদাতা যারা ভোট দিয়ে নির্বাচন করেছিলেন তাদেরকেও আপনি সেন্সাস করছেন। কারণ তাদের অভাব অভিযোগ, করদাতা আছেন তার মধ্যে নানান ব্যবসায়ী আছেন তাদের স্বার্থ আছে এবং সাধারণ ভোটদাতাদের স্বার্থ আছে, এদের স্বার্থ নিয়ে পৌরসভার সেই অঞ্চলের কোন বক্তব্য তিনি দুই মাসের মধ্যে হাজির করতে পারছেন না। কাজেই শুধু একটা লোককে নয় এই ৮ থেকে ১০ হাজার লোকের যে গণতান্ত্রিক অধিকার সেই গণতান্ত্রিক অধিকারকে আপনি হরণ করছেন। সেজন্য এটা খুব পীড়নমূলক। যাই হউক আপনার এটা পাশ করাবেনই এখন অত্যন্ত পীড়নমূলক হচ্ছে দুই মাস সেজন্য আমি এ্যামেন্ডমেন্ট দিয়েছি যে এই রকম ঘটনা যদি হয় তাহলে ১ মাসের জন্য এবং সেই ১ মাস তাকে বারংবার কশান দিয়ে তাকে সতর্ক করে তার পরেতে এই ধরণের এ্যাকসন নেওয়া। তা সত্ত্বেও যদি এই ধরণের ঘটনা ঘটতে থাকে সেক্ষেত্রে ঐ ধরণের দুই মাস করতে পারেন। এই আমার সংশোধনীটা রাখছি।

Shri Nikhil Das:

মাননীয় সভাপাল মহাশয়, এই দুই নম্বর ক্লজটা যখন আমরা আলোচনা করছিলাম তখন এই ক্লজ-এর বিরুদ্ধে আমাদের বক্তব্যটা রাখবার চেষ্টা করছি। আবার ক্লজ ওয়ারী যখন আলোচনা হচ্ছে তখন আমি আবার আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়কে বলব যে তিনি আমাদের উত্তর দিতে গিয়ে বোঝালেন যে করপোরেশন একটা খেওখেয়ী করবার জায়গা হয়েছে। ওখানে কাউন্সিলার অল্ডারম্যান যারা আছেন তাঁরা রোজই হাতাহাতি করেন মারামারি করেন, ওখানে সুস্থ মস্তিষ্কে কোন আলোচনা হতে পারে না, আলোচনা করবার পরিবেশও সেখানে নেই, সুতরাং বৃহত্তর যে আলোচনা করবার পরিবেশ যে এ্যাসেম্বলী এখানে নিয়ে এলাম আমরা—এখানে শান্তভাবে চিন্তা করে আমরা আলোচনা করতে পারব। স্যার, আমি আপনার মাধ্যমে অত্যন্ত তীব্র প্রতিবাদ করছি আমাদের সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের এই কথা। একটা স্বায়ত্ত শাসনমূলক প্রতিষ্ঠান তারা এর জবাব দিতে এখানে পারছে না তাদের জবাব দেবার লোক এখানে নেই সেই প্রতিষ্ঠান সম্পর্কে তাদের সভ্যদের সম্পর্কে এ ধরণের সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় এই ধরণের উক্তি অত্যন্ত আপত্তিজনক। উনি ঐ দপ্তরের মন্ত্রী উনি যে দলে আছেন সে দল ওখানে সংখ্যাগরিষ্ঠ হিসাবে আছে সুতরাং যে গালাগালি উনি করলেন সে গালাগালিটা উনি যে দলে যারা আছেন সেই দলের যারা সভ্য তাদের উপরই সে গালাগালি করা হল। স্যার, যে যুক্তিগুলি উনি বললেন সেই যুক্তির তাৎপর্য আমরা বুঝতে পারলাম না। উনি বললেন যে প্রিসাইডিং অফিসার নিজে একটা মোশান আনবেন মোশানটা ভোটে পাশ হয়ে চলে যাবে। মোশানটা কি না এই কাউন্সিলারকে দুই মাসের জন্য সাসপেন্ড করা হউক। একটা কাউন্সিলার দুই মাসের মধ্যে তার সেই করণীয় কাজ থেকে সে বঞ্চিত হয়ে চলে গেল অথচ সেই ধরণের একটা এ্যাজেন্ডা সেখানে আলোচনা হচ্ছে সে এ্যাজেন্ডা-র কোন নোটীশ যেটা তিনদিন আগে যেটা রুল ৯০তে যেটা দেওয়া আছে সে অধিকার তারা পাচ্ছে না। ঐ একই মিটিং আমাদের

প্রিসাইডিং অফিসার মোশান আনলেন যে এই কাউন্সিলার-কে দুই মাসের জন্য তার যে অধিকার থেকে বঞ্চিত করা হউক। সেই মিটিং-এ যদি বাই মেজরিটি ভোটে পাশ হয়ে যায় তাহলেই সেই কাউন্সিলার বঞ্চিত হয়ে গেল। অথচ সমস্ত কাউন্সিলার যদি এই ধরণের একটা গুরুত্বপূর্ণ আলোচনা থাকে যে একটি কাউন্সিলার-কে দুই মাসের জন্য তাঁর সমস্ত অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে তাহলে সেই মিটিং-এ যে সমস্ত কাউন্সিলার-রা আসেননি তাঁরাও আসতেন—এসে এই গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে তাদের মত দিতে পারতেন। সুতরাং ঐ মিটিংই এই ধরণের একটা সিদ্ধান্ত করা সম্পর্কে যে যুক্তি আমরা দিয়েছিলাম সেই যুক্তির তিনি যে উত্তর দিলেন সেই উত্তরে সেই যুক্তি খণ্ডান যায় না। দুই নম্বর কথা আমরা বারবার জোর দিয়ে বলেছি যে করপোরেশন রুলস তৈরী করার অধিকার আছে সেকসান ৯৭ তাদেরই অধিকার রয়েছে—সেখানে বললেন যে তাদের যদি রুলস করতে দিই তাহলে তারা মারামারি করবে। তারা যে করদাতা রুলস করেছে মারামারি করে করেছে, সেই রুলসটা তৈরী করতে তারা পারেনি, না সেখানে আমরা অ্যাসেম্বলি থেকে সেই রুলগুলি করে দিয়েছিলাম। এবং সেই রুলগুলি করার পরে অ্যাপ্রুভাল-এর প্রশ্ন আছে স্টেট গভর্নমেন্ট-এর, সুতরাং এরা মারামারি করে খারাপ একটা কিছু করতে পারবে না। সেগুলি আমাদের কাছে আসারও সুবিধা আছে। যদি এমন কিছু জিনিষ হয় সেগুলি আমরা এখানে আলোচনার জন্য তুলতে পারি। সুতরাং একটা বডি তার মেম্বারকে সাসপেণ্ড হবে না হবে সেটা আমরা এ্যাসেম্বলি থেকে ঠিক করে দেব এটা কখনই ঠিক নয়। সেই বডি তার মিটিং কি ভাবে চালাবে, সেখানে কাউন্সিলার যারা কি ভাবে চলবে ও কাউন্সিলার-রা বক্তব্য কি ভাবে রাখবে সেটা সেই বডি ঠিক করবে। আমরা যদি সেই সম্পর্কে ঠিক করে দিই তাহলে সেই বডির যে অধিকার সেই অধিকারকে খর্ব করছি। এবং এই ধরণের কিছু করা উচিত নয়। এটা বারবার জোর দিয়ে আমরা বলছি। স্যার, আপনিও ছিলেন বহুদিন করপোরেশন-এ, সেখানে আপনি মেয়র হিসাবে ছিলেন এবং আপনি যখন সেখানে মেয়র হিসাবে ছিলেন সেই সময় এই ধরণের অবাঞ্ছিত ঘটনা ঘটে নি। বিজয়বাবুও ছিলেন তখন। এই ধরণের ঘটনা ঘটেনি। আজকে হচ্ছে কেন—হচ্ছে এই জন্য যে করপোরেশন-কে কংগ্রেস নিজেদের কুক্ষিগত করতে চাচ্ছে। স্ট্যান্ডিং কমিটিগুলি যেগুলি তিনটি অথরিটি-র মধ্যে একটি অথরিটি সেখানে বিরোধীপক্ষের লোকগুলিকে জায়গা ওরা দেবেন না। বিরোধীপক্ষের লোকেরা করবে কি? তারা কথাও বলতে পারবেন না চেঁচালেও তাদের বের করে দেবেন, তাদের দুই মাসের জন্য সাসপেন্ড করে দেবেন, স্ট্যান্ডিং কমিটিতে তাদের নেবেন না, তারা কোন কাজ করতে পারবেন না—তাহলে তারা যাবেন কেন—গিয়ে তারা কি করবেন? তাহলে ঠিক করেছেন যে করপোরেশন থাকারই দরকার নাই। এই ধরণের যদি অগণতান্ত্রিক ব্যবস্থা আপনারা করেন তাহলে তার প্রতিবাদ নিশ্চয়ই উঠবে। স্পীকার স্যার, আমি আপনার কাছে আরেকটি কথা বলতে চাই, তা হচ্ছে যেগুলি উদাহরণ আমাদের দিয়েছিলেন যে করপোরেশন-এর ব্যাপার, কংগ্রেস সংখ্যাগরিষ্ঠ আছে। তাদের সুবিধামত তারা রুলস করে নেবে, এটা বহুস্তর ক্ষেত্র, এখানে যদি আসে তাহলে আমরা চিন্তা ভাবনা করে করতে পারি। আরেকটি কথা আমি পাশাপাশি বলতে চাই করপোরেশন যদি নিজের বিসনেস কি ভাবে চলবে সেই রুল যদি তারা ঠিক করে নেয় কালকে করপোরেশন অন্য কেউ যদি মেজরিটি হয় তারা সেই রুলসকে পাল্টে দিতে পারে। এবং কি ভাবে বিসনেস চলবে—তারা সেটা ঠিক করে নিতে পারে এবং সেই হিসাবে এ্যাসেম্বলি-র উপরে সেই দায়িত্ব রাখার কোন অর্থ হয় না। কেন না এই আইনটা যদি আমরা এখানে করে দিই তাহলে করপোরেশনও কোন অধিকার থাকে। তাই আপনার কাছে যেকথা বারবার বলতে চাইছি এ্যাসেম্বলি-তে আমরা কি ভাবে আপনার যে ক্ষমতা রয়েছে এ্যাসেম্বলি-কে কণ্ট্রোল করবার আমাদের আচরণকে কণ্ট্রোল করবার, আমাদের বক্তৃতা কোথায় গেলে আনপার্লিয়ামেণ্টারী হয় আমাদের কণ্ট্রোল করবার আপনার যে অধিকার রয়েছে এবং যখন কাজ কারবার কি ভাবে চলবে—যে রুলস প্রসিডিওর যেটা এ্যাসেম্বলি-র মেম্বার-রা বসে কমিটি বসে ঠিক করে দিয়েছেন এবং সেখানে সর্বদলের মেম্বার থেকে একটা বিধিসম্মত ভাবে সেটা ঠিক করে নিয়েছিল কেন তাহলে আমরা এটা ভাবতে পারছি না যে করপোরেশন-এর সমস্ত দল যদি একসঙ্গে বসে তারা কেন রুলস অব প্রসিডিওর তারা করতে পারবে না। কেন আমরা বুঝতে পারছি না যে তারা যদি একসঙ্গে বসে তাহলে করপোরেশন কন্ডাক্ট অফ বিজনেস করতে পারবে না। এসের

জনসাধারণ ভোট দিয়ে পাঠিয়েছে যারা কণ্ডাক্ট অফ বিসনেস করতে পারবে না রুল তৈরী করতে পারবে না? আমরাও যেমন জনসাধারণের ভোটে ইলেকটেড হয়ে এসেছি তারাও তেমনি জনসাধারণের ভোটে ইলেকটেড হয়ে এসেছে। আমাদের মধ্যে বেশী গুণ আর তাদের মধ্যে গুণ নেই সেটা যদি কেউ মনে করেন তাহলে আমি বলব সেটা ভুল। সে কথাটা অত্যন্ত স্পষ্টভাবে আমরা বলতে চাই। স্পীকার স্যার, ৯২(এ) পরিবর্তন করে এই ক্লজ-টার মাধ্যমে আনা হচ্ছে, আমি এই ক্লজ-এর তীব্র বিরোধিতা করছি। এবং আমি মনে করছি এটা অত্যন্ত অগণতান্ত্রিক ক্লজ এবং এ্যাসেম্বলি অহেতুক হস্তক্ষেপ করপোরেশন-এর উপর না হওয়া উচিত। এই কথা বলে আমি এর বিরোধিতা করছি।

[5-40—5-44 p.m.]

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য অশ্বিনীবাবু যে কথা বলেছেন তাতে তিনি একটা ভুল ধারণার বশবর্তী হয়ে এ্যামেণ্ডমেণ্ট চেয়েছেন। ক্লজ ২তে বলা হচ্ছে প্রথমত ষ্টেপ নেবেন না, প্রথমেই দু মাসের শাস্তি দেবেন না, প্রথমে করবেন কি? না তিনি যদি কোন অসদাচরণ করে থাকেন বা কিছু অশালীন আচরণ করে থাকেন তাহলে প্রথমে তাঁকে ওয়ার্ণিং দেবেন। প্রথম ষ্টেপ হল ওয়ার্ণিং। ওয়ার্ণিং যদি না মানেন তাহলে মেয়র মিটিং-এ অব হিজ ওন মোশন মুভ করবেন যে তাঁকে দুমাসের শাস্তি দেওয়া হোক। মেয়রের দুমাস পর্যন্ত শাস্তি দেবার ক্ষমতা আছে এবং এই দুই মাসই হচ্ছে তাঁর শেষ ক্ষমতা। আপনি বলছেন যে ওয়ার্ণিং থাক, ওয়ার্ণিং প্রথম এক মাস দেওয়া হোক, তার পরে যদি মিটিং-এ কোন অসদাচরণ করেন তাহলে একটা বিশেষ মিটিং-এ সেই দিনের জন্য তাঁকে শাস্তি দেওয়া হবে। ওটা অপ্রাসঙ্গিক। কাজে কাজেই যেটা দেওয়া আছে দুমাস এই দুমাস-এর বেশী অধিকার তাঁকে দেওয়া হয়নি। এটা আবার রিভাইস করে নূতন করে কমাবার ক্ষমতাও দেওয়া আছে এবং সেখানে টারমিনেট করে দেওয়ারও ক্ষমতা আছে। আপনি ক্লজ ৩ যদি দেখেন তাহলে দেখবেন

"Notwithstanding anything to the contrary contained in sub-section (2), the Corporation may, at any subsequent meeting, by resolution terminate the remaining period of suspension of a Councillor or an Alderman."

তার মানে এক দিন করে তার পরের দিনই কাউন্সিলাররা মিলে শাস্তিটা টারমিনেট করে দিতে পারেন। নিখিলবাবু আর একটা কথা বলে গিয়েছেন, এটা যেন বিয়ে ফুরবার পর বাজনা বাজাতে বলছেন। তিনি বললেন এত বড় একটা কাণ্ড করছেন, কাণ্ড করে সেই মিটিং-এ রুলস অব বিজনেস-এর কোন এজেন্ডা বা কোন কিছু রাখছেন না। এখানে কথা হচ্ছে যে, যে মিটিং-এ তিনি অসদাচরণ করবেন সেই মিটিং-এ সেই সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। সেদিন হয়ে গেল আবার তারপর সবাইকে এরজন্য নোটিশ দেবেন তা হয় না। সেই জন্য এজেন্ডার কোন প্রশ্ন উঠেনা।

Shri Nikhil Das:

রুলস অব বিজনেস অনুসারে সেদিন ত তাঁকে বের করে দিতে পারে।

Shri S. M. Fazlur Rahman:

সেকসন ৯৭এ একটা কথা নিখিলবাবু বলে যাচ্ছেন যে রুলস অব বিজনেস এই ধারাটা দেওয়া হয়নি কেন? আপনি ক্যালকাটা করপোরেশনের যে সব রুলস করা আছে সেইগুলি দেখবেন হার্মলেস। মোটামুটি অর্ডিনারি ট্রানজাকশন অব বিজনেস সম্বন্ধে করা আছে কিন্তু যে ষ্টেপ প্রিসাইডিং অফিসারকে নেবার জন্য বলা হচ্ছে ইজ-এ ভেরি সিরিয়াস

nature, grave nature, penal nature.

কাজে কাজেই সেই অধিকারটা ঐ রুলস অব বিজনেসে দেওয়াটা যুক্তিসঙ্গত বলে মনে করি না। সেইজন্য পেনাল নেচারের ক্লজ যেখানে দেওয়া হচ্ছে সেখানে এই জিনিষটা নিয়ে আসা হয়েছে।

সেজন্য এই কয়েকটা কথা বলে এই ক্লজ টু সম্বন্ধে যে কথা বলে বিরোধিতা করা হয়েছে তার আমি বিরোধিতা করছি।

The motion of Shri Aswini Roy that in clause 2, in proposed section 92A(1) in line 12, after the word "period" the words "not exceeding one month for the first time and for subsequent re-occurrence" be inserted, was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 3, 4 and Preamble

The question that clauses 3, 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-44 p.m. till 1 p.m. on Tuesday the 9th November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Tuesday, the 9th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 4 Ministers of State and 164 Members.

Obituary Reference

[1—1-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, before we begin the day's work it is my melancholy duty to refer to the death of Shri Ramesh Chandra Acharyya at the age of 78 on the 6th November last. He was one of the most prominent revolutionaries of the famous 'Anushilan Samiti' who spent about 25 years in prison during the British period. A man of phenomenal energy and will power he dreamt of and worked all his life for a revolution but was singularly without bitterness of enemies. He took an active part in organising the Anti-Compromise Conference at Ramgarh in 1940 over which Netaji presided. A noted Persian scholar, fluent in Hindi and Urdu he had endeared himself to his closest associates. We pay our warmest tribute to the passing away of a great revolutionary.

I would now request you, members, to stand in your places for two minutes in silence.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Arrest of Pak spies

***77.** (Admitted question No. *269.)

শ্রীজনগমোহন দাশ: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর মে ও জুন মাসে এবং সেপ্টেম্বর মাসে কতজন ব্যক্তি পাকিস্তানী গুপ্তচর সন্দেহে ধৃত হইয়াছে;

(খ) তাহাদের মধ্যে কতজন কোন্ কোন্ জেলায় ধৃত হইয়াছে; এবং

(গ) উহাদের কতজনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক) ১০৭ জন।

(খ) জেলা — সংখ্যা

কলিকাতা	১ জন
২৪-পরগণা	৫৫ ,,
নদীয়া	৬ ,,
মুর্শিদাবাদ	৪ ,,
পুরুলিয়া	২ ,,
হুগলী	১৬ ,,
মেদিনীপুর	১ ,,
বর্ধমান	৪ ,,
হাওড়া	১ ,,
পশ্চিম দিনাজপুর	১ ,,
কুচবিহার	৩ ,,
দার্জিলিং	৭ ,,
জলপাইগুড়ি	৬ ,,

(গ) উহাদের সকলের বিরুদ্ধেই মামলা দায়ের করা হইয়াছে।

Shri Ananga Mohan Das:

এরা সকলেই কি জেলে আটক আছে—না কাউকে ছেড়ে দেওয়া হয়েছে?

Shri Ardhendu Sekhar Naskar:

গত সেপ্টেম্বর মাসে পাকিস্তানী গুপ্তচর সন্দেহে বিভিন্ন জেলা থেকে আমরা ১০৭ জনকে মোট ধরেছি—সেটাই বলেছি। এর মধ্যে উপযুক্ত সাক্ষ্য প্রমানের অভাবে তিনজনকে ছেড়ে দিয়েছি—বাকী ১০৪ জনের বিরুদ্ধে হয় তদন্ত না হয় মামলা দায়ের করা হয়েছে।

Shri Ananga Mohan Das:

আপনারা গুপ্তচর বলে যাদের ধরেছেন তারা বাদে আর গুপ্তচর আছে বলে মনে করেন কি?

Shri Ardhendu Sekhar Naskar:

থাকতে পারে অসম্ভব কিছু নয়।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে পাকিস্তানী গুপ্তচর—এরা কি সকলেই পাকিস্তানী ন্যাশন্যাল না এর মধ্যে ইণ্ডিয়ান ন্যাশন্যালও আছে?

Shri Ardhendu Sekhar Naskar:

গত সপ্তাহে হাউসে এই প্রশ্নটা উঠেছিল—আমি তার উত্তরে বলেছিলাম যে বেশীরভাগই পাক ন্যাশন্যাল। কিন্তু ভেরিফাই করে পরে জানলাম যে এর মধ্যে কিছু ইণ্ডিয়ান ন্যাশন্যালও আছে।

Dr. Kanai Lal Bhattacharya:

কত জন?

Shri Ardhendu Sekhar Naskar:

সংখ্যাটা আমার জানা নেই—তবে কিছু সংখ্যক হিন্দুও এর মধ্যে আছে।

Shri Kamal Kanti Guha:

কুচবিহারের যে তিন জনের কথা বলেছেন তাদের মধ্যে কোন সরকারী কর্মচারী আছে কি না?

Shri Ardhendu Sekhar Naskar:

না।

Shri Kamal Kanti Guha:

আপনি কি জানেন যে দিনহাটা ব্লক ওয়ানের গ্রামসেবক যাকে পাকিস্তানী গুপ্তচর হিসাবে ধরা হয়েছে—তিনি পাকিস্তানী ন্যাশন্যাল অথচ তিনি এখানে চাকুরী করছেন বহু দিন ধরে?

Shri Ardhendu Sekhar Naskar:

গত সেপ্টেম্বর মাসে আমরা ৬৭৫ জনকে রাষ্ট্রবিরোধী কাজের জন্য আমরা এ্যারেষ্ট করেছিলাম তাদের মধ্যে হয়তো থাকতে পারে—এটা পরে খবর নিয়ে বলবো।

Shri Kamal Kanti Guha:

পাকিস্তানী গুপ্তচর অথচ গ্রামসেবক হিসাবে তিনি কাজ করছিলেন এবং সেপ্টেম্বর মাসে তিনি এ্যারেষ্ট হয়েছিলেন তাকে কি পাকিস্তানী গুপ্তচর হিসাবে গণ্য করবেন?

Shri Ardhendu Sekhar Naskar:

সেটা আমি এখন বলতে পারবো না।

Shri Panchu Copal Bhaduri:

অক্টোবর মাসে কলকাতা থেকে মিঃ সারওয়ার্দি এবং জৈন ব্রাদার্স যাঁরা ধরা পড়েছিলেন—ওঁরা কি গুপ্তচরের মধ্যে ইনক্লুডেড?

Shri Ardhendu Sekhar Naskar:

আমার এখানে নামগুলি দেওয়া নেই সুতরাং এ প্রশ্নের জবাব এখনই দিতে পারবো না।

Shri Balai Lal Das Mahapatra:

মেদিনীপুর থেকে যাকে গ্রেপ্তার করা হয়েছে তাঁর নাম কি এবং তিনি পাকিস্তানী ন্যাশন্যাল কি না?

Shri Ardhendu Sekhar Naskar:

আমি তো শুধু সমস্ত জেলার সংখ্যাটা দিয়েছি—নাম আমার কাছে নেই।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রীমহাশয় কি জানাবেন যে মেদিনীপুরে একজন ছাড়া বহু জনকে যে এই যুদ্ধের সময় গ্রেপ্তার করা হয়েছিল, বহু মুসলমানকেও গ্রেপ্তার করা হয়েছিল—তারা কারা?

Shri Ardhendu Sekhar Naskar:

উত্তর যেটা আমি দিয়েছি—এটা সেপ্টেম্বর মাসের আগের—গত সেপ্টেম্বর মাসে ৬৭৪ জন যা হয়েছিল সেটা সমস্ত জেলা থেকে।

Shri Abani Kumar Basu:

মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এই যে ১০৭ জনকে ধরা হয়েছে গুপ্তচর হিসাবে এদের মধ্যে কোন সরকারী কর্মচারী আছে কিনা?

Mr. Speaker:

এর জবাব হয়ে গেছে।

Shri Sanat Kumar Raha:

মন্ত্রীমহাশয় কি জানাবেন যে মে মাস জুন মাস থেকে আরম্ভ করে পাকিস্তানী গুপ্তচর হিসাবে যাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে—অদ্যাবধি তাদের কাউকে সাজা দেওয়া হয়েছে কি না?

Shri Ardhendu Sekhar Naskar:

সেটা এখন আমার কাছে নেই।

Shri Birendra Narayan Ray:

আপনি যে জেলাওয়ারী হিসাব দিলেন পাকিস্তানী গুপ্তচর বলে, তার মধ্যে পাকিস্তানী ছত্রী সৈন্য ইনক্লুডেড, না এক্সক্লুডেড?

Shri Ardhendu Sekhar Naskar:

ছত্রী সৈন্য বলে আমার কাছে কোন খবর নেই।

Shri Sailendra Nath Adhikary:

আমি মাননীয় মন্ত্রীমহোদয়কে জিজ্ঞাসা করছি যে পাকিস্তানী গুপ্তচর, এই কথাটা ওয়াইড টার্ম, এখানে গুপ্তচর বলতে আপনি কিভাবে সেটা বোঝেন সরকারের তরফ থেকে—তাদের ফিফথ কলম এ্যাকটিভিটি হিসাবে—দুটো জিনিস আছে। গুপ্তচর পজেটিভলি একটা গভর্নমেন্ট থেকে এনগেজড পারসনস তারা গুপ্তচর হতে পারে অথবা সাম পার্সনস ইন দি ইন্টারেস্ট অফ এ কান্ট্রি। সেই কান্ট্রিতে বসে এই রকম ধরণের কাজ করতে পারে। এখন যাদের ধরেছেন তারা কোন ক্যাটাগরীর

Whether they were employed by Pakistan Government to do espionage work on subversive activities against the Indian Union, or they were simply Indian citizens who were doing the work for Pakistan.

এর মধ্যে কোনটা দয়া করে বলবেন কি?

Shri Ardhendu Sekhar Naskar:

আমরা কিছু সন্দেহ করে ধরেছি এবং কিছু কিছু ব্যক্তি সম্বন্ধে এখনও তদন্ত চলছে। সুতরাং এ বিষয়ে পরিষ্কার করে এখানে কিছু না বলাই ভাল।

Food production during Emergency

[1-10—1-20 p.m.]

***78.** (Admitted question No. *311.)

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

Shri Sanat Kumar Raha:

(ক) জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে এই রাজ্যে খাদ্য উৎপাদনের কোন বিশেষ ব্যবস্থা লওয়া হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, তাহা কিরূপে?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান জরুরী অবস্থায় রবিশষ্যের উৎপাদন বৃদ্ধি কল্পে রাজ্যসরকার একটি বিশেষ প্রকল্প গ্রহণ করিয়াছেন। এই প্রকল্পের কার্যক্রম অতিরিক্ত ৩,৫৫,০০০ একর জমিতে অতিরিক্ত ৪৩,৮০০ টন রবিশষ্য, শাক-সব্জী, আলু, গম, বোরো ধান-চাউল, তৈলবীজ, ভুট্টা উৎপন্ন করিবার নিমিত্ত পূর্ণোদ্যমে চেষ্টা করা হইতেছে। এই উদ্দেশ্যে ৪ লক্ষ টাকা মূল্যের বীজ, চারা ইত্যাদি বিতরণ করাও হইতেছে। ৩ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকারের অর্থ সাহায্য পাওয়া যাবে।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে রবিশস্য বৃদ্ধির যে পরিকল্পনা করা হয়েছে সেই সম্পর্কে রবিশস্যের উৎপাদন যাতে বাড়ে বা খাদ্য উৎপাদন যাতে বাড়ে সেই সম্পর্কে সরকার কোন পরিকল্পনা নিয়েছেন কি না?

Shri Smarajit Bandyopadhyay:

সামগ্রিকভাবে উৎপাদন বৃদ্ধি করার পরিকল্পনার কথা বলতে পারবো না নরমালি যেটা আছে সেটা করা হবে এবং রবিশস্যের মরশুমে ইমিডিয়েটলি বীজ ইত্যাদি সরবরাহ করা হচ্ছে।

Shri Sanat Kumar Raha:

বীজশস্য চাষ করার জন্য সেচের কোন প্রকল্প বা ব্যবস্থা করা হয়েছে কি না সেটা জানাবেন?

Shri Smarajit Bandyopadhyay:

সেচের ব্যবস্থা যা আছে তাতেই জল দেওয়া হচ্ছে। এবং রবিশস্যের উন্নতি করার চেষ্টা করা হচ্ছে।

Shri Sanat Kumar Raha:

এটা তাড়াতাড়ি করবার জন্য কি করছেন? গভীর নলকূপ দেবেন না ছোট ছোট টিউবওয়েল করবার ব্যবস্থা করছেন এরূপ কোন কংক্রিট ব্যবস্থা আছে কি না তার একটা পিকচার আমাদের সামনে রাখবেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

যেখানে গভীর নলকূপ খোঁড়া হয়েছে সেখানে এনারজিস করবার জন্য তাড়াতাড়ি ব্যবস্থা হচ্ছে এবং অন্যান্য জায়গায় নদী থেকে, বিল থেকে রিভার লিফ্ট ইরিগেসান-এর মাধ্যমে যেখানে

সম্ভব সেখানে ডিজেল ওয়েল পাম্প বসিয়ে এবং অন্যান্যভাবে শ্যালো টিউবওয়েল করে খাল থেকে জল আনার ব্যবস্থা করা হচ্ছে।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় [illegible] কি জানাবেন যে রবিশস্য বিশেষ করে গম চাষ করবার জন্য চাষীদের উন্নত ধরণের বীজ দেওয়া হয়েছে কিনা এবং সেটা ফ্রি দেওয়া হবে কি না?

Shri Smarajit Bandyopadhyay:

২৪ হাজার টনের মত এ্যাডিসন্যাল প্রোডাকসান-এর জন্য হুইট বীজ আমরা দিয়েছি এবং এটা উন্নত ধরনের বীজ।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে তিনি যে তথ্য দিলেন যে তিন লক্ষ না পাঁচ লক্ষ একর জমিকে রবিশস্যের আওতায় আনা হয়েছে এবং সেখানে উন্নত বীজ দেওয়া হচ্ছে, কিন্তু দিন পনেরোর মধ্যে বীজ বিলি না করা হয় এবং ডিপ টিউবওয়েল না করা হয় তা হলে খাদ্য ব্যবস্থা ব্যর্থ হয়ে যাবে?

Shri Smarajit Bandyopadhyay:

সময় মত বীজ সরবরাহ না গেলে উৎপাদন কম হবে তবে এটা সম্পূর্ণ ব্যর্থ হবে না।

Shrimati Ila Mitra:

যে সমস্ত ডিপ টিউবওয়েল খোঁড়া হয়েছে সেগুলিতে যাতে বৈদ্যুতিক ব্যবস্থা করা যায় তার চেষ্টা করা হচ্ছে কিনা এবং যে সমস্ত ডিপ টিউবওয়েল খোঁড়া হয়েছে তার কতকগুলিতে বৈদ্যুতিক সংযোগ করা হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

নোটিশ দিলে বলতে পারবো সারা পশ্চিমবাংলার কথা বলা সম্ভব নয়।

Shrimati Ila Mitra:

এটা না দিতে পারেন কিন্তু যে সেচ ব্যবস্থা করা হয়েছে সেটা কেন বলতে পারবেন না সেটা বুঝতে পারছি না!

Shri Smarajit Bandyopadhyay:

আমাদের ডিপ টিউবওয়েল প্রায় ১ হাজারের মতন বসান হয়েছে এবং বৈদ্যুতিক সংযোগের অভাব যেটা ছিল সম্প্রতি সেই অভাব মোচন করা হচ্ছে। আমরা তাড়াতাড়ি এটা করার চেষ্টা করছি।

Shrimati Ila Mitra:

আপনারা ১ হাজারের মতন ডিপ টিউবওয়েল বসিয়েছেন বলছেন সুতরাং কতকগুলিতে বৈদ্যুতিক সংযোগ করা হয়েছে সেটা বলতে পারবেন না কেন?

Shri Smarajit Bandyopadhyay:

আধা-আধির মতন হয়েছে।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে অবিলম্বে খাদ্য উৎপাদন করা দরকার বিশেষ করে ঐ রবিশষ্যের। স্বভাবতই এখানে প্রশ্ন এসে যায় যে কংক্রিট কি করা আজ সম্ভব হয়েছে অর্থাৎ জরুরী অবস্থায় উৎপাদন করার জন্য রবিশস্যের বীজ কবে নাগাদ পৌঁছবার সম্ভাবনা আছে এবং কবে নাগাদ ডিপ টিউবওয়েল করা হবে, কবে টিউবওয়েল এনারজিস করা হবে এই প্রশ্নগুলির জবাব চাই তার কারন হল সাম্প্রতিক জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে এইগুলি খুবই গুরুত্বপূর্ণ।

Shri Smarajit Bandyopadhyay:

কোন সময়ের মধ্যে বৈদ্যুতিক সংযোগ হবে বলতে পারবো না। তবে যথাশীঘ্র সম্ভব লক্ষ্যে পৌঁছে যাবার চেষ্টা করছি। মাননীয় সদস্যের অবগতির জন্য আমি একটি অংশ এখানে পড়ে শোনাচ্ছি

In the context of the present Emergency, Agriculture Department has launched a vigorous drive to increase the production of all Rabi crops during the current Rabi season. The target for bringing additional area under Rabi crops and the additional production expected therefrom are shown in the following table:

Name of the crop	Additional area	Additional production
(1) Vegetables	25,000 acres	1,50,000 Tons
(2) Potato	34,000 ,,	1,70,000 ,,
(3) Wheat	35,000 ,,	24,000 ,,
(4) Boro Paddy	50,000 ,,	50,000 ,,
(5) Pulses	1,10,000 ,,	22,000 ,,
(6) Oilseeds	1,00,000 ,,	20,000 ,,
(7) Hybrid Maize	1,000 ,,	2,000 ,,
	3,55,000 acres	4,38,000 Tons

A sum of rupees 5 lakhs have been allotted for distribution of vegetable seedlings and seeds to the rural and urban people in all the Stage I, Stage II, Post Stage II blocks and in all the municipal towns and in the city of Calcutta. Depending on the area possessed vegetable seedlings up to a maximum of 1,000 and seeds of Rs. 2 will be distributed free to an individual. Vegetable seedlings and seeds worth up to Rs. 50 will be distributed free to the schools, colleges, hospitals, clubs, samities, etc., having land and irrigation facilities.

The various kinds of seeds of crops like potato, wheat, boro paddy, pulses, hybrid maize which are being made available for distribution as well as other facilities provided are given in the booklet entitled "The Emergency Grow More Food Rabi Campaign 1965-66".

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রীমহাশয় মাননীয় সদস্য আনন্দবাবুর প্রশ্নের উত্তরে বললেন যে বীজ, সার ইত্যাদি সরবরাহ করা হচ্ছে। কিন্তু যদি বৈদ্যুতিক সংযোগ না করা হয় তাহলে এটা ত কমপ্লিট ফেলিওর হয়ে যাবে এবং প্রোডাকসান রিডিউস করবে। আমি জিজ্ঞাসা করছি যে রবিশস্য বাড়াবেন বলে যে বড় বড় পরিকল্পনার কথা বলছেন তা এই জিনিষটার জন্য বীজ, সার কি পরিমাণ সাপ্লাই করা হয়েছে ইন টাইম এই যে পরিকল্পনা গ্রহণ করেছেন তাতে আপনারা এরকম কিছু ভাবছেন কিনা যে এ না করলে এই পরিকল্পনা সার্থক হবে না?

Shri Smarajit Bandyopadhyay:

আমাদের প্রোডাকসান বাড়াতে হবে এই মনোভাব নিয়েই আমরা কাজ করে যাচ্ছি। মাননীয় সদস্য বললেন যে যদি বৈদ্যুতিক সংযোগ না হয় তাহলে কি হবে আমি তারই উত্তরে বলেছি যে তাহলে আশানুরূপ ফল হবে না।

Shri Kashi Kanta Maitra:

অতিতে যে অভিযোগ করা হয়েছে, তার উত্তরে বা তার প্রতিকারে আপনারা কি কোন গ্যারান্টী দিচ্ছেন?

Shri Smarajit Bandyopadhyay:

আমাদের যে পরিমাণ সিড্‌লিংস দেবার কথা ছিল আমরা সে ব্যবস্থা করছি, সেটা নিশ্চয়ই পৌঁছিবে তার চাহিদা বেশী বলে আমরা সব জায়গায় সময় মত দিতে পাচ্ছি না। সিড্‌লিংস পেলে হবে।

Shri Ananda Copal Mukhopadhyay:

বর্ধমান, মুর্শিদাবাদ এবং হুগলী জেলায় যে সমস্ত ডিপ টিউবওয়েল আছে ২ বৎসরের মধ্যে এর একটিকেও এনারজিস করা হয়নি এটা জানেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

মাননীয় সদস্যের অবগতির জন্য জানাতে পারি যে নদীয়া, মুর্শিদাবাদ এবং উত্তর ২৪-পরগণা এলাকাতে এনারজাইস ব্যবস্থা করা হচ্ছে এক্ষণে মেদিনীপুরে ডিপ টিউবওয়েল-এর হেড কোয়াটার্স ট্রান্সফার হয়ে গেছে।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এক কোটি ত্রিশ লক্ষ একর জায়গার মধ্যে মোট ত্রিশ লক্ষ সেচ এলাকার মধ্যে পড়ে আছে। এই যে এত সময় চলে গেল এর জন্য আপনারা কি ব্যবস্থা করেছেন, এদের সেচের কি ব্যবস্থা করেছেন। অধিক উৎপাদনের জন্য যেগুলি বিশেষ দরকার সেগুলি করা হয়নি এই ব্যাপারটি যাতে হতে পারে তার জন্য কি ব্যবস্থা করেছেন?

Shri Smarajit Bandoyadhyay:

এর জন্য রিভার লিফ্‌ট ইরিগেসন্‌ ও সেলো টিউবওয়েলের ব্যবস্থা করা হচ্ছে।

[1-20—1-30 p.m.]

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এই যে ভাল বীজ এবং গাছের চারা, রবীশস্য উৎপাদনের জন্য এবং ফসল বাড়ানোর কথা বলছেন, তা দেওয়ার কি বিলি ব্যবস্থা হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

আমি ত আগেই বলেছি ব্লকের মাধ্যমে সেগুলি দেওয়া, বা বিলি-ব্যবস্থা করা হয়ে থাকে। কলিকাতা সহরে এবং মফঃস্বলে, মিউনিসিপ্যাল এলাকায়ও এই প্রথায় দেওয়ার ব্যবস্থা করা হবে।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন, যে গাছের চারা, ভাল বীজ থেকে তৈরী করে, ব্লক থেকে দেওয়া উচিত, তা না করে বাজার থেকে চারা গাছ কিনে, দেওয়া হচ্ছে?

Shri Smarajit Bandyopadhyay:

ব্লকে যা আছে, তার থেকে চাহিদা মেটাতে না পারলে, বাজার থেকে কিনে দেওয়া হয়।

Shri Panchu Gopal Bhaduri:

বর্তমানে খাদ্যশস্য উৎপাদন জরুরী প্রয়োজন বিবেচনা করে, আমি এই প্রশ্ন করছি। মাননীয় মন্ত্রীমহাশয় কি অবগত আছেন, গভর্নমেন্টের বন্টন করা সারের খুব বড় একটা অংশ চোরা-বাজারে চলে যায়, সে সম্বন্ধে কোন রিপোর্ট পেয়েছেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

এরকম সংবাদ আমার কাছে নেই। তবে, অনেক আগে এইসব অভিযোগ আসতো বটে, কিন্তু বর্তমানে রেলে করে সার নিয়ে যাবার জন্য সকলকেই পারমিসান দেওয়া হয় না। কাজেই চোরাবাজারে যাওয়ার কোন অবসর নেই।

Dr. Radhakrishna Singha:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে নদীর ধারে পাম্পিং সেট বসিয়ে, রবী ফসলের চাষ বাড়াবেন। আপনি কি জানেন, বীরভূমে, অজয় এবং মৌরাক্ষীর পাড়ে অনেক জমি পড়ে আছে রবীশস্যের এবং সেচের অভাবে চাষ হচ্ছে না? সেখানে কোন পাম্পিং সেট-এর ব্যবস্থা করা হয়েছে কি না?

Shri Smarajit Bandyopadhyay:

বীরভূমের যে সব জায়গায় নদী পরিকল্পনার ব্যবস্থা আছে, সেখানে আমরা গভীর নলকূপ বা ডিপ টিউবওয়েল ইরিগেসনের জন্য বসাই না। তবে, নদী পরিকল্পনার বাইরে হলে, অন্য কোন জলের ব্যবস্থা না থাকলে, সেখানে বসাই। বীরভূম জেলায় সেরকম কোন ব্যবস্থা না থাকলে, সেখানে পাম্পিং সেট বসানর ব্যবস্থা হবে।

Shri Jiban Krishna Dey:

আমরা খবরের কাগজে দেখেছি যে বিধানসভা ভবনে ঐ রকম রবীশস্যের জন্য চাষের ব্যবস্থা করা হচ্ছে। আপনার জমির মধ্যে কি, এই বিধানসভার জমিটা গণ্য করা হয়েছে? এই যে সবজি উৎপাদন হবে, সেটা কি ইনক্লুডিং বিধানসভা?

(নো রিপ্লাই)

Collections for the National Defence Fund

***79.** (Admitted question No. *440.)

Shri Sudhir Chandra Das:

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জাতীয় প্রতিরক্ষা তহবিলের জন্য যে অর্থ সংগৃহীত হইতেছে, তাহা কেবল সরকারী চেকের মারফত কিনা; এবং

(খ) ঐ তহবিলের জন্য বিভিন্ন ব্যক্তি বা বিভিন্ন প্রতিষ্ঠান যে অর্থ সংগ্রহ করিয়া পাঠাইতেছেন, তাহার প্রাপ্তিস্বীকার রসিদ দেওয়ার ব্যবস্থা হইয়াছে কিনা?

Shri Ardhendu Sekhar Naskar:

(ক). মাননীয় সদস্য মহাশয় সরকারী চেক্ বলিতে কি বলিতে চাহিতেছেন বুঝা যাইতেছে না। জাতীয় প্রতিরক্ষা তহবিলে নগদ, চেক্ এবং ব্যাঙ্ক ড্রাফ্ট্ মারফৎ অর্থ সংগৃহীত হইতেছে।

(খ) হ্যাঁ।

Shri Sudhir Chandra Das:

জাতীয় প্রতিরক্ষা তহবিলের নামে যে সরকারী রসিদ দেওয়া হচ্ছে, পশ্চিমবঙ্গ সরকারের নামে কি কোন চেক্ ছাপান হয়েছে?

Shri Ardhendu Sekhar Naskar:

না। সরকারের নামে কোন চেক্ ছাপান হয়নি।

Shri Sudhir Chandra Das:

জাতীয় প্রতিরক্ষা তহবিলের নামে যে সব চেক্ ছাপান হচ্ছে, তার কর্তা কে?

Shri Ardhendu Sekhar Naskar:

আপনার প্রশ্ন পরিস্কার বুঝলাম না। পশ্চিমবঙ্গ সরকার কোন চেক্ ছাপান নাই। চেক বলতে, আপনি কি বলতে চাচ্ছেন, আমি সেটা বুঝতে পারছি না।

Shri Sudhir Chandra Das:

চেক্ মানে, যে রসিদ দেওয়া হয়।

Shri Ardhendu Sekhar Naskar:

আচ্ছা আমি বলছি। মাননীয়া রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রী মহাশয় যে, যে অংশ বা লোকের কাছ থেকে, প্রতিরক্ষা তহবিলের জন্য অর্থ সংগ্রহ করেন, ঐ টাকা, দাতাদের নামের তালিকা সহ ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া-তে জমা দেওয়া হয়, এবং ষ্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া রসিদ দেন।

Shri Sailendra Nath Adhikary:

রাজ্যপাল এবং মুখ্যমন্ত্রী যে অর্থ সংগ্রহ করেন, সেই টাকা দাতাদের নামের লিষ্ট সহ ব্যাঙ্কে জমা দেওয়া হয় এবং নিশ্চয়ই সেটা এন, ডি, এফ এ্যাক্ট অনুসারে হয়, আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি ইণ্ডিয়া এইড্ কমিটির প্রেসিডেন্ট মাননীয় অতুল্য ঘোষ মহাশয় যে টাকা আদায় করেন, তার হিসেব তিনি কাকে দেন?

Shri Ardhendu Sekhar Naskar:

১১-১২-৬২ সালে ৫৪৫৯ পি, এল, গেজেটে বেরোয় ইন্ডিপা এইড্ কমিটি কেন, যাদের অথোরাইজ করা হয়েছে, তাদের মধ্যে আরো অনেক ব্যক্তি ও অনেকগুলি প্রতিষ্ঠান আছে।

Shri Sailendra Nath Adhikary:

কোন্ কোন্ প্রতিষ্ঠান আছে?

Shri Ardhendu Sekhar Naskar:

আমি গেজেটের নম্বর বলে দিয়েছি, তাতে আছে

West Bengal Citizens Committee, India Aid Committee, Commissioners of Divisions এবং District Magistrates.

Shri Sailendra Nath Adhikary:

এরা অথোরাইজড হয়েছেন, কি অতুল্য [illegible] হয়েছেন, না, ইণ্ডিয়া এইড কমিটি হয়েছে?

Shri Ardhendu Sekhar Naskar:

ইণ্ডিয়া এইড কমিটি হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

এই অথোরাইজড এজেন্ট ষ্টেট গভর্নমেন্ট করবেন কী ভাবে তা বলবেন? ষ্টেট্ গভর্নমেন্ট অতুল্যবাবুকে অথোরাইজড করেছেন যেনেশুনে; তিনি পলিটিক্যাল পার্টি ম্যান. কংগ্রেসের লোক, সেই ভদ্রলোকের অনুগত সংস্থাকে প্রতিরক্ষার ব্যাপারে এজেন্ট করলেন; ষ্টেট গভর্নমেন্ট-এর তরফ থেকে কি ভাবে করলেন? কী কী ফর কনডিসান স্যাটিসফাই করবার পর সরকার করলেন? আর অনুরূপ পলিটিক্যাল পার্টির লোককে কেন করলেন না? সেটা জানতে চাই।

Shri Ardhendu Sekhar Naskar:

১৯৬২ সালের গেজেটে যে নির্দেশ দেওয়া হয়েছে সেকসান ৩-তে যে

Collections for the fund than collections made by an authorised bank shall be made over or remitted to the Secretary to the Chief Minister of West Bengal, Secretary of the West Bengal Citizens Committee or to any authorised Bank.

Shri Birendra Narayan Ray:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানেন ১৯৬২ সালের অক্টোবর মাসে বা নভেম্বর মাসে অনেকে অর্থ ও অলংকার দিয়েছিলেন, আজ পর্যন্ত অধিকাংশ লোকই তার রসিদ পান নাই?

Shri Ardhendu Sekhar Naskar:

এরূপ সংবাদ জানালে ব্যবস্থা করবো।

Shri Birendra Narayan Ray:

মুর্শিদাবাদে এই রকম অন্ততঃ একশো-দেড়শো লোক আছেন, তাঁরা রসিদ পান নাই।

Shri Ardhendu Sekhar Naskar:

আপনি সেগুলো আমাকে দেবেন ব্যবস্থা করবো।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রীমহাশয় এই যে বললেন প্রাপ্তিস্বীকারের জন্য ব্যক্তিগত বা প্রতিষ্ঠানগতভাবে রসিদের ব্যবস্থা করা হয়েছে, তিনি কি জানেন বর্তমানে কাঁথীতে কোন কোন কংগ্রেস কর্মী বিনা-রসিদে এই অর্থ সংগ্রহ করেছেন?

Shri Ardhendu Sekhar Naskar:

এ সম্পর্কে আপনি স্পেসিফিক কেস আমাকে জানাবেন আমি তার ব্যবস্থা করবো।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি জানেন এই রকম একটি পার্টীর আণ্ডারে অথোরাইজড এজেন্ট করবার দরুণ, তাদের অন্যান্য জায়গায় বিশেষতঃ মুর্শিদাবাদ জেলায় রানীনগর থানায় এই ইণ্ডিয়া এইড কমিটীর নামে কতকগুলি কংগ্রেসের লোক—যাদের সম্বন্ধে ওখানকার পাব্লিকের অনেক সন্দেহ আছে, তারা চাঁদা তোলার সময় আমাদের পার্টীর কোন একজন সদস্য যখন বলেন

—আপনারা রসিদ না দিয়ে কেন চাঁদা তুলছেন, তখন তাকে ডি, আই, রুল-এ এ্যারেস্ট করা হয়? এইরকমভাবে যে কাজ করলেন অর্থাৎ কংগ্রেস দলের নেতাকে এজেন্ট করলেন, তার ফলে অন্যান্য দলের রাইটস্ এবং প্রিভিলেজ ক্ষুন্ন করলেন, এর দ্বারা প্রতিরক্ষা ব্যাপারে সত্যি কারের সুরাহা হবে কিনা এ সম্বন্ধে আপনি ক্লিয়ার করুন?

Shri Ardhendu Shekhar Naskar:

এইরকম যদি কেউ কোথাও করে থাকেন কিছু, আমাকে জানালে নিশ্চয়ই আমি তার প্রতিবিধান করবো।

[1-30—1-40 p.m.]

Shri Deb Saran Ghosh:

কোন কারাখানা থেকে যদি এককালীন টাকা দেয় তাহলে শ্রমিকদের ইণ্ডিভিজুয়াল ওয়ার্কারদের কোন রসিদ দেবার ব্যবস্থা আছে কি না?

Shri Ardhendu Shekhar Naskar:

যদি আলাদাভাবে চান নিশ্চয়ই দেওয়া হবে। বেশীর ভাগ ক্ষেত্রে এক সঙ্গে তারা দিয়ে যান। এক সঙ্গে যে টোটাল হয় তার উপর আমরা রসিদ দিই।

Shri Deb Saran Ghosh:

ইণ্ডিভিজুয়াল ভাবে কেউ চাইলে রসিদ দেন?

Shri Ardhendu Shekhar Naskar:

কেউ চাইলে নিশ্চয় দেব।

Shri Birendra Kumar Maitra:

শ্রীঅতুল্য ঘোষ মহাশয়কে কি ব্যক্তিগতভাবে অথোরাইজড করা হয়েছে না ইণ্ডিয়া ডিফেন্স এইড কমিটিকে করা হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

আমরা ইণ্ডিয়া এইড কমিটিকে করেছি।

Shri Sudhir Chandra Das:

১৯৬২ সালে চীনা আক্রমণের পর কাঁথি মহকুমায় ৮টি কি ৯টি সভাতে ত্রাণমন্ত্রী যত টাকা এবং গহনা সংগ্রহ করেছিলেন, আভা মাইতী ত্রাণমন্ত্রী তার একটিও রসিদ দেন নাই। এবং এই সভাতেই আমি সেই কথা বলেছি, আপনারা তার উত্তর দিয়েছেন যে সম্ভবপর নয় তার লিষ্ট দেওয়া—একথা সত্য কি না?

Shri Ardhendu Shekhar Naskar:

ত্রাণমন্ত্রী কেন যে কোন মন্ত্রী তিনি যেখানেই সভা করুন যা কালেকসান করেছেন তার প্রত্যেকটি তারা রসিদ দিয়েছেন।

Shri Sailendra Nath Adhikary:

কোনখানে রসিদ দেওয়া হয়নি একথা আপনারাই স্বীকার করেছেন—আপনারা এর আগে এই হাউসেই আপনারা বলেছেন যে দেওয়া সম্ভবপর নয়। আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে ন্যাশন্যাল ডিফেন্স ফাণ্ড, এই এ্যাক্ট অনুসারে রসিদ দেওয়া একটা আইনের ধারা আছে, আপনাদের রুলস্ সেই হিসাবে দেওয়া হয়নি কেন বলবেন কি?

(নো রিপ্লাই)

Shrimati Biva Mitra:

মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি যে তিনি এই যে টাকা কালেকসান হয় তার রসিদ দেওয়া হয় কি না?

Shri Ardhendu Shekhar Naskar:

আমি তো বলেছি যে রসিদ দেওয়া হয়।

Shrimati Biva Mitra:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে এই যে টাকা কালেকসান হয় ইণ্ডিয়া ডিফেন্স এইড্ কমিটির এবং সিটিজেন্স কমিটি সে সবের রসিদগুলো ষ্টেট ব্যাঙ্ক দেয় কি না?

Shri Ardhendu Shekhar Naskar:

হ্যাঁ ষ্টেট ব্যাঙ্ক দিয়ে থাকে।

Shri Somnath Lahiri:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে মনে করুন যে কোন ট্রেড ইউনিয়ন কালেকসানটা করল, যদি কোন ট্রেড ইউনিয়ন কালেকসান করে—তারপরে সেই টাকা আপনাদের কাছে জমা দিলে আপনারা টোটাল টাকার উপরে আপনারা একটা রসিদ দিলেন কিন্তু প্রশ্নটা হচ্ছে এই যখন এই ধরণে ইউনিয়ন কালেকসানটা করবে সেই সময় তারা তাদের তরফ থেকে কোন রসিদ দিতে পারে কি, বেসরকারী ভাবে হউক আর যেভাবে হউক, না দিলে কি করে হিসাবটা থাকবে?

Shri Ardhendu Shekhar Naskar:

সরকার থেকে সে রকম কোন নির্দেশ দেওয়া হয় নাই, তবে এটা আমার ব্যক্তিগত অভিমত যিনি কালেকসান করবেন ইউনিয়ন-এর মালিক তার উচিত একটা হিসাব রেখে দেওয়া। তবে আমরা পেলে সঙ্গে সঙ্গে ষ্টেট ব্যাঙ্ক-এ পাঠিয়ে দিই।

Shri Bejoy Singh Nahar:

স্যার, আমি এই সম্বন্ধে একটু জানিয়ে দিতে পারি। লেবার ইউনিয়ন-এর সম্বন্ধে সোমনাথ-বাবু প্রশ্ন করলেন তার উত্তরে আমি বলতে পারি যে আমি বহু জায়গায় যাই প্রত্যেকটি জায়গায় আমি দেখেছি তারা নিজেদের একদিনের যে রোজগারটা যে দেন তারা ইণ্ডিভিজুয়াল কালেকসান করেন না তারা মালিকপক্ষকে বলে দেন, এবং মালিকপক্ষই চেক কেটে দেন এবং ইউনিয়ন-এর নামে জমা দেন। ইউনিয়ন-এর পক্ষে থেকে ইণ্ডিভিজুয়াল আলাদা কালেকসান হয় না।

Shri Anadi Das:

গত ৩০এ সেপ্টেম্বর হাওড়া থেকে মুখ্যমন্ত্রী মহাশয় প্রায় কয়েক লক্ষ টাকা তুলে নিয়ে এলেন তার কোন রসিদ আজ পর্যন্ত দেওয়া হয়নি এটা আপনি জানেন কি না?

Shri Ardhendu Shekhar Naskar:

রিজার্ভ ব্যাঙ্ক-এর লোকেরা সেটা নিয়েছেন, রসিদ পেয়েছেন কিম্বা পাবেন।

Smuggling of rice in Nadia border

*80. (Admitted question No. *495.) **Shri Kashi Kanta Maitra:** Will the Chief Minister be pleased to state—

(a) whether the attention of the Chief Minister has been drawn to a news item which appeared in the "Ananda Bazar Patrika", dated October 12, 1965, in which it was reported that the Chief Minister personally witnessed smuggling of rice in Nadia in the presence of police and condemned the district officials viz., the District Magistrate and the Superintendent of Police, for their failure to stop this smuggling of rice; and

(b) If the answer to (a) is in the affirmative, will the Chief Minister be pleased to state what steps, if any, have been taken in the matter?

Shri Kashi Kanta Maitra:

মিস্টার স্পীকার স্যার, এটা মুখ্যমন্ত্রী নিজে এখানে থেকে জবাব দিলেই ভাল হত কারণ এটা তো সবই হিয়ারসে হয়ে যাবে। তার কারণ এটা একটা প্রপ্রাইটির দিকও আছে কেন না আমরা মুখ্যমন্ত্রীকে পেতে চাই এবং তার সামনে এর উত্তর পেতে চাই। স্যার, স্মরজিৎবাবুকে আমরা এমবেরাসিং পজিসান-এ ফেলতে চাই না।

Mr. Speaker: Mr. Maitra, Mr. Naskar can very well give the answer, there cannot be any such thing that a particular Minister will have to answer a particular question.

Shri Kashi Kanta Maitra:

কিন্তু স্যার একটা কথা বলছি যে উনি যদি বলেন যে আমি জানি না তাহলে কিন্তু আমরা ছাড়বো না।

Mr. Speaker:

জানেন না যেটা সেটাও বলতে হবে, 'জানি'!

Shri Sailendra Nath Adhikary:

স্যার, এখানে প্রশ্নটা ছিল যে চিফ মিনিস্টার উইটনেস করেছিল কি না সে সম্বন্ধে।

Mr. Speaker:

উনিও সেটারই উত্তর দেবেন—চিফ মিনিস্টার দেখেছিলেন কি না, অন্য প্রশ্নের জবাব দেবেন না।

Shri Ardhendu Shekar Naskar: (a) Yes.

(b) I have personally reprimanded the Officers concerned and have given them necessary instructions in the matter. Check Posts have since been set up at various points on the borders of the two districts and these smuggling operations have now ceased.

[1-40—1-50 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রীমহাশয় (এ) প্রশ্নের উত্তরে বললেন যে, ইয়েস্, এই যে সংবাদপত্রে বেরিয়েছে ১২ই অক্টোবর তারিখে আনন্দবাজার পত্রিকায়, তারা মুখ্যমন্ত্রীর বক্তৃতা রিপোর্ট করে বলছেন—মুখ্যমন্ত্রী বলছেন নদীয়া জেলায় কোন শাসন ব্যবস্থা নেই এবং নদীয়া জেলায় যাঁরা সরকারী অফিসার ম্যাজিস্ট্রেট, পুলিশ কর্তৃপক্ষ তাঁরা পাকিস্তানে চাল পাচারে সাহায্য করছেন, তাঁরা পাকিস্তানের চর। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি পাকিস্তানের চর এই অভিযোগ যদি সত্য হয়ে থাকে সেই কাগজের রিপোর্ট তাহলে (বি)-র উত্তরে আপনি বলছেন

Police have been reprinmanded by the Chief Minister.

আমি জিজ্ঞাসা করছি পাকিস্তানের চাল পাচার যদি সত্য হয় তাহলে পুলিশ অফিসারকে রেপ্রিমেণ্ট করাটাই কি প্রপার পানিসমেণ্ট, ওনলি পানিসমেণ্ট, না ডিসমিসাল? এটার উত্তর আপনি দিন।

Shri Ardhendu Shekhar Naskar:

মাননীয় সদস্যদের অবগতির জন্য আমি বলতে পারি বিগত খাদ্য বিতর্কের সময় মুখ্যমন্ত্রী পরিষ্কার বলেছিলেন এই হাউসে যে খবরের কাগজে তাঁর যে বিবৃতি বেরিয়েছে সে সংবাদ ঠিক নয়। তিনি স্পষ্টভাবে বলেছেন এই চালের কিছু অংশ পাকিস্তানে পাচার হতে পারে। এটা তিনি অনুমান করেছিলেন। এটা নিছক সন্দেহ ছাড়া আর কিছুই নয়। ইন্টার ডিস্ট্রিক্ট কর্ডন ব্যবস্থা বলবৎ থাকা সত্ত্বেও এত যে চাল পাচার হচ্ছে সেজন্য তিনি সমস্ত অফিসারকে সতর্ক করে দিয়েছিলেন।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় রাষ্ট্রমন্ত্রী অবগত আছেন কিনা জানিনা, তার পরের দিন ১২ তারিখ রাত্রি বেলায় অল ইণ্ডিয়া রেডিওর স্থানীয় সংবাদে, লোক্যাল এ্যানাউন্সমেন্টে দেবাংশু বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রীর বক্তৃতা যেভাবে আনন্দবাজারে বেরিয়েছে হুবহু সেইভাবে বলেছেন যে ডি, এম-কে এ, ডি, এম, করা হবে, এস, ডি, ও-কে বি, ডি, ও করা হবে। আমি জিজ্ঞাসা করছি তাহলে কি দুটোই মিথ্যা?

Shri Ardhendu Shekhar Naskar:

মিথ্যা কি সত্য সে প্রশ্ন এখানে আসছে না। উনি গত ফুড ডিবেটে এই হাউসে পরিষ্কার বলেছেন যে তিনি সন্দেহ প্রকাশ করছেন এত চাল এক ডিস্ট্রিক্ট থেকে অন্যত্র চলে যাবার জন্য।

Shri Kashi Kanta Maitra:

তাহলে কাগজের রিপোর্ট এবং রেডিও ব্রডকাস্ট যেটা করা হয়েছে সেগুলি সব মিথ্যা?

Shri Ardhendu Shekhar Naskar:

সেটা ভুলও হতে পারে।

Shri Kashi Kanta Maitra:

আমি জিজ্ঞাসা করছি আপনারা (বি)-র উত্তরে বলেছেন পুলিশ অফিসার অব two districts concerned have been reprimanded. What is the nature of reprimand? What action has been taken against them? What was the exact nature of allegation against the officers so that this question had arisen.

Shri Ardhendu Shekhar Naskar:

সেটা আমরা কিভাবে কি করেছি তার নির্দেশ দিয়েছি, সেটা গোপন রাখাই ভাল।

Shri Kashi Kanta Maitra:

সে কথা হচ্ছে না, প্রশ্নের গুরুত্ব আপনি বুঝতে পারছেন না। আপনি (এ) প্রশ্নের উত্তরে বলেছেন, ইয়েস—স্মাগলিং অব রাইস

in Nadia in the presence of police and condemned the district officials. এর উত্তরে বলেছেন—ইয়েস.....

Shri Ardhendu Shekhar Naskar:

যেটা কর্ডন ভাওলেন্স হয়েছে তারজন্য তিনি অফিসারদের ডেকে এই নির্দেশ দিয়েছেন।

Shri Kashi Kanta Maitra:

আপনি পার্ট (এ)-টা একবার পড়ুন এবং তার উত্তরটা একবার পড়ুন।

Shri Ardhendu Shekhar Naskar:

(এ) ইয়েস।

Shri Kashi Kanta Maitra:

তাহলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে রাখছি কোয়েশ্চেন অব প্রিভিলেজ

Whether attention of the Chief Minister has been drawn to a news item in which it was reported that the Chief Minister personally witnessed smuggling of rice in Nadia in the presence of police and condemned the district officials viz., the District Magistrate and the Superintendent of Police, for their failure to stop this smuggling of rice.

তাহলে মুখ্যমন্ত্রী নিজে দাঁড়িয়ে স্বচোক্ষে দেখেছেন যে জেলা কর্তৃপক্ষ ডি. এম এবং এস, পি, এঁরা নদীয়া জেলা থেকে দীঘা এবং অন্যান্য জায়গায় চাল পাচারে সাহায্য করেছে। তাহলে আলিগেশান অব স্মাগলিং যদি হয়ে থাকে এবং তার উত্তরে যদি হাঁ বলে স্বীকার করেন এবং চীফ মিনিষ্টার তারপর বলেছেন এটা সত্য নয় তাহলে

These two are contradictory statements. One cancells the other. Either of the two must be correct.

তাহলে কোন ভার্সানটা কারেক্ট? আপনার ভার্সান কারেক্ট, না, চীফ মিনিষ্টার এখানে যেটা বলেছেন—সেটা কারেক্ট?

Shri Ardhendu Shekhar Naskar:

সেটা আপনি অনুমান করে নিন। এ্যাটেনসান যেটা ড্র করা হয়েছে সেটা সম্বন্ধে বলেছি/ইয়েস।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, [illegible] যে প্রশ্ন করেছেন তাতে মনে হয় যে বোধহয় তিনি নিজে প্রশ্ন করেননি, অন্য কেউ লিখে দিয়েছেন এবং তিনি এখানে এসে তার উপর ক্রস এক্সামিনেশন করছেন। তিনি প্রশ্ন করেছেন,

Whether attention has been drawn or not. In reply to that the Hon'ble Minister says "Yes," that means that attention has been drawn.

Shri Bhakti Bhusan Mondal:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি, চিফ মিনিষ্টার এই যে স্মাগলিং-এর জন্য ওয়ার্ণ করেছেন, সেই স্মাগলিং-এর বেসিসে কোন কেস হয়েছে কিনা এবং কেস হয়ে থাকলে কাউকে এ্যারেষ্ট করা হয়েছে কি না?

Shri Ardhendu Shekhar Naskar:

নোটিশ দিলে বলতে পারি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায় বললেন যে আমার প্রশ্নটা অন্য কেউ বোধ হয় লিখে দেয়, ওঁরা সব এখন কাউন্টার এজে বাস করছেন তাই প্রশ্নটার পার্ট (এ)-টার এ্যানসার দেখেছেন কিন্তু তার পরের এ্যানসারটা দেখেননি, দেখলে আমার সঙ্গে এক মত হবেন। আমি বলেছি পার্ট (এ)-তে যে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষিত হয়েছে কি না এবং তার উত্তরে বলেছেন, হ্যাঁ। তখন কোশ্চেন নং ২-তে স্বভাবতঃ প্রশ্ন আসে যে কোন এ্যাকশন নেওয়া হয়েছে কি না। তার উত্তরে বলছেন যে আমি নিজে অফিসার কন্সার্নদের রেপ্রিমেন্ড করেছি। আমি জিজ্ঞাসা করছি হোয়েদার ইট ইজ কারেক্ট অর নট? যদি কারেক্ট হয় তাহলে রেপ্রিমেন্ট যে করেছেন, কি কি অভিযোগ করেছেন এবং কাকে কাকে করেছেন?

[1-50—2 p.m.]

Shri Ardhendu Shekhar Naskar:

ডিস্ট্রিক্টের ভারপ্রাপ্ত অফিসার যেমন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং সুপারিন্টেডেন্ট অব পুলিশ তাদের করেছেন। ডিস্ট্রিক্টে যে স্মাগলিং হচ্ছিল সেটা কড়াকড়ি করেনি বলে এবং তারা যে কর্ডন ব্রেক করেছে সেই উদ্দেশ্যে রেপ্রিমেন্ট করেছেন।

Procurement of rice and distribution of rice and wheat

***81.** (Admitted question No. *544.) **Shri Hare Krishna Konar:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) how much rice and paddy the State Government has procured from levy and seizure in this year;

(b) how much rice wheat the State Government has received from the Centre this year;

(c) how much rice and wheat or wheat-products have been distributed in statutory rationing areas during this year; and

(d) how much rice and wheat or wheat-products have been sent to each of the districts in the period from 1st May, 1965 to 30th September, 1965, for distribution through modified rationing shops?

Shri Smarajit Bandyopadhyay:

		Rice. (in M.T.)	Paddy. (in M.T.)
(a)	Levy	275740.8	13720.4
	Seizure	686.4	30679.9
(b)	Rice	265190	M.T.
	Wheat	606916	M.T.
(c)	Rice	341100	M.T.
	Wheat or wheat products ...	317600	M.T.

(d) In this respect a statement is enclosed.

Statement referred to in reply to clause (d) of starred question No. 81.

Despatch of Rice and Wheat to different districts from 1.5.65 to 30.9.65 (Figures in M.T.)

	May		June		July		August		September	
	Rice	Wheat	Rice	Wheat	Rice	Wheat	Rice	Wheat	Rice	Wheat
1. Darjeeling	1,931	5,332	..	1,993	..	2,285	1,299	3,719	..	1,999
2. Jalpaiguri	1,075	1,815	..	1,232	..	1,681	..	1,477	Nil.	649
3. Cooch Behar	874	1,815	..	1,188	..	1,904	874	1,546	..	358
4. West Dinajpur	492	829	..	314	..	1,009	..	492	..	448
5. Malda	246	1,998	..	336	1,501	1,613	1,210	3,352	..	1,702
6. Purulia	717	605	..	314	..	560	..	426	..	478
7. Murshidabad	..	1,299	..	896	1,322	1,636	2,152	2,535	..	1,330
8. Nadia	1,949	1,793	1,630	1,501	2,316	2,352	4,486	4,010	3,216	1,792
9. 24-Parganas	5,497	3,529	1,763	2,730	2,355	2,940	7,001	5,242	4,217	3,179
10. Howrah	2,562	1,580	..	1,652	3,268	1,806	3,384	2,935	2,806	1,938
11. Bankura	493	695	..	314	..	875	..	694	..	112
12. Hooghly	321	605	509	493	1,104	1,703	1,008	1,925	..	614
13. Burdwan	1,031	3,024	..	1,503	3,026	2,889	1,120	1,494	80	314
14. Birbhum	498	314	..	202	..	650	..	403	..	470
15. Midnapore	286	1,097	..	740	..	1,300	..	1,815	..	828

N. C. MUKHERJEE,
29-10-65.

Shri Cour Chandra Kundu:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে আপনি যে বললেন মিল মালিকদের কাছ থেকে ২ লক্ষ টন সিজ বা লেভি করে পেয়েছি। আপনাদের প্রস্তাব ছিল ৪ লক্ষ টন মিল মালিকদের কাছ থেকে সংগ্রহ করা হবে—সেটা কেন করা হয় নি জানাবেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

সংগ্রহের কাজ চলছে এবং আশা করা যাচ্ছে নভেম্বর, ডিসেম্বরে আরও কিছু পাওয়া যাবে।

Shri Cour Chandra Kundu:

মন্ত্রী মহাশয় কি জানাবেন—আপনারা বলেছিলেন ৫০ পারসেন্ট লেভি করা হবে—মিল মালিকদের টোট্যাল প্রডাকসন কত এবং কত পারসেন্ট লেভি করা হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

আমাদের টারগেট ছিল সাড়ে তিন থেকে চার লক্ষ টন—আমরা পেয়েছি সাড়ে তিন লক্ষ টন—বাকীটা আশা করা যাচ্ছে নবেম্বর ডিসেম্বরে পাওয়া যাবে।

Shri Cour Chandra Kundu:

আমি জিজ্ঞাসা করেছি টোট্যাল প্রডাকসন কত হয়েছে এবং আপনারা তার কত পারসেন্ট সংগ্রহ করেছেন আর কত পারসেন্ট করেন নি এটা জানাবেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

সেটা আমি অফ হ্যান্ড বলতে পারবো না নোটিশ চাই।

Shri Cour Chandra Kundu:

৫০ পারসেন্ট কালেকসন হবার কথা ছিল—উনি বলুন কত পারসেন্ট কালেক্ট করলেন এবং কত পারসেন্ট করলেন না।

Shri Smarajit Bandyopadhyay:

টোট্যল প্রডাকসন কত হয়েছে আপনি তো চান নি—চাইলে বলে দেবো।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রীমহাশয় কি জানাবেন যে বাংলা দেশের যে প্রায় ৭০০ চাল কল আছে তার প্রডাকসন ক্ষমতা কত?

Shri Smarajit Bandyopadhyay:

প্রডাকসনের কথা আমি অফ হ্যান্ড বলতে পারবো না নোটিশ দিতে হবে।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি কি জানেন যে ৭।৮ লক্ষ টন তাদের প্রডাকসন ক্ষমতা।

Shri Smarajit Bandyopadhyay:

হতে পারে—কিন্তু আমাদের সাড়ে তিন থেকে চার লক্ষ টন সংগ্রহ করার কথা আশা করা যাচ্ছে নভেম্বর-ডিসেম্বরের মধ্যে আমরা টারগেটে পৌঁছাতে পারবো।

Taking of measurements of an Indian dam by Pak officials

***82.** (Admitted question No. *557.)

[illegible] রায় প্রধান: স্বরাষ্ট্র (সাধারণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৩০এ মে ১৯৬৫ তারিখে কোচবিহার জেলার মেখলিগঞ্জ থানার তিনবিঘায় কয়েকজন পাক কর্মচারী প্রবেশ করিয়া ভারতীয় এলাকায় নির্মীয়মাণ বাঁধের মাপযোগ লইয়া গিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, পাক কর্মচারিগণকে নির্মীয়মাণ বাঁধ মাপিবার অনুমতি কে প্রদান করিয়াছিল?

Shri Ardhendu Shekhar Naskar:

(ক) হ্যাঁ।

(খ) পাক কর্মচারীগণ ভারতীয় এলাকায় অবৈধভাবে প্রবেশ করিয়া বে-আইনী কাযে লিপ্ত হইয়াছিল সুতরাং অনুমতি প্রদানের প্রশ্ন ওঠে না।

Shri Amarendra Nath Roy Prodhan:

মন্ত্রী মহাশয় বললেন পাক-কর্মচারীগণ অবৈধভাবে প্রবেশ করে বেআইনী কাজে লিপ্ত হয়েছিল। মন্ত্রী মহাশয় কি জানেন যে তিন বিঘা বাঁধের ১০ গজের মধ্যে আমাদের পুলিশ ফাঁড়ি আছে—আর বাঁধের উপর সেদিন এক ঘন্টা পরে মাননীয় গভর্ণর শ্রীমতী পদ্মজা নাইডু গিয়েছিলেন—যখন সেই এলাকায় এতো প্রহরী রয়েছে তা সত্বেও কিভাবে পাকিস্তানী কর্মচারী এইভাবে মাপযোগ করে নিয়ে যায় সেটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

Shri Ardhendu Shekhar Naskar:

এটা খুব দুঃখের বিষয় যে আমাদের ওখানে বর্ডার আউট পোষ্টে যেসব রক্ষী ছিল তারা অবৈধ প্রবেশে বাধা দেয় নি—সেইজন্য আমরা সংশ্লিষ্ট পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করেছি।

Shri Amarendra Nath Roy Prodhan:

[illegible] জানেন কি যে পুলিশ যে বাধা দেয় নি এর পিছনে বর্ডার ডি, আই, জি, শ্রীরণজিৎ গুপ্ত রয়েছেন—তিনি নিজের বাহাদুরী নেবার জন্য যে অর্ডার দিয়েছেন সেই অর্ডারে রয়েছে যে তাঁর অনুমতি ছাড়া যেন পুলিশ ফায়ারিং না করে।

Shri Ardhendu Shekhar Naskar:

এ সম্বন্ধে আমার জানা নেই।

Civil defence arrangements

***83.** (Admitted question No. *581.) **Shri Monoranjan Roy:** Will the Minister-in-charge of the Home (Civil Defence) Department be pleased to state—

(a) what arrangements were made in the month of September, 1965, for the protection of civilians against possible air raids by Pakisthan;

(b) how many air raid signals have been installed within Calcutta and industrial areas of West Bengal;

(c) whether all the sirens were in working order during the air raid attempts by Pak planes in September, 1965; and

(d) the number of officers and staff of the Civil Defence Department and the names of the officers with their designations?

Shri Ardhendu Shekhar Naskar:

(a) Active measures for protection against possible air raids are the responsibility of the Armed Forces of the Government of India. The State Government provides Civil Defence measures. The State Government set up Civil Defence organisation in vulnerable towns and vital installations in the State. Arrangements were made under the scheme to warn the public of possible air raids in order to enable them to take shelter. Other measures instituted include steps for educating the public regarding Civil Defence measures and setting up Services for reporting air raids and damage caused by them, giving medical relief to those injured, putting out fires, rescuing people trapped under debris and giving relief to those who might be rendered homeless. A Civil Defence Service was set up in each Civil Defence town mainly with honorary unpaid volunteers. Control Centres, Sub-Control Centres, Warden Posts, Static First Aid Posts and Depots were set up and manned round the clock during the acute phase of the emergency. Other connected arrangements were also kept ready.

(b) The number was 164 on 30.9.65. It was 214 on 31.10.65.

(c) 164 sirens were in working order on 30.9.65. Of these, 137 were in Calcutta and industrial areas.

(d) On 31.10.65 there were 5 officers in the Home (Civil Defence) Department. Their names and designations are as under:—

(i) Shri K. Sen, ICS, is the Director of Civil Defence, West Bengal, and Ex-officio Secretary to the Government of West Bengal in the Home Department. He holds this post without any additional remuneration in addition to this substantive pay as Chairman, Calcutta Improvement Trust.

(ii) Shri D. M. Gupta, IAS (Retd.). Additional Director of Civil Defence.

(iii) Shri A. K. Banerjee, IAS, Officers on Special Duty, who holds this post without any additional remuneration in additional to his substantive pay as the State Editor, District Gazetters, West Bengal.

(iv) Shri S. M. Ghosh, Assistant Director of Civil Defence and Assistant Secretary to the Government of West Bengal (Ex-officio).

(v) Shri S. N. Sur, Section Officer.

On that date the number of staff other than Gazetted Officers in the department was 40.

Dr. Pratap Chandra Chunder:

মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে এয়ার রেডের সময় কলকাতায় অনেক জায়গা থেকে সাইরেনের কোন আওয়াজ শুনা যায় নি?

Shri Ardhendu Shekhar Naskar:

এই প্রশ্ন আগে এই হাউসে একবার উত্থাপিত হয়েছিল, আমরা ত্রুটি স্বীকার করেছি। প্রথমে এ্যারেঞ্জমেন্টটা খারাপ ছিল কিন্তু তারপরে আমরা ওটাকে হাতে পেয়ে সংশোধন করেছি।

Dr. Pratap Chandra Chunder:

এই সমস্ত সাইরেনের শক্তিগুলি পরীক্ষা করে দেখা দরকার। শুধু সাইরেন শুনা নয়—তার আওয়াজ কত জোর হয় সে বিষয়ে কি নজর দেওয়া হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

এটা আমরা গভর্নমেন্ট অব ইণ্ডিয়ার কাছে অনেক দিন থেকে লিখেছিলাম। এগুলি যে সময় দেওয়া উচিত ছিল—সেই সময় পাওয়া যায় নি—কাজেই পরীক্ষা করবার সুযোগ পাই নি। একবার পরীক্ষা করতে গিয়ে কি রকম অঘটন ঘটেছিল সেটা সকলেই জানেন—সেইজন্য এই পরীক্ষা করাটা আমরা যুক্তিসংগত বলে মনে করি নি।

Shri Nikhil Das:

সাইরেনগুলি কেন বসানো হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

যখন এয়ার রেড হবে তখন যেভাবে এগুলিকে ব্যবহার করা উচিত সেইভাবে ব্যবহার করার জন্য।

Shri Nikhil Das:

এর শব্দ যদি না শুনা যায় তাহলে এই সাইরেন বসানোর যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য ব্যর্থ হয়ে যায় না কি?

Shri Ardhendu Sekhar Naskar:

এবার নিশ্চয়ই শুনা যাবে। এগুলি পরীক্ষা করে বসানো হয়েছে।

Shri Monoranjan Roy:

আমি একটা কথা জিজ্ঞাসা করছি যে ১৯৬২-৬৩ সালে কি সিভিল ডিফেন্স অর্গানাইজেসন আপনারা করেছিলেন এবং সেই সময় কিছু কিছু অফিসারকে এ্যাপয়েন্ট করেছিলেন—তা যদি করে থাকেন তাহলে তাদের বাতিল করে দিয়ে নূতন অফিসার নিয়ে যারা একেবারে বুড়ো হয়ে গেছে তাদের দিয়ে সিভিল ডিফেন্স করার কি উদ্দেশ্য? ২নং প্রশ্ন হচ্ছে—আপনারা জানেন যে গত মহা যুদ্ধের সময় ফ্যাকট্রিগুলিতে যে সাইরেন আছে সেগুলি ব্যবহার করা হোত। এবার কি কারণ ফ্যাকট্রির সাইরেনগুলি ব্যবহার করবার জন্য ব্যবস্থা করলেন না—তাহলে অনেক অঘটন থেকে আমরা বাঁচতাম—এই দুটি প্রশ্নের জবাব দিন।

[2—2-10 p.m.]

Shri Ardhendu Sekhar Naskar:

প্রথম প্রশ্নের জবাব আমি দিয়েছি অফিসার হলেন শ্রী কে, সেন, ১৯৬২ সাল থেকে তিনি এই পদে আছেন পরে কিছু রদবদল হয়েছে। বর্তমানে তিনি কার্যক্ষম আছেন। আর দ্বিতীয় প্রশ্নের জবাবে আমি এই কথা জানাতে চাই যে ফ্যাকট্রি-এর কথা বলেছেন পরীক্ষা করে সেটা দেখা গেছে আমি ব্যক্তিগত ভাবেই দেখেছি যে ফ্যাকট্রির সাইরেনগুলি একটানা বেজে যায় অল ক্লিয়ার-এর মত। এই অসুবিধার জন্য এটা গ্রহণ করা হয়নি তবে যে সমস্ত ফ্যাকট্রি এয়ার-রেড-এর সময় যেমন ভাবে বাজান উচিত সেইভাবে বাজিয়েছে—সমস্ত ফ্যাকট্রির সাইরেন আমরা ব্যবহার করছি। বেশীর ভাগ দেখা গেছে যে ফ্যাকট্রির সাইরেনগুলো একটানা বেজে যায় এবং সেইজন্য সেগুলো গ্রহণ করা হয়নি।

Shri Bijoy Kumar Banerjee:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে এর আগে আপনারা সাইরেন সময় মত বসান নি বলে অভিযোগ পেয়েছেন কিন্তু বসাবার পর লোকে যে শুনতে পাবে এর প্রমান কি আছে?

Shri Ardhendu Sekhar Naskar:

সাইরেন ভালভাবে বসান হয়েছে।

Shri Monoranjan Ray:

এই যে সাইরেন-এর ব্যবস্থা হয়েছে। ১৯৬২-৬৩-তে ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫-তে আজ এই তিন বৎসর পরেও দেখা গেল যে সাইরেনগুলি ফেইল করছে। তা হলে এটা কি হবে?

Shri Ardhendu Sekhar Naskar:

সাইরেনগুলি এখন ভাল ব্যবস্থা করে বসান হয়েছে এবং এর সংখ্যা প্রায় ১৩৭টা।

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

যে সিভিল ডিফেন্স-এ এ্যারেনজমেণ্ট হয়েছে তার মধ্যে কটা ফাষ্ট-এইড পোষ্ট-এর ব্যবস্থা করা হয়েছে এই সেপ্টেম্বর মাস অবধি সেটা বলবেন কি?

Shri Ardhendu Sekhar Naskar:

এই প্রশ্নটা হল অফিসারদের মধ্যে আপনি যদি ডিটেইল্স জানতে চান তা হলে আপনি আমার প্রশ্ন করবেন আমি বলবো।

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

এতে আছে যে ফর দি প্রোডাকসান অফ দি সিভিলিয়ান এর মধ্যে ফাস্ট-এইড্ পোস্ট আছে এবং পসিবিলিটি এটা এয়ার-রেড্স-এর সঙ্গে জড়িত। এর একটা বিরাট স্টেটমেন্ট আছে সেটা দেখলেই সমস্তটা বোঝা যাবে।

Mr. Speaker:

মাননীয় সদস্য স্টেটমেন্টটা দেখে নেবেন।

Dr. Pratap Chandra Chunder:

এর আগে সিভিল ডিফেন্স-এর সঙ্গে একটা প্রাথমিক নাগরিক সমিতি নিযুক্ত করা হয়েছিল, এখন সেই সমিতি কার্যকরী আছে কিনা যাতে সিভিল ডিফেন্স ডিপার্টমেন্ট-এর কার্যক্রম ঠিকমত হচ্ছে কি না নাগরিকরা সেটা দেখতে পারে।

Shri Ardhendu Sekhar Naskar:

অনেক সমিতি এই কার্যের সহযোগীতা করবার জন্য এগিয়ে এসেছেন।

Dr. Pratap Chandra Chunder:

একটা এ্যাডভাইসরি কমিটি করা হয়েছিল সেটার কি হল বলতে পারবেন?

Shri Ardhendu Sekhar Naskar:

সেটা করা হয়েছিল ইনফরমেসান-এর জন্য পাবলিসিটি ডিপার্টমেন্ট থেকে। সিভিল ডিফেন্স থেকে করা হয় নি।

Mr. Speaker: Honourable Members will please note that all the questions to which answers have not yet been received this day are being held over until the next rotational day. At the same time, I will request the Hon'ble Ministers to see that answers are sent in due time. There are some answers which have not been received by this office.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Cordoning of rice between Burdwan and Nadia districts

***84.** (Admitted question No. *594.) **Shri Cour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) whether there is any cordoning between the districts of Burdwan and Nadia in respect of movement of rice; and

(b) if so, what measures Government have taken to supply rice to the people of Nadia which is a deficit district?

The Minister for Food & Supplies:

(a) Yes.

(b) Modified Rationing has been widely extended throughout the district of Nadia to enable the people to get rice, wheat and wheat products at scheduled rates. Arrangements have also been made to supply levy free rice on trade account to this district from some of the surplus districts.

Supply of food articles in the modified rationing areas

***85.** (Admitted question No. *614.)

শ্রীনিখিল দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই কথা কি সত্য যে, আংশিক রেশন এলাকায় যে পরিমাণ খাদ্যবস্তু রেশনে সরবরাহ করার কথা, সেই পরিমাণ খাদ্যবস্তু বিভিন্ন আংশিক রেশন এলাকায় দেওয়া হইতেছে না;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি;

(গ) এই কথা কি সত্য যে আংশিক রেশন এলাকায় রেশনের পরিমাণ কমাইবার পর সেই এলাকায় বাজারে চালের দাম অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাইয়াছে;

(ঘ) যদি (ক) ও (গ)-এর উত্তর হ্যাঁ হয়, তবে সেই সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Food & Supplies:

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) রেশনের পরিমাণ কমাইবার দরুণই চালের দর বৃদ্ধি পাইয়াছে ইহা বলা চলে না। কারণ ২০-৯-৬৫ তারিখ হইতে রেশনের পরিমাণ কমাইবার পর ২২-৯-৬৫ তারিখে ও ২৯-৯-৬৫ তারিখে যে দুইটি সপ্তাহ শেষ হইয়াছে সেই সপ্তাহ দুইটিতেই চালের দর ২০-৯-৬৫

তারিখের পূর্ববর্তী দর অপেক্ষা কিছুটা কম ছিল। অবশ্য অক্টোবর মাস হইতে চালের দর পুনরায় বৃদ্ধি পায় তবে ঐ দর বৃদ্ধিকে ২০-৯-৬৫ তারিখের রেশন বরাদ্দ কমাইবার দরুণ বৃদ্ধি পাইয়াছে বলা সংগত হইবে না।

(ঘ) মূল্য বৃদ্ধি রোধ করিবার জন্য পশ্চিমবঙ্গের বিস্তীর্ণ এলাকায় সংশোধিত রেশন ব্যবস্থা সম্প্রসারণ করা হইয়াছে। উপরন্তু উদ্বৃত্ত জেলাগুলি হইতে ঘাটতি জেলাগুলিতে লেভী মুক্ত চাউল প্রেরণের ব্যবস্থাও করা হইতেছে। এক শ্রেণী চোরাকারবারী ও মুনাফাখোর যাহারা মূল্য বৃদ্ধির জন্য প্রধানতঃ দায়ী তাহাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থাও অবলম্বিত হইতেছে।

Husking mills

*86. (Admitted question No. *628.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the number of husking mills in this State, both licensed and unlicensed;

(b) what is the total production of rice made by the said husking mills from December, 1964 up to September, 1965; and

(c) whether there is any difference in the condition of license between the husking mills which crush wheat and paddy?

The Minister for Food & Supplies:

(a) Licensed Husking Mills (as on 30.6.65)—6109. Unlicensed Husking Mills (up to date)—1796.

(b) The quantity of rice produced by licensed Husking Mills during the period i.e. 353489 Metric Tonnes. The figure for products of rice by unlicensed Husking Mills is not known to Government.

(c) Wheat is crushed in Flour Mills and Chakkies. The Flour Mills are licensed by the Government of India and the licensed for flour mills are different from those for Husking Mills for husking rice. No. license is necessary for crushing wheat in the Chakkies.

Dantan dighi in Dubrajpur police-station

*88. (Admitted question No. *714.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় দুবরাজপুর থানায় দাঁতন দীঘি হইতে সেচের জন্য জল সরবরাহ করিবার নিমিত্ত উক্ত দীঘি খননের কার্য কখন আরম্ভ হইবে; এবং

(খ) উক্ত দাঁতন দীঘি প্রকল্পটিতে বর্তমান স্কীম অনুযায়ী কত জমি সেচন হইবে?

The Minister for Agriculture:

প্রকল্পটি এখন সরকারের বিবেচনাধীন আছে।

Price of essential commodities and foodgrains

***89.** (Admitted question No. *784.) **Shri Apurba Lal Majumdar:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state—

(a) if it is a fact that since Pakistan launched massive attack on India the prices of foodgrains and other essential commodities have increased considerably; and

(b) if so, what special steps have been taken to bring down the price-level?

The Minister for Food & Supplies:

(a) In fact the rice prices declined during the month of September, 1965 the State average minimum price coming down from Rs. 1.07 per Kg. on 1.9.65 to Rs. 1.03 per Kg. on 29.9.65. The price rose during the month of October up to Rs. 1.17 per Kg. on 27.10.65. Supply of Mustard Oil was scarce during September 1965 but was available in October 1965 at a higher price after the revision of the controlled rates. As regards other essential commodities no significant change has been observed since Pakistan launched attack on India.

(b) To combat the rising trend in the prices of rice the following measures have been adopted:—

1. Districts have all be covered under extensive M. R. operations.
2. Arrangements have been made to more levy free rice to deficit districts from surplus districts.
3. District Cordoning has been rigorously enforced to prevent smuggling.
4. Dehoarding drives have been launched to unearth hoarded stocks from producers.

Allegations of corruption against the State Government employees

***91.** (Admitted question No. *844.)

শ্রীমনোরঞ্জন বক্সী: স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার সরকারী কর্মীদের মধ্যে উৎকোচ গ্রহণ ও অন্যান্য দুর্নীতি সম্পর্কে গত ১৯৬৪ সালের জানুয়ারী হইতে এ পর্যন্ত কোন্ বিভাগের কতগুলি অভিযোগ সরকারের হস্তগত হয়; এবং

(খ) সরকার কর্তৃক এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Home (General Administration):

(ক) 'ক' চিহ্নিত তালিকায় বর্ণিত হইল।

(খ) 'খ' চিহ্নিত তালিকায় বর্ণিত হইল।

List referred to in reply to clause (kha) of Starred question No. 91

তালিকা 'ক'

বিভাগ	১৯৬৪ সাল	১৯৬৫ সাল
১। স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগ	৫৯	৩৯
২। স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগ	৪৬	২৯
৩। স্বরাষ্ট্র (কারা) বিভাগ	৬	৭
৪। শিক্ষা বিভাগ	২৫	১৫
৫। স্বাস্থ্য বিভাগ	৩১	৩৩
৬। কৃষি বিভাগ	২৭	১৮
৭। পূর্ত বিভাগ	২২	১২
৮। শরণার্থি পুনর্বাসন বিভাগ	১৮	১৬
৯। সেচন ও জলপথ বিভাগ	৫	৫
১০। অন্তঃ শুল্ক বিভাগ	৬	৬
১১। বাণিজ্য, শিল্প ও সমবায় বিভাগ	২২	১৯
১২। খাদ্য ও সংভরণ বিভাগ	৩৭	২৬
১৩। বিচার বিভাগ	১৫	১৭
১৪। বন বিভাগ	৭	৯
১৫। ভূমি ও ভূমি রাজস্ব বিভাগ	৮	৩
১৬। পশু চিকিৎসা বিভাগ	৭	৫
১৭। রাজ্য বিদ্যুৎ পর্ষৎ	২	১
১৮। কর নিয়ামকের অফিস	৩	—
১৯। মুদ্রণ ও নিদর্শ অধ্যক্ষের অফিস	১	২
২০। ওজন ও পরিমাপ নিয়ামকের অফিস	১	—
মোট— ..	৩৪৮	২৬২

তালিকা 'খ'

সাল	বিভাগীয় ব্যবস্থা অবলম্বনের জন্য বিবেচিত কেসের সংখ্যা	আদালতে বিচারের জন্য প্রেরিত কেসের সংখ্যা	আদালতের বিচারে শাস্তি হইয়াছে এরূপ কেসের সংখ্যা	বিভাগীয় তদন্তের ফলে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বিত হইয়াছে এরূপ কেসের সংখ্যা	বিভাগীয় তদন্তে অপরাধী বলিয়া গণ্য হয় নাই এরূপ কেসের সংখ্যা	বিবেচনাধীন কেসের সংখ্যা
১৯৬৪	৭২	৩	৩	২৭	৭	৩৮
১৯৬৫	৩৩	১	১	২৩	৩	৭

Classification of prisoners under D.I.R.

***92.** (Admitted question No. *896.)

শ্রীভবানী মুখোপাধ্যায়: স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারতরক্ষা আইনে বিনা বিচারে আটক বন্দীদের জন্য কয়টি শ্রেণীবিভাগ আছে;

(খ) কি কি বিচার করিয়া শ্রেণীবিভাগ করা হয়; এবং

(গ) সাবান, তেল, হাতখরচ, পারিবারিক ভাতা প্রভৃতি সুযোগ-সুবিধা সকলকে দেওয়া হয় কিনা?

The Minister for Home (Special):

(ক) ভারতরক্ষা আইনে আটক বন্দীদের জেল কোড নিয়মাবলী অনুসারে দুই শ্রেণীতে ভাগ করা হয়, যথা, প্রথম শ্রেণীর বিচারাধীন বন্দী ও দ্বিতীয় শ্রেণীর বিচারাধীন বন্দী।

(খ) আটক হইবার পূর্বে বন্দীর জীবন ধারণের মান সমাজে প্রতিষ্ঠা এবং কি কারনে তাঁহাকে বন্দী করা হইয়াছে সাধারণতঃ তাহা বিবেচনা করিয়া শ্রেণী বিভাগ করা হইয়া থাকে।

(গ) সকল ক্ষেত্রে উহা দেওয়া হয় না।

Citizens Committee

***93.** (Admitted question No. *940.) **Shri Somnath Lahiri:** (a) Will the Minister-in-charge of the Home (Civil Defence) Department be pleased to state whether the Government have set up any Citizens' Committee to help the Government in the matter of Civil Defence;

(b) If the reply to (a) be in the affirmative, will the Minister be pleased state—

(i) when and with whom this Committee was constituted; and

(ii) what are the functions of this Committee; and

(c) If the reply to (a) be in the negative, will the Minister be pleased to state the reasons thereof?

The Minister for Home (Civil Defence):

(a) No.

(b) Does not arise.

(c) No Committees have been set up as the Controllers of Civil Defence in the various areas are already in frequent and close contact with leaders of public opinion and representatives of non-official organisations, many of whom have enrolled themselves in Civil Defence as Divisional Wardens, Post Wardens and other positions of Command.

Build Your Own House Scheme in Mayna block

***94.** (Admitted question No. *274.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিল্ড ইওর ওন হাউস স্কীম-এ মেদিনীপুর জেলার ময়না ব্লকে কয়টি ঘর তৈয়ারী কোন্ সালে মঞ্জুর হইয়াছিল;

(খ) উহাদের মধ্যে কয়টির নির্মাণকার্য শেষ হইয়াছে; এবং

(গ) বাকিগুলির কাজ কবে শেষ হইবে?

The Minister for Agriculture:

(ক) মেদিনীপুর জেলার ময়না ব্লকে বিল্ড ইওর ওন্ হাউস স্কীম কার্যকরী করা হয় নাই এবং সেজন্য কোনও ঘর তৈয়ারীর প্রশ্ন উঠে না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

Civil Defence Committee

***95.** (Admitted question No. *312.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি পাক আক্রমণকালে বেসামরিক জেলা প্রতিরক্ষা কমিটি গঠিত হইয়াছে;

(খ) কোন্ কোন্ জেলায় এবং কাহাদের লইয়া উক্ত কমিটি গঠিত হইয়াছে;

(গ) এইরূপ কমিটির কোন অধিবেশন হইয়াছে কিনা; এবং

(ঘ) কোন্ কোন্ জেলায় এই সমিতি কি কি কাজ করেন?

The Minister for Home (Civil Defence):

(ক) ইহা সত্য নহে।

(খ) এ প্রশ্ন ওঠে না।

(গ) এ প্রশ্ন ওঠে না।

(ঘ) এ প্রশ্ন ওঠে না।

Contributions received by the Relief Minister for National Defence Fund

***96.** (Admitted question No. *454.)

[illegible] দাস: মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য কাঁথি শহরে ১৯৬২ সালের ৫ই ডিসেম্বর তারিখে অনুষ্ঠিত জনসভায় প্রতিরক্ষা তহবিলের জন্য ত্রাণমন্ত্রী স্বয়ং উপস্থিত থাকিয়া অর্থ ও অলঙ্কারাদি দান

সংগ্রহ করিয়াছিলেন; এবং যাঁহারা জনসভায় দান করিয়াছিলেন তাঁহাদিগকে প্রাপ্তি স্বীকার রসিদ এখনও পর্যন্ত দেওয়া হয় নাই; এবং

(খ) ইহা সত্য হইলে প্রাপ্তি স্বীকার রসিদ এখনও পর্যন্ত না দেওয়ার কারণ কি; এবং সত্বর প্রাপ্তি স্বীকার রসিদ দেওয়ার ব্যবস্থা হইবে কিনা?

The Minister for Home (Civil Defence):

(ক) হ্যাঁ।

(খ) দাতাদের পৃথকভাবে প্রাপ্তিস্বীকার রসিদ দেওয়া সম্ভব হয়নি, কারণ উক্ত জনসভায় জনসাধারণের উৎসাহ-উদ্দীপনা এতই অধিক ছিল যে দাতাদের পৃথকভাবে পোষ্ট-অফিসসহ ঠিকানা লিখা ছিল না। সেজন্য জনসভায় সংগৃহীত মোট সোনা ও অর্থের জন্য পৃথক রসিদ প্রতিনিধি হিসাবে কাঁথি মিউনিসিপ্যালিটির তৎকালীন ভাইস-চেয়ারম্যান মহাশয়ের নামে পাঠান হইয়াছিল। এ ছাড়া জনসাধারণের অবগতির জন্য রেডিও মারফৎ জানান হইয়াছিল। ঐ দিনে দাতাদের ক্ষুদ্র ক্ষুদ্র দানে উক্ত জনসভায় নগদে ও চেকে মোট ৬,৩৫৯-৩০ (ছয় হাজার তিনশত উনষাট টাকা ত্রিশ পয়সা) সংগৃহীত হইয়াছিল। (নগদে ৫,৭১৯-৩০ পয়সা ও চেকে ৬৪০ টাকা) বিভিন্ন প্রকার স্বর্ণালঙ্কার ১০৬টি খণ্ড সংগৃহীত হইয়াছিল।

Traders of jute seeds

***97.** (Admitted question No. *506.)

শ্রীকাশীকান্ত মৈত্র: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কতগুলি ব্যবসায়ী প্রতিষ্ঠান বিভিন্ন নামে (ট্রেড নেম) পাট বীজ বিক্রী করে থাকেন এ সম্বন্ধে কোন সরকারী তথ্য আছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে ঐ ব্যবসায়ী প্রতিষ্ঠানগুলি সরকারী অনুমোদিত কিনা; এবং

(গ) এই সব ব্যবসায়ী প্রতিষ্ঠান যে পাট বীজ বিক্রয় করেন তাদের এজেন্ট মাধ্যমে সেইসব পাট বীজ ভেজালদুষ্ট কিনা অথবা খাঁটি পাট বীজ কিনা অথবা উন্নত ধরনের ফলন সম্ভাবনাপূর্ণ পাট বীজ কিনা সে সম্বন্ধে তদারক বা সরকারীসূত্রে পরীক্ষা ব্যবস্থা আছে কিনা?

The Minister for Agriculture:

(ক) সরকার অবগত আছেন যে কয়েকটি বেসরকারী প্রতিষ্ঠান পাটবীজের ব্যবসায় করেন। এই সম্পর্কে একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল কিন্তু ইহা সম্পূর্ণ নহে।

(খ) না।

(গ) 'বীজ আইন' (সীড এ্যাক্ট) ব্যতিরেকে এই সকল বীজ ব্যবসায়ীগণের কার্য্যাবলীকে সুনিয়ন্ত্রণ করা সম্ভবপর নহে, এই 'বীজ আইন' প্রণয়নের প্রশ্নটি বর্তমান সরকারের বিবেচনাধীন রহিয়াছে। কেন্দ্রীয় সরকার, ইতিমধ্যে, উন্নত ধরণের পাট ও অন্যান্য বীজ কৃষকগণের মধ্যে সরবরাহ করিবার জন্য "সীড করপোরেশন্" নামক একটি সংস্থা স্থাপন করিয়াছেন। এই অন্তবর্তী কালে সরকারী কৃষিক্ষেত্রে উৎপন্ন উন্নত পাটবীজ ব্যবসায়ীগণের মাধ্যমে কৃষকগণের মধ্যে সরবরাহ করিবার জন্য একটি চুক্তিপত্র প্রণয়ন করিয়াছেন। কৃষকগণকেও উপদেশ দেওয়া হইয়াছে তাঁহারা যেন তাঁহাদের বীজগুলিকে ব্লক্ অফিস সংযুক্ত প্রযুক্তি আধিকারিকগণ কর্তৃক পরীক্ষিত করাইয়া লন।

Statement referred to in reply to Clause (Ka) of the Starred Assembly Question No. 97 (Amended question No. 506.)

1. M/s. Bankim Prasad Ghose & Co.,
(H. O.) Belur Station Road,
P. O. Bali, Howrah.

2. ,, Globe Nursery,
25, Ramdhone Mitra Lane,
Shyam Bazar, Calcutta-4.
3. ,, Mullick Nursery,
9/2, Kaibarta Para Lane,
Salkia, Howrah.
4. ,, B. K. Roy & Co. Ltd.,
4, Bankshal Street,
Calcutta-1.
5. ,, Amtola Seed Store,
Amtolahat, P.O. Bishnupore,
24-Parganas.
6. ,, National Nursery,
46, Ramdhone Mitter Lane,
Shyam Bazar.
7. ,, A. C. Nundy,
Fern Road,
Calcutta-29.
8. Shri R. N. Sen Gupta,
Vill. Kamdeb Kali,
P. O. Maslandpore,
Dist. 24-Parganas.

Ration cut in statutory rationing areas

*98. (Admitted question No. *545.) **Shri Hare Krishna Konar:** Will the Minister-in-charge of the Food Department be pleased to state whether in view of the hardship of the people, the Government is considering the desirability of restoring the ration cut in statutory rationing areas of West Bengal?

The Minister for Food & Supplies:

This is at present no such proposal under the consideration of Government.

Procurement of rice

*99. (Admitted question No. *595.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালে এ পর্যন্ত পশ্চিমবঙ্গের অভ্যন্তর হইতে রাজ্যসরকার কত চাউল সংগ্রহ করিয়াছেন;

(খ) চালকলগুলি হইতে লেভী করিয়া কত এবং অন্যভাবে কত চাল সংগ্রহ হইয়াছে; এবং

(গ) মফঃস্বল জেলাগুলিতে মোট কত লোককে সংশোধিত রেশনিং মারফত কত চাল ও কত গম এ বৎসরে এ পর্যন্ত দেওয়া হইয়াছে?

The Minister for Food & Supplies:

(ক) ১৯৬৫ সালে এ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার ২৭,৫৭,৪০৮ কুইন্টাল চাল এবং ১,৩৭,২০৪ কুইন্ট্যাল ধান সংগ্রহ করিয়াছেন।

(খ) চালকলগুলি হইতে লেভী করিয়া ২৭,৫৭,৪০৮ কুইন্ট্যাল চাল এবং অন্যভাবে ১,৩৭,২০৪ কুইন্ট্যাল ধান সংগৃহীত হইয়াছে।

(গ) এ সম্বন্ধে একটী বিবরণী পেশ করা হইল।

Statement referred to in reply to clause(ga) of starred question No.99

Offtake in the districts of West Bengal from 1-1-1965 to 16-10-1965(in tonnes)

Districts	Modified Rationing				Gratuitous		Test Relief		Grand Total	
	Number of shops functioning under MR	Monthly average No. of persons served under MR	Offtake (In Tonnes)		Relief Offtake (In Tonnes)		Offtake (In Tonnes)		Offtake (In Tonnes)	
			Rice	Wheat/ Atta	Rice	Wheat/ Atta	Rice	Wheat/ Atta	Rice	Wheat/ Atta
1. 24-Parganas	1,568	17,72,036	41,531	30,757	..	577	..	90	41,531	31,424
2. Nadia	904	13,65,147	27,963	13,999	4	64	..	..	20,003	14,063
3. Murshidabad	888	6,73,444	11,974	8,760	26	67	..	..	12,000	8,827
4. Jalpaiguri	345	6,59,966	14,796	6,492	86	154	..	..	14,882	5,646
5. Malda	371	4,19,049	8,047	5,321	..	..	..	..	8,047	5,321
6. W. Dinajpur	356	1,88,060	3,458	3,398	..	579	..	191	3,458	4,168
7. Darjeeling	315	6,31,480	18,263	14,327	..	..	..	..	18,263	14,327
8. Cooch Behar	315	5,26,512	11,344	6,471	236	231	..	7	11,580	6,709
9. Bankura	782	48,178	199	866	..	280	..	1,336	199	2,482
10. Burdwan	1,248	8,61,241	15,256	15,776	..	103	..	..	15,256	15,879
11. Birbhum	706	1,50,169	2,427	2,737	..	9	..	..	2,427	2,746
12. Hooghly	576	4,11,785	7,319	5,284	45	1,196	14	100	7,378	6,580
13. Howrah	446	9,50,683	21,541	15,592	47	475	..	26	21,588	16,093
14. Midnapore	847	2,91,189	4,771	7,706	21	140	..	9	4,792	7,855
15. Purulia	425	82,146	1,204	2,009	..	..	..	..	1,204	2,009
Total	10,042	90,30,085	1,90,093	1,39,495	501	3,875	14	1,759	1,90,608	1,45,129

Arrest of persons in connection with tram-fare resistance movement

***100.** (Admitted question No. *620.)

শ্রীনিখিল দাস: স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ট্রাম ভাড়া বৃদ্ধি প্রতিবাদ আন্দোলনের সময় ধৃত ব্যক্তিদের মধ্যে কত ব্যক্তি এখনও জেলে আটক আছেন এবং তাহাদের মধ্যে কত ব্যক্তি বিনা বিচারে বন্দী হিসাবে আটক আছেন?

The Minister for Home (Police):

২৯ জন এখনও জেলে আছেন। তন্মধ্যে কেহই নিবর্তনমূলক বন্দী হিসাবে আটক নাই।

Procurement of rice

***101.** (Admitted question No. *629.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) what is the total quantity of rice procured through rice mills and paddy husking machines respectively in the State up to 30th September, 1965 and what was the total production of rice made by these rice mills and paddy husking mills;

(b) what was the target of procurement during the current year and on what basis the procurement target is fixed;

(c) what was the overall deficit in terms of cereals in the State during the current year; and

(d) out of the said total deficit what supply in terms of paddy, rice and wheat respectively has been received from Orissa, the Central Government and any other State Government?

The Minister for Food & Supplies:

(a) The total quantity of rice purchased through rice mills up to 0.9.65 is 27,22,112 quintals. No rice has been purchased from paddy husing machines this year. The total production of rice by rice mills and addy husking mills up to 30.9.65 is 436252 Metric Tonnes and 311519 letric Tonnes respectively.

(b) Roughly a target of 3.5 lakh M.Ts. in terms of rice was fixed for rocurement during the current year.

(c) 1513,2 thousand tons.

(d) Supplies received from Central Government up to date are as llows:—

1. Rice—248032 Metric Tons.
2. Wheat—276693 Metric Tons.

The sources of supply of rice are mentioned below:—

Ex-Orissa	...	175395 M. Tons.
Ex-Punjab	...	5849 M. Tons.
Ex-Madhya Pradesh	...	9846 M. Tons.
Ex-Delhi	...	160 M. Tons.
Ex-Calcutta and Siliguri	...	56782 M. Tons.
	Total:—	**248032 M. Tons.**

Facilities for the Political Prisoners

***102.** (Admitted question No. *673.)

শ্রীকৃষ্ণকুমার সেনগুপ্তঃ স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেরল, তামীলনাদ ও অন্ধ্র প্রদেশে ভারত রক্ষা আইনে বিনা বিচারে আটক রাজবন্দীদের দীর্ঘ সময় (এমন কি দুই মাস পর্যন্ত) ছুটী (প্যারোল) ও সর্বপ্রকারের পত্রিকা ও পুস্তক (যাহা প্রস্ক্রাইব্‌ড নয়) দেশের মধ্যে পাঠ করিবার যে ধরণের সুযোগ দেওয়া হয়, সেই ধরণের সুযোগ পশ্চিমবঙ্গের উক্ত ধরণের বন্দী-দের দেওয়া হয় না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে তাহার কারণ কি?

The Minister for Home (Special):

(ক) অন্যান্য রাজ্যে কি সুবিধা দেওয়া হয় না না হয় তাহা আমাদের জানা নাই।

(খ) এই রাজ্যে ডেটিন্যুদিগকে যে যে সুযোগ সুবিধা দেওয়া হয় তাহা অন্য রাজ্যে দেওয়া হয় কিনা তাহাও আমাদের জানা নাই।

Procurement of rice

***103.** (Admitted question No. *740.)

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার বর্তমান বৎসরে কিভাবে চাষীদের নিকট হইতে ধান্য প্রকিওর করিবেন; এবং

(খ) উপরোক্ত কার্যের জন্য কোন স্কীম আছে কিনা?

The Minister for Food & Supplies:

(ক) ও (খ) বর্তমানে গ্রামাঞ্চলের চাষীদের নিকট হইতে সরাসরি ধান্য ক্রয় করিবার জন্য প্রাইস্ সাপোর্ট স্কীম নামক একটি স্কীম চালু আছে। কৃষকরা যাহাতে তাহাদের উৎপাদিত ধান্যের জন্য ন্যায্য মূল্য পায় এবং অসাধু ব্যবসায়ী ও চালকল মালিকদের মুনাফা বৃত্তির ফলে ক্ষতিগ্রস্ত না হয় সেই উদ্দেশ্যে সরকার আমন ধানের বিভিন্ন শ্রেণীর একটি 'সুবিধা দর' বাঁধিয়া দিয়াছেন। বর্তমানে সেই দরেই জেলা অঞ্চলের ধান ক্রয়-বিক্রয়ের বৃহৎ ঘাঁটিগুলিতে গ্রামীণ চাষীরা তাহাদের উৎপাদিত ধান সরাসরি সরকারের এজেন্টদের নিকট বিক্রয় করিতে পারে।

New Police Uniform

***105.** (Admitted question No. *910.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপর্ব্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি কলিকাতাসহ পশ্চিমবঙ্গের পুলিসের পোষাকের পরিবর্তন সাধিত হইয়াছে;

(খ) সত্য হইলে, কি কি পরিবর্তন ও উহাতে মোট কত টাকা খরচ হইয়াছে; এবং

(গ) ঐ পরিবর্তনের কি প্রয়োজন ছিল?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) কলিকাতা ট্রাফিক পুলিশের জন্য নীল রং-এর পশমী টুপির পরিবর্তে সাদা প্ল্যাস্টিকের শিরস্ত্রাণ, হাফপ্যান্টের পরিবর্তে ঢিলা ফুলপ্যান্ট ও নীল রং-এর পদাবরণের পরিবর্তে কাল রং-এর গোড়ালি বন্ধনী দেওয়া হইয়াছে। উক্ত পরিবর্তন কোন অতিরিক্ত পৌনঃপুনিক ব্যয় সাপেক্ষ নয়; তবে প্রারম্ভিক ব্যয় হিসাবে আনুমানিক ১০,০০০ টাকা লাগিয়াছে।

পশ্চিমবঙ্গ পুলিশের আরক্ষা পরিদর্শকবৃন্দের পদমর্যাদা সূচক তকমার পরিবর্তন করা হইয়াছে। ইহার দরুণ অতিরিক্ত কোন খরচ হয় নাই; বরং তকমা প্রতি ৬০ পয়সার মত খরচ বাঁচিবে।

(গ) কলিকাতা ট্রাফিক পুলিশগণ কার্যরত অবস্থায় যাহাতে স্পষ্টভাবে দৃষ্ট হয় তজ্জন্য উক্ত পরিবর্তন একান্ত প্রয়োজনীয় ছিল। পশ্চিমবঙ্গ পুলিশের আরক্ষা পরিদর্শকবৃন্দকে ঘোষিত আধিকারিক (গেজেটেড অফিসারস্) হিসাবে ঘোষণা করায় তাঁহাদের পদমর্যাদা সূচক তকমারও উপরোক্ত পরিবর্তনের প্রয়োজন হইয়াছে।

Hawkers' stall on the footpaths of Calcutta

***106.** (Admitted question No. *279.)

শ্রীঅনন্তমোহন দাস: স্বরাষ্ট্র(পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা শহরে কতগুলি স্থানে রাস্তার ফুটপাতে ফিরিওয়ালাগণ দোকান পাতিয়া পথিকগণের যাতায়াতের অসুবিধার সৃষ্টি করায় পুলিশ হইতে সম্প্রতি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে;

(খ) সত্য হইলে, ঐ সকল অসুবিধা দূর করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন; এবং

(গ) ঐ সকল ফিরিওয়ালার মধ্যে কতজন উদ্বাস্তু সে বিষয়ে সরকারের কোন তথ্য আছে কি?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) পুলিশ কলিকাতার ফুটপাত ও বিশেষ করিয়া রাস্তাগুলি হইতে ফিরিওয়ালাদের অপসারণ করিতেছেন। এইজন্য প্রয়োজন হইলে তাহাদের গ্রেপ্তারও করা হইতেছে।

(গ) হ্যাঁ।

Pak paratroopers in Murshidabad district

***107.** (Admitted question No. *319.)

শ্রীঅমলেন্দু রায়: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় গত সেপ্টেম্বর মাসে পাক ছত্রী সৈন্য অনুপ্রবেশ করে; এবং

(খ) সত্য হইলে, ঘটনার বিবরণ কিরূপ?

The Minister for Home (Police):

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

Proscription of a Chinese Paper in Calcutta

***108.** (Admitted question No. *518.)

শ্রীকাশীকান্ত মৈত্রঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কলিকাতায় এক চীনা পত্রিকার ১৯৬২ সাল থেকে ১৯৬৫ সাল পর্যন্ত যেসব সংখ্যা প্রকাশিত হয়েছে তা সম্প্রতি বাজেয়াপ্ত করেছেন ভারত বিরোধী প্রচারের জন্য; এবং

(খ) সত্য হ'লে ১৯৬২ সাল থেকে ১৯৬৫ সালের জুলাই-আগষ্ট পর্যন্ত সময়ে যখন ঐ পত্রিকার সংখ্যা নিয়মিতভাবে বার হয় তখন পশ্চিমবঙ্গ সরকার এ বিষয়ে কোন ব্যবস্থা অবলম্বন করেছিলেন কি?

The Minister for Home (Political):

(ক) হ্যাঁ; পশ্চিমবঙ্গ সরকার গত ১৪-৯-৬৫ তারিখে ভারতরক্ষা বিধি অনুসারে প্রদত্ত এক আদেশবলে কলিকাতা হইতে প্রকাশিত চীনা দৈনিক পত্রিকাটির গত ১৯৬২ সালের ১৪ই নভেম্বর তারিখের সংখ্যা হইতে প্রকাশিত সমস্ত সংখ্যাগুলি বাজেয়াপ্ত করিয়া দিয়াছেন।

(খ) ১৯৬২ সালের চীনা আক্রমণের পর হইতে সরকার পত্রিকাটীর উপর তীক্ষ্ণ দৃষ্টি রাখিয়াছিলেন। অবশেষে পত্রিকাটীর আচরণ সীমা লঙ্ঘন করিয়া যাওয়ায় চীনা আক্রমণের পর হইতে প্রকাশিত পত্রিকাটীর উল্লিখিত সমস্ত সংখ্যাগুলিই শুধু যে বাজেয়াপ্ত করিয়া দেওয়া হইল তাহাই নহে, পত্রিকাটীর সম্পাদক, প্রকাশক ও মুদ্রাকরকে পত্রিকাটীর প্রকাশ বন্ধ করিবার জন্য আদেশ দেওয়া হইয়াছে।

Rice and wheat obtained from Central Covernment

***109.** (Admitted question No. *596.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালে এ পর্যন্ত কেন্দ্রীয় সরকারের নিকট হইতে কত চাউল ও কত গম পাওয়া গিয়াছে; এবং

(খ) বৃহত্তর কলিকাতায় বিধিবদ্ধ রেশনিং চালু রাখিতে প্রতি মাসে মোট কত চাল ও কত গমের প্রয়োজন?

The Minister for Food & Supplies:

(ক) চাউল ২,৬৫,১৯০ মেঃ টন
গম ৬,০৬,৯১৬ মেঃ টন। } ২রা নভেম্বর পর্যন্ত

(খ) চাউল ৩০,০০০ মেট্রিক টন।
গম অথবা গমজাত দ্রব্য ৩০,০০০ মেট্রিক টন।

Sirens installed within the Calcutta Corporation area

***110.** (Admitted question No. *622.)

শ্রীনিখিল দাসঃ স্বরাষ্ট্র (বেসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা করপোরেশন এলাকায় কতগুলি সাইরেণ বসান হইয়াছে এবং সেইগুলি কোন্ কোন্ জায়গায় আছে; এবং

(খ) এই সাইরেণগুলি বসান বাবদ কত টাকা ব্যয় হইয়াছে?

The Minister for (Civil Defence):

(ক) কলিকাতা করপোরেশন এলাকায় যে সমস্ত সাইরেন যে যে যায়গায় বসান হইয়াছে তাহার একটি তালিকা দেওয়া হইল।

(খ) সাইরেন বসান বাবদ গত ৩১শে অক্টোবর পর্যন্ত তিন লক্ষ টাকা খরচ হইয়াছে। অনুমাণ করা হইতেছে যে এই বাবদ আরও তিন লক্ষ টাকা ব্যয় হইবে।

List referred to in reply to clause (ka) of Starred question No. 110.

List Total No. of Sirens so far installed in the area under Calcutta Corporation and the Location thereof—

CALCUTTA

No.	Name of Siren Posts.	Remarks.
1.	Alipore Police Station.	
2.	New Alipore Police Station.	
3.	Sub-Control Centre at Rabindra Sarabar.	
4.	J/490, Paharpore Road.	
5.	Taltala Police O. P.	
6.	Karaya Police Station.	
7.	Special Branch at 14, Lord Sinha Rd., Calcutta.	
8.	Tangra Police O. P.	
9.	Ekadalia Police O. P.	
10.	Watgunj Police Station.	
11.	Chitpur P. S. on Cossipore Road.	
12.	Ce..... Avenue Fire Station.	
13.	35A, Muraripukur Road (Murari Pukur Out Post).	
14.	Karbagan O. P.	
15.	M. C. E. F. Office, Kankur-Gachi.	
16.	Civil Defence Sub-Control Centre, 18, J. M. Avenue.	
17.	Hare Street P. S. (Bowbazar P. S.)	
18.	S. B. Office, Gokhel Road.	
19.	Park Street P. S.	
20.	Entally P. S.	
21.	Bhawanipur P. S.	
22.	94, Chittaranjan Avenue.	
23.	New Cossipore, Power Station.	
24.	12, Bhupen Bose Avenue.	
25.	64/19/2, Belgachia Road (Central Dairy).	
26.	All India Radio (Transmitting Stn. Tala Park Raja Manindra Road).	
27.	Sura Jute Mill, 102, Narkeldanga Main Road.	
28.	Beliaghata P. C.	
29.	Dhakuria O. P.	
30.	Ramnagar Camp.	
31.	Tollygunge O. P.	
32.	Lake Garden O. P.	
33.	Shayampukur P. S.	
34.	Amherst Street P. S.	
35.	Body Guard Line.	
36.	Tiljala O. P. (Karaya Out Post).	
37.	Cossipore O. P.	
38.	Beliaghata O. P. (Sealdah O. P.)	
39.	Samsul Huda Road.	
40.	T. P. Guard, Shayambazar, 115, Cornawalish St.	

	Name of Sirens posts.	Remarks.
41.	All India Radio Bldg., Eden Garden.	
42.	Indian Museum.	
43.	Warden's Post 36, Deodar Street.	
44.	Central Intelligent Bureau, Gariahata Road.	
45.	Central Telegraph Stores, Lower Circular Road.	
46.	State Transport Depot, Paikpara Depot.	
47.	Victoria House.	
48.	Jora Sanko P.S.	
49.	Muchipara P.S.	
50.	Garden Reach Municipal Office.	
51.	Burra Bazar P.S.	
52.	50, Vivekananda Road.	
53.	Warden Post, 9, Amherst Row.	
54.	102/3, Beliaghata Main Road.	
55.	Warden Post, 464, Lake C.I.T. Road.	
56.	85, Lower Circular Road, Calcutta.	
57.	2, Convent Lane.	
58.	Central Forensic Laboratory, Gora Chand Road.	
59.	South Traffic Guard, 106, B, New Park Station.	
60.	Ballygunge P.S.	
61.	Telephone Exchange Building 46.	
62.	Telephone Exchange Building 47.	
63.	Telephone Exchange Building 24.	
64.	Telephone Bhawan, Dalhousie Square.	
65.	3, Sir Hariram Goenka Street.	
66.	Lal Bazar P.S.	
67.	Mahajati Sadan.	
68.	Telephone Exchange No. 35.	
69.	United Flour Mills.	
70.	26/D, R. G. Kar Road.	
71.	Tala Pumping Station.	
72.	Telephone Exchange 44.	
73.	Calcutta Corporation Workshop, Entally.	
74.	Birla Industrial Museum.	
75.	20A, Jagan Nath Dutta Road.	
76.	Calcutta Corporation Dist. II Office, 22, Mirjapur Street.	
77.	Jorabagan P.S.	
78.	Bortalla P.S.	
79.	Tollygunge P.S.	
80.	Armed Police Barrack, 29, B. T. Road.	
81.	Old Maniktolla P.S.	
82.	Jadavpur Police Station.	
83.	Matia Buruz P.S.	
84.	Chittaranjan High School, Kasba.	
85.	Gandhi Colony Madyamik Vidyalaya (S. P. No. 75).	
86.	Naktala High School.	
87.	Jadavpur University Buildings (S. P. No. 79).	
88.	Eastern Distilliary (P) Ltd.	
89.	Lake Depot State Transport.	
90.	Calcutta Chemical Works Bondel Gate.	
91.	Tollygunge, Armed Police Barrack.	
92.	Tollygunge Wireless Station.	
93.	Chitpur Control Room, Belgachia.	

Development of the Digha Colony

***111.** (Admitted question So. *783.)

Shri Abani Kumar Basu: Will the Minister-in-charge of the Development Department be pleased to state—

(a) the agency through which the development of Digha is being worked out and the relationship of Government with such agency;

(b) what is the total amount spent so far for the development of Digha Colony;

(c) the total number of flats available there at present for hire to middle income group and low income group of persons;

(d) whether the lay-out plan or the Master plan of the area is ready. and

(e) the terms under which the plots of land in the said area will be available to the public?

The Minister for Development:

(a) Since June 1963, Development and Planning Department are the Government agency for Digha Development. Schemes are executed through Public Works (Construction Board).

(b) Rs. 16.42 lakhs till 31st March 1965 by the Development and Planning Department.

(c) (i) 24 numbers two-seated rooms in 'Saikatabas'.

(ii) 6 nos. two-roomed flats in 'Saikatabas'.

(iii) (a) 4 nos. 2-roomed bungalows.
(b) 4 nos. single-roomed bungalows.

(iv) 9 nos. 2-roomed bungalows of the Social Welfare Society.

(v) (a) 43 nos. 2 seated cubicles in Cheap Hotel and its Annexe.
(b) 2 nos. 1-seated cubicles in Cheap Hotel and its Annexe.
(c) 1 nos. 9-seated dormitory in the Cheap Hotel and its Annexe.
(d) 1 no. 6-seated dormitory in Cheap Hotel and its Annexe.

(d) First phase of the Master Plan is ready.

(e) Terms and conditions are under preparation.

Pak infiltrators

***112.** (Admitted question No. *851.)

শ্রীমনোরঞ্জন বক্সী: স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত আগষ্ট মাস ১৯৬৫ হতে এ পর্যন্ত কত সংখ্যক পাক-অনুপ্রবেশকারী প্রবেশ করিয়াছে; এবং

(খ) তাহাদের সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

The Minister for Home (Political):

(ক) গত ১-৮-৬৫ তারিখ হইতে ১৫-১০-৬৫ তারিখ পর্যন্ত ৬০৩ জন পাক অনুপ্রবেশকারী পশ্চিমবঙ্গে প্রবেশ করিয়াছে।

(খ) উপরে লিখিত ৬০৩ জন অনুপ্রবেশকারীর মধ্যে ৫০৮ জনকে গ্রেপ্তার করা হইয়াছে; ৪৭ জনকে ভারত ত্যাগের আদেশ দেওয়া হইয়াছে এবং অবশিষ্ট ৪৮ জনের গতিবিধি নিয়ন্ত্রিত করা হইয়াছে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Arrest of Dealers in Mustard Oil

91. (Admitted question No. 24.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫-৬৬ সালে কতজন সরিষার তৈল ব্যবসায়ীকে ভারতরক্ষা আইনে ধরা হয় এবং কতজনের দণ্ড হইয়াছে ; এবং

(খ) ১৯৬৪-৬৫ সালে কতজনকে ধরা হইয়াছিল এবং কতজনের দণ্ড হইয়াছিল?

The Minister for Home (Police):

(ক) ১৯৬৫-৬৬ সালে ১২ জন সরিষার তৈল ব্যবসায়ীকে ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হয় এবং উহাদের মধ্যে ৫ জনের দণ্ড হইয়াছে। ইহা ভিন্ন ১৩ জন সরিষার তৈল ব্যবসায়ীকে (উহাদের মধ্যে ৪ জন তৈল ও চাউল উভয় দ্রব্যের ব্যবসায়ী) ভারতরক্ষা আইনের নিবর্তনমূলক ধারায় গ্রেপ্তার করিয়া আটক রাখা হয়।

(খ) ১৯৬৪-৬৫ সালে ২২ জন সরিষার তৈল ব্যবসায়ীকে ধরা হইয়াছিল এবং উহাদের মধ্যে ৯ জনের দণ্ড হইয়াছিল। ইহা ভিন্ন ৭ জন সরিষার তৈল ব্যবসায়ীকে (উহাদের মধ্যে ৪ জন তৈল এবং চাউল উভয় দ্রব্যের ব্যবসায়ী) ভারতরক্ষা আইনের নিবর্ত্তন-মূলক ধারায় গ্রেপ্তার করিয়া আটক করা হইয়াছিল।

Death due to starvation and suicide in Murshidabad district

92. (Admitted question No. 28.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত জুলাই ও আগষ্ট মাসে মুর্শিদাবাদ জেলায় অনাহারের ফলে মৃত্যু বা আত্মহত্যার চেষ্টা হইয়াছে এইরূপ কোন সংবাদ সরকার অবগত আছেন কি না ; এবং

(খ) অবগত থাকিলে, কতগুলি ক্ষেত্রে এইরূপ মৃত্যু বা আত্মহত্যার চেষ্টা হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) এইরূপ কোন ঘটনার কথা সরকারের জানা নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

Panchayati Raj Training Centres

93. (Admitted question No. 198.) **Shri Mrigendra Bhattacharyya:**

পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার কোন্ কোন্ জেলার কোথায় কোথায় কোন্ বৎসর হইতে পঞ্চায়েৎ রাজ ট্রেনিং সেণ্টার খোলা হইয়াছে ;

(খ) কোন্ ট্রেনিং সেণ্টারে কতজনকে নেওয়া হয় এবং কাহাদের নেওয়া হয়, কতদিন ট্রেনিং লইতে হয় ;

(গ) ট্রেনিং গ্রহণকারীদের থাকা-খাওয়া, যাওয়া-আসার খরচ সরকার বহন করেন কি না, এবং জন প্রতি খরচের বরাদ্দ কত ধরা হয় :

(ঘ) ট্রেনিং সেণ্টারে কয়জন ট্রেনার থাকেন, তাহাদের যোগ্যতা কি এবং ট্রেনিং-এর বিষয় বস্তু কি কি ;

(ঙ) ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত কোন্ বৎসর কোন্ জেলার ট্রেনিং কেন্দ্রের জন্য সরকারের কত ব্যয় হইয়াছে ; এবং

(চ) ট্রেনিং সেণ্টারগুলি কতদিন পর্যন্ত চালু রাখা হইবে?

The Minister of State for Panchayats:

(ক) (১) ফলতা সেণ্টার, ২৪-পরগনা, ৮-৯-৬৩ তারিখ হইতে।
(২) মহিষাদল সেণ্টার, মেদিনীপুর, ২০-১২-৬৩ তারিখ হইতে।
(৩) মেদিনীপুর সেণ্টার, মেদিনীপুর, ৭-৩-৬৫ তারিখ হইতে।
(৪) বড়জাগুলি সেণ্টার, নদীয়া, ২৬-২-৬৫ তারিখ হইতে।
(৫) কুচবিহার সেণ্টার, কুচবিহার, ৩০-৩-৬৫ তারিখ হইতে।

(খ) প্রতি ট্রেনিং সেণ্টারে ১৩টি আবাসিক ও ৪০টি ভ্রাম্যমাণ ট্রেনিং কোর্সের ব্যবস্থা আছে। আবাসিক ট্রেনিং কোর্স ৭ দিন করিয়া চলে ও প্রতি কোর্সে অনধিক ৮০ জন শিক্ষার্থীর ব্যবস্থা আছে। ভ্রাম্যমাণ ট্রেনিং কোর্স তিন দিন করিয়া চলে ও প্রতি কোর্স গতপড়তা ৫০ জনের ব্যবস্থা আছে। আবাসিক সেণ্টারে জেলা পরিষদের মহিলা সভ্য, আঞ্চলিক পরিষদের সভাপতি ও সহ-সভাপতি, অঞ্চল প্রধান, উপ-প্রধান, গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ ও উপ-অধ্যক্ষগণকে ট্রেনিং দেওয়া হয়। ভ্রাম্যমাণ ট্রেনিং সেণ্টারে পঞ্চায়েৎ সংস্থাগুলির সাধারণ সভ্যদের ট্রেনিং দেওয়া হয়।

(গ) হ্যাঁ। আবাসিক ট্রেনিং সেণ্টার বিনা খরচে থাকা খাওয়ার জন্য জন প্রতি দুই টাকা দৈনিক, যাওয়া আসার খরচ জন প্রতি অনধিক পাঁচ টাকা দেওয়া হয়। ভ্রাম্যমাণ ট্রেনিং-এ খাওয়ার জন্য জন প্রতি দৈনিক ১-৫০ টাকা দেওয়া হয়।

(ঘ) তিনজন। উহাদের একজন প্রিন্সিপ্যাল ও অপর দুইজন ইন্সট্রাক্টর।

যোগ্যতা—বিশ্ববিদ্যালয়ের স্নাতক হওয়া বাঞ্ছনীয়। সমাজ সেবা এবং সমাজ উন্নয়নের জ্ঞান ও অভিজ্ঞতা আবশ্যিক গুণের অন্যতম।

বিষয়বস্তু—(১) গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণে স্থানীয় স্বায়ত্ত শাসনের গুরুত্ব।
(২) সরকারী ও বেসরকারী নেতৃত্বের দায়িত্ব ও কর্ত্তব্য।
(৩) ব্লক, জেলা ও জাতীয় উন্নয়ন পরিকল্পনা, সমাজ উন্নয়নের পরিকল্পনা ও জনসাধারণের ভূমিকা।
(৪) পঞ্চায়েতী রাজ—পশ্চিমবঙ্গের ও অন্যান্য রাজ্যের পঞ্চায়েৎ আইন ও নিয়মাবলী।
(৫) শিক্ষামূলক ভ্রমণ ও আলোচনা।

(ঙ) একটি তালিকা নিম্নে দেওয়া হইল—

জেলার নাম	১৯৬৩ সালে খরচ	১৯৬৪-৬৫ সালে খরচ
(১) ২৪-পরগনা	১৮,৩৭২	৫১,৮১৫
(২) মেদিনীপুর	১৮,১৯৬	৪০,৯৪৮
(৩) কুচবিহার	...	১,২০২
(৪) নদীয়া	...	আনুমানিক ৫,০০০ (হিসাব পাওয়া যায় নাই)

(চ) অনির্দিষ্ট কালের জন্য।

Jute

94. (*Admitted question No. 286*) **Shri Ananga Mohan Das:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৩ বৎসরে পশ্চিমবঙ্গে কত পরিমাণ জমিতে কি পরিমাণ পাট উৎপাদিত হইয়াছে ;

(খ) এই বৎসর পাটের কিরূপ দাম নির্ধারিত হইয়াছে ; এবং

(গ) গত বৎসর এক একর জমিতে সর্বোচ্চ কি পরিমাণ পাট উৎপাদিত হইয়াছিল এবং উহা কোন্ জেলায় হইয়াছিল ?

The Minister of State for Agriculture and Community Development:

	১৯৬২-৬৩ লক্ষ	১৯৬৩-৬৪ লক্ষ	১৯৬৪-৬৫ লক্ষ
(ক) জমির পরিমাণ (একর)	১০·৭৪	১১·০২	১১.২৮
উৎপাদনের পরিমাণ (গাঁট)	৩১·১২	৩২·৭০	৩৬.১৭

(খ) নূতন করিয়া নির্দ্ধারিত হয় নাই।

(গ) প্রতি একর ৪·৭৪ গাঁট, মেদিনীপুর জেলায়।

Sunni and Shia Wakf Estates

95. (Admitted question No. 323.) **Dr. Golam Yazdani:**

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবাংলার—

(১) কতগুলি সুন্নী ওয়াকফ সম্পত্তি আছে এবং ইহাদের মধ্যে কতগুলি সাধারণ ওয়াকফ এবং কতগুলি ওয়াকফ আল আল আওলাদ এবং এই ধরণের সম্পত্তিগুলির মূল্য কত ;

(২) কতগুলি শিয়া ওয়াকফ সম্পত্তে আছে এবং ইহাদের মধ্যে কতগুলি সাধারণ ওয়াকফ ও কতগুলি আল আল আওলাদ ওয়াকফ এবং এই ধরণের সম্পত্তিগুলির মূল্য কত ?

The Minister for Judicial:

(১) মোট সুন্নী ওয়াকফ সম্পত্তির সংখ্যা—৬,২৬২

(ক) সাধারণ ওয়াকফ—৫,৫২৫

(খ) আওলাদ ওয়াকফ—৭৩৭

এই সকল সাধারণ ও আওলাদ ওয়াকফ সম্পত্তির মোট আনুমানিক মূল্য ৬ কোটি ৫০ লক্ষ টাকা মাত্র।

(২) মোট শিয়া ওয়াকফ সম্পত্তির সংখ্যা—২৭

(ক) সাধারণ ওয়াকফ—২৫

(খ) আওলাদ ওয়াকফ—২

এই সকল সাধারণ ও আওলাদ ওয়াকফ সম্পত্তির মোট আনুমানিক মূল্য ৪২ লক্ষ টাকা মাত্র।

Kalaikunda-Sankrail Road, Midnapur

96. (Admitted question No. 349.) **Shri Surendra Nath Mahato:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কলাইকুণ্ডা-শাঁকরাইল রাস্তা কোন্ পরিকল্পনায় মঞ্জুর হইয়াছে ;

(খ) এই রাস্তা কত মাইল নির্মাণ হইয়াছে এবং কত মাইল বাকী আছে ; এবং

(গ) বাকী রাস্তা নির্মাণ কার্য কবে শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এবং কিছু অংশ তৃতীয় পরিকল্পনায়।

(খ) মোট ১২ মাইল রাস্তার মধ্যে ৪ মাইল রাস্তা নির্মিত হইয়াছে এবং ৫ হইতে ১২ মাইল রাস্তায় নির্মাণকার্য চলিতেছে।

(গ) ভূমি দখল ঠিকমত পাওয়া গেলে রাস্তার নির্মাণকার্য ১৯৬৬-৬৭ সালের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Bridge over river Keleghai on Kalaikunda-Sankrail Road, Midnapur

97. (Admitted question No. 351.) **Shri Surendra Nath Mahato:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার কলাইকুণ্ডা-শাঁকরাইল রাস্তায় কেলেঘাই নদীর উপর পুল নির্মাণের দাখিলী টেণ্ডার মঞ্জুর হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে উক্ত পুল নির্মাণের কার্য কতদিনে আরম্ভ হইবে এবং কবে শেষ হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ, ঠিকা গত ৭-২-৬৪ তারিখে মঞ্জুর হইয়াছিল, কিন্তু ভূমি দখল না পাওয়ায় কাজ শুরু করা সম্ভব হয় নাই। এবং উক্ত কারণে ঠিকাদারকে তাহার আবেদনক্রমে ছাড়িয়া দিতে হইয়াছে।

(খ) ভূমি দখল পাইবার পর পুনরায় টেণ্ডার ডাকিয়া ঠিকাদার নিযুক্ত করা হইবে। তাহার পর যত শীঘ্র সম্ভব কাজ শেষ করিবার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা অবলম্বিত হইবে।

Silda-Hatiari Road, Midnapur

98. (Admitted question No. 353.) **Shri Surendra Nath Mahato:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শিলদা-হাতিয়ারী রাস্তা নির্মাণকার্য কবে আরম্ভ হইয়াছে ;

(খ) নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে এবং কবে শেষ হইবে ;

(গ) এই রাস্তার উপর কয়টি পুল কোথায় কোথায় নির্মিত হইতেছে এবং নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(ঘ) পুল নির্মাণকার্য কবে শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) ১৯৬২ সালের ১৮ই জানুয়ারী তারিখে ঐ রাস্তার নির্মাণকার্য শুরু হইয়াছে।

(খ) রাস্তা ও পুলের নির্মাণকার্য শতকরা ৫০ ভাগ সমাপ্ত হইয়াছে এবং ১৯৬৬ সালের শেষাশেষি ফেণী নদীর উপর সেতু নির্মাণ ব্যতিরেকে অন্যান্য কার্য সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

(গ) ঐ রাস্তার বিভিন্ন মাইলে ১৩টি (তেরটি) পুল নির্মিত হইতেছে এবং উহাদের কাজ শতকরা ৮০ ভাগ শেষ হইয়াছে।

(ঘ) ফেণী নদীর উপর প্রস্তাবিত সেতু ব্যতীত অপর সেতুগুলির কাজ ১৯৬৬ সালের প্রথমার্ধে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Chandbila Subsidiary Health Centre, Midnapur

99. (Admitted question No. 355.) **Shri Surendra Nath Mahato:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকের চাঁদবিলা উপস্বাস্থ্য কেন্দ্রের নির্মাণকার্য শেষ হইয়া গিয়াছে ; এবং

(খ) সত্য হইলে স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার কাজ কবে শুরু হইবে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার কাজ শুরু করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

Surrender of sanctioned money from Jambani Block, Midnapur

100. (Admitted question No. 362.) **Shri Surendra Nath Mahato:** কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার জাম্বনী ব্লকের বিভিন্ন খাতে মঞ্জুরীকৃত টাকা গত ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরের মধ্যে খরচ করিতে না পারায় ফেরৎ দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করা হয় নাই ; এবং

(গ) ঐগুলি খরচ না হওয়ার কারণ কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬৪-৬৫ সালে জাম্বনী ব্লকের সমষ্টি উন্নয়ন খাতে বরাদ্দ অর্থের অতি সামান্য অংশ ঐ বৎসরের মধ্যে ব্যয় হয় নাই।

(খ) ও (গ) একটি বিবৃতি নিম্নে প্রদত্ত হইল।

Statement referred to in reply to clauses *Kha* and *Ga* of unstarred question No. 100

জাম্বনী ব্লকে ১৯৬৪-৬৫ সালে বিভিন্ন সমষ্টি উন্নয়ন প্রকল্পে ব্যয় না হওয়া অর্থের পরিমাণ ও তাহার কারণ।

প্রকল্প	অর্থের পরিমাণ (টাকা)	অর্থ ব্যয় না হওয়ার কারণ
১। শিক্ষণ ও উৎপাদন কেন্দ্র (Training-cum Production Centre)	৫,১৩৩	একটি নূতন শিক্ষণ ও উৎপাদন কেন্দ্র স্থাপন করিবার সময় পিছাইয়া যাওয়ায় উক্ত ব্যয় হয় নাই।
২। ফলাফল প্রদর্শন (Result Demonstration)	৫৫৭	উপযুক্ত সংখ্যক কর্মচারীর অভাবে প্রদর্শনীর সংখ্যা কম হওয়ায় এই অর্থ ব্যয় হয় নাই।
৩। বিবিধ কৃষি প্রকল্প (Miscellaneous Agricultural Schemes)	৬১৫	এই প্রকল্পে প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহকারী প্রতিষ্ঠানগুলি হইতে যথাসময়ে তাহাদের বিল না পাওয়ায় উক্ত সময়ে এই অর্থ ব্যয় করা সম্ভব হয় না।

Donation of Blood to the Calcutta Blood Bank

101. (Admitted question No. 366.) **Shri Surendra Nath Mahato:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) কলিকাতা ব্লাড ব্যাঙ্কে গত জানুয়ারী মাস হইতে আজ পর্যন্ত কত জনের নিকট হইতে রক্ত পাওয়া গিয়াছে;

(খ) উক্ত সময় মধ্যে কতজন কত রক্ত বিনা মূল্যে ও কতজন কত রক্ত মূল্য লইয়া দান করিয়াছেন;

(গ) যাহারা মূল্য লইয়া রক্ত দান করেন তাহারা কি হারে মূল্য পান; এবং

(ঘ) বিনা মূল্যে দানকারীদের শারীরিক দুর্বলতা রোধের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেন?

The Minister for Health:

(ক) ১লা জানুয়ারী হইতে ২৭এ অক্টোবর পর্যন্ত মোট ২২,৭৮৮ জনের নিকট হইতে রক্ত পাওয়া গিয়াছে।

(খ) বিনামূল্যে ৪,৩৯৪ জন ১,০৯৮·৫ লিটার রক্ত এবং মূল্য লইয়া ১৮,৩৯৪ জন ৪,৫৯৮·৫ লিটার রক্ত দান করিয়াছেন।

(গ) প্রতি রক্তদানকারীকে নগদ ১০ টাকা এবং ১ টাকা মূল্যের খাদ্য দেওয়া হয়।

(ঘ) রক্ত গ্রহণের পূর্বে দাতার রক্তদানের ক্ষমতা উপযুক্ত ভাবে পরীক্ষা করা হয় এবং কেবল সুস্থ দেহ দাতাগণের নিকট হইতেই রক্ত গ্রহণ করা হয়। এই ব্যবস্থার ফলে স্বাস্থ্যের কোন ক্ষতি হইবার সম্ভাবনা নাই।

Surrender of sanctioned money from Jhargram Block, Midnapur

102. (Admitted question No. 369.) **Shri Surendra Nath Mahato:** কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম ব্লকের বিভিন্ন খাতে মঞ্জুরীকৃত টাকা গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের আর্থিক বৎসরের মধ্যে খরচ করিতে না পারায় ফেরৎ দেওয়া হইয়াছে ;

(খ) সত্য হইলে, কোন্ বৎসর কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করা হয় নাই; এবং

(গ) ঐগুলি খরচ না হওয়ার কারণ কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ঝাড়গ্রাম ব্লকে ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে সমষ্টি উন্নয়ন খাতে মঞ্জুরীকৃত অর্থের সামান্য অংশ ঐ বৎসরের মধ্যে ব্যয় হয় নাই।

১৯৬৪-৬৫ সালে এই ব্লকটি দ্বিতীয় পর্যায়োত্তর ব্লকে পরিণত হওয়ায় ঐ বৎসরে ঝাড়গ্রাম ব্লকের সমষ্টি উন্নয়ন প্রকল্পে অর্থ মঞ্জুরী বা ব্যয়ের প্রশ্ন উঠে না।

(খ) ও (গ) একটি বিবৃতি নিম্নে প্রদত্ত হইল।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of un-tarr d question No. 102

ঝাড়গ্রাম ব্লকে ১৯৬৩-৬৪ আর্থিক বৎসরে বিভিন্ন উন্নয়ন প্রকল্পে ব্যয় না হওয়া অর্থের পরিমাণ ও তাহার কারণ

প্রকল্প	অর্থের পরিমাণ (টাকা)	অর্থ ব্যয় না হওয়ার কারণ
১। বিবিধ কৃষি প্রকল্প (Miscellaneous Agricultural Schemes.)	৫৪৲	২১,৩৮৬৲ আবণ্টনের তুলনায় উদ্বৃত্ত অতি সামান্য।
২। শিক্ষণ ও উৎপাদন কেন্দ্র (Training-cum-Production Centre.)	১১৬৲	
৩। গ্রামীন পানীয় জল সরবরাহ ও অনাময় ব্যবস্থা। Sanitation including Rural (Water Supply.)	১৫,৪৮৮৲	যে সমস্ত বেসরকারী প্রতিষ্ঠান এই প্রকল্পগুলি কার্যকরী করিবার দায়িত্ব গ্রহণ করিয়াছিলেন তাঁহারা তাঁহাদের অক্ষমতা জানাইবার দরুন এই প্রকল্পগুলি বাতিল হয়। সংশ্লিষ্ট বরাদ্দ অর্থ অন্য কোন প্রকল্পে ব্যয় করার মত সময় ছিল না।

Bridge in mouza Rangium at Gopiballavpur-Nayagram Road, Midnapur

103. (Admitted question No. 375.) **Shri Surendra Nath Mahato:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর নয়াগ্রাম রাস্তার রাঙ্গিয়াম নামক মৌজার পুল নির্মাণকল্পে নূতন ঠিকাদার নিযুক্ত হইয়াছে।

(খ) সত্য হইলে উক্ত পুল নির্মাণ কার্য কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(গ) পুল নির্মাণ কার্য কবে শেষ হইবে?

The Minister for Public Works (Roads):

(ক) না। তবে পুলের টেন্ডার গ্রহণ করিবার জন্য ব্যবস্থাদি অবলম্বন করা হইয়াছে।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) ১৯৬৬ সাল নাগাদ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

Subdivisional Hospital at Faijibagh, Murshidabad

104. (Admitted question No. 417.) **Shri Birendra Narayan Ray:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলার মুর্শিদাবাদ শহরের ফৈজীবাগে মহকুমা হাসপাতালটির নির্মাণ কার্য কতদূর হইয়াছে ; এবং

(খ) কি নাগাদ ঐ হাসপাতালটি চালু হইবে?

The Minister for Health:

(ক) নির্মাণ কার্য এখনও আরম্ভ হয় নাই।

(খ) এখন সঠিক বলা সম্ভব নহে।

Blood Donation Centres in Mofussil areas

105. (Admitted question No. 450.) **Shri Sudhir Chandra Das:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মফঃস্বল এলাকায় রক্ত দান কেন্দ্র খুলিবার কোন পরিকল্পনা গৃহীত হইয়াছে কি না ;

(খ) উত্তর হ্যাঁ হইলে, কোথায় কোথায় ঐ কেন্দ্র খোলা হইবে ; এবং

(গ) বর্তমানে কোন্ কোন্ স্থানে রক্তদান কেন্দ্র চালু আছে?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) প্রত্যেক জিলায় জিলা হাসপাতালে রক্ত দান কেন্দ্র খুলিবার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন। এ ছাড়া প্রয়োজন মত মহকুমা ও অন্যান্য হাসপাতালেও ঐরূপ কেন্দ্র খোলা হইবে।

(গ) কলিকাতার কেন্দ্রীয় ব্লাড ব্যাঙ্ক হইতে ভ্রাম্যমাণ দল (মোবাইল ইউনিট) পাঠাইয়া রক্ত সংগ্রহের ব্যবস্থাও আছে।

(গ) বর্তমানে নিম্নলিখিত স্থান সমূহে রক্তদান কেন্দ্র চালু আছেঃ—

১। বিজয়চাঁদ হাসপাতাল, বর্ধমান।
২। বাঁকুড়া জিলা হাসপাতাল।
৩। রাও জে, এন, রায় হাসপাতাল, বহরমপুর।
৪। মেদিনীপুর জিলা হাসপাতাল।
৫। মালদহ জিলা হাসপাতাল।
৬। কুচবিহার এস, জে, এন, হাসপাতাল।
৭। জলপাইগুড়ি জেনারেল হাসপাতাল।
৮। দার্জিলিং ভিক্টোরিয়া হাসপাতাল।
৯। হুগলী জিলা হাসপাতাল।
১০। নদীয়া জিলা হাসপাতাল।
১১। কাঁচড়াপাড়া যক্ষ্মা হাসপাতাল।
১২। কে, এস, রায় যক্ষ্মা হাসপাতাল, যাদবপুর।

Mashaga Lock Gate

106. (Admitted question No. 452.) **Shri Sudhir Chandra Das:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) কাঁথি বেসিন পরিকল্পনার অন্তর্ভুক্ত মশাগাঁ লকগেট সম্পর্কে প্ল্যান ও এস্টিমেট হইয়াছে কিনা;

(খ) উত্তর হ্যাঁ হইলে ঐ লকগেটের জন্য কত টাকা বরাদ্দ হইয়াছে; এবং

(গ) উত্তর হ্যাঁ হইলে প্ল্যান ও এষ্টিমেট প্রস্তুত কবে হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) লকগেটের বিশদ প্রাককলন ও নক্সা এখনও তৈয়ারী হয় নাই।

(খ) ঐ লকগেটের জন্য অনুমোদিত প্রকল্পে মোট ৬,০০,০০০ টাকা বরাদ্দ আছে।

(গ) আগামী ৬ মাসের মধ্যেই হইবে বলিয়া আশা করা যায়।

Kumurudwip Sluice Gate

107. (Admitted question No. 453.) **Shri Sudhir Chandra Das:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) কাঁথি বেসিন পরিকল্পনার অন্তর্ভুক্ত কাঁথি সহরস্থ কুমুরদ্বীপ স্লুইসটির নির্মাণের স্থান নির্বাচন কার্য শেষ হইয়াছে কিনা;

(খ) উত্তর হ্যাঁ হইলে, ঐ স্থানটি কোথায় এবং স্লুইসটির কার্য কবে আরম্ভ হইবে;

(গ) স্লুইসটির প্ল্যান ও এষ্টিমেট মঞ্জুর হইয়াছে কিনা; এবং

(ঘ) মোট কত টাকা ঐ স্লুইসটির নির্মাণের জন্য মঞ্জুর হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) না, তবে শীঘ্রই হইবে।

(খ) সঠিকস্থান বর্তমানে বলা সম্ভব নহে। নির্মাণ কার্য আগামী বৎসরের প্রথম দিকে আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) এখনও হয় নাই।

(ঘ) বর্তমানে বলা সম্ভব নহে। তবে অনুমোদিত প্রকল্পে স্লুইসটির জন্য ২,৭০,০০০ টাকা বরাদ্দ ধরা আছে।

Kerosene Oil

108. (Admitted question No. 459.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

পশ্চিমবঙ্গে কেরোসিন তৈল যাহাতে জনসাধারণ ন্যায্য মূল্যে সহজে পাইতে পারে তাহার জন্য কি ব্যবস্থা লওয়া হইতেছে?

The Minister for Food and Supplies:

সাম্প্রতিক ভারত ও পাকিস্তান সংঘর্ষের দরুন প্রচুর পরিমাণ কেরোসিন প্রতিরক্ষার কাজে ব্যবহৃত হইতেছে। ইহাই বর্তমানে এই রাজ্যে কেরোসিনের সাময়িক ঘাটতি এবং তজ্জনিত মূল্য বৃদ্ধির কারণ। ইহার প্রতিকারের উদ্দেশ্যে রাজ্যের সর্বত্র সরবরাহ যথা সম্ভব বজায় রাখিবার জন্য তৈল কোম্পানীগুলিকে পরামর্শ দেওয়া হইতেছে। মূল্য বৃদ্ধি রোধ করিবার জন্য রাজ্য সরকার এই রাজ্যে পৃথক ভাবে কেরোসিনের মূল্য বাঁধিয়া দিবার এবং রাজ্যের জন্য একটি সুষ্ঠু বণ্টন ব্যবস্থা চালু করিবার কথা বিবেচনা করিতেছেন। এই উভয় বিষয় সম্পর্কে রাজ্য সরকার ভারত সরকারের সহিত পরামর্শ করিতেছেন।

ইতিমধ্যে কেরোসিনের সরবরাহ বৃদ্ধি করিবার জন্য ভারত সরকার রন্ধন ও আলো জ্বালানো ব্যতীত কেরোসিনের অন্যপ্রকার ব্যবহার নিষিদ্ধ করিয়া দিয়াছেন।

Registered Co-operative Societies

109. (Admitted question No. 460.) **Shri Sanat Kumar Raha:** সমবায় বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কতগুলি সমবায় সমিতি রেজিস্ট্রীকৃত আছে; এবং

(খ) তাহার মধ্যে কতগুলি লোকসানে চলছে এবং কতগুলি লাভজনক অবস্থায় আছে?

The Minister for Co-operation:

(ক) ১১,৭২৫টি।

(খ) লোকসানে চলছে—৪,৪৮৪টি।
লাভজনক চলছে ১১,০৪৭টি।
আর বিনা লাভ লোকসানে চলছে—৪,১৯৪টি।

মোট—১১,৭২৫টি।

Co-operative Societies in Rural Areas

110. (Admitted question No. 487.) **Shri Sanat Kumar Raha:** সমবায় বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমবায় আওতায় পশ্চিমবঙ্গের কতগুলি গ্রাম অন্তর্ভুক্ত হইয়াছে ;

(খ) ক্রেতা সমবায় ভাণ্ডার পশ্চিমবঙ্গে ১৯৬৩, ১৯৬৪ ও ১৯৬৫ সালে বর্তমান সময় পর্যন্ত কয়টি কমিটি প্রতিষ্ঠিত হয় এবং তাহার মধ্যে পাইকারী ও প্রাথমিক কয়টি?

The Minister for Co-operation:

(ক) ২৬,২৪১

(খ)

পাইকারী সমিতির সংখ্যা		প্রাথমিক সমিতির বিবরণ
৩০-৬-৬৩ পর্যন্ত	৪	৬০৫
৩০-৬-৬৪ পর্যন্ত	১১	৯৮৩
৩০-৬-৬৫ পর্যন্ত	২১	১,২১৮

Civil Defence

111. (Admitted question No. 515.) **Shri Kashi Kanta Maitra:** স্বরাষ্ট্র (প্রশাসনিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের সীমান্ত জেলাগুলিতে বে-সামরিক প্রতিরক্ষার কি কি ব্যবস্থা অবলম্বিত হয়েছে ;

(খ) সীমান্ত জেলার সীমান্তবর্তী সহরগুলিতে বিমান আক্রমণ থেকে রক্ষার নিমিত্ত কি কি ব্যবস্থা এ পর্যন্ত গ্রহণ করা হয়েছে এবং ভবিষ্যতের কোন পরিকল্পনা আছে কিনা ;

(গ) এইরূপ পরিকল্পনা থাকলে তার বিবরণ ও অর্থ বরাদ্দের পরিমাণ; এবং

(ঘ) বে-সামরিক প্রতিরক্ষা ব্যবস্থাকে জোরদার করার জন্য সর্বদলীয় কমিটি বা সর্বদলীয় সহযোগিতার কোন ব্যবস্থা করা হয়েছে কিনা?

The Minister for Home (Civil Defence):

(ক) ও (খ) দার্জিলিং, জলপাইগুড়ি, কুচবিহার, পশ্চিম দিনাজপুর, মালদহ, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪ পরগণা, এই সকল সীমান্তবর্তী জেলাগুলিতে বে-সামরিক প্রতিরক্ষা ব্যবস্থা গড়িয়া তুলিবার জন্য সরকার সচেষ্ট আছেন। সীমান্তের কয়েকটি গুরুত্বপূর্ণ সহরে ও গ্রামাঞ্চলে প্রথমে এই ব্যবস্থা গড়িয়া তুলিবার প্রয়াস করা হইতেছে। কিন্তু পুরাপুরি বে-সামরিক প্রতিরক্ষা ব্যবস্থা গড়িয়া তুলিতে হইলে, ভারত সরকারের অনুমোদন প্রয়োজন। এই অনুমোদন পাওয়ার জন্য একটি পূর্ণাঙ্গ পরিকল্পনা রচনা করিয়া ভারত সরকারের কাছে পেশ করিবার ব্যবস্থা হইতেছে। এই অনুমোদন পাওয়ার আগেই এই স্থানগুলিতে প্রাথমিক শুশ্রূষা, উদ্ধারকার্য, অগ্নি নির্বাপণ, ইত্যাদি বে-সামরিক প্রতিরক্ষা কার্যের জন্য স্বেচ্ছাসেবক সংগ্রহ ও তাহাদের শিক্ষণ ব্যবস্থা এবং অন্যান্য প্রয়োজনীয় প্রাথমিক ব্যবস্থা অবলম্বন করা হইতেছে। এ বিষয়ে সীমান্তবর্তী জেলাগুলির শাসকদের প্রতি নির্দেশ দেওয়া হইয়াছে।

(গ) পরিকল্পনার পূর্ণরূপ গ্রহণ করিলে অর্থ বরাদ্দের হিসাব এবং পূর্ণ বিবরণ দেওয়া যাইবে।

(ঘ) বে-সামরিক প্রতিরক্ষার বিষয়ে সকল দলেরই সহযোগিতা লওয়া হয়।

Sitalpati

112. (Admitted question No. 526.) **Shri Kashi Kanta Maitra:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগরের কালিনগর অঞ্চলে শীতলপাটি শিল্পকে গড়ে তোলার জন্য শীতলপাটি নির্মাণ সমিতির উদ্যোক্তাদের কোনরূপ সরকারী অর্থসাহায্য করা হয়েছে কিনা; এবং

(খ) করা না হয়ে থাকলে তার কারণ কি?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) না।

(খ) সরকারী সাহায্যের জন্য কোন আবেদনপত্র পশ্চিমবঙ্গ শিল্পাধিকারে আসে নাই।

Outbreak of Cholera in Cooch Behar and Jalpaiguri Districts

113. (Admitted question No. 562.) **Shri Amarendra Nath Roy Prodhan:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত মে ও জুন মাসে কোচবিহার এবং জলপাইগুড়ি জেলায় কলেরা মহামারী আকারে দেখা দিয়েছিল; এবং

(খ) মহামারীতে কোচবিহার এবং জলপাইগুড়ি জেলায় কতজন আক্রান্ত হইয়াছিল এবং কতজন মারা গিয়াছিল?

The Minister for Health:

(ক) গত মে, জুন ও জুলাই মাসে কোচবিহার জেলায় কলেরা রোগ বিক্ষিপ্তভাবে এবং জলপাইগুড়ি জেলায় মহামারী আকারে দেখা দিয়াছিল, তবে যথাসময়ে চিকিৎসার সুবন্দোবস্ত করায় অতি অল্পকালের মধ্যেই ঐ রোগ উক্ত এলাকাগুলি হইতে সম্পূর্ণরূপে বিতাড়িত হয়।

(খ) উক্ত সময়ে কোচবিহার এবং জলপাইগুড়ি জেলায় কলেরা রোগাক্রান্ত এবং মৃত ব্যক্তির সংখ্যা নিম্নে প্রদত্ত হইল—

জেলার নাম	আক্রমণের সংখ্যা	মৃত্যুর সংখ্যা
(১) কোচবিহার	১৬৬	৮৮
(২) জলপাইগুড়ি	১,০২০	২৪৯

Agricultural Income Tax

114. (Admitted question No. 589.) **Shri Sanat Kumar Raha:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পশ্চিমবঙ্গে কৃষি আয়কর কত জন দেন ;

(২) মোট কত পরিমাণ বার্ষিক দেয় ; এবং

(৩) কত গত তিন বছরে আদায় হইয়াছে?

The Minister for Finance:

(ক) (১) প্রায় ১৯,০০০ জন কৃষি আয়কর দেন।

(২) গত তিন বৎসরে কৃষি আয়করের নির্ধারিত দাবীর (ডিমান্ড) হিসাব নিম্নে দেওয়া হইল।

আর্থিক বৎসর	কৃষি আয়করের দাবীর পরিমাণ (হাজার একক হিসাবে) টাকা
১৯৬২-৬৩	১,৪১,০১
১৯৬৩-৬৪	৮৯,০৫
১৯৬৪-৬৫	৯২,৭০

(৩) আর্থিক বৎসর অনুযায়ী হিসাব রাখা হয়। গত তিন বৎসরের কৃষি আয়কর আদায়ের হিসাব নিম্নে প্রদত্ত হইল।

আর্থিক বৎসর	কৃষি আয়করের পরিমাণ (হাজার একক হিসাবে) টাকা
১৯৬২-৬৩	৮৯,৮৪
১৯৬৩-৬৪	৭৯,৭৮
১৯৬৪-৬৫	৮৩,১৫

Inclusion of Nadia District within the Civil Defence area

115. (Admitted question No. 597.) **Shri Cour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Home (Civil Defence) Department be pleased to state—

(a) Whether it is a fact that the District of Nadia has not been included within the Civil Defence area; and

(b) if so, the reasons therefor?

The Minister for Home (Civil Defence):

(a) Yes.

(b) The Government of India decide, after taking various factors into consideration, which places should be declared as Civil Defence areas. They have not included any place in the Nadia district in the list of Civil Defence area.

Erosion of the Hooghly river at Gaurhati

116. (Admitted question No. 606.) **Shri Bhabani Mukhopadhyay:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন অন্তর্গত গৌরহাটি এলাকায় হুগলী নদীর ভাঙ্গন রোধের জন্য কোন পরিকল্পনা রচিত হইয়াছে কি ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে কখন উহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Irrigation and Waterways:

(ক) একটি প্রকল্প প্রস্তুত হইয়াছে কিন্তু উহার চূড়ান্ত রূপায়ণ এখনও হয় নাই।

(খ) উক্ত (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

Agricultural income-tax

117. (Admitted question No. 617.) **Shri Nikhil Das:**

অর্থ বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কৃষি আয়কর বাবদ কত টাকা সরকারের পাওনা ছিল এবং তাহার মধ্যে কত টাকা আদায় হইয়াছে?

The Minister for Finance:

গত তিন বৎসরের কৃষি আয়কর পাওনার এবং আদায়ের হিসাব সংশ্লিষ্ট বিবরণীতে দেওয়া হইল।

Statement referred to in reply to unstarared question No. 117.

(হাজার একক হিসাবে)

আর্থিক বৎসর	বকেয়া পাওনা (বৎসরের প্রারম্ভে) (টাকা)	দাবীর (demand) পরিমান (টাকা)	চৌজারী বহির্ভূত আপোষ সমন্বয় (টাকা)	নির্ধারীদের (assessee) নিকট হইতে মোট পাওনা (টাকা)	কৃষি আয়কর আদায়ের পরিমাণ (টাকা)
১৯৬২-৬৩	১,১৪,২৮	১,৪১,০১	(-) ৮৪,৩৮	১,৭০,৪১	৮৯,৪৪
১৯৬৩-৬৪	১,০৯,০৬	৮৯,০৫	(-) ৩২,৮৩	১,৬৫,২৮	৭৯,৭৮
১৯৬৪-৬৫	১,০৬,৩০	৯২,৭০	(-) ৩০,৬৯	১,৬৮,৩০	৮৩,১৫

Office building for Calsi Development Block II, Burdwan

118. (Admitted question No. 653.) **Shri Aswini Roy:**
কৃষ্টি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলার গলসী ২নং উন্নয়ন ব্লকের কোনও আবাসগৃহ নাই ;

(খ) সত্য হইলে মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—উক্ত আবাসগৃহ নির্মাণের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কিনা এবং করিলে তাহা কোথায় এবং কতদিনের মধ্যে হইবে বলিয়া আশা করা যায়?

The Minister of State for Agriculture and Community Development:
(ক) হ্যাঁ।

(খ) আবাসগৃহ নির্মাণের জন্য এখনও কোন জমি পাওয়া যায় নাই। জমির জন্য চেষ্টা চলিতেছে, জমি পাওয়া গেলেই আবাস গৃহ তৈরীর ব্যবস্থা করা যাইবে।

Potable Water Supply Scheemes for Contai subdivision

119. (Admitted question No. 456.) **Shri Sudhir Chandra Das:**
স্বাস্থ্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কাঁথি থানার যে সকল এলাকায় লোনা মাটির স্তর থাকায় নলকূপ খনন সম্ভব হয় নাই সেই সকল এলাকায় পানীয় জল সরবরাহের জন্য নূতন পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে ; এবং

(খ) ইহা সত্য হইলে সেই পরিকল্পনা কি ; এবং কোন্ কোন্ এলাকা ঐ পরিকল্পনার অন্তর্ভুক্ত হইয়াছে?

The Minister for Health:

(ক) ও (খ) কাঁথি মহকুমার লোনা মাটির অঞ্চলগুলিতে পানীয় জল সরবরাহের জন্য আনুমানিক মোট ৪৭·২৫ লক্ষ টাকা ব্যয়ে একটি পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম প্রস্তুত করা হইয়াছে। এবং বর্তমানে উহা সরকারের বিবেচনাধীন আছে। এই পরিকল্পনার অন্তর্ভুক্ত গ্রামগুলির বিবরণী লাইব্রেরী টেবিলে স্থাপিত হইল।

Supersession of Krishnagar Municipality

120. (Admitted question No. 496.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) The reasons for superseding the Krishnagar Municipality;

(b) If before taking recourse to the relevant provisions of the Bengal Municipal Act for superseding the newly elected Board, the State Government intimated to the Board of the charges framed against it and gave it an opportunity to explain its own position vis-a-vis the allegations; and

(c) If not the reasons thereof?

The Minister for Local Self-Government: (a) The reasons for superseding the Krishnagar Municipality are given in Government Resolution No. 6210/MIM-162/65, dated the 13th September 1965, published in the "Calcutta Gazette, Extraordinary" dated the 14th September, 1965, a copy of which is laid on the Library table.

(b) No.

(c) There is no provision in the Bengal Municipal Act, 1932, under which, before having recourse to the relevant provision for superseding a Municipal Board, the charges should be brought to the notice of the Municipal Board. All the allegations are question of fact and are on record.

Adjournment motion

Mr. Speaker: I have received one notice of adjournment motion from Shri Sunil Das Gupta and 5 others on the subject of near famine condition in Cooch Behar district. I have withheld my consent.

Shri Sunil Das Cupta:

মাননীয় স্পীকার স্যার, আমি অনুরোধ করবো যে আপনি আমাদের মুলতুবী প্রস্তাব উত্থাপন করবার অনুমতি দিন। আমি যেটা এই প্রস্তাবে বলতে চেয়েছি সেটা হল কুচবিহার জেলায় বর্তমানে চাল বিক্রি হচ্ছে ১১০ টাকায়। এবং সরকার থেকে সীদ্ধান্ত নেওয়া হয়েছে যে ১৪ নভেম্বর থেকে সংশোধিত রেশন যেটা ১২ শত গ্রাম করে সেটা বন্ধ করে দেওয়া হবে। কুচবিহার চালের অবস্থা খারাপ সেখানে কলকাতা থেকে চাল পাঠাতে হবে। সুতরাং আমি অনুরোধ করবো আপনি এটা আলোচনা করবার সুযোগ দিন।

Mr. Speaker:

আপনি বলেছেন আপনি সার্টেনলি এ্যাটেনসন ড্র করতে পারেন, আমি আপনাকে বারন করবো না, তবে আমি এ্যাডজোর্নমেণ্ট মোশান কনসেণ্ট উইথহেল্ড করেছি। চালের দাম যদি বাড়ে তাহলে আপনি সে বিষয়ে মন্ত্রীর এ্যাটেনসান ড্র করতে পারেন আমি তা আপনাকে বারন করবো না, আপনি মিনিষ্টারের এ্যাটেনসান নিশ্চয়ই ড্র করতে পারেন।

I have always given you every opportunity to do this on urgent matters.

Shri Kamal Kanti Guha:

ব্যাপার হচ্ছে গত সপ্তাহে আলোচনা হয়েছে মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন যে বাংলাদেশের লোককে তিনি খাইয়ে রাখবেন কিন্তু খবর এসেছে যে কুচবিহারের রেশন বন্ধ হয়ে যাবে। সহরে এবং গ্রামে ভয়াবহ অবস্থা চলেছে। মাননীয় মন্ত্রীমহাশয় উপস্থিত আছেন, তাঁরা পরিষ্কার করে বলুন কারণ আমাদের এখানে ডিসেম্বরে ধান ওঠে কিন্তু উত্তরবঙ্গে দেরীতে ধান উঠে। এ অবস্থায় যদি চাল বন্ধ করে দেন তাহলে ভীষণ অবস্থার সৃষ্টি হবে। আমি পরিষ্কারভাবে জানতে চাই যতক্ষণ না পর্যন্ত নূতন ধান উঠছে ততক্ষণ পর্যন্ত তাঁরা রেশন দেবেন কিনা? আমি তাঁদের কাছে এই এ্যাসিওরেন্স চাই।

Shri Manoranjan Roy:

৮ দিনের মধ্যে চাল আসবে ভারতবর্ষে এবং বাংলাদেশে সেই চাল আসবে। কিন্তু আজকে খবর এসেছে কুচবিহার থেকে যে আগামী মঙ্গলবার থেকে সেখানে রেশন উঠে যাবে। এম-আর শপে যে চাল পাওয়া যেত তা আর পাওয়া যাবে না সেইজন্য এই এ্যাডজোর্নমেণ্ট মোশান এনেছি। মন্ত্রীমহাশয় আমাদের গ্যারাণ্টি দিন যে এটা হবে না।

Shri Hemanta Kumar Basu:

Sir, it is an urgent matter

অবস্থা অত্যন্ত গুরুতর আগামী ১৪ তারিখ থেকে সেখানে রেশন বন্ধ হয়ে যাবে সুতরাং [illegible] আমাদের বলুন যে এটা বন্ধ হবে না সেখানে ডিসেম্বর পর্যন্ত এম-আর শপে রেশন দেওয়া হবে যতক্ষণ পর্যন্ত না নূতন ধান উঠে।

Mr. Speaker:

[illegible] এ বিষয়ে কিছু বলবার থাকলে বলতে পারেন।

Shri Khagendra Nath Das Gupta:

১৪ তারিখ থেকে রেশন অর্থাৎ মডিফায়েড রেশনিং বন্ধ করা হবে এরূপ কোন নোটীশ দেওয়া হয় নি।

(নয়েজ)

Shri Hemanta Kumar Basu:

খগেনবাবু হয়ত জানেন না ম্যাজিস্ট্রেট বলেছে এরূপ সংবাদ আমাদের কাছে এসেছে। মাননীয় মন্ত্রীমহাশয় বলুন যে তিনি এটা দেখবেন এবং ঐ এম-আর শপ যাতে চালু থাকে সেটা তিনি দেখবেন। আমি খগেনবাবুকে এটাই বলতে বলছি।

Shri Khagendra Nath Das Gupta:

ম্যাজিস্ট্রেট বলেছে বলে জানা নেই, খোঁজ করে দেখবো এবং তারপর ব্যবস্থা যা হয় করবো।

(নয়েজ)

[2-10—2-20 p.m.]

Shri Kamal Kanti Guha:

যদি ১৪ই নভেম্বর তারিখ থেকে বন্ধ হয়ে যায়, তাহলে ওঁরা এম-আর শপ সেখানে চালু রাখবেন, এইটুকু আশ্বাস ওঁরা দিন। উনি বোধহয় জানেন না যে ওখানে ম্যাজিস্ট্রেট, এস-ডি-ও, তাঁরা, এম-আর শপ-এর ডিলারদের জানিয়ে দিয়েছেন যে ফ্রম ১৫ই নভেম্বর এটা বন্ধ হয়ে যাচ্ছে। ১৪ই নভেম্বর পর্যন্ত এটা চলবে, কারণ ১৫ই নভেম্বর থেকে এটা বন্ধ হয়ে যাচ্ছে।

উনি বলছেন জানেন না। কেবিনেট যদি এটা না জানেন, তাহলে অন্ততঃ এইটুকু আশ্বাস উনি দিন যে ১৪ই তারিখ যদি বন্ধ হয়ে যায়, তাহলে সেটা ওঁরা কেবিনেট করবেন আপ টু ডিসেম্বর পর্যন্ত, যতক্ষণ পর্যন্ত না নূতন ধান ওঠে। এ কথাটা উনি পরিষ্কার করে বলুন।

Shri Nikhil Das:

আমার কথাটা অত্যন্ত সোজা। এইমাত্র খগেনবাবু বললেন যে এইরকম কোন নির্দেশ দেওয়া হয়েছে বলে উনি জানেন না। ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি এই নির্দেশ দিয়ে থাকেন, তাহলে এটা সরকার জানেন না। সরকার যদি মনে করেন, যেটা উনি বললেন, যে মডিফায়েড রেশনিং তোলা হবে না, তাহলে কেন উনি এই কথাটা বলতে পারছেন না, যে যদি ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এই অর্ডার দিয়ে থাকেন, তাহলে ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বলে দেবেন সে অর্ডার-টা নাকোচ করে দেবার জন্য। এইটুকুত ডিমান্ড আমাদের। এখন ধান উঠছে না, চাল সেখানে নেই, এবং চালের দাম সেখানে ১১০ টাকা হয়েছে, এই অবস্থায়, সেখানে যদি মডিফায়েড রেশনিং বন্ধ হয়ে যায়, ১৪ই তারিখে উঠে যায়, তাহলে সেখানকার লোকেরা অনাহারে মারা যাব।

সুতরাং এই কথাটা উনি কেন বলতে পারছেন না, যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যদি এই অর্ডার দিয়ে থাকেন, সেই অর্ডার নাকোচ হয়ে যাবে, ওঁরা যেটা বন্ধ করে দেবেন। এইটুকু আশ্বাস উনি দিন, এইটুকু উনি বলুন।

Shri Khagendra Nath Das Gupta:

আমিত বললাম যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এই রকম নোটীশ দিতে পারেন না, যে ১৫টিন্থ নভেম্বর থেকে মডিফায়েড রেশনিং সেখানে বন্ধ হয়ে যাবে। যদি এই রকম কোন নোটীশ দিয়ে থাকেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, বা ডেপুটি কমিশনার, আমরা খোঁজ করবো, এবং খোঁজ করে যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করবো।

(Noise)

Shri Sunil Das Gupta:

মিঃ স্পীকার স্যার, আমি বলছি যে কুচবিহারে এম-আর শপ-এ চাল বা গম দেবার মত কোন স্টক সেখানে নেই। সেই স্টক যদি বাইরে থেকে পাঠান না হয়, তাহলে সেই সব এলাকার এম-আর শপগুলি একেবারে বন্ধ হয়ে যাবে। সুতরাং মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছ থেকে আমরা আশ্বাস চাই যে বাইরে থেকে ইমিডিয়েটলি কুচবিহারে চাল এবং গম পাঠাতে হবে, যাতে এম-আর-এ চাল এবং গম দেওয়া যায়। এইটুকু খগেনবাবু পরিষ্কার করে বলুন।

(Noise)

Shri Kamal Kanti Guha:

উনি স্যার, চাতুরীর আশ্রয় নিচ্ছেন। উনি পরিষ্কার ভাবে বলুন যে যদি ১৪ই তারিখে ম্যাজিস্ট্রেট সেখানে রেশনিং বন্ধ করে দেন, তাহলে ওঁনারা সেখানে রেশনিং চালু করার অর্ডার দেবেন কিনা? "যথাবিহিত" বলে উনি চাতুরীর আশ্রয় নিচ্ছেন, এবং উনি জানেন সে কথা পরিষ্কার হয়ে গিয়েছে আমাদের কাছে। উনি পরিষ্কার ভাবে বলুন যে যদি ম্যাজিস্ট্রেট বন্ধ করে দেন, তাহলে সেখানে এম-আর শপ খোলা থাকবে। এইটুকু বলার সংসাহস খগেনবাবুর হচ্ছে না কেন? উনি কেন বলছেন 'যথারীতি'। গভর্ণমেণ্ট 'যথারীতি' কথাটা আমরা অনেক দিন ধরে শুনে আসছি। এটা একটা ইয়ে স্যার, এমন একটা কথা, যে কথার মাধ্যমে ওঁনারা বেরিয়ে যেতে পারেন। কাজেই আমরা পরিষ্কার জানতে চাচ্ছি যে সেখানে ওঁনারা খাদ্য বিলির ব্যবস্থা রাখবেন কিনা, যতদিন না নূতন ধান ওঠে। এ কথাটা আমরা পরিষ্কার ভাবে জানতে চাচ্ছি যে সেখানে তাঁরা এম-আর শপ চালু রাখবেন কিনা?

Shri Jiban Krishna Dey:

সমস্ত জেলাতে এস-ডি-ও কমিউনিকেট করে দিয়েছেন যে ১৪ই নভেম্বর থেকে সেখানে আর, এম-আর থাকবে না। সুতরাং এখনই সেখানে চাল ও গম পাঠানর ব্যবস্থা করতে হবে। তা যদি না করা হয়, তাহলে ১৪ই তারিখের খবর নিয়েত কিছু হবে না। সম্প্রতি সেখানে ভীষণ শিলা বৃষ্টি হয়ে গিয়েছে। সমস্ত জেলাতে শিলাবৃষ্টির ফলে রবিশস্যের যে ব্যবস্থা করা হয়েছিল, তা সমস্ত নষ্ট হয়ে গিয়েছে, আবার নূতন করে অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা দেখা দিয়েছে। এ সম্বন্ধে এখনই যদি স্টেপ না নেওয়া হয়, তাহলে পরে ১৪ই তারিখে খবর নিয়েও কিছু করা যাবে না। এই কথাটা আমরা বলতে চাই—যেটা এখনই বলার সময়। সেখানে এখনই চাল না গেলে, সেখানকার লোককে রক্ষা করা যাবে না। স্যার, আপনি জানেন যে বর্ডার ডিস্ট্রিক্ট এরিয়াতে গত যুদ্ধের সময় যেভাবে গোলাগুলি চলে, তার ফলে কুচবিহার গীতালদহ বর্ডারে ১৫ টাকা, ২০ টাকা করে পাট লোকে বিক্রয় করেছে এবং বহু লোককে চরম দুর্গতি ভোগ করতে হয়েছে, কারণ তাদের উৎপন্ন পাটের ক্রেতা ছিল না। দারুণ দুরবস্থার মধ্যে মানুষ নেমে গিয়েছে। তারপর আবার শিলাবৃষ্টির ফলে সেখানে আরও নূতন করে নানা

সমস্যা দেখা দিয়েছে। লোকের ঘরে চাল নেই। সুতরাং ১৪ই তারিখ পর্যন্ত চুপ করে, বসে থাকলে চলবে না, এখনই এর ব্যবস্থা করতে হবে। আমরা জানতে চাই, সেখানে চাল পাঠাবার জন্য সরকার এখনই স্টেপ নিচ্ছেন কিনা? এ সম্বন্ধে সরকারের কি বক্তব্য, সেটা উনি পরিষ্কার করে বলুন।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আগামী ১৪ই নভেম্বর থেকে মডিফায়েড রেশনিং বন্ধ হবে বলে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট ওখানে নোটীশ দিয়েছেন। এখান থেকে যদি স্টক পাঠানো না যায়, তাহলে রেশনিং চালু রাখা যাবে না। এজন্য খগেনবাবুর আপত্তি কী বলতে? এখান থেকে স্টক না পাঠানোর ফলে সেখানে রেশন বন্ধ করে দেওয়া হবে বলে নোটীশ দেওয়া হয়েছে। এটা আপনি এনকোয়ারী করে সঙ্গে সঙ্গে সেখানে স্টক পাঠিয়ে দেবেন—এটা আপনি বলুন না? এতে আপত্তি কী? সেখানে চালের দর ১৬০ টাকা, রেশন বন্ধ হলে লোকের অধিকতর দুরবস্থা হবে। সেখানে রেশনিং চালু রাখা দরকার। খগেনবাবু, আপনি বলুন ব্যবস্থা করছেন।

Mr. Speaker:

তিনি তো বলেছেন আমি যথাযথ ব্যবস্থা করবো।

(গোলমাল)

Shri Khagendra Kumar Ray Chowdhury:

যথাযথ কেন? ক্লিয়ার বলুন না ইয়েস অর নো—১৫ই তারিখের পর আর রেশনিং সেখানে কণ্টিনিউ করবেন কিনা?

Shri Khagendra Nath Das Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আবার জানাচ্ছি কোচবিহারে ১৫ই নভেম্বর থেকে রেশনিং বন্ধ হবে এমন কোন ডিরেকসন এখান থেকে যায় নাই। ওয়েস্ট বেংগল গভর্ণমেণ্ট কোচবিহারের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বলেন নি যে মডিফায়েড রেশনিং বন্ধ করে দেও। মাননীয় সদস্য যখন কথাটা তুলেছেন আমি খোঁজ করবো এবং খোঁজ করে যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করবো।

(গোলমাল)

At this stage several members rose to speak.

Mr. Speaker: I cannot allow you all to force him to answer this point.

Shri Kamal Kanti Guha:

আমাদের কাছে কেন উনি ভেগ কথা বলবেন? তিনি পরিষ্কার বলুন রেশনিং কণ্টিনিউ করবে, বন্ধ হবে না।

Mr. Speaker:

উনি তো বলেছেন বন্ধ হয় নাই, যথাযথ ব্যবস্থা করা হবে।

Shri Amarendra Nath Roy Prodhan:

আমরা পরিষ্কারভাবে জানতে চাই—১৫ই নভেম্বরের পর থেকে যতদিন না নূতন ধান ওঠে, ততদিন রেশনিং চালু থাকবে। এর উত্তর তিনি দিন।

Shri Sunil Das Gupta:

খগেনবাবু, আপনি ক্যাটেগরিক্যাল এ্যানসার দিন না যে ১৪ই নভেম্বরের পরেও কোচবিহারে মডিফায়েড রেশনিং চলবে।

(Shri Kamal Kanti Guha rose to speak)

Mr. Speaker: Mr. Guha, if these things continue I will have to warn you.

উনি তো বলেছেন যথাযথ ব্যবস্থা করা হবে। আপনারা যেভাবে বলছেন এরকম পার্লিয়ামেণ্টারী প্রসিডিংস-এ দেখিনি।

[2-20—2-30 p.m.]

Shri Nikhil Das:

তাহলে কি এটাই ধরে নেব ১৫ তারিখ থেকে যদি কুচবিহারের এম-আর শপে চাল না থাকে তাহলে খগেনবাবু রিজাইন করবেন। কারণ তিনি বলছেন চাল পাওয়া যাবে। তিনি পরিষ্কার করে বলুন যে ১৫ই তারিখের পরও কুচবিহারের লোকে চাল পাবে। স্যার, ওনি যেটা বলেছেন যে যথারীতি ব্যবস্থা করা হবে, আমরা অত সব কথার ম্যার প্যাঁচ বুঝি না আমরা সোজা বুঝতে চাই ১৫ই নভেম্বর থেকে লোকে এম-আর শপ থেকে চাল পাবে কিনা, মডিফায়েড রেশনিং কণ্টিনিউ করবে কিনা এটাই হচ্ছে আমাদের ক্যাটিগরিক্যাল প্রশ্ন আমরা ক্যাটিগরিক্যাল রিপ্লাই চাই।

Shri Manoranjan Roy:

স্যার, আমরা বুঝতে পারছি না কুচবিহারের লোকে চাল পাবে কিনা আমরা এইটুকু আশ্বাস চাই, সেটা কেন মন্ত্রীমহাশয় দিতে পারছেন না। আমরা আর কিছু চাই না। এবং ১৫ই নভেম্বর থেকে মডিফায়েড রেশনিং বন্ধ হবে না এইটুকু আশ্বাস চাই।

Mr. Speaker:

তিনি তো বলেছেন যে মডিফায়েড রেশনিং বন্ধ হবে না।

Shri Manoranjan Roy:

সেইটুকুই আমরা তার কাছে জানতে চাই। খগেনবাবু কেন বলছেন না যে রেশনিং বন্ধ হবে না।

Shri Khagendra Nath Das Gupta:

আমি আবারও বলছি এবং পূর্বেও বলেছি যে কুচবিহারে রেশনিং বন্ধ করে দেবার কোন আদেশ এখান থেকে দেওয়া হয়নি। কাজেই ওনারা যে ভয় পাচ্ছেন ১৫ই তারিখে রেশনিং বন্ধ হয়ে যাবে এর মধ্যে কোন যুক্তি নাই। আমরা খোঁজ নেব এবং যদি প্রয়োজন হয় রেশনিং চলবে।

Shri Kamal Kanti Guha:

পরিষ্কার ভাবে জেলা ম্যাজিষ্ট্রেট বলেছেন যে ১৫ই তারিখের পর রেশনিং বন্ধ হয়ে যাবে। জীবনবাবু বলেছেন আজকে কুচবিহারের অবস্থা কি। যুদ্ধ যখন লাগল পাট যা নাকি কৃষকের অর্থকরী ফসল সে পাটের দাম কৃষকেরা পেল না। এবং জমির দামও সেখানে অত্যন্ত বেড়ে গিয়েছে এইরূপ অবস্থায় সেখানে রেশনিং বন্ধ করে দেবার একটা প্রস্তাব রয়েছে। তিনি বলেছেন যদি প্রয়োজন কিন্তু স্যার এটা কে বিচার করবে। স্যার, আজকে কুচবিহার জেলায় খোলা বাজারে চাল নাই, খগেনবাবু কেন বলছেন না নূতন ধান না উঠা পর্যন্ত সেখানকার রেশনিং চালু থাকবে।

Shrimati Abha Maiti:

আমি খবর নিয়েছি মাননীয় স্পীকার মহাশয় যে কুচবিহারে সে রকম কোন আদেশ দেওয়া হয়নি। তিনি প্রয়োজন কথাটা বলতে গিয়ে এই কথাই বলতে চেয়েছেন যে মডিফায়েড রেশনিং শুধু কুচবিহার জেলায় নয় সারা বাংলাদেশে যেখানেই প্রয়োজন হবে সেখানেই চলবে।

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received five notices of Calling Attention on the following subjects, viz:-

1. Arrests to check rise in pricese of foodstuff—by Shri Ananga Mohan Das,
2. Air conditioning Minister's rooms—by Shri Nikhil Das,
3. Lay off in Bengal Jute Mills Ltd., Howrah—by Shri Girija Bhusan Mukherjee,
4. Shifting of some Sub-divisional Compensation offices to Mindapur by Shri Sudhir Chandra Das,
5. T. B. vaccination for the school students—by Shri Sanat Kumar Raha.

I have selected the notice of Shri Girija Bhusan Mukherjee on the subject of lay off in Bengal Jute Mills Ltd., Howrah. The Hon'ble Minister-in-charge will please make a statement today or give a date on which the statement will be made.

Shri Bijoy Singh Nahar:

কালকে বলব।

Amendments to the West Bengal Standards of Weights and Measures (Enforcement) Rules, 1959

Shri Bijoy Singh Nahar: I beg to lay before the Assembly amendments in the West Bengal Standards of Weights and Measures (Enforcement) Rules, 1959.

Reports of the Comptroller and Auditor-General of India on the Accounts of the Electro Medical and Allied Industries Ltd.

Shrimati Purabi Mukhopadhyay: I beg to lay before the Assembly Reports of the Comptroller and Auditor-General of India on the Accounts of the Electro Medical and Allied Industries Ltd., for the years ended June 1962, June 1963, and June 1964, in terms of section 619A(3) of the Companies Act, 1956 (I of 1956) as amended.

Second Annual Report of the West Bengal Small Industries Corporation Limited

Shri Bijoy Singh Nahar: I beg to lay before the Assembly Second Annual Report of the West Bengal Small Industries Corporation Limited for the year ending the 31st March, 1963.

Laying of Order Nos. 1A and 2A of the Delimitation Commission

Shrimati Abha Maiti: I beg to lay on the Table an authentic copy of each of order Nos. 1A and 2A made by the Delimitation Commission under clauses (a) and (b) of section 8 of the Delimitation Commission Act, 1962.

Non-availability of ration cards in the Calcutta Industrial Area

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, কলকাতা সহরে এবং বিধিবদ্ধ রেশনিং এলাকায় গত দুই মাস থেকে রেশন কার্ডের জন্য কোন এ্যাপ্লিকেণ্টকে রেশন কার্ড দেওয়া হচ্ছে না। এখানে বহু লোক বাহির থেকে আসে এবং হোটেলে খায়, চালের এই দুরবস্থার জন্য তাদের ভীষণ অসুবিধা হচ্ছে। স্যার এটা একটা সিরিয়াস প্রবলেম। কারণ বহু লোক এর জন্য না খেয়ে আছে। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই তারা কি এই নীতি গ্রহণ করেছেন যেহেতু চাল তাদের ষ্টকে নাই সেইহেতু তাদের রেশন কার্ড দেওয়া হবে না, তা না হলে লোকে কেন রেশন কার্ড পাচ্ছে না। আমার কাছে স্যার, বহু দরখাস্ত রয়েছে যেগুলি জেনুইন কেস আমরা সারটিফাই করেছি, কাউন্সিলাররা সারটিফাই করেছেন, থানা অফিসার সারটিফাই করেছেন অথচ আজ পর্যন্ত একটি লোকও রেশন কার্ড পায়নি। এই অবস্থা কলকাতা ব্যারাকপুর প্রভৃতি শিল্পাঞ্চলে হয়েছে। এর প্রতিবিধান হওয়া দরকার। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়দের কাছে অনুরোধ করতে চাই এই ব্যাপারে তাঁরা অবিলম্বে তদন্ত করেন এবং একটা বিহিত করেন।

[2-30—2-40 p.m.]

Shri Hemanta Kumar Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এ বিষয়ে কিছু বলতে চাই। কলকাতা সহরে নূতন নূতন লোক যারা আসে তারা রেশন কার্ড পাচ্ছেনা এবং রেশন কার্ড না পেলে তারা খাবে কি করে?

Mr. Speaker:

মিঃ বোস, ওটা আর এক্সপ্লেন করার দরকার নেই। এটা ডিবেটও হচ্ছে না, ডিসকাশনও হচ্ছে না, I mean no rejoinder.
আমি ওঁকে পার্মিশন দিয়েছি এবং উনি বলে দিয়েছেন।

Shri Jiban Krishna Dey:

মিঃ স্পীকার, স্যার, আমার কাছে কতকগুলি চাল আছে, এই চাল হাওড়ার আন্দুলের মডিফায়েড রেশন সপ থেকে দেওয়া হচ্ছে। আপনি দেখলে বুঝতে পারবেন এর মধ্যে চাল একটাও নেই, সমস্ত গুড়ো, ধুলো, ক্ষুদ। এই চাল ৭৪ নয়া পয়সা দরে বিক্রি হচ্ছে। এর মধ্যে চাল একেবারে নেই, সমস্তই ক্ষুদ। আমি আপনার অনুমতি নিয়ে মাননীয় মন্ত্রিমহাশয়কে এইগুলি দিচ্ছি যাতে এর প্রতিবিধানের ব্যবস্থা হয়।

GOVERNMENT BILL

The Calcutta Municipal (Third Amendment) Bill, 1965

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to move that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1965 as settled in the Assembly be passed.

Shri Nikhil Das:

মিঃ স্পীকার, স্যার, এবার শেষ সময় এসেছে, আমরা বার বার বিরোধী পক্ষ থেকে চেষ্টা করেছিলাম আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের কাছে এই কথা পেশ করতে কিন্তু আমরা তাঁর জ্ঞানোদয় করতে সমর্থ হইনি। তাঁর বিবেকের কাছে জ্ঞানের কাছে, বুদ্ধির কাছে, এবং যুক্তির কাছে আমরা বারবার আবেদন করতে চেষ্টা করেছি কিন্তু আমাদের সেই কথাগুলি তাঁর মনে কোন দাগ কাটেনি। তার ফলে বিলটা এই অবস্থায় পাশ হতে চলেছে। এই অবস্থায় যদি বিলটা পাশ হতে দেওয়া হয় তাহলে গণতন্ত্রকে হত্যা করা হবে বলে আমরা মনে করি। আমরা বিরোধী পক্ষের সদস্যরা কালকে আমাদের বক্তব্য রাখতে চেষ্টা করেছি যে কোন একটা কর্পোরেশনের মিটিং ভালভাবে চলা উচিত এবং সেটা ভালভাবে চালাতে গেলে সেটা যদি ভালভাবে চালাতে না পারে তাহলে নির্বাচিত প্রতিনিধি কাউন্সিলারদের কাছে বলুন যে মিটিংগুলি ভালভাবে চালাতে হলে প্রসিডিওর অব বিজনেস যেটা ছিল সেটা ঠিক করে নিন। কালকে আমরা একথা বারবার তুলবার চেষ্টা করেছিলাম। কিন্তু কেন যে এখান থেকে আইনটা পাশ করাতে হবে সেটা আমার মাথায় ঢোকে না। আমার মনে হয় আমাদের মন্ত্রীমণ্ডলী মনে করছেন যে কর্পোরেশনের সংখ্যাগরিষ্ঠতা যে কোন সময়ে তাঁদের শেষ হয়ে যেতে পারে। কিন্তু পশ্চিমবঙ্গ বিধানসভায় তাঁদের সংখ্যাগরিষ্ঠতা আরো কিছু দিন বেশী থাকবে তাই কর্পোরেশন যদি রুলস করে তাহলে আজকে যে রুলস করবে কালকে তা নস্যাৎ হয়ে যাবে। এ্যাসেম্বলীতে তাঁদের সংখ্যাগরিষ্ঠতা থাকবে বলে এখান থেকে আইনটা পাশ করাতে চেষ্টা করছেন। সেইজন্য আমি আবেদন করছি এই বিলটা তুলে নিন, এই বিলের কোন প্রয়োজন নেই। তুলে নিয়ে ওদের বলুন ওরা সেটা যাতে ভালভাবে চালাতে পারে সেই ব্যবস্থা ওদেরই করতে দেন। ওদের ব্যাপার ওদের উপর ছেড়ে দিন, এই বিল আনবেন না। এই বিল এনে হাউসের অমর্যাদা করবেন না। কাউন্সিলারদের জনসাধারণ নির্বাচিত করে পাঠিয়েছে, জনসাধারণের প্রাপ্ত বয়স্কদের ভোটে কর্পোরেশনের কাউন্সিলাররা নির্বাচিত হয়ে গিয়েছেন এবং আমরা এ্যাসেম্বলীতে বসে বলছি যে তোমাদের জনসাধারণ যদিও নির্বাচিত করেছে কিন্তু তোমরা জাননা কি করে মিটিং চালাতে হয়, তোমরা জাননা সভায় কি করে ব্যবহার করতে হয়, কথাবার্তা বলতে হয়। কিন্তু তাঁদের জনসাধারণ নির্বাচিত করেছে জনসাধারণের সেই নির্বাচিত প্রতিনিধিদের উপর এই যে আমাদের ধারণা তারা কিভাবে চলবে এতে মনে হচ্ছে তারা যেন নাবালক। সব নাবালক যেন ওখানে নির্বাচিত হয়ে গিয়েছে, সেজন্য আমরা এখান থেকে তার নীতিগুলি ঠিক করে দেবো যে তারা কিভাবে চলবে। এটা যদি এখান থেকে করা হয় তাহলে খুব খারাপ হবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমি প্রশ্ন করছি আমরা যে এখানে এ্যাসেম্বলীতে বসে আছি, আমাদের উপরে পার্লামেণ্ট আছে, তাঁরা যদি বসে ঠিক করে দেন এ্যাসেম্বলীর রুলস অব প্রসিডিওর কি হবে, কিভাবে আমরা এখানে চলবো তাহলে সেটা কি আমাদের পক্ষে মর্যাদার ব্যাপার হবে? জনসাধারণ যখন তাঁদের নির্বাচিত করেছে তখন তাঁরা কিভাবে কাজ কর্ম চালাবেন সেটা করার দায়িত্ব তাঁদেরই উপর দেওয়া উচিত, তাঁদের উপর থেকে নেওয়া নয়। এটা করবেন না, অত্যন্ত একটা বাজে জিনিষ আপনারা করতে যাচ্ছেন, এখনও এটাকে উইথড্র করতে পারেন। তাই শেষ বারের মত আবেদন করবো বিলটা তুলে নিন, পাশ করবেন না। তারপর দেখছি এখানে স্পেশাল অফিসারের ব্যাপার রয়েছে। সমস্ত অফিসারদের চাকরী দেবার ব্যাপারটা সম্পূর্ণ গভর্ণমেণ্ট হাতে নিয়ে নিচ্ছেন। আগে অফিসারদের এ্যাপয়েণ্টমেণ্টের ব্যাপারে উইথ দি এ্যাপ্রুভাল অব দি ষ্টেট গভর্ণমেণ্ট ছিল, এতে কি অসুবিধা ছিল? কর্পোরেশন এ্যাপয়েণ্ট করবে আপনাদের এ্যাপ্রুভাল নিয়ে এতে কি অসুবিধা ছিল? ওদের নিয়োগের যে সামান্য ক্ষমতা কর্পোরেশনের ছিল সেই ক্ষমতাটুকু পর্যন্ত কেন কেড়ে নিতে যাচ্ছেন, এই ক্ষমতা তাঁদের হাতে রাখতে চাচ্ছেন না কেন? সমস্ত ক্ষমতা সরকার হাতে নিয়ে কুক্ষিগত করতে চাচ্ছেন কেন? সুতরাং এই যে দুটি ক্লজ নিয়ে এসেছেন সেটার বিরোধিতা করছি এবং আবার আবেদন করছি এই বিলটা তুলে নিন এবং গণতন্ত্রকে রক্ষা করুন।

Shri Gour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে ক্যালকাটা মিউনিসিপ্যাল থার্ড এ্যামেণ্ডমেণ্ট বিল মাননীয় মন্ত্রীমহাশয় এনেছেন এটা আমরা মনে করি গণতন্ত্রের পক্ষে একটা খুব খারাপ জিনিষ।

মাননীয় মন্ত্রীমহাশয় যেদিন থেকে স্বায়ত্বশাসন বিভাগে এসেছেন সেদিন থেকে তিনি একটা জিনিষ সার বুঝেছেন যে সমস্ত স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানে যেভাবে হোক কংগ্রেসের আধিপত্য বজায় রাখতে হবে। কৃষ্ণনগরে যেখানে তাঁর বাড়ী সেই কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির নির্বাচনে তিনি বাড়ী বাড়ী গেলেও জনসাধারণ তাঁর বিরুদ্ধে ভোট দিলেন। সেজন্য তিনি করলেন কি তিন মাস যেতে না যেতেই সুপারসিড করে দিলেন কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটি। তারপর রাণাঘাট মিউনিসিপ্যালিটির ৬ বছর ধরে কোন নির্বাচন করলেন না। যেখানে খুশী সুপারসিড করছেন যেমন খুশী ইচ্ছামত কাজ চালাচ্ছেন। এবারে কর্পোরেশনেও দেখছি এই জিনিষটা তিনি করতে চাইছেন। আজকে কর্পোরেশন স্বায়ত্বশাসন লাভ করবার জন্য ব্রিটিশ শাসন যখন ছিল তখন আমাদের দেশের বহু লোক আন্দোলন করেছিলেন এবং তার মধ্যে কংগ্রেস দলও আন্দোলন করেছিলেন যাতে কর্পোরেশন স্বায়ত্বশাসনের অধিকার পেতে পারে। সেই স্বায়ত্ব-শাসনের অধিকারের মানে এই নয় যে সেখানে এক দলীয় শাসন বা এক নায়কত্ব চলবে। সেখানে জনসাধারণের যেসব প্রতিনিধি আছেন তাঁরা যেটা ভাল ভাববেন সেটা করবেন, তার উপর হস্তক্ষেপ করবার অধিকার আমরা দিতে চাইনা। ষ্টেট গভর্ণমেণ্টের বা কোন একটা সংস্থার খুশীমত না চললে পর সেই সমস্ত মেম্বারকে মেয়র সাসপেণ্ড করবেন, কর্পোরেশনের মিটিং-এ আসতে দেবেন না, কমিটিতে আসতে দেবেন না, এই যে এক দলীয় প্রথা চালু করবার চেষ্টা করছেন এটা গণতন্ত্রের পক্ষে মারাত্মক ক্ষতিকর হবে। আমরা দেখছি গণতন্ত্রের বিকাশ করবার জন্য, গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠা করবার জন্য জনসাধারণ একদিন সংগ্রাম করেছিল সেই অধিকারকে সঙ্কুচিত করবার জন্য কংগ্রেস দল আজকে বিভিন্নভাবে চেষ্টা করছেন, আইন সভার নির্বাচিত প্রতিনিধিদের বিনা বিচারে আটক রেখে, কর্পোরেশনের নির্বাচিত প্রতিনি-ধিদের বিনা বিচারে আটক রেখে, এমন কি মিটিং-এ আসার তাঁদের অধিকার দেওয়া হবেনা যদি কোন সভাতে মেয়রের অন্যায়ের বিরুদ্ধে তাঁরা প্রতিবাদ করে। সেজন্য বলছি এই আইনটা প্রত্যাহার করা দরকার ডেমোক্র্যাসির মঙ্গলের জন্য। কর্পোরেশন হচ্ছে স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান, এ্যাডাল্ট ফ্রানচাইসের ভিত্তিতে সেখানে যে সকল প্রতিনিধি গিয়েছেন তাঁরা বুদ্ধিমান এটা স্বীকার করতেই হবে। কেবল কংগ্রেস দলই বুদ্ধিমান, বিরোধী দল বুদ্ধিমান সেকথা ভাববার কোন কারণ নেই। তাঁরা ভোটে নির্বাচিত হয়েছেন, সেখানে তাঁরা কিভাবে চলবেন, সেখানকার কাজকর্ম কিভাবে চলবে সেটা ঠিক করার ভার তাঁদের উপর ছেড়ে দেওয়া কর্তব্য বলে আমি মনে করি। সেদিক থেকে মন্ত্রীমহাশয় যে বিল আনছেন সেটা এনে—এ্যাডাল্ট ফ্রানচাইজ করে যেটুকু গণতন্ত্র দিয়েছেন প্রফুল্লবাবু মুখ্যমন্ত্রী হবার পর ফজলুর রহমান সাহেব কার নির্দেশে জানিনা সেই অধিকারের উপর হস্তক্ষেপ করার চেষ্টা করছেন। তার বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাই। ফজলুর রহমান সাহেব সমস্ত স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানকে যেভাবে নিজের কুক্ষিগত করবার জন্য চেষ্টা করছেন, এটা করবেন না। বাংলাদেশের যত স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান আছে তাদের নির্বাচিত প্রতিনিধি তাঁরা আপনাকে এই নীতি প্রয়োগ করলে এ পথ থেকে সরিয়ে দেবে এবং পদত্যাগ করাতে বাধ্য করবেন। সেইদিকে লক্ষ্য রেখে তিনি যেন এই বিল প্রত্যাহার করেন এই নিবেদন করছি।

[2-40—2-50 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় স্পীকার স্যার, কালকে এই বিলের বিরোধীতা করে আমি আমার যা কিছু মন্তব্য তা পেশ করেছি। এই বিল এখনই পাশ হবে। আমি জানি না আমাদের এখানকার মাননীয় মন্ত্রীদের কোন বিলে কোন কমা ফুলিস্টপ এ্যাড বা সাবষ্ট্রাক্ট করার ক্ষমতা আছে কি নেই। আমি আমার অভিজ্ঞতা থেকে দেখেছি যে যত রকম যুক্তিই দেওয়া হোক অকাট্য প্রমাণ দেওয়া হোক ওঁরা যেটা ঠিক করবেন সেটাই নির্ভুল। তার জন্য যা কিছু বলা হোক বলবেন—আইন পাশ হবে। এই রকম করে যদি গণতন্ত্র চলে তো চলুক। আমি জিজ্ঞাসা করছি এই আইনের কি দরকার। আপনি তো স্যার, মেয়র ছিলেন আপনিই বলুন না যে কর্পোরেশনের কাউন্সিলার-দের উপর এই আইন চাপিয়ে দেবার দরকারটা কি। আজকে হোমিওপ্যাথিক বিল হোক, ডাক্তারী হোক ইউনিভর্সিটি বিল হোক যেখানে যা কিছু আছে সব সরকার নিয়ে বসে আছে—

আর আমাদের লোক ভাল করে কাজ কর—মেয়র দু বছর হওয়া দরকার—আরও ভাল করে কাজ করো প্রমোশন হবে কাজ কোরো না ডিমোসন বেরিয়ে যাও—এই তো অবস্থা। তার চেয়ে স্বামী স্ত্রীর ঝগড়া হলে একটা আইন করুন না—স্ত্রীকে বের করে দিন আইন হয়ে গেল। এই সব হয় না। এইসব আপনারা করছেন। ধরুন যিনি মেয়র প্রিসাইড করবেন মিটিংয়ে যে আইন আছে সেই আইনেই যথেষ্ট কাজ হতে পারে—কোন বাধা নাই। তাতে লেখা আছে যদি কোন সদস্য কথা না শোনে তাকে মিটিং থেকে বের করে দেওয়া যায়। যদি অকারণে মেয়র অত্যাচার করে—আমারে যদি ভাল না বাসেন—আমাকে বল্লেন দু মাস সাসপেণ্ড—আমার উপায় কি? এইভাবে স্বেচ্ছাচার বাড়াবার জন্য স্বৈরাচার সৃষ্টি করবার জন্য গণতন্ত্রের মুখোস পরে রাজত্ব চালাচ্ছেন—চলুক বলবার কিছু নেই। আমি মন্ত্রিমহাশয়কে একথা বলছি যে আপনার কি ক্ষমতা আছে কিছু কমা ফুলিষ্টপ বসাবার? না আপনি ভগবান যা কিছু বলবেন সবই ঠিক আর আমরা যা বলছি সবই অন্যায়। আপনার ক্ষমতা নেই—যে গণতন্ত্রে ঢুকেছেন সেই শাসন ব্যবস্থায় আপনি আপনার ক্ষমতা প্রয়োগ করতে পারেন না তাহলে ওখান থেকে আপনাকে এ দিকে আসতে হবে। যাক সেটা আলাদা কথা। আমি বলছি মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যা ইচ্ছা হয় করুন। আমি চার বছরের মধ্যে কোন আইনের কমা ফুলষ্টপ এ্যাড হয়েছে কিংবা সাবষ্ট্রাক্ট হয়েছে আমি দেখি নি। এই একটা ব্যবস্থা আছে আমরা যদি কিছু বলি তা হলে ওঁরা কিছু বলে দেবেন তার পরে ঘণ্টা টিপবেন লাল নীল আলো জ্বলবে হয়ে যাবে—এ রকম গণতন্ত্র আর কত দিন করবেন? দেশবন্ধু নেতাজী প্রভৃতির মত লোকেরা যখন কর্তা ছিলেন ইংরাজ আমলে তখন স্বায়ত্বশাসনে যে স্বাধীনতা সেটা ইংরাজেরা জানতো—কারণ তাদের সেটা ডেমোক্রাটিক কাণ্ট্রি। আমাদের তা নয়। আমরা খালি নকল করে চলি।

ইংরাজেরা কোনদিন কর্পোরেশনকে সুপারসিড্ করে নি যদিও তাদের সেই ক্ষমতা ছিল। এই করপোরেশনের প্রত্যেক বছর দু তিন বার করে সব রকম ক্ষমতা হরণ করবার চেষ্টা হচ্ছে এবং এই চেষ্টা যে দিন থেকে রাজত্ব আমাদের হয়েছে স্বাধীনতার পর থেকে এই চেষ্টা চলছে। এর আর কোন কারণ নেই—পেট্রোনেজ সেণ্টার খুলে নিজেদের পরিপুষ্ট করবার একটা ব্যবস্থা। তাই তার একটা অঙ্গ হিসাবে এই আইন পরিচালনা হচ্ছে—আপনি জিজ্ঞাসা করুন মেয়রকে যে মহাশয় কি অসুবিধা হয়েছে যে মিটিং চালাতে পারেন না। আপনি মেয়রকে কোয়েশ্চেন করুন—মহাশয় আপনি বিসনেস অব দি করপোরেশন কি জানেন—তা যদি জানেন তাহলে আপনার ক্ষমতা প্রয়োগ করতে কোথায় অসুবিধা হয়েছে যে আপনি মিটিং চালাতে পারেন না। এই সব লোক যদি কথা না শোনে তার একটা ব্যবস্থা করতে পারেন না। তাতে যে ব্যবস্থা আছে তা যথেষ্ট। তা যদি না পারেন তাহলে অন্তত এইটুকু করুন যে যদি সাসপেনসন করতে হয় কাউকে তাহলে এখানে যেমন প্রিভিলেজ কমিটি আছে সেই একটা কমিটি ওখানকার নানা দলের থেকে দু চারজনকে নিয়ে করুন। তাদের সঙ্গে বসে ব্যবস্থা করে শেষকালে যদি ক্ষমতা প্রয়োগ করতে হয় তো করুন। ক্ষমতা প্রয়োগের কোন দরকার নেই। কয়েকদিন পরে মেট্রোপলিটন বিল হবে—তাতে করপোরেশনের জল ড্রেন কনজারভেন্সি সবই চলে যাবে। কাজেই ওখানে একটা ঠুটো জগন্নাথের মত করপোরেশন থেকে লাভ কি—আপনারা নিয়ে নিন। আপনাদের ব্রাঞ্চ অফিস করুন এবং করে সেটা চালাতে থাকুন। একটা বাজে জায়গা ওখানে ১০০।১৫০ টাকা মাইনে দিয়ে হচ্ছে কি? যদি ওঁরা এসব কাজ না করে তাহলে ওখানে রাখবার দরকার কি? কোন কাজ না করলেও এদের রাখতে হবে—কারণ দলটাকে তো রাখতে হবে। সেইজন্য আমি বলছি আপনারা যদি কোন রকম গণতন্ত্র মানেন তাহলে একটা ব্যবস্থা করে দিন—মেয়রকে তার ক্ষমতা যদি প্রয়োগ করতে হয় তাহলে তার যার উপর প্রয়োগ করবেন তার একটা উপায় করে দিন যে সেখানে একটা কমিটি থাকবে তার কাছে যাবে—তারা যদি বলে তাহলে মেয়র ফাইন্যালি যা কিছু করবার করবে এইটুকু অন্তত করুন—একটা দেখান যে আপনার কিছু ক্ষমতা আছে কিনা—তা নাহলে শুধু বসে থেকে কি হবে।

Shri Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার স্যার, এই শেষ মুহূর্তে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আমরা এই বিধানসভার মধ্যে যে বিল নিয়ে আলোচনা করছি সেই বিলে যে শুধু মাত্র কাউন্সিলারদের

ক্ষমতা অপহরণ করা হচ্ছে তা নয়—শুধু যে, যে গণতান্ত্রিক পদ্ধতি এতদিন পর্যন্ত করপোরেশন অনুসরণ করে এসেছে তার অনেকটা ছেদ আমরা টেনে দিচ্ছি তা নয়, আমার মনে হয় যে আমরা একটা আইন অন্যায়ভাবে কাউন্সিলারদের উপর চাপিয়ে দিচ্ছি। এর আগে অন্যান্য সদস্যরা বলেছেন যে এ বিষয়ে করপোরেশনের কাউন্সিলারদের সঙ্গে কোন রকম পরামর্শ করা হয় নি—জ্ঞাতসারে তাদের মতামত কি—কিভাবে বিসনেস অব দি করপোরেশন ভালভাবে চালানো যায় সে নিয়ে তাঁদের মতামতের কোন মূল্য আমরা এই বিল আনার আগে যাচাই করে দেখি নি। মন্ত্রীমহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি যে সেকসন ৯২—যে আমরা সংশোধন করছি যে বিষয়টি সংশোধনী আকারে আমরা এর মধ্যে ইনসার্ট করছি সেটা সেকসন ৯২-র মধ্যে কোন ক্রমেই আসতে পারে না। That is, these are rules of business.

যদি হয়ে থাকে তা সেকসন ৯৭-এ শুধু মাত্র আসতে পারে এবং সেকসন ৯৭-এ ক্ষমতা আছে যে কিভাবে হাউসের বিসনেস অর্থাৎ কাউন্সিলারদের বিসনেস করপোরেশনের বিসনেস চালানো যায়, তার যে রুলস লেডআউট করতে হবে তার জন্য সেকসন ৯৭-এ বলা আছে। মিঃ স্পীকার স্যার, আপনি জানেন যে আমাদের হাউসে যে রুলস রয়েছে, আমাদের আগে পুরানো রুল ছিল, ১৯৫৭ সালের আগে যে রুল ছিল সে রুল আমরা পরিবর্তন করেছি। কিন্তু রুল পরিবর্তন করতে গিয়ে ডিক্টেটোরিয়াল ওয়েতে উপর থেকে কোন রুল আমাদের উপর চাপিয়ে দেওয়া হয় নি। আমরা এখানে রুল পরিবর্তন করার জন্য, ১৯৫৭ সালের জুলাই মাসে এ্যাসেম্বলীর রুলস, কিভাবে বিসনেস অব দি হাউস চালানো যায় সে বিষয়ে উভয় পক্ষের সদস্যদের নিয়ে একটা কমিটি গঠন করি। দীর্ঘ দিন ধরে ১৯৫৭ সাল থেকে আরম্ভ করে ১৯৬০ সাল পর্যন্ত এই তিন বছর ধরে আমরা ডেলিবারেসন্ করেছি। উভয় পক্ষ বসে কারণ আমরা সবাই চাই যে হাউসের বিসনেস ঠিকভাবে চলুক। এইভাবে আমরা সিটিং করে তিন বছর ধরে চেষ্টা করার পর রুল অব দি হাউস কি হবে উভয় পক্ষ সে বিষয়ে একমত হয়ে—পরে আমরা একটা ড্রাফ্ট প্রডিউস করেছিলাম।

[2-50—3 p.m.]

১৯৬০ সালে যে রুলস অফ দি হাউস আমাদের এ্যাসেম্বলী রুল কি হবে সেটা প্লেস করার পর মে মাসে ১৯৬০-তে সে ড্রাফ্ট এখানে হাউসে প্লেস করা হ'লো। হাউসের সামনে প্লেস করার পর নভেম্বর ডিসেম্বর মাসে ১৯৬০ সালে আমরা রুল এডপ্ট করলাম এবং সেই রুল অনুসারে আজকে হাউসের বিসনেস কনডাক্ট হচ্ছে এটা স্মরণ রাখা দরকার। আমরা উভয় পক্ষ অনেক সময় উত্তেজিত হই। অনেক সময় ডিসেন্সি, ডেকরাম্ হাউসের ক্ষেত্রে সীমা লঙ্ঘন করি। কোন বিশেষ ক্ষেত্রে প্রভোকেসান হখন হয় তখন এটা আমরা করি। তবে আমাদের একটা লক্ষ্য আছে হাউসের বিসনেস। আমরা ঠিক ভাবে চালিয়ে যাব। সাময়িক ভাবে উত্তেজনার পরও আমরা হাউসের কাজ ঠিক ভাবে চালাই। এটা আমরা অপজিসান এবং গভর্ণমেণ্ট উভয়েই চাই যে হাউসের সামনে যে বিজনেস আছে সেটা শান্তিপূর্ণ ভাবে এগিয়ে যাক। এটা চালাতে গেলে কতকগুলি ডেমোক্রেটিক পদ্ধতি আছে। আপনি যদি রুলস অফ বিসনেস নিয়ে আসতেন উইদাউট কনসাল্টিং দি অপজিসান মেম্বার এখানে তা ভোটের জোরে পাশ করাতে পারেন। আপনি সেটা হাউসের সামনে আনতে পারতেন। আমাদের অপজিসান মেম্বারের সঙ্গে কনসাল্ট না করে রুল প্রসিডিওর এখানে লে ডাউন করতে পারতেন। কিন্তু সেটা করেন নি। তার কারণ আমরা যৌথভাবে চাই যে শান্তিপূর্ণ উপায়ে হাউসের কাজকর্ম চলুক। সেজন্য ৩ বৎসর ধরে ১৫টা সিটিং এই হাউসের বিসনেস কিভাবে কণ্ডাক্ট করা যায় সেইভাবে রুলস গ্রহণ করা হয়েছে। কিন্তু কাউন্সিলের ব্যাপারে তাদের সেখানে যে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত, এ্যাডাল্ট ফ্রনচাইজে নির্বাচিত কাউন্সিলার যারা, তাঁদের সেখানের বিসনেস কি ভাবে কণ্ডাক্টেড হবে না হবে সে সম্পর্কে তাদের কোন মত গ্রহণ করলেন না। এ সম্পর্কে তাদের অপজিসানের ডিমাণ্ড কি আছে প্রত্যেকটা সদস্যদের সাজেসান্স কো-অপারেসান চান নি। আপনি সেখানে করলেন কি তারজন্য অপজিসান হোক, কাউন্সিলার হোক,

you are looked after with contempt

তাদের সঙ্গে পরামর্শ করলেন না। এটা যদি না করেন তাহলে সেকসন ৯৭-এর আশ্রয় নিয়ে

করপোরেশন-এর মধ্যে দুপক্ষের সভ্যদের নিয়ে আলোচনা করে আপনি যদি সেখানে একটা ড্রাফ্‌ট রুলস, প্রসিডিওর এ্যাডপ্ট করাতেন কাউন্সিলের সভায় তাহলে অনেক বেশী গণতান্ত্রিক হতো। অর্থাৎ উভয় পক্ষের সঙ্গে আলোচনা করে সেই রুল যদি আপনি গ্রহণ করতেন বিসনেস কণ্ডাক্ট রুল তাহলে সেখানে কোন অশান্তি হত না। সাময়িক ভাবে উত্তেজনা হয়ত হত। কিন্তু তারপর সব শান্ত হয়ে যেত। এভাবে হাউসের বিসনেস চলতো। আমার মনে হয় এই বিল আপনি এখনও উইথড্র করতে পারেন এবং তা আপনি করে নিন। অর্থাৎ যে এ্যামেণ্ড-মেণ্ট বিল এনেছেন সেটা তুলে নিন। তারপর সেকসন ৯৭ সেখানে বিসনেস কণ্ডাক্ট রুল কিভাবে হবে না হবে সেটা সম্পর্কে একটা কমিটি করে দিন। তাঁরা একটা ড্রাফ্‌ট প্রডিউস করান এবং সে ড্রাফ্‌ট তাঁরা দেখুন এবং দেখে কর্পোরেশন-এর মিটিং-এ সে রুলসগুলি এ্যাডপ্ট করে নিন। করপোরেশন-এর উভয় পক্ষের মেম্বার-রা বসে সে হাউসের কি রুলস হবে না হবে সেটা আলোচনা করে তাঁরা গ্রহণ করুন। আমরা অন্যান্য ইতিহাস দেখেছি। অন্যান্য এ্যাসেম্বলী-তে কি রুলস আছে। লোকসভায় কি রুলস আছে সে সব বিচার বিশ্লেষণ করে আমরা কাজ করছি। করপোরেশনও তেমনি ভারতবর্ষের অন্যান্য করপোরেশন পৃথিবীর অন্যান্য জায়গায় কি রুলস লে করা আছে, কি ভাবে সেখানকার বিসনেস হবে সে সমস্ত রুলস-এ যা লেড ডাউন করা আছে তা দেখে তাঁরা ডেমোক্রেসী ওয়েতে নিজেদের রুলস তৈরী করে তা গ্রহণ করুন। এর পেছনে যে মেজরিটি আছে তা কংগ্রেস হোক বা অপজিসান হোক তাদের কতটা সমর্থন থাকবে তা তাদের উপর থেকে জোর করে যদি ক্ষমতা চাপিয়ে দেওয়া হয় সেটা বোর্ড গ্রহণ করবে না। সেজন্য আমার মনে হয় সেকসন ৯২-তে যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন It is most unhappy. আমার মনে হয় এটা কনষ্টিটিউসনালি কারেক্ট হচ্ছে না।

তার কারণ বিসনেস কিভাবে হাউসের হবে না হবে তার জন্য স্পেসিফিক কেসন আছে এবং সেই স্পেসিফিক সেকসন অনুসারে বিসনেস কি হবে, রুল কি ভাবে করা হবে এ সম্পর্কে অলরেডি রুল রয়েছে। সেই রুল গুলি নাকচ করে দিয়ে সেকসন ৯৭-এ ক্ষমতা দিচ্ছেন এবং সেকসন ৯৭ অনুসারে বিসনেস যে ভাবে চলবে তার কতকগুলি স্পেসিফিক রুল সেখানে দীর্ঘ দিন ধরে চালু হয়ে আসছে। আজকে যে এ্যামেণ্ডমেণ্ট এসেছে সেই রুল গুলি বিশেষ কোন এফেক্ট থাকে না তার কারণ জোর করে যে কোন মেম্বারকে মেয়র যিনি প্রিসাইডিং অফিসার তাকে ২ মাসের জন্য সাসপেণ্ড করতে পারেন। কিন্তু এই সাসপেণ্ড করার পক্ষে এনটায়ার হাউস with the Corporation Members তার একটা স্ট্যাটুট থাকা দরকার। যে স্ট্যাটুট আপনি বিচার করলেন না, সেজন্য বলছি যে রকম ডিক্টেটোরিয়াল এবং গণতন্ত্র বিরোধী যে ব্যবস্থা সেকসন ৯২-তে করছেন সেই সেকসন ৯২ অপমানকর বলে মনে হয়। সেজন্য এ সম্পর্কে বলবো এখনও সময় আছে। এভাবে করপোরেশনকে হেয় প্রতিপন্ন করবেন না। কাউন্সিলার যারা—জনসাধারণের ভোটাধিকার ভিত্তিতে নির্বাচিত—তাদের সঙ্গে কনসাল্ট না করে তাদের নিজেদের রুল নিজেদের মধ্যে করবার সুযোগ না দিয়ে আপনি যে রুল তাদের উপর চাপিয়ে দিচ্ছেন সেটা আন-ডেমোক্রেসী বলে মনে করি। সেজন্য আমি দাবী করছি আজকে বিল উইথড্র করে নিয়ে যেখানে রুলস-এর কথা বলা আছে সেকসন ৯৭ যেখানে বলছে The Corporation may make rules for the conduct of business of the meeting এই সেকসন-এর আণ্ডারে বিসনেস অফ দি হাউস চলবে কারণ হাউসের বিসনেসের প্রশ্নে কণ্ডাক্ট অফ দি বিসিনেস কমপ্লিটলি টেকনিক্যাল সাবজেক্ট যার জন্য সেকসন ৯৭ বিশেষভাবে বলে দিচ্ছে যে কেন এটা এভয়েড করছে। সেই রুল মেকিং ক্ষমতা করপোরেশন-এর আছে তার সুযোগ নিচ্ছেন না। কেন উভয় পক্ষের সদস্যদের একত্রিত করে তাঁদের ওপিনিয়ন রিফ্লেক্ট করছেন না যাতে ভালভাবে বিসিনেস চলতে পারে? সেজন্য আমি বলছি কেন আমরা এই হাউসের রুলস করেছি যেটা Board on the united conscience of all the members of the House আপনি সেভাবে সমস্ত কাউন্সিলারের ইউনাইটেড কনসেণ্ট নিয়ে বিসিনেস কণ্ডাক্ট কিভাবে হবে সেই রুল মেকিং বডি করে দিন এবং সেভাবে বিসিনেস চলবে তাতেই গণতন্ত্র থাকতে পারে। তা না করে পেছনের দরজা দিয়ে গণতন্ত্রকে খর্ব করবেন না। সেকসন ৯৭ ইজ দি প্রপারটি সেকসন তার অনুযায়ী কণ্ডাক্ট অফ বিসিনেস যে স্পেসিফিক সেকসন হবে সে সেকসানের আওতায় না এনে যদি এভাবে করবার চেষ্টা করেন তাহলে তার বিরুদ্ধে প্রবল প্রতিবাদ জানাব।

Shri Hemanta Kumar Basu:

স্যার, সুরেন্দ্রনাথ ব্যানার্জী প্রবর্তিত যে নূতন আইন সে আইন অনুসারে ৪১ বৎসর ধরে করপোরেশনের কাজ সুষ্ঠু ভাবে আইনকানুন মেনে পরিচালিত করেছি। আমি পূর্বেই বলেছি আজকে এরূপ একটা বিল আনা হল কেন যে বিলে কাউন্সিলারদের উপর এবং করপোরেশনের কনষ্টিটিউসানের উপর একটা স্বৈরাচার করা হচ্ছে। কাউন্সিলারদের ন্যায্য অধিকার হরণ করা হচ্ছে। সামান্য হাউসের কাজ চালাবার জন্য যে প্রসিডিওর করা উচিত তাই করা উচিত ছিল। মেয়রের উপর এ ক্ষমতা দিয়ে দেন তাহলে কি হবে বলা যায় না। আজকে হাউসে খাদ্যের ব্যাপার নিয়ে যা হল তাতে একজন মেম্বার-কে যদি তাড়িয়ে দেওয়া হয় তাহলে সেটা খারাপ হবে। করপোরেশনের এমন কিছু অবস্থা ঘটে না যদি না সেখানকার যে সমস্ত অপজিসান মেম্বার বা কোন মেম্বার সে যদি কোন কথা বলতে চায় যদি তাকে বলতে না দেওয়া হয় তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে। এর আগে যারা মেয়র ছিলেন তাঁদের সময় হয়নি, আপনার সময় হয়নি, বিজয়বাবু, সুভাষচন্দ্র, দেশবন্ধু, সেনগুপ্তর সময় হয়নি। তাহলে এখন তা কেন হচ্ছে। নিশ্চই করপোরেশনের মধ্যে গলতি বা ত্রুটি আছে। এই গলতি দূর না করে এরূপভাবে মেয়রের হাতে ক্ষমতা দিয়ে করপোরেশনের কাউন্সিলারদের সামান্য কারণে সাসপেণ্ড করার এই যে আইন এ আইনের দুটো ধারার কোন প্রয়োজন নেই। করপোরেশন-এ যে প্রসিডিওর আছে সেই প্রসিডিওর যদি বদল করার দরকার হয় তাহলে করপোরেশনকে তা বললেই হয়। করপোরেশন-র উভয় পক্ষ বসে সেটা অদল বদল করতে পারে। এরূপভাবে কনষ্টিটিউশন-এর উপর একটা আঘাত সহ্য করা যায় না। আমি কলিকাতার প্রতিনিধি হয়ে, আমি এর তীব্র প্রতিবাদ করছি।

আমি এই কথা বলছি যে মন্ত্রীমহাশয়, আমাদের সভার আলোচনা এখানে শুনে, তিনি যদি এটা তুলে নেন, তাহলে সবচেয়ে ভাল হয়। সেইজন্য আমি আবার অনুরোধ করছি তিনি এই বিলটি তুলে নিন এবং কর্পোরেশনের যে প্রসিডিওর আছে, সেই কর্পোরেশনের প্রসিডিওর অনুসারে, তার কনষ্টিটিউশন অনুযায়ী যাতে কর্পোরেশনের কাজ সুষ্ঠুভাবে পরিচালিত হয়, সেই ব্যবস্থা আপনি করুন।

[3—3-10 p.m.]

Shrimati Ila Matra:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলে ক্যালকাটা মিউনিসিপ্যাল সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট বিলের উপর যে বিশেষ দুটি ধারা উপস্থিত করা হয়েছে, সে সম্বন্ধে এখানে বিরোধী পক্ষের প্রতিটি সদস্য বিস্তারিত ভাবে বলেছেন, কাজেই সে সম্বন্ধে পুনরাবৃত্তি আমি করতে চাই না, তবে, আমার মনে হচ্ছে এই বিল পাশ হয়ে যাবে, কারণ যে ভাবে মন্ত্রীমহাশয় বসে আছেন। তবুও, শেষবারের জন্য বলবো বলে আমি উঠে দাঁড়ালাম।

এতদিন ধরে, প্রায় ৪০ বৎসরের উপর স্বায়ত্ব শাসনের যে একটা ঐতিহ্য আমাদের দেশে চলে আসছে, সেই ঐতিহ্য যাতে আরও বেশী ভাল ভাবে চলতে পারে, সেইজন্য আমরা কিছুদিন আগে সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট ক্যালকাটা কর্পোরেশন বিল পাশ করেছি। তার উদ্দেশ্য ছিল কি করে স্বায়ত্বশাসনের যে গণতান্ত্রিক পদ্ধতি, তাকে আরও ভাল ভাবে চালু করা যায়। তার উদ্দেশ্য ছিল আমাদের কলিকাতা সহরে যে সমস্ত বস্তি বা অপরিচ্ছন্ন জায়গা আছে, তা যাতে আরও বেশী সুন্দর করা যায়, আরও স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টি করা যায়, এই উদ্দেশ্য নিয়ে দ্বিতীয় এ্যামেণ্ডমেণ্ট বিল আমাদের কাছে এসেছিল। তারপর আমরা দেখছি সেই বিলে অনেক ত্রুটি রয়ে গিয়েছে, আমরা সেই আইন প্রয়োগ করতে গিয়ে সেই সমস্ত জায়গায় কাজ করতে গিয়ে আইনের বাধার জন্যে, সেই সমস্ত পরিবেশের উন্নতি সাধন করতে পারছি না। যখন শুনলাম যে থার্ড এ্যামেণ্ডমেণ্ট বিল আসছে, তখন ভেবে ছিলাম হয়ত কলিকাতার মহানগরীর কিছু কিছু উন্নয়নমূলক কাজের জন্য এটা আনা হচ্ছে। কিন্তু দুঃখের বিষয় দেখলাম সেই সমস্ত বস্তির কথা, সেখানে জলের অভাবের কথা, অস্বাস্থ্যকর

পরিবেশের উন্নতির কথা, বিন্দুমাত্র না নিয়ে এসে, দুটি অগণতান্ত্রিক পদ্ধতিকে অন্যায় ভাবে এনে, এখান থেকে জোর করে পাশ করিয়ে নিচ্ছেন। দুর্ভাগ্যের বিষয় যে এখানে আপনারা সংখ্যাগরিষ্ঠ এবং আমরা সংখ্যালঘিষ্ট। দীর্ঘদিন ধরে আমরা দেখে আসছি যে যত যুক্তিতর্ক এখানে উপস্থিত করা হউক না কোন, আপনারা শেষ পর্যন্ত ভোটের জোরে পাশ করে নেবেন।

এই বিল আমার কোন প্রয়োজন ছিল না। আমি এই বিল সম্বন্ধে দুটি কথা বলবো। প্রথম কথা হচ্ছে কর্পোরেশন নির্বাচিত প্রতিনিধির দ্বারা শাসিত হয়, এবং সেই নির্বাচিত প্রতিনিধি যাঁরা সেখানে আছেন, তাঁদের কেউ কেউ এখানেও আছেন, যেমন বিজয় ব্যানার্জী, অনিল মৈত্র সদস্য হিসাবে, তাঁরা এটা পাশ করে দেবেন। সেখানে নির্বাচিত প্রতিনিধি যাঁরা, তাঁরা যদি একটু গোলমাল করেন, তাহলে তাঁদের বের করে দেবেন, সাসপেণ্ড করে দেবেন। এ কি ধরণের পদ্ধতি, তা আমি বুঝতে পারছি না। আর একটা জিনিষ হচ্ছে এখানে ত অনেক গোলমাল হয় অনেক সময়, আমাদের সাসপেণ্ড করা হয়, বের করে দেওয়া হয়, তার জন্য ত সেণ্ট্রাল গভর্ণমেণ্টের পার্লামেণ্ট থেকে আইন পাশ করে এখানকার পদ্ধতি বদলান হয় না। কাজেই আজকে কর্পোরেশনের কাউন্সিলাররা, যারা আমরা আইনসভায়, এখানে বসে আছি, আমরা আইন পাশ করে, তাদের উপর বর্তাবো,—এ কি ধরণের পদ্ধতি তা ভেবে উঠতে পারছি না।

দ্বিতীয় হচ্ছে, এখানে ক্লজে বলা হচ্ছে যে এ্যাসেসমেণ্ট অফিসারদের নিয়োগ করবেন গভর্ণমেণ্ট সরাসরি। যেখানে বলা হচ্ছে স্বায়ত্বশাসন পদ্ধতিতে চালু হবে, তাতে গভর্ণমেণ্টের এ্যাপ্রোভাল নিয়ে, তারা এ্যাসেসমেণ্ট অফিসার নিয়োগ করতে পারবেন। অর্থাৎ এখন গভর্ণমেণ্ট নিজেই সরাসরি এ্যাসেসমেণ্ট অফিসার নিয়োগ করবেন। কাজেই সেদিক থেকে বিবেচনা করে, আমি মন্ত্রীমহাশয়কে শেষবারের মত অনুরোধ করছি, এই বিলটি তিনি উইথড্র করে নিন। এটা অত্যন্ত অন্যায় ধরণের বিল আনা হয়েছে। শেষ মুহূর্তে, আমি আশা করবো, মন্ত্রীমহাশয় বোধহয় আমার বক্তব্যগুলি ভাল ভাবে শুনেছেন, এবং এই সম্পর্কে ভাল করে বিবেচনা করে দেখবেন।

Shri Bhakti Bhushan Mandal:

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা যদিও থার্ড রিডিং-এ এসে গেছে তবুও আমি বলতে চাই এই বিলটি উইথড্র করে নেওয়া উচিত হবে এইজন্য যে, ভালভাবে যদি চিন্তা করে দেখা যায় তাহলে দেখা যাবে যে এই বিলটা আনার কোন প্রয়োজনই নেই। শুধু প্রয়োজন নেই তা নয়, যারা এই কাজ করবে তাদের উপর যেন হস্তক্ষেপ করা হচ্ছে আউটসাইডার-এর দ্বারা। এই বিলের লক্ষ্য হচ্ছে যে সমস্ত স্ট্যাটুট আছে, ল পাশ করা আছে, রুলস করা আছে তাতে পরিষ্কারভাবে দেওয়া আছে কিভাবে মিটিং কণ্ডাক্ট করা উচিত। সেটা যদি দেখা যায় বর্তমান ব্যবস্থায় যেটুকু রুলস আছে সেই রুলস অনুযায়ী মিটিং কণ্ট্রোল করা যাচ্ছেনা তাহলে বলব সেখানটায় যে রুল মেকিং বডি আছে তাদের দ্বারা এমন এক আইন বা রুল হওয়া দরকার যে রুল-এর দ্বারা মিটিং সম্পূর্ণভাবে, ভালভাবে চালান যেতে পারে এবং তার এ্যাফেক্ট যাতে দেওয়া যায় তার ব্যবস্থা করতে পারেন। সেটা না করে একটা এক্সটার্নাল এ্যাগ্রেসন-এর মত এই বিল আনা হচ্ছে। কাজেই আমার কথা হচ্ছে যাদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে এবং তাদের সেই ক্ষমতা অনুযায়ী যদি সেই জিনিস সেট আ্যাট রাইট করতে পারেন এই প্রেজেণ্ট সিচুয়েসন অনুযায়ী তাহলে তাদের সেই ক্ষমতা দেওয়া উচিত এবং তাদের আইন করবার সময় তা বলা যেত। এই যে আমাদের বডি এই বডি ওখানকার থেকে সুপিরিয়র বডি। একটা কোশ্চেন কনস্টিটিউসন্যালি উঠবে এবং যদি তা ল কোর্টে চ্যালেঞ্জড হয় তা টিকবে কিনা ওয়েস্ট বেঙ্গল সন্দেহ আছে। যে স্ট্যাটুটরি বডিকে পাওয়ার দেওয়া আছে সেই ওয়েস্ট বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেম্বলী-র সেই পাওয়ার খণ্ডন করবার বা এনক্রোচ করবার ক্ষমতা আছে কিনা সেখানে ল অনুযায়ী তাঁরা করতে পারবেন কিনা সেটা আমাদের মন্ত্রীমহাশয়কে একটু চিন্তা করে দেখতে বলি। এটা তো এনক্রোচমেণ্ট অন দি ফাণ্ডামেণ্টাল রাইটস অব দি স্ট্যাটুটরি বডি হবে, যারা রুল মেকিং বডি আছে তাদের রাইট এনক্রোচ করা হচ্ছে কিনা সেটা ভাল করে চিন্তা করে দেখতে হবে এবং এই জিনিস ল কোর্টে যেতে পারে। কর্পোরেশনের সংগে ওয়েস্ট বেঙ্গল গভর্ণমেণ্ট-এর যে সম্বন্ধে এখন তাতে এটা ল [illegible] যাবার সম্ভাবনা আছে। যেটা আমরা এ্যাসেম্বলীতে

পাশ করে দিলাম সেটা ল কোর্টে গেলে আমরা খেলো হয়ে গেলাম এই অবস্থা যেন আমাদে না হয়। এটা আমি মন্ত্রীমহাশয়কে ভেবে দেখতে বলি। যাঁরা বিজনেস কণ্ডাক্ট করবেন এ দ্বারা এনক্রোচ হয় কিনা সেটা তাঁরা দেখবেন। যেমন আমাদের ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেটি এ্যাসেম্বলীর সিডিউল আছে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট-এর সিডিউল আছে তাতে কতগুলি স্পেসিফিক পাওয়ার দেওয়া আছে। এখানে কর্পোরেশন-এর যে স্ট্যাটুটরি বডি আছে তাদের উপর যে পাওয়ার দেওয়া আছে সেই পাওয়ারগুলি এনক্রোচ করতে পারব কিনা সেটা সন্দেহ আছে আমার মনে হয় এটা এ্যাসেম্বলী থেকে পাশ হয়ে যাবার পর লকোর্টে গেলে যদি দেখা যায় এটে আল্টাভায়ারিস হয়ে যাচ্ছে, এনক্রোচ করছে এবং আনডেমোক্রেটিক হয়ে যাচ্ছে সেক্ষেত্রে আমি অনুরোধ করব এটা তিনি উইথড্র করে নিলে ভাল হবে। অবশ্য এটা তিনি বিবেচনা করে দেখবেন।

[3-10—3-20 p.m.]

Shri Deb Saran Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আলোচ্য বিলটী কি উদ্দেশে আনা হয়েছে সে সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। আমরা বুঝতে পারছি না মাননীয় মন্ত্রীমহাশয়ের এই অভিসন্ধি কেন হল যে যারা জনপ্রতিনিধি হয়ে কাউন্সিলার হয়ে করপোরেশনে এসেছেন তাদের কাজ করবার সুযোগ না দিয়ে তাদের ন্যায্য অধিকার থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। আমি খুব বেশী বলব না শুধু একটি কথা বলতে চাই যে, তিনি যদি কাউন্সিলারদের বের করে দেবার ব্যবস্থা না করে করপোরেশনের জলের পাইপগুলি থেকে জল বের করবার ব্যবস্থা করতেন তাহলে লোকের অনেক উপকার হত। সেজন্য এই বিল প্রসঙ্গে আমি বলতে চাই যে কাউন্সিলারদের বের করে দেবার সঙ্গে সঙ্গে জলের কলগুলি থেকে যেন জল ঠিক ভাবে বের হয় সে চেষ্টাও যেন তিনি করেন।

Deputations of Students Demanding release of political prisoner.

Shri Khagendra Kumar Ray Chowdhury:

মাননীয় সভাপাল মহাশয়, প্রায় ৫০০ উপর ছাত্র এসেছে বন্দীমুক্তির দাবী নিয়ে তারা সমস্ত এ্যাসেম্বলীর মেম্বার-দের কাছে তাদের বক্তব্যের একটা করে কপি পাঠিয়েছে সেটা আমি আপনার কাছে দিয়ে দিচ্ছি।

Mr. Speaker:

আমার সেক্রেটারীর কাছে দিয়ে দিন।

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় সভাপাল মহাশয়, এই বিলের উদ্দেশ্য এবং বিভিন্ন ধারা সম্পর্কে মাননীয় সদস্যরা অনেকেই আলোচনা করেছেন এবং আমিও কালকে বিশদভাবে আলোচনা করেছি, তা সত্ত্বেও মাননীয় সদস্যগণ কিছু কিছু প্রশ্ন উত্থাপন করেছেন। মাননীয় নিখিলবাবু আমার জ্ঞান বিবেক বুদ্ধির কাছে আবেদন জানিয়ে এই বিল পাশ করা থেকে বিরত হবার জন্য বলেছেন। আমি আমার সুস্থ এবং আর্নেষ্ট বিবেক নিয়েই বিবেচনা করে দেখেছি এই বিলটায় গণতন্ত্র হত্যা করা নয় সুস্থ গণতন্ত্র চালু করবার জন্যই। অপূর্ববাবু বলেছেন যে,

Rules of Procedure and Conduct of business in the West Bengal Legislative Assembly.

তার যে কমিটি হয়েছিল, তাতে দীর্ঘদিন ধরে আলোচনা করার পর যে সিদ্ধান্ত হয়েছিল, সেই সিদ্ধান্ত হল গণতন্ত্রের অনুকূল। এবং সেই সিদ্ধান্ত অনুসারেই আপনি এখানে কাজ করে

থাকেন। সৌভাগ্যবশতঃ আমিও সেই কমিটির একজন সভ্য ছিলাম। সেই কমিটির রুলস ৩৪৮ যেটা গৃহীত হয়েছে, তাতে আপনাকে ক্ষমতা দেওয়া হয়েছে যে কোন কোন সভ্যকে এই এই অবস্থায় আপনি সাসপেণ্ড করতে পারেন। তাতে বলা আছে

"Speaker may if he deems it necessary to name a member who disregards the authority of the Chair or abuses the Rules of the House by persistently and wilfully obstruct the business thereof. If a Member is so named by the Speaker, he shall forthwith put the question suspending him from the Session provided the House may at any time on a motion being made resolved that such suspension be terminated"

সভাপতি মহাশয় এই যে বিল আমাদের সামনে আনা হয়েছে তার ধারাও হুবহু সেই রকম। কেবলমাত্র দুই একটি কথা ছাড়া যেন সেই কথাই এখানে তুলে দেওয়া হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আমি বুঝতে পারছি না If the position and status of the Speaker of this august body is to be likened together with the Presiding Officer of the Calcutta Corporation, I do not know whether we are giving proper respect to the Chair. The analogy does not at all stand therefore reference to that Rule has no meaning. Position of the Presiding Officer there is the same as the position of the Speaker here."

Mr. Speaker:

না তিনি সেইভাবে বলেন নি।

Shri S. M. Fazlur Rahman: Spirit of the Rules.

তিনি বলছেন যাদের কাজ তাদের দিয়েই করান ভাল। এই সম্বন্ধে সেকসান দুটো আছে। কালকে আমি বলেছি সেকসান ৯২ এবং ৯৭ এর কথা। সেকসান ৯৭ করপোরেশন কে রুল মেকিং পাওয়ার দেওয়া হয়েছে এবং সেকসান ৯২তে প্রিসাইডিং অফিসার কে হবেন সে সম্পর্কে উল্লেখ আছে। সেকসান ৯৭ যে রুল মেকিং করপোরেশনকে দেওয়া হয়েছে, সেই অনুসারে যদি কোন কাজ করে থাকে আজকে যে আইন এসেছে, সেই আইনে সেই রুল মেকিং পাওয়ার থেকে করপোরেশন বঞ্চিত হচ্ছে কিনা, তা যদি না হয় তাহলে আজকের এই যে আইন তাতে তাদের অধিকতর ক্ষমতা দেওয়া হচ্ছে কিনা, সেটাই আসল কথা। এখানে দেখা যাচ্ছে মাননীয় সভাপাল মহাশয় যে সব ক্ষমতা দেওয়া আছে প্রিসাইডিং অফিসারকে, সেখানে প্রিসাইডিং অফিসার প্রথম হল যে যদি এই রকম আচরণ, যদি কেউ করে থাকেন, তাঁকে উইথড্র করবার কথা বলে দেওয়া হয়েছে।

[3-20—3-45 p.m.]

তারপরে যদি তিনি না করেন কোন কাউন্সিলার বা অল্ডারম্যান

"If a Councillor or Alderman who is directed by the Presiding Officer to withdraw immediately from the meeting refuses to do so the Presiding Officer may, after giving the Alderman or the Councillor concerned warning regarding the action that is going to be taken, direct the sergeant on duty to remove the Councillor or the Alderman concerned from the meeting."

এই রকম ব্যবহার যদি কোন কাউন্সিলার করে থাকেন ওয়ার্নিং দেওয়া সত্ত্বেও করে থাকেন, তিনি যদি ওয়ার্নিং না মানেন, তাহলে তাঁকে ঘর থেকে চলে যেতে হবে। কিন্তু তিনি যদি চলে না যান, তাহলে সার্জেণ্টকে বলবেন ছিড় ছিড় করে টেনে বের করে দেবেন। এই হল একটা দিক। আর তা সত্ত্বেও যদি তা না হয়, তারপরে রুল টোয়েণ্টি ফাইভে বলছে, দি প্রিসাইডিং অফিসার may suspend the sitting for the time being to be announced by him or adjourn the meeting to a time and place to be fixed by him, etc., etc.

এই রকম অবস্থাতেও যদি আবার গণ্ডগোল হয়, তাহলেও তাতে দেখা যাচ্ছে, যে তাঁর [illegible] জন্যই বলুন বা তাঁকে একটা সুষ্ঠভাবে কাজ চালাবার জন্যই বলুন বা তাঁকে অধিকতর সুযোগ দেবার জন্যই বলুন, কখন তিনি অবস্থা গতিকে তিনি সভা বন্ধ করে দেবেন।

Shri Kashi Kanta Maitra:

স্যার, আমি ওঁকে জিজ্ঞাসা করছি প্রিসাইডিং অফিসার কি ননপার্টীম্যান?

Shri S. M. Fazlur Rahman:

প্রিসাইডিং অফিসার যখন তিনি প্রিসাইড করবেন, তখন তিনি ননপার্টীম্যান।

He who presides over the meeting.

সে ননপার্টীম্যান। তাহলে সভাপাল মহাশয়, যেখা যাচ্ছে এই যে, এখানে যে আইনটা করা হচ্ছে, তাহলে সেকসান ৯৭ অফ the Calcutta Municipal Act.

যে অধিকার করপোরেশনকে দেওয়া হচ্ছে, সেই অধিকার থেকে বঞ্চিত করা হচ্ছে কিনা, কিংবা হস্তক্ষেপ করা হচ্ছে না। কি অগণতান্ত্রিক কাজ করা হচ্ছে? বিশেষ করে এই আইন করা এই সুবিধা হচ্ছে, যে সার্জেন্টের সাহায্য নিয়ে কোন সভাকে বিতাড়িত করবার এই সুযোগ আছে। অধিকন্তু আরও সুযোগ দেওয়া হচ্ছে তিনি তাঁকে সেখানে সাসপেন্ড করে দিলেন, সরাসরি এই কাজ থেকে অব্যাহতি পেলেন সভার কাজ সুষ্ঠুভাবে চালনা করার জন্য। কাজেই, এই ধারাটি সংযোজিত হতে যাচ্ছে তা ৯৭তে দেওয়া ক্ষমতা থেকে বঞ্চিত নয়—কোন গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ণ করা হচ্ছে না। এখন একটি মাত্র ৯২ ইজ দি অনলি সেকসান, মেন সেকসান হিসাবে এটি গ্রহণ করা যেতে পারে। কেননা, রুলকে সংশোধন কোন আইন দ্বারা হয় না। রুল মেকিং পাওয়ার যা আছে, রুল তৈরী করে করপোরেশন তাতে কোন ডিফারেন্ট ইম্পর্টেন্ট সেকসানকে এ্যামেন্ড করা যায় না এবং করলেও যাতে দেখতে হবে যে রুল মেকিং পাওয়ার যা করেছে, তার কোন ইন্টারফেয়ারেন্স হয়েছে কিনা? এখন কথা হচ্ছে যে, তাঁরা নিজেরা করতে পারতেন, নিশ্চয় তাঁরা নিজেরা করতে পারতেন। শুধু একটি কারণ, আমি কালকে বলেছি যে, যেখানে কোন একটি গুরুত্বপূর্ণ অথচ পিনাল নেচার যদি কোন একটা কাজ নেওয়া হয়, তাহলে সেখানে রুল মেকিং পাওয়ার যে বডিকে দেওয়া আছে, তার চেয়ে অধিকতর গণতান্ত্রিক পদ্ধতিতে সুপিরিয়র বডি, লেজিসলেচারের কাছে, নিয়ে এসে বিশেষ ধারা সংযোজিত করে এই ক্যালকাটা করপোরেশন এ্যাক্টকে সংশোধিত করা হচ্ছে। আমি বলছি গণতান্ত্রিক পদ্ধতিতে যে অধিকারটা যে পার্টি ইন-পাওয়ার আছে, তাদের হুইমসের উপর ছেড়ে না দিয়ে, তাদের ক্যাপরাইসের উপর ছেড়ে না দিয়ে,—মেজরিটি আছে বলেই, যা তা করবার সুযোগ না দিয়ে এখানে এটা নিয়ে এসেছি। গণতন্ত্রের বিরুদ্ধে কিছু যাওয়া হয় নি। এই কয়টি কথা বলে বিরোধী পক্ষের বক্তব্যের বিরোধীতা করে, আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nikhil Das:

স্যার, আমরা অনুরোধ করেছিলাম তাঁকে এই বিলটা উইথড্র করে নিতে, তিনি উইথড্র করলেন না, তাহলে স্যার আমরা এর বিরোধীতা করে সকলে ওয়াক আউট করছি।

Shri Somnath Lahiri:

স্যার, কথা হচ্ছে ওঁরা করপোরেশননর ফ্যাংসান সাসপেন্ড করতে পারেন, এখন আবার অধিকার নিলেন, কাউন্সিলারকেও সাসপেন্ড করতে পারেন। এ না করে করপোরেশনটাকে তুলে দিলেই চাল করতেন। এই রকম অগণতান্ত্রিক বিল তৈরী করার বিরুদ্ধে এবং এর প্রতিবাদ জানিয়ে আমরা হাউস থেকে ওয়াক আউট করছি।

[At this stage all the Opposition members walked out of the Chamber]

The motion of Shri S. M. Fazlur Rahman that the Calcutta Municipal (Third Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed was then put and agreed to.

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[3-45—3-55 p.m.]

The West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Bill, 1965.

Shri Iswar Das Jalan: Sir, I beg to introduce the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Bill, 1965, and to place a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Iswar Das Jalan: Sir, I beg to move that the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Bill, 1965, be taken into consideration.

By sub-section (3) of section 4 of the West Bengal Criminal Law Amendment (Special Courts) Act, 1949 (West Bengal Act XXI of 1949), as amended by the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending) Act, 1964 (West Bengal Act XIV of 1964), the State Government was invested with a retrospective power of transfer of a case from one Special Court to another Special Court, provided cognizance of the offence in the case had not been taken by the Special Court to which the case was first distributed. Though the principle that a case in which the offence has been taken cognizance of by a Special Court should not be withdrawn from that Special Court and transferred to another for disposal, has always been kept in view, it appears from experience with regard to one such transferred case that in some other transferred cases also where considerable evidence has been taken by the Special Courts to which the cases were transferred, it may be difficult to prove when challenged before a Court of Law that cognizance had not been taken by the Special Courts to which the cases were originally distributed. It would be necessary in future to devise some means of proceeding in a manner which would make the fact that cognizance was not taken by the original Special Court easy of proof and incapable of challange. In the meantime it is necessary to validate the transfer of those cases which are now being tried by the Special Courts irrespective of the question whether offences in such cases were taken cognizance of by the Special Courts to which they were originally allotted.

The amending and validating Bill seeks to achieve this object.

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

Shri Apurba Lal Majumdar: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 28th day of February, 1966.

মাননীয় চেয়ারম্যান, স্যার, ওয়েষ্ট বেঙ্গল ক্রিমিন্যাল ল এ্যামেন্ডমেন্ট (স্পেশাল কোর্ট) বিল, ১৯৬৫, এটা সংক্ষিপ্ত। কিন্তু সংক্ষিপ্ত হলেও আমি মাননীয় ম-[illegible] দৃষ্টি আকর্ষণ

করে কয়েকটি কথা বলতে চাই। এই বিলের যে এ্যামেন্ডমেন্ট এসেছে সেই এ্যামেন্ডমেন্ট যে সমস্যাগুলি আমরা স্পেশাল কোর্ট সম্পর্কে বারবার ফেস করছি সেগুলি আগামী দিনের সমস্ত প্রবলেম সলিউশন করবার জন্য আমি দেখছি এখানে উত্থাপন করা হয়নি। শুধুমাত্র একটা বিশেষ অসুবিধার জন্য কগনিজেন্স সেই সব ক্ষেত্রে নেওয়া হয়েছে এবং নেওয়া হবার জন্য স্পেশাল কোর্টে সেই কেসগুলি অন্য কোর্টে ট্রান্সফার হতে পারে না, সেখানে যে পয়েন্ট রেজড হয়েছে সেই পয়েন্ট সম্পর্কে এই এ্যামেন্ডমেন্টে বলা হয়েছে যে কগনিজেন্স অর নো কগনিজেন্স যে ট্রান্সফার হয়ে গিয়েছে সেগুলি ভ্যালিড বলে গণ্য করা হবে এই এ্যামেন্ডমেন্টে তার স্যাংটিটি দেওয়া হচ্ছে। এই বিল উত্থাপন করে আমরা কতকগুলি বিশেষ বিশেষ ক্ষেত্রে এ্যাফেক্টিভ পানিসমেন্ট এবং স্পিডি ট্রায়াল-এর বন্দোবস্ত করেছিলাম। আমাদের মূল আইনের উদ্দেশ্য ছিল ক্রিমিন্যাল প্রসিডিওর কোডে যেভাবে বিচার পদ্ধতি চালু আছে সেই বিচার পদ্ধতিতে কতকগুলি বিশেষ ধরণের অফেন্স যেমন ১৬১ আই-পি-সি ১৬২, ১৬৩, ১৬৪, ১৬৫(এ), ৪০৬ আই-পি-সি ৪২০, ৪১৭। যদি গভর্ণমেন্ট অফিসার, গভর্ণমেন্টের কোন কর্মচারী এই ধরণের হিনিয়াস অপরাধে অপরাধী হয়ে থাকে এবং তাকে যদি এ্যাফেক্টিভলি চেক করতে হয় এবং ট্রায়াল যদি স্পিডি করতে হয় তাহলে সেখানে একটা বিশেষ ব্যবস্থা করা এই আইনের উদ্দেশ্য ছিল যে এদের এ্যাফেক্টিভ পানিসমেন্ট এবং স্পিডি ট্রায়ালের বন্দোবস্ত করা হোক।

কিন্তু আমাদের অভিজ্ঞতায় আমরা দেখছি যে এই সব আইনের মাধ্যমে তাদের ট্রায়ালকে আমরা স্পীডি করতে পারি নি। এবং আমাকে দু একটা কেস সম্পর্কে বলতে হয় যে হাওড়াতে এমন কেস চালু আছে স্পেশাল কোর্টে যে গত তিন বছর ধরে একটা কেস চলছে—এভিডেন্স নেওয়া চলছে আজও এবং আরও এক বছরের মধ্যে সেই কেস শেষ হবে না। স্পীডি ট্রায়ালের নাম করে আমরা চেষ্টা করা সত্বেও এই আইন সেই স্পীডি ট্রায়াল করতে ব্যর্থ হয়েছে। কারণ এই কেস সেকসন ৫এ কগনিজন্স নেবার পর প্রথমে একবার আসামীর সামনে এভিডেন্স রেকর্ড করা হোল পরে এভিডেন্স হয়ে যাবার পর চার্জ ফ্রেম করা হোল—ফ্রেম করার পর আবার তাকে বিচার করা হবে। দু দুই বার করে—এটা এক দিকে যেমন কণ্টলি অন্য দিকে তেমন লেনদি প্রসেস এই স্পেশ্যাল কোর্টের বিচারে হয়ে যাচ্ছে। সেইজন্য আমাদের যে মূল উদ্দেশ্য ছিল এই আইনের মধ্য দিয়ে স্পীডি ট্রায়াল এবং সাফিসিয়েন্ট এ্যাফেক্টিভ পানিসমেন্ট যারা অফেন্ডার তাদের দেবো সেটা বাধা প্রাপ্ত হচ্ছে। এখানে আমি আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটা বিশেষ ক্ষেত্রের প্রতি যে যদিও এই এ্যামেন্ডমেন্টের মধ্যে আগে যে মূল সূত্র ছিল সেই মূল সূত্র আপনি ঠিক রেখেছেন যে স্পেশ্যাল কোর্ট যদি একটা কেসের কগনিজন্স নিয়ে থাকে তাহলে সেই কেস সেখান থেকে ট্রান্সফার করা হবে না। সেই কেস সেখানে থাকবে এবং সেখানে তার বিচার সমাধা না হওয়া পর্যন্ত চলতে থাকবে—সেই মূল সূত্র আপনি করেছেন এই আইনের মাধ্যমে সেই মূল সূত্র এখানে এ্যামেন্ডমেন্ট আনা সত্বেও আপনি মেনে নিয়েছেন কিন্তু আমরা দেখছি যে এটা এক দিকে যেমন যুক্তি সঙ্গত যে স্পেশ্যাল কোর্ট যেটা বিচার করছে সেটা স্পেশ্যালি ডিল করা উচিত এবং সমস্ত প্রসিডিংস যদি একই কোর্টের সামনে হয় তাহলে সমস্ত এভিডেন্স রেকর্ড করার পর তার জাজমেন্টে আসার পক্ষে সুবিধা হয়। বারে বারে যদি পালটে যায় তাহলে নানা অসুবিধা আছে। সমস্ত বিষয়টি বিবেচনা করে কোর্ট একটা ডিসিসনে এ্যারাইভ করতে হয়তো অসুবিধা হয়। এ দিকে ঠিক আছে। কিন্তু অনেকগুলি বিশেষ বিশেষ ক্ষেত্রে দেখা যায় যে স্পেশ্যাল কোর্টে যেমন ডিস্ট্রিক্ট জাজ স্পেশ্যাল কোর্ট করে থাকে—বা এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট জাজ স্পেশ্যাল জাজ যদি স্পেশ্যাল কোর্টে স্পেশ্যালি এ্যাপয়েন্ট করে থাকেন—তা হয়ে থাকে এক একটা কেস দু তিন বছর লিঙ্গার করছে। সেই সমস্ত ক্ষেত্রে স্পেশ্যাল কোর্ট দীর্ঘ সময় বসতে পারে না বা ট্রান্সফার হয়ে যাচ্ছে—অনেক সময় হয়তো রিটায়ারমেন্ট হয়ে গেল। কাজেই সেগুলি কগনিজন্স নেবার পর সেগুলিকে ট্রান্সফার করে নিয়ে আসতে হয়। সেই মূল আইনের মধ্যে আমরা দেখছি এ্যামেন্ডমেন্টের মধ্যে রেখে দিয়েছেন যে ট্রান্সফার হওয়া উচিত নয় আফটার টেকিং কগনিজন্স। সেই জন্য এই সব বিচারের ক্ষেত্রে এই আইন থাকা সত্বেও আমরা দেখছি যে কোন কাজ হচ্ছে না। আমি আর একটা স্পেশ্যাল কেসের কথা বলছি যে হাওড়াতে একটা টিউবওয়েল পাইপের উপর কেস চলছে এবং সেই টিউবওয়েল পাইপের কেসটা এবার বোধ হয় থার্ড ইয়ার কন্টিনিউ করছে। ইতিমধ্যে অনেক স্পেশ্যাল

কোর্ট পালটে গেছে এবং সেটা চলাকালীন আরও যে কতবার পালটাবে তা আমি বুঝতে পারছি না। সেইজন্য একটা প্রভিসন থাকা উচিত যে বিশেষ বিশেষ ক্ষেত্রে কোর্ট কগনিজন্স নেওয়া সত্ত্বেও সেখানে ট্রান্সফারের সুযোগ থাকা উচিত। আর তাছাড়াও যেটা আপনি এখানে ইন্ট্রডিউস করছেন।

"If at any time the State Government thinks fit so to do, it may withdraw any case from any Special Court and transfer the same to any other Special Court for disposal.

Where in any case the offence is, under sub-section (1) of section 5, taken cognizance of by a Special Court after the commencement of the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Ordinance, 1965, then, notwithstanding anything contained in sub-section (3), such case shall not be withdrawn from such Special Court and transferred to any other Special Court for disposal."

[3-55—4-5 p.m.]

আমি আপনার কাছে একটা সাজেসন রাখছি যে কগনিজন্স নেবার পরেও অনেক সময় যদি সেই পার্টি অফেন্ডার মনে করে যে এই স্পেশ্যাল কোর্টে তার বিচার হবে না—ক্রিমিন্যাল প্রসিডিওর কোর্ডে যে অফেন্ডার তাকে বিশেষ বিশেষ কতকগুলি সুযোগ দিয়েছেন—যেমন ধরুন আমার যে ম্যাজিস্ট্রেটের সামনে বিচার হচ্ছে সেখানে যদি বিচার চলাকালীন আমার মনে সন্দেহের উদ্রেক হয় বা কোন কারণের উদ্রেক হয় যে সেখানে ন্যায় বিচার আমি পেতে পারি না তাহলে ক্রিমিন্যাল প্রসিডিওর কোর্ডে বন্দোবস্ত করা আছে—সেখানে স্পেশ্যাল সেকসন আছে যে ইচ্ছা করলে সেই ম্যাজিস্ট্রেটের কাছ থেকে আমি কেস ট্রান্সফার করে অন্য জায়গায় নিতে পারি ৫২৬, ৫২৮ সি-আর-পি-সি ইত্যাদির সাহায্য নিয়ে আমি কেস সেখান থেকে ট্রান্সফার করে অন্য কোর্টে নিতে পারি, কিন্তু স্পেশ্যাল কোর্টের ক্ষেত্রে যদি অফেন্ডার হাইলি প্রেজুডিসড হয় বা এই রকম কোন কারণ ঘটে যাতে আমার মনে সন্দেহের উদ্রেক হবে যে স্পেশ্যাল কোর্টের সামনে আমার ন্যায় বিচার হবে না তাহলে সেই স্পেশ্যাল কোর্ট থেকে কেস ট্রান্সফার করে নেবার জন্য আমি কোন পিটিসন মুভ করতে পারি না। আমাদের সেই সুযোগ থাকা উচিত। স্পেশ্যাল কোর্ট গভর্ণমেণ্ট এ্যাপয়েণ্ট করে দিচ্ছেন, সেখানে ন্যায় বিচার পাব কি না পাব সেই সন্দেহের উদ্রেক হলে সেখান থেকে ট্রান্সফার করে আনার জন্য একটা সাজেসন রাখছি যে এই রকম বিশেষ ক্ষেত্রে যে অফেন্ডার তার একটা সুযোগ থাকা উচিত যে অন্তত একটা তিনি মুভ করতে পারেন—সেখান থেকে কেসটা ট্রান্সফার করিয়ে নিতে পারেন এবং নিয়ে আর একটা স্পেশ্যাল কোর্টে যেন তার ট্রায়াল হয় বা গভর্ণমেণ্ট আর একটা স্পেশ্যাল কোর্ট যেন এ্যাপয়েণ্ট করেন তার ব্যবস্থা এই আইনের মধ্যে থাকা উচিত। এটা না থাকলে যে ফেয়ার ট্রায়াল সি-আর-পি-সি'তে যে সুযোগগুলি ছিল তা থেকে তারা বঞ্চিত হবে। যে অফেন্ডার বা যিনি suspected person facing trial.

তিনি ইনোসেণ্ট,—কার্ডিন্যাল principles of Criminal Law.

অনুসারে যতক্ষণ না কনভিকসন হচ্ছে ততক্ষণ পর্যন্ত সে নির্দোষী। তাই যদি থাকে সেই কার্ডিন্যাল প্রিন্সিপ্যালের ভিত্তিতে আমি অনুরোধ জানাবো যে বিশেষ কোন জাজ—তিনি এ্যাডিসন্যাল জাজ হতে পারেন বা ডিস্ট্রিক্ট জাজ হতে পারেন—যাকে আপনারা এ্যাপয়েণ্ট করছেন তার রিচার পদ্ধতি তার প্রসিডিংস-এ যদি বেদনা হয়—আমি যদি কোন রকম বেদনা ফিল করি যে ভাই may not get justice from Court.

তাহলে যেন আইনে প্রভিসন থাকে যে সেখানে গিয়ে দরখাস্ত করে সেই কোর্ট থেকে আমি কেস ট্রান্সফার করতে পারি। কাজেই যে অফেন্ডার—সাসপেক্টেড পারসন তার যে অধিকার ৫২৬, ৫২৮ ধারায় আছে যে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে বা ডিস্ট্রিক্ট জাজের কাছে বিচারে থাকলে আই ক্যান কাম টু দি হাইকোর্ট ইভন সেটা থাকা উচিত। অবশ্য এখানে যে ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এণ্ড রিজনস আছে সেখানে মন্ত্রীমহাশয় একটা কথা বলেছেন যে

It would be necessary in future to devise some means of proceeding in a

manner which would make the fact that cognigance was not taken by the original Special Court easy of proof and in capable of challenge.

অর্থাৎ কগনিজন্স নিলে পর ট্রান্সফার করা হবে—এই যে ফান্ডামেণ্টাল জিনিস এর উপর বেস করে তিনি এ্যামেণ্ডমেণ্টগুলি আনছেন। সেখানে উনি বলছেন যে এমন একটা ডিভাইস আমি আনবো ভবিষ্যতে—ষ্টেটমেণ্ট অব অবজেক্টস এণ্ড রিজনসে একটা কনটেমপ্লেসন আছে যে ভবিষ্যতে আমি একটা ডিভাইস এখানে ইণ্ট্রডিউস করবো এই আইনের মধ্যে যাতে আমরা ইজিলি বুঝতে পারবো স্পেশ্যাল কোর্ট ইজ অব প্রুফ হবে যদি বুঝতে পারে যে কগনিজন্স নেয় নি। মাননীয় চেয়ারম্যান স্যার, সেকসন ১৯৩ সি-আর-পি-সি যে কগনিজন্স দিয়ে কোন কেস-এ কগনিজন্স হয়ে এসেছে কিন্তু তা হয় নি সেটা আমরা উইল লেড আউট প্রিন্সিপ্যাল আছে যে একটা কেস কগনিজন্স হয়েছে কি হয় নি যখন কোর্ট-এর মাইণ্ড এ্যাপ্লাই করে কাগজপত্রের উপর মাইণ্ড এ্যাপ্লাই করে কোন একটা স্টেপ নেওয়া রিগার্ডিং দ্যাট অফেন্স তখন আমরা বলি কগনিজন্স হ্যাজ অলরেডি বিন টেকেন। কাজেই স্পেশ্যাল কোর্ট-এ কাগজপত্র দেখে যদি নোটিস ইস্ করে দেয় On the accused before the Courts for investigation for enquiry. তখনই কগনিজন্স নেওয়া হয়ে গেল। ১৯৬৩ সুপ্রীম কোর্ট ডিসিসন যেটা হয়েছে সেখানে একথা বলেছে যে কাগজপত্র পড়ে ডব্লউ বি সি ল এ্যামেণ্ডমেণ্ট-এর উপর ১৯৬৩-তে এই ডিসিসন হয়েছে সুপ্রীম কোর্ট-এ এটা তারা বলেছেন যে কাগজপত্র পড়ে যে মুহূর্ত্তে স্পেশ্যাল কোর্ট-এ নোটিশ করলেই এ্যাকাউজড টু এ্যাপিয়ার হবে সে মুহূর্ত্তে কগনিজন্স দেওয়া হয়ে গেল। কাজেই কগনিজন্স সি-আর-পি-সি'তে যেটা থাকে কগনিজন্স বলে সেকসন

Section 190 of the Criminal Procedure Code.

সেই কগনিজন্স যেটা কগনিজন্স-এর কথা নিশ্চয়ই বলেছেন। কাজেই সেটা যদি কগনিজন্স হয়ে থাকে তা হলে কি কি ডিভাইস করবেন, কগনিজন্স দেওয়া হয়েছে কি না হাউস-এর কাছে মন্ত্রীমহাশয় সেটা পরিষ্কার করে বলুন

It would be necessary in future to devise some means of proceeding in a manner which would make this fact that cognizance was not taken.

এই স্পেশ্যাল কোর্ট-এ কগনিজন্স নেই এটা প্রমাণ করতে বা চ্যালেঞ্জ করতে আমাদের না অসুবিধা হয় তার জন্য একটা ডিভাইস আনছেন আমি বলছি কগনিজন্স-এর ডেফিনেসন দীর্ঘ দিন ধরে বিভিন্ন হাইকোর্ট এর ডিসিসন একটা জায়গায় আমাদের নিয়ে গেছে এবং ওয়ান হাণ্ড্রেড নাইণ্টি সিক্স আর-পি-সি'তে আছে। সুপ্রীম কোর্ট-এ ১৯৬৩ জাজমেণ্ট রিপোর্টেড ইন দি এ্যানুয়াল তাতে বলেছেন ১৯৬৩-তে ঐ কগনিজন্স-এর কথা। তাতেও বলেছেন যে স্পেশ্যাল কোর্ট-এর নোটিশ ইস্ কনিজন্স হয়ে গেল। কাজেই তা থেকে ডিভিসন করা ঠিক হবে না এবং সেটা রাখা দরকার। আর একটা কথা যে স্পেশ্যাল কোর্ট-এ কতকগুলি যা ট্রান্সফার হয়ে গেল সেই কগনিজন্স-এর ভ্যালিডিটি দেবার জন্য এই এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। আমি এখানে বলতে চাই যে এই যে স্টেট গভর্ণমেণ্ট থিংস ফিট যদি থাকে যেটা এ্যামেণ্ডমেণ্ট-এ আছে

any time the State Government may think fit to do cognizance or no cognizance it may with draw any case cognizance or no cognizance.

মাননীয় চেয়ারম্যান স্যার, স্টেট গভর্ণমেণ্ট অর্থাৎ এক্সিকিউটিভ গভর্ণমেণ্ট—মিন্স এক্সিকিউটিভ পাওয়ার তা ইন-জুডিসিয়াল প্রসিডিংস হয় বা যদি একটা প্রসিডিংস স্টার্ট করে দেওয়া হয় কিংবা এক জায়গায় স্পেশ্যাল কোর্ট-এর সামনে যদি পেশ করে দেওয়া হয় তা হলে সেই কাগজ-পত্রগুলি স্টেট গভর্ণমেণ্ট নিয়ে আসবে। এটা কেন করা হবে? এখানেও দেয়ার স্যাল বি এ জুডিসিয়াল বডি যদি কেস নিয়ে আসতে হয় তা হলে জুডিসিয়াল বডি-র সেটা করা উচিত। এক্সিকিউটিভ-এর হাতে স্পেশ্যাল কোর্ট-এ

"Special Court at any time the State Government thinks it fit to do it may withdraw any case from the Special Court and transfer the same to any other Special Court for disposal."

আমি এর বিরুদ্ধে। স্পেশ্যাল কোর্ট-এর সামনে কাগজপত্র প্রোডিউস করলাম এবং কেস যখন নিয়ে আসতে হয় বা ট্রান্সফার করতে হয় তখন তা হলে উইদিন দি পারভিউ অফ দি জুডিসিয়াল ম্যাটার-এর ইণ্টারফারেন্স হওয়া উচিত না

There should be some higher body—Let it be High Court

এবং সেখান থেকে উইথড্র করে নিয়ে এসে বা সেখান থেকে অন্য কোর্ট-এ ট্রান্সফার করা হবে। এক্সিকিউটিভ পাওয়ার স্টেট গভর্ণমেণ্ট-এর সেখানে ক্ষমতা দেবার বিরুদ্ধে। আমাদের সি-আর-পি-সি'তে একথা বলে না যে সেখানে কোন প্রভিসনস নেই।

[4-5—4-15 p.m.]

তারপর এই পয়েণ্ট-এ

"State Government, executive power should be curtailed and there must be a judicial body to sit over there and to hear whether it will be withdrawn or transferred to another court. To which court it will be transferred should be decided by the High Court or any other body but not by the State Government."

এটা থাকা উচিত নয়। তারপর ভ্যালিডেট করছেন যেগুলি সেগুলি হাইলি টেকনিকাল পয়েণ্ট কতকগুলি রেজ হচ্ছে যে কগনিজেন্স নেওয়া হয়েছে কি হয়নি। এ পয়েণ্ট এডিসিয়াস করতে না পেরে হয়ত এই এ্যামেণ্ডমেণ্ট বিল নিয়ে এসেছেন। কিন্তু ভবিষ্যতে সিমিলার কনফ্লিক্ট-এ আমরা এসে পেণ্ছাব এবং অডিন্যান্স করে ট্রান্সফার ভ্যালিডেট করে দিয়েছি।

Even though cognizance has been taken,

এর পর যদি এরূপ ক্ষেত্র এসে যায় তাহলে সে সমস্ত ক্ষেত্রে তিনি কি করে ওভার রাইট করবেন? এবং সে সমস্ত ক্ষেত্র কিভাবে চিন্তা করবেন সেটা বুঝতে পারছি না। কাজেই দুটা বিষয় আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। একটা লেভেল উইড্ল এবং ট্রান্সফার

It must not depend on the State Government or on the Executive power. Some sort of judicial body must be there

যিনি চিন্তা করে এটাকে ট্রান্সফার করবেন না বা সেখানে রাখবেন

even after cognizance has been taken transfer is made in some cases.

যেখানে অফেন্ডার হিমসেল্ফ্ is the accuse facing the trial, offender himself feel.

যেখানে অফেন্ডার হিমসেল্ফ্ ফির করবে যে আমি ন্যায় বিচার না পেতে পারি। স্পেশ্যাল কোর্টের কাছে সে ক্ষমতা সেখানে দেওয়া উচিত। আইনে সে প্রভিসান থাকা উচিত।

He can place his grounds. He should not apprehend that he will have no fair trial in a particular Special Court.

তাছাড়া স্পেশ্যাল কোর্ট আছে। আমি আর একটা নিবেদন করছি সেটা হল কগনিজেন্স নেবার পর কোর্টে যেখানে ট্রান্সফার হয়ে গেছে যেখানে মারা গেছে যেখানে রিটায়ারমেণ্ট করে গেছে সে সমস্ত ক্ষেত্রে ভ্যালিডেট করার জন্য একটা প্রভিসান আইনে থাকা উচিত। সে প্রভিসান আইনের মধ্যে নেই, তার কগনিজেন্সগুলো আছে। সেজন্য স্পেশ্যালি আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলাম এগুলি ঠিক করবার জন্য এবং ভবিষ্যতে যাতে এ্যানোমালি না দেখা যায় সেদিকে দৃষ্টি রেখে আইন সংশোধন করা উচিত ছিল সেটা হয়নি বলে আমার মন্তব্য রাখলাম।

Shri Bhakti Bhusan Mandal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th January, 1966.

মিঃ চেয়ারম্যান স্যার, এই যে এ্যামেণ্ডমেণ্ট আনা হয়েছে এই এ্যামেণ্ডমেণ্ট সম্বন্ধে বলবার আগে আমার মনে হয় আরও কয়েকটি কথা বলা প্রয়োজন কারণ ১৯৪৯ এই এ্যাক্ট-এ বলা হয়েছে তারপর অনেক কেস হয়েছে এবং প্র্যাকটিক্যাল ডিফিকাল্টিজ যা হয়েছে সে ডিফিকাল্টিজ ওভার কাম করা উচিত ছিল। সেগুলি এ বিলে করা হয়নি বরং একটা উল্টো বিল এনেছেন যেমন আমি বলছি এটা প্রথম করা হয়েছিল যে এফেক্টিভ পানিশমেণ্ট এবং স্পীডি ট্রায়াল-এর জন্য কিন্তু আমি মন্ত্রী মহাশয়কে বলছি যে বিল এনেছেন স্পেশ্যাল কোর্ট-এ কেস একটা কেস যেদিন দরখাস্ত করা হয় তারপর থেকে ১ বৎসর পরে এ্যালটমেণ্ট দেওয়া হয়

এটা তিনি জানেন কিনা জানি না। এই এ্যালটমেন্ট অর্থাৎ যে কেস ট্রায়াল করার এবং কোন-কিম সেশান-এ ট্রায়াল হবে তার নাম দিতে হয়। এই দেওয়ার ব্যাপারে স্টেট গভর্নমেন্ট ২, ২½ বৎসর পর্যন্ত দেরী করে। আর যারা অফেনডার অর্থাৎ এ্যাকিউসড্ তাদের দিনের পর দিন কোর্টে এসে হাজির দিতে হয় কারণ এ কেস-এর একটা পিকিউলিয়ার প্রসিডিওর আছে। প্রসিডিওর হচ্ছে গভর্নমেন্ট সুয়োমোটো কেস আনতে পারেন। কোন ডিফলকেসান এগেইনস্ট গভর্নমেন্ট মানি বা পাবলিক সার্ভেন্ট তার যদি দোষ থাকে তাহলে তারা নিয়ে আসতে পারেন। এর জন্য কতকগুলি স্পেসিফিক্ কেস আছে। কিন্তু মনে করেন গভর্নমেন্ট আনলেন না কারণ গভর্নমেন্ট বেশী এ কাজ করেন। কিন্তু যাদের গভর্নমেন্ট-এর সঙ্গে সাঁট আছে এ সমস্ত কেস-এর বিরুদ্ধে পাবলিক দরখাস্ত করে আমি এ্যাজ ফর একজাম্পল একটা কথা বলছি। ডি, এম ঘুস খেয়েছে এরূপ একটা স্পেসিফিক কেস যদি হয় তাহলে স্পেশাল কোর্ট হয়ত কেয়ার করল না কারণ হয়ত কোন মন্ত্রী জড়ীত আছে, তখন পাবলিক সেখানে পিটিসান করলো।

যখন পাবলিক পিটিসান করলো, দেখা গেল যে লোকটি দরখাস্ত করলো, সেই কেসটি গেলো প্রথমে ডি, ই, বি-র কাছে। প্রথমে তারা ইনভেস্টিগেশান করলেন না, এনকোয়ারী করতে আরম্ভ করলেন। তারা সেটা এনকোয়ারী করবার পর, যদি তাঁদের দয়া হয়, তাহলে তাঁরা রিপোর্ট দিলো যে এই কেসটা টেকেন আপ করা যেতে পারে, তখন কমপ্লেন করা হয় কেসটার। তার প্রথম যে এনকোয়ারী আরম্ভ হচ্ছে, সেই এনকোয়ারী এনটায়ারলি ডিপেণ্ড করছে ইনভেস্টিং এনকোয়ারী অফিসার-এর উপর। যিনি এনফোর্সমেন্ট ডিপার্টমেন্ট অফিসার, তাঁর উপর সম্পূর্ণ নির্ভর করছে এটা। অনেক ক্ষেত্রে দেখা যায় যে এনফোর্সমেন্ট অফিসারকে নিয়ে টানাটানি হচ্ছে, এঁরা বলেন এই রিপোর্ট দাও, ওঁরা বলেন এই রিপোর্ট দাও। এনফোর্সমেন্ট অফিসার যদি রিপোর্ট না দেয়, তাহলে যে অফিসারকে এ্যাকিউজ্ড করা হচ্ছে, তার বিরুদ্ধে হাজার, হাজার কেস থাকলেও, কেস নিয়ে প্রসিড করা ভিষণ অসুবিধা হয়। কেস করার অসুবিধা হয় এই জন্য যে একটা পিটিসান কেস করবার পর, পেপারগুলি এনে কোর্টে জুডিসিয়াল-এর মাধ্যমে প্রমাণ করা এত কঠিন হয়ে পড়ে যে অনেক সময় তা সম্ভব হয় না। এই ভাবে লেংথী প্রসিডিওর চলেছে। যখন দেখা গেলো যে একটা প্রাইমাফেসি কেস হয়েছে, তখন কমপ্লেইন্ট হল, এবং তারপর পুনরায় সেটা স্টেট গভর্নমেন্টের কাছে গেলো, এবং তখন এ্যালটমেন্ট করা হল যে কে, এই কেসটা ট্রায়াল করবে। এই করে প্রায় দু-বছর থেকে আড়াই বছর ধরে টালাবাহানা চলতে থাকে। স্পিডি রেমিডির কথা ছেড়েই দিলাম, এই ভাবে ডিলেড রেমিডিও হল না। এটা স্পেশ্যাল কোর্ট-এ হয়। শুধু তাই নয়, যিনি এই বিলটি এনেছেন, তিনি লক্ষ্য করেছেন কি না জানি না, ক্রিমিন্যাল প্রসিডিওর কোড-এর জি, আর, কেস-এর একটা নূতন প্রভিসান হয়েছে। জি, আর, কেস-এর নূতন প্রসিডিওর হয়েছে, সেখানে সঙ্গে সঙ্গে ট্রিট হয়ে যাচ্ছে, জেরা হয়ে যাচ্ছে। স্পেশ্যাল কোর্ট-এ যে কেস হয়, তাকে কমপ্লেইন্ট কেস হিসাবে ট্রিট করা হয়। তার ফলে কি হচ্ছে? কমপ্লেইন্ট কেসটা প্রথমে ট্রিট হচ্ছে, কেউ দূরে কোথাও আছে, কেউ সিমলায় আছে, বা কেউ লক্ষণৌতে আছে, বা কেউ দিল্লীতে আছে, সেখান থেকে তারা রেডিওগ্রাম করলো—আজ আসতে পারবো না, সেখানে ট্রিট হতে, হতে, এক বছর, দেড় বছর কেটে গেলো, তারপর ট্রিট হল, সঙ্গে সঙ্গে জেরা করবার প্রভিসন নেই। কতকগুলি জুডিশিয়াল ডিসিসান-এ ঠিক হয়েছে যে

this case should be treated as complaint case. Complaint case treat

হলে, তারপর তার চার্জ ফ্রেম করা হবে। এই চার্জ ফ্রেম করবার পর, তার জেরা হবে, আরগুমেন্ট হবে। আমি বলছিলাম, যে আপনারা যদি স্পিডি রেমিডি করতে চান, তাহলে যে প্রসিডিওর নেওয়া হয়েছে জি, আর, কেস-এর ব্যাপারে, সেই প্রভিসনটা এ ক্ষেত্রে করলে কি অসুবিধা হ'ত? অর্থাৎ সঙ্গে সঙ্গে ট্রিট ও জেরা করলে, কি ক্ষতি বা অসুবিধা হতো। এটা করলে, কেসের যে মূল উদ্দেশ্য, সেটা সাধিত হত। কারণ স্পেশ্যাল কোর্ট-এ যে হাজার, হাজার কাগজ, যেগুলি (১৪৩)-তে দিতে হয় ওয়ান্স এ উইক, যে, মানুষ এ্যাকিউজ্ড থাকে, সে পজিসান অফ দি কেস বুঝতে পারছে না। কারণ এ কথা আমরা বুঝতে পারি যে, যেমন সেসান কেস-এ ট্রিট এবং জেরা হয়, তেমনি এই সব কেসে যদি সেই রকম ব্যবস্থা করা হত, তাহলে প্রসিডিওরটা এত কামব্রাউস হত না, অর্থাৎ এই যে লং ডিলেড প্রসিডিওর আছে, তা না হয়ে,

কেসটা তাড়াতাড়ি সেটল হয়ে যেতো। সেইজন্য বলছি, যেমন জি আর, কেস-এ হয়, আগে চার্জটা ফ্রেম করে নিয়ে, কেস চালান হয়, এই ধরণের প্রসিডিওর এ ক্ষেত্রে করলে, এটা স্পিডি হতো, কিন্তু তা করা হয়নি।

দ্বিতীয়তঃ, দেখা যায় যে প্রথম এনকোয়ারীতে দেড় বছর চলে যায়, তারপর এ্যালটমেন্ট-এর ব্যাপার। এই এ্যালটমেন্ট হতে, হতেও প্রায় ১ বছর, দেড় বছর চলে যায়। এইভাবে কেস-গুলি কোর্টে উঠতে প্রায় দেড় বছর থেকে,..তিন বছর সময় লাগে। শুধু তাই নয়, আর একটি কথা, অনেকবার বক্তৃতার মাধ্যমে বলেছিলাম এই স্পেশ্যাল কোর্টে কেস হলে গভর্নমেন্টের বহু টাকা খরচ হয়। সেইজন্য আমরা দুটি ক্যাটাগরির করতে বলেছিলাম। যেমন আজকাল দেখবেন স্পেশাল কোর্টে যত কেস হচ্ছে, তার মধ্যে বড়, বড় কেস খুব কম।

[4-15—4-25 p.m.]

এই যে যারা রেন্ট আদায় করে তহশীলদার, তারা রেন্ট আদায় করে ডিফলকেসান করে, পোস্টাল পিওন যারা তারা ডিফলকেসন করে। এই সব কেস সবচেয়ে বেশী হয় স্পেশাল কোর্টে। এই কেসগুলি যদি দেখা যায়, তাহলে দেখা যাবে একশোটা কেসের মধ্যে ৮০।৮৪টি এই রকমের কেস। আর যদি তার ভ্যালুয়েসান আপনি শোনেন, অবাক হয়ে যাবেন। এর এক একটা কেস ট্রাই করতে ৭।৮ হাজার টাকা গভর্নমেন্টের খরচ হয়। আর ডিফলকেসান কত হয়? দু-টাকা, পাঁচ টাকা বা পাঁচশ টাকা ডিফলকেসান করেছে। বিশেষ করে পোষ্ট্যাল পিয়নদের যে সমস্ত কেস দেখি গ্রামের ক্ষেত্রে এভার থিং বিলো ফাইভ হান্ড্রেড। এই সব কেস যদি স্পেশাল কোর্টে করতে হয়, তাহলে এ সম্বন্ধে একটু বিচার-বিবেচনা করা উচিত। শুধু শুধু গভর্নমেন্টের এত টাকা খরচ হবে কেন? এর ভ্যালুয়েসানের একটা লিমিট করে দেওয়া উচিত, দুশো কি পাঁচশো টাকা পর্যন্ত যেমন অর্ডি-নারী কেস-এর ট্রায়াল করবে সাব-ডেপুটি ম্যাজিস্ট্রেট বা ডেপুটি ম্যাজিস্ট্রেটের কোর্টে ট্রায়াল করুক, তাহলে স্পিডি হয়ে যাবে, কিন্তু এই বিলের ভেতর তেমন কোন ধারা আনা হয় নাই। এই কেসগুলির জন্য সরকারের যে শুধু বহু টাকাই অপব্যয় হয় তা নয়, জজের যে ফাংশন, সেই ফাংশনও অনেক হাম্পার করে। আমরা দেখছি একজন জজ, দু-জন এ্যাডিশন্যাল জজ বা সাব-জজকে এই সবের বিচার করতে হচ্ছে। এই কারণে স্পেশ্যাল কোর্ট বলে একটি নূতন ভবন তৈরী হয়েছে। জজসাহেব মাসের ভেতর ১০।১৫ দিন স্পেশাল কোর্টে কোন তহশীল-দার ২।৶ আনা তছরুপ করেছে কি না তার মামলা করছেন। কোথাও বা রিলিফের চালের মামলা যার মূল্য চার টাকা, তার বিচারও তিনি করছেন। এই বিচার করতে করতে মাসের মধ্যে পনের দিন স্পেশ্যাল কোর্টে জজসাহেবকে কাজ করতে হয়। যার ফলে হয় যেগুলো মূল কেস যেমন মার্ডার কেস যাতে ক্যাপিটাল পানিশমেন্ট হতে পারে, ৩৯৬-এর কেস এইরকম সব কেস অর্থাৎ বড় বড় কেসগুলি এ্যাডিশনাল জজের উপর ছেড়ে দেওয়া হচ্ছে, আর জজসাহেব নিজে পনের দিন ঐ স্পেশাল কোর্টের ছোট ছোট কেসগুলি চালিয়ে যাচ্ছেন। এই করে যে কেবল গভর্নমেন্টের বহু টাকা খরচ হচ্ছে তা নয় গভর্নমেন্টের বড় পোষ্টের যারা কর্মচারী ডিস্ট্রিক্ট জাজ, সেসান জাজ ইত্যাদি আছেন, তাদের সময়ও নষ্ট হচ্ছে। তাই বলছিলাম সেই জিনিষ লিমিট করা উচিত।

আর ট্রান্সফার-এর কথা বলে যে জিনিষ করা হচ্ছে এটা ঠিক হচ্ছে কিনা তা বিবেচনা করে দেখা দরকার। ওটা যদি আপনি আরো একটু সিম্পলিফাই করে দিতেন, তাহলে ভাল হতো। ক্রিমিনাল প্রসিডিওর কোড-এর সেকসান ৫২৬ যেটা আছে, সেই প্রভিসনটা এ্যাপ্লাই করবে, ষ্টেট্ গভর্নমেন্টের ৫২৬ ধারা অনুযায়ী যদি আসে, যাতে কেস তারা ট্রান্সফার করতে পারে তাহলে আর কোন জায়গায় গোলমল হতো না। সেই জন্য বলছি এই কামব্রাস বিল না এনে সিম্পলি-ফায়েড ওয়ে করলে ভাল হত না কী? এই স্পেশাল কোর্টে অনেক ডিফিকাল্টি হয়। এ্যাকিউজড-এর হাজার ইচ্ছা অনুযায়ী আমাদের প্রিজামসান অফ ইনোসেন্স ইণ্ডিয়ান জরিসপ্রুডেন্স-এ লেখা আছে মানুষের নোশন তিনি জজই হোন্, অনেক বিষয়ে ভ্যারি করে। একজন জজ হয়ত দু-পয়সা ডিফলকেসন হলেও ছাড়বেন না; আর একজন এমন জজ আছেন যিনি হয়ত দু-পয়সা

ডিফলকেসন-এর জন্য একটা ওয়ার্নিং দিয়ে ছেড়ে দেবেন। এ্যাপার্ট ফ্রম মোটিভ মানুষের সেন্টি-মেন্ট ও কনসাসনেস ও চিন্তাধারা অনেক রকম। হয়ত ৫ টাকার জন্য কোন জজ পাঁচ বছর জেল দিয়ে দেবেন। এখন আমার কথা হচ্ছে যে একজন এ্যাকিউজড থাকবেন তার কি কোন স্বাধীনতা থাকা উচিত নয়। সেই কেসটা ট্রান্সফার করে টু এনি আদার ডিস্ট্রিক্ট। এটা করার কি কোন প্রভিশান করা উচিত ছিল না। আমার মনে হয় এ্যাকিউজডরা যাতে ফেয়ার ট্রায়াল পায়—কারণ যতক্ষণ পর্যন্ত শাস্তি না হচ্ছে ততক্ষণ পর্যন্ত তাকে ইননোসেন্ট বলে ধরতে হবে। এই জন্য বলতে চাই তারা যাতে ফেয়ার ট্রায়াল পায় তার ব্যবস্থা করতে হবে। যেসব জিনিষ এই বিলে থাকা উচিত ছিল সেসব জিনিষ এর মধ্যে নাই কতকগুলি অবাস্তব জিনিষ এর রাখা হয়েছে সেজন্য আমি এই বিলটিকে বিরোধীতা করছি।

Shri Iswar Das Jalan: Sir, so far as the Bill is concerned I do not think that any opposition has been made. So far as the working of the Act is concerned, certain observations have been made. We shall examine those observations and see that unnecessary hardships is not caused or unnecessary delay is not made. That is beyond and beside the purpose of the present Bill. The purpose of the present Bill is very simple. There are lots of cases which have been transferred from one Court to another on account of some technical defect inspite of the fact that numerous witnesses have been examined, a very large number of records have been produced on this technical ground, the whole prosecution fails. In order to remove this difficulty we have provided in this Act that prior to the passing of this Act is a case has been transferred where cognizance has been taken or not, there should not be any question about the validity of the transfer. But after the passing of this Act the case cannot be transferred after cognizance has been taken. Because after cognizance has been taken by the Court once then the executive authority should not be vested with the power to transfer it. I do not think that the ordinary provisions of the Code of the Criminal Procedure are not operative in these cases save and except to the extent to which provision has been made in this Act. Therefore, I do not think that I will say further about the necessaity of the Bill itself but so far as the observations which have been made by honourable members are concerned, I will certainly examine those and try to find out remedies in order to meet the situation to which attention has been drawn. With these words I commend my motion for the acceptance of the House.

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Iswar Das Jalan that the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Bill, 1965 be taken into consideration was then put and agreed to.

[4-25—4-35 p.m.]

Clauses 1, 2, 3 and 4

The question that clauses 1, 2, 3 and 4 do stand part of the Bill was then put and agreed to.

Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Iswar Das Jalan: Sir, I beg to move that the West Bengal Criminal Law Amendment (Special Courts) (Amending and Validating) Bill, 1965, as settled in the Assemly, be passed.

Shri Apurba Lal Majumdar:

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি একটি ইনফরমেসান মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে এই বিলে সেকসান ৩-তে এই অর্ডিনেন্স হবার আগে পর্যন্ত যে সমস্ত কেস ট্রান্সফার হওয়া নিয়ে যে ডিসপুট এ্যারাইজ করেছে কগনিজেন্স অর নো কগনিজেন্স ব্যাপারে সেগুলি আপনি ভ্যালিড করে দিলেন

"valid in future; after the enactment of this law, or after the Ordinance no one can raise any question on the particular scope where cognizance has already been taken so far; the case cannot be transferred. That is the only purpose of the Bill"

এখন ১৯৪৯ যখন এই এ্যাক্ট প্রথম পাশ হল তার পরে থেকে ৬ বার অলরেডি উই হ্যাভ এ্যামেন্ডেড দিস ল' লাস্ট ১৯৬৪ আমরা আবার এ্যামেন্ডমেন্ট করেছি, ওয়ান মাইনর পয়েন্ট। এখন আমরা মাইনর পয়েন্ট-এ এ্যামেন্ড করছি সেকসান ৩-তে বলছি যে কগনিজেন্স যদি নিয়েও থাকি [illegible] ট্রান্সফার ভ্যালিড একর্ডিং টু দিস অর্ডিনেন্স অর এ্যাকর্ডিং টু দিস ল'। কিন্তু আমি যেটা ক্ল্যারিফিকেসান চাচ্ছি সেটা হল এই যে কারণের জন্য আপনি এই বিলটা নিয়ে এলেন ভ্যালিডিটি দেওয়া দরকার ট্রান্সফারকে আগামী কাল ঠিক দি সিমিলার কোশ্চেন উইল বি রেইজড বিফোর ইউ। আবার সিমিলার ডিসপুট দেখা দেবে। তাহলে ১৯৬৬-এ আবার বিল আনতে হবে। এছাড়া উপায় নাই। কেননা একটা ডিফাইস তো আমরা তৈরী করিনি। কগনিজেন্স যদি স্পেশাল কোর্ট নিয়ে থাকে তাহলে

that cognizance is final. That case cannot be transferred by any authority to any other Special Court not even by the Government or the High Court not by any authority on earth.

এই প্রশ্ন থেকে গেল। তাহলে যেটা আমরা ভ্যালিড করে দিলাম যে সো ফার এই অর্ডিনেন্স হবার আগে পর্যন্ত যতগুলি ট্রান্সফার হয়ে গেছে সেগুলি কগনিজেন্স নেওয়া সত্ত্বেও এই পয়েন্ট যদি নাকচ করে দিতে পারে এই প্রসিডিংসটা সেটা করতে পারবে না এই অর্ডিনেন্স-এ সেই ক্ষমতা দিয়ে ট্রান্সফারগুলি ইনস্পাইট অফ দি কগনিজেন্স ভ্যালিড করলাম। তাহলে যতবারই এই প্রশ্নটা দেখা দিবে ততবারই অর্ডিনান্স আনতে হবে ততবার ভ্যালিড করতে হবে। আমরা একটা পার্মানেন্ট সলুশান চাই। প্রত্যেকবার আইন সভায় একটা বিল নিয়ে এসে যতগুলি ট্রান্সফার হচ্ছে প্রতিটি ট্রান্সফারকে এক একটি অর্ডিনেন্স করে ভ্যালিড করে নেব

it speaks poorly of us, poorly of the legislative branch regarding enactment of laws.

সেজন্য বলছি সেকসান ৩ যেটা উনি ভ্যালিড করলেন দেন দেয়ার সুড হ্যাভ বিন এ্যান্ড মাস্ট হ্যাভ বিন সাম ডিভাইস। যাতে এই রকম আবার দ্বিতীয় বছর আবার এলে এই রকম ভ্যালিড করবার জন্য অর্ডিনেন্স পাশ করাতে না হয়। সেজন্য আমি জানতে চাইছিলাম যে আপনি কেন এই রকম হাফ হার্টেডলি আনলেন। কেননা বুঝতেই পারছেন সামনের বছর আবার আনতেই হবে। মিনিস্টার কনসার্নড-এর কাছে আমি সেজন্য জানতে চাইছিলাম আপনি কেন এটা আনলেন

to give validity to some other actions taken inspite of cognizance taken by the Special Court.

contingency আসবেই

Inspite of cognizance you must have to transfer some cases.

তাহলে আবার এ্যামেন্ডমেন্ট আনতে হবে। সেজন্য আমি বলছিলাম এইরকম ভাবে ডিপার্টমেন্ট-এর আনাটা ঠিক হয়নি। আপনি আবার কনসিডার করুন, কনসিডার করে ডিভাইসটা যেটা আপনি ফিল্ট করেছেন যে সাম সর্ট অফ ডিভাইস আমি আনব। কিন্তু কগনিজেন্স-এর দীর্ঘ দিনের যে ক্রিমিনাল প্রসিডিওর কোড যা টেনে দিয়েছে যে কগনিজেন্স-এর সীমা রেখা সেই ডেফিনেসানটা চেঞ্জ না করে সেই কগনিজেন্স-এর ডেফিনেসানটা জীইয়ে রেখে আপনি এখুনি দেখুন ইউ মে টেক ১৫ অর ২০ মিনিট্স্। সেই রকম একটা ডিভাইস এর মধ্যে দেবার চেষ্টা করুন যাতে প্রতিবছর ভ্যালিডিটি করার জন্য যে কোন ট্রান্সফারকে লিগ্যাল স্যাংটিটি দেবার

জন্য এই অর্ডিনেন্স আনতে না হয়। এই পয়েন্টগুলি আমি ক্লোস করছি আপনি চিন্তা করে দেখুন।

Shri Iswar Das Jalan: Sir, we have already mentioned in our Objects and Reasons that so far as the future is concerned, whether cognisance has been taken or not, there should be a device under which there should be no dispute about this fact. Up till now transfers have been made without taking into consideration this very important factor and the importance of it. Therefore, what has been done so far, we are trying to velidate it. So far as the future is concerned, whenever a transfer has to be made, we shall make ourselves absolutely sure as to whether cognizance has been taken or not. If cognizance has been taken we will not transfer it. If cognizance has not been taken we may transfer. That is the present scheme.

So far as the points raised by the honourable member are concerned, I can assure the House that I will give my best considerations to all the points with regard to operation of the Special Courts Act because this Act requires a proper examination and a proper consideration as to how far we have achieved the objective with which this Act was passed and the operation of the Act during the last so many years.

The motion of Shri Iswar Das Jalan that the West Bengal Criminal Amendment (Special Court) (Amending and Validating) Bill, 1965, as settled in the Assembly, be passed, was taken put and agreed to.

The West Bengal Highways (Amendment) Bill, 1965

Shri Khakendra Nath Das Gupta: Sir, I beg to introduce the West Bengal Highways (Amendment) Bill, 1965, and to place a Statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of business in the West Bengal Legislative Assembly.

(Secretary then read the title of the Bill)

Shri Khagendra Nath Das Gupta: Sir, I beg to place a Statement before the House.

Existing Government roads do not come within the definition of "highway" in section 2(c) of the West Bengal Highways Act, 1964, unless they are declared as highways under section 3 of the Act. The declaration of each Government road as a highway with precise description of its boundaries after completion of survey work is a stupendous task involving various complications.

In view of this difficulty, it is proposed to amend the West Bengal Highways Act, 1964, to include a definition of a "Government road" and to alter the definition of "highways" in such a way as to include in its scope all Government roads without the necessity of declaring them as highways under section 3 of the Act. The amending Bill has been drafted accordingly.

Mr. Chairman: Please move your consideration motion.

Shri Khagendra Nath Das Gupta: Sir, I beg to move that the West Bengal Highways (Amendment) Bill, 1965, be taken into consideration.

[4-35—4-45 p.m.]

Shri A. H. Besterwich: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

Sir, the Bill is very nice and the idea is good. But I think the execution will be very very bad—extremely bad. They are trying to amend, I think, Section 2(c) of the Act, as Government roads do not come within the meaning, Highway.

They are trying to ban construction of shops on the highways, but what is the difference between this Bill and the Act? The meaning is just the same; only the words have been changed. This has been done only to make jugglery of words. Sir, what is the idea behind the introduction of this Bill when the work of execution will be very very bad The reason why Khagen Babu wants to introduce this Bill is that he wants to evict about two lakhs of refugees who are remaining on the road side and maintaining their families without taking any Government help, without taking any Government loan. They are carrying on their business somehow or other without taking any assistance from the Government, and Khagen Babu wants to evict them. That is the sum and substance of this Bill. If my friends go through the Bill they will find it as the sole purpose of the Bill. They will also find that there is no difference between the amending Bill and the Act. Sir, if you go through the definition of "highway", as provided in the Act, you will find that "highway" means any road, street, path, way or land other than a national highway, within the meaning of the National Highways Act, 1956 and so on and so forth. Now, if you go through the present Bill you will find that "highway" means any Government road, or any other road, street, path, way or land, other than a national highway within the meaning of the National Highways Act, 1956 and so on and so forth. So, what is the difference between these two? Actually, there is no difference whatsoever. Still Khagen Babu is wasting the time of the House by trying to amend the Act which is already there. The idea is very simple. Honourable members may say: "Oh, it is a very simple Bill. Let us pass it." Well, they will pass it now without going through the A, B, C and pros and cons of the Bill. You will remember, Sir, that some time ago Khagen Babu passed a Bill in this House ignoring our strong opposition. It was sent to the President for his assent but the President did not give his assent. It happens during the last budget session. I can tell my friends on the other side that this Bill also be held up by the President. If the object is something which aims at giving some relief to the common people, if it is of some consequence, then I am prepared to accept it. But here every item of amendment is redundant. He has brought forward this Bill in order to punish some persons, punish a lot of people, who are on the highways. Government have failed to rehabilitate them. They have not taken any assistance from the Government and thus saved a huge amount of Government money. Still Khagen Babu wants to evict them. I would like to ask the friends on the other side just to compare the definition of "highway" as provided in the Act with the definition of "highway" as provided in the Bill and they will find that it is just the same. I do not think that Khagen Babu will withdraw the Bill because the definition is given in the Act itself.

With these observations, I request that the Bill should either be withdrawn or sent to the public for eliciting their opinion.

Shri Gopal Banerjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1965.

মাননীয় চেয়ারম্যান স্যার, এই হাইওয়ে বিলের যে এ্যামেণ্ডমেন্ট এসেছে—এই এ্যামেণ্ডমেন্ট আলোচনা করতে গেলে যখন এই আইনটা এসেছিল—এটা যখন আইনে পরিণত হয় তখন আমরা যে কথা বলেছিলাম সেটা একটুখানি এই সভার স্মরণ করা উচিত। বিরোধী পক্ষ থেকে আমরা যে কথা বলেছিলাম যে বড় বড় যে সড়ক যেগুলি আছে সেই সড়কগুলি যাতে রক্ষণাবেক্ষণ হয় সরকারের সেদিকে চেষ্টিত হওয়া উচিত। কিন্তু এই প্রসঙ্গে রাস্তাগুলি আজকে কি অবস্থায় আছে সেটাও আমরা তুলে ধরেছিলাম এবং যে সমস্যাটা দেখা দিয়েছে যার জন্য এই আইনটা তখন আনা হয়েছিল সেটা হচ্ছে রাস্তা রক্ষা করা এনক্রোচমেন্ট থেকে। এর আগেও ১৯২৫ সালের একটা আইন ছিল সেই আইনে এনক্রোচমেন্ট তুলে দেবার যে ব্যবস্থা ছিল সেটা কঠিন ছিল—তাকে সহজতর করার জন্য এই আইন আনা হয়েছিল হাই ওয়েজ বিল। তখন আমরা একথা বলেছিলাম যে ১৯৪৭-৪৮ সাল থেকে রাস্তাগুলি যে এনক্রোচমেন্ট হয়েছে ব্যাপকভাবে তার একটা বিশেষ কারণ বহু লোক উদ্বাস্তু হয়ে এসেছিলেন এবং তাদের জন্য নিম্নতম ব্যবস্থা করাও সরকারের পক্ষে সম্ভব হয় নি। তারা নিজেরা অনেক জায়গায় রাস্তার ধারে যেখানে যানবাহন চলাচলের কোন অসুবিধা না হয় এই রকম জায়গায় দোকান করে সেখানে জীবিকা নির্বাহের ব্যবস্থা করে নিয়েছিলেন। তাই যখন এই আইন আসে তখন আইনে আমরা একটা বিধান রাখতে বলেছিলাম যে রাস্তা সংরক্ষণের জন্য যদি কোথায়ও থেকে কাউকে উচ্ছেদ করতে হয় তাহলে সেই উচ্ছেদের আগে তাকে একটা বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা দেওয়া হোক। এবং আমরা তাই এটা দিয়েছিলাম যে এই সমস্ত লোকগুলি যারা করে খাচ্ছে এদের জন্য সরকার কোন ব্যবস্থা এত দিনে করতে পারেন নি, তাদের উপর একটা জুলুম নূতন করে আসবে—এ দিক থেকে আমরা বার বার বলা সত্ত্বেও মন্ত্রী মহাশয় তখন মানেন নি এবং আমরা এটাও বলেছিলাম যে ১৯৫০-৫১-৫২ সালে মন্ত্রী নিজে বলেছিলেন উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের সংগেও আলোচনা হয়েছিল যে এদের একটা বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা করার চেষ্টা করা হবে। তখন আমরা একথা বলেছিলাম যে কতকগুলি বাজার যেমন বনগাঁ এবং শোধপুর এই সব জায়গায় বাজার করার কথা হয়েছিল—বনগাঁয়ে একটা বাজার হয়েছে—শোধপুরে যেখানে এখন হাউসিং স্কীমে বিরাট বিরাট বাড়ী হচ্ছে সেখানে খাদি প্রতিষ্ঠানের জায়গা নিয়ে একটা বাজারের পরিকল্পনা সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল—সরকার নিজেও বিবেচনা করেছিলেন এবং মোটামুটি সেটা কার্যকরী করা হবে এই ধারণা ছিল। কিন্তু সেটা বাতিল করে দেওয়া হয়েছে। এখন এই সময়ের মধ্যে আমরা যেটা আশঙ্কা করেছিলাম সেখানে আমরা কি দেখেছি—এই আইন পাশ হবার পরে বোধ হয় এই আইন ডিসেম্বর মাসে অথবা এই রকম সময়ে পাশ হয়, তার পরে জানুয়ারী মাসের ৬।৭ তারিখে আমরা দেখলাম যে বি টি রোড এবং যেখানে ডানলপ ব্রিজ আছে—বি টি রোডের উপর তার পাশে যে পি, ডবলিউ, ডি, রোড—সেই পি, ডবলিউ, ডি, রোডের উপর আইন থাকা সত্ত্বেও জবরদস্তি করে সেখানকার এস ডি ও—এস, ডি, পি, ও পুলিশ নিয়ে গিয়ে দোকানগুলি ভেঙ্গে দেয়। মন্ত্রী মহাশয় তখন অসুস্থ হয়ে হাসপাতালে ছিলেন তখন তাঁর বিভাগের দৃষ্টি এ দিকে আকর্ষণ করা হয় এবং মুখ্যমন্ত্রীও বলেন যে হ্যাঁ এদের একটা ব্যবস্থা করা উচিত এবং কোন ব্যবস্থা যদি করা যায় যাতে বেশী খরচ না হয় তাহলে আমরা চেষ্টা করে দেখতে পারি। ইতিপূর্বে ১৯৫০-৫১-৫২ সাল থেকে এই লোকগুলি ছোট ছোট ব্যবসা চালাচ্ছে। তাদের জন্য বিকল্প পুনর্বাসনের পরিকল্পনা দেওয়া হয়েছিল—আবার জানুয়ারী মাসের পর সেই ব্যবসায়ীদের পক্ষ থেকে অন্তত পক্ষে ২০।২৫টি পরিকল্পনা দেওয়া হয়েছে—সবগুলি আমার কাছে নেই—আমি তাদের কাছ থেকে যতটুকু সংগ্রহ করতে পেরেছি তাতে শুধু মাত্র বাজে কাগজে কতকগুলি লিখে দেন নি। প্ল্যান ড্রয়িং করে সমস্ত জিনিসটা ও'র ডিপার্টমেন্টে দিয়েছে। ডিপার্টমেন্ট চিঠি দিয়েছেন যে আমরা এগুলি কনসিডার করছি—ওয়েষ্ট বেঙ্গল রিহ্যাবিলিটেসন ডিপার্টমেন্টে তারা ফরোয়ার্ড করেছেন যে কে উদ্বাস্তু কে উদ্বাস্তু নয় এই সবের জন্য।

[4-45—4-55 p.m.]

হঠাৎ আমরা দেখলাম কি—১৯শে অক্টোবর তারিখে আবার এস, ডি, ও, এস, ডি, পি, ও এবং পি, ডবলিউ, ডি-র লোকেরা গিয়ে জবরদস্তি করে সেই সমস্ত দোকানগুলি ভাঙ্গতে শুরু

করলেন। অবশ্য সেই দোকানগুলি ভাঙ্গাতে কিছু অসুবিধা হয়েছে। এটা এমন একটা ডিপার্টমেন্ট যে ডিপার্টমেন্টে বি, টি, রোডের মত একটা রাস্তা সেই রাস্তার কোন ড্রয়িং বা ম্যাপ নেই। এই বিষয়ে কোর্টের রায় আছে—এখানে অনেক দোকান আছে যেখানে তারা সেটাকে নিজের জায়গা বলে প্রমাণ করতে পারেন নি, যার জন্য কোর্ট এদের উপর ষ্ট্রিকচার দিয়েছে যে এদের কোন ডকুমেন্টস নেই এবং সেখান থেকে তারা ছেড়ে চলে এসেছে। হাইওয়েজ এ্যাক্টে তারা কেস করেছে কিন্তু কেস করতে গিয়ে দেখা গেছে যে কোর্ট রায় দিয়েছে, গভর্নমেন্ট প্রমাণ করতে পারেন নি যে এগুলি তাদের। এখন কি বলছেন—এখন বলছেন যে গেজেট নোটিফিকেসন করতে গেলে প্রত্যেকটা রাস্তাকে হাইওয়ে হিসাবে সেটা সময় সাপেক্ষ এবং অনেক সার্ভে-টার্ভের প্রয়োজন। এইজন্য আমরা যেটাকে সরকারী রাস্তা বলে মনে করবো সেটা হাই ওয়েজের জুরিস্‌ডিকসনে আসবে। সুতরাং দুটো জিনিস পরিবর্তন হচ্ছে—গভর্নমেন্ট রোডের একটা ডেফিনেসন ইনট্রোডিউস করছেন, আর গভর্নমেন্টের রাস্তাকে হাইওয়ের মধ্যে ইনক্লুড করছেন। এইগুলি যদি রাস্তার রক্ষণাবেক্ষণের জন্য দরকার হয় তাহলে আমরা আপত্তি করি না—কিন্তু সঙ্গে সঙ্গে একথা বলবো যে এই সমস্ত লোক যারা সেখানে দোকান করে বসে আছে তাদের জন্য একটা বিকল্প ব্যবস্থা হোক এবং তাদের জন্য নির্দিষ্ট পরিকল্পনা আমাদের পক্ষ থেকে আমরা উপস্থিত করেছি এবং সেই পরিকল্পনা যথেষ্ট ব্যয় সাধ্যও নয়। সেখানে অনেক জায়গা পি, ডবলিউ, ডি-র নিজের আছে, অনেক জায়গা সরকারের আছে, সেই সব জায়গাগুলি হুকুম দিয়ে দখল করবার দরকার হবে না—এমন কি সেখানে বাজার তৈরী করার জন্য যদি সরকার টাকা নাও দিতে পারেন তাহলে এখন যে দোকানগুলি আছে সেগুলি সরিয়ে নেওয়া যেতে পারে। সুতরাং সেখানে টাকার দরকার নেই। এই সমস্ত রিয়েলাইজেবল এবং ফিজিবল পরিকল্পনা দেওয়া হয়েছে—কিন্তু সেখানে দেখা গেছে জবরদস্তি করে জুলুম করে তারা সেই দোকানগুলি তুলে দেবার চেষ্টা করছেন। সমস্ত জিনিসটাই হচ্ছে এর চূড়ান্ত ব্যর্থতার পরিণতি। কারণ এদের কোন রাস্তার ম্যাপ ডকুমেন্ট বা পরচা ভালভাবে নেই। সুতরাং ওঁরা এখন মনে করছেন যে যেটা সরকারী রাস্তা বলে আমরা বলবো সেটা সরকারী রাস্তা হিসাবে গণ্য হবে এবং সেখান থেকে জবরদস্তি করে তাদের তুলে দিতে হবে। বি, টি, রোডের উপর এমন ঘটনা হয়েছে যেখানে পি, ডবলিউ, ডি, প্রমাণ করতে পারে নি যে এটা পি, ডবলিউ, ডি-র রাস্তা। কাজেই আমরা বুঝতে পারি না যে এখানে কোন রাজত্ব আছে কিনা কোন শান্তি-শৃঙ্খলা আছে কিনা। এইভাবে তারা জবরদস্তি করে এই সমস্ত লোককে তুলে দিয়েছেন অথচ কোর্ট থেকে রায় দিয়েছে যে এই জমি পি, ডবলিউ, ডি-র বলে তারা প্রমাণ করতে পারে নি। আর একটা রাস্তা আছে সেই রাস্তায় প্রতি বছর টাকা খরচ হচ্ছে, তার ছবি দেখলে আপনি বুঝতে পারবেন যে সেই রাস্তার অর্ধেক জায়গায় পি, ডবলিউ, ডি-র সেড, পিচের ড্রাম জড় করা আছে। সেখানে এ্যাসিস্টেন্ট ইঞ্জিনীয়ার, সেকসন্যাল অফিসারদের অফিস আছে সেই রাস্তার উপর। আর সেইখানে যদি একটা ছোট দোকান থাকে তাহলে সেটার উপর গিয়ে হামলা করতে হবে এটা হচ্ছে এদের কাজ। পি, ডবলিউ, ডি, রোডের যেখানে অশোকগড় কলোনী সেখানে কিছু দোকান ছিল—সেগুলিও মারধোর করে তুলে দেওয়া হোল। স্যার, এই সব রাস্তা এনক্রোচমেন্ট থেকে রক্ষা করার জন্য যদি প্রয়োজন হোত তাহলে নিশ্চয় পি, ডবলিউ, ডি, সেখানে ছ-মাসের মধ্যে পাকা দালান তুলতে পারতেন কিন্তু সেই রাস্তার উপর অফিস চলছে। সুতরাং ব্যাপারটা হচ্ছে, এটা আমাদের বক্তব্য যে রাস্তা রক্ষা করতে গিয়ে ওঁরা চরমভাবে ব্যর্থ হয়েছেন। কারণ ওঁর ডিপার্টমেন্টের রাস্তার কোন সার্ভে নেই, পরচা নেই বা কোন নিদর্শন নেই যে এটা পি, ডবলিউ, ডির রাস্তা কিনা। সুতরাং আজ এই ব্যর্থতাকে ঢাকবার জন্য এইভাবে ডেফিনেসন পরিবর্তন করছেন এবং যেখানে সত্যিই ট্রাফিকের কোন ডিফিকাল্টি হয় না—সেখানে এই রকম একটা আইন এনে জুলুম করে তাদের তুলে দেবার চেষ্টা করছেন—এই হচ্ছে সম্পূর্ণ দৃষ্টিভঙ্গী।

এটাই হচ্ছে ওঁদের দৃষ্টিভঙ্গী সুতরাং আমরা এটার বিরোধীতা করছি এই জন্য যে এটা এঁরা অনায়াসে তা করতে পারতেন। এঁদের জি, টি, রোডের মত রাস্তা যার সমস্ত কিছু কাগজপত্র আছে সেটা নিয়ে গেজেটে নোটিফিকেসান করতে কি অসুবিধা হয়? না হলে এটাই হবে যেখানে মনে করবেন যে গভর্নমেন্ট রোড বা যদি গভর্নমেন্ট রোডে জায়গা নাও হয় তাহলে সেখানে গিয়ে জুলুম করে তুলে দেবার চেষ্টা করবেন।

সেজন্য আমি মনে করি আইনের সংশোধন এইভাবে আনার কোন প্রয়োজন নেই। যা ছিল তাতে যতটুকুন যোগ্যতা নিয়ে কাজ করার দরকার সেটা ঐ আইনের ধারা দিয়েই চালাতে পারতেন বরং এটা দিয়ে আইন-শৃংখলার ব্যবস্থা করতে গিয়ে কাজ করার অসুবিধা হবে। কোন জায়গায় তারা প্রমাণ করতে পারে নি যে রাস্তার যেখানে রাস্তার এনক্রোচমেন্ট দরকার সেখানে রাস্তার এনক্রোচমেন্ট দূর করতে পারেন নি। অথচ সাধারণ লোক যেখানে কিছু ব্যবস্থা করেছে তাদের জবরদখল করে তাড়াবার ব্যবস্থা করছেন। সুতরাং আমি বলছি এর সমস্ত উদ্দেশ্যই খারাপ। শুধু মাত্র কতকগুলি লোককে জবরদখল ভাবে তুলে দেবার চেষ্টা করছেন। কিন্তু তাদের অলটারনেটিভ কোন ব্যবস্থা করছেন না। আপনার যে অযোগ্য ডিপার্টমেন্ট আছে সেই ডিপার্টমেন্টকে যদি কমপ্লিটলি ভার দেন তাহলে একটার তছনছ অবস্থা হবে। এ বিষয় আমরা আপনার ডিপার্টমেন্টের কাছে বহু পরিকল্পনা দিয়েছি যাতে করে হাজার হাজার পরিবারের ব্যবস্থা হতে পারে। এরা হয়ত পার হেড ২।৩ হাজার টাকা খরচ করেছে কিন্তু তাদের যদি উৎখাত করা হয় তাহলে গভর্নমেন্ট একটা সমস্যার মধ্যে আবার পড়বেন এ বিষয় একটা পরিকল্পনা আমরা দিয়েছি কিন্তু গভর্নমেন্ট সেটা ইমপ্লিমেন্ট করতে পারেন নি—এক বছর ধরে টালবাহনা করছেন। সুতরাং জনমত সংগ্রহের যে প্রস্তাব দিয়েছি সেটা আমি মনে করি ঠিক এবং এটা কোন মতেই পাশ করা উচিত নয়—এটাই আমার বক্তব্য।

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটা মন্ত্রীমহাশয় ১৯৬৪ সালে হাইওয়েস্ বিল এনেছিলেন, তখন একথা ভাবতে পারেন নি যে এরূপ অবস্থা হবে। আজকে গভর্নমেন্ট রোডস্ এভাবে আনছেন শুধু ড্রেন নয় তার পাশে যে এ্যামবাংকমেন্ট আছে খালি জায়গা আছে পোস্ট বেড়া আছে সবই নিয়ে নিচ্ছেন। এর অর্থ আমি বুঝতে পারছি না। তখন আমরা বলেছিলাম লক্ষ্য লক্ষ্য বেকার রাস্তার ধারে সেখানে ট্রাফিকের কোন অসুবিধা না করে সামান্য ১০।১৫ টাকা খরচ করে চা, বিড়িপাতার দোকান করেছে তাদের এ বিলের দ্বারা উৎখাত করা হবে। আমি বলছি যেখানে ক্রশওয়েজ আছে সেখানে সত্য সত্য বিপদ হবার সম্ভবনা হয়। এবার হাইওয়েসের ডেফিনেসানের মধ্যে আনলেন তার দ্বারা সমস্ত রাজ্যে একটা জুলুম চলবে অর্থাৎ যেখানে দরকার নেই সেখানেও অফিসাররা তুলে দেবার চেষ্টা করবে এবং ঘুস খাবার চেষ্টা করবে। আমরা দেখছি বহু জায়গায় দিনের পর দিন নোটীশ দিচ্ছে এবং তা করে ঘুস খাচ্ছে।

[4-55—5-5 p.m.]

সেজন্য আমি বলছি এই বিল আনবার পূর্বে যখন হাইওয়ে বিল আনলেন তখন সবকিছু বিবেচনা করা উচিত ছিল। আজকে এমন কি প্রয়োজন হল যার জন্য এটা আনলেন। এর দ্বারা এটাই মনে হয় পূর্বে যে বিল এনেছিলেন সেটাতে অদূরদর্শিতার প্রমাণ পাওয়া যায়। বিল রচনার ব্যাপারে অক্ষমতাই প্রকাশ পায়। যে বিল এনেছিলেন আবার ৬ মাস পর তার এ্যামেন্ডমেন্ট আনতে হচ্ছে। যখনই বিল আনেন তখনই দেশের অবস্থা চিন্তা করা দরকার। আপনারা হয়ত বলবেন আমি দেশের মঙ্গলের জন্য যাতে কোন বিপদ না ঘটে। জনসাধারণের যাতে কোন অসুবিধা না হয় তারজন্য এই বিল এনছি। কিন্তু সঙ্গে সঙ্গে দেশের অবস্থা বিবেচনা করা দরকার। এই যে বিল আনলেন তার প্রয়োগ কিভাবে হবে সেটা ভাবা উচিত। সরকারী কর্মচারী যাদের হাতে ক্ষমতা দেবেন তারা কি ভাবে ক্ষমতা প্রয়োগ করবে সেটা চিন্তা করে দেখুন। এদের কবলে হাজার হাজার লোক শোষিত হবে কিনা সেটা চিন্তা করে দেখুন। সেজন্য হাইওয়ে বিল যখন এনেছিলেন তখনও আমরা বলেছি আবার অনুরোধ করছি যে দেশের বর্তমান পরিস্থিতিতে এটা প্রত্যাহার করে নিয়ে জনমত সংগ্রহের জন্য এই বিল প্রচার করুন।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

স্পীকার মহাশয়, ওয়েষ্ট বেঙ্গল হাইওয়েজ (এ্যামেণ্ডমেণ্ট) বিল যেটা মন্ত্রীমহাশয় এনেছেন সে বিষয় আমার পূর্ববর্তী বক্তা একটা খুবই রেলিভেন্ট পেইণ্ট রেখেছেন এবং আমি সেটার পুনরাবৃত্তি করবো যে মাত্র কয়েক মাস আগে যে বিল আমরা পাশ করবো তার পরেই আমরা তার এ্যামেণ্ডমেণ্ড পাশ করবো। এটা খুবই একটা ব্যাড সোর। এর দ্বারা প্রমাণিত হয় যে এটা ওয়েল থট আউট র‍্যাম নয় এবং এর যারা আইন রচনা করে এ সমস্ত বিল নিয়ে আসছেন তাদের নিজস্ব কোন চিন্তাধারা নেই এবং এরকম একটা সদাপরিবর্তনশীল যে সরকার তার উপর আস্থা রাখতে পারা যায় কিনা সেটা বিচার করুন অর্থাৎ মানসিক দিক থেকে যে সরকারের স্থিতি নেই যাকে প্রতি তিন মাস অন্তর এ্যামেণ্ডমেণ্ট আনতে হয় তার উপর কতটা আস্থা রাখা যায় সেটা খুব একটা কোজেন্ট পয়েন্ট। আর একটা প্রশ্ন হচ্ছে কন্সটিটিউসান-এর ৭ সিডিউল্ড-এ ইউনিয়ন লিস্ট-এ ন্যাশনাল হাইওয়ে সম্বন্ধে বলেছে, এবং ষ্টেট লিস্ট যেটা বলছে তাতে কিন্তু গভর্নমেণ্ট রোড বলে কিছু নেই—কমিউনিকেসান আছে হাইওয়েজ আছে কিন্তু গভর্নমেণ্ট রোড বলে কোন কথা কনস্টিটিউসানে সেভেন সিডিউল ষ্টেট লিস্টে নেই। এখানে কন্সটিটিউসানে সেভেন সিডিউলে যেটা নেই সেটা তিনি কি করে সুপার ইম্পোজ করতে যাচ্ছেন সেটা সম্বন্ধে একটু চিন্তা আসছে। তার কারণ এর ফলে কি কি হতে পারে সেটা দেখুন। প্রথম হচ্ছে যে সমস্ত তিনি ইনফিউসান করছেন সেগুলি মোটামুটি কমান্‌সেন্সে বোঝা যায়। কিন্তু যেটা তিনি বলছেন না সেটা আরও সাংঘাতিক। সেটা হচ্ছে এই যে গভর্নমেণ্ট রোড বলে একটা ওয়াইড ডেফিনেসান দিলেন সে ডেফিনেসান কিভাবে এ্যাপ্লাই করবেন গভর্নমেণ্ট রোড বলতে কি বোঝাবে। শুধু এখানে বলছেন এনি গভর্নমেণ্ট রোড এর মানে কি সেটা ক্লিয়ার থাকা দরকার। যদি আপনি মনে করেন গভর্নমেণ্ট রোড সংক্রান্ত ব্যাপারে এরূপ একটা করা প্রয়োজন তারজন্য আলাদা একটা এ্যাক্ট আনতে পারতেন। কিন্তু সেভাবে ক্লিয়ার কিছু নেই। এভাবে একজিস্টিং এ্যাক্ট দি ওয়েষ্ট বেঙ্গল হাইওয়ে এ্যাক্ট যেভাবে সংশোধন করতে যাচ্ছেন তাতে দাঁড়াচ্ছে এই যে, ক্যালকাটা করপোরেশন-কে বাদ দিলেন কিন্তু মিউনিসিপ্যালিটি, আঞ্চলিক পরিষদ ও জেলাপরিষদের রাস্তাগুলিকে এর মধ্যে থেকে বাদ দেন নি। এর ফলে প্রবলেম দাঁড়াবে এই যে সরকারী ডিপার্টমেণ্টের সঙ্গে যে সমস্ত আধা-সরকারী ডিপার্টমেণ্ট আছে তার একটা গণ্ডগোলের সৃষ্টি হবে।

দ্বিতীয় কথা হচ্ছে, আমার পূর্ববর্তী বক্তা মাননীয় সদস্য গোপালবাবু যে কথা বলেছেন, সেই কথাটা চিন্তা করা দরকার। বাংলা দেশের অনেক জায়গায় হাইওয়ে-এর পাশে বসে, তাতে করে কোন এনক্রোচমেণ্ট হয় না, আমরা স্কোয়াটার্স বিইং, তাতে কোন এনক্রোচমেণ্ট হয় না আমাদের চোখে; কিন্তু ব্যুরোক্র্যাটিক আই-তে, সরকারের চোখে এনক্রোচমেণ্ট হয়। সত্যিই এই রকম অনেক জায়গায় দেখা গিয়েছে এই রকম বিল পাশ হবার পর, এই আইন পাশ হবার পর, অফিসাররা গিয়ে একেবারে উচ্ছেদ করতে আরম্ভ করে দিয়েছেন। গত সেসনে এ সম্বন্ধে আমি একটা কলিং এ্যাটেনসান, এবং একটা এ্যাডজোর্নমেণ্ট মোশন দিয়েছিলাম। গরীব মানুষরা সেখানে গিয়ে বসে, কোন রকমে কিছু রুজি-রোজগার করবার চেষ্টা করে। বিশেষত বাস্তুহারা, যাদের এখনও পর্যন্ত সরকার রিহ্যাবিলিটেট করতে পারেন নি, তারা সরকারী রাস্তার পাশে বসে, সেখানে যে তারা দোকান করেছে, তা করে, তারাই কেবল লাভবান হয়নি, সেই অঞ্চল ইকনমিক্যালি গ্রো করেছে। এই বিল পাশ হবার পর কি দেখলাম? খগেনবাবুর ডিপার্টমেণ্টের খুদে অফিসাররা সেখানে গিয়ে, একেবারে মহম্মদ তুগলকের মত বললেন এই রকম চলবে না, এ সব ভেঙ্গে দাও। আমার কথা হচ্ছে যদি রাস্তার দরকার হয়, সেইভাবে না করে, তাদের বুঝিয়ে, সুঝিয়ে করা উচিত ছিল। কিন্তু যে ভাবে করা হচ্ছে, তাতে আমার অনেক সময় মনে হয় সেই বৃটিশ আমলের কথা, যা সেই আয়ুব খাঁ রাজত্বের কথা, যে হুকুম জারী করে সব করে দেবে। এর ফলে সেই ভদ্রলোকের কি হচ্ছে? তাদের সেখানে রুজি-রোজগার করার পন্থা একেবারে বন্ধ করে দেওয়া হল, এবং সেখানকার ইকনমিক লেভেল বা গ্রোথ কমে গেলো। আমার কথা খগেনবাবুর কাছে, যে এই বিলটি আবার নিয়ে আসার কি প্রয়োজন ছিল? গভর্নমেণ্টের যদি প্রয়োজন হয়ে থাকে, সেখানে একটা সেপারট এ্যাক্ট করলেই তো করতে পারতেন। কিন্তু এই একজিস্টিং এ্যাক্টটাকে রিমুভাল করতে যাচ্ছেন কেন? আশা করি এ সম্বন্ধে ভালভাবে বলবেন, ফাঁকা কথায় উত্তর দেবেন না। তৃতীয় কথা হচ্ছে খগেনবাবুর ডিপার্টমেণ্ট সম্বন্ধে জনসাধারণের

মনে খুব সন্দেহ আছে, এঁরা ভাল কাজ করার চেয়ে খারাপ কাজই করতে খুব বেশী পটু। লোকে ওঁদের কথা শুনলে বলে, ওরে বাবা, সর্বনাশ, পি, ডবলিউ, ডি! স্টেট হাইওয়ে মুর্শিদাবাদে আমরা দেখেছি, আমার বাড়ীর পাশ দিয়ে গিয়েছে, সেখানে এত বড় বড় গর্ত হয়ে রয়েছে, তা মেরামত করবার চেষ্টা বা চিন্তা নেই। কিন্তু, যেই এই আইনটি পাশ হয়েছে, অমনি তাঁরা ছুটলেন, কার কোথায় কি দু-একটা গাছ আছে, সেখানে কোদাল কোপাতে; আর কোথায় কে দোকান করেছে, তা ভেঙ্গে দিয়ে, তাকে উচ্ছেদ করতে হবে। কিন্তু রাস্তা মেরামত করবার দিকে তাঁর ডিপার্টমেন্টের চিন্তা নেই, লক্ষ্য নেই। আমি কাগজে পড়েছি, যে সমস্ত বর্ডার রোড ইমপর্টান্ট বর্ডার রোড, সৈগুলি তাড়াতাড়ি করবেন। সরকারের পরিকল্পনায় আছে যে জিয়াগঞ্জ, হরিরামপুর ঘাট ভায়া, পলাশবাড়ী রাস্তার দিকে। কিন্তু আমাদের এলাকার রাস্তাগুলি মেরামত করবার দিকে তাঁর আগ্রহ নেই। অনেকগুলি রাস্তা আছে, সেগুলি ভাঙ্গা অবস্থায় পড়ে আছে, সেদিকে লক্ষ্য নেই, অথচ দেখা গেলো সেই সব অফিসারদের উৎসাহ অধিক, যে সেই সমস্ত লোকদের কি করে উচ্ছেদ করা যায়। এটা একটা এনক্রোনিজিম হয়ে দাঁড়িয়েছে। তাঁরা কোন আস্থার ভাব জন্মাতে পারেন নি। তাঁরা যে খুব ন্যায্য ভাবে বিচার করবেন, সেটা কখনই তাঁদের কাজের দ্বারা, বাই দেয়ার পারফরমেন্স প্রমাণ হয়নি। সেদিক থেকে আমি খগেনবাবুকে বলবো তিনি যেন তাদের ক্ষেত্রে একটু ন্যায্য বিচার করেন। শৈলবাবু যে পাবলিক-এর সুবিধার জন্য স্লো মুভিং কার্ট, ঠেলা-গাড়ী, সাইকেল ভ্যান ইত্যাদি, বড় বড় রাস্তার উপর চলাচলের সময় নির্দ্ধারিত করে দিয়েছেন, একটা টাইম লিমিট করে দিয়েছেন, তা সত্ত্বেও হাজার, হাজার ঠেলাওয়ালাদের পুলিশ ধরে নিয়ে গিয়ে, থানায় পুরে দিচ্ছে। এরা যে সবাই দল বেঁধে আইন ভঙ্গ করতে গিয়েছে, তা নয়।

আইনের ওই খুত ধরে তাঁরা বহু লোককে হয়রাণি করছেন। আমার আসল কথা হচ্ছে এই সরকার যেভাবে গঠিত হয়েছে, যেভাবে ব্যুরোক্রেসী চলছে তাতে তাঁদের হাতে আর এই অগণতান্ত্রিক ওয়াইড পাওয়ার দেওয়া উচিত নয়। আইনের এই যে ইমপ্লিকেসন তার জন্য আমি এই বিলের বিরোধিতা করছি। এতে করে মানুষের দুর্গতি আরও বাড়বে। এই ডিপার্টমেন্ট-এর উপর সাধারণ মানুষের কোন আস্থা বা বিশ্বাস নেই। এই রকম যে ওয়াইড পাওয়ার এবং এর ডেফিনেসন পর্যন্ত এত ওয়াইড করে দেওয়া হয় তাহলে সেটা কতখানি যুক্তিসঙ্গত হবে সেটা কংগ্রেসের ডেমোক্রেটিক সেন্সকে বিচার করে দেখতে বলি।

[5-5—5-15 p.m.]

Shri Cour Chandra Kundu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st day of March, 1966.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটি খগেনবাবু এনেছেন এর মধ্য দিয়ে বাংলা দেশের হাজার হাজার পরিবার যারা রাস্তার পাশে দোকান করে কোন রকমে জীবনধারণ করে তাদের উনি সর্বনাশের পথ প্রশস্ত করছেন। আপনি জানেন স্যার, আমাদের দেশ ভাগ হবার ফলে যে সমস্ত উদ্বাস্তু পরিবার এদিকে এসেছিলেন সরকার বলেছিলেন তাঁদের পুনর্বাসনের ব্যবস্থা করে দেবেন। তাঁদের কোন ব্যবস্থা সরকার করেন নাই এবং তার ফলে বহু পরিবার এরকম রাস্তার ধারে দোকান করে কোনরকমে জীবনধারণ করছে। গতবার যখন এই বিলের আলোচনা হয় তখন বলেছিলেন মন্ত্রীমহাশয় বড় বড় যে সমস্ত হাইওয়ে আছে যেখান দিয়ে যানবাহন চলাচলের গুরুত্বপূর্ণ কাজ হয় সেই রাস্তা যদি কেউ এনক্রোচ করে তাহলে তার বিরোধিতা করবেন। তবে এটাও বলেছিলেন যে, তাদের জন্য বিকল্প ব্যবস্থা করা দরকার। এখনও পর্যন্ত সরকারের তরফ থেকে তাদের জন্য কোন বিকল্প ব্যবস্থা করা হয়নি, বরং তাদের সেখান থেকে উচ্ছেদ করে দেওয়া হয়েছে। আর এবার দেখছি বিলের মধ্যে তাঁর কর্মচারীরা তাঁকে কি উপদেশ দিয়েছেন জানি না, আমার মনে হচ্ছে ঘুসের বকরা বাড়াবার জন্য এই ব্যবস্থা করেছেন। যেখানে সরকারী রাস্তায় ড্রেন আছে সেখানে লোকেরা বসে আছে, অতএব তাদেরও সেখান থেকে তাড়াতে হবে। এখানে হাইওয়ের যে ডেফিনেসন দেওয়া হয়েছে তাতে [illegible] পকেট ভারী করার ব্যবস্থা হয়েছে। খগেনবাবুর জীবনে সাধারণ লোকের সঙ্গে কোন সংযোগ

নেই, অফিসে বা বাড়িতে বসে থাকেন, অফিসাররা যা বোঝেন তাই বোঝেন। আর তাঁদের ভোটের জোর আছে কাজেই বিল পাশ হয় যাবে। তিনি যদি একটু বিবেচনা করে দেখতেন যে, এই সাইট ট্রাক সরকারী রাস্তার ধারে ধারে প্রত্যেক জেলায় জেলায় আছে। এই সমস্ত রাস্তাগুলি এখন এই হাইওয়ের ডেফিনেসন-এর মধ্যে দেওয়া হচ্ছে। সেই রাস্তার ধারে ড্রেনের উপর গরীব মানুষ যারা দোকান করে জীবনযাত্রা নির্বাহ করেন তাদের সেখান থেকে উচ্ছেদ করতে হবে। কেউ হয়ত সেখানে পাতা ফেলে বিড়ির দোকান করে বা সামান্য টুকিটাকি জিনিস বিক্রি করে। খগেনবাবুর অফিসাররা দেখলেন এঁদের কাছ থেকে পয়সা আদায় করতে হবে, কাজেই একটা আইন থাকা দরকার। এখন তাঁরা বলতে পারবেন মাসে মাসে যদি একটা ব্যবস্থা না কর তাহলে কেস্ করে দেব। আর সে দেখবে কেস্ করলে তো অনেক অসুবিধা, তার চেয়ে একটা ব্যবস্থা করা ভাল। এখন তো দেখা যায় ভেজাল সম্বন্ধে কোন কেস্ আর কোর্টে আসে না এবং তার কারণ তাদের সঙ্গে অফিসাররা খুব ভাল করে বন্দোবস্ত করে নিয়েছেন। এই সাইড ড্রেন—রাস্তার ধারে যদি কোন জমি থাকে অল ল্যান্ডস এ্যান্ড এমব্যাংকমেন্ট রাস্তার ধারে যদি খালি পড়ে থাকে তার খাজনা করা হোক। কেউ জবরদখল করে থাকবে, খাজনা দেবে না এটা আমি সমর্থন করি না, তবে যারা রাস্তার ধারে দোকান করে থাকবে তাকে উচ্ছেদ করবেন। তারপর দেখা যাচ্ছে ভেস্টেড ল্যান্ড এবং অল ল্যান্ড এ্যান্ড এমব্যাংকমেন্টস এবং রাস্তার ধারে যে ড্রেন আছে সেগুলির সম্পর্কে পি, ডবলিউ, ডি-কে সর্বব্যাপক ক্ষমতা দিয়ে দেওয়া হচ্ছে। পশ্চিমবঙ্গে যেখানে একটুখানি রাস্তা আছে সেগুলি সবই সরকারের আওতায় এনে সেখানে যে সমস্ত গরীব রিফিউজীরা বসে দুমুঠো অন্নের সংস্থান করত, যে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য এই কংগ্রেসী সরকার কোন কার্যকরী ব্যবস্থা করতে পারেনি—তার থেকে তাদের উৎখাত করে দেবেন কোন বিকল্প ব্যবস্থা না করে। এই কংগ্রেসী সরকার তাদের জন্য কোন বিকল্প ব্যবস্থা করেন নি, অথচ এই জিনিষটার কোন প্রয়োজন ছিল না। এই জমিগুলি থেকে ঐসব লোকদের উচ্ছেদ করে দিয়ে সরকারের কি লাভ হবে জানি না। যদি এই সমস্ত হাইওয়ে বা এ্যামব্যাংকমেন্টের উপর কোন লোক যদি এনক্রোচ করে ছোট খাট দোকান করে থাকে তাহলে তাদের উপর আপনি খাজনা ধার্য করতে পারেন, কিন্তু সেখান থেকে আপনি তাদের উচ্ছেদ করে দেবেন এই রকম নির্মম নীতি আপনি কেন নিচ্ছেন। এই কারণে নিচ্ছেন যে জনসাধারণের সঙ্গে আপনার কোন যোগাযোগ নাই। অফিসাররা আপনাকে যে রকম বুঝিয়েছে আপনিও সে রকম বুঝেছেন। এতে কয়েক হাজার উদ্বাস্তু পরিবার পথের ভিখারী হবে। এবং প্রথম যখন এই হাইওয়ে এ্যাক্ট পাশ হয়েছিল সেই অনুযায়ী যাতে ঠিক মত কাজ হয় আশা করি সেই আপনি সেদিকে লক্ষ্য দেবেন। কিন্তু এই বিলের মধ্যে দিয়ে পি, ডবলিউ, ডি-কে যে সর্বব্যাপক ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে শুধু অফিসারদেরই রাজত্ব সৃষ্টি হবে এবং শুধুমাত্র অফিসারদের ঘুষের পরিমাণ বেড়ে যাবে। তাই আমি অনুরোধ করছি শুধু অফিসারদের কথা চিন্তা করে নয় সাধারণ মানুষের কথা চিন্তা করে তিনি এই বিলটা প্রত্যাহার করে নেবেন।

Shri Haridas Chakravarty: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের পূর্তমন্ত্রী মাননীয় খগেন দাশগুপ্ত মহাশয়, হাইওয়ে এ্যাক্ট এ্যামেন্ডমেন্ট বিল যেটা এনেছেন, আপনি নিশ্চয়ই আমাদের বিরোধী দলের বিভিন্ন বক্তার বক্তৃতা থেকে বুঝতে পেরেছেন যে এর একটা উদ্দেশ্য আছে। এই বিলের দ্বারা মোটামুটী ভাবে খগেনবাবু একটা হাইওয়ে রবারী করবার জন্য উঠেপড়ে লেগেছেন। এই সমস্ত হাইওয়ে বা রাস্তার দুই পাশে শুধুমাত্র যে পূর্ববঙ্গের উদ্বাস্তুরা নতুন করে জীবিকার আশ্রয়ের সন্ধান নিয়েছেন তা নয় এছাড়াও সমগ্র পশ্চিমবঙ্গ জুড়ে যে সমস্ত বিভিন্ন সরকারী রাস্তা আছে এবং যেগুলি হাইওয়েজ এ্যাক্টের আওতায় আনার জন্য এই সংশোধনী আনা হয়েছে সেখানে নানাধরণের মানুষ জীবনের তাড়নায় দোকান পাট ইত্যাদি করে স্ত্রীপুত্র পরিবার নিয়ে বেঁচে থাকবার চেষ্টা করছে, তাদের উৎখাত করাই এই বিলের প্রধান উদ্দেশ্য, রাস্তার উন্নয়ন নয়।

এই বিলের ষ্টেটমেন্ট অব অবজেক্ট এ্যান্ড রিজনে আপনি দেখেছেন তিনি পরিষ্কার ভাবে বলেছেন

The declaration of each Government road as a highway with precise description of its boundaries after completion of survey work is a stupendous work involving various complications.

সুতরাং এই সমস্ত রাস্তাগুলি নিয়ে নেওয়া হউক। এটা বড় অদ্ভুত যুক্তি। তার পশ্চিমবঙ্গ সরকার এবং তার পরিচালিত বিভাগের উপর অর্পিত দায়িত্ব সেটা পালনের যেহেতু তাদের অসুবিধা হচ্ছে—মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে এটা একটা মস্তবড় ষ্টুপেণ্ডাস টাস্ক সেই ষ্টুপেণ্ডাস টাস্কের মধ্যে না গিয়ে খগেনবাবু যিনি এই অপদার্থ ডিপার্টমেন্টের মন্ত্রী তার এই পি, ডবলিউ, ডি, আজকে এই সমস্ত রাস্তা নিয়ে নেবার ব্যবস্থা করছেন।

all lands and embankments vested in, or under the control and administration of the said Public Works Department and attached to Government road.

মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন বাংলাদেশের যে অসংখ্য এ্যামব্যাংমেন্ট আছে সেগুলি দিয়ে যে জল যায় তা চাষের কাজে ব্যবহার করা সম্ভব ছিল। কিন্তু সরকার এগুলি নিয়ে নেবার পরে এখন কি অবস্থা হয়েছে তা আপনার অবিদিত নয়। খগেনবাবুর এই ডিপার্টমেন্ট-এর সংকীর্ণ দৃষ্টিভঙ্গীর ফলে আজকে চাষের প্রভূত ক্ষতি হচ্ছে, কারণ চাষের কোন সুবিধা হচ্ছে কি না হচ্ছে, যাতায়াতের কোন সুবিধা হচ্ছে কি না হচ্ছে সেটা দেখার খগেনবাবু কিম্বা তার দপ্তরের দায়িত্ব নয়। মাননীয় স্পীকার মহাশয়, এবার বর্ষার অভাবে বিভিন্ন জেলায় চাষের ক্ষতি হয়েছে। আমি জানি আমাদের বর্ধমান জেলায় চাষের বহু ক্ষতি হয়েছে। একটা জায়গা যেখান দিয়ে খগেনবাবুর ডিপার্টমেন্টের একটা রাস্তা গিয়েছে, তার পাশেই ৫০ বিঘা জমি আছে এবং রাস্তার ঐ পাশে তিন চারটা পুকুর আছে সেই পুকুরের জল যদি হিউম পাইপ দিয়ে ঐ সমস্ত জমিতে জল সরবরাহ করার ব্যবস্থা করা হত তাহলে ঐ ৫০ বিঘা জমির যে চাষের ক্ষতি হয়েছে তা বন্ধ করা যেতে পারত। খগেনবাবুর ডিপার্টমেন্টের সঙ্গে জমির মালিকেরা ৬/৭ মাস ধরে বহু চিঠি লেখালেখি করেছে কিন্তু তাতে কোন ফল হয়নি, কারণ এই সমস্যার সমাধান করা তাদের কোন দায়িত্ব বলে তারা মনে করেন না। আমার কাছে যখন তারা এল আমি তাদের বলেছিলাম যে রাস্তা কেটে দিন তাহলেই দেখবেন তারা ছুটে আসবেন। ঠিক তাই হয়েছে। রাস্তা যখন কেটে দেওয়া হল তখন খগেনবাবুর ডিপার্টমেন্টের লোকেরা এসে বললেন যে আমাদের পারমিশান কেন নেওয়া হয়নি। এই তো অবস্থা। আর ইমারজেন্সির নাম করে পি, এল, ৪৮০-র কথা বলে বাজার গরম করছেন। আর জলের অভাবে শস্য মারা যাচ্ছে। এবং খগেনবাবুর ডিপার্টমেন্ট বিরাট বাধার সৃষ্টি করে রেখেছেন। আমি তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে এই বিল জনসাধারণের সামনে রাখা হউক, তারপর আমরা আলোচনা করে দেখতে পারি যে এই সম্পর্কে কোন রকম আইন আসতে পারে কি না।

[5-15—5-25 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, এই হাইওয়ে এ্যাক্ট বিল যখন এসেছিল, মূল আইন যখন তৈরী হয়েছিল তখন আমরা যে আশংকা পোষণ করেছিলাম এই এ্যাক্ট হবার পরে আমাদের সেই আশংকাই বাস্তবে পরিণত হয়েছে। এবং বাংলাদেশের বিভিন্ন জায়গায় রাস্তার ধারে যে সমস্ত দোকান দীর্ঘকাল ধরে চলেছিল এবং ঐ সমস্ত দোকান চালিয়ে যারা কোন মতে কায়ক্লেশে জীবিকা নির্বাহ করছিল তাদের উপর আজকে এই এ্যামেণ্ডমেণ্টের দ্বারা সরকারের খড়্গ নেমে এল। এবং পুনর্বাসনের কোন বিকল্প ব্যবস্থা এই বিভাগ করেন নি। যেহেতু এই বিভাগের সেটা দায়িত্ব নয়, তদুপরি এটা ত্রাণমন্ত্রী দপ্তরের দায়িত্ব হলেও সেই দপ্তরের থেকেও কিছু হয়নি। এখন ওয়েষ্ট বেঙ্গল হাইওয়ে এ্যাক্টের আওতায় আরো কিছু রাস্তাকে নিয়ে আসার প্রস্তাব করা হয়েছে, পি, ডবলিউ, ডি-র যেসব রাস্তা বা পি, ডবলিউ, ডি-র কন্ট্রোল্ড যেসব রাস্তা সেই [illegible] নিয়ে আসার ব্যবস্থা হচ্ছে। পি, ডবলু, ডি-র অধীন যে সমস্ত

রাস্তা আছে সেই রাস্তাগুলির দু-ধারে অনেক জায়গায় শুধু রিফিউজী নয় অনেক লোক বসবাস পর্যন্ত করছে, অনেক দোকান সেখানে গড়ে উঠেছে, কোথাও কোথাও সেই রাস্তার দুধারে সহর বা আধা সহর গড়ে উঠেছে এই রকম অবস্থা হচ্ছে। সেইসব রাস্তাগুলিকে এখন হাইওয়ে এ্যাক্টের অধীনে নিয়ে আসার প্রস্তাব এই সংশোধনীর মধ্যে করা হচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, এটা আপনারও নিশ্চয়ই মনে আছে এবং মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়েরও নিশ্চয়ই মনে আছে, কারণ, তিনি সেই বিল এনেছিলেন, অতিরিক্ত ক্ষমতা এই আইনের ভেতর দিয়ে ঐ বিভাগের উচ্চতম যাঁরা অফিসার তাঁদেরকে দেওয়া হয়েছিল। এবং যে ক্ষমতার বলে তাঁরা যখন মনে করতেন যে এনক্রোচমেন্ট সরাতে হবে সেই এনক্রোচমেন্ট ভেঙ্গে দেওয়া বা এনক্রোচমেন্ট থেকে লোক সরিয়ে দেওয়া এই সমস্ত তখন করতে পারতেন। এবং যেহেতু আজকে পি, ডবলিউ, ডি-র রাস্তার ধারে দোকান বলুন আর বস্তিই বলুন এইগুলিকে ভাঙ্গা কঠিন হচ্ছে চলতি আইন অনুসারে, যখন এমন কি মামলা মকর্দমা শুরু হচ্ছে, সেই মামলা মকর্দমাতে এটা যে পি, ডবলিউ, ডি-র রাস্তা বা রাস্তার অংশ সেটা যখন তাঁরা প্রমাণ করতে পারছেন না তখন সেই অসুবিধাগুলিকে দূর করবার জন্য পি, ডবলু, ডি,-র অধীন যে রাস্তা সেই রাস্তাগুলিকে এই আইনের আওতায় নিয়ে আসা হচ্ছে এবং সেদিক থেকে যে মনোভাব আমরা ওয়েষ্ট বেঙ্গল হাইওয়ে বিল আনার সময় পূর্তমন্ত্রীর মধ্যে লক্ষ্য করেছিলাম সেই একই মনোভাব এখানে আমরা লক্ষ্য করছি। একথা কোন ভুল বোঝার সুযোগ আমি রাখতে চাইনা যে আমরা রাস্তাঘাটের উন্নয়ন চাইনা, আমরা নিশ্চয়ই রাস্তাঘাটের উন্নয়ন চাই। রাস্তার প্রটেকশনের ব্যবস্থা হোক সেটা নিশ্চয়ই আমরা চাই এবং সেই সঙ্গে সঙ্গে এও চাই যে যানবাহনের চলাচলের পথ সুগম হোক সমস্ত রাস্তা। কিন্তু চাই বলেই অযথা উচ্ছেদের রাস্তা নিতে হবে, সেখানে এই রাস্তার দুইধারে দীর্ঘকাল ধরে যারা বসবাস করছে, কি দোকান-পসার করে কোন রকমে কায়ক্লেশে জীবিকা নির্বাহ করছে তাদের উচ্ছেদ করতে হবে ঠিক সেই ধরণের মনোভাব আমরা সমর্থন করছি না এবং সেই ধরণের মনোভাব থেকে যদি কোন ক্ষমতা সরকার নিজের হাতে নেন তাহলে নিশ্চয়ই তার বিরুদ্ধে আমাদের বক্তব্য রয়েছে এবং সেখানে তার বিরুদ্ধে আমাদের দাঁড়াতে হবে। এবং এখানে আমরা দেখতে পাচ্ছি যে সেই রকমের একটা মনোভাব নিয়ে সেই রকম ক্ষমতাই সরকার হাতে নিচ্ছেন যা হাইওয়ে এ্যাক্টে দেওয়া আছে। কিন্তু পি, ডবলিউ, ডি-র রাস্তাগুলির দুধারে অনেক দোকান, বসত বাড়ী করে যারা আছে তাদের প্রত্যেকের ক্ষেত্রে উচ্ছেদ করার জন্য এই বিলে ক্ষমতা নিচ্ছেন। মাননীয় স্পীকার মহাশয়, মূল বিল যখন পাশ হয় সেই সময় আমরা বলেছিলাম যে এই সমস্ত রাস্তাগুলিকে একসঙ্গে না ধরে এক একটা রাস্তাকে হাইওয়ে এ্যাক্ট হিসাবে ঘোষণা করা হোক এবং সেই রাস্তার দুপাশে যারা আছে তাদের পুনর্বাসনের বিকল্প ব্যবস্থা করা হোক এবং যে পরিমাণ পুনর্বাসনের বিকল্প ব্যবস্থা এগুবে সেই পরিমাণে হাইওয়ে প্রসারিত হোক, এইভাবে দফায় দফায় একটা প্রোগ্রাম নেবার কথা বলেছিলাম এবং সেটা সেই সময় তিনি রাখেন নি। আজকেও যখন পি, ডবলিউ, ডি-র রাস্তাগুলিকে হাইওয়ে এ্যাক্টের আওতায় নিয়ে আসা হচ্ছে তখন সেই অনুরোধ তাঁর কাছে আমরা রাখছি। কিন্তু এটা আমরা আশা করতে পারছি না, কারণ এখন কোন ডিক্লারেশনের ব্যাপার থাকছে না, অটমেটিক্যালি হাইওয়ে এ্যাক্টের আওতায় চলে আসছে, হাইওয়ে হিসাবে গণ্য হতে চলেছে, তবুও যারা রাস্তার দুইধারে আছে তাদের বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা করার যে দাবী সেই দাবী আমরা এই গভর্নমেণ্টের কাছে রাখছি এইজন্য যে ওয়েষ্ট বেঙ্গল হাইওয়ের পরিমাণ এখন যা আছে এবং পি, ডবলিউ, ডি-র রাস্তার পরিমাণ যা আছে তাতে পি, ডবলিউ, ডি-র রাস্তার দৈর্ঘ নিশ্চয় বেশী এবং হাইওয়ে এ্যাক্টে যত সংখ্যক লোক ক্ষতিগ্রস্ত হচ্ছে বা হতে চলেছে তার থেকে বহুগুণ বেশী লোক এই পি, ডবলিউ, ডি-র রাস্তাগুলিকে হাইওয়ে এ্যাক্টের আওতায় আনার পর ক্ষতিগ্রস্ত হবার আশংকা আছে। সুতরাং আমরা চাই এই সংশোধনীটা তিনি সার্কুলেশনে পাঠান, ভালভাবে বিচার বিবেচনা করে দেখুন এবং তারজন্য আমি এটার প্রতিবাদ করছি।

[5-25—5-35 p.m.]

Shri Sunil Das Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, আমি চার বছর ধরে এই বিধানসভায় আছি, এই চার বছরের মধ্যে যা দেখিনি খগেনবাবুর এই হাইওয়ে বিলে সেই পরিণতিটাই দেখছি। গত বছর আমাদের এই

হাউস থেকে এই বিল তিনি আমাদের মতের বিরুদ্ধে জবরদস্তিভাবে পাশ করিয়ে নিলেন কিন্তু প্রেসিডেন্ট সেই বিল আবার ফেরত পাঠিয়ে দিলেন আমাদের বিধানসভার কাছে বে-আইনী ঘোষণা করে। আবার খগেনবাবুকে একটা সংশোধন এনে সেই বিলটাকে ন্যায়সঙ্গত করে পাশ করিয়ে নিতে হল। আবার কয়েক দিনের মধ্যে তিনি এই বিলের আর একটা সংশোধন আমাদের সামনে রাখছেন। এই বিল, স্যার, খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে, একে একদম খোঁড়া করে দেওয়া উচিত বলে মনে করি। এই বিল আলোচনা করতে গিয়ে আজকে আমি যে কথাগুলি বলবো সেটা হচ্ছে গত বছর মূল বিল যখন আমাদের হাউসের সামনে উঠেছিল তখন আমরা ডেফিনেশনের প্রসঙ্গ উল্লেখ করেছিলাম, আপনি যেভাবে হাইওয়ের ডেফিনেশন এনেছেন এইভাবে আনলে পর নানারকম গোলমালের সৃষ্টি হবে এবং আপনি এই বিল নিয়ে মানুষের আরো দুঃখ দুর্দশার কারণ টেনে আনবেন। সরকারের নীতির ফলে বাংলা দেশের বহু লোক বেকার হয়ে চলেছে, কর্ম সংস্থান হচ্ছেনা, যার জন্য লোকে এই সমস্ত রাস্তার পাশে যে কোন প্রকারে নিজেরা রুজি রোজগার করে সংসার চালাবার চেষ্টা করছিল। খগেনবাবু এই বিল এনে প্রথমবার সকলকে উচ্ছেদ করতে পারেননি বলে এই বিলের পরিধি আরো বাড়িয়ে নিয়েছেন সকলকে উচ্ছেদ করবার জন্যে আমি সেই কারণে বলবো আমাদের দেশে একটা প্রবাদ আছে যে ভাতা দেবার মুরদ নেই কিল মারবার গোঁসাই, খগেনবাবুর সেই কিল মারার গোঁসাই-এর স্বরূপই আমাদের সামনে প্রকাশ করেছেন। আজকে এই বিলের মধ্যে দিয়ে আমরা দেখছি যে পূর্ববঙ্গ থেকে আগত অধিকাংশ উদ্বাস্তু ছোট ব্যবসা, নানা রকম ছোট দোকান এই রাস্তার দুধারে তৈরী করে কোন রকমে সংসার চালাচ্ছে। এই আইনটা যদি পাশ হয় এবং ব্যাপকভাবে যদি ক্ষমতা ঐ খগেনবাবুর বিভাগকে দিয়ে দেওয়া হয় তাহলে এই যে জরুরী অবস্থা চলছে, দেশের একদিকে চীন হামলা করছে আর এক দিকে পাকিস্তান হামলা করছে, আবার যেকোন মুহূর্তে আক্রমণ হতে পারে তার মধ্যে দেশকে আরো ব্যাপকতর একটা সংকটের মধ্যে ঠেলে দেওয়া হবে এবং যে জাতীয় সংহতির কথা বলছেন সেই জাতীয় সংহতির মনোভাব তাঁরা ভেঙ্গে খান খান করে দিয়েছেন, সেটা আরো টুকরো টুকরো হয়ে যাবে। আমি সেই কারণে অনুরোধ করবো এই যে সংশোধনী বিল তিনি নিয়ে এসেছেন এই সংশোধনী বিল তিনি প্রত্যাহার করে নিন তা না হলে এটাকে জনমতের দরবারে তিনি ছেড়ে দিন, সেখান থেকে এটার বিচার হয়ে আসুক এই কথা বলে আমি বক্তব্য শেষ করছি।

Shri Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার স্যার, এই যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে শুধু স্কোপটাকে বড় করার জন্য—এছাড়া আর কিছুই নয়। অর্থাৎ সকল গভর্ণমেন্ট রাস্তা যা এই আইনের মধ্যে আনা অসুবিধাজনক ছিল—সেকসন ৪(৪) declaration of High Way.

করে আনবার জন্য যে অসুবিধা ছিল সেই অসুবিধা দূর করে সমস্ত রাস্তাকে এই আইনের আওতায় আনা হোল। যখন ১৯৬৩ সালে এই বিল উনি প্রথম উত্থাপন করেছিলেন তখন এখানে তাঁর ভাষণে আমরা যতটা বুঝতে পেরেছিলাম যে এই আইনটা খানিকটা স্ট্রিনজেন্ট হোলেও যেসব লোক দীর্ঘ দিন ধরে রাস্তার কোন অংশ দখল জীবিকা নির্বাহ করছে তাদের ক্ষেত্রে খানিকটা স্ট্রিনজেন্ট হলেও রাস্তার অপরিহার্যতার জন্য, চলাচলের সুযোগ সুবিধার জন্য এই আইনটা আনা প্রয়োজন। যৌক্তিতার দিক থেকে রাস্তা সাধারণের সম্পত্তি—এতে কারও অধিকার থাকা উচিত নয়। রাস্তাতে কোন রকম ঘর তৈরী করে চলাচলে ব্যাঘাত সৃষ্টি করা নীতিগত দিক থেকে কোন কথা আমি এখানে বলছি বা আপত্তি প্রকাশ করছি না—তা সত্বেও খগেনবাবুর দৃষ্টি আমাদের আকর্ষণ করা এইজন্য দরকার যে দুটো জিনিস আমাদের সামনে রাখা দরকার। একটা হোল ১৯৬৩ সালে এই আইন যখন বিধানসভায় তিনি উত্থাপন করেছিলেন তার আগে পর্যন্ত যেসব ট্রেসপাশ হয়ে গেছে তার সম্পর্কে আর একটা ১৯৬৩ সালের পর যখন এই আইন বিধানসভায় উঠলো তার পরে ট্রেসপাস সম্পর্কে একটা ব্যবস্থা। আমরা স্বীকার করে নিই যে ১৯৬৩ সালে এই আইন বিধানসভায় আসার পর যদি ট্রেসপাশ হবার

এ্যাটেমপ্ট হয় বা হয়ে থাকে নিশ্চয় রুথলেসলি বাধা দিন। প্রথম থেকে যেন অকুপাই করতে না পারে বা ট্রেসপাশ করে নিজেদের ঘর তৈরী করতে না পারে। নিশ্চয় এ বিষয়ে আমরা এক মত—কিন্তু পার্টিসনের সময় বলুন—১৯৪৭ সাল থেকে আরম্ভ করে দীর্ঘ সময়ের পর যখন গভর্ণমেণ্ট ফেলড টু সলভ দিস প্রবলেম শুধু আমাদের এখানে নয়—যেমন পাঞ্জাব দিল্লী প্রভৃতি সমস্ত জায়গায় হয়েছে এমন ইনফ্লক্স অব পপুলেসন এক সঙ্গে এত বেশী হয়ে গেল—এতবড় সমস্যাটাকে গভর্ণমেণ্ট যখন ঠিকমত পরিচালিত করতে পারেন নি তখন অনেক লোক বাধ্য হয়ে জায়গা দখল নিয়েছে—উত্তরবঙ্গে নিয়েছে কলকাতার আসেপাশে নিয়েছে বিভিন্ন হাইওয়ের পাশে যে খালি জায়গা পড়ে থাকে সেখানে দাঁড়িয়ে তারা নানা রকম ভাবে জীবিকা নির্বাহ করেছে। একথা সত্য যে তাদের সেখান থেকে রিমুভ করার দরকার আছে কিন্তু যে প্রসিডিওর তারা লেডাউন করেছে তিনি হয়তো বলতে চেষ্টা করবেন যে অন্যান্য প্রদেশে যে হাইওয়ে এ্যাক্ট আছে—তাতে আরও ইন্টেলিজেণ্ট মেজারস আছে,—তিনি বোধ হয় আমার যতদূর মনে পড়ে তখন বোম্বে হাইওয়ে এ্যাক্টের কথা স্মরণ করিয়ে দিয়ে বলেছিলেন যে সেখানে আরও ইন্টেলিজেণ্ট মেজারস আছে। কিন্তু বম্বেকে যা ফেস করতে হয় নি পশ্চিমবাংলাকে তা ফেস করতে হয়েছে। এই হার্ড রিয়েলিটির কথা আপনাদের স্মরণ রাখা দরকার। সেইজন্য নীতিগতভাবে রাস্তা পরিষ্কার থাকা উচিত চলাচলের যাতে অসুবিধা না হয় সেটা স্বীকার করে নিই। কিন্তু আমরা যে প্রসিডিওর দিয়েছিলাম যাতে প্রসিডিওরটা সহজ সরল হয় লোকের খুব বেশী অসুবিধা না হয় সেইভাবে করুন। যেমন আমরা বলেছিলাম রেজিষ্টার্ড নোটিশ দেওয়া হোক খানিকটা সিভিল কোর্টের এ্যাডজুডিকেসনের পাওয়ার থাকা দরকার। তা না হলে ম্যাজিষ্ট্রেট তার খেয়াল খুশী মত যখন তখন যে কোন লোককে উঠিয়ে দিতে পারেন। কারণ আমরা জানি ম্যাজিষ্ট্রেটরা চুল চেরা বিচার করতে পারে না। সেখানে যদি তার রাইট এক্রু করে থাকে এবং সেখানে যদি কোন জায়গায় রাস্তা ডিসপিউটেড হয়ে থাকে তাহলেও উঠিয়ে দিতে পারেন। অবশ্য তিনি নিজেই স্বীকার করেছেন এ্যামেন্ডমেণ্ট এনে যে রাস্তা কোথায় কতখানি লম্বা কোন জায়গায় কতখানি টার্ন নিয়েছে এ্যাকচুয়াল রোড বলতে কত জায়গা ইনক্রড করে সেটা পি-ডব্লিউ-ডি-র খাতায় নেই বা ওনার ডিপার্টমেণ্টের খাতায় এগুলি ঠিক নেই একথা খগেনবাবু নিজেই স্বীকার করছেন।

[5-35—5-45 p.m.]

স্যার অবজেক্টস এণ্ড রিজনের মধ্যে আমরা দেখছি যে রাস্তাটা কতটা চওড়া এবং লম্বা সেই হিসেব আমার কাছে নেই তার ম্যাপ ছেপে দিয়ে আমি তাকে হাইওয়ে হিসাবে ডিক্লেয়ার করতে পারছি না সেটা যখন তিনি স্বীকার করে নিয়েছেন তখন ম্যাজিষ্ট্রেটই বা কি করে বলে দেবেন যে এটা পি ডবলিউ ডি-র রাস্তা? কতটা জায়গা অকুপাই করে আছে ম্যাজিষ্ট্রেটই বা কি করে বুঝে নেবেন? ম্যাজিষ্ট্রেটের বিচার আমরা জানি বিশেষ করে যেখানে এভিডেন্সের কোন সুযোগ নেই। এই আইনে যা ব্যবস্থা করেছেন তাতে তিনি একটা অথরিটি তৈরী করে দিয়ে বল্লেন নোটিশ করে দিলাম লোকে নোটিশ পেলো না—নোটিশ না পেয়ে ম্যাজিষ্ট্রেট ঘুরে দেখে এলেন, বল্লেন আমার মনে হয় রাস্তার উপর বসে আছে—তাঁরা বল্লেন রাস্তার উপর বসে নেই এটা মাপযোক করা হোক। ম্যাজিষ্ট্রেট মাপযোক করলেন না—কি করে করবেন? খগেন দাসগুপ্ত নিজেই বলছেন মাপযোকের ঠিক নেই, রাস্তা কতখানি তা বলতে পারি না। কাজেই ম্যাজিষ্ট্রেট হয়তো হুকুম জারী করে দিলেন যে তুমি উচ্ছেদ হয়ে যাও, সেখানে সিভিল কোর্টে যাওয়ার কোন সুযোগ সুবিধা নেই যে তার বিরুদ্ধে ন্যায় বিচার চাইবে। সেই সুযোগ সিভিল কোর্টের জুরিসডিকসন তিনি করে দেন নি। কাজেই যখন আপনার রাস্তার ঠিক নেই কতটুকু চওড়া এ সম্পর্কে আপনার বক্তব্য রাখতে পারছেন না তখন এইভাবে সমস্ত রাস্তাগুলি—শুধু রাস্তা নয় রাস্তার এ্যাটাচড যে সমস্ত ল্যাণ্ড আছে সেই সমস্ত ল্যাণ্ডের উপর এই যে একজিকিউটিভ পাওয়ার দিয়ে দিচ্ছেন অথরিটির হাতে বা ম্যাজিষ্ট্রেটের হাতে যে যেকোন রাস্তা without declaration of a high way.

ডিক্লেয়ারেসনের দরকার নেই—এই স্পেশ্যাল পাওয়ার দিয়ে অন্যায়ভাবে যে উচ্ছেদ করার চেষ্টা

করবেন সেইজন্যই মূলতঃ নীতির দিক থেকে আমরা বিরোধী যদি আমরা চাই যে রাস্তাঘাট ভাল হোক। সেইজন্য আমি বলছিলাম যে এটা এইভাবে করবেন না।

Shri Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহোদয়, আমারও মনে গভীর সন্দেহ হয়েছে—এই অবজেক্টস এণ্ড রিজনসের যে কথাটা তুললেন আমাদের অপূর্ববাবু তাতে আমার আরও গভীর সন্দেহ হোল যে মন্ত্রীমহাশয় এটা পরিষ্কার করে বলতে পারছেন না যে যে রাস্তাগুলি দখলে নেবেন গভর্ণরেণ্ট রোড যে তাঁরা নিয়ে নেবেন তার সীমানা কি। মাপযোক না করেই নিয়ে নিচ্ছেন—আর ডিসপিউটেড হলে দেখবো তখন কোর্টে গিয়ে তারা বলবে যে আমরা ওদের জায়গাতে বসে নেই এই নিয়ে যে ঝামেলা হবে এটা ইচ্ছা করেই তিনি করছেন। কেন যে আইনের মধ্যে এই রকম ব্যবস্থা রাখছেন তা আমি বুঝতে পারছি না। দ্বিতীয়তঃ গভর্ণমেণ্ট রোডস যে নিচ্ছেন আমরা দেখছি গ্রামাঞ্চলে যেসব রোড আছে তার জন্য আলাদা ডিপার্টমেণ্ট রয়েছে, তার কর্তা রয়েছে তাঁরাই দেখাশুনা করেন। ইরিগেসন ডিপার্টমেণ্টের রোড রয়েছে, ল্যাণ্ড রিফমর্স ডিপার্টমেণ্টের অধীনে রোডস রয়েছে, তাঁরা নোটিশ দিয়ে রাস্তা পরিষ্কার করছেন দখলে রাখছেন এটাই দেখতে পাচ্ছি। কি উদ্দেশ্যে এই হাইওয়েজ এ্যাক্ট পাশ করে এই বিল এনেছেন আমাদের কাছে যাতে সমস্ত গভর্ণমেণ্টের ডিপার্টমেণ্টের যে রোডস তা আপনি আনতে চান—কেন আনতে চান? নিশ্চয় আপনার কোন খারাপ উদ্দেশ্য আছে। এটা আমাদের মনে ধারণা হয়েছে যে এতে উচ্ছেদ করা অসুবিধা হচ্ছিল—সেজন্য সমস্ত রাস্তা সরকারী কর্মচারীরা আপনার ডিরেক্টরেট নিশ্চয় উপদেশ দিয়েছে যে তুমি এই রকম করে আন আর আমরা রাস্তা পরিষ্কারের নামে রাস্তা অবরোধ মুক্তির নামে ঝামেলার সৃষ্টি করবো। আমি ব্যক্তিগতভাবে কাঁথি সহরে দেখলাম যে রোডসের নোটিশ তাদের দেওয়া হয় নি। হঠাৎ এক দিন আপনার পাবলিক ওয়ার্কস ডিপার্টমেণ্টের লোকেরা গিয়ে টানাটানি করছে। সেটা আমরা সিভিল এস-ডি-ও-র কাছে যখন বললাম তখন তিনি পাবলিক ওয়ার্কসের অফিসার ইন চার্জ ইঞ্জিনীয়ার তাকে খুঁজে পান নি। এরা এই রকম বরাবর বসে আছে এবং সেখানে রুজি রোজগার করছে, তাদের বাঁচবার আর কোন পথ নেই তা জানতে পেরে সিভিল এস-ডি-ও পাবলিক ওয়ার্কসের এই অন্যায় কার্যের প্রতিবাদ করে তাঁদের রক্ষা করেছিলাম এটা আমরা দেখেছি এবং এটা জানেন যে তিনি বেছে বেছে এমন জায়গায় অবরোধ মুক্তির চেষ্টা করেন সেখানে হয়ত ১০০টা গুমটি বসেছে, যাদের কাছ থেকে ঘুষ আদায় করতে পারছেন না সেই রকম ৫টা ৬টা ২টা তাদের নোটিশ দিলেন—কিন্তু আর সকলে বহাল তবিয়তে গুমটি নিয়ে বসে আছে। এই ডিপার্টমেণ্টে যেসব রাস্তা আছে হাইওয়েজের নামে—তাতে অবরোধ মুক্তির কি চেষ্টা করেছেন তা তো আমি জানি না। এই যে আইন পাশ করেছেন তাতে আমরা বলেছিলাম যে আপনি অবরোধ মুক্তির চেষ্টা করলে আমরা সমর্থন করবো নিশ্চয়—কিন্তু গুমটিওয়ালাদের বিকল্প ব্যবস্থা করে যদি অবরোধ মুক্তির চেষ্টা করেন তাহলে আমরা পূর্ণ সহানুভূতি দেখাবো। এমন অনেক জায়গা আছে যেখানে রাস্তার অবরোধ মুক্তির কোন চেষ্টা করা উচিত নয় সেই জায়গায় তাঁরা অবরোধ মুক্তির জন্য চেষ্টা করছেন। আমরা দেখতে পাচ্ছি রাস্তা চওড়া—যথেষ্ট ফাঁক আছে সেখানে নোটিশ দিয়েছেন। একটা দুরভিসন্ধি এ বিলের মধ্যে আছে বলে মনে করছি তা না হলে এ বিল আনার প্রয়োজন ছিল না। আমি মনে করি এটা সম্পূর্ণ অপ্রয়োজনীয় বিল শুধু মাত্র অত্যাচার ছাড়া সরকারী বিভাগের [illegible] ঘুস আদায় করা ছাড়া আর কিছু এ বিলের দ্বারা হবে না। হাইওয়ে রয়েছে তার কিছুই করতে পারেন নি। ঘুসের জন্য সব জায়গায় অবরোধ হয়ে বসেছে। সুতরাং সমস্ত রাস্তা গভর্ণমেণ্ট টেনে নিয়ে অত্যাচার বাড়ান ঘুস বাড়ান ছাড়া আর কিছুই হবে না। সুতরাং এটা [illegible] বলে মনে করি।

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon the 1st December, 1965.

Shri Khagendra Nath Das Gupta:

মাননীয় স্পীকার মহোদয়, আমি এই বিলটা কি উদ্দেশ্যে এনেছি, তা পূর্বে বলেছি। এই সম্পর্কে আলোচনা করতে গিয়ে বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ অনেক অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করেছেন। যখন পশ্চিমবঙ্গ সড়ক বিল আনা হয়েছিল, তখন বিশদভাবে আলোচনা হয়েছিল এবং তার উপর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। কিন্তু এখন মাননীয় সদস্যগণের কথা শুনে আমি অবাক হয়ে গেছি। এঁরা চাচ্ছেন যে, সরকারী রাস্তার উপর যাঁরা জবরদখল করে আছেন, তাঁরা উদ্বাস্তু হন বা না হন, তাঁরা যেখানে যে যে জবরদখল করে আছেন, সেটাই থাকবে এবং নূতন নূতন জবরদখল করা হলে, সেটা মেনে নিতে হবে। এই চমৎকার যুক্তি শুনে আমি অবাক হয়ে গিয়েছি। আমি জিজ্ঞাসা করি এঁদের অনেকের জমি জমা আছে, বাড়ি ঘর আছে, তার পাশে সামান্য কিছু খালি জমি আছে, সেখানে যদি কেউ দোকান করতে চান, তাহলে সেটা তাঁরা করতে দেবেন কিনা? এঁদের কথা হচ্ছে যখন রাস্তা সরকারী জিনিস আর সরকার হলেন সর্বসাধারণের তখন সর্বসাধারণের অধিকার আছে সরকারী রাস্তায় গিয়ে যার যেখানে ইচ্ছে যে সেখানে দোকান করে বসে থাকতে পারবে। আমি আগেও শুনেছি আবার আজকেও শুনলাম এর উত্তর আমি পূর্বে দিয়েছি। আজকে নূতন করে কিছু দেবার নেই। আমার বিলটা আনয়নের উদ্দেশ্য হচ্ছে এই যে, পশ্চিমবঙ্গ সড়ক আইন ১৯৬৪ সাল, ২ (ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুসারে বর্তমানে সরকারী রাস্তাগুলি সড়কের আওতার মধ্যে আসে না যদি না সেই রাস্তাগুলো ঐ আইনের ৩ নং ধারা অনুসারে সড়ক বলে ঘোষণা না করা হয়। ১৯২৫ সালের বঙ্গীয় সড়ক আইন যেটা ছিল, সেই আইনে হাইওয়ে বলতে সরকারী সড়ক বোঝাত। কিন্তু ১৯৬৪ সালের আইনে হাইওয়ে সংজ্ঞায় কিছু যোগ হয়েছে সড়ক বলতে তার ডিমারকেশন ঠিকমত হওয়া চাই। তার ঘোষণা হওয়া চাই সড়ক বলে এবং তার সীমানা ঠিক করা চাই। এই আইন কার্যে পরিণত করতে গিয়ে দেখা গেল অনেক বাধা সৃষ্টি হচ্ছে। অনেক জটিলতা সৃষ্টি হচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের হাতে প্রায় সাড়ে সাত হাজার মাইল রাস্তা আছে। সব রাস্তাই ভূমি দখল আইন অনুসারে জমি দখল করে করা হয়নি। অনেক রাস্তা যেগুলি ডিস্ট্রিক্ট বোর্ড ও মিউনিসিপ্যালিটির হাতে ছিল সেগুলি নেওয়া হয়েছে। তার কোন সীমানা নির্ধারণ ছিল না।

[5-45—5-50 p.m.]

কেডেস্ট্রাল সার্ভে করে তার সীমানা নির্ধারণ করে যদি সড়ক বলে ঘোষণা করতে হয়, তাহলে প্রচুর অর্থব্যয় করতে হয় এবং অনেক সময়ের প্রয়োজন হয় এবং এর মধ্যে নানা রকম জটিলতা সৃষ্টি হতে পারে। এইসব দেখে এই আইন যাতে তাড়াতাড়ি কার্যকরী করতে পারা যায়, সেই জন্য এই বিল আনা হয়েছে। আর একটি কথা বলব যে আইনটা আমরা করেছিলাম, সেটা শুধু যাঁরা জবরদখল করে আছেন তাঁদের উচ্ছেদের জন্য নয়। এর উদ্দেশ্য ব্যাপক ছিল। যাঁরা জবরদখল করে আছেন বা যাঁরা করতে যাচ্ছেন, তাঁদের সরিয়ে দেওয়া কর্তব্য। তা ছাড়া অনেকে রাস্তায় নানা রকম বাধা সৃষ্টি করতে পারেন। অনেকে ক্ষয় করতে পারেন। এইগুলি দূর করাও আইনের উদ্দেশ্য। এই রকম আরও অন্যান্য উদ্দেশ্যে আমাদের পশ্চিমবঙ্গ সড়ক আইন বিধিবদ্ধ হয়েছিল। আমার সংশোধনের উদ্দেশ্য আমি পূর্বেই বলেছি। এখন একটা কথা বলি। রাস্তা কাকে বলে? রাস্তার মধ্যে পাকা একটা অংশ আছে, তার দুই দিকে ক্ল্যাঙ্ক অংশ আছে, তারপর ঢালু অংশ আছে। তারপর যেখান থেকে মাটি তুলে রাস্তা সংস্কার করা হয় সেই খাদ বা কারো পিট আছে। তারপর সামান্য জমি আছে। এইসব নিয়ে রাস্তা পাকা অংশ-টুকুর মধ্যে যদি কেউ গর্ত করেন বা কেউ জবরদখল করে দোকান করলেন বা কোনও রকম বাধা সৃষ্টি করলেন সেগুলিও প্রতিকার করতে পারছি না যদি এই আইন অনুসারে আগে আমাদের হাইওয়ে বলে ঘোষণা করা না হয়। এখন যে অসুবিধা সৃষ্টি হচ্ছে, এই অসুবিধা দূরীকরণের জন্য আমাদের এই আইন আনা। এই কয়েকটি কথা বলে আমি যে প্রস্তাবটি এনেছি সেই প্রস্তাবটি আপনাদের গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Khagendra Nath Das Gupta that the West Bengal Highways (Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

Clauses 1, 2 and the Preamble

The question that clauses 1, 2 and the Preamble do form part of the Bill was then put and agreed to.

Shri Khagendra Nath Das Gupta: I beg to move that the West Bengal Highways (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed

The motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-50 p.m. till 1 p.m. on Wednesday the 10th November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 10th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 183 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Balance of the Wakf Fund

***113.** (Admitted question No. *320.) **Dr. Golam Yazdani:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) what amount has been the balance of the Wakf Fund year by year during the last three years; and

(b) how this balance has been utilised?

Shri Iswar Das Jalan:

(a) 1961-62
Balance Rs. 20,983.47 P.

1962-63
Balance Rs. 9,361.26 P.

1963-64
Deficit Rs. 44,469.64 P.

(b) Surplus balance not utilised.

Dr. Golam Yazdani:

আমার প্রথম কোয়েশ্চেন হল যে আমি গত তিন বছরের হিসাবটা চেয়েছিলাম। ৬৪-৬৫টা দেওয়া হল না কেন?

Shri Iswar Das Jalan: Not yet ready.

Dr. Golam Yazdani: (b) এর উত্তরে বলা হয়েছে Surplus balance not utilised এর অর্থটা কি বোঝা গেল না।

Shri Iswar Das Jalan: It is not utilised in a specific manner. What is remained as balance is carried forward to the next year and then in the usual course it is spent.

Dr. Golam Yazdani:

দেখা গিয়েছে এই হিসাব থেকে যে ৬১-৬২ থেকে ব্যালেন্স-টা এসে, ৬২-৬৩ তে দাঁড়াল ৯৩৬১ টাকা। অর্থাৎ ১১,৫১৮ টাকা খরচ হয়েছে। আমি জানতে চেয়েছিলাম যেটা,—এই যে সারপ্লাস চলছিল, এর খরচটা কি ভাবে ইউটিলাইজড করা হয়েছে?

Shri Iswar Das Jalan:

এ্যাডমিনিস্ট্রেসন চলছে ত। যত টাকা আসে, সেটা এ্যাডমিনিস্ট্রেসন-এর যে, যে খরচ আছে, সেই সেই ভাবে খরচ হয়। নাউ ৬১-৬২তে যত টাকা বাঁচলো, সেটা নেক্সট ইয়ার-এ ক্যারেড ফরওয়াড হল। নেক্সট ইয়ার-এ ক্যারেড ফরওয়াড হয়ে, ইন দি ইউজিয়াল কোর্স-এ যত টাকা খরচ হয়, তত হয়।

Dr. Golam Yazdani:

সারপ্লাস ব্যালেন্স বলতে আমরা এইটাই বুঝি যে অফিসের সমস্ত খরচপত্র মিট করে যেটা থাকলো উদ্‌বৃত্ত সেইটা, এবং সেই উদ্‌বৃত্ত টাকাটা, আমরা মনে করি, ভাল কাজে ব্যয় করার জন্য থাকবে। সেইটাকে আমরা মনে করি উদ্‌বৃত্ত। এইযে ব্যালেন্সগুলির কথা বলেছেন, সেই ব্যালান্সগুলি কি অন্যান্য খরচপত্র মিটিয়ে, না, এই ব্যালান্স থেকে সেই সমস্ত খরচপত্র মিট করা হয়? তাহলে ওয়াকফ ফান্ড-এর একটা বড় অংশ হবে, এ অংশ হবে না।

Shri Iswar Das Jalan:

এক একটা বৎসরে ওয়াকফ ফান্ড-এর ইনকাম হয়, এক্সপেন্ডিচার বাদ দিয়ে ২০,০০০ টাকা রুপিজ ব্যালান্স হল ইন ১৯৬১-৬২তে এবং দিস এ্যামাউণ্ট ইজ ক্যারেড ফরওয়াড টু দি নেক্সট ইয়ার। নেক্সট ইয়ার-এ যত রিসিপ্ট হবে প্লাস দিস ওপেনিং ব্যালান্স, এবং তারপরে যত খরচ হবে এ্যাট দি এণ্ড অফ ৬২-৬৩, তা করে, ৯,৩৬১ রুপিজ, ব্যালান্স থাকে, এই ৯,৩৬১ রুপিজ ইজ ক্যারেড ফরওয়াড টু দি নেক্সট ইয়ার। এবং নেক্সট ইয়ার-এর যে রিসিপ্ট এবং নেক্সট ইয়ার-এর এক্সপেণ্ডিচার হল, এতে ৪৪,৪৬৯ এসে গেলো।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রীমহাশয় বললেন যে কি ভাবে ব্রট ফরওয়াড করা হচ্ছে আমি বুঝতে পারি না ইউটিলাইজেশন কি ভাবে হয়েছে তা আপনি বলতে পারছেন না কেন? এক্সপেণ্ডিচার কি ইউটিলাইজেশন এর মধ্যে নয়?

Shri Iswar Das Jalan:

ওয়াকফ অফিসের খরচ, তার অফিসারের

salary travelling allowance and all kinds of expenses for running the office

হবে, সেখানে আমাদের ইনকাম হলে, সেখানে আমাদের খরচও হয়েছে—হোল ইয়ারস এ্যাকাউণ্ট আছে, যা আমাদের ইনকাম তা থেকে আমাদের খরচ হয়েছে রেভিনিউ অ্যাকাউন্ট-এ আমাদের ব্যালেন্স রুপিজ ২০০০ হইল। দিস মিনস আমাদের যে ইনকাম হয়েছিল, তা থেকে ঐ বছর থেকে খরচ আমাদের কম হয়েছে—যখন

income is carried forward to the next year

এবং নেক্সট ইয়ার-এ হয়ত বেশী খরচ হয়েছে

and in this way this thing goes on

এটা বলা যায় না। এই যে টাকা বাঁচলো তা যে কোন স্পেসিফিক কাজে খরচ করা যায়—তা হয়নি। এ্যাডমিনিস্ট্রেশন কষ্ট আছে তাতে সব চলে যায়।

Shri Sailendra Nath Adhikary:

আর একটা প্রশ্ন হলো তাহলে এখন ১৯৬১-৬২ পরে আপনি যেটা দেখালেন প্লাস ব্যালেন্স, তারপর থেকে কি সব মাইনাস ব্যালেন্স হচ্ছে? তাহলে এই কাজগুলোর জন্য যে খরচ করতে হবে তা কি করে হবে?

Shri Iswar Das Jalan:

এটা হলে ম্যাটার অতু দি অ্যাকাউন্টিং এক বছর কম খরচ হয়ে যায়, এক বছর বেশী খরচ হয়ে যায়, এক বছর আবার ডেফিসিট ব্যালেন্স হয়ে গেল। এক বছর হয়ত ব্যালেন্স থেকে গেল। এটা ফিগার থেকে মনে করতে পারবেন না সে এ্যাকচুয়ালী আমাদের ডেফিসিট কী।

"Out of this 40,000 how much is the real deficit and I am told that the real deficit is only 5,000 or 6,000 Rupees and 7,000 was spent in connection with an estate of which the Wakf Commissioner is the receiver."

এই টাকাটা আমরা নেক্সট ইয়ার পেয়েছি। দেয়ারফোর দিস ফিগার থেকে আপনি কোন সিদ্ধান্তে পৌঁছুতে পারবেন না—

you cannot arrive at any conclusion

these are receipts and expenditures of Revenue account.

Dr. Golam Yazdani:

ওয়াকফ এ্যাক্ট-এর ৬২ নম্বর ধারায় রয়েছে যে ব্যালেন্স হবে

Wakf fund-এ

which will be utilised for preservation of the Wakf Committee,

অর্থাৎ এখানে ডেফিনিটলি বলে দেওয়া হয়েছে যে এই ব্যালেন্স এই কাজের জন্য ব্যয়িত হবে। এ সম্বন্ধে আপনি বলেন?

Shri Iswar Das Jalan:

এই ওয়াকফ ফাণ্ড যা চলছে—

That is for the preservation of the Wakf Estate.

যতটা টাকা আমাদের আছে তা থেকে অফিসের জন্য খরচ হবে, তা দিতে হবে, ওটা তো নট রিয়েল সারপ্লাস নয়।

Sainik school building at Purulia

***114.** (Admitted question No. *421.)

Shri Birendra Narayan Ray:

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় নির্মীয়মাণ সৈনিক স্কুলটি কিছুদিন পূর্বে ভাঙ্গিয়া পড়িয়াছে;

(খ) সত্য হইলে, উহার কারণ কি; এবং

(গ) স্কুল ভবনের নির্মাণের জন্য কোন ব্যক্তি অথবা কোম্পানীকে কত টাকার কণ্ট্রাক্ট দেওয়া হইয়াছিল?

Shri Khagendra Nath Das Gupta:

(ক) নির্মীয়মান সৈনিক স্কুলটি ভাঙ্গিয়া পড়ে নাই। উক্ত স্কুলের নির্মীয়মান হোস্টেল ভবনের (ডার্মিটারী) একটি অংশ ভাঙ্গিয়া পড়িয়াছে।

(খ) নক্সার (ডিজাইন) ত্রুটির জন্য ইষ্টক নির্মিত পিলেপ (ব্রিকপিলার) ভার বহনে অক্ষম হওয়ায় উক্ত নির্মীয়মান ভবনের অংশটি ধ্বসিয়া পড়ে। উক্ত নক্সা তৈরীর ভার সরকার একটি বেসরকারী আর্কিটেক্‌ট্‌ প্রতিষ্ঠানের উপর ন্যস্ত করিয়াছিলেন।

(গ) উক্ত ভবন নির্মাণের (কণ্ট্রাক্ট) কণ্ট্রাক্টর শ্রীরঘুবীর সেন। ২৭সি, পণ্ডিতিয়া রোড, কলিকাতা-২৯। এই কণ্ট্রাক্টর অর্থের পরিমাণ ছিল ৪,৭২,০১৫ (চার লক্ষ বাহাত্তর হাজার পনর টাকা)।

[1-10—1-20 p.m.]

Shri Birendra Narayan Ray:

এই কথা কি ঠিক যে স্কুলটা যখন তৈরী হচ্ছিল তখনি দোতালা এবং তেতালা ভেঙ্গে পড়ে?

Shri Khagendra Nath Das Gupta:

হোস্টেল ভবনের ডোমিটারী একটা অংশ ভেঙ্গে পড়ে।

Shri Sailendra Nath Adhikary:

ঐ কণ্ট্রাক্টর-এর নাম কি? তিনি কি আইনমন্ত্রী অশোক সেনের আত্মীয়?

Shri Khagendra Nath Das Gupta:

আমি অলটারনেটিভ এই বলেছি যে কণ্ট্রাক্টর-এর দোষে ভেঙ্গে পড়েনি।

Shri Birendra Narayan Ray:

এই কথা কি ঠিক যে অংশ ভেঙ্গে পড়ে সেই অংশে মোটেই সিমেণ্ট ছিল না?

Shri Khagendra Nath Das Gupta:

না, একথা মোটেই ঠিক নয়।

Shri Aswini Roy:

অ্যাপ্রক্সিমেটলি কত টাকা লস হয়েছে, এখন রিপেয়ার করতে কত টাকা দরকার?

Shri Khagendra Nath Das Gupta:

যে টাকাই লস হোক—অ্যাপ্রক্সিমেট লস-এর কথা এখন বলা যাবে না কারণ হিসাব হয়নি—সেই টাকা আর্কিটেক্ট ফার্ম দেবেন।

Shri Girish Mahato:

যেসব শ্রমিক ও মিস্ত্রি কাজ করেছিল তাঁরা কি বিহারের গয়া জেলার লোক?

Shri Khagendra Nath Das Gupta:

আমার পক্ষে বলা সম্ভব নয়।

Shri Birendra Narayan Ray:

যে বেসরকারী প্রতিষ্ঠান ডিজাইন করেছিল তাদের নাম কি?

Shri Khagendra Nath Das Gupta:

তাদের নাম হচ্ছে
Messrs. Ballerdie Thomson and Mathews.

Shri Bijoy Kumar Banerjee:

এই যে স্কুলবাড়ী পড়ে গেল তার জন্য আপনারা কি স্টেপ নিয়েছেন এগেনস্ট দি কনট্রাক্টর?

Shri Khagendra Nath Das Gupta:

আমি পূর্বে বলেছি—আপনি বোধহয় শোনেননি এই ভবনটি ভেঙ্গে পড়ার পর আমাদের চীফ ইঞ্জিনীয়ার এবং বলদেও থমশন-এর ম্যাথুস এঁরা ২।৩ বার করে সেটা দেখতে গিয়েছিলেন এবং তাঁরা পুঙ্খানুপুঙ্খরূপে পরীক্ষা করে এই সিদ্ধান্তে এসেছেন যে ডিজাইন-এর ডিফেক্ট-এর জন্য এটা ভেঙ্গে পড়ে, এবং তার দল যাঁরা ডিজাইন করেছিলেন বলদেও থমসন এণ্ড ম্যাথুস, তাঁর যা লস হয়েছে সেই লস মেক আপ করবেন।

Shri Birendra Narayan Ray:

অন্য কোন ফার্ম-কে না দিয়ে বিশেষ করে এঁদেব দেওয়ার কারণ কি ডিজাইন করবার ভার।

Shri Khagendra Nath Das Gupta: Education Department,
এর Ballerdie Thomson and Mathews
এরা খব বড় কন্ট্রাক্টর, তাঁদের সঙ্গে কনসাল্ট করেই এঁদের দেওয়া হয়েছে।

Flood in the Teesta river in Haldibari police-station

***115.** (Admitted question No. *568.)

Shri Amarendra Nath Ray Pradhan:

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কোচবিহার জেলার হলদিবাড়ী থানার বক্সীগঞ্জ, বিবিগঞ্জ, পারমেখলীগঞ্জ, নিজতরফ, ঝাড়সিঙ্গেশ্বর প্রভৃতি এলাকা গত কয়েক বৎসর ধরিয়া প্রতি বৎসর তিস্তা নদীর বন্যার ফলে ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে এবং বহু আবাদী জমি নদীগর্ভে বিলীন হইয়া যাইতেছে; এবং

(খ) সত্য হইলে, উক্ত বন্যা নিরোধের জন্য সরকার কর্তৃক কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya:

সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রী মহোদয় কর্তৃক—

(ক) ১৯৬৪ সালের বন্যার মরশুমে কিছু পরিমান ধান্যজমি প্লাবিত হইয়াছিল। তবে পলিপড়ার দরুন জমিতে চাষের উপকারই হইয়াছিল। ১৯৬৩ ও ১৯৬৫ সালে অবক্ষয়ের ফলে কিছু পরিমাণ কৃষি জমি নষ্ট হয়।

(খ) বর্তমানে পরিস্থিতি পর্যবেক্ষণাধীন আছে।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই পর্যবেক্ষণ কার্য কতদিন চলবে?

Shri Syamadas Bhattacharyya:

একটা প্রকল্প প্রস্তুত করতে কয়েক বছর লাগে। বিভিন্ন বিষয়ে তথ্য সংগ্রহ করা হচ্ছে। ১৯৬৩ সালের বন্যার আগে এই এলেকায় খুব অল্প জায়গায় অবক্ষয় হয়েছিল, ১৯৬৪ সালে বন্যার মরশুমে প্রায় ৩২০ একর ধানী জমি প্লাবিত হয়েছিল যদিও প্লাবনের ফলে পলি পড়াতে উপকারই হয়েছে। ১৯৬৩ সালে তিস্তার গতি পরিবর্তিত হয়, তাতে দক্ষিণ দিকে অল্প অবক্ষয় দেখা গিয়েছিল, কিন্তু ক্ষতির পরিমাণ সেই ৩ হাজার টাকার বেশি হবে না। ১৯৬৪ সালে বন্যার মরশুমেও তীরস্থ জমির খুব অল্প অবক্ষয় দেখা দিয়েছিল, ১৯৬৫ সালে অতি সামান্যই। সমস্ত জায়গার সম্পর্কে হিসাবনিকাশ নেওয়া হচ্ছে, তথ্য সংগ্রহ করা হচ্ছে, প্রয়োজন হলে একটা প্রকল্প করা হবে।

Shri Amarendra Nath Roy Prodhan:

সেখানে এমনই অবস্থা হয়েছে যে তাড়াতাড়ি না করলে গোটা অঞ্চলটাই নদী গর্ভে বিলীন হয়ে যাবে।

Shri Syamadas Bhattacharyya:

আমি তো বল্লাম তিস্তার গতি পরিবর্তিত হওয়ার ফলে কিছু সমস্যার সৃষ্টি হয়েছে—এ পর্যন্ত ক্ষতির পরিমাণ অল্পই। সমস্ত বিষয়টা পর্যবেক্ষণাধীন আছে।

Covernment khas lands within Calcutta municipal area

***116.** (Admitted question No *582.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা পৌর এলাকা মধ্যে সরকারী খাস জমি ও পুষ্করিণী যথাক্রমে কত পরিমাণ ও কতগুলি ;

(খ) উক্ত জমি এবং জলাশয় বন্দোবস্ত হইয়াছে কি না ; এবং

(গ) বন্দোবস্ত দেওয়া হইলে কি উদ্দেশ্যে কাহাদের বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

Shri Syamadas Bhattacharyya:

(ক) সরকারী খাস জমি প্রায় ২৬৩ বিঘা ও পুষ্করিণী ১৮টি।

(খ) উক্ত জমি সবই বন্দোবস্ত দেওয়া হইয়াছে। কিন্তু কোন জলাশয় বন্দোবস্ত দেওয়া হয় নাই।

(গ) ব্যবসা ও বসবাসের উদ্দেশ্যে সর্বসাধারণকে বন্দোবস্ত দেওয়া হইয়াছে। এইরূপ বন্দোবস্তের তালিকা দেওয়া সময় সাপেক্ষ।

Shri Sanat Kumar Raha:

আমার প্রথম প্রশ্ন হচ্ছে, জলাশয়গুলি বন্দোবস্ত না দিয়ে সরকারী খাসে রাখবার প্রয়োজন কি ; দ্বিতীয় প্রশ্ন হল, কি বন্দোবস্তে জমি দেওয়া হয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:

১৮টি পুকুরের মধ্যে ৫টা পুকুরে সাক্ষাৎভাবে মৎস্যবিভাগের তত্ত্বাবধানে মাছের চাষ করা হয়। দুটো পুকুর সম্প্রতি মৎস্যবিভাগ মৎস্য চাষের জন্য দিয়েছেন। ৭টা পুকুর ছাড়া প্রত্যেকটি পুকুরই গ্রহণ করবার কথা চলছে। বাকী পুকুরগুলি বিভিন্ন বিভাগের অধীনে আছে। আমরা মৎস্য দপ্তরকে অনুরোধ করেছি সমস্ত পুকুরগুলি তাঁরা নিয়ে যদি মৎস্য চাষের ব্যবস্থা করতে পারেন তাহলে ভালো হয়, কিন্তু তাঁরা সমস্ত পুকুর না নিয়ে এ পর্যন্ত ৭টা পুকুর নেবার ব্যবস্থা করেছেন।

Shri Sanat Kumar Raha:

ল্যান্ডটা কি হারে, কি কায়দায় বন্দোবস্ত দেওয়া হচ্ছে, রেট এবং টার্মস কি?

Shri Syamadas Bhattacharyya:

ল্যান্ড সম্পর্কে কথা হচ্ছে, আমাদের ম্যানুয়াল-এর ২২৩ ধারা অনুযায়ী সাধারণের দীর্ঘমেয়াদী বন্দোবস্ত ৩০ বৎসরের জন্য দেওয়া হয় এবং মেয়াদ উত্তীর্ণ হলে সরকার নির্ধারণ সর্তে খাজনার বন্দোবস্তের কথা পুনরায় হতে পারে। বন্দোবস্ত দিতে বাজার মূল্য শতকরা ৪ টাকা খাজনা এবং বাজার মূল্য শতকরা ৪০ টাকা সেলামী ধার্য করা হয়।

[1-20—1-30 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে এই কলকাতা সহরের ভিতর ৫টি ও ২টি পুকুর মৎস্য বিভাগকে দেওয়া হয়েছে মাছের চাষের জন্য। এইগুলি কবে দেওয়া হয়েছে এবং এই পুকুরগুলি কোথায়?

Shri Syamadas Bhattacharyya:

পুকুরগুলির নাম হচ্ছে, ইলিয়টট্যাঙ্ক, মনোহরদাস ট্যাঙ্ক, জেনারেল ট্যাঙ্ক, বিজলী ট্যাঙ্ক এবং আর একটা হল সার্পেনটাইল ঝিল, যেটা ইডেনগার্ডেনে আছে। আরো দুটি সম্প্রতি দেওয়া হয়েছে এবং আরো একটা দেবার কথা হচ্ছে।

Shri Nikhil Das:

আমরা খবরের কাগজে খবর দেখলাম যে কলকাতার সমস্ত পুকুর পুলিশ বিভাগ নিতে চেয়েছে মাছ চাষের জন্য এবং সেখানে যে মাছ চাষ হবে সেই মাছ পুলিশ কর্মচারীদের খাওয়াবে। সে সম্পর্কে আপনারা কি কিছু ঠিক করেছেন?

Shri S. M. Fazlur Rahman:

ক্যালকাটা পুলিশ কমিশনার কলকাতার কিছু পুকুর নেবার জন্য মৎস্য বিভাগকে অনুরোধ করেছেন। মৎস্য বিভাগের যেসব পুকুরগুলি আবাদী আছে বর্তমানে সেগুলি ছাড়া অন্য বিভাগের যে পুকুরগুলি আছে সেগুলি নেবার জন্য তাদের কাছে লিখতে নির্দেশ দেওয়া হয়েছে।

Shri Nikhil Das:

মৎস্য বিভাগের অধীনে যে কটা পুকুর আছে তা থেকে গত বছর কত মাছ পেয়েছিলেন?

Shri S. M. Fazlur Rahman:

সে সম্পর্কে অন্য প্রশ্ন দিলে বলতে পারবো।

Shri Syamadas Bhattacharyya:

আমি বলে দিচ্ছি। ১৯৬০-৬১ সালে ঐ কটা পুকুরে খরচ হয়েছে ২৪,৬৪১·৬১ পয়সা এবং আমরা মোটামুটি ঐ কটা পুকুর থেকে পেয়েছি ৭,৩৫৮ টাকা, ১৯৬১-৬২ সালে আমাদের খরচ হয়েছে ৪,৭৬৫ টাকা, আর পাওয়া গিয়েছে ৯,৪০৬ টাকা, ১৯৬২-৬৩ সালে খরচ হয়েছে ৫,৪২৯ টাকা, আর পাওয়া গিয়েছে ২,৯৮০ টাকা, আর ১৯৬৩-৬৪ সালে খরচ হয়েছে ৫,৭৪৯ টাকা, পাওয়া গিয়েছে ৫,১৭৯ টাকা এবং ১৯৬৪-৬৫ সালে খরচ হয়েছে ৫,০১১ টাকা, আর পাওয়া গিয়েছে ৬,৪৮৩ টাকা।

Shri Nikhil Das:

এই হিসাব থেকে দেখা গেল প্রতি বছর যে টাকা খরচ হয়েছে মাছ বিক্রি করে তার চেয়ে অনেক কম টাকা পাওয়া গিয়েছে, অর্থাৎ লোকসান হচ্ছে।

Shri Syamadas Bhattacharyya:

আপনি ভুল বলছেন প্রতি বছর নয়। কোন কোন বৎসরে ক্ষতি হয়েছে আবার কোন কোন বৎসরে লাভ হয়েছে। প্রতি বছর লোকসান হয়েছে একথা বললে আমি বলবো যে আপনি আমার উত্তর শোনেন নি।

Shri Nikhil Das:

খালি শেষ বছরে কয়েক শত টাকা লাভ দেখিয়েছেন। কিন্তু মোটামুটি যে হিসাব দেখিয়েছেন তাতে প্রতি বছরেই লোকসান হয়েছে।

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় সদস্যর জানা উচিত যে যে বৎসর মাছ চাষ করা হয় সে বছর মাছ তোলা হয়না, তার তিন বৎসর পরে তোলা হয়।

Shrimati Biva Mitra:

মাননীয় মন্ত্রীমহাশয় এখানে একটা হিসাব দেখালেন। মাননীয় মন্ত্রীমহাশয় গ্রামের লোক, পুকুর এবং মাছ ছাড়া সম্বন্ধে তাঁর ধারণা আছে। প্রথমে যে হিসাবটা দেখালেন ২৪ হাজার টাকা তাঁদের খরচ হয়েছে সেই ২৪ হাজার টাকা যদি পোনা এবং পুকুরে খরচ করা যায় তাহলে আন্দাজে সরকারী হিসাব মত কত হাজার টাকার মাছ পাওয়া গিয়েছে সেই প্রশ্ন জিজ্ঞাসা করছি?

Shri Syamadas Bhattacharyya:

আমি এর জবাব দিতে অক্ষম।

Shri Sanat Kumar Raha:

আপনি বলছেন যে ব্যবসাদারকে এই জমি দেওয়া হয়েছে। যে সব জায়গায় ব্যবসাদার স্থায়ী-ভাবে স্ট্রাকচার তৈরী করেছে সেই সব জমিগুলির ভবিষ্যতে কি হবে?

Shri Syamadas Bhattacharyya:

সেগুলি আমাদের ম্যানুয়েলের ধারা অনুযায়ী খাজনায় বন্দোবস্ত পুর্ননবীকরণ করা যেতে পারে। যদি সমস্ত সর্ত পালন করেন তাহলে যাকে রিনিউয়াল বলে তা করা যেতে পারে।

Darjeeling Improvement Fund

***117.** (Admitted question No. *683.) **Shri Lakshmi Ranjan Josee:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) how the Darjeeling Improvement Fund, a tax collecting body, was constituted;

(b) if it was constituted under any Local Bodies Act;

(c) if so, the names of the Act and the relevant sections;

(d) when this fund came into being and how it is administered;

(e) what is the purpose of such a fund;

(f) what is the annual income and expenditure, if any, of the Darjeeling Improvement Fund during the last two years; and

(g) in what kind of improvement the surplus fund is employed?

Shri Syamadas Bhattacharyya: (a) The history of the Fund dates back to 1838 when the Government directed that the quit rents paid by settlers in the ceded portion of Darjeeling should be appropriated to a Fund to be called "The Location Fund", and employed for conservancy and for purposes of local improvement. The rent of certain bazars built out of this Fund and of other shops erected on public lands were afterwards added to the Fund. In 1854, Government decided that all proceeds from land in the ceded tract should be given up for local purposes. In 1864, it was decided that fund assigned to the Location Fund for the improvement of Darjeeling should be kept distinct from the Municipal Fund and ordered that a fund be formed to be styled the "Darjeeling Improvement Fund".

(b) No.

(c) Does not arise.

(d) In 1868, it came into being. The Deputy Commissioner of Darjeeling is the administrator of the Fund and works under the general supervision of the Commissioner, Jalpaiguri Division. The Board of Revenue is the final authority in respect of the Fund. The S.D.Os. of Sadar, Kurseong, Siliguri and Kalimpong have control of the working of the offices in their Subdivisions subject to the control of the Administrator.

(e) Local improvement.

(f)

Year	Receipt	Expenditure
1962-63	Rs. 3,33,070	Rs. 3,29752
1963-64	Rs. 3,04,644	Rs. 3,10,008
1964-65	Rs. 3,45,318	Rs. 3,12,492

(g) The surplus fund is employed for improvement of hats and bazars under the control of the Fund, improvement of staging Bungalow, improvement of roads and communications and also for contribution to different institutions like—District Board, Darjeeling, Natural History Museum, Kalimpong Municipality, Zoological Park, etc. The Fund is also employed for social education and rural upliftment.

দার্জিলিং ইমপ্রুভমেণ্ট ফাণ্ড কবে গঠিত হয়েছিল সে সম্বন্ধে আমি উত্তর দিতে গিয়ে আমি দেখছি ১৮৩৮ সালে এই ফাণ্ডের উৎপত্তি হয়েছে। তখন এটার নাম ছিল লোকেশন ফাণ্ড এবং স্থানীয় উন্নতির জন্য এবং কনজারভেন্সি প্রভৃতি কাজের জন্য এর টাকা ব্যয় হতো। এখন ওখানে খাজনাদি যেসব আদায় হতো তাছাড়াও বাজারের আয়, দোকানপত্রের আয় এসবও ঐ ফাণ্ডে জমা হতো। ১৮৫৪ সালে গভর্ণমেণ্ট ঠিক করেন যে ওটার অন্যভাবে, এই ফাণ্ডটার নামকরণ করা হবে এবং ব্যবহার করা হবে। দ্বিতীয় প্রশ্নের উত্তর (ও) না। (গ) প্রশ্ন উঠে না। (ঘ) ঐ দার্জিলিং ইমপ্রুভমেণ্ট ফাণ্ড প্রকৃতপক্ষে ১৭৬৮ সালে গঠিত হয়। দার্জিলিং-এর যিনি ডেপুটি কমিশনার তিনি হচ্ছেন এই ফাণ্ডের এ্যাডমিনিষ্ট্রেটার। তিনি জলপাইগুড়ি ডিভিশনের যিনি কমিশনার তাঁর অধীনে কাজ করেন। সদর, কার্শিয়াং, শিলিগুড়ি এবং কালিম্পং-এর এস-ডি-ও তাঁদের নিজ নিজ এলাকায় অফিসারের উপর কর্তৃত্ব করেন এবং সমস্তের পূর্ণ কর্তৃত্ব বোর্ড অব রেভিনিউ-এর উপর রয়েছে। (ঙ) লোকাল ইমপ্রুভমেণ্ট যা স্থানীয় উন্নতির জন্য এই টাকা ব্যবহৃত হয়। আয় ব্যয়ের হিসাব হচ্ছে ১৯৬২-৬৩ সালে আয় হয়েছে ৩ লক্ষ ৩৩ হাজার ৭০ টাকা এবং খরচ হয়েছে ৩,২৯,৭৫২ টাকা, ১৯৬৩-৬৪ সালে আয় হয়েছে ৩,৬৪,৬৪৪ টাকা এবং ব্যয় হয়েছে ৩,১৯,৯৬৭ টাকা, এবং ১৯৬৪-৬৫ সালে আয় হয়েছে ৩,৪৫,৩১৮ টাকা এবং ব্যয় হয়েছে ৩,১২,৪৯২ টাকা। (চ) এই ফাণ্ডের টাকা থেকে হাট বাজারের উন্নতি করা হয়, এই ফাণ্ডের অন্তর্ভুক্ত যে সব বাংলো আছে সেগুলি মেরামত করা হয়, রাস্তাঘাট, যাতায়াতের পথ সমস্ত উন্নতি করা হয় এবং বিভিন্ন প্রতিষ্ঠান আছে যাদের অর্থ সাহায্য করা হয়, যেমন ডিষ্ট্রিক্ট বোর্ড, দার্জিলিং ন্যাচারাল হিষ্ট্রি মিউজিয়াম, কালিম্পং মিউনিসিপ্যালিটি, জুয়োলজিক্যাল পার্ক। তাছাড়া সমাজ উন্নয়নের জন্য এবং গ্রামীন উন্নতির জন্য এই ফাণ্ড থেকে টাকা দেওয়া হয়।

[1-30—1-40 p.m.]

Mr. Speaker:

আমি একটা কথা বলে নিই আমার মনে হয় কোয়েশ্চেনের অ্যানসারটা সেইভাবে দেওয়া উচিত। কোয়েশ্চেনটা যে ল্যাঙ্গোয়েজে যেভাবে দেওয়া হয়—সেইভাবে রিড করা উচিত গোড়ায় সো দ্যাট রেকর্ডের কোন গোলমাল না হয়।

Shri Bejoy Kumar Banerjee:

মন্ত্রিমহাশয় বললেন দার্জিলিং ইমপ্রুভমেণ্ট ফাণ্ড সম্বন্ধে কোয়েশ্চেন ছিল যে এটা কোন আইনে হয়েছে—তার পর এর গঠন কিভাবে হোল—উনি বলছেন
If so the names of the act and relevant sections,
না বলেছেন—ইফ নো, প্রশ্ন উঠে না। অথচ ৩ লক্ষ ৩৫ হাজার টাকা আয় হয় ৩ লক্ষ ১২ হাজার টাকা খরচ হচ্ছে—এ কোন আইনে হচ্ছে। একটা আইন নেই, ইমপ্রুভমেণ্টের ব্যবস্থা হয়ে রয়েছে এ্যাক্টের কোন নামই নেই, এই টাকা তুলে কে কি করছে না করছে তাও ধরবার উপায় নেই। আমার প্রশ্ন হচ্ছে লোক্যাল বডি কিংবা এখান থেকে কোন আইন পাশ না করে লোকে এই রকম টাকাকড়ি তুলতে পারে কি না, কোন বডি এবং তার কনষ্টিটিউসন হতে পারে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

আমি যে কথা বলেছিলাম মাননীয় সদস্য বোধ হয় তা মন দিয়ে শুনেন নি আমি এই কথা বলতে চাইছিলাম যে

In 1864, the Government of Bengal Ordered that the improvement of Darjeeling should be kept distinct from the municipal fund and ordered that a fund be formed to be styled as Darjeeling Improvement Fund,
এটাই হোল এর উৎপত্তির জায়গা। সাম্প্রতিক কোন আইনের দ্বারা এটা গঠিত হয় নি।

Shri Aswini Roy:

এই ইমপ্রুভমেন্ট ফান্ড-এর পরিচালন এবং প্রশাসনিক ব্যয় এস্ট্যাবলিসমেন্ট এবং এ্যাডমিনিস্ট্রেটিভ এক্সপেনসেস প্রত্যেক বছর আনুমানিক কত?

Shri Syamadas Bhattacharyya:

সেটা আমি বলতে পারি না, তবে অ্যাডমিনিস্ট্রেটিভ expenditure must be very small in this case.

Shri Bhadra Bahadur Hamal:

এই যে ফান্ড আছে বর্তমানে আপনাদের জেলা পরিষদ গঠন হওয়ায় সব টাকা এরা তোলে বলে পরিষদের হাতে কিছু আসে না—সেই জেলা পরিষদ কিছু কাজ করতে পারছে না—আমার সাপ্লিমেণ্টারী হোল এই ভি-আই ফান্ড যদি থাকে তাহলে জেলা পরিষদ ফাংসান করতে পারবে না এবং অঞ্চল পরিষদও ফাংসান করতে পারবে না। দার্জিলিং জেলা পরিষদেও এ নিয়ে আলোচনা হয়েছে—এটা তুলে দেবার জন্য খুব সম্ভব আপনার কাছে কিছু প্রস্তাব এসেছে—এটার বিষয় আপনি কি ভাবছেন—জেলা পরিষদ ফাংসান করতে পারবে কিনা এটা আপনি বলুন?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্যের কথা হচ্ছে এই যে জেলা পরিষদ দার্জিলিং ইমপ্রুভমেণ্ট ফান্ড অস্তিত্বের জন্য কাজ করতে পারছেন না—দার্জিলিং ইমপ্রুভমেণ্ট ফণ্ডের অস্তিত্বের জন্য যদি জেলা পরিষদের কাজে বিঘ্ন হয় এবং দার্জিলিং ইমপ্রুভমেণ্ট ফাণ্ডের যা উদ্দেশ্য তা যদি জেলা পরিষদ মারফৎ ভালভাবে সাধিত হয়, তাহলে সংশ্লিষ্ট বিভাগ মনে করলে দার্জিলিং ইমপ্রুভমেণ্ট ফান্ড তুলে দিয়ে এদের হাতে সমস্ত ক্ষমতা দিয়ে দিতে পারেন।

Shri A. H. Besterwitch: Hon'ble Minister stated that this Improvement Fund is for the upliftment of Darjeeling. That is the whole sum and substance. If this fund is separately collected for the upliftment of Darjeeling, what is the Municipality there doing, what is District Board there doing, what is Public Works Department there doing and there is another fund, Sir, Hut Fund, what is that fund doing?

Shri Syamadas Bhattacharyya: I do not understand what harm is there if other bodies are also there with the same object of bringing about local improvement. I do not find any fault in any other bodies also with the same object in view.

Shri A. H. Besterwitch: If there are other funds and they are all combined, as the Minister stated, and if out of this fund some money is given to the District Board and some to the Minicipality, why no money is given to the Zilla Parishad?

Shri Syamadas Bhattacharyya: We used to give Rs. 50,000 every year out of this fund to the District Board. I believe, now the Zilla Parishad which has taken its place will get this amount. That is my presumption

Shri Kashi Kanta Maitra:

মাননীয় সদস্য শ্রীবেক্টারউইচ যে প্রশ্ন করলেন তার সমর্থনে আমি জিজ্ঞাসা করছি যে একটা অঞ্চলের উন্নয়নের জন্য যদি এই রকম ধরণের একাধিক কমিটি থাকে তাহলে কি [illegible] এটা মনে করেন না যে উন্নয়নের পক্ষে এবং ইন্টিগ্রেটেড ডেভেলপমেণ্ট প্ল্যান বা প্রোগ্রাম নেবার

পক্ষে এই রকম একাধিক সংগঠনের অস্তিত্ব ক্ষতিকারক হচ্ছে এবং এটা যদি [illegible] বলে মনে করেন তাহলে এই হাউসে তিনি কি এ্যাসিওরেন্স দিতে পারেন যে এইভাবে একাধিক কমিটি না করে একটা বিশেষ কমিটির হাতে এই ক্ষমতা দেবেন, বিশেষ করে জেলা পরিষদের হাতে যখন সমস্ত ভার দেওয়া হচ্ছে তখন দার্জিলিংয়ের বেলায় এই রকম ডিসক্রিমিনেটিং পলেসি নেবার কারণ কি?

Shri Syamadas Bhattacharyya:

এটা আমরা বিবেচনা করে দেখবো।

Separation of Judiciary from Executive

***118.** (Admitted question No. *709.) **Shri Bhakti Bhushan Mandal:**

গত ২৪শে ফেব্রুয়ারী, ১৯৬৫, তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত ১৮১ নং (অনুমোদিত প্রশ্ন নং ৭৭৩) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিচার বিভাগকে প্রশাসন বিভাগ হইতে পৃথকীকরণ করার জন্য মহাধর্মাধিকরণের মতামত পাওয়া গিয়াছে কি না; এবং

(খ) মতামত পাওয়া গেলে তাহা কি?

Shri Iswar Das Jalan:

(ক) বিচার বিভাগকে প্রশাসন বিভাগ হইতে পৃথকীকরণ করার পরিকল্পনাটির উপর মহাধর্মাধিকরণের মতামত পাওয়া গিয়াছে,

(খ) মহাধর্মাধিকরণের মতামত রাজ্য আইন কমিশনের সহায়তায় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে এবং এ বিষয়ে এখনও কোন সিদ্ধান্ত গৃহীত হয় নাই। এমতাবস্থায় ঐ মতামত প্রকাশ করা সময়োচিত হইবে না।

Shri Bhakti Bhushan Mandal:

আপনারা পারমিসন পেয়েছেন শুনলাম কিন্তু কতদিন পর আপনি এই পৃথকীকরণ করবেন এটার ব্যাপারে এখনও পর্যন্ত কি একটা স্থির সিদ্ধান্তে আসতে পারেন নি?

Shri Iswar Das Jalan:

পৃথকীকরণ হবে এই সিদ্ধান্তই ঠিক আছে কিন্তু পৃথকীকরণ করার জন্য আমরা একটা প্রপোজাল হাইকোর্টে পাঠিয়েছিলাম—হাইকোর্ট তার উপর একটা মত দিয়েছে—সেই মত এখন আমাদের ষ্টেট ল কমিশন একজামিন করছেন—একজামিন করে কি মেথডে সেপারেসন অব জুডিসিয়ারী করা যাবে সেটা ঠিক করতে হবে।

Shri Bhakti Bhushan Mandal:

আপনি তো প্রত্যেক বছর ঐ কথা বলছেন যে হবে আমরা একটা এ্যাপ্রকসিমেট ডেট চাচ্ছি যে কি রকম সময় লাগবে—এটা স্পেসিফিক্যালী উত্তর দিন যে ১৯৬৫তে শেষ হবে, না, ১৯৬৬-তে শেষ হবে—না কবে হবে?

Shri Iswar Das Jalan:

আমরা চেষ্টা করছি যত শীঘ্র হয়। কোশ্চেন হচ্ছে যে একটা

difference of opinion about the methods. There is one method by legislation, and the other method is by notification under the Constitution.

In India some of the States have done it by notification, some of the States have done it by legislation, and there is also a proposal for a central legislation in order to effect the separation of judiciary from the executive. In order to do it quickly we proposed that it should be by notification.

[1-40—1-50 p.m.]

High Court thinks that it should be by legislation. The next point is that we say that we should start it with three or four districts like Calcutta, Howrah, 24-Parganas, but the High Court says that we should start with all the districts at one. In this there are practical difficulties. We cannot have 200 recruits in a day. But apart from this question, we have sent it to the State Law Commission to decide as to whether it should be by notification or it should be by legislation. After we receive their reply we shall have to discuss this matter with the High Court as to which form will be the best. I cannot ignore the opinion of the High Ciurt because after all the High Court has to take charge of that administration—the moment we transfer the 200 Magistrates to them. Therefore, we have got to take into account the views of the High Court as we are trying to arrive at a decision as to which method will be the best. Both the methods have been tried in India in different States. According to us notification method is better. On the other hand the High Court thinks of legislation. Therefore, we have sent it to the State Law Commission which is presided over by an ex-Chief Justice of the High Court as to decide and advise us which form we should adopt. So far as the other question is concerned, whether we can do it throughout the whole of the State or whether we can do it piecemeal, that is an administrative question and we are still thinking over it. It is impossible to introduce it at once in the whole of the State because we cannot recruit so many people at once.

Shri Bhakti Bhusan Mondal:

যেটা বললেন সেটা ঠিক স্পেসিফিক উত্তর হল না আশা করি কোশ্চেনের স্পেসিফিক উত্তর দেবেন। যাই হোক এই যে সেপারেসান এই সেপারেসান হলে কত জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের দরকার হবে সেটা জানা আছে কি?

Shri Iswar Das Jalan: As soon as we separate all the Magistrates who are at present administering criminal law whose number is 150, they will have to be transferred to the Judicial Department to be under the control of the High Court and the High Court will have to set up a machinery for administration of these 150 men who are here. And, then, 50 more men will have to be appointed. Therefore, we have got to decide as to how the High Court is willing and in what way it is willing to take up the administration. We are waiting for this decision by the High Court itself as to how they wish to take up. It is not a question of our passing a law. It is a question of their taking up the administration.

Shri Gour Chandra Kundu:

আপনি যে বললেন হাইকোর্টে পাঠান হয়েছে সেটা কোন বৎসরে কবে পাঠান হয়েছে?

Shri Iswar Das Jalan: It was sent in December, 1964. The comments were received three months before and immediately sent to the State Law Commission. The State Law Commission has been considering the question

threadbare. There have been several sittings of the State Law Commission and we expect some reply from the State Law Commission very soon.

Shri Kashi Kanta Maitra: Sir, I would like to draw the attention of the Hon'ble Minister to Article 50 of the Constitution which says, "The State shall take steps to separate the judiciary from the executive in the public services of the State.". With reference to this particular Article appearing in the Chapter on Directive Principles of State Policy of the Constitution which came into force in January, 1950, and this State Assembly has been in session since 1952, after the general election held in 1952—I am asking the Hon'ble Minister, having regard to this Article, what concrete steps have been taken by the State Government to separate the executive from the judiciary.

Shri Iswar Das Jalan: I am aware of the provisions of the Constitution and it is due to this Constitution that the question has already been decided that there should a separation of Judiciary from the Executive. The question as to how long will it take depends upon many circumstances. So far as we are concerned, we have been trying to take steps for the last two years. As a matter of fact, we investigated into the fact as to what procedure we shall have to adopt. We made our suggestions to the High Court and the High Court has made its suggestions. As soon as we arrive at an agreed decision it will be given effect to .

So far as the provisions of the Directive Principles of the Constitution are concerned, there are many directives which have not yet been fulfilled and it will take some time in order to fulfil those directives.

Shri Kashi Kanta Maitra: Am I to understand that the Members of the State Legislature are not entitled to obtain or get the report or the recommendaion or the opinion that has been submitted by the Hon'ble High Court unless it gets the seal of the State Law Commission?

Shri Iswar Das Jalan: It is premature to think so. The difference of opinion expressed by one body or the other cannot be placed before the House unless Government comes to a final conclusion.

Shri Kashi Kanta Maitra: You are again evading the answer. Are we not entitled to straightway get the opinion or the recommendation of the High Court? Unless it gets the seal or sanction of the State Law Commission and the State Government, can't the Members of the Legislature go through it or obtain a copy of that?

Shri Iswar Das Jalan: I do not think it is admissible to place before the House piecemeal opinions of somebody or the other.

Shri Kashi Kanta Maitra: Is it a confidential report?

Shri Iswar Das Jalan: It should be treated as such so long as decision is not arrived at.

Shri Kashi Kanta Maitra:

আমি আপনাকে বিবেচনা করতে বলছি মহামান্য হাইকোর্টের বিচারের জন্য জুডিসিয়াল এবং একজিকিউটিভ সেপারেসানের জন্য মতামত দিয়ে থাকেন তাহলে সেটা কেন জানান হবে না? আপনি দেখছেন এই হাউসে প্রত্যেক বৎসর এই প্রশ্ন নিয়ে ডিল হচ্ছে কিন্তু ওঁরা ইভেট করে যাচ্ছেন। ১৪ বৎসর হয়ে গেল এখনও বলছেন হাইকোর্ট থেকে ওপিনিয়ান আসছে সেটা ও কমিশন কি করবে তা জানিনা। আসলে কথা বলুন যে ১৯৬৭ এর ইলেকসানের আগে কিছু করবো না।

Shri Iswar Das Jalan: It has got nothing to do with the General Election. We are eager to do it tomorrow if the course that we should adopt is decided.

Shri Bejoy Kumar Banerjee: Will the Hon'ble Minister be pleased to state whether separation of Judiciary from the Executive has been made by any other State other than Bengal?

Shri Iswar Das Jalan: There are different grades of separation. We can also say that we have separated it because we have asked some of the magistrates to do exclusively criminal cases.

Shri Bejoy Kumar Banerjee: Is the Hon'ble Minister aware that such separation has been made in other States?

Shri Iswar Das Jalan: Yes, it has been made in some of the States.

Shri Bejoy Kumar Banerjee: Is he aware that the difficulties have been obviated there?

Shri Iswar Das Jalan: I have told in my reply that some of the States have taken recourse to notification, some have taken recourse to legislation. We have got to do which course we should adopt.

Shri Cour Chandra Kundu: Will the Hon'ble Minister be pleased to state whether the High Court has passed any opinion that the separation of Judiciary from the Executive cannot be done through legislation?

Shri Iswar Das Jalan: There are two methods to be adopted—one is by notification and the other is by legislation. We have got to choose the method that will be proper for us.

Shri Sailendra Nath Adhikary:

কনস্টিটিউশন-এর ডাইরেকটিভ নয় না মেনে আইন মন্ত্রী যে কনস্টিটিউশনকে ফ্লাউট করছেন সেটা দেখার জন্য কোন কমিশন বসাবার দরকার আছে কি?

Shri Iswar Das Jalan: Nobody is flouting the Constitution at all. The hypothesis is wrong.

[1-50—2 p.m.]

Shri Anadi Das:

অন্যান্য স্টেটে যখন তাড়াতাড়ি হয়ে গেছে তখন আমাদের স্টেটে না হবার কারণ কি আছে?

(No reply)

Shri Aswini Roy:

এই রাজ্য কমিশনে কারা আছেন?

Shri Iswar Das Jalan: The Law Commission is provided over by Shri P. B. Chakravarty, ex-Chief Justice, Calcutta High Court, the official member is the Judicial Secretary and certain members are co-opted from time to time. Shri Ajit Dutta is one of the co-opted members.

Revenue earned from the sale of country liquor and foreign liquor

***119.** (Admitted question No. *822.) **Shri Kashi Kanta Moitra:** Will the Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) the total revenue earned from sale of country liquor and foreign liquor in Calcutta and Nadia in 1963, 1964 and 1965; and

(b) quantity of country liquor and foreign liquor consumed in Calcutta and Nadia in 1963, 1964 and 1965?

Shri Iswar Das Jalan: Country liquor includes country spirit, Pachwai as well as Tari. It is not clear whether revenue and consumption figures relating to all these items are wanted. A statement is, however, laid on the table showing.

(i) the total revenue earned from Country Spirit, Pachwai and Tari and Foreign Liquor in Calcutta and Nadia districts in 1963, 1964 and 1965, up to August, and

(ii) the consumption of Country Spirit, Pachwai and Foreign Liquor during the above period. Consumption figures of Tari are not maintained. The consumption figures of Pachwai for Calcutta are not available at present.

Figures beyond August. 1965, are not yet available.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to tell us when he will be able to obtain figures as presumably there is increase in revenue from sale of the items mentioned above?

Shri Iswar Das Jalan: I find that the revenue from the sale of country liquor has increased. In 1963 in Calcutta the revenue from country spirit was 1 crore and 77 lakhs. In 1964, it rose to 2 crores and 25 lakhs and in 1965, up to August, it has reached the figure of 1 crore and 61 lakhs. With regard to Pachwai, the revenue from its sale in 1963, in Calcutta is Rs. 1471, in 1964 it is 2,440 and from January to August, 1965, it is 1,818. So far as the revenue from the sale of foreign liquor is concerned, in 1963, it was 1 crore and 27 lakhs, in 1964, it was 1 crore and 45 lakhs and in 1965, up to August, it has already reached the figure of 1 crore and 6 lakhs. So far as Tari is concerned, in 1963, it was 3 lakhs and 53 thousand, in 1964, it was 3 lakhs and 46 thousand and in 1965, from January to August, it is 2 lakhs and 40 thousand. The sale of Tari has not increased as Country Spirit.

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রিমহাশয় কি বলবেন দেশে মাতালের সংখ্যা বৃদ্ধি করবার জন্য সরকারের কি কি পরিকল্পনা আছে?

Shri Iswar Das Jalan:

তার জন্য কোন পরিকল্পনা নাই। এমনিতেই বৃদ্ধি পেয়ে যাচ্ছে।

Shri Birendra Narayan Ray:

প্রত্যেক জায়গায় লাইসেন্স হয়েছে, ট্যাক্স বেড়েছে বলে হিসেব দিলেন এবং ব্যবহারে রেভিনিউ ও বেড়ে গেছে, তাহলে তাড়ির ব্যবহার বাড়েনি এই কথাই কি আপনি স্বীকার করছেন?

Shri Iswar Das Jalan:

ভাল জিনিষ এখন বাবু লোকেরা খাচ্ছে, তাড়ি কেন খাবে?

Shri Birendra Narayan Ray:

তাড়ি লাগাবার গাছে যে ট্যাক্স নেওয়া হয়, সেটা উঠিয়ে দেবার ব্যবস্থা করছেন কী?

Shri Iswar Das Jalan:

না বরং ট্যাক্স বাড়াবারই ব্যবস্থা হচ্ছে।

Distributories of Damodar Canal in Calsi police-station

***120.** (Admitted question No. *917.) **Shri Mono Ranjan Bakshi:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলার গলসী থানায় দামোদর ক্যানালের ১নং এবং ২নং ডিস্ট্রিবিউটরী দুইটিকে পরিবর্ধিত করিবার পরিকল্পনা ৩য় পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়; এবং

(খ) সত্য হইলে, উক্ত ডিস্ট্রিবিউটরীদ্বয়ের এ পর্যন্ত পরিবর্ধন করা হইল না কেন?

Shri Syamadas Bhattacharyya:

(ক) উক্ত ডিস্ট্রিবিউটরীদ্বয় পুরাতন দামোদর ক্যানেলের সহিত সংযুক্ত এবং দামোদর ভ্যালী করপোরেশন আইন ১৯৪৮ অনুযায়ী ঘোষিত দামোদর ভ্যালী এলাকার অন্তর্গত। করপোরেশনের তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় পুরাতন দামোদর ক্যানেল এলাকায় এই দুইটি প্রকল্প অন্তর্ভুক্ত করা হয় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Shri Mono Ranjan Bakshi:

আপনি বললেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই দুটো ডিস্ট্রিবিউটরী অন্তর্ভুক্ত করা হয় নাই। তাহলে যে সমস্ত জমি আছে সেচ পায় না, তার ব্যবস্থা কী করা হবে?

Shri Syamadas Bhattacharyya:

এই দুটো ডিস্টিবিউটরীস আগে পুরানো দামোদর ক্যানেলের অন্তর্ভুক্ত ছিল, আমরা সেটা স্টেট প্ল্যানের অন্তর্ভুক্ত করেছিলাম, কিন্তু যেহেতু এখন এই এলাকা দামোদর এলাকার অন্তর্ভুক্ত হয়ে গেল, সেই কারণে এই দুটো ডিস্টিবিউটরী দামোদর ভ্যালি কর্পোরেশনের যে বাজেট সেই বাজেটের মধ্যে ধরা হয় নাই, আমরা করতে বলেছিলাম। তারপর ওঁরা বলেন ওঁদের প্ল্যানের অন্তর্ভুক্ত করা হয় নাই। স্টেট গভর্ণমেণ্ট নিজে করতে চাই—বলতে তখন প্রশ্ন ওঠে—ওয়াটার রেট কিভাবে শেয়ারিং হবে? এই সমস্ত গোলমালের জন্য নেওয়া হয় নাই। আমাদের গভর্ণমেণ্টের পরিকল্পনায় এই দুটো অন্তর্ভুক্ত আছে। বর্তমানে ব্যারেজ এবং ইরিগেশন সিস্টেম আমাদের হাতে আসার ফলে এই দুটো কার্যকরী করবার চেষ্টা করছি।

Shri Aswini Roy:

এই দুটো কার্যকরী কখন হবে?

Shri Syamadas Bhattacharyya:

এখন আমরা দামোদর ভ্যালি কর্পোরেশনের এজেন্ট রূপে কাজ করছি। কাজেই আগে যে সমস্ত গোলমাল ছিল, অসুবিধা হতো—এখন আর তা নাই। ঠিক কবে আমরা গ্রহণ করতে পারবো—তা বলতে পারবো না,

Cossye bridge between Midnapore and Kharagpur

***121.** (Admitted question No. *942.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) what is the estimate for the construction of the bridge over the river Cossye between Midnapore and Kharagpur;

(b) when the work of construction of the same bridge started;

(c) what is the target date for completion of the said bridge as per schedule;

(d) how far the progress has been made in the matter of construction since the start of the job; and

(e) what firm has been given the contract for the construction of this bridge?

Shri Khagendra Nath Das Gupta: (a) Rs. 40,31,367.00

(b)21st November, 1962.

(c) June, 1967.

(d) More than half of well-sinking in connection with the construction of the bridge has been completed.

(e) Messrs. Chatterjee Brothers of 14-A Pratapaditya Road, Calcutta-26, were given the contract for the construction of the bridge. Due to poor performance by the contractors in the mater of well-sinking a notice terminating the contract has been issued. Steps are being taken to invite fresh tender for the unfinished portion of the work.

Shri Narayan Choubey:

বর্তমানে যে কাজটা বন্ধ আছে—তার কারণটা কী?

Shri Khagendra Nath Das Gupta:

বলেছি তো কণ্ট্রাক্টর ঠিক মত কাজ করছে না বলে তার কাজ টারমিনেট করে দেওয়া হয়েছে। সেইজন্য বন্ধ আছে।

Shri Narayan Choubey:

এটা কি ঠিক যে কণ্ট্রাক্টরের সঙ্গে স্টেট গভর্ণমেণ্টের যে কণ্ডিসন ছিল কাজ করবার জন্য, সেই কণ্ডিসন গভর্ণমেণ্ট ভঙ্গ করে নিউ কণ্ডিসন আরোপ করেছেন বলে কাজটা বন্ধ আছে?

Shri Khagendra Nath Das Gupta:

না ঠিক নয়। তারা সর্ত ভঙ্গ করেছে।

Shri Narayan Choubey:

তারা কি কি সর্ত ভঙ্গ করলো?

Shri Khagendra Nath Das Gupta:

আমাদের নির্দেশ ভঙ্গ করেছে। একটা ক্ষুদ্র ওয়েল কাজ হয়ে পড়েছে, তা যেভাবে কাজ করবার জন্য বলা হচ্ছে, কন্ট্রাক্টর তা করতে অহেতুক বিলম্ব করছে।

Shri Narayan Choubey:

অহেতুক কাজে বিলম্ব করবার জন্য যে ক্ষতি হয়ে গেল এর দায় ভাগ বহন করবে কে?

Shri Khagendra Nath Das Gupta:

আমরা জুন মাসে কাজটা শেষ করতে চাই। অথচ কন্ট্রাক্টর সেই মত কাজ তুলতে পারছে না বলে এই দেরী হচ্ছে।

Shri Narayan Choubey:

অরিজিন্যাল টারগেট কি জুন ৬৭ সাল ছিল?

Shri Khagendra Nath Das Gupta:

না।

Shri Narayan Choubey:

টারগেট ডেট বদলালেন কবে?

Shri Khagendra Nath Das Gupta:

আমরা রিসেণ্টলী ঠিক করেছি যে টারগেট ডেটের মধ্যে করব, অন্য কন্ট্রাক্টর-কে দিয়ে।

Shri Narayan Choubey:

অরিজিন্যাল টারগেট এর কুজ কি ছিল, অরিজিন্যাল টারগেট ফর কম্পলিশান অব ব্রিজ কি ছিল?

Shri Khagendra Nath Das Gupta:

অরিজিন্যাল টারগেট কি ছিল নোটীশ না দিলে বলতে পারব না।

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

Wakf estates

***122.** (Admitted question No. *322.)

Dr. Golam Yazdani:

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ওয়াক্‌ফ দলিলের সর্তানুযায়ী ওয়াক্‌ফ সম্পত্তির আয় হইতে কাজ হইতেছে কি না তাহা কিভাবে খবরদারী করা হয় ;

(খ) আজ পর্যন্ত গত তিন বৎসরের মধ্যে উক্ত বিষয়ে কোন মতোয়াল্লীর গাফেলতির কথা কমিশনের দৃষ্টিগোচরে আনা হইয়াছে কি না ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে (১) এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে বা হইয়াছিল ; এবং (২) এই জন্য কোন মতোয়াল্লীকে অপসারণ করা হইয়াছে বা হইয়াছিল কি না?

The Minister for Judicial:

(ক) ওয়াক্‌ফ আইনের ৩২ ধারা অনুসারে মাতোয়ালীর বিরুদ্ধে কোন দরখাস্ত হইলে অভিযোগের বিষয় মাতোয়ালীর বক্তব্য এবং কৈফিয়ৎ ওয়াকফ কমিশনারের অফিসের পরিদর্শক অথবা স্থানীয় সরকারী অফিসার দ্বারা তদন্ত করা হয় এবং আবশ্যকমতে উভয় পক্ষকে ডাকাইয়া শুনানী করা হয়। ৪৮ এবং ৫২ ধারা অনুসারে মাতোয়ালীরা কমিশনারের নিকট যে বৎসরের হিসাব দেন তাহা অডিট করাইয়া ও পরীক্ষা করিয়া কমিশনার গাফিলতির বিষয়ে সংশোধনের জন্য মাতোয়ালীদের প্রতি নির্দেশ দেন। যদি মাতোয়ালী নির্দেশ পালন না করেন তবে ওয়াক্‌ফ আইনের ৫৭(১) (এফ) ধারা অনুসারে মাতোয়ালীকে ফৌজদারী আদালতে অভিযুক্ত করা হইয়া থাকে। গাফিল মাতোয়ালীকে অপসারণের আবশ্যক হইলে ওয়াক্‌ফ কমিশনার তাঁহার বিরুদ্ধে দেওয়ানী আদালতে মামলা রুজু করেন।

(খ) হ্যাঁ।

(গ) (১) কতকগুলি মাতোয়ালীর বিরুদ্ধে অভিযোগে প্রাপ্ত হইয়া কমিশনার নির্দিষ্ট দিবসে অভিযোগ বিষয় শুনিয়া সংশ্লিষ্ট ওয়াক্‌ফ এস্টেটগুলিকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য মাতোয়ালীর কার্যাবলী তত্ত্বাবধান করিবার জন্য কমিটি গঠন করিয়া দিয়াছেন। কিছু সংখ্যক মাতোয়ালীর বিরুদ্ধে অপসারণের মামলা দায়ের করা হইয়াছে।

(২) কয়েকজন মাতোয়ালীর বিরুদ্ধে অপসারণের মামলা রুজু করা হইয়াছে। তন্মধ্যে একজন মাতোয়ালী আদালতের রায়ে অপসারিত হইয়াছে। অন্যান্যদের বিরুদ্ধে মামলাগুলির এখনও নিষ্পত্তি হয় নাই।

Singara river irrigation scheme

***123.** (Admitted question No. *571.)

Shri Amarendra Nath Roy Prodhan:

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত জুলাই, ১৯৬৫তে কোচবিহার জেলার মেখলীগঞ্জ থানার কামাতচাংড়া বাজার সিঙারা নদীর সেচ প্রকল্পটির বাঁধ ভাঙ্গিয়া যাওয়ার ফলে ঐ এলাকায় চাষ আবাদ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হইয়াছে ;

(খ) সত্য হইলে, এই সেচ প্রকল্পটি পুনরায় নির্মাণের জন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে কি না ; এবং

(গ) এই সেচ প্রকল্পটির জন্য সরকার হইতে এ যাবত কত টাকা সাহায্য প্রদান করা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) সেচ ও জলপথ বিভাগের অধীনে সিঙ্গারা নদী সেচ প্রকল্প নামে কোন সেচ পরিকল্পনা নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

Hingio project

***124.** (Admitted question No. *713.) **Shri Bhakti Bhusan Mondal:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বীরভূম জেলার অন্তর্গত হিংগলো প্রকল্পের কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) উক্ত প্রকল্পের ড্যাম ও ব্যারেজ নির্মাণের কার্য কখন হইতে আরম্ভ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) হিংলো প্রকল্পের কাজ এখনও আরম্ভ হয় নাই;

(খ) হিংলো পরিকল্পনা রূপায়ণের জন্য প্ল্যানিং কমিশনের অনুমতি সম্প্রতি পাওয়া গিয়াছে, কিন্তু কেন্দ্রীয় জল ও বিদ্যুৎ পর্ষৎ(C. W. & P. C.) এখনও পর্যন্ত প্রয়োজনীয় টেকনিক্যাল ক্লিয়ারেন্স দেন নাই; কাজেই ড্যাম ও ব্যারেজ নির্ম্মানের কার্য্য কখন শুরু হইবে তাহা বর্তমানে বলা সম্ভব নহে।

Bhagirathi bridge at Berhampore

***125.** (Admitted question No. *804.) **Shri Birendra Narayan Ray:**

পূর্ত (রাস্তা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুরে গঙ্গানদীর উপর জাতীয় সড়কের যে ব্রীজটি ভাঙ্গিয়া গিয়াছিল তাহা পুনর্নির্মিত হইয়া চালু হইয়াছে কি না;

(খ) উক্ত পুনর্নির্মাণ ব্যাপারে অদ্যাবধি সরকার কণ্ট্রাক্টরকে (১) নগদে এবং (২) দ্রব্যাদি অথবা যন্ত্রপাতি দিয়া কোন প্রকার সাহায্য করিয়াছেন কি না; এবং

(গ) ব্রীজটি ভাঙ্গিয়া পড়ার কারণ কি হইয়াছিল?

The Minister for Public Works:

(ক) নির্মীয়মান ব্রীজের যে অংশটুকু পড়িয়া গিয়াছিল তাহা পুনর্নির্মিত হইয়াছে, কিন্তু সম্পূর্ণ ব্রীজটির নির্মান কাজ এখনও শেষ হয় নাই।

(খ) না। তবে পুলটি নির্মানের চুক্তি অনুযায়ী লোহা সিমেন্ট প্রভৃতি যে সব জিনিষপত্র সরকারের দেয় তাহা দেওয়া হইয়াছে এবং চুক্তি অনুযায়ী তাহার দামও কাটিয়া লওয়া হইয়াছে।

(গ) ইহা এখনও ভাগিরথী ব্রীজ টেক্‌নিক্যাল এন্‌কোয়ারী কমিটির অনুসন্ধানে আছে।

Lock Canal of the Farakka Barrage Project

***126.** (Admitted question No. *894.) **Shri Sanat Kumar Raha:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ফারাক্কা বাঁধ প্রকল্পের সহিত যুক্ত গঙ্গানদীর উজান ও ভাটি লক ক্যানেলের প্রস্তাব কার্যকরী করার জন্য বর্তমান সময় পর্যন্ত কিরূপ ব্যয় হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

ফারাক্কা বাঁধ প্রকল্পটি কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে রূপায়িত হইতেছে। সুতরাং রাজ্য সরকারের পক্ষে এ বিষয়ে কিছু বলা সম্ভব নয়।

Paraj-Sillya Road and Galsi-Adrahati Road

***127.** (Admitted question No. *920.) **Shri Monoranjan Bakai:**

পূর্ত (রাস্তা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার গলসী থানার 'পারাজ-সিল্ল্যা' রোড এবং গলসী-আদরাহাটি রোডের নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে ; এবং

(খ) ইহা কি সত্য উক্ত রোড দুইটি ৩য় পরিকল্পনায় অন্তর্ভুক্ত হইয়াছে?

The Minister for Public Works:

(ক) এবং (খ) রাস্তা দুইটি তৃতীয় পরিকল্পনায় কিংবা এই বিভাগের অন্য কোন সড়ক উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত নয়; সুতরাং এই বিভাগ কর্তৃক উহাদের নির্মাণকার্য গৃহীত হয় নাই।

'Answer to starred quesstion No. 127 as subsequently amended by Public Works (Roads) (Works Branch) Department Memo. No. 3268-D/W, dated 17-12-65.

The Minister for Public Works:

(ক) এবং (খ) মানকর—গুসকরা রোডে অবস্থিত অভিরামপুর হইতে পারাজ হইয়া সিল্ল্যা পর্যন্ত একটি রাস্তা তৃতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত আছে। ঐ রাস্তা কংক্রান্ত প্রাথমিক কার্যাদি অনেকটা অগ্রসর হইয়াছে। উহা সমাপ্ত হইলেই নির্মানকার্য সুরু হইবে।

গল্‌সী—আদরাহাটি রাস্তাটি তৃতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত হয় নাই।

UNSTARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Production of jute and aus paddy in West Bengal

121. (Admitted question No. 5.) **Shri Sanat Kumar Raha:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সনে (১৯৬৫তে) পশ্চিমবঙ্গে কত পাট ও আউস উৎপন্ন হইয়াছে; এবং

(খ) গত বৎসরে কি পরিমাণে পাট ও আউস উৎপন্ন হইয়াছিল?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) বর্তমান সনে ১৯৬৫-৬৬তে পাট ও আউসের উৎপাদনের পরিমাণ এখনও পর্যন্ত চূড়ান্তভাবে জানা যায় নাই।

(খ) গত বৎসরে ১৯৬৪-৬৫তে পাটের উৎপাদন হইয়াছিল ৩৬,১৭,০০০ বেল (গাঁইট) এবং আউস চালের উৎপাদন হইয়াছিল ৫,৯২,৯০০ টন।

Deep tube wells

122. (Admitted question No. 20.) **Shri Sanat Kumar Raha:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬৫ মার্চ পর্যন্ত কতগুলি গভীর নলকূপ খনন করা হইয়াছে এবং ইহার মধ্যে কয়টিতে বিদ্যুৎ সরবরাহ করা হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে কিছু কিছু স্থলে নলকূপ বসান কার্যতঃ সম্ভব হয় নাই এবং খননকালে প্রস্তর স্তর পাওয়া গিয়াছে; এবং

(গ) সত্য হইলে কতগুলি ক্ষেত্রে ঐরূপ হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬৫ সালের মার্চ মাস পর্যন্ত ১০১০টি গভীর নলকূপ বসান হইয়াছে উহার মধ্যে এ পর্যন্ত ৩৯৬টিতে বিদ্যুৎশক্তি সংযোজিত হইয়াছে।

(খ) হ্যাঁ।

(গ) তিনটি ক্ষেত্রে

Block Office Buildings in Midnapur district

123. (Admitted question No. 123.) **Shri Mrigendra Nath Bhattacharya:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন মহকুমার অন্তর্গত কোথায় কোথায় কোন বৎসর কয়টি সরকারী নিজস্ব ব্লক অফিস ঘর ও সংশ্লিষ্ট অন্যান্য বাড়ী তৈয়ার হইয়াছে এবং চালু হইয়াছে;

(খ) ঘাটাল মহকুমার ঘাটাল, ক্ষিরপাই, নিমতলা এবং খুকুড়দহ ব্লক অফিসের মাসিক ভাড়া কত; এবং

(গ) এ জেলায় কোন ব্লক অফিস নির্মাণের স্থান নির্বাচন হইয়াছে এবং এগুলি কত দিনে নির্মিত হইতে পারে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ঝাড়গ্রাম মহকুমা—১৯৫৫ সালে ১টি এবং ১৯৬৩ সালে ২টি।

কাঁথি মহকুমা—১৯৬২ সালে ১টি এবং ১৯৬৩ সালে ২টি।

(একটিতে কিছু সংশোধন দরকার তাই এখনও দখল নেওয়া হয় নাই)

ঘাটাল মহকুমা—১৯৬১ সালে ২টি।

তমলুক মহকুমা—১৯৬৪ সালে ১টি (কেবল তৈয়ার হইয়াছে)।

(খ) ঘাটাল—১৩৬ টাকা, ক্ষিরপাই, (চন্দ্রকোনা ১নং ব্লক)—৬০ টাকা, নিমতলা (দাসপুর ১নং ব্লক—১১৫ টাকা, খুকুড়দহ (দাসপুর ২নং ব্লক)—১২০ টাকা।

(গ) বর্তমানে পাঁশকুড়া ১নং ও ২নং ব্লক ও চণ্ডতল ব্লকের অফিস ও সংশ্লিষ্ট অন্যান্য বাড়ী নির্মাণের স্থান নির্বাচন হইয়াছে সেখানে নির্মাণ কার্য আরম্ভ হইয়াছে এবং আশা করা যায় যে এই আর্থিক বৎসরের মধ্যে নির্মাণ কার্য সমাপ্ত হইবে।

Income from jails

124. (Admitted question No. 191.) **Shri Mrigendra Nath Bhattacharyya:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবাংলার কোন্ কোন্ কারাগার হইতে কোন্ বৎসর কত টাকা আয় হইয়াছে;

(খ) জেলে বন্দীদের পরিশ্রমিক বাবদ কত দেওয়া হয়;

(গ) জেলে উৎপাদিত দ্রব্যাদি বিক্রয়ের কি কি ব্যবস্থা আছে; এবং

(ঘ) জেলে উৎপাদিত দ্রব্যাদি কনসেশন রেট এ ক্রয় করিতে পারেন কাহারা?

The Minister for Home (Jails):

(ক) পশ্চিমবাংলার জেলে আয়ের হিসাব ক্যালেনডার ইয়ার অনুসারে রাখা হয়। পশ্চিমবাংলার বিভিন্ন কারাগারে শিল্প বিভাগের ১৯৬১।১৯৬২।১৯৬৩ এবং ১৯৬৪ সালের বাৎসরিক আয়ের অঙ্কের তালিকা পৃথক সংস্থাপিত হইল।

(খ) জেলে বন্দীদের গুরু ও লঘু পরিশ্রমের কাজের জন্য যথাক্রমে দৈনিক মাথাপিছু ৩৭ পয়সা ও ২৫ পয়সা পারিশ্রমিক বাবদ দেওয়া হয়। ইহা ব্যতীত শতকরা ২৫ ভাগ বা ততোধিক অতিরিক্ত কাজের জন্য মাথাপিছু দৈনিক ১২ পয়সা পারিশ্রমিক দেওয়া হয়।

(গ) জেলে উৎপাদিত দ্রব্যাদি 'জেল ডিপো' মারফত বিক্রয় করার ব্যবস্থা আছে। ইহা ব্যতীত জেল হইতে সরকার এই সব দ্রব্যাদি বিক্রয় হয়।

(ঘ) জেলের কর্মচারীরা তাঁহাদের ব্যক্তিগত প্রয়োজনের জন্য জেলে উৎপাদিত ছোট খাটো দ্রব্যাদি কনসেশন রেট এ ক্রয় করিতে পারেন।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 124.

কারাগারের নাম	বিভিন্ন বৎসরে মোট আয়ের পরিমাণ (টাকায়)			
	১৯৬১	১৯৬২	১৯৬৩	১৯৬৪
১। প্রেসিডেন্সী (পীর) কারা ..	৪,৭২,৭৪৯	৫,০৩,৭২৯	৭,৭০,৬৫৭	৭,৮৬,১০০
২। আলিপুর কেন্দ্রীয় কারা ..	৫৩,১৩০	৪৭,০৯০	৭৪,১১৮	৬৩,৬১৪
৩। দমদম কেন্দ্রীয় কারা ..	২,৭০,৮৯২	৩,১৬,৬৩৮	৩,০৯,৫০৩	৬,৮১,১৬৪
৪। মেদিনীপুর কেন্দ্রীয় কারা ..	২,২৩,৭৫১	২,৪৪,৯৪৪	৩,৫৭,৬২৪	৪,৩৫,৫৯৯
৫। বহরমপুর কেন্দ্রীয় কারা .	২,২৩,৬২৩	২,৭৩,০৩৭	৩,৯৮,১৪৩	৪,১২,৬৫৮
৬। হুগলী কারা	২,১৬৭	১,৫৪৬	৩,৯২৩	৪,১৪৬
৭। বর্দ্ধমান কারা	৯,৯৮৩	৯,৮৯০	৩,১৭৬	৩,৯৮৫
৮। কৃষ্ণনগর কারা	৬৮৮	৩৫৬	৩৭০	৭০৩
৯। জলপাইগুড়ি কারা ..	২,২১৫	৪,৩৩০	১,৬০৫	১,৭৮৭
১০। দার্জিলিং কারা	,৫১৭	৭,০৬৮	৬,২৪১	৬,২৫৭
১১। কুচবিহার কারা	২,২৪৮	১,৫৪০	৯২৪	১,৫৬৪
১২। পুরুলিয়া কারা	৮,০২২	৮,৫৬৬	৬,৩৭০	১০,১৩৭

Pan-Baroj

125. (Admitted question No. 197.) **Shri Mrigendra Nath Bhattacharyya:**

কৃষি ওসমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দাসপুর থানার ১নং এবং ২নং ব্লকের কতজনকে পানবরোজ নির্মাণের জন্য কত টাকা ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে ঋণ দেওয়া হইয়াছে;

(খ) উক্ত ঋণ হয় বৎসরের মধ্যে পরিশোধ্য;

(গ) পানবরোজ নির্মাণের জন্য যাঁহারা ঋণ লইয়াছেন তাঁহারা পানবরোজ সত্যিই নির্মাণ করিয়াছেন কি না তাহা অনুসন্ধান করা হইয়াছে কিনা; এবং

(ঘ) অনুসন্ধান করা হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) দাসপুর ১নং এবং দাসপুর ২নং ব্লকগুলোতে ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ সালে পানবরোজ নির্মাণের জন্য কোন ঋণ দেওয়া হয় নাই। ১৯৬৪-৬৫ সালে উপরিউক্ত প্রকল্পের জন্য দাসপুর ১নং ব্লকে ২৩ জনকে মোট ৫,০০০ টাকা ও দাসপুর ২নং ব্লকের ১৩ জনকে মোট ২,৬০০ টাকা ঋণ দেওয়া হইয়াছে।

(খ) উক্ত ঋণ পাঁচ বৎসরের ভিতর পরিশোধ্য।

(গ) অনুসন্ধান করা হইয়াছে।

(ঘ) দেখা গিয়াছে ঋণ গ্রহণকারীগণ পানবরোজ নির্মাণ করিয়াছেন

Lands for Panipia Khal

126. (Admitted question No. 211.) **Shri Sudhir Chandra Das:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি বেসিন পরিকল্পনার অন্তর্ভুক্ত পানিপিয়া খালের জন্য কোন কোন মৌজায় কত জমি দখল করা হইয়াছে;

(খ) ঐ দখলী জমির ক্ষতিপূরণ টাকা কোন কোন মৌজায় কত দেওয়া হইয়াছে; এবং

(গ) ঐ ক্ষতিপূরণ টাকা দেওয়ার কাজ কবে শেষ হইবে?

The Minister for Irrigation and Waterways:

(ক) কোন কোন মৌজায় কত জমি দখল করা হইয়াছে তাহার একটি তালিকা নিম্নে দেওয়া হইল:

মৌজার নাম		জমির পরিমাণ
১। নয়াপুট	...	২১·৯৩ একর
২। বকশিশপুর	...	১২·৫১৫ ,,
৩। পানিপিয়া	...	৩·২৫০ ,,
৪। জগন্নাথপুর	...	১৭·৮৭৫ ,,
৫। দক্ষিণ সেরপুর	....	১৩·১৫ ,,

৬।	ঝাড়কোশবাড়	...	২· ৮৯ „
৭।	পুরুশোত্তমপুর পুরিদাসবাড়	...	১২· ২৪ „
৮।	আমোদপুর	...	৭· ১২ „
৯।	মাধবপুর	...	৮·৪০৫ „
১০।	কুণ্ডরপুর	...	৭·৯১৫ „
১১।	ধনদীঘি	...	৬;৪৪৫ „
১২।	আঠিলাগড়ী	...	০· ০৯ „
১৩।	বালিয়াপুর	...	৯· ৫৩ „
১৪।	দুর্গাপুর	...	১০· ২৬ „
১৫।	জানুবসান	...	৯· ৩০ „
১৬।	নরসিংপুর	...	৪· ১৫ „
১৭।	দক্ষিণ ফতেপুর	...	৯·৩০৫ „
১৮।	করকুলি	...	০· ৪০ „

(খ) দখলী জমির গৃহাদির আংশিক ক্ষতিপূরণ বাবদ নিম্নলিখিত টাকা দেওয়া হইয়াছেঃ

মৌজার নাম		টাকার পরিমাণ
করকলী	...	৬১,৫৩৭
কুণ্ডরপুর	...	২,৮৭৫
মোট	...	৬৪,৪১২

(গ) আশা করা যায় ইং৩১।৩।৬৬ তারিখের পূর্বে সমস্ত ক্ষতিপূরণের টাকা দেওয়া শেষ হইবে।

Smuggling of Chinese goods in North Bengal

127. (Admitted question No. 210.) **Shri Ananga Mohan Das:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে উত্তর বঙ্গের বিভিন্ন জেলায় চীনা পণ্যের চোরা কারবার চলিতেছে;

(খ) যদি (ক)-এর উত্তর 'হ্যাঁ' হয় তবে উহা কোন কোন জেলায় চলিতেছে;

(গ) এই ব্যাপারে গত এক বছরে কতজনকে গ্রেপ্তার করা হইয়াছে; এবং

(ঘ) উক্ত চোরা কারবার নিবারণের জন্য কি ব্যবস্থা করা হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) একটি ক্ষেত্রে চোরা কারবারের ও ৪টি ক্ষেত্রে চোরা চালানের ব্যাপার ধরা পড়িয়াছে।

(খ) জলপাইগুড়ি, মালদহ ও কুচবিহার জিলায়।

(গ) দুই জনকে।

(ঘ) ভারত-পাকিস্তান সীমান্ত অঞ্চলে কড়া নজর রাখা হইয়াছে এবং সীমান্তের গুরুত্বপূর্ণ ব্যবসায় কেন্দ্র সহরগুলিতে নিয়মিরভাবে পুলিশ কর্তৃক হানা দেওয়া হইতেছে।

Agriculture and Industrial Exhibition in Midnapur district

128. (Admitted question No. 276.) **Shri Ananga Mohan Das:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪-৬৫ সালে মেদিনীপুর জেলায় সরকারী সাহায্যে কয়টি কৃষি ও শিল্প প্রদর্শনী হয়েছিল;

(খ) উক্ত প্রদর্শনীগুলিতে সরকার কত টাকা সাহায্য করিয়াছে;

(গ) উক্ত প্রদর্শনীগুলির মধ্যে কয়টিতে ৫০০০ এর বেশী দর্শক যোগদান করিয়াছিল; এবং

(ঘ) সরকার সাধারণতঃ কি হারে ঐগুলিতে সাহায্য দান করেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ২৯টি।

(খ) ৩,১০০;০০ টাকা।

(গ) পরিসংখ্যান রাখা হয় নাই।

(ঘ) প্রদর্শনীর আয়তন অনুযায়ী সাহায্যের পরিমাণ স্থির করা হয়।

Covernment fishing scheme at Contai Sea-beach

129. (Admitted question No. 208.) **Shri Mrigendra Nath Bhattacharyya:**

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার সমুদ্র উপকূলে মৎস্য শিকারের সরকারী ব্যবস্থা কি আছে বা এ বিষয়ে কোনো পরিকল্পনা করা হইতেছে কিনা;

(খ) কাঁথি এবং তমলুক মহকুমায় যে (২৩+৬) ২৯টি মৎস্যজীবী সমবায় আছে সেগুলিকে সমুদ্র উপকূলে মৎস্য শিকারের কাজে লাগান হইয়াছে কিনা; এবং

(গ) না হইয়া থাকিলে কারণ কি

The Minister for Fisheries:

(ক) কাঁথি মহকুমার সমুদ্র উপকূলে মৎস্য শিকারের সরকারী ব্যবস্থা নাই রবে, মৎস্যজীবী সমবায়গুলি ঐ অঞ্চলে মৎস্য শিকার করিতেছে।

(খ) কাঁথি মহকুমায় যে ২৩টি মৎস্যজীবী সমবায় আছে, সেগুলি সরকার অনুমোদিত পরিকল্পনানুযায়ী সমুদ্র উপকূলে মৎস্য শিকারের কাজে নিযুক্ত আছে।

তমলুক মহকুমার মৎস্য সমবায়গুলি সমুদ্রের নিকটবর্তী নহে। সেজন্য এই এলাকার কোন সমবায় সমুদ্রোপকূলে মৎস্য শিকারে নিযুক্ত নহে।

(গ) উপরিলিখিত কারণে তমলুক মহকুমার মৎস্যজীবী সমবায়গুলি সমুদ্র উপকূলে মৎস্য শিকারের কাজে ব্যাপৃত নহে।

Recovery of auto spare parts from different shops in Calcutta

130. (Admitted question No. 281.) **Shri Ananga Mohan Das:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত মে মাসে কলিকাতা সহরের কয়েকটী অটোমোবাইল পার্টসের দোকান হইতে কিছু অপহৃত কলকব্জা তল্লাসীর ফলে পাওয়া গিয়াছে;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি যে উক্ত দোক্যা-গুলির সংখ্যা কত এবং কোন্ কোন্ দোকান হইতে কত মূল্যের কি কি কলকব্জা পাওয়া গিয়াছে;

(গ) ঐ সকল দোকানের মালিক ও কর্মচারীগণকে আটক করা হইয়াছে কিনা এবং ঐ সকল দোকানের লাইসেন্স বাতিল করা হইয়াছে কিনা; এবং

(ঘ) এই সহরে আরও কত এরূপ দোকান আছে বলিয়া সরকারের নিকট সংবাদ আছে?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ)সাতটি দোকান হইতে আনুমাণিক মোট ১,১৫,১০০ (এক লক্ষ পনর হাজার একশত টাকা মূল্যের বিভিন্ন যন্ত্রাংশ পাওয়া গিয়াছে। মামলাটী বিচারাধীন বলিয়া বিস্তৃত বিবরণ দেওয়া সম্ভবপর নহে।

(গ) দোকান তল্লাসীর সময় মালিক কিংবা কর্মচারী যাঁহারা উপস্থিত ছিলেন তাঁহাদিগকে আটক করা হইয়াছিল কিন্তু বর্তমানে তাঁহারা জামিনে খালাস আছে। লাইসেন্স এখনও বাতিল করা হয় নাই।

(ঘ) আপাততঃ এরূপ আর কোন দোকানের সংবাদ নাই।

Arrests of Pak-citizens

131. (Admitted question No. 316.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

গত আগষ্ট-সেপ্টেম্বরের পাক আক্রমণকালে পশ্চিমবঙ্গে কতজন পাক নাগরিককে গ্রেপ্তার ও অন্তরীণ করা হয়?

The Minister for Home (Police):

১৬ই অক্টোবর, ১৯৬৫ তারিখ পর্যন্ত মোট ৩,১২৩ জনকে।

Bridge over Kansai river in Midnapur district

132. (Admitted question No. 341.) **Shri Surendra Nath Mahato:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁসাই নদীর উপর যে সেতু নির্মিত হইতেছে তাহার কার্য কবে আরম্ভ হইয়াছে;

(খ) এই সেতু নির্মাণে মোট কত ব্যয় হইবে;

(গ) ইহার নির্মাণ কার্য্য কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(ঘ) কবে শেষ হইবে?

The Minister for Public Works:

(ক) ১৯৬২ সালের নভেম্বর মাসে।

(খ) অনুমিত ব্যয় ৪০,৩১,৩৬৭ টাকা।

(গ) এই সেতু নির্মাণের জন্য কূপ খননের (ওয়েল সিন্‌কিন) কার্য্য অর্দ্ধেকেরও বেশী সমাপ্ত হইয়াছে।

(ঘ) ১৯৬৭ সালের মাঝামাঝি শেষ হইবে বলিয়া আশা করা যায়।

Cement for Jhargram subdivision

133. (Admitted question No. 342.) **Shri Surendra Nath Mahato:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইংরাজী ১৯৬৪ সালে ও ১৯৬৫ সালের জানুয়ারী হইতে আগষ্ট মাসতক মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় কত টন সিমেন্ট সরবরাহ করা হইয়াছে; এবং

(খ) ১৯৬৩ সালের জানুয়ারী হইতে ১৯৬৫ সালের আগষ্ট মাসতক মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় সিমেন্টের পারমিট পাওয়ার জন্য যে সমস্ত দরখাস্ত দাখিল হইয়াছে তাহার সংখ্যা কত?

The Minister for Food and Supplies:

(ক) ১৯৬৪ সালে উক্ত অঞ্চলে সিমেন্ট সরবরাহের পরিমাণ ৩২৮ মেঃ টন ৫ ব্যাগ। ১৯৬৫ সালের জানুয়ারী হইতে আগষ্ট মাস পর্যন্ত উক্ত অঞ্চলে সিমেন্ট সরবরাহের পরিমাণ ৫৭৪ মেঃ টন ১৫ ব্যাগ।

(খ) ১৯৬৩ সালের জানুয়ারী হইতে ১৯৬৫ সালের আগষ্ট পর্যন্ত সিমেন্টের দরখাস্তের সংখ্যা ১৯৬৩—৫৩৭টি, ১৯৬৪—৭৪৩টি, জানুয়ারী ১৯৬৫ হইতে আগষ্ট ১৯৬৫—১,১৪৪টি এবং মোট—২,৪২৪টি।

Surrender of sanctioned money from Sankrail Block, Midnapur

134. (Admitted question No. 360.) **Shri Surendra Nath Mahato:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার শাঁকরাইল ব্লকের বিভিন্ন খাতে মঞ্জুরীকৃত টাকা গত ১৯৬৩-৬৪, ১৯৬৪-৬৫ সালের আর্থিক বৎসরের মধ্যে খরচ করিতে না পারায় ফেরৎ দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে কোন্ বৎসর কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করা হয় নাই; এবং

(গ) ঐগুলি খরচ না হওয়ার কারণ কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হইতে (গ) একমাত্র 'ফলাফল প্রদর্শন' (রেজাল্ট ডেমনস্ট্রেসন) পরিকল্পনা খাতে ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে বরাদ্দ অর্থ ২৫০ টাকাবিলম্বে পাওয়ার জন্য ব্যয় করা সম্ভব হয় নাই।

Para Troopers

135. (Admitted question No. 364.) **Shri Surendra Nath Mahato:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত সেপ্টেম্বর মাসে পাক আক্রমণকালে পশ্চিমবঙ্গ রাজ্যে কোন ছত্রী সৈন্য প্রবেশ করিয়াছিল কিনা;

(খ) করিয়া থাকিলে, ইহাদের সংখ্যা কোন জেলায় কতজন; এবং

(গ) ইহাদের মধ্যে কোন্ জেলায় কতজন গ্রেপ্তার হইয়াছিল?

The Minister for Home (Police):

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

Arrests for Pro-Pakistan activities

136. (Admitted question No. 365.) **Shri Surendra Nath Mahato:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের নিরাপত্তার জন্য পাক গুপ্তচর উল্লেখে ১৯৬৫ সালের সেপ্টেম্বর মাসে পশ্চিম বঙ্গ রাজ্যে মোট কতজন গ্রেপ্তার হইয়াছিল; এবং

(খ) ইহাদের সংখ্যা কোন্ জেলায় কত জন?

The Minister for Home (Police):

(ক) পাকিস্তানের পক্ষে কার্যে লিপ্ত সন্দেহে মোট ৮০ জন ব্যক্তিকে রাষ্ট্রের নিরাপত্তার জন্য গত সেপ্টেম্বর মাসে পশ্চিমবঙ্গ রাজ্যে গ্রেপ্তার করা হইয়াছিল।

(খ) কলিকাতা—১, ২৪ পরগণা—৩৯, হাওড়া—১, হুগলী—১৬, নদীয়া—৫, মেদিনীপুর—১, মুর্শিদাবাদ—৩, পুরুলিয়া—২, বর্ধমান—৩, জলপাইগুড়ি—৩, দার্জিলিং—৬ এবং মোট—৮০।

Bridge over Basinda Canal on Copiballavpur-Nayagram Road, Midnapur

137. (Admitted question No. 377.) **Shri Surendra Nath Mahato:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত ঝাড়গ্রাম মহকুমার গোপীবল্লভপুর হইতে নয়াগ্রাম রাস্তায় বাসিন্দা খালের উপর পুল নির্মাণের জন্য ঠিকাদার নিযুক্ত হইয়াছে কি না;

(খ) নিযুক্ত হইয়া থাকিলে ঠিকাদারের নাম কি; এবং

(গ) উক্ত পুল্য নির্মাণ কার্য কবে আরম্ভ হইবে এবং পূর্ব নির্ধারিত সময়ে শেষ হইবে কি না?

The Minister for Public Works (Roads):

(ক) হ্যাঁ।

(খ) শ্রী এস. এস. গাঙ্গুলী।

(গ) আগামী এক মাসের মধ্যে পুলের নির্মাণ কার্য সুরু হইবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই নির্মাণ কার্য সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

Chemical fertiliser for Burdwan district

138. (Admitted question No. 383.) **Shri Aswini Roy:**

কৃষি ও সমষ্টি উন্নয়নন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালের সেপ্টেম্বর মাসে রাসায়নিক সারের দুষ্প্রাপ্যতার কোনও অভিযোগ বর্দ্ধমান জেলা হইতে সরকার পাইয়াছেন কি;

(খ) পাইয়া থাকিলে কি কি সারের দুষ্প্রাপ্যতার অভিযোগ করা হইয়াছে; এবং

(গ) উক্ত অভিযোগের প্রতিবিধানের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ, পাইয়াছেন। তবে অন্যান্য জেলার তুলনায় বর্দ্ধমানে অনেক বেশী সার পাঠান হইয়াছে।

(খ) এ্যামনিয়াম সালফেট ও সুপারফসফেট সারের।

(গ) এ্যামনিয়াম সালফেট যাহাতে বর্দ্ধমান জেলায় তাড়াতাড়ি পাঠান যায় তাহার ব্যবস্থা রিবার জন্য সরকার হইতে সিন্দ্রীতে আধিকারিক পাঠান হইয়াছিল এবং সিন্দ্রীতে অন্যান্য সার প্রেরকগণকে বর্ধমান জেলায় সার প্রেরণের ব্যবস্থাকে অগ্রাধিকার দেওয়ার নির্দেশ দেওয়া হইয়াছে। বাঁকুড়া-দামোদর রিভার রেলওয়ের অন্তর্গত ষ্টেশনে মাল চলাচলের উপর রেলওয়ে কর্তৃক বাধা নিষেধ আরোপ করার ফলে ওই সকল ষ্টেশনে সার প্রেরণ করা সম্ভব হইতেছিল না। পরে রেল কর্তৃপক্ষের সঙ্গে ব্যবস্থা করিয়া সেই বাধা দূর করা হয় এবং ঐ সকল ষ্টেশনে প্রচুর সার পাঠান হয়।

সুপার ফসফেট সারের দুষ্প্রাপ্যতা সারা পশ্চিমবঙ্গ ব্যাপী, তৎসত্ত্বেও বর্দ্ধমান জেলায় যাহাতে ঐ সার তুলনায় অধিক পরিমাণে পাঠান যায় তার ব্যবস্থা করা হইয়াছে।

Diseased and deceased persons by Cholera and Phthisis

139. (Admitted question No. 416.) **Shri Birendra Narayan Roy:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালের জানুয়ারী মাস হইতে বর্তমান সময় অবধি পশ্চিমবঙ্গের জেলাওয়ারী (১) কলেরা; এবং (২) যক্ষ্মা রোগে আক্রান্ত ব্যক্তি ও মৃতের সংখ্যা কত; এবং ইহা কি সত্য যে উক্ত রোগ দুইটির প্রাদুর্ভাব পশ্চিমবঙ্গে বৃদ্ধি পাইতেছে?

The Minister for Health:

(ক) (১) ১৯৬৫ সালের জানুয়ারী হইতে ১৬ই অক্টোবর পর্যন্ত পশ্চিমবঙ্গের জেলাওয়ার কলেরায় আক্রান্ত এবং মৃত ব্যক্তির সংখ্যা নিম্নে প্রদত্ত হইল:

জেলার নাম	আক্রান্ত ব্যক্তির সংখ্যা	মৃতের সংখ্যা
১। বর্ধমান	১৫৪	৬৯
২। বীরভূম	৫৮	১৮
৩। বাঁকুড়া	১০৪	২০
৪। মেদিনীপুর	১৪৪	৫৪
৫। হুগলী	৩০	১৮
৬। হাওড়া	৬৪২	১৬৫
৭। ২৪-পরগণা	১৫২	৬৮
৮। নদীয়া	১৩৪	৭১
৯। মুর্শিদাবাদ	১০	৭
১০। পশ্চিম দিনাজপুর	৫১	১৮
১১। জলপাইগুড়ি	১,০২০	২৪৯
১২। মালদা	৩৬	১৮
১৩। কুচবিহার	২৭৪	১৫৪
১৪। দার্জিলিং	..	..
১৫। পুরুলিয়া	৬৫৬	২৬৮
১৬। কলিকাতা	৬৪৪	১৮২
	৪,১০৯	১,৩৭৯

১৯৬৫ সালের যক্ষ্মা রোগাক্রান্ত ব্যক্তি এবং উক্ত রোগে মৃতের সংখ্যা বর্তমানে সঠিকভাবে বলা সম্ভব নয়।

(খ) না, পশ্চিমবঙ্গে উক্ত রোগ দুইটির প্রাদুর্ভাব মোটেই বৃদ্ধি পাইতেছে না; তবে স্বাভাবিক কারণে কলেরা রোগাক্রান্ত ব্যক্তি এবং উক্ত রোগে মৃত ব্যক্তির সংখ্যা মে হইতে আগষ্ট মাসে কিছুটা বৃদ্ধি পায়।

গত কয়েক বৎসরের পরিসংখ্যান হইতে জানা যায় যে পশ্চিমবঙ্গে যক্ষা রোগের মৃত্যুর হার উল্লেখযোগ্য ভাবে হ্রাস পাইয়াছে কিন্তু এই রোগের প্রাদুর্ভাব বর্তমানে বৃদ্ধি বা কমের দিকে এ সম্বন্ধে কোন নির্ভরযোগ্য তথ্য নাই।

Potable water in Dum Dum Jail

140. (Admitted question No. 435.) **Shri Subodh Chowdhury:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে দমদম জেলে বন্দীদের জন্য যে পানীয় জল সরবরাহ করা হয় তাহা অত্যন্ত খর জল (হার্ড ওয়াটার) এবং ইহা পান করিলে নানারূপ অসুখ হইবার সম্ভাবনা আছে; এবং

(খ) সত্য হইলে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের কি ব্যবস্থা করা হইতেছে?

The Minister for Home (Jails):

(ক) দমদম জেলে বন্দীদের জন্য যে পানীয় জল সরবরাহ করা হয় তাহা খর (হার্ড) নহে।

(খ) প্রশ্ন উঠে না।

Contai Consumers' Co-operative Society

141. (Admitted question No. 455.) **Shri Sudhir Chandra Das:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি ক্রেতা সমবায় সমিতিকে এ পর্যন্ত কি কি বাবদে কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) এই সমিতি বর্তমানে চালু আছে কি না;

(গ) যদি 'খ'-প্রশ্নের উত্তর "না" হয় তবে চালু না থাকিবার কারণ কি; এবং

(ঘ) এই সমিতির সম্পাদকের নাম কি?

The Minister for Co-operation:

(ক) (১) অংশগত মূলধন বাবদ, ১৯৬২-৬৩—১,৫০০·০০ টাকা।

(২) ম্যানেজারের মাহিনা বাবস দান ১৯৬২-৬৩—৩৯৫·০০ টাকা; ১৯৬৩-৬৪—৭৬৮·০০ টাকা; ১৯৬৪-৬৫—৪৫০·০০ টাকা; মোট—১,৬১৩·০০ টাকা।

(খ) না।

(গ) সমিতির পরিচালনা আশানুরূপ নয়, এবং পরিচালকবৃন্দ নিজ নিজ কার্য ব্যপদেশে ব্যাপৃত থাকায় এবং সমিতির প্রতি তাহাদের মনোযোগের অভাবে সমিতির পরিচালনায় বিঘ্ন ঘটিয়াছে।

(ঘ) শ্রীযামিনীকুমার বোস।

Brass and Bell Metal Industry

142. (Admitted question No. 641.) **Shri Sanat Kumar Raha:**

কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কাংসা ও পিতলের বাসন নির্মাণকারী শিল্পীর সংখ্য কত;

(খ) গত দুই বৎসরে কাংসা শিল্পীর কত জনকে কোটা রাং ও তামা সরবরাহ করা হয়; এবং

(গ) গত দুই বৎসরে কতজন পিতল শিল্পীকে পিতলের-সিট দেওয়া হয়?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) কেবলমাত্র কাংসা ও পিতলের বাসন নির্মাণকারী শিল্পীর সংখ্যার সঠিক হিসাব নাই তবে, অ্যালুমিনিয়াম, তামা, কাংসা ও পিতলের বাসন নির্মাণকারী সংখ্যার সংখ্যা মোট ৩,৮৭৬। এই সকল সংস্থায় মোট ২৪,৫৯২ জন শিল্পী নিযুক্ত আছেন।

(খ) গত দুই বৎসরে নিম্নবর্ণিতভাবে রাং ও তামা শিল্পীগণকে সরবরাহ করা হয়। তবে, ইহাদের মধ্যে কতজন কাঁসা শিল্পী তাহা বলা সম্ভব নহে। ১৯৬২-৬৩ সালে, রাং ১,৮১৮ (মেট্রিক টন) এবং তামা ৭৪০ (মেট্রিক টন) ও শিল্পী সংখ্যা ৭৫০। ১৯৬৩-৬৪ সালে রাং ১,৬৬৫ (মেট্রিক টন) এবং তামা ১,৫২৭ (মেট্রিক টন) ও শিল্পী সংখ্যা ১,২০০।

(গ) কুটীর ও ক্ষুদ্রশিল্প বিভাগ হইতে পিতল শিল্পীদের সরাসরি পিতলের সিট দেওয়া হয় না। কেবলমাত্র এই সকল শিল্পীদের নাম এবং আবেদনপত্র ইন্ডিয়ান কপার করপোরেশনকে পাঠান হয়। তবে ঐ সকল শিল্পীদের পিতলের টুকরা স্ক্রেপ সরবরাহ করা হয়। ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ সনে নিম্নবর্ণিতভাবে পিতলের টুকরা (স্ক্রেপ) সরবরাহ করা হইয়াছে। ১৯৬২-৬৩ সালে পিতলের টুকরা (স্ক্রেপ) পরিমাণ ৩·৭৬ (মেট্রিক টন), শিল্পী সংখ্যা ৪ এবং ১৯৬৩-৬৪ সালে পিতলের টুকরা পরিমাণ ৩ (মেট্রিক টন) ও শিল্পী সংখ্যা ৩।

ইন্ডিয়ান কপার কর্পোরেশনের নিকট হইতে ৩০শে সেপ্টেম্বরের চিঠি অনুযায়ী পিতলের সিট সম্বন্ধে নিম্নলিখিত বিবরণ পাওয়া গিয়াছে:

এই সংস্থা ৩০শে জুন, ১৯৬৫ হইতে ঠিক করেন যে মাসিক ৮০,৫০০ কিলোগ্রাম পিতলের সিট মোট প্রায় ১০০টি সংস্থাকে দেওয়া হইবে।

Pisciculture in Anjana river, Krishnagar

143. (Admitted question No. 497.) **Shri Kashi Kanta Maitra:**

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় কৃষ্ণনগরে অঞ্জনা নদীতে মৎস্য চাষের জন্য, মৎস্য সংক্রান্ত গবেষণা ও উৎপাদন বৃদ্ধি পরিকল্পনা বা উদ্যোগ বাবদ রাজ্য মৎস্য দপ্তরের স্কীম চালু করার পর থেকে অদ্যাবধি মোট কত টাকা ব্যয় হয়েছে—বাস্তবিক ব্যয়ের হিসাব;

(খ) উক্ত স্কীম চালু করার পর থেকে এ পর্যন্ত মোট কি পরিমাণ মৎস্য উৎপাদন হয়েছে এবং উৎপন্ন মৎস্য বিক্রয় বাবদ মোট কত টাকা মৎস্য দপ্তরের আয় হয়েছে; এবং

(গ) অঞ্জনা মৎস্য উৎপাদন ও চাষ স্কীমের বাৎসরিক প্রশাসনিক ব্যয় কত এবং মোট কতজন অফিসার ও কর্মচারী নিযুক্ত আছেন বর্তমানে?

The Minister for Fisheries:

(ক) ১৯৬১-৬২ সন হইতে ১৯৬৫-৬৬ সেপ্টেম্বর পর্যন্ত ব্যয়ের হিসাব ১৯৬১-৬২ সালে ১৮,২৪৪ টাকা, ১৯৬২-৬৩ সালে ৬১,১৭৪ টাকা, ১৯৬৩-৬৪ সালে ৮৫,৬৮৫ টাকা, ১৯৬৪-৬৫ সালে ৫৫,৩৩৭ টাকা এবং ১৯৬৫-৬৬ সালে (সেপ্টেম্বর পর্যন্ত) ৪,৯৬৩ টাকা।

(খ) এই পরিকল্পনার প্রারম্ভ হইতে ১৫-১০-৬৫ তারিখ পর্যন্ত মোট ১৭৮ কুইন্টাল মাছ ও ৩,৪৯,৫০০ মাছের পোনা বিক্রয় করা হইয়াছে। বিক্রয়লব্ধ অর্থের পরিমাণ—৫৪,৭৮১·৬৯ পয়সা।

(গ) এই পরিকল্পনার কাজে বর্তমানে একজন গেজেটেড অফিসার সহ মোট ১৯ জন কর্মচারী নিযুক্ত আছেন। বার্ষিক প্রশাসনিক ব্যয়ের পরিমাণ ১৭,০০০ টাকা।

Development of Pisciculture

144. (Admitted question No. 602.) **Shri Bhabani Mukhopadhyay:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত তিন বৎসরের প্রতি বৎসরে মাছ চাষ উন্নতির জন্য কত অর্থ ব্যয় করা হইয়াছে; এবং

(খ) উপরোক্ত বৎসরগুলিতে মৎস্য বিক্রয় করিয়া সরকারের কত আয় হইয়াছে?

The Minister for Fisheries:

(ক) গত তিন বৎসরে প্রতি বৎসরে বিভিন্ন মৎস্য উন্নয়ন প্রকল্পের জন্য যে অনাবর্তক এবং আবর্তক ব্যয় হইয়াছে তাহার মোট পরিমাণ (১) ১৯৬২-৬৩ সালে ১২,৩৮,০০০ টাকা, (২) ১৯৬৩-৬৪ সালে ১০,৫২,০০০ টাকা (৩) ১৯৬৪-৬৫ সালে ১৭,৬৫,০০০ টাকা—মোট ৪০,৫৫,০০০ টাকা।

(খ) উল্লিখিত বৎসরগুলিতে সরকারী মৎস্য চাষ ক্ষেত্র এবং যন্ত্রচালিত নৌকার সাহায্যে সমুদ্রের উপকূলবর্তী অঞ্চলসমূহ হইতে সরকার কর্তৃক ধৃত মৎস্য বিক্রয় করিয়া যে আয় হইয়াছে তাহা (১) ১৯৬২-৬৩ সালে ১,১১,৪৭৩ টাকা, (২) ১৯৬৩-৬৪ সালে ১,০৮,০০৯ টাকা, (৩) ১৯৬৪-৬৫ সালে ১,৭৪,৩৫৫ টাকা—মোট ৩,৯৩,৮৩৭ টাকা।

Health Centres in Hooghly district

145. (Admitted question No. 610.) **Shri Bhabani Mukhopadhyay:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনায় হুগলী জেলার গ্রামাঞ্চলের কোথায় কোথায় হাসপাতাল অথবা স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত ছিল;

(খ) ইহাদের মধ্যে কোনগুলি কার্যকরী হইয়াছে এবং কোনগুলি হয় নাই; এবং

(গ) অসম্পূর্ণ কাজগুলি কবে নাগাদ সম্পূর্ণ হইবে?

The Minister for Health:

(ক) তৃতীয় পরিকল্পনাকালে জেলা ভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের কোনও সিদ্ধান্ত লওয়া হয় নাই। গ্রামাঞ্চলে প্রতিটী ব্লক উন্নয়ন সংস্থায় একটি প্রাথমিক ও দুইটি উপ-স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করাই সরকারের বর্তমান নীতি। হুগলী জেলাতেও এই নীতি প্রযোজ্য।

(খ) উক্ত নীতি অনুযায়ী হুগলী জেলায় তৃতীয় পরিকল্পনাকালে যে সকল স্বাস্থ্যকেন্দ্র নির্মাণ হইয়াছে অথবা হইতেছে তাহার তালিকা অঙ্কসহ পরিশিষ্ট (১) এ প্রদত্ত হইল।

(গ) আরও একটি প্রাথমিক ও ৫টি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের ব্যবস্থা হইলেই (ক) অনুচ্ছেদে বর্ণিত নীতি অনুযায়ী হুগলী জেলার প্রাপ্য স্বাস্থ্যকেন্দ্রের সংখ্যা সম্পূর্ণ হইবে। স্বাস্থ্যকেন্দ্রের স্থান নির্বাচন ও অর্থের সংকুলান হইলেই ঐ স্বাস্থ্যকেন্দ্রগুলি স্থাপন করিবার ব্যবস্থা হইবে।

atement referred to in reply to clause (ka) of unstarred question No. 145.

পরিশিষ্ট (১)

হুগলী জেলায় তৃতীয় পরিকল্পনাকালীন নির্মিত
অথবা নির্মিয়মাণ স্বাস্থ্যকেন্দ্রের তালিকা

উন্নয়ন সংস্থা (Dev, Block)		প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র	উপস্বাস্থ্যকেন্দ্র
১। পোলবা	..	..	কামদেবপুর (মুগরা)
২। গোঘাট	..	কামারপুকুর	নাকুলা
৩। চণ্ডীতলা (১)	..	..	১। গংগাধরপুর
			২। নবাবপুর কুমীরমড়া
৪। চণ্ডীতলা (২)	..		১। জনাইবন্ন
			২। বেগমপুর
৫। তারকেশ্বর	..	..	১। দত্তকুর
			২। তালপুর
৬। পাণ্ডুয়া	..	..	দ্বারবাসিনী।
৭। আরামবাগ	..	--	ডিহিবাগনান।
৮। খানাকুল (১)	..	--	ঘোষপুর।
৯। পুরশুরা	..	পুরশুরা	১। ডিহিবতপুর
			২। ফতেপুর
১০। বলাগড়	..	..	১। খামারপাড়া
			২। শুখারিয়া
১১। জাঙ্গীপাড়া	..	..	গুটি।

Bandel Thermal Power Station

148. (Admitted question No. 612.) **Shri Bhabani Mukhopadhyay:**

াণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যাণ্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্র হইতে কবে নাগাদ বিদ্যুৎ উৎপাদন সুরু হইবে;

(খ) কত পরিমাণ বিদ্যুৎ এখন হইতে উৎপাদন হইবে;

(গ) উৎপাদিত বিদ্যুৎশক্তি কাহাদের বিক্রয় করা হইবে; এবং

(ঘ) কলিকাতা ও পার্শ্ববর্তী শিল্পাঞ্চলে এবং সংলগ্ন গ্রামাঞ্চলে উৎপাদিত বিদ্যুৎ সরবরাহ করার এবং যেখানে বিদ্যুৎ নাই সেখানে বিদ্যুৎ সম্প্রসারণের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

The Minister for Commerce and Industries:

(ক) ৮২·৫ মেগাওয়াট শক্তিসম্পন্ন ৪টি বিদ্যুৎ উৎপাদক যন্ত্রের মধ্যে এই বৎসর নভেম্বরের মধ্যে ২টি যন্ত্রের বিদ্যুৎ উৎপাদন সুরু হইবে। বাকি ২টি যন্ত্র ১৯৬৬ সালে মার্চের মধ্যে চালু হইবে।

(খ) মোট স্থাপিত শক্তি ৩৩০ মেগাওয়াট। উহার মধ্যে ২৩০ মেগাওয়াট শক্তি বিতরণের জন্য পাওয়া যাইবে।

(গ) উক্ত বিদ্যুৎ কলিকাতার বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠানকে এবং বৃহত্তর কলিকাতাস্থিত শিল্পাঞ্চলে বিক্রয় করা হইবে। ইহা ছাড়া নদীয়া, মুর্শিদাবাদ, ২৪-পরগণা ও হাওড়া জেলাতেও প্রেরণ করা হইবে।

(ঘ) হ্যাঁ, নদীয়া, মুর্শিদাবাদ, ২৪-পরগনা ও হাওড়া জেলায় গ্রামাঞ্চলে জলসেচের গভীর নলকূপগুলিতে ও গ্রাম্য শিল্পসংস্থাগুলিতে ঐ বিদ্যুৎ ব্যবহারের সুযোগ দেওয়া হইবে।

Beds in Calcutta Hospitals

147. (Admitted question No. 625.) **Shri Nikhil Das:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতার বিভিন্ন হসপিটালে কতগুলি বেড আছে; এবং

(খ) গত জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর মাসে এই হসপিটালগুলিতে গড়পড়তা দৈনিক কত রোগী ছিল?

The Minister for Health:

(ক) কলিকাতার বিভিন্ন হাসপাতালের মোট শয্যা সংখ্যা ১০,৭৪৩।

১। সরকারী হাসপাতালসমূহে স্বাস্থ্য বিভাগের অধীন ৫,৭১২ শয্যা, পুলিশ বিভাগের অধীন ৩২৪ শয্যা, অন্য বিভাগের অধীন ৫৮২ শয্যা, ভারত সরকারের অধীন রেল হাসপাতালে ৩৫৫ শয্যা।

২। বেসরকারী হাসপাতালসমূহে ৩,৭৭০ শয্যা।

(খ) স্বাস্থ্য বিভাগের অধীনস্থ সরকারী হাসপাতালসমূহে গড়পড়তা দৈনিক রোগীর সংখ্যা ছিল জুলাই ১৯৬৫, ৫,৪৭৪ জন, আগস্ট ১৯৬৫, ৫,৬৮৩ জন, সেপ্টেম্বর ১৯৬৫, ৩,৯২৯ জন।

অন্যান্য বিভাগের অধীনস্থ ও বেসরকারী হাসপাতালসমূহের তথ্য সংগ্রহ করা যায় নাই।

Patashpur Health Centre, Midnapur

148. (Admitted question No. 655.) **Shri Radhanath Das Adhikari:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পটাশপুর স্বাস্থ্যকেন্দ্রে ১৯৬২-৬৩ সালে রোগীর দৈনিক উপস্থিতির গড় সংখ্যা কত;

(খ) ১৯৬৪-৬৫ সালে ঐ স্বাস্থ্যকেন্দ্রে রোগীর দৈনিক উপস্থিতির গড় সংখ্যা কত;

(গ) ১৯৬২-৬৩ সালে মোট কত রোগী অন্তর্বিভাগে (ইনডোর) ভর্তি হইয়াছিল; এবং

(ঘ) ১৯৬৪-৬৫ সালে অন্তর্বিভাগে (ইনডোর) মোট কত রোগী ভর্তি হইয়াছিল?

The Minister for Health:

(ক) ও (খ) স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসিত রোগীর সংখ্যা ষ্ট্যাটিসটিক্যাল কমপাইলেসন হয় ক্যালেন্ডার ইয়ার অনুযায়ী ফাইনেনসিয়াল ইয়ার অনুযায়ী নয়। সেই হিসাবে রোগীর দৈনিক উপস্থিতির গড় সংখ্যা ১৯৬৩ সাল ৯৭·৫ জন, ১৯৬৪ সাল ৮৭·৯ জন এবং ১৯৬৫ সাল (সেপ্টেম্বর পর্যন্ত) ৩৩·৭ জন।

(গ) ও (ঘ) অন্তর্বিভাগে রোগী ভর্তির সংখ্যা (নাম্বার অব ইনডোর এডমিসান) ১৯৬৩ সাল ৩০৬ জন, ১৯৬৪ সাল ২৮৭ জন, ১৯৬৫ সাল (সেপ্টেম্বর মাস পর্যন্ত) ১৮৮ জন।

১৯৬২ সালের রোগীর হিসাব আপাততঃ পাওয়া যায় নাই।

Bagjola-Churni-Jatragachi Drainage Scheme, 24-Parganas

149. (Admitted question No. 679.) **Shri Tarun Kumar Sen Gupta:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলায় বাগজোলা-ঘুণী-যাত্রাগাছি ড্রেনেজ স্কীমের কাজ কি উদ্দেশ্যে ও কবে সুরু করা হয়;

(খ) উক্ত প্রকল্পের কাজের জন্য প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনার অদ্যাবধি সময় পর্যন্ত উক্ত তিনটি পরিকল্পনাতে বরাদ্দ অর্থের কি পরিমাণ অর্থ ব্যয় করা সম্ভব হয়; এবং

(গ) উক্ত কাজের ফলে উক্ত প্রকল্পটির কতদূর সফল হইয়াছে তাহার বিবরণ ও চতুর্থ পরিকল্পনায় উক্ত প্রকল্পের জন্য কোন অর্থ বরাদ্দ করা হইয়া থাকিলে তাহার পরিমাণ?

The Minister for Irrigation and Waterways:

(ক) ২৪-পরগণা জেলায় বাগজোলা-ঘুণী-যাত্রাগাছি ড্রেনেজ প্রকল্পের কাজ ১৯৫৪ সালে আরম্ভ করা হয়। উক্ত জেলার খড়দহ, বরাহনগর এবং দমদম থানার সহর অঞ্চলে ১৭ বর্গমাইল এলাকায় জল নিষ্কাশন এবং দমদম, রাজারহাট, ভাংগর এবং হাড়োয়া থানার গ্রামাঞ্চলের ৯৯ বর্গমাইল এলাকার প্রয়োজনের অতিরিক্ত জল নিষ্কাশন দ্বারা প্রায় ২৫,৬০০ একর কৃষিজমির উন্নতি বিধানই এই প্রকল্পের প্রধান উদ্দেশ্য ছিল।

(খ) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পরিকল্পনার বরাদ্দ অর্থের প্রায় শতকরা ৯০·৫ ভাগ অদ্যাবধি ব্যয় করা হইয়াছে।

(গ) উক্ত প্রকল্পের উদ্দেশ্য উত্তমরূপে সিদ্ধ হইয়াছে। ইহার ফলে সহরাঞ্চলের জলনিকাশ এবং গ্রামাঞ্চলের জলনিকাশের দ্বারা চাষ আবাদ সুষ্ঠুভাবে সম্পন্ন হইতেছে।

প্রধানতঃ ভূমি দখল সংক্রান্ত ব্যয় নির্বাহ করিবার জন্য চতুর্থ পরিকল্পনায় প্রায় ১০ লক্ষ টাকার মত প্রয়োজন হইতে পারে।

Eye treatment facilities in different hospitals of Midnapur district

150. (Admitted question No. 692.) **Shri Hrishikesh Chakraborty:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ কেন্দ্রে অন্ধ ব্যক্তির চিকিৎসার ব্যবস্থা আছে; এবং

(খ) ঐ জেলায় ভ্রাম্যমাণ চক্ষু চিকিৎসা কেন্দ্রের সংখ্যা বাড়াইবার কোন প্রস্তাব আছে কি?

The Minister for Health:

(ক) সাধারণ চক্ষু চিকিৎসা সব সরকারী হাসপাতালে এবং স্বাস্থ্যকেন্দ্রে হইয়া থাকে। মেদিনীপুর জেলা হাসপাতালে চক্ষু রোগবিশেষজ্ঞ দ্বারা এই রোগের চিকিৎসার বিশেষ ব্যবস্থা আছে।

(খ) বর্তমানে নাই।

Fertiliser for Grow more Food Scheme in Block I of Egra police-station, Midnapur

151. (Admitted question No. 702.) **Shri Hrishikesh Chakraborty:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান জরুরী অবস্থায় অধিক ফসল উৎপাদনের জন্য মেদিনীপুর জেলার এগরা থানার ১নং ব্লকের সার সরবরাহ করার কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(খ) এই ব্লকের কোন্ কোন্ অঞ্চলে সার বিতরণ কেন্দ্র ও ক্রয় করার দোকান আছে এবং তাহাদের নাম কি;

(খ) উক্ত দোকান ও বিতরণ কেন্দ্রে কি কি সার, কি কি মূল্যে কি ক্রয় ব্যবস্থা আছে; এবং

(ঘ) অভিজ্ঞ ক্রয় অক্ষম দরিদ্র কৃষকদের জন্য বিনামূল্যে সার বিতরণ করিবার কোন ব্যবস্থা আছে কি এবং থাকিলে তাহা কি প্রকার?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) কোন ব্লক বিশেষের জন্য বিশেষ কোন ব্যবস্থা করা হয় নাই তবে সমগ্র পশ্চিমবঙ্গে যাহাতে রাসায়নিক সারের অভাব হইলেও জৈব সার ব্যবহার করিয়া তাহার অভাব পূরণ করা যায় তাহার ব্যবস্থা করা হইয়াছে।

(খ) বিতরণ কেন্দ্রের একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(গ) বর্তমান বৎসরে নিম্নলিখিত সারগুলি তাহাদের পার্শ্বে লিখিত মূল্যে এই সকল বিতরণ কেন্দ্র হইতে বিক্রয়ের ব্যবস্থা আছে। (১) এ্যামোনিয়াম সালফেট ৩৬০ টাকা প্রতি টন· (২) ইউরিয়া ৬১৫ টাকা প্রতি টন; (৩) ক্যালসিয়াম অ্যামোনিয়াম নাইট্রেট ৩৪২ টাকা প্রতি টন; (৪) মিশ্রসার—গ্রেড ১—ধান, গম, ভুট্টা, সরিষা, ইক্ষু ও অন্যান্য তৈলবীজের জন্য ৩৭৮·৮৯ টাকা প্রতি টন; (৫) গ্রেড ২—আলু, পাট, সবজি, তামাক, কলা, পেপে, আনারস ও অন্যান্য কন্দ জাতীয় ফসল পান প্রভৃতির জন্য ৩৭১·৩০ টাকা প্রতি টন; (৬) গ্রেড ৩ -নারিকেল ও সুপারী গাছের জন্য ৩৫৪·২৫ টাকা প্রতি টন; (৭) গ্রেড ৪—ধান, গম, ভুট্টা, ইক্ষু ও অন্যান্য তন্ডুল জাতীয় শস্যের জন্য ৫২·৭৩ টাকা প্রতি টন; (৮) গ্রেড ৫—প্রধানত আলুর জন্য ৩৭৬·৪০ টাকা প্রতি টন।

বিনামূল্যে সার বিতরণের সাধারণতঃ কোন ব্যবস্থা নাই। তবে প্রাকৃতিক দুর্যোগে চাষীর ক্ষতি হইলে বিনামূল্যে অথবা অর্ধমূল্যে সার বিতরণ করা হয়।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 151.

এগরা ১নং ব্লকের সার বিতরণ কেন্দ্রের তালিকা

নাম ও ঠিকানা

১। এগরা কো-অপারেটিভ এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি লিঃ, এগরা।

২। রাধাশ্যাম সেনাপতি, কসবা।

৩। সামাক এস কে ইউ এস লিঃ, জামাকি।

৪। চিরুলিয়া এস কে ইউ এস লিঃ, চিরুলিয়া।

৫। সিকরা চাকদেহি এস কে ইউ এস লিঃ, সিকরা চাকদেহি।

৬। উত্তর তেলানী এস কে ইউ এস লিঃ, তেলানী।

৭। বারিদা এস কে ইউ এস লিঃ, বারিদা।

৮। শ্রীভূষণচন্দ্র মাইতি, কুদি।

৯। কুদি এস কে ইউ এস লিঃ, কুদি।

১০। শ্রীসুবিমল মাইতি, এগরা বাজার।
১১। শ্রীসন্তোষকুমার ধাড়া, এগরা।
১২। শ্রীশুভেন্দু শেখর, এগরা।
১৩। শ্রীলকুনাথ জানা, এগরা বাজার।
১৪। শ্রীবীরেন্দ্রনাথ গিরি, বাউরদা।
১৫। শ্রীরাধাগোবিন্দ সাহা, এগরা।
১৬। শ্রীগজেন্দ্রনাথ সেনাপতি, এগরা।
১৭। শ্রীগোরাচাঁদ গিরি, এগরা বাজার।
১৮। শ্রীনেত্যমোহন পান্ডা, বরোণীহারি।
১৯। শ্রীদুর্গাশঙ্কর মান্না, এগরা।
২০। শ্রীহিমাংশুশেখর দাস, কসবা।
২১। মেসার্স দুলালুয়া সমবায় কৃষি উন্নয়ন সমিতি, এগরা।

Fertiliser for Grow-more Food Scheme in Block II of Egra police-station, Midnapur

152. (Admitted question No. 704.) **Shri Hrishikesh Chakraborty:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান জরুরী অবস্থায় অধিক ফসল উৎপাদনের জন্য মেদিনীপুর জেলায় এগরা থানার ২নং ব্লকের সার সরবরাহ করার কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে;

(খ) এই ব্লকের কোন্ কোন্ অঞ্চলে সার বিতরণ ক্ষেত্রে (সেন্টার) ও ক্রয় করার দোকান আছে এবং তাহাদের নাম কি;

(গ) উক্ত দোকান ও বিতরণ কেন্দ্রে কি কি সার, কি কি দামে বিক্রয় ব্যবস্থা আছে; এবং

(ঘ) অভিজ্ঞ ক্রয় অক্ষম দরিদ্র কৃষকদের জন্য বিনামূল্যে সার বিতরণের কোন ব্যবস্থা আছে কি এবং থাকলে তাহা কি প্রকার?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) কোন ব্লকবিশেষের জন্য বিশেষ কোন ব্যবস্থা করা হয় নাই, তবে সমগ্র পশ্চিমবঙ্গে যাহাতে রাসায়নিক সারের অভাব হইলেও জৈব সার ব্যবহার করিয়া তাহার অভাব পূরণ করা যায়, তাহার ব্যবস্থা করা হইয়াছে।

(খ) বিতরণ কেন্দ্রের একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(গ) বর্তমান বৎসরে নিম্নলিখিত সারগুলি তাহাদের পার্শ্বে লিখিত মূল্যে ঐ সকল বিতরণ কেন্দ্র হইতে বিক্রয়ের ব্যবস্থা আছে। (১) অ্যামোনিয়াম সালফেট ৩৬০ টাকা প্রতি টন, (২) ইউরিয়া ৬১৫ টাকা প্রতি টন, (৩) ক্যালসিয়াম অ্যামোনিয়াম নাইট্রেট ৩৪২ টাকা প্রতি টন, (৪) মিশ্রসার: গ্রেড ১—ধান, গম, ভুট্টা, সরিষা, ইক্ষু ও অন্যান্য তৈল বীজের জন্য ৩৭৮·৮১ টাকা প্রতি টন, (৫) গ্রেড ২—আলু, পাট, সবজী, তামাক, কলা, পেঁপে, আনারস ও অন্যান্য কন্দ জাতীয় ফসল, পান প্রভৃতির জন্য ৩৭১·৩০ টাকা প্রতি টন, (৬) গ্রেড ৩—নারিকেল ও সুপারি গাছের জন্য ৩৫৪·২৫ টাকা প্রতি টন, (৭) গ্রেড ৪—ধান, গম, ভুট্টা, ইক্ষু ও অন্যান্য তণ্ডুল জাতীয় শস্যের জন্য ৩৫২·৭৩ টাকা প্রতি টন; (৮) গ্রেড ৫—প্রধানত আলুর জন্য ৩৭৬·৪০ টাকা প্রতি টন।

(ঘ) বিনামূল্যে সার বিতরণের সাধারণতঃ কোন ব্যবস্থা নাই। তবে প্রাকৃতিক দুর্যোগে চাষীর ক্ষতি হইলে বিনামূল্যে অথবা অর্ধমূল্যে সার বিতরণ করা হয়।

Statement referred to in reply to Clause (kha) of unstarred question No. 152.

এগরা ২নং ব্লকের দাদ বিতরণ কেন্দ্রের তালিকা

নাম ও ঠিকানা

১। শ্রীসুবিমল মাইতি, এগরা বাজার
২। শ্রীখগেন্দ্রনাথ মাইতি, পাণ্ডরোল
৩। শ্রীঅমলকুমার জানা, পানিপারুল
৪। শ্রীযোগেশ্বর দাস, পানিপারুল
৫। শ্রীগণেশচন্দ্র মণ্ডল, পানিপারুল।
৬। শ্রী এ কে জানা, পানিপারুল।
৭। শ্রীঅমূল্য গিরি, কেলেঘাট
৮। শ্রীশ্রীকান্ত চক্রবর্তী, কেলেঘাই
৯। শ্রীলক্ষ্মীকান্ত নায়েক, কেলেঘাই
১০। শ্রীপ্রাণকৃষ্ণ নায়ক, উত্তর দাদপুর
১১। শ্রীপরেশচন্দ্র ভূঁইয়া, বালিঘাই
১২। শ্রীদ্বারিক্যাথ মাইতি, মেহারি

Pay-scales of Male Nurses

153. (Admitted question No. 293.) **Shri Sanat Kumar Raha:**

স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন হাসপাতালে গত মহাযুদ্ধের সময় হইতে আজও কার্যে নিযুক্ত এইরূপ পুরুষ নার্সের সংখ্যা কত;

(খ) ঐ সকল পুরুষ নার্সদের বেতন হার কিরূপ; এবং

(গ) ইঁহাদের নূতন পে-স্কেল দিবার জন্য সরকার চিন্তা করিতেছেন কি?

The Minister for Health:

(ক) গ্রেড ওয়ান(ii)—১, গ্রেড দুই—৬৮ এবং গ্রেড ফোর—২৫৬।

(খ) গ্রেড ওয়ান (ii)—টাকা ১৭৫—৭—২৪৫—৮—৩২৫, গ্রেড টু—টাঃ ১২৫—৩—১৪০—৪—২০০ এবং গ্রেড ফোর—টাঃ ৪৫—১—৬৫।

(উপরোক্ত ২৫৬ জন গ্রেড ফোর নার্সের মধ্যে ১৩ জন টাঃ ৪৫—১—৬৫ বেতনক্রম গ্রহণ না করিয়া তাঁহাদের পূর্বতন বেতনক্রমে আছে। এই বেতনক্রম টাঃ ৬০—৩—৯০।

(গ) ওয়েস্ট বেঙ্গল নার্সিং সার্ভিস-এর পুরুষ নার্স সমেত সমস্ত শ্রেণীর নার্সদের বেতনের ১৯৬১ সালের বেতন সংশোধনী আদেশ অনুযায়ী সংশোধিত হইয়াছে। উপরোক্ত বেতনক্রমগুলি (টাঃ ৬০—৩—৯০ ব্যতীত) সংশোধিত বেতনক্রমসমূহের অন্তর্ভুক্ত।

Government grants for the welfare of scheduled Castes and Tribes Students

154. (Admitted question No. 195.) **Shri Mrigendra Nath Bhattacharya:**

আদিবাসী-কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবাংলার কোন্ জেলায় কত জন তফসিলী জাতি ও উপজাতির বালক-বালিকাদের শিক্ষার জন্য কত টাকা ধার্য হইয়াছিল এবং কত টাকা খরচ হইয়াছে।

(খ) মেদিনীপুর জেলা হইতে উক্ত কয় বৎসর উক্ত দুই জাতির কত জন বালক এবং বালিকা বৃত্তির জন্য আবেদন করে এবং কত জনের আবেদন মঞ্জুর করা হয়;

(গ) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার তফসিলী জাতি ও উপজাতির বালক-বালিকাদের শিক্ষার জন্য উক্ত কয় বৎসরের বরাদ্দ টাকা সম্পূর্ণ খরচ হয় না; এবং

(ঘ) সত্য হইলে, উহার কারণ কি?

The Minister of State for Tribal Welfare:

(ক) লাইব্রেরী টেবিলে রক্ষিত তালিকায় বিশদভাবে সমস্ত তথ্য পরিবেশিত হইল।।

(খ) উক্ত কয় বৎসরে মেদিনীপুর জেলার উপজাতির তফশিলী জাতি ও উপজাতির যে সকল বালক ও বালিকা বৃত্তির জন্য আবেদন করিয়াছিল এবং বৃত্তি পাইয়াছিল তাদের সংখ্যাঃ

আবেদনকারীর সংখ্যাঃ—

	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
তফশিলী জাতি	৭৬০ জন বালক ও বালিকা,	৯২০ জন বালক ও বালিকা,	২,১৭০ জন বালক ও বালিকা,	৪,১৯৫ জন বালক ও বালিকা
	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
উপজাতি	৪,১৩০ জন বালক ও বালিকা,	৫,০৯০ জন বালক ও বালিকা,	৫,৪১০ জন বালক ও বালিকা,	৪,৫১০ জন বালক ও বালিকা

বৃত্তিপ্রাপ্তদের সংখ্যাঃ—

	১৯৬১-৬২	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
তফশিলী জাতি	৭১৬ জন	৭৯১ জন	২,০৩৮ জন	৩,৫৫৭ জন
উপজাতি	৩,৮৯১ জন	৪,৫০৬ জন	৫,০০৫ জন	৪,৪৯৩ জন

অন্যান্য তথ্য লাইব্রেরী টেবিলে রক্ষিত তালিকায় পাওয়া যাইবে।

(গ) হ্যাঁ।

(ঘ) কয়েকটি কারণে সম্পূর্ণ টাকা খরচ হয় নাই, যেমন স্কুল হইতে ঠিক সময়ে দরখাস্ত পাওয়া যায় নাই; কখনও দরখাস্তকারীরা যোগ্য বিবেচিত হয় নাই; দরখাস্তকারীর তথ্য ভুল ছিল ইত্যাদি।

Oilcakes

155. (Admitted question No. 479.) **Shri Mrigendra Nath Bhattacharya:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৬০-৬১, ৬১-৬২, ৬২-৬৩, ৬৩-৬৪ এবং ৬৪-৬৫ সালে খৈল উৎপাদনের পরিমাণ কত;

(খ) উক্ত কয় বৎসর বাংলার বাহিরের কোন্ কোন্ প্রদেশ হইতে কি পরিমাণ খৈল আমদানি করা হইয়াছে এবং কত দামে; এবং

(গ) খৈল সার হিসাবে ব্যবহারের উপর সরকার নিয়ন্ত্রণ করেন কিনা?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ) একটি বিবরণী (স্টেটমেন্ট) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) না।

Covernment Centres for Sericulture

156. (Admitted question No. 480.) **Shri Mrigendra Nath Bhattacharya:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার কোন্ কোন্ জেলায় কোথায় কোথায় রেশম উৎপাদনের সরকারী কেন্দ্র কোন্ বৎসর হইতে সংস্থাপন করা হইয়াছে;

(খ) সরকারী উদ্যোগে উক্ত কেন্দ্র সংস্থাপনের পর হইতে কোন্ বৎসর কত পরিমাণ জমিতে উক্ত চাষ হইয়াছে;

(গ) এ পর্যন্ত কত রেশম উৎপাদন হইয়াছে;

(ঘ) এ পর্যন্ত কত উৎপাদন খরচ পড়িয়াছে;

(ঙ) উৎপন্ন রেশম বিক্রয় করিয়া সরকার কত টাকা পাইয়াছেন; এবং

(চ) কৃষকদের এই চাষ শিক্ষা দেওয়ার ব্যাপারে কি কি ব্যবস্থা রহিয়াছে?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ১৯৫৫-৫৬ সাল হইতে ১৯৬৪-৬৫ পর্যন্ত তুঁত চাষের হিসাবের একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। ইতিপূর্বেকার কোন সঠিক হিসাব বর্তমানে দেওয়া সম্ভব নয়।

(গ), (ঘ) ও (ঙ) ব্যবসায়ীক ভিত্তিতে সরকার কোন রেশম উৎপাদন করেন না, তবে সরকারী মালিকানায় যে রেশম উৎপন্ন হয় ১৯৫৫-৫৬ হইতে ১৯৬৪-৬৫ পর্যন্ত তাহার একটি হিসাব দেওয়া হইল। ইহার পূর্বেকার হিসাব বর্তমানে দেওয়া সম্ভব নয়।

উৎপাদনঃ—৫০,৭৯,৭৯১ পাউন্ড।

বিঃ মূল্য [illegible]ঃ—১৬,৩৮,৫২,৯৮৪ টাকা।

খরচ আনুমানিকঃ—১৪,৮৯,৫৭,২৫৮ টাকা।

(চ) উন্নত প্রথায় রেশমকীট পালন ও সূতা প্রস্তুত ব্যাপারে হাতে-কলমে শিক্ষাদানের উদ্দেশ্যে সরকার রেশম চাষী-প্রধান গ্রামগুলিকে বহু অভিজ্ঞ ও শিক্ষাপ্রাপ্ত প্রশিক্ষক (ডেমনস্ট্রেটার) নিযুক্ত করিয়াছেন। তাঁহারা চাষীদিলকে বীজ সংগ্রহ করিতে, পলু ঘরগুলিকে বীজাণুমুক্ত করিতে এবং উৎপন্ন বীজকোয়াগুলিকে পরীক্ষা করিতে সাহায্য করিয়া থাকেন।

Primary and Subsidiary Health Centres in the Blocks of Midnapur district

157. (Admitted question No. 696.) **Shri Hrishikesh Chakraborty:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ ব্লকে কতগুলি উপ-স্বাস্থ্যকেন্দ্র ও প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব আছে; এবং

(খ) বর্তমান পর্যন্ত ঐ জেলায় কোথায় ঐরূপ কতগুলি কেন্দ্র নির্মিত হইয়াছে?

The Minister for Health:

(ক) ও (খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Adjournment Motion.

[2—2-10 p.m.]

Mr. Speaker: I have received three notices of Adjournment Motion—one from Shri Deb Saran Ghosh and Shri A. H. Besterwitch on the subject of non-supply of full ration quota from modified ration shops, the next from Shri Narayan Choubey on the subject of forcible demolition of small shops and stalls on the side of Malancha Road, Kharagpur and the other one from Shri Narayan Choubey on the subject of supply of rice unfit for human consumption from an M.R. shop in New Barrackpore bazar. I have withheld consent to these notices.

Shri A. H. Besterwitch: This is a very important Adjournment Motion, Sir. I would request you to very kindly reconsider it. There are modified ration shops. They are supposed to give certain quantity of rice and wheat. But even then it is not given, Sir. At the same time, for the last six months they are not issuing any ration card in favour of anyone on the plea that they have an agreement with the Tea Planters and that if the money is sent to them, the ration card will be given to them. The Manager sent the money to the Department concerned. Uptill now no ration card has been given to them. People are starving in that area. Sir, I request you to kindly consider it because this is a very important matter in the rural area. It is not Calcutta.

Shri Deb Saran Ghosh:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে মুর্শিদাবাদ জেলায় খাদ্য পরিস্থিতি অত্যন্ত উদ্বেগ জনক অবস্থার সৃষ্টি হয়েছে। নিয়মিত মডিফায়েড রেশন পাওয়া যাচ্ছে না। মুর্শিদাবাদ এলাকা ডেফিসিট এলাকা এবং এখানে ইন্টার ডিষ্ট্রিক্ট করর্ডন আছে এবং জোনাল করডন আছে সেজন্য ধান চাল আসতে পারে না সেখানে। সেজন্য ধান চালের দাম ও অত্যন্ত বেড়ে গিয়েছে। এ সম্পর্কে বহু আবেদন নিবেদন করা হয়েছে কিন্তু এখন পর্যন্ত কোন প্রতিকার হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি অবিলম্বে আকর্ষণ করছি এবং যাতে তিনি তাড়াতাড়ি এর ব্যবস্থা করেন সেজন্য অনুরোধ জানাচ্ছি।

Calling attention to matters of urgent public importance.

Mr. Speaker: Hon'ble Minister-in-Charge of Labour Department, will please make a statement on the lay off in the Bengal Jute Mills.

Shri Bijoy Singh Nahar: In reply to the notice of the calling attention dated the 5th November, 1965, from Shri Girija Bhusan Mukherjee, re:—lay off in the Bengal Jute Mills, I am to state that Messrs. Bengal Jute Mills Co. Ltd., Shibpur, Howrah, laid off 1,780 workers with effect from 1st October 1965, on the alleged ground of mechanical break downs in the Batching Department. The Union of the Workmen raised a dispute under the Industrial Disputes Act, 1947, and the matter was taken up in conciliation. Efforts at settlement did not have the desired effect. A report under section 12(4) of the Industrial Disputes Act, 1947, has been received from the Conciliation Officer and the matter is now under the consideration of Government.

Mr. Speaker: I have received 11 notices of Calling attention on the following subjects:—

(1) Supersession of managing committees of secondary schools in Midnapore district—from Shri Ananga Mohan Das.

(2) Damages due to Pakistani air raid in West Bengal—from Shri Ananga Mohan Das.

(3) Lay off of workers in Shree Baidyanath Iron and Steel Co., Hooghly—from Shri Girija Bhusan Mukherjee.

(4) Hailstorms in Cooch Behar districts—from Shri Jiban Krishna Dey.

(5) Cancelling of ration cards etc. in the statutory rationing area of Howrah—from Shri Anadi Das.

(6) Stoppage of issuing of ration cards to the new applicants in the statutory rationing areas—from Shri Nikhil Das.

(7) Hailstorms in Cooch Behar districts—from Shri Sunil Basunia, Shri Amarendra Nath Roy Prodhan, Shri Sunil Das Gupta, Shri Kamal Kanti Guha and Shri Bijoy Kumar Roy.

(8) Defect in the boiler of Bandel Thermal Power Station—from Shri Sambhu Charan Ghosh.

(9) Opening of post-graduate and law classes in Mohsin College, Hooghly—from Shri Sambhu Charan Ghosh.

(10) High mortality of T.B.—from Dr. A. M. O. Ghani.

(11) Illegal closing down of factories of Medini Motor Repairing Works —from Shri Narayan Choubey.

I have selected the notice of Shri Nikhil Das on the subject of stoppage of issuing of ration cards to the new applicants in statutory rationing areas. Hon'ble Minister-in-charge will please make a statement or give a date for the same.

Shri Jagannath Kolay: The statement will be made on Thursday.

Shri Apurba Lal Majumdar:

স্যার, আমি একটা বিশেষ সাংঘাতিক এবং গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজ সকালে হাওড়া জেলার বাউরিয়া স্টেশনের উপর একটি মেয়েছেলেকে পুলিশ গুলি করে হত্যা করেছে। ঘটনাটা হলো আমি যতদূর সংগ্রহ করতে পেরেছি বাউরিয়া অঞ্চলে কিছুদিন ধরে খোলা বাজারে চাল পাওয়া যাচ্ছে না। এবং মডিফায়েড রেশনে ও গত দুই সপ্তাহে কেছু দেওয়া হয়নি এবং তার আগের সপ্তাহে মাথাপিছু মাত্র ২০০ গ্রাম করে চাল দেওয়া হয়েছিল। এই অসহনীয় অবস্থার মধ্যে কিছু কিছু মেয়েছেলে বাহিরে থেকে ট্রেনে করে বিশেষ করে মেদিনীপুর থেকে সামান্য কিছু চাল নিয়ে আসছিল। আজ সকাল বেলায় একটি মেয়েছেলে কয়েক কেজি চাল নিয়ে আসছিল পুলিশ তাকে তাড়া করে তখন সে পালিয়ে যাবার চেষ্টা করে তখন পুলিশ তাকে গুলি করে হত্যা করে। ফলে স্থানীয় লোক এবং ট্রেনের যাত্রীরা পুলিশের উপর আক্রমণ করে তখন পুলিশের তরফ থেকে একজন নিহত হয়। এবং আমি আরও শুনলাম পুলিশ নাকি আরও একজনকে হত্যা করেছে। এই ভাবে দুইজন লোককে পুলিশ হত্যা করে এবং স্বভাবতই এতে প্রবল উত্তেজনার সৃষ্টি হয়। স্যার, জনসাধারণ একদিকে চাল পাচ্ছে না এবং মডিফায়েড রেশনিং সেখানে সম্পূর্ণ ভেঙ্গে গিয়েছে। বাউরিয়া থানা কমপ্লিটলি ইন্ডাসট্রিয়াল এরিয়া এবং মডিফায়েড রেশনিং ভেঙ্গে পড়ায় সেখানকার লোকে চাল সংগ্রহ করতে পারছে না।

2-10—2-20 p.m.]

এইভাবে ৩।৪ কেজি চাল নিজেদের খাবার জন্য ট্রেনে করে নিয়ে আসে এবং পুলিশ যদি তাদের গুলি করে হত্যা করে তাহলে এর চেয়ে মর্মন্তুদ এবং বেদনাদায়ক ঘটনা আর কিছু

কল্পনা করা চলেনা। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়ের কাছে জবাব চাচ্ছি যে যেখানে মডিফায়েড র‍্যাশানিংএ চাল দিচ্ছেন না, লোকে চাল কিনতে বাধ্য হচ্ছে ব্ল্যাক মার্কেটে ২৷৷ টাকা কে সেখানে মেয়েরা যদি ২।৪ কেজি চাল বাইরে থেকে সংগ্রহ করে নিয়ে আসে ট্রেনে করে এব তাদের উপর যদি এই রকম বর্বরভাবে অত্যাচার করে গুলি করে হত্যা করা হয় তাহলে এ চেয়ে মর্মান্তিক ঘটনা আর কিছু নেই। আমি শুনেছি যে মেয়েটিকে গুলি করা হয়েছে তা বুকে এবং কোমরে গুলি লেগেছে এবং সঙ্গে সঙ্গে সে মারা গিয়েছে। মাননীয় অধ্য মহাশয়, এর চেয়ে বীভৎস আর কোন ঘটনা ঘটতে পারেনা। যেখানে ব্ল্যাক মার্কেটে হাজা হাজার মণ চাল লরি ভর্তি হয়ে চলে যায় সেখানে যদি সামান্য ২।৪ কেজি চাল মেয়েরা ট্রেনে করে আনতে বাধ্য হয় তাহলে সেখানে আমরা মনে করি কোন অপরাধ নেই। কিন্তু তা সত্ত্বে এই পুলিশ নির্মমভাবে তাদের উপর অত্যাচার করে গুলি চালিয়ে হত্যা করেছে সেখানকার জনসাধারণ এখন খুব উত্তেজিত, তারা আমার কাছে সকাল বেলা ছুটে আসে। এ মর্মন্তুদ দৃশ্যের সামনে দাঁড়িয়ে লোক হাহাকার করছে। পুলিশ এই রকমভাবে তাদের উপ গুলি চালিয়েছে। আমি এর জবাব চাই।

(হট্টগোল)

Shri Kamal Kanti Guha:

স্যার, কয়েকদিন আগেও নৈহাটিতে এই রকম একটা ঘটনা ঘটেছিল। একটা মেয়ে তার ছেলে সঙ্গে এক কেজি চাল সংগ্রহ করে নিয়ে ট্রেনে আসছিল এবং সে নাববার সঙ্গে সঙ্গে পুলি তাকে লাইনের দিকে তাড়া করে নিয়ে যায় এবং ট্রেনে কাটা পড়ে মারা যায়। আজকে বাউরিয়াতে এই রকম ঘটনা ঘটেছে। আগে নৈহাটিতে এই রকম ঘটনা ঘটেছে, কালকে আবার অন্য জায়গা এরকম ঘটবে। সেইজন্য, স্যার, আপনি চিফ মিনিস্টারকে এখানে আসতে বলুন, তিনি এ এই সম্বন্ধে জবাব দিন।

(হট্টগোল)

Shri Haridas Chakravarty:

স্যার, এখানে খগেনবাবু আছেন তাঁকে বলুন চিফ মিনিষ্টারকে ডেকে আনতে।

Mr. Speaker:

এইভাবে বললে হয়না। এর জন্য আপনারা প্রপার নোটিশ দেন, কোশ্চেন করুন এবং রেগুলা কোর্সে কলিং এ্যাটেনশন নোটিশ দেন।

Shri Somnath Lahiri:

স্পীকার মহাশয়, বিষয়টা যেভাবে উপস্থাপিত করা হয়েছে তাতে নোটিশ দিয়ে কবে তিনি জবাব দেবেন সেরকম বিষয়ে নয়, এখানে মন্ত্রী উপস্থিত তা নয়, তাঁরা এক্ষণি জবাব দিতে না পারেন কিন্তু একটা টাইম দিন যে এক ঘন্টার মধ্যে টেলিফোনে খোঁজ করে আনছি। হাওড়া বাউড়িয়া এমন কিছু দূর নয়, সেখানে লোক পাঠিয়ে বা টেলিফোনে খোঁজ নিয়ে এসে রিসেসে পরে আমাদের জবাব দিতে পারেন। ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক এবং বেদনাদায়ক

Shri Saila Kumar Mukherjee: Sir, the matter to which attention ha been drawn by Mr. Majumdar is certainly a very serious matter no doubt We have just now heard about it from Mr. Majumdar and I assure him tha I will immediately communicate it to the Chief Minister to make enquiries and, if possible, I will request the Chief Minister to make a statement, i possible, today, or tomorrow.

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার, স্যার, সারা বাংলাদেশের যে অবস্থা দাঁড়িয়েছে তাতে আমি শুধু আমাদে কুচবিহার জেলার দু একটা ঘটনা আপনার মাধ্যমে মন্ত্রীদের গোচরে আনছি। কুচবিহার জেলা

খাদ্যব্যবস্থা সম্বন্ধে গত কাল আমরা আলোচনা করেছি এবং তার উপরে আর একটা সাংঘাতিক ঘটনা সেখানে ঘটেছে সেটা হচ্ছে গত ৫।৬ তারিখে সেখানে এত শিলাবৃষ্টি এবং ঝড় হয়েছে যে সেখানকার সম্পূর্ণ ফসল নষ্ট হয়ে গিয়েছে। সেখান থেকে টেলিগ্রামের পর টেলিগ্রাম আমাদের কাছে আসছে এবং একটা চিঠি আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে পড়ে দিতে চাই। চিঠিটা এসেছে শ্রীসুনীল দাশগুপ্তের কাছে। চিঠিটা হচ্ছে, শনিবার ও রবিবার জমিতে যাইয়া যে দৃশ্য দেখিলাম তাহা ভাষায় বর্ণনা করা অসম্ভব। যে এলাকায় মধ্য দিয়া ঝড় বহিয়া গিয়াছে সেখানকার জমিতে একটি ধানগাছও জীবিত নাই, মনে হয় কেহ রোষে ধান গাছ ভাঙ্গিয়া দিয়া গিয়াছে। সরকারের লেভির আর প্রয়োজন নাই, ভগবানই সব লেভি করিয়া লইয়া গিয়াছেন। ঝড়টা পুন্ডিবাড়ী দিয়া খাগড়াবাড়ী সহ তুফানগঞ্জের দিকে চলিয়া গিয়াছে। তাহা ছাড়া কুচবিহারের দক্ষিণ পূর্বদিকেও প্রচুর ক্ষতি করিয়াছে। বিনোদের জমির ধান একটিও নাই। এই বিনোদের ৩০ বিঘা জমি আছে। আমার মনে হইতেছে আমি সর্বমোট ২।৩ মণ ধান পাইবো। জমিতে যাওয়া ছাড়িয়া দিয়াছি যে ধান আগামী ৩ ৪ দিনের মধ্যে কাটার ব্যবস্থা হইতেছিল সে ধান আর কাটিতে হইবেনা। কৃষককুল হায় হায় করিতেছে। আজ দেওয়ানহাটে ধানের দর ৫৮ টাকা গিয়াছে। এই অবস্থা সেখানে দাঁড়িয়েছে এবং সেখানে ঝড় বৃষ্টিতে সমস্ত ক্ষতি হয়ে গিয়েছে, কৃষকরা কাজ পাচ্ছেনা। সেখানে তাঁরা রিলিফের কি ব্যবস্থা করেছেন সেটা আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই এবং এই জন্য আমি একটা কলিং এ্যাটেনশন দিয়েছিলাম, আপনি সেটা এ্যালাউ করেননি। যাই হোক, স্যার, আমি আশা করি এখানে খগেনবাবু আছেন, তিনি কুচবিহারের এই অবস্থায় কি ব্যবস্থা অবলম্বন করছেন সে সম্বন্ধে উত্তর দেবেন। আর একটা কথা দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আপনি হাউসে অনেক সময় ধমক দেন আমরা যখন ঠিক আইনের বাইরে গিয়ে জনসাধারণের কথা বলি, কিন্তু মন্ত্রীরা আইন ছাড়া এর আগে কাজ করেছেন। কালকে হাউস বসবার আগে ক্যাবিনেট মিটিং হয়ে গিয়েছে, সেখানে লাস্ট ফর্টনাইট বাংলা দেশে ধান চালের দর মণ প্রতি কত ছিল তা নিয়ে আলোচনা করেছেন, সেটা আজকে পেপারে দেখলাম। কিন্তু স্যার, কালকে আমরা যখন এ সম্বন্ধে বলেছিলাম তখন খগেনবাবু বলেছিলেন আমরা খবর পাইনি। তিনি আমাদের কাছে তখন অসত্য কথা বলেছেন এইজন্য যে বসুমতী, হিন্দুস্থান স্ট্যান্ডার্ডে দেখলাম ক্যাবিনেট মিটিংএ তাঁরা কোন জেলায় কত দাম উঠেছে তা নিয়ে আলোচনা করেছেন। কুচবিহারে দীনহাটায় ২৷৷ টাকা, মাথাভাঙ্গায় ১:২৫, কুচবিহার সদরে১·৭০, ১:৮০ এই রকম দাম। অথচ কালকে আমরা যখন আলোচনা করেছিলাম তখন তিনি বললেন আমাদের কাছে এসে পৌঁছায়নি। এই রকম অসত্য, ধাপ্পাবাজী কথা যদি আমাদের সামনে রাখেন তাহলে হাউসের ডেকরাম আপনি কি করে রাখতে পারেন? আমরা এখানে এসে শুধু বসে থাকবো, সরকার বিল পাশ করিয়ে দেবার জন্য তা নয়, পাবলিকের কথা বলবার জন্য, তাদের সুখদুঃখ আলোচনা করবার জন্য আমরা এখানে এসেছি। সেই আলোচনা যখন আমরা করি তখন তাঁদের এতটুকু সৎসাহস নেই মেম্বারদের সামনে সত্য কথা বলার। তাঁরা সব সময় চালাকির দ্বারা সব জিনিষগুলি ঢেকে রাখবার চেষ্টা করেন: সেজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করবো যে মন্ত্রীরা যদি এইভাবে চলেন তাহলে আপনি হাউসের ডেকরাম হাতুড়ি পিটিয়ে বেশী দিন রাখতে পারবেন না।

Shri Monoranjan Roy:

মিঃ স্পীকার, স্যার, ভারত উলেন মিল বলে একটা কারখানা আছে যেখানে ডিফেন্সের জন্য কম্বল তৈরী হয়। অবশ্য এই ইমার্জেন্সির পূর্বে জনসাধারণ সেই কম্বল ব্যবহার করতো, এখন ডিফেন্সের জন্য কম্বল পাঠাতে হয়। ১৯৬২-৬৩ সালে সেই কারখানা একবার ব্যাপকভাবে শ্রমিক ছাটাই করে বন্ধ করে দিয়েছিল তখন ডিফেন্সের জন্য সাপ্লাই দিতো। কিন্তু দেখা গেল একটা নোটিশ দিয়ে ২৬৫ জন শ্রমিককে ছাটাই করেছেন এবং কারখানাকে বন্ধ করে দেবার ব্যবস্থা করেছেন এবং এরা নাকি জোয়ানদের জন্য কম্বল সাপ্লাই করতো। মালিক শ্রেণী দেশপ্রেমের কি রকম নমুনা দেখাচ্ছেন দেখুন। আমরা শুধু এটুকু জানতে চাই সরকার এটা সমস্ত মালিকের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করবেন কিনা? অ্যাসেমব্লীতে আমরা বহুবার

বলেছি যে মালিকরা কিভাবে জরুরী অবস্থায় এবং আমাদের ভারতবর্ষে যখন যুদ্ধ ছড়িয়ে পড়ে তখন তার সম্পূর্ণ সুযোগ তারা শ্রমিক শ্রেণীর উপর গ্রহণ করে এবং ঢাক পিটিয়ে বলেন দেখ আমাদের দেশপ্রেম। আমাদের শ্রমমন্ত্রী এখানে আছেন, আমি তাঁকে এই ঘটনাটা বলছি এবং এই রকম আরো বহু ঘটনা তাঁর দৃষ্টিতে এনেছি। মিঃ স্পীকার, স্যার, শ্রমমন্ত্রী এখানে আছেন—তিনি নিশ্চয় এ সম্বন্ধে কিছু বলবেন—তা নাহলে এইভাবেই কি চলবে—মালিকরা লেঅফ, লক আউট ছাটাই করে দেবে আর শ্রমিকরা তা মেনে নেবে?

[2-20—2-30 p.m.]

Mr. Speaker:

মিঃ রায় আপনি স্পেশাল পারমিশন নিয়ে গেছেন দৃষ্টি আকর্ষণ করবেন বলে—আপনি দৃষ্টি আকর্ষণ করেছেন; তার পরে আর আপনার কিছু বলা উচিত নয়।

Shri Cour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফৎ মুখ্যমন্ত্রী তথা খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের মুখ্যমন্ত্রী নদীয়া জেলা ঘুরে আসার পর থেকে আমাদের নদীয়া জেলা থেকে চাল উধাও হয়ে গেছে। আমরা আশা করেছিলাম যে খাদ্যমন্ত্রী যখন একটা বিবৃতি দিলেন একটা ফুড ডিবেট যখন হোল তখন অবস্থার উন্নতি হবে—কিন্তু উন্নতি হওয়া তো দূরের কথা—বরং দিনের পর দিন অবনতির দিকে চলেছে। সেখানে গ্রামাঞ্চলে ক্যাম্প কলোনীতে সম্পূর্ণ রেশন বন্ধ করে দেওয়া হয়েছে। সহরে অর্ধেক লোককে ৭০০ গ্রাম করে চাল দেওয়া হচ্ছে। বাজারে চাল পাওয়া যাচ্ছে না। দু টাকা কে জি দরে চাল বিক্রি হচ্ছে। এই বিষয়ে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে আমরা একটা ব্যবস্থা করবো—আমরা চাল পাঠাবো—কিন্তু তিনি কিছুই করেন নি। সেইজন্য এদিকে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার একটা পয়েন্ট অব প্রিভিলেজও আছে স্যার,.....

Mr. Speaker:

ওটা পরে হবে।

Shri Anadi Das:

স্যার, যে বিষয়টি বলবার জন্য সময় চেয়েছিলাম অপূর্ববাবু তা বলে দিয়েছেন—কিন্তু আমার একটু এ্যাডিসন আছে যে পুলিশ শেষ অবধি ঘুষ চেয়েছিল এবং ঘুষ দেওয়া হয় নি বলে তাকে তাড়া করে। এইভাবে করাপসন কত দূর গেছে দেখুন, স্যার।

Shri Narayan Choubey:

স্যার, আমি একটা এ্যাডজর্ণমেন্ট মোসন এনেছিলাম—

Mr. Speaker:

আপনি কেবল আরজেন্ট ম্যাটারটা বলে দিন।

Shri Narayan Choubey:

ওখানে স্যার একেবারে চাল পাওয়া যাচ্ছে না—১০ই অক্টোবর চাল নীল, ১৭ই চাল নীল, ২৪শে অক্টোবর মাত্র ২০০ গ্রাম চাল পার হেড—৩১শে অক্টোবর ২৫০ গ্রাম পার হেড এবং ৬ই নভেম্বর নো চাল নো চাল দেওয়া হচ্ছে না যাও দেওয়া হয়েছে ২০০ গ্রাম করে তা একেবারে অখাদ্য চাল—আমি এর নমুনা আপনার কাছে দিচ্ছি। এ সম্বন্ধে অবিলম্বে যদি ব্যবস্থা না করা যায় তাহলে ঐ রকম গুলি চলবে—এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Shri Panchu Gopal Bhaduri:

মিঃ স্পীকার স্যার, আমি একটা পয়েন্ট অব প্রিভিলেজ তুলতে চাচ্ছি। তা হচ্ছে এই যে সম্প্রতি আমাদের মুখ্য মন্ত্রী এসেম্বলী চলা কালীন এসেম্বলীতে খাদ্য সম্পর্কে নীতিগত কোন সিদ্ধান্ত হবার আগে তিনি অনেক উক্তি বাইরে করছেন যার পলেসিগত বেয়ারিং আছে। সম্প্রতি প্রায় তিন দিন আগে তাঁর কিছু কিছু নীতিগত বক্তৃতা বেরিয়েছে—আজও কিছু বেরিয়েছে—আমি প্রপ্রাইটি এবং অধিকার গত প্রশ্নের দিক থেকে একথা বলছি যে অতীতে বৃটিশ আমলে আমাদের এখানে একজন গভর্নর ছিলেন মিঃ কে সি; তাঁর নামই দেওয়া হয়েছিল বিবৃতি বিশারদ। বৃটিশ আমলে তার যে সমস্ত ক্ষমতা ছিল সে সম্বন্ধে তিনি বিবৃতি দিতেন এবং বিবৃতি দেওয়ার একটা ইচ্ছাও আমাদের বর্তমান মুখ্য মন্ত্রীর থাকতে পারে—কিন্তু এসেম্বলী চলার সময় নীতিগত দিক থেকে যে ফুড পলেসি আমরা এখনও ডিসাইড করি নি এ সম্পর্কে বাইরে বলায় এর দ্বারা আমাদের অধিকার ক্ষুণ্ণ হচ্ছে বলে আমি মনে করছি—এই বক্তব্য আমি আপনার কাছে রাখছি।

Shri Somnath Lahiri:

স্পীকার মহাশয়, মিষ্টার পাঁচুগোপাল ভাদুড়ী যে পয়েন্ট অব প্রিভিলেজ তুলেছেন সেটা আমি আপনার সামনে সমর্থন করছি। আপনি স্টেটসম্যান দেখলে দেখবেন যে

"Chief Minister Mr. P. C. Sen told reporters in Calcutta on Tuesday that the Union Government would provide the money needed to introduce complete State trading in pady and rice in West Bengal." "The State Government, Mr. Sen said, had decided to procure 1.5 million tonnes of rice. For this purpose an initial revolving capital of Rs. 70 crores would be necessary." "The success of State trading, the Chief Minister said, depended on equitable distribution of food to urban and rural people. State trading would be conducted generally on a "no loss no profit" basis. If circumstances permitted a little profit might be made by the State. The Government would ensure that people in the urban areas received a restricted quantity of cereals and those in rural areas, particularly non-producers, also got rice at a fair price" etc.

স্যার, আমার পয়েন্ট হচ্ছে—তিনি একটা পলেসি ষ্টেটমেন্ট করেছেন—অলমোষ্ট অন ফুড—ফুড প্রকিওরমেন্ট, ফুড রেশনিং, স্টেটট্রেডিং ইত্যাদি সম্বন্ধে সামনের বছরের। এটা একটা মেজর পলিসি স্টেটমেন্ট। আমাদের এখানে যখন বিজনেস অ্যাডভাইসরী কমিটিতে আলোচনা হয়েছিল তখন আমরা ঠিক করেছিলাম যে ইমিডিয়েট যতটুকু ততটুকুই আলোচনা হবে এখন—তারপরে ফুড মিনিস্টার তৈরী করে নিয়ে এসে হাউসের কাছে তিনি কি পলেসি নিতে যাচ্ছেন তা প্লেস করবেন এবং হাউস তা ডিসকাস করবে, তারপর পলেসি উইল বি এ্যালাউড। আপনি নিশ্চয় জানেন যে এই হচ্ছে বাঁধা প্রসিডিওর। এই নিয়ে পার্লামেন্টে বহু অকেশনে তুমুল ঝড় উঠেছে যে যদি কোনো মিনিস্টার হাউস চলাকালীন কোন পলেসি সংক্রান্ত ব্যাপারে বাইরে স্টেটমেন্ট দিয়ে আসেন তাহলে তারজন্য বহু বার রেপ্রিম্যান্ড করা হয়েছে স্পীকারের তরফ থেকে এবং গভর্নমেন্ট পক্ষ স্বীকার করে নিয়েছে। এটা হাউসের অধিকার যে হাউস চলা কালীন পলেসি সম্বন্ধে কোন বক্তব্য থাকলে

This must be placed first of all before the House.

তারপরে বাইরে বলা যেতে পারে। স্বাভাবিক দিক থেকে এটা খুবই যুক্তিসঙ্গত, কারণ হাউসে আলোচনা করে পলেসি ঠিক হলে তারপর পাবলিকের কাছে ঘোষণা করা উচিত অর্থাৎ একটা এ্যাকমপ্লিসড ফ্যাক্ট নিয়ে ফেট একমপ্লি করে আমাদের এখানে এসে ১৫ দিন পরে দয়া করে জানাবেন যে আমি এই লোককে বলে বেড়াচ্ছি এটা আমি ঠিক করে ফেলেছি তোমরা যা ইচ্ছা করতে পার তাতে শুধু যে মন্ত্রীত্ব ক্ষুণ্ণ হয় তা নয়, তার দ্বারা এই হাউসের ডিগনিটিও ক্ষুণ্ণ হয়। পার্লামেন্টে এ সম্বন্ধে প্রিসিডেন্ট আছে। কাজেই আমি বলবো যে

আমাদের চীফ মিনিস্টার আমাদের অধিকার ভঙ্গ করেছেন। সুতরাং এটার প্রিভিলেজের পয়েন্ট হিসাবে আপনার সামনে তুলছি এবং এটা একটা গুরুতর ব্যাপার, লাইট ব্যাপার নয়,। কারণ এর উপর আমাদের ভবিষ্যৎ নির্ভর করছে। সুতরাং আমি আপনাকে অনুরোধ করছি বিষয়টি ইন অল সিরিয়াসনেস বিবেচনা করে আপনি এ সম্বন্ধে রুলিং দেবেন।

Shri Nikhil Das:

স্যার, আমি একটা পয়েন্টের উপর বলতে চাই যে আমাদের এখানে ফুড ডিবেট হোল গত বৃহস্পতিবার এবং শুক্রবার। তার পরে আমাদের মুখ্যমন্ত্রী দিল্লীতে উড়ে চলে গেলেন সেখানে খাদ্য সম্পর্কে আলোচনা হবে। আমরা স্বাভাবত আশা করেছিলাম যে দিল্লী থেকে ফিরে এসে খাদ্য সম্পর্কে তিনি কি করে এলেন এবং ভবিষ্যতে খাদ্য নীতি কি হবে সেটা হাউস চলাকালীন বাইরে কিছু বলবেন না এবং আপনি একটা রিমার্ক করেছিলেন যে ফিউচারে ফুড পলিসি সম্পর্কে হাউস চলাকালীন হাউসের মেম্বারদের কাছে উনি বলবেন এবং এখন হাউস চলছে—সমস্ত খবরের কাগজ লিখছে তিনি ভবিষ্যতে কি করবেন সে সম্বন্ধে ফুড পলিসি কি হবে তা বলেছেন এবং কেন্দ্র থেকে ৭ কোটি টাকা পেয়েছেন তা দিয়ে ধান কিনবেন এই সব কথাগুলি বলেছেন। আমি আপনার কাছে যেটা বলতে চাই সেটা হচ্ছে যে হাউস চলাকালীন আপনি দেখছেন যে এই খাদ্য নিয়ে প্রতিদিনই কুচবিহার, ওয়েস্ট দিনাজপুর থেকে খড়গপুর থেকে বিভিন্ন দিক থেকে বলছেন যে লোকে খেতে পাচ্ছে না।

[2-30—2-40 p.m.]

অতএব একচুয়াল ক্রাইসিস এ বৎসর আছে সে সম্পর্কে কি করে এলেন কেন্দ্রের কাছ চাল পেলেন কি না পেলেন, গম কবে পাবেন এ সম্পর্কে বিবৃতি দেওয়া উচিত ছিল এবং আগামী বৎসরে খাদ্য সংকটের হাত থেকে পরিত্রাণ কি করে পেতে পারেন এ সম্পর্কে কোন নীতির কথা যদি বলেন হাউস চলাকালীন তাহলে ইট ইজ হিজ্ ইনকামবেন্ট ডিউটি। বাইরে রিপোর্টারদের ডেকে পাবলিসিটি নেবার জন্য বললেও সেটা হাউসের অমর্যাদার প্রশ্ন। আপনি বারবার বলেন হাউসের মর্যাদা ঠিকভাবে রাখতে পাচ্ছি না। আমাদের মনের জ্বালা আমরা জানি কারণ মানুষের সঙ্গে আমাদের মিশতে হয় স্টেট সেন্স-এ আপনি দেখুন এতে হাউসের মর্যাদা ঠিক থাকছে কিনা এবং এই হাউসের অমর্যাদা হচ্ছে কিনা। মুখ্যমন্ত্রী এ্যাসেম্বলী চলাকালীন কেন্দ্র থেকে ফিরে এসে খবরের কাগজে যে বিবৃতি দিয়েছেন খাদ্য নীতি সম্পর্কে এবং ভবিষ্যতে কি করবেন বলেছেন তাতে হাউসের অমর্যাদা করা হয়েছে এবং আমাদের অধিকার ভঙ্গ করা হয়েছে সুতরাং এ সম্পর্কে কি করণীয় তা করুন।

Shri Hemanta Kumar Basu:

স্যার, আমিও এদিকে দৃষ্টি আকর্ষণ করছি যে এর আগে গত সেসানে এ ব্যাপার নিয়ে আলোচনা হয়েছিল এবং আপনার কাছে একটা প্রিভিলেজের প্রশ্ন তুলেছিলাম তাতে আপনি বলেছিলেন ভবিষ্যতে আপনি দেখবেন। চীফ মিনিস্টারও এটা জানেন কিন্তু এটা জেনেও তিনি কেন এরূপ করলেন সেটা বুঝতে পারছি না। আমি বিশেষ ভাবে বলছি এতে নিশ্চই আমাদের হাউসের মর্যাদা ক্ষুণ্ণ হচ্ছে এবং এ বিষয়ে একটা ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ করছি।

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আমিও এই প্রিভিলেজ প্রশ্নের উপর কিছু বলতে চাই। আপনিও বলেন এবং আমরাও এটা জানি যে হাউসের ডিগনিটি এবং ডেকরাম এটা রাখা সকলের দরকার। ডিগনিটি এবং ডেকরাম এমন একটি ওয়ার্ড যে ওয়ার্ডের মানে করতে হলে অনেক ব্যাপক চিন্তাধারার প্রয়োজন। এটা কমনসেন্সের ব্যাপার, কিন্তু ওরা আনকমন লোক তাই ওরা আনকমন ডিগনিটি

এবং ডেকরাম দেখান। এই হাউসের যিনি লিডার—লিডার অব দি হাউস, হাউস যখন চলছে তখন তিনি সরকারের একটা

Police without he sanction of the Legislature.

বাইরের লোকেদের কাছে বললেন, এর দ্বারা তিনি হাউসের ডিসেন্সি এবং ডেকরাম এবং প্রপাইটিস লংঘন করলেন। এ সম্বন্ধে আপনিও বলেছেন অথচ আজ এ রকম জিনিস চলছে। হাউসকে খুব একটা স্ক্যান্টি রেসপেক্ট দেওয়া হচ্ছে। পার্টি ইন পাওয়ার যারা ট্রেজারী বেঞ্চে আছেন তারা হাউসকে কম রেসপেক্ট দেন এটা কি ডিসেন্সি এবং ডেকরামের পক্ষে শুভকর? কাজেই এরূপ অবস্থা যদি চলতে দেওয়া হয় তাহলে ডেমক্রেসী খতম হয়ে যাবে। আপনারা তো ডেমক্রেসী খতম করবার জন্য বসে আছেন। কিন্তু আমরা ডেমক্রেসীকে খতম হতে দেব না। আপনি মুখ্যমন্ত্রীকে ডেকে পাঠিয়ে হাউসের কাছে ক্ষমা চাওয়ান। মুখ্যমন্ত্রীর এতবড় ধৃষ্টতা আপনি কি করে সহ্য করছেন সেটা আমি আপনার কাছে সবিনয় নিবেদন করছি। জেলায় জেলায় বক্তৃতা হচ্ছে আর এখানে বড় বড় কথা বলা হচ্ছে, নানা রকম প্ল্যান-এর কথা বলা হচ্ছে। বাইরে সাংবাদিকদের ডেকে নানা রকম সরকারী প্ল্যান-এর কথা বলা হচ্ছে এবং আমরা খবরের কাগজ দেখে সরকারী নীতি কি তা বুঝতে পাচ্ছি এত বড় একটা ব্যাভিচার পার্লামেন্টারী ডেমক্রেসীর পক্ষে অশোভন। সেজন্য আমি বলছি লিডার অফ দি হাউস যিনি হাউসকে অপমান করেছেন আপনি তাকে ডেকে পাঠিয়ে ক্ষমা চাওয়ান।

Shri Gour Chandra Kundu:

মাননীয় স্পীকার মহাশয়, যখন আমাদের এই সেসান আরম্ভ হয় তখন মুখ্যমন্ত্রী বলেছিলেন যে তিনি আমাদের খাদ্য সম্বন্ধে বলবেন। আমাদের ফুড ডিবেট হয়েছিল তাতে তিনি বলেছিলেন ৫ একর-এর বেশী যাদের জমি আছে তাদের কাছ থেকে প্রকিওর করা হবে। কিন্তু তিনি অ্যাসেম্বলি চলাকালীন সময়ে এই সম্পর্কে আমাদের কোন বিবৃতি দিলেন না এবং ফুড ডিবেট যখন আরম্ভ হয় তখনও তিনি বলেছিলেন এই সম্পর্কে একটা বিবৃতি দেবেন। আজ আমরা দেখছি তিনি খবরের কাগজে একটা ফুড পলিসি সম্বন্ধে বিবৃতি দিয়েছেন। এই ভাবে তিনি হাউসকে অবমাননা করেছেন। এটাই হচ্ছে আমাদের একটা পয়েন্ট অফ প্রিভিলেজ। আমরা নিবেদন করবো আপনি এটা প্রিভিলেজ কমিটিতে দিন।

Chief Minister's policy-statement to the Press

Shri Bijoy Kumar Banerjee:

মাননীয় স্পীকার, স্যার, খাদ্যনীতি নিয়ে রেজোলিউসন হচ্ছে। খবরের কাগজে এটা লিখেছে কোথায় কি হবে। মুখ্যমন্ত্রী আমাদের বলেছেন গত বৎসরের কথা। কাগজে সেটা বলেছেন সেটা আগামী বৎসরের কোথায় কি হবে। আমি এখানে জিজ্ঞাসা করছি গণতান্ত্রিক কথা এখানে অনেকেই বলেন। এত বড় বাজে কথা আর নেই। আমরা আমাদের অভিজ্ঞতা থেকে দেখছি যে এখানে গণতন্ত্র কোথায়? আপনারা বলুন, আর দৃষ্টি আকর্ষণ করা হল তা হলেই হয়ে গেল। লোক খেতে পাচ্ছে না এই কথা বলে বললে সবই ধামাচাপা পড়ে গেল। আপনি স্যার এসব আমাদের বুঝিয়ে দিন কি ভাবে কি হবে।

Mr. Speaker:

তাহলে আমাকে কি স্কুল খুলতে হবে? আপনারা বই পড়ে বুঝে নিন।

Shri Bijoy Kumar Banerjee:

আপনি স্পীকার, আপনার একটা রাইটস আছে। আপনি এটা দেখুন এবং একটা ব্যবস্থা করুন। আমরা স্যার পণ্ডিত নই যে আমাদের সবই জানতে হবে। আমরা জানি আপনাদের আইনে ক্ষমতা আছে এবং আমাদের কন্সটিটিউসানে এটা নেই যে হাউস চলাকালীন মুখ্যমন্ত্রী এটা মানতে বাধ্য। যদি এই কথাই হয় তাহলে সেটা সাংঘাতিক কথা। আমি আজকে দেখছি

খবরের কাগজ থাকলেই হল, ছবি উঠলেই হল। মুখ্যমন্ত্রী একটা ষ্টেটমেন্ট দিলেন সেটা ছাপা হল এইভাবে এটা ছেড়ে দিলে হবে না আপনার যে অধিকার আছে তাতে আপনাকে রুলিং দিতে হবে। আপনি রুলিং দিলে তবে আমরা বুঝবো। আপনি এ ব্যাপারে একটা রুলিং দেবেন এটা আমাদের সকলের অনুরোধ, আপনি এই আশ্বাস আমাদের দিন।

Mr. Speaker: I have heard all the Hon'ble Members on the matter just now spoken on by them. I do not exactly know what the statement is, that has been made by the Hon'ble Chief Minister and whether such statement of his is a statement of policy on food. However, I may inform the honourable Members that I had already stated on previous occasions that when the House is in Session, the House should first be taken into confidence by the Hon'ble Ministers regarding any policy that they intend to adopt. In any event, this does not amount to, or, involve, a matter which has been taken as a point of privilege.

Shri Nani Bhattacharjee:

আপনি যুক্তি দিয়েছেন যে খবরের কাগজে কি বেরিয়েছে তা দেখেন নি। আর খবরের কাগজে যেটা বেরিয়েছে তা মুখ্যমন্ত্রী দিয়ে থাকলে সেটা কি ভুল?

Mr. Speaker:

খবরের কাগজে দিয়ে থাকলে সেটা ফুড পলিসি কি করে বুঝবো। তবে যদি তিনি বলে থাকেন তাহলে আমি বলবো ফুড পলিসি সম্বন্ধে তাঁর হাউসে বলা উচিত ছিল।

[2-40—2-50 p.m.]

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহোদয়, যদি ঐ খবরের কাগজ পড়ে আপনি বিবেচনা করে, মনে করেন, এবং হাউসের অন্যান্য মেম্বররা সবাই মনে করেন যে হ্যাঁ, এটা ফুড পলিসির উপর ষ্টেটমেন্ট, তাহলে আপনি চিফ মিনিষ্টারকে ডেকে পাঠান, তিনি আসুন এখানে, এবং তিনি এটা কন্ট্রাডিক্ট করুন, তিনি বলুন এটা, যে না, আমি খবরের কাগজে যা বলেছি, এটা সামনের বছরের ফুড পলিসি সংক্রান্ত ব্যাপারে কিছু বলিনি, অথবা তিনি এটা বলুন যে কাগজের এসব কথা কিছু বলিনি। অবশ্য তাঁর এসব বলার অভ্যাস আছে। কাগজে তিনি বলেছেন এক কথা, এখানে এসে বলেছেন না, আমি তা বলিনি। সেইজন্য স্পীকার স্যার, আজকে ঐ ষ্টেটমেন্ট এবং অন্যান্য কাগজগুলি, বসুমতী থেকে আরম্ভ করে যত কাগজ আছে, আনন্দবাজার পত্রিকা, যুগান্তর, হিন্দুস্থান ষ্ট্যান্ডার্ড, অমৃতবাজার পত্রিকা আপনার কাছে দেওয়া যাচ্ছে, আপনি দেখুন। আপনি চিফ মিনিষ্টারকে ডেকে পাঠান। এটা যদি নূতন ঘটনা হত, তাহলে বলার কিছু ছিল না। এর আগে আপনার নির্দেশ বহুবার অমান্য হয়েছে, আমরা দেখেছি। বহুবার আপনার নির্দেশ থাকা সত্ত্বেও, আজকে দেখা যাচ্ছে যে তিনি দিল্লী থেকে এসেই, এই হাউসকে কোন কনফিডেন্স-এ না নিয়ে, তিনি তাঁর ফুড পলিসির ষ্টেটমেন্ট বাইরে পাবলিশ করে দিয়েছেন। সুতরাং আপনি তাঁকে ডেকে পাঠান এবং জেনে নিন যে খবরের কাগজের প্রতিষ্ঠানদের কাছে গতকাল তিনি যে ষ্টেটমেন্ট দিয়েছেন সেটা তাঁদের ফুড পলিসি সংক্রান্ত ব্যাপার কি না? এবং সেটা সিওর হয়ে নিয়ে, আপনি এটা দেখুন ঠিক কিনা! এবং আপনি সেদিকে তাকিয়ে আপনার রুলিং পুনর্বিবেচনা করবার জন্য আপনাকে অনুরোধ করছি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহোদয়, আমাদের কাছে যেটা দাঁড়িয়েছে, সেটা হচ্ছে বাংলাদেশের সমস্ত কাগজ, তারাও নিশ্চয় মিথ্যা কথা লেখেনি, তারা কেন মিথ্যা কথা লিখতে যাবে? কাজেই সেট'র সম্বন্ধে, সেই কাগজের খবরটা সামনে রেখে তা আপনিও পড়েছেন, তাতে বোঝা যাচ্ছে

যে, তিনি প্রেস কনফারেন্সে বলেছেন যে এই ফুড পলিসি আমাদের হবে। তারপর এটাও আপনি দেখুন, যে এতগুলি কাগজ তারা কি মিথ্যা কথা বলছে?

দ্বিতীয় নম্বর হল, হোয়েদার হিজ স্টেটমেন্ট ইজ এ পলিসি স্টেটমেন্ট অর নট, সেটা টেকনিক্যালি না দেখে, হোয়েদার দ্যাট কনটেইন্স দি পলিসি অফ দি গভর্নমেন্ট, এটা এর মধ্যে আছে কিনা আপনি দেখবেন, এবং এটা দেখবার পর, আপনাকে তৃতীয় জিনিষ দেখতে হবে যে চিফ্ মিনিষ্টার এর আগে, তিনি ঠিক এইভাবে হাউসকে ফ্লাউট করবার জন্য আপনি তাঁকে এর আগে বলেছিলেন, আপনার বলা সত্ত্বেও, তারপরেও যদি আপনার নির্দেশ না মেনে থাকেন; তাহলে আপনার নিশ্চয়ই কিছু করণীয় আছে। এটা শুধু আপনার ডিগনিটির প্রশ্ন নয়, আমাদের ডিগনিটি, হোল হাউস-এর ডিগনিটির প্রশ্ন, আমাদের ডেমোক্রেসী, গণতন্ত্র সম্মত সমস্ত কাঠামোর ডিগনিটি। স্যার, এদিক থেকে আপনি শুধু একটা ওপিনিয়ন দেবেন, আর চিফ মিনিস্টার ওখানে বসে থাকবেন, কেবল আমরা শুনবো, এটা আমাদের কাছে খুব ভাল মনে হয় না।

আপনার কাছে আমার সাবমিসন হচ্ছে, আমরা এই রকম একটা অভিযোগ নিয়ে এসেছি, চিফ মিনিষ্টার এখানে উপস্থিত আছেন, আপনি তাঁকে ডেকে পাঠান, এবং ডাকবার পর তিনি যদি বলেন যে খবরের কাগজের খবর সব ভুল, মিথ্যা, তাহলে আপনি এক রকম ভাবে ডিল করুন। তিনি এখানে বসে আছেন, অথচ তিনি আসবেন না, আমরা এতগুলি অনারেবল মেম্বার, আমরা একটা কথা বলছি, আমাদের কথার কোন ভ্যালু হবে না। খবরের কাগজগুলি, তারা খুব রেসপনসিবল পেপারস, তারা যে সব খবর ছাপছে, সেগুলি সব মিথ্যা প্রমাণিত হবে; এ রকম একটা প্রস্তাব, আপনি নিশ্চয় কল্পনা করতে পারেন না। সেইজন্য আমি বলছি আপনি চিফ মিনিষ্টারকে ডাকুন, আপনারও যে ক্ষমতা আছে, সে ক্ষমতা আপনি প্রয়োগ করছেন না কেন?

Shri Panchu Copal Bhaduri:

মাননীয় স্পীকার মহাশয়, একটু আগে যখন আপনার বক্তব্য আমাদের কাছে রাখলেন, তখন বুঝলাম আপনিও খুব বিক্ষুব্ধ এ জন্য। আপনি এর আগে স্পষ্টভাবে ডিসিসান দিয়ে সমস্ত হাউসকে জানিয়েছেন, বিভিন্ন পার্টী লীডারকেও জানিয়েছেন যে এই হাউস চলাকালীন কোন পলিসির ব্যাপারে প্রথম এখানে আলোচনা হবে, বাইরে যেন প্রথম সে সম্বন্ধে কোন বিবৃতি দেওয়া না হয়। আপনার বক্তব্যে বিক্ষোভ ছাড়াও একটা অসহায় ভাব আমরা লক্ষ্য করলাম। আপনি শুধুমাত্র বলেছেন আগে যে ডিসিসান করেছেন, তা এখনও চলছে এবং চলবে এটা জানিয়েই আপনি নিশ্চিন্ত হচ্ছেন। এখন এই জিনিষটা সত্যি সত্যি একটি অধিকার গত প্রশ্ন হিসেবে আসতে পারে কি না, শুধু খবরের কাগজে বিবৃতি দেওয়া হয়েছে কি না—এইরূপ বেনিফিট অফ ডাউট দিয়ে চীফ মিনিস্টারকে ছেড়ে দেওয়া যায় না। খবরের কাগজে বেরুবার পর সেটা প্লেস্ড ডকুমেন্ট; সেই ডকুমেন্ট-এর ভিত্তিতে আপনাকে চলতে হবে, প্রসিড করতে হবে।

Shri Somnath Lahiri:

মাননীয় স্পীকার মহাশয়, আপনি অভিযোগ সম্পর্কে যে রুলিং দিয়েছেন, সেই রুলিং মাত্র একটা পার্ট কভার করেছে। অভিযোগের আর একটা পার্ট সম্বন্ধে আপনি রুলিং দেন নাই। সেটা হচ্ছে চীফ মিনিষ্টার কোন ষ্টেটমেন্ট পলিসি সম্পর্কে দিলে আগে তা হাউসে দেওয়া উচিত। যে বিষয়ে মত দিয়েছেন, সে মত চাই না। আপনার কাছে একটা ডেফিনিট মত চাই যেটা সাবস্ট্যান্সিয়েটেড বাই এভিডেন্স, সেই স্টেটসম্যান পত্রিকার লার্জ এক্‌র্পার্ট পড়ে আপনাকে শুনিয়েছেন, সেই ষ্টেটসম্যান কাগজখানা আপনার কাছে দাখিল করেছে যে একথা চীফ মিনিস্টার বলেছে বলে রিপোর্টেড হয়েছে। যখন এ্যাকসেপ্ট কপি অফ দি স্টেটসম্যান রিপোর্ট সেটা আপনার কাছে দাখিল করা হয়েছে, প্লেস্ড হয়েছে, তখন আপনাকে নিশ্চয়ই বিবেচনা করতে হবে যদি কাগজে সেই ষ্টেটমেন্ট করা হয়ে থাকে তাহলে হাউসের অধিকার তার দ্বারা ক্ষুণ্ণ হয়েছে কি না! এ সম্বন্ধে আপনাকে আর প্রমাণ করতে হবে না। নিশ্চয়ই

চীফ মিনিষ্টার ঐ ষ্টেটমেন্ট করেছেন। আমার বলবার গ্রাউন্ড হলো চীফ মিনিষ্টার এই ষ্টেটমেন্ট করেছেন। যেহেতু খবরের কাগজে বেরিয়েছে, আমাদের বলবার অধিকার রয়েছে এটা ফ্যাক্ট; সেই এভিডেন্স-এর ভিত্তিতে বলতে হবে যে চীফ মিনিষ্টার এই ষ্টেটমেন্ট করেছেন, যা এ্যাপারেন্টলি মনে হচ্ছে তিনি করেছেন বিকজ দি নিউজ পেপারস রোট টু দ্যাট এফেক্ট। তাহলে চীফ্ মিনিষ্টার এই হাউসের অধিকার ভঙ্গ করেছেন। আপনি যদি তাই ইমিডিয়েটলি মনে করেন চীফ মিনিষ্টারকে ডেকে বলতে পারেন হোয়েদার হি হ্যাজ মেড দি ষ্টেটমেন্ট অর নট। এই দুটো অভিযোগ সম্পর্কে আপনি স্টেপ না নিলে, আপনি আমাদের অভির্যোগের প্রধান অংশ এড়িয়ে যাবেন এই দাঁড়াবে পজিসন। সেইজন্য আপনাকে বলবো যেহেতু ইউ হ্যাভ বিন পোস্টেড উইথ দি ফ্যাক্টস এবং উই হ্যাভ সাপ্লায়েড দি নেসেসারি ফ্যাক্টস টু প্রুভ আওয়ার কেস। সুতরাং আপনাকে রায় এই হিসেবে দিতে হবে যে নিয়ম পালন করা উচিত বলে আপনি মনে করেন এই পার্টিকুলার ক্ষেত্রে দ্যাট দি রিপোর্ট এ্যাজ রিপোর্টেড ইন দি নিউজ পেপারস, সেই নিয়ম ভঙ্গ হয়েছে কি না? সেই হিসেবে আপনার রায় দিতে হবে। রায়ে সেই অংশ সম্পূর্ণ করেন নাই। সেইজন্য আমার আবেদন আপনার রায়ের শেষ অংশ আমাদের জানান।

Shri Nikhil Das:

স্যার, আপনি বলেছেন পলিসী ষ্টেটমেন্ট এসেম্বলী চলাকালীন বাইরে করা উচিত নয়। আমরা যে ফ্যাক্টস দিচ্ছি, তাতে দেখা যাচ্ছে বাইরে তিনি পলিসি ষ্টেটমেন্ট করেছেন, দেখা যাচ্ছে বার বার আপনি রুলিং দিচ্ছেন যে হাউস চলাকালীন ফুড সম্পর্কে বাইরে কোন পলিসি ষ্টেটমেন্ট দেওয়া চলবে না। বার বার এই নির্দেশ মুখ্যমন্ত্রী ভঙ্গ করছেন। হাউসের এই নির্দেশ বার বার মুখ্যমন্ত্রীকে দেওয়া হচ্ছে যে হাউস চলাকালীন পলিসি ষ্টেটমেন্ট তিনি বাইরে করতে পারবেন না। সেই নির্দেশ তিনি বার বার অমান্য করছেন, কেয়ার করছেন না। ফ্যাক্টস হচ্ছে আপনার নির্দেশ যদি মুখ্যমন্ত্রী বার বার অমান্য করেন এবং এইরকম অবস্থায় টেনে নিয়ে যান হাউসের নির্দেশ যা আপনার নির্দেশ, তাহলে এর প্রতিকারের পথটা কী? এইভাবে যদি মুখ্যমন্ত্রী বলেন তাহলে এই হাউস চলার আর কী দরকার? আমাদের কাছে কী পথ আর খোলা থাকে? আপনার কাছে সেই প্রশ্নটা তুলে ধরতে চাই। মুখ্যমন্ত্রী বার বার আপনার নির্দেশ অমান্য করে বার বার ফুড পলিসি সম্পর্কে ষ্টেটমেন্ট করছেন। এর ফলে যে জায়গায় আপনাকে তিনি নিয়ে চলেছেন, সেই জায়গা থেকে আপনি এসেম্বলীকে রক্ষা করুন। ফালতু কথা বলার দায়িত্ব অনেকখানি বেশী আছে। সেদিক থেকে আবেদন করবো মুখ্যমন্ত্রী যদি আপনার সেই নির্দেশ না মানেন, আপনার রুলিং না মানেন, তাহলে এর প্রতিবাদ আমরা কী ভাবে করতে পারি? সেই প্রতিবাদ করবার পথ কী? তিনি এই যে ষ্টেটমেন্ট করেছেন এটা যদি আপনি হাউসের প্রিভিলেজ কমিটীতে দিয়ে দেন, তাহলে এর বিচার সেখানে হয়ে যাবে। এই বিষয়টা হাউসের প্রিভিলেজ কমিটির কাছে দিয়ে দিন এবং সেখানে তাঁকে ডাকুন এবং সেখানে যদি তিনি বলেন যে তিনি ষ্টেটমেন্ট করেন নি তাহলে আমরা কাগজের রিপোর্টকে ভুল বলতে পারব। কিন্তু স্যার, আপনি এখানে শুনেছেন যে তিনি বলেছেন যে তিনি কোন মন্ত্রীর সঙ্গে আলোচনা করেন না, এমন কি কারো সংগে তিনি আলোচনা করেন না। স্যার, তার এই দাম্ভিকতা এতদূর পর্যন্ত পৌঁছেছে যে তিনি এ্যাসেম্বলীর স্পীকারকেও মানেন না। তাকে শক্ত হাতে ধরে শায়েস্তা না করতে পারলে হবে না।

[2-50—3 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

আপনি যে রুলিং দিয়েছেন সেটা অত্যন্ত ক্লিয়ার রুলিং, আপনি বলেছেন হাউস চলাকালীন হাউসে ষ্টেটমেন্ট করতে হবে। আমাদের ডেফিনিট চার্জ হচ্ছে যে সে ভাবে কাজ হয়নি। স্যার, আপনি ওকে ডেকে নিয়ে আসুন এবং ওকে জিজ্ঞাসা করুন তা না হলে আপনার রুলিং-এর কোন মানে হয় না। এবং তাকে বলুন যে তার বক্তব্য এখানেই রাখতে হবে তা নাহলে আপনার রুলিং-এর কোন ভ্যালু থাকে না।

Shri Monoranjan Roy:

স্যার, আমি একটু বলতে চাই।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে দু-একটি কথা নিবেদন করতে চাই। আপনি যে রুলিং দিলেন আমার নিজের মনে হচ্ছে তাতে আপনি মূল প্রশ্নের ডিসিসান দেননি বা এড়িয়ে গেলেন। আমি একটা প্রিসিডেন্ট বা নজীর উল্লেখ করতে পারি। মাননীয় শৈলকুমার মুখার্জি মহাশয় ১৯৬২ সালের নির্বাচনের পর তখন তিনি লোকাল সেল্ফ গভর্নমেন্ট-এর মিনিষ্টার ইন-চার্জ ছিলেন তখন কলকাতায় কলেরা এপিডেমিক ফর্ম-এ দেখা দিয়েছিল—এই সম্পর্কে তিনি হাউসে একরকম ষ্টেটমেন্ট করলেন এবং বাইরে আরেক রকম ষ্টেটমেন্ট করলেন। আমি তখন এই সম্বন্ধে একটা প্রিভিলেজ-এর প্রশ্ন তুলেছিলাম, এবং তখন আপনি কাগজ পড়ে আপনার ডিসিসান দিয়েছিলেন এবং তাতে আপনি বলেছিলেন

whether the statement made by the Hon'ble Minister appearing in the Press amounts really to making a statement of policy

এখানে প্রশ্ন হচ্ছে, কাগজে যে বিবৃতি বেরিয়েছে তার উপর আপনি কোন রায় দিলেন না, আপনি শুধু এই বলে গেলেন যে বাইরে যদি কোন মন্ত্রী হাউস চলাকালে কোন ষ্টেটমেন্ট করে থাকেন তাহলে সেটা হবে অন্যায় এবং অশোভন। একটা ইনস্ট্যান্স আপনার সামনে রাখা হয়েছে মুখ্যমন্ত্রীর নামে, আপনি জানেন, মাননীয় স্পীকার মহাশয়, সংবাদপত্রগুলি মুখ্যমন্ত্রীর হয়ে কি রকম উকালতি করছেন। আমরা কাগজে পড়ছি, অধ্যক্ষ মহাশয়, পাকিস্থানের সংগে ভারতবর্ষের যে সংগ্রাম সেটা নাকি আদর্শের সংগ্রাম, কন্ট্রোল্ড প্রেস বনাম ফ্রি প্রেস-এর সংগ্রাম। এখানে আমরা যা দেখছি তাতে গভর্নমেন্ট কন্ট্রোল্ড প্রেস, এখানে ফ্রি প্রেস একেবারে নাই। এখানে জার্নালিষ্টদের ফ্রিডম কোথায়? এবং মুখ্যমন্ত্রী যে সমস্ত ভাষণ দিচ্ছেন কাগজে সেগুলিই ফলাও হয়ে বের হচ্ছে। আমি এর টেকনিকাল এ্যাসপেক্ট-এর কথা ছেড়ে দিলাম। এই হাউসের স্পিকার হিসাবে আপনি অপোজিসন পার্টিই হোক আর রুলিং পার্টিই হোক, তাদের মেম্বারদের সাসেপ্টিবিলিটি-এর প্রতি রেসপেক্ট তো আপনি দেবেন। হাউসের এতগুলি সদস্য মনেপ্রাণে ক্ষুণ্ন হয়েছেন, ক্ষুব্ধ হয়েছেন, এই জন্য যে

the Chief Minister is treating the House very lightly and very shabbily

কিন্তু এই অভিযোগের কোন জবাব আসেনি। সেজন্য আমি বলছি মুখ্যমন্ত্রী যদি হাউসে না আসেন তবে আমরা কিছুতেই স্যাটিসফায়েড হব না। রুলিং পার্টি হয়তো ভাবছেন এটা খেলার ব্যাপার। কিন্তু, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের একটা সাংবিধানিক দায়িত্ব আছে। স্যার, আমার জেলা নদীয়া জেলা বোর্ড এসোসিয়েসন-এর চেয়ারম্যান—তিনি বহু দিন গভর্নমেন্ট প্লিডার ছিলেন তাঁরা আমার কাছে একটা চিঠি পাঠিয়েছেন, তাতে ওঁরা বলছেন যে ফুড পজিশন ইন নদিয়া ইজ এ্যাপিলিং। নবদ্বীপ ও রাণাঘাটের এই একই অবস্থা। গয়েশপুর কলোনী থেকেও আমি অনুরূপ টেলিগ্রাম পেয়েছি। বসিরহাট বার এসোসিয়েশন জানিয়েছেন আমাকে এক টেলিগ্রাম মাধ্যমে ওখানকার খাদ্যাবস্থা ভয়াবহ। তাই আমি বলতে চাচ্ছি, মুখ্যমন্ত্রীর এই রকম সব ষ্টেটমেন্ট করার ফলে গ্রামের লোকের মনে প্যানিক আসতে পারে। রবিশস্য ফলন বর্জিত হওয়া দরের কথা, আমার আশংকা হচ্ছে লোকে মাঠ ফেলে রাখবে, চাষ করবে না। অধ্যক্ষ মহাশয় সেভিয়েট রাশিয়ায় এরকম হয়েছিল, কুলক এবং চাষীরা বলেছিল আমাদের জন্তুজানোয়ার যা আছে সব আমরা নষ্ট করে দেব আমরা এক ছটাক জমিতেও খাদ্য-তৈরী করব না তারা মঠের ফসল নষ্ট করে দিয়েছিলেন। রুশ দেশে এক অভাবনীয় সংকট দেখা দেয়। এর ফলেই লেলিন তাঁর নিউ ইকনমিক পলিসি ইন্ট্রোডিউস্‌ড করতে বাধ্য হয়েছিলেন। তাই আজকে সরকারকে ভাবতে হবে, এটা খেলার জিনিষ নয়। দিল্লী থেকে ফিরে এসে মুখ্যমন্ত্রী রাইটার্স বিল্ডিং-এ বসে ফলন বাড়াচ্ছেন কিন্তু আমি তাঁকে বলে দিতে চাই, দোয়াতের কালি দিয়ে সেচও হবে না, কলমের লাঙ্গল দিয়ে চাষও হবে না। আমাদের দেশের চাষীদেরও একটা সাসেপ্টিবিলিটি রয়েছে এবং তাদের মনে ভয় ও আশংকা ঢুকে গিয়েছে

এসব দায়িত্বহীন উক্তির ফলে। তাই আমি বলছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রীকে এই হাউসে এসে জবাব দিতে হবে, তা নাহলে আমরা কিছুতেই সন্তুষ্ট হতে পারব না। আমরা দেখতে চাই মুখ্যমন্ত্রী এই হাউসের সম্মান দেবেন কি না, এবং মুখ্যমন্ত্রী যতক্ষণ না হাউসের কাছে ষ্টেটমেন্ট করছেন আমরা কিছুতেই সন্তুষ্ট হব না। মুখ্যমন্ত্রী না আসা পর্যন্ত আপনি হাউস এডজোর্ন করে দিন। আপনি জানেন এই সেদিন পার্লামেন্টে ইণ্ডাস্ট্রিয়াল এগ্রিমেন্ট সম্পর্কে কংগ্রেস পার্টি বলেছিল আমরা এটা হাউসের কাছে রাখব না। কিন্তু কিছুদিন আগে লোকসভায় মাননীয় স্পীকার সর্দার হুকুম সিং এই সিদ্ধান্ত নিয়েছিলেন যে ইণ্ডাস ওয়াটার ট্রিটি এগ্রিমেন্ট সম্পর্কিত সরকারী বক্তব্য হাউসের কাছে রাখতে হবে। স্পীকার হিসাবে, অধ্যক্ষ মহাশয়, বিচার করতে হবে; আফটার অল, আপনিও একজন নাগরিক। এতজন মেম্বারস ক্ষুব্ধ হয়েছেন, কিন্তু তাঁরা কোন আন-রিজনেবল কথা বলেন নি। মুখ্যমন্ত্রী যদি হাউসে এসে বলেন কাগজে যা প্রকাশিত হয়েছে তা সত্য নয়, তাহলে কাগজের বিরুদ্ধে মিথ্যা গুজব বা অসত্য রটনার জন্য সরকার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারেন। কাগজে এবং রেডিওতে তাঁর বক্তব্য প্রকাশিত ও প্রচারিত হয়েছে আর এখানে ওঁরা বলছেন আমরা এটা মিন করিনি। তাই যদি হয় তাহলে আমরা কাগজের বিরুদ্ধে প্রসিড করতে প্রস্তুত আছি। শেষবারের মত বলছি, মুখ্যমন্ত্রী না এলে কোন আলোচনা চলা উচিৎ নয়।

[3—3-10 p.m.]

Shri Monoranjan Roy:

মাননীয় স্পীকার মহাশয়, মুখ্যমন্ত্রী এখন এখানে আছেন, আপনার বক্তব্য তার কানে পৌঁছেছে, আপনি বলেছেন তিনি এখানে এসে হ্যাঁ বা না একটা কিছু বলতে পারতেন। তিনি দিল্লীতে গেলেন এবং সেখানে খাদ্য সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সংগে আলোচনা করলেন। এবং ফিরে এসে রাইটার্স বিল্ডিং-এ বসে তার বুরোক্রেসী আমলাদের নিয়ে অধিক খাদ্যশস্য ফলন করছেন, প্রকিওরমেন্ট করছেন। তিনি এই হাউসে দাঁড়িয়ে বলেছিলেন যে আগামী সপ্তাহের মধ্যে জাহাজ ভারতবর্ষে পৌঁছে যাবে এবং গ্রামাঞ্চলে খাদ্যের কোন অভাব থাকবে না। আমাদের তখন তাঁকে প্রশ্ন করবার কোন অধিকার ছিল না, তিনি শুধু তাঁর বক্তব্যই বলে গেলেন, আমরা রেশন আরেকটু বাড়তে পারে কিনা ইত্যাদি বিষয়ে তাঁকে তখন জিজ্ঞাসা করতে পারি নি। তিনি দিল্লীতে চলে গেলেন এবং ফিরেও এলেন কিন্তু তিনি আজ এখানে আমাদের কাছে কিছু বলছেন না। আমি এই প্রশ্নই জিজ্ঞাসা করতে চাই যে আমরা কি এখানে শুধু কতকগুলি প্রতিক্রিয়াশীল জনস্বার্থ বিরোধী আলোচনা করে পাশ করবার জন্যই বসে থাকব? গত দশ বছর ধরে আমরা প্রকিওরমেন্ট এবং ষ্টেট ট্রেডিং-এর কথা বলে আসছি কিন্তু বিরোধী দলের কোন কথায় সরকার কর্ণপাত করছেন না। মুখ্যমন্ত্রী দম্ভ করে বললেন যে আমি আবার ওদের সংগে কি আলোচনা করব, এই রকম উক্তি তিনি করেছেন বাহিরের লোকের কাছে যে অপোজিশানের সংগে আবার কি আলোচনা করব। সেইজন্য তিনি এই বিধানসভাকে পর্যন্ত সম্পূর্ণরূপে তুচ্ছ করে ওখানে তাঁর ঘরে বসে আছেন। আমরা বিরোধী পক্ষরা ১০ বছর ধরে যে কথা বলে আসছি আজ সেটাই যখন নাকে খৎ দিয়ে মেনে নিয়েছেন তখন এখানে এসে তাঁদের সংগে কথা বলার দরকার মনে করেন না, বিধান সভার সংগে আলোচনা করার দরকার মনে করেন না, রাইটার্স বিল্ডিং-এর মতেই চলেন। এটা সম্পূর্ণ কনটেম্পট ফর দি ডেমোক্র্যাসি বলে আমরা মনে করি। সংসদীয় গণতন্ত্র বড় বড় কথা মুখ্যমন্ত্রীর কাছে শুনি কিন্তু সেই সংসদীয় গণতন্ত্রের প্রতি তাঁর যে এই তাচ্ছিল্য ভাব তার বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং মুখ্যমন্ত্রীকে এই হাউসে এসে বলতে হবে যে তিনি এইভাবে পলিসি ষ্টেটমেন্ট দিয়েছিলেন। এইভাবে তিনি যা ইচ্ছা তাই করে যাবেন সেটা আমরা সহ্য করবো না। আমরা এখানে ঢাকের বাঁয়া হয়ে বসতে আসিনি। তিনি আমাদের, হাউসকে এবং আপনাকে এবং দেশকে পর্যন্ত ঢাকের বাঁয়া করে রেখেছেন। এবারে মুখ্যমন্ত্রী হাউস চলাকালীন অবস্থায় বাইরে একটা ষ্টেটমেন্ট দিয়েছিলেন, সেই সময় যখন বিরোধী পক্ষ থেকে এই কথা তোলা হয়েছিল তখন আপনি বলেছিলেন এ্যাসেম্বলী চলাকালীন অবস্থায় বাইরে এই রকমভাবে বিবৃতি দেওয়া উচিত নয় কিন্তু তিনি থোড়াই পরোয়া করেন। তিনি এ্যাসেম্বলী মেম্বারদের সম্বন্ধে

যে মনোভাব পোষণ করেন সেই একই মনোভাব হাউসের সম্বন্ধে এবং আপনার সম্বন্ধে পোষণ করেন। সেইজন্য বলছি আপনি যে রুলিং দিয়েছেন সেই রুলিং আমরা মাথা পেতে নেবো কিন্তু মুখ্যমন্ত্রীর এই যে দম্ভ, তিনি যা ইচ্ছা তাই করবেন, করে বলবেন আমরা কাউকে পরোয়া করি না তারপরে নাকে খত দিয়ে সেইটাই করতে হবে ১০ বৎসর পরে এই দম্ভ নিয়ে যদি চলতে থাকেন তাহলে এই এ্যাসেম্বলী আপনি উঠিয়ে দিন। আমরা প্রতিদিন কাগজে দেখছি পার্লামেন্টে প্রধানমন্ত্রী এবং বিভিন্ন দপ্তরের মন্ত্রীরা বিরোধী দলগুলির সংগে বসে বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। যখন পাকিস্থানের সংগে আমাদের যুদ্ধ চলছিল তখন পার্লামেন্ট খুলে রেখেছিলেন, প্রতিদিন যুদ্ধ সম্বন্ধে বিবৃতি দিতেন, আলোচনা চলত। কিন্তু এখানে এ্যাসেম্বলীতে মুখ্যমন্ত্রীকে ডেকে আনতে পারিনি। প্রতিটি বিষয়ে আমরা দেখছি মুখ্যমন্ত্রীর এই ব্যবহার এবং এতই তাঁর দম্ভ। তিনি এখানে এসে এ সম্বন্ধে তাঁর বক্তব্য বলুন। এই যে অবস্থা বর্তমানে চলছে এ সম্বন্ধে ভবিষ্যতে তিনি কি করবেন সে সম্পর্কে আমরা বক্তব্য শুনতে চাই। খগেনবাবু আপনি দয়া করে তাঁকে ডেকে নিয়ে আসুন এবং তিনি এখানে এসে বিধানসভার কাছে কিছু বলুন।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, এই ব্যাপারে আমি কিছু বলতে চাই এই কারণে যে মুখ্যমন্ত্রী আমাদের এই সভার নেতা, এর আগেও আপনি এই ধরণের একটা রুলিং দিয়েছিলেন যে যা কিছু সরকারের পলিসি ষ্টেটমেন্ট.....

Mr. Speaker:

ডাঃ ভট্টাচার্য, আমি আপনাকে বন্ধ করছি না, আমার কথাটা শুনুন, আমি এটাকেই রিইটারেট করছি।

Dr. Kanai Lal Bhattacharya:

স্যার, আমি আপনার পয়েন্টটা বুঝেছি। আপনি জোর করে মুখ্যমন্ত্রীকে বা কোন সদস্যকে হাউসে নিয়ে আসতে পারেন না। কিন্তু তা হলেও আমার বক্তব্য হচ্ছে তিনি হচ্ছেন কংগ্রেস পার্টির নেতা এবং কংগ্রেস পার্টি আজকে এই সরকার চালাচ্ছেন, দেশের মধ্যে গণতন্ত্রকে যদি বজায় রাখতে হয় তাহলে তার দায়িত্ব সম্পূর্ণ পড়ে কংগ্রেস পার্টির উপর। আজকে আমাদের দেশে যদি গণতন্ত্রকে বজায় রাখতে হয় তাহলে সেই পার্টির যিনি নেতা তিনি অন্ততঃ গণতন্ত্র-সম্মত কাজ করবেন সেটাই আমরা ধরে নেবো। আমাদের পক্ষ থেকে তার বিচ্যুতি হতে পারে কিন্তু তাঁর পক্ষে যদি বিচ্যুতি হয়, তাঁর জন্য যদি গণতন্ত্রের অপমৃত্যু হয়, তাহলে দেশের লোক তাঁকে ভবিষ্যতে ক্ষমা করবে না। সেজন্য আমার বক্তব্য হচ্ছে আগে আপনি যখন এই-রকম একটা রুলিং দিয়েছিলেন এবং এখন যখন এইরকম একটা রুলিং দিলেন তখন আমরা মনে করি মুখ্যমন্ত্রী মহাশয়ের উচিত এই সভায় এসে তাঁর বক্তব্য ক্লিয়ার করে যাওয়া। হয়ত এরকম কোন একটা সিচুয়েশন হয়েছিল যার জন্য ষ্টেটমেন্ট করেছিলেন, কিন্তু ভবিষ্যতে যাতে এই রকম না হয় সেইজন্য সরকার পক্ষ থেকে এই রকম এ্যাসিয়োরেন্স চাই। এবং আশা করি মুখ্যমন্ত্রী এখানে এসে আমরা যে বিক্ষোভ প্রকাশ করছি সেটাকে শান্ত করে যাবেন।

Mr. Speaker:

ডাঃ ভট্টাচার্য যেভাবে এক্সপ্লেন করেছেন,

really I am obliged to him for explaining the whole situation

এর পরে যখন মিঃ দাশগুপ্ত মিনিষ্টারিয়াল বেঞ্চ থেকে ষ্টেটমেন্ট করবার জন্য উঠেছেন তখন আমার মনে হয়না আর কারো ষ্টেটমেন্ট করার দরকার আছে।

Shri Khagendra Nath Das Gupta:

মাননীয় স্পীকার মহাশয়, এখানে চায়ের কাপে তুফান তোলা হয়েছে.....

(হট্টগোল)

Mr. Speaker:

আপনারা যে ক'জন বাকী আছেন সকলে উঠে দাঁড়ান!

(তুমুল হট্টগোল)

Shri Haridas Chakravarty:

মাননীয় স্পীকার মহাশয়, এর আগে যখন আমরা বিভিন্ন সদস্যরা ব্যাপারটা সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে প্রফুল্লবাবু এখানে এসে এ সম্পর্কে কিছু বলুন তখন, অবশ্য ক্যাবিনেট মিনিষ্টার জগন্নাথবাবু ছিলেন না, কিন্তু দু'জন ক্যাবিনেট সদস্য উপস্থিত ছিলেন, তাঁরা এতক্ষণ পর্যন্ত বয়স্কসুলভ নিস্তব্ধতা অবলম্বন করেছিলেন। কিন্তু বয়স্কসুলভ খগেনবাবু এক ভাষণ আর ভ করলেন সেটা আপনি শুনেছেন। এই রকম ভাষণ এখানে শোনার জন্য আমরা আসিনি।

(তুমুল হট্টগোল)

Mr. Speaker:

শুনুন, শুনুন, আমি একটু বলে দিই,

it is a serious matter—the point that has been raised by Shri Bhaduri and other honourable members. After all it is a question as to how the House will be given the opportunity to hear the food policy.

(তুমুল হট্টগোল)

আমি যেটা বলছিলাম ডাঃ ভট্টাচার্য বলার পর, যেভাবে উনি পোজিশনটা বলেছেন আমার মনে হয়না তার পরে এ বিষয়টার উপর কারো বলা উচিত। খগেনবাবু যেটা বলতে চাচ্ছেন লেট আস হিয়ার হিম, উনি যে কথা বলছেন, আমি কাউকে ডিফেন্ড করবার জন্য বলছি না,

I am not here to defend any body. Both can fight, I can only be a witness to that and can do nothing more.

উনি চায়ের কাপে তুফান কথাটা লাইটলি ইউজ করেছেন, সিরিয়াসলি বলেননি।

(তুমুল হট্টগোল)

[3-10—3-20 p.m.]

Mr. Speaker:

আমি বলছিলাম যে উনি এটা লাইটলি ইউজ করেছেন। যদি সিরিয়াসলি ইউজ করে থাকেন তাহলে আমি নিশ্চয় ওঁকে অনুরোধ করবো যে সিরিয়াস ম্যাটার ঐভাবে বলবেন না—তবে আমার যেটা বিশ্বাস উনি ওটা সিরিয়াসলি বলেন নি।

Shri Kashi Kanta Maitra:

স্যার, উনি বলেছেন যে খগেনবাবু নাকি ওনার সাকসেসার হবে। উনি স্যার, নিজের কেস ঐভাবে কাঁচিয়ে দিচ্ছেন। ওঁর মত লোক যদি সাকসেসার হয় তাহলে তো সাংঘাতিক অবস্থা।

Shri Khagendra Nath Das Gupta:

মিঃ স্পীকার স্যার, খাদ্য সম্পর্কে বিতর্ককালে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে আলোচনা করেছিলেন তার মধ্যে তিনি একটা আভাস দিয়েছিলেন যে আগামী বছর কি হবে.....

(বিরোধী পক্ষ হইতে—না তা বলেন নি)

(গোলমাল)

ব্যাপক হারে ধানচাল প্রকিওর করা হবে—এই কথা তিনি বলেছিলেন।

(শ্রীনিখিল দাস ঃ —না তা বলেন নি—রেকর্ড বের করুন)

ব্যাপকভাবে এ বছর ধানচাল সংগ্রহ করা হবে এবং আগামী বছরও ব্যাপক হারে সংগ্রহ করা হবে এ কথা তিনি বলেছিলেন। কাজেই ব্যাপক হারে ধানচাল সংগ্রহ করতে হলে অর্থের প্রয়োজন। আপনারা সংবাদপত্রে যেটা দেখেছেন সেটা নীতিগত কিছুই নয়। অর্থ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে তিনি যে আলোচনা করেছেন সে আলোচনার কথা এখানে এসে ক্যাবিনেটের সামনে তিনি বলেছিলেন। ক্যাবিনেটে কি ডিসিসন হোল কি আলোচনা হোল সেগুলি যখন জানবার জন্য প্রেস রিপোর্টাররা তাঁকে গিয়ে ধরেন তখন তিনি ক্যাবিনেটের আলোচনার কথা তুলেছিলেন। ধানচাল প্রকিওর করবার জন্য সেন্টার থেকে টাকা দেওয়া হবে এটা নীতিগত কিছুই নয়। নীতির বিষয় যখন আলোচনা হবে—এই হাউসের সামনে মুখ্যমন্ত্রী এই কথা বলেছেন যে হাউসের সামনে খাদ্যনীতি নিয়ে তিনি আলোচনা করবেন কারণ খাদ্যনীতি স্থির করবার সাথে সাথে কতকগুলি বিল আনতে হবে—এই রকম অনেক কিছু প্রয়োজনীয় কাজ আছে। কাজেই খাদ্য ব্যাপারে কোন নীতি স্থির হলে পর নিশ্চয় তিনি আমাদের এই সভার মাননীয় সদস্যদের সামনে সেটা প্রস্তাবিত করবেন এবং এ সম্পর্কে আলোচনা যে হবে সেটা তিনি মাননীয় সদস্যদের বলেছেন।

(গোলমাল)

Shri Kamal Kanti Guha:

স্যার, এটা ও'র ব্যর্থ ব্যারেষ্টারের মত ভূমিকা হোল, আজ পত্রিকায় যে খবর বেরিয়েছে তাতে স্যার আমরা দেখেছি যে খালি টাকার কথা নেই—হালার বন্ধ করে দেওয়া হবে এক তৃতীয়াংশ —কিভাবে কর্ডন করা হবে এই সমস্ত কিছুই তাতে আছে—স্যার, আপনি জানেন যে বিজনেস এ্যাডভাইসারী কমিটিতে একথাও হয়েছিল যে চীফ মিনিষ্টার একটা ষ্টেটমেন্ট করবেন ফুডের উপর এবং সেটার উপর আমরা আলোচনা করবো। উনি বলেছেন হালার এক তৃতীয়াংশ বন্ধ করে দেবেন। আমরা নাও করতে পারি—অথচ এই কথা বলে বাংলাদেশের লোককে উনি বিভ্রান্ত করছেন। উনি বলেছেন যে এটা কোন পলেসি ষ্টেটমেন্ট হয় নি। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে উনি যে কথা বললেন মনে হয় যে উনি পেপার পড়েন নি—অথবা পরবর্তীকালে আমাদের চীফ মিনিষ্টারের উইলে নাম দেবার জন্য এই সমস্ত অসত্য কথা তিনি বললেন। কাজেই চীফ মিনিষ্টারকে এখানে নিয়ে আসুন—আমরা তাঁর কথা শুনতে চাই।

Shri Balai Lal Das Mahapatra:

স্পীকার মহোদয়, খাদ্য বিতর্কের সময় কিভাবে খাদ্য সংগ্রহ করা হবে সে সম্পর্কে কোন বক্তব্য মুখ্যমন্ত্রী উপস্থিত করেন নি বরং এই স্থির ছিল যে ১১ তারিখে খাদ্যনীতি সম্পর্কে আলোচনা হবে। আজ ১০ তারিখ—কালকে হবে কিনা তা আমরা বুঝতে পারছি না। দ্বিতীয় কথা হচ্ছে খাদ্যনীতি সম্পর্কে কিছু বলা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে সংবাদপত্র পড়ে আমরা আশ্চর্য হয়েছি। প্রথম কথা বলা হয়েছে খাদ্যনীতি সম্বন্ধে যে বৈপ্লবিক পরিবর্তন হবে। দ্বিতীয় কথা বলা হয়েছে যে ১২ হাজার হাস্কিং মেসিনকে বেআইনী ঘোষণা করা হবে। তৃতীয় কথা বলা হয়েছে উৎপাদকের নিকট হইতে এবং দেশের যারা মিল মালিক আছে তাদের কাছ থেকে লেভি করে নেওয়া হবে এবং ১লা ডিসেম্বর থেকে এইগুলি কার্যকরী করা হবে।

এইভাবে ঘোষণা করা হয়েছে। এবং এর জন্য আজকে সমগ্র দেশের মধ্যে একটা আতঙ্কের ভাব ফুটে উঠেছে। আপনারা যদি পার্লামেন্টারী গণতন্ত্রে বিশ্বাস করেন তাহলে আপনাদের ঠিক-ভাবে আলোচনা করতে হবে। আর যদি বলতে চান যে পার্লামেন্টারী গণতন্ত্রে বিশ্বাস নেই তাহলে স্বতন্ত্র কথা। আপনারা ডিক্টেটার হন, যা ইচ্ছা তাই করুন। কাজেই আমার বক্তব্য হচ্ছে যে চীফ মিনিষ্টার আমাদের কাছে একটা ষ্টেটমেন্ট দিন অথবা তিনি বলুন যে সংবাদপত্রে যেটা বেরিয়েছে তা সম্পূর্ণ অসত্য। আমি যতক্ষণ পর্যন্ত না বিধানসভায় এইটা আলোচনা করছি এবং এখানকার মতামত গ্রহণ করছি ততক্ষণ পর্যন্ত ফুড পলিসি ডিক্লেয়ার হতে পারে না।

Shri Mansur Habibullah:

মাননীয় স্পীকার মহাশয়, ট্রেজারী বেঞ্চ থেকে মাননীয় খগেনবাবু যে কথা বলেছেন তাতে এই হাউসকে অবমাননা করা হয়েছে। কারণ তিনি বলেছেন প্রেসের লোকেরা তাঁর কাছে গিয়েছিল, মুখ্যমন্ত্রী প্রেসের লোকদের কনফিডেন্সে নিয়েছেন। মুখ্যমন্ত্রী যা বলেছেন তা ছোট কাপের ঝড়ের কথা নয়, কারণ মুখ্যমন্ত্রী সমস্ত খাদ্যনীতির কথা বলেছেন—হাস্কিং মেসিনের কথা বলেছেন কার কাছ থেকে খাদ্য নিতে হবে সেকথা বলেছেন। কত পারসেন্ট লেভি করা হবে তাও বলেছেন। কাজেই এটা যে একটা ছোট্ট চায়ের কাপে তুফান তোলা হয়েছে তা নয়, ন্যায়সংগত-ভাবেই এটা তোলা হয়েছে এবং খগেনবাবু তাঁর ষ্টেটমেন্টের দ্বারা প্রমাণ করেছেন যে মুখ্যমন্ত্রী এই হাউসের চেয়ে প্রেসের লোকেদের বেশী বিশ্বাস করেন এবং তাদের সঙ্গেই কথা বলতে চান। কাজেই তিনি ইচ্ছা করে এই কান্ডখানা রাইটার্স বিল্ডিংসে বসে করেছেন এবং এই হাউসকে অবমাননা করেছেন এটাই খগেনবাবু যে স্টেটমেন্ট করেছেন তার দ্বারা প্রমাণিত হয়েছে।

(বিরোধী পক্ষ হইতে—সেম সেম সেম)

Shri Jagannath Kolay:

মিঃ স্পীকার স্যার, এই প্রিভিলেজ পয়েন্টের উপর যে বক্তৃতা হোল তা আমি এতক্ষণ ধৈর্য সহকারে শুনলাম। যখন কোন প্রিভিলেজ উঠে তখন একজন সেটা ওঠান এবং তার পর স্পীকার রুলিং দেন। কিন্তু আজকে আমি দেখলাম যে এই প্রিভিলেজ মোসন ব্যাপারে অপোজিসনের মধ্যে সকলে এক মত নন। কাজেই এর দ্বারা আমরা নিজেরা বিভ্রান্ত হয়ে যাচ্ছি। কেন না, প্রথমেই প্রিভিলেজ মোসনটা পাঁচুগোপাল ভাদুড়ী মহাশয় আনেন এবং তারপরে আরও ভাল-ভাবে বলতে আরম্ভ করলেন আমাদের সোমনাথবাবু—তিনি এক পার্টিরই লোক—তিনি আবার সেকেন্ড করলেন প্রিভিলেজ মোসনটা। কোন পার্টির বা গ্রুপের যে লিডার আছেন তিনি যদি একা বলেন তাহলে বুঝতে পারি, কিন্তু আমরা দেখলাম যে প্রত্যেক পার্টি থেকেই বলছেন। আপনার যদি মনে করেন যে এটা একটা খুব ভাইট্যাল এ্যাফেয়ার—এটাতে প্রিভিলেজ নষ্ট হয়েছে তাহলে সেইভাবেই বলুন। কিন্তু আপনারা এমন করছেন যা দেখে মনে হয় যে আপ-নারা খুব সিরিয়াস নন, কেবলমাত্র এটা নিয়ে গন্ডগোল করতে চান। আমার একটা কথা বল-বার আছে যেটা বলা খুব প্রয়োজন যে আজকে মুখ্যমন্ত্রী কাগজে কি বলেছেন—আমাদের যে পলেসি এখন চলছে এবং যে পলেসি হবে সেই পলেসি করবে গভর্নমেন্ট। পলেসি কখনও হাউস করে না—পলেসি আমাদের গভর্নমেন্ট করেন।

[3-20—3-30 p.m.]

কিন্তু সেটা আমরা মনে করতে পারি পলেসি বাজেটের ভিতর সেই পলেসি থাকে। যদি সেটা এ্যাকসেপ্ট করে তাহলে মন্ত্রীত্ব থাকবে না। হাউস যদি রিজেক্ট না করে তাহলে আমাদের মন্ত্রীত্ব থেকে চলে যেতে হবে। হাউস পলিসি করে না। হাউস এনডোর্স করে। কিন্তু আজকে মুখ্যমন্ত্রী বলছেন যে প্রকিওরমেন্ট চলছে। কৃষ্ণবাবু বলছেন যে গত বৎসর প্রকিওরমেন্ট চলবে। আবার মনোরঞ্জনবাবু বলছেন যে আরো বেশী করে প্রকিওরমেন্ট হবে। অতএব আমাদের প্রকিওরমেন্ট

করতে গেলে যে টাকার দরকার সেটা এবার আমরা করতে পারি নি। তারজন্য মুখ্যমন্ত্রীর দেখা করার দরকার আছে। সেন্ট্রাল গভর্নমেন্ট-এর সঙ্গে নেগোসিয়েসান করেছেন। এই নেগোসিয়েসান করে তিনি বলেছেন যে প্রকিওরমেন্ট হবে, রেশন ভালভাবে চলবে। রেশান যদি ভালভাবে চালাতে হয়, স্ট্যাটুটরী রেশনীং যদি কলকাতায় চালাতে হয়, মডিফায়েড রেশনিং চালাতে হয় তাহলে কি করতে হবে সেটাই তিনি বলেছেন। এটা নিউ পলেসি নয়। এটা কনটিনিউএসান অফ দি ওল্ড পলেসি। তারপর যদি পলেসি কনটিনিউ করতে হয় তাহলে নিশ্চই বলবেন এবং এখানে এসে বলবেন ও হাউস বিবেচনা করে ভালভাবে নিশ্চয়ই সে পলেসি বলবেন। আগামী কাল আমি এডভাইসারী বডির একটা মিটিং ডাকছি। সেদিন আমরা বলবো। ন্যাসানাল ইমারজেন্সির একটা ডেট দেবো। সুতরাং এটা মনে করবেন না যে আজকে যে ষ্টেটমেন্ট দিয়েছেন তাতে নিউ পলিসি দেওয়া হয়েছে। এটা হচ্ছে কনটিনিউএসান অফ দি প্রেজেন্ট পলিসি। তিনি যে টাকা চেয়েছেন সেন্ট্রাল গভর্নমেন্ট-এর কাছে সেটাই বলেছেন এটাতে কোন প্রিভিলেজ হল না।

(নয়েজ)

Shri Kamal Kanti Guha:

এডভাইসরি কমিটির মিটিং ডাকবেন বলছেন তাতে ঠিক হয়েছিল যে নিউ ফুড পলিসি তাতে বলবেন। কিন্তু নিউ পলেসি প্রেসের কাছে দিয়ে দিলেন। আমাদের ওখানে চা খাবার জন্য ডাকার কোন মানে হয় না আমরা এডভাইসারি বডির মিটিং বয়কট করবো যদি এভাবে আপনারা চলেন।

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার, স্যার, খগেনবাবু এবং জগন্নাথবাবু বললেন এখানে নূতন খাদ্যনীতির কথা হচ্ছে। তাঁরা বললেন মুখ্যমন্ত্রী ঠিক এ ধরণের কথা বলেন নি। খগেনবাবু বললেন যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে টাকা পয়সা পাওয়া গেছে সে সম্বন্ধে কথা হয়েছে। ঠিক এরূপ ধরনের সংবাদ প্রত্রিকায় প্রকাশিত হয়েছে। তাতে তিনি খাদ্য নীতির কথা বলেছেন এবং তাতে তিনি আরো বেশী করে বলেছেন আগামী বৎসরের খাদ্যনীতির ব্যাপারে। স্যার, মুখ্যমন্ত্রীর বক্তৃতা অমৃতবাজার পত্রিকায় বেরিয়েছে এবং সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর আপনাকে বলছি কারণ উনি বলেছেন যে কাপে তুফান উঠেছে। আমি অনুরোধ করবো তিনি একটা দেখুন। তিনি যদি দেখেন তাহলে দেখবেন যে বাংলাদেশের খাদ্যের অবস্থা আজ কোথায় গিয়ে দাঁড়িয়েছে। আজ এ অবস্থার কথা সকলেই জানেন সুতরাং এটা লঘু করে দেখার কোন ব্যাপার নয়। মুখ্যমন্ত্রী যদি একটা ষ্টেটমেন্ট করেন ভবিষ্যত পলিসি সম্বন্ধে এবং সেটা নিয়ে আলোচনা হলে যদি চায়ের কাপ তুফানের ব্যাপার হয় এবং খগেনবাবুর এটা বোঝা উচিত ছিল তিনি একজন প্রবীন লোক কিন্তু তাঁরা করেন নি। তিনি কোথায় আজকে হাউসকে নিয়ে গেছেন। এই অমৃতবাজার কাগজে কি বলেছে সেটা আমি পড়ছি আপনি শুনুন

The success of State trading, the Chief Minister said, depended on equitable distribution of food to urban and rural people. State trading would be conducted generally on a "no loss no profit" basis. If circumstances permitted a little profit might be made by the State. The Government would ensure that people in the urban areas received a restricted quantity of cereals and those in rural areas, particularly non-producers, also got rice at a fair price. People with high purchasing power would be asked to restrict consumption. The population in villages had been divided into five categories. Non-producers of the A category would get their supply of rice from Government shops throughout the year. Small producers owning some land would get their supply some time after the harvest because they would be able to carry on with their own paddy until then.

In the same way the supply from ration shops to other categories would be timed on the basis of their paddy production and capacity to hold on to stocks. If any producer wanted to sell paddy he would have to sell it to the Government. This would help the authorities to correctly categorize him. The Chief Minister also stated that the Union Food Minister has agreed to bear 20 per cent. of the loss that might be suffered by Consumer Co-operative Societies.

মাননীয় স্পীকার স্যার, খবরের কাগজে যে কথা বলেছে সেটা ভবিষ্যত খাদ্যনীতির কথা। এটা গত বৎসরের কথা নয়। সেই খাদ্যনীতির জের আজও চলেছে। সুতরাং অন্য কথা মিথ্যা কথা বলে জগন্নাথবাবু এবং খগেনবাবু আমাদের বোঝাতে চেষ্টা করেছেন। খগেনবাবু বলেছেন এটা নূতন প্রস্তাবিত খাদ্যনীতি নয়। জগন্নাথবাবু আর একটা কথা বলেছেন যে গভর্নমেন্ট পলিসি ঠিক করবে এবং সেটা হাউসে এনডোর্স করবে। সুতরাং গণতন্ত্রকে এখানে স্কেপগোট করা হচ্ছে। যা ইচ্ছা তাই বলে যাবেন পলিসি তাঁরা ঠিক করবেন সেটা এনডোর্স না করলে সে গভর্নমেন্ট গদীচ্যুত হয়ে যাবে। তাহলে সংশোধীয় গণতন্ত্রের কি আছে সেটা আমি জানতে চাই। আজ হাউস চলাকালীন সময়ে হাউসের কনফিডেন্স না নিয়ে গভর্নমেন্ট-এর নূতন নীতি ঘোষণা করা উচিত নয়। সুতরাং সংসদীয় রীতি যেটা সেটা না করে এভাবে পাবলিকলি বলার কি অর্থ আছে সেটা আমি জানতে চাই। সুতরাং সংসদীয় রীতির বিরুদ্ধে তিনি কাজ করেছেন এই কথাই বলবো। বসুমতী, যুগান্তর থেকে আরম্ভ করে অমৃতবাজার এমন কি অতুল্যবাবুর কাগজ জনসেবক সমস্ত কাগজেই এই সম্বন্ধে বেরিয়েছে, সমস্ত কাগজেই এই রিপোর্ট বেরিয়েছে। সুতরাং খগেনবাবু এবং জগন্নাথবাবু মিথ্যা ভাষণ দিয়েছেন। সেজন্য আমি বলছি মন্ত্রীমহাশয় যে এক্সপ্লানেসান দিয়েছেন আমরা তাতে সন্তুষ্ট নই। সেই জন্য আমি বলছি যদি হাউসের ইজ্জত রাখতে চান তাহলে সি, এমকে বলুন একটা ষ্টেটমেন্ট দিতে তবেই এর প্রতিবিধান হতে পারে। সেই জন্য আমি বিশেষ করে বলতে চাই অন বিহাফ অফ অপজিসান যে তাঁকে কৈফিয়ত দিতে হবে। তিনি কৈফিয়ত দিন। তিনি সংবিধানের প্রতি অমর্য্যাদা করেছেন। সেই জন্য আমি গোটা অপজিসানের পক্ষ থেকে বলছি এবং আশা করবো যে সি, এমকে আপনি ডেকে পাঠাবেন। তিনি আমাদের না জানিয়ে বাইরে বক্তৃতা দিয়েছেন। আমি এ ব্যাপারে বলা সত্ত্বেও কেন সি, এম এই কাজ বার বার করেছেন?

Shri Birendra Kumar Maitra: —

অন এ পয়েন্ট অফ অর্ডার। আইনে আছে যে স্পীকারের রুলিং-এর উপর কোন বক্তব্য চলবে না। এখানে আপনার রুলিং-এর পর যে বক্তৃতা হচ্ছে সেটা কি আইনত হচ্ছে?

Mr. Speaker:

সবই আউট অফ অর্ডার হয়ে যাচ্ছে।

[3-30—4-5 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

মিঃ স্পীকার স্যার, আজকে যা ঘটে যাচ্ছে, এর মধ্যে মাননীয় জগন্নাথবাবু এবং মুখ্যমন্ত্রী মহাশয় একটা ষ্টেটমেন্ট দিয়েছেন। কিন্তু দুঃখের বিষয় এই জগন্নাথবাবু আমাদের মিসলেড করেছেন, আমাদের ভুল বুঝেছেন। আমরা কখনো এ কথা বলিনি যে ক্যাবিনেট-এ মুখ্যমন্ত্রী মহাশয়ের পলিসি ঠিক করবার কোন অধিকার নেই। কিন্তু, হাউস যখন চলছে, তখন ক্যাবিনেট-এ কি পলিসি নিচ্ছেন বা কি ঠিক করবেন, সেটা জানবার আমাদের অধিকার আছে। এবং সেখানে এটা এ্যানাউন্স করবার আগে, নিশ্চয়ই এ্যাসেম্বলী কিম্বা পার্লামেন্টের সদস্যদের সেই পলিসি কি হবে, বা না হবে, সেটা জানবার অধিকার আছে। শুধু অধিকার নয়, আমরা যদি চাই সেই পলিসি সম্বন্ধে ডিস্কাস্ করতে, তা আমরা করতে পারবো, এ অধিকারও আমাদের আছে। আমাদের কি ভাবে ঐক্যবদ্ধ ভাবে চলতে হবে, সেটা ও'র ঐ ভাবে বলা—যে আপনারা

সকলেই ভিন্ন দল থেকে বলছেন কেন? প্রত্যেক পার্টি থেকে, তার লিডার, বা একজন করে বলুন, এটা কোন যুক্তির পয়েন্ট নয়।

মুখ্যমন্ত্রী মহাশয় যেটা ক্যাবিনেট-এ ডিসকাস করে পলিসি ঠিক করেন, সেটা পরে প্রেসের কাছে বলেছেন যে ফুড্ সংক্রান্ত পলিসির ব্যাপারে, এই আমাদের স্কিম। এবং প্রেস যেটা কাগজে পাবলিস করেছে। আমার এখানে বক্তব্য হচ্ছে, যে তাঁর উচিত ছিল প্রেসকে এই বলে জানিয়ে দেওয়া, যে আমি আগে হাউসকে রিপোর্ট করে দিই, বা জানিয়ে দিই, তারপরে প্রেসের কাছে রিপোর্ট করবো, আজকে আপনারা আমাকে ক্ষমা করবেন। কিন্তু, তিনি তা করেন নি, এইটাই আমাদের অভিযোগ।

Mr. Speaker: I will make an appeal to the honourable Members who have discussed this point at length. Now one point has already been accepted and admitted. There is therefore no further question for acceptance or admission in that regard. When the House is in session, all policies should be first stated in the House – the House should be first taken into confidence. Shri Khagendra Nath Das Gupta has affirmed that it should be first stated in the House and so has Shri Kolay. That was the decision on previous occasions and it was reiterated by me this day that this House must be taken into confidence first. This has been accepted, admitted and asknowledged by all. Now the only point is whether the statement that has been made in the paper amounts to a declaration of policy or not. To that of course our Hon'ble Minister Shri Khagendra Nath Das Gupta has said that it is not exactly a declaration of policy but it is only a statement regarding financial matter about sanction or approval by the Centre. My appeal to honourable Members is this that when it has been accepted and admitted that Members should be taken into confidence on all policy matters in the first instance, whatever might have been the statement in the paper, let us now pass on to other subjects instead of further discussing it. I hope the honourable Members will now enable the House to proceed further.

[At this stage the House was adjourned for 30 minutes]

[After adjournment]

4-5—4-15 p.m.]

Shri Kamal Kanti Guha:

মিঃ স্পীকার স্যার, গত বাজেট অধিবেশনের পরে যখন খাদ্যাবস্থা সংকটজনক হয়ে দাঁড়ালো, তখন বিভিন্ন দলের সদস্যরা বিভিন্ন জেলা থেকে আমরা বলেছিলাম—সরকারকে হাউস খুলুন, আমরা খাদ্য সম্পর্কে আলোচনা করতে চাই। কিন্তু তাঁরা তখন হাউস ডাকেন নাই বা ডাকবার প্রয়োজনীয়তা বোধ করেন নাই। দীর্ঘ দিন পরে এখন ডেকেছেন নিজেদের গরজে। কেন? অনেকগুলো বিল পাশ করাতে হবে, এখন ডেকেও তিনি আমাদের অগ্রাহ্য করছেন। যে মনোভাব গত ৫ মাস যাবৎ দেখেছি, সেই মনোভাব এখনো তাঁর রয়েছে। হাউসে এসে মুখ্যমন্ত্রী বলতে পারলেন না—যেটা খগেনবাবু ও জগন্নাথবাবু বললেন। আমরা মুখ্যমন্ত্রীর পলিসি বুঝতে পারছি না। উনি নিজে এখানে এসে বলুন সেই কথা, যে কথা তিনি পেপারে বলেছেন পলিসি সম্বন্ধে, তাঁর পলিসি এই হাউসে প্রথমে রাখবেন, তাতে আপত্তি কিসের? লজ্জাবতী লতার মত তিনি তাঁর ঘরে বসে আছেন কেন?

Mr. Speaker:

এটা চীফ মিনিস্টারই বলুন, আর খগেনবাবুই বলুন সে একই কথা।

It is a statement from a Minister. Why should we go further? Let us take it as it is. After all you are here, I am here and the Ministers are here.

Shri Kamal Kanti Guha:

এটা স্যার, আমরা মানতে পারছি না। আমাদের বক্তব্য হচ্ছে উনি হাউসে এসে বলুন যেটা পেপারে বেরিয়েছে সেটা তাঁর পলিসী নয়।

Mr. Speaker:

আমি জানি যখন অন্য মিনিষ্টার বললেন তখন তো হয়ে গেছে ইট ইজ হিজ ষ্টেটমেন্ট।

Shri Kamal Kanti Guha:

তা হলো না স্যার। তিনি স্টেটমেন্ট দিলেন হাস্কিং মেশিন সম্বন্ধে। আমরা আর একরকম চিন্তা করছি, অফিস্যররা আর এক রকম চিন্তা করছেন। তারপর বাংলাদেশের লোক দেখবে হুবহু সেই পলিসি হাউসে রাখবেন। তাহলে আমাদের পজিসান কি হলো? যে জিনিষটা তিনি বাইরে বলেছিলেন, তারপর পনেরদিন পরে আমরা এখানে তা নিয়ে আলোচনা করতে বসবো! তাহলে আমাদের প্রেস্টিজ কী দাঁড়াচ্ছে? তবে একথা মনে রাখতে হবে মুখ্যমন্ত্রীর প্রেস্টিজ বাহ্যতঃ কিছুটা বড় কথা নয়, এখানে এসে তাঁকে বলতে হবে না। বললে আমরা কোন কথা শুনতে রাজী নই। এখানে এসে তাঁকে বলতে হবে যেটা পেপারে আমরা দেখেছি, সেটা তাঁর পলিসি নয়।

Shri Nikhil Das:

মিস্টার স্পীকার স্যার, আপনি আপীল করেছিলেন, আমরা শুনেছি। এই প্রশ্নটা আপনার মর্যাদা ও হাউসের মর্যাদার সংগে জড়িত আছে। মুখ্যমন্ত্রী যদি না শুনতেন, তিনি যদি এখানে না থাকতেন, তাহলে বুঝতাম। তিনি তাঁর ঘরে আছেন। একজন বললেন কাউন্সিলের প্রয়োজনে সেখানে আছেন, তাই এই হাউসে আসতে পারছেন না। আমাদের এই হাউসের সংগে কি তাঁর ভাদ্র-বৌ-ভাশুর সম্পর্ক হয়ে গেল। তিনি পলিসি স্টেটমেন্ট কাগজে দিয়ে দিলেন। আর জগন্নাথবাবু ও খগেনবাবু বললেন—কনটিনিউএান্স অফ দি ওল্ড পলিসি। এই কনটিনিউএান্স অফ দি ওল্ড পলিসিটা কী? তিনি প্রকিওরমেন্ট-এর কথা পর্যন্ত বলে দিয়েছেন, উনি হালারগুলোও বন্ধ করে দিয়েছেন। উনি নূতন যে পলিসি ষ্টেটমেন্ট করেছেন বাইরে, এটা আপনার এবং হাউসের পক্ষে অমর্যাদাকর। আপনি ডাইরেকশন্ দিয়েছেন, উনি বার বার যদি আপনার কথা না শোনেন, তাহলে এই হাউস ডাকবার কী অর্থ হয়? আর যখন হাউস ডাকলেন, তখন ফুড পলিসি একটা সিরিয়াস ব্যাপার, সেই সম্পর্কে তিনি বাইরে ষ্টেটমেন্ট দিয়ে বেড়াচ্ছেন। এই যদি অবস্থা হয়, তাহলে এই বিল পাস করে এখানে লাভ কী? আর গণতন্ত্রের বড় বড় কথা মুখে তাঁরা বলে বেড়ান তিনি অর্ডিনেন্স করলেন, ছয় মাস পরে হাউস ডাকলেন, আবার অর্ডিনেন্স করলেন আবার একবার ডাকলেন। এইভাবে তিনি অর্ডিনেন্স বিল পাস করলেন এবং এই অর্ডিনেন্স করে করে তিনি দেশকে শাসন করুন। তাহলে পরে অর্ডিনান্স করেই দেশের শাসন ব্যবস্থা চলুক, এই সব বিল এনে আলোচনা করবার দরকার নাই, পয়সা খরচ করবার দরকার নাই। তিনি যে অগণতান্ত্রিক পদ্ধতিতে চলেছেন সেই পদ্ধতিতেই চলুন। হাউস ডেকে ডিমোক্রাসির এই ভাবে অবমাননা না করে ঐ পথই নিন। শৈলবাবু এখানে বসে আছেন জগন্নাথবাবু এখানে বসে আছেন, মুখ্যমন্ত্রী সেদিন বক্তৃতা প্রসংগে বলেছিলেন যে তিনি যদি রেজিগনেশান দেন তাহলে ওদের মধ্যেই একজন মুখ্যমন্ত্রী হবেন আমাদের মধ্যে কেউ হবেন না। তাই যদি হয় তবে ও'রা কেন মুখ্যমন্ত্রীকে এখানে ডেকে নিয়ে এসে ও'রা যে কথা বলছেন সেই কথা ও'কে দিয়ে বলাতে পারছেন না। মুখ্যমন্ত্রী এখানে এসে কেন সে কথা বলবেন না। স্যার, আমাদের দাবী অত্যন্ত সোজা। মুখ্যমন্ত্রী এখন কলকাতা সহরেই আছেন এবং তিনি দিল্লীতে গিয়ে কেন্দ্র থেকে খাদ্যনীতি সম্পর্কে কিছু শলা-পরামর্শ করে এসেছেন। তিনি এখানে এসে সেকথা আমাদের কাছে না বলে স্পীকারের অমর্যাদা করেছেন এবং হাউসেরও অমর্যাদা করেছেন। তিনি যদি এখানে এসে সে কথা না বলেন তাহলে আমাদের ধরে নিতে হবে মুখ্যমন্ত্রী যিনি হাউসের লীডার তিনি স্পীকারের মর্যাদা রাখেন নি এবং হাউসের কোন মূল্য থাকে না। এবং হাউসেরও কোন ডিসেন্সী থাকে না।

আমি তাই আপনার মাধ্যমে এই কথা বলতে চাই যে মুখ্যমন্ত্রী এখানে এসে একটা স্টেটমেন্ট দিন এবং যতক্ষণ না তিনি এসে সে কথা বলবেন ততক্ষণ হাউসকে এ্যাডজোর্ন করে দিন।

Shri Kashi Kanta Maitra: Mr. Speaker, Sir, forgive my saying, your decision has disheartened all of us in the Opposition very much. It amounts, if I may say so with very great respect and humility, to putting premium upon the arrogance of a pompous snob, the Chief Minister of West Bengal. Nothing short of his presence will satisfy the Opposition. He must be present. My honourable friend Shri Nani Bhattacharjee had been reading out excerts from a very distinguished newspaper, namely, the Amrita Bazar Patrika, a newspaper with great tradition. I am also presenting for your kind consideration a similar report which has appeared in the Hindusthan Standard and it is all the more revealing. May I, with your permission, read this. "Regarding the new plan", these are his utterances, "Regarding the new plan, the Chief Minister said he felt that its success depended on equitable distribution. It was essential that the urban people should consume restricted quantities so that people in rural areas could get rice at a fair price. The State Government has devided consumers into different categories ranging from absolute non-producers to those who own large paddy fields. It would be the Government's policy to see that the former got rice at a fair price throughout the year.

As regards the producers, they would be allowed to purchase rice from ration shops only at stages. This has been done to ensure that no producer comes to the Government for rice after selling his produce at the black-market. If he wants to sell, he must sell only to the Government which according to the new plan, would become the only purchaser.

The Chief Minister has come back with other Central assurances regarding agriculture which he informed the Cabinet on the day. It is learnt that the second consignment of Japanese power tillers, 100 of which have already been given to the State, is on its way from the Centre. The Government has 115 farms where these would be put to use. These tillers have been bought on rupee payment basis, each costing Rs. 4,500. Private firms might also be allowed to use some of the tillers coming in the second consignment.

An important assurance of the Centre is that it will grant 50 per cent. subsidy per pumping set with five horse power diesel engines if any private agriculturist is interested. The rest he will have to pay himself. This was discussed by the West Bengal Cabinet which instructed the department concerned to draw up a list of the interested farmers".

If you read the entire news item, it is nothing but a clear policy statement.

[4-15—4-25 p.m.]

Unless the Chief Minister comes here we won't listen to any excuse that is made. Moreover, Mr. Speaker, Sir, I am also raising a question of privilege. This House has precedence over the Council. That is an admitted position. This Legislative Assembly enjoys precedence over the Legislative Council without meaning, of course, any disrespect to the esteemed Members of the Council and the Chairman of the said august body. I feel like saying that this House has been ignored and bypassed and that it has been treated very lightly. The Hon'ble Chief Minister could find it very convenient to present himself before this House. How is it that he cannot

come to this House? He is bound to come, and unless he comes we won't be satisfied.

Shri Bijoy Kumar Banerjee:

স্যার, আমার কথা হচ্ছে জিনিষটা খুব সোজা নয়। আজকে আমাদের এখান থেকে অনেকে বলেছেন যে চীফ মিনিষ্টার এই সব ষ্টেটমেন্ট করেছেন। কি করে জানিনা আরেকজন মিনিষ্টার তাঁর হয়ে জবাব দিলেন তিনি এই বিধানসভা ভবনে থাকা সত্ত্বেও। আপনার একটা রুলিং আছে আপনি সেটা পড়লেন তা থেকে স্পষ্টই বোঝা যাচ্ছে যে তিনি আপনার রুলিং মত কাজ করছেন না, আর আপনি এই সব প্রশ্রয় দিয়ে যাচ্ছেন। যেখানে তাঁর সম্পর্কে কথা হচ্ছে, তার কনডাক্ট সম্বন্ধে আলোচনা হচ্ছে তখন তিনি এখানে থেকেও এই হাউসে আসবেন না এই রকম ডেমক্রেসী অত্যন্ত সাংঘাতিক ব্যাপার। এবং আমি মনে করি এটা খুব অন্যায়। এই হাউসের লীডার অর্থাৎ চীফ মিনিষ্টার যার সম্বন্ধে কথা হচ্ছে তিনি এখানে আসবেন না অথচ আপনি চেয়ারে বসে থাকবেন এই যদি হয় তাহলে আপনার রুলিং-এর কি স্বার্থকতা হলো। স্যার, আপনি অনেক সময় বলে থাকেন যে আপনি চীফ মিনিষ্টারকে ডেকে আনাতে পারেন না, তাহলে আপনি কি পারেন তা আমি বুঝতে পারছি না। স্যার, আমাদের হাউস-এ অধিকার বা ক্ষমতা থাকুক বা না থাকুক, ওদের যতই সংখ্যাগরিষ্ঠতা থাকুক আমরা অত সহজে ছেড়ে দেব না। এবং এই হাউসের কোন কাজে আমরা অংশ গ্রহণ করব না। এখনও আমি বলছি স্যার, তিনি এই হাউসে এসে তাঁর বক্তব্য বলুন, তিনি এখানে তাঁর ঘরে বসে শুনবেন আর তিনি এখানে আসবেন না এটা অত্যন্ত অন্যায়। এই রকম সংখ্যাগরিষ্ঠতা রেখে কোন লাভ নেই। তিনি এখানে এসে বলুন কি হয়েছে না হয়েছে আমরা তাঁর কথা শুনে হয়ত স্যাটিসফাই হয়েও যেতে পারি। ডেমোক্রেসী গণতন্ত্র ইত্যাদি বড় বড় কথা বলা হয় এবং কাগজেই সব কিছু হয়ে যাচ্ছে। তাহলে আমরা দেখছি আমাদের এখানে থেকে কোন লাভ নাই। স্যার, চীফ মিনিষ্টার যদি এখানে না আসেন তাহলে আমরা হাউসের কোন কাজের মধ্যে নাই।

Shri Bhakti Bhusan Mondal:

মিঃ স্পীকার, স্যার, আমরা অনেকক্ষণ ধরে এই একটা সামান্য ব্যাপার নিয়ে, এটা যদি সামান্য মনে না করি তাহলে এটা ভীষণ গুরুতর ব্যাপার, আমাদের এ্যাসেম্বলীর ট্রেজারী বেঞ্চ অকারণে ১॥ ঘন্টা, ২ ঘন্টা সময় নষ্ট করেছেন। আমরা জানি রুলস্ এ্যান্ড প্রসিডিয়োর যা আছে সেই রুলস্ এ্যান্ড প্রসিডিওরে স্পীকারের কোন হাত নেই চীফ মিনিষ্টারকে আনার। কিন্তু তবু আপনাদের কাছে বলছি যে একটা ডেকরামের কোশ্চেন আছে এবং শুধু ডেকরামের কোশ্চেন নয়, কোশ্চেন হচ্ছে পার্লামেন্টারী মেথডের। পার্লামেন্টারি মেথডে হাউস যদি বলে চিফ মিনিষ্টারের এখানে আসার প্রয়োজন তাহলে তাঁকে আসতে হবে, কারণ এমন একটা ম্যাটার এসেছে যেটার এক্সপ্ল্যানেশন অন্য কেউ দিতে পারে না। শৈলবাবু জানেন যদি ডাইরেক্ট এভিডেন্সের দরকার হয় তাহলে সেখানে সেকেণ্ডারি এভিডেন্স চলে না। শৈলবাবু বললেন তাতে কিছু এসে যাবে না, উনি উকিল ছিলেন, লজ্জার কথা যে উনি এই জিনিষটা চিন্তা করেন না। চিফ মিনিষ্টার এখানে উপস্থিত আছেন, যদি দেখা যায় যে তাঁকে আনার পক্ষে অনেক অসুবিধা আছে, তিনি ব্যস্ত, এখানে আসতে গেলে তাঁর ডিলে হবে সেই সব ক্ষেত্রে আমরা চিন্তা করতে পারি, কিন্তু যখন দেখছি যে তিনি এই ঘরের পাশেই বসে আছেন তখন তাঁর উচিত হচ্ছে এত বড় ডিবেটে তিনি নিজে পার্সোনাল এক্সপ্ল্যানেশন হিসাবে একটা জবাব দিয়ে যাবেন। তাঁকে আনার পক্ষে স্পীকার যদিও অসহায়, স্পীকার অসহায় হলেও যদি হাউস তাঁকে ডিমাণ্ড করে তাহলে এ্যাজ এ চিফ মিনিষ্টার এ্যান্ড লিডার অফ দি হাউস, হাউসে এসে মেম্বারদের কাছে তাঁর বক্তব্য প্লেস করা উচিত। আমরা ত বলছি না যে প্রফুল্লবাবু যদি আসেন তাহলে আমরা তাঁর গলা ধরে মাটিতে আছড়ে মেরে কাত করে দেবো। আমরা শুধু বলছি যে প্রফুল্লবাবু এসে ম্যাটারটা এক্সপ্লেন করে দিন। যদি এক্সপ্লেন করেন তাহলে আমরা কি সার্কমোস্ট্যান্স সেটা জানতে পারবো। আপনারা যাঁরা ট্রেজারী বেঞ্চে বসে আছেন তাঁদের কাছে মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে বলছি আপনাদের যে কেউ তাঁকে ডেকে নিয়ে

আসুন, আর যদি না নিয়ে আসেন তাহলে শুধু শুধু এত যে সময় নষ্ট করছেন এটা গণতন্ত্র বিরোধী এবং সংসদীয় যে ডেকরাম আছে সেই ডেকরাম বিরোধী। আমরা একথা বলছি আপনারা যদি তাঁকে ডেকে না আনেন তাহলে আমাদের বিরাধী দলের কাজ হচ্ছে যাতে এ্যাসেম্বলী না চলে তারজন্য আমাদের প্রাণপণ চেষ্টা করা। এ্যাসেম্বলী চলতে না দেবার জন্য আমাদের ব্যবস্থা করতে হবে।

[4-25—4-32 p.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংখ্যাগরিষ্ঠতার দম্ভ এমন চরমে এসে পৌঁছেচে যেটা এখনই প্রকাশ পেলো শৈলবাবুর হাতনাড়া থেকে এবং জগন্নাথবাবু বললেন গভর্নমেন্ট পলিসি ঠিক করবেন, এনডোর্স করবে এ্যাসেম্বলী। গভর্নমেন্ট যদি পলিসি করেই থাকে তাহলে সেটা এখনি প্রকাশ করতে পারেন না এই রুলিং আমরা পেয়েছি। গভর্নমেন্ট কখনও আগে তার পলিসি ডিক্লেয়ার করতে পারে না কিন্তু ক্যাবিনেটের মিটিং থেকে নিউজ পেপার রিপোর্টাররা রিপোর্ট নিয়েছে এবং সেটা প্রকাশ করেছে। আজকে এই যে তাঁরা দম্ভ দেখাচ্ছেন এই দম্ভের জন্য আমাদের হাউসের অতি মূল্যবান ২॥ ঘণ্টা সময় নষ্ট হয়েছে এবং এর জন্য অনেক টাকাও নষ্ট হয়েছে এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত থাকা সত্ত্বেও তিনি এসে একটা কথা বললে অনেক কাজ স্বাচ্ছন্দ্যে চলতে পারতো। কিন্তু শুধুমাত্র সংখ্যাগরিষ্ঠতার দম্ভের জন্য হাউসের এই মূল্যবান সময় নষ্ট হচ্ছে। আমরা আশ্চর্য হয়ে গেলাম কি রকম দম্ভভরে স্পীকারস্ রুলিং নাকচ করে দিতে পারেন। জগন্নাথবাবু দম্ভভরে বললেন সেই প্রস্তাবকে আমরা প্রকাশ করে দিয়েছি। এই যে দম্ভ এখনও আপনাদের আছে এই দম্ভটা স্পীকারের রুলিং দেবার পর থাকা উচিত নয়। স্পীকার যেকথা বলেছেন সেই কথাটা মানতে মুখ্যমন্ত্রী মহাশয়ের এত কুণ্ঠা কেন? সংখ্যাগরিষ্ঠতার দম্ভ এবং এত আত্মসম্মান বোধ কেন? এই যে সময় নষ্ট করা হয়েছে আমরা জানতে চাই.....

(তুমুল হট্টগোল)

স্পীকার মহাশয় রুলিং ঠিকই দিয়েছেন, দেওয়া সত্ত্বেও তাঁকে ডেকে আনার ক্ষমতা তাঁর নেই। আমরা যাঁরা সদস্য আছি, তাঁরা কিছুতেই এই রকম অমর্যাদাকর অবস্থাকে সহ্য করতে পারি না। এই অমর্যাদা বহন করে এ্যাসেম্বলী চলা উচিত নয়। উনি যত বড়ই মুখ্যমন্ত্রী হোন না কেন আমরা সদস্যরা এই অমর্যাদা বহন করে হাউস চালাতে দেবো না, যতক্ষণ পর্যন্ত না সংখ্যাগরিষ্ঠ দল যে গণতান্ত্রিক পদ্ধতিতে অগ্রসর হওয়া উচিত, যে মর্যাদাকর অবস্থার সৃষ্টি করা উচিত, সেই অবস্থায় ফিরে আসেন। সেজন্য গণতান্ত্রিক অবস্থা বজায় রাখার জন্য আমি আবেদন জানাচ্ছি। স্পীকারের অনেক ক্ষমতা আছে, তিনি সেই ক্ষমতা প্রয়োগ করে সংখ্যাগরিষ্ঠ দলের এই দম্ভকে চূর্ণ করে দিন। সেইজন্য বলবো যতক্ষণ পর্যন্ত না চিফ মিনিস্টার এখানে এসে ষ্টেটমেন্ট দিচ্ছেন ততক্ষণ পর্যন্ত কথা বলা উচিত নয়।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এতক্ষণ ধরে আশা করছিলাম যে আপনি অন্ততঃপক্ষে সভার অধিকার রক্ষার জন্য অগ্রসর হবেন কিন্তু আমাদের এমন দুর্ভাগ্য যে আপনি স্থানুর মত বসে আছেন এবং আমাদের এই কথাগুলি সম্বন্ধে অনেকক্ষণ ধরেই চিন্তা করছেন।

Shri Joynal Abedin: On a Point or Order, Sir, Shri Adhikary has just said,

"আপনি স্থানুর মত বসে আছেন"

It is an aspersion and reflection on the Chair. He has no right to say it. It should be expunged from the proceedings of the House.

(তুমুল হট্টগোল)

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা প্রিভিলেজের প্রশ্ন তুলছি, আপনি যদি দয়া করে অনুমতি দেন তাহলে ভাল হয়। আজকে জগন্নাথবাবু এর আগে বললেন কাউন্সিল অব মিনিষ্টাররা একটা পলিসি নেবেন তারপর এনডোর্স করবার জন্য.....

(তুমুল হট্টগোল)

Mr. Speaker: The House stands adjourned till 1 p.m. tomorrow.

Adjournment

The House was then adjourned at 4-32 p.m. till 1 p.m. on Thursday, the 11th Novvember, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, the 11th November, 1965, at 1 p.m.

Present:

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 11 Ministers, 2 Ministers of State and 174 Members.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Water scarcity at Alipore Central Jail

*47. (Admitted question No. *423.) **Shri Subodh Chowdhury:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether the Government is aware that there is scarcity of water at Alipore Central Jail and in particular at the wards where the D.I.R. detenus are housed; and

(b) if so, what arrangements are being made for the supply of adequate water there?

Shri Jagannath Kolay: (a) There is no scarcity of water at Alipore Central Jail at present.

(b) Does not arise.

Shri Monoranjan Roy:

আমি গত কাল সুবোধ চৌধুরীর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম এবং তিনি এই প্রশ্ন জিজ্ঞাসা করতে বলেছেন যে, জলের এত অভাব যে সেখানে বালতি করে জল তুলে নিয়ে আসতে হয়। কয়েদীদের সেই বালতির জল দিতে হয়। সেই জল কম হওয়ায় বিশেষ করে গরমের দিনে ভীষণ কষ্ট হয়। এঁরা এর জন্য ডিপ টিউবওয়েল বসানোর আবেদন করেছেন সেটা জানেন কি?

Shri Jagannath Kolay:

সেজন্য আমরা ডিপ টিউবওয়েল, জেট পাম্প ইউস সেখানে করবো এবং খুব তাড়াতাড়ি করবো।

Shri Monoranjan Roy:

এটা কতদিনের মধ্যে হবে?

Shri Jagannath Kolay:

এ বৎসরের মধ্যেই হবে—অর্থাৎ ১৯৬৫-৬৬ এর মধ্যে।

Shri Narayan Choubey:

আপনি বললেন জলের কোন কষ্ট নেই তাহলে ডিপ টিউবওয়েল করলেন কেন?

Shri Jagannath Kolay:

জলের কোন কষ্ট নেই বলিনি টিউবওয়েলের জল নেবে যায়।

Diet of prisoners

*52. (Admitted question No. *78.) **Shri Ananga Mohan Das:**

স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলের কয়েদীগণের আহার্যের জন্য প্রত্যহ মাথাপিছু কি পরিমাণ অর্থের বরাদ্দ আছে ;

(খ) কয়েদীদের আহার্য প্রত্যহ পরীক্ষা করা হয় কিনা এবং হইলে কে উহা করেন?

Shri Jagannath Kolay:

(ক) জেলের কয়েদীদের আহার্যের জন্য প্রত্যহ মাথাপিছু কোন নির্দিষ্ট অর্থের বরাদ্দ নাই। তাহাদিগকে নির্দিষ্ট তালিকা অনুযায়ী খাদ্য সরবরাহ করা হয়। তবে উচ্চ শ্রেণীর কয়েদীগণের (সাজাপ্রাপ্ত ১ম ও ২য় শ্রেণীর বন্দী এবং বিচারাধীন ১ম শ্রেণীর বন্দী) জন্য নির্দিষ্ট ২ প্রকারের খাদ্য তালিকা যথা 'এ' ও 'বি' থাকিলে ও খাদ্যের জন্য মাথাপিছু বরাদ্দের সর্বোচ্চ সীমা নির্দিষ্ট করা আছে। এই সীমা হইল এ ও বি খাদ্য তালিকা অনুযায়ী সশ্রম কয়েদীগণের মধ্যে যথাক্রমে ২ টাকা ও ২·৫০ পয়সা এবং বিনাশ্রম কয়েদীগণের জন্য যথাক্রমে ১·৮০ পঃ ও ২ টাকা।

(খ) সংশ্লিষ্ট কারার কারাপাল এবং মেডিক্যাল অফিসারগণ প্রত্যহ খাদ্য পরীক্ষা করিয়া থাকেন। ইহা ছাড়া কারাধীক্ষক এবং জেলের চীফ মেডিক্যাল অফিসারও মধ্যে মধ্যে এই আহার্য বস্তু পরীক্ষা করিয়া থাকেন।

Shri Ananga Mohan Das:

জেলের কয়েদীগণের বর্তমান দ্রব্য মূল্য বৃদ্ধি হওয়ার জন্য তাদের বরাদ্দ বেশী করা হয়েছে কিনা? অর্থাৎ আগে যে দাম ছিল এখন জিনিষের দাম অত্যন্ত বেশী হয়েছে বলে তাদের আহার্যের পরিমাণ কমান হয়েছে না নিকৃষ্ট শ্রেণীর খাবার দেওয়া হচ্ছে?

Shri Jagannath Kolay:

তাদের জন্য একটা তালিকা দেওয়া আছে যে এই এই জিনিষ পাবে। একটা আণ্ডার ট্রায়াল প্রিজনার এবং কনভিক্টেড প্রিজনার তাদের জন্য আলাদা তালিকা আছে। আমাদের নিয়ম হচ্ছে দর অনুসারে দিতে হবে আগে যা ছিল সেই অনুসারে এখন দেওয়া হয় না তবে যে তালিকা আছে সেই তালিকা অনুসারে দিতে গেলে আমাদের যে খরচ হয় সেটাই আমি বলেছি।

Shri Ananga Mohan Das:

আপনি কি জানেন যে তাদের যে চাল দেওয়া হয় তার মধ্যে অনেক সময় নিকৃষ্ট শ্রেণীর চাল থাকে কাঁকর থাকে কিম্বা যে মাছ দেওয়া হয় তা পচা দেওয়া হয়। এ বিষয়ে কি কোন অভিযোগ পেয়েছেন ?

Shri Jagannath Kolay:

আমি কোন অভিযোগ পাই নি তবে আপনি যখন বলছেন তখন আমি অনুসন্ধান করবো।

Shri Cour Chandra Kundu:

এই যে আহার্য তালিকা বা অর্থ বরাদ্দ করা হয়েছিল সেটা কত সালে করা হয়েছিল ?

Shri Jagannath Kolay:

নোটীশ চাই।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি কি বলবেন খাদ্য বাদে কয়েদীদের মজুরী কত করে দেওয়া হয়?

Shri Jagannath Kolay:

প্রশ্ন করলে উত্তর দেবো।

Treatment of Shri Manas Roy

54. (Admitted question No. 1431.) **Shri Subodh Chowdhury:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether detenu Shri Manas Roy at Alipore Central Jail is lying ill for a long time due to rheumatic heart; and

(b) if so, whether he was examined by a specialist and what is his report?

Shri Jagannath Kolay: (a) Yes. Shri Manas Roy's case is one of chronic rheumatic heart and he has been ill off and on.

(b) He has been examined by Specialists in the Alipore Central Jail Hospital and the S. S. K. M. Hospital on a number of occasions. The latest report from Dr. J. C. Gupta states that under treatment his general condition has considerably improved.

Dr. Narayan Chandra Roy: In heart cases do you advise the patients to be kept away from the metropolis?

Shri Jagannath Kolay:

এর সঙ্গে ঐ কোশ্চেনের জবাব দিতে পারবো না।

Shri Monoranjan Roy:

রিউমেটিক হার্ট পি, জি, হাসপাতালে ছিল এটা কি সত্য যে পি, জি হাসপাতাল থেকে তাদের রিপোর্টে বলে দিয়েছে যে এ আর সারবে না, এবং সারা জীবন ইনভেলিড থাকবে?

Shri Jagannath Kolay:

রিপোর্টটা আমি পড়ে শুনিয়ে দিচ্ছি—

This is an old case of rheumatic heart. The detainee had the first attack when he was 10 or 11 years of age. Shri Manas Roy was admitted in the Alipore Central Jail on 6th January, 1965, and complained of failing heart. He was admitted in the Jail Hospital on 14th January, 1965. He was transferred to S. S. K. M. Hospital on 30th January, 1965, where he stayed up to 15th February, 1965. He was examined in the Jail Hospital by A. Chakravorty, Medical Specialist, on 3rd July, 1965 and 17th July 1965 and treatment was given to him according to his advice. He was again transferred to the S. S. K. M. Hospital on 19th August, 1965, where he remained up to 8th September, 1965.

[1-10—1-20 p.m.]

He was under the treatment of Dr. J. C. Gupta, Professor of Cardiology, whose opinion is as follows:—

"He has a trial fibrillation on a chronic rheumatic heart with slight features of enlargement of liver. Under treatment his general condition has considerably improved. At present his pulse rate is 80, irregularly irregular. His blood pressure is 140/65. His treatment is going on in the Jail Hospital as advised by the S. S. K. M. Hospital. The detainee was sent to S. S. K. M. Hospital for a check up on 1st November, 1965, last.".

Shri Monoranjan Roy:

গত বছর থেকে এ বছরের মধ্যে তাকে দ্বিতীয়বার ঐ এস-এস-কে-এম হাসপাতালেতে আসতে হয়, এবং এখন তার যে মেডিকেল রিপোর্ট তাতে দেখা যায়, যে যদিও তিনি ইমপ্রুভ করেছেন, কিন্তু তাঁকে প্রত্যেক মাসে হাসপাতালে যেতে হয় চেক আপ এর জন্য। এই রিপোর্ট থেকে বোঝা যাচ্ছে—যে সে একেবারে সারবে না, স্ট্রেনমেটিক হার্ট এর জন্য ট্রসে ক্রমশঃ ইনভেলিড হয়ে যাবে। ডাক্তাররা মুখে বলে দিয়েছেন তাঁকে, যে তাঁর এই অসুখ সারবে না, ফর লাইফ তিনি ইনভেলিড হয়ে যাবেন। এই সম্পর্কে গভর্ণমেণ্ট অনুসন্ধান করে কন্সিডার করবেন কি? যে রিউমেটিক হার্ট-এর পেসেণ্ট এবং ইনভেলিড, তাকে ছেড়ে দেওয়া সম্পর্কে আপনি কোন কন্সিডার করবেন কিনা?

Shri Jagannath Kolay:

এটা আলাদা ভাবে প্রশ্ন করলে হোম (পলিটিক্যাল) ডিপার্টমেণ্ট বলতে পারবে। এখন আমি এ সম্বন্ধে কিছু বলতে পারব না।

Shri Monoranjan Roy:

আপনারা তাঁর এই মেডিকেল রিপোর্ট-এর উপর ভিত্তি করে, যে ইনভেলিড পেসেণ্ট, যার রিউমেটিক হার্ট-এর জন্য, জীবন শেষ হয়ে গেলো, তাকে ছেড়ে দেওয়ার জন্য আপনারা বিবেচনা করবেন কিনা? তাকে ছেড়ে দেবার জন্য আপনি রেকমেণ্ড করবেন কিনা অন দি মেডিকেল গ্রাউণ্ড?

Shri Jagannath Kolay:

জেল মিনিষ্টারও সেটা বলতে পারবেন না। অন মেডিকেল গ্রাউণ্ড-এ ছাড়া পাবে, কি ছাড়া পাবে না। এটা আমার পক্ষে বলা সম্ভব নয়।

Shri Jiban Krishna Dey:

মণীন্দ্র চক্রবর্তী এবং পরিমল মিত্র, এ'রা দাঁত তুলেছেন। আলিপুর জেলে কয়েক মাস আগে, এ'দের দাঁত বাঁধানর কোথায় কি ব্যবস্থা হয়েছে, এ পর্যন্ত?

Shri Jagannath Kolay:

যেখানে দাঁত তোলা হয়েছে, সেখানেই দাঁত বাঁধিয়ে দেওয়া হবে, এতে কোন সন্দেহ নেই। তবে যদি এ'দের দাঁত বাঁধান না হয়ে থাকে, সেটা আমি অনুসন্ধান করে দেখবো।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Cossimbazar Manindra Cotton Mills Ltd.

***128.** (Admitted question No. *615.) **Shri Nikhil Das:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রায় চারমাস পূর্বে ত্রিপাক্ষিক চুক্তি সহি করা সত্ত্বেও মুর্শিদাবাদ জেলার কাশিমবাজারস্থ মনীন্দ্র কটন মিলস লিঃ-এর মালিকপক্ষ এখনও সেই চুক্তি কার্যকরী করেন নাই ; এবং

(খ) যদি (ক) এর উত্তর "হ্যাঁ" হয়, তবে সেই সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

Shri Bijoy Singh Nahar:

(ক) ত্রিপাক্ষিক চুক্তির পর মিল চালু হওয়ার কয়েকদিন পরেই লক-আউট হয়। সরকার এই লক-আউটের বৈধতার প্রশ্ন ট্রাইবুনালে পাঠাইয়াছেন। এবং লক-আউট নিষিদ্ধ করা হইয়াছে।

(খ) শিল্প মন্ত্রীর মধ্যস্থতায় মিল কর্তৃপক্ষ ১২ই অক্টোবর হইতে মিল চালু করিয়াছেন। ত্রিপাক্ষিক চুক্তি অনুযায়ী লেবার কমিশনার একটি আরবিট্রেশান এ্যাওয়ার্ড দিয়াছেন।

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার, স্যার, আমার সাপ্লিমেণ্টারী হচ্ছে, এই যে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল; সেই চুক্তির কি কি সর্ত ছিল?

Shri Bijoy Singh Nahar:

এটা ত একটা লম্বা সর্ত।

Shri Nikhil Das:

আমার প্রশ্ন হচ্ছে যে ত্রিপাক্ষিক চুক্তিতে তারা সই করে, সেই চুক্তি তাঁরা মানেনি, যেমন রিট্রেঞ্চমেণ্ট বেনিফিট তাঁরা দেয়নি, লক-আউট যে তারিখে খোলার কথা, সেই তারিখেও খোলেননি, এই যে চুক্তিগুলি তাঁরা ভংগ করেছেন, এবং যে ১০।৩ করলেন আপনারা লক-আউট উইথড্র করার উদ্দেশ্যে, কিন্তু তাঁরা লক-আউট তুললেন না, এবং এমারজেন্সি যখন চলেছে, সেই সময় ইণ্ডাস্ট্রিয়াল ট্রুস রেজলিউশন অপারেটিভ তাঁরা করলো না; এবং এই যে করলো না তাঁরা এই সম্পর্কে সরকার কি স্টেপ নিয়েছেন? আজ পর্যন্ত তারা রিট্রেঞ্চমেণ্ট বেনিফিট পায়নি।

Shri Bijoy Singh Nahar:

এই সমস্তগুলি ট্রাইবুনাল-এ পাঠান হয়েছে।

Shri Nikhil Das:

এটা রিট্রেঞ্চমেণ্ট বেনিফিটের পয়সা

They are entitled to have it.

এটা ট্রাইবুনালে যাবার প্রশ্ন নয়। গভর্ণমেণ্ট কোর্টে পারটিকুলার কেস করতে পারেন। তার কি ব্যবস্থা হচ্ছে?

Shri Bijoy Singh Nahar:

রিট্রেঞ্চমেণ্ট বেনিফিট যেটা পাবার কথা—তার জন্য নিয়মমাফিক ব্যবস্থা করা হচ্ছে।

Shri Nani Bhattacharjee:

এই বি-টি মিল মণীন্দ্র মিলের একটা অংশ, সেই পুরা মিলটা কি এখন চালু হয়েছে?

Shri Bijoy Singh Nahar:

আমার খবর যে দুটো মিলই চালু হয়েছে।

Shri Nani Bhattacharjee:

আমি কয়েকদিন আগে বহরমপুর থেকে এসেছি, আমি জানি মিল চালু হয় নাই। এ সম্বন্ধে একটা এনকোয়ারী করবেন কি?

Shri Bijoy Singh Nahar:

আপনি নোটীশ দিলে নিশ্চয়ই খোঁজ নিয়ে দেখবো।

Eye operation of Shri Monoranjan Hazra

*129. (Admitted question No. 753.) **Shri Jamini Bhusan Saha :**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) একথা কি সত্য যে, বিনা বিচারে আটক রাজবন্দী শ্রীমনোরঞ্জন হাজরা, এম এল এ-র, বাঁ চোখে ক্যাটারাক্ট অপারেশনের জন্য গত ২৪-২-৬৫ তারিখে মেদিনীপুরের চক্ষু বিশেষজ্ঞ ডাঃ গুহ অভিমত প্রকাশ করলে তাঁকে কতকগুলি অস্ত্রোপচার পূর্ণ চিকিৎসা অন্তে ২-৪-৬৫ তারিখে মেদিনীপুরের ডি এম ও কলিকাতার আর জি কর মেডিকেল কলেজে অপারেশনের জন্য সুপারিশ করেন এবং তদনুযায়ী তাঁকে ২১-৪-৬৫ তারিখে দমদম সেণ্ট্রাল জেলে বদলী করা হয়; এবং

(খ) বারবার শ্রীহাজরা সরকারকে জানানো সত্বেও আজ পর্যন্ত তাঁর আর জি কর মেডিকেল কলেজে অপারেশানের কোন ব্যবস্থা করা হয় নি এবং এই দীর্ঘ বিলম্বতার জন্য ইতিপূর্বে অপারেশন করা তাঁর ডান চোখটির দৃষ্টিশক্তি পর্যন্ত নষ্ট হতে বসেছে?

Shri Jagannath Kolay:

(ক) হ্যাঁ, শ্রীমনোরঞ্জন হাজরাকে ২১-৪-৬৫ তারিখে দমদম কারায় বদলী করা হয়;

(খ) শ্রীযুক্ত হাজরার বাম চক্ষুর ক্যাটারাক্ট অস্ত্রোপচারের জন্য গত ইং ২৯-১০-৬৫ তারিখে কলিকাতা আর জি কর হাসপাতালে ভর্তি করা হইয়াছে। তাঁর চোখের দৃষ্টিশক্তি নষ্ট হবার কোনও অভিযোগ সরকারের নিকট নাই।

Shri Anadi Das:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে এপ্রিল মাসে তাকে নিয়ে আসা হলো দমদম জেলে, আর অক্টোবর মাসে প্রায় ছ'মাস পরে তাকে চোখের জন্য হাসপাতালে ভর্তি করা হলো—এই ছ'মাস কেন গেল?

Shri Jagannath Kolay:

ঐ ক্যাটারাক্ট যদি ম্যাচিওর না করে, তাহলে অপারেশান হয় কি করে?

Shri Birendra Narayan Ray:

তার যে ক্যাটারাক্ট ফরম করেছে এটা ডাক্তার রিপোর্ট দিলেন কবে?

Shri Jagannath Kolay:

আগে তিনি মেদিনীপুর জেলে ছিলেন, সেখানকার ডাক্তার একজামিন করে বললেন তার ক্যাটারাক্ট ফরম করেছে। তার মানে ২১-৪-৬৫ তারিখে দমদম জেলে ট্রান্সফার হবার আগেই ওটা ডিফেক্টেড হয়েছে। তারপর একজামিন হয়েছে—এখন অপারেশান-এর জন্য হাসপাতালে গিয়েছেন। সেখানে প্রিলিমিনারী যা কিছু করবার তাই হচ্ছে তার দাঁত ভাল নয় সেটা তুলতে হবে।

Health Centre in Thiba Model village

*130. (Admitted question No. *709.) **Dr Radha Nath Chattaraj:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার বীরভূম জেলার অন্তর্গত লাভপুর থানার অধীন ঠিবা "আদর্শপল্লী" (মডেল ভিলেজ)-তে একটি উপস্বাস্থ্য কেন্দ্র স্থাপনের পরিকল্পনা গ্রহণ করিয়াছেন;

(খ) এই উদ্দেশ্যে স্থানীয় জনসাধারণ সরকারী নির্দেশ অনুযায়ী আঞ্চলিক চাঁদা (লোকাল ডোনেশান) সরকার বরাবর জমা দিয়াছেন কিনা;

(গ) সরকার স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য আবশ্যক মত জমি দখল লইয়াছেন কিনা; এবং

(ঘ) কতদিনে স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্য আরম্ভ হইবে?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) হাঁ;

(খ) হাঁ;

(গ) হাঁ;

(ঘ) স্বাস্থ্যকেন্দ্র স্থাপন সংক্রান্ত পরিকল্পনা অনুযায়ী প্রতিটি ব্লক উন্নয়ন সংস্থায় একটি প্রাথমিক ও কমপক্ষে ২টি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপন করাই সরকারের বর্তমান নীতি। লাভপুর ব্লকে বর্তমানে একটি প্রাথমিক ও তিনটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আলোচ্য স্বাস্থ্যকেন্দ্রটির নির্মাণ কার্য সম্পর্কে বিবেচনা করা হইবে।

Absconding of prisoners from Kalna sub-jail

*131. (Admitted question No. 843.) **Shri Manoranjan Baksi:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) ইহা কি সত্য যে, গত আগষ্ট (১৯৬৫) মাসে বর্ধমান জেলার কালনা সাব-জেল হতে সাতজন কয়েদী পালিয়ে যায়;

(খ) সত্য হইলে, তন্মধ্যে কয়জন পলাতক কয়েদী পুনরায় ধরা পড়িয়াছে; এবং

(গ) কয়জন এখনও পলাতক আছে?

Shri Jagannath Kolay:

(ক) হ্যাঁ।

(খ) তিনজন।

(গ) চারজন।

Shri Birendra Narayan Ray:

আপনি কি এনকোয়ারী করেছেন কিভাবে পালিয়ে গিয়েছে?

Shri Jagannath Kolay:

হ্যাঁ এনকোয়ারী করা হয়েছে।

Shri Birendra Narayan Ray:

এনকোয়ারী-র ফলাফল কী? কার দোষে কয়েদীরা পালালো?

Shri Jagannath Kolay:

জেলের যে ঘরে তারা ছিল তার গরাদ করাত দিয়ে কেটে এবং পাহারাদারকে খুন করে পালিয়ে গিয়েছে।

[1-20—1-30 p.m.]

Shri Sailendra Nath Adhikary:

করাত দিয়ে কাটলো অথচ তারা শব্দ পেলনা এটা কি রকম কথা হলো?

Shri Jagannath Kolay:

বোধহয় গার্ড ঘুমিয়ে পড়েছিল তাই শব্দ পায়নি, করাত স্মাগল্ড করে বোধহয় নিয়ে এসেছিল এবং যে পাহারা দিচ্ছিল তাকে গলা টিপে মেরে পালিয়ে গিয়েছিল।

Shri Sailendra Nath Adhikary:

স্যার, রোভিং গার্ড যে রকম থাকে আবার একজায়গায় ষ্ট্যাণ্ডিং গার্ডও থাকে। একটা করাত দিয়ে কেটে বেরিয়ে গেল তখন তারা কোথায় গিয়েছিল?

Shri Jagannath Kolay:

আমি তো বলেছি যে গার্ড দিচ্ছিল সে বোধহয় ঘুমিয়ে পড়েছিল, নিশ্চয়ই তার পক্ষে গাফিলতী হয়েছে।

Shri A. B. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state how the prisoner got the saws by which he cut the rods?

Shri Jagannath Kolay: Saws have been smuggled some how.

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে কয়েদী পালিয়ে গিয়েছিল তার মধ্যে একজন কুখ্যাত আসামী ছিল এবং সে পালিয়ে গিয়েছে। সে আজ পর্যন্ত ধরা পড়েনি, এটা কি সত্য?

Shri Jagannath Kolay:

আমি তো বলেছি যে এর মধ্যে একজন কুখ্যাত আসামী ছিল এবং তার ফাঁসীর অর্ডার হয়েছে কিন্তু তার বিরুদ্ধে কালনা কোর্টে একটা মামলা ছিল সেজন্য তাকে কালনা নিয়ে যাওয়া হয়েছিল এবং তাকে কালনা সাব জেলে রাখা হয়েছিল।

Dr. Kanai Lal Bhattacharya:

আমার প্রশ্ন হচ্ছে তাকে কালনা সাবজেলে কেন রাখা হয়েছিল?

Shri Jagannath Kolay:

আপনি তো এই বলছেন যে তাকে ডিষ্ট্রিক্ট জেলে রাখা উচিত ছিল কিন্তু আমরা ভাবতে পারিনি যে সে এই কাজ করে ফেলবে।

Dr. Kanai Lal Bhattacharya:

সাব জেলে রেখে তাকে গার্ড দেবার ভাল বন্দোবস্ত করা হয়নি কেন, যে সমস্ত ভারপ্রাপ্ত অফিসার সেখানে ছিলেন তাদের বিরুদ্ধে কোন এ্যাকশান নেওয়া হয়েছে কি?

Shri Jagannath Kolay:

এখনও এনকোয়ারী করা হচ্ছে কি রকম গার্ড ছিল এবং কে দোষী?

Shri S. A. M. Habibullah:

তাকে ডিষ্ট্রিক্ট জেলে না রেখে সাব জেলে রাখা হলো কেন?

Shri Bhakti Bhusan Mandal:

কনডেম্ড প্রিজনার যদি এবং তার বিরুদ্ধে যখন ফাঁসীর অর্ডার আছে
He is to be treated as condemned prisoner,
এবং তাকে সেগরিগেট করে রাখা ডিফারেণ্ট সেলে রাখার যে নিয়ম জেল কোডে আছে সেই রুল কোডটা কেন ভাওলেট করা হয়েছিল?

Shri Jagannath Kolay:

তাকে ডিফারেণ্ট সেলেই রাখা হয়েছিল।

Shri Kashi Kanta Maitra:

আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে কনডেম্ড প্রিজনার হিসাবে যার উপর ক্যাপিটাল পানিশমেণ্টের অর্ডার আছে তাকে সাবজেলে রাখলেন কিন্তু সাবজেলে কোন একজিকুউশান হয়না তাই তাকে সেণ্ট্রাল জেলে রাখলেন না কেন, কালনা সাব জেলে কনডেম্ড প্রিজনারের এক-জিকুউশানের ব্যবস্থা আছে?

Shri Jagannath Kolay:

আমি তো বলেছি যে তার বিরুদ্ধে আরেকটা চার্জ ছিল সেজন্য তাকে কালনা কোর্টে আনা হয়েছিল।

Shri Kashi Kanta Maitra:

এছাড়াও কি সে আরেকবার পালিয়ে ছিল?

Shri Jagannath Kolay:

হ্যাঁ সে আরেকবার জেল থেকে পালাবার চেষ্টা করেছিল।

Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রিমহাশয় বললেন তার বিরুদ্ধে আরেকটা চার্জ থাকার জন্য তাকে কালনা নিয়ে যাওয়া হয়েছিল এবং তাকে সাবজেলে রাখা হয়েছিল। আমার প্রশ্ন হচ্ছে সে একজন কনডেম্ড প্রিজনার এবং একজন কুখ্যাত আসামী এ জেনেশুনেও কেন তাকে কালনা বিচার শেষ হওয়ার পর তাকে কেন বর্দ্ধমানে নিয়ে যাওয়া হয়নি? কারণ আমরা জানি কালনা থেকে বর্দ্ধমান বেশী দূরে নয় এ প্রিকশনারী মেজার কেন নেওয়া হয়নি?

Shri Jagannath Kolay:

যেটা আইনঘটিত ব্যাপার, সে আমি বলতে পারব না।

Shri Nani Bhattacharjee:

কনডেম্ড প্রিজনার তাকে ডিফারেণ্ট সেলে রাখা হয়েছিল যদি না হয়ে থাকে তাহলে কেন রাখা হয়নি? সবাই কে কি ইনডিভিজুয়াল সেলে রাখা হয়েছিল?

Shri Jagannath Kolay:

হ্যাঁ, সবাই কে ইনডিভিজুয়াল সেলে রাখা হয়েছিল।

Shri Nani Bhattacharjee:

আইনতঃ সেগ্রিগেট করে রাখার কথা কিন্তু কালনা সাবজেলে তো সেগ্রিগেট করে রাখার ব্যবস্থা নাই।

Shri Jagannath Kolay:

হ্যাঁ সেগ্রিগেট করে রাখা হয়েছিল।

Shri Nani Bhattacharjee:

লোকাল জেল অফিসারদের যোগসাজসে আসামী পালিয়েছে কিনা সে সম্বন্ধে কোন তথ্য আছে?

Shri Jagannath Kolay:

না তা ছিল না তাহলে একজন লোককে খুন করে পালিয়ে যেত না।

Shri Birendra Narayan Ray:

এই ঘটনার জন্য কোন লোকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা কিছু করা হয়েছে?

Shri Jagannath Kolay:

এখনও এনকোয়ারী চলছে সুতরাং শাস্তির কোন প্রশ্ন উঠতে পারে না।

Shri Birendra Narayan Ray:

এনকোয়ারী কবে শেষ হবে?

Shri Jagannath Kolay:

তা আমি বলতে পারব না।

Shri Manoranjan Baksi:

মাননীয় মন্ত্রিমহাশয়, এটা কি জানেন যে তাদের যে ব্লেড সাপ্লাই করত তার মধ্যে কয়াত পাস করে দিয়েছে এবং গার্ডদের ঘুষ দিয়ে তাদের যোগসাজসে এই কাজ হয়েছে?

Shri Jagannath Kolay:

আপনি যদি স্পেসিফিক কিছু জানেন তাহলে আমাকে দেবেন লিখে আমি এনকোয়ারী করব।

Shri Aswini Roy:

ওখানে যে গার্ড মারা গিয়েছিল তার নাম কি?

Shri Jagannath Kolay:

অখিলেশ্বর সাহা।

Shri Bhakti Bhusan Mandal:

আপনি বললেন তাকে একটা কেসের জন্য কালনা নিয়ে যাওয়া হয়েছিল, কোন্ তারিখে সে কেসটা ছিল পালিয়ে যাবার আগে না পরে?

Shri Jagannath Kolay:

তা আমি এখন বলতে পারব না।

[1-30—1-40 p.m.]

Shri Kashi Kanta Maitra:

একটা অতিরিক্ত প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে—যখন প্রশ্ন করা হয়েছিল, এই যে কুখ্যাত দাগী আসামী যে পালিয়ে গেল লোকজন নিয়ে তার সঙ্গে জেল কর্তৃপক্ষের কোন রকম কনাইভেন্স ছিল কিনা, প্রশ্ন উঠে না, এই রকম কোন কলিউশন বা কনাইভেন্স ছিল না। আমার জিজ্ঞাস্য হচ্ছে উনি এই হাউসে উত্তর দিতে গিয়ে কয়েক বার স্পষ্ট ভাষায় বললেন সমস্ত বিষয়টা এখন আণ্ডার এনকোয়ারি, তদন্তাধীন রয়েছে। এটা যদি তদন্তাধীন থাকে,

If it is investigation how could a Minister as an impartial Minister at the same time opine that there was no collusion or element of connivance in the matter.

Shri Jagannath Kolay:

উনি প্রশ্নটা করেছেন যে কোন কনাইভেন্স আছে কিনা, তার উত্তরে আমি বলেছি কনাইভেন্স আছে কিনা সে সম্পর্কে এনকোয়ারি হচ্ছে, আমরা এখনও এনকোয়ারি করছি।

Water-supply in Asansol municipal area

***132.** (Admitted question No. *977.) **Shri Aswini Roy:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে বর্ধমান জেলার আসানসোল পৌর এলাকায় পানীয় জল সরবরাহ লোকসংখ্যা অনুযায়ী স্বল্প; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বর্তমানে পৌর এলাকায় দৈনিক কি পরিমাণ জল সরবরাহ হয়, এবং

(২) উক্ত সরবরাহ বৃদ্ধির কোনও প্রকল্প থাকিলে তাহার বিবরণ ও কার্যকরী করার সম্ভাব্য সময় কি?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) হ্যাঁ;

(খ) (১) এবং (২) বর্তমানে দৈনিক ১৪ লক্ষ গ্যালন জল সরবরাহ হয়। কিন্তু আরও কয়েকটি জলাধার নির্মাণ করিলে এই প্রকল্প হইতেই দৈনিক ২০ লক্ষ গ্যালন জল সরবরাহ করা সম্ভব। ইহার জন্য ৬ লক্ষ ৩৪ হাজার টাকা ব্যয়ে একটি প্রকল্প প্রস্তুত আছে। আসানসোল পৌরসভা এই প্রকল্পটি অনুমোদন করিলে এবং ইহা কার্যকরী করার জন্য আর্থিক দায় দায়ীত্বের প্রস্তাব পেশ করিলে ইহার কার্য আরম্ভ করার ব্যবস্থা করা হইবে।

ইহা ছাড়া দৈনিক ১ কোটি গ্যালন জল সরবরাহের একটি ব্যাপক প্রকল্প টাউন এ্যান্ড — কোম্পানী প্ল্যানিং ডিপার্টমেণ্ট-এর নির্দেশে প্রস্তুত হইতেছে।

এখন ইহাদের কোনটিরই কার্যকরী করার সম্ভাব্য সময় নির্দেশ করা সম্ভব নয়।

Shri Aswini Roy:

আপনি এই যে বললেন যে ১৪ লক্ষ থেকে ২০ লক্ষ অর্থাৎ এই ৬ লক্ষ গ্যালন বাড়াবার জন্য ৬ লক্ষ ৩৪ হাজার একটা প্রস্তাব আছে বা প্রকল্প আছে, এবং পৌরসভার অনুমোদন সাপেক্ষে ব্যয়ভার বহণের দায়িত্ব- এই ব্যয় ভার বহনের দায়িত্ব বলতে কি মানে করছেন? এই ৬ লক্ষ টাকা কি পৌরসভাকে দিতে হবে?

Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের আরবার ওয়াটার স্কীম অনুযায়ী মিউনিসিপ্যালিটিকে প্রস্তুত থাকতে হয়, ওয়ান-থার্ড—টু-থার্ড গ্র্যাণ্ট এ্যান্ড লোনস স্কীম ওদের এক্সিকিউট করতে হয় বণ্ডে, তারপর আমরা এই টাকা খরচ করতে পারি।

Shri Aswini Roy:

এই যে স্কীম পৌরসভা অনুমোদন করছে না, এই স্কীম আপনারা কখন পাঠিয়েছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

করছে না একথা বলিনি, করলে একথা বলেছি।

Shri Copal Banerjee:

পৌরসভাকে কি এই খবরটা জানান হয়েছে?

Shrimati Purabi Mukhopadhyay:

হ্যাঁ, পৌরসভা জানে।

Shri Aswini Roy:

যদি কোন পৌরসভার এই ওয়ান থার্ড, টু-থার্ড স্কীমে টাকা দেবার ক্ষমতা না থাকে তাহলে কি সেখানে কাজ হবে না?

(নো রিপ্লাই)

Dr. Copikaranjan Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তিনি যে স্কীমের কথা বললেন সেটা অরিজিনাল ২০ লক্ষ টাকার স্কীম এবং তারই কিছু কিছু প্রকল্প এখন কাজে লাগান হচ্ছে?

Shrimati Purabi Mukhopadhyay:

এটা সেই প্রকল্পের সেকেণ্ড ফেজ।

Dr. Copikaranjan Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয় এক কোটি টাকার স্কীমের কথা বললেন। আমার প্রশ্ন হচ্ছে সেটা কি আসানসোল মহকুমায় রাণীগঞ্জ কোল ফিল্ড ওয়াটার সাপ্লাই স্কীমের কথা বললেন?

Shrimati Purabi Mukhopadhyay:

রাণীগঞ্জ কোল ফিল্ড ওয়াটার স্কীম আমরা হেল্থ ডিপার্টমেণ্ট থেকে কোরবো এবং তার কাজে প্ল্যানিং কমিশনের গ্রীন সিগনাল আমরা পেয়ে গিয়েছি। হেল্থ মিনিষ্ট্রির কাছ থেকে এখনও পর্যন্ত ফর্মাল গভর্ণমেণ্ট অর্ডার আসেনি বলে কাজ সুরু করিনি, পেলে আরম্ভ করবো। এটা কাণ্ট্রি এ্যাণ্ড টাউন প্ল্যানিং ডিপার্টমেণ্ট করবে। এদুটো সম্পূর্ণ তফাৎ।

Dr. Copikaranjan Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন যে আসানসোল পৌরসভা গত ১লা এপ্রিল থেকে সম্প্রসারিত হয়েছে, সম্প্রসারিত এলাকায় জল সরবরাহের কি ব্যবস্থা হয়েছে?

Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের যখন এই স্কীমটা করা হয় তখন আমরা ১ লক্ষ ২৫ হাজার লোকের জন্য করেছিলাম, কিন্তু যখন স্কীমটা শেষ হয় তারপরে লোকসংখ্যা ১ লক্ষ ২৫ হাজারের চেয়ে বেশী হয়ে যায়। সেই জন্য এটাকে আবার দ্বিতীয় দফায় সেকেণ্ড ফেজ হিসাবে হাত দেওয়া হয়েছে। সেকেণ্ড ফেজে যখন আমরা কাজ সুরু করবো তার সঙ্গে সঙ্গে কাণ্ট্রি এ্যাণ্ড টাউন প্ল্যানিং ডিপার্টমেণ্ট ওখানকার একটা বৃহত্তর অঞ্চল জুড়ে কাজ করবে বলে যে এরিয়া সম্প্রসারিত হয়েছে সেগুলিও ওর ভিতর পড়ে যাবে।

Dr. Copikaranjan Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কারিয়াতে যেমন ওয়াটার বোর্ড বলে কোন অর্গানিজেশন আছে তেমনি আসানসোল অঞ্চলে ঐ ধরণের কোন অর্গানিজেশন তৈরী করবার তাঁদের ইচ্ছা আছে কিনা?

Shrimati Purabi Mukhopadhyay:

আমরা এখান থেকে যে লেজিসলেশন করেছিলাম তাতে ওখানকার আসানসোল এবং ঝরিয়ার কোন ফিল্ড জুড়ে যে এরিয়া তার ভিতর আসানসোলও পড়বে এবং আমরা সেখানে বোর্ড অব হেল্থ তৈরী করবো। এই বোর্ড অব হেল্থ এখন যেটা আছে তার মধ্যে জলের ফাংশন বিশেষ কিছু নেই।

Shri Haridas Chakraborty:

মাননীয় মন্ত্রিমহাশয় একটা জবাবে বললেন যে রাণীগঞ্জের জন্য আপনারা যে জলের পরিকল্পনা করবেন সেটা স্বাস্থ্য দপ্তর থেকে করা হবে, কিন্তু তিনি কি বলবেন এ সম্পর্ক কোন ফিল্ড ওয়েলফেয়ার ফাণ্ড থেকে কোন টাকা পশ্চিমবঙ্গ সরকারের অনুমোদন সাপেক্ষে দিতে রাজী হয়েছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

রাণীগঞ্জ কান ফিল্ড ওয়াটার সাপ্লাই স্কীম-এর প্রশ্ন এটা নয়, তবে আমি সম্প্রতি এই ব্যাপারে দিল্লীতে গিয়েছিলাম কারণ এই স্কীমে ৭ কোটি টাকার বেশী প্রয়োজন হবে এবং ওর কি কি কোথায় পাওয়া যেতে পারে দেখবার জন্য। তাতে কেন্দ্রীয় দপ্তরের শ্রম দপ্তর আমাদের জানিয়েছেন যে মাইনিং ওয়েলফেয়ারের যে ফান্ড আছে তা থেকে তাঁরা এক কোটি টাকা আমাদের ফ্রি অব ইন্টারেষ্টে গিফ্‌ট হিসাবে দেবেন।

Shri Aswini Roy:

এই যে কাপ্টি এ্যান্ড টাউন প্ল্যানিং ডিপার্টমেণ্ট এটা কি আসানসোলে আছে? থাকলে তার পার্সোনেল কে কে আছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

কাপ্টি এ্যান্ড টাউন প্ল্যানিং ডিপার্টমেণ্ট আমাদের নূতন তৈরী হয়েছে ডেভালপমেণ্ট ডিপার্টমেণ্টের সঙ্গে এই সমস্ত স্ট্যাটুটোরি এরিয়াগুলি নিয়ে কাজ করবার জন্য। আমাদের যে গ্রেটার ক্যালকাটা মেট্রোপলিটান স্কীম আছে তারই সঙ্গে এটা আছে এবং এটা আমাদের দপ্তর ডিল করেনা বলে বলতে পারছি না।

Eye donation

***133.** (Admitted question No. *848.) **Shri Manoranjan Baksi:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ মৃতের চক্ষুদান বিল অনুসারে এ পর্যন্ত কতজন ব্যক্তি সরকারের নিকট তাঁহাদের মৃত্যুর পর চক্ষু উৎপাটন করিয়া লইবার জন্য প্রতিশ্রুতি জানাইয়াছেন: এবং

(খ) কতজন দৃষ্টিশক্তিহীন ব্যক্তি চক্ষু লাভ করিবার জন্য সরকারের নিকট এ পর্যন্ত আবেদন করিয়াছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) ২ জন;

(খ) ৭৫ জন।

Shri Manoranjan Baksi:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, যাঁরা মৃত্যুর পরে চক্ষু তুলবার জন্য অনুমতি দিয়েছেন তাঁদের নাম কি?

Shrimati Purabi Mukhopadhyay:

আপনার পাশেই যিনি বসে আছেন, শ্রীবীরেন রায় এবং তাঁর স্ত্রী শ্রীমতী প্রতিমা রায়।

Shri Birendra Narayan Ray:

আপনাদের পাবলিসিটির অভাবের জন্যই লোকে এর মর্ম জানতে পারছে না এবং সেজন্যই চক্ষুদান আশানুরূপ হচ্ছেনা এটা কি স্বীকার করেন?

Shrimati Purabi Mukhopadhyay:

হ্যাঁ, স্বীকার করি। আমরা পাবলিসিটি দিইনি তার কারণ হচ্ছে আই ব্যাঙ্ক যতক্ষণ তৈরী না হচ্ছে ততক্ষণ পর্যন্ত কর্ণিয়াল গ্রাফ্‌টিং-এর জন্য কর্ণিয়া সংগ্রহ করলে সেই কর্ণিয়া খারাপ হয়ে যাবে। আমরা ফাস্ট অব এপ্রিল ১৯৬৬-র আগে এই কর্ণিয়া রাখবার আই ব্যাঙ্ক তৈরী করতে পারব না। আমরা এখানে যে আইন পাশ করেছিলাম সেটার আমরা অক্টোবর মাসে রুলস তৈরী করে গেজেটে নোটিফিকেশন দিয়েছি। আই ব্যাঙ্ক তৈরী হবার সঙ্গে সঙ্গে আমরা ব্যাপকভাবে তার পাবলিসিটি করবো। আর রুলস তৈরী হবার পর আমরা সাধারণ ভাবে লোককে জানাবো যে কর্ণিয়া নেবার আমাদের ব্যবস্থা আছে। কিন্তু সেই ব্যবস্থা যতক্ষণ না আমরা সংরক্ষণ করতে পাচ্ছি কর্ণিয়া নেবার জন্য, হাসপাতালে যখন কেস আসবে সেই কেস নিক্লোনাইজ করে তখন যে রকমে কর্ণিয়া নেওয়া যেতে পারে সেটা নিতে পারবো বলে পাবলিসিটির ব্যবস্থা করা হয়নি।

[1-40—1-50 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

যে দু জন চক্ষু দান করবেন—আপনাদের তো ১৯৬৬ সালের আগে কিছু কাজে লাগবে না। ইতিমধ্যে যদি ওদের চক্ষু দেবার সময় আসে তাহলে ওরা কি করবেন?

Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের বিজয়বাবু যা বললেন ভগবান করুন যেন তা না হয়; আমি সেটা রিপিট করছি ওঁদের ব্যক্তিগত নাম না দিয়ে বলছি যারা কর্নিয়া দিতে চান এই কেস তো আমাদের হাতে এখন রয়েছে আমাদের হাসপাতালে; ৭।৮টা করে আগে হচ্ছিল—গত বছর আমরা ৩০টি কর্নিয়া গ্রাফটিং করেছি এবং সাকসেসফুল হয়েছি। সেখানে আমরা কি করি—যেমন কর্নিয়া গ্রাফটিং কেস আসে সেই সঙ্গে চক্ষু তুলে দেবার মত যে সমস্ত পেসেণ্ট থাকে—এই দুটোকে আমরা সিংক্রোনাইজ করে নিই। সিংক্রোনাইজ করে যাদের কাছ থেকে কর্নিয়া নিয়ে যাদের গ্রাফটিং করতে হবে তাই করি অতএব

There will be no difficulty in utilising these corneas.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Publication of biography of martyrs from West Bengal

158. (Admitttd question No. 117.) **Shri Mrigendra Bhattacharyay:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বাধীনতা সংগ্রামে পশ্চিম বাংলার যাঁহারা ফাঁসীতে, গুলিতে বা অত্যাচারে প্রাণ বিসর্জন দিয়া শহীদ হইয়াছেন, তাঁহাদের জীবনী সম্বন্ধে কোন পুস্তিকা প্রচারের ব্যবস্থা সরকার করিতেছেন কি; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে কতদিনে ঐ সমস্ত তথ্যসম্বলিত পুস্তিকা প্রকাশ করা হইবে বলিয়া আশা করা যায়?

The Minister for Education:

(ক) স্বাধীনতা সংগ্রামে পশ্চিম বাংলায় যাঁহারা ফাঁসীতে, গুলীতে বা অত্যাচারে প্রাণ বিসর্জন দিয়া শহীদ হইয়াছেন কেবলমাত্র তাঁহাদের জীবনী সম্বন্ধে কোন পুস্তিকা প্রকাশের পরিকল্পনা বর্তমানে সরকারের নাই। তবে কেন্দ্রীয় সরকারের এক প্রকল্পের অংশ হিসাবে ১৮১৮ হইতে ১৯৪৭ সনের মধ্যে বাংলাদেশের যাঁহারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভারতের স্বাধীনতা

আন্দোলনে অংশ গ্রহণ করিয়াছেন, তাঁহাদের সংক্ষিপ্ত জীবনী সংকলনের ব্যবস্থা করা হইয়াছে পশ্চিমবঙ্গ "হু ইজ হু কমিটির" তত্ত্বাবধানে। বাংলার স্বাধীনতা সংগ্রামীদের এই পরিচয়-পঞ্জীতে প্রশ্নে উল্লিখিত ব্যক্তিগণেরও সংক্ষিপ্ত জীবনী থাকিবে।

(খ) "হু ইজ হু কমিটি"র উদ্যোগে বাংলা দেশের প্রায় ত্রিশ হাজার স্বাধীনতা সংগ্রামীর জীবনী সংগৃহীত হইয়াছে এবং ঐরূপ প্রায় সতের হাজার জীবনীর সম্পাদনের কাজ সমাপ্ত হইয়াছে। আশা করা যাইতেছে ১৯৬৬ সনের মধ্যেই এই পুস্তক প্রকাশিত হইবে।

Rabindra Rachanavali

159. (Admitted question No. 161.) **Shri Mrigendra Bhattacharyay:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রবীন্দ্র রচনাবলী জন্ম শত বার্ষিকী সংস্করণ কত কপি ছাপান হইয়াছে এবং কয় খণ্ডে সমাপ্ত হইবে;

(খ) রবীন্দ্র রচনাবলীর গ্রাহক সংখ্যা কত;

(গ) ১৯৬৫ সালের ৩১এ আগস্ট পর্যন্ত কত খণ্ড ছাপান ও বিলি শেষ হইয়াছে, বাকী খণ্ড কত দিনে সমাপ্ত হইবে; এবং

(ঘ) এই শত বার্ষিকী সংস্করণ রবীন্দ্র রচনাবলীর জন্য কোন্ কোন্ বৈদেশিক রাষ্ট্র কত কপির অর্ডার দেন?

The Minister for Education:

(ক) ৫০,০০০ (পঞ্চাশ হাজার) সেট রবীন্দ্র রচনাবলী ছাপান হইয়াছে। প্রতি সেট ১৫ খণ্ডে সমাপ্ত হইবে।

(খ) ৪৭,৮৪৫।

(গ) ৩১এ আগস্ট, ১৯৬৫ তারিখ পর্যন্ত প্রথম হইতে চতুর্দশ খণ্ড পর্যন্ত ছাপান হইয়াছে এবং ঐগুলি বিলি করা হইয়াছে। পঞ্চদশ খণ্ডের জন্য সংকলন কার্য চলিতেছে।

(ঘ) কোন বৈদেশিক রাষ্ট্র রবীন্দ্র রচনাবলীর জন্য অর্ডার দেন নাই। তবে আমেরিকার যুক্তরাষ্ট্রে অবস্থিত দুইটি প্রতিষ্ঠান ২০টি সেটের জন্য নাম তালিকাভুক্ত করিয়াছেন। ইহা ছাড়া ভারতীয় কৃষ্টি সংসদ (ইণ্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন্স) বৈদেশিক রাষ্ট্রে বিলি করিবার জন্য ৫০টি সেট ক্রয় করিয়াছে।

Management of Junior High Schools

160. (Admitted question No. 203.) **Shri Mrigendra Bhattacharyay:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জুনিয়র হাই স্কুলগুলিকে জেলা পরিষদের কর্তৃত্বাধীনে আনয়নের প্রচেষ্টা হইতেছে;

(খ) সত্য হইলে ইহার কারণ কি; এবং

(গ) এ সম্পর্কে দেশের বিশিষ্ট শিক্ষাবিদ্‌দের অভিমত লওয়া হইয়াছে কি?

The Minister for Education:

(ক), (খ) ও (গ) বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন রহিয়াছে। সরকার এখনও কোন সিদ্ধান্তে উপনীত হন নাই।

Unemployment position in Jhargram subdivision

161. (Admitted question No. 345.) **Shri Surendra Nath Mahato:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রথম যোজনার সুরুতে মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার থানাওয়ারীভাবে শিক্ষিত এবং নিরক্ষর বেকার যুবকের সংখ্যা কত ছিল; এবং

(খ) যোজনার শেষে ঐ সংখ্যা কত?

The Minister for Labour:

(ক) মহকুমা বা থানাওয়ারীভাবে কোন পরিসংখ্যান রাখা হয় না। কর্ম-সংস্থান কেন্দ্রের সীমা অনুযায়ী পরিসংখ্যান রাখা হয়। সমগ্র মেদিনীপুর জেলা খড়্গপুর কর্ম-বিনিয়োগ কেন্দ্রের আওতায় আসে। প্রথম যোজনার সুরুতে ঐ জেলায় কোন কর্ম-বিনিয়োগ কেন্দ্র ছিল না। খড়্গপুর কর্ম-বিনিয়োগ কেন্দ্র ১৯৫৪ সনের গোড়ার দিকে খোলা হয়। ১৯৫৪ সনের গোড়ার দিকে এই কেন্দ্রে (অর্থাৎ মেদিনীপুর জেলায়) রেজিষ্ট্রিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা ছিল মোট ২,৬৪১ জন। তন্মধ্যে ম্যাট্রিক ও তদূর্দ্ধ শিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৬৩১ জন এবং নন-ম্যাট্রিক ও নিরক্ষর মিলিয়া কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ২,০১০ জন। নিরক্ষর কর্মপ্রার্থীর পরিসংখ্যান পৃথকভাবে রাখা হয় না।

(খ) প্রথম যোজনার শেষে খড়্গপুর কর্মবিনিয়োগ কেন্দ্রে রেজিষ্ট্রিকৃত কর্মপ্রার্থীর সংখ্যা ছিল মোট ২,১৯৫ জন। তন্মধ্যে ম্যাট্রিক ও তদূর্দ্ধ শিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৬৯৭ জন এবং নন-ম্যাট্রিক ও নিরক্ষর মিলিয়া কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৪,৪৯৮ জন।

Reconstitution of Anchal Panchayats in Jhargram Block

162. (Admitted question No. 371.) **Shri Surendra Nath Mahato:**

পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম ব্লকের অঞ্চল পঞ্চায়েতগুলির পুনর্নির্বাচনের কাল বহুদিন আগেই অতিক্রান্ত হইয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে উক্ত ব্লকের অধীনস্থ অঞ্চল পঞ্চায়েতগুলির নির্বাচনের তারিখ স্থিরীকৃত হইয়াছে কিনা এবং হইয়া থাকিলে কবে পুনর্নির্বাচন অনুষ্ঠিত হইবে?

The Minister of State for Panchayats:

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম ব্লকের মোট ১৪টি অঞ্চল পঞ্চায়েতের মধ্যে ৭টির কার্যকাল ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত (এ্যামেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৬৪ অনুযায়ী গত ৭ই জুন, ১৯৬৫ তারিখে শেষ হইয়া গিয়াছে। বাকী ৭টির কার্যকাল উক্ত আইনানুসারে এখনও শেষ হয় নাই।

(খ) প্রথমোক্ত ৭টি অঞ্চল পঞ্চায়েতগুলির নির্বাচনের তারিখ এখনো স্থিরীকৃত হয় নাই। শেষোক্ত ৭টি অঞ্চল পঞ্চায়েত সম্বন্ধে এ প্রশ্ন উঠে না।

Introduction of Modified Rationing System in Jhargram town

163. (Admitted question No. 376.) **Shri Surendra Nath Mahato:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ঝাড়গ্রাম সহরে কবে হইতে মডিফায়েড রেশনিং ব্যবস্থা চালু হইয়াছে;

(খ) উক্ত শহরের লোকসংখ্যা কত এবং কতজনকে কি হারে চাউল, আটা ও গম ইত্যাদি দেওয়া হয় ; এবং

(গ) বর্তমানে রেশন দোকান হইতে যে চাউল দেওয়া হয় তাহার মূল্য কত?

The Minister for Food and Supplies:

(ক), (খ) ও (গ) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

Statement referred to reply to unstarred question No. 163

Statement showing the number of population and M. R. scale in Jhargram town.

Date from which M.R. started in this year—17th July, 1965.
No. of population—17,495.
Monthly average number of persons served—15,336.
M. R. scale per head per week:

Adult—

Rice—750 Gms.
Wheat/Wheat Products—750 Gms.

Minor—

Rice—375 Gms.
Wheat/Wheat Products—375 Gms.

Present retail selling rate of rice in M. R. shops—0.74 paise per Kg.

Procurement of rice from rice mills

164. (Admitted question No. 379.) **Shri Aswini Roy:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) ১৯৬৫ সালে পশ্চিমবঙ্গ রাজ্যে চাউলকলগুলি হইতে চাউল সংগ্রহের কোন নির্দিষ্ট পরিমাণ ছিল কি ;

(খ) থাকিলে—

(১) জেলাভিত্তিতে নির্ধারিত কোটা, এবং

(২) ১৯৬৫ সালের জানুয়ারি হইতে সেপ্টেম্বর পর্যন্ত জেলাভিত্তিতে সংগ্রহের পরিমাণ?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ, চাউলকলগুলির দৈনিক উৎপাদনের শতকরা ৫০ ভাগ মাত্র। মোটামুটি সাড়ে তিন লক্ষ টন সংগ্রহের লক্ষ্য ছিল।

(খ) (১) জেলা ভিত্তিতে কোন কোটা নির্ধারিত হয় নাই।

(২) এই সম্পর্কে একটি বিবরণ দেওয়া হইল।

Statement referred to in reply to clause (kha)(2) of unstarred question No. 164

Statement showing districtwise purchase of rice on Government account from rice mills in 1965 up to September (from 1st January, 1965 to 30th September, 1965.)

(Figures are in quintals)

		Rice.
1.	Burdwan	431,254
2.	Birbhum	588,034
3.	Bankura	364,471
4.	Purulia	46,733
5.	Midnapore	637,586
6.	Hooghly	64,558
7.	Howrah	15,288
8.	24-Parganas	225,887
9.	Nadia	119
10.	Murshidabad	17,169
11.	Malda	5,463
12.	West Dinajpore	209,040
13.	Darjeeling	16,154
14.	Cooch Behar	27,659
15.	Jalpaiguri	72,699
		2,722,112

Irrigation water for Rabi crops in Bhatar police-station, Burdwan

165. (Admitted question No. 393.) **Shri Aswini Roy:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় ভাতাড় থানায় রবিশস্যের জন্য সেচের জল সরবরাহ করা হয় কি ;

(খ) সরবরাহ করা হইলে মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে কোন্ কোন্ অঞ্চলের কোন্ কোন্ মৌজায় কত একর জমিতে জল সরবরাহ করা হয় ;

(গ) উক্ত সরবরাহের জন্য উক্ত কয় বৎসরে ধার্য ট্যাক্সের পরিমাণ এবং আদায়ের পরিমাণ ; এবং

(ঘ) ১৯৬৫-৬৬ সালে উক্ত থানায় নতুন কোন এলাকায় রবিশস্যের জন্য জল সরবরাহের কথা সরকার চিন্তা করিতেছেন কিনা এবং করিলে তাহা কোথায় ?

The Minister for Irrigation and Waterways:

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে ভাতাড় থানায় মৌজাওয়ারী জল সেচের হিসাব এইরূপঃ—

মৌজা	১৯৬২-৬৩ (একর)	১৯৬৩-৬৪ (একর)	১৯৬৪-৬৫ (একর)
আরাহাটি	১৯৬	২৩৫	২৩০
নুনারী	৫০	১৫০	১২০
মহাচানদা	৫৫	৪৫	২৫
নবাস্তা	১০	২০	৩০
কিচারডাহা	—	১০	২০
কর্জনা	১৪	২০	২৫
	৩২৫	৪৮০	৪৫০

(গ) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের রবিশস্যের জন্য জল সরবরাহ বাবদ দেয় ট্যাক্সের হার একরপ্রতি যথাক্রমে ১২ টাকা, ১২ টাকা ৫০ পয়সা এবং ১২ টাকা ৫০ পয়সা কিন্তু এই হার ধার্যের বিজ্ঞপ্তি এখনও "কলিকাতা গেজেট"এ প্রকাশিত হয় নাই বলিয়া আইনানুসারে কোন ট্যাক্স ধার্য করা হয় নাই ; কাজেই আদায়ের প্রশ্ন এখন উঠে না।

(ঘ) ১৯৬৫-৬৬ সালে প্রায় ৬০০ একর অর্থাৎ অতিরিক্ত আনুমানিক ১৫০ একর জমিতে রবিশস্যের জন্য জল সরবরাহ করার সম্ভাবনা আছে।

Labour Disputes

. **166.** (Admitted question No. 405.) **Shri Tarun Kumar Sengupta:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৫৯-৬৪ সাল পর্যন্ত এবং ১৯৬৫ সালের ১৭ই অক্টোবর সময়কালে উপস্থাপিত মোট শ্রম বিরোধের শতকরা কত ক্ষেত্রে শ্রমদপ্তর কর্তৃক

(১) ত্রিপাক্ষিক চুক্তি করানো সম্ভবপর হয় ; এবং

(২) অমীমাংসিত বিরোধ বিচারের জন্য শ্রম আদালতের নিকট প্রেরণ করা হয়?

The Minister for Labour:

(১) ও (২) এ সম্পর্কে ১৯৫৯ সাল ও ১৯৬৫ সালের জুলাই মাসের পরবর্তীকালের কোন পরিসংখ্যান নাই। ১৯৬০ সাল হইতে ১৯৬৫ সালের জুলাই মাস পর্যন্ত বাৎসরিক পরিসংখ্যান নিম্নরূপঃ—

বৎসর	মোট বিরোধের পরিপ্রেক্ষিতে ত্রিপাক্ষিক চুক্তির শতকরা সংখ্যা	মোট বিরোধের পরিপ্রেক্ষিতে শিল্প ন্যায়পীঠ ও শ্রম আদালতে প্রেরিত বিরোধের শতকরা সংখ্যা
১৯৬০	১৫·৮৬	৮·৮৬
১৯৬১	১৩·৯৯	৭·১২
১৯৬২	১৩·০৩	৪·৪৩
১৯৬৩	১৩·৪০	৪·১৮
১৯৬৪	১৩·৮৫	৭·০৮
১৯৬৫ (জুলাই পর্যন্ত)	১৫;৩৪	৫·৫২

Introduction of Metric System of weights in Alipore Central Jail

167. (Admitted question No. 434.) **Shri Subodh Chowdhury:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether it is a fact that at Alipore Central Jail indents for diet are given in kilograms and litres, but distribution of diet is being made in seer and chattacks; and

(b) if so, what is the reason of this?

The Minister for Home (Jail): (a) No. Indents as well as distributed of dietary articles for prisoners in the Alipore Central Jail are done in metric terms.

(b) Does not arise.

British controlled companies in West Bengal

168. (Admitted question No. 484.) **Shri Somnath Lahiri:**

বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পশ্চিমবঙ্গে ব্রিটিশ নিয়ন্ত্রিত ব্যবসায়িক প্রতিষ্ঠানের সংখ্যা কত ও তাহাদের নাম কি ;

(খ) উহাদের মধ্যে কোন্‌গুলি গ্রেট ব্রিটেনে বিধিবদ্ধ ; এবং

(গ) এই ব্যবসায়িক প্রতিষ্ঠানের জাতীয়করণের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি ?

The Minister for Commerce and Industries:

(ক) এই সম্পর্কে কোন সঠিক তথ্য রাজ্য সরকারের নিকট নাই।

(খ) গ্রেট ব্রিটেনে বিধিবদ্ধ প্রায় দুইশত ব্যবসায়িক প্রতিষ্ঠানের পশ্চিমবঙ্গে কারবারস্থল আছে।

(গ) এ বিষয় ভারত সরকারের এক্তিয়ারভুক্ত।

Poultry Farms

169. (Admitted question No. 531.) **Shri Kashi Kanta Maitra:**

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) এ রাজ্যে সরকারী তত্ত্বাবধানে হাঁসমুরগী পালন কেন্দ্র কতগুলি আছে এবং সেইসব পোলট্রী ফারমের লাভ হয় কিনা ;

(খ) এই সব পোলট্রি ফারমের পিছনে ১৯৬২ থেকে ১৯৬৫ পর্যন্ত মোট কত টাকা ব্যয় করা হইয়াছে ;

(গ) ১৯৬২ থেকে ১৯৬৫ উৎপাদন পোলট্রি প্রোডুস হাঁসমুরগীর সংখ্যা প্রতি বছরের হিসাব ;

(ঘ) পোলট্রিজাত দ্রব্য উৎপাদন বৃদ্ধি, হাঁসমুরগী পালন উৎপাদন বৃদ্ধির জন্য কোন ব্যাপক পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ; এবং

(ঙ) সরকারী ফারমের পোলট্রিজাত দ্রব্যের মূল্য হ্রাস করা সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) মোট ৭টি।

ব্যবসায়ী লাভের ভিত্তিতে সরকারী তত্ত্বাবধানে পোলট্রি ফারম চালান হয় না। ইহাদের মাধ্যমে মুখ্যতঃ সাধারণ লোককে উন্নত ধরণের পোলট্রি রক্ষণাবেক্ষণের নিমিত্ত জ্ঞান বিতরণ করা হয় এবং দেশের পোলট্রি ব্যবস্থাকে উন্নত করিবার কাজে লাগান হয়। সুতরাং আর্থিক লাভের প্রশ্ন উঠে না।

(খ) ২৪·৫৬ লক্ষ টাকা।

(গ) নিম্নে দেখান হইল:

	১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫
১। হাঁসমুরগীর ছানা	১৫৯,৫০১	২০৪,৮৭৯	২৯৯,৪২০
২। ফোটাবার ডিম	৩৩৭,৪৩৫	৪০৪,৮২৮	৫২৪,৫৩৮
৩। খাবার জন্য ডিম	৭৭৫,১১৮	১,৩৬৫,৬৬০	১,৩০১,৪৭৬

(ঘ) আছে।

(ঙ) পোলট্রিজাত দ্রব্যের মূল্য নির্ভর করে পোলট্রি পালনের নিমিত্ত ব্যবহৃত খাদ্য দ্রব্যের উপর। সুতরাং এই খাদ্যদ্রব্য কম মূল্যে না পাওয়া পর্যন্ত পোলট্রিজাত দ্রব্যের মূল্য হ্রাস করা সম্বন্ধে বিবেচনা করা যায় না।

Refugee colonies in the Krishnagar Municipality areas

170. (Admitted question No. 534.) **Shri Kashi Kanta Maitra:**

স্বায়ত্ব শাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর শহরের পৌর এলাকার মধ্যে অবস্থিত কতগুলি উদ্বাস্তু কলোনী আছে তাহার নাম, বিবরণ ও জনবসতি সংখ্যা ; এবং

(খ) উক্ত কলোনীগুলিতে চলাচলের পাকা রাস্তা, ড্রেন নির্মাণ এবং পানীয় জল সরবরাহের জন্য টিউবওয়েল স্থাপন বাবদ রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর থেকে ১৯৫৭ সাল থেকে ১৯৬৫ সালের মধ্যে কোন অর্থ মঞ্জুর করা হয়েছিল কিনা এবং হলে তার মোট পরিমাণ?

The Minister for Local Self-Government:

(ক) কৃষ্ণনগর শহরের পৌর এলাকার মধ্যে সরকার নিয়ন্ত্রিত নিম্নলিখিত দুইটি উদ্বাস্তু কলোনী আছে ;

(১) কালীনগর কলোনী—জনসংখ্যা ১,৩৬৫ (প্রায়), (২) কৃষ্ণনগর (শ্রীদুর্গা) কলোনী—জনসংখ্যা ৫৪৫ (প্রায়)।

(খ) কালীনগর কলোনীর জন্য ১৯৫৪ সালের মধ্যে কোন অর্থ মঞ্জুর হয় নাই, কিন্তু কৃষ্ণনগর (শ্রীদুর্গা) কলোনীর জন্য সরকারের ১৯৫৪ সালের ৩০এ নভেম্বর তারিখের ১০,৫৫৫ রিহ্যাব নং আদেশে ঐ কলোনীর উন্নয়নের জন্য ৯,৮৮৩ টাকা মঞ্জুর করা হয়। ঐ অর্থ ঐ বৎসর খরচ না হওয়ায় পরবর্তী বৎসরে ২রা জুন তারিখের ৫৯১৭ রিহ্যাব নং আদেশে পুনঃ মঞ্জুরীকৃত হয়। ঐ পর্যন্ত ঐ কলোনীর উন্নয়নের জন্য প্রায় ৫০,৩০০ টাকা ব্যয় হইয়াছে। কালীনগর কলোনীতেও ঐ পর্যন্ত নলকূপ বাবদ প্রায় ৯,০০ টাকা ব্যয় হইয়াছে।

Contribution to National Defence Fund

171. (Admitted question No. 549.) **Shri Mrigendra Bhattacharyay:**

মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১-৮-৬৫ হইতে ১৫-১০-৬৫ পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার প্রতিরক্ষা তহবিলে কত (১) নগদ টাকা, (২) সোনা এবং টাকার মূল্যের অন্যান্য জিনিসপত্র পাইয়াছেন ;

(খ) আদায়ীকৃত টাকা এবং সোনা কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা তহবিলে জমা দেওয়া হইয়াছে কিনা এবং দেওয়া থাকিলে ১৫-১০-৬৫ তারিখ পর্যন্ত মোট কত টাকা জমা দেওয়া হইয়াছে ;

(গ) উক্ত টাকা ও সোনা কেন্দ্রীয় তহবিলে জমা দেওয়া না হইলে তাহার কারণ কি ;

(ঘ) দশ হাজার টাকা বা এর বেশী কোন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান প্রতিরক্ষা তহবিলে দিয়াছে এবং প্রত্যেকের দানের পরিমাণ ;

(ঙ) পশ্চিমবাংলার কোন্ কোন্ মন্ত্রী কত টাকা প্রতিরক্ষা তহবিলে দান করিয়াছেন এবং কত টাকা সংগ্রহ করিয়াছেন ; এবং

(চ) প্রতিরক্ষা তহবিলে অর্থ সংগ্রহ করার দায়িত্ব কাহাদের উপর ন্যস্ত করা হইয়াছে ?

The Chief Minister:

(ক) ১-৮-৬৫ হইতে ১৫-১০-৬৫ পর্যন্ত প্রতিরক্ষা তহবিলে দানের পরিমাণঃ

(১) টাকা নগদ ও চেকে–১২,৭০,১১১.৯৭; (২) সোনা–১৩২৪ গ্রাম; (৩) অন্যান্য জিনিসপত্র—অর্থের পরিমাণে ইহাদের মূল্য নির্ণয় করা সম্ভব নহে।

(খ) হাঁ এবং জমা দেওয়ার পরিমাণ (ক) এর উত্তরে দ্রষ্টব্য।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) এবং (চ) সংযুক্ত তালিকা দ্রষ্টব্য।

(ঙ)

[illegible]		৫০১ টাকা,
শিল্প ও বাণিজ্য মন্ত্রী	—	২৫১ টাকা,
অর্থমন্ত্রী		২৫০ টাকা,
পশুপালন, মৎস্য ও স্বায়ত্ব শাসন বিভাগের মন্ত্রী	—	১০১ টাকা,

মন্ত্রীরা কত টাকা সংগ্রহ করিয়াছে বলা সম্ভব নহে।

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 171.

Names and amount

1. Calcutta Biri Tobacco Merchants Association—Rs. 12,230.
2. Jay Engineering Works Ltd.—Rs. 25,000.
3. India Hard Metals Pvt. Ltd.—Rs. 10,000.
4. Electrical Industries Corporation—Rs. 15,000.
5. Shri Baldeoram Saligram Mehta Trust—Rs. 1,01,001.
6. Seth Soorajmull Jalan Girls College—Rs. 21,000.
7. Seth Soorajmull Jalan Balika Vidyalaya—Rs. 16,000.
8. U. P. Oil Mills Association—Rs. 11,000.
9. Bengal Paper Mill—Rs. 25,000.
10. Phosphate Co. Ltd.—Rs. 25,000.
11. West Coast Paper Mill—Rs. 50,000.
12. Messrs. Harabans Lal Malhatra and Sons Pvt. Ltd.—Rs. 13,500.

13. Members of Oriental Chamber of Commerce—Rs. 10,251.
14. Staff and Employees of Messrs. Davidson of Indian (Private) Ltd.—Rs. 12,350.
15. Wholesale Shoe Merchants' Association—Rs. 10,500.
16. National Insulated Cable Co. of India Ltd.—Rs. 10,000.
17. National Pipes and Tubes Co. Ltd.—Rs. 10,000.
18. Workers and Staff of Hukum Chand Jute Mills Ltd.—Rs. 35,515.95.
19. Master Stevedor Association—Rs. 10,000.
20. Indian Lac Exporters Association—Rs. 15,000.
21. Fire Works Manufacturers and Dealers Association—Rs. 12,001.
22. Indian Tea Association—Rs. 1,75,000.
23. The Calcutta Stock Exchange Association—Rs. 21,000.
24. Seth Chemical Works—Rs. 11,000.
25. Dawoodi Bohra Merchants Association—Rs. 10,001.—
26. Director and Staff, Deys' Medical Stores and Deys' Medical Stores (Mfg.) Pvt. Ltd.—Rs. 10,000.
27. Mayor, Calcutta Corporation (Mayor's Fund)—Rs. 25,000.
28. Shri B. K. Dutta, Managing Director, United Bank of India Ltd., Calcutta-1—Rs. 10,000.
29. Employees of Joy Engineering Works Ltd. -Rs. 13,076.60
30. Members of the Merchants Chamber of Commerce—Rs. 10,000.
31. Bankura Chamber of Commerce -Rs. 1,00,000.
32. W. S. Consumers Co-operative Society—Rs. 10,001.

Statement referred to in reply to clause (Cha) of unstarred question No. 171.

List of authorised persons to make collections from the persons specified in the corresponding entry for National Defence Fund.

1. Ministers, Ministers of State and Deputy Ministers to the Government of West Bengal—Members of the public.
2. The West Bengal Citizens' Committee—Members of the public.
3. India Defence Aid Committee—Members of the public.
4. Commissioners of Divisions—Members of their staff and the public.
5. District Magistrate—Members of their staff and the public.
6. Subdivisional Magistrate—Members of their staff and the public.
7. Judicial Officers—Members of their staff.
8. Commissioner of Police, Calcutta, and Superintendents of Police in the districts—Members of their staff and of the police force under their control.
9. Heads of Departments, Directorates and Heads of other Government offices and institutions—Members of their staff.
10. Heads of statutory, recognised or affiliated educational or other institutions—Members of the staff and other employees of such institutions and students, if any, of such institution.
11. Chairman of local authorities or heads of such authorities by whatever name designated—Members or employees of such authorities.

12. Chairman of statutory or registered Corporations or Societies or Heads of such Corporation or Societies by whatever name designated—Members and employees of such Corporations or Societies.

13. Chairman, Proprietors or Heads of Commercial, Trading and other Establishments—Members of employees of such Establishments.

Contributions are received at the following official agencies for the National Defence Fund:

(i) All Branches of the Reserve Bank of India.

(ii) Any office of the State Bank of India its subsidiary Banks, namely, the State Banks of Hyderbad, Indore, Mysore, Travancore, Saurashtra, Patiala, Bikaner and Jaipur.

(iii) All Branches of the following Banks:

Allahabad Bank, Bank of Baroda, Canara Bank, Central Bank of India, Devkaran Nanji Banking Company, Indian Bank, Indian Overseas Bank, National and Grindlays Bank, Punjab National Bank, Union Bank of India, United Bank of India, United Commercial Bank, Bank of India, Jammu and Kashmir Bank, Bank of Maharashtra, Bank of Rajasthan and Andhra Bank.

(iv) All State Co-operative Banks.

(v) Any Post Office.

Powerloom Co-operative Societies at 9/1/3A Cossipur Road, Calcutta-2

172. (Admitted question No. 566.) **Shri Amarendra Nath Roy Prodhan:**

কুটীর ও ক্ষুদ্রায়তন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৯-১-৩এ কাশিপুর রোড, কলিকাতা-২, ঠিকানায় অবস্থিত হিমালয়ান পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ, নর্থ বেঙ্গল পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ, শিলিগুড়ি পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ, জলপাইগুড়ি কো-অপারেটিভ পাওয়ারলুম সোসাইটি লিঃ এবং হলদিবাড়ী কো-অপারেটিভ পাওয়ারলুম সোসাইটি লিঃ প্রমুখ পাঁচটি সমবায় সংস্থার বোর্ড অব ডাইরেক্টরস-এর সদস্যদের নাম কি কি ;

(খ) উপরোক্ত পাঁচটি সংস্থার প্রত্যেকটির মূলধনের পরিমাণ কত ; এবং

(গ) উপরোক্ত পাঁচটি সংস্থার প্রত্যেকটিকে এ যাবৎ কি পরিমাণ সরকারী সাহায্য ও ঋণ প্রদান করা হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) (১) হিমালয়ান পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ—

শ্রীঅজিতকুমার ভট্টাচার্য—চেয়ারম্যান।
শ্রী জে, সি, সাহা—ভাইস-চেয়ারম্যান।
শ্রীমতী শ্রীমতী ভট্টাচার্য—ডাইরেক্টর।
শ্রীবলাইচন্দ্র বেরা ঐ।
শ্রীদিনেশচন্দ্র দেবনাথ—ঐ।
"অশোককুমার হোড়—ঐ।
শ্রীমতী সবিতা ভট্টাচার্য—ঐ।
শ্রীনির্মলচন্দ্র সরকার—ঐ।
"চিত্তরঞ্জন চক্রবর্তী—ঐ।
শ্রীবিজন ঘোষ—সম্পাদক।

(২) নর্থবেঙ্গল পাওয়ারলুম কো-অপারেটিভ লিঃ—

শ্রীস্বরাজ বোস—চেয়ারম্যান।
" পেম্বা তাসরিং ওয়াংদি—ভাইস-চেয়ারম্যান।
" জীবনলাল বন্দ্যোপাধ্যায়—সম্পাদক।
" বিমল বোস—ডাইরেক্টর।
" মিলু ঘোষ—ঐ।
" সঞ্জীব ঘোষ—ঐ।
" উদয়চাঁদ পরামানিক—ঐ।
" রবীন্দ্রনাথ ঘোষ—ঐ।
" নিরঞ্জন চট্টোপাধ্যায়—ঐ।

(৩) শিলিগুড়ি পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ—

শ্রীচিত্তরঞ্জন মাইতি—চেয়ারম্যান।
" কমল সেনগুপ্ত—ভাইস-চেয়ারম্যান।
" অনন্তকুমার মাইতি—সম্পাদক।
" মহাদেব দাস—ডাইরেক্টর।
" ননীগোপাল মাইতি—ঐ।
" সত্যগোপাল রায়—ঐ।
" সুভাষচন্দ্র মাইতি—ঐ।
শ্রীমতী শেফালিকা মাইতি—ঐ।
" ডলি ঘোষ—ঐ।

(৪) জলপাইগুড়ি পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিঃ—

শ্রীরবীন্দ্রনাথ শিকদার চেয়ারম্যান।
শ্রীমতী অনিমা হোড়—ভাইস-চেয়ারম্যান।
শ্রীভবানীপ্রসাদ মল্লিক—ডাইরেক্টর।
" চিকুর চন্দ্র—ঐ।
" অবিনাশচন্দ্র চন্দ—ঐ।
" বিজয়কুমার হোড়—সেক্রেটারী।

(৫) হলদিবাড়ী কো-অপারেটিভ পাওয়ারলুম সোসাইটি লিঃ—

শ্রীরজতকান্তি সেনগুপ্ত—চেয়ারম্যান।
" আর, কে, ভট্টাচার্য—ভাইস-চেয়ারম্যান।
" অনাদিনাথ চক্রবর্তী—ডাইরেক্টর।
" বি, এন, চৌধুরী—সম্পাদক।
" এ, কে, সেনগুপ্ত—ডাইরেক্টর।
" ব্যোমকেশ ঝা—ঐ।
" এন, সি, বন্দ্যোপাধ্যায়—ঐ।
" অনুনাভ ঘোষ—ঐ।
" বি, এন, দাশগুপ্ত—ঐ।

(খ)—

	অনুমোদিত শেয়ার বাবদ মূলধন টাকা	আদায়ীকৃত শেয়ার বাবদ মূলধন টাকা	কার্যকরী মূলধন টাকা
১। হিমালয়ান পাওয়ারলুম কো-অপাঃ সোসাইটি লিঃ	৫০,০০০	৯,৪০০	৮০,০০০
২। নর্থবেঙ্গল পাওয়ারলুম কো-অপাঃ সোসাইটি লিঃ	৫০,০০০	১০,১০০	৬২,৮০০
৩। শিলিগুড়ি পাওয়ারলুম কো-অপাঃ সোসাইটি লিঃ	৫০,০০০	১০,৫০০	৫৫,৬০০
৪। জলপাইগুড়ি পাওয়ারলুম কো-অপাঃ সোসাইটি লিঃ	৫০,০০০	৮,৮০০	৮৬,৯০০
৫। হলদিবাড়ী পাওয়ারলুম কো-অপাঃ সোসাইটি লিঃ	৫০,০০০	৮,২০০	৫৬,৪০০

(গ) উক্ত সংস্থাগুলির প্রত্যেকটিকে ৪,৫৬০ টাকা সাহায্য ও ৪৮,২০০ টাকা ঋণ প্রদান করা হইয়াছে।

Kalyani Spinning Mills

173. (Admitted question No. 559.) **Shri Monoranjan Roy:**

(ক) ইহা কি সত্য যে, কল্যাণী স্পিনিং মিলে ১৯৬৪ সালের পূজার ছুটি লইয়া একটি শ্রম বিরোধের ফলে ১৭ জন শ্রমিককে ছাঁটাই এবং ১২ জনকে সাসপেন্ড করা হইয়াছে ;

(খ) সত্য হইলে, উক্ত শ্রম বিরোধটি শ্রম দপ্তরে কবে রেফার করা হয় ; এবং

(গ) এ বিষয়ে শ্রম দপ্তর কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ?

The Minister for Labour:

(ক) হ্যাঁ। ঘরোয়া তদন্তের পর ১৭ জনকে কর্মচ্যুত করা হইয়াছে এবং ২৪ জনকে সাময়িকভাবে কর্মচ্যুত করা হইয়াছে।

(খ) এই সম্পর্কে শ্রম অধিকার ৩০-১০-৬৫ তারিখে শ্রমদপ্তরে একটি রিপোর্ট পেশ করিয়াছে।

(গ) বিষয়টি বিবেচনাধীন আছে।

Prices of rice in Sadar subdivisions

174. (Admitted question No. 623.) **Shri Nikhil Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত ১৪ই অক্টোবর, ১৯৬৫ তারিখে যে সপ্তাহ শেষ হইয়াছে সেই সপ্তাহে বিভিন্ন জেলার সদর মহকুমায় চালের দাম কত ছিল ?

The Minister for Food and Supplies:

এতৎসহ সংলগ্ন একটি বিবরণীতে উহা দেখান হইল।

Statement referred to in reply to unstarred Question No. 174.

Statement showing average minimum and maximum retail prices of rice in the Sadar sub-division of West Bengal.

Prices in rupees per kilogram.

	As on 13th October, 1965	
	Maximum.	Minimum.
Sadar (Burdwan)	0.94	0.74
Sadar (Birbhum)	0.74	0.74
Sadar (Bankura)	0.75	0.73
Sadar (Midnapore)	0.86	0.82
Sadar (Wet Dinajpore)	0.85	0.74
Sadar (Malda)	1.16	1.14
Sadar (Cooch Behar)	1.75	1.50
Sadar (Nadia)	1.34	0.76
Sadar (Hooghly)	1.13	1.08
Sadar (Howrah)	1.5	1.50
Sadar (Darjeeling)	0.86	0.74
Sadar (24-Parganas)	1.58	1.48
Sadar (Murshidabad)	1.19	1.11
Sadar (Jalpaiguri)	1.75	1.50
Sadar (Purulia)	0.77	0.75

Slums in Calcutta and Howrah

175. (Admitted question No. 640.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) the total number of slum-dwellers in Calcutta and Howrah and the total number of slums in these two cities; and

(b) how many slums have already been taken up for improvement in Howrah and Calcutta; what is the average rate of rent of such improved slums?

176. (Admitted question No. 665.) **Shri Sanat Kumar Raha:**
Calcutta and Howrah—8,35,000 (approx.).

(ii) Total No. of slums—3,266.

(b) No slum in Calcutta and Howrah has yet been taken up for improvement and the question of resultant rent chargeable for such improved slums does not arise.

Wholesale and retail licensees in rice

176. (Admitted question No. 665.) **Shri Sanat Kumar Raha:**
খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে হোলসেলর খুচরা ও পাইকারী ব্যবসায়ীর সংখ্যা কোন্ জেলায় কত?

The Minister for Food and Supplies:
এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 176.

Statement showing the number of wholesale and retail licensees in the districts under the West Bengal Rice and Paddy Control Order, 1964.

Serial No.	Name of districts.	Number of wholesale licence-holder	Number of retail licence-holder.
	.. ..	979	3,554
	Nadia	216	2,239
	Murshidabad	246	2,061
	Jalpaiguri	631	4,226
	Malda	544	607
	Wet Dinajpore	366	1,60
	Darjeeling	203	1,923
	Cooch Behar	281	3,034
	Bankura	393	1
	Burdwan	11,650	4,713
	Birbhum	547	11,461
	Hooghly	554	3,717
	Howrah	213	323
	Midnapore	1,066	3,038
	Purulia	151	361
	Total ..	8,130	32,877

T. R. work in Katwa police-station

177. (Admitted question No. 441.) **Shri Subodh Kumar Chaudhury:** াণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া থানায় কোথায় কয়টি টি-আর কাজ বর্তমানে খোলা হইয়াছে ;

(খ) প্রতিটি কাজে কতজন করিয়া দুঃস্থ ব্যক্তি কাজ করে ; এবং

(গ) প্রতি গ্রামসভার অধীন গ্রামগুলিতে কতজনকে গত ছয়মাসে জি-আর দেওয়া হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) অগ্রদ্বীপ অঞ্চল এলাকায় একটি সহায়ক কর্মপ্রকল্প বর্তমানে চালু আছে।

(খ) উপরোক্ত প্রকল্পে দৈনিক গড়ে ১৮৩ জন ব্যক্তি কাজ করে।

(গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল।

Adjournment Motion

Mr. Speaker: I have received three notices of Adjournment Motio from:

(1) Shri Sanat Kumar Raha on the subject of scarcity of rice i Murshidabad district due to inter-district cordon system.

(2) Shri Sanat Kumar Raha on the subject of threatening of Bargadar by the establishment of Police camp at village Bagore of police-statio Nabagram, district Murshidabad.

(3) Shri Kamal Kanti Guha and others on the subject of irregular supply of food far modified rationing and disappearance of rice from the marke in Cooch Behar.

I have withheld consent to these notices.

Shri Kamal Kanti Guha:

স্যার, আপনি আমার এ্যাডজর্নমেণ্ট মোশনটা নাকচ করে দিয়েছেন—কিন্তু এ সম্বন্ধে আমরা এই হাউসের দু দিন আগে মুলতুবী প্রস্তাব এনেছিলাম এবং সেই মুলতুবী প্রস্তাব সম্বন্ধে তখন আমাদের মাননীয় মন্ত্রী শ্রীখগেন দাসগুপ্ত এবং আভা মাইতি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে কুচবিহার জেলায় বা পশ্চিমবঙ্গের যেসব ঘাটতি জেলা রয়েছে সেখানে রেশন বন্ধ করা হবে না। কিন্তু গত দু দিন ধরে আমরা কুচবিহার জেলার বিভিন্ন সংগঠন এবং কুচবিহার জেলার বার এ্যাসোসিয়েশনের কাছ থেকে কালকে আমরা টেলিগ্রাম পেয়েছি যে সেখানে রেশনে অনিয়মিত খাদ্য সরবরাহ করা হচ্ছে এবং তাও যৎ সামান্য। খোলা বাজারে চাল নেই। গোপনে যে সামান্য ধানচাল বিক্রি হচ্ছে সেই ধানের মণ ৫৫ টাকা থেকে ৬৫ টাকা দরে বিক্রি হচ্ছে এবং চাল প্রতি কেজি আড়াই থেকে তিন টাকায় বিক্রি হচ্ছে। এ সম্বন্ধে আমরা একটা আলোচনা চাই এবং আলোচনা যদি নাও হয় তাহলে মুখ্যমন্ত্রী আজকে উপস্থিত আছেন, তাঁর কাছ থেকে আমরা জানতে চাই যে কুচবিহারে এখন রেশন কিভাবে সাপ্লাই হচ্ছে এবং তার পরিমাণ কত এবং এটা কত দিন চলবে। এই যদি জানান তাহলে আমরা সন্তুষ্ট হতে পারি।

Shri Nani Bhattacharjee:

মিঃ স্পীকার স্যার, আজকে এখানে.....

Mr. Speaker:

আগে কলিং এ্যাটেনসন শেষ হয়ে যাক।

Calling attention to matters of urgent public importance.

Shri Jagannath Kolay: Mr. Speaker, Sir, with reference to the calling attention notice given by Shrimati Ila Mittra alleging deaths due to starvation of Dhananjay Mondal, Aga Rupee and Gudi Dasi of Bhutani Deara in Manikchak police-station of Malda district. I rise to say that the allegations were duly enquired into and it transpired that none of the deaths was due to starvation. Adequate arrangements for distribution of M.R. and G.R. are already there in Manikchak police-station and other areas of Malda district.

I beg to add that in his letter dated 30th October, 1965, the Chief Minister, West Bengal, has already informed Shrimati Ila Mittra that the allegations are not corroborated by facts as brought out during enquiry.

Shrimati Ila Mittra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে একটা কথা বলতে চাচ্ছি যে আমি এই তিনটি মৃত্যুর খবর সম্বন্ধে সমস্তই জানি.....

Mr. Speaker:

শ্রীমতী মিত্র, আপনি কলিং এ্যাটেনসনে কিছু জিজ্ঞাসা করতে পারেন না বা ওটা নিয়ে কোন ডিবেট বা ডিসকাসন করতে পারেন না। আপনার যদি কলিং এ্যাটেনসনের কোন ক্লারিফিকেসন করতে হয় আপনি তা করুন—কিন্তু কোন ডিবেট বা ডিসকাসন হতে পারে না।

Shrimati Ila Mittra:

সেটাই আমি বলছি, আমার বক্তব্য হচ্ছে যে আমি নিজে সেই সমস্ত বাড়ী গিয়ে দেখে এলাম, এমন কি তারা না খেতে পেয়ে মারা গেছে কিনা সেটা আমি নিজে নৌকায় করে গিয়ে সেখানে দেখে এসেছি। এখানে যদি মিনিষ্টাররা ওরকম উত্তর দেন যে না এ্যালিগেসন ফলস- এই রকম ঘটনা যদি ঘটে তাহলে প্রসিডিওরটা কি হবে? তাহলে আমরা কি মিথ্যাবাদী হয়ে যাচ্ছি? তাঁরা তো ওখানে যান নি- জগন্নাথবাবুও যান নি কেউই যান নি.....

Mr. Speaker:

উনি অফিসিয়ালী এনকোয়ারী করে সেই রিপোর্টটা দিয়েছেন।

Shri Smarajit Bandyopadhyay: Mr. Speaker, Sir, with reference to the calling attention notice given by Shri Nikhil Das, I beg to make the following statements:—

It is not a fact that the issue of ration cards has been stopped. The number of family identity cards issued to the members of public in the Calcutta industrial area including the extended area during the month of October, 1965, 4th October, 1965 to 31st October, 1965, is indicated below—

New Family Identity Cards issued—22,950 involving 1,23,123 persons.

Mr. Speaker: I have received 7 notices of calling attention, viz.—

(1) Smuggling of rice into Pakistan from Midnapore district by Shri Ananga Mohan Das.

(2) Non-supply of full quota of ration to the ration card holders by Shri Nikhil Das.

(3) Inadequacy of supply of ammonium sulphate, by Shri Abdul Latif.

(4) Non-availability of kerosene oil in Murshidabad district by Shri Abdul Latif.

(5) Lay-off of workers in Bharat Woolen Mills Ltd., by Shri Sudhir Chandra Das.

(6) Death of Shrimati Nirmala Shamanta by police firing at Bowria on 10th November, by Shri Nikhil Das and Shri A. H. Besterwitch.

(7) Shortage of kerosene oil in Midnapore district by Shri Narayan Choubey.

I have selected the notice of Shri Nikhil Das and Shri Besterwitch on the subject of death of Shrimati Nirmala Shamanta by police firing at

Bowria on 10th November. The Hon'ble Minister will please make a statement today or give a date when the statement will be made.

[1-50—2 p.m.]

Shri Prafulla Chandra Sen: Sir, I will make the statement today.

On 10th November, 1965, at 3-04 hours in the morning, Madras-Howrah Express stopped near the down out signal of Mechada Railway Station as somebody had pulled the alarm chain. Mechada is not a scheduled stop for this Express train. There was an Anti-Smuggle Squad of Midnapore posted at Mechada Station.

They suspected that the alarm chain had been pulled by somebody in order to enable the smugglers either to entrain or to detrain at Mechada. They accordingly got into the Express at Mechada and carried out searches for smuggled rice. When the train started they got down but one constable No. 2098 named Shri Ram Narayan Missir of Midnapur District Armed Police, could not get down and was left behind on the train. When the train reached Bowria Station, which was a scheduled stop for the Express, there was a tussle between the constable and several smugglers who were trying to detrain with rice. After the train had steamed off from the station, one of the smugglers gave out that the constable had taken out his wristwatch. When the train was again stopped by somebody pulling the alarm chain, some of the men fell upon the constable in a body and attacked him. Even stones were hurled into the compartment from outside. As a matter of fact, one glasspane of the compartment was damaged. Apparently, the constable was dragged down and assaulted severely. As a result of all these, he was injured seriously. In sheer self-defence the constable had to open fire. He fired one round from his rifle killing one woman smuggler identified as Nirmala Samanta of Khanpur police-station of Bagnan. Thereafter the mob disarmed the constable and beat him mercilessly causing multiple injuries. He has been admitted into Uluberria Hospital. He is lying unconscious and is unable to make a statement. One empty cartridge has been seized. Fifteen rounds of ammunition are found missing. The Officer-in-charge of Shalimar G.R.P.S. has started a case under sections 147/148/149/307/353/325 of the Indian Penal Code. A companion of the deceased named Shrimati Parul Porey has been examined. She has said that she along with Nirmala had been to Jaleswar in Orissa to purchase rice. Efforts are being made to track down the offenders. Further details are lacking. This is all that could be gathered by the S.R.P., Howrah, who supervised the case locally.

Shri A. H. Besterwitch: On a point of clarification, Sir.

Mr. Speaker: Mr. Besterwitch, please sit down.

Shri Sanat Kumar Raha:

অধ্যক্ষ মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং বিধানসভায় এই প্রশ্ন তুলতে চাই যে সম্প্রতিকালে বাংলা দেশের পল্লী অঞ্চলে ভূমি রাজস্ব দপ্তর থেকে ভাগ চাষী দপ্তর থেকে বহু রকম প্রচারপত্র ঢাক ঢোল করা হচ্ছে। তার ফলে সেখানে জোতদার সমবেত হয়ে বিভিন্ন গ্রামে গ্রামে পুলিস ক্যাম্প বসান সুরু করেছে। এই প্রসঙ্গে শ্যামাদাস বাবুকে আমি একটা তথ্য বহুল চিঠি দিয়েছি যার উত্তরে তিনি বলেছেন দেখবেন। আমার বক্তব্য হচ্ছে সামনের মরশুমে বর্গাদারদের স্বার্থ রক্ষা করতে হলে পুলিসের সঙ্গে ভূমি রাজস্বদের সমন্বয় থাকা দরকার। তা নেই যার ফলে জোতদারদের সহায়তা করার জন্য পুলিস এগিয়ে গেছে।

Shri Nikhil Das:

কলিং এ্যাটেনসানের উত্তর হয়ে গেলে বেস্টার উইচ কিছু বলবার চেষ্টা করেছিলেন আপনি তাকে এ্যালাউ করেন নি। কলিং এ্যাটেনসান আমরা একটা খুব সিরিয়াস ব্যাপারে দিয়েছি। কাজেই হাউসে এই নিয়ে রেফারেন্স হয়ে গেছে। আমরা এ বিষয়ে খুবই উদবিগ্ন। আমরা মুখ্যমন্ত্রীর কাছ থেকে যে ক্ল্যারিফিকেসান চেয়েছিলাম তাতে তিনি যা বললেন তাতে দেখা যাচ্ছে পুলিসকে এ্যাটাক করেছিল বলে পুলিস সেল্ফ ডিফেন্সের জন্য মেরেছে। এটা অত্যন্ত অসত্য কথা। এ্যাটাক করেছিল বলে পুলিস সেল্ফ ডিফেন্সের জন্য মেরেছে। এটা অত্যন্ত অসত্য কথা। তাছাড়া তখন সে চাল নিয়ে যাচ্ছিল বলে তাকে গুলি করে মারা হয়। কাজেই উনি যে স্টেটমেণ্ট দিয়েছেন সেটা খুবই সাংঘাতিক ব্যাপার।

Shri Kashi Kanta Maitra:

এক বা দুই কেজি চালের জন্য একটা লোকের জীবন চলে যায়। একটা মাছি, মশা, টিকটিকি মারলেও মায়া হয়। এক কেজি চালের জন্য একটা লোক মারা গেল। এটা একটা অর্ডিনারী কলিং এ্যাটেনসান করলে হবে না। এইভাবে মানুষকে পুলিস মারবে আর মুখ্যমন্ত্রী গিয়ে গ্রিন লাইট দেখিয়ে দেবেন নিত্য মানুষগুলি খেয়ে মরবে, এ জিনিষ আমরা টলারেট করবো না।

Dr. Kanai Lal Bhattacharya:

চীফ মিনিস্টার যে স্টেটমেণ্ট দিলেন সেটা আমি বুঝতে পারলাম না খানিকটা স্ববিরোধী। কারণ একটা মাত্র কনস্টেবল মেচেদায় উঠলো, সে এখনও আনকনসাস রয়েছে, এতগুলো গল্প কথা কোথা থেকে পেলেন। কে সাক্ষ্য দিল। এ সব যে সাজান তা বুঝতে পারা যাচ্ছে কারণ সে কনস্টেবলের কাছ থেকে এ জিনিস পাওয়া যায় নি। সকলই নেমে গেছে, শুধু মাদ্রাজ মেলে একজন মাত্র কনস্টেবল ছিল যে এখনও আনকনসাস রয়েছে। তার স্টেটমেণ্ট এখনও নেওয়া যায় নি। এতগুলো ব্যাপার, একজন কনস্টেবল-এর সেল্ফ ডিফেন্সের জন্য একটা কেস সাজান হয়েছে। এসব বিশ্বাস করা যায় না। আমার জিজ্ঞাসা হচ্ছে যে সিনসিয়ারলি এটার একটা তদন্ত হবে কিনা? ঘটনাগুলো হচ্ছে যে এই অবস্থার পরিপ্রেক্ষিতে একটা জেলায় চালের প্রাচুর্য আর একটা জেলায় চাল নেই এই যে ভারসাম্য এটা যদি বজায় না রাখা যায় তাহলে এটা হবেই। সুতরাং যে জিনিষটা থেকে এটার উৎপত্তি সেটা সমাধান করার জন্য আমি মুখ্যমন্ত্রীকে বলছি।

Shri A. H. Besterwitch: Mr. Speaker, Sir.....

Mr. Speaker: Mr. Besterwitch, please sit down.

Shri A. H. Besterwitch: You are me, Sir.

(Shri Kashi Kanta Maitra then rose to speak)

Mr. Speaker:

ডাঃ ভট্টাচার্য একটা কথা বললেন চীফ মিনিস্টার কি বলবেন বলছিলেন। এর মধ্যে আপনার কোন ইণ্টারাপসান করবার অধিকার নেই।

Mr. Maitra, you have no right to interfere in between Mr. Bhattacharya and the Chief Minister. Will you please sit down? Mr. Maitra, don't force me.

Shri Kashi Kanta Maitra:

এইভাবে মানুষের জীবন নিয়ে ছিনিমিনি খেলবেন না।

Please don't * me in this way.

Mr. Speaker: Mr. Maitra, this is for the last time I warn you. Will you please take your seat or not?

Shri Kashi Kanta Maitra:

চীফ মিনিষ্টারের পর আমাকে বলবার সুযোগ দিতে হবে। আমার রাইট আছে বলার। কারণ আজকে এটা বাংলা দেশের মরন বাঁচন সমস্যা। এমন কোন লোক আছে যে ব্ল্যাকমারকেটে খায় না। ব্ল্যাকমারকেটের চাল বাইরে থেকে লোকে আনে ও সেই চাল বাংলা দেশের সব লোক খাচ্ছে। একজন নিরীহ রমণীকে গুলি করে মেরে দেবেন এই নিয়ে প্রতিকারের দাবী করতে পারবো না? এই নিয়ে আমরা জবাব দিহি করতে চাইছি।

Mr. Speaker: In my opinion, the conduct of Shri Kashi Kanta Maitra, in spite of my repeated requests and in spite of my several warnings, has been grossly disorderly and I direct him that he should immediately withdraw from this House.

(Noise and interruptions)

[2-2-25 p.m.]

Mr. Speaker: Mr. Maitra, will you please withdraw from the House? Within the hearing of all the Members I had repeatedly requested you to take your seat and not to intervene. In between Dr. Bhattacharya and the Chief Minister who wanted to say something, it was not proper for Mr. Kashi Kanta Maitra to stand up and obstruct. Mr. Maitra, will you please withdraw or not?

(Noise and interruptions)

Mr. Speaker: Mr. Maitra, I give you the second warning. You have to withdraw for the day.

(Cries of 'No', 'No' from Opposition Benches)

Suspension of Member

Mr. Speaker: As Shri Kashi Kanta Maitra has disregarded the authority of the Chair and abused the rules of the House by persistently and wilfully obstructing the business of the House, I name you Shri Kashi Kanta Maitra.

The question that Shri Kashi Kanta Maitra be suspended from the service of the House for the day was then put and agreed to.

(Noise and interruptions)

[At this stage the house was adjourned for 20 minitues]

---

*Expunged by order of the Speaker.

[After adjournment]

[2-25—2-26 p.m.]

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে যেকথাটা বলতে চাই—

Dr. Narayan Chandra Roy:

আপনি স্যার ওটা
withdraw
করুন এবং অনুগ্রহ করে
you revise your ruling.

(Noise and interruptions)

Mr. Speaker: The House is adjourned till 1 p.m. to-morrow.

Adjournment

The House was accordingly adjourned at 2-26 p.m. till 1 p.m. on Friday, the 12th November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 12th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 11 Ministers, 3 Ministers of State and 174 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given

[1—1-10 p.m.]

Supply of electricity in the villages of Midnapore district

***134.** (Admitted question No. *60.) **Shri Ananga Mohan Das:**

শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর মেদিনীপুর জেলার কোন্ কোন্ গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হইবে; এবং

(খ) উক্ত গ্রামগুলি কি পদ্ধতিতে নির্বাচন করা হইয়াছে?

Shri Tarun Kanti Ghosh:

(ক) এই বৎসর মেদিনীপুর জেলার নিম্নলিখিত সহর ও গ্রামগুলিতে বিদ্যুৎ সরবরাহ করা হইবে—

(১) চন্দ্রকোনা সহর

(২) সাহেবখান কেরানীবার গ্রাম (সাত মাইল বাজার)

(৩) দক্ষিণ চড়াইখিয়া গ্রাম—কাঁথি

(৪) অরাশিনী (বলরামপুর) গ্রাম—খড়্গপুর

(৫) কশরা গ্রাম—খড়্গপুর

(৬) যাদবপুর গ্রাম—খড়্গপুর

(খ) নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনা পূর্বক উক্ত গ্রামগুলি বৈদ্যুতিকরণের জন্য নির্বাচন করা হইয়াছে, যথা—

(১) বিদ্যুৎ ব্যবহারের সম্ভাব্য পরিমাণ

(২) প্রত্যাশিত বাৎসরিক আয়

(৩) মূলধনী ব্যয়

(৪) বর্তমান বৈদ্যুতিক লাইনের সান্নিধ্য।

Shri Ananga Mohan Das:

মেদিনীপুর জেলায় পাশকুড়া স্টেশন-এর কাছাকাছি অর্থাৎ ১ মাইলের মধ্যে পাহাড়গ্রাম বলে একটা গ্রাম আছে তার কাছ দিয়েই আপনাদের ইলেকট্রিক লাইন চলে গেছে, অথচ সেই গ্রামটা আপনারা পছন্দ করলেন না কেন?

Shri Tarun Kanti Ghosh:

আপনি নোটিশ দিলে আমি খোঁজ নিয়ে বলতে পারি।

Shri Ananga Mohan Das:

যে সমস্ত গ্রামের মাঝখান দিয়ে লাইন চলে গেছে এবং যেখানে লোকসংখ্যা দুই হাজারের বেশী এই ধরণের গ্রামগুলিকে আপনারা সত্বর বৈদ্যুতিকরণ করবেন কি?

Shri Tarun Kanti Ghosh:

আমি আগেই বলেছি যে বৈদ্যুতিক করবার যে আমরা নিয়ম ধরে নিই—যে নিকটবর্তী লাইন গেছে তার কাছাকাছি তার সঙ্গে সঙ্গে দেখতে হবে সেখানে বৈদ্যুতিকরণ করলে সেখানের লোকেরা কতটা নেবে এবং তাতে আমাদের খরচ পোষাবে কি না?

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কত সম্ভাব্য আয় হলে সেই জায়গা নির্দিষ্ট হয় এই বিদ্যুত সম্প্রসারণের জন্যে?

Shri Tarun Kanti Ghosh:

৮ পারসেণ্ট যদি রিটার্ন পাওয়া যায় তাহলে আমরা সেখানে করতে পারি।

Shri Abani Kumar Basu:

মন্ত্রীমহাশয় কি জানাবেন যে তৃতীয় পরিকল্পনাকালে পশ্চিমবঙ্গে কত গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা ছিল এবং তার মধ্যে কত গ্রামে হয়েছে?

Shri Tarun Kanti Ghosh:

২২৭টি গ্রামে সরবরাহের কথা ছিল এবং এর মধ্যে ২৭টি গ্রামে সরবরাহ হয়ে গেছে এবং ২০০টি গ্রামে সরবরাহের কাজ চলিতেছে।

Shri Sambhu Charan Ghosh:

আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে বাংলাদেশে যে ৩৬ হাজার গ্রাম আছে এই সব গ্রামগুলিতে আপনার বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা আছে কি না?

Shri Tarun Kanti Ghosh:

আজ পর্যন্ত আমাদের ১ হাজার ৪০টি গ্রামে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আমি যেটা বলেছিলাম ২২৭ সেটা হচ্ছে এই যে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার গোড়ার দিকে এত বিদ্যুতের অভাব দেখা দিয়েছিল যে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করার আগে আমাদের বিদ্যুৎ উৎপাদন করতে তো হবে সেইজন্য প্রথম দুই বছর আমাদের সমস্ত টাকাই ব্যয় করা হয়েছে বিদ্যুৎ উৎপাদনের জন্য। তাই জন্য আমরা কমপ্লিট করতে পারিনি। এখন আশা করছি আমরা আমাদের কাজ পূরণ করতে পারব।

Shri Sambhu Charan Ghosh:

আপনাদের এখন পর্যন্ত বিদ্যুৎ উৎপাদনের যে পরিকল্পনা আছে সমস্ত বাংলাদেশ ব্যাপী তার মধ্যে দিয়ে আপনারা বাংলা দেশের কতগুলি গ্রামকে বিদ্যুৎ সরবরাহ করবেন বলে আশা করছেন?

Shri Tarun Kanti Ghosh:

আমরা চতুর্থ বার্ষিক পরিকল্পনাতে আমরা ভারত সরকারকে লিখেছিলাম যে আমরা ৫ হাজার গ্রামে বিদ্যুৎ সরবরাহ করতে চাই। কিন্তু আপনারা জানেন যে আমরা প্রথমে পরিকল্পনা গ্রহণ করেছিলাম ১০৭ কোটী টাকা বিদ্যুতের খাতে, কিন্তু এখন পাকিস্তানের আক্রমণের জন্য যে পরিস্থিতি দেখা গিয়েছে তাতে ঠিক এই মুহূর্তে আমার পক্ষে বলা সম্ভবপর নয় কতটা আমরা করতে পারব।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই ২২৭টির মধ্যে ২৭টি গ্রামে তারা বিদ্যুৎ সরবরাহ করেছেন এবং তৃতীয় পরিকল্পনার শেষ পর্যন্ত আর কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহের তিনি আশা করেন?

Shri Tarun Kanti Ghosh:

আমি আগেই বলেছি যে সবগুলিতেই কাজ চলছে এবং আশা করছি সবগুলিই শেষ হবে।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই পরিকল্পনার মধ্যে রেলওয়ে স্টেশন বৈদ্যুতিকরণের কোন ব্যবস্থা নেওয়া হয়েছে কি না?

Shri Tarun Kanti Ghosh:

রেলওয়েতে তারা নিজেরাই করেন আমাদের শুধু পাওয়ার সাপ্লাই করতে বলেন। আমরা পাওয়ার দিয়ে দিই।

Shrimati Biva Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে উনি বললেন একটু আগে ২২৭টি গ্রামে বিদ্যুৎ সরবরাহের পরিকল্পনা ছিল কিন্তু এই বিদ্যুৎ সরবরাহ করতে হলে প্রত্যেক গ্রামে যে টেকনিক্যাল এক্সপার্ট-এর দরকার মন্ত্রীমহাশয় তার জন্য কোন পরিকল্পনা বা ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

Shri Tarun Kanti Ghosh:

বিদ্যুতের যারা কাজ করেন তারা সবাই টেকনিকাল এক্সপার্ট।

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে গ্রামে বিদ্যুৎ সরবরাহ করবার জন্য যে পরিকল্পনা ছিল প্ল্যানিং কমিশন-এর নির্দেশে বর্তমানে সেই এমফ্যাসিস এর কোন পরিবর্তন হয়েছে কি না?

Shri Tarun Kanti Ghosh:

না কোন পরিবর্তন হয়নি শুধু টাকা পাওয়ার ব্যাপারে একটু মুস্কিল হয়েছে।

Shri Ananda Copal Mukhopadhyay:

মন্ত্রিমহাশয় কি বলবেন যে প্ল্যানিং কমিশনের বর্তমানে এমন কোন নির্দেশ আছে কি না যে গ্রামে ছোট ইণ্ডাস্ট্রি বা ভিলেজ লাইটিং-এর জন্য এখন বিদ্যুৎ সরবরাহ হবে না, এগ্রিকালচারাল পার্পাস-এ হলে হবে?

Shri Tarun Kanti Ghosh:

নির্দেশ রয়েছে যে এগ্রিকালচারাল পার্পাস-এর জন্য হাইয়েষ্ট প্রায়োরিটি দিতে হবে।

Shri Jaharlal Banerjee:

এই ডিপ টিউবওয়েলগুলিকে কি প্রায়রিটি দেওয়া হবে?

Shri Tarun Kanti Ghosh:

এখন আমরা প্রতি মাসে ১০০টি ডিপ টিউবওয়েল এনারজাইস করছি। এবং আমরা চেষ্টা করছি যাতে সেই সংখ্যা আরও বাড়ান যায়।

[1-10—1-20 p.m.]

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই এগ্রিকালচারের উপর এমফ্যাসিস দিয়ে প্ল্যানিং কমিশনের যে নির্দেশ তাকে রূপায়িত করবার জন্য বর্তমানে প্রায় ৪০০ ডিপ টিউবওয়েল যেগুলি ২ বছর আগে সিংক করে পড়ে আছে সেগুলি কতদিনের মধ্যে এনার্জাইস হবে?

Shri Tarun Kanti Ghosh:

আমি একটু আগে বলেছি যে আমরা এখন প্রতি মাসে ন্যূনপক্ষে ১০০টি ডিপ টিউবওয়েল এনার্জাইস করবার বন্দোবস্ত করেছি এবং পর্ষতকে আরো নির্দেশ দিয়েছি এই ১০০-এর জায়গায় যাতে আরো বাড়ানো যায় তার ব্যবস্থা করতে।

Shri Deb Saran Ghosh:

মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর উত্তরে বলেছেন যে ২২৭টি গ্রামে পরিকল্পনা ছিল তার মধ্যে ২৭টিতে করেছেন। বাকীগুলি কি তাঁর ইনএফিসিয়েন্সির জন্য হয়নি, না পাকিস্তানের যুদ্ধের জন্য হয়নি?

Shri Tarun Kanti Ghosh:

পাকিস্তানের যুদ্ধ নয়, আমার ইনএফিসিয়েন্সি হয়েছে কিনা সে কথা আমার বলবার অধিকার নেই। তবে এটা বলবো প্রথম দিকে যে টাকা পাওয়া গিয়েছিল সেই টাকা প্রায় সমস্তই কাজে লাগানো হয়েছে বিদ্যুৎ উৎপাদন বাড়ানর জন্য। প্রথমে আমরা লাইন টানিনি কারণ বিদ্যুৎ না দিতে পারলে লাইন টেনে লাভ কি। বিদ্যুৎ পাওয়া গেলে লাইনের ব্যবস্থা করতে পারা যায় সেইজন্য আগে বিদ্যুৎ উৎপাদন বাড়িয়ে তার পরে লাইন নেবার ব্যবস্থা করছি।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই যে গ্রামে আপনারা বিদ্যুৎ সরবরাহ করছেন এরজন্য যে খরচ পড়ছে তা কলকাতার বিদ্যুতের চেয়ে অনেক বেশী। এমন কি অন্যান্য ষ্টেট যারা বিদ্যুৎ সরবরাহ করছে তার চেয়েও বেশী এটা সত্য কিনা?

Shri Tarun Kanti Ghosh:

কলকাতার চেয়ে বেশী নিশ্চয়ই, অনেক ষ্টেট আছে যাদের সঙ্গে সমান, আবার কিছু কিছু ষ্টেট আছে যারা আমাদের চেয়ে কমে সরবরাহ করে।

Shri Bejoy Kumar Banerjee:

আমি জানতে চাই এ কথা সত্য কিনা যে অন্যান্য ষ্টেট আমাদের চেয়ে অনেক কম দরে বিদ্যুৎ সরবরাহ করছে কি না?

Shri Tarun Kanti Ghosh:

আমি ত বললাম যে কিছু ষ্টেট আছে যারা আমাদের চেয়ে কমে দিতে পারে।

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এগ্রা থেকে দীঘা পর্যন্ত যে ইলেকট্রিক লাইন গিয়েছে রামনগর থানার নেপাল গ্রামের অধিবাসীরা ইলেকট্রিক লাইন চেয়েছিল কিন্তু গভর্নমেন্ট থেকে রিফিউজ করে দেওয়া হয়েছে?

Shri Tarun Kanti Ghosh: Kindly give me notice.

Shri Ananda Gopal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রী মহাশয় আমার প্রশ্নটা একটু অনুধাবন করুন। আমার প্রশ্ন হচ্ছে এগ্রিকালচারের উপর এমফ্যাসিস দিয়ে আজকে গ্রামাঞ্চলে ইলেকট্রিসিটি দেবার কথা প্ল্যানিং কমিশন বলেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে যেখানে ৩ হাজার ডিপ টিউবওয়েল করার কথা ছিল সেখানে আমরা আজ পর্যন্ত এক হাজারও করতে পারিনি এবং যেখানে এক হাজার করার কথা সেখানে ২০০ হয়েছে, মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এই এক হাজার টিউবওয়েল এই বৎসরে কমপ্লিট হবে কি না?

Shri Tarun Kanti Chosh:

ডিপ টিউবওয়েল এগ্রিকালচার ডিপার্টমেন্ট করে। আপনি যে ফিগার ২০০টা বললেন সেটা ঠিক নয়, তার চেয়ে বেশী হয়েছে। এর কারণ হচ্ছে যে এইগুলি এনার্জাইস করা যায়নি, তবে এখন আমি যে আগে বললাম গত ৪।৫ মাস ধরে ১০০টি করে টিউবওয়েল প্রতি মাসে এনার্জাইস করে যাচ্ছি।

Vesting the Zilla Parishads with relief work.

***135.** (Admitted question No. *304.) **Shri Sanat Kumar Raha:**

ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ত্রাণকার্যের জন্য খয়রাতি সাহায্য, রিলিফ ইত্যাদির ভার জেলা পরিষদের হাতে অর্পণ করিয়াছেন;

(খ) সত্য হইলে, কোন্ তারিখ হইতে দেওয়া হইয়াছে; এবং

(গ) কোন্ জেলায় কত টাকা এই উদ্দেশ্যে বরাদ্দ হইয়াছে?

Shrimati Abha Maiti:

(ক) ও (খ) বিগত ১-৩-৬৫ তারিখে পল্লী অঞ্চলে খয়রাতি সাহায্য বিতরণ, সহায়ক কার্য্য ইত্যাদি ত্রাণ কার্য্য জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদের মাধ্যমে করিবার জন্য জেলা শাসকদিগকে নির্দেশ দেওয়া হয়। এই নির্দেশ অনুসারে এ যাবৎ নিম্নলিখিত জেলাসমূহে,

ইহাদের পার্শ্বে উল্লিখিত তারিখ হইতে জেলা পরিষদগুলি ত্রাণ কার্যের ভার গ্রহণ করিয়াছেন :-

(১) হুগলী	১০-৮-৬৫
(২) বাঁকুড়া	১৬-৭-৬৫
(৩) মালদহ	১-৭-৬৫
(৪) মুর্শিদাবাদ	১-৯-৬৫

[৩টি ব্লক এলাকায় আঞ্চলিক পরিষদ গঠিত না হওয়ায় এবং ২০টি ইউনিয়ন বোর্ড এলাকায় অঞ্চল পঞ্চায়েত গঠিত না হওয়ায় এ সমস্ত এলাকায় ত্রাণকার্য্য এখনও জেলা শাসকের মাধ্যমে পরিচালিত হইতেছে]

(৫) চব্বিশপরগণা	১-৪-৬৫
(৬) হাওড়া	৯-৪-৬৫
(৭) দার্জিলিং	সেপ্টেম্বর, ৬৫
(৮) বীরভূম	২৮-৯-৬৫
(৯) নদীয়া	১-৬-৬৫

(গ) প্রশ্ন আমি একটু এ্যামেন্ড করে বলছি উত্তরটা, সদস্যবাবু যদি সেটা শোনেন তাহলে বুঝতে সুবিধা হবে।

বিভিন্ন জেলায় খয়রাতি সাহায্য এবং সহায়ক কার্য খাতে ১-৪-৬৫ হইতে ৩১-১০-৬৫ পর্যন্ত যে বরাদ্দ করা হইয়াছে তাহার একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

বাঁকুড়া জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ১৩,৩৯,৮০০ টাকা ও ১ হাজার ৬৫০ কুইন্টাল গম ও সহায়ক কার্যের জন্য দেওয়া হইয়াছে ৭,০৫,০০০ টাকা এবং ১,৫০০ কুইন্টল গম। বর্ধমানে খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ১১,৩৬,৭০৮ টাকা এবং সহায়ক কার্যে দেওয়া হইয়াছে ২,৩৯,০০০ টাকা। বীরভূম জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ২,৪৭,৮০০ টাকা এবং সহায়ক কার্যের জন্য দেওয়া হইয়াছে ১ লক্ষ টাকা। কুচবিহার জেলায় খয়রাতি সাহায্যের জন্য দেওয়া হইয়াছে ৩,৯১,০০০ টাকা ও ৭৮·৬৮ কুইন্টল গম এবং সহায়ক কার্যের জন্য দেওয়া হইয়াছে ১১,৪০,৩০০ টাকা। দার্জিলিং-এ খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ৭,৪০০ টাকা ও ২৫০ কুইন্টল গম। পশ্চিম দিনাজপুর জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ৪,৯৩,২০০ টাকা ও ৩,০২০ কুইন্টল গম এবং সহায়ক কার্যের জন্য দেওয়া হইয়াছে ৪,১১,০০০ টাকা ও ১,৫০০ কুইন্টল গম। হাওড়া জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ৩,৪৬,২১৬ টাকা ও ১,৬০০ কুইন্টল গম এবং সহায়ক কার্যের জন্য দেওয়া হইয়াছে ৫৪,৫০০ টাকা ও ২০০ কুইন্টল গম। হুগলী জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ৬,৬৩,৪২৪ টাকা ও ২,৬০০ কুইন্টল গম এবং সহায়ক কার্যের জন্য দেওয়া হইয়াছে ১,৯৮,৫০০ টাকা, ১,৩০০ কুইন্টল গম। জলপাইগুড়ি জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ১৭,৪২,৪৩২ টাকা ও ৮০০ কুইন্টল গম এবং সহায়ক কার্যের জন্য ২৫,০০০ টাকা। মেদিনীপুর জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে ১৯,৯১,৫৮৯ টাকা ও ৪,০০০ কুইন্টল গম এবং সহায়ক কার্যে দেওয়া হয়েছে ৩,২৬,৫৬২ টাকা ও ২,৫০০ কুইন্টল গম। মালদহ জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে ১০,২৬,৬০০ টাকা ও ২,০০০ কুইন্টল গম এবং সহায়ক কার্যে দেওয়া হয়েছে ২,৮৯,৭০০ টাকা ও ৭০০ কুইন্টল গম। মুর্শিদাবাদ জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ২৮,২৯,৭০৮ টাকা এবং সহায়ক কার্যে দেওয়া হইয়াছে ৫,৯০,০০০ টাকা নদীয়া জেলায় খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ১০,১৬,৮২০ টাকা ও ২,০০০ কুইন্টল গম এবং সহায়ক কার্যে দেওয়া হইয়াছে ২,৫০,০০০ টাকা। পুরুলিয়ায় খয়রাতি সাহায্য দেওয়া হইয়াছে ২০,২১,৪০০ টাকা ও ৫,২০০ কুইন্টল গম এবং সহায়ক কার্যে দেওয়া হইয়াছে ৩,২৫,০০০ টাকা ও ৮০০ কুইন্টল গম। চব্বিশপরগণা জেলায় খয়রাতি সাহায্যে দেওয়া হইয়াছে ৩৫ ৪৩,৯২৮ টাকা এবং সহায়ক কার্যে দেওয়া হইয়াছে ৫,১০,০০০ টাকা।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কোন হিসাবের ভিত্তিতে এই টাকা নির্দিষ্টভাবে বিভিন্ন জেলায় দেওয়া হয়েছে?

Shrimati Abha Maiti:

মোটামুটি জেলা শাসকরা প্রতি বছর প্রথম দিকে তাঁদের জেলার অবস্থা বিবেচনা করে টাকা চান। তবে আমরা সমস্ত টাকা একসঙ্গে দিই না, পর পর দিয়ে থাকি এবং আজ পর্যন্ত যে টাকা দেওয়া হয়েছে তার ফিগার দিলাম।

Shri Sanat Kumar Raha:

প্রথমের টাকাটা কত দিনের জন্য দেওয়া হয়?

Shrimati Abha Maiti:

এই রকম কিছু নেই। আমাদের কাছে জেলা শাসকরা টাকা চান, আমরা সেই টাকার কিছু অংশ পাঠিয়ে দিই এবং পরে বাকীটা দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha:

আপনারা যেভাবে টাকা বরাদ্দ করেছেন প্রত্যেক মাসে কোন জেলায় কি পরিমাণ বরাদ্দ সেই-ভাবে জেলাশাসক জানিয়েছিলেন কি?

Shrimati Abha Maiti:

তাঁদের যা প্রয়োজন সেটা তাঁরা ঠিক বলেন না, একটা থোক টাকা তাঁরা চান। তাঁদের কত লোককে খয়রাতি দিতে হবে বা টেষ্ট রিলিফে দিতে হবে সেটার একজ্যাক্ট এ্যামাউন্ট তাঁদের পক্ষে বলা সম্ভব হয় না, একটা আন্দাজে টাকা চান, আমরা সেটা দিই এবং পরে সেটা বিতরণ করা হয়ে গেলে আবার চান, আমরা দিই।

Shri Anadi Das:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, তিনি বললেন যে এই ক্ষমতা এখন জেলা পরিষদের উপর দেওয়া হয়েছে অথচ টাকা চাইবেন জেলা শাসক। এই রকম কি ব্যবস্থা হয়েছে যে জেলা পরি-ষদ সরাসরি গভর্নমেন্টের কাছে চাইতে পারবেন?

Shrimati Abha Maiti:

না, কারণ জেলার ত্রাণ কার্যের দায়িত্ব জেলা শাসকের উপর এবং আমাদের যে টাকা সেই টাকাটা তাঁদের দেবো। কিভাবে কাজটা হবে সেটা আমরা স্থির করেছি যে সরাসরি সেটা সরকার থেকে না করে আমাদের যে জেলা পরিষদ, অঞ্চল পরিষদ প্রভৃতি হয়েছে তাদের মাধ্যমে হবে। সেই জন্য জেলা পরিষদের কর্তৃপক্ষরা যেভাবে টাকা চান জেলা শাসকের কাছে জেলা শাসকও মোটা-মুটি তার উপর ভিত্তি করে আমাদের কাছে চান।

[1-20—1-30 p.m.]

Shri Anadi Das:

কোন অঞ্চল পরিষদকে কি বলে দেওয়া আছে যে কোন অঞ্চল থেকে কতজনকে এই খয়রাতি সাহায্য দেওয়া যেতে পারে?

Shrimati Abha Maiti:

না, এই রকম কিছু আমরা করে দিই নি। কারণ আমি এখানে অনেকবার বলেছি যে প্রয়োজনের উপর ভিত্তি করে সেই সংখ্যা নির্ধারিত হয়—এমন কিছু সেখানে পারসেন্টেজ কোটা করে দিই নি।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে এই যে টাকা চান যেমন পড়লেন মুর্শিদাবাদ জেলায়—এই মুর্শিদাবাদ জেলায় যে টাকা আপনারা পাঠিয়েছেন জেলা শাসকের কাছে এবং যে টাকা চলে গেছে সেই টাকা কি জেলা শাসক আগে থেকে চেয়েছিল—না যখন সেখানে একটা দুর্ভিক্ষের মত অবস্থা এলো সেই সময় চাওয়ার পর পাঠিয়েছিলেন?

Shrimati Abha Maiti:

আমি তো আগেই বলেছি যে বছরের বাজেট যখন আমরা পাশ করি তখন গত বছরের ভিত্তিতে আমরা একটা টাকা ভাগ করে দিই প্রতি জেলাতে তারপর জেলা শাসক তার উপর টাকা চান এবং আমরা সেইভাবে টাকা দিই।

Shri Sailendra Nath Adhikary:

আর একটা প্রশ্ন করছি যে এই যে জি, আর, খয়রাতি এবং টি, আর এই দুটো বললেন এই খয়রাতি নরম্যাল জি, আর এবং ইমারজেন্সি রিলিফ এই দুটো মিলে?

Shrimati Abha Maiti:

ইমরজেন্সি বলে আলাদা কিছু নেই। সবই ত্রাণ কার্যের জন্য এবং অভাব হলে যেরকমভাবে চাওয়া হবে সেই রকমভাবে দেওয়া হয়েছে।

Shri Abhoy Pada Saha:

মন্ত্রিমহোদয়ার এটা কি জানা আছে যে এই রিলিফ বণ্টন ব্যবস্থা জেলা ম্যাজিস্ট্রেট, জেলা-পরিষদ আঞ্চলিক পরিষদ এস-ডি-ও এই যে জটিল ব্যবস্থা এই জটিল ব্যবস্থার দরুণ অনেক আঞ্চলিক পরিষদের টাকা ল্যাপ্‌স হয়ে যাচ্ছে?

Shrimati Abha Maiti:

আমি সে রকম কোন রিপোর্ট আজ পর্যন্ত পাইনি। তবে প্রাথমিক ক্ষেত্রে প্রথমটা কিছু কিছু যে অসুবিধা হবে না তা নয়, আমরা চেষ্টা করছি যাতে এই অসুবিধাগুলি তাড়াতাড়ি দূর হতে পারে।

Shri Haridas Chakravarty:

মাননীয়া মন্ত্রী মহাশয়া কি বলবেন যে আপনি বললেন যে টাকা আপনারা বরাদ্দ করেন জেলা ম্যাজিস্ট্রেটের কাছে সেটা বিতরণ করা হবে জেলা পরিষদের মাধ্যমে। এখন আমার প্রশ্ন হোল ধরুন বর্ধমান জেলায় একটা মহকুমায় সেখানে অঞ্চল পঞ্চায়েত ইত্যাদি হয় নি—সেই অঞ্চলে ত্রাণ কার্য কোন সংস্থা মারফৎ করা হবে?

Shrimati Abha Maiti:

আমি তো পূর্বেই বলেছি যে যেসব জায়গাতে আঞ্চলিক পরিষদ কিংবা অঞ্চল পঞ্চায়েৎ ইত্যাদি হয়নি [illegible] ক্ষেত্রে আমি সেটা বলেছি সেখানে জেলা শাসকরা আগে যেভাবে চালাতেন সেখানে সেইভাবে রিলিফের কাজ চলছে এবং আপনার অবগতির জন্য আমি বলতে পারি বর্ধমানের জেলা পরিষদ এখন রিলিফের দায়িত্ব গ্রহণ করে নি জেলা শাসকই ওখানে চালাচ্ছেন।

Shri Daman Kuiry:

এই যে আপনারা খয়রাতি সাহায্য এবং রিলিফ দেন—এটা কি কোন ক্যাটাগরীতে ভাগ করা আছে?

Shrimati Abha Maiti:

হ্যাঁ, অনেক রকম ক্যাটাগরী আছে—সে তো আপনারা জানেন?

Shri Daman Kuiry:

ত ধরণের আছে?

Shri Abha Maiti:

সেটা আমি মুখস্ত বলতে পারবো না নোটিশ দেবেন।

Shri Sudhir Chandra Das:

আমার জানার বিষয় হচ্ছে রিলিফ বিতরণের তালিকা প্রস্তুতের জন্য এই রকম কোন সরকারী নির্দেশ দেওয়া হয়েছে কিনা যে অঞ্চল পঞ্চায়েত এবং গ্রামসভা সেই তালিকা তৈরী না করে আর একটা রিলিফ কমিটি গঠন করে দেওয়া হোক।

Shrimati Abha Maiti:

আমি আগেই বলেছি যে জেলা পরিষদের উপর এই দায়িত্ব দেওয়া হয়েছে এবং সেই সঙ্গে বলেছি যে স্থানীয় যেসব রিলিফ কমিটি ছিল সেগুলি ভেঙ্গে দেবার কথা আমরা বলেছিলাম। যেখানে আমাদের নমিনেটেড কমিটি ছিল সেগুলি আর থাকবে না—আর যেখানে জেলা পরিষদ এখনও ভার নেন নি সেখানে আগের যে কমিটি ফাংসান করছিল তারা করছে। তাছাড়া বর্তমানে জেলা পরিষদ কোথায়ও কোন লোক্যাল কমিটি করেছে কিনা আমার জানা নেই। আমরা কোন জায়গায় সে কথা বলি নি।

Shri Abani Basu:

মাননীয়া মন্ত্রী মহাশয়া কি জানাবেন যে রিলিফ ডিপার্টমেন্ট থেকে কিছু দিন পূর্বে একটা নির্দেশ গিয়েছিল কি না যে অঞ্চল রিলিফ কমিটি ইলেকসন করে গঠন করতে হবে এবং পরে আবার সেই নির্দেশ পরিবর্তিত হয়ে নূতন নির্দেশ গেছে যে অঞ্চল কমিটি নিজেরাই রিলিফের কাজ করবেন—এই রকম পরস্পর বিরোধী দুটো নির্দেশ গেছে কিনা জানাবেন কি?

Shrimati Abha Maiti:

আমাদের বিভাগ থেকে এই রকম কোন নির্দেশ যাওয়ার কথা নয়, তবে পঞ্চায়েত বিভাগ থেকে গেছে কিনা জানি না। কারণ অঞ্চল পঞ্চায়েত এ্যাক্টে রয়েছে যে অঞ্চলের ভিতর অঞ্চল কমিটি যা রয়েছে তারা বিভিন্ন কাজের জন্য বিভিন্ন কমিটি করতে পারেন।

Shri Abani Basu:

মন্ত্রী মহাশয়া বললেন যে বর্ধমান জেলার জেলা পরিষদ ত্রাণ কার্যের ভার এখনও নেন নি—এই রকম বাংলা দেশে কয়টি জেলা আছে যারা এখনও ভার নেন নি?

Shrimati Abha Maiti:

মাত্র ৯টি জেলা নিয়েছেন এটা তো আমি আগেই বলেছি—বাকীগুলি নেন নি।

Shri Kashi Kanta Maitra:

আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, এই যে চলতি বছরের হিসাব রাখলেন বিভিন্ন জেলার – উনি কি বলতে পারেন যে গত দু বছরের হিসাব আছে কিনা যে কিভাবে টাকা দেওয়া হয়েছে?

Shrimati Abha Maiti:

আজ এই মুহূর্তে বলতে পারবো না—নোটিশ দিলে বলতে পারি।

Shri Kashi Kanta Maitra:

আপনি এ্যাপ্রকসিমেটলি বলতে পারেন কিনা যে গত বছর যে টাকাটা খরচ করেছিলেন এই বছর এই খাতে টাকা তার চেয়ে বেশী না কম খরচ করেছেন?

Shrimati Abha Maiti:

আমার কাছে সেই রকম কোন তথ্য নেই।

Shri Deb Saran Ghosh:

মন্ত্রী মহাশয়া বললেন যে সেডিউলড টাইমের মধ্যে কোন অঞ্চল পঞ্চায়েত যদি জি, আর লিষ্ট যথাযোগ্য স্থানে প্রেরণ না করে তাহলে তার জন্য টাকা ল্যাপ্স হয়ে যায়—সেই ল্যাপ্স হয়ে যাবার কোন খবর মন্ত্রী মহাশয়া কি করে পেতে পারেন?

Shrimati Abha Maiti:

আমি এই রকম কোন কথা জবাবের মধ্যে বলেছি বলে তো জানি না যে ল্যাপ্স হয়ে যায়—তবে করে যেতেও পারে—আর খবরটা আপনারা চিঠি লিখলেই আমার কাছে পেঁছাবে।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রী মহাশয়া বলবেন কি—জলপাইগুড়ি জেলায় যেখানে জিলা পরিষদ এখনও রিলিফ বণ্টনের দায়িত্ব হাতে নেন নি—সেখানে ডেপুটি কমিশনার মারফৎ রিলিফের টাকা বণ্টনের কাজ চলছে। সেই জলপাইগুড়ি জেলায় বিভিন্ন রিলিফ কমিটি অঞ্চলে অঞ্চলে আপনাদের সার্কুলার অনুযায়ী যে তৈরী হয়েছিল সেই রিলিফ কমিটি কি এখনও কাজ করছে?

Shrimati Abha Maiti:

জেলা পরিষদ জলপাইগুড়িতে এখনও দায়িত্ব নেন নি-সুতরাং নিশ্চয় সেখানে যে রিলিফ কমিটি আছে তারা কাজ করছে।

Shri Nani Bhattacharjee:

আপনি একটু খোঁজ নেবেন কি যে তারা কাজ করছে কিনা?

Shrimati Abha Maiti:

ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের মাধ্যমে বরাবর যেভাবে হয়ে আসছিল সেইভাবে যদি কাজ এখনও চলে নিশ্চয় রিলিফ কমিটির মাধ্যমে তাঁকে কাজ করতে হবে—এছাড়া আমি তো আলাদা কোন রিপোর্ট পাইনি।

Shri Nani Bhattacharjee:

তারা কোন কাজ করছে না—এটা একটু খোঁজ নেবেন কি ?

Shrimati Abha Maiti:

আপনি আমার কাছে চিঠি লিখবেন—আমি নিশ্চয় খবর নেবো।

Shri Sanat Kumar Raha:

একই এম, এল, এ-কে রিলিফ কমিটিতে কোন জায়গায় ডাকা হয় কোন জায়গায় ডাকা হয় না —এই দুই রকম কাজ চলছে। আমি মুর্শিদাবাদ জেলায় নিজের অভিজ্ঞতা থেকে বলছি—সেখানে ত্রাণ বিভাগ থেকে এবং পঞ্চায়েৎ বিভাগ থেকে এই ত্রাণ সম্বন্ধে বৈষম্যমূলক ব্যবহার চলেছে—এ সম্বন্ধে কোন খবর রেখেছেন কি ?

Shrimati Abha Maiti:

এই রকম বৈষম্যমূলক ব্যবহার হওয়ার তো কোন কারণ নেই। আমি আগেই বলেছি যে মুর্শিদাবাদ জেলাতে অনেক জায়গায় এখনও নির্বাচন হয় নি—যেখানে নির্বাচন হয় নি সেখানে পূর্বতন কমিটি যেগুলি আছে তারা সেইভাবে কাজ করবে।

Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রী মহাশয়া কি বলবেন যে এই নূতন ব্যবস্থায় স্থানীয় এস, ডি, ও-দের রিলিফ সংক্রান্ত ব্যাপারে কোন দায়িত্ব থাকবে কি না ?

Shrimati Abha Maiti:

জেলা ম্যাজিষ্ট্রেটের যদি দায়িত্ব থাকে সেই হিসাবে এস, ডি, ও-দেরও থাকবে।

[1-30—1-40 p.m.]

West Bengal State Co-operative Union

***136.** (Admitted question No. *500.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) what is the nature of supervision exercised by the State Government to ensure that the grant/subsidies/loans sanctioned by the former in favour of West Bengal State Co-operative Union are properly utilised;

(b) whether the Accounts of West Bengal State Co-operative Union in respect of 1963-64 and 1964-65 have been duly audited and if so, by whome; and

(c) if the Audit Report is satisfactory?

Shri Tenzing Wangdi: (a) In addition to the statutory audit of the Union, a system of running audit has also been introduced to watch the progress of utilisation of the grants and subsidies sanctioned by the Government, major portion of which is given for running the four Co-operative Training Institutes administered through a Special Committee of the Union appointed with the approval of the State Government with one Deputy Registrar of Co-operative Societies as its Member-Secretary.

The Union has to maintain accounts in respect of the funds provided for the Training Institutes separately from other accounts.

(b) Statutory audit of the accounts of the Union for the year 1963-64 has already been completed but the audit for the year 1964-65 is still in progress.

The audit for the year 1963-64 was conducted by Shri Bhola Nath Das, Auditor of Co-operative Societies, Calcutta, and that for the year 1964-65 is being conducted by Shri A. D. M. Ali, Inspector of Co-operative Societies, Calcutta.

(c) The audit report for the year 1963-64 could not be considered to be satisfactory in view of certain observations made by the Audit Officer.

The Union has, however, been asked to remedy the defects and irregularities pointed out by the Audit Officer.

Shri Kashi Kanta Maitra: Will the Hon'ble Minister be pleased to indicate what are the matters in respect of which he considers from the audit report to be not satisfactory?

Shri Tenzing Wangdi: Sir, the Auditor has pointed out a number of irregularities in his report and if you so permit I can read some statements from his report made by the Auditor. Sir, the Auditor has stated—it is found that the realisation of subscribers from members is not regular. Attempts should be made to realise the outstanding subscriptions both arrear and current as early as possible. Subscription register should be maintained poperly and systematically.

Books and accounts—The system of account is keeping far from satisfactory. During the period under audit the Union has not maintained stock book and sales register of bye-laws and separate Magazine account.

Grant in aid (stipend) - The Auditor has also said that major portion of this undisbursed amount has been paid to grant in aid (pay and allowance). This practice should be discontinued. Undisbursed amount of stipend should be kept separately in the Bank account No. II. and then, Sir, the Auditor goes on to say that the balance of unspent amount of Rs. 9,203.20 P. has been shown in the balance sheet. This amount has also been spent to different heads. The balance of unspent amount should be kept in Bank account No. II.

Bills payable--Rs. 2,435. This amount was payable to the Art Press towards printing of bye-laws. No register for this amount could be found.

Instrument—Rs. 240.00. This amount has been shown as per last year's balance sheet. I could not verify this amount with any document of instrument.

Subscription—Rs. 1,700. This amount was due by members as on 30th June 1964.

Deficit—During the period under audit the Union has incurred a net loss of Rs. 4,761.66P. This amount has been shown in the balance sheet as deficit a year.

Shri Kashi Kanta Maitra: I did not want the Hon'ble Minister concerned to tire us out by making statements from the Auditor's Report. I wanted to know in respect of how much sums the Auditor had found that there was delinquency on the part of members concerned.

Shri Tenzing Wangdi: Well, the audit report does not mention the otal amount of money that was found to be identified.

Shri Kashi Kanta Maitra: After the receipt of the report of the Audiors did the Hon'ble Minister take any action against the delinquent members?

Shri Tenzing Wangdi: As I replied to answer No. (c) that the Union as been asked to remedy the defects and irregularities pointed out by the udit Officer.

Shri Birendra Kumar Maitra:

আপনি যে ডিফেক্টগুলোর কথা বললেন তাতে লস বলা হয়েছে সেই লস মানে কি? এটা তো ফিটিয়ারিং বিজনেস নয়, সুতরাং কো-অপারেটিভে লস মানে কি?

Shri Tenzing Wangdi: Well, they have spent more than they have rned.

Shri Birendra Kumar Maitra:

য়া-অপারেটিভ ইউনিয়ান এই নিয়ে কোন বিজনেস করে না কাজেই তাদের কোন লাভ লোকসানের প্রশ্ন নেই—লস কথাটার কি মানে?

Shri Tenzing Wangdi: I have read out from the comments of the Autiion and his report inter alia mentions that during the period under view the Union had incurred a loss of Rs. 4,761.

Shri Birendra Kumar Maitra:

য়া-অপারেটিভ ইউনিয়নকে সরকারের যে গ্রান্ট দেবার কথা সেগুলি সময় মত না দেবার জন্য ক তহবিলের টাকা অন্য তহবিলে খরচ করতে হয়েছিল সেটা জানেন কি?

Shri Tenzing Wangdi: It may be so. I am not definite whether the ants were made in time or not.

Shri Kashi Kanta Maitra: With reference to the Hon'ble Minister's swer to clause (a) of the question, as far as I could understand him, he is said that supervisory machinery is there. Does the Hon'ble Minister nsider the existing supervisory and regulatory measures introduced by e State Government to be quite adequate to meet the purpose?

Shri Tenzing Wangdi: As I have mentioned in my answer, in addition the statutory audit the system of a running audit has also to be introiced as far as this body is concerned.

Shri Birendra Kumar Maitra:

মানে যে ডিফেক্টগুলো দেখান হয়েছে তাতে গ্রস কোন টাকা আত্মসাৎ করার উদ্দেশ্য বোঝা ছে কি না?

Shri Tenzing Wangdi: I think that question does not arise.

Families affected by Pak intrusion in Mekliging Police-Station

***137.** (Admitted question No. *570.) **Shri Amarendra Nath Roy Pradhan:**

ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ মাসে ১৯৬৫, পাকিস্তানী হানাদারদের আক্রমণের ফলে কোচবিহার জেলার মেখলীগঞ্জ থানার যে পরিবারগুলির বাড়িঘর পুড়িয়া গিয়াছিল তাহাদের এ যাবৎ কি পরিমাণ সরকারী সাহায্য প্রদান করা হইয়াছে; এবং

(খ) এই সমস্ত পরিবারগুলির মোট লোকসংখ্যা কত?

Shrimati Abha Maiti:

(ক) ও (খ) ১৯৬৫ সালের মার্চ মাসে পাকিস্তানী হানাদারদের আক্রমণের ফলে মেখলী-গঞ্জ থানায় গৃহদাহ বাবদ ক্ষতিগ্রস্ত ৪০২টি পরিবারের ২,৭৮৪ জন ব্যক্তিসহ মোট ১২,০০০ ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইয়াছিলেন। ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের ত্রাণ ও পুনর্বাসন বাবদ বিভিন্ন খাতে নিম্নলিখিত পরিমাণ সাহায্য প্রদান করা হইয়াছে:— নয়একরী

খয়রাতি সাহায্য

(১) নগদ		২,২১,৫৭৩ টাকা
(২) খাদ্যশস্য	—	৯৬·০৪ কুইন্টাল চাউল
ধুতি	—	১,১৭২ টি
শাড়ী	—	৬১৯ টি
পোষাক	—	২,৭১৬ টি
কম্বল	—	২৯০ টি

গৃহনির্মাণ সাহায্য

(১) নগদ ৪০,৫৪৮ টাকা
(২) ঢেউ টিন ৭৬৭ বান্ডিল
লাঙ্গল — ৮২ টি

অকৃষিজীবী পরিবারগুলির অর্থনৈতিক পুনর্বাসন বাবদ

ব্যবসার সাজসরঞ্জাম — ১,৬৫০ টাকা
ধানবীজ — ১৩৭ কুইন্টাল

এতদ্ভিন্ন ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে এক মাস পর্যন্ত প্রয়োজন মত গুঁড়া দুধ বিতরণ করা হয়, চিকিৎসা ও জনস্বাস্থ্য রক্ষার উপযুক্ত ব্যবস্থা ও পানীয় জল সরবরাহের জন্য নয়টি নল-কূপ খনন করা হয়।

Shri Amarendra Nath Roy Prodhan:

আপনি জানাবেন কি ৪৪২টা পরিবারের মধ্যে ৭৬৭টা বান্ডিল বিলি করা হয়েছে। প্রতিটা পরিবারকে সেখানে ২ বান্ডিল করে টিন দেবার কথা সেখানে বাকি দেওয়া হয় না কেন?

Shrimati Abha Maiti:

টিন আমাদের যা এসেছিল সবই দিয়ে দিয়েছি।

Shri Amarendra Nath Roy Prodhan:

৪০২টা পরিবারকে ৭৬৭টা টিন দেওয়া হয়েছে এটা আপনার হিসাব কিন্তু বাকি দেওয়া হল না কেন?

Shrimati Abha Maiti:

যারা টিন চেয়েছিল তাদের সকলকেই দিয়েছি—ক্ষতিগ্রস্ত যারা হয়েছিল তারা সকলেই চান নি।

Shri Amarendra Nath Roy Prodhan:

৪০২টা পরিবার টিন চেয়েছিল তাদের সকলকে দেওয়া হয়নি এটা কি জানেন?

Shrimati Abha Maiti:

আমরা যতটা পেরেছি ততটা দিয়েছি।

Shri Amarendra Nath Roy Prodhan:

সে রিলিফ এখনও চালু আছে কি না?

Shrimati Abha Maiti:

আমরা কি কি করেছি সেটাই বলেছি।

[1-40—1-50 p.m.]

Ahmedpur National Sugar Mill

138. (Admitted question No. *716.)

শ্রীভক্তিভূষণ মণ্ডল: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় আহমদপুর ন্যাশন্যাল সুগার মিল-এর কার্য সরকারী কর্তৃত্বাধীনে কখন হইতে আরম্ভ হইবে;

(খ) ইহা কি সত্য যে, উক্ত মিলের বিরুদ্ধে কোন মোকদ্দমা চলিতেছে; এবং

(গ) সত্য হইলে, উহা কি পর্যায় আছে?

Ah edpur National Sugar Mill

***146.** (Admitted question No. *511.) **Shri Kashi Kanta Maitra:**

শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার আমেদপুর ন্যাশনাল সুগার মিলটি এই বৎসরই চালু করবেন কিনা; এবং

(খ) আমেদপুর ন্যাশনাল সুগার মিলটি চালু রাখতে কি পরিমাণ আখের প্রয়োজন হয়?

Shri Tarun Kanti Ghosh:

(ক) সঠিক তারিখ বলা সম্ভব নয়।

(খ) হ্যাঁ।

(গ) শ্রীবলরাম রায় এবং শ্রীজগন্নাথ রায় নামক কোম্পানীর দুইজন পাওনাদার আদালতের নিকট পাওনা মিটাইবার দাবীতে দুইটি উইণ্ডিং আপ এ্যাপলিকেসান করিয়াছেন এবং ঐগুলি গৃহীত হইয়াছে। প্রথমোক্ত ব্যক্তির আবেদনের শুনানী আগামী মাসে স্থিরীকৃত হইয়াছে।

উক্ত মিলের সরকারী লগ্নীর নিরাপত্তার স্বার্থে ঐ মিলের কর্তৃত্ব সরকারী আওতায় আসিবার পর ঐ কোম্পানী ভারতীয় সংবিধানের ২২৬ ধারা অনুযায়ী একটি আবেদন পত্র দাখিল করিয়াছে। ঐ আবেদন পত্রটি এখনও বিচারাধীন আছে।

কোম্পানী উক্ত মিলটি মাদ্রাজে স্থানান্তরের জন্য "স্কীম" করিয়া উহা মঞ্জুরের জন্য হাই-কোর্টে যে আবেদন করিয়াছিলেন তাহা আদালত কর্তৃক নামঞ্জুর হইয়াছে। কোম্পানী পুন-র্বিবেচনার জন্য আপীল করিলে তাহাও নামঞ্জুর হইয়াছে।

Shri Syed Abdul Mansur Habibullah:

আমেদপুর সুগার মিলে, শ্রমিকদের তরফ থেকে কত টাকা পাওনা আছে, এবং কোন মামলা চলছে কি না? আপনি যে হিসাব দিয়েছেন, তাতে শ্রমিকদের পাওনা টাকার কথা উল্লেখ নেই।

Shri Tarun Kanti Ghosh:

শ্রমিকদের পাওনা টাকার ফিগার আমার কাছে নেই।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রী মহাশয়ের কি স্মরণ আছে, যে গত বাজেট অধিবেশনে আপনি একটা প্রতিশ্রুতি আমাদের কাছে রেখেছিলেন যে এ বছর থেকে আমেদপুর চিনির কলগুলি চালু করা হবে? সেই প্রতিশ্রুতির কথা স্মরণ করে, সত্যি সত্যিই কি এ বছর ঐ চিনির কলটি চালু করা হবে?

Shri Tarun Kanti Ghosh:

কাশীকান্তবাবু একজন আইনজ্ঞ ব্যক্তি, তিনি জানেন যে কন্সটিটিউসানএর ২২৬ ধারায় মিল থেকে একটা মামলা রুজু করা হয়েছে চ্যালেঞ্জিং কন্সটিটিউসান ভ্যালিডেটেড অন দি টেকিং ওভার দি মিল দ্বিতীয় কথা হচ্ছে, এখান থেকে এই মিলটি মাদ্রাজে ট্রান্সফার করবার জন্য চেষ্টা হয়, এবং তা নিয়ে কোর্টে একটা কেস উঠেছিল, তাতে তাঁরা হেরে যান। তারপর তাঁরা এ্যাপিল করেন। তাতেও তাঁরা হেরে গিয়েছেন। কিন্তু তার আগে পর্যন্ত সরকারী টাকা ব্যয় করবার মত অবস্থায় এসে পৌঁছায়নি। আমি জানাতে চাই যে পেণ্ডিং এ্যান এ্যাপলিকেসান আণ্ডার আর্টিকেল ২২৬ অফ দি কন্সটিটিউসান, আমরা নির্দেশ দিয়েছি, এ্যাডমিনিষ্ট্রেটর এ্যাপয়েন্ট করেছি, এবং তাঁকে নির্দেশ দিয়েছি যে চিফ ইঞ্জিনিয়ারকে এ্যাপয়েন্ট করে, সব কিছু রেডি রাখবার জন্য, যাতে এ বছর আমরা মিলটি চালু করতে পারি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয়ের বোধ হয় স্মরণ আছে, গত অধিবেশনে, এবং তার আগেও, আমরা মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন তুলেছিলাম যে এই আমেদপুর সুগার মিলের সবচেয়ে মূল্যবান মেশি-নারিজ যেগুলি, সেই মেশিনারিজ, ডানকান স্টুয়ার্ট এ্যাণ্ড কোং পাঠিয়েছিলেন, এবং এতে পশ্চিমবঙ্গ সরকারের সবশুদ্ধ ৭০।৮০ লক্ষ টাকা জড়িত রয়েছে। আমি জানতে চাচ্ছি, তিনি এই এ্যাসুওরেন্স আমাদের কাছে দিতে পারেন কি না, সেখানে যে ন্যাশনাল প্রপার্টি, তার কোন কিছু নষ্ট হবে না, মামলা চলাকালীন, তার প্রপার্টি ফুল্লি প্রোটেকটেড হবে?

Shri Tarun Kanti Ghosh:

সমস্ত কিছু রক্ষার জন্য ইনস্ট্রাকসান দিয়েছি। আমাদের টাকা ওভারঅল, সবশুদ্ধ ৮২ লক্ষ টাকা এর মধ্যে রয়েছে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রী মহাশয়, কি মনে করেন যে বীরভূম জেলাতে যে পরিমাণ আখের চাষ হয়, সেটা যথেষ্ট,

sufficient to sustain the running of this mill ;

Shri Tarun Kanti Ghosh:

হ্যাঁ।

Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই ন্যাশনাল সুগার মিল-এর কর্তৃপক্ষ চাষীদের যে আখগুলি কিনেছিলেন, তার কয়েক লক্ষ টাকা চাষীদের পাওনা আছে, তাদের সেই টাকা দেবার ব্যবস্থা কিভাবে করা হবে?

Shri Tarun Kanti Ghosh:

মাননীয় সদস্যকে বলতে চাই, কেস যেটা চলছে পাওনাদারদের তরফ থেকে কোর্টে, সে সম্বন্ধে কিছু বলা উচিত নয়। তবে এইটুকু বলতে পারি কৃষকদের জন্য যা করা দরকার, তা করতে সর্বদা প্রস্তুত থাকবো।

Shri Sanat Kumar Raha:

তাদের টাকা পরিশোধ হবে কি না?

Shri Tarun Kanti Ghosh:

আমরা যেমন অতীতে কৃষকদের স্বার্থ রক্ষা করেছি, তেমনি ভবিষ্যতেও কৃষকদের স্বার্থ রক্ষা করবো বেশী করে।

Shri Syed Abul Mansur Habibullah:

বাইরের পাওনাদারদের সম্বন্ধে প্রশ্ন ছিল না—আমাদের শ্রমিকদের তরফ থেকে কোন মামলা চলছে কি না এবং তাদের পাওনা মেটান হবে কি না সেই এ্যাসুওরেন্স চাচ্ছি?

Shri Tarun Kanti Ghosh:

সেটা আমি খোঁজ করে দেখবো। কৃষকদের সঙ্গে শ্রমিকদের একই স্বার্থ।

New migrants from East Pakistan

***139.** (Admitted question No. *811.) **Shri Birendra Narayan Ray:**

উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভারত-পাক অঘোষিত যুদ্ধ শুরু হওয়ার পর হইতে বর্তমান সময় পর্যন্ত কিছু আশ্রয়প্রার্থী পূর্ব-পাকিস্তান হইতে পশ্চিমবঙ্গে আশ্রয় গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, জেলাওয়ারী কয়জন ঐ প্রকার ব্যক্তি আসিয়াছেন?

Shrimati Abha Maiti:

(ক) হ্যাঁ।

(খ) জেলাওয়ারী খতিয়ান নিম্নরূপ :—

[৪-৯-৬৫ তারিখ হইতে ২৯-১০-৬৫ পর্যন্ত]

	মাইগ্রেশান সার্টিফিকেট সহ		বৈধ ছাড়পত্র ব্যতিরেকে
পাশপোর্ট সহ			
চব্বিশপরগণা	১৫৩	১৬	৯
মালদহ	২	×	×
পশ্চিম দিনাজপুর	×	×	৬
নদীয়া	১৬৪	৫৯	×
কোচবিহার	২০	১৫৯	৮৮
	৩৩৯	২৩৪	১১২

জেলাওয়ারী মোট আগমন।

চব্বিশপরগণা	—	১৭৮
মালদহ	—	২
পশ্চিম দিনাজপুর	—	৬
নদীয়া	—	২২৩
কোচবিহার	—	২৬৭
	সর্বমোট	৬৮৫ জন

Shri Birendra Narayan Ray:

যখন পাক-ভারত যুদ্ধের সময় বা পর থেকে বর্ডার বন্ধ ছিল, তখন এরা এলেন কি করে?

Shrimati Abha Maiti:

সেটা আপনারা খোঁজ করে দেখুন। বৈধ পাসপোর্ট বা মাইগ্রেসন সার্টিফিকেট নিয়ে এলে কোন অসুবিধা নাই। বৈধ পাসপোর্ট ছাড়া এঁরা কি করে এলেন সেটা আপনারা জানেন।

Shri Birendra Narayan Ray:

এটা কি ঠিক যে আপনার ডিপার্টমেন্টের অফিসাররা কি করে এলেন এই প্রশ্ন করে তাদের সাহায্য দিচ্ছেন না?

Shrimati Abha Maiti:

আমাদের রিসেপসান সেন্টার দিয়ে এঁরা কেউ আসেন নাই এই সংবাদ আমি পেয়েছি হোম ডিপার্টমেন্ট থেকে।

Old-age pension

***140.** (Admitted question No. *863.) **Shri Monoranjan Bakshi:**

ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার কোন্ জেলায় কত সংখ্যক ব্যক্তি গত ১৯৬৪ সালের জানুয়ারী হইতে এ পর্যন্ত "বৃদ্ধ ভাতা" পাইয়াছেন; এবং

(খ) কোন্ জেলায় কত সংখ্যক আবেদনপত্র সরকারের নিকট বর্তমানে বিবেচনাধীন আছে?

Shrimati Abha Maiti:

(ক) ও (খ)

১৯৬৪ সালের জানুয়ারী মাস হইতে ১৯৬৫ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত যে সমস্ত ব্যক্তিকে বার্ধক্য ভাতা মঞ্জুর করা হইয়াছে তাহার সংখ্যা

জেলার নাম	বিবেচনাধীন আবেদনপত্রের সংখ্যা	
১। বর্ধমান	৮৭	৩৬০
২। পুরুলিয়া	—	—
৩। মালদহ	৬	৪
৪। হুগলী	৪৯	৬০৫
৫। জলপাইগুড়ি	১৮	২০
৬। বাঁকুড়া	৫	৯৪
৭। মুর্শিদাবাদ	৫৩	১২২
৮। মেদিনীপুর	১৮	১৯৪
৯। বীরভূম	২	১৭
১০। চব্বিশপরগণা	৬৭	৬৯২
১১। কুচবিহার	২	৯
১২। নদীয়া	৬৫	১৪৮
১৩। দার্জিলিং	৮	১১
১৪। হাওড়া	১৬	১৯৫
১৫। পশ্চিম দিনাজপুর	৩৩	৫৫
১৬। কলিকাতা	৩৭৬	৬৩

Shri Anadi Das:

তাকে দরখাস্ত করবার সময় কি অঞ্চল পরিষদের মধ্য দিয়ে যেতে হয়, না, সরাসরি জেলা ম্যাজিস্ট্রেটের কাছে করতে পারেন?

Shrimati Abha Maiti:

তাঁরা সরাসরি অঞ্চল পরিষদের কাছে দিতে পারেন বা জেলা ম্যাজিস্ট্রেটকে দিতে পারেন।

[1-50—2 p.m.]

Shri Anadi Das:

মাননীয়া মন্ত্রীমহাশয়া জানাবেন কি যে দরখাস্তগুলি করবার জন্য অঞ্চল পরিষদের মধ্যে দিয়ে যেতে হয় অথবা সরাসরি জেলা পরিষদকে দেওয়া যায়।

Shrimati Abha Maiti:

তারা সোজাসুজি এগুলি জেলা ম্যাজিস্ট্রেটকে দিতে পারেন, বি ডি ও-কে দিতে পারেন, আঞ্চলিক পরিষদকে দিতে পারেন।

Shri Deb Saran Ghosh:

এ্যাপ্লিকেন্টস যে কন্ট্রাক্ট যেভাবে ফুলফিলমেন্ট করতে হয় সেই সমস্ত ধারাগুলির কোন পরিবর্তন হয়েছে কি না?

Shrimati Abha Maiti:

আমরা ইতিমধ্যেই সেগুলি পরিবর্তন করে দিয়েছি, অনেক সহজ করে দিয়েছি।

Shri Anadi Das:

কোন জেলা থেকে কতজন এই রকম ভাতা পাবেন। কারণ অঞ্চল পরিষদ জেলা পরিষদ তারা দরখাস্ত নেয় না।

Shrimati Abha Maiti:

এইরকম কেউ যদি কোন জায়গায় করে থাকেন তাহলে আমাকে জানাবেন আমি তদন্ত করে দেখব। কোথায় বলে দেওয়া হয় নি যে কোন জায়গায় কতজনকে দেওয়া হবে।

Shri Daman Kuiry:

আপনি বললেন যে পুরুলিয়া জেলাতে একজনও পায়নি। আমি জিজ্ঞাসা করতে চাই পুরুলিয়া জেলা থেকে কি একখানিও দরখাস্ত আসে নাই।

Shrimati Abha Maiti:

আমার কাছে যা আছে তাতে কোন দরখাস্ত দেখতে পাচ্ছি না।

Shri Daman Kuiry:

এই দরখাস্ত কি আপনাদের জেলা পরিষদ থেকে বা ব্লক অফিস থেকে আপনাদের কাছে পাঠায়।

Shrimati Abha Maiti:

আমরা এইখান থেকে ছাপিয়ে অধিকাংশ ফর্ম দিই জেলা পরিষদকে এবং তাদের অনুরোধ করি তাদের নীচের যে সমস্ত প্রতিষ্ঠান আছে তাদের দিয়ে দিতে তারপরে আমাদের কাছে পাঠাতে।

Shri Daman Kuiry:

আজ পর্যন্ত সেখান থেকে একটাও দরখাস্ত পান নি?

Shrimati Abha Maiti:

আমার এখানে যা আছে তাতে দেখছি একটিও দরখাস্ত নাই।

Shri Jiban Krishna Dey:

কুচবিহার জেলা থেকে দুই জনের বেশী লোক পেল না তার কারণ কি?

Shrimati Abha Maiti:

যে পেনশানটা দেওয়া হয় একজন যতদিন বেঁচে থাকবেন ততদিনের জন্য দেওয়া হবে এবং সেটা তদন্ত করেই দিতে হয়, তদন্তের রিপোর্ট যতক্ষণ এখানে না আসছে ততক্ষণ আমরা টাকা তাদের নামে মঞ্জুর করতে পারি না। যেখানে লোকেরা যত তাড়াতাড়ি দরদ নিয়ে তদন্ত করে পাঠিয়ে দেন সেখানে কাজ তাড়াতাড়ি হয়।

Shri Jiban Krishna Dey:

ফর্ম জোগাড় করতেই অনেকের তিন মাস ৪ মাস লেগে যায় এটা জানেন কি?

Shrimati Abha Maity:

সেই ফর্ম ইচ্ছা করলে কপি করেও আমাদের কাছে পাঠিয়ে দিতে পারেন।

Shri Sailendra Nath Adhikary:

এই জেলাওয়ারী যে হিসেব দিলেন তাতে বিবেচনাধীন আবেদনপত্রগুলি সেগুলি সম্বন্ধে বিচার হচ্ছে বললেন। এই আবেদনপত্রগুলি বিবেচনা করতে কত দিন লাগবে?

Shrimati Abha Maity:

এগুলি ১৯৬৪ সালের জানুয়ারী মাস থেকে ৬৫ সালের সেপ্টেম্বর পর্যন্ত এগুলি তদন্ত স্থানীয় ভাবে হয়ে আসে, তারা যত তাড়াতাড়ি দেবেন আমাদের পক্ষে তত তাড়াতাড়ি মঞ্জুর করা যাবে।

Shri Hemanta Kumar Basu:

বার্ধক্য ভাতা কি একটা বিশেষ তারিখের মধ্যে দেওয়া হয়?

Shrimati Abha Maity:

যারা যখন দরখাস্ত দেন সেইভাবে পান।

Shri Hemanta Kumar Basu:

আমি বলছি বার্ধক্য ভাতা যাদের মঞ্জুর করা হয় তাদের মাসের কোন তারিখের মধ্যে তাদের ভাতাটা পাঠান হয়?

Shrimati Abha Maity:

সাহায্য মাসের একটা নির্দিষ্ট সময়ে দেওয়া হয়।

Shri Sanat Kumar Raha:

মাননীয়া মন্ত্রিমহাশয়া কি জানাবেন যে বর্তমানে যেভাবে শর্তপূরণ করার পর ভাতা দেওয়ার ব্যবস্থা আছে তাতে গ্রামে এবং শহরে যে টাকা দেওয়া হয় তাতে একেবারেই চলে না। সেটার বৃদ্ধি করার কোন চিন্তা করছেন।

Shrimati Abha Maity:

আর্থিক সংগতি যখন আমাদের হবে তখন নিশ্চয়ই আমরা ভাববো এখন সে অবস্থা নয়।

Shri Bejoy Kumar Banerjee:

এই যে বৃদ্ধ ভাতা দেবার ফর্ম আছে সেগুলি ইংরাজীতে ছাপা না বাংলায় ছাপা?

Shrimati Abha Maity:

বাংলাতে ছাপা ইংরাজীও আছে।

Shri Golam Yazdani:

আপনি বলেছেন মালদহে কেউ ভাতা পায় নি। আমার জিজ্ঞাস্য হচ্ছে মালদহ সম্বন্ধে আপনার কাছে কি কোন দরখাস্ত বিবেচনাধীন আছে?

Shrimati Abha Maity:

মালদহেতে ৬ জন পেয়েছে ৪টি দরখাস্ত বিবেচনাধীন আছে।

Shri Debendra Nath Mahato :

পুরুলিয়া জেলা পরিষদে ২০০ ফর্ম পাঠানো হয়েছিল, এক একজনকে ৪ কপি করে দিতে হয় বার বার টেলিগ্রাম পাঠান সত্ত্বেও ফর্ম পাওয়া যায় নি?

Shrimati Abha Maity:

তা আমি এখন জানি না, আগে বললে খোঁজ করে দেখতে পারতাম।

Shri Debendra Nath Mahato :

আমরা কি প্রেস-এ ফর্ম ছাপিয়ে নিতে পারি?

Shrimati Abha Maity:

আপনারা কপি করে নিতে পারেন। কেন না ছাপাতে গেলে তার কোন হিসাবপত্র আমরা রাখতে পারব না।

Shri Debendra Nath Mahato :

কপির সঙ্গে কি একটা অরিজিনাল দরকার, অরিজিনাল কি প্রিন্টেড ফর্ম দিতে হবে না হাতে লিখে দিলেই হবে।

Shrimati Abha Maity:

আপনি যে ফর্ম পেয়েছিলেন তাই পাঠালেন না কেন?

Shri Deb Saran Ghosh:

মন্ত্রী মহাশয়া যে সংখ্যা এ পর্যন্ত জানিয়েছেন সেই সমস্ত বৃদ্ধরা কি সকলেই কংগ্রেসী?

Shrimati Abha Maity:

একটাও নয়।

Shri Balai Lal Das Mahapatra:

আপনার কথায় জানা গেল বহু দরখাস্ত বিবেচনাধীন রয়েছে, কোন কোন ভিত্তিতে এই দরখাস্ত বিবেচনা করা হয়?

Shrimati Abha Maity:

আমাদের কতকগুলি শর্ত থাকে সেগুলি পূরণ করে দিলেই আমরা বিবেচনা করতে পারি। কি কি শর্ত তা জানতে চাইলে নোটীশ দিতে হবে।

Shri Jiban Krishna Dey:

কংগ্রেসী কর্মী হলে আগে পাওয়া যায় এমন কোন বিধান আছে?

(No reply)

STARRED QUESTIONS
(to which answers were laid on the table)

Sale of wood from reserve forests

*141. (Admitted question No. *96.) **Shri Ananga Mohan Das:**

বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে সংরক্ষিত বনের সংখ্যা ও পরিমাণ কত;

(খ) উক্ত সংরক্ষিত বনের মধ্যে কি পরিমাণ বন হইতে প্রতি (১) ৫ বৎসর ও (২) ১০ বৎসর অন্তর কাঠ বিক্রয় করা হয়; এবং

(গ) কি পদ্ধতিতে উহা বিক্রয়ের ব্যবস্থা আছে?

The Minister for Forest:

(ক) হাওড়া ও হুগলী জেলা ব্যতীত অপর ১৩টি জেলাতে সংরক্ষিত বন আছে এবং তাহদের মোট আয়তন ১,৩৪০·৪৯ বর্গমাইল।

(খ) কোন বন থেকেই ৫ বা ১০ বৎসর অন্তর কাঠ বিক্রয় করা হয় না।

(গ) কাঠ বিক্রয় করা হয় নিম্নলিখিত পদ্ধতিতে ঃ—

(১) নীলামে

(২) সরকার কর্তৃক ধার্য করা মূল্যে, যখন কাঠের পরিমাণ সামান্য থাকে।

Artisan grant for tribal welfare

*142. (Admitted question No. *307.) **Shri Sanat Kumar Raha:**

আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫-৬৬ সালের জন্য আদিবাসী কল্যাণ দপ্তর হইতে কোন্ জেলায় কত টাকা শিল্পী অনুদান (আর্টিসান গ্র্যান্ট) দেওয়া হইয়াছে;

(খ) উক্ত টাকা ব্যয়িত হইয়াছে কিনা; এবং

(গ) উক্ত বরাদ্দের স্বল্পতা সম্পর্কে কোন্ কোন্ জেলা হইতে আরও বেশি বরাদ্দের জন্য আবেদন আসিয়াছে?

The Minister for Tribal Welfare:

(ক) বর্তমান বৎসরে অর্থাৎ ১৯৬৫-৬৬ সনে কোন জেলায় কত টাকা শিল্পী অনুদান হিসাবে বরাদ্দ করা হইয়াছে তাহার একটি তালিকা (তফসিলী ও আদিবাসী) নিম্নে রাখা হইল।

(খ) বরাদ্দকৃত উক্ত টাকা ব্যয়িত হইতেছে।

(গ) এইরূপ কোন আবেদন জেলা হইতে পাওয়া যায় নাই।

SCHEME : FINANCIAL ASSISTANCE TO SCHEDULED TRIBES ARTISANS IN THE YEAR 1965-1966.

STATEMENT

	Districts	Officer authorised to incur expenditure	Amount sanctioned
			Rs.
1.	Burdwan	District Officer	1,000
2.	Birbhum	Do	6,000
3.	Bankura ..	Do	6,000
4.	Midnapore	Do	5,000
5.	Hooghly	Do	600
6.	24-Parganas	Do	900
7.	Nadia	Do	500
8.	Murshidabad	Do	500
9.	Malda	Do	3,000
10.	West Dinajpore	Do	5,000
11.	Jalpaiguri	Do	5,000
12.	Cooch Behar	Do	500
13.	Purulia	Do	6,000
14.	Darjeeling	Do	5,000
			Rs. 45,000

(Rupees Forty-Five Thousand Only.)

SCHEME : FINANCIAL ASSISTANCE TO SCHEDULED CASTE ARTISANS IN THE YEAR 1965-1966.

	Name of the District.	Officer authorised to incur expenditure.	Amount sanctioned
			Rs.
1.	Burdwan	District Officer.	12,000
2.	Birbhum	Do.	30,000
3.	Howrah	Do	8,000
4.	Bankura	Do	12,000
5.	Midnapore	Do	15,000
6.	Hooghly	Do	4,000
7.	West Dinajpore	Do	10,000
8.	24-Parganas	Do	12,000
9.	Murshidabad	Do	20,000
10.	Purulia	Do	10,000
11.	Jalpaiguri	Do	12,000
12.	Nadia	Do	5,000
13.	Malda	Do	8,000
14.	Cooch Behar	Do	5,000
15.	Darjeeling	Do	25,000
			Rs. 1,88,000

Rupees One Lakh and Eighty-Eight Thousand)

Directors of Kalyani Spinning Mill

***144.** (Admitted question No. *901.) **Shri Birendra Narayan Ray:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণীতে অবস্থিত "স্পিনিং মিল"-এর বর্তমান ডাইরেক্টরদের নাম ও পরিচয় কি;

(খ) তাঁহাদের কে কোন্ তারিখ হইতে উক্ত পদে অধিষ্ঠিত আছেন;

(গ) তাঁহারা কোনও মাইনা অথবা ভাতা পান কিনা; এবং

(ঘ) যদি "গ" প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে গত দুই বৎসরে কোন্ বৎসর কোন্‌জন ঐরূপ কত টাকা গ্রহণ করিয়াছেন?

The Minister for Commerce & Industries:

(ক) ১। শ্রীকে, এন, মুখার্জি—শিল্পপতি।
২। শ্রীশরদিন্দু দত্ত মজুমদার—সচিব, শিল্প ও বাণিজ্য বিভাগ।
৩। শ্রীপি, কে, বসু—স্পেশাল অফিসার ও সচিব (পদাধিকার বলে) অর্থদপ্তর।
৪। শ্রীউদয়ন চ্যাটার্জি—শিল্প অধিকর্তা, পশ্চিমবঙ্গ।
৫। শ্রীএস, এন, মুখার্জি—এম, এল, সি।
৬। সৈয়দ কাজেম আলি মির্জা—এম, এল, এ।
৭। শ্রীপ্রতাপচন্দ্র চন্দ্র—এম, এল, এ।
৮। শ্রীঅশোককৃষ্ণ দত্ত—এম, এল, এ।
৯। শ্রীজে, সি, দে—অর্থনীতিবিদ।
১০। শ্রীআর, আর, চ্যাটার্জি—ম্যানেজিং ডাইরেক্টার, কল্যাণী স্পিনিং মিল।

(খ) ১। শ্রীকে, এন, মুখার্জী—১১-৭-৬১।
২। শ্রীশরদিন্দু দত্ত মজুমদার—১৬-৫-৬২
৩। শ্রীপি, কে, বসু—২৯-৯-৬৫।
৪। শ্রীউদয়ন চ্যাটার্জি—২০-৪-৬৫।
৫। শ্রীএস, এন, মুখার্জি—২৭-৩-৬৩।
৬। সৈয়দ কাজেম আলী মির্জা—২৮-৯-৬৩।
৭। শ্রীপ্রতাপচন্দ্র চন্দ্র—২৮-৯-৬৩।
৮। শ্রীঅশোককৃষ্ণ দত্ত—২৮-৯-৬৩
৯। শ্রীজে, সি, দে—২৯-৯-৬৫।
১০। শ্রীআর, আর, চ্যাটার্জি—২-২-৬০।

(গ) বেসরকারী ডাইরেক্টরগণ বোর্ডের প্রতি সিটিং-এ যোগদানের জন্য ৫০ টাকা হিসাবে ভাতা পান; সরকারী ডাইরেক্টরগণ ভাতা পান না।

	১৯৬৩-৬৪ টাকা	১৯৬৪-৬৫ টাকা
(ঘ) শ্রীকে, এন, মুখার্জি	২৫০	৪০০
শ্রীএস, এন, মুখার্জি	৪০০	৩৫০
শ্রীপ্রতাপচন্দ্র চন্দ্র	২০০	৩৫০
সৈয়দ কাজেম আলী মীর্জা	২০০	৪০০
শ্রীঅশোককৃষ্ণ দত্ত	১০০	৪০০
*শ্রীএস, গুপ্ত		
**শ্রীএস, সি, রায়		

নোট: *

শ্রীএস গুপ্ত ১৯৬৩-৬৪ সালে সরকারী কর্মচারী ছিলেন এবং সেইজন্য ঐ বৎসর কোনও ভাতা পান নাই। অবসর গ্রহণের পর ১৯৬৪-৬৫ সালে ডাইরেক্টর পদে বহাল ছিলেন। ১৯৬৫-৬৬ সালে তিনি ডাইরেক্টর পদে বহাল নাই।

** শ্রীএস, সি, রায় ১৯৬৪-৬৫ সাল হইতে ডাইরেক্টর পদে বহাল নাই।

Project implementing Committees

***145.** (Admitted question No. *272.) **Shri Ananga Mohan Das:**

সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কোন্ কোন্ ব্লকের সঙ্গে সংযুক্ত প্রোজেক্ট ইমপ্লিমেন্টিং কমিটি কবে গঠিত হইয়াছে;

(খ) ময়না থানায় উক্ত কমিটির সদস্যগণের নাম কি; এবং

(গ) কয়জন পুরুষ উক্ত কমিটিতে কবে নিযুক্ত হইয়াছেন?

The Minister for Social Welfare:

(ক) ব্লকের নাম		গঠন তারিখ
১। দাঁতন		২-৫-১৯৬০
২। ঘাটাল	...	১-৭-১৯৬০
৩। ময়না	...	২-৫-১৯৬০
৪। নারায়ণগড়	...	১-৮-১৯৬০

(খ)

(১) শ্রীমতী বিন্দুবাসিনী দেবী।
(২) " প্রণতি সরকার।
(৩) " গীতারাণী জলুয়া।
(৪) " ভক্তিরাণী মাইতি।
(৫) " প্রভাবতী দাস।
(৬) " প্রভাবতী মাইতি।
(৭) শ্রীযুক্ত প্রণব বহুবালিনা।
(৮) " পঞ্চানন গুচাইত।

সরকারী প্রতিনিধি

(৯) ব্লক ডেভালাপমেন্ট অফিসার।
(১০) সাব-ডিভিসানাল হেল্‌থ্ অফিসার, মেদিনীপুর।
(১১) ডিষ্ট্রিক্ট সোশ্যাল এডুকেশন অফিসার, মেদিনীপুর।

(গ) ২ জন বেসরকারী পুরুষ ৩০-৪-৬০ তারিখে নিযুক্ত হইয়াছেন ও ৩ জন সরকারী পুরুষ প্রতিনিধি ১৯৬০ সালে ময়না প্রজেক্ট ইমপ্লিমেন্টিং কমিটি গঠনের সময় থেকেই আছেন। সর্বসমেত ৫ জন পুরুষ আছেন।

Khadi Cramodyog Organisation

***147.** (Admitted question No. *668.) **Shri Sanat Kumar Raha:**

কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে খাদি গ্রাম উদ্যোগ প্রতিষ্ঠানকে পশ্চিমবঙ্গ সরকার কোন আর্থিক সাহায্য দান করেন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে গত তিন বছরে কি পরিমাণ অর্থ সাহায্য করা হইয়াছে?

The Minister for Cottage and Small Scale Industries:

(ক) সরকার পশ্চিমবঙ্গ খাদি ও গ্রামোদ্যোগ পর্ষৎকে আর্থিক সাহায্য দিয়া থাকেন।

(খ)	১৯৬২-৬৩	৭,৩০,৭৪৫ টাকা
	১৯৬৩-৬৪	৭,৭১,০০০ টাকা
	১৯৬৪-৬৫	১০,২৩,৫৮০ টাকা
	মোট :	২৫,২৫,৩২৫ টাকা

Ramkrishna-Vivekananda Co-operative Society

***148.** (Admitted question No. *902.) **Shri Birendra Narayan Ray:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জে অবস্থিত "রামকৃষ্ণ-বিবেকানন্দ" কো-অপারেটিভ সোসাইটি গত দুই বৎসরে কোন্ বৎসর কত লাভ বা লোকসান করিয়াছে;

(খ) উক্ত দুই বৎসর এবং চলতি বছর সোসাইটি কি কি ধরণের কি পরিমাণ বস্ত্র উৎপন্ন করিয়াছে; এবং

(গ) উক্ত সোসাইটি চুক্তিমত সরকারের প্রাপ্য টাকা পরিশোধ করিতেছেন কিনা?

The Minister for Co-operation:

(ক) এই নামে কোন সমবায় সমিতি মুর্শিদাবাদ জেলায় নাই। তবে জিয়াগঞ্জ রামকৃষ্ণ বিবেকানন্দ পাওয়ার লুম কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড নামে ঐ জেলায় একটি সমবায় সমিতি আছে। ঐ সোসাইটি ১৯৬৩-৬৪ সনে মোট ১৪,৭৭৭·৭২ পয়সা লোকসান করিয়াছে। ১৯৬৪-৬৫ সনের অডিট রিপোর্ট এখনও পাওয়া যায় নাই।

(খ) বস্ত্র উৎপাদনের হিসাব নিম্নে দেওয়া হইল :—

বৎসর	ধুতি (গজ)	শাড়ী (গজ)	মার্কিন (গজ)
১৯৬৩-৬৪	৪,১৮,৯১৩	৭৯,০৭৫	৩১,৩০৪
১৯৬৪-৬৫	২,২৪,৩৪৭	৪,১৯,৬০৯½	৩৩,৮৮৭
১৯৬৫-৬৬	৮৪,৯৩০	১,৬১,৬৭০	-

(১-৭-৬৫ হইতে ৩১-১০-৬৫ পর্যন্ত)

(গ) সোসাইটি সরকারের প্রাপ্য টাকা চুক্তিমত পরিশোধ করিতেছে না; কিন্তু উক্ত টাকার দেয় কিস্তির আংশিক মোট ৫,২৯৭·৯৭ পয়সা সোসাইটি ইতিমধ্যে পরিশোধ করিয়াছেন।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

System of Weights and Measures in Jails

178. (Admitted question No. 103.) **Shri Mrigendra Bhattacharjee:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ভারতবর্ষে তথা পশ্চিমবাংলায় মণ, সের, ছটাকের ওজন বাতিল করে দেওয়া সত্ত্বেও এখনও পশ্চিমবাংলার জেলে মণ, সের, ছটাকের ওজন কি কারণে চালু রাখা হইয়াছে?

The Minister for Home (Jails):

পশ্চিমবাংলার কোন জেলে মণ, সের, ছটাকের ওজন ব্যবহার করা হয় না।

Cinemas in Bankura district

179. (Admitted question No. 132.) **Shri Mrigendra Bhattacharjee:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬০-৬১, ১৯৬১-৬২, ১৯৬২-৬৩ ও ১৯৬৩-৬৪ সালে বাঁকুড়া জেলায় স্থায়ী ও অস্থায়ী সিনেমার সংখ্যা কত ছিল এবং ঐ সিনেমা বাবত ঐ জেলা হইতে কত আয় হইয়াছে?

The Minister for Home (Political):

বৎসর	স্থায়ী সিনেমার সংখ্যা	অস্থায়ী সিনেমার সংখ্যা	আয়ের পরিমাণ
			(টাকা)
১৯৬০-৬১	৪	১৩	৮৩,৭৯৬.০৯
১৯৬১-৬২	৪	১৩	১,০৯,২২৬ ৬৫
১৯৬২-৬৩	৪	৯	১,৫৮,০৫৩ ২৩
১৯৬৩-৬৪	৬	১১	১,৬৪,১৮২.৯৪

Uniforms of Government employees

180. (Admitted question No. 134.) **Shri Mrigendra Bhattacharjee:** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের বেসামরিক কর্মচারীদের বাধ্যতামূলক পোষাক ব্যবহারের নিয়ম রহিয়াছে কি না; থাকিলে তাহা কি; এবং

(খ) যে সব সরকারী কর্মচারীরা বিজাতীয় পোষাক পরিধান করেন তাহার পরিবর্তে জাতীয় পোষাক ব্যবহারের নিয়ম প্রবর্তন করার কথা সরকার চিন্তা করিতেছেন কি না?

The Minister for Home (Political):

(ক) সরকারের পুলিশ বিভাগ ব্যতিত অন্য বেসামরিক সরকারী কর্মচারীদের বাধ্যতামূলক পোষাক ব্যবহারের নিয়ম নাই। বেসামরিক অফিসার শ্রেণীর কর্মচারীদের পোষাক পরিধান সম্বন্ধে যে নির্দেশ আছে তাহাও বাধ্যতামূলক নহে।

(খ) না। বর্তমানে এরূপ কোন প্রশ্ন সরকারের বিবেচনাধীন নাই।

Chatal Rabindra Satabarshiki Mahavidyalaya

181. (Admitted question No. 163.) **Shri Mrigendra Bhattacharjee:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঘাটাল রবীন্দ্র শতবার্ষিকী মহাবিদ্যালয়কে কোন্ বৎসর কত টাকা সরকার হইতে কি বাবত দেওয়া হইয়াছে; এবং

(খ) কলেজ বিল্ডিং ও হোস্টেল নির্মাণ সম্পূর্ণ করিবার জন্য সরকার আরও কত টাকা দিতে মনস্থ করিয়াছেন?

The Minister for Education:

(ক) ১৯৬৩-৬৪ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে ১,৫০০ টাকা লাইব্রেরীর বই ক্রয়ের জন্য এককালীন সরকারী সাহায্য এই কলেজ পাইয়াছিল।

১৯৬১,৬২ সাল হইতে ১৯৬৫-৬৬ সালের ৩১এ আগস্ট পর্যন্ত কর্মচারীদের মহার্ঘভাতা হিসাবে নিম্নলিখিত অর্থ সাহায্য এই কলেজ পাইয়াছে (৩১এ আগস্ট পর্যন্ত)—

	টাকা
১৯৬১-৬২	১,০০৯.৫৬
১৯৬২-৬৩	২,৩৯২.৯০
১৯৬৩-৬৪	৩,৫৬৯.৭৩
১৯৬৪-৬৫	৩,৯৯২.২৪
১৯৬৫-৬৬ .. .	৪,২২৪.৬৬

ইহা ব্যতীত শিক্ষকদের বর্ধিত হারে মাহিনা বাবদ ৪,৩৯,২০০ টাকা সরকারী তদর্থক অনুদান হিসাবে সাহায্যও এই কলেজ এযাবত পাইয়াছে।

(খ) এই কলেজের কর্তৃপক্ষ কলেজের বাড়ী নির্মাণের জন্য পত্র লিখিয়াছেন। উহা এখন সরকারের বিবেচনাধীন আছে। হোস্টেল নির্মাণের জন্য কলেজ কর্তৃপক্ষ কোন সরকারী সাহায্য প্রার্থনা করেন নাই।

Teachers' Training Colleges in West Bengal

182 (Admitted question No. 201.) **Shri Mrigendra Bhattacharjee:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় কোথায় কোথায় শিক্ষক-শিক্ষণ কলেজ (বি টি কলেজ) চালু আছে;

(খ) কোন কলেজে কত জনের ভর্তি হওয়ার ব্যবস্থা আছে;

(গ) জুনিয়ার হাই স্কুল (ক্লাস ফাইভ টু ক্লাস এইট) শিক্ষক শিক্ষিকাদের ট্রেনিং-এর কি ব্যবস্থা কোথায় কোথায় আছে;

(ঘ) এই শিক্ষকদিগকে বি টি পাঠরত শিক্ষকদের ন্যায় বেতন এবং ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়া হয় কি না; এবং

(ঙ) না দেওয়া হইলে, কি কারণে এঁদের দেওয়া হয় না?

The Minister for Education:

(ক) ও (খ) শিক্ষক-শিক্ষণ কলেজের (বি টি কলেজ অ্যান্ড আণ্ডারগ্রাজুয়েট ট্রেনিং কলেজ) একটি তালিকা দেওয়া হইল। কোন কলেজের কত আসন সংখ্যা আছে তাহা প্রত্যেক কলেজের পাশে দেখান হইল।

(গ) জুনিয়ার হাই স্কুলের শিক্ষকগণও বি টি ট্রেনিং লইবার অধিকারী। আণ্ডারগ্রাজুয়েট শিক্ষকগণ আণ্ডারগ্রাজুয়েট ট্রেনিং কলেজে ট্রেনিং লইতে পারে।

(ঘ) জুনিয়ার হাই স্কুলের গ্রাজুয়েট এবং আণ্ডারগ্রাজুয়েট শিক্ষকগণ শিক্ষণ গ্রহণকালে হাই স্কুলের ট্রেনিংরত সমান যোগ্যতাসম্পন্ন শিক্ষকদের ন্যায় বেতন ভাতা ইত্যাদি পাইয়া থাকেন।

(ঙ) এই প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clauses (Ka) *and* (Kha) *of unstarred question No. 182.*

	Names of B.T. Colleges in West Bengal	Intake capacity
1.	David Hare Training College, Calcutta	240
2.	Government Training College, Hooghly	120
3.	Institute of Education for Women, Alipore	150
4.	Government B.T. College, Malda	200
5.	Government College of Education, Burdwan	200
6.	Institute of Education (Post-Graduate) for Women, Chandernagore	200
7.	Sree Ramkrishna B.T. College, Darjeeling	100
8.	R.K. Mission Sikshana Mandira, Belur Math, Howrah	200
9.	A.C. Training College, Jalpaiguri	120
10.	Teachers' Training College, Sevayatan, Jhargram, Midnapore	120
11.	Teachers' Training College, Kalyani, Nadia	220
12.	Sponsored Teachers' Training College, Purulia	200
13.	Union Christian Training College, Berhampore	120
14.	Scottish Church College, B.T. Department, Calcutta	60
15.	Loreto B.T. College, Calcutta	40
16.	Calcutta University, Teacher's Training Department, Calcutta	250
17.	Viswa-Bharati Teachers' Training Department, (Vinaya Bhabana)	120
18.	St. Xaviers' College, B.T. Department, Calcutta	120
19.	Gobardanga Hindu College, B.T. Department, 24-Parganas	125
20.	Shri Sikshayatan B.T. College, Calcutta	50
21.	Tamralipta Mahavidyalaya, B.T. Department	Affiliation granted by the University direct with permission to admit candidates with effect from 1965-66. Department have no information regarding intake capacity.
22.	Calcutta Girls' B.T. College, Calcutta	
23.	Howrah Girls' College, B.T. Department, Howrah	
24.	Post Graduate Basic Training College, Banipur	140
25.	Post Graduate Basic Training College, Rahara	120

List of Undergraduate Training Colleges

1.	Government Senior Basic Training College, Banipur	100 (now suspended)
2.	Senior Basic Training College, Sarisha	120
3.	Senior Basic Training College, Darjeeling	60
4.	Senior Basic Training College, Mahammad Bazar, Birbhum ..	120
5.	Senior Basic Training College, Saktigarh, Burdwan . .	120
6.	Senior Basic Training College, Beltala, Calcutta . ..	120
7.	Loreto Senior Basic Training College, Calcutta	30
8.	Senior Basic Training College under Bangiya Palleo Sangathan Samity (Kindergarten, Nursery, Pre-Basic School Teachers' Training)	60
9.	Senior Basic Training College attached to Gokhale Memorial Girls' School and College (Kindergarten, Nursery, Pre-Basic School Teachers' Training)	60
10.	Under Graduate Training College for Men at St. Thomas Boys' School Campus, 4 Diamond Harbour Road, Calcutta	20

Teachers' Training College at Tamluk

183. (Admitted question No. 202.) **Shri Mrigendra Bhattacharjee:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তাম্রলিপ্ত (তমলুক) মহাবিদ্যালয়ে কোন্ বৎসর হইতে শিক্ষক-শিক্ষণ বিভাগ খোলা হইয়াছে এবং সরকারের অনুমোদন পাইয়াছে;

(খ) বর্তমান বৎসর (১৯৬৫) কতজন ছাত্রছাত্রী উক্ত শিক্ষক-শিক্ষণ কলেজে (বি টি কলেজ) ভর্তি হইয়াছেন;

(গ) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ সরকার উক্ত পাঠরত শিক্ষকদের বেতন এবং শিক্ষণ-কালীন ভাতা (যাহা অন্যান্য সকল বি টি কলেজে দেওয়া হয়) না দেওয়ার সিদ্ধান্ত করিয়াছেন; এবং

(ঘ) সত্য হইলে, কারণ কি?

The Minister for Education:

(ক) ১৯৬৫-৬৬ সাল হইতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদনক্রমে তাম্রলিপ্ত মহা-বিদ্যালয়ে একটি শিক্ষক-শিক্ষণ বিভাগ খোলা হইয়াছে। মহাবিদ্যালয়ের কর্তৃপক্ষ এইজন্য শিক্ষাবিভাগের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের নিকট আবেদন পেশ করেন নাই বা শিক্ষাবিভাগের অনুমোদন প্রার্থনা করেন নাই।

(খ) এই সম্পর্কে শিক্ষাবিভাগে কোন সংবাদ নাই।

(গ) শিক্ষক-শিক্ষণ মহাবিদ্যালয় বিভাগে শিক্ষণরত শিক্ষকদিগের বেতন দেওয়ার প্রস্তাব সরকারের বিবেচনাধীন।

(ঘ) এই প্রশ্ন এখন উঠে না।

Introduction of Free and Compulsory Primary Education in West Bengal

184. (Admitted question No. 204.) **Shri Mrigendra Bhattacharjee:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সাল পর্যন্ত পশ্চিমবাংলার কোন্ জেলায় কতগুলি প্রাথমিক স্কুল স্থাপিত হইয়াছে এবং তাহাদের ছাত্রছাত্রীর সংখ্যা কত;

(খ) প্রাথমিক স্কুলগুলির মধ্যে কতগুলিতে জুনিয়ার বেসিক স্কীম চালু করা হইয়াছে এবং কোন্ শ্রেণী পর্যন্ত ঐ স্কুলে পড়ানো হয়;

(গ) প্রাথমিক শিক্ষা ব্যবস্থা বেসিক স্কীম অনুসারে পরিচালিত হইবে কিনা, হইলে কত-দিনে সমস্ত প্রাথমিক বিদ্যালয় বেসিক স্ট্যান্ডার্ড-এ পরিণত হইবে; এবং

(ঘ) বাধ্যতামূলক সার্বজনীন প্রাথমিক শিক্ষা আগামী চতুর্থ পরিকল্পনার মধ্যে চালু হইবে কি না?

The Minister for Education:

(ক) সংলগ্ন ক্রোড়পত্রের দ্বিতীয় ও তৃতীয় স্তম্ভ দ্রষ্টব্য।

(খ) সংলগ্ন ক্রোড়পত্রের চতুর্থ স্তম্ভ দ্রষ্টব্য। নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে পঞ্চম শ্রেণী পর্যন্ত অধ্যয়নের ব্যবস্থা আছে।

(গ) বর্তমানে প্রাথমিক ও নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের জন্য একই পাঠক্রম ও পাঠ্যপুস্তক নির্দিষ্ট হইয়াছে। পুরাপুরি বেসিক স্কীম পরিচালিত বিদ্যালয়গুলি ছাড়াও অন্যান্য প্রাথমিক বিদ্যালয়গুলিতে বুনিয়াদী বিদ্যালয়ের কার্যক্রম আংশিকভাবে প্রবর্তন করিয়া বিদ্যালয়গুলিকে বুনিয়াদী ধাঁচে রূপান্তরিত করিবার একটি পরিকল্পনা (ওরিয়েন্টেশন প্রোগ্রাম) গ্রহণ করা হইয়াছে। এই পরিকল্পনা অনুযায়ী এ যাবৎ ১৮,০৩২ জন প্রাথমিক শিক্ষককে স্বল্পকালীন আলোচনা কেন্দ্রে (ওরিয়েন্টেশন সেমিনার) প্রয়োজনীয় শিক্ষাদান করা হইয়াছে এবং তাঁহাদের সাহায্যে ১৬,৪২২টি প্রাথমিক বিদ্যালয়কে বুনিয়াদী ধাঁচে রূপান্তরিত করা হইয়াছে। অবশিষ্ট বিদ্যালয়গুলিকেও আগামী চতুর্থ পরিকল্পনাকালে ঐভাবে বুনিয়াদী ধাঁচে রূপান্তরিত করা হইবে।

(ঘ) এইরূপ উদ্দেশ্য লইয়াই চতুর্থ পরিকল্পনার কার্যক্রম রচনা করা হইতেছে।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 184

ক্রোড়পত্র

জেলার নাম	প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা (নিম্ন বুনিয়াদী বিদ্যালয় সমেত)	ছাত্র-ছাত্রীর সংখ্যা	নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ের সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)
১। বাঁকুড়া	২,৩৩৭	১,৬৩,৯৬১	১৩৭
২। বীরভূম	১,৪৩৮	১,২৬,৯৪১	১৪৭
৩। বর্দ্ধমান	২,৪৪৩	২,৮৫,২৫৯	১৭৩
৪। কলিকাতা	৯১৫	১,৭৭,২৬৩	১৮
৫। কোচবিহার	৯৬৯	৯৯,১৯৯	১৩৭
৬। দার্জিলিং	৫৬৩	৬৩,৪৪১	৭৬
৭। হুগলী	২,০৩২	২,৭১,১১২	১২৩
৮। হাওড়া	১,৫৫৪	২,৪৯,০২৬	৭৩
৯। জলপাইগুড়ি	১,০৮৬	১,০৬,৫৩৩	৬৩
১০। মালদহ	১,০৯৩	৯৩,৬০১	৬৮
১১। মুর্শিদাবাদ	১,৬৪৫	১,৭৫,৮৫১	১১৫
১২। নদীয়া	১,৭০৮	১,৮৩,৬৪৩	৯৭
১৩। মেদিনীপুর	৫,৭২২	৫,২৬,৭৯৩	১৪৪
১৪। পুরুলিয়া	২,২৮৬	১,৪২,৯৬৯	১৭৩
১৫। ২৪-পরগণা	৫,৩৮৩	৬,৫১,৯৪৯	২৯৬
১৬। পশ্চিম দিনাজপুর	১,৪৪৩	১,৩৫,১৬৭	৯৩

বিঃ দ্রঃ—এই পরিসংখ্যান ১৯৬৪-৬৫ সনের, এখনও চূড়ান্ত নহে।

Civil Defence in West Bengal

185. (Admitted question No. 552.) **Shri Mrigendra Bhattacharjee:** স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরের ১লা আগস্ট হইতে ১৫ই অক্টোবর পর্যন্ত পশ্চিমবাংলার অসামরিক (প্রতিরক্ষা) ব্যবস্থা সুদৃঢ় করার জন্য কোন্ মাসে কত টাকা খরচ হইয়াছে এবং উক্ত টাকা কি কি বাবত খরচ হইয়াছে;

(খ) বর্তমানে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা সুদৃঢ় করার জন্য নূতন কোন কার্যক্রম নেওয়া হইয়াছে কিনা এবং তাহা হইলে তাহা কি কি এবং কত টাকা ব্যয়ের এস্টিমেট করা হইয়াছে;

(গ) কেন্দ্রীয় সরকারের নিকট হইতে অসামরিক প্রতিরক্ষার ব্যবস্থা সুদৃঢ় করার জন্য পশ্চিমবঙ্গ সরকার কত টাকা পাইয়াছেন; এবং

(ঘ) অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা ব্যয়ের জন্য সরকার কি কি ভাবে অর্থ যোগানোর ব্যবস্থা করিতেছেন?

The Minister for Home (Defence):

(ক) সময়ের স্বল্পতার জন্য উল্লিখিত দেড় মাসের বিভিন্ন ব্যয়ের সঠিক হিসাব সকল বিভাগ হইতে পাওয়া যায় নাই। যে হিসাব পাওয়া গিয়াছে তাহাতে দেখা যায় যে, এই দেড় মাসে অসামরিক প্রতিরক্ষার জন্য পশ্চিমবঙ্গে ২৫ লক্ষ ১৯ হাজার ২ শ' ৪০ টাকা ব্যয় হইয়াছে। মোট ব্যয় ইহার কিছু বেশি হইবে। তাহা ছাড়া, অনেক জিনিস কেনা হইয়াছে যাহার দাম পরে দিতে হইবে। অসামরিক প্রতিরক্ষার সরঞ্জাম ও যন্ত্রাদি কেনা, কর্মচারীর বেতন, স্বেচ্ছাসেবকগণের ভাতা, বাড়ি ভাড়া, গাড়ি ভাড়া, হাসপাতালের জন্য ঔষধ ও অতিরিক্ত শয্যার ব্যবস্থার খরচ, নলকূপ বসানো, আলোর ঠুলি লাগানো প্রভৃতি বিভিন্ন বিষয়ে ব্যয় হইয়াছে।

(খ) অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থাকে সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করার জন্য নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হইয়াছে ঃ

(গ) ভারত-সরকার কর্তৃক নির্ধারিত স্থান ব্যতীত পশ্চিমবঙ্গে সীমান্ত অঞ্চলে গুরুত্বপূর্ণ কয়েকটি এলাকাতেও যাহাতে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা সহজেই এবং স্বল্প সময়ে চালু করা যায়, তাহার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

(২) মেদিনীপুর জেলার খড়্গপুরে অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা সংস্থা গঠনের ব্যবস্থা হইয়াছে।

(৩) অসামরিক প্রতিরক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত ও কার্যক্রম ত্বরান্বিত করার জন্য মুখ্য সচিবের সভাপতিত্বে সংশ্লিষ্ট বিভাগগণের সচিব ও আধিকারিকগণকে লইয়া একটি পরিষদ গঠিত হইয়াছে। বিগত পাক-ভারত যুদ্ধের সময় প্রতিদিন উক্ত পরিষদ সমস্ত অবস্থা পর্যালোচনা করিয়া প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিতেন।

(৪) সরকারী দপ্তরের প্রত্যেক বিভাগ হইতে লোক লইয়া কলিকাতা ও অন্যান্য স্থানের অসামরিক প্রতিরক্ষা কন্ট্রোল সেন্টার ও সাব-কন্ট্রোল সেন্টারের পরিচালনার ব্যবস্থা করা হইয়াছে। সমস্ত বিভাগ ঐ সমস্ত লোকের জায়গায় কোন লোক না লইয়াই কাজ করিতেছে।

(৫) অসামরিক প্রতিরক্ষা প্রতিষ্ঠানগুলির কাজ সুচারুভাবে করানোর জন্য মহাধিকরণে কন্ট্রোল রুম ও ডিউটি রুম গঠন করা হইয়াছে। পাক-ভারত যুদ্ধের সময়ে দিবারাত্রি এখানে দায়িত্বশীল আধিকারিক এবং অন্যান্য কর্মী রাখা হইত।

(৬) অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার জন্য যে সমস্ত যন্ত্রপাতি ও সরঞ্জামের প্রয়োজন সেগুলি কেনার বিলম্ব দূর করার জন্য সহজ ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে। ফলে, কাজ চালানোর উপযুক্ত সরঞ্জাম দ্রুত সংগ্রহ করা সম্ভবপর হইয়াছে।

(৭) বিমান আক্রমণের খবর জানাইবার জন্য সাইরেনের সংখ্যা বৃদ্ধি করা হইয়াছে।

(৮) বিমান আক্রমণ হইতে বাঁচিবার জন্য "স্লিট ট্রেঞ্চ"-এর বন্দোবস্ত করা হইয়াছে।

(৯) আলোক নিয়ন্ত্রণ করার ব্যবস্থা হইয়াছে।

(১০) কিছুসংখ্যক লোক কোন মাহিনা না লইয়াই অসামরিক প্রতিরক্ষার কাজ করিতেছেন।

(১১) এন সি সি ক্যাডেটদিগকে, ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সের লোকদিগকে এবং হোম-গার্ড-এর কর্মীদিগকে অসামরিক প্রতিরক্ষার কাজে লাগানোর ব্যবস্থা হইয়াছে।

(১২) হাসপাতাল সমূহের আহতদের জন্য অতিরিক্ত বেডের বন্দোবস্ত করা হইয়াছে।

(১৩) যেসকল অঞ্চলে জলসরবরাহের জন্য জলের কল (ওয়াটার ওয়ার্কস) আছে, সেই সব অঞ্চলে পানীয় জলের সরবরাহ চালু রাখার জন্য অতিরিক্ত নলকূপ বসানো এবং নির্বাচিত পুষ্করিণী ও অন্যান্য জলাশয়ের জল সংরক্ষিত করার ব্যবস্থা করা হইয়াছে।

এই সকল কাজের ব্যয়ের পরিমাণ এখনও নির্ধারণ করা সম্ভব নয়।

(গ) ভারত সরকারের নিকট হইতে টাকা পাওয়ার জন্য আমাদের হিসাব দেওয়া হইয়াছে। আশা করা যায়, এই বৎসরের মধ্যে এই হিসাবমত ৯৩ লক্ষ ২০ হাজার টাকা পাওয়া যাইবে।

(ঘ) অসামরিক প্রতিরক্ষার যে যে কাজ ভারত-সরকার অনুমোদন করিয়াছেন সেই সেই কাজের এক অংশের ব্যয় তাঁহারা বহন করিবেন এবং বাকি ব্যয় রাজ্য সরকার বহন করিবেন। ইহা ছাড়া কয়েকটি বিষয়ে সামান্য কিছু ব্যয় ভারত সরকার বহন করেন এবং আর কিছু ব্যয় রাজ্যসরকার বহন করেন। অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থা সরকারের শাসনব্যবস্থার অঙ্গীভূত করা হইয়াছে। সেইজন্য এই ব্যবস্থার জন্য ইহা ছাড়া পৃথকভাবে কোন অর্থ যোগানের কোন ব্যবস্থা নাই।

Arrests made in connection with the distillation of liquor

186. (Admitted question No. 791.) **Shri Mrigendra Bhattacharjee:** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবাংলার কোন্ জেলার কত-জন উপজাতীয় নারী ও পুরুষকে হাঁড়িয়া বা মদ তৈয়ারীর অপরাধে গ্রেপ্তার করা হয় এবং সাজা দেওয়া হয়; এবং

(খ) উক্ত কোন্ বৎসর কত টাকা উক্ত অপরাধে ফাইন বাবত আদায় হইয়াছে?

The Minister for Excise:

(ক) আবগারী অপরাধে ধৃত আসামীদের মধ্যে কতজন উপজাতীয় অথবা ঐ উপজাতীয়-দের মধ্যে কতজন স্ত্রীলোক বা পুরুষ ইহার কোন শ্রেণীবদ্ধ হিসাব (তালিকা) রাখা হয় না। তবে ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে পচাই মামলায় ধৃত সর্বমোট আসামীর সংখ্যা নিম্নে দেওয়া হইল।

বৎসর	সর্বমোট আসামীর সংখ্যা
১৯৬২-৬৩	১৫,১০৮
১৯৬৩-৬৪	১৬,৯১১
১৯৬৪-৬৫	২১,৮৪৯

(খ) বিভিন্ন জেলা হইতে তথ্য সংগ্রহ না করিয়া এই প্রশ্নের জবাব দেওয়া সম্ভবপর নয়, কারণ অন্তঃশুল্ক মহাকরণে জরিমানার পরিমাণ সংক্রান্ত তথ্য রাখা হয় না।

Divorce Cases

187. (Admitted question No. 144.) **Shri Mrigendra Bhattacharjee:** গত ১৬ই ফেব্রুয়ারী, ১৯৬৫ তারিখে প্রদত্ত ৮৩নং প্রশ্নের (অ্যাডমিটেড প্রশ্ন নং ৩৩৭) উত্তর উল্লেখ করিয়া বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত প্রয়োজনীয় তথ্যাদি সংগৃহীত হইয়াছে কিনা; এবং

(খ) সংগৃহীত হইয়া থাকিলে, তাহা কি?

The Minister for Judicial:

(ক) হ্যাঁ, সংগৃহীত হইয়াছে।

(খ) প্রয়োজনীয় তথ্যাদি লাইব্রেরী টেবিলে রক্ষিত বিবরণীতে লিপিবদ্ধ আছে।

Grants paid to Colleges of Midnapur district

188. (Admitted question No. 164.) **Shri Mrigendra Bhattacharjee:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬০-৬১ হইতে ৩০এ আগস্ট, ১৯৬৫, পর্যন্ত মেদিনীপুর জেলার কোন্ কলেজকে কি কি বাবত কত টাকা সরকারী অনুদান মঞ্জুর করা হইয়াছে?

The Minister for Education:

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

Distribution of fertilisers in West Bengal

189. (Admitted question No. 477.) **Shri Mrigendra Bhattacharjee:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পশ্চিমবাংলায় সার বিতরণ করার প্রধান প্রধান প্রতিষ্ঠানের নাম কি এবং কে কোন্ কোন্ জেলায় সার সরবরাহ করেন;

(খ) উক্ত প্রতিষ্ঠানসমূহ ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে—

(১) কোথা হইতে কত মূল্যে, কত পরিমাণ সার সংগ্রহ করিয়াছেন; এবং

(২) কোন্ জেলায় কত পরিমাণ বিক্রয় করিয়াছেন;

(গ) কৃষকদের নিকট উক্ত সার কি প্রক্রিয়ায় পৌঁছান হয়;

(ঘ) সার বিতরণ করার জন্য কোম্পানীসমূহকে কত কমিশন দেওয়া হয়; এবং

(ঙ) গ্রামের আবর্জনা, বিলাতী পানা প্রভৃতি হইতে সার উৎপাদনের প্রক্রিয়া কৃষকদের শিক্ষা দেওয়ার কোন ব্যবস্থা আছে কিনা এবং থাকিলে তাহা কিরূপ?

The Minister of State for Agriculture and Community Development

(ক) বর্তমান বৎসরের একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(খ) নাইট্রোজেন ঘটিত সার সিন্ধ্রী, দুর্গাপুর, রাউরকেল্লা, নাঙ্গাল, বরাকর; বার্নপুর ও জামসেদপুরে অবস্থিত ফ্যাক্টরী হইতে সংগ্রহ করা হইয়াছে। কতক পরিমাণ এই সার বিদেশ হইতেও আসিয়াছে।

সুপার ফসফেট সার ঃ সাধারণতঃ পশ্চিমবঙ্গে অবস্থিত দুইটি ফ্যাক্টরী হইতে পাওয়া যায়। কখনও কখনও এই রাজ্যের বাহির হইতেও আনা হইয়া থাকে। বিভিন্ন সার বিতরণকারী প্রতিষ্ঠানসকল উক্ত বৎসরসমূহে যেসকল সার বিভিন্ন জেলায় বিতরণ করেন তাহার পরিমাণ ও মূল্যের তালিকাসমূহ লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইয়াছে।

(গ) ওয়েষ্ট বেঙ্গল স্টেট ওয়্যার হাউসিং করপোরেশন ও ওয়েষ্ট বেঙ্গল এ্যাপেক্স কো-অপারেটিভ এগ্রিকালচারাল মারকেটিং সোসাইটি লিঃ সমেত কতগুলি রাসায়নিক সার বন্টনকারী নিযুক্ত করা হইয়াছে। তাহাদের মারফত সার বন্টন করা হয়। এই সকল সার বন্টনকারী প্রতি ব্লকে সার ডিপোহোলডার নিযুক্ত করেন। তাহারা সরকারী নির্ধারিত মূল্যে চাষীদের নিকট সার বিক্রয় করেন।

(ঘ) বিভিন্ন সারের বিভিন্ন পরিমাণ দেওয়া হয়। বর্তমান বৎসরের কমিশনের পরিমাণসমূহ নিম্নে প্রদত্ত হইল ঃ

(১) এ্যামোনিয়াম সালফেট—

(ক) যদি ধানচাষের জন্য একক বন্টিত হয়	৩৮·০০ টাকা প্রতি টন
(খ) যদি ধান ব্যতীত অন্য ফসলের জন্য একক বন্টিত হয়	৩৫·০০ টাকা প্রতি টন
(গ) আলু ও সবজির জন্য মিশ্রসার ব্যবহৃত হইলে	৩০·০০ টাকা প্রতি টন
(ঘ) ধান ও পাটের মিশ্রসারের জন্য ব্যবহৃত হইলে	৩৫·০০ টাকা প্রতি টন
(ঙ) এই সার সুন্দরবনের দুর্গম স্থানে ও পার্বত্য অঞ্চলে একক বন্টিত হইলে প্রাপ্য কমিশনের উপর অতিরিক্ত	৭·৫০ টাকা প্রতি টন

(২) ইউরিয়া—

(ক) যদি ধানচাষের জন্য একক বন্টিত হয়	৫৩·০০ টাকা প্রতি টন
(খ) যদি ধান ব্যতীত অন্যান্য ফসলের জন্য একক বন্টিত হয়	৫০·০০ টাকা প্রতি টন
(গ) আলু ও সবজির মিশ্র সারের জন্য ব্যবহৃত হইলে	৪৫·০০ টাকা প্রতি টন
(ঘ) ধান ও পাটের মিশ্র সারের জন্য ব্যবহৃত হইলে	৫০·০০ টাকা প্রতি টন
(ঙ) এই সার সুন্দরবনের দুর্গম স্থানে ও পার্বত্য অঞ্চলে একক বন্টিত হইলে প্রাপ্য কমিশনের উপর অতিরিক্ত	৭·৫০ টাকা প্রতি টন

(৩) ক্যালসিয়াম এ্যামোনিয়াম নাইট্রেট—

(ক) যদি ধান চাষের জন্য একক বন্টিত হয়	৪০·০০ টাকা প্রতি টন
(খ) অন্যান্য ফসলের জন্য একক বন্টিত হয়	৩৭·০০ টাকা প্রতি টন
(গ) আলু ও সবজির জন্য মিশ্রসারে ব্যবহৃত হইলে	৩২·০০ টাকা প্রতি টন
(ঘ) ধান ও পাটের মিশ্রসারে ব্যবহৃত হইলে	৩৭·০০ টাকা প্রতি টন
(ঙ) এই সার সুন্দরবনের দুর্গম স্থানে ও পার্বত্য অঞ্চলে একক বন্টিত হইলে প্রাপ্য কমিশনের উপর অতিরিক্ত	৭·৫০ টাকা প্রতি টন

(৪) পাটের মিশ্র সার
(৫) ধানের মিশ্র সার
(৬) সবজির মিশ্র সার
(৭) আলুর মিশ্র সার

মিশ্রণ, বন্টন বস্তা ও অন্যান্য আনুষাঙ্গিক খরচা বাবত ৬৫ টাকা টন প্রতি দেওয়া হয়।

(ঙ) স্থানীয় সার সম্পদ উন্নয়ন পরিকল্পনা অনুযায়ী প্রতি উন্নয়ন ব্লক হইতে ৫০ জন করিয়া সমস্ত কৃষককে বৈজ্ঞানিক উপায়ে গ্রামের আবর্জনা ও বিলাতী পানা প্রভৃতি হইতে কম্পোস্ট সার তৈয়ারীর শিক্ষা দেওয়া হয়। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে ৩৩৫টি উন্নয়ন ব্লকের প্রত্যেকটি হইতে ৫০ জন করিয়া কৃষককে ঐ শিক্ষা দেওয়া হইয়াছে। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাতেও এই শিক্ষা ব্যবস্থা আছে। এই উপায়ে শিক্ষাপ্রাপ্ত কৃষকগণ নিজ নিজ গ্রামে ফিরিয়া প্রতিবেশী কৃষকগণকে ঐ বিষয়ে শিক্ষা দেন। ইহা ব্যতীত উন্নয়ন ব্লকসমূহে কম্পোস্ট বা সার সপ্তাহ বা পক্ষ, "কৃষকদের ক্ষেতের দিন" (ফারমার্স ফিল্ড ডে) প্রভৃতি, পরিকল্পনার মাধ্যমে আবর্জনা ও বিলাতী পানা হইতে কম্পোস্ট সার তৈয়ারীর প্রক্রিয়া শিক্ষা দেওয়া হয়।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 189.

সার বিতরণ-সংস্থা সমূহের নাম ও ঠিকানা	কার্যকারী
১। শ'ওয়ালেশ এণ্ড কোং, ৪ নং ব্যাঙ্কশাল ষ্ট্রীট, কলিকাতা	বর্দ্ধমান জেলা বাদে সমগ্র পশ্চিমবঙ্গ।
২। র‍্যালিজ ইণ্ডিয়া লিমিটেড, ১৬নং হেয়ার ষ্ট্রীট, কলিকাতা	ঐ
৩। বি, এন, ইলিয়াশ এণ্ড কোং (প্রা) লিমিটেড ১ এবং ২, ওল্ড কোর্ট হাউস কর্নার, কলিকাতা।	ঐ
৪। জয়শ্রী কেমিকেলস এণ্ড ফার্টিলাইজারস, ইণ্ডিয়া, এক্সচেঞ্জ, কলিকাতা।	ঐ
৫। ওয়েষ্ট বেঙ্গল ষ্টেট ওয়ার হাউসিং করপোরেশন, ৪৫ গণেশ চন্দ্র এভেনিউ, কলিকাতা-১৩।	ঐ
৬। ওয়েষ্ট বেঙ্গল এ্যাপেক্স কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিমিটেড, ৩ ডালহৌসী স্কোয়ার ইষ্ট, কলিকাতা।	বর্দ্ধমান জেলা এবং উহার সমগ্র পশ্চিমবঙ্গ।
৭। পলীশ্রী প্রাইভেট লিমিটেড, ৭ ইণ্ডিয়ান মিরর ষ্ট্রীট, কলিকাতা।	বর্দ্ধমান বাদে সমগ্র পশ্চিমবঙ্গ।
৮। মারডিন হেণ্ডারসন লিমিটেড, ৪ ব্যাইড রো, কলিকাতা	২৪-পরগণা, নদীয়া, মুর্শিদাবাদ, বীরভূম, বাঁকুড়া, হুগলীর সদর সাবডিভিশন এবং মেদিনীপুরের খাটাল এবং হাওড়া জেলা।
৯। কসফেট কোং লিমিটেড ১৪, নেতাজী সুভাষ রোড, কলিকাতা।	মুর্শিদাবাদ, বীরভূম, হুগলী, হাওড়া, ব্যারাকপুর সাবডিভিশন, বারাসত ২৪-পরগণার বসিরহাট, মেদিনীপুর বাঁকুড়া এবং নদীয়া জেলা।
১০। বি, সি, পাল এণ্ড কোং ১৮, নেতাজী সুভাষ রোড, কলিকাতা।	২৪ পরগণা হুগলী, হাওড়া, নদীয়া মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া, মুর্শিদাবাদ।
১১। আর, এন, চ্যাটার্জী এণ্ড কোং ১৫৫, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা।	২৪ পরগণা (দক্ষ), হুগলী।
১২। ইউনিভার্সাল ফার্টিলাইজার কোং প্রাইভেট লিঃ, ২ চার্চ লেন, কলিকাতা।	২৪ পরগণা, হুগলী, কাঁথাই খাটাল, মেদিনীপুর সদর, হাওড়া, বীরভূম নদীয়া।

সার বিতরণ-সংস্থা সমূহের নাম ও ঠিকানা	কার্য্যকারী
১৩। আসাম বেঙ্গল ফার্টিলাইজারস সিণ্ডিকেট, ১৫এ ক্লাইভ রো, কলিকাতা।	ঘাটাল এবং তমলুক সাবডিভিশন কণ্টাইয়ের ভগবানপুর ও পটাশপুর পি, এস, এবং মেদিনীপুর সদর সাউথের পিঙ্গলা থানা।
১৪। দেওয়ান ব্রাদার্স, ১৪।২ ওল্ড চিনা বাজার ষ্ট্রীট, কলিকাতা	হুগলী, বীরভূম এবং নদীয়া।
১৫। দামোদর ফার্টিলাইজারস, ৩ বেনিয়াটোলা ষ্ট্রীট, শোভাবাজার, কলিকাতা।	হুগলী এবং ২৪ পরগণা জেলা।
১৬। কে, পি, সাহা, পোঃ ধনীয়াখালি, হুগলী	হুগলী জেলা।
১৭। আরবান ফার্টিলাইজারস ডিস্ট্রিবিউটারস প্রাঃ লিঃ, ১১ ক্রুকড লেন, কলিকাতা-১।	হুগলী, মেদিনীপুর এবং ২৪-পরগণা জেলা।
১৮। [illegible] ফার্টিলাইজারস ইণ্ডাষ্ট্রীজ, ৬৩সিমলা রোড, কলিকাতা-৬।	হুগলী এবং ২৪-পরগণা জেলা।
১৯। মান্না মল্লিক এণ্ড কোং, ৫৮ ক্লাইভ রো কলিকাতা ..	হাওড়া, হুগলী, মেদিনীপুর, বাঁকুড়া।
২০। তাম্বুকদার এণ্ড কোং (ফার্টিলাইজারস) প্রাঃ লিঃ ১৫ ক্লাইভ রো, কলিকাতা।	হুগলী, ২৪-পরগণা জেলা।
২১। দিবাকর দাস এণ্ড ব্রাদার্স, পোঃ সাঁইথিয়া, জেলা বীরভূম ..	বীরভূম এবং মুর্শিদাবাদ জেলা।
২২। ভাগীরথী ফার্টিলাইজারস এণ্ড ডিস্ট্রিবিউটারস, ১০৭ ওল্ড চীনা বাজার ষ্ট্রীট, কলিকাতা।	২৪-পরগণা, হুগলী, মেদিনীপুর।
২৩। ভাগীরথী ফার্টিলাইজারস এণ্ড কোং, ১২৩এ মহর্ষি দেবেন্দ্র রোড, কলিকাতা।	২৪-পরগণা, আলিপুর সদর, বারাসাত, ব্যারাকপুর, এবং ডায়মণ্ডহারবার সাবডিভিশন, মেদিনীপুর সদর, তমলুক, এবং মেদিনীপুর সদর, তমলুক এবং মেদিনীপুর জেলা ঘাটাল।
২৪। সুরেন্দ্র নাথ নন্দী (প্রাঃ) লিঃ, ৪৫এ আদ্য শ্রাদ্ধঘাট রোড, কলিকাতা।	হুগলী, মেদিনীপুর, বাঁকুড়া,বীরভূম, ২৪-পরগণা, কুচবিহার।
২৫। ন্যাশন্যাল সাপ্লাই এজেন্সী, ১৫১বিমুক্তারাম বাবু ষ্ট্রীট, কলিকাতা।	হুগলী, ২৪-পরগণা, হাওড়া।
২৬। ওয়েষ্টার্ন ফার্টিলাইজারস সিণ্ডিকেট, ২৭ নেপাল সাহা লেন, হাওড়া।	হুগলী এবং মেদিনীপুর।
২৭। কৈলাশ চন্দ্র পাল এণ্ড সন্স (প্রাঃ) লিঃ, পোঃ বক্স নং ৪৩, পুরুলিয়া।	পুরুলিয়া।
২৮। আরমারী, ৪বি ম্যাডান ষ্ট্রীট, কলিকাতা	হুগলী।

Business Programme

Shri Khagendra Kumar Roy Chowdhury:

স্যার, আগে যে এ্যারেঞ্জমেণ্ট ছিল যে আজকে হোল ডে নন-অফিসিয়াল হবে কিন্তু বিজনেস প্রোগ্রাম-এ অন্য রকম দেখতে পাচ্ছি এ বিষয়ে আপনি কিছু বলেন তাহলে ভাল হয়।

Mr. Speaker:

লাস্ট ফ্রাই ডে-তে বিজনেস এ্যাডভাইসরি কমিটি-তে যা হয়েছিল তাতে আপনাদের দু-দিন দেবার কথা ছিল ২॥ ঘন্টা করে। এবং তার মধ্যে আজকের একদিনও দেবার কথা, সেটা আমারও ইমপ্রেসান ছিল; কিন্তু অনারেবল কোলে ও'দের ইমপ্রেসান ছিল যে ২॥ ঘন্টা আপনাদের দেওয়া হবে এনি আদার ডে নট পার্টিকুলারলি টু ডে। সেই সারকামস্টান্সেস-এ আজকে ১॥ হয় কেননা

you have already taken up one hour in asking questions. I suggest that next Friday you will get these two and a half hours and then Friday after next you will also get two and a half hours.

[2-00—2-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, question No. *143 is held over for the next rotational day as the answer has not been received by my Secretariat.

I have received 3 Notices of Adjournment motions, one from Shri Sambhu Charan Ghosh, Shri Kamal Kanti Guha, Shri Sunil Das Gupta and Shri Amarendra Nath Roy Prodhan on the subject of statement of the Chief Minister regarding death of Nirmala Samanta by police firing at Bowria on the 10th November, 1965. Next one from Shri A. H. Besterwitch regarding inadequate supply of rice and wheat in the M. R. shops at Jalpaiguri, and the last one from Shri Apurba Lal Majumdar regarding death of Nirmala Samanta by police firing at Bowria on the 10th November, 1965. I have withheld consent to all these Notices.

Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা এ্যাডজোর্ণমেন্ট মোশন দিয়েছিলাম যে জলপাইগুড়ির কোন র‍্যাশন দোকানে তাদের যে পুরো কোটা রাইস এবং আটার সেটা যাচ্ছে না, তার ফলে হচ্ছে কি লম্বা কিউ জমে যাচ্ছে, আগের দিন থেকে আরম্ভ করে কিউ জমে যাচ্ছে, কেউ চাল পাচ্ছে কেউ পাচ্ছে না, এই রকম অবস্থা সেখানে হয়েছে। মডিফায়েড র‍্যাশন অনুসারে যে বরাদ্দ সেই বরাদ্দের অনেক কম চাল বা আটা পাচ্ছে। জলপাইগুড়ির বিভিন্ন অঞ্চলের বাজার দর, আলিপুরদুয়ার এবং তার বিভিন্ন থানায় ২৷৷ টাকা থেকে ৩ টাকা দরে চাল বিক্রি হচ্ছে, আটা পাওয়া যাচ্ছে না, যার ফলে লোয়ার ইনকাম গ্রুপের লোক সেখানে ষ্টার্ভেশন এবং সেমি-ষ্টারভেশন কণ্ডিশনে বাস করছে। আমি আশা করবো চিফ মিনিষ্টার কুচবিহারের উপর যখন বলবেন তখন জলপাইগুড়ি সম্বন্ধেও সেখানে বরাদ্দ বাড়াবার একটা আশ্বাস দেবেন।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে যে এ্যাডজোর্নমেন্ট মোশন তুলতে চেয়েছিলাম সেটা হচ্ছে গত ১০-১১-৬৫ তারিখে বাউড়িয়া ষ্টেশনে যে আনপ্রভোক্‌ড্‌ ফায়ারিং বাই আর্‌, এন, মিশির হয়েছে তাতে একজন মেয়েছেলেকে প্লাটফর্মের উপর গুলি করে হত্যা করা হয়। এইগুলি করার ব্যাপারে আমি অনুসন্ধান করে জানতে পেরেছি যে ঐ কনষ্টেবল বাউড়িয়া ষ্টেশনে একজন বোনাফাইড প্যাসেঞ্জার, তার নাম হল শঙ্কর পাল, তার কাছ থেকে তার ঘড়ি ও টাকা জোর করে ছিনিয়ে নেয় এবং ছিনিয়ে নেবার পর ঐ শঙ্কর পাল তার ঘড়িটা পাবার জন্য সে দাবী জানায় এবং ষ্টেশন মাষ্টার ও ট্রেনের গার্ড যিনি ছিলেন তাদের কাছে কমপ্লেন লজ করে পরে ষ্টেশন মাষ্টার এবং গার্ড এসে কনষ্টেবলকে রিকোয়েষ্ট করে যে তুমি ঘড়িটা ফেরৎ দিয়ে দাও কিন্তু কনষ্টেবল তাদের রিকোয়েষ্ট সত্ত্বেও ঘড়িটা ফেরৎ দেয়নি।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা কথা বলে নিতে চাই সেটা হচ্ছে কালকে চিফ মিনিষ্টার, প্রফুল্লবাবু আমাদের হাউসের সামনে একটা ষ্টেটমেন্ট দিয়েছেন এবং সে ষ্টেটমেন্ট কালকেই আমরা আপত্তি জানিয়েছি আপনার কাছে যে এটা মিস-ষ্টেটমেন্ট, ঘটনাটা বিকৃত করা হয়েছে এবং সঠিক ঘটনা নয়। আমরা কালকে সারা রাত্রি ধরে বাউড়িয়া অঞ্চলে তদন্ত করেছি, ষ্টেশন মাষ্টার এবং গার্ডের যে ষ্টেটমেন্ট তা আমাদের কাছে আছে, একজন চিফ মিনিষ্টার কিভাবে একটা ঘটনাকে বিকৃত করতে পারেন, কিভাবে অসত্য তথ্য পরিবেশন করতে পারেন সেটা বলার স্কোপ আপনাকে দিতে হবে। ষ্টেশন মাষ্টারের কাছ থেকে যে ষ্টেট-মেন্ট নেওয়া হয়েছে, গার্ডের কাছ থেকে যে ষ্টেটমেন্ট নেওয়া হয়েছে সে সম্পর্কে কাইণ্ডাল আপনাকে বলতে দিতে হবে।

Mr. Speaker:

ডঃ ভট্টাচার্য, আমি টাইম দিতে রাজী আছি, আমি শুধু বলেছি যে আমি আপনাদের এ্যাড-জোর্ণমেন্ট মোশন ডিস্‌-এ্যালাউ করেছি।

Adjournment Motion

Shri Apurba Lal Majumdar:

মিঃ স্পীকার স্যার, ম্যাড্রাস এক্সপ্রেস ডাউন ট্রেন যেটা ৩০(এইচ) ডাউন ট্রেন সেটা ওখানে পৌঁছেছিল ৪টা ১২ মিনিটে এবং সেই ট্রেনে এই কনষ্টেবল আর, এন, মিশির বাউড়িয়া ষ্টেশনে এসে যখন পৌঁছায় তখন ওখানকার একজন লোক যিনি জলেশ্বর থেকে টিকিট সহ এসেছিলেন, বাউড়িয়া ষ্টেশন পর্যন্ত তাঁর টিকিট ছিল, তাঁর টিকিট নং হচ্ছে ০৮৫৩০৮, তিনি বাউড়িয়া ষ্টেশনে এসে নামেন, মেচেদার এই কনষ্টেবল যার এখানে কোন ডিউটি ছিল না, আসার কোন প্রয়োজন ছিল না সে ঐ বাউড়িয়া ষ্টেশন পর্যন্ত এসে ঐ লোকটির কাছ থেকে হাতঘড়ি ছিনিয়ে নিয়ে নেয় এবং তাঁর পকেট থেকে টাকা নিয়ে নেয়। মিঃ স্পীকার স্যার, সেই ঘড়ির ব্যান্ডটা আপনার সামনে উপস্থিত করছি। যখন সে ব্যান্ডটা ধরেছিল তখন ব্যান্ডটা ছিড়ে যায়, তারপর তাঁর কাছ থেকে ঘড়িটা ছিনিয়ে নিয়ে ঐ কনষ্টেবল কামরার মধ্যে বসে থাকে। তারপর সেই লোকটি স্বাভাবিকভাবে যখন ডিমান্ড করে যে আমার টাকা এবং ঘড়িটা ফেরৎ দাও তখন ঐ কনষ্টেবল সেগুলি ফেরৎ দিতে চায় না। তখন সে ব্যাপারটা গার্ডের নোটিশে আনে। গার্ড ছিলেন একজন এ্যাংগলো ইণ্ডিয়ান, নাম তাঁর ব্রিগেঞ্জা। তিনি এসে সমস্ত খবর শুনে এবং জেনে কনষ্টেবলকে অনুরোধ করলেন যে আপনি ঐ ঘড়িটা ফেরৎ দেন, কিন্তু কনষ্টেবল এত উত্তেজিত যে তার হাতে বন্দুক আছে সে বন্দুক পয়েন্ট আউট করে বললো দরকার হলে আমি গুলি চালাবো। গার্ড তখন বেগতিক দেখে, ট্রেন লেট হয়ে যাচ্ছে দেখে ষ্টেশন মাষ্টারের কাছে একটা নোট দিলেন, মেমো অব কমপ্লেন্ট তখন লজ করলেন। এই সব ঘটনা ঘটছে গুলি চালাবার আগে। তিনি নোট দিলেন

"charged upto Bouria station Shri Sankar Chandra Paul, vill Pachla complained of his wrist-watch being snatched away from his hand and taken away by one W. B. F. police R. N. Misra of Midnapur travelling in third-class compartment bogie No. 1951. He refused to get down and he threatened to shoot down. Sir, complaint is lodged"

এইভাবে তিনি কমপ্লেন লজ করলেন ৪টা ২৫ মিনিটে এবং গুলি চলেছে ৫টা ৫ মিনিটে। এই কমপ্লেন্ট পাবার পর ষ্টেশন মাষ্টার সেই কম্পার্টমেণ্টের কাছে এসে কনষ্টেবলকে অনুরোধ করলেন যে আপনি ঘড়িটি ফেরৎ দিন। কনষ্টেবল তাঁর কথাও রাখলো না। ষ্টেশন মাষ্টার যখন গার্ডের সঙ্গে কথা বলছেন ঠিক সেই সময় সেই কনষ্টেবল উত্তেজিত হয়ে ট্রেনের কামরার মধ্যে বসে প্লাটফর্মের দিকে আগে থেকেই বন্দুক উঁচিয়ে ছিলেন, শুধু গার্ডকেই থ্রেটেন করলো না, ষ্টেশন মাষ্টারকেও শুধু থ্রেটেন করলো না যে আমি গুলি করবো, তাঁরা ভাবতে পারেন নি যে এইভাবে গুলি হতে পারে, অন্য পুলিশও সেখানে ছিল কিন্তু সে গুলি চালিয়ে দিলো। ষ্টেশনে প্লাটফর্মের মধ্যে ফায়ারিং-এর সঙ্গে সঙ্গে ২৫ বছরের একটা মেয়ে লুটিয়ে পড়লো এবং সঙ্গে সঙ্গে মারা গেল। গুলি চালালো ৫টা ৫ মিনিটে এবং কমপ্লেন্ট লজ করা হয়েছিল ৪টা ২৫ মিনিটে। আমি ষ্টেশন মাষ্টারের যে ডায়রি সেই ডায়রির হুবহু কপি মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে উপস্থিত করছি। ষ্টেশন মাষ্টার হুবহু বলছেন ৫টা ৫ মিনিটের সময় ফায়ারিং হয়েছে কিন্তু কনষ্টেবলের গায়ে কেউ কোন আঁচড় পর্যন্ত দেয়নি। এই ফায়ারিং হয়ে যাবার প্রায় ৩৫ মিনিট পরে আর একটি লোক্যাল ট্রেন পাশের প্লাটফর্মে এসে দাঁড়ায়। তখনও ডেডবডিটা প্লাটফর্মের উপর পড়ে আছে, ৩৫ মিনিট পরে ঐ লোক্যাল ট্রেনের লোকেরা ঐ কম্পার্টমেন্টের সামনে আসে এবং তারপর ফায়ারিং-এর ৪০ মিনিট পরে ঐ দুই ট্রেনের লোকেরা ঐ কনষ্টেবলের উপর এ্যাসল্ট করে। এই কমপ্লেন ষ্টেশন মাষ্টারের যে খাতা সেখানে নোট করা আছে। পুলিশ তারপর এখান থেকে এনকোয়ারি করতে গেল। কিন্তু দুঃখের কথা যাঁরা অন ডিউটি ছিল যেমন এ্যাসিষ্টেন্ট ষ্টেশন মাষ্টার, পয়েন্টসম্যান এবং সেভেরেল টিকিট কালেক্টার, তাঁদের কাউকে কোন এনকোয়ারি করা হলনা এবং আজ পর্যন্ত এনকোয়ারি করা হয়নি, যে পুলিশ কনস্টেবল আনপ্রভোকড অবস্থায় এইরকমভাবে গুলি চালিয়ে একটা মেয়েকে মেরে ফেললো, হাতঘড়ি এবং টাকা ছিনিয়ে নিলো সেই পুলিশ কনষ্টেবলের

বিরুদ্ধে মার্ডার কেস, থেফট কেস আজ পর্যন্ত চালু না করে চিফ মিনিষ্টার তাকে সেমলেসলি ডিফেন্ড করছেন। মিঃ স্পীকার, স্যার, ঘটনাটার গুরুত্ব আপনাকে এইজন্য বলছি কনষ্টেবলটি বে-আইনীভাবে ঐ ট্রেনে চলে এসে লোকের কাছ থেকে টাকা আদায় করে এবং মাশুল আদায় করে আবার ফেরৎ চলে যায়।

[2-10—2-20 p.m.]

অথচ সেদিন ট্রেন থেকে কোন চাল ধরা হয় নি। এবং আমরা জানি যে সেখানকার লোকের উপর পুলিশ কেস করা হয়েছে। এবং ৯ জন নিরীহ মানুষকে গ্রেপ্তার করে তাদের উপর নির্যাতন চালানো হয়েছে। কিন্তু যে কনস্টেবল এইভাবে আনপ্রভোকড ফায়ারিং করে প্ল্যাট-ফর্মের উপর একজনকে হত্যা করলো—টাকা স্ন্যাচ করলো থেফট করলো তার এগেনস্টে কোন ষ্টেপ নেওয়া হয় নি। কাজেই আমি চীফ মিনিষ্টারের কাছে জানতে চাই যে সেই আর এন মিশির যে এইভাবে আনপ্রভোকড ওয়েতে হত্যা করেছে স্ন্যাচ্ড করেছে—টাকা এবং ঘড়ি নিয়েছে চীফ মিনিষ্টার কেন তাকে সেল্টার দিচ্ছেন এইভাবে সেমলেসলি। আজ পর্যন্ত কোন কেস তার এগেনষ্টে ষ্টার্ট হয় নি—কোন মার্ডার কেস, স্ন্যাচিং কেস থেফট কেস কিছুই হয় নি—এবং ফ্লোরের উপর অত্যন্ত লজ্জার কথা যে পুলিশের কাছ থেকে একটা ভূয়া ষ্টেটমেন্ট নিয়ে তিনি এই হাউসকে বিভ্রান্ত করেছেন এবং এই হাউসকে ভুল পথে পরিচালিত করবার চেষ্টা করেছেন। সেইজন্য মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে চীফ মিনিষ্টারকে বলি যে তিনি যে ষ্টেটমেন্ট করেছেন, এই অসত্য সেমলেস ষ্টেটমেন্ট তিনি উইথড্র করুন—উইথড্র করে যে কনষ্টেবল এইভাবে মানুষের উপর জুলুম করেছে তার সম্বন্ধে ষ্টেপ নিন। এই জবাব আমরা চীফ মিনিষ্টারের কাছ থেকে চাচ্ছি এবং তার সঙ্গে সঙ্গে আপনার দৃষ্টি আকর্ষণ করে আমি আর একটা কথা বলি যে ঐ ১০ তারিখের পর ওখানকার পুলিশ কর্মচারীরা ঠিক করেছে যে বাউড়িয়ার লোককে না খাইয়ে মারবে। সেখানে চোরা পথে কিছু কিছু চাল দু চার কে জি করে আসতো—কিন্তু গত দু দিন ধরে বাউড়িয়া আর পাঁচলায় কিছুই চাল আসে নি, না আসার ফলে আজ সেখানকার মানুষ না খেয়ে আছে। কালকে আমি একটা দুটো পর্যন্ত বাউড়িয়ার এলাকার সমস্ত জায়গা ঘুরেছি। আপনি জানেন স্যার, ওটা একটা ইণ্ডাস্ট্রিয়াল এরিয়া—সেখানে ধানচাল কিছুই উৎপন্ন হয় না। মডিফায়েড রেশনিং-এ সেখানে ২০০ গ্রাম করে চাল দিয়েছেন। কাজেই সেখানকার মানুষ আজ না খেয়ে আছে এবং সেখানে পুলিশ তাদের প্রতিহিংসা চরিতার্থ করবার জন্য যাতে কোন চাল না আসতে পারে—সেখানকার লোক-দের যাতে ভাতে মারা যায় সেই চক্রান্ত করে চলেছে—এ সম্বন্ধে চীফ মিনিষ্টার যেন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন।

Mr. Speaker: Mr. Majumdar, you have stated the full case, you have read the report that you have yourself been able to collect. You can pass it on to the Chief Minister. I think we should stop here.

Shri Kashi Kanta Maitra:

স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই বিধানসভার যে রুলস্ রয়েছে—রুলস্ রিলেটিং টু প্রসিডিওর তাতে এই এ্যাডজোর্নমেন্ট মোসন সম্বন্ধে যে ধারাটা আছে সেই ধারার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি—রুল ৫৯।৬০।৬১—মেনলি এই তিনটি রুল এ্যাডজোর্নমেন্ট মোশন কভার করে। আমার বৈধতার প্রশ্ন হচ্ছে এই যে যখন কোন মাননীয় সদস্য এই রকম ধরণের মুলতুবী প্রস্তাব আনেন—বিশেষ করে যেখানে এই রকম দারুন অভিযোগ উত্থাপন করেছেন এবং সেই মাননীয় সদস্য তিনি নিজে ব্যক্তিগত-ভাবে তদন্ত করে গুরুত্বপূর্ণ কতকগুলি দলিলপত্র এই হাউসের কাছে রাখছেন—এটা হেয়ারসে এভিডেন্স নয় বা নন গভর্ণমেন্ট্যাল উইটনেস নয়—রেলওয়ে অথরিটির লোকদের সাক্ষ্য-প্রমাণ রেখেছেন এবং আপনি এ্যাডজোর্নমেন্ট মোসন ডিস-এলাউ করছেন এটা আপনার ডিসক্রিসন সে বিষয়ে কোন সন্দেহ নেই, কিন্তু হাউসে নজীর আছে বলে আমি আপনাকে এটা অনুরোধ

করবো যে এটা আপনি বিচার করুন। স্যার আজিজুল হক—তিনি যখন স্পীকার ছিলেন সেই সময়কার কতকগুলি রুলিং আমি দেখেছি.....

Mr. Speaker: Mr. Maitra, without detailed particulars how is it possible for me to consider your point? The Chair will always expect that you will help the Chair by giving all the references. If you are not in a position to give the referencees, I think, you should not speak on the matter generally.

Shri Kashi Kanta Maitra:

হ্যাঁ স্যার, আমি সব দেবো, আমার প্রশ্ন হচ্ছে এই হাউসে প্রিসিডেন্ট আছে যখন এ্যাডজোর্নমেন্ট মোসন আপনি ডিসএলাউ করেন তখন মেম্বার কনসার্নড্ তিনি এ্যাডজোর্নমেন্ট মোসন পড়ে দেন। এই ব্যাপারে এই হাউসে অনেক বিতর্ক হয়ে গেছে, অতীতে যখন ইভন এ্যাডজোর্নমেন্ট মোসন পড়বার সুযোগ ছিল না। কিন্তু আপনি নূতন প্রিসিডেন্ট ক্রিয়েট করেছেন, তার জন্য আমি আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এই যে সুযোগ দিয়েছেন—সেই সুযোগ থেকে ন্যাচ-র‍্যাল করোলারী থেকে আরও কিছু ফলো করে। যখন আপনি মেম্বারকে বক্তব্য রাখবার সুযোগ দিলেন তখন ট্রেজারী বেঞ্চের মিনিস্টার ইন-চার্জ

of the department concerned, it is for him to make a statement on the floor of the House immediately.

এই হাউসে মাননীয় সদস্য অপূর্বলাল মজুমদার মহাশয় যে অভিযোগ রেখেছেন তার ভিত্তিতে মুখ্যমন্ত্রীকে একটা ষ্টেটমেন্ট রাখতে হবে এবং সেই ষ্টেটমেন্ট শুনে তারপর আপনি বলে দিন

I disallow the adjournment motion.

এবং আপনি যখন চেয়েছেন—এই হাউসের রুলিং আপনাকে দেখিয়ে দেবো।

Mr. Speaker: Mr. Maitra, please give me the references, I will give you leave to take up this point of order at the next sitting.

Shri Kashi Kanta Maitra:

কিন্তু আপনি এটা বিচার করুন এখানে মাননীয় অপূর্বলাল মজুমদার মহাশয় যে অভিযোগ রেখেছেন সেই অভিযোগের ভিত্তিতে অন্তত আমরা আশা করবো মুখ্যমন্ত্রী বলুন কিছু এ সম্বন্ধে। যেখানে এই ধরণের তথ্য এবং ডকুমেণ্টস তিনি রেখেছেন—আপনি স্যার, একজন বিশিষ্ট আইনজীবী আপনি জানেন.....

Mr. Speaker:

মিঃ মৈত্র, আপনি সমস্ত কিছু আশা করতে পারেন। কিন্তু আমার রুলিংয়ের যে পয়েন্ট সেটা আপনি আশা করতে পারেন কি করে?

Shri Kashi Kanta Maitra:

স্যার, রাইট অব প্রাইভেট ডিফেন্স এই রকম করলেন। আসামী হিসাবে উনি স্বাধীনতা আন্দোলন করেছেন কিন্তু আইনজীবী হিসাবে তিনি আদালতে যান নি। কাজেই আইনের অ. আ. ক, খ উনি জানেন না—জানলে পুলিশের পক্ষ হয়ে এই কথা বলতে পারতেন না যে

in sheer self-defence police had to resort to firing.

স্যার, আপনি জানেন যে কাশ্মীরে আল্লা মাসুদি—তাঁরা একটা আন্দোলন করেছিলেন এবং সঙ্গে সঙ্গে সেখান থেকে লাল বাহাদুর শাস্ত্রীর কাছে একটা টেলিগ্রাম পাঠিয়েছিলেন যে জুডিসিয়াল এনকোয়ারী হোক এবং সঙ্গে সঙ্গে সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে জুডিসিয়াল এন-কোয়ারী হয়ে গেল। কিন্তু আমাদের এখানে ভূদেব সেনের ব্যাপারে কোন জুডিসিয়াল এন-কোয়ারী হয় নি.....

Mr. Speaker: Mr. Maitra, you are making a general speech. There is no scope for a speech at this stage. I am also here to learn something. I am here to give you every protection, to protect your rights. But you must give me the references.

[2-20—2-30 p.m.]

Shri Jaharlal Banerjee:

স্যার, অন এ পয়েণ্ট অফ অর্ডার। গতকাল এক দুঃখজনক পরিস্থিতির মধ্য দিয়ে আমাদের বিরোধী দলের শ্রীকাশীকান্ত মৈত্রকে ডিসঅর্ডারলি বিহেভিয়ার-এর জন্য স্পীকার কর্তৃক তিরস্কৃত হন। তারপর, স্পীকার মহাশয় আপনি তাঁকে বহিষ্কৃত করার আদেশ দিয়েছিলেন। কিন্তু স্পীকারের সেই আদেশ তিনি অমান্য করেছেন এবং হাউসের রেজোলিউসান তিনি ডিসওবে করেছিলেন। যেটা তিনি একজিকিউসান করবেন সেটা একজিকিউসান হয়নি। আপনার নির্দেশে তিনি এখানে থাকতে পারেন না।

(তুমুল হৈ চৈ)

Mr. Speaker:

আপনারা যদি এরকমভাবে পয়েন্ট অফ অর্ডার দেন তাহলে সমস্ত দিন ধরে আমাকে পয়েন্ট অফ অর্ডার শুনতে হয়। পার্লামেন্টারী প্র্যাকটিস-এ স্পীকারকে এ ধরণের পয়েন্ট অফ অর্ডার শুনতে হয় না। আমার কথা হল—আপনারা এ নিয়ে আর কথা চালাবেন না—

to pass the days in the midst of points of order. I will appeal to you not to repeat what had happened yesterday.

Shri Prafulla Chandra Sen:

কালকে বাউড়িয়ায় যে দুঃখজনক ঘটনা ঘটেছে সে সম্বন্ধে আমি বলেছি আমি রেলওয়ে পুলিশ সুপারিন্টেণ্ডেন্ট যে রিপোর্ট পাঠিয়েছে সেটা আমি পড়ে শুনিয়েছি। আরও তদন্ত করা হচ্ছে কাজে কাজেই অপূর্ববাবুর এ বিষয় উষ্মা প্রকাশ করবার কোন দরকার ছিল না।

Shri Apurba Lal Majumdar:

তা হলে আগেকার যে স্টেটমেন্ট দিয়েছেন সেটা কি উইথড্র করে নিচ্ছেন?

Shri Prafulla Chandra Sen:

অপূর্ববাবু কত সত্য কথা বলেন সেটা সকলেই জানেন, এবং আমিও জানি। আমি রেলওয়ে সুপারিনটেণ্ডেণ্ট অব পুলিশ-এর কাছ থেকে যে রিপোর্ট সেটাই পড়েছি পরে এ বিষয়ে তদন্ত হবে।

(তুমুল হৈ চৈ)

[এই সময় শ্রীজহওরলাল ব্যানার্জী কিছু বলিবার জন্য ওঠেন।]

Mr. Speaker:

মিঃ ব্যানার্জী আমি আপনার পয়েন্ট অফ অর্ডার শুনতে চাই না। আপনি বলুন otherwise I won't allow you to speak.

Shri Gour Kundu:

মন্ত্রিমহাশয় বললেন যে এটা হল রেলওয়ে সুপারিনটেণ্ডেণ্ট অব পুলিস-এর রিপোর্ট এবং সেটাই তিনি আমাদের এখানে পড়ে শুনিয়েছেন এবং তিনি পরে বলেছেন যে আরও তদন্ত করা

হবে। তা হলে এটা বলুন যে হোয়েদার দি চিফ মিনিস্টারস রিপোর্ট ইজ ইনকমপ্লিট অর নট আমরা রেলওয়ে সুপারিনটেণ্ডেণ্ট অব পুলিশ-এর রিপোর্ট শুনতে রাজী নই।

Shri Prafulla Chandra Sen:

চিফ মিনিস্টারস কোর্ট-এর বিচারক নন। চিফ মিনিস্টারকে কোন প্রশ্ন জিজ্ঞাসা করলে সেটা কর্মচারীদের কাছ থেকে আসে এবং তদন্ত হয়। আমি পরিষ্কার ভাবে বলে দিচ্ছি যে রেলওয়ে সুপারিনটেণ্ডেণ্ট অব পুলিশ যে রিপোর্ট দিয়েছে সেটাই পড়েছি। এখানে এরকম উষ্মা প্রকার করা উচিত নয়।

Shri Apurba Lal Majumdar:

তাহলে আপনি বলুন যে এই রিপোর্ট ইজ ফলস। কারণ আমরা রেলওয়ে সুপারিনটেণ্ডেণ্ট অফ পুলিশ-এর রিপোর্ট শুনতে আসিনি। আপনি বলুন যে এ স্টেটমেণ্টটা ভুল এটা স্বীকার করছেন।

Are you going to take any action against the Railway Police Superintendent?

Shri Prafulla Chandra Sen:

আমি এটা উইথড্র করবো না। আমি আগেই বলেছি আরও তদন্ত হবে।

(তুমুল হট্টগোল)

Mr. Speaker:

হোল হাউস বললে কি করে হবে, কানাইবাবু বলছেন উনিই বলুন।

Dr. Kanai Lal Bhattacharya:

চিফ মিনিষ্টার কথাটা শুনলেন না। অপূর্ববাবু বলেছেন যে যদি ফারদার এনকোয়ারী হয় এস, আর, পি যে স্টেটমেণ্ট দিয়েছেন সেটা যদি অসত্য বলে প্রমাণিত হয় তা হলে কি কোন স্টেপ নেবেন? তিনি ত এখানে উষ্মা প্রকাশ করছেন। যে স্টেটমেণ্টটা দিয়েছেন সেটা ফলস।

Mr. Speaker:

আমি দুটা কথা বলছি। আমি কাউকে ডিফেণ্ড করে কথা বলছি না। তিনি দুটা কথা এখানে বলেছেন। রিপোর্ট এখানে এসেছে এবং তিনি তা পড়ে শুনিয়েছেন এবং তিনি তা স্বীকার করেছেন যে এটা পেয়েছি ২৪ আওয়ার্স-এর মধ্যে এনকোয়ারী করে। সুতরাং এইভাবে ইন্টারাপ্ট করলে চিফ মিনিস্টার কি করে বলবেন? আপনারা শুনলেন তদন্ত করছেন এবং হোয়াট ইউ হ্যাভ বিন এ্যাবল টু কালেক্ট—সেগুলো দিন টু হেল্প দেম তারপর যা বিবেচনা করার করবেন। আর একটা কথা বললেন মিঃ ভট্টাচার্য্য আমি তাকে বলছি ডাজ ইট রিকোয়ার এনি স্টেটমেণ্ট ফ্রম চিফ মিনিস্টার অর মিনিস্টার অর ডেপুটি মিনিস্টার। যদি কোন অফিসার-এর ভুল হয় তার এগেনস্টে স্টেপ নেওয়া হবে কি না এবং তার রিপোর্ট এখানে বলতে হবে কেন এটা আমি বুঝতে পারছি না। যদি ভুল রিপোর্ট হয় তা হলে তার এগেনস্টে স্টেপ নেওয়া হবে।

Shri Somnath Lahiri:

এ কথাটা উঠতো না তিনি এখানে বললেন নেব না।

Mr. Speaker:

সটা পরের কথা যদি সেটা সত্য না হয় তা হলে তার বিরুদ্ধে এনিমসিটি জেনারেট করছেন কন?

Shri Hemanta Kumar Basu:

যদি মিথ্যা কথা হয় তাহলে তার বিরুদ্ধে এ্যাকসান নেবেন এই কথাটাই বলুন। এই কথা হাউস-এ বলতে তার আপত্তি কি? হাউস-এর কাছে রিপোর্ট প্লেস করেছেন সেটা সুপারিন-টেণ্ডেণ্ট অব পুলিশ-এর রিপোর্ট এবং সেটা ফল্‌স হয়ে গেছে। তার বিরুদ্ধে কিছু এ্যাকসান্ নেবেন কি না তাই আমরা জানতে চাই?

Mr. Speaker:

চিফ মিনিস্টার বলেছেন; তদন্ত করবেন।

ıe House should stop there to see ultimately whether Mr. Majumdar's report is correct or whether the first report of the Chief Minister is correct. That will come up before the House in future

[2-30—2-40 p.m.]

Shri Bijoy Kumar Banerjee:

মিঃ স্পীকার স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে এই—কোন গুরুত্বপূর্ণ বিষয়ে যদি এখান-কার মাননীয় সদস্যের সঙ্গে কোন মাননীয় মন্ত্রী, বিশেষ করে মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে অভিমত, তাদের যা বর্ণনা, এটা যদি কন্ট্রাডিকটরি হয়, তাহলে সেখানে চেয়ারের কোন কর্তব্য আছে কি না, কোনটা ট্রুথ, সেটা বার করা? তা যদি না হয়, তাহলে গতকাল চিফ মিনিষ্টারের যে ষ্টেটমেন্ট কাগজে বেরিয়েছে, সেল্‌ফ ডিফেন্স ষ্টেটমেন্ট অফ দি পুলিশ কন্সটেবল, এবং এই যেটা আজকে এখানে বলছেন, সেটা একেবারে উল্টো কথা, এতে পাবলিক বিভ্রান্ত হবে। সুতরাং আপনি যেটা বললেন—এদিক থেকে ইনি একরকম বললেন, আর ওদিক থেকে উনি একরকম বললেন, দুজনে দুরকম বললেন, তাতে সেখানে আপনার চেয়ারের কোন কর্তব্য আছে কিনা যে কোনটা সত্য, সেটা জানবার জন্য চেষ্টা করা?

Mr. Speaker:

মিঃ ব্যানার্জী, আপনি ঐ যেটা বললেন, যে কন্ট্রাডিকটরি হলে, কে প্রমাণ করবেন, এতে পয়েন্ট অফ অর্ডার-এর কিছু নেই।

This is a matter for the administration, this is a matter for the Opposition, this is a matter for the majority party. There is no scope for the Point of Order.

Shri Sambhu Charan Ghosh:

মিঃ স্পীকার স্যার, আমি একটা পয়েন্ট অব অর্ডার-এ বলছি। আপনার দৃষ্টি আকর্ষণ করছি রুল্‌স অফ প্রসিডিওর-এর ৩৪৫-এর প্রতি। এই রুলেতে দেখবেন, বলা আছে

"If in answer to a question or during debate a Minister discloses the advice or opinion given to him by any officer of the Government, or by any other person in authority, he shall ordinarily lay the relevant document or parts of document containing that opinion or advice, or a summary thereof, on the Table."

এখানে মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে পুলিশ অফিসার তাঁর ওপিনিয়ন রেখেছেন। কিন্তু তার কোন সামারি, অথবা কোন ডকুমেন্ট এখানে আমাদের কাছে রাখা হয়নি। অতএব আমি আপ-নাকে জিজ্ঞাসা করছি, যে এই ষ্টেটমেন্টটা, আমরা কি ধরে নিতে পারি যে, যেহেতু তিনি রুল্‌স অনুযায়ী রাখেন নি, সেই ষ্টেটমেন্টটা উইথড্রন হয়েছে?

Mr. Speaker: Rule 345 relates to an advice or opinion. This is neither an advice nor an opinion. An incident had happened and the Chief Minister has placed before the House whatever information he has been able to collect, and the matter is now pending for further enquiry.

Shri Sailendra Nath Adhikary:

মিঃ স্পীকার স্যার, আমার আর একটা পয়েন্ট অব অর্ডার আছে। আপনি দয়া করে শুনুন। চিফ্ মিনিষ্টার বললেন যে এরপরে উনি এনকোয়ারি করছেন। এইটা উনি বললেন হাউসের সামনে। (শ্রী পি, সি, সেন—এনকোয়ারি করান হচ্ছে।) হ্যাঁ, সেখানে এনকোয়ারি হচ্ছে। আমি সেটা ক্লারিফিকেসান করতে চাচ্ছি। চীফ মিনিষ্টার এই যে এনকোয়ারি করাচ্ছেন, উনি ত নিজে করছেন না, করাচ্ছেন। সেটা কি ডিপার্টমেণ্টাল এনকোয়ারি হবে, না জুডিসিয়াল এনকোয়ারি হবে? যদি জুডিসিয়াল এনকোয়ারি হয়, তাহলে সেটা চিফ মিনিষ্টার বলছেন না কেন?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কালকে বলেছি, যে এ নিয়ে একটা কেস আরম্ভ হয়েছে। এই কেসেই ত সেটা কোর্টে প্রমাণিত হবে। তা বাদে, আমি ডিপার্টমেন্টাল এনকোয়ারি করছি।

Shri Apurba Lal Majumdar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কেসটা কোর্টে ইন্সটিটিউটেড হয়েছে, সেটা হচ্ছে ঐ কনস্টেবল-এর পক্ষ থেকে পাবলিক-এর বিরুদ্ধে, এবং তাতে অলরেডি ৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু, আমি যে বক্তব্য আপনার কাছে রাখছি, সেটা হল, কালপ্রিট হচ্ছে কনস্টেবল, সে সেখানে আন-প্রভোক্‌ড ফায়ারিং করেছে, ল্যাচিং অফ ওয়াচ এ্যান্ড মানি হয়েছে, সেই পরিপ্রেক্ষিতে ডকুমেন্টারি এভিডেন্স আমি হাউসের সামনে রাখছি।

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, আমি এই যে কাগজগুলি আপনার কাছে পেশ করছি, এর ভিত্তিতে, পুলিশ কনস্টেবল, যে অন্যায় কাজটা করেছে, তার বিরুদ্ধে ইডিডিয়েটলি কেস স্টার্ট করবেন কি না?

Shri Prafulla Chandra Sen:

আমাদের যখন এনকোয়ারি করা হবে, তখন যিনি এনকোয়ারি করবেন তিনিই ত এই সমস্ত কাগজ পাবেন। কিন্তু, আপনি যদি অতিরিক্ত কিছু দিতে চান, তা দিয়ে যান।

Shri Somnath Lahiri:

স্যার, আমরা চীফ মিনিষ্টারের লাস্ট ষ্টেটমেন্ট-এ একটু কনফিউস্‌ড হয়ে গেলাম। উনি আগে বললেন আমরা তদন্ত করাচ্ছি; আর এখন বলছেন যে কনষ্টেবলের পক্ষ থেকে একটা কেস ফাইল করা হয়েছে।

(চীফ মিনিষ্টার : ওটা কাল বলেছিলাম।)

এক্‌জাক্টলি। এই যে কনষ্টেবলের পক্ষ থেকে কেস ফাইল করা হয়েছে এটা গভর্নমেণ্ট সাইড্ ফাইল করেছেন। সেই কেস এস্টাব্লিস্‌ড করবার ব্যাপারে এই তদন্ত হচ্ছে, না ঐ মহিলাটি কেন মারা গেল সেই কেস সম্পর্কে তদন্ত হচ্ছে? আমরা তো কিছু বুঝতে পারলাম না। সুতরাং এই এনকোয়ারি মানে কী? আমরা চেয়েছিলাম এনকোয়ারি টু দি কেস অফ দি ডেথ অফ দি পার্সন, আর উনি যা বললেন তার মানে দাঁড়ালো কেস হচ্ছে অর্থাৎ ঐ যে পুলিশ কনষ্টেবলকে মারা হয়েছে তার জন্য কেস হচ্ছে। বিষয়টা সম্পূর্ণ উল্টে গেল।

(এ ভয়েস : কী করে?)

এখানে যে মহিলাটি মারা গেল, তার সেই মৃত্যুর কারণ সম্পর্কে তদন্ত হওয়া উচিত। আর উনি যা বলছেন তার অর্থ হলো যে কনষ্টেবলকে মারা হয়েছে তার মারার কারণ তদন্ত, কোন্‌টা হচ্ছে?

Shri Prafulla Chandra Sen:

শ্যামনাথবাবুর এটা জানা উচিত যখন তদন্ত হবে, এনকোয়ারি হবে, তখন ইত্যাদি প্রভৃতি সবকিছুর এনকোয়ারি হবে।

Shri Nikhil Das:

স্যার, একটা অধিকারের প্রশ্ন, এখানে আমরা একটা কলিং এ্যাটেনসান দিয়েছিলাম। অপূর্ব-বাবু ফ্যাক্টস দিয়েছিলেন। উনি ষ্টেটমেন্টে বলছেন এনকোয়ারি হবে। কিন্তু আমরা ডিমাণ্ড করছি যে এনকোয়ারি হবে, সেই এনকোয়ারির রিপোর্ট এই হাউসে প্লেস করতে হবে।

Mr. Speaker:

এখানে আপনার ডিমাণ্ড করবার কিছু নাই। কোশ্চেন হচ্ছে অনেক জিনিষ আপনারা চান। তবে উনি যদি বলেন আমার কোন আপত্তি নাই.....

Shri Nikhil Das:

ইট ইজ এ কণ্ট্রোভার্সিয়াল ম্যাটার। উনি যে ষ্টেটমেণ্ট দিয়েছেন, আমরা তা কনট্রাডিক্ট করছি। সেখানে এই এনকোয়ারি রিপোর্ট পাবার অধিকার আমাদের আছে।

Shri Prafulla Chandra Sen:

সেই এনকোয়ারি রিপোর্ট পাবার পর আপনারা খুসী না হতে পারেন যে এ ঠিক নয়। তাই বলে দাবী করবার কোন কথা এখানে ওঠে না।

Mr. Speaker:

আপনারা যে কলিং এ্যাটেনসান নোটিশ দিয়েছেন, কি হয়েছে না হয়েছে আপনাদের সেই কলিং এ্যাটেনসান নোটিশ-এ আছে।

Shri Sankardas Banerjee:

নিশ্চয়ই এটা একটা সাংঘাতিক জিনিষ, গুরুতর বিষয়। একজনের প্রাণ গিয়েছে। ওঁরা জানতে চাচ্ছেন যে এ জিনিষটা পরিষ্কার করে ফেলা ভাল, না হলে যে মামলাটা রেজিস্টার্ড একজন পুলিশের গুলিতে মরেছে তা ডায়েরীতে লেখা উচিত—কার নামে চার্জ হচ্ছে। পুলিশ-ম্যান গুলি করেছে, তার এগেনস্ট-এ কোন কেস রেজিস্টার্ড করা হয়েছে, না উল্টোটা রেজিস্টার্ড করা হয়েছে? পুলিশ-ম্যান হ্যাজ বিন এ্যাসল্টেড। নিশ্চয়ই আইন হচ্ছে যখন এই রকম মৃত্যু হয়, তখন একটা কেস রেজিস্টার্ড করতে হয় ইন দি কেস ডায়েরি। কেস ডায়েরীতে থাকা উচিত পুলিশ মেরেছে এ কথাটা হোল্‌লি জাস্টিফায়েড হতে পারে সেটা পরের বিবেচ্য বিষয়। ওঁরা জানতে চাচ্ছেন যে যে কেস রেজিস্টার্ড হয়েছে সেটা কি শুধু পাবলিকের নামে, না পুলিশ যে গুলি করেছে তার এগেনস্ট-এ একটা কেস রজিস্টার্ড হয়েছে? কিন্তু এটাও আমি বলতে চাই যে আজকে কার দোষ, কার গুণ তা বিবেচনা করবার সময়ও হয় নাই, তার অধিকারও নাই। কেননা যতক্ষণ পুলিশ চার্জশীট না করছে, কি ফাইন্যাল রিপোর্ট দিচ্ছে, ততক্ষণ সমস্ত জিনিষটা বিচারাধীন বা আণ্ডার ইনভেস্টিগেসান এবং তা নিয়ে একটা খুব বেশী আলোচনা এই হাউসে করা সম্ভব নয়। তবে চিফ মিনিষ্টার যদি ইচ্ছা করেন তাহলে জানতে পারবেন যে কিভাবে কেসটা রেজিস্টার্ড হয়েছে, বাই হুম এগেনস্ট হুম।

[2-40—2-50 p.m.]

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received five calling attention notices on the following subjects:—

(1) Pakistani Nationals in West Bengal Police Services—from Shri Ananga Mohan Das.

(2) Rise in price of rice in deficit districts—from Shri Nikhil Das.

(3) Spread of Filaria in West Bengal—from Shri Birendra Narayan Ray, Shri Monoranjan Baksi, Shri Bijoy Kumar Banerjee and Shri Mahananda Haldar.

(4) Retrenchment of 162 workers in Bharat Woollen Mills Ltd., Belgharia—from Shri Sudhir Chandra Das.

(5) Recent disappearance of a new born child from Eden Hospital—from Shri Haridas Chakravarty.

I have selected the notice of Shri Sudhir Chandra Das on the subject of retrenchment of 162 workers in Bharat Woollen Mills Ltd., Belgharia. The Hon'ble Minister-in-charge will please make a statement or give a date for the same.

Shri Jagannath Kolay: The statement will be made on next Wednesday.

Shri Prafulla Chandra Sen:

কালকে আমি বলেছিলাম কুচবিহারের রেশন সম্বন্ধে, কুচবিহারে ১৪ই অক্টোবরের পর ২০০ মেট্রিক টন চাল পাঠান হয়েছে এবং ৫৬২ টন গম পাঠান হয়েছে। কিন্তু এখনো অবশ্য সে সব পৌঁছায়নি। তাই ইতিমধ্যে দু' হাজার টন হুইট শিলিগুড়ি গোডাউন থেকে এবং ২০০ টন চাল ওয়েস্ট দিনাজপুর থেকে পাঠাচ্ছি।

Shri Kamal Kanti Guha:

আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জিজ্ঞাসা করতে চাচ্ছি যে কিভাবে বিলি করা হচ্ছে। মডিফায়েড রেশনিং-এর মাধ্যমে কি পরিমাণ এবং কিভাবে চাল দেওয়া হচ্ছে গ্রামে ও সহরে?

Mr. Speaker:

আপনি ত স্কেয়ারসিটি সম্বন্ধেই বলেছিলেন।

Shri Prafulla Chandra Sen:

আমি আশা করছি—কি পরিমাণ চাল এবং কি পরিমাণ গম দেওয়া হচ্ছে তা এখন আমি বলতে পারবোনা তবে দুটো মিলিয়ে আমাদের যে স্কেল আছে সেই স্কেল অনুযায়ী দেওয়া হবে। তবে চাল কম হবে এটা বলতে পারি।

Shri Kamal Kanti Guha:

ঐ এক কেজি আর ৭৫০ তো?

Shri Prafulla Chandra Sen:

হ্যাঁ।

Message

Secretary (Shri P. Roy): Sir, the following message has been received from the West Bengal Legislative Council, namely:—

"The West Bengal Legislative Council at its meeting held on the 8th November, 1965, agreed to the West Bengal Shops and Establishments (Second Amendment) Bill, 1965, without any amendment.

PRATAP GUHA RAY,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 9th November, 1965.

Presentation of Report of the Joint Committee on the Calcutta University Bill, 1964

Shri Rabindralal Sinha: Sir, I beg to present the Report of the Joint Committee on the Calcutta University Bill, 1964.

Presentation of Report of the Joint Committee on the Bengal Wakf (Amendment) Bill, 1965

Shri Iswar Das Jalan: Sir, I beg to present the Report of the Joint Committee on the Bengal Wakf (Amendment) Bill, 1965.

Dr. Narayan Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আমি জেল মন্ত্রিমহাশয়ের কাছে আপনার মাধ্যমে জানতে চাই যে মুজাফ্‌ফর আমেদ সাহেবের স্বাস্থ্য সম্বন্ধে আমরা উদ্বেগজনক খবর পাচ্ছি, তাঁর বর্তমান স্বাস্থ্য কি রকম আছে জানালে সুখী হবো।

Shri Jagannath Kolay:

আমি খোঁজ নিয়ে আপনাকে জানাবো।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

আমি মাননীয় মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি যে রেশন কার্ড যার নাই সে এখানে চাল, গম, কিছুই পেতে পারেনা এবং আপনি জানেন স্যার, কলকাতা সহরে বহু মজুর এবং ছোট ছোট ব্যবসাদার আছে যারা আগে এখানে পরিবার নিয়ে বাস করতোনা কিন্তু এখন যেহেতু সেই সব গ্রামের অবস্থা অত্যন্ত খারাপ হয়েছে, তারা সেই সব গ্রামাঞ্চল থেকে তাদের পরিবারবর্গ এখানে নিয়ে এসেছে তাদের রেশন কার্ড না দেবার জন্য ভীষণ অসুবিধা হচ্ছে। বেনিয়াপুকুরের রেশনিং অফিসারের কাছে যে সমস্ত দরখাস্ত পড়েছে, আমি বহু অভিযোগ পেয়েছি তিনি সেই সমস্ত ফর্ম হাতে নিয়েই ফেলে দেন এবং কমুন্যাল ভাব থেকে ডিসক্রিমিনেশন করছেন। মন্ত্রীমহাশয় যাতে তদন্ত করে এই বিষয়ে ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য আমি অনুরোধ করছি।

Shri Nikhil Das:

স্যার, আপনি জানেন যে এই বছর থেকে দ্বিবার্ষিক ডিগ্রী কোর্স পরীক্ষা বন্ধ করে দেওয়া হয়েছে। প্রায় ৩০ হাজার পরীক্ষার্থী এইভাবে বঞ্চিত হচ্ছে। তারা যাতে পরীক্ষা দিতে পারে এই দাবীর ভিত্তিতে বিশ্ববিদ্যালয়ের সামনে সাতজন পরীক্ষার্থী অনশন করছেন। আমি এই ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করে যাতে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয় সেজন্য শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি।

Shri Anadi Das:

স্যার, বজবজ থেকে দুই লরী চাল হাওড়া শালকিয়া সরকারী গুদামে আসছিল কিন্তু এক লরী নুনগোলায় কোন মাড়োয়াড়ীর গুদামে নামিয়ে দেয় সেই সময় জনসাধারণ সেটা ধরে এবং সেখানে ডি ডি অফিসারও ছিল; এ সম্বন্ধে সরকার অনুসন্ধান করে আমাদের জানালে বাধিত হব। স্যার, আপনি জানেন যে হাওড়া জেলায় আজ চালের কি অবস্থা হয়েছে এই সময় যদি এই সব চলে তাহলে লোকের কি ধারণা হবে এই সরকার সম্বন্ধে। তাই আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন অবিলম্বে তদন্ত করেন।

GOVERNMENT BILLS

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965

[2-50—3 p.m.]

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to introduce the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965.

(Secretary then read the title of the Bill).

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, be referred to a Select Committee of this House consisting of 30 members, namely—

1. Shri Saila Kumar Mukherjee,
2. Shri S. M. Fazlur Rahman,
3. Shri Sankardas Banerji,
4. Shri Naresh Nath Mookerjee,
5. Kumar Jagadish Chandra Sinha,
6. Shri Asoke Krishna Datta,
7. Shri Siddhartha Shankar Ray,
8. Shri Krishna Kumar Shukla,
9. Shri Karam Hossain,
10. Shri Bijesh Chandra Sen,
11. Shri Jehangir Kabir,
12. Shri Jnanatosh Chakravarty,
13. Shri S. M. Abdullah,
14. Shrimati Biva Mitra,
15. Shri Bijay Bhattacharyya,
16. Dr. Pratap Chandra Chunder,
17. Shri Anil Maitra,
18. Dr. Susil Kumar Das Gupta,
19. Shri Kanai Lall Dey,
20. Shri Clifford Noronha,
21. Shri Somnath Lahiri,
22. Shri Gopal Banerjee,
23. Shri Sambhu Charan Ghosh,
24. Dr. Narayan Chandra Roy,
25. Shri Bejoy Kumar Banerjee,
26. Shri Nikhil Das,
27. Shri Kashi Kanta Maitra,
28. Dr. Kanai Lal Bhattacharya,
29. Shri Anadi Das, and
30. Shri Monoranjan Roy,

with instructions to submit their report by the 7th December.

Sir, it is my proud privilege and pleasure to introduce this new piece of legislation which is being introduced for the first time in India—to create an Authority for a Metropolitan area to tackle and solve the problems of sanitation, relating to three subjects—water supply, drainage and sewerage. Its operational jurisdiction will cover an area of 450 sq. miles serving 17 per cent. of the State's total population and 75 per cent. of the State's total urban population. It will comprise within its ambit 3 municipal corporations, 31 municipalities and 37 contiguous non-municipal urban areas, described in the Bill as Calcutta Metropolitan district which extends from Kalyani to Budge Budge on the east and from Bansberia to Uluberia on the West of the river. It has been based on similar Metropolitan Authorities functioning in some of the advanced countries in the

West and the East where it has been experienced that these problems of sanitation can be effctively solved both technologically, economically and with greater administrative efficiency if the problems are dealt with by a single authority instead of diversified local agencies. The Calcutta Metropolitan Water and Sanitation Authority Act would now be a clear unequivocal decision of the State of West Bengal that the State is now determined to end the present dangerous deficiencies as to water supply, sewerage and drainage within the Calcutta metropolitan area and the future development shall be planned on a comprehensive basis so that the entire region may be rid of cholera and other gastro intestinal epidemic diseases and a firm basis laid for a developing area of growing economic and human value.

I now proceed to lay before the House a short background of this legislation. As early as 1959, the State Government as well as the Government of India felt greatly perturbed at the prevalence of cholera and other gastro intestinal diseases in an epidemic form in Calcutta and its industrial suburbs which was due to the insufficiency of safe water supply as well as absence of proper sewerage and drainage within the area. With a view to investigate into these serious problems and to suggest ways and means for improving the situation a consultative team of the World Health Organisation was invited to Calcutta in 1959 by this Government through the Government of India. After careful investigation of the problems and local survey the World Health Organisation consultants submitted a report in 1960 which pointed out the inadequacy of the provision of safe drinking water in Calcutta to such a serious degree as to force hundreds and thousands of people to use a variety of unsafe sources of water. Moreover, Sir, sanitary removal of human waste, it was reported, was being provided for much less than 40 per cent. of the people in Greater Calcutta. The report also stressed that arrangement for removal of storm water was not provided at all in a considerable part of the populated area, with the result that the people were intermittently exposed to the surrounded by pools of mixed sewage, refuse and street wash. These deficiencies in sanitary facilities resulted in unenviable distinction which Greater Calcutta has developed with respect to cholera and other gastro-intestinal diseases. The W.H.O. experts are also of the opinion that the problems of water supply, drainage and sewerage of the whole of Greater Calcutta being a unified engineering and administrative problem cannot be successfully dealt with by the fragmented effort of the several local bodies because it contravenes the basic technological imperatives. They, therefore, recommended the preparation and implementation of an integrated Master Plan for water supply, sewerage and drainage for the entire Greater Calcutta area, and also the creation of a Calcutta Metropolitan Authority having jurisdiction over the entire area for execution of the Master Plan and for the maintenance and operation of the services relating to water supply, drainage and sewerage within this area.

Sir, this Bill has been prepared for fulfilment of a desire expressed by this House unanimously through a resolution adopted on 18th November, 1960, for the creation of a Statutory Metropolitan Authority to deal efficiently with the water supply, drainage, sewerage and other sanitary problems of Metropolitan Calcutta.

The Resolution of this Assembly, unanimously passed on 18th November, 1960, reads as follows:

> "Resolved that whereas the problems of drainage, sewerage, disposal of garbage and drinking water supply of Greater Calcutta area are very serious and require urgent consideration;

"That whereas the W.H.O. team have strongly recommended the early creation of a Statutory Calcutta Metropolitan Board covering an area of about 270 square miles in and around Calcutta on either side of the river Hooghly in order that a composite and detailed scheme for providing sufficient supply of drinking water, for efficient drainage of the area, for providing sewerage in the area, and for effective removal of garbage;

"This Assembly requests the Government to take early steps for creating the necessary machinery for this purpose."

On the basis of this recommendation of the W.H.O. experts and the resolution of the Assembly passed during 1960 Winter Session of the Assembly, the present Bill has been drafted with the object of establishing a Water and Sanitation Authority for Metropolitan Calcutta.

Sir, Government have also followed the other recommendation of the W.H.O. experts, namely, preparation of Master Plan for water supply, sewerage and drainage for the Calcutta Metropolitan District, now comprising about 450 square miles,, with the help of a Consortium of engineering experts provided by the U.N. Special Fund through the W.H.O. These engineering experts are now working on the last phase of the Master Plan report which is expected to be ready by March 1966. In the meantime they have already submitted their interim report embodying in brief the Master Plan concept, and the design criteria to be adopted in the Master Plan. The first phase programmes of the Master Plan, as recommended by the engineering experts, have already been included in the Fourth Plan proposals of the State Government which have been approved by the Development and Planning Board of this State. These proposals are now awaiting finalisation in consultation with the Planning Commission and the Government of India. It has, therefore, become urgent to set up an appropriate authority to implement the Master Plan, in which the existing water supply, sewerage and drainage installations set up by the Corporation and some of the municipalities will also be incorporated.

[3—3-35 p.m.]

The Authority contemplated in this Bill shall be a corporate body and shall consist of (1) a Board of Directors and (2) a General Council. The Board of Directors shall consist of 3 whole-time Directors appointed by the State Government, and the General Council shall have 13 ex-officio members, 6 members nominated by the State Government and 16 members benig representatives of the Municipal Corporations and Municipalities. The General Council will thus include representatives of the local people as well as persons who, in their official capacity, are connected with the water-supply, sewerage and drainage functions of the area. The functions and powers of the General Council and the Board of Directors have been specifically defined in the Bill. Broadly speaking, the General Council shall have power to approve the annual budget together with a programme of development works as well as works of extension and expansion of existing facilities or construction of new facilities during the next financial year. The Council will also have power to introduce taxes, fees and charges fixed by the Board of Directors. Subject to the control of the General Council in respect of these two important functions the Board of Directors shall be responsible for proper discharge of all the functions of the Authority in connection with the promotion and operation of schemes for water-supply, sewerage, storm-water drainage etc. The Authority has been empowered

to take over gradually all existing municipal services relating to water-supply, sewerage and drainage within the Calcutta Metropolitan District, and has been entrusted with the duties and responsiblities of providing safe water, sewerage and drainage throughout the District. As and when the Authority will take over any of the said municipal services in an area the Municipality concerned will cease to have any function in respect thereof and will be required to reduce its rates and taxes by such percentage as the State Government may determine in consultation with the Municipality. The Authority has been given power to impose and levy taxes, fees and charges, for meeting expenditure in connection with the services to be provided by it under the Bill. The funds required by the Authority may in addition be raised from grants and loans obtained from Government and other sources and also by issue of debentures. All loans to be incurred by the Authority shall be guaranteed by the State Government as to its repayment with interest. Hence the borrowing power of the Authority has been subjected to the control of the Government. The State Government may also give general directions to the Authority relating to the performance of its functions and duties and the Authority shall be bound to give effect to such directions. Under certain circumstances the State Government may also remove any or all the Directors, in case of their failure to carry out their functions properly, or to follow directions given by the State Government. The accounts of the Authority shall be audited annually by such Auditor as the State Government may appoint. It will thus be seen that although the Authority has been given wide powers in order to enable it to discharge very important functions relating to water-supply, sewerage and drainage and other sanitary works within its jurisdiction, care has also been taken to ensure proper Government supervision over the acts of the Authority.

I need hardly emphasise, Sir, that the question of improvement of water supply, drainage and sewerage facilities within the Calcutta Metropolitan District, needs any greater emphasis. The Bill now introduced with a view to set up the Calcutta Metropolitan Water and Sanitation Authority is the result of mature thinking and detailed investigation conducted by the State Government and the Central Government in consultation with international experts and for which the Calcutta Metropolitan Planning Organisation set up [illegible] has been working at full speed. It is in full conformity with the wishes of this House as expressed in their resolution of 1960 already referred to. This is therefore a very urgent and important piece of legislation from all points of view and needs careful consideration by the House. [illegible] I think it should be further considered by a Select Committee of this House.

Therefore, I move my motion for reference to a Select Committee.

Mr. Speaker: There is an amendment motion in the name of Dr. Narayan Chandra Roy for reference of the Bill to a Select Committee. The amendment is out of order as the consent of the members who will form the Select Committee has not been obtained.

Regarding the motions for circulations, we will take them up next day. In the meantime, the House stands adjourned for 25 minutes to assemble again at 3-30 p.m. when Non-official business will be taken up.

[At this stage the House was adjourned for 25 minutes]

[After adjournment]

[3-35—3-45 p.m.]

Shri Nathaniel Murmu: On a Point of order, Sir. The treas— benches are empty.

(At this stage some Hon'ble Ministers entered the chamber)

NON-OFFICIAL BUSINESS

Private Member's Bill

পশ্চিমবঙ্গ শিক্ষায়তনসমূহে ধূমপান নিরোধ বিধেয়ক (বিল) ১৯৬৫

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to introduce

পশ্চিমবঙ্গ শিক্ষায়তনসমূহে ধূমপান নিরোধ বিধেয়ক (বিল) ১৯৬৫

মাননীয় স্পীকার মহাশয়, এই বিলটা মুভ করার সঙ্গে সঙ্গে আমি একটা প্রিভিলেজ মোশন আপনার সামনে আনতে চাই।

Mr. Speaker:

এই বিলের ব্যাপারে?

Shri Sambhu Charan Ghosh:

হ্যাঁ, স্যার, আপনি নিশ্চয় অবগত আছেন যে, পশ্চিমবঙ্গ সরকারী ভাষা আইন পাশ হবার পর এই পশ্চিমবঙ্গ বিধানসভায় এতদিন পর্যন্ত সরকারী বা বে-সরকারীভাবে কোন বিল বাংলায় উত্থাপিত হয় নি। এই প্রথম প্রাইভেট মেম্বারস বিল হিসাবে আমি এই বিধানসভায় একটা বাংলায় বিল উত্থাপন করেছি কিন্তু—বাংলায় বিল উত্থাপন করার সাথে সাথে সংবিধানগত যে অধিকার আমার আছে সেই অধিকার থেকে আমাদের বঞ্চিত করা হয়েছে। তার উপর আমি একটা প্রিভিলেজ মোশন আপনার সামনে রাখছি। বাংলায় বিল আনলে সেই বিলের অথরিটেটিভ টেক্সট ইংরাজীতে করতে হবে এবং তা সরকারী ঘোষণাপত্রে অর্থাৎ গেজেটে প্রকাশ করতে হবে। কিন্তু এই বিল আনার পর তার অথরিটেটিভ টেক্সট তৈরী করা হয় নি বা তা সরকারী ঘোষণাপত্রে প্রকাশ করা হয় নি। স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সংবিধানের আর্টিক্যাল ৩৪৮ (১) (বি)র প্রতি—সেটাতে আপনি লক্ষ্য করবেন তাতে আছে

The authoritative texts of all Bills to be introduced or amendments thereto to be moved in either House of Parliament or in the House or either House of the Legislature of a State, shall be in the English language.

অর্থাৎ এই ৩৪৮ (১) (বি)-তে পরিষ্কারভাবে বলে দিয়েছে অথরিটেটিভ টেক্সট ইংরাজীতে হবে এবং অথরিটেটিভ টেক্সট ডিফাইন করা হচ্ছে আর্টিক্যাল ৩৪৮ (৩)-তে—এতে পরিষ্কার উল্লেখ আছে

Notwithstanding anything in sub-clause (b) of clause (1), where the Legislature of a State has prescribed any language other than the English language for use in Bills introduced in, or Acts passed by, the Legislature of the State or in Ordinances promulgated by the Governor of the State or in any order, rule, regulation or bye-law referred to in paragraph (iii) of that sub-clause, a translation of the same in the English language published under the authority of the Governor of the State in the Official Gazette of that State shall be deemed to be authoritative text thereof in the English language under this article.

স্পীকার মহাশয় এই দুটো ক্লজ যদি লক্ষ্য করেন—৩৪৮(১) এবং ৩৪৮(৩)—তাহলে দেখবেন যে বাংলায় বিল আনার সাথে সাথে তার ইংরাজী ট্রানস্লেসান করতে হবে এবং সেটা গেজেটে

প্রকাশ করতে হবে, সংবিধানে যেখানে এই অধিকারের কথা উল্লেখ করা আছে সেখানে প্রাইভেট মেম্বারস বিল হিসাবে বাংলায় বিল উত্থাপন করার সঙ্গে সঙ্গে আমি দেখলাম সংবিধানের এই ধারা ঠিক মানাচ্ছে না। আমি আপনার দপ্তরে বাংলা ভাষায় রচিত বিলটি ৪ঠা মার্চ জমা দিয়েছিলাম কিন্তু দীর্ঘকাল পর এ বিলটি হাউসে আনবার অনুমতি পেয়েছি। কিন্তু এখনও পর্যন্ত দেখছি না কেন অথরিটেটিভ টেক্সট আমাদের কাছে দেওয়া হয়েছে—অথচ সরকারী ঘোষণা-পত্রে প্রকাশ করা হয়েছে। এই প্রিভিলেজ মোশানটা আপনার কাছে রাখলাম।

Shri Apurba Lal Majumdar:

এন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মাননীয় সদস্য শম্ভুচরণ ঘোষ যে বিল এখানে উত্থাপন করেছেন সে বিলটা বাংলা ভাষায় রচিত এবং শুধু বাংলা ভাষায় সে বিল সার্কুলেট করা হয়েছে। আমি বলতে চাই আমাদের সংবিধানের দৃষ্টিভঙ্গী নিয়ে এবং আমাদের রাজ্য—অর্থাৎ আমাদের রাজ্যে যে অফিসিয়াল ল্যাংগোয়েজ বিল রয়েছে সে বিল অনুসারে তিনি বাংলাভাষায় কোন বিল এই বিধানসভায় উত্থাপন করতে পারেন না। আমি প্রথমেই সংবিধানের ২১০ আর্টিকেলের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। সংবিধানের আর্টিকেলটিতে নির্দেশ করে দিয়েছে রাজ্য বিধানমণ্ডলী বা বিধানসভায় আইন যদি উত্থাপন করতে চায় তাহলে কোন ভাষায় সে আইন উত্থাপন করতে পারবো। নট উইথ স্টান্ডিং

anything in part XVII, subject to the provisions of Article 348, business in the Legislature of a State shall be transacted in the official language or languages of the State or Hindi or in English.

সার সাব ক্লজ (২)-তে

unless the Legislature of the State by Laaw otherwise provides, this article shall, after the expiration of a period of 15 years from the commencement of the Constitution, have effect as if the words "or in English" were omitted therefrom.

আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি বিশেষ করে এ শব্দের উপর

unless the Legislature of the State by Law otherwise provides.

যে আইন আমরা ১৯৬১ সালে গ্রহণ করেছি এবং গত ১৯৬৪ সালে সংশোধন করেছি সেই সংশোধিত আইন অনুসারে দেখা যাবে যে বাংলা ভাষাকে আমরা মর্যাদা দিয়েছি সরকারী ভাষারূপে। সেই সরকারী ভাষা হিসাবে মর্যাদা দিলেও সেখানে ইংরাজী ভাষাকে পাশাপাশি চালু রেখেছি। কাজেই ইংরাজী ভাষা এবং বাংলা ভাষা দুটাকেই এখানে পশ্চিমবঙ্গ সরকারের ভাষা হিসাবে প্রকাশ করেছি। আর্টিকেল ২১০ এই কথা বলেছে যে স্টেট লেজিসলেচার শ্যাদারওয়াইজ প্রভাইডস; এই আদারওয়াইজ প্রভাইডস ২১০ আর্টিকেল-এ বলছে না। এর পরবর্তী আর্টিকেল-এ দেখবেন রিজিওন্যাল ল্যাংগোয়েজ সম্বন্ধে আমাদের সংবিধান কি নির্দেশ দিয়েছে। এখানে আর্টিকেল ৩৪৫—সেখানে অফিসিয়াল ল্যাংগোয়েজ কি হবে, কিভাবে করতে হবে না হবে। আইন রচনা করে রাজ্য বিধান মণ্ডলীতে কিভাবে বিল আসবে, কাকে অফিসিয়াল ল্যাংগোয়েজ হিসাবে স্বীকার করবো না করবো ইত্যাদি সমস্ত ক্ষমতা রাজ্য বিধান মণ্ডলীকে দেওয়া হয়েছে। এখানে বলছে

Subject to the provisions of articles 364 and 347, the legislature of a State may by law adopt any or more of the languages in use in the State or Hindi as the language or languges to be used for all or any of the official purposes of that State:

প্রভাইসোটা খুব ইমপোর্ট্যান্ট

Provided that until the legislature of the State otherwise provides by law, the English language shall continue to be used for those official purposes within the State for which it was being used immediately before the commencement of this Constitution.

আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি আর্টিকেল ৩৫৪ এর নির্দেশ হল ইংরাজীকে বাদ দিয়ে অন্য কোন ভাষাকে অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ হিসাবে ডিক্লেয়ার করবার ক্ষমতা এখানে দিয়েছে অর্থাৎ ৩৪৫ অনুসারে যদি কোন আইন বিধান মণ্ডলীতে পাশ হয়ে থাকতো তাহলে বাংলা ভাষাকে সরকারী ভাষা হিসাবে স্বীকৃতি দিতাম এবং সেখানে যদি ইংরাজীকে কমপ্লিটলি আউষ্ট করতাম তাহলে বাংলা ভাষায় বিল বিধানসভায় উত্থাপন করা সম্ভব হত না।

Provided that untill the Legislature of the State otherwise provides by Law

আদারওয়াইজ প্রভাইডস

in exclusion of English language.

এই ইংলিশ ল্যাঙ্গোয়েজ সাইড বাই সাইড বেঙ্গলি ল্যাঙ্গোয়েজ এখানে কণ্টিনিউ করতে পারে ইট অফেণ্ডস আর্টিকেল ৩৪৫ আমরা এখানে পশ্চিমবঙ্গ অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ এ্যাক্ট পাশ করেছি সে এ্যাক্ট থেকে দেখবেন যদি এমন কোন আইন আমরা পাশ করতাম যে আইন ডব্লু বি অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ এ্যাক্ট অনুসারে যদি বাংলাকে একমাত্র সরকারী ভাষা হিসাবে গ্রহণ করতাম তাহলে বাংলা ভাষায় বিধানসভার মধ্যে বিল উত্থাপন করতে কোন বাধা থাকতো না। কিন্তু এই ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ এ্যাক্ট অফ ১৯৬১ যেটা ১৯৬৩-৬৪ এ্যামেণ্ডড হয়েছে সে আইন অনুসারে আমরা দেখছি আমরা ২টা ভাষা পাশাপাশি করে রেখেছি ইংরাজী ভাষাও চলবে অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ হিসাবে এবং বাংলা ভাষাও চলবে অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ হিসাবে। আর্টিকেল ৩৪৫-এ ম্যাণ্ডেটারী প্রভিসান্ দেওয়া আছে যে

It must provide a language other than English language.

আমরা সে ম্যাণ্ডেটারী প্রভিসান ভায়ওলেট করেছি এবং আমাদের যে অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ বিল সে আইনটা আমরা আর্টিকেল ৩৪৫ নির্দেশ অনুসারে গ্রহণ করেছি। সেজন্য বাংলা ভাষায় বিল উত্থাপন করতে পারি না। আমরা এখন দেখছি ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ এ্যাক্ট ১৯৬১ যেটা পাশ করেছিলাম এবং ১৯৬৩-৬৪ এ্যামেণ্ড করেছিলাম আমি তার সেকসন ৩ প্রতি দৃষ্টি আকর্ষণ করছি-

With effect from such date as the State Government may by notification in the official gazette appoint in this behalf, the Bengali language shall be the language to be used in Bills introduced in and Acts passed by the Legislature in West Bengal, ordinances promulgated by the Governor of West Bengal under article 213 of the Constitution of India and rules and regulations [illegible] made by the State Government under the Constitution of India [illegible] any law made by Parliament or the Legislature of West Bengal, and in [illegible] or orders issued by the State Government under the Constitution of India or [illegible] law made by Parliament or Legislature of West Bengal, provided that different dates may be appointed in respect of different matters referred to in clauses (a) and (b).

এই [illegible] ডব্লু বি অফিসিয়াল [illegible] ১৯৬১ সেটা [illegible] এ্যামেণ্ডড হয়েছিল ১৯৬৩-৬৪। ১৯৬৪-তে এ্যামেণ্ডমেণ্ট হল সেখানে পরিষ্কার করে বলে দেওয়া হল আমরা [illegible] অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ এর মর্যাদা দিচ্ছি। [illegible] আর্টিকেল ৩৪৫ এ বলেছে যে, ইচ্ছা করলে রাজ্য বিধান মণ্ডলী যে কোন আইন পাশ করতে পারবে—

In exclusion of English language.

[3-45—3-55 p.m.]

আমি আপনার অবগতির জন্য সেকসন ৪ এখানে উল্লেখ করছি। এখানে দেখবেন আর্টিকেল ৩৪৫-এ বলে দিচ্ছে যে ইচ্ছা করলেই রাজ্য বিধান মণ্ডলী এমন আইন পাশ করতে পারবে ইন এক্সক্লুশন অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ, সেটা আমাদের অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ হবে। কিন্তু ইংরাজী ও বাংলা দুটাকেই যদি রেখে দিই, তাহলে সেকসন ৩৪৫-এ যে নির্দেশ দিয়েছে, তা মানা হয় না। এখানে সেই জিনিষটা মানা হয়নি।

সেকসন ৪ অব দি ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ এ্যাক্টে দেখবেন, সেখানে বলা হচ্ছে—

Notwithstanding—(a) the appointment of any day under Section 2 or Section 3 for the coming into operation of the provisions thereof, or (b) the expiration of the period of fifteen years from the commencement of the Constitution, the English language may, as from the day so appointed or from the day on which such period expires, as the case may be, continue to be used—(i) for all official purposes of the State of West Bengal for which it was being used immediately before that day and (ii) for the transaction of business in the State Legislature, in addition to any language or languages specified in Section 2 or Section 3.

স্যার, এখানে সেকসন ৪, যেটা আমরা গতবার এ্যামেন্ড করেছিলাম, সেখানে পরিষ্কার করে বলে দেওয়া আছে যে ইন এ্যাডিসন টু দি ল্যাঙ্গোয়েজ ডিক্লেয়ার্ড এ্যাজ অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ আন্ডার দি এ্যাক্ট, ইংলিশ উইল অলশো কন্টিনিউ এ্যাজ দি অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ। যদি আমাদের আইন এই হয়ে থাকে, যে দুটা ভাষাকে আমরা মর্যাদা দিচ্ছি অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ হিসাবে।—এই হচ্ছে আমাদের পশ্চিম বাংলার অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ এ্যাক্ট। কাজেই আপনি একটু লক্ষ্য করলে দেখবেন, আমাদের এই ব্যবস্থা সংবিধানের নির্দেশ অনুযায়ী হয়েছে কিনা? আমি সেইজন্য আপনাকে বলছি প্রভাইশো অফ দি আর্টিক্‌ল্‌ ৩৪৫, এতে পরিষ্কার করে এই কথা বলা হচ্ছে যে

"Provided that, until the Legislature of the State otherwise provides by law, the English Language shall continue", etc. এখন

otherwise provides means other language excepting English.

ইংলিশটাকে সম্পূর্ণভাবে বাদ দিয়ে যদি করা হতো, তাহলে নিশ্চয় সেই এ্যাক্ট ৩৪৫, এর নির্দেশ মানা হতো।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি আর্টিক্‌ল্‌ ৩৪৮-এর প্রতি। আর্টিকেল ৩৪৮, সাব-সেকসন ৩, সেখানে বলা হচ্ছে

Notwithstanding anything in sub-clause (b) of clause (1) where the Legislature of a State, has prescribed any language other than the English language for use in Bills introduced in or Acts passed by, the Legislature of the State or in Ordinances promulgated by the Governor of the State or in any order, rule, regulation or bye-law referred to in paragraph (iii) of that sub-clause, a translation of the same in the English language published under the authority of the Governor of the State in the Official Gazette of that State shall be deemed to be the authoritative text thereof in the English language under this article.

সেখানে আরও পরিষ্কার করে বিষয়টাকে রাখা হয়েছে। অর্থাৎ যদি আর্টিকেল ৩৪৮-এর নির্দেশ অনুসারে কোন রাজ্য যদি ইংরাজী ভাষাকে সম্পূর্ণ বাদ দিয়ে অন্য কোন ভাষা সরকারী ভাষারূপে মর্যাদা দেয়, তাহলে যখন সেই ভাষায় কোন বিল উত্থাপন করা হবে রাজ্য বিধান সভায় বা বিধান মণ্ডলীর কোন কক্ষে বা হাউসে, তাহলে তার একটা কপি ইংরাজীতে ছাপিয়ে অফিসিয়াল গেজেটে প্রকাশ করতে হবে। যে বিষয়ে মাননীয় শম্ভুবাবু প্রিভিলেজ মোশান দিয়েছেন—সেটা হলে এই আর্টিকেল কভার করছে। যদি এই রকম কোন ভাষা ডিক্লেয়ার্ড হয়ে থাকে অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ এ্যাক্ট-এ, যদি কোন রাজ্যে সেখানকার ভাষায় কোন বিল বিধানসভায় উত্থাপন করতে হয়, তাহলে তাদের সেই ভাষায় বিলের একটি ট্রানস্লেসন—যেটা গেজেটে পাবলিশ করতে হবে এবং সেটা Authoritative text হিসেবে পরিগণিত হবে। কাজেই এখানে আমরা দেখতে পাচ্ছি এই পয়েন্ট ধরে নিয়ে ফার্স্ট পয়েন্ট হচ্ছে আর্টিকেল ৩৪৫ এর নির্দেশ অনুসারে আমাদের ওয়েস্ট বেঙ্গল অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ এ্যাক্ট পাশ হয়েছে।

তর্কের খাতিরে যদি ধরে নিই এখানে যে প্রিভিলেজ মোশন উনি তুলেছেন গভর্ণমেণ্টের উচিত ছিল তার ইংরেজী কপি সমস্ত জায়গায় গেজেটে পাবলিকেসন দেওয়া উচিত ছিল, কিন্তু তা দেওয়া হয় নাই—যদি তর্কের খাতিরে ধরে নেই আর্টিকেল ৩৪৫ এর যে নির্দেশ that has been fully complied with in the Act of the West Bengal Official Language Act,

তাহলেও এ বিল উত্থাপিত হতে পারে না, যেহেতু তার ট্রানস্লেসন এখানে হাউসের মধ্যে বিলি করা হয় নাই বা অফিসিয়াল গেজেটে প্রকাশ পায় নি। আমার মূল বক্তব্য হচ্ছে আর্টিকেল ৩৪৫ যে নির্দেশ নামা দিয়েছে ইন এক্সক্লুশন অফ ইংলিশ, আমাদের কন্‌ষ্টিটিউশনাল প্রভিশন যা আছে তাতে ইংরেজীকে তার সাইড বাই সাইড বাংলাকে অর্থাৎ দুটো ভাষাকে অফিসিয়াল ল্যাংগোয়েজ হিসেবে ডিক্লেয়ার করতে আমরা পারি না। কারণ দ্যাট অফেন্ডস আর্টিকেল ৩৪৫ অফ দি কনষ্টিটিউশন। সেইজন্য আপনার দৃষ্টি আকর্ষণ করে পয়েণ্ট অফ অর্ডার রেইজ করছি,—আদারওয়াইজ প্রভাইড করা হয় নাই। এই আদারওয়াইজ মিনস্

that it must exclude English from the official Languages Act that has been passed in West Bengal.

মাননীয় স্পীকার মহোদয়, এই প্রসঙ্গে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যে আইন পাশ হয়েছে—অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্ট, তার কয়েকটি আপনার সামনে আমি একটু তুলে ধরতে চাই। সেখানে যদি দেখা যায় বিহার, মধ্যপ্রদেশ, ইউ পি এই সমস্ত লেজিসলেচার-এ যে সমস্ত অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্ট পাশ হয়েছে, সেখানে আর্টিকেল ৩৪৫-এ নির্দেশ অনুসারে ইংরাজীকে সম্পূর্ণভাবে বাদ দিয়ে তাঁরা একটি মাত্র ভাষাকে অর্থাৎ সেখানকার ভাষাকে সরকারী ভাষারূপে মর্যাদা দান করেছেন। সেখানে পাশাপাশি ইংরেজী এবং সেখানকার হিন্দী—যেটা দেব-নাগরী অক্ষরে প্রচলিত—এই দুটো ভাষাকে তাঁরা সরকারী ভাষার মর্যাদা দেন নাই। আমরা দুটোকে সরকারী ভাষার মর্যাদা দিতে গিয়ে উই হ্যাভ অফেন্ডেড আর্টিকেল ৩৪৫। কিন্তু ভারতবর্ষের অন্যান্য জায়গায় যে সমস্ত অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্ট পাশ হয়েছে, সেখানে আমরা দেখতে পাবো এই আর্টিকেল ৩৪৫ অনুসারে শুধু মাত্র ইংরেজীকে সম্পূর্ণভাবে বাদ দিয়ে একটি নির্দিষ্ট ভাষাকে সেখানে অফিসিয়াল ল্যাংগোয়েজ হিসেবে তাঁরা স্বীকার করে নিয়েছেন এবং সেখানে তাঁরা সেই মর্যাদা দিয়েছেন। আমি এখানে আপনার কাছে বিহার এ্যাক্ট থেকে একটু তুলে ধরেছি। এই বিহার অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্ট অফ ১৯৫০ এখানে দেখবেন অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্ট-এর সেকসন ২তে বলা হচ্ছে

subject to the provision of articles of 346, 347 and 348 of the Constitution of India, language to be used for the official purpose of the State shall be Hindi in Devnagri Script—Bihar Act XXXIX of 1950

এখানে তাঁরা আর্টিকেল ৩৪৫ এর দ্বারা অফেন্ড করেন নাই।

They have not offended Article 345 of the Constitution. It is provided, in exclusion of English language—they have chosen Hindi in Debnagri script to be the only official language of Bihar. It is in sufficient compliance with Article 345 of the Constitution.

আমি স্যার, আপনার কাছে ইউ পি এ্যাক্ট পেস করতে চাচ্ছি—ইন উত্তর প্রদেশ ল্যাংগোয়েজ এ্যাক্ট অফ ১৯৫০—ইউ পি এ্যাক্ট নং ১ অফ ১৯৫০ এই সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করে একটু বলতে চাচ্ছি যে এই যে অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্টস এখানে পরিষ্কারভাবে বলা হয়েছে

In the preamble of this Act it is provided "In exclusion of English"

করতে হবে। এই প্রিম্বেল-এ দেখছি

"Whereas clause 3 of Article 345 of the Constitution of India provides that the language for use for Bills to be introduced or passed by the Legislature of a State may, if the legislature so prescribe, be other than English language.

স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি বিশেষ করে প্রিম্বেল অফ দি ইউ পি অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্ট, ১৯৫০। সেখানে বলা হয়েছে—

It has been admitted in the Preamble of the U.P. Act 1 of 1950 itself

সেই প্রিম্বেল-এ কী আছে? যে আমাদের কোন অলটারনেটিভ নাই

under the Constitution the only course left to a State Legislature is to accept one regional language or two regional languages in place of English as official language or languages

সেই প্রিম্বেল অফ দি ইউ পি অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্ট-এ এই কথা পরিষ্কারভাবে বলা হয়েছে। স্যার, আপনি সেকসন ২ দেখুন। সেখানে দেখবেন

Section 2 of U.P. Act (Act I of 1950) also says that the language for use in Bills etc., as passed by the Legislature of the State of Uttar Pradesh shall be Hindi in Devnagri script.

[3-55—4-5 p.m.]

এখানে বিহার অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্ট-এর মত ইউ পি অফিসিয়াল ল্যাংগোয়েজেস এ্যাক্ট শুধু একটা ভাষাকে তাঁদের ওখানকার ভাষাকে ইন এক্সক্লুশন অফ ইংলিশ তাঁরা করেছেন এবং

sufficiently it has complied with the requisites or the provisions of Article 345 of the Constitution.

সেজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলছি ইউ পি লেজিসলেসন, অফিসিয়াল ল্যাংগোয়েজ ডিক্লেয়ার করতে গিয়ে তাঁরা যেভাবে ড্রাফ্ট করেছেন কনষ্টিটিউশনাল প্রভিশন সেইভাবে ওয়েস্ট বেংগল অফিসিয়াল ল্যাংগোয়েজেস এ্যাক্ট এর বেলায় এঁরা কনষ্টিটিউশনাল প্রভিসনস অনার করেননি। সেইজন্য এটা আমরা অনতে পারি না। মাননীয় স্পীকার মহাশয়, মধ্যপ্রদেশে যে অফিসিয়াল ল্যাংগোয়েজেস এ্যাক্ট, সেটাও সংক্ষেপে উত্থাপন করছি

Madhya Pradesh Official Languages Act M. P. Act 8 of 1955 তার

Section 3 says that subject to, as hereinafter provided, Hindi shall be Official Language of the State for all purposes except such purpose as being specially excluded by the Constitution and in respect of such matters as may be specifically provided by the Government from time to time by natification. এখানে 'Excluded by the Constitution' means all judments of the High Courts, etc.... Section 4 says that the language to be used in all Bills to be introduced or amended, to be moved in either Houses of the Legislature or passed by each of the Houses of the Legislature or ordinance promulgated under Article 213 of the Constitution or orders, rules and regulations made by the State Government under the Constitution of India or under any Law made by the Parliament, shall, on and from such date as the State Goverument etc., etc., appoints by Notification, be Hindi.

আমাদের ওয়েস্ট বেংগল অফিসিয়াল এ্যাক্ট-এর মতো হিন্দীও থাকতে পারবে, ইংরাজীও থাকতে পারবে এই প্রভিশন তাঁরা করেননি। স্যার, আর্টিকেল ৩৪৫ অফ দি কনষ্টিটিউশন আমাদের সেই স্কোপ দেয়নি, সেজন্য সেই স্কোপ না থাকার জন্য ইউ পি, বিহার, মধ্যপ্রদেশ তাঁরা তাঁদের অফিসিয়াল ল্যাংগোয়েজ এ্যাক্ট ইন কনফরমিটি উইথ দি কনষ্টিটিউশন এই কথা বলেছেন। এখানে আমাদের সামনে যে বিল এসেছে তার সেকসন ৪-এ সাইড বাই সাইড অফ বেংগলি ল্যাংগোয়েজ, তাঁরা বলছেন, এটা ফর এ্যান আনলিমিটেড টাইম উইল কন্টিনিউ। কাজেই আর্টিকেল ২১০ অফ দি কনষ্টিটিউশন-এর সংগে আমরা দেখছি

it also invokes article 348, sub-section 3.

যদি আমরা এই তিনটা আর্টিকেল দেখি আর্টিকেল ৩৪৫, আর্টিকেল ২১০, আর্টিকেল ৩৪৮—এই তিনটি আর্টিকেল যদি আমরা স্ক্যান্ করি, এ্যানালাইজ করি তাহলে আমরা এই একটিমাত্র সিদ্ধান্তেই পেঁছাই ইন এক্সক্লুশন অফ বেঙ্গলি ল্যাঙ্গোয়েজ আমাদের কাজ করতে হবে। সেজন্য আমার পয়েন্ট অফ অর্ডার হল, বাংলা ভাষায় কোন বিল উত্থাপিত হতে পারে না। তাই আমি শ্রীশম্ভুচরণ ঘোষ মহাশয় এখানে যে বিল উত্থাপন করার চেষ্টা করেছেন আমি তার অপোজ করছি।

Mr. Speaker: I will give my decision on the point of order in due course.

Shri Sambhu Charan Ghosh:

স্যার, আপনার ডিসিশন যতক্ষণ না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এই বিলের উপর আলোচনা বন্ধ রাখবার জন্য অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker: I will give my decision on the point of order raised and till then this matter will be kept pending.

Non-official Resolution

Shri Aswini Roy: Sir, I beg to move that in view of the unfriendly action of the British Government manifested by their attitude and activities during the recent aggression by Pakistan, this Assembly is of opinion that the Government of India be requested to sever all connections with the Commonwealth of Nations.

এখন এই প্রস্তাবটা রাখার সঙ্গে আমার কিছু বক্তব্য আমি রাখতে চাই যে আজকে এই যে কমনওয়েলথ থেকে বেরিয়ে এস বা কমনওয়েলথ-এ থেক না এটা শুধু আমাদের এই এ্যাসেম্বলী-র চার দেওয়ালের মধ্যে আবদ্ধ নয়, আজকে বিভিন্ন জায়গায় যে সভা সমিতি হচ্ছে সাধারণ মানুষ তাদের বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে এই দাবী উঠিয়েছে যে আর কমনওয়েলথের মধ্যে থাকা ঠিক নয়। তার কারণটা কি—না তারা জানেন যে ১৫০ বছরের অধিক কাল বৃটিশ এখানে রাজত্ব করে গেছে, সেই বৃটিশ সাম্রাজ্যবাদের যে নগ্ন বীভৎস এবং কুৎসিত রূপ সে সম্পর্কে সাধারণ মানুষ জানে। তারা আরও জানে যে ইস্ট ইণ্ডিয়া কোম্পানী কয়েকজন বেনিয়া এসে কি করে ভারতবর্ষে কুটীরশিল্প ও অন্যান্য শিল্পকে নষ্ট করে গেল এবং কি রকম ষড়যন্ত্রের ভিতর দিয়ে তারা তাদের সাম্রাজ্য বিস্তার করল। এবং জনসাধারণ আরও জানে যে ১৯৪৭ সালের আগে জাতীয় অভ্যুত্থান হল সেই জাতীয় অভ্যুত্থানের ফলে ইংরেজকে পশ্চাদপসরণ করতে হয়। এই যে গ্লোরিয়স রিট্রিট এই রিট্রিট টার মানে কি—না তারা সেই রিট্রিট-এর পিছনে এই যে কমনওয়েলথ অফ নেশন্স এই জিনিষটা তারা নিয়ে আসল। এখন এই কমনওয়েলথ অফ নেশন্স তারা নিয়ে আসলেন এর স্বার্থটা কি? প্রথমেই তাদের স্বার্থ হচ্ছে তারা প্রথমে ভারতবর্ষে এসেছিল বেনিয়া হিসাবে -সেই বেনিয়াগিরির যে স্বার্থ, তাদের যে পুঁজি বা লগ্নী সেই লগ্নীটা ভারতবর্ষে অব্যাহত রাখা এবং সেই লগ্নী বাড়িয়ে যাওয়া।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত সদস্যরা জানেন বিশেষ করে ট্রেজারী বেঞ্চ-এর সমস্ত সদস্য জানেন সেই বৃটিশ ক্যাপিটেল বা ইনভেস্টমেণ্ট ১৯৪৮ সালে ২০০ কোটী টাকা ছিল আর ১৯৬৪ সালে সেটা ৫০০ কোটী টাকায় এসে গেছে। দ্বিতীয় কথা হচ্ছে যে একটা জাতির বিকাশ নির্ভর করে তার যে মূল শিল্প সেই শিল্পের উপর তার কর্তৃত্ব কতখানি। আজকে পেট্রোলিয়াম একটা মূল শিল্প কিন্তু সেই শিল্পে এখনও বৃটিশ প্রভুত্ব রয়েছে। তারপর প্ল্যান্টেশান, ইঞ্জিনীয়ারিং এবং সমস্ত খনিগুলিতে আজকে বৃটিশ প্রভুত্ব রয়েছে। কাজেই তাদের এই যে স্বার্থ, সেই যে পুঁজি—পুঁজিকে রাখবার জন্য তারা নতুন কৌশল করলেন—করে ১৯৪৭ সালে তারা এই কমনওয়েলথ স্লোগানটা দিয়ে তারা ভারতবর্ষ থেকে চলে গেলেন। এখন এই স্লোগান-এর ভিতরে কি ছিল—

British Queen once said that the British Government will foster the Commonwealth connection on basis of racial equality and close consultation between Member Governments and will promote Commonwealth co-operation in trade, economic development

সই যে বিঘোষিত নীতি, এই নীতির মধ্যে যে কথা আছে তার নমুনাটা আমরা কি দেখতে াচ্ছি, যদি আপনারা বলেন রেশিয়াল ইকুয়ালিটি তাহলে আজকে দক্ষিণ আফ্রিকাতে রোডেশিয়াতে ।ক ঘটনা ঘটছে। দক্ষিণ আফ্রিকাতে সহস্র সহস্র লোককে পারসুয়েশান করা হচ্ছে এবং সেই দক্ষিণ আফ্রিকার শাসনকর্তাকে লক্ষ লক্ষ টাকা দিয়ে বৃটিশ সরকার সাহায্য করছে।

[4-5—4-15 p.m.]

আর এই যে রেসিয়াল ইকোয়ালিটি যেটা তাদের ঘোষণার মধ্যে ছিল তার নমুনা জাজ্বল্যমান প্রমাণ মাননীয় সদস্যগণ দেখতে পাচ্ছেন। তারপর আমাদের ইকনমিক ডেভালপমেণ্ট যে কথা বলছে, এই ইকনমিক ডেভালপমেণ্টের দিক থেকে দেখা যাচ্ছে যে আমাদের ভারতবর্ষের যে মূল শিল্প, যেমন ইস্পাত শিল্প, এই ইস্পাত শিল্প বা ইস্পাত কারখানা ব্রিটিশ, আমেরিকান সাম্রাজ্যবাদ কোন দিন করে দেবার জন্য রাজী হয়নি। কিন্তু যখন সোভিয়েট ইউনিয়ন রাজী হলেন তখন বাধ্য হয়ে তারা দু' একটা কারখানা করে দিতে আরম্ভ করলো। এইভাবে তারা ইকনমিক ডেভালপমেণ্টের যে নীতি সেটা পালন করেছে। ১৯৪৭ সালে ইণ্ডিয়া স্বাধীন হবার পর তাদের যে কৌশল সেই কৌশলটা কি—একটা নমুনার ক্ষেত্র এখানে দেখুন কাশ্মীর। এই কাশ্মীর সম্বন্ধে আমরা জানি ১৯৪৭ সালের পর ভারতবর্ষ থেকে যখন ব্রিটিশসাম্রাজ্যবাদ চলে যায় তখন তারা বলে ভারতবর্ষে যে দেশীয় রাজ্যগুলি আছে এই দেশীয় রাজ্যগুলি সম্পর্কে আমাদের কোন বাধ্যবাধকতা নেই। ভারতবর্ষের একের তিন অংশ হচ্ছে দেশীয় রাজ্যগুলি কিন্তু তারা ভারতবর্ষের ভিতরে যাবে কে বাইরে যাবে সে সম্বন্ধে কোন বাধ্যবাধকতা নেই, দেশীয় রাজ্য ভারতের অন্তর্ভুক্ত হতে পারে আবার নাও পারে। কিন্তু ভেতরে করলো কি এই কাশ্মীরে প্রথমে তারা চেষ্টা করলো কাশ্মীরের ভিতরে এই যে হিন্দু ও মুসলমানের যে বিদ্বেষ সেটা সৃষ্টি করতে। এই উদ্দেশ্যে তারা রাজ্যের মুসলমান এবং হিন্দুদের ডেকে কনফারেন্স করলেন, করে হিন্দু মুসলমানের মধ্যে একটা সাম্প্রদায়িকতা জিইয়ে রাখবার চেষ্টা করলেন। কিন্তু কাশ্মীরে যে গণ-আন্দোলন, ন্যাশনাল কনফারেন্সের নেতৃত্বে যে গণ-আন্দোলন সেই আন্দোলনের জোয়ারের ফলে তারা বাধ্য হলেন মেনে নিতে কাশ্মীরের ভারতের অন্তর্ভুক্তি। এবং যখনই অন্তর্ভুক্তির কথা হচ্ছে তখন ব্রিটিশ সরকারের নর্থ ওয়েষ্ট ফ্রণ্টিয়ারের গভর্ণর, স্যার জন কালিগন করলেন কি, না তিনি তাঁর আর্মি নায়কদের নিয়ে, কিছু আফ্রিদিদের নিয়ে এই কাশ্মীর আক্রমণ করলেন এবং যার পরিণতি হচ্ছে কাশ্মীরের একটা অংশ আজাদ কাশ্মীর নামে পরিচিত। এই যে হীন চক্রান্ত বহুদিন ধরে চালিয়ে যাচ্ছেন, সেই হীন চক্রান্ত এখনও চলছে। কি করে? না, গত বৎসর নিরাপত্তা পরিষদে ব্রিটিশ গভর্ণমেণ্টের ভূমিকা ছিল—সেখানে তাঁরা বলেছেন ১৯৫১ সালের ৩০শে মার্চে সিকিউরিটি কাউন্সিলে যে প্রস্তাব এসেছে, পাকিস্তান যে প্রস্তাব নিয়ে এসেছে, পাকিস্তানের সঙ্গে ব্রিটিশ এবং আমেরিকা থাকছে। সেই প্রস্তাবে কি আছে? আছে

Any action that Assembly might take to determine the future shape and affiliation of the entire State or any part thereof would not constitute a disposition of the State in accordance with the above principle. What is the principle?

ইউনাইটেড নেশনে যে রেজোলিউশন আছে ইণ্ডিয়া পাকিস্তানের তাতে বলা হচ্ছে প্লেবিসাইটের কথা—প্লেবিসাইট on Kashmir.

এটা কখন আসছে? না, কাশ্মীরে যেহেতু ন্যাশনাল কনফারেন্স চলছে ১৯৫১ সালের জানুয়ারী মাসে যে কাশ্মীরে কনষ্টিটিউয়েণ্ট এ্যাসেম্বলী ডাকো, সেই কনষ্টিটিউয়েণ্ট এ্যাসেম্বলী ডাকার ক্ষেত্রে তাঁরা বলছেন কনষ্টিটিউয়েণ্ট এ্যাসেম্বলী যদি কোন প্রস্তাব পাশ করে তাহলে সেই প্রস্তাব কার্যকরী হবেনা, ইউনাইটেড নেশনে ইণ্ডিয়া পাকিস্তানের যে রেজোলিউশন আছে সেই রেজোলিউশন অনুযায়ী এবং এই প্রস্তাব তাঁরা নেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণকে, বিশেষ করে ট্রেজারী বেঞ্চের সদস্যগণকে স্মরণ করিয়ে দিতে চাই এই প্রস্তাব যখন পাশ হয় তখন পণ্ডিত জহরলাল নেহরু সেখান থেকে বেরিয়ে এসেছিলেন এবং তিনি ষ্টেটমেণ্ট দিয়েছিলেন এই রকম ননসেন্স ইন কাশ্মীর কোন রকমভাবে এ্যালাউ করা হবেনা।

তারপর আবার যখন জম্মুর যুবরাজ কাশ্মীরে যখন কনষ্টিটিউয়েন্ট এ্যাসেম্বলী ডাকলেন তারপর ইউনাইটেড নেশনে প্রস্তাব হচ্ছে

The authorities of Jammu and Kashmir be called upon to desist from convening Constituent Assembly in the State

ভারতের যে অবিচ্ছেদ্য অংশ কাশ্মীর সেই কাশ্মীর সম্পর্কে ব্রিটিশ সাম্রাজ্যবাদের জাতিসংঘে বা নিরাপত্তা পরিষদে এই ধরণের যে ভূমিকা সেদিকে আমি মাননীয় সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করছি। এই রকম ভুরি ভুরি উদাহরণ গত ১৮ বছরের দেওয়া যায়। এ সম্পর্কে আমি আর কিছু বলছি না। এর পরে আসছি পাকিস্তান যখন ভারতবর্ষকে আক্রমণ করলো এবং যখন সিজ ফায়ার ঘোষণা করা হল তখন ব্রিটিশ এবং আমেরিকান কাগজ, সেই দেশের প্রেস, রেডিও, সমস্ত প্রচার যন্ত্র কি বলছে দেখুন। ৬ই সেপ্টেম্বর হ্যারল্ড উইলসন, ব্রিটিশ প্রধানমন্ত্রী প্রথমে ঘোষণা করলেন যে ভারতবর্ষ এই যে সিজ ফায়ার লাইন ঘোষণা করলেন,

Specially at the news that Indian forces of today attacked Pakistani territory across the national frontier of the Punjab,

ব্রিটিশ প্রধানমন্ত্রী এই কথা ঘোষণা করার ফলে সেই দেশের সমস্ত কাগজ, সংবাদপত্র দাবী করলো যে ভারতবর্ষ যে সমস্ত অস্ত্রশস্ত্র এখান থেকে কিনছে সেই সমস্ত অস্ত্রশস্ত্র যাতে ভারতবর্ষে না যায় তার জন্য আইন করে নিষিদ্ধ করা হোক। সেই অস্ত্রশস্ত্র কি ছিল? না, হাণ্টার হক ২ স্কোয়াড্রন ভারতবর্ষ কিনেছিল সেটা যাতে না আসে তার জন্য ব্রিটিশ সংবাদপত্র সেই সময় চারি দিকে চিৎকার আরম্ভ করলো যে এখান থেকে ভারতবর্ষকে এইভাবে সাহায্য করা উচিত নয়। তারপর আরো কতকগুলি সংবাদপত্রের উদ্ধৃতি এখানে আমি তুলে ধরছি। সেখানকার টাইমস ১৫ই সেপ্টেম্বর বলছে, আইদার বাই

an election, or by referendum or plebicite there must be consultation of the people of Kashmir the basis for which peace is to be laid.

তারপর ৭ই সেপ্টেম্বর আর একটা পত্রিকা বলছে, কনসেপ্ট

of restricted self-determination offering Kashmiris independence from India in some forms of international and Commonwealth safeguards.

দেশ যখন বিপন্ন, চারিদিক থেকে সাহায্যের যখন প্রয়োজনীয়তা আছে, সেই সময় এই কমনওয়েলথের মুকুটমণি ব্রিটিশের এই ভূমিকা। কাজেই এই ব্রিটিশ সাম্রাজ্যবাদ যেমন একদিন ভারতবর্ষের স্বাধীনতাকে পিছন থেকে ছুরিকাঘাত করেছিল তেমনি এখনও প্রতিটি ক্ষেত্রে ভারতবর্ষের স্বাধীনতা, ভারতবর্ষের অখণ্ডতা, ভারতবর্ষের সার্বভৌমত্বকে বিপন্ন করার চেষ্টা করছে। কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই বক্তব্যের সঙ্গে আর একটা জিনিস বলছি কাশ্মীর সম্পর্কে ব্রিটিশের স্বার্থটা কি, না সামরিক দিক থেকে কাশ্মীর একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ স্থান। একদিকে সোভিয়েট ইউনিয়ন, অন্য দিকে চীন, ভারতবর্ষ এবং পাকিস্তানের মাঝখানে হচ্ছে কাশ্মীর। এই কাশ্মীরে যদি কোন সামরিক ঘাঁটি অ্যাংলো-আমেরিকান সাম্রাজ্যবাদ তৈরী করতে পারে তাহলে তাঁরা ভারতবর্ষ থেকে সোভিয়েট এবং চীনের উপর প্রভাব বিস্তার করতে পারবে। গত কয়েক বছরের ঘটনার দিকে যদি তাকান তাহলে দেখতে পাবেন এই যে সাম্রাজ্যবাদীদের শেষ ঘাঁটি দক্ষিণ ভিয়েতনাম সেই দক্ষিণ ভিয়েতনাম ঘাঁটি আজ টলটলায়মান হয়ে গিয়েছে, তাই এশিয়ায় একটা ঘাঁটি স্থাপন করা দরকার এবং সেই ঘাঁটি হচ্ছে কাশ্মীর।

এই যে স্ট্রাটেজিক ইম্পর্ট্যান্স—এই স্ট্রাটেজিক ইম্পর্ট্যান্স-এর জন্য তারা বার বার প্রস্তাব দিচ্ছে এবং শেষ পর্যন্ত কিছু দিন আগে পশ্চিম জার্মানীর একটা পত্রিকা এবং রেডিও এক সঙ্গে ঘোষণা করেছে যে কাশ্মীরটাকে রাখা হোক। এবং ইউনাইটেড নেশনস-এর কতকগুলি অছি হিসাবে কর্তৃত্বাধীনে কাশ্মীরটাকে রেখে দেওয়া হোক। তার মানে আমেরিকা এবং বৃটিশ তাদের ঘাঁটি রাখবার জন্য এই কাশ্মীরটা যাতে ভারতবর্ষের অন্তর্ভুক্ত না হয় তার জন্য চেষ্টা চালাচ্ছেন। সেইজন্য সাম্রাজ্যবাদীর এই যে স্বরূপ এই স্বরূপটা সুস্পষ্ট হয়ে গেছে জনসাধারণের কাছে। সেইজন্য মাননীয় সদস্যদের কাছে আমি রাখছি যে কিছু দিন আগে দিল্লীতে

রামলীলা ময়দানে ১ লক্ষ লোকের যে সমাবেশ হয়েছিল তাতে দাবী ছিল যে কমনওয়েলথ ছেড়ে দাও এবং সেই সমাবেশে আমাদের ট্রেজারী বেঞ্চের যারা কংগ্রেসী এম-পি ছিলেন তারাও ছিলেন এবং বিভিন্ন [illegible] দলের প্রতিনিধিরাও ছিলেন। কাজেই আজকে সারা ভারতবর্ষের লোক কমনওয়েলথ ছেড়ে দাও এই শ্লোগান তারা নিয়েছে। এখানে ট্রেজারী বেঞ্চের একজন সদস্য যে সংশোধনী দিয়েছেন তাতে

negating the real spirit of my resolution,

সেইজন্য আমি অনুরোধ করবো যে তিনি এই এ্যামেন্ডমেন্ট তুলে নিন যাতে আমরা একমত হয়ে কুইট কমনওয়েলথ এই শ্লোগান নিতে পারি এই বিধানসভার পক্ষ থেকে। স্বাধীনতা আন্দোলনের বাংলা দেশের একটা ঐতিহ্য আছে। বাংলাদেশ ক্ষুদিরাম, যতীন দাস, নেতাজীর দেশ। কাজেই তারা যে ইতিহাস সৃষ্টি করে গেছেন আমি মাননীয় সদস্যদের অনুরোধ জানাবো সেই ইতিহাসের পরিপ্রেক্ষিতে আসুন আমরা এই প্রস্তাব বিধানসভায় আজকে গ্রহণ করে বিধানসভায় একটা নূতন ইতিহাসের সৃষ্টি করি—এই হিসাবে আমি আমার প্রস্তাব রাখছি।

[4-15—4-25 p.m.]

Mr. Chairman: There are some amendments in the names of Shri Sambhu Charan Ghosh, Shri Deb Saran Ghosh and others, and Shri Asoke Krishna Dutta. They are taken as moved.

beginning with "unfriendly action" in line 1 and ending in "attitudes and activities" in line 2, the following be inserted:

Shri Sambhu Charan Ghosh: Sir, I beg to move that for the words "hostile attitude of the British Government manifested by their anti-Indian activities".

Shri Deb Saran Ghosh: Sir, I beg to move that before the words "in view of the unfriendly action" in line 1, the following be inserted:

"in view of the fact that severance from Commonwealth is inseparably connected with the sovereignty, which has been voiced by the people and after independence and particularly".

Shri Asoke Krishna Dutta: Sir, I beg to move that for the words beginning with "sever all connections" in line 4 and ending in the words "of Nations" in line 5, the following be substituted:

"consider the desirability of—

(a) shifting the venue of the Commonwealth Conferences from London and holding the same at the capitals of different member nations by rotation; and

(b) providing that the Prime Ministers of the respective host countries do preside over such Conferences."

Mr. Chairman: Shri Hemanta Kumar Basu.

(Shri Hemanta Kumar Basu rose to speak)

Shri Asoke Krishna Dutta:

অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমাদের এখানে যা হয়ে থাকে—আমাদের এ্যামেন্ডমেন্টগুলি আগে নিলে ভালো হোত। এ্যামেন্ডমেন্টের উপর যার যা বক্তব্য সেটা রেখে তার পর আলোচনা হয়—এখনও সেই রকম হলে ভাল হয়।

Mr. Chairman:

তাহলে শম্ভুবাবুর এ্যামেন্ডমেন্ট আছে—তিনিই আগে বলুন।

Shri Kamal Kanti Guha:

স্যার, এত দিন আমাদের এখানে নন অফিসিয়াল রেজলিউশন যা হয়েছে তা এই রকমভাবে সিরিয়্যালি হয়েছে—কমিউনিষ্ট পার্টি থেকে আগে মুভ করে তারপর আমরা বলি, তারপর পি-এস-পি, তারপর কংগ্রেস যার এ্যামেণ্ডমেণ্ট আছে তাকেই বলতে হবে আগে আমাদের হাউসে এমন কোন নিয়ম নেই।

Shri Hemanta Kumar Basu:

চেয়ারম্যান মহাশয়, বৃটিশ গভর্ণমেণ্ট-এর যে চরিত্র সেই চরিত্র সম্বন্ধে আমরা সবাই অভিজ্ঞ। ভারতবর্ষকে যখন তাঁরা শাসন করেছেন তখনও তাঁরা ডিভাইড এ্যাণ্ড রুল এই নীতিতে শাসন করেছেন এবং ভারতবর্ষ যখন তাঁরা ভাগ করে যায় তখনও তাঁরা ডিভাইড এ্যাণ্ড রুল এই নীতিতেই ভাগ করে যায়। ভারতবর্ষ যাতে ঐক্যবদ্ধ না থাকতে পারে এবং ভারতবর্ষ যাতে শক্তিশালী না হতে পারে সেই কারণেই তারা ভারতবর্ষকে ভাগ করে গেছেন এবং ভারতবর্ষ যেহেতু এক সময় বৃটিশ সাম্রাজ্যবাদের অধীনে ছিল—পাকিস্তানও ছিল—সেই হেতু তাঁরা বরাবর মনে করেছেন যে ভারতবর্ষ—বরাবরই বৃটিশ সাম্রাজ্যবাদের তাঁবেদারে থাকবে, তাঁরা যা বলবেন যা নির্দেশ দেবেন সেই অনুসারে ভারতবর্ষ কাজ করে যাবে। ভারতবর্ষ এবং পাকিস্তান যখন হোল—যখন পাকিস্তানকে আক্রমণ করা হোল তখন আমাদের বাহাদুর সৈন্যরা গিয়ে খুব সাফল্যের সহিত পাকিস্তানের সৈন্যদের পরাজিত করেছিল এবং তাদের ফিরিয়েও দিয়েছিল তখনও পর্যন্ত এই ভারতবর্ষের মাথার উপর বৃটিশ সাম্রাজ্যবাদীর যিনি শাসক তিনি বসে আছেন, যদিও তিনি গভর্ণর জেনারেল ভাইসরয় নয়—কিন্তু তবুও তাঁর নির্দেশে ঠিক হল যে পাকিস্তানের সঙ্গে লড়াই করা হবে না, এই সমস্যার পরে সমাধান হবে এবং তারপরে একটা সিজ ফায়ার লাইন স্থিরীকৃত হোল। কাজেই এইভাবে বিভক্ত ভারতবর্ষকে আবার একটা ভাগ করবার পরিকল্পনা কাশ্মীরের মধ্য দিয়ে বৃটিশ নীতি অনুযায়ী হোল। সুতরাং কাশ্মীরের সিজ ফায়ার লাইনের জন্য আজকে যে অবস্থা হয়েছে তাতে পাকিস্তান কাশ্মীরকে চায় কিন্তু কাশ্মীর ভারতবর্ষের অবিচ্ছেদ্য অংশ। কাজেই তারা যখন কাশ্মীরকে আক্রমণ করলো তখন এটা খুবই পরিষ্কার যে তারা নিশ্চয় আমেরিকা এবং বৃটিশ সাম্রাজ্যবাদীদের সঙ্গে শলাপরামর্শ করে সেটা করেছিল যে তোমরা কাশ্মীর যদি অধিকার করতে পার ভারতবর্ষকে মার দিতে পার তাহলে আমাদের সমস্ত সাহায্য তোমরা পাবে। ১৯৬২ সালে চীনা আক্রমণের পর ভারতবর্ষ যেভাবে পর্যুদস্ত হয়েছিল, ভারতবর্ষের সামরিক প্রস্তুতি অস্ত্রশস্ত্রের যেভাবে অভাব ছিল তা ১৯৬২ সালের আগে সমস্ত কিছু পূরণ করে ভারতবর্ষ যতখানি সম্ভব তার সংগঠিত ক্ষমতার দ্বারা পাকিস্তানকে রোধ করেছিল। আমেরিকা মনে করেছিল যে প্যাটন ট্যাঙ্ক এবং সেবার জেটের সাহায্যে এবং ইংরাজ ভেবেছিল তার অফুরন্ত সাহায্যে নিশ্চয় পাকিস্তান ভারতবর্ষকে ঘায়েল করতে পারবে। কিন্তু ব্যাপারটা অন্য রকম হয়ে গেল। এই রকম যে অবস্থা হবে এটা তারা কেউ ভাবতে পারে নি। পাকিস্তানের পেছনে যে ইংরাজের সমর্থন ছিল তা আজ অত্যধিক পরিষ্কার হয়ে গেছে। ইউনাইটেড নেশন-এর মধ্যেও আমাদের যে দাবী যে ভারতবর্ষের অবিচ্ছেদ্য অংশ কাশ্মীর এবং পাকিস্তান এগ্রেসার এটা স্বীকার করা হোক কিছুতেই তাদের ষড়যন্ত্রের সেটা স্বীকার করা হোল না। তারা যখন দেখল যে ভারতবর্ষ পাকিস্তানকে বেশ করে মার দিচ্ছে তখন তারা আর কোন রাস্তা না দেখে—প্যাটন ট্যাঙ্ক সেবার জেট যখন বিফল হোল তখন তাঁরা সিজ ফায়ারের পরামর্শ দিলেন।

[4-25—4-35 p.m.]

আমাদের ভারতবর্ষ বহু অত্যাচার এবং বহু নির্যাতনের মধ্য দিয়ে গণ-আন্দোলনের মধ্য দিয়ে নেতাজী সুভাষচন্দ্রের আজাদহিন্দ ফৌজের বীর্য এবং ত্যাগের ভিতর দিয়েই ভারতবর্ষের স্বাধীনতা এসেছে। আপনি জানেন যে ১৯৪২ সালে যে আন্দোলন হয়েছিল সেই আন্দোলন যদিও ভারতবর্ষে গণ অভ্যুত্থানকে এগিয়ে নিয়ে গিয়েছিল তবুও আজাদহিন্দ ফৌজের কর্মচারীদের বিচারের ফলে সারা ভারতবর্ষে যে আগুন জ্বলে উঠেছিল—ভারতবর্ষে যে বিপ্লবের আগুন জ্বলে উঠেছিল, নৌ-সেনার বিদ্রোহ যেটা বম্বে এবং করাচীতে হয়েছিল এবং তার ফলে

যে আগুন জ্বলে উঠেছিল তাতে ব্রিটিশ গভর্নমেণ্ট ভয় পেয়ে ব্রিটিশ কেবিনেট মিশন পাঠিয়েছিল। সেই ব্রিটিশ কেবিনেট মিশন ভারতবর্ষের কংগ্রেসের হাতে ক্ষমতা দিয়েছিল। তা আমাদের কাছে পরিষ্কার ভারতবর্ষ কমনওয়েলথ-এ থাকবে এই সর্তে। এবং ভারতবর্ষকে ব্রিটিশ কমনওয়েলথের মধ্যে রেখে যতটা সম্ভব শোষণ এবং নেতৃত্ব সেটা কায়েম রাখবার জন্যই এটা করা হয়েছিল বলেই আজকে আমাদের মনে হচ্ছে। আজকে ব্রিটিশ কমনওয়েলথ নেশন-এর কর্তা কে? তা হচ্ছে রাণী। সেখানে গিয়ে আমাদের প্রধান মন্ত্রীকে কুর্নিশ করতে হয়। এটাই হচ্ছে ভারতবর্ষের অবস্থা। সুতরাং ভারতবর্ষের রাজনৈতিক দিক থেকে এর মধ্যে থাকার প্রয়োজন আছে বলে মনে করি না। কাজেই আজকে যে প্রস্তাব আনা হয়েছে আমাদের ফরওয়ার্ড ব্লক থেকে গোড়া থেকেই আমরা বরাবর বলে আসছি ব্রিটিশ কমনওয়েলথ-এর মধ্যে থাকার কোন মানেই হয় না। ইউনাইটেড নেশন-এর মধ্যে থাকার বরং মানে হয় কিন্তু ইউ এন-ও এর মধ্যে থেকে যদি সার্বভৌমত্ব, আমাদের মর্যাদা এবং নিরাপত্তা বিন্দুমাত্র ক্ষুণ্ণ হয় তা হলে সেখানেও আমরা থাকবো না। ব্রিটিশ কমনওয়েলথ-এর মধ্যে নিশ্চয়ই আমরা থাকবো না। আজকে ব্রিটিশের যে চাতুরী সেটা পরিষ্কার হয়ে গেছে, আজকে আমেরিকা খাদ্যের ব্যাপার নিয়ে, পি-এল ৪৮০-এর ব্যাপার নিয়ে সব পরিষ্কার হয়ে গেছে। কাজেই এই এ্যাসেম্বলীতে আমাদের স্বীকার করতে হবে যে আমরা ব্রিটিশ কমনওয়েলথ-এর মধ্যে থাকবো কিনা। ফরওয়ার্ড ব্লক-এর পুরাপুরি মত যে কথা-নেতাজী সুভাষচন্দ্র বলেছিলেন যে ব্রিটিশকে তাড়িয়ে দিয়ে তার সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত করো এবং তা করে ভারতবর্ষের কাজে লাগাও আজ সেই কথা স্মরণ করেই আমি আমার বক্তব্য শেষ করছি। ব্রিটিশ কমনওয়েলথ ত্যাগ কর! ত্যাগ কর! ত্যাগ কর!

Shri Asoke Krishna Dutta:

মাননীয় চেয়ারম্যান স্যার মাননীয় [illegible] যে প্রস্তাব এনেছেন আমি তার উপর একটা সংশোধনী প্রস্তাব দিয়েছি। আজকে যে বিষয় নিয়ে আলোচনা হচ্ছে এই [illegible] অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। এই [illegible] নিয়ে আমরা [illegible] আলোচনা [illegible]। [illegible] যায় যে এটা [illegible] নয় ভারতবর্ষের পার্লিয়ামেণ্টই এ বিষয় [illegible] গ্রহণ করতে পারেন। আমরা মাত্র সুপারিশ করতে পারি। আমরা এ [illegible] সুপারিশ করবো সেটাই হল কথা। সেটা এরূপই হওয়া উচিত যেটা সত্যকারের ভাল সিদ্ধান্তে উপনীত হতে পারি। আমি কত গুলি জিনিষ নিয়ে আলোচনা করতে চাই। এই যে প্রস্তাব এসেছে এর পূর্বে দেখেছি যে আনফ্রেণ্ডলি এ্যাক্ট অফ দি ব্রিটিশ গভর্ণমেণ্ট হয়েছে। এই বিষয়ে আমরা প্রত্যেকেই একমত যে ব্রিটিশ গভর্ণমেণ্ট আজকে শুধু যে আনফ্রেণ্ডলি হয়েছে তাই নয়, ব্রিটিশ গভর্ণমেণ্ট হল পাকিস্তানের জনক। পাকিস্তান সৃষ্টি হবার সঙ্গে সঙ্গেই পাকিস্তানের ভারতের ঝগড়া লাগিয়ে দিয়েছে এই ব্রিটিশ গভর্ণমেণ্ট। আমরা ব্রিটিশ গভর্ণমেণ্ট-এর কাজের বিরোধিতা করেছি। কাশ্মীর ইস্যু-তে ব্রিটিশ গভর্ণমেণ্ট আমাদের বিরুদ্ধে থেকেছে এবং ব্রিটিশ গভর্ণমেণ্টের সাহায্য নিয়ে কাশ্মীরের তদানীন্তন মহারাজ হরি সিং যে ঘোষণা করেছিলেন আজকে সে কথা আমরা জানি। সে সব জেনে শুনেও আমরা ব্রিটিশ কমনওয়েলথ-এর মধ্যে ছিলাম। আর যে দ্বিতীয় প্রস্তাব সেটা এসেছে-এই দ্বিতীয় সংশোধনী প্রস্তাব দেখে মনে হয় চোরের উপর রাগ করে ভাঁড়ে ভাত খাওয়ার মত। আমাদের ব্রিটিশ গভর্ণমেণ্টের উপর রাগ আছে সত্য কিন্তু ব্রিটিশ কমনওয়েলথ কি অর্থে ছাড়বো তা আমি বুঝতে পারছি না। আমার মনে হয় আজকের দিনে কমনওয়েলথ যে জাতিগোষ্ঠী আছে তার মধ্যে থাকা ভালই হবে কারণ আমরা পাঁচটা জাতির মধ্যে থাকলে আমরা অনেক সুযোগ সুবিধা পেতে পারি।

(Shri Kamal Kanti Guha: তা হলে পূর্ববঙ্গ থেকে ছেড়ে এলেন কেন?)

পূর্ববঙ্গ থেকে ছেড়ে চলে আসার সঙ্গে কমনওয়েলথ ছাড়ার কোন প্রশ্ন উঠে না। কমনওয়েলথ জিনিষটা কি সেটা আলোচনা করার দরকার। কমনওয়েলথ ইউ-এন-ও এর মতন জিনিস নয় যার একটা কনষ্টিটিউশন আছে বা ডিফেন্স এগ্রিমেণ্ট নেই, কোন রকম ফোরাম নেই এটা অত্যন্ত একটা ভেগ জিনিষ। তবে কমনওয়েলথ জিনিষটা যদি আমরা তলিয়ে দেখি তা হলে আমরা দেখবো যে এটা একটা আলোচনা করবার ফোরাম যেখানে বিভিন্ন জাতি যারা আগে ব্রিটিশ

সাম্রাজ্যবাদের সঙ্গে কানেকটেড ছিল তারা রয়ে গেছে তারাই একটা ফোরাম হিসাবে নিজের বেছে নিয়েছে। তাদের অর্থনৈতিক এবং যে সমস্ত কমন প্রবলেম রয়েছে তা নিয়ে আলোচনা করে এগুলি সলভ করবার জন্য কমনওয়েলথ রয়েছে। ব্রিটিশ গভর্ণমেণ্ট নিশ্চয়ই আজকে আমাদের বিরুদ্ধে থেকেছে। অশ্বিনীবাবু বলেছেন আনফ্রেণ্ডলি এ্যাটিচুড। কিন্তু দ্বিতীয় সংশোধনীতে বলা হয়েছে হোষ্টাইল। এই হোষ্টাইল বলতে আমার আপত্তি নেই কিন্তু ব্রিটিশ গভর্ণমেণ্ট হোষ্টাইল হয়েছে বলে আমরা কমনওয়েলথ ত্যাগ করবো এটা মোটেই একটা কারণ নয়। কমনওয়েলথ বলতে গেলে তার একটা ডেফিনেশন থাকার দরকার। আজকে ব্রিটিশ সাম্রাজ্যবাদ থেকে হয়েছিল ব্রিটিশ কমনওয়েলথ, তারপর সে ব্রিটিশ কথা নেই এখন হয়েছে কমনওয়েলথ তাদের সে নাম বাদ দিয়ে দেওয়া হয়েছে। এক সময় ইংল্যাণ্ডই সর্বেসর্বা ছিল এর পর ভারতবর্ষ, সিংহল, পাকিস্তান এবং ক্রমশঃ আরও অনেকগুলি দেশ নিয়ে এই কমনওয়েলথ গঠিত হয়েছে। আজকে ১৯টি দেশ এই কমনওয়েলথ-এ রয়েছে। আগে কমনওয়েলথ-এ অষ্ট্রিয়া, কানাডা, ব্রিটেন ও নিউজিল্যাণ্ড এই সাদা চামড়াই প্রধান ছিল। বাকী পনেরোটি দেশ ভারতবর্ষ, পাকিস্তান, ঘানা, মালয়েশিয়া, নাইজেরিয়া, সাইপ্রাস, জাঞ্জিবার, উগাণ্ডা ইত্যাদি দেশগুলি প্রত্যেকেই কাল চামড়ার লোক। সুতরাং এই অর্গানাইজেশনকে ভালভাবে যদি কাজ করান যায় তা হলে ভালই হবে। আমাদের সেই উদ্দেশ্য নিয়েই আমাদের কাজ করা উচিত যাতে ইংল্যাণ্ডকে নেতৃত্ব থেকে বার করে দেওয়া যায় আমাদের সেই চেষ্টাই করতে হবে। সেই জন্য আমি বলব কমনওয়েলথ ছেড়ে চলে আসা কোন যুক্তি আছে বলে মনে করি না। কমনওয়েলথ-এর থাকা অনেক যুক্তিযুক্ততা আছে। আজকে কমনওয়েলথ-এর একজন সদস্য ইংল্যাণ্ড যেমন বৈরী আচরণ করেছে তেমনি কমনওয়েলথ-এর আর একজন সদস্য মালয়েশিয়া আমাদের যথেষ্ট সাহায্য করেছে যা নাকি পৃথিবীর আর কোন রাষ্ট্র এরূপ সাহায্য করেছে কিনা সন্দেহ।

[4-35—4-45 p.m.]

শুধু আমাদের পাকিস্তানের সঙ্গে সংঘর্ষ দেখে চললে, চলবে না, আমাদের বার বার বিভিন্ন দেশের সঙ্গে সংঘর্ষ হয়। পাকিস্তান যেমন আমাদের শত্রু, চীনও তেমনি আমাদের শত্রু। গতবার চীন, যখন আমাদের দেশের উপর হামলা করেছিল, তখন এই কমনওয়েলথ টাই-এর দোহাই দিয়ে, কানাডার মত দেশ, সেদিন এগিয়ে এসেছিল আমাদের সাহায্য করতে। যেমন ইংলণ্ডে আমাদের স্বার্থ রয়েছে,—তেমনি আমেরিকায়ও আমাদের স্বার্থ রয়েছে অনেকখানি। কিন্তু কানাডা-র মত দেশ, যে বহু দূরে রয়েছে, যার সঙ্গে চীন বা পাকিস্তানের সঙ্গে এখন কোন সংঘর্ষ বা সংগ্রামের কোন প্রশ্ন নাই, এবং যে কানাডা, কম্যুনিষ্ট চীনকে কোটি, কোটি ডলার-এর হুইট বিক্রয় করেছে প্রতি বৎসর। সেই কানাডা এগিয়ে এসেছিল সঙ্গে সঙ্গে আমাদের সাহায্য করবার জন্য। এটা সম্ভব হয়েছিল, কমনওয়েলথ-এ টাই আছে বলে। কমনওয়েলথ-এ থাকার আরও অনেক রকম সুবিধা রয়েছে। আমি বলছি ইংলণ্ড একাই কমনওয়েলথ এর মেম্বার নয়, কানাডাও নয়। একদিন ছিল, যখন ইংলণ্ড প্রভুত্ব করেছিল সমস্ত সাম্রাজ্যবাদ রাষ্ট্রের উপর এবং সমস্ত সাম্রাজ্যবাদী রাষ্ট্রকে শোষণ করে নিয়ে, ইংলণ্ডকে সমৃদ্ধিশালী করবার জন্য চেষ্টা করেছিল। কিন্তু আজকে ইংলণ্ডকে যারা ভাল করে দেখেছেন, তারা জানেন যে ক্রমশঃ ইংলণ্ডের শক্তি হ্রাস হয়ে যাচ্ছে। আজ ইংলণ্ড শুধু সেকেণ্ড রেট পাওয়ার নয়, সে একটা থার্ড রেট পাওয়ার হয়ে যাচ্ছে। সুতরাং সেই ইংলণ্ডের উপর রাগ করে, আমরা কমনওয়েলথ ছেড়ে চলে আসবো, এ যুক্তি ঠিক নয়। অন্যান্য যে সমস্ত দেশ, যাদের পোটেনসিয়ালিটি রয়েছে, যাদের ভবিষ্যৎ রয়েছে, যাদের সঙ্গে ইকনমিক সংযোগের অর্থনৈতিক যোগাযোগ, অনেক কিছু সুবিধা রয়েছে, তাদের সঙ্গে আমরা সম্পর্ক ছেড়ে দিয়ে চলে আসবো, এটা খুব একটা যুক্তির কাজ বলে আমি মনে করি না। আমরা যারা বাংলাদেশে রয়েছি আমাদের প্রত্যেকের মনে রাখা উচিত যে ময়ূরাক্ষী প্রজেক্ট যখন হয়েছিল, তখন কানাডা এগিয়ে এসেছিল আমাদের সাহায্য করবার জন্য। আমাদের বিপদে এসে কানাডা অনেক সাহায্য করেছে। আমাদের যেটা একমাত্র এ্যাটমিক প্রজেক্ট, সেখানে সেই এ্যাটমিক রিয়াক্টর দিয়েছে কানাডা। (ভয়েস—কমনওয়েলথ-এ সোভিয়েট আছে?) কমনওয়েলথ-এ সোভিয়েট নেই তা সত্য কথা। কমনওয়েলথ-এ আমেরিকাও নেই, সত্য কথা। অথচ এই দুটা দেশ আমাদের সাহায্য করছে। এদের

সঙ্গে কমনওয়েলথ-এর কোন সম্পর্ক নেই। আজকে আমরা এখানে আলোচনা করছি কমনওয়েলথকে নিয়ে। যেখানে কমনওয়েলথকে নিয়ে আলোচনা করছি, সেখানে অনেকেই আমার পূর্ববর্তী বক্তারা চীনকে টেনে এনেছেন, তা আনার কোন প্রয়োজন নেই। তাঁরা রাশিয়াকেও টেনে এনেছেন, তা আনার কোন প্রয়োজন নেই। রাশিয়ার সঙ্গে আমাদের বন্ধুত্ব রয়েছে বলে, চীনের সঙ্গে বা আর একজনের সঙ্গে শত্রুতা করতে হবে, এমন প্রয়োজন নেই। এঁরা ছাড়াও, অনেককে নিয়ে কমনওয়েলথ গঠিত হয়েছে।

আজকে কাশ্মীরে আমরা জানি জেনারেল নিম্মে ইউনাইটেড নেশন-এর তরফ থেকে রয়েছেন। তিনি খুব ভাল রিপোর্ট দিয়ে ছিলেন কাশ্মীর সম্পর্কে। আমরা দাবী করেছিলাম সেই রিপোর্ট প্রকাশ করা হোক। এটা নিরপেক্ষ রিপোর্ট পাকিস্তানের বিরুদ্ধে। একথা আমাদের মনে রাখা উচিত যে, জেনারেল নিম্মে, অষ্ট্রেলিয়ার লোক হয়ে এই নিরপেক্ষ রিপোর্ট পেশ করেছেন। অষ্ট্রেলিয়ায় এত সংঘর্ষ হয়ে গেলো,তখনও তিনি এই রকম ভাল নিরপেক্ষ রিপোর্ট দিয়েছিলেন। আজ বলে নয়, দিনের পর দিন, ইংলণ্ড এই কাজ করে যাচ্ছেন। যতবার কাশ্মীর ইস্যু নিয়ে আলোচনা হয়েছে, ইউনাইটেড নেশন-এ, ইংলণ্ড আমাদের বিরুদ্ধাচরণ করেছে। আজ নয়, বরাবরই সে আমাদের বিরোধীতা করেছে। এর আগের বার ভুট্টো সাহেব যখন নাজেহাল হয়ে গিয়েছিলেন, জবাব দিতে পারেননি, তখন ইংলণ্ডের প্রতিনিধি স্যার প্যাট্রিক ডীনস এগিয়ে এসেছিলেন তার কেসটা, পাকিস্তানের হয়ে তুলে ধরবার জন্য। ইংলণ্ডও নূতন এই জিনিষটা করছে না, ইংলণ্ড চিরকাল এই রকম ব্যবহার করে আসছে। আমরা এই সব জেনেশুনে, বুঝেও কমনওয়েলথ-এ রয়েছি। কমনওয়েলথ এই জন্য আমরা ১৮ বছর ধরে রয়েছি, যে কমনওয়েলথ একটা ফেডারেশন নয়। কমনওয়েলথ একটা ইউনাইটেড নেশনস-এর মত একটা জিনিষ নয়। তার চ্যাটারও নেই, ট্রিটিও নেই। শুধু কতকগুলি ফ্যাক্টস, কতকগুলি এ্যাটেনমেণ্টস-এর উপরে, কতকগুলি মন্তব্যের উপরে এই জিনিষটা দাঁড়িয়ে রয়েছে। সুতরাং আমরা যদি গোড়া থেকে কমনওয়েলথ-এর ইতিহাস দেখি, তাহলে দেখতে পাবো, তার চেহারা বহুবার পালটেছে।

(Noise and interruptions.)

এত উত্তেজিত হবার কথা নয়। এটা উত্তেজনার কোন বিষয় নয়। আমি যেটা বলতে চাই, সেটা আমাকে বলতে দিন। ইংলণ্ড যে আমাদের শত্রু, সেটা আমরা প্রত্যেকেই জানি, এটা নূতন কিছু নয়। আজকে মাননীয় সদস্য যিনি এই প্রস্তাব উত্থাপন করেছেন, তিনি নূতন দেখছেন যে ইংলণ্ড আমাদের পিছন থেকে ছুরি মারছে। কিন্তু আমরা সকলে জানি, ইংলণ্ড যখন এখানে সাম্রাজ্য প্রতিষ্ঠা করেছিল, তখন সে পিছন থেকে ছুরি মারেনি, সে সামনে থেকেই গুলি চালিয়ে ছিল, এবং পিছন থেকে ছুরি হয়ত অন্য লোকে মেরে ছিল। তাঁরা ভুলে যাচ্ছেন কারা মেরেছিল। (নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপসনস) সে প্রশ্ন এখন ওঠে না। আজকের যে প্রশ্ন উঠেছে, সেটা আপনারা সকলে জানেন।

আমার বক্তব্য হচ্ছে এই—আজকে আমরা কমনওয়েলথ-এ রয়েছি বলেই, আমরা বিভিন্ন রকম সুযোগ পাচ্ছি নানা বিষয়ে। ইংলণ্ডের নিশ্চয় স্বার্থ আছে এবং অন্যান্য রাজ্য, যারা সেখানে রয়েছে, তাদেরও স্বার্থ রয়েছে। প্রত্যেকের স্বার্থ আছে বলেই, তারা কমনওয়েলথ-এ রয়েছে, তা না হলে কেউ থাকতো না। সুতরাং আমাদেরও যখন স্বার্থ রয়েছে, তখন আমরা সেখানে থাকবো।

আজকে আমরা চীনের সঙ্গে শত্রুতার কথা বলছি, কিম্বা পাকিস্তানের সঙ্গে শত্রুতার কথা বলছি, কিন্তু চীন বা পাকিস্তানের চেয়েও যে বড় শত্রু, সে হচ্ছে আমাদের দারিদ্র, এবং তাকে দূর করবার জন্য ইকনমিক ডেভালপমেণ্ট-এর প্রয়োজন। সেই ইকনমিক ডেভালপমেণ্ট করবার জন্য আমাদের সবার কাছ থেকে সাহায্যের দরকার, এবং এতে আমাদের রাশিয়া যথেষ্ট সাহায্য করছে, তার জন্য আমরা কৃতজ্ঞ। এতে আমেরিকা, কানাডা আমাদের যথেষ্ট সাহায্য করছে, তার জন্য আমরা তাদের কাছেও কৃতজ্ঞ। আজকে কমনওয়েলথ-এর বিভিন্ন দেশ আমাদের সাহায্য করছে। এই সমস্ত সাহায্যগুলি আমরা যা পাচ্ছি, তা ছেড়ে সেখান থেকে পালিয়ে আসার কোন প্রয়োজন নেই।

বিভিন্ন দেশ থেকে কমনওয়েলথভুক্ত দেশগুলি থেকে এই সমস্ত সাহায্য আমরা পাচ্ছি। এগুলি ছেড়ে বেরিয়ে আসার প্রয়োজন নাই। প্রথম থেকে আমরা যদি কমনওয়েলথের ইতিহাস দেখি তাহলে দেখবো প্রথম কমনওয়েলথ ছিল গোটা বৃটিশ ক্রাউনের প্রতি লয়ালটী দেখিয়ে এবং সেই জিনিষটার বিরুদ্ধে প্রতিবাদ করা হয়। যখন ১৯৪৯ সালে লণ্ডনে কমনওয়েলথ কনফারেন্স হয়, তখন আমাদের প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরু সেখানে গিয়ে স্পষ্টাক্ষরে বুঝিয়ে বলেছিলেন যে ভারতবর্ষ আসছে বছর একটা সংবিধান পাশ করতে চলেছে যে সংবিধানের ভিত্তিতে ভারতবর্ষ রিপাবলিক হবে। অতএব রিপাবলিক হিসেবে আমরা কোন কিং-কে আনবো না। সেইজন্যই সমস্ত জিনিষটা তখন যারা কমনওয়েলথের সদস্য ছিল ইংল্যাণ্ড ছাড়া যেমন অষ্ট্রেলিয়া, কানাডা, পাকিস্তান সিংহল, সাউথ অষ্ট্রেলিয়াও ছিল তারা প্রত্যেকে বিষয়টা বিবেচনা করে এবং এ সম্পর্কে একটা স্টেটমেণ্ট দেওয়া হয় যে ইণ্ডিয়া যদিও রিপাবলিক হচ্ছে এবং সে ক্রাউনকে মানছে না, কিন্তু এই সংযুক্ত রাষ্ট্রগোষ্ঠী সিম্বল হিসেবে বৃটিশকিং-কে মানছে সিম্বলিক হেড হিসেবে। এইভাবে পরিবর্তন প্রথমে আমাদের প্রচেষ্টায় হয়েছে। তারপরে জিনিষটাকে আরো চার্জ করা হয়। আমরা এর মধ্যে ছিলাম বলে সাউথ আফ্রিকাকে বের করে দেওয়া সম্ভব হয়েছে কমনওয়েলথ থেকে। আমাদের যদি ইংল্যাণ্ড ক্ষতি করে থাকে, আজকে হয়ত ইংল্যাণ্ডকে এর থেকে বের করে দেবার ক্ষমতা আমাদের নাই, কিন্তু ধীরে ধীরে আমাদের এই লাইনে প্রসিড করতে হবে যাতে ভবিষ্যতে আমরা কমনওয়েলথ থেকে ইংল্যাণ্ডকে এমনভাবে সেই ধরণের মেজরিটি রয়েছে, সেই মেজরিটিকে আমরা এমনভাবে মোউল্ড করতে পারি যাতে মোউল্ড করতে পারবো, যা আমাদের অনুকূলে যাবে। আজকে আর সমস্ত সাদা চামড়া নাই—ভবিষ্যতে ইংল্যাণ্ডকে বের না করে দিয়ে ও তার ক্ষমতা কমিয়ে দেওয়া যায়। এইভাবে আজকে জিনিষটাকে আলোচনা করতে হবে যে ইংল্যাণ্ডের ইম্পর্টেন্স যেটা রয়েছে তার দুটো কারণ। প্রথম হচ্ছে লণ্ডন হচ্ছে কমনওয়েলথের সেণ্টার, যতবার কনফারেন্স হয়, ইংলণ্ডের প্রাইম মিনিষ্টার তাতে প্রিসাইড করেন। ইংল্যাণ্ড সেন একটা হিস্ট্রিক্যাল এটিচুড নিয়ে বসে রয়েছে এবং তার পুরান যে অর্থনৈতিক ক্ষমতা রয়েছে সেই ভিত্তিতে সে কোন করে আজও থাকবার চেষ্টা করছে। আর একটা জিনিষ বলা যায় আজকে ইংল্যাণ্ড কমনওয়েলথের অন্যান্য দেশের তুলনায় অর্থনৈতিক দিক থেকে ক্রমশঃ রিলেটিভলি পিছিয়ে চলেছে এবং অন্যান্য দেশ এগিয়ে চলেছে। ভারতবর্ষ আজকে যে জিনিষটা করেছে পাকিস্তানের বিরুদ্ধে, এটা যেন কোন রকমে উত্তেজিত হয়ে আমরা করিনি ঠিক। যে নেতৃত্ব আমাদের দেবে, নিশ্চয়ই এটা যদি আমরা উত্তেজিত হয়ে চাইতাম তাহলে কোন জিনিষ করতাম তাহলে আমরা পাকিস্তানের বিরুদ্ধে এই রকম করে যুদ্ধ করতে পারতাম না। আমরা যেটা দিয়ে [illegible] হচ্ছে রেসপনসিবিলিটি নিয়ে পাকিস্তানের বিরুদ্ধে মানুষ রুখে দাঁড়িয়েছে। সেই নেতৃত্বের ফলে আমরা এই ক্ষমতা অর্জন করতে পেরেছি।

আমরা সবাই সেক্যুলারীর প্রতিনিধিত্ব করছি। কোন সময় হোক বেশী করে বা কম করে সে প্রশ্ন এখানে ওঠে না। সেক্যুলারীজমের সমস্যা হচ্ছে ডিফারেন্ট সেপারেট প্রশ্ন ও ডিফারেন্ট। আমার বক্তব্য হচ্ছে ভারতবর্ষ কোনরকম এ্যাসোসিয়েশন এর বাইরে উদ্বেলিত হয়ে কোন জিনিষ করে না, যতটুকু গুরুত্ব দিয়ে এবং যেমন রেসপনসিবিলিটি নিয়ে করণীয়।

[4-45—4-55 p.m.]

আমরা যে জিনিষটা করতে চাই তার দায়িত্ব নিয়ে এবং কর্তব্যবোধ নিয়ে আমরা করতে চাই। আজকে যদি আমরা কমনওয়েলথ থেকে বেরিয়ে চলে আসি, তাহলে ১৮টা দেশ রয়ে গেল কি লাভ হবে। আমরা আজকে অষ্ট্রেলিয়া কানাডা এদের এগেন্সে প্রপাগাণ্ডা করতে পারি তাহলে তা পারব না। মেম্বারদের সদস্য শঙ্করবাবু একটা প্রশ্ন তুলেছেন যে কি হবে? আমাদের সমস্ত পৃথিবীর প্রতি আজ আমাদের যে সমস্ত রেশ কনটিনিউটিভিটি রয়েছে সেগুলি বিসর্জন দিয়ে এসেছে তাদের প্রতি প্রত্যেকের দায়িত্ব রয়েছে। আজকে আমি জোর গলায় এই কথা বলতে পারি যে আজকে বৃটিশ গভর্ণমেণ্ট রাশিয়ার বিরুদ্ধে যে একসন নিতে বাধ্য হচ্ছে ভারতবর্ষ কমনওয়েলথ-এ রয়েছে বলেই তারা বাধ্য হচ্ছে। ভারতবর্ষ যদি কমনওয়েলথ-এ না থাকতো তাহলে তারা এই জিনিষ

করতে বাধ্য হত না। ভারতবর্ষের ক্ষমতা আজকে প্রত্যেকে উপলব্ধি করতে শিখেছে। আজকে তাইজন্য এই কথাই মনে রাখতে হবে যে কমনওয়েলথ-এর কারেক্টার চেঞ্জ করছে। কমনওয়েলথ-এর ক্যারেক্টার ক্রমান্বয়ে চেঞ্জ করছে। আজকে ১৯টি দেশ নিয়ে কমনওয়েলথ গঠিত তার মধ্যে ৪টি মাত্র সাদা চামড়ার দেশ—ইংল্যান্ডের উপর রাগ করে কমনওয়েলথ থেকে বেরিয়ে আসা এটা ভুট্টো সাহেব মালেশিয়ার সঙ্গে সম্পর্কচ্ছেদ করার মত মনে হয় যে জিনিষটাই আমরা করব দায়িত্ব নিয়েই করব। ইংল্যান্ড যে আমাদের শত্রু আমরা প্রত্যেকে একমত। আজ সে আমাদের শত্রু নয় চিরকালের শত্রু। ইংল্যান্ড শত্রু বলেই পাকিস্তান তৈরী করছে। এটা হয়ত মাননীয় অশ্বিনী রায় মহাশয় কিম্বা তার পাশ থেকে যারা সমর্থন দিচ্ছেন তারা হয়ত আজ নতুন উপলব্ধি করছেন যে ইংল্যান্ড আমাদের শত্রু কারণ ইংল্যান্ড একদিন তাদের খুব বন্ধু ছিলেন। এবং ইংল্যান্ড পাকিস্তান সৃষ্টি করছে, কাশ্মীর সমস্যা সৃষ্টি করেছে এবং ইংল্যান্ড দিনের পর দিন তারা চায় ভারতবর্ষ যাতে চিরকাল ইংল্যান্ড-এর পদানত হয়ে থাকে। কিন্তু সেই জিনিষটা আমরা উত্তেজিত হয়ে কোন জিনিষটা না ভাবে আমরা চালু করতে পারি। যেটা আমাদের করতে হবে তা কর্তব্যবোধ নিয়ে দায়িত্ব নিয়ে আমাদের করতে হবে। তাইজন্য মাননীয় সভাপতি মহাশয় আমি এই জিনিষটা বলতে চাই যে আজকে আমাদের প্রত্যেকটী বিষয় চিন্তা করতে হবে। পৃথিবীতে অন্যান্য যে সমস্ত দেশ রয়েছে এবং কমনওয়েলথ-এ অন্যান্য যে সমস্ত দেশ রয়েছে তাদের প্রতি আমাদের দায়িত্ব এবং কর্ত্তব্যের কথা বুঝতে হবে। ইংল্যান্ড যে শুধু আমাদের প্রতি শত্রুতা করছে তা নয় ইংল্যান্ড কলোনীয়াল দেশ তাতে আমাদের হয়ত অনেকের মনে এই জন্য একটা বিভ্রান্তির সৃষ্টি হয় যে আমরা কেউ কেউ মনে করি যে ইংল্যান্ড-এর কনজারভেটিভ পার্টি বুঝি খুব রিএাকসনারি নয়—তাইজন্য বোধ হয় লেবার গভর্ণমেণ্ট এসেছে বলে বোধ হয় আমরা অনেক কিছু আশা করেছিলাম, মিঃ হ্যারল্ড উইলসন বুঝি খুব আমাদের পক্ষে বলবেন এটাই আমরা সেটা হয়নি বলেই আমরা বোধহয় খুব উত্তেজিত হচ্ছি। আমি বলতে পারি এই বিভ্রান্তির কোন কারণ নেই, ইংল্যান্ড-এ কনজারভেটিভ গভর্ণমেণ্ট-ই থাক আর লেবার গভর্নমেন্টই থাক, ফরেন পলিসি তারা এক পলিসি চালায়—তাদের কলোনিয়াল পলিসি তাদের চিরকালই থাকে। ইংল্যান্ড চিরকালই আমাদের শত্রু থেকেছে ইংল্যান্ড পাকিস্তান সৃষ্টি করেছে এবং কাশ্মীর সমস্যা সৃষ্টি করেছে। এবং আজ থেকে ইউনাইটেড নেশনস যতবার কাশ্মীর সমস্যা এবং পাকিস্তানের সঙ্গে ভারতের সমস্যা এসেছে চিরকাল ইংল্যান্ড আমাদের বিরুদ্ধে বলেছে। কিন্তু তাইজন্য কমনওয়েলথ ছেড়ে আসব সেই উপায় নয়। তার ঔষধ হচ্ছে কমনওয়েলথ-এ থেকে ইংল্যান্ড-এর বিরুদ্ধে আমরা যাতে এমন একটা লবী তৈরী করতে পারি—অন্যান্য যে সমস্ত দেশ ঘানার মত দেশ কেনিয়ার মতন দেশ জামাইকা ইত্যাদি যে সমস্ত দেশ রয়েছে যাদের ইংল্যান্ড-এর সঙ্গে ঠিক একই সংঘর্ষ ইংল্যান্ড যাদের উপর একদিন প্রভুত্ব করেছিল তাদের নিয়ে আমরা কমনওয়েলথ-এ একযোগে কমনওয়েলথ টাকে এমনভাবে তৈরী করতে চাই যাতে ইংল্যান্ড-এর প্রভুত্ব আমরা ভেঙ্গে দিতে পারি। সেজন্য লণ্ডন থেকে তার হেডকোয়ার্টার রিমুভ করা হচ্ছে তার প্রথম স্টেপ। সেজন্য আমি প্রস্তাব দিয়েছি যে লণ্ডন থেকে এই কনফারেন্স-এর ভেন্যু সরিয়ে নিয়ে বিভিন্ন যে সমস্ত কমনওয়েলথ-এর সভ্য রয়েছে তার রাজধানীতে বাই রোটেসান বছরের পর বছর ঘুরে ঘুরে এক এক জায়গায় হউক। এবং ইংল্যান্ড-এর যে প্রধানমন্ত্রী যে প্রিসাইড করে থাকেন সে প্রথা বন্ধ করে দেওয়া হউক। যেখানে কনফারেন্স হবে সে দেশের রাজধানীতে সেই দেশের যিনি প্রধানমন্ত্রী তিনি সেই সভার সভাপতিত্ব করেন। এই ভাবে আরম্ভ করা হউক এবং তারপরে সমস্ত ইংল্যান্ড যে রকম অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে চলেছে এবং আমরা যেভাবে এগিয়ে চলেছি এবং সেই ভাবে এমন লবী তৈরী হউক যে বিভিন্ন জায়গায় হলে লণ্ডন-এর ইনফ্লুয়েন্স-এর বাহিরে চলে এলে তখন আমরা ইংল্যান্ডকে ভবিষ্যতে আমাদের এই উদ্দেশ্য থাক যে প্রয়োজন হলে ইংল্যান্ড-কে সেখান থেকে বের করে দেওয়া হবে। এই নিয়ে আমি যিনি মুভ করেছেন তাঁকে আমি এই কথাই বলব যে এই রেজলিউশন-টা আনএনিমাস হউক এটাই আমরা চাই। তাইজন্য সেভারেন্স অফ অল কানেকসানস না করি তিনি ইংল্যান্ড-কে যেখানে নিন্দা করেছেন সেটা নিশ্চয়ই থাকবে তার পরে আমি যে সংশোধনী প্রস্তাব এনেছি সেটা তিনি গ্রহণ করে নিয়ে যাতে এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয় সেজন্য সকলের সঙ্গে আবেদন জানাচ্ছি।

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় চেয়ারম্যান স্যার,—আমার পূর্ববর্তী বক্তা যে সংশোধনী দিলেন তা থেকেই এই প্রস্তাবের গুরুত্ব আরও বড় হয়ে উঠল। সংশোধনী যিনি এনেছেন তার বক্তব্য থেকে এটা স্পষ্ট হল যে আজকে আমাদের দেশে এখনও কতদূর মোহ রয়েছে সাম্রাজ্যবাদের সঙ্গে সমঝোতা করলে তার সঙ্গে আপোষ করে চললে দেশের লোকের দারিদ্র নাকি দূর করা যায় এটাই আজকে আপনাদের সামনে বুঝানোর চেষ্টা হয়েছে। প্রশ্নটা এই নয়—যে কমনওয়েলথ গোষ্টির মেম্বারশিপ থাকলো কি না থাকলো—প্রশ্ন হচ্ছে আজকে বৃটিশ সাম্রাজ্যবাদ তার ক্ষয়িষ্ণু হলেও সে সাম্রাজ্যবাদ নিয়ে সে বেঁচে আছে এবং তার লুঠতরাজ তার অন্যায় আচরণ পৃথিবীব্যাপী চলেছে বিশেষ করে দক্ষিণ-পূর্ব এশিয়ার স্বাধীনতার দক্ষিণ-পূর্ব এশিয়ার মানুষের দারিদ্রতার বিরুদ্ধে যে সংগ্রাম তাকে ব্যাহত করছে। স্যার, আপনাকে আমি একটা কথা বলি এই বিষয়ে যে কমনওয়েলথ-এর গুণগানগুলি করলেন সেখানে তার চেহারা দেখা যায় না একটা অস্পষ্ট ব্যাপার—আমার কাছে মনে হয় এটা মোটেই অস্পষ্ট নয়। কমনওয়েলথ-এর সঙ্গে প্রত্যেকটা জিনিষ স্পষ্ট। আমার পূর্ববর্ত্তী বক্তা অশ্বিনীবাবু দেখিয়েছেন যে আমাদের দেশে বৃটিশ ক্যাপিটেল যা রয়েছে তা ৫০০ কোটী টাকা এবং এর ডিভিডেন্ড-এর সঙ্গে কমনওয়েলথ-এর যোগাযোগ রয়েছে। যখন আমাদের সঙ্গে পাকিস্তানের সংঘর্ষের তিক্ততা যুদ্ধের আকার নিয়েছিল সেই সময় আমি খবরের কাগজে শা' ওয়ালেস কোং ডিভিডেন্ড-এর রিপোর্ট পড়েছি। সেখানে লেখা ছিল যে ভারতবর্ষে আমরা ডিভিডেন্ড পেয়েছি ১৫ পি, সি ডিভিডেন্ড পাকিস্তানে পেয়েছে ২০ পি, সি, ডিভিডেন্ড এবং আপনাকে সভাধক্ষ্য মহাশয় একটি খবর দিই তারা খুব দুঃখ করে বলেছিল যে সিলোন-এর যে ডিভিডেন্ড দিয়েছি সেটা প্রকাশ করা সম্ভব নয় কারণ সিলোন-এ ফরেন প্রফিট সম্বন্ধে একটা অর্ডিন্যান্স আছে যার জন্য আমাদের অসুবিধার সৃষ্টি হয়েছে বলে আমরা তা ঘোষণা করতে পারছি না। সেখান থেকে বিদেশে প্রফিট নিয়ে যাওয়া যায় না এবং তার বিরুদ্ধে একটা আইন আছে। আবার আশা প্রকাশ করেছিল যে ডাডলে সেনানায়কের মতন লোক যখন অধিষ্ঠিত হয়েছেন তখন তার পক্ষে সেই সুযোগ—আগে যে অসুবিধাগুলি ছিল শা ওয়ালেস কোম্পানী-র হয়েছে সেই অসুবিধাগুলি দূর হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেজন্য বলছিলাম যে বৃটিশ কমনওয়েলথ-কে যিনি অদৃশ্য দেখতে পাচ্ছিলেন—অদৃশ্য বটে কিন্তু অত্যন্ত সুদৃশ্য যখন তার ডিভিডেন্ডগুলি দেখা যায়? কিভাবে দক্ষিণ-পূর্ব এশিয়া প্রত্যেকটি দেশকে এরা লুঠতরাজ করছে এবং লুঠতরাজ করে এদেশের দারিদ্রকে আরও বাড়িয়ে তুলেছেন। সুতরাং প্রশ্ন এই নয় যে আমি কমনওয়েলথ-এ থাকলাম কি না থাকলাম এ প্রশ্নটা বড় নয়। সেটা নিশ্চয়ই বড় কেন তা তার থেকে বোঝা যাবে আমাদের নীতিটা কোন দিকে যাচ্ছে। সেজন্য প্রস্তাবকে এই আকারে রাখা হয়েছে। সেজন্য তার সঙ্গে আমাদের এই দৃষ্টিভঙ্গীর তফাৎ রয়েছে। আজকে সাম্রাজ্যবাদের সঙ্গে গাঁটছড়া বেধে আমরা দুনিয়ায় বেঁচে থাকতে পারি কি না পারি। সাম্রাজ্যবাদের সঙ্গে আমেরিকান সাম্রাজ্যবাদ, বৃটিশ সাম্রাজ্যবাদ তাদের প্রফিট তাদের মুনাফা বিদেশী মুনাফার ক্ষেত্র আজ ভারতবর্ষে করে নিয়েছেন। সেজন্যই শাসক গোষ্ঠীর প্রতিনিধির পক্ষ থেকে এই রকম বক্তব্য এখানে রাখা হয়েছে। আজকে পৃথিবীতে একথা প্রমাণ হয়ে গিয়েছে সোভিয়েট রাশিয়া আজ প্রমাণ করেছে যে পৃথিবীতে বিদেশের সাহায্য না নিয়েও দেশকে গড়ে তোলা যায়। আমি চীনের কথা বলছি না সোভিয়েট রাশিয়া তো এখন খুব বন্ধু। কাজেই আজকে বিদেশের সাহায্য নিতে হবে কানাডার সাহায্য নিতে অষ্ট্রেলিয়া-র সাহায্য নিতে হবে বলে কমনওয়েলথ-এ থাকার দরকার একথা প্রশ্ন নয়।

[4-55—5-5 p.m.]

যে সাহায্য আমরা নিচ্ছি তার পরিবর্তে আমাদের দেশকে লুঠ করার সুযোগ দিচ্ছি, তার পরিবর্তে আমাদের দেশের বুভুক্ষু মানুষের অন্ন থেকে গ্রাস কেড়ে নেবার সুযোগ আমরা দিচ্ছি। মাননীয় সভাধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলি এই সঙ্গে যে পাকিস্তানের সঙ্গে সম্পর্ক সম্বন্ধে এখানে আজকে প্রশ্ন উঠেছে। আমার কাছে এই প্রশ্নটা কিভাবে এসে দাঁড়িয়েছে, ঐ যারা পাকিস্তান সৃষ্টির মধ্যে সংগ্রাম করেছে, যারা মুসলিম লীগের রাজনীতির বিরুদ্ধে সংগ্রাম

করেছে তাদের কাছে কি দৃষ্টিভঙ্গী নিয়ে এই প্রশ্ন দাঁড়িয়েছে? আমরা দেখেছি পাকিস্তান যেদিন সৃষ্টি হয়েছিল সেদিন আমি দুজনের কথা বলি, মিঃ জিন্না একদিন লক্ষ্ণৌ-এ দাঁড়িয়ে, যখন তাঁকে জিজ্ঞাসা করা হয়েছিল যে পাকিস্তান করে ভারতবর্ষের একটি অংশে কতকগুলি সংখ্যাধিক্য মুসলমানদের জন্য তুমি পাকিস্তান চাচ্ছ কিন্তু এখানে আর যেসব সংখ্যালঘু মুসলমান থাকবে তাদের জন্য কি ভাবছো? তার উত্তরে তিনি বলেছিলেন.....

अगर १० करोड़ मुसलमान अक्सीरियन के लिए अगर ३ करोड़ मुस्लिम अक्लियत अगर कुचल जाय तो कुचल जाय।

১০ কোটি মুসলমানের জন্য যদি ৩ কোটি মুসলমান মরে যায় তবে মরে যেতে দাও। এবং আজাদের যে বই হুমায়ুন কবীর বের করেছেন তার মধ্যে আর একটা কথা আমি দেখেছি তিনি একথা স্পষ্টভাবে বলেছিলেন দি পার্টিশান অব ইণ্ডিয়া শুধু ভারতবর্ষের মুশলিম লীগের সৃষ্টি নয় এবং ব্রিটিশ ইমপ্রিয়ালিজম নয়, কংগ্রেসের নেতৃত্বেও এর জন্য দায়ী। এবং আমার পূর্ববর্তী বক্তা হেমন্ত বসু যে কথা বলে গিয়েছেন যে ব্রিটিশ গভর্ণমেণ্ট সন্ত্রস্ত ভীত হয়েছিল, শুধু ব্রিটিশ গভর্ণমেণ্ট ভীত সন্ত্রস্ত ত হয়ে আমাদের দেশে স্বাধীনতা দিতে এসেছিল একথা সত্য নয়, আমার বিপক্ষ দল যাঁরা ওদিকে বসে আছেন তাঁদের নেতৃস্থানীয় ব্যক্তিরা, তাঁদের আজকে পূজা করা হচ্ছে, তাঁরাও সেদিন মিঃ জিন্নার প্রস্তাবে ইমপ্রিয়ালিজমের মত ভীত সন্ত্রস্ত হয়ে কি করে দেশ -কে ভাগ করে, কি করে ব্রিটিশ কমনওয়েলথের মধ্যে থেকে, সমস্ত সাম্রাজ্যবাদী লুঠতরাজের মধ্যে থেকে, সামান্য একটু ক্ষমতা পাবার জন্য দেশ বিভাগের চেষ্টা করেছিলেন তার ইতিহাস ভারতবর্ষ ও পাকিস্তানের ইতিহাস। সেপ্টেম্বর মাসে ভারতবর্ষের ইতিহাসে যে পরিণতি দেখেছি, যে রাভি নদীর তীরে বসে ১৯৩০ সালে ভারতবর্ষের মানুষ স্বাধীনতার স্বপ্ন দেখেছিল সেই রাভি নদীর তীরে তদানীন্তন ভারতবর্ষের দু পক্ষের মানুষ রক্ত গঙ্গা বইয়ে দিয়েছিল, সেটা আকস্মিক ১৯৬৫ সালের সেপ্টেম্বরে অনুষ্ঠিত হয়নি তা অনুষ্ঠিত হয়েছিল ১৯৪৭ সালের ১৪ই আগষ্ট তারিখে, তারই ভার বহণ করে চলেছি। যে দিন ভারতবর্ষের হিন্দু মুসলমান, পাকিস্তানের হিন্দু মুসলমান একথা বুঝতে পারবে সেদিন সত্যিকারের কমনওয়েলথের সঙ্গে সম্পর্ক ছেদ হবে আজকের প্রস্তাব তারই প্রতিধ্বনি করুক এই কথা বলে আমি শেষ করছি।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং তার উপর অধ্যাপক শম্ভু ঘোষ এবং মাননীয় সদস্য দেব শরণ ঘোষ যে সংশোধনী এনেছেন সেই সংশোধনী সমেত আমি এই মূল প্রস্তাবকে সমর্থন করছি। আমি ভারতবর্ষ বিভাগের মূল ইতিহাসের পিছনে যাবো না কারণ সেটা মনসুর সাহেব সুন্দরভাবে বলেছেন। কিন্তু মনসুর হবিবুল্লা সাহেবকে জিজ্ঞাসা করবো, তিনি যেন এটা অন্যভাবে না নেন, গিল্টি মেন অব পার্টিশন অব ইণ্ডিয়া এর ইতিহাস যদি কখন লেখা হয় তাহলে এরজন্য অনেকেই দায়ী থাকবেন সেটা আমরা যেন অবজেক্টিভলি স্মরণ রাখি। কংগ্রেস সেদিন সরকারী দল হিসাবে যে বিরাট বিশ্বাসঘাতকতা করে গিয়েছিল তাতে জীবতদশায় তাঁরা কাঠগড়ায় উঠেনি ঠিকই কিন্তু আগামী দিনে বক্তৃতা শুনে অবাক হয়ে গেলাম, ভেবেছিলাম তিনি বুঝি বলেন কি দরকার, ইংলণ্ড থেকে ইংরাজদের তাড়িয়ে দিয়ে বসে যাই না কেন, ইংল্যাণ্ডকে ইণ্ডিয়ানাইজ করে নিই না কেন, ইংরাজী ভাষাকে ইণ্ডিয়ানাইজ করে নিই না কেন, ইংরাজী ভাষা আমাদের জাতীয় ভাষা হয়ে যাক না কেন, এই রেণের একটা কথা আমরা তাঁর কাছ থেকে শুনেছি। কিন্তু ব্যাপার হচ্ছে এই যে কমন-ওয়েলথের প্রশ্ন এটা একটা বিরাট ষড়যন্ত্র। মাননীয় স্পীকার মহাশয়, আপনি দীর্ঘ দিনের একজন স্বাধীনতা সংগ্রামের যোদ্ধা, আপনাকে স্মরণ করিয়ে দিই, ছাত্র জীবনে হয়ত পাঠ করে থাকবেন, ১৯১৭ সালের ২০শে আগষ্ট তখনকার সেক্রেটারি অব ষ্টেট ফর ইণ্ডিয়া, মণ্টেগু চমসফোর্ড যে রিপোর্ট দিয়েছিলেন তাতে কি বলেছেন শুনুন,

The policy of His Majesty's Government with which the Government of India are in complete accord is that of increasing the association of Indians in every branch of administration and the gradual development of

self-governing institutions with a view to progressive realisation of responsible Government in India as an integral part of British empire.

এটা হচ্ছে ইংরাজের চিরদিনের স্বপ্ন ভারতবর্ষকে ব্রিটিশ সাম্রাজ্যের একটা অচ্ছেদ্য অংশ হিসাবে তাঁরা দেখতে চেয়েছেন এবং তাই ভারতকে তাঁরা ক্ষমতা হস্তান্তরিত করার স্বপ্ন দেখে এসেছেন। আজকে যে চেহারা ভারতবর্ষের দেখছেন—এখানে অশোক বাবুত এ প্রশ্ন এড়িয়ে গেলেন যে কমনওয়েলথ বলতে আমার ষ্ট্যাটাস কি, আমার ষ্ট্যাটাস হচ্ছে ডোমিনিয়ান ষ্ট্যাটাস। মাননীয় সভাপতি মহাশয়, আজকে আমাকে এটা বলবার জন্য সুযোগ নিতে হচ্ছে যে কিছু দিন আগে সংবাদপত্রে এই তথ্যটা আমি পেশ করেছিলাম, যে সংবাদপত্র এটা ছাপিয়েছিলেন এই সঙ্গে আমি তাঁদের কাছে আমার আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি, সেখানে আমি দেখিয়েছিলাম ১৯৬০ সালে অক্টোবর মাসে ইংল্যাণ্ডের একজন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট একটা ম্যাট্রিমোনিয়াল প্রসিডিং-এ রায় দিতে গিয়ে লিখছেন

India a part of Her Majesty's dominion out side United Kingdom.

আমার কাছে ফটোস্টেট কপি আছে, আমি সংবাদপত্রে সেটা দিয়েছিলাম। আমি শঙ্কিত এবং স্তম্ভিত হয়েছিলাম আজকে স্বাধীন ভারতবর্ষের যেখানে একটা কনষ্টিটিউশন রয়েছে তাতে বলা হচ্ছে

India is proclaimed as a sovereign democratic republic.

কিন্তু সেই ভারতবর্ষ সম্বন্ধে ইংল্যাণ্ডের একজন বিচারপতি তাঁর মন্তব্যে বলেছেন

India a part of Her Majesty's dominion outside United Kingdom.

এটা যদি শুধু ম্যাজিস্ট্রেটের নিজস্ব মত হতো তাহলে আমি ব্রাস এ্যাসাইড করতে পারতাম কিন্তু তা নয়। একটা প্রিণ্টেড ফর্ম-এ আমাদের দেশে যেমন আইনের বিভিন্ন ফর্ম আছে, প্রিণ্টেড ফর্ম

Which is in vogue since long,

সেই ফর্ম-এ এটা ছাপান। তাতে লেখা হচ্ছে ভারত হচ্ছে মহামান্য সম্রাজ্ঞীর একটি তাঁবেদার রাজ্য মাত্র। এটা পাওয়ার পর পার্লামেণ্টে এটা নিয়ে যখন আলোড়ন উঠলো না তখন আমি নিরুপায় হয়ে ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীলাল বাহাদুর শাস্ত্রীর কাছে একটা চিঠি লিখলাম ১৭ইআগষ্ট তারিখে। আমি সবটা পড়ছি না, একটুখানি পড়ছি এবং সেটা আপনার মাধ্যমে রাখছি। আমি এই চিঠিতে এক জায়গায় লিখলাম

The impression in the public mind in England about India's relationship with British Crown is such that even a Magistrate of an English Court who could be better informed and could speak of India as a part of Her Majesty's dominion outside United Kingdom and issue judicial orders on that basis. What really then is the Constitutional Status of India to day a Sovereign republic or a part of Her Majesty's domonion?

তারপর শেষে এক জায়গায় লিখলাম

The recent Kutch agreement, the Orwellian big brother attitude of British Government, the shameful acceptance of humiliating Wilson formula on Kutch by India Government underline the British overlordship over Indian sovereignty. Is the Ashoka wheel then a techniwheel of British imperial chariot?

ইংরাজের যে বিরাট সাম্রাজ্যবাদী রথ সেই রথের চাকার পিছনে কামবারসাম টেকনিউইল হয়ে আমরা থাকবো? স্যার, আপনার উপরে দেখছি অশোক চক্র, এই অশোক চক্রের পলিটিক্যাল, লিগাল, এবং ফিলোজফিক্যাল সিগনিফিকেন্স তাহলে কি রইলো? কিছুই নেই? এখনও কি আমরা টেকনিহুইল হয়ে পড়ে আছি? আমি আর একটা কথা বললাম যে প্রত্যেক বছর সংবিধান অনুযায়ী একথা আমরা ঘোষণা করি প্রত্যেক বছর ২৬শে জানুয়ারি রিপাবলিকান ডে অবজার্ভ

করি, প্রজাতন্ত্র দিবস যেখানে অবজার্ভ করি, সেখানে আর এক দিকে এ দেখছি ইংল্যাণ্ডে আমাদের সম্বন্ধে খুব সিম্পল ক্যারাকটারাইজেশন অব ইণ্ডিয়া হচ্ছে।• এর প্রতিকার কি? সেইজন্য আমি লিখলাম

Is the proclamation in our Constitution a mere paper proclamation shorn of substance, or is there any secret understanding between the two Governments so that Her Majesty's Government could with impunity treat India as a dominion being the inescapable legal position of India's association with Commonwealth? The Government of India on the other hand delude and dupe the people of this country by proclaiming ceremoniously every year on January 26th that India is a Republic. I consider this characterisation as an affront to the nation. I would request you to clarify the position and state publicly if the aforesaid description of India as a part of Her Majesty's dominion outside United Kingdom is justified or proper or correct?

কিন্তু একথা বলা সত্ত্বেও আমি একটা উত্তর তাঁর দপ্তর থেকে পেলাম বটে কিন্তু তিনি আজ পর্যন্ত ঘোষণা করেন নি। স্যার, আপনি জানেন জেনারেল ক্লজেস এ্যাক্ট বলে একটা আইনের বই আছে, আজ পর্যন্ত যা ভ্যালিড জেনারেল ক্লজেস এ্যাক্টে, সেকসন ৩ সাবসেকসন ১২তে কলোনীর ডেফিনেশন দেওয়া আছে, কলোনীর ডেফিনেশনে বলা হচ্ছে ইণ্ডিয়া ইজ এ ডোমিনিয়ান এবং এটা এ্যাকসেপ্ট করে নিচ্ছি। এই যদি আজকে দেশের অবস্থা হয় তাহলে আমাদের ভারতবর্ষ কোথায় দাঁড়িয়ে আছে। আমি আপনাকে বলছি আপনি জানেন যে সিটিজেনশিপ এ্যাক্টে নানা কেস হচ্ছে, সেখানে দেখেছি ফিজো সম্বন্ধে লোকসভাতে, আমি এটা নোট নিয়েছি, ১৯৬০ সালে ডিসেম্বর মাসে একটা প্রশ্নোত্তরে ডেপুটি মিনিস্টার বললেন

Mr. Phizo has been granted the status of a British subject specifically on the basis of Indian citizenship.

শুধু তাই নয়, আমাদের ল-কমিশন যে রিপোর্ট দিচ্ছে তাতে বলছে

By clause 2 of Article 372 power was given to President to make such adaptations and modifications as may be deemed necessary for the purpose of bringing the provisions of any law in force into concord with the provisions of the Constitution, but the adaptations and modifications were made by the President's orders in the case of existing Indian Act. British states were not touched; as a result, British states which are expressly applicable to India because India was a British possession are still supposed to be applicable to India without any change in the context.

[5-5—5-15 p.m.]

আমার লজ্জায় মাথা হেট হয়ে যায় যে আমাদের পার্লামেণ্টে কেউই প্রতিবাদও করে না যে ইণ্ডিয়া তার কলোনীর ডেফিনেসনের মধ্যে ডোমিনিয়ন বলছে। অশোকবাবু বড় বড় কথা বলছেন—আমি এই শেষ কথা বলছি যে আজকে বিশ্বাসঘাতকতার পটভূমিকায় দাঁড়িয়ে আমরা বিচার করছি। ইতিহাস আবার একদিন স্বীকার করবে ভারতবর্ষের ইতিহাস দুটো সময়ে দ্বিধা বিভক্ত হয়েছিল এবং সেই সময়ের সন্ধিক্ষণে দুটো বাধা এসেছিল—একবার ত্রিপুরীতে নেতাজী সুভাষচন্দ্র একটা পথ দেখিয়েছিলেন সেখানে কংগ্রেস বিশ্বাসঘাতকতা করে উল্টো পথ দেখিয়েছিলেন। আবার ১৯৪০ সালে রামগড়ে নেতাজী যে পথ দেখিয়েছিলেন সেখানে প্যারালাল কংগ্রেস করে তাঁর সেই নীতিকে বানচাল করা হয়েছিল। ইম্পিরিয়াল পার্লামেণ্টে—বিলাতে আইন করে ইণ্ডিপেণ্ডেন্স এ্যাক্ট অব ১৯৪৭—তাতে বলা হচ্ছে

An act to make provision for setting up an India of two independent Dominions.

এই যেখানে আইনে বলে দেওয়া হচ্ছে আমি তখন অবাক হয়ে যাই যে কি করে কংগ্রেস সদস্যরা এটাকে মেনে নেন। আজকে পাকিস্তানী যুদ্ধে কি ভূমিকা সেটা বড় কথা নয়—কেন আমরা

কমনওয়েলথে থাকবো—আমরা যদি নন-এ্যালাইণ্ড হই। কমনওয়েলথে যদি থাকি বাই ন্যাচা-রাল কনক্লুসন, আমাদের প্রিডিলেকসন

towards Atlantic Camp.

এসে যাবে এবং আমাদের পক্ষপাতিত্ব এসে যাবে এবং আজকে আমরা দেখছি যে সেখানকার প্রাইম মিনিষ্টার হবেন এই টিমের প্রধান লিডার মিঃ উইলসন এবং সেখানে কমনওয়েলথ কাণ্ট্রিজের ফরেন পলিসি ডিটারমিণ্ড হচ্ছে। সুতরাং আমি বলছি যে এটাকে যেন আমরা পাকিস্তান যুদ্ধের ভূমিকা হিসাবে গ্রহণ না করি। এটা একটা রাজনৈতিক মূল প্রশ্ন। সেই জন্য নেতাজী বলেছিলেন যে কোন দেশ অন্য দেশকে দয়া করে স্বাধীনতা দিতে পারে না। লড়াই করে প্রাণ দিয়ে সেখানে স্বাধীনতা আনতে হয়। সুতরাং কংগ্রেস যে বিশ্বাসঘাতকতা করেছে যার ফলে পার্টিসনে ৬ লক্ষ হিন্দু মুসলমান নিহত হয়েছে, ১ লক্ষ রমনী গৃহহারা এ্যাবডাকটেড হয়েছে এবং ১ কোটি ২০ লক্ষ গৃহ ধ্বংস হয়েছিল। সেই যে কলঙ্কজনক ইতিহাস সেই ইতিহাসকে মুছে ফেলে আমাদের আবার নূতন করে ইতিহাস করতে হবে। কাজেই যে কোন অবস্থাতেই হোক কমনওয়েলথে আমরা থাকবো না। এটা একটা আন্তর্জাতিক মর্যাদার প্রশ্ন ভারতবর্ষের সংবিধানের প্রশ্ন। সত্য সত্যিও আমরা যদি ডোমিনিয়ন না হই আমরা রিপাবলিকান কাণ্ট্রি হই তাহলে আমরা কিছুতেই কমনওয়েলথে থাকবো না। সেইজন্য আমি অনুরোধ করবো যে অশোকবাবু এইখানে দাঁড়িয়ে বলে যান যে আমাদের ইণ্ডিয়া ডোমিনিয়ন নয়। কেন পার্লামেণ্টে প্রাইম মিনিষ্টার লালবাহাদুর শাস্ত্রী আজ পর্যন্ত জবাব দিচ্ছেন না। আজকে এই প্রশ্ন নয় যে হাই কমিশনারের জায়গায় ইংল্যাণ্ডে এ্যাম্বাসাডার বসালে সমস্যার সমাধান হবে। এটা একটা গোঁজামিল। এটা আমাদের দেশের কাগজ ওয়ালারা এবং জাতীয়তাবাদী নেতারা করেছেন। তাই আজকে আসুন আমরা সংকল্প নিই—সংশোধনী প্রস্তাব সরিয়ে নিন—আজকে আমাদের সমস্ত জাতির আশা আকাঙ্খা যে আমরা কমনওয়েলথে যাবো না আমরা স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসাবে পৃথক হয়ে থাকবো—কমনওয়েলথ থেকে বেরিয়ে আসবো।

Dr. Pratap Chandra Chunder:

সভাপতি মহাশয়, কমনওয়েলথ ছাড়ার দাবী বহুবার ভারতবর্ষে শোনা গেছে, বিশেষ করে কতকগুলি বিরোধী দলের কাছ থেকে এবং লোকসভায় এ নিয়ে বিশেষভাবে আলোচনা হয়েছে। মাঝে মাঝে যখন নানা সমস্যা দেখা দেয় বিশেষ করে রাজনৈতিক সমস্যা দেখা দেয় তখন এই প্রশ্নটা শুধু আমাদের দেশে কেন পৃথিবীর অন্যান্য দেশেও বিশেষত যে সমস্ত দেশগুলি কমনওয়েলথের সদস্য আছে তাদের মনের মধ্যে এই প্রশ্ন জাগে, বাস্তবিকই কমনওয়েলথে থাকার কোন সার্থকতা আছে কিনা। এমন কি আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রী পণ্ডিত জহরলাল নেহেরু এক সময় বলেছিলেন যখন সুয়েজ সংকট দেখা দিয়েছিল যে আমাদের মাঝে মাঝে বিচার করে দেখতে হবে যে কমনওয়েলথে আমরা থাকবো কিনা। তা সত্বেও আমরা দেখেছি যে তিনি কমনওয়েলথে থাকার পক্ষে মত দিয়েছিলেন এবং আমাদের যে লোকসভা রয়েছে সেখানে তিনি কমনওয়েলথে থাকার যুক্তির—আমরা কেন আছি—সেটা বর্ণনা করেছিলেন। আজও আমরা কমনওয়েলথের মধ্যে রয়েছি। আজকে আবার নূতন করে যে প্রশ্ন উঠেছে তার মূল কথা অশ্বিনী বাবু বল্লেন যে পাকিস্তানের এই যে চক্রান্ত ও ভারতবর্ষ আক্রমণ এবং কাশ্মীর নিয়ে যে সমস্ত কাজ তারা করছে, প্রকারান্তরে তা সমর্থন করেছেন উইলসন সাহেব—তা সত্য কথা। প্রকাশ্য ভাবে তিনি বলেছেন যে পাকিস্তানের এই দাবী সম্পর্কে চিন্তা করতে হবে যে গণভোটের সেখানে প্রয়োজনীয়তা আছে কিনা। আমি স্মরণ করিয়ে দিতে চাচ্ছি যে পাকিস্তান তো নিশ্চয় ইংরাজের সৃষ্টি এবং সৃষ্টি বলেই তার প্রতি তাঁদের একটা দরদ থাকা স্বাভাবিক কিন্তু যেটা ইংরাজের সৃষ্টি নয়, যেমন গোয়া—তার প্রতিও ইংরাজের দরদ ছিল। যখন গোয়া দখল করবার জন্য আমরা গেলাম তখন ইংরাজ এগিয়ে গিয়েছিল পর্তুগীজদের রণতরী দিয়ে সাহায্য করবার জন্য, সিকিউরিটি কাউন্সিল মারফৎ আমাদের নানাভাবে বিপদে ফেলবার জন্যে। খুব আনন্দের কথা যে তখন সোভিয়েট ইউনিয়ন আমাদের পাশে দাঁড়িয়েছিল। সেইজন্য আমরা সোভিয়েট ইউনিয়নের কাছে কৃতজ্ঞ। কিন্তু তা সত্বেও কমনওয়েলথে থাকার প্রশ্ন উঠেছিল

এবং আমরা কমনওয়েলথে আছি। কেন আছি সেটা নিশ্চয় নূতন করে বিচার করবার প্রয়োজন রয়েছে এবং আমি অশ্বিনীবাবুর সঙ্গে একমত যে ইংরাজ একটা প্রাগ্মেটিক জাতি। তারা বেনিয়া জাতি, যেখানে ব্যবসার সুবিধা হবে—সেখানে তারা বেশী ডিভিডেণ্ড পাবে। যেমন মনসুর সাহেব বল্লেন সেখানে তারা নিজেদের সুবিধা করে নেবার চেষ্টা করবেন। সেই কারণে পাকিস্তানকে তারা দরোয়ান হিসাবে দাঁড় করিয়ে রেখেছেন ভারতবর্ষের যাতে অসুবিধা হয় এবং ইংরাজ সাম্রাজ্যবাদী যাতে আরও একটু শক্তিশালী হতে পারে। শুধু পাকিস্তান নয় আরও অনেক জায়গা রয়েছে, যেমন ধরুন চীনের মূল ভূখণ্ডে এবং তার সমীপে যে দ্বীপ রয়েছে হংকং এবং কলুন—এতো বিরাট শক্তি চীনা কমিউনিষ্টদের, তা সত্বেও সেই হংকং কলুনে এখনও ইংরাজ সাম্রাজ্যবাদ ঘাঁটি গেড়ে রয়েছে। এবং লুকিয়ে-চুরিয়ে কমিউনিষ্ট চীনের সঙ্গে ব্যবসা বাণিজ্য করে যাচ্ছে। এটাই তাদের নীতি যে কি করে তারা নিজেদের ব্যবসার সুবিধা করে নিতে পারে। কাজেই এই নীতি জানা সত্বেও আমরা কমনওয়েলথের মধ্যে আছি কিন্তু এটা সত্যি কথা যে আমরা জোট-নিরপেক্ষ থাকবো এবং জোট নিরপেক্ষ থাকবো বলে আমরা এক দিকে যেমন ইংরাজ এবং মার্কিন সাম্রাজ্যবাদের যেসব জোট রয়েছে সিয়াটো সেণ্টো প্রভৃতি তাতে আমরা কোন অংশ গ্রহণ করি নি, আবার অন্য দিকে ঐ কমিউনিস্ট দেশের যেসব জোট রয়েছে ওয়ারশ প্যাক্ট কাণ্ট্রিজ এবং অন্যান্য যেসব জোট রয়েছে তাতেও আমরা যোগ দিই নি। এই জোট বাঁধবার একটা চেষ্টা বিভিন্ন দেশে যে রয়েছে, তার মধ্যে আমরা কোন অংশ গ্রহণ করি নি, অথচ কমনওয়েলথের মধ্যে আমরা আছি—মাঝে মাঝে আশ্চর্য লাগে এটা কি রকম হোল। কিন্তু আশ্চর্য হবার কিছু নেই—কেন না কমনওয়েলথ এমন একটা ব্যাপার যেটার মধ্যে অশোকবাবু যা বলেছেন, কোন কনষ্টিটিউসন নেই—তার কোন বিশেষ রীতি-নীতি নেই যে এই জিনিসটা করতেই হবে বা হবে না। সে রকম কোন কিছু নেই। মনসুর হবিব সাহেব এবং কাশীকান্তবাবু খুব জোর করে বল্লেন 'সাম্রাজ্যবাদীর দালাল', 'তার সঙ্গে সমঝোতা' ইত্যাদি—কিন্তু আমি তাদের স্মরণ করিয়ে দিতে চাচ্ছি যে এই কমনওয়েলথের সদস্য থেকেও ভারতবর্ষ সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে লড়াই করেছে, ইংরাজদের বিরুদ্ধে লড়াই করেছে। যখন সুয়েজ সংকট হয়েছিল তখন ভারতবর্ষ প্রেসিডেণ্ট নাসেরের পিছনে দাঁড়িয়েছিল এবং কমনওয়েলথের সদস্য থাকা সত্বেও ইংরাজের তাঁবেদারী করে নি। গোয়া যখন দখল করলো ভারতবর্ষ তখন ইংরাজ প্রাণপণ শক্তিতে বাধা দেবার চেষ্টা করেছে। কমনওয়েলথের সদস্য থাকা সত্বেও ভারতবর্ষ সেই নীতি থেকে বিচ্যুত হয় নি এবং যখন কোরিয়াতে একটা আপোষ নিষ্পত্তির কথা হয়েছে যাতে একদিকে কমিউনিষ্ট চীনের সুবিধা হতে পারে, অন্য দিকে তাদের বিরোধী শক্তিরও সুবিধা হতে পারে, সেখানে ভারতবর্ষ যে নেতৃত্ব গ্রহণ করেছিল তখন ইংরাজ সরকার তাতে বাধা সৃষ্টি করা সত্বেও এবং কমনওয়েলথের সদস্য হলেও ভারতবর্ষ তাতে কোন দ্বিধা করে নি। তাই আজকের দিনে কমনওয়েলথের সদস্য থাকা সত্বেও যদি কেউ বলেন যে সাম্রাজ্যবাদের গোলামী করছে ভারতবর্ষ, তাহলে আমি বলবো যে এটা ঠিক বলা হচ্ছে না। কাশীকান্ত বাবু কোন ম্যাজিষ্ট্রেটের উল্লেখ করেছেন—তিনি আদালতে রীতিমত প্রাকটিশ করেন, আমিও করি—আমরা জানি জজ ম্যাজিষ্ট্রেটরা অনেক সময় আবোল-তাবোল বকেন, তা নিয়ে এতো মাথা ঘামাবার দরকার নেই। প্রয়োজন হলে আপীল করা যায়, করে সেটা নাকচ করা যায়।

[5-15—5-25 p.m.]

অতএব কোথায় বিলাতের কোন এক ম্যাজিষ্ট্রেট কি একটা বলেছেন তার জন্যে সংবিধান যে অধিকার দিয়েছে, আমরা একটা রিপাবলিক প্রতিষ্ঠা করেছি, সেটা নস্যাৎ করে দিয়ে একটা ম্যাজিষ্ট্রেটের কথা মানতে পারিনা। সেই কথাই আমাদের কাছে বড় হবে না। এটা আমাদের দেখতে হবে যে কমনওয়েলথ-এ থাকার দরুন ভারতবর্ষের এই যে স্বাধীন পন্থা এবং আন্তর্জাতিক ক্ষেত্রের ভারতবর্ষের স্বাধীন নীতি সেই নীতি ব্যাহত হচ্ছে কিনা? আমি যে কয়েকটা উদাহরণ দিলাম তা থেকে স্বভাবতই বুঝতে পারা যায় যে ভারতবর্ষের স্বাধীন নীতি ক্ষুণ্ণ হয় নি। আজকে যে নীতি ভারতবর্ষ গ্রহণ করেছে সেই স্বাধীন নীতি যদি ক্ষুণ্ণ হত তাহলে নিশ্চয়ই ভারতবর্ষ পাকিস্তানের দাবী স্বীকার করে নিত। কেননা পাকিস্তানের পেছনে তার যে মনিব রয়েছে ইংরাজ, দারোয়ান হিসাবে আয়ুব খাঁকে দাঁড় করিয়ে রেখেছে এবং তার পেছন থেকে ইংরাজ কলকাঠী নাড়ছে। আজকে যদি নীতি ক্ষুণ্ণ হত তা হলে আমাদের জোয়ানরা

এগিয়ে যেত না এবং এইভাবে প্রস্তুত থাকত না। কিন্তু ভারতবর্ষ নীতি মেনে নেয় নি সেইজন্য ভারতবর্ষ আজ সংগ্রাম করছে। তাই আমাদের বক্তব্য হচ্ছে যে কমনওয়েলথে থাকা সত্ত্বেও ভারতবর্ষের স্বাধীন সত্তার কোন রকম ব্যতিক্রম হয়েছে এরূপ দেখা যায় না। এটা সকলকেই মেনে নিতে হবে। আজকে পৃথিবীতে আমরা দেখছি যে বিভিন্ন দেশগুলিকে আজকে কাছাকাছি আসতে হবে। আজকে ডিপেনডেন্স যেমন বড় কথা, তেমনি ইন্টার-ডিপেডেন্সও আন্তর্জাতিক সম্পর্কের সব চেয়েও বড় কথা পরস্পরের সঙ্গে বোঝা পড়া পরস্পর নির্ভরতার অনেক দরকার। সেজন্য আজকে আমরা দেখতে পাচ্ছি সোভিয়েট রাশিয়ার সঙ্গে আমেরিকার নীতিগত অনেক পার্থক্য থাকলেও বহু জায়গায় তারা একমত হয়েছে। আজকে চীনারা সোভিয়েট রাশিয়াকে যে সমালোচনা করেছে সেটা যদি সত্য হয় তা হলে এটাও বুঝতে হবে, সোভিয়েট রাশিয়া চীনকে পরামর্শ দিয়েছে ভিয়েৎনামের ব্যাপারে আজকে আমেরিকার সঙ্গে তাদের বোঝাপড়ার দরকার হয়ে পড়েছে। এ সবের কারণ হল, স্বাধীন দেশ হিসাবে আজকে জাতীয়তা বজায় রাখতে হবে, কিন্তু এই জাতীয়তা বজায় রাখার মানে এই নয় যে আমরা একঘরে হয়ে থাকবো, আমরা অন্য কোন দেশের সঙ্গে সম্পর্ক রাখবো না। কমনওয়েলথ ঐতিহাসিক কারণ থেকে সৃষ্টি হয়েছিল। যে সমস্ত দেশ ইংরেজ সাম্রাজ্যবাদের অধীনে ছিল সেইসব দেশের মধ্যে একটা আন্দোলন দেখা গেল। ক্রমশঃ তাদের মধ্যে ডোমিনিয়ন স্টেটাস-এর স্বপ্ন দেখা দিল। স্ট্যাটিউট অফ ওয়েস্ট মিনিষ্টার-এর ফলে শ্বেতকায় উপনিবেশগুলি অধিক ক্ষমতা লাভ করে ছিল। তারপর দ্বিতীয় মহাযুদ্ধের শেষে ইংরাজ সাম্রাজ্যবাদ যখন যুদ্ধের চাপে ঘায়েল হয়ে পড়ল, দেশরক্ষার জন্যে যখন দুর্বল হয়ে পড়েছিল, তখন পৃথিবীর আরও অনেক স্বাধীন দেশ উঠল যেগুলি পূর্বে ইংরেজ সাম্রাজ্যবাদের অধীনে ছিল। সেই সমস্ত দেশ, আজকে আমরা দেখতে পাচ্ছি, একটা প্লাটফরম-এ মিলিত হয়ে সে মঞ্চের উপর থেকে পরস্পরের সঙ্গে ভাবের আদান প্রদান করছে। এটার মানে এই নয় যে একটা দেশ আর একটা দেশের অধীনে গেছে। ইংল্যান্ডের এমন কোন ক্ষমতা নেই যে এই কমনওয়েলথ দেশগুলির উপর পুরানো প্রভুত্ব বিস্তার করতে পারে। তা যদি হত তাহলে সাউথ আফ্রিকাকে কমনওয়েলথ ছেড়ে চলে যেতে হত না। সাউথ আফ্রিকা নিজেই যে ভাবে একঘরে হয়ে পড়েছে ইংল্যান্ড চেষ্টা করেও তাকে আটকে রাখতে পারেনি। সাউথ আফ্রিকা-র শাসকেরা শ্বেতকায় জাতির মধ্যে। তারা এখন কমনওয়েলথ থেকে চলে যেতে বাধ্য হয়েছে। আজকেই আপনিই সংবাদপত্রে দেখবেন রোডেশিয়ার কথা। রোডেশিয়া নিজে থেকেই আজকে স্বাধীনতা ঘোষণা করেছে। কিন্তু আমরা কি দেখছি ইংল্যান্ড তার বিরুদ্ধে দাঁড়াবে বলে ঘোষণা করেছে কারণ এই কমনওয়েলথ-এ নতুন এক শক্তি সঞ্চার হয়েছে। অশোকবাবু দেখিয়েছেন, যে শ্বেতকায় জাতির সংখ্যা সেখানে বেশী নয়। অশ্বেতকায় অর্থাৎ কৃষ্ণকায় এবং পীতকায় সেখানে আছে, তারা মিলে এমন একটা অবস্থার সৃষ্টি করেছে যার ফলে মুষ্টিমেয় শ্বেতকায় শাসকেরা মিলে তার বিরুদ্ধে দাঁড়াতে পারছে না। আজকে পরস্পরের মধ্যে ভাবের আদান প্রদান হচ্ছে। ইংল্যান্ড-এর যারা কর্তৃপক্ষ তাদের কাছে আমরা আরও আমাদের কথা পৌঁছে দিতে পারবো। তাদের কথা আমাদের মেনে নিতে হবে এর কোন মানে নেই। এই যে বিধানসভায় আমাদের এই প্রসঙ্গ উত্থাপন হয়েছে বা আমাদের নিজস্ব দলের বন্ধুরা বিভিন্ন সময়ে যে সব কথা বলেন তার সব কথাই আমাদের মানা যায় না বা আমরা যে সব কথা বলি তারাও সব কথা তাঁরা মেনে নেন না। তাঁরা যে সব সময় সভা বর্জন করছেন তা নয়, তাঁরা এখানে এসেছেন এবং আলোচনা করছেন। এবং আলোচনা করেও মিলেমিশে একটা কিছু করবার চেষ্টা করছেন।

তেমনি পৃথিবীর মধ্যে আজ একই অবস্থা। প্রত্যেক দেশ তার নিজস্ব সত্তা বজায় রাখবার চেষ্টা করেন। কোন জোটের মধ্যে না গিয়ে বা কোন প্যাক্টের মধ্যে বদ্ধ না হয়েও কমনওয়েলথ-এ আমরা থাকতে চাই। আজকে এই কমনওয়েলথ-এ থেকে আমরা দেখছি যে আমরা পরস্পরের কাছে আসার চেষ্টা করছি, পরস্পরের মধ্যে সহযোগিতা রেখে রাজনৈতিক দিক থেকে এবং অন্যান্য দিক থেকে আমরা নিজেদের উন্নীত করবার জন্য সচেষ্ট। ইংরাজ—যারা শোষণ করেছে সেই ইংরাজকেও অন্যের সাহায্য নিতে হয়েছে। আমরাও অন্যের সাহায্য নিয়েছি। আমরা ইংল্যান্ডের সাহায্য নিয়েছি। আমরা সোভিয়েট রাশিয়ার সাহায্য নিয়েছি। কানাডার সাহায্য নিয়েছি, যুগোশ্লোভিয়ার সাহায্যও নিয়েছি। অবশ্য কেউ আর মুখ দেখে সাহায্য দেয় না। যেমন ইংল্যান্ডের কোম্পানীগুলো ডিভিডেন্ড পাচ্ছে তেমনি অন্যান্য দেশ সাহায্যের বিনিময়ে

অন্য কিছু পাচ্ছে। কোন্ দেশই খয়রাতি সাহায্য করতে আসে নি—সেকথা আজকে কাউকে বলে দিতে হবে না। সেজন্য আমি বলছি আজ আমাদের কমনওয়েলথ-এ থাকা দরকার। কমনওয়েলথ-এ একটা প্লাটফরম পেয়েছি যার মধ্য দিয়ে ভারতবর্ষের মত একটা বিরাট গণতন্ত্র আফ্রিকার অনেকগুলি দেশের সঙ্গে যোগাযোগ স্থাপন করছে—যেটা হয়ত শুধু ইউ-এন-ও-র মত একটা বৃহত্তর সংস্থার মধ্যে কাছাকাছি এসেও সম্ভব হত না। এই অপেক্ষাকৃত ছোট সংস্থার মধ্যে পরস্পরের আদান-প্রদানের সুযোগ এটা একটা মস্ত বড় কথা। তাছাড়া কমনওয়েলথ-এর মধ্যে অন্য সমস্ত বিভিন্ন দিক—যথা সাংস্কৃতিক দিক, এই সমস্ত দিকেও আদান প্রদান আজ হচ্ছে। নাগরিক দিক থেকেও অনেক সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে যদিও ইংল্যান্ড চেষ্টা করছে কমনওয়েলথ সিটিজেনশিপ কিছুটা সঙ্কুচিত করে দেবার জন্য। এতে কিছুটা অসুবিধা হবে সত্য কিন্তু আজকে বিভিন্ন দেশের মধ্যে সম্পর্ক রাখা এবং পরস্পরের উন্নতি চেষ্টা করার এই যে একটা সংস্থা একথা আজকে সেটিকে মনে রাখতে হবে। মাননীয় মনসুর হাবিব সাহেব একটি কথা ভুলে গেছেন। তিনি বক্তৃতায় বলছেন সোভিয়েট রাশিয়ার কথা। সোভিয়েট রাশিয়া নিজের পায়ে দাঁড়িয়েছে। আমি নূতন করে সেসব কথার উল্লেখ করতে চাই না। আমি কেবল এই কথা বলব, যেটা হয়ত আপনারা সকলেই জানেন, যে দ্বিতীয় মহাযুদ্ধের সময় ইংল্যান্ড ও আমেরিকার কাছ থেকে সোভিয়েট রাশিয়া অসংখ্য সাহায্য পেয়েছে লেণ্ড লিজ মারফৎ অসংখ্য সাহায্য পেয়েছে—এরোপ্লেন এবং অস্ত্রশস্ত্র ধার নিয়েই তবে তারা নাৎসীর জার্মানীর বিরুদ্ধে লড়েছে। আজকে পাকিস্তান সৃষ্টি হয়েছে বলে কম্যুনিষ্ট পার্টি থেকে কংগ্রেসকে দায়ী করা হয়েছে। কিন্তু তাঁরা ভুলে গেছেন যে কংগ্রেস প্রথমে পাকিস্তান মেনে নিতে চায় নি। কংগ্রেস এই জন্য বার বার বাধা দিয়েছে। শ্রীরাজা গোপালাচারী কংগ্রেস থেকে বেরিয়ে গিয়ে পাকিস্তানের দাবী সমর্থন করেছিলেন তখন লীগ ছাড়া একটি মাত্র রাজনৈতিক দল শ্রীরাজা গোপালাচারীর পেছনে দাঁড়িয়েছিল সেটা হচ্ছে কম্যুনিষ্ট পার্টি।

(কংগ্রেস বেঞ্চ হইতে শেম শেম ধ্বনি)

'জনযুদ্ধ' কাগজ দিনের পর দিন এই কথা লিখে গিয়েছিল, তারা বলেছিল যে মুসলমানদের আত্মনিয়ন্ত্রণের অধিকার দিতে হবে। শ্রীভবানী সেন প্রমুখও দলের সমস্ত নেতারা এই সব কথা বলেছিলেন। পুরানো প্যামফ্লেট খুঁজলেও এই সব দেখা যাবে। তাঁরা বলেছিলেন, এদের যদি আত্মনিয়ন্ত্রণের অধিকার না দাও তা হলে কোন দিনই ভারতবর্ষ শান্তিতে থাকবে না। আজকের দিনেও শ্রীনাম্বুদ্রিপাদের মত নেতা সংবাদপত্রে বলেছেন। ভারতবর্ষ-কাশ্মীরকে খয়রাতি করে দাও, পাকিস্তানের সঙ্গে হাত মেলাও। যে জন্য আজ বামপন্থী কম্যুনিষ্ট পার্টির বহু লোক ঐ দল ছেড়ে আসবার জন্য চিন্তা করছেন। আজকে তাদেরই মুখ থেকে শুনতে হয় যে ভারতবর্ষ বিভাগের জন্য দায়ী হচ্ছে কংগ্রেস। এটা অত্যন্ত দুঃখের কথা। কংগ্রেসের যে সমস্ত ত্রুটী আছে সে সমস্ত আমরা কখনই তুচ্ছ করে ধরি না। কংগ্রেসের দোষ হয়েছে যে সে জবরদস্তী করে তার নীতিতে আঁকড়ে থাকতে পারে নি। এটা সম্ভব হয় নি। কারণ আমরা জানি যে পৃথিবীতে অনেক সময় একটা অবস্থা ঘটে যা আমরা মোটেই চাই না কিন্তু তা সত্ত্বেও আমাদের মেনে নিতে হয়। কোরিয়ার পার্টিশন হয় নি? জার্মানীতে পার্টিশান হয় নি? ইতিহাস কি জানেনা যে পোলাণ্ডে কতবার পার্টিশান হয়েছিল? সাইপ্রাসে আজ কি অবস্থা আমরা তা দেখতে পাচ্ছি। পৃথিবীতে অনেক ব্যাপার ঘটে আর ঘটনা চক্রের মধ্যে অনেক সময় অপ্রিয় জিনিষকেও স্বীকার করে নিতে হয়। কংগ্রেস সেটা স্বীকার করে নিতে বাধ্য হয়েছে। কিন্তু তার মানে এই নয় যে কংগ্রেস সেখানে বিশ্বাসঘাতকতা করেছে জাতির সঙ্গে। যদি বিশ্বাসঘাতকতা কেউ করে থাকে তা হলে তা হল একমাত্র কম্যুনিষ্ট পার্টি। তখন মুসলীম লীগের সঙ্গে হাত মিলিয়ে, শ্রীরাজা গোপালাচারীর সঙ্গে হাত মিলিয়ে এরূপ একটা অবস্থার সৃষ্টি করেছিল যেটা আজকেও আমরা ভুলে যেতে পারিনি। আজকে পাকিস্তানের সঙ্গে সংঘাত হচ্ছে সেটা সামনে রেখে নিশ্চয়ই আমরা একথা বলবো যে ইংরাজ যে পন্থা গ্রহণ করেছে, ইংল্যাণ্ডের প্রধান মন্ত্রী যে পন্থা গ্রহণ করেছেন সেটা আমরা মেনে নেব না। আমাদের প্রধানমন্ত্রী যে বলিষ্ঠ নীতি গ্রহণ করেছেন সেই বলিষ্ঠ নীতি আমরা সমর্থন করি। এই যে কমনওয়েলথ সংস্থা রয়েছে, সেই কমনওয়েলথ সংস্থার মধ্যে থেকে আজকে অন্যান্য দেশগুলিকে বোঝাবার চেষ্টা করবো এবং সেই সংস্থার মধ্যে থেকে আমরা

আমাদের নিজেদের বক্তব্য সারা পৃথিবীর কাছে প্রকাশ করবার চেষ্টা করবো। সেই সংস্থাকে কাজে লাগিয়ে আমরা আমাদের ন্যায্য দাবী প্রতিষ্ঠিত করবো, কমনওয়েলথ ছেড়ে এসে নয়। সেইজন্য অশোকবাবু যে সংশোধনী প্রস্তাব রেখেছেন আমি সেটা সমর্থন করছি।

[5-25—5-35 p.m.]

Shri Deb Saran Ghosh:

মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে আমাদের সামনে যে প্রস্তাব এসেছে যে কমনওয়েলথ থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। এ প্রস্তাব কমনওয়েলথ অন্তর্ভুক্তির পর থেকেই আমাদের দলের তরফ থেকে করে আসছি এবং জনসাধারণও এই দাবী করে আসছে। ব্রিটেনের চক্রান্ত মূলক যে নীতি ভারতবর্ষকে পর্যুদস্ত করবার যে নীতি আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতবর্ষকে অপমানিত করবার যে নীতি সেই নীতি আমরা বহুদিন ধরেই লক্ষ্য করে আসছি এবং তার একটা বিশেষ পরিণতি হল পাকিস্তান কর্তৃক ভারত আক্রান্ত।

পাকিস্তান কর্তৃক ভারতবর্ষ আক্রান্ত হবার ফলে বৃটেন যে পন্থা বা নীতি গ্রহণ করেছে, তাতে আরও স্পষ্ট হয়েছে বৃটেনের সেই চক্রান্তমূলক নীতি বা উদ্দেশ্যের কথা। কাজেই চীন, ভারতের—এই সংঘর্ষের দৃষ্টিভঙ্গীতে বা পরিপ্রেক্ষিতে ভারতবর্ষকে কমনওয়েলথ থেকে বেরিয়ে আসতে হবে, সেটাই আমাদের একমাত্র বিচার্য বিষয় নয় বা সেটাই আমাদের একমাত্র উপলক্ষ নয়। অতীতে আমরা বৃটেনের চক্রান্তমূলক নীতি বহু রকম দেখেছি। আজকের এই দাবী সম্পর্কে বিরোধী পক্ষরা বহু দিন থেকে বলে আসছে, অধুনাকালে কংগ্রেসের কিছুটা মোহ ভঙ্গ হয়েছে। বৃটেন সম্পর্কে তাঁদের যে নীতি, তাঁদের যে ধারণা, তাঁদের যে মোহ, সেই মোহটা কিছুটা পরিবর্তিত হয়েছে, তা তাঁরা স্বীকার করেছেন। বিশেষ করে ভারতবর্ষ এবং পাকিস্তান সংঘর্ষ, এবং কাশ্মীরের গণভোটের দাবীকে বৃটেনের সমর্থন করার যে নীতি, এর ফলে, কংগ্রেসের তরফ থেকে, কংগ্রেসের এক শ্রেণীর সদস্যদের মনে এই প্রশ্ন দেখা দিয়েছে যে কমনওয়েলথ-এ আমাদের থাকার কোন যৌক্তিকতা আছে কিনা? মাননীয় চেয়ারম্যান স্যার, আমি কিছুক্ষণ আগে কংগ্রেসের দুইজন নেতৃস্থানীয় সদস্যের বক্তৃতা শুনছিলাম, কমনওয়েলথ-এর ডেফিনেসন সম্পর্কে বলতে গিয়ে তাঁরা যে জিনিষটা বলতে চেয়েছেন, তা পরিষ্কার ভাবে কিছু বলতে পরেন নি। কমনওয়েলথ জিনিষটা যে কি, তা তাঁরা নিজেরাই ঠিক বুঝতে পারছেন না। তাঁদের বক্তব্য হচ্ছে যে কমনওয়েলথ জিনিষটা কিছুই না, এবং এইটাই আমাদের তাঁরা বোঝাতে চেষ্টা করেছেন। আমার বক্তব্য হচ্ছে যে সেটা যদি কিছু না হয়, তাহলে তার ভিতরে আমাদের থাকার কি সার্থকতা থাকতে পারে? আর একটা জিনিষ তাঁরা বলেছেন, যে কমনওয়েলথ-এর ভিতরে থাকবার লাভজনক অবস্থা হচ্ছে এই, যে কমনওয়েলথ একটা ইণ্টারন্যাশানাল ফোরাম। পৃথিবীর অন্যান্য দেশের সামনে, আমাদের যা বক্তব্য, তা রাখবার একটা ফোরাম বা প্ল্যাটফরম। ১৭।১৮ বছর ধরে সেই প্ল্যাটফরম-এ দাঁড়িয়ে বা সেই ফোরাম-এ দাঁড়িয়ে ভারতবর্ষ আজ পর্যন্ত যা বলে এসেছে তার কোনটাই রক্ষিত হয় নি। কমনওয়েলথ-এর অন্তর্ভুক্ত দেশগুলি থেকে ভারতীয়দের যে বহিষ্কার করা হচ্ছে, সেখানে এমন কোন প্রস্তাব গ্রহণ করা ভারতবর্ষের তরফ থেকে সম্ভব হয়নি, যে তা বন্ধ করা দরকার। কমনওয়েলথ-এ বিভিন্ন রাষ্ট্র অন্তর্ভুক্ত আছে। অশোকবাবু বলেছেন যে সেই ফোরাম-এর ভিতরে থেকে আমাদের চেষ্টা করতে হবে, এবং আমাদের সেই চেষ্টা জয়যুক্ত হবে,—যে আমরা এক দিন, কমনওয়েলথ থেকে গ্রেট বৃটেনকে সরিয়ে দিতে সক্ষম হবো।

খুব আশ্চর্য লাগে শুনতে একজন বিশিষ্ট সদস্যের মুখ থেকে এই রকম উক্তি—কমনওয়েলথে বৃটেন একমাত্র সভ্য দেশ, কমনওয়েলথের স্রষ্টা বৃটেন এবং তার সর্বময় কর্তাদেশ বৃটেন, সর্বময় ক্ষমতা বৃটেনের হাতে। কমনওয়েলথের যে সাম্রাজ্ঞী—যিনি কমনওয়েলথের গর্ব, শুধু তাই নয়—বৃটেনের ইচ্ছার বিরুদ্ধে আজ পর্যন্ত কমনওয়েলথের কোন সভা আহ্বান করা কমনওয়েলথের অন্তর্ভুক্ত কোন দেশে সেই অধিকার স্বীকৃত হয় নাই। বৃটেন যখন এবং যেদিন

কমনওয়েলথের সম্মেলন আহ্বানের ইচ্ছা করবেন, তখনই তা সম্ভবপর হবে, অন্যথায় কমনওয়েলথের অন্তর্ভুক্ত অন্য কোন রাষ্ট্রের মতামত গ্রহণ যোগ্য নয়।

এই কমনওয়েলথ কেন সৃষ্টি হয়েছে? আজকে সরকারপক্ষ বা কংগ্রেসের তরফ থেকে যে বক্তব্য রাখা হয়েছে, তাতে স্বীকার করা হয়েছে যে এশিয়া এবং আফ্রিকার যে সমস্ত রাষ্ট্র আগে যারা বৃটিশ সাম্রাজ্যবাদের অধীনস্থ ছিল, যারা সদ্য স্বাধীনতা প্রাপ্ত হয়েছে, সেই সমস্ত রাষ্ট্রের মিলিত একটা সংগঠন। কিন্তু শুধু মিলিত সংগঠন নয়, আমি মনে করি বৃটেনের ক্ষয়িষ্ণু সাম্রাজ্যবাদী শক্তির সেই যে প্রভুত্ব করবার বাসনা বা ইচ্ছা তা এর মধ্য দিয়ে প্রকাশ করছে বা বলবৎ করছে এই কমনওয়েলথের মাধ্যমে সাম্রাজ্যবাদী বৃটেনের যে ধনিকশ্রেণী—তাদের যে শ্রেণী স্বার্থ, সেই শ্রেণীস্বার্থ যেখানে বিঘ্নিত হয়েছে, যেখানে তা রক্ষিত বা পালিত হচ্ছে না, সেখানে তারা তাদের নীতির পরিবর্তন করছে, তার সাথে কমনওয়েলথের সিদ্ধান্তও পরিবর্তন করছে। অশোকবাবু বলেছেন কমনওয়েলথে থাকবার আমাদের একটা লাভ হয়। কমনওয়েলথের অন্তর্ভুক্ত দেশগুলির যে অর্থনৈতিক সমস্যাগুলি আছে, সেই সমস্যাগুলি নিয়ে সেখানে আলোচনা করা এবং তার কিছু প্রতিবিধানের ব্যবস্থা করা। মাননীয় চেয়ারম্যান স্যার, আমরা দেখছি যে আমাদের ভয় হচ্ছে বৃটেনের কাছ থেকে আমরা যে অর্থনৈতিক সাহায্য পাই, কমনওয়েলথ থেকে বেরিয়ে এলে, কমনওয়েলথের সংগে সম্পর্কচ্ছেদ করলে আমরা সেই অর্থনৈতিক সাহায্য পাব না। কিন্তু আমরা লক্ষ্য করে দেখেছি শুধু কমনওয়েলথের অন্তর্ভুক্ত দেশ নয়, পৃথিবীর এমন বহু রাষ্ট্র আছে যাদের অনেকে ভারতবর্ষকে অর্থনৈতিক এবং রাজনৈতিক সাহায্য করে আসছে। কমনওয়েলথের অন্তর্ভুক্ত থাকা সত্ত্বেও, বৃটেনের সংগে আমাদের অর্থনৈতিক সম্পর্ক থাকা সত্ত্বেও আমরা লক্ষ্য করেছি যখন পাকিস্তান ভারতবর্ষকে আক্রমণ করলো, তখন বৃটেন শুধু সরকারীভাবে অস্ত্রশস্ত্র সরবরাহ করে ভারতকে সাহায্য করা বন্ধ করেছে তা নয়, বে-সরকারী প্রতিষ্ঠানের সংগে ভারতবর্ষের যে চুক্তি হয়েছিল ব্রিটেন জোর করে সেই সমস্ত কোম্পানীকে ও প্রতিষ্ঠানকে বাধ্য করেছে ব্রিটেনের অনুমতি ছাড়া, ভারতবর্ষকে কোন অস্ত্র বা কোন প্রকার সাহায্য দেওয়া চলবে না। কাজেই এর দ্বারা প্রমাণিত হচ্ছে যে কমনওয়েলথের অন্তর্ভুক্ত ও ভারতবর্ষকে ব্রিটেন অর্থনৈতিক সাহায্য ও অস্ত্রশস্ত্র দিয়ে সাহায্য করবে এমন কোন গ্যারাণ্টী আমাদের সামনে নাই।

একটা প্রশ্ন আমাদের সামনে এসেছে, যে আমরা দেখেছি যে ব্রিটেন চীন যখন আমাদের দেশ আক্রমণ করে তখন বৃটিশ আমাদের সাহায্য করেছিল। এটা ঠিক কথা যে বৃটিশ ভারতবর্ষের সার্বভৌমত্ব রক্ষা করবার জন্য তার স্বাধীনতা যে বিপন্ন হয়েছে তা রক্ষা করবার জন্য যে অর্থনৈতিক সাহায্য দিয়েছিল বা যুদ্ধাস্ত্র দিয়েছিল তা মোটেই সত্য কথা নয়। আমরা জানি যে ভারতবর্ষে কোটী কোটী টাকা বৃটিশ পুঁজি লগ্নী করা আছে চীন যদি ভারতবর্ষ দখল করে এবং চীন কর্তৃক যদি ভারতবর্ষ আক্রান্ত হয় তাহলে বৃটিশের সেই যে লগ্নী তার যে স্বার্থ পুঁজিপতিদের যে স্বার্থ সে স্বার্থ বিঘ্ন হবে। ঠিক সেই কারণের জন্য সেই স্বার্থ বিঘ্নিত যাতে না হতে পারে সেই কারণে—ভারতবর্ষকে তারা সাহায্য করেছিল। ঠিক পরেই আমরা লক্ষ্য করলাম যখন ভারতবর্ষ পাকিস্তান কর্তৃক আক্রান্ত হল সেখানের বৃটিশের কোন স্বার্থ বিঘ্নিত হওয়ার সম্ভবনা নাই তার কারণ পাকিস্তানের সংগে বৃটিশের গোপন সম্পর্ক আছে। কারণ ব্রিটেনই ভারতবর্ষকে ভাল করে পাকিস্তান সৃষ্টি করেছে তার নিজের স্বার্থকে পূর্ণ করার জন্য, কায়েম করার জন্য এই ভারতবর্ষ বিভাগ করেছে। সেইজন্য তার কোন ভয় নাই, তার কোন দুর্ভাবনা নাই। পাকিস্তান কর্তৃক ভারতবর্ষ আক্রান্ত হলেও ব্রিটেনের যে পুঁজি তার যে অর্থলগ্নী ভারতবর্ষে আছে তার সে স্বার্থ বিঘ্নিত হওয়ার সম্ভাবনা নাই। সেই কারণে ব্রিটেন আজ অর্থনৈতিক অবরোধ নীতি গ্রহণ করেছে। সেজন্য আমি অশ্বিনীবাবু যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব আমার সংশোধনী সমেত আমি অনুরোধ করব যাতে গ্রহণ করেন সেই আবেদন জানিয়ে আমি বক্তৃতা শেষ করছি।

[5-35—5-45 p.m.]

Shri Sudhir Chandra Das:

মাননীয় চেয়ারম্যান স্যার, অনেক বিতর্ক হয়েছে সুতরাং আমি আর সেদিকে যাব না তবে একটা কথা আমার মনে হয়েছে যে নিজের শক্তিতে যদি ভারত দাঁড়াবার চেষ্টা করে তাহলে সে এবং নিরপেক্ষ নীতিকে যদি বজায় রাখতে পারে তাহলে সমস্ত অর্থনৈতিক সাহায্য সামরিক সাহায্য

যতটুকু রাষ্ট্র হিসাবে বেঁচে থাকার জন্য আমাদের দরকার তা সকলে করতে বাধ্য হবে এবং সাহায্য আসবে। এই যে নিজের পায়ে দাঁড়াবার যে শক্তি ভারতের জেগেছে যতটুকু জেগেছে তাতেই বুঝতে পারা গেছে, তাতেই আত্মশক্তিতে ভারতবর্ষ এখন উদ্বুদ্ধ হয়ে উঠেছে, ভারতের জনমত বৃটিশের এই বিশ্বাসঘাতকতার ভিতর দিয়ে ভারতের জনগণ আজ চায় যে বৃটিশ কমনওয়েলথ যেটা হয়েছিল সেই কমনওয়েলথ-এ থেকে ভারতের কোন লাভ হয়নি বরং বন্ধু বেশে শত্রুতা সুযোগ পেয়েছে সে কথা অবশ্য কংগ্রেস দল স্বীকার করেছেন। কিন্তু কমনওয়েলথ-এ থাকার যে প্রয়োজন যেখানে কোন বাধ্যবাধকতা নেই যেখানে তার কোন প্রকারের নিয়ন্ত্রণ নাই সেই রকম একটি বিতর্ক সভায় যেয়ে কিছু লাভ আছে বলে আমরা মনে করি না। যখনই দেখতে পাচ্ছি যে বৃটিশের প্রভুত্ব এবং ভারতবর্ষের মত একটা স্বাধীন দেশ তার কাছে নত হয়ে থাকবে একথা আজ স্বাধীন ভারতবর্ষের পক্ষ থেকে কখনও এই প্রস্তাব মেনে নেওয়া উচিত নয়। কমনওয়েলথ-এর সম্পর্ক সম্পূর্ণ ছিন্ন করা উচিত নয়, একথা বলা ঠিক নয়। অধিকন্তু আমাদের বন্ধুবেশে শত্রুতার কাজ করছে এবং ভারতের পদে পদে মর্যাদা নষ্ট করছে এবং যেখানে সম্পূর্ণ বৃটিশের প্রভুত্ব রয়েছে এই রকম গোষ্ঠীতে কখনই থাকা উচিত নয়। আমি দুই পক্ষেরই যুক্তি শুনেছি সেজন্য আমি মনে করি সংশোধনী প্রস্তাব যেটা আনা হয়েছে অশ্বিনীবাবুর তা খুব সুন্দর প্রস্তাব হয়েছে এবং সেটা গ্রহণ করা উচিত। এবং কমনওয়েলথ থেকে ভারতবর্ষ বেরিয়ে এসে পূর্ণ মর্যাদায় আত্মশক্তিতে ভারতবর্ষ দাঁড়াক এটাই আমাদের অভিপ্রায়।

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় চেয়ারম্যান মহোদয়, এতক্ষণ ধরে যে বিতর্কের অবতারণা এখানে হয়েছে ভারতবর্ষের সঙ্গে কমনওয়েলথ-এর সঙ্গে সম্পর্ক ছিন্ন করার সম্পর্কে আমি মন্ত্রীসভার পক্ষ থেকে সেই প্রস্তাবের বিরোধীতা করছি এবং যদি এই প্রস্তাব সংশোধনী, শ্রীঅশোককৃষ্ণ দত্ত মহাশয় এনেছেন তা গ্রহণ করা হয় তাহলে আমাদের পক্ষ থেকে আমরা এই প্রস্তাবকে সমর্থন জানাতে পারি। এটা সম্পূর্ণভাবে উদ্যোক্তার উপর নির্ভর করছে যে তিনি এই সংশোধনী গ্রহণ করে এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে করতে দেবেন কি দেবেন না। বেশীর ভাগ যে বক্তৃতা করেছেন তা শুনে শুধু আমার একটি কথাই মনে হচ্ছিল যে ইংরেজের ইন্টারেষ্ট কমনওয়েলথ-এর ইন্টারেষ্ট এই দুটোকে আইডেণ্টিক্যাল করা হয়েছে। বেশীর ভাগ বক্তা ইংরাজের বিপক্ষে যে মনোভাব প্রকাশ করেছেন, তারা কমনওয়েলথ-এর সঙ্গে সম্পর্ক ছিন্ন করার যুক্তি হিসাবে শুধু ইংরাজের মনোভাবের কথাই তুলে ধরেছেন। ইংরেজ কিম্বা বৃটিশ সরকার আর কমনওয়েলথ এক কথা নয়। অন্তত আজকের দিনে সে কথা আর বলা যায় না। শ্রীকাশীকান্ত মৈত্র যে নজীর তুলে ধরেছেন ষ্টিটী সম্পর্কে যে লেটার হেড-এ বৃটিশ গভর্ণমেণ্টের বা সেখানকার কোন বিচারক কি লিখেছেন তার জন্য কেন লোকসভার কক্ষে বা দিল্লীর কক্ষে দাঁড়িয়ে প্রধানমন্ত্রী তার প্রতিবাদ জানালেন না– অতএব আমরা ভারতবর্ষটা রিপাবলিকান কাণ্ট্রি না থেকে ডোমিনিয়ন-এ পরিণত হলাম এই যদি যুক্তি হয় তাহলে তার রিপাবলিক সম্পর্কে কতখানি আস্থা এবং শ্রদ্ধা এরই শুধু পরিচয় তিনি দিয়েছেন। এবং তার চিঠি সত্যিকারের যে মর্যাদা তিনি আশা করেছিলেন সেই মর্যাদা পাননি বলে সেই ক্ষোভের কারণেই বৃটিশের সঙ্গে সম্পর্ক ছিন্ন করার অজুহাত হিসাবে কমনওয়েলথ-এর সঙ্গে সম্পর্ক ছিন্ন করতে হবে এই যুক্তি কখনই গ্রহণযোগ্য নয়। তবে একটা কথা আমি এখানে বলতে চাই বেশীর ভাগ সদস্য কেন সমস্ত সদস্যই তারা বিরোধী দলেরই হউন আর কংগ্রেস দলেরই হউন তারা বৃটিশ সরকারের মনোভাব সম্পর্কে যে এখানে ক্ষোভ প্রকাশ করেছেন আমরা সম্পূর্ণভাবে তার সঙ্গে একমত। আজকে সমস্ত ভারতবাসীর পক্ষ থেকে সমস্ত ভারতবাসীরা আমাদের এই কাশ্মীরে এবং ভারতবর্ষে যুদ্ধ পরিস্থিতি সম্পর্কে বৃটিশ সরকারের যে মনোভাবের পরিচয় বৃটিশ সরকার দিয়েছেন তার বিরুদ্ধে তীব্র প্রতিবাদ লোকসভার কক্ষে হয়েছে বিধানসভার কক্ষে আজকে হচ্ছে এবং সমস্ত গ্রাম সহর প্রান্তরে নিশ্চয়ই হবে। এবং আমাদের কেন্দ্রীয় নেতারা এবং আমাদের সমস্ত রাজ্যের নেতারা এই সম্পর্কে তাদের মনোভাব প্রকাশ করেছেন। আজকে তারা যে ক্ষোভ প্রকাশ করেছেন সেই ক্ষোভের সঙ্গে আমরাও গলা মেলাতে সম্পূর্ণ প্রস্তুত আছি। কিন্তু সেটা বৃটিশ সরকারের বিরুদ্ধে বৃটিশ মনোভাবের বিরুদ্ধে। বৃটিশ সরকার এবং কমনওয়েলথ-কে কখনই এক নজরে

দেখতে চাইনি এবং এক নজরে দেখার কথা বলাটাও যুক্তিসঙ্গত হতে পারে না। আজ যেখানে ২১টি স্বাধীন দেশ নিয়ে যে কমনওয়েলথ গড়ে উঠেছে সেই ২১টি দেশের তৈরী যে এ্যাসোসিয়েশন এই কমনওয়েলথ-কে আমরা একটি ইংরাজের দেশের মনোভাবের জন্য দেশের সম্পর্কে পরিত্যাগ করে চলে আসব আজকে সেই পরিস্থিতির সৃষ্টি হয় নি। ভারতবর্ষের পক্ষ থেকে আমরা পৃথিবীতে এক বিশ্ব নেতৃত্ব দিতে এসেছি এবং দিয়ে এসেছি এবং ভবিষ্যতে দেব। অতএব কমনওয়েলথ-এ বৃটিশের প্রভুত্ব এটাই একমাত্র বড় কথা হয়ে চিরদিন থাকতে পারবেনা যদিও আজকে তারা বেশীর ভাগ ক্ষেত্রে দেখা যাচ্ছে খানিকটা প্রি-ডোমিনেট রোল তাদের রয়েছে। কারণ বেশীভাগই এই ২১টা দেশের মধ্যে অন্তত ১৮টা দেশ ৬৪ সাল পর্যন্ত এই ৬৫ সাল পর্যন্ত স্বাধীন হয়েছে।

[5-45—5-55 p.m.]

একটা দেশ অনেক বছর পরে পরাধীন থেকে যখন স্বাধীনতা লাভ করে তখন কিছু সময় লাগে তার শক্তি সংগ্রহ করবার জন্য। সেই আর্থিক শক্তি কিম্বা সামরিক শক্তি সংগ্রহ করার দিক থেকে তাদের অসুবিধা রয়েছে বলে আজকে ব্রিটিশ সেখানে খানিকটা প্রিডোমিনেণ্ট রোল নিতে পেরেছে। কিন্তু তাই বলে ভারতবর্ষ স্বাধীন নয় একথা ভারতবর্ষের কেন পৃথিবীর কেউ স্বীকার করবে না। বর্তমান পরিস্থিতিতে এমন কোন ঘটনা ঘটেনি যার জন্য আজকে এই প্রস্তাব গ্রহণ করা যেতে পারে। যেহেতু কাশ্মীরের ব্যাপারে ব্রিটিশ সরকারের মনোভাব বিরূপ, যেহেতু কাশ্মীরের ব্যাপারে ব্রিটিশ সরকার অত্যন্ত তিক্ততার সৃষ্টি করেছে, অত্যন্ত আনডিগ্নিফায়েড ব্যবহার করেছে এবং পাকিস্তানের স্রষ্টা হিসাবে, অবিভাবক হিসাবে পাকিস্তানের পাশে এসে দাঁড়িয়েছে সেহেতু আমরা কমনওয়েলথ ছেড়ে চলে আসবো এটা কোন কাজের কথা হতে পারেনা এবং কমনওয়েলথ-এর ডেফিনেশন সম্বন্ধে দেব শরণ ঘোষ মহাশয় বললেন ঐ কমনওয়েলথ বলতে কি বলছেন সেখানে আমরা বলতে পারি কমনওয়েলথের ক্যারেক্টার কি, কমনওয়েলথের ডেফিনেশন আমাদের পক্ষ থেকে দেবার চেষ্টা হয়নি, ইট ইজ ওনলি এ্যান এ্যাসোসিয়েশন, উই আর অল ইকুয়্যাল পার্টনার্স, সেখানে ব্রিটিশ কি করলো না করলো তার জন্য কমনওয়েলথ ছেড়ে চলে আসা অবান্তর প্রশ্ন। তবে হ্যাঁ এমন কথা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ কিম্বা ভারতবাসীর পক্ষ থেকে বলতে চাইনা যে ভবিষ্যতে যদি এমন কোন পরিস্থিতি আসে যখন কমনওয়েলথ ছাড়বার প্রয়োজন হবে উই উইল ষ্টিক টু আওয়ার ওন ডিসিশন, কিছুতেই ছাড়বোনা, এ প্রশ্ন আসতে পারে না। পৃথিবীর পটভূমিকা অত্যন্ত দ্রুত পরিবর্তিত হচ্ছে এবং সেই পরিবর্তিত পটভূমিকায় ভারতবর্ষ কোন নীতি গ্রহণ করবে সেটা তখনকার পরিস্থিতি নির্দেশ দেবে। আজকে যে অবস্থার সম্মুখীন হয়েছি তাতে কমনওয়েলথ ছেড়ে চলে আসার কোন প্রশ্ন আসেনি। সেদিক থেকে শ্রীঅশোককৃষ্ণ দত্ত মহাশয় যে সংশোধনী এনেছেন সেই সংশোধনী এক কথায় উড়িয়ে দেবার কথা নয়। আমি মাননীয় সদস্যদের বলবো ভালভাবে তাঁরা এটা বিবেচনা করে দেখুন। যদি কমনওয়েলথ ছাড়ার একমাত্র ন্যায়সঙ্গত কারণ হয়ে থাকে ঐ ব্রিটিশ সরকারের মনোভাব, যেটা আপনারা বললেন, তাহলে কমনওয়েলথে আজকে তাঁদের প্রাইম মিনিষ্টার যে সভাপতিত্ব করছেন এবং লণ্ডনে তার যে অফিস রয়েছে এবং তার জন্য তাদের যে খানিকটা কর্তৃত্ব রয়েছে সেই কর্তৃত্বকে কেড়ে নেবার জন্য আজকে আমাদের এখানে সর্ববাদি সম্মত একটা প্রস্তাব করা উচিত যে কমনওয়েলথের অফিস লণ্ডনে থাকতে পারবে না, কমনওয়েলথের সভাপতিত্ব প্রাইম মিনিষ্টার অব ইংল্যাণ্ড বরাবরই করবে না, আমাদের প্রত্যেকটি মেম্বার নেশন যাঁরা রয়েছেন তাঁদের প্রধানমন্ত্রী যখন যে দেশে অধিবেশন বসবে সেখানকার প্রধানমন্ত্রী তার প্রেসিডেণ্ট হবেন এবং সেই সময়ে এর অফিস সেই জায়গায় স্থাপিত হবে। এইভাবে যদি বাই রোটেশন মেম্বার নেশনগুলি কমনওয়েলথের অফিস এবং কমনওয়েলথের সভাপতিত্ব করেন তাহলে আজকে যে ব্রিটিশ প্রি-ডোমিনেন্স রয়েছে তা আর থাকবে না বলে আমি মনে করি। সেইজন্য আমি মনে করি আজকে আমাদের এই দাবী হওয়া উচিত যে লণ্ডন থেকে এই কমনওয়েলথ অফিস সরিয়ে নেওয়া হোক এবং ইংল্যাণ্ডের প্রধান মন্ত্রী সেখানে যে পার্মানেণ্টলি সভাপতিত্ব করছেন সেখান থেকে তাঁকে সরিয়ে দেওয়া হোক। আজকে বর্তমান পরিস্থিতিতে আমি মনে করি এই প্রস্তাব যদি আমরা পাশ করি এখানে তাহলে

অত্যন্ত ন্যায়সঙ্গত এবং যুক্তিসঙ্গত হবে। আজকে আফ্রিকায় নূতন নূতন যে দেশগুলি জন্মগ্রহণ করছে স্বাধীন দেশ হিসাবে, আজকে সারা পৃথিবীব্যাপী আমরা যে ফোরাম তৈরী করেছি সেখানে ভারতবর্ষ থেকে আমরা নেতৃত্ব দিয়ে এসেছি এবং কোন দিন আমরা ইংরাজের কাছে আমাদের মাথা নত করবোনা এবং এই কমনওয়েলথ কাণ্ট্রির একটা পার্টনার হিসাবে আমরা এই ব্রিটিশের বিরুদ্ধে দাঁড়িয়ে ভারতবর্ষের সমস্ত শক্তি নিয়ে আমরা ঐ সংগ্রামী, স্বাধীনতাকামী আফ্রিকার দেশগুলির সঙ্গে তাদের লড়াই করতে সাহায্য করেছি এবং কমনওয়েলথ-এর সদস্য হিসাবে আমরা তা করেছি। আমি তাই শ্রীঅশোককৃষ্ণ দত্ত মহাশয় যে প্রস্তাব এনেছেন সেই প্রস্তাব সহ এই রেজোলিউশন পাশ করা হোক এই অনুরোধ করবো এবং আমি আশা করবো যে আমাদের এই প্রস্তাবের বিরোধীতা করার কোন প্রয়োজন হবে না। এবং যদি এই সংশোধনী প্রস্তাব গ্রহণ করি তাহলে আমাদের যে ক্ষোভ আজকে প্রকাশ হচ্ছে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে সেই ক্ষোভ প্রকাশ বিধানসভার কক্ষে দাঁড়িয়ে করলে এর যে পাবলিসিটি ভ্যালু আছে সেটা ইংরাজ গভর্ণমেণ্ট সেখানে জানতে পারবে এবং আমরা সমস্ত সংগ্রামী দেশগুলির পাশে দাঁড়িয়ে কমনওয়েলথের সদস্য হিসাবে তাদের সাহায্য করতে পারবো এবং একটা নূতন পৃথিবী গড়ে তুলতে পারবো যে পৃথিবীতে ইংরাজ প্রভুত্ব চিরকালের মত লোপ পাবে। আমরা দেখেছি প্রফুল্লবাবু এবং অতুল্য ঘোষ মহাশয় প্রথমেই বলেছিলেন, যেদিন ব্রিটিশ প্রধানমন্ত্রী আমেরিকাকে বলেছিলেন পি, এল, ৪৮০ বন্ধ করো, সেদিন এই পশ্চিমবঙ্গ থেকেই প্রথম প্রতিবাদ উঠেছিল। কিন্তু ব্রিটিশের বিরুদ্ধে প্রতিবাদ করবো বলে কমনওয়েলথের সঙ্গে সম্পর্ক ছিন্ন করবো এই যুক্তি গ্রহণ করার পরিস্থিতি সৃষ্টি হয়েছে বলে আমি মনে করিনা এবং লোকসভার কক্ষে দাঁড়িয়ে আমাদের ফরেন পলিসি যখন বিস্তারিতভাবে আলোচনা হয়েছে তখন এই সম্পর্কে বহুবার আলোচনা হয়ে গিয়েছে। শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় বললেন যে, আমি শুধু পাকিস্তানের সঙ্গে লড়াই হচ্ছে বলে কমনওয়েলথ ছাড়তে বলছি না, আমি বরাবরই বলেছি আমাদের দল থেকে যে কমনওয়েলথের সঙ্গে সম্পর্ক ছিন্ন কর। এখানে দলের কোন প্রশ্ন নেই, প্রশ্ন হচ্ছে আজকে বৃটিশ যে মনোভাব পাকিস্তান সম্পর্কে,কাশ্মীর সম্পর্কে দেখিয়েছে সেই মনোভাবের বিরুদ্ধে যে ক্ষোভ সেই ক্ষোভের থেকে এই প্রস্তাবের সৃষ্টি। কিন্তু বৃটিশের এই বিরুদ্ধ মনোভাবের জন্য কমনওয়েলথ-এর সঙ্গে সম্পর্ক ছিন্ন করার যে প্রস্তাব সেই প্রস্তাবের আমরা বিরোধিতা করি।

Shri Sambhu Charan Ghosh:

মাননীয় সভাপতি মহাশয়, এতক্ষণ ধরে কংগ্রেস পক্ষের যে বক্তব্য তা অত্যন্ত ধৈর্য ধরে শোনার পর আমার মনে হয়েছে যে বি-বি-সি-র ব্রডকাস্টিং যেন আমাদের হাউসের মধ্যে প্রতিধ্বনিত হচ্ছে। এতদিন ধরে যাঁরা জাতীয় আন্দোলনের নামে বরাবর জাতীয় আন্দোলনের বিশ্বাসঘাতকতা করে ব্রিটিশ সাম্রাজ্যবাদের স্বার্থকে পরিপুষ্ট করে এসেছে এবং যার পুরস্কার হিসাবে ১৯৪৭ সালে দেশ বিভাগ তাঁরা পেয়েছিলেন আজকে তাঁদের বক্তৃতা শুনে মনে হচ্ছে যে সেই পুরস্কারের প্রতি কৃতজ্ঞতার চরম পরাকাষ্ঠা দেখাবার জন্য বদ্ধপরিকর হয়ে এসেছেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় তিনি তাঁর অদ্ভূত যুক্তি জাল বিস্তার করে দেখাবার চেষ্টা করেছেন ব্রিটিশের বিরোধী এবং কমনওয়েলথ বিরোধী সমর্থনযোগ্য নয়। আমি মাননীয় মন্ত্রীকে স্মরণ করিয়ে দিতে চাই বালফোর কমিটি যখন এই কমনওয়েলথ সম্পর্কে প্রথম বক্তব্য রেখেছিলেন এবং যখন ইম্পিরিয়াল কনফারেন্স আহূত হয়েছিল তখন ক্ষয়িষ্ণু সাম্রাজ্যবাদ তার শক্তিকে শেষবারের মত আঁকড়ে রাখবার চেষ্টা করেছিল। সেই ইম্পিরিয়াল কনফারেন্স ১৯৪৮ সালে কমনওয়েলথ কনফারেন্সে রূপান্তরিত হল, শুধু মাত্র তার পিছনে স্বার্থ ছিল ক্ষয়িষ্ণু সাম্রাজ্যবাদীদের ভেঙ্গে পড়া শক্তিকে কোন রকমে জোড়া তালি দিয়ে আটকে রাখা। এখানে আমাদের সামনে কমনওয়েলথের গুণগান করে তাঁরা নানা বক্তব্য রাখার চেষ্টা করেছেন। কিন্তু কমনওয়েলথ প্রতিষ্ঠার সময় যে বক্তব্য ঘোষণা করা হয়েছিল আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই তখন বলা হয়েছিল

The British Commonwealth of Nations is founded partly on sentiment and partly on mutual self-interest.

দুই শত বছর ইংরাজের গোলাম থাকার পর সেই আজকে কমনওয়েলথ সাম্রাজ্যবাদী স্বার্থকে

পরিপুষ্ট করবার মত সেণ্টিমেণ্ট আমাদের নেই। আমি জানি ওপক্ষের সেই সেণ্টিমেণ্ট এখনও আছে, সাম্রাজ্যবাদীদের প্রতি সেই দাস মনোভাব এখনও তাঁদের মধ্যে বিদ্যমান আছে। তাই যখন ভারতবর্ষের বুকে রাণী এসেছিলেন তখন আমরা দেখেছিলাম সেই রাণীর রোবকে ধরে পছনে গিয়েছিলেন তদানীন্তন প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু। তারপর লণ্ডনে যখন আমাদের প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী যান তখন তিনি লণ্ডনে রাণীর মায়ের সাথে দেখা করতে পারেন নি। লজ্জার কথা স্বাধীন ভারতবর্ষের প্রধানমন্ত্রী দাস মনোভাবের সাক্ষর রেখে আসেন লণ্ডনের বুকে। আর এখানে জাতীয়তাবাদীর নামাবলি গায়ে দিয়ে, দেশপ্রেমের নামাবলি গায়ে দিয়ে সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে কথা বলছেন। যখন পাকিস্তানের বিরুদ্ধে সমস্ত জনগণ উদ্বেলিত হয়ে উঠেছিল, ব্রিটিশ সাম্রাজ্যবাদের ভূমিকাকে নিন্দা করেছিল, তাঁরা তখন তার বিরুদ্ধে তাঁদের বক্তব্য রেখেছিলেন, তখন এই কংগ্রেস পক্ষ থেকে কামরাজ থেকে ক্ষুদে নেতা অতুল্য ঘোষ পর্যন্ত এই সাম্রাজ্যবাদের বিরুদ্ধে হুঙ্কার করেছিলেন। আজকে সুর পাল্টে গিয়ে বলছেন কমনওয়েলথ থেকে বেরিয়ে আসবোনা, ব্রিটেনকে ঘাড় ধরে বের করে দেবো, তাদের স্পিলিট পার্সোনালিটি আজকে ম্যানিফেষ্ট হয়েছে তাঁদের বক্তব্যের মধ্যে দিয়ে। আমরা জানি যাঁদের ধমনীতে সাম্রাজ্যবাদের বিষ আজো প্রবাহিত রয়েছে সাম্রাজ্যবাদের সেই পীঠস্থান কমনওয়েলথ থেকে তাঁরা সহজে বেরিয়ে আসতে পারেন না।

[5-55—6 p.m.]

সাম্রাজ্যবাদীর এই পীঠচক্র কমনওয়েলথের মধ্যে আমরা কি দেখেছি—আমরা দেখেছি তার মধ্যে শুধু মাত্র তাদের কতকগুলি মূল উদ্দেশ্য ছিল—উদ্দেশ্য ছিল যে সুবিধাজনকভাবে পুঁজিকে রপ্তানী করবো—উদ্দেশ্য ছিল লগ্নি নিরাপত্তা দাবী করবো এবং বিভিন্ন দেশে বেসরকারী পুঁজিকে উৎসাহ দেবো। আজকে ভারতবর্ষের অভ্যন্তরে বৃটিশ সাম্রাজ্যবাদীর এই কমনওয়েলথে থাকার জন্য তারা তাদের স্বার্থকে পরিপুষ্ট করেছেন। আমাদের সামনে মাননীয় সদস্য প্রতাপ চন্দ্র দেখাবার চেষ্টা করেছেন যে কমনওয়েলথে থাকার মধ্য দিয়ে আমরা অনেক আন্তর্জাতিক রাজনৈতিক সমস্যা সমাধান করতে পেরেছি। আমি মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করতে চাই যে কমনওয়েলথে থাকার জন্য ভারতবর্ষ আজ পর্যন্ত স্বাধীন পররাষ্ট্র নীতি গ্রহণ করতে পারে নি। আমরা দেখেছি কঙ্গোর ব্যাপারে ভারতবর্ষ তার বক্তব্য রাখবার ক্ষেত্রে বাধা প্রাপ্ত হয়েছে। এবং তারা লুমুম্বা সরকারকে সমর্থন করতে পারেন নি সমর্থন করেছেন কাসাবুভুকে শুধু মাত্র এই কমনওয়েলথে থাকার জন্য। কমনওয়েলথের ভিতর সাম্রাজ্যবাদীর শক্তির চাপে আমরা আমাদের স্বাধীন মতামত ব্যক্ত করতে পারি নি। কোরিয়ার ইউ-এন-ও-এর ছদ্মবেশে, মুখোস পরে আমেরিকা যখন আক্রমণ চালালো তখন তার বিরুদ্ধে ভারতবর্ষ তার স্বাধীন বক্তব্য রাখতে পারে নি। আমরা দেখেছি পাকিস্তান নির্লজ্জভাবে ভারতবর্ষ আক্রমণ করলো এবং দীর্ঘকাল ধরে ভারতবর্ষের সীমান্তে যখন উৎপাত করে আসছে তখন সাম্রাজ্যবাদীর যে পীঠস্থান কমনওয়েলথ তার অন্যতম প্রধানমন্ত্রী উইলসনের চাপে কচ্ছ চুক্তি সম্পাদিত হয়েছিল। কাজেই কমনওয়েলথে থাকার মধ্যে আজকে ভারতবর্ষের ক্ষেত্রে অত্যন্ত পরিষ্কার ভাবে আমরা বুঝতে পেরেছি যে ভারতবর্ষ স্বাধীন পররাষ্ট্র নীতি গ্রহণ করতে পারে নি। ভারতবর্ষ তার রাজনৈতিক মর্যাদাকে বজায় রাখতে পারে নি। আমরা মুখে জোট নিরপেক্ষর কথা বলি, প্রগতিশীলতার কথা বলি—তার আদর্শের কথা বলি—কিন্তু দেখা গেছে যে তারা ঠিক সাম্রাজ্যবাদীদের স্বার্থকে পরিপূর্ণ করার জন্য সমস্ত রকম ব্যবস্থা গোপনে সূক্ষ্মভাবে করবার চেষ্টা করেছেন। সেই জন্য আজকে আমি অত্যন্ত পরিষ্কারভাবে এই কথা রাখতে চাই যে যখন আমরা দেখছি ব্রহ্মদেশ এবং মিশর দেশ কমনওয়েলথের মধ্যে না থেকেও আজকে সমস্ত পৃথিবীর সামনে আন্তর্জাতিক রাজনীতির ক্ষেত্রে তাদের স্থানকে দৃঢ় প্রতিষ্ঠিত করতে পেরেছে সেখানে আজকে ভারতবর্ষের পক্ষে অত্যন্ত বেশী প্রয়োজন ক্ষয়িষ্ণু সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে নিজেদের সংহত করার জন্য নানাভাবে চেষ্টা করা। তাই আমাদের দেশের রাজনৈতিক মতামত ব্যক্ত করার জন্য আন্তর্জাতিক সিদ্ধান্তকে প্রতিষ্ঠিত করার জন্য ভারতবর্ষের উচিত এই কমনওয়েলথ থেকে বেরিয়ে এসে আমাদের দেশের আদর্শকে

প্রতিষ্ঠিত করা এবং সাম্রাজ্যবাদের স্বার্থকে সমূলে বিনাশ করা। সেইজন্য এখানে যে মূল প্রস্তাব অশ্বিনীবাবু এনেছেন এবং এর উপর যে সংশোধনী প্রস্তাব আমি এনেছি সেই সংশোধনী প্রস্তাবসহ মূল প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য এখানে রাখলাম।

Adjournment

The House was then adjourned at 6 P.M. till 1 P.M. on Monday, the 15th November, 1965 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Monday, the 15th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 145 Members.

HELD OVER QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Mr. Speaker: Held over question No. *2, Shri Sudhir Chandra Das.

Shri Sudhir Chandra Das:

এটার উত্তর টেবিলে নেই।

Shri Saila Kumar Mukherjee: Sir, I crave the indulgence of the House to hold over this question till the next week because various information will have to be collected from all the districts. I will give the answer next eek positively.

Mr. Speaker: All right, the answer will be given next week.

Production and import of fish in this State

***72.** (Admitted question No. *634.) **Shri Abani Kumar Basu:**

মৎস্য বিভাগের মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে বর্তমানে মৎস্য উৎপাদনের বাৎসরিক পরিমাণ কত;

(খ) চাহিদা অনুসারে মৎস্য উৎপাদনের কোন ঘাটতি আছে কি এবং যদি থাকে তাহা হইলে সেই ঘাটতির পরিমাণ কত;

(গ) উক্ত ঘাটতি পূরণের জন্য গত এক বৎসরের মধ্যে কোন্ কোন্ রাজ্য হইতে কি পরিমাণ মৎস্য আমদানী করা হইয়াছে এবং আমদানীকৃত মৎস্যের মূল্য কত;

(ঘ) গত বৎসর ও বর্তমান বৎসর পাকিস্তান হইতে মৎস্য আমদানীর পরিমাণ যথাক্রমে কত;

(ঙ) ১৯৬৪-৬৫ সালে মৎস্য উৎপাদন বৃদ্ধি করিবার জন্য সরকার কি পরিমাণ টাকা ব্যয় করিয়াছেন এবং কোন্ কোন্ কার্যের জন্য উক্ত ব্যয় করা হইয়াছে; এবং

(চ) উক্ত সময়ে মৎস্য উৎপাদন বৃদ্ধি পাইয়াছে কিনা এবং বৃদ্ধি পাইলে তাহা কত?

Shri S. M. Fazlur Rahman:

(ক) মৎস্য উৎপাদনের পরিমাণ নির্ণয় করার কোন নির্ভরযোগ্য বৈজ্ঞানিক পন্থা এখনও স্থির করা যায় নাই।

(খ) চাহিদার তুলনায় সরবরাহের ঘাটতি আছে। তবে মোট উৎপাদনের পরিমাণ না জানা থাকায় ঘাটতির সঠিক পরিমাপ করা সম্ভব নয়।

(গ) সেপ্টেম্বর ১৯৬৪ হইতে আগস্ট ১৯৬৫, এই এক বৎসর কালের মধ্যে বিভিন্ন রাজ্য হইতে মোট প্রায় ২৯,১২৪ মেট্রিক টন মাছ আমদানী করা হইয়াছে। আমদানীকৃত মৎস্যের মোট মূল্য ৩,৯২,০০,০০০ (তিন কোটি বিরানব্বই লক্ষ) টাকা বিভিন্ন রাজ্য হইতে পৃথক পৃথক ভাবে কত মাছ আমদানী হইয়াছে সে সম্বন্ধে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। [Annexure A]

(ঘ) ১৯৬৪-৬৫ সালে ৮১,৬৩৯ কুইনটাল এবং ১৯৬৫ সালের এপ্রিল হইতে জুন মাস পর্যন্ত ৭৯৬ কুইনটাল মাছ পূর্ব পাকিস্তান হইতে আমদানী হইয়াছে।

(ঙ) ১৯৬৪-৬৫ সালে মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য মোট ১৪,৩৭,০০০ (চৌদ্দ লক্ষ সাঁইত্রিশ হাজার) টাকা ব্যয় করা হয়। যে সকল প্রকল্পের জন্য ঐ টাকা ব্যয় করা হয় তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। [Annexure B]

(চ) বৃদ্ধি পাইয়াছে। কেবলমাত্র সরকারী পরিকল্পনার মাধ্যমে ১,৯৫০ (এক হাজার নয়শত পঞ্চাশ) মেট্রিক টন অতিরিক্ত মৎস্য উৎপাদন হইয়াছে।

ANNEXURE (A)

To the answer to starred Assembly Question No. *634 asked by Shri Abani Kumar Basu, M.L.A.

Arrival of Fish from September 1964 to August 1965 (Fish and Ice) (In Quintals)

Month	U.P.	Bihar	Orissa	Madras	Andhra	Rajas than	Bom-bay	M.P.	Delhi	Mysore	Mani-pore	Kerala	Punjab
September 1964 ..	6,232	116	2,148	149	1,511	Nil.	41	5	1,459	17	Nil.	Nil.	264
October 1964 ..	5,202	311	4,939	121	1,005	Nil.	608	12	2,941	14	Nil.	Nil.	483
November 1964 ..	2,871	282	6,893	133	1,918	69	1,198	Nil.	3,462	14	Nil.	Nil.	814
December 1964 ..	4,619	148	6,240	230	6,218	220	754	223	2,154	41	4	Nil.	953
January 1965 ..	4,711	127	5,775	161	4,989	747	280	278	1,667	8	Nil.	Nil.	523
February 1965 ..	4,334	172	3,863	185	3,312	630	1,256	219	2,620	Nil.	Nil.	Nil.	171
March 1965	7,047	62	4,054	258	4,523	888	2,617	339	6,419	Nil.	2	Nil.	304
April 1965	11,677	158	4,050	175	3,294	1,130	603	457	4,854	Nil.	Nil.	Nil.	357
May 1965	14,408	450	5,019	387	1,912	1,298	83	220	7,109	Nil.	Nil.	Nil.	1,833
June 1965	16,533	649	3,991	406	2,728	822	20	280	7,447	Nil.	Nil.	Nil.	2,943
July 1965	14,798	1,589	5,006	587	6,312	1,785	409	416	7,487	Nil.	Nil.	Nil.	243
August 1965 ..	7,866	74	5,695	706	3,447	782	740	915	3,558	6	Nil.	Nil.	1,399
tal	1,02,298	4,138	57,679	3,514	41,169	8,371	8,609	3,364	51,177	100	6	Nil.	10,817

Total arival from all sources — 2,91,242 quintals or 29,124 metric tonnes (approximately).

ANNEXURE (B)

*To the answer to starred Assembly Question No. *634 asked by Shri Abani Kumar Basu, M.L.A.*

	Name of scheme.	Actual Expenditure during 1964-65. (Rs. in lakhs).
1.	Development of derelict fishes in the State of West Bengal	3.54
2.	Popularising the use of fish pond manure for increasing the production of pond fisheries	0.22
3.	Carrying out a sample survey to assess inland fishery resources of the State ..	0.62
4.	Demonstration fish farm on private parties' tanks in every thana of the State	0.04
5.	Intensifying production of carp fry by granting bonus to culturists ..	0.33
6.	Exploitation of coastal fisheries of the State by mechanising indigenous fishing crafts	1.56
7.	Experimental fish farm at Kalyani	0.83
8.	Establishment of fish seed farms for production of quality seeds through artificial breeding of Indian major carps by hormone treatment	3.20
9.	Pilot Scheme for reorganisation of Calcutta fish markets	0.11
10.	Service parties to render certain service facilities, etc.	0.45
11.	Increasing the present rate of production of shark liver oil, etc. ..	0.59
12	Additional supervisory and Headquarters staff to cope with the increased volume of work	0.16
13.	Distribution of fry and fingerlings of Cyprinus Carpio free of cost . ..	0.07
14.	Utilisation of Government owned tanks for pisciculture .. .	0.10
15.	Medium term loan scheme for fish production in semi-derelict tanks of West Bengal	1.77
16.	Assisting the needy fishermen of the State and their cooperatives by giving loans for augmenting fish production	0.71
17.	Development of fisheries in the hill areas of Darjeeling	0.05
		14.37

Shri Aswini Roy:

স্যার, আপনার মাধ্যমে জানতে চাই পাকিস্তান থেকে যে পরিমাণ মাছ আসছে সেটা বন্ধ হয়ে গেছে এবং অন্যান্য স্টেট গভর্নমেন্ট-এর কাছ থেকে মাছের পরিমাণ বৃদ্ধি করে চাহিদা কলকাতায় মেটানোর কোনো পরিকল্পনা আছে কিনা এবং অন্যান্য স্টেট এই মাছ বৃদ্ধির জন্য কোন সাহায্য করছেন কিনা সেটা জানেন?

Shri S. M. Fazlur Rahman:

অন্যান্য স্টেট-এর সাথে একটা সমঝোতা এসেছে এবং সেই কারণে কর্পোরেশন সেট আপ হচ্ছে এবং এরই মাধ্যমে অন্যান্য স্টেট থেকে যাতে মাছ আসে তার চেষ্টা করা হচ্ছে।

Shri Aswini Roy:

এখন ইমিডিয়েটলি পাকিস্তান থেকে যে মাছ আসা বন্ধ হয়ে গেছে বা কমে গেছে তখন যেটা করা উচিত ছিল শীঘ্র অন্যান্য স্টেট থেকে মাছ আনাবার চেষ্টা করছেন না কেন?

Shri S. M. Fazlur Rahman:

পাকিস্তান থেকে মাছ আনার পূর্বে ফরেন এক্সচেঞ্জ-এর ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্ট এটা অর্থাৎ এই ফরেন এক্সচেঞ্জ সংগ্রহ করতে হবে বলেই এবং পাকিস্তান থেকে মাছ আসা বন্ধ হওয়ায় মাছের পরিমাণ বৃদ্ধি করার জন্যই কর্পোরেশন সেট আপ করা হচ্ছে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে অন্যান্য স্টেট থেকে মাছ আনতে গেলে কি পরিমাণ ফরেন এক্সচেঞ্জ-এর প্রয়োজন হচ্ছে?

Shri S. M. Fazlur Rahman:

অন্যান্য স্টেট থেকে নয় ফরেন এক্সচেঞ্জ-এর কথা অন্য কান্ট্রি থেকে যেটা আসে তার কথাই বলা হয়েছে।

Shri Abani Kumar Basu:

ফিসারী মার্কেটিং কর্পোরেশন যেটা স্থাপিত হয়েছে সেটা কতদিনে কাজ আরম্ভ করবে?

Shri S. M. Fazlur Rahman:

ইনডিভিজুয়ালি ব্যাপার নয় তবে নভেম্বর মাসে এটা চালু হবে এটাই আপাততঃ ঠিক আছে।

Shri Hemanta Kumar Basu:

গত বৎসর তিন কোটি ত্রিশ লক্ষ টাকার মাছ আমদানী হয়েছে সেটা কি দরে ছিল এবং কি পরিমাণ লাভ হয়েছে?

Shri S. M. Fazlur Rahman:

বিভিন্ন স্টেট প্রাইস ফিক্সড্ আছে। হোল সেলার এবং রিটেলারস্‌রা কত দরে এনেছে তা বলা সম্ভব নয়।

Shri Arabinda Roy:

আপনি বলেছেন মাছের পরিমাণ বৃদ্ধি পাচ্ছে এটা কি পরিমাণ বৃদ্ধি পেয়েছে সেটা জানলেন কি করে?

Shri S. M. Fazlur Rahman:

বৃদ্ধি যে পেয়েছে সেটা জানলাম যে একমাত্র কারণ এটাই যে পাকিস্থান থেকে গড়পড়তা মাছ যে পরিমাণ বাজারে আসত সেটা বন্ধ হয়ে যাবার পরও যে পরিমাণ মাছ আসছে তাতে বলতে হবে মাছের পরিমাণ বৃদ্ধি পেয়েছে তার কারণ হল পাকিস্তান আর মাইনাস পাকিস্তান এই হয়ে যেটা দাঁড়ায় সেটা অন্যান্য ইনল্যান্ড থেকে আসছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে ১৯৫৯ সালে নেহেরু-নুন চুক্তির ফলে পদ্মা পাকিস্তানে চলে যাবার পর মাছের সঙ্কট বৃদ্ধি পায় এবং এই তথ্যের উপর ভিত্তি করে মাছের কোন পরিকল্পনা করবেন কিনা?

Shri S. M. Fazlur Rahman:

আমার এ তথ্য জানা নেই।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন কারণ শ্রীঅরবিন্দ রায় যে প্রশ্ন করলেন যে তিনি কি করে জানলেন যে মাছের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। আপনার ডিপার্টমেন্ট থেকে যে স্ট্যাটিসটিকস্ কালেক্ট করেন সেটা কি ডিপেন্ডেবেল না প্রোডাকসন-এর কিছু কারচুপী আছে?

Shri S. M. Fazlur Rahman:

মোটামুটি ডিপেন্ডবেল। ভারতের অন্যান্য স্টেট থেকে আনার সোর্স আছে—সেগুলির স্ট্যাটিসটিক্স কালেক্ট করা হয়। এ ছাড়া পশ্চিম বাংলায় যে মাছ আছে সেগুলিও এর মধ্যে ধরা হয়েছে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে মাছের দর যে বৃদ্ধি পেয়েছে তাতে পচা, আধপচা এবং টাটকা কি একই দর কিনা সেটা কি তিনি জানাবেন?

Shri S. M. Fazlur Rahman:

এটা অপ্রাসঙ্গিক হলেও আমি বলছি যে দর বাঁধা হয়েছে তাতে পচা, আধপচা, টাটকা, খাবি খাচ্ছে এ সব কিছু নেই।

Shri Arabinda Roy:

উৎপাদন বৃদ্ধির কোন পরিকল্পনা আছে কিনা?

Shri S. M. Fazlur Rahman:

উৎপাদন বৃদ্ধি করা হচ্ছে এটা আমি বলতে পারি। আমরা ডাইরেক্ট স্টেট ফারমিং-এর মধ্যে নিয়ে এসেছি এতে আমরা ফিসারীতে ৯ হাজার বিঘা এনেছি বাকী যে সমস্ত ফিসারীজ আছে সেগুলি আমরা নূতন আইন সংশোধন করবার পর ক্ষমতা পেয়েছি, তার ফলে যে পরিমাণ হবে এবং অতীতে যে সমস্ত হয়েছে তা থেকে দেখতে পাওয়া যায় যে নিউট্রিশন প্রোগ্রামে ১০টা ব্লকে—এক একটা ব্লকে ৫২টা করে গ্রাম এবং প্রত্যেকটা গ্রাম দুই বিঘা করে পাঁচ হাজার কুড়ি বিঘা হয়েছে। আর একটা হচ্ছে আমরা পঞ্চাশটা ব্লক ঠিক করেছি, সেই পঞ্চাশটায় আশী একর নিয়ে আমাদের এইভাবে ডাইরেক্ট ফার্মিং-এর কাজ আরম্ভ হচ্ছে, ৭ হাজার বিঘা ছিল আরও দু হাজার বিঘা নিয়ে এটা হচ্ছে। এছাড়া কো-অপারেটিভ সিস্টেম-এ ৯৯ হাজার একর তার মধ্যে ৫ হাজার ফিসারম্যান কো-অপারেটিভ-এর আছে আর বাকী দেওয়া হচ্ছে ইন্ডিভিজুয়াল ফিসারম্যানকে এবং ৮ হাজার একর জমি যেটা মামলা মোকদ্দমার বিষয়বস্তু—এইরূপ ব্যাপারে একলক্ষ বণ্টন করে রাখা হয়েছে।

[1-10—1-20 p.m.]

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয়, উনিত বাজারে যান না। উনি যে ফিস কন্ট্রোল অর্ডার আইন করেছেন সেটা অবজারভেন্স হয় বলে, আমরা দেখিনি।

আমি জিজ্ঞাসা করছি কলকাতার মানুষকে, শিল্পাঞ্চলের মানুষকে, গোটা বাংলাদেশের মানুষকে, মৎস্য সংকটের চিন্তা থেকে রক্ষা করবার জন্য মৎস্য দপ্তর উঠিয়ে দেশের জন্য খুব সিরিয়াসলি চিন্তা করছেন কি?

Shri S. M. Fazlur Rahman:

না, মৎস্য দপ্তর উঠিয়ে দেবার কথা চিন্তা করা হচ্ছে না। বরং মৎস্য দপ্তরকে আরও শক্তিশালী করবার জন্য চেষ্টা করা হচ্ছে।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কর্পোরেশন মৎস্য কি ভাবে ডিস্ট্রিবিউট করবে, এবং সাধারণ মানুষ কি ভাবে মাছ পাবে?

Shri S. M. Fazlur Rahman:

কর্পোরেশনের যে চার বছরের পরিকল্পনা, তাতে তারা প্রথম বছর ১০ হাজার এম, টন, দ্বিতীয় বছর ২০ হাজার এম, টন, তৃতীয় বছর ৩০ হাজার এর, টন, আর চতুর্থ বছর ৪০ হাজার এম, টন, মাছ সাপ্লাই করবে। অর্থাৎ গড়ে তারা ৫০০ মণ করে কার্প দৈনিক সাপ্লাই করবে। আর গ্রেটার ক্যালকাটায় ৫০টি স্টল ঠিক করা হয়েছে, এই ৫০টি স্টল থেকে, মোটামুটি ১০, মণ করে, যে প্রাইস আমাদের ফিক্সড আছে, সেই প্রাইস-এ, এবং যে সমস্ত লাইসেন্স আছে, বোনাফাইড লাইসেন্স আছে, তাদের মধ্যে থেকে, যারা ভা া, তাদের পিক এন্ড চুজ করে দেওয়া হবে।

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Milk of Haringhata Dairy Farm

*149. (Admitted question No. *530.) **Shri Kashi Kanta Maitra:**

পশুচিকিৎসা ও পশুপালন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সন্দেশ নিষেধাজ্ঞা অর্ডিন্যান্স জারী হবার পর হরিণঘাটার সরকারী দুগ্ধ কেন্দ্রের মোট দুগ্ধের সরবরাহের পরিমাণ বর্তমানে কত দাঁড়িয়েছে এবং উক্ত আইন জারী করার পূর্বেই বা দুগ্ধের সরবরাহের পরিমাণ কত ছিল;

(খ) টোন্ড মিল্ক ও ডবল টোন্ড মিল্ক দৈনিক কত উৎপন্ন হয় এবং তার প্রস্তুত পদ্ধতি কি;

(গ) হরিণঘাটায় দৈনিক গুড়ো দুধ কি পরিমাণ ব্যবহৃত হয়; এবং

(ঘ) পশ্চিমবাংলার বিভিন্ন অঞ্চল থেকে হরিণঘাটার জন্য সংগৃহীত দুধের পরিমাণ কত?

Shri S. M. Fazlur Rahman:

(ক) গত ৪-১১-৬৫ তারিখে মোট দুগ্ধ সংগ্রহের পরিমাণ হইল ৬০,১৫৪ লিটার। সন্দেশ নিষেধাজ্ঞা আদেশ জারী হইবার পরে মোট সংগ্রহের পরিমাণ ছিল দৈনিক গড়ে ২০,০০০ লিটার।

(খ) টোন্ড মিল্ক ও ডাবল টোন্ড মিল্কের বর্তমান দৈনিক উৎপাদন যথাক্রমে প্রায় ৪৫,০০০ লিটার ও প্রায় ২১,০০০ লিটার ইহাদের প্রস্তুত পদ্ধতি নিম্নে বর্ণিত হইলঃ—

টোন্ড মিল্ক

সাধারণতঃ মহিষের দুগ্ধের সহিত স্নেহ পদার্থ বিহীন দুগ্ধ (স্কীম মিল্ক) মিশাইয়া টোন্ড দুগ্ধ তৈয়ারী করা হয়। ইহাতে ছানাজাতীয় পদার্থের পরিমাণ ঠিক রাখিয়া স্নেহজাতীয় পদার্থের পরিমাণ কমাইয়া শতকরা তিন ভাগ করা হয়।

স্নেহপদার্থ বিহীন দুগ্ধ শুকনো গুঁড়ো দুগ্ধের সহিত পরিমাণমত জল মিশাইয়া তৈয়ার করা হয়। (টোন্ড দুগ্ধে স্নেহজাতীয় ও ছানাজাতীয় পদার্থের পরিমাণ যথাক্রমে শতকরা ৩ ও ৯ ভাগ।)

ডাবল টোন্ড মিল্ক

এই দুগ্ধের উৎপাদন প্রণালী টোন্ড দুগ্ধের মতই, তবে ইহার স্নেহজাতীয় পদার্থ শতকরা ১·৫ ভাগ আর ছানাজাতীয় পদার্থ শতকরা ১০ ভাগ।

(গ) গত ৪-১১-৬৫ তারিখে প্রায় ৩·১৪৩ কিলোগ্রাম ব্যবহৃত হইয়াছে। ইহার ব্যবহারের পরিমাণ ক্রমশ কমান হইতেছে।

(ঘ) গত ৪-১১-৬৫ তারিখে পশ্চিম বাংলায় বিভিন্ন জেলা হইতে সংগৃহীত মোট দুগ্ধের পরিমাণ নিম্নে দেওয়া হইল:—

নদীয়া	৪৪,০৯৫ লিটার
২৪-পরগণা	৯,৯৪৬ ,,
মুর্শিদাবাদ	৪,১৫১ ,,
হুগলী	১,৯৬২ ,,
	৬০,১৫৪ লিটার

আমি আর একটু জানিয়ে দিই, এইটা এ্যামেন্ড করা হয়েছে আপ টু ডেট ১৪-১-৬৫ তারিখে, ৬৫,৭২৯ লিটার মিল্ক বেড়েছে। আর পাউডারড্ মিল্ক, যেটা ৩,১৪৩ কে জি ছিল, সেটা এখন কমে ২,৮৬৩ কে জি ব্যবহৃত হচ্ছে।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই রাজ্যে যবে থেকে হরিণঘাটা দুগ্ধ পরিকল্পনা গ্রহণ করেন, তখন থেকে কি, আপনাদের স্কীম জনসাধারণকে জানিয়েছিলেন, যে টোন্ড, ডাবল টোন্ড, টিপল টোন্ড, জিনিষ তৈরী করছেন, সেগুলির একটা সাবস্টেনশিয়াল প্রোটিন এই গুড়া দুধ, জল দিয়ে গুলে, সেইখানে প্র্যাক্টুরাইজড করে বিক্রি করছেন? পাউডার্ড মিল্ক যে আগেই ব্যবহৃত হচ্ছে, এবং পাউডার্ড মিল্ক, যে গুলো লোককে খাওয়াচ্ছেন, হরিণঘাটা মিল্ক বলে, এটা কি প্রথম থেকে জনসাধারণকে জানিয়েছিলেন? না, যখন ফরেন এক্সচেঞ্জ আটকান হল, তখনই আপনারা ত্রাহি ত্রাহি রব ছাড়লেন যে গরুর দুধ না আসতে পারলে, ছানা বন্ধ না করতে পারলে, দুধ পাওয়া যাবে না,—আপনারা এটা কখন ঘোষণা করলেন?

Shri S. M. Fazlur Rahman:

এটা ঘোষণা করা হয় সংকট আরম্ভ হবার বহু পূর্বেই। গুঁড়া দুধ মিশ্রণে, যে দুধ এখানে সরবরাহ করা হয়ে যাবে, সেটা অল ইন্ডিয়া প্যাটার্ণএ তৈরী করা হয়। টোন্ড মিল্ক, ডাবল টোন্ড বা ট্রিপল টোন্ড মিল্ক, এটা হল অল ইন্ডিয়া প্যাটার্ণ, এবং ভারতের অন্যান্য স্থানে যে সমস্ত ডেয়ারী আছে, সবই এক প্যাটার্ণের।

Shri Aswini Roy:

আগে দুধের অভাবের জন্য লোকে দুধ পেতনা, এখন সন্দেশ বন্ধ হবার পরে কত পার্সেন্টেজ দুধ নূতন গ্রাহককে দিলেন ও পুরাতন গ্রাহকের চাহিদা কি পরিমাণ বাড়লো?

Shri S. M. Fazlur Rahman:

মেডিকল সার্টিফিকেট নিয়ে প্রায় এক হাজার নূতন কাস্টমারকে দেওয়া হয়েছে। তাছাড়া চার হাজার লিটার দুধ ওপেন দেওয়া হয় যে ইচ্ছা করে কিনতে পারে।

Shri Kashi Kanta Maitra:

এই যে স্কীম অনুযায়ী বিভিন্ন জেলা থেকে দুধ সংগ্রহ করছেন বিশেষত নদীয়া জেলা থেকে এই যে ৪৪ হাজার লিটার কালেকটেড হয়েছে, সেই সমস্ত জেলার

expected mothers, babies, old and aged infirm –

এদের জন্য কিছু প্রোটিন সেখানে ডিস্ট্রিবিউট করবার ব্যবস্থা আছে কি?

Shri S. M. Fazlur Rahman:

আমাদের সরাসরি ডিস্ট্রিবিউট করবার ব্যবস্থা নাই। তারা যদি বাজারে দুধ না পান, আমাদের কাছ থেকে কিনতে চান, আমাদের যেভাবে সংগ্রহ প্রণালী, তাতে সাধারণতঃ লোকাল ডিমান্ড মিট করে নেবার চেষ্টা করছি। তবে এখন আমরা ছানার সন্দেশ বন্ধ করবার পরে যে দুধ পাচ্ছি, তার সার্টেন পার্সেন্টেজ আমরা সার্টেনলি ছেড়ে দেব যদি দেখা যায় কালেকটিং প্ল্যান-এর জন্য সাধারণের লোকাল ডিমান্ড মিট করতে অসুবিধা হয়।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে মন্ত্রিমহাশয় বললেন সিঙ্গেল টোন্ড মিল্ক থ্রি পারসেন্টেজ ফ্যাট এবং নাইন পারসেন্ট প্রোটিন থাকে, আর গরুর দুধে ফোর পারসেন্ট ফ্যাট এবং টেন পারসেন্ট প্রোটিন থাকে, সেখানে টোন্ড মিল্ক, ডাবল টোন্ড মিল্ক করবার জন্য বাফেলো মিল্কের সঙ্গে মিল্ক পাউডার মেশাবার পদ্ধতি কেন এ্যাডপ্ট করা হয় নাই?

Shri S. M. Fazlur Rahman:

আমাদের দেশের নিউট্রিশন এক্সপার্টরা বলছেন সেই পরিমাণ ফ্যাট হজম করা যায় এই ট্রপিকাল কান্ট্রিতে, হোল ওয়ার্ল্ড-এর দুধে ফ্যাট-এর পরিমাণ থ্রি পারসেন্ট থাকে এটাই স্ট্যান্ডার্ডাইজড্ করা হচ্ছে স্বাস্থ্য বিভাগের নিউট্রিশন এক্সপার্টদের ওপিনিয়ান নিয়ে। কাজেই ডিফ্যাটিং করে যে ফ্যাট সারপ্লাস থাকে তা থেকে আমরা ঘি ও বাটার পাচ্ছি।

That is conductive to human health.

আমাদের সেই পারপাজ, অন্য কিছু নয়।

Dr. Kanai Lal Bhattacharya:

এই যে ফোর পারসেন্ট ফ্যাট যা গরুর দুধে আছে, তা কি আমাদের স্বাস্থ্যের পক্ষে কন্ডিউসিভ নয়—ইন দিস ক্লাইমেট? আপনি থ্রি পারসেন্ট করছেন কেন? ফোর পারসেন্ট করলে কি হয়? লোকের এটা ভয় যে টোন্ড মিল্ক গড়া দুধ মিশিয়ে যা হয় সেটা বিশ্রী জিনিষ—এটা ক্ষতিকর হতে পারে। এই ধারণাটা রিমুভড করার কী করছেন?

Shri S. M. Fazlur Rahman:

এটা ক্ষতিকর কিছু নয়। কাজেই জনসাধারণের ভয়ের কিছু নাই।

Shri Sailendra Nath Adhikary:

ক্ষতিকর না হয়ে থাকলেও এটা উপকারী এই কথাই কি আপনি বলবেন?

Shri S. M. Fazlur Rahman:

নিশ্চয়ই।

Shri Sailendra Nath Adhikary:

বৃদ্ধ ও রোগীদের এখন এই দুধ দেওয়ার কি ব্যবস্থা আছে?

Shri S. M. Fazlur Rahman:

দেওয়া হচ্ছে, এক হাজার লীটার নূতন কাণ্টোমারকে। আর এই দেওয়ার মানেই হলো expected mothers, ailing children, old and aged infirm.
যারা, তাদের প্রায়োরিটি দেওয়া হচ্ছে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি জানেন কলকাতার কিছু নার্সিং হোম যাঁরা রোগীর ট্রিটমেন্ট করেন, তাঁরা সেখানে এপ্লিকেশন করা সত্ত্বেও আজও দুধ পাননি?

Shri S. M. Fazlur Rahman:

আমার তা জানা নাই। তবে আমরা ৪২৫টি ইন্‌স্টিটিউশনকে দুধ দেই।

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

দুধ থেকে এই ফ্যাট কন্টেন্ট সরাবার পরে এই দুধের ক্যালোরি ভ্যালু কি কমে যায় না?

Shri S. M. Fazlur Rahman:

আমি এক্সপার্ট নই।

[1-20—1-30 p.m.]

Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, এই ফ্যাট কন্টেন্টটা সরাবার পর এর ক্যালোরিক ভ্যালু কমে যায়?

Shri S. M. Fazlur Rahman:

এ সম্বন্ধে আমি বলতে পারবো না কারণ আমি এক্সপার্ট নই।

Shri Cour Chandra Kundu:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে লোকাল ডিমান্ড মিট করার পর আমরা সেই সমস্ত জেলা থেকে দুধ নিয়ে আসি। মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন নদীয়া জেলায় ১৭ লক্ষ লোক আছে, তাদের কত দুধের প্রয়োজন এবং সেখান থেকে দুধ নিয়ে আসবার ফলে তাদের ঘাটতি হচ্ছে কিনা তার হিসাব করেছেন কি?

Shri S. M. Fazlur Rahman:

তার হিসাব আমাদের নেই।

Shri Cour Chandra Kundu:

সেই হিসাব না করে কি করে মন্ত্রিমহাশয় বললেন যে সেখানকার ঘাটতি মিটিয়ে আমরা সেখান থেকে নিয়ে আসছি?

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় সদস্য যে দৃষ্টিভংগী নিয়ে প্রশ্নটা করেছেন সেটা হচ্ছে সন্দেশ বন্ধ করার ব্যাপার নিয়ে। সন্দেশ বন্ধ করা হয়েছে তার সংগে সংগে ছানা বন্ধ হয়েছে। সন্দেশ বন্ধ না করলে ছানা আসত। সন্দেশ বন্ধ করার জন্য যে দুধটা পাচ্ছি সেটা সন্দেশ বন্ধ করার জন্যই পাচ্ছি।

Shri Cour Chandra Kundu:

সন্দেশ বন্ধ হবার বহু পূর্ব থেকেই আপনারা নদীয়া জেলা থেকে দুধ নিয়ে আসছেন এবং হরিণঘাটার গুরু দিয়ে কলকাতায় বিলি করছেন। তার ফলে নদীয়া জেলায় চাল, ডাল, মাছ ও দুধ পাচ্ছেনা সে খবর কি জানেন?

Shri S. M. Fazlur Rahman:

আপনি যদি না পেয়ে থাকেন তাহলে আমার কাছে দরখাস্ত করলে আমি তার ব্যবস্থা করবো।

Shri Cour Chandra Kundu:

আমার কথা হচ্ছে না, সেখানে বহু লোক দুধ পাচ্ছে না।

Shri S. M. Fazlur Rahman:

দুধ সংগ্রহ করতে না পারলে যেমন মাননীয় সদস্য কাশীবাবুর প্রশ্নের জবাবে বলা হল যে সেখানে সেই রকম অবস্থা হলে নিশ্চয় সেখানে চিলিং প্ল্যান্ট করে তারা যাতে দুধ পায় তার ব্যবস্থা করবো।

Shri Birendra Narayan Ray:

মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে বললেন যে খাঁটি গরুর দুধেও ৪ পারসেন্ট ফ্যাট থাকে, সেই জন্য সেটা ক্ষতিকারক, সেইজন্য টোন্ড মিল্ক করে ৩ পারসেন্ট ফ্যাট দিয়ে দেবার ব্যবস্থা করা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে যে আপনি কি এই ব্যবস্থা করবেন যে যারা খাঁটি গরুর দুধ খাবে তাদের ডি. আই. আর-এ ধরা হবে?

Shri S. M. Fazlur Rahman:

ওটা আমার এক্তিয়ারের বাইরে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এক হাজার যে নূতন কার্ডে তাঁরা দুধ সরবরাহ করছেন সন্দেশ বন্ধ হবার পর সেই দুধের পরিমাণ কত?

Shri S. M. Fazlur Rahman:

প্রত্যেক কার্ডের কোয়ান্টিটি এক রকম নয়, কারো এক লিটার, কারো হাপ লিটার আছে ইত্যাদি, টোটাল আমি বলতে পারছিনা, তবে মোর দ্যান সিক্স থাউজ্যান্ড লিটার হবে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ছানা বন্ধ হয়েছে কিন্তু এই দুধের সরবরাহ বৃদ্ধির জন্য ক্ষীরের সন্দেশ বন্ধ করা হয়নি কেন?

Shri S. M. Fazlur Rahman:

যদি প্রয়োজন হয় তাহলে নিশ্চয়ই করবো।

Shri Abani Kumar Basu:

স্যার, প্রশ্নটা হচ্ছে সন্দেশ নিষেধাজ্ঞা সম্বন্ধে এবং তারজন্য দুধ বৃদ্ধি সম্পর্কে—তাহলে এখানে ক্ষীরের সন্দেশ বন্ধ করবেন না কেন?

Mr. Speaker:

ওটা ওঁদের পলিসির ব্যাপার, এটা নিয়ে ডিটেন্ড কোশ্চেন করবেন না।

Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

আমি একটা প্রিভিলেজের কোশ্চেন তুলতে চাই। মাননীয় সদস্য গৌর কুন্ডু মহাশয় জিজ্ঞাসা করলেন নদীয়া জেলায় সর্টেজ হয়েছে কিনা তার উত্তরে মন্ত্রিমহাশয় বললেন আপনার যদি দরকার থাকে তাহলে আমার কাছে দরখাস্ত করবেন। এই প্রহসন করার দরকার কি?

Mr. Speaker:

ডাঃ গণি, ওগুলিকে আর ধরবেন না, যদি ধরেন তাহলের আমি মারা যাবো।

Shri Arabinda Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, যে ছানা থেকে সন্দেশ হয় সেই ছানা বন্ধ করার জন্য উনি আদেশ দিয়েছেন কিন্তু যে ছানা থেকে রসগোল্লা হয় সেই ছানা বন্ধ করার আদেশ দিয়েছেন কি?

Shri S. M. Fazlur Rahman:

না, আমরাত' ৫টি আইটেমকে বাদ দিয়ে রেখেছি।

Shri Deb Saran Ghosh:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন বিভিন্ন জেলা থেকে যে দুধ সংগ্রহ করছেন সেখানে যদি প্রয়োজন হয় তাহলে স্থানীয় চিলিং প্ল্যান্ট থেকে জনসাধারণকে দুধ দেওয়ার ব্যবস্থা আছে। সেই দুধ কি কার্ডের মাধ্যমে দেওয়া হবে, না ওপেন মার্কেটে দেওয়া হবে?

Shri S. M. Fazlur Rahman:

যেমন আমরা করি, কার্ডেও দিই এবং ওপেন মার্কেটেও রেখে দিই।

Shri Birendra Narayan Ray:

মাননীয় মন্ত্রিমহাশয় অনেকগুলি হিসাব দিয়ে বললেন যে এত লিটার দুধ পেয়েছি, এত দুধ নূতন কার্ডে দিয়েছি, কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন গত বছর নভেম্বর—ডিসেম্বর মাসে যারা কার্ডের জন্য এ্যাপলাই করেছিল তাদের কার্ড দেওয়া হয়নি?

Shri S. M. Fazlur Rahman:

গত বছরে হতে পারে কিন্তু এ বছরে যারা করেছে তাদের সকলেই পাচ্ছে। যদি এই রকম ঘটনা হয়ে থাকে তাহলে আমি নিশ্চয়ই দেখবো।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি এই ডবল টোন্ড মিল্ক যখন তৈরী হয় তখন দুধে জল মেশান হয়, না জলে দুধ মেশান হয়?

(নো রিপলাই)

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন দুধ কালেকশন করবার জন্য বাংলাদেশে সমস্ত জেলায় চিলিং প্ল্যান্ট বা কালেকশন সেন্টার আছে কিনা?

Shri S. M. Fazlur Rahman:

সমস্ত জায়গায় নয়, তবে আমাদের ১০টি চিলিং প্ল্যান্ট আছে এবং এ মাসের শেষ দিকে আরো ৫টি হচ্ছে।

Shri Girish Mahato:

[মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, শ্রম শিক্ষা বিদ্যাপীঠে যে দুধ দেওয়া হয়, সেখানকার ছাত্ররা আমাকে দুধ দেখিয়েছে, সেই দুধে পোড়া গন্ধ এবং সকলেই বলছে এটা খারাপ, এটা বন্ধ করবেন কি?

Shri S. M. Fazlur Rahman:

এই রকম কোন ঘটনা যদি আমাদের গোচরিভূত হয় তাহলে সেটাকে এ্যানালিসিস করে দেখার জন্য, টেষ্ট করার জন্য ল্যাবরেটরিতে পাঠান হয়।

Fish Corporation

***150.** (Admitted question No. *661.) **Shri Sanat Kumar Raha:**

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মৎস্য করপোরেশন গঠিত হইয়াছে কি না; এবং

(খ) গঠিত হইয়া থাকিলে, তাহার কাজ কি এবং তাহার সদস্যগণের নাম কি?

Shri S. M. Fazlur Rahman:

(ক) ভারত সরকার কর্তৃক সেন্ট্রাল ফিসারিজ করপোরেশন গঠিত হইয়াছে। ইহার সদর দপ্তর কলিকাতায় হইবে।

(খ) উক্ত কর্পোরেশন নিম্নোক্ত কর্মসূচী গ্রহণ করিবেঃ -

(১) ভারতের বিভিন্ন রাজ্য হইতে মৎস্য সংগ্রহ করিয়া কলিকাতার বাজারে সরবরাহ;

(২) মৎস্যজীবী ও তাহাদের সংস্থাগুলিকে উপকরণ ও ঋণ দিয়া সাহায্য করা;

(৩) রাজ্য সরকারের সহযোগিতায় মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ; এবং

(৪) গভীর সমুদ্রে মৎস্য শিকারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

নিম্নোক্ত ব্যক্তিবর্গ উক্ত করপোরেশনের সদস্য নিযুক্ত হইয়াছেনঃ—

(১) শ্রী এ, এস, ওয়াস, চেয়ারম্যান, ভারত সরকারের খাদ্য দপ্তরের সচিব,

(২) শ্রী জি, এস, মিত্র, ম্যানেজিং ডিরেক্টর, ভারত সরকারের মৎস্য উন্নয়ন উপদেষ্টা,

(৩) শ্রী কে, এল, পাস্‌রিচা, ডিরেক্টর, ভারত সরকারের মৎস্য দপ্তরের যুগ্ম সচিব,

(৪) শ্রীমঙ্গল বিহারী, ডিরেক্টর, ভারত সরকারের অর্থ মন্ত্রিমহাশয়ের উপ-অর্থ-উপদেষ্টা (খাদ্য বিষয়ে),

(৫) শ্রী এম, কে, কুকের্তী, ডিরেক্টর, ভারত সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের উপ-সচিব,

(৬) শ্রী জি, এন, নায়ার, ডিরেক্টর, চিফ ইঞ্জিনিয়ার সুপারিন্টেন্ডেন্ট, দক্ষিণ-পূর্ব রেলপথ ও

(৭) শ্রী জি, এস, ব্যানার্জী, ডিরেক্টর, মীন পোষ অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার।

মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় কর্তৃক অনুমোদিত।

Shri Sanat Kumar Raha:

এই যে কর্পোরেশনটি গঠিত হয়েছে এটা পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে পরামর্শক্রমে ৭ জন সদস্য নিয়ে গঠন করা হয়েছে। এই ৭ জন সদস্য কে কে থাকবেন সেটা পশ্চিমবঙ্গ সরকার জানেন কিনা?

Shri S. M. Fazlur Rahman:

পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে কথাবার্তা বলে ঠিক করা হয়েছে।

Shri Sanat Kumar Raha:

কলিকাতায় মৎস্য সরবরাহ করাই কি এর একমাত্র উদ্দেশ্য?

Shri S. M. Fazlur Rahman:

উত্তরে বলা হয়েছে মৎস্যজীবী ও তাহাদের সংস্থাগুলিকে উপকরণ ও ঋণ দিয়া সাহায্য করা, রাজ্য সরকারের সহযোগিতায় মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করা।

Shri Sanat Kumar Raha:

মন্ত্রিমহাশয় এক জায়গায় বললেন যে কলকাতায় মৎস্য সরবরাহ করার ব্যবস্থা করার জন্য.....

Shri S. M. Fazlur Rahman:

সাপ্লাই কলকাতায় হবে কিন্তু মৎস্য বৃদ্ধির জন্য সমস্ত পশ্চিম বাংলায় বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হবে।

Shri Sanat Kumar Raha:

পশ্চিমবঙ্গ রাজ্যে যে মৎস্য বিভাগ আছে তার সঙ্গে কর্পোরেশনের কি যোগাযোগ থাকবে?

Shri S. M. Fazlur Rahman:

আমাদের নিজস্ব যে সমস্ত বিভাগীয় পরিকল্পনা আছে তা ছাড়া বৃহত্তর পরিকল্পনা করবার জন্য ইন এ্যাডিশন টু আওয়ার স্কীমস্ এ্যান্ড প্ল্যানস্ যদি আমাদের সামর্থ এবং টেকনিক্যাল এক্সপার্টস না থাকে তাহলে সেগুলি তাঁরা করবেন।

Shri Sanat Kumar Raha:

এই কর্পোরেশনের জন্য ফাইনান্স সরবরাহ কেন্দ্র থেকে হবে, না পশ্চিমবঙ্গ সরকার থেকে হবে?

Shri S. M. Fazlur Rahman:

অথরাইজ্ড ক্যাপিটাল ৫ কোটি টাকা, ইস্যুড ক্যাপিট্যাল ৬০ লক্ষ টাকা, তার মধ্যে আমাদের ২৫ পার্সেন্ট শেয়ার হচ্ছে ১৫ লক্ষ টাকা।

Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে পশ্চিমবঙ্গ মৎস্য কর্পোরেশন, এই কর্পোরেশন বাংলা দেশে মাছ চাষের সুবিধা দেবার জন্য কি কোন পরিকল্পনা এর মধ্যে গ্রহণ করেছেন?

Shri S. M. Fazlur Rahman:

মোটামুটি সাউথ সল্ট লেক, একটা বিরাট পরিকল্পনা তাদের বিষয়ভুক্ত আছে, সেটা তাঁরা সার্ভে করছেন।

[1-30—1-40 p.m.]

Shri Nikhil Das:

মাছ তো বাজারে পাওয়া যাচ্ছে না। আমরা দেখলাম খবরের কাগজে একটা খবর যে বর্তমানে যে খাদ্য সংকট চলছে মৎস্যের উৎপাদন বাড়িয়ে খাদ্য সংকট উপসমের একটা পরিকল্পনা হচ্ছে সেই পরিকল্পনা কি মৎস্য করপোরেশন করবেন।

Shri S. M. Fazlur Rahman:

আমাদের মৎস্য দপ্তর গ্রামাঞ্চল পর্যন্ত ব্যাপকভাবে ছড়িয়ে দেবার জন্য পরিকল্পনা করছেন—প্রোগ্রাম এবং ব্লক ওয়াইজ যেটা বল্লাম ৫০টি ব্লকে সেখানে ৮০ একর করে কিছু কিছু ব্লকের সাথে করে ১৬ লক্ষ টাকা অলরেডি পঞ্চায়েৎকে দিয়ে দেওয়া হয়েছে এই কাজগুলি করার জন্য এছাড়া আরও অনেক পরিকল্পনা আছে।

Shri Nikhil Das:

এতে উৎপাদন কত বাড়বে যাতে করে খাদ্য সঙ্কট মেটানো যাবে?

Shri S. M. Fazlur Rahman:

যতই উৎপাদন বাড়ুক না কেন আমাদের যে জলাভূমি আছে তাতে পশ্চিমবঙ্গের চাহিদা মেটাবার জন্য নয়। আমরা একটা মোটামুটি ধারণা করে শতকরা ৮০ পারসেন্ট মাছ খায় এই করে ধরেছি যে ৫ লক্ষ মেট্রিক টন আমাদের দরকার। কিন্তু এখন আমাদের যা হয় তা ১ এর কম হয়, কাজেই অন্যান্য স্টেটের সাহায্য ব্যতিরেকে বাংলা দেশের চাহিদা মেটানো সম্ভব নয়।

Shri Aswini Roy:

এই যে সেন্ট্রাল ফিসারী ইনস্টিটিউট—সেখানে নূতন পদ্ধতিতে যে মাছ ধরার জন্য যে ২৫ মান্থ কোর্স করেছেন, সেখানে প্রত্যেক রাজ্য সরকার শিক্ষার জন্য ছাত্র পাঠিয়ে থাকে আমাদের রাজ্য থেকে কোন ছাত্র পাঠানো হয়েছে কিনা মন্ত্রিমহাশয় বলবেন কি?

Shri S. M. Fazlur Rahman:

এখানে ইনল্যান্ড ফিসারী যেটা আছে বারাকপুরে ইন্ডিয়া গভর্নমেন্টের সেখানে গ্র্যাজুয়েট কোয়ালিফিকেশন—সায়েন্স গ্র্যাজুয়েট বা আই, এস, সি, এই রকম সব হয়। নাকুলামে যেটা আছে সেখানে ডাইরেক্ট ফিসিং যারা করে সেই রকম চার জন ফিসারম্যান আমরা পাঠিয়েছি।

Shri Nani Bhattacharjee:

এই যে মৎস্য করপোরেশনের মতে সল্ট লেক প্রকল্প যেটা দেওয়া হয়েছে সেই প্রকল্প যদি সিদ্ধ হয় তাহলে কি পরিমাণ মাছ আসতে পারে?

Shri S. M. Fazlur Rahman:

সেটা আমি এখন বলতে পারছি না—পৃথক প্রশ্ন দিলে বলবো।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি বল্লেন যে বাংলা দেশে ৫ লক্ষ মেট্রিক টন মাছ দরকার হয় মোটামুটি তার মধ্যে অল্প পরিমাণ আমরা বাংলা দেশ থেকে পাচ্ছি যার জন্য বাইরের থেকে আমাদের আনতে হচ্ছে। কিন্তু এর মধ্যে সমুদ্রে যে মাছ পাওয়া যেতে পারে সেটাকে ধরেছেন কি?

Shri S. M. Fazlur Rahman:

সামুদ্রিক মাছ আমাদের খুব পুয়োর--সেটাকে এক্সপ্লয়েট করবার জন্য আরও চেষ্টা চলছে।

Shri Balai Lal Das Mahapatra:

আপনি কি জানাবেন যে ডিপ সি ফিসিং দ্বারা আমরা যে মাছটা পেতে পারি তার জন্য আপনারা চেষ্টা করে দেখেছেন কি মাছের অভাব মেটাবার জন্য?

Shri S. M. Fazlur Rahman:

এগুলি আমরা চেষ্টা করছি—মেকানাইজ বোর্ড যেটা করেছি সেটা আরও বাড়াচ্ছি এবং সেজন্য নাকুলামে ফিসারম্যানদের ট্রেনিং-এর জন্য পাঠানো হচ্ছে—সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে মেজর হারবার ডিপ সি ফিসিং-এর জন্য হলদিয়ায় হচ্ছে সেটা হলে ডিপ সি ফিসিং ভাল হবে।

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister-in-charge be pleased to state whether the Salt Lake Fishing will meet the same fate as the Deep Sea Fishing?

Shri S. M. Fazlur Rahman: Please repeat the question.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state whether the Salt Lake Fishing will meet the same fate as the Deep Sea Fishing?

Shri S. M. Fazlur Rahman: No.

Museum at Jiagunj

***151.** (Admitted question No. *899.) **Shri Birendra Narayan Ray:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জিয়াগঞ্জে নির্মীয়মান মিউজিয়ামটি শেষ হইতে কতদিন লাগিবে; এবং

(খ) উক্ত মিউজিয়ামটির জন্য পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকার কত টাকা মঞ্জুর করিয়াছেন?

Shri Rabindralal Sinha:

(ক) ভবন নির্মাণ শেষ হইতে কতদিন লাগিবে সে বিষয়ে নিশ্চিতভাবে এখনই বলা সম্ভব নয়।

(খ) উক্ত মিউজিয়ামটির জন্য পশ্চিমবঙ্গ সরকার ২৫,০০০ টাকা ও কেন্দ্রীয় সরকার ২৫,০০০ টাকা দিয়াছেন।

Shri Birendra Narayan Ray:

আপনারা এই যে ২৫ হাজার টাকা দিয়েছেন—এটা কবে দিয়েছেন এবং কাজটা কতদূর হয়েছে বলতে পারেন কি?

Shri Rabindralal Sinha:

আমরা টাকাটা দু কিস্তিতে দিয়েছি—প্রথমে ১৫ হাজার টাকা দিয়েছিলাম তার পরে ১০ হাজার টাকা দিয়েছি। একজ্যাক্ট ডেটটা ঠিক বলতে পারছি না।

Shri Birendra Narayan Ray:

প্রগ্রেসটা কতদূর হয়েছে সেটা খবর রাখেন কি?

Shri Rabindralal Sinha:

প্রগ্রেসটা আমরা যা রিপোর্ট পেয়েছি তাতে বলছে

brickwork in cement concrete in foundation and plinth area including earth-work, soling and cement concrete; entrance lobby with R.C. roof; 8′ wide two staircases from ground floor to 1st floor 14′ high; two halls (20′ × 25′ × 14′) complete with R.C. roof on the above foundation partly; two halls completed with R.C. roof on the above foundation partly.

Shri Sailendra Nath Adhikary:

এই যে মিউজিয়ামটা হতে হতে মাঝখানে কাজ বন্ধ হয়ে গেছে, এর জন্য পশ্চিমবঙ্গ সরকার কি তাদের কাছে কোন চিঠি লিখে জানতে চেয়েছেন যে এই টাকাটা ঠিক মত ইউটিলাইজ হয়েছে কিনা?

Shri Rabindralal Sinha:

প্রথম কথা হচ্ছে এই জিনিসটার জন্য কেন্দ্রীয় সরকার ৫০ হাজার টাকা দিতে সম্মত হয়েছিলেন, তার ২৫ হাজার টাকা তাঁরা দিয়েছেন আর রাজ্য সরকার ২৫ হাজার টাকা দেবেন বলেছিলেন—তা

দিয়েছেন—তা ছাড়া বর্তমানে ওয়ার্কিং ফান্ডের অভাবে তাঁরা কাজ কমপ্লিট করতে পারেন নি এবং কেন্দ্রীয় সরকারকে তারা ফের লিখেছেন যাতে কেন্দ্রীয় সরকার যেটা দিতে সম্মত হয়েছিলেন তার বাকী ২৫ হাজার টাকা তারা দেন। তারা অডিট রিপোর্ট পাঠিয়েছেন— অডিট রিপোর্টে দেখা যাচ্ছে ১৯৬৫ সালের মার্চ অবধি ৪৩,৬১০ টাকা ৩০ পয়সা খরচ হয়েছে। তবে আমরা বলেছি অডিট রিপোর্ট ভাল করে একজামিন করতে এবং এদের সম্বন্ধে আরও ডিটেলস সংবাদ নিতে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি যে বল্লেন অডিট রিপোর্ট তারা পাঠান, এই অডিট রিপোর্ট পাঠিয়েছেন কে—একটা কমিটি না একটা ব্যক্তি, কমিটি কর্তৃক পাসড হয়ে সাবমিটেড হয়ে পাঠানো হয়েছে কি?

Shri Rabindralal Sinha:

কমিটি মিটিংয়ে সাবমিটেড হয়েছে কিনা সেটা বলা আমার পক্ষে সম্ভব নয়—ন্যাচারালি কমিটির পক্ষ থেকে সেক্রেটারী এ্যাক্ট করেন, সেক্রেটারী ফরোয়ার্ড করেছেন—আমরা একজামিন করতে বলেছি—অডিট রিপোর্ট সম্পর্কে বলা এখন আমার পক্ষে সম্ভব নয়, কেননা, সেটা এখনও একজামিন্ড হয় নি।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি জানেন যে এই মিউজিয়াম কমিটির মিটিং গত ১ বছরের মধ্যে ডাকা হয় নি?

Shri Rabindralal Sinha:

না, আমার জানা নেই।

Shri Birendra Narayan Ray:

আমি আগের সেসানে এই সংক্রান্ত একটা প্রশ্নে বলেছিলাম যে ঐ জমির অন্যতম মালিক বীরেন সিংহ—তিনি সই করেন নি ডিড অফ গিফ্‌টে সেইজন্য ওটা ডিফেক্টিভ হয়ে আছে—আপনি বলেছিলেন খবর নেবেন, খবর নিয়েছেন কি?

Shri Rabindralal Sinha:

আমাদের রিপোর্ট-এ আছে
the title is all right.
গভর্নমেন্ট সলিডার এ্যাপ্রুভ করেছেন।

[1-40—1-50 p.m.]

Technical building of Cantai Kshetramohan Vidyabhawan

***152.** (Admitted question No. *933.) **Shri Sudhir Chandra Das:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি সহরের উপকণ্ঠে কাঁথি ক্ষেত্রমোহন বিদ্যাভবনের টেক্‌নিক্যাল বিল্ডিং-এর এবং ওয়ার্কসপের জন্য কোন্ তারিখে কত টাকা দেওয়া হইয়াছে;

(খ) ইহা কি সত্য যে টেক্‌নিক্যাল বিল্ডিং ও ওয়ার্কসপ এখনও নির্মিত হয় নাই; এবং ঐজন্য সরকারী টাকায় পারমিট প্রদত্ত প্রায় ৮০০ শত ব্যাগ সিমেন্ট গুদামে জমিয়া নষ্ট হইতেছে;

(গ) ইহা সত্য হইলে এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(ঘ) এতদিন গৃহ নির্মাণ না হইবার কারণ কি?

Shri Rabindralal Sinha:

(ক) ১৯৬১ সালের ২৫এ সেপ্টেম্বরে ৩৫,০০০ (পঁয়ত্রিশ হাজার) টাকা সরকারের দেয় প্রথম কিস্তি হিসাবে দেওয়া হইয়াছে।

(খ), (গ) এবং (ঘ) বিদ্যালয়ের টেকনিক্যাল বিল্ডিং এবং ওয়ার্কসপের নির্মাণ কার্য চলিতেছে।

৮০০ শত ব্যাগ সিমেন্ট গুদামে জমিয়া নষ্ট হইতেছে বলিয়া কোনও অভিযোগ পাওয়া যায় নাই। তবে এ সম্বন্ধে যথাযথ অনুসন্ধান করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

Shri Sudhir Chandra Das:

১৯৬১ সালে ৩৫ হাজার টাকা দিয়েছেন ঘর তৈরী করবার জন্য আর আজ হল ১৯৬৫ সাল সে ঘর তৈরী হয় নি এর কারণ কি?

Shri Rabindralal Sinha:

এক কথায় বলতে গেলে বলতে হয় এই ঘর আমরা তৈরী করছি না, পুরা টাকা আমরা দিচ্ছি না। আমরা গভর্নমেন্ট থেকে গ্রান্টস্ দিচ্ছি এবং কমিটি এটা তৈরী করবে। প্রথম কিস্তি হিসাবে আমরা ৭০ হাজার টাকা দিতে সম্মত হয়েছি, এর যেটা প্রথম কিস্তি সেই ৩৫ হাজার টাকা আমরা দিয়েছি এবং পরের কাজ অর্থাৎ ১০ হাজার এই মোট ৪৫ হাজার টাকার পুরা কাজ দেখলে। এই যে ১০ হাজার এটা হল লোকাল কন্ট্রিবিউসান। এটার কাজ দেখলে তবে আমরা সাবসিকোয়েন্ট টাকা রিলিজ করবো সেই জন্য চীফ ইঞ্জিনীয়ার কনস্ট্রাকসন বোর্ডকে আমি ডিটেল্স রিপোর্ট দিতে বলেছি।

Shri Sudhir Chandra Das:

এই স্কুল বিল্ডিং তৈরী নিয়ে এবং পরিচালনার ব্যাপার নিয়ে কোন দুর্নীতির অভিযোগ পেয়েছেন কি?

Shri Rabindralal Sinha:

বিদ্যালয় সম্পর্কে পাইনি, বিলডিং সম্পর্কে পেয়েছি।

Shri Sudhir Chandra Das:

৮০০ ব্যাগ সিমেন্ট নষ্ট হয়ে গেছে এটার তদন্ত করতে কাকে বলেছেন?

Shri Rabindralal Sinha:

চীফ ইনেস্পকটার টেকনিক্যাল এডুকেসান এবং কনস্ট্রাকসান ডিভিসানকে এটা দিয়েছি।

Plying of old buses in Midnapur district

***152.** (Admitted question No. *1043.) **Shri Ananga Mohan Das:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ১৫ বৎসরেরও পুরাতন কতগুলি বাসকে যাত্রীবহন করিতে দেওয়া হইতেছে; এবং

(খ) ঐগুলির যাত্রীবহন ক্ষমতা আছে কিনা তাহা কে কিভাবে পরিদর্শন করেন?

Shri Saila Kumar Mukherjee:

(ক) ১০৪ খানি বাস।

(খ) ঐ বাসগুলির যাত্রীবহন ক্ষমতা আছে কিনা তাহা মোটর ভিক্‌লস্‌ ইন্সপেক্টর কর্ত্তৃক প্রতি ছয় মাস অন্তর পরীক্ষা করিয়া দেখা হয়।

Shri Ananga Mohan Das:

১৫ বৎসরের উপর যে বাস চলে সেগুলি প্রায় খারাপ হয়ে যায় এটা জানেন কি?

Shri Saila Kumar Mukherjee:

সেজন্যই ৬ মাস অন্তর পরীক্ষা করবার ব্যবস্থা আছে।

Shri Ananga Mohan Das:

আপনি কি জানেন যে এক একটা রুটে বিভিন্ন জায়গায় যতগুলি বাস আছে তার অর্ধেকই হল পুরাতন গাড়ী এবং এই গাড়ী খারাপ হয়ে যাওয়ার দরুণ যাত্রীদের অসুবিধা ভোগ করতে হচ্ছে?

Shri Saila Kumar Mukherjee:

এগুলি সরকারী বাস নয় মোটর ভিক্‌লস্‌ এ্যাক্ট এবং রুলস্‌ অনুসারে সেটা চলে। এই মোটর ভিক্‌লস্‌ এ্যাক্টে কোন ক্ষমতা নেই যে গাড়ীকে বসিয়ে দিতে পারে যেহেতু ১৫ বৎসর হয়ে গেল। ৬ মাস অন্তর স্পেসাল এক্সপার্ট দিয়ে পরীক্ষা করিয়ে সেগুলিকে সার্টিফিকেট অফ ফিটনেস্‌ নিতে হয়। এই সার্টিফিকেট অফ ফিটনেস্‌ না নিলে সে গাড়ী বসে যায়।

Shri Ananga Mohan Das:

আপনি বললেন যে প্রাইভেট বাস গুলির উপরে আমাদের কোন হাত নেই। কিন্তু জনসাধারণের অসুবিধ হচ্ছে অতএব খারাপ গাড়ী রেখে জনসাধারণের যে অসুবিধা হচ্ছে এটা তো নিশ্চয়ই সরকার চান না. সুতরাং সেটা কি করবেন?

Shri Saila Kumar Mukherjee:

তাহলে আইনের পরিবর্তন করতে হয় মোটর ভিক্‌লস্‌ এ্যাক্টে এরূপ কোন ক্ষমতা নেই যাতে প্রাইভেট বাসগুলি বন্ধ করে দিতে পারে।

Shri Nani Bhattacharya:

আপনি বললেন যেহেতু বাস খারাপ এবং আইনের ফারাক নেই সুতরাং ৬ মাস অন্তর তাদের ফিটনেস পরীক্ষা করে সার্টিফিকেট নিতে হয়। এবং তা সত্ত্বেও অনেক ক্ষেত্রে অচল হয়ে যায় এবং যাত্রীদের অসুবিধা ভোগ করতে হয় তাহলে এটা কি বলতে পারেন যে ফিটনেস সার্টিফিকেট নেবার জন্য যেরূপ ভালভাবে পরীক্ষা করা দরকার সেরূপ ভাবে করা হচ্ছে না?

Shri Saila Kumar Mukherjee:

সেটা বলতে পারবো না সারা বাংলা দেশে ২ হাজার থেকে আড়াই হাজার পরীক্ষা করা হয়। তবে যদি বলেন কোন বিশেষ বাসের কথা তাহলে বলবো সেটা আমাদের জানালে আমরা এক্সপার্ট পাঠিয়ে পরীক্ষা করবার ব্যবস্থা করতে পারি যাতে তা আ রনা চলে। যদি ব্যক্তিগত কমপ্লেনের কথা বলেন তাহলে বলবো স্থানীয় লোকের কাছ থেকে কোন কম্পেলেনই আমাদের কাছে আসে নি।

Shri Cour Chandra Kundu:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ১৫ বৎসরের বেশী যে সমস্ত গাড়ী তাদের আনফিট ডিক্লেয়ার করতে হলে পরীক্ষা করে করতে হয়। আপনার কাছে এরূপ কোন রিপোর্ট আছে?

Shri Saila Kumar Mukherjee:

প্রশ্নে তা নেই যদি তা থাকতো তাহলে পরিবেশন করা যেত।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে সার্টিফিকেট অফ ফিটনেস পয়সা দিলে কিনতে পাওয়া যায়?

Shri Saila Kumar Mukherjee:

দুর্নীতির উপর মন্ত্রিমহাশয়দের কোন হাত নেই এটা সকলেই জানেন।

Shri Aswini Roy:

মাননীয় মন্ত্রিমহাশয়ের ফাইল-এ এ তথ্য আছে কি নূতন এবং পুরান নিয়ে কত বাস মেদিনীপুরে চালু আছে?

Shri Saila Kumar Mukherjee:

প্রশ্ন করলে বলতে পারবো।

Shri A. H. Besterwitch: Sir, the Hon'ble Minister says that there are men who examine the buses and give fitness certificate. The fitness certificate is given for the engines, brakes, etc. Will the Hon'ble Minister please tell us whether fitness certificate is given for the body of the buses also?

Shri Saila Kumar Mukherjee: Certificate of fitness is meant for the roadworthiness of buses. If a bus is not roadworthly, no certificate is given.

Shri A. H. Besterwitch: I am sorry, Sir, the Hon'ble Minister does not know. The fitness certificate is not given for the body of the bus. The body may be in a ragged condition. Fitness certificate is given only for the engines, brakes, steering, etc.

Shri Saila Kumar Mukherjee: In Chapter V of the Motor Vehicles Rules there is specific provision for Certificate of Fitness. That statutory provision is being complied with.

Circular Railway

***154.** (Admitted question No. *1128.) **Shri Gopal Banerjee:**

স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলিকাতায় চক্রবেড় রেল চালু করিবার সম্পর্কে ব্যবস্থা কতদূর হইয়াছে?

Shri Saila Kumar Mukherjee:

(ক) কেন্দ্রীয় সরকার কলিকাতায় চক্রবেড় রেল নির্মাণ সম্পর্কে ও মেট্রোপলিটন ট্রান্সপোর্ট সম্বন্ধে তদন্ত করিবার জন্য বিশেষজ্ঞগণকে লইয়া সম্প্রতি একটি স্ট্যাডি টিম গঠন করিয়াছেন। ঐ-স্ট্যাডি টিম রাজ্য সরকার কর্তৃক মনোনীত বিশেষজ্ঞগণের সহযোগিতায় শীঘ্রই তদন্ত আরম্ভ করিবেন। রাজ্য সরকারও একটী স্টাডি টিম গঠন করিয়াছেন।

Shri Monoranjan Roy:

এত তদন্ত করে আরম্ভ হবে এবং আশা করেন কবে শেষ হবে?

Shri Saila Kumar Mukherjee:

আমরা একটা টেলিফোন মেসেজ পেয়েছিলাম যে আগামী ১৭ই তারিখে ওরা আসবেন, তারপর আবার একটা মেসেজ পাঠিয়েছেন এবং বলেছেন কবে যাবেন সেটা শীঘ্র জানাবেন কারণ ঐ দিন স্টাডি টিম আগের মেসেজ ক্যানসেল করেছেন বলে।

Shri Monoranjan Roy:

কত দিনে শেষ হবে?

Shri Saila Kumar Mukherjee:

তাদের ১৫ জন বিশেষজ্ঞ আছেন আর আমাদের ৫ জন—মোট ২০ জন বিশেষজ্ঞের একটি দল whole Metropolitan area Circular, Overhead Rail, Underground Rail. ইত্যাদি নিয়ে দেখবেন কলকাতার জন্য এটা জানি। মাদ্রাজ, কলকাতা, বোম্বাই, দিল্লী এই ৪টা জায়গায় হবে, তবে তার মধ্যে কলকাতার সবচেয়ে গুরুত্ব দেওয়া হয়েছে তারা কলকাতায় এসে রিপোর্ট দেবেন।

Shri Aswini Roy:

আপনি বললেন স্টাডি টিম আসছেন এবং তাতে আমাদের ৫ জন আছেন এরা কারা কারা বলবেন কি?

Shri Saila Kumar Mukherjee:

নাম এখানে নেই তবে মন থেকে বলতে পারি ট্রান্সপোর্ট-এর হেড্ স্টেট ট্রান্সপোর্ট-এর রেলওয়ে রিটায়ারড্ ইঞ্জিনীয়ার, চীফ ইঞ্জিনীয়ার, সি এম পি ও-র ২ জন আছেন এবং ইঞ্জিনীয়ারস্ এক্সপার্টস, ট্রাফিক এক্সপার্টস আছেন।

[1-50—2 p.m.]

Shri Nikhil Das:

চক্রবেড় রেল, এটা কলকাতার খুব প্রয়োজনীয় ব্যাপার। এই হাউস থেকে ছয় মাস আগে সর্ব-সম্মতিক্রমে এই সম্পর্কে একটা প্রস্তাব গৃহীত হয়েছিল, এবং সেই প্রস্তাব পাশ হবার পরে, আপনার এই প্রশ্ন থেকে, বুঝতে পারলাম যে এখনও পর্যন্ত তদন্তই শুরু হয়নি, তাহলে এই চক্রবেড় রেল কবে হবে বলে আপনারা আশা করছেন?

Shri Saila Kumar Mukherjee:

আমিও আশা করছি যত শীঘ্র হয়, কালকে হলে খুসী হই। এমন মানুষ নেই যিনি এটা চান না। এ সম্পর্কে প্ল্যানিং কমিশন, ইণ্ডিয়া গভর্নমেন্টের সঙ্গে পরামর্শ করে করবেন, এবং যাতে ১ হাজার, ২ হাজার কোটি টাকা খরচ হবে, তাতে কবে এটা শেষ হবে, তা আমি বলতে পারবো না। তবে, ধাপে, ধাপে কাজ অগ্রসর হয়ে যাচ্ছে, তার একটা বিরাট স্টেপ নেওয়া হয়েছে।

Shri Kashi Kanta Maitra:

আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, এই চক্রবেড় রেলের জন্য আপনাদের এক্স-পার্টরা পশ্চিমবঙ্গে যাঁরা রয়েছেন, তাঁরা কি চক্রাকারে ঘুরছেন, না, সরাসরি সোজা যাচ্ছেন, এইটা জানতে চাচ্ছি!

Shri Saila Kumar Mukherjee:

আপনি যদি তাঁদের প্রসিডিংস চান, আমি পাঠিয়ে দেবো, তারা চক্রাকারে, বা বৃত্তাকারে, বা সরলাকারে যাচ্ছেন, তা আপনি বুঝতে পারবেন।

Shrimati Ila Mitra:

আপনার কথা শুনে মনে হচ্ছে যে চক্রবেড় রেল পরিকল্পনা; এটা বোধ হয় আপনার বাতিল করবার মতলব রয়েছে। কারণ আপনার উত্তর শুনে মনে হচ্ছে, ঐ যে স্টাডি টিম করেছেন; তারা কবে বসবে ঠিক নেই; তাঁদের অনুসন্ধানের কাজ শেষ হতে কতদিন সময় লাগবে, তার ঠিক নেই, এই সম্পর্কে আপনি তো কিছুই বলছেন না?

Shri Saila Kumar Mukherjee:

কি করে থাকবে! ১৯৩৭ সাল থেকে এটা আরম্ভ করা হয়, পাঁচ বছর ধামাচাপা পড়ে ছিল, তোলা হয় এ বছর, এবং ছয় মাসের মধ্যে একটা বিশেষজ্ঞ কমিটি গঠিত হয়েছে। তাতেও যদি আপনারা চান, কবে বলে দিতে হবে, তাহলে আমি তা পারবো না। আমি অপারগ।

Shri Gour Chandra Kundu:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে এখান থেকে আমাদের সর্বসম্মতিক্রমে প্রস্তাবটা গৃহীত হল, সেই প্রস্তাবটা কি কেন্দ্রীয় সরকারের নিকট পাঠান হয়েছিল? আমার দু-নম্বর প্রশ্ন হল, কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে কত টাকা মঞ্জুর করেছেন, সেটা আমরা জানতে চাই।

Shri Saila Kumar Mukherjee:

এখানে টাকা মঞ্জুরীর প্রশ্নই ওঠে না। এখন স্কীম হচ্ছে, এবং হোল ইন্ডিয়ান সিটিজ ট্রান্সপোর্ট প্রবলেম-এর জন্য একটা বিশেষজ্ঞ কমিটি হয়েছে, তাঁরা সব পরীক্ষা-নিরীক্ষা করে দেখছেন। প্ল্যানিং কমিশনের নির্দেশ অনুসারে এবং কেন্দ্রীয় সরকারের অনুমতি সাপেক্ষে নির্দেশ দেওয়া হয়েছে যে সর্ব প্রথম ক্যালকাটা মেট্রোপলিটন-এর বাজেট সিদ্ধান্ত তাঁরা অনু-অনুমোদন করে, সেটা সরকারের কাছে রাখবেন।

Shri Narendra Nath Sen:

এই যে কমিটি এখানে আসবে, তাঁরা কি প্রাইভেট পার্সনস-এর এভিডেন্স, মতামত নেবেন? পাবলিক এভিডেন্স তাঁরা নেবেন?

Shri Saila Kumar Mukherjee:

তাঁরা একটা কোশ্চেনেয়ার ফর্ম করবেন শুনেছি। তাঁরা নিশ্চয় পাবলিক ওপিনিয়ন, মতামত নেবেন।

Shri Monoranjan Roy:

সেই তদন্ত কমিটির টার্মস অফ রেফারেন্স কি দেওয়া হয়েছে?

Shri Saila Kumar Mukherjee:

টার্মস অফ রেফারেন্স-এর কথামত বললাম,

problems of handling Calcutta Metropolitan Transport including the questions of external transport, internal transport; whether it can be solved by introducing a Circular Railway or by extension of railway or by increasing Buses or by increaasing or reducing or totally abolishing Trams or by introducing Underground Railway.

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, যে এই বিশেষজ্ঞ কমিটি এ্যাপয়েন্টেড হবার পর থেকে, কয়টি মিটিং হয়েছে এই বিশেষজ্ঞ কমিটির?

Shri Saila Kumar Mukherjee:

এই বিশেষজ্ঞ কমিটি গেজেটেড হয়েছে মাত্র এক মাস আগে। কালকে ত খবর পেয়েছি তাঁরা আসছেন মিটিং করতে প্রথম কলকাতায়।

Shri Monoranjan Roy:

এটা কি আমরা ধরে নেবো যে সার্কুলার রেলওয়ে হবে, কি না হবে, সেটার সম্পর্কে তাঁরা পরে সিদ্ধান্ত নেবেন? অর্থাৎ অন্যান্য বিষয়গুলি আগে তাঁরা করবেন, তারপর এটায় তাঁরা হাত দেবেন? এখানে সার্কুলার রেলওয়ে হবে, তার জন্য যে তদন্ত করা দরকার; তা এই কমিটির বিষয়বস্তু নয়?

Shri Saila Kumar Mukherjee:

এর নিশ্চয় বিষয়বস্তু। যতদূর সম্ভব জোর দিয়ে বলছি যে এই সার্কুলার রেলওয়ে এখানে হবে কি না, সেটা এই কমিটির কনসিডারেসান-এ নিশ্চয় বিষয়বস্তু।

Shri Monoranjan Roy:

তাঁদের কন্সিডারেসান-এ সার্কুলার রেলওয়ে হবে, এটা সিদ্ধান্ত করার পরে, কি ভাবে এই কাজে হাত দেওয়া হবে? এখানে সার্কুলার রেলওয়ে এ্যাট অল হবে কি না? এর জন্য এত তদন্ত করার কি আছে? কবে এখানে সার্কুলার রেলওয়ে স্থাপিত হবে?

Shri Saila Kumar Mukherjee:

আমিও বারবার বললাম

entire Metropolitan Transport including introduction of Circular Railway is the scope of the Enquiry Commission.

Dr. D. M. Sen's visit to Delhi

155. (Admitted question No. *914.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that Shri D. M. Sen, former Secretary, Department of Education, Government of West Bengal and at present Vice-Chancellor, Burdwan University, had been to Delhi between October 13 and October 20, 1965 and stayed in the Banga Bhavan during that period;

(b) if so, what was the purpose of his visit—whether official or non-official;

(c) whether it is a fact that during his stay Shri Sen made use of the pool car belonging to the State Government during this period and kept the said car at his disposal for twenty-four hours; and

(d) if so, who paid the charges for the use of the said car?

Shri Rabindralal Sinha: (a) Dr. D. M. Sen, Vice-Chancellor, Burdwan University, was in Delhi from the evening of October, 15 to the morning of October 21, 1965 and was permitted by the P.W. Department to stay at the Banga Bhavan during that period.

(b) The purpose of his visit was "official".

(c) With the permission of the Home (Transport) Department Dr. Sen used the car for his official use.

(d) Charges were not asked for.

Shri Kashi Kanta Maitra:

আমি খুব জোরের সঙ্গে বলছি মন্ত্রিমহাশয়কে যে যেদিন ডাঃ ডি, এম, সেন বঙ্গভবনে গিয়ে পৌঁছান, সেদিন থেকে আরম্ভ করে যেদিন চলে আসেন তার প্রতিদিন পুরো ২৪-আওয়ার্স একখানা করে গাড়ি ওয়াজ কমান্ডিলটলি আণ্ডার হিজ ডিসপোজাল। আমি জানি আর একজন আই, সি, এস, অফিসার, কে, কে; সেন; হি ওয়াজ গুড এ্যাণ্ড অনেষ্ট এ্যানাফ; তিনি অতিরিক্ত যে গাড়ি চড়েছেন তারজন্য ২২ টাকা আসবার সময় জমা দিয়ে এসেছেন। আমি জিজ্ঞাসা করছি মন্ত্রীমহাশয় কি একথা বলতে পারবেন যে ডঃ ডি, এম, সেন যেটুকু অফিসিয়াল পার্পাজে ব্যবহার করা দরকার, তা ছাড়া আর কোন সময়ে অন্য কোন উদ্দেশ্যে গাড়ি চড়েন নাই?

Shri Rabindralal Sinha:

প্রথম কথা হচ্ছে কোশ্চেনে এডুকেসান ডিপার্টমেন্টকে এ্যাড্রেস করলে গাড়ি সম্বন্ধে ডিটেল বলা এডুকেসান ডিপার্টমেন্ট-এর পক্ষে সম্ভব নয়। কারণ গাড়ি তাদের কন্ট্রোলে নয়। তবে আমি এনকোয়ারি করে এ সম্বন্ধে যে রিপোর্ট পেয়েছি তাতে দেখছি তিনি অফিসিয়াল পার্পাজ-এ গাড়ি ব্যবহার করেছেন এবং তার জন্য কোন চার্জ করা হয় নাই।

Shri Kashi Kanta Maitra:

অন্য যারা সেখানে ছিলেন ডঃ অসিমা চ্যাটার্জি, বি-ই কলেজের প্রিন্সিপ্যাল শ্রীঅতুল রায় এবং আরো অনেক ডিস্টিংগুইস্‌ড এডুকেসানিস্ট যারা অফিসিয়াল ভিজিট উপলক্ষ্যে ওখানে ছিলেন, তাঁরা বঙ্গভবনে থেকে ও পশ্চিমবঙ্গ সরকারের গাড়ি ব্যবহার করেন নাই। কিন্তু একমাত্র ডঃ ডি, এম, সেন সমস্ত সময়ে সাতদিন ধরে সরকারী গাড়ী ব্যবহার করেছেন এবং তার জন্য একটি পয়সাও সরকারকে দেন নাই?

Shri Rabindralal Sinha:

পয়সা দেন নাই সেটা তো আমি পূর্বেই বলেছি। কিন্তু আমার রিপোর্ট হচ্ছে বিশ্ববিদ্যালয়ের একজন উপাচার্য্য সরকারী কাজে দিল্লী গিয়েছিলেন এবং সরকারী কাজেই সরকারী গাড়ি ব্যবহার করেছিলেন। তাঁকে গাড়ি ব্যবহার করতে দেওয়া হয়েছিল।

Shri Kashi Kanta Maitra:

কী সরকারী কাজে তিনি দিল্লী গিয়ে ওখানে ছিলেন?
He used the car not for official purpose.

Shri Rabindralal Sinha:

ফর অফিসিয়াল ওয়ার্ক অফ দি ইউনিভার্সিটি, তার মধ্যে ইউ, জি, সি-র সঙ্গে সাক্ষাৎ করা ইত্যাদি আছে। সুতরাং এডুকেসান ডিপার্টমেন্ট-এর পক্ষে এর চেয়ে বেশী কিছু জবাব দেওয়া সম্ভব নয়।

Shri Monoranjan Roy:

এই যে তিনি বিশ্ববিদ্যালয়ের সরকারী কাজে দিল্লী গিয়েছিলেন, তাঁর দিনে কয় ঘণ্টা করে গাড়ি খানা লাগতো এবং কয়দিন তিনি কয় ঘণ্টা করে গাড়ি রেখেছিলেন?

Shri Rabindralal Sinha:

তা বলাসম্ভব নয়।

Dr. Kanai Lal Bhattacharyya:

ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলার যখন দিল্লী বা যে কোন জায়গায় সরকারী কাজে যান, তখন কি তাঁর থাকা খাওয়ার বন্দোবস্ত সরকার থেকে করা হয়?

Shri Rabindralal Sinha:

না, তা হয় না। বল্গভবনে জায়গা থাকলে কনসেসনাল রেট পান না, পুরা রেট দিতে হয়। জায়গা খালি থাকলে যে কোন গভর্নমেন্ট সার্ভেন্টকে বল্গভবনে থাকতে দেওয়া হয় এবং গাড়ি চাইলেও দেওয়া হয়। ভাইস্-চ্যান্সেলরকেও জায়গা থাকলে দেওয়া হয়।

Shri Kashi Kanta Maitra:

এটা আপনি তদন্ত করে দেখবেন যে ডঃ ডি, এম, সেন যে ইউনিভার্সিটির কাজে গিয়েছিলেন —বর্ধমান ইউনিভার্সিটির কাছে ট্রান্সপোর্ট এক্সপেণ্ডিচার হিসেবে দিল্লী যাওয়া ও আসার জন্য পৃথকভাবে বিল সাবমিট করেছেন কি না?

Shri Rabindralal Sinha:

এটা ইউনিভার্সিটির ব্যাপার, এরকম প্রশ্ন আমাদের কাছে না করে ইউনিভার্সিটির ভাইস্-চ্যান্সেলারকে করা উচিত ছিল।

Dr. Kanai Lal Bhattacharyya:

ডঃ ডি, এম, সেন ওখানে থাকার জন্য এবং গাড়ি ব্যবহারের জন্য যে চার্জ দেবার কথা, সেই সম্পূর্ণ চার্জ কি তিনি দিয়েছিলেন?

Shri Rabindralal Sinha :

সরকারী কাজে অফিসিয়াল কাজে গাড়ি ব্যবহার করলে চার্জ দিতে হয় না। কিন্তু থাকার চার্জ যেটা, সেটার বিল পুরা দিয়েছেন।

STARRED QUESTION
(to which answer was laid on the table)

Construction of a Stadium at Calcutta

***156.** (Admitted question No. *1090.) **Shri Birendra Narayan Ray:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় ষ্টেডিয়াম নির্মাণের জন্য জমি চূড়ান্তভাবে স্থিরীকৃত হইয়াছে কিনা; এবং

(খ) উক্ত ষ্টেডিয়াম নির্মাণের সর্বশেষ পরিস্থিতি কি?

The Minister for Education:

(ক) ভারত সরকার ষ্টেডিয়াম নির্মাণের জন্য এলেনবরা কোর্সে ২৫ একর জমি দিতে স্বীকৃত হইয়াছেন কিন্তু বর্তমান জরুরী অবস্থার জন্য অদ্যাবধি জমির অধিকার রাজ্য সরকারের নিকট হস্তান্তরিত করা সম্ভবপর হয় নাই।

(খ) এলেনবরা কোর্সে ষ্টেডিয়াম নির্মাণ করার সিদ্ধান্ত হইয়াছে বটে কিন্তু ইতিমধ্যে কলিকাতা মেট্রোপলিটন্ সংস্থা (সি, এম, পি, ও,) রাজ্য সরকারকে জানাইয়াছেন যে উপরোক্ত জায়গায় ষ্টেডিয়াম নির্মিত হইলে পরিকল্পিত নূতন হাওড়া পুলের নির্মাণ কার্যে অসুবিধা হইতে পারে। এ বিষয়টি বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Arrests in connection with the 5th August Hartal

190. (Admitted question No. 49.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ৫ই অগাস্ট ধর্মঘট ও হরতালের জন্য কত লোককে ভারতরক্ষা আইনে ও নিবর্তনমূলক আটক আইনে গ্রেপ্তার করা হয়; এবং

(খ) গ্রেপ্তারের সংখ্যা কোন জেলায় কত?

The Minister for Home (Police):

(ক) ৩৩৮ জন।

(খ) কলিকাতা—৯৫, ২৪-পরগনা—১০১, মুর্শিদাবাদ—৪২, জলপাইগুড়ি—২৪, বর্দ্ধমান—৪১, বীরভূম—৬, হাওড়া—২৮ এবং হুগলী—১।

Tubewells in Moyna police-station, Midnapur

191. (Admitted question No. 57.) **Shri Ananga Mohan Das:**

আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ময়না থানাতে গত তিন বৎসরে কোন্ কোন্ গ্রামে তফসিল ফান্ড হইতে নলকূপ স্থাপন করা হইয়াছিল;

(খ) ঐগুলির জন্য প্রতি বৎসর কি পরিমাণ অর্থ ব্যয় হইয়াছিল; এবং

(গ) ঐ গ্রামগুলির মধ্যে কতজন করিয়া তফসিল সম্প্রদায়ভুক্ত ব্যক্তি বাস করেন?

The Minister of State for Tribal Welfare:

(ক) ১৯৬২-৬৩ সালে খিদিরপুর গ্রামে একটি এবং ১৯৬৪-৬৫ সালে কিয়ারাণা গ্রামে একটি নলকূপ স্থাপন করা হইয়াছে। ইহা ব্যতীত ১৯৬৪-৬৫ সালে ইজমালিচক এবং নারিকেলদা নামক গ্রাম দুইটির প্রত্যেকটিতে একটি করিয়া নলকূপ স্থাপনের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করা হইয়াছে এবং স্থাপনের জন্য প্রস্তুতি চলিতেছে। স্থাপন কার্য এখনও সম্পূর্ণ হয় নাই।

(খ) ১৯৬২-৬৩ সালে খিদিরপুর গ্রামে একটি নলকূপ স্থাপনের জন্য ব্যয় হইয়াছিল টাকা ১,৯৯০·৮০ পয়সা।

১৯৬৪-৬৫ সালে কিয়ারাণা নামক গ্রামটিতে একটি নলকূপ স্থাপনের জন্য মোট ব্যয় হইয়াছিল টাকা ১,৮৪৭·৭৫ পয়সা।

(গ) (১) খিদিরপুর গ্রামে—৪০০ জন, (২) কিয়ারাণা গ্রামে—৪০০ জন। ১৯৬৪-৬৫ সালে অপর যে দুইটি গ্রামে নলকূপ স্থাপনের জন্য অর্থ মঞ্জুর হইয়াছে তাহাদের তফসিল সম্প্রদায়ভুক্ত লোকসংখ্যা—

ইজমালিচক গ্রামে—৪৫০ জন।
নারিকেলদা গ্রামে—৪০০ জন।

House-building grants for Primary Schools in Panchkura police-station, Midnapur.

192. (Admitted question No. 71.) **Shri Ananga Mohan Das:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পাঁশকুড়া থানার ২টি ব্লকে ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সনে কতগুলি প্রাথমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণ বাবদ অর্থ সাহায্য করা হইয়াছিল;

(খ) প্রত্যেক ক্ষেত্রে গৃহনির্মাণের ব্যয়ের কত অংশ সরকার বহন করিয়াছেন; এবং

(গ) উক্ত গৃহনির্মাণ বাবদ মঞ্জুরী কত ক্ষেত্রে খড়ের ঘরের জন্য করা হইয়াছে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) পাঁশকুড়া ১নং ব্লকে ১৯৬৩-৬৪ সালে পাঁচটি ও ১৯৬৪-৬৫ সালে পাঁচটি প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্মাণ বাবদ অর্থ সাহায্য করা হইয়াছিল।

পাঁশকুড়া ২নং ব্লকে ১৯৬৩-৬৪ সালে বা ১৯৬৪-৬৫ সালে প্রাথমিক বিদ্যালয়ের গৃহ-নির্মাণ বাবদ কোন অর্থ সাহায্য করা হয় নাই।

(খ) এ সম্বন্ধে একটি বিবৃতি এই সঙ্গে দেওয়া হইল।

(গ) কোন ক্ষেত্রেই খড়ের ঘরের জন্য অনুদান মঞ্জুর করা হয় নাই।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 192.

বিভিন্ন বিদ্যালয়কে অর্থ মঞ্জুর করার বিবরণ

	বিদ্যালয়ের নাম	সমুদয় ব্যয়ের পরিমাণ	সরকারী অনুদানের পরিমাণ
	১৯৬৩-৬৪ সাল		
১।	তেবরি প্রাথমিক বিদ্যালয়	৯৪৪.৭৫ ..	৩৫০.০০
২।	কেশুয়াচা প্রাথমিক বিদ্যালয়	৫০৯.২৫ ..	৩০০.০০
৩।	কেশবর প্রাথমিক বিদ্যালয়	৭৬৯.২৫ ..	৩০০.০০
৪।	বাহারপোতা প্রাথমিক বিদ্যালয়	৬৪০.৯৬ ..	৩০০.০০
৫।	দরালচক ভুইয়াচক প্রাথমিক বিদ্যালয় ..	১,০৯২.৩৫ ..	৩৫০.০০
	১৯৬৪-৬৫ সাল		
১।	নস্করদীঘি প্রাথমিক বিদ্যালয়	১,৪৬৭.২৫ ..	৪০০.০০
২।	রক্ত নাথবাড়ী প্রাথমিক বিদ্যালয়	৯৯২.৫৬ ..	৪০০.০০
৩।	রাজনগর প্রাথমিক বিদ্যালয়	৯৮৫.৫০ ..	৩৫০.০০
৪।	হরিনারায়ণচক প্রাথমিক বিদ্যালয় ..	৭১৫.০০ ..	৩০০.০০
৫।	বাধরাপোতা প্রাথমিক বিদ্যালয়	৭৩৬.৮৫ ..	৩০০.০০

Damage to rice in Government godowns

193. (Admitted question No. 179.) **Shri Sudhir Chandra Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত ছয় মাসের মধ্যে কতকগুলি সরকারী গুদামে চাউল নষ্ট হইয়াছে;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ গুদামে কত চাউল নষ্ট হইয়াছে এবং তাহার কারণ কি;

(গ) ঐ সম্পর্কে কোন তদন্ত হইয়াছে কিনা; এবং

(ঘ) তদন্ত হইয়া থাকিলে, তাহার রিপোর্ট কি?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) নষ্ট চাউলের পরিমাণ—

হাওড়া খাদ্যাগার—৮১ টন।

লেক (১ নং) খাদ্যাগার—১৭৮ টন।

সালিমার খাদ্যাগার—২৮ টন।

ক্লাইভ জুট মিল খাদ্যাগার—১০০ টন।

কারণ—অতিরিক্ত বৃষ্টিপাত।

(গ) হ্যাঁ, তদন্ত হইয়াছিল।

(ঘ) তদন্ত রিপোর্টে প্রকাশ যে প্রাকৃতিক দুর্যোগের জন্য অতিরিক্ত বৃষ্টিপাতের ফলে গুদামে জল জমিয়া যাওয়ায় ঐ চাউল নষ্ট হইয়াছে। ইহাতে কোন কর্মচারীর শৈথিল্য ছিল না। গুদামের সংরক্ষণের ব্যবস্থার উন্নতি সাধনের জন্য যথোচিত ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

Arrests for the security of the State

194. (Admitted question No. 347.) **Shri Surendra Nath Mahato:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাষ্ট্রের নিরাপত্তার পক্ষে বিপজ্জনক কার্যে লিপ্ত থাকায় পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কতজন গত এক বৎসরের মধ্যে গ্রেপ্তার হইয়াছেন; এবং

(খ) চীন ও পাকিস্তানের পক্ষে ওকালতি করে প্রবন্ধ লেখার অভিযোগে এই রাজ্যে ঐ সময়ে কতজন গ্রেপ্তার হইয়াছেন?

The Minister for Home (Police):

(ক) এই বিষয়ে একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(খ) এই রকম কোন গ্রেপ্তার হয় নাই।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 194.

বিবরণী

জেলা	বিনা বিচারে আটক ব্যক্তির সংখ্যা	বিশিষ্ট বাধনায় জড়িত থাকার প্রস্তাব হইয়াছে এমন ব্যক্তির সংখ্যা
কলিকাতা	৪৩৪	৪৪
২৪-পরগণা	৭৬	১,৪০৯
নদীয়া	৩৯	১৪
মুর্শিদাবাদ	৫৫	১৩
হাওড়া	৩৬	৩২০
হুগলী	৪৫	১৭
বর্দ্ধমান	২৭	৭
বীরভূম	১৭	..
বাঁকুড়া	১৭	৭
মেদিনীপুর	৫১	১৩৫
পুরুলিয়া	৯	..
দার্জিলিং	৩৪	৬৪
জলপাইগুড়ি	৩৩	৭৮
কুচবিহার	৬২	৫৫
মালদা	৩২	৬
পশ্চিম দিনাজপুর	২৪	১০৯
এস, আর, পি, শিয়ালদহ	..	২২

Durgapur Transport Corporation

185. (Admitted question No. 388.) **Shri Aswini Roy:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার দুর্গাপুর পরিবহণ সংস্থা চালু হইয়াছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় মন্ত্রিমহোদয় জানাইবেন কি—

(১) চালু হওয়ার তারিখ,

(২) চালু হইবার পর, ১৯৬৫ সালের ৩০এ সেপ্টেম্বর পর্যন্ত কোন্ কোন্ রাস্তায় উক্ত সংস্থার বাস চালু হইয়াছে,

(৩) প্রতিটি রাস্তায় বাসের সংখ্যা ও বহণক্ষমতা এবং দৈর্ঘ্য (রোড মাইল); এবং

(গ) ১৯৬৬ সালের ৩১এ মার্চ পর্যন্ত জেলার নূতন কোন রাস্তায় উক্ত সংস্থার বাস চালু করার কোন কথা আছে কি না এবং থাকিলে তাহা কোথায়?

The Minister for Home (Transport):

(ক) হ্যাঁ।

(খ) (১) ১-৮-৬৩।

(২) ও (৩)—

দুর্গাপুর নাটিকায়েড এরিয়া	বাসের সংখ্যা	প্রতি বাসের বহণ ক্ষমতা	দৈর্ঘ্য (কিলো মিটার)
সেণ্ট্রাল টোরস হইতে ওয়ারিয়া	৩	গড়ে ৫০ জন	২৩
সিবেণ্টেশন প্যাটেল কলোনি হইতে সেণ্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনষ্টিটিউট (ইস্পাত টাউনশীপের এ ও বি জোন্ হইয়া)।	৫	,,	২৩
সিবেণ্টেশন প্যাটেল কলোনি হইতে দুর্গাপুর রেল ষ্টেশন ..	৮	,,	২৪
প্যান্তিকা হইতে দুর্গাপুর রেল ষ্টেশন	৮	,,	২২
বেনাচিটি হইতে দুর্গাপুর রেল ষ্টেশন (মুচিপাড়া হইয়া) ..	২	,,	২০
দুর্গাপুর রেল ষ্টেশন হইতে মাইনিং এণ্ড এলায়েড মেসিনারী কর্পোরেশন কলোনী (কোক ওভেন কলোনী হইয়া)।	২	,,	১৪
(এতদ্ব্যতীত কাজের দিনে ভীড়ের সময় ও ছুটির দিনে এই অঞ্চলে আরও চারখানি বাস চালান হয়)।			
দুর্গাপুর হইতে বর্ধমান	৫	,,	৭৭
দুর্গাপুর হইতে আসানসোল	৬	,,	৪৭
দুর্গাপুর হইতে আসানসোল (রাণীগঞ্জ হইয়া)	২	,,	৫০
দুর্গাপুর হইতে রাণীগঞ্জ	৫	,,	৩৮

(গ) হ্যাঁ। (১) দুর্গাপুর হইতে সিউড়ী (বোলপুর হইয়া) এবং (২) দুর্গাপুর হইতে আরামবাগ (বাঁকুড়া, বিষ্ণুপুর ও জয়রামবাটী হইয়া) এই দুইটি রুটে বাস চলিবে।

Village Housing Project Scheme

196. (Admitted question No. 397.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if there is any scheme of the name of "Village Housing Project Scheme";

(b) if so, when the said scheme was introduced in the district of Burdwan;

(c) particulars of the villages in each police-station of Burdwan district included in the said scheme till 1964 since introduction of the scheme;

(d) amount of expenditure incurred as loans and grants in each year; and

(e) the particulars of the villages likely to be included in 1965-66?

The Minister of State for Agriculture and Community Development:

(a) Yes.

(b) 23rd October, 1959.

(c) A statement is enclosed.

(d) No grant was sanctioned. A statement showing amounts of loan incurred is enclosed.

(e) Not known, as no allotment has yet been received from the Government of India.

Statement referred to in reply to item (c) of unstarred question No. 196.

DISTRICT: BURDWAN

Name of Blocks.	Name of Villages.
1. Katwa II	.. 1. Agardwip.
	2. Gazipur.
2. Saktigarh (Burdwan) ..	.. 1. Borsul.
	2. Kakshin Gopalpur.
	3. Tant Khanda.
	4. Jadunathpalli.
	5. Anandapalli.
3. Katwa I	.. 1. Pannhat.
	2. Jagigram.
	3. Kajundihi.
	4. Srikhanda.
	5. Bunduma.

Statement referred to in reply to item (c) of unstarred question No. 196—concld.

Name of Blocks	Name of Villages
4. Faridpur	1. Shyamsundarpur.
	2. Jamma.
	3. Purulia.
	4. Pansuli.
	5. Madhaipur.
5. Ketugram I	1. Ankhona.
	2. Chakta.
	3. Berugram.
	4. Masundi.
6. Ketugram II	1. Tehorah.
	2. Billeswar.
	3. Rasni.
	4. Charki.
	5. Barenda.
	6. Kaibenda.
7. Memari	1. Kalanabagram.
	2. Dadpur.
	3. Pingur.
	4. Paschim Memari.
	5. Khargram.
	6. Palsit.
	7. Khusut.
	8. Gangeswar.
	9. Dhami.

Statement referred to in reply to item (d) of unstarred question No. 196

Statement of loans disbursed under Village Housing Projects Scheme in different blocks in Burdwan district

Name of the Block	1959-60	1960-61	1961-62	1962-63	1963-64	1964-65
	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.	Rs.
1. Burdwan ..	13,200	23,400	3,600	10.000	5,000	..
2. Katwa I ..	14,800	10,000	..	..	..	2,400
3. Katwa II ..	..	..	..	..	..	..
4. Memari I ..	..	..	1,200	..	..	5,200
5. Ketugram II ..	..	..	..	..	..	8,600
6. Faridpur ..	..	..	..	..	..	..
7. Ketugram I ..	..	..	..	..	..	..

Damage to civil properties due to Pak bombing

197. (Admitted question No. 419.) **Shri Birendra Narayan Roy:** মুখ্যমন্ত্রী অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাক-ভারত অঘোষিত যুদ্ধের সময় কলাইকুণ্ডা, ব্যারাকপুর, বাগডোগরা প্রভৃতি পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে পাকিস্তানের বোমাবর্ষণের ফলে অসামরিক ব্যক্তি এবং সম্পত্তির ক্ষতি হইয়াছে কি; এবং

(খ) ক্ষতি হইয়া থাকিলে তাহার পরিমাণ কিরূপ?

The Chief Minister:

(ক) ও (খ) পাক বিমানের বোমাবর্ষণের ফলে অসামরিক ব্যক্তি এবং সম্পত্তির কোন ক্ষতি হয় নাই। তবে আমাদের বিমান বিধ্বংসী কামানের গোলার পতনের ফলে ২৪-পরগণা জিলায় ৮ জন ব্যক্তি, হুগলী জিলায় ১২ জন ব্যক্তি আহত হন—আহত ব্যক্তিদের মধ্যে ২৪-পরগণা জিলার একজন, হুগলী জিলার একজন হাসপাতালে মারা যান এবং হুগলী জিলায় একটি বাসগৃহ ক্ষতিগ্রস্থ হয়। মেদিনীপুর জিলার কলাইকুণ্ডা এলাকায় একটি কুঁড়েঘরের উপর একটি জ্বলন্ত পাক বিমানের পতনের ফলে এক ব্যক্তি পুড়িয়া মারা যান এবং কুঁড়েঘরটি ভস্মীভূত হয়।

Damage to foodgrain in Government godown

198. (Admitted question No. 422.) **Shri Birendra Narayan Roy:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গত বর্ষার সময় কলিকাতাসহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় সরকারী গুদামে জল ঢুকিয়া প্রচুর খাদ্যশস্য নষ্ট হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কোন্ গুদামে কত টন কি কি প্রকারের খাদ্যশস্য নষ্ট হইয়াছে এবং ঐ সময় কোন্ গুদামে কত এবং কি কি প্রকারের খাদ্যশস্য মজুত ছিল?

The Minister for Food and Supplies:

(ক) কলিকাতা ও শিল্পাঞ্চলে কিছু পরিমাণ খাদ্যশস্য ঐভাবে নষ্ট হইয়াছে কিন্তু বিভিন্ন জেলায় নয়।

(খ)—

হাওড়া খাদ্যাগার

	নষ্টের পরিমাণ টন	মজুতের পরিমাণ টন
চাল	৮১	১০,৮৩৫
গম	৭	

শালিমার খাদ্যাগার

	টন	টন
চাল	২৮	৮,১২৫

লেক খাদ্যাগার

	টন	টন
চাল	১৭৮	১১,৪৪৬
গম	২২	
ধান	৯২	

ক্লাইভ খাদ্যাগার

	টন	টন
চাল	১০০	২১,১১৫
ধান	৪০	

Arrangement for out door games at Alipore Central Jail

199. (Admitted question No. 424.) **Shri Subodh Chowdhury:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) if there is any arrangement for out-door games at Alipore Central Jail for the detenus; and

(b) if not, what arrangements, if any, Government propose to do in this respect?

The Minister for Home (Jails): (a) There are arrangements for playing volley-ball and tennikoit in the Alipore Central Jail.

(b) Does not arise.

Electric light in the cells of Alipore Central Jail

200. (Admitted question No. 425.) **Shri Subodh Chowdhury:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) if it is a fact that there is no electric light in the cells of Alipore Central Jail where the detenus are kept; and

(b) if so, the reason therefore?

The Minister for Home (Jails): (a) and (b) Yes, but the detainees did not like to move to the cells where there are electric lights. The question of fitting the cells concerned with electric lights is being examined.

Prices of Rice and Paddy in Burdwan district

201. (Admitted question No. 443.) **Shri Subodh Chowdhury:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্ধমান জেলায় থানা-ওয়ারীভাবে ধান ও চালের দর কোথায় কত?

The Minister for Food and Supplies:

এতৎসহ সংলগ্ন একটি বিবরণীতে উহা দেখান হইল।

Statement referred to in reply to unstarred question No. 201

Statement showing minimum retail prices of rice and wholesale prices of paddy in the thanas of Burdwan district as on 20th October 1965.

Name of the thana.	Retail prices of rice in rupees per Kilogram.	Wholesale prices of paddy in rupees per Quintal
Burdwan	0.74	41.20
Memari	0.74	41.20
Jamalpore	0.74	41.20
Raina	0.74	41.20
K	0.74	41.20
A	0.74	41.20
B . .	0.74	

Statement referred to in reply to unstarred question No. 201—concld.

Statement showing minimum retail prices of rice and wholesale prices of Paddy in the thanas of Burdwan district as on 20th October 1965—concld.

Name of the thana.	Retail prices of rice in rupees per Kilogram.	Wholesale prices of paddy in rupees per Quintal.
Galsi	0.74	41.20
Asansol	1.09	Not available.
Hirapur	1.09	Not available.
Barboni	0.96	55.58
Jamuria	1.00	Not available.
Chittaranjan	1.25	Not available.
Salanpur	1.25	Not available.
Kulti	1.19	Not available.
Raniganj	1.00	Not available.
Kanksa	0.95	Not available.
Ondal	1.06	Not available.
Faridpur	1.06	Not available.
Katwa	0.97	55.00
Ketugram	0.99	56.00
Mongalkote	0.96	54.25
Kalna	1.10	Not available.
Purbasthali	1.05	62.06
Monteswar	1.00	54.00

Requisition of police from other States for recent Tram-fare enhancement movement

202. (Admitted question No. 483.) **Shri Somnath Lahiri:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালের জুলাই-আগস্ট মাসে কলিকাতায় ট্রামভাড়া বৃদ্ধি বিরোধী আন্দোলনের সময় পশ্চিমবঙ্গের বাহির হইতে পুলিশ আমদানী করা হইয়াছিল কি;

(খ) হইয়া থাকিলে এরূপ পুলিশের সংখ্যা কত;

(গ) উহাদিগকে কি কাজে নিযুক্ত করা হইয়াছিল; এবং

(ঘ) উহাদের জন্য কত খরচ হইয়াছিল?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) অফিসার সমেত মোট ৫৪৭ জন।

(গ) আইন ও শৃঙ্খলা রক্ষার কার্যে কলিকাতা পুলিশকে সহায়তা করিবার জন্য।

(ঘ) এ বাবদ পশ্চিমবঙ্গ সরকারের দেয় খরচের হিসাব এখনও পাওয়া যায় নাই।

Price of mustard oil

203. (Admitted question No. 488.) **Shri Sanat Kumar Raha:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে সরকার নির্দিষ্ট সরিষার তৈলের মূল্য কিরূপ; এবং

(খ) গত বছরে এই মূল্য কিরূপ ছিল?

The Minister for Food and Supplies:

(ক)	মূল্য প্রতি কিঃ গ্রাঃ
ঘানীর খাঁটি সরিষা তৈল	৪·৫০ টাকা।
আগমার্কা সরিষা তৈল	৪·০০ টাকা।
সরিষা তৈল	৩·৮০ টাকা।

(খ)	মূল্য প্রতি কিঃ গ্রাঃ
ঘানীর খাঁটি সরিষা তৈল	৪·০০ টাকা।
আগমার্কা সরিষা তৈল	৩·৯০ টাকা।
১২ বা তার কম ঘানী যুক্ত কলে প্রস্তুত সরিষা তৈল	৩·২৫ টাকা।
গ্রামের ঘানীতে প্রস্তুত সরিষা তৈল	৩·৫০ টাকা।
সরিষা তৈল	৩·০০ টাকা।

Damage to foodgrains stored in Government godowns

204. (Admitted question No. 519.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if it is a fact that during incessant rains in June-July, (1965) last considerable quantities of foodgrains stored in State Government Food godowns were damaged by seepage of water into such godowns?

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the extent of such damage;

(ii) how these damaged foodgrains were disposed of; and

(iii) if any enquiry has been made by any independent agency to ascertain the cause of such damage and if any action has been taken against officials responsible for such damage to foodgrains caused by seepage of rain water into Government godowns?

The Minister for Food and Supplies: (a) Yes.

(b) (i) 548 tonnes of rice, wheat and paddy.

(ii) Not yet disposed of. These damaged foodgrains are being re-conditioned with a view to minimise the loss.

(iii) The cause of such damage was incessant rains in June-July, 1965. There was heavy accumulation of water on the roads and adjacent areas of godowns. No official was responsible for such damage. All the damage was caused by natural calamity.

Supply of irrigation water from D.V.C. and Mayurakshi Canals

205. (Admitted question No. 546.) **Shri Hare Krishna Konar:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬০-৬১ হইতে ১৯৬৪-৬৫ পর্যন্ত কোন্ বৎসর ডি ভি সি ও ময়ূরাক্ষী ক্যানেল হইতে পৃথক পৃথক ভাবে কত একর জমিতে সেচের জল দেওয়া হইয়াছে এবং এ বৎসর এখন পর্যন্ত কত একর জমিতে জল দেওয়া হইয়াছে;

(খ) উক্ত বিভিন্ন বৎসরে দুইটি ক্যানেল এলাকায় একর প্রতি ক্যানেল করের হার কত; এবং

(গ) উক্ত সময়ে কোন বৎসরে মোট কত ক্যানেল কর ডি ভি সি ও ময়ূরাক্ষী এলাকায় পৃথকভাবে সরকারের প্রাপ্য হইয়াছে এবং মোট কত কর আদায় হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬০-৬১ সাল হইতে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত এবং এ বৎসর এখন পর্যন্ত কত একর জমিতে জল দেওয়া হইয়াছে তাহা এইরূপ :

ডি ভি সি ক্যানেল হইতে

বৎসর		খারিফ (একর)	বৎসর		রবি (একর)
১৯৬০	..	৫,৫৩,০৬	১৯৬০-৬১	..	১৯,০১২
১৯৬১	..	৬,২৪,৪০২	১৯৬১-৬২	..	২৪,৯৩০
১৯৬২	..	৬,২৫,০১৫	১৯৬২-৬৩	..	২৪,৪৮২
১৯৬৩	..	৬,৩৯,৪৮১	১৯৬৩-৬৪	..	৩৬,২২৬
১৯৬৪	..	৬,৫৭,১৫৬	১৯৬৪-৬৫	..	৩৭,৯৮৩
১৯৬৫	..	৬,৬১,৯২৮	১৯৬৫-৬৬	..	রবি সেচ কেবলমাত্র আরম্ভ হইয়াছে।

ময়ূরাক্ষী ক্যানেল হইতে

১৯৬০	..	৪,৬৬,৬২৫	১৯৬০-৬১	..	১২৮
১৯৬১	..	৪,৭৪,৩৯০	১৯৬১-৬২	..	৩২১
১৯৬২	..	৪,৭৭,৩৪২	১৯৬২-৬৩	..	..
১৯৬৩	..	৪,৯২,৭১৭	১৯৬৩-৬৪	..	৭৩০
১৯৬৪	..	৪,৯৬,৭৪৬	১৯৬৪-৬৫	..	১২,০০০
১৯৬৫	..	৫,০০,৫৬৯	১৯৬৫-৬৬	..	রবি সেচ সবেমাত্র আরম্ভ হইয়াছে।

(খ) ১৯৬০-৬১ সাল হইতে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত একর প্রতি ক্যানেল করের হার এইরূপ :

		ডি ভি সি ক্যানেল প্রতি একর (টাকা)			একর রবি প্রতি
১৯৬০	..	১০	১৯৬৬-৬১	..	১০
১৯৬১	..	১০	১৯৬১-৬২	..	১২
১৯৬২	..	১০	১৯৬২-৬৩	..	১২
১৯৬৩	..	১০	১৯৬৩-৬৪	..	১২.৫০ পয়সা
১৯৬৪	..	১০	১৯৬৪-৬৫	..	১২.৫০ "
১৯৬৫	..	১২			

ময়ূরাক্ষী কমলেজ

বৎসর	বার্ষিক হার (একর প্রতি)	বৎসর	রবিহার (একর প্রতি)
	টাকা		টাকা পয়সা
১৯৬০ ..	১০	১৯৬০-৬১ ..	৭.৫০
১৯৬১ ..	১০	১৯৬১-৬২ ..	৭.৫০
১৯৬২ ..	১০	১৯৬২-৬৩ ..	৭.৫০
১৯৬৩ ..	১০	১৯৬৩-৬৪ ..	৭.৫০
১৯৬৪ ..	১০	১৯৬৪-৬৫ ..	করমুক্ত
১৯৬৫ ..	১০	১৯৬৫-৬৬ ..	করমুক্ত

(গ) ১৯৬০-৬১ সাল হইতে ১৯৬৪-৬৫ সাল পর্যন্ত ডি ভি সি ও ময়ূরাক্ষী এলাকায় সরকারের প্রাপ্য কর ও আদায়ের পরিমাণ এইরূপ ঃ—

ডি. ভি. সি. এলেকায়

	প্রাপ্য করের পরিমাণ (Gross)	আদায়ের পরিমাণ
	টাকা	টাকা
১৯৬০-৬১	৫৭,২১,৫৫০	৮৮,১১০
১৯৬১-৬২	৬৫,৪০,১৮০	১,৩১,৬৭০
১৯৬২-৬৩	৬৫,৪৩,৯৩৪	২৫,৫৭,১৬০
১৯৬৩-৬৪	৬৮,৪৭,৫১০	২৭,৫৬,১২১
১৯৬৪-৬৫	৭০,৪৬,৩৪৮	৪৭,৪৬,২৬৯

ময়ূরাক্ষী এলাকায়

	টাকা	টাকা
১৯৬০-৬১	৪৬,৬৬,৯১০	১৪,৮৪,৯০৩
১৯৬১-৬২	৪৭,৪৬,৩১২	১৬,৮৪,১৬৯
১৯৬২-৬৩	৪৭,৭৩,৪২৩	৬৩,৮৪,৪৬৯
১৯৬৩-৬৪	৪৯,৩২,৬৪৫	৬৩,৯৩,৩৮৭
১৯৬৪-৬৫	৫০,৫৪,৬৯০	৫৯,১৮,১০১

Reconstitution of District School Board, Jalpaiguri

208. (Admitted question No. 564.) **Shri Amarendra Nath Ray Pradhan:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৬৪ সালে সেপ্টেম্বর মাসে জলপাইগুড়ি জিলা স্কুল বোর্ডের নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পরও অদ্যাবধি নব-নির্বাচিত সদস্যগণকে ক্ষমতা হস্তান্তরিত করা হয় নাই; এবং

(খ) সত্য হইলে তাহার কারণ কি?

The Minister for Education:

(ক) ও (খ) ১৯৬৪ সালে ডিসেম্বর মাসে জলপাইগুড়ি জিলা স্কুল বোর্ডের নির্বাচন ন্ত হয়। কিন্তু ঐ সময়েই ১৯৬৩ সনের পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইন অনুযায়ী ঐ ায় জিলা পরিষদ গঠিত হওয়ায় জিলা স্কুল বোর্ড গঠন বিষয়ে কয়েকটি আইনগত প্রশ্ন ৬৫০। এই প্রশ্নগুলির মীমাংসা হইয়াছে। খুব শীঘ্রই পুনর্গঠিত জিলা স্কুল বোর্ড কর্মভার গ্রহণ করিবে।

Employees of the Health Unit of Midnapur

207. (Admitted question No. 590.) **Shri Sudhir Chandra Das:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলা বোর্ডের স্বাস্থ্য বিভাগের কতজন কর্মচারী পশ্চিমবঙ্গ স্বাস্থ্য বিভাগের অন্তর্ভুক্ত হইয়াছে;

(খ) ঐ কর্মচারীগণের কতজন বর্তমানে নির্দিষ্ট বয়সের পর অবসর প্রাপ্ত হইয়াছেন;

(গ) ঐ অবসর প্রাপ্ত কর্মচারীগণের পেনসন ও গ্রাচুয়িটী এখনও পর্যন্ত দেওয়ার ব্যবস্থা হয় নাই—ইহা কি সত্য;

(ঘ) ইহা সত্য হইলে তাহার কারণ কি; এবং উহাদের পেনসন ও গ্রাচুয়িটী দেওয়ার ব্যবস্থা কতদিনের মধ্যে হইবে;

(ঙ) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলা বোর্ড ঐ সকল কর্মচারীর প্রভিডেন্ট ফাণ্ডের হিসাব পাঠায় নাই; এবং

(চ) ইহা সত্য হইলে ঐ হিসাব আনয়নের কি ব্যবস্থা হইতেছে?

The Minister for Health:

(ক) ২১০ জন।

(খ) ৪৭ জন।

(গ) ও (ঘ) অবসর প্রাপ্ত ৪৭ জনের মধ্যে ৩৪ জন পেনসন ও গ্রাচুয়িটী পাইবার জন্য আবেদন দিয়াছেন। উক্ত ৩৪ জনের মধ্যে ২ জনের পেনসন ও গ্রাচুয়িটী ইতিমধ্যে মঞ্জুর করা হইয়াছে। ১৬ জনের পেনসন ও গ্রাচুয়িটীর দরখাস্ত পশ্চিমবঙ্গ মহাগণনিকের (একাউন্ট্যান্ট-জেনারেল) দপ্তরে সমীক্ষা রিপোর্টের জন্য প্রেরিত হইয়াছে। উক্ত রিপোর্ট পাইলেই উহাদের পেনসন ও গ্রাচুয়িটী মঞ্জুর করা হইবে—অবশিষ্ট ১৬ জন কর্মচারী সম্পর্কে জেলা বোর্ড (অধুনা জেলা পরিষদ) হইতে তাহাদের চাকুরী সংক্রান্ত পূর্ণ তথ্যাদি বিশেষতঃ উক্ত বোর্ডের

অধীনে চাকুরীতে থাকা কালে যে সময়কাল তাহার কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড-এ টাকা জমা দিয়াছেন সেই সময় কাল বহু তাগাদা সত্ত্বেও জানিতে না পারায় উহাদের পেনসন ও গ্রাচুয়িটী মঞ্জুর করিতে বিলম্ব হইতেছে। উক্ত তথ্যাদি যাহাতে অতি শীঘ্র পাওয়া যায় সেজন্য স্থানীয় জনস্বাস্থ্য আধিকারিকগণকে জেলা পরিষদের সহিত যোগাযোগ স্থাপন করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে। আশা করা যায় তাঁহাদের চেষ্টায় আবশ্যকীয় তথ্যাদি অনতিবিলম্বে পাওয়া যাইবে এবং সংশ্লিষ্ট কর্মচারীদের পেনসন ও গ্রাচুয়িটী মঞ্জুর করা সম্ভব হইবে।

(ঙ) হ্যাঁ।

(চ) মেদিনীপুর জেলা পরিষদ কর্তৃপক্ষের অনতিবিলম্বে হিসাব দাখিল করিতে অনুরোধ করা হইয়াছে।

Chandernagore Water Supply Remodelling Scheme

208. (Admitted question No. 601.) **Shri Bhabani Mukhopadhyay:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দননগর জল সরবরাহ পুনর্গঠন পরিকল্পনার চন্দননগর রিমডেলিং অফ ওয়াটার সাপ্লাই স্কিম, কাজ কোন সময় হইতে শুরু হইয়াছে;

(খ) পরিকল্পনা অনুসারে কি কি কাজ করা হইবে;

(গ) ইহার জন্য মোট কত ব্যয় হইবে; এবং

(ঘ) বর্তমানে কতখানি কাজ সম্পূর্ণ হইয়াছে?

The Minister for Health:

(ক), (খ), (গ) ও (ঘ) ১৯৫৬ সালে আনুমানিক ৩৫,৭৮,৩০০ টাকা ব্যয়ে চন্দননগর ওয়াটার সাপ্লাই রিমডেলিং স্কিম নামে একটি প্রকল্প প্রস্তুত করা হইয়াছিল। ঐ বৎসরই এই প্রকল্পের ৫৮,৫০০ টাকা ব্যয়ের একটি অংশ হরিদ্রাভাংগা এলাকায় কার্যকরী করার জন্য সরকারী অনুমোদন দেওয়া হয়। ১৯৫৯ সালে ঐ প্রকল্পের ৬১,০০০ টাকা ব্যয়ের আর একটি অংশ শম্ভুচরণ সেবাশ্রম এলাকায় কার্যকরী করার জন্য সরকারী অনুমোদন দেওয়া হইয়াছিল। ১৯৬০ সালের মধ্যে এই উভয় অংশের কার্যই সম্পূর্ণ হইয়াছে। পরে ৩৩,৪৫,৩০০ টাকা ব্যয়ে চন্দননগরের জন্য "চন্দননগর ইমারজেন্ট ওয়াটার সাপ্লাই স্কিম" নামে একটি পৃথক প্রকল্প নির্মাণ করিয়া ১৯৬৪ সাল হইতে ইহার কাজ শুরু করা হইয়াছে। উক্ত কাজ শুরু হওয়ায় "চন্দননগর ওয়াটার সাপ্লাই রিমডেলিং স্কিম"-এর অন্তর্গত কোন কাজ করার আর প্রয়োজন নাই।

বর্তমানে ইহার যতখানি কাজ সম্পন্ন হইয়াছে তাহার বিবরণ এতৎসংলগ্ন করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 208.

চন্দননগর "ইমারজেন্ট ওয়াটার সাপ্লাই স্কিম"-এর সম্পন্ন কাজের বিবরণ।

(১) ২টী ৮ইঃ ব্যাসের নলকূপ বসান হইয়াছে।

(২) ২টী বোরহোল পাম্প হাউস নির্মাণ সম্পূর্ণ হইয়াছে।

(৩) বৈদ্যুতিক ব্যবস্থাসহ ২টী পাম্পিং মেসিন স্থাপন সম্পূর্ণ হইয়াছে।

(৪) ১৫০,০০০ গ্যালনের ৩টি এলিভেটেড রিজারভয়ের প্রায় সম্পূর্ণ হইয়াছে।

Electricity

209. (Admitted question No. 613.) **Shri Nikhil Das:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) পশ্চিম বাংলায় এখন কি পরিমাণ বিদ্যুৎ শক্তি উৎপন্ন হইতেছে;

(২) পশ্চিম বাংলায় এখন বিদ্যুৎ শক্তির চাহিদা কত; এবং

(৩) পারিবারিক ব্যবহারের জন্য সরবরাহের প্রতি ইউনিট বিদ্যুৎ শক্তির এখন দাম কত?

The Minister for Commerce and Industries:

(১) ৮১৭ মেগাওয়াট।

(২) ভারত সরকার কর্তৃক নিযুক্ত ইলেকট্রিক পাওয়ার সার্ভে কমিটির দ্বিতীয় বার্ষিক রিপোর্ট অনুযায়ী ১৯৬৬ সালের মার্চ মাসে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ শক্তির চাহিদা ১,১৬৫ মেগাওয়াট।

(৩) পারিবারিক ব্যবহারের জন্য প্রতি ইউনিট বিদ্যুৎ শক্তির দাম—

রাজ্য বিদ্যুৎ পর্ষদের অধীন	বেসরকারী বিদ্যুৎ সরবরাহ কোম্পানীর অধীন
আলো ও পাখা—৩৬ পঃ	১৬·৭৫ পঃ হইতে ৬৩ পঃ
হিটার ও রান্না—১৩ পঃ	৮ পঃ হইতে ৩৮ পঃ
লিফ্‌ট ও পাম্পমোটর—১৬ পঃ	১৬·৭৫ পঃ হইতে ৩৮ পঃ

Bheries and Beels in West Bengal

210. (Admitted question No. 636.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the total number of 'Bheries' and 'Beels' in West Bengal and the total annual production of fish in such 'Bheries' and 'Beels';

(b) whether the Government is considering the desirability of taking away possession of these 'Bheries' and 'Beels' from the hand of individual person;

(c) if so, when the Government proposes to take up this measure;

(d) the number of fish traders in West Bengal whose annual turnover in business exceeds Rs. 50,000;

(e) if any of the above traders directly or indirectly interested in any 'Bhery' or 'Beel'; and

(f) if so, what is their number?

The Minister for Fisheries: (a) There are 709 Bheries in the district of 24-Parganas. There are no Bheries in West Bengal outside the district of 24-Parganas. The production from such Bheries at present varies from 150 maunds to 250 maunds per day. Government have no information with regard to the exact number of 'Beels' in the State of West Bengal. The number of vested fisheries in West Bengal is 9,368.

(b) No decision has yet been taken by the Government to take away possession of these Bheries and Beels from the hands of individual owners. Bheries and Beels will be accquired for development of fisheries as and when necessary.

(c) Does not arise in view of answer to (b) above.

(d) The number of fish traders within the area covered under West Bengal Fish Dealers' Licensing Order, 1963, whose annual business turnover exceeds Rs. 50,000 is 667. No statistics of traders outside the above area are available.

(e) Yes.

(f) Out of the above fish traders 281 fish traders are actually engaged in Bhery fishery.

Health Centre for Ausgram II Development Block, Burdwan

211. (Admitted question No. 641.) **Shri Aswini Roy:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলার আউসগ্রাম ২নং ব্লকে কোনও প্রাথমিক চিকিৎসা কেন্দ্র নাই;

(খ) সত্য হইলে, উক্ত ব্লকে কোন চিকিৎসা কেন্দ্র স্থাপনের বিষয় সরকার চিন্তা করিতেছেন কি না?

The Minister for Health:

(ক) ও (খ) হ্যাঁ।

Kerosene Oil

212. (Admitted question No. 664.) **Shri Sanat Kumar Raha:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কি পরিমাণ কেরোসিন তৈলের প্রয়োজন সে বিষয়ে কোন সরকারী তথ্য আছে কিনা এবং থাকিলে তাহা কি; এবং

(খ) বর্তমানে কেরোসিন তৈলের দুষ্প্রাপ্যতা দূর করিবার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

The Minister for Food and Supplies:

(ক) বহুদিন যাবৎ কেরোসিনের সরবরাহ ডি-কন্ট্রোল থাকায় বর্তমানে এই রাজ্যে কত পরিমাণ কেরোসিন মাসে প্রয়োজন তাহার কোন ধ্রুব পরিসংখ্যান রাজ্য সরকারের হাতে নাই। বর্তমানে রাজ্যের জনসংখ্যা অভূতপূর্ব বৃদ্ধির জন্য ও ক্রমবর্ধমান শিল্প সংস্থাগুলির বর্ধিত প্রয়োজনের জন্য কেরোসিনের চাহিদা পূর্বাপেক্ষা বহুলাংশে বাড়িয়াছে। অধুনা ইণ্ডিয়ান অয়েল কোম্পানী মোট সরবরাহের প্রায় অর্ধেক দিতেছে। বাকী অর্ধেক অন্য কয়েকটি বিদেশী তৈল কোম্পানী দিতেছে। ঐ সকল সংস্থা হইতে প্রাপ্ত তথ্য অনুসারে অনুমিত হইতেছে যে পশ্চিমবঙ্গে কেরোসিনের মাসিক প্রয়োজন ৪৮,০০০ কিলোমিটার।

(খ) রাজ্যের সর্বত্র কেরোসিনের সরবরাহ যথাসম্ভব বজায় রাখিবার জন্য তৈল কোম্পানীগুলিকে পরামর্শ দেওয়া হইয়াছে। ইণ্ডিয়ান অয়েল করপোরেশনের সহযোগীতায় বিভিন্ন স্থানে খুচরা বিক্রয় কেন্দ্র স্থাপন করিয়া জনসাধারণকে নির্দিষ্ট মূল্যে কেরোসিন বিলি করিবার ব্যবস্থা করা হইয়াছে এবং হইতেছে। কেরোসিনের অভাব দূর করিবার জন্য ভারত সরকার একটি আদেশ জারি করিয়া আলো জ্বালান এবং রন্ধন ব্যতীত কেরোসিনের অন্যপ্রকার ব্যবহার নিষিদ্ধ করিয়া দিয়াছেন। রাজ্য সরকার কর্তৃক কেরোসিনের সুষম বন্টনের একটি প্রকল্প প্রবর্তনের জন্য প্রয়োজনীয় বিধি-ব্যবস্থা গ্রহণের জন্যও ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে।

Government Grants to the North Dum Dum, Dum Dum and South Dum Dum Municipalities

213. (Admitted question No. 677.) **Shri Tarun Kumar Sen Gupta:** স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে প্রতি বৎসরে দক্ষিণ দমদম, দমদম ও উত্তর দমদম পৌরসভার কর্তৃপক্ষদিগকে তাহাদের এলাকার রাস্তা নির্মাণের জন্য সরকার কর্তৃক কি পরিমাণ অর্থ দান করা হয়; এবং

(খ) উক্ত পৌরসভাগুলি উক্ত দানের সাহায্যে নিজ নিজ এলাকায় কোন্ কোন্ রাস্তা কত মাইল উক্ত বিভিন্ন বৎসরে নির্মাণ করিতে সক্ষম হয়?

The Minister for Local Self-Government:

(ক) ও (খ) একটি করিয়া বিবরণী প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (ka) unstarred question No. 213.

		দমদম পৌর সভা	উত্তর দমদম পৌরসভা	দক্ষিণ দমদম পৌরসভা
		টাকা	টাকা	
১৯৬১-৬২	..	৩৪,০০০	শূন্য	৫,৪৫৪ টাকা (এম ডি ট্যাক্স গ্র্যাণ্ট)
১৯৬২-৬৩	..	শূন্য	৫০,৯৯২	শূন্য
১৯৬৩-৬৪	..	১৯,৭৮৩	৭,১৫৩	৫,২০২ টাকা (এম ডি ট্যাক্স গ্র্যাণ্ট)। ৫৫,০০০ টাকা (উন্নয়ন পরিকল্পনা বাবত)।
১৯৬৪-৬৫	..	৫৩,৩৪৪	১,০৬,৩৬১	১১,৫৫,৪৩৭ টাকা (উন্নয়ন পরিকল্পনা বাবত) ২৫,৮৯৯ টাকা (এম ডি ট্যাক্স গ্র্যাণ্ট)।

Statement referred to in reply toclause (kha) unstarred question No. 213

	দমদম পৌরসভা	উত্তর দমদম পৌরসভা	দক্ষিণ দমদম পৌরসভা
১৯৬১-৬২	দিগন্না রোড, মঙ্গল পাণ্ডে-রোড, যদুজেন্দ্র দত্ত রোড--১/২ মাইল।	প্রশ্ন ওঠে না ..	নির্মাণ করা হয় নাই।
১৯৬২-৬৩	প্রশ্ন ওঠে না ..	নির্মাণ করা সম্ভব হয় নাই।	১৯৬১-৬২ সালের প্রাপ্ত অর্থে ৬০০ ফুট জপুর রোড নির্মাণ করা হয়।
১৯৬৩-৬৪	মন্দির রোড, পোষ্টাফিস রোড, মসজিদ বাড়ী ষ্ট্রীট-- ১/২ মাইল	মাঝেরহাট রোড রবীন্দ্র সরনী --১.১৮ মাইল।	৬৫০ ফুট শ্যামনগর রোড নির্মিত হয়।
১৯৬৪-৬৫	মল রোড, ঋষি বঙ্কিম রোড, প্রায় ১ মাইল।	শিবাচল রোড-০.২৩ মাইল, পুরাতন নিমতা রোড-- ০.১০ মাইল এতদ্ব্যতীত, ঋষি বঙ্কিম রোড, কবি সত্যেন দত্ত রোড, ও মাঝের হাট রোডের কিয়দংশ সংস্কার করা হইয়াছিল।	১৯৬৩-৬৪ সালের প্রাপ্ত অর্থের বাকী অংশ দ্বারা নিম্নলিখিত রাস্তাগুলি নির্মিত হয়-- (১) ৭০০ ফুট মরায়ং এ্যাভেনিউ। (২) ৬৫০ ফুট শ্যামনগর রোড। (৩) ৪৬৫ ফুট অশ্বিনী দত্ত রোড। (৪) ৪৬০ ফুট সুভাষ নগর রোড। (৫) ৬০৭ ফুট ডাঃ আতা মহম্মদ রোড। (৬) ৮৬০ ফুট পূর্ব সিথি রোড। (৭) ১,০০০ ফুট বাদুর এভেনিউ। (৮) ৭১৪ ফুট দক্ষিণপাড়া রোড।

Tubewells in Contai subdivision

214. (Admitted question No. 697.) **Shri Hrisikesh Chakraborty:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫-৬৬ সালে কাঁথি মহকুমায় রুর্যাল ওয়াটার সাপ্লাই বিভাগ কর্তৃক কতগুলি কোন্ কোন্ ব্লকে নূতন নলকূপ খনন করা হইবে;

(খ) ঐ সালে ঐ মহকুমায় কতগুলি ও কোথায় কোথায় পুরাতন নলকূপ সংস্কারের প্রস্তাব আছে;

(গ) পুরাতন এবং নূতন নলকূপ সংস্কার ও খননের জন্য গ্রামাঞ্চলে স্বেচ্ছাশ্রমের দ্বারা কার্য করিবার কোনও পদ্ধতি আছে কি;

(ঘ) যদি 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে তাহা কি;

(ঙ) ১৯৬৩ সাল হইতে আজ পর্যন্ত উক্ত পদ্ধতিতে কাঁথি মহকুমায় কোন্ কোন্ ব্লকে এইভাবে কতগুলি সংস্কার কার্য হইয়াছে; এবং

(চ) ১৯৬৫-৬৬ সালে এই পদ্ধতিতে ঐ মহকুমায় কোন কোন ব্লকে সংস্কার কার্য হইবার প্রস্তাব আছে?

The Minister for Health:

(ক) ও (খ) ১৯৬৫-৬৬ সালের রুর্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে সমগ্র মেদিনীপুর জেলায় মোট ১০৩টি নলকূপ খনন ও ৭৮টি নলকূপ পুনর্খনন মঞ্জুর করা হইয়াছে। বর্তমান বৎসর হইতে গৃহীত নূতন নীতি অনুযায়ী উক্ত মঞ্জুরীকৃত নলকূপগুলি কোন্ মহকুমায় কতটি হইবে ও কোন্ কোন্ স্থানে হইবে—তাহা জেলা ও আঞ্চলিক পরিষদ স্থির করিবেন এবং উহাদের কার্যও তাহারা সম্পন্ন করিবেন।

(গ) হ্যাঁ আছে। তবে ইহা কেবলমাত্র জরুরী অবস্থায় এবং পুরাতন নলকূপ পুনর্খননের কার্যে প্রযোজ্য।

(ঘ) নলকূপ পুনর্খননের জন্য প্রয়োজনীয় সমস্ত মালপত্র যন্ত্রপাতিসহ তিনজন সরকারী টেকনিসিয়ানকে পাঠানো হয় এবং সংশ্লিষ্ট গ্রামবাসীগণ ঐ সকল মালপত্রাদি আনা নেওয়া ও নলকূপ পুনর্খননের যাবতীয় কাজের দায়িত্ব গ্রহণ করেন। এই কাজের জন্য কাঁথি মহকুমায় একটিমাত্র বিভাগীয় খনন যন্ত্র (বোরিং সেট) আছে।

(ঙ) এতৎসংলগ্ন বিবরণী দ্রষ্টব্য।

(চ)

ব্লকের নাম		নলকূপের সংখ্যা
পটাশপুর ব্লক	...	৩
খেজুরী ব্লক	...	৭
রামনগর ব্লক—১নং	...	১
ঐ —২নং	...	৫
এগরা ব্লক —১নং	...	১
ভগবানপুর ব্লক—১নং	...	৫
ঐ ব্লক—২নং	...	৩
কাঁথি ব্লক —১নং	...	১

Statement referred to in reply to clause (uma) of unstarred question No. 214

বিবরণী

সাল	ব্লক	নলকূপের সংখ্যা
১৯৬৩ (জানুয়ারী হইতে ডিসেম্বর)	কাঁথি--ব্লক নং ২	১
	খেজুরী--ব্লক	৩
	ভগবানপুর--ব্লক নং ১	১
	ভগবানপুর--ব্লক নং ২	৮
৬৪ (জানুয়ারী হইতে ডিসেম্বর)	কাঁথি--ব্লক নং ১	২
	কাঁথি--ব্লক নং ৩	৩
	এগরা--ব্লক নং ১	১
	ভগবানপুর--ব্লক নং ১	৩
	ভগবানপুর--ব্লক নং ২	৪
১৯৬৫ (জানুয়ারী হইতে অক্টোবর)	কাঁথি---ব্লক নং ১	১
	পটাশপুর--ব্লক	৬
	ভগবানপুর--ব্লক নং ১	২
	ভগবানপুর--ব্লক নং ২	৪

Tubewell in Contai subdivision

215. (Admitted question No. 698.) **Shri Hrisikesh Chakraborty:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমায় গত ১৯৬৩-৬৪ সালে কতগুলি আর, ডবলিউ, এস,-এর নলকূপ খনন করিবার জন্য বরাদ্দ ছিল;

(খ) তন্মধ্যে কতগুলি নূতন স্থাপনের জন্য ও কতগুলি পুরাতন সংস্কার করিবার জন্য নির্দিষ্ট ছিল;

(গ) কোন্ কোন্ ব্লকে ঐ সময়ে নূতন খনন ও কোন্ কোন্ ব্লকে ও গ্রামে পুরাতন মেরামত করা হইয়াছে;

(ঘ) ঐ মহকুমার কোন্ কোন্ ব্লকে বা গ্রামে কোথায় কতগুলি নূতন কূপ খনন ও পুরাতন নলকূপ সংস্কার কার্য বাকী আছে; এবং

(ঙ) কতদিনে ঐ কার্য শেষ হইবে?

The Minister for Health:

(ক) ও (খ) নূতন খনন—৪১টি, পুনর্খনন—৬৪টি। মোট—১০৫টি।

(গ) ব্লকওয়ারী ও থানাওয়ারী একটি হিসাব এতদ্‌সংলগ্ন বিবরণীতে দেওয়া হইল। গ্রাম-ওয়ারী হিসাব দেওয়া যাইতেছে না।

(ঘ) উক্ত বরাদ্দের আর কোন কার্য বাকী নাই।

(ঙ) প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 215.

বিবরণী

Works executed for 1963-64 by R.W.S. Prog. Blockwise.

		New sinking.	Resinking.
Contai P.S.	Block 1	6	10
	Block 2	10	8
	Block 3	..	5
	Total	16	23
Egra P.S.	Block 1	..	1
	Block 2	..	6
	Total	..	7
Ramnagar P.S.	Block 1	1	1
	Block 2	7	3
	Total	8	4
Bhagwanpur P.S.	Block 1	..	..
	Block 2	4	12
	Total	4	12
Patashpore P.S.	.. .. ..	9	10
Khedgree P.S.	.. .. ..	4	8
		41	64

B. M. S. Medical Officers

216. (Admitted question No. 715.) **Shri Bhakti Bhusan Mondal:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত হাসপাতালগুলির জন্য কত বি, এম, সার্ভিসের ডাক্তারের প্রয়োজন; এবং

(খ) কতজন ডাক্তারকে উপরোক্ত কাজের জন্য ১৯৬৫-৬৬ সালের বর্তমান সময় পর্যন্ত এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হইয়াছে এবং উহাদের মধ্যে কতজন জয়েন করিয়াছেন?

The Minister for Health:

(ক) ও (খ) ১৯৬৫ সালের প্রথম দিকে পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতাল, স্বাস্থ্য কেন্দ্র ও অপরাপর স্বাস্থ্য পরিকল্পনার জন্য ৩৯০ জন ডাক্তারের প্রয়োজন ছিল এবং তদনুযায়ী পাবলিক সার্ভিস কমিশনকে উক্ত সংখ্যক ডাক্তার নির্বাচন করার জন্য অনুরোধ করা হয়। পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশক্রমে ৩৯০ জন ডাক্তারকে নিয়োগপত্র দেওয়া হয়। অক্টোবর মাসের মাঝামাঝি পর্যন্ত ১০৫ জন ডাক্তার কাজে যোগ দেন।

Test Relief Schemes in Dubrajpur, Ilambazar and Khairasol police-stations, Birbhum

217. (Admitted question No. 726.) **Shri Bhakti Bhusan Mondal:**

ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার দুবরাজপুর, ইলামবাজার ও খয়রাসোল থানাতে কতগুলি ষ্টেট রিলিফের স্কীম ১৯৬৪ সালে মঞ্জুর ছিল; এবং

(খ) উক্ত স্কীমগুলির মধ্যে কতগুলির কাজ শেষ হইয়াছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) ও (খ) দুবরাজপুর ও ইলামবাজার থানায় কোন প্রকল্প মঞ্জুর করা হয় নাই। খয়রাসোল থানায় ৩টি প্রকল্প মঞ্জুর করা হইয়াছিল এবং ইহাদের সবগুলির কাজই শেষ হইয়াছে।

Primary Health Centre at Bhatar, Burdwan

218. (Admitted question No. 758.) **Shri Aswini Roy:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বর্ধমান জেলার ভাতাড় থানার ফুলনগর মৌজায় অবস্থিত ভাতাড় থানা (প্রাথমিক) স্বাস্থ্যকেন্দ্রটি এখনও চালু হয় নাই; এবং

(খ) সত্য হইলে মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) চালু না হওয়ার কারণ কি, এবং

(২) চালু করার সম্ভাব্য তারিখ?

The Minister for Health:

(ক) ফুলনগর মৌজা নহে, কাটারি মৌজা স্বাস্থ্যকেন্দ্রটি এখনও চালু করা যায় নাই।

(খ) (১) যে মেডিক্যাল অফিসারকে ঐ স্বাস্থ্যকেন্দ্রে নিযুক্ত করা হইয়াছিল তিনি কার্যে যোগদান না করায় অপর একজন মেডিক্যাল অফিসারকে ঐ স্বাস্থ্যকেন্দ্রে নিয়োগ করা হয়। তিনিও এখনও পর্যন্ত কার্যে যোগদান করেন নাই।

(২) মেডিক্যাল অফিসার কার্যে যোগদান করিলেই স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা হইবে।

Junior High Schools upgraded to High Schools

219. (Admitted question No. 87.) **Shri Ananga Mohan Das:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৪ সালে কতগুলি জুনিয়র হাই স্কুল হাই স্কুলে উন্নীত হইয়াছে;

(খ) উহাদের প্রত্যেকটি এ বাবৎ কি হিসাবে সরকারের নিকট সাহায্য পাইয়াছে; এবং

(গ) উক্ত বাবদ সরকারের মোট কত টাকা ব্যয় হইয়াছে?

The Minister for Education:

(ক) বালকের বিদ্যালয়—১৬১টি, বালিকাদের বিদ্যালয়—৭০টি। মোট—২৩১টি।

(খ) ১৯৬৪ সালে যে সকল বালকদের জুনিয়র হাই স্কুল হাই স্কুলে উন্নীত হইয়াছে, সে সকল বিদ্যালয়কে কোন আর্থিক সাহায্য দেওয়া হয় নাই। বালিকাদের বিদ্যালয়গুলির মধ্যে যে সকল বিদ্যালয় গ্রান্ট-ইন-এইড সাহায্য পাইবার উপযুক্ত বিবেচিত হইয়াছে, সেই বিদ্যালয়-গুলিকে এককালীন আর্থিক সাহায্য দেওয়া হইয়াছে। প্রদত্ত সাহায্যের একটী তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

(গ) মোট ব্যয়ের পরিমাণ—২,৮৯,৫০০ টাকা।

Wakf Fund

220. (Admitted question No. 328.) **Dr. Golam Yazdani:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) income from various sources and expenditure for various purposes of the Wakf Fund during the last 3 years (year by year);

(b) whether these have been audited by authorised auditors;

(c) if so, when the last audit was made?

The Minister for Judicial: (a) Statement of income and expenditure for 1961-62, 1962-63 and 1963-64 (Audited) furnished separately on the Library Table.

(b) Yes. Wakf Fund accounts are every year audited by the Government auditors.

(c) The last audit of the Wakf Fund accounts for the year 1963-64 was made on 31st March, 1965.

Scheme for development of fish production in Nadia district

221. (Admitted question No. 499.) **Shri Kashi Kanta Maitra:**

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় বিভিন্ন থানায় মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য মোট কতগুলি স্কীম মঞ্জুর হয়ে আছে এবং কতগুলি চালু হয়েছে;

(খ) বিভিন্ন স্কীমের জন্য কি পরিমাণ অর্থ বরাদ্দ করা হয়েছে; এবং

(গ) স্কীমগুলির বিবরণ এবং মৎস্যজীবী সম্প্রদায়ের অর্থনৈতিক পুনর্বাসন বা অর্থ-নৈতিক প্রশ্নটিকে এই সব স্কীমের সংগে সংযুক্ত করে দেখা হয়েছে কিনা?

The Minister for Fisheries:

(ক) নদীয়া জেলায় বিভিন্ন থানায় মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য ১৯৬৫-৬৬ সালে মোট ১৮টি স্কীম মঞ্জুর করা হয়েছে। এ সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। উপরিউক্ত ১৮টি স্কীমের মধ্যে ১৪টি স্কীম ইতিমধ্যেই চালু করা হয়েছে।

(খ) এ সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে দেওয়া হ'ল।

(গ) হ্যাঁ। লাইব্রেরীর টেবিলে প্রদত্ত বিবরণীতে দেওয়া হ'ল।

Fish for Calcutta

222. (Admitted question No. 520.) **Shri Kashi Kanta Maitra:**

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় বিভিন্ন পাইকারী বাজারে কোন্ কোন্ প্রদেশ থেকে কি পরিমাণ মাছ আসে;

(খ) যে সব পাইকারী ব্যবসায়ীরা পাঠান এবং যাঁদের নামে কলকাতায় আসে তাদের নাম ও ঠিকানা সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার কোন সংবাদ রাখেন কিনা; এবং

(গ) এই আমদানী করা বাইরের মাছ সহরের বিভিন্ন বাজারে খুচরা ব্যবসায়ী মাধ্যমে বিক্রয়ের উপর কোন সরকারী নিয়ন্ত্রণ আছে কিনা?

The Minister for Fisheries:

(ক) এ সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) হ্যাঁ, রাখেন।

(গ) হ্যাঁ আছে। একমাত্র লাইসেন্সপ্রাপ্ত খুচরা বিক্রেতারাই বিভিন্ন বাজারে সরকার নির্ধারিত মূল্যে এই আমদানী করা বাইরের মাছ বিক্রয় করিতে পারেন।

Expenditure incurred on the administrative head and on development works of Krishnagar Municipality

223. (Admitted question No. 525.) **Shri Kashi Kanta Maitra:**

স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৫৮ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত প্রতিবছর কৃষ্ণনগর পৌর প্রতিষ্ঠানের প্রশাসনিক খাতে (এ্যাডমিনিস্ট্রেটিভ হেড) ব্যয় কত হয়েছে;

(খ) উক্ত পৌর প্রতিষ্ঠানের বিভিন্ন উন্নয়নমূলক কাজে যথা :—রাস্তা নির্মাণ, পানীয় জলের কল চালু রাখা, নতুন পাম্পিং ষ্টেশন বসান, কনজারভেন্সী জনস্বাস্থ্য, ইত্যাদি কাজে ১৯৬০-৬৫ সালে বিভিন্ন বৎসরে মোট কত ব্যয় হয়েছে,

(গ) এই ব্যয়ের মোট কত টাকা রাজ্য সরকারের কাছ থেকে উক্ত পৌর প্রতিষ্ঠানে গ্রান্ট ও লোন বাবদ ১৯৬০-৬৫ সালে পেয়েছেন;

(ঘ) সরকার যে যে সর্তে যে যে কাজের জন্য অনুদানের বা লোনের টাকা দিয়েছিলেন ঠিক সেই সেই খাতে উক্ত অর্থ ব্যয় হয়েছিল কিনা সে সম্বন্ধে সরকার অবহিত ছিলেন কি না; এবং

(ঙ) অর্থ ব্যয় সম্বন্ধে অডিট রিপোর্ট সন্তোষজনক কিনা (উক্ত কয় বৎসর ১৯৬০-৬৫)?

The Minister for Local Self-Government:

(ক), (খ) ও (গ) একটি পৃথক বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(ঘ) সরকার প্রথমে এ বিষয়ে অবহিত ছিলেন না, তবে পরে তাহা জানিতে পারেন।

(ঙ) উক্ত ১৯৬০-৬৫ বৎসরের অডিট রিপোর্ট মোটেই সন্তোষজনক নয়।

Government vested Khals, Beels and Jalas in Nadia district

224. (Admitted question No. 541.) **Shri Kashi Kanta Maitra:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় যে সব সরকারী জলা আছে এবং জমিদারী বিলোপ আইন চালু হবা পর যে সব খাল, বিল, জলা, রাজ্য সরকারের বর্তিয়াছে (ভেস্ট করেছে) সেই স জলকর খালবিলের নাম ও আয়তন;

(খ) এই সব বিলের, খালের ও জলার কিভাবে প্রতি বৎসর বন্দোবস্ত দেওয়া হয়; এব প্রতি বৎসর জলা, খাল, বিল থেকে জলকর বা রেন্ট বাবত বছরে কত টাকা সরকা পেয়ে থাকেন (প্রতিটি বিলের খাজনার হিসাব);

(গ) জমিদারী উচ্ছেদ আইন প্রবর্তিত হবার পূর্বে এই সব খাল-বিলের জলকর বাব জমিদাররা বাৎসরিক কি পরিমাণ খাজনা নিতেন সে সম্বন্ধে রাজ্য সরকারের কো রিপোর্ট আছে কিনা এবং থাকলে তার বিবরণ; এবং

(ঘ) কেবলমাত্র মৎস্যজীবী সমবায় সমিতিগুলিকেই কি এইসব জলকরের বন্দোবস্ত দেওয় হয়েছে?

The Minister for Land and Land Revenue:

(ক) জলকর খাল-বিলের নাম ও আয়তনের একটি তালিকা লাইব্রেরীর টেবিলে ন্যস্ত কর হইল।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের এস্টেট্ ম্যানুয়ালের ২৭৩ রুল অনুযায়ী টেন্ডার আহ্বান করিয়া বন্দোবস্ত দেওয়া হয়।

(গ) কোন রিপোর্ট নাই।

(ঘ) না, মৎস্যজীবী সমবায় সমিতিকে অগ্রাধিকার দেওয়া হয়। এই সমিতি অপারগ হইলে কোন মৎস্যজীবী অথবা সাধারণ লোককেও দেওয়া হইয়া থাকে।

Shri S. M. Fazlur Rahman:

স্যার, আমি একটু আগে সাউথ সল্ট লেক ফিসারী যেটা বলেছি সেটা সুন্দরবন ফিসারী হবে। আমি বলতে ভুল করেছিলাম।

[2—2-10 p.m.]

Adjournment Motions

Mr. Speaker: I have received two Notices of Adjournment Motion, one on the subject of release of political leaders and workers detained under the Defence of India Rules from Dr. Narayan Chandra Roy and 10 others and another from Shri Sambhu Charan Ghosh on the subject of increase in the price of wheat and rise.

I have withheld my consent to both the motions.

Dr. Narayan Chandra Roy:

এই প্রস্তাবটা দিলে লাভবান হত এ্যাসেম্বলী, আমরা চেয়েছিলাম

Political leaders and workers including M.L.As. and M.L.Cs. have been kept behind the prison bar under D.I.R. for a long period. It is undemocratic and highly irregular. They have been deprived of the right of being tried in court of law. This House demands either these persons be released or be given opportunity to face trial where they can defend themselves.

স্যার, এখানে বক্তব্য এই যে ডি, আই, আর-এ যাদের ধরা হয় তাদের কোর্টে আনা না যায় তাহলে আপনারাই ডি, আই, আর করেছেন আপনারা ডি, আই, আর থেকে অন্য সেকশানে তাকে কোর্টে ফেস করিয়ে হয় তাদের কনভিকশান দিন না হয় তাদের ছেড়ে দিন। দেশে আজ সত্যিকারের দুর্ঘটনার দিন আসছে, চারিধারে আমাদের সমস্যা, এই সময় আমরা আমাদের নেতাদের আমাদের মধ্যে ফিরে পেতে চাই। এই এ্যাডজোর্নমেণ্ট-এর উদ্দেশ্য হচ্ছে এই আশাকরি মন্ত্রী মহাশয়দের কি বলবার আছে এখানে বলবেন।

Shri Hemanta Kumar Basu:

স্যার, আমরা বহুদিন ধরে এই ডি, আই, আর-এ ধরা সমর্থন করি নাই, তাই আমি বলছিলাম যে সেকশানে এ সম্ভব সেই সেকশানে তাদের এনে তাদের বিচারের ব্যবস্থা করা হউক। এই হচ্ছে আমাদের দাবী।

Shri Somnath Lahiri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই এ্যাডজোর্নমেণ্ট মোশানে আমিও সই করেছি। তার থেকে আপনি বুঝতে পারছেন যে অপোজিশানের সমস্ত দল এই এ্যাডজোর্নমেণ্ট সমর্থন করছেন, এবং করাটাই অত্যন্ত স্বাভাবিক। কারণ এদের বিনাবিচারে আটক করে রাখা হয়েছে। একদিন দুইদিন চারদিন বিনাবিচারে আটক রাখলে তবুও তার কারণ জাষ্টিফায়েড হয়না কিন্তু তবুও বোঝা যায়। কিন্তু বছরের পর বছর এদের আটকে রাখা হয়েছে। অথচ তাদের কি অপরাধ তা আজ পর্যন্ত আমরা জানতে পারিনি, এমন কি যাদের আটকে রাখা হয়েছে এবং তাদের যে দলিল দেওয়া হয় তাতেও বলা হয়না। দলিল দেওয়া হয় তাতেও বলা হয়না তাদের কি অপরাধ, শুধু বলা হয় তোমরা ল এ্যাণ্ড অর্ডারের পক্ষে বিপদজনক হতে পার অথবা প্রেজুডিসিয়াল এ্যাক্ট করতে পার বলে মনে করছি সুতরাং তোমাদের আটকে রাখা হল। গভর্নর এই ভাবে হুকুম পেশ করেন। এই ধরনের অন্যায় অবিচার যদি চিরদিন চলতে থাকবে, এই জিনিষ কিছুতে হতে পারেনা। বিশেষকরে যেখানে অনেক এম-এল-এ এবং এম-এল-সি আটক আছে। আমি এই অধিবেশন বসবার আগে গভর্ণরের কাছে একটি চিঠি দিয়েছিলাম যে অন্ততপক্ষে এম-এল-এ, এম-এল-সি যারা আছে তারা যাতে এ্যাসেম্বলী এ্যাটেণ্ড করতে পারে তার জন্য তাদের মুক্তি দেওয়া হউক। যাতে তারা যাদের দ্বারা নির্বাচিত হয়েছে তাদের প্রতি কর্ত্তব্য পালন করতে পারে। গভর্ণর বাহাদুর চিঠির জবাব দিয়েছিলেন—আর আমাদের মুখ্যমন্ত্রী তো অনেক সময় আমাদের চিঠির জবাব দেওয়ার সময় পর্যন্ত করে উঠতে পারেন না। এমনই অবস্থা আমাদের দাঁড়িয়েছে। গভর্ণর চিঠির জবাবে বলেছেন যে এদের বিনাবিচারে আটক করে রাখার সাফিসিয়েণ্ট ভ্যালিড রিজন আছে সুতরাং ছাড়বার প্রশ্নই উঠেনা। শুধু তিনি সন্তুষ্ট হয়েছেন যে এদের ভ্যালিড রিজন-এ গ্রেপ্তার করে রাখা হয়েছে এবং তিনি সন্তুষ্ট হলেই বাংলাদেশে তথা ভারতবর্ষে বহু নাগরিককে বন্ধ করে রাখা হবে—এই জিনিষ যদি চলতে থাকে তাহলে আমার মনে হয় ভবিষ্যতে আসতে আসতে গণতন্ত্র সম্পূর্ণ রূপে লোপ পেয়ে যাবে। বিশেষ করে আমাদের এই আইনে আটক করেছিলেন এই ট্রাম ভাড়া বৃদ্ধি আন্দোলনের ব্যাপারে। সেখানে কোন ভ্যালিড রিজন্স না দেখিয়ে, ট্রাম গাড়ী চালাতে আমরা বাধা দিইনি, আন্দোলন তখন আরম্ভ হয়নি, তখন আমাদের দলকে দল, সমস্ত দলের নেতাদের আটক করলেন জেলখানায়। কি রিজিন আমরা জানলাম না। তারপর দেড় মাস পরে যখন আমাদের ছাড়লেন তখন আমি এম-পি শ্রীভূপেশ গুপ্তকে সঙ্গে নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলাম এবং বলেছিলাম অন্ততঃ পক্ষে ট্রাম ভাড়া বৃদ্ধি আন্দোলনে যাঁরা গ্রেপ্তার হয়ে আছে, আমাদের যখন ছাড়লেন তখন তাঁদেরও ছেড়ে দিন। প্রথম দিন প্রফুল্লবাবু বললেন, হ্যাঁ, তাঁদের ছাড়বো কিন্তু ৫।৭ দিন বাদে অবাক হয়ে দেখলাম তাঁর মত বদলে গেল, তিনি তাঁদের ছাড়লেন না, গ্রেপ্তার করে রাখলেন। আমাদের জ্যোতিবাবুকে আটক করে রাখা হল এবং আরো অনেককে আটক করে রাখা হল। এই জিনিষ সম্বন্ধে যদি আমরা এ্যাডজোর্নমেণ্ট মোশান না আনতে পারি, যখন বিশেষ করে এই হাউসের মেম্বারদের অধিকার দিনের পর দিন ক্ষুন্ন করা হচ্ছে সম্পূর্ণরূপে এবং যখন তাঁদের সম্পূর্ণ অধিকার আছে এখানে এসে তাঁদের নির্বাচকমণ্ডলীর মতামত এই হাউসে প্রতিফলিত করবার তখন সম্পূর্ণরূপে অগণতান্ত্রিক উপায়, সম্পূর্ণ গায়ের জোরে, ইমাজেন্সি

পাওয়ারের হীন সুযোগ নিয়ে, চক্রান্ত করে সরকার তাঁদের আটক করে রেখেছেন, তাঁদের বাধা দিচ্ছেন পার্লামেণ্টারি ডিউটি ডিসচার্জ করার দিক থেকে। কাজেই মাননীয় স্পীকার মহাশয়, আমরা নিশ্চয়ই আশা করতে পারি যে যেখানে স্বৈরাচার, ইমার্জেন্সি পাওয়ার, অগণতান্ত্রিক উপায়ে বিধানসভার সদস্যদের অধিকারকে পর্যন্ত বহু দিন ধরে ক্ষুণ্ণ করে সেখানে রক্ষা না করেন, আমাদের মনের কথা বলবার, মন্ত্রিসভাকে আসামীর কাঠগড়ায় দাঁড় করাবার আমরা কার কাছে চাইবো যদি আপনি আমাদের বিধানসভার অধ্যক্ষ হিসাবে আমাদের অধিকার অধিকার রক্ষা আপনি না করেন? সেইজন্য আমরা আপনার কাছে আবেদন করছি আপনি আমাদের এই এ্যাডজোর্নমেন্ট মোশান সম্পর্কে পুনর্বিবেচনা করুন এবং এটা যাতে এ্যালাউড হয় তার ব্যবস্থা করুন।

[2-10—2-20 p.m.]

Shri Nani Bhattacharjee:

মিঃ স্পীকার, স্যার, এই এ্যাডজোর্নমেন্ট মোশানে আমারও সই আছে এবং স্বভাবতঃই এটা ঠিক যে ডি, আই, আর-এ যাঁদের ধরা হয়েছে, বিনা বিচারে যাঁদের আটক রাখা হয়েছে, তাঁদের আমরা চাই অবিলম্বে ডি, আই, আর থেকে মুক্তি দেওয়া হোক এবং তাঁদের বিরুদ্ধে যদি বিশেষ কোন চার্জ থাকে তাহলে সাধারণ আইনে তাঁদের আপনারা বিচার করুন এবং বিচারে যদি দোষী সাব্যস্ত হয় তাহলে তাঁদের জেলে রাখুন। কিন্তু সেই ব্যবস্থা হচ্ছেনা। আমরা সকলেই জানি এই হাউসের মাননীয় সদস্য, বিরোধী দলের নেতা, জ্যোতি বসু মহাশয় জেলে আছেন এবং আরো অনেকে অন্য হাউসের জেলে আছেন এবং বিনা বিচারে আটক অবস্থায় জেলে পড়ে আছেন এবং এমন কি ট্রাম ভাড়া বৃদ্ধি আন্দোলনে যাদের ধরা হয়েছিল তাঁদেরও ছাড়া হয়নি এবং এটা স্বভাবতঃই বুঝতে পারা যায় যখন তাঁরা জেলে ছিলেন ট্রাম আন্দোলনের আগে ২৯ তারিখে যখন তাঁদের ধরা হয়েছিল তারপর এমন কি কারণ ঘটল যাতে করে ডি, আই, আর-এ তাঁদের আটক করে রাখা হল এবং তাঁরা কি এমন অপরাধ প্রবণ কাজ করেছিলেন যাতে করে তাঁরা জেলে ছিলেন, তাঁদের ছাড়া হল না? সেজন্য মাননীয় স্পীকার মহাশয়, আমরা এই এ্যাডজোর্নমেণ্ট মোশানের ভেতর দিয়ে এই সুযোগটা চাচ্ছি যে মন্ত্রীসভা আজকে যখন এই ইমার্জেন্সির সময়ে তাঁরা রাজনৈতিক জিঘাংসার রাস্তায় চলছেন, বাংলাদেশে যে খাদ্য সমস্যা রয়েছে সেই সমস্যা সমাধানের জন্য যা যা করা দরকার সেটা করছেন না এবং অন্য দিকে আইন সভার এবং পরিষদের সদস্যদের আটকে রেখে নির্বাচকমণ্ডলীর কাছে তাঁদের যে দায় দায়িত্ব সেটা পালন করতে দিচ্ছেন না এবং বিরোধী দলের যে সমস্ত কর্মী ও নেতা বাংলা দেশের জনসাধারণের কাছে খাদ্য সমস্যার দিকে তাকিয়ে তাঁদের যে কর্তব্য সেটা তাঁরা করতে পারছেন না, সেই সময় আমরা আশা করেছিলাম যে আপনি আমাদের এই এ্যাডজোর্নমেণ্ট মোশান এ্যালাউ করবেন এবং এ বিষয়ে আমাদের আলোচনা করতে দেবেন। আপনার কাছে আমি আবেদন রাখছি এই মন্ত্রীসভার বিরুদ্ধে এই ব্যাপারে আমাদের অনেক কিছু বলার আছে এবং তাঁরা যে রাস্তায় চলেছেন সেই রাস্তা যে ঠিক রাস্তা নয়, সেটা যে গণতন্ত্রকে হত্যা করার রাস্তা সেটা এঁদের ভাল করে বুঝিয়ে বলার দরকার আছে। আমি আশা করবো আপনি জনসাধারণের স্বার্থের দিকে তাকিয়ে, হাউসের মর্যাদার দিকে লক্ষ্য রেখে এবং বিরোধী দলের সদস্য যাঁরা জেলে আছেন তাঁদের দিকে তাকিয়ে আপনার যে সিদ্ধান্ত সেই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন।

Shri Sailendra Nath Adhikary:

স্যার, আমিও এই এ্যাডজোর্নমেণ্ট মোশানের একজন পার্টি এবং আমি আশা করেছিলাম আপনি এই এ্যাডজোর্নমেণ্ট মোশানটা যখন খুব গুরুত্বপূর্ণ তখন আমাদের সুযোগ দেবেন এই এ্যাডজোর্নমেণ্ট মোশান নিয়ে আলোচনা করবার। তার কারণ আমার আশা এইজন্য ছিল যে আপনি

স্যার, আমাদের প্রায়ই বলেন এবং আমরা এই জিনিষটা আপনার কাছ থেকে শুনে জ্ঞান লাভ করি যে পার্লামেণ্টারি ডেমোক্র্যাসি আমরা, সদস্যরা, এমন ভাবে করবো যাতে ইংল্যাণ্ডের মত তার রূপটা নির্ঝঞ্ঝাট হয় এবং আমরাও এই মতটা পোষণ করি যে ইংল্যাণ্ডের মত হোক।

Mr. Speaker:

ইংল্যাণ্ডে এই রকম কেসের কোন প্রিসিডেণ্ট আছে, যার রেফারেন্স দিয়ে আমাকে বলতে পারেন?

Shri Sailendra Nath Adhikary:

ইংল্যাণ্ডে পার্লামেণ্টারি ডেমোক্র্যাসিতে অপজিশনের একটা ভূমিকা স্বীকৃত হয়ে আছে এবং সেই ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটা আমি নিশ্চয়ই আশা করবোনা যে এটা সম্বন্ধে আমাকে রেফারেন্স দিতে হবে।

Mr. Speaker:

কিন্তু এই এ্যাডজোর্নমণ্ট মোশন ডিস-এ্যালাউড আণ্ডার দিস সার্কামস্টান্সেস এটার রেফারেন্স দিতে পারেন?

I know that opposition plays an important part there.

Shri Sailendra Nath Adhikary:

আমি যেটা তুলছি সেটা হচ্ছে আজকে পার্লামেণ্টারি ডিমোক্র্যাসি ইট ইজ এ্যান ইনডিভিজিবিল হোল এবং এই পার্লামেণ্টারি ডিমোক্র্যাসিতে লিডার অব দি হাউস এবং লিডার অব দি অপজিশন এই দুটি মিলে একটা ইনডিভিজিবিল হোল হয়। আজকে আমরা দেখছি, আপনি দেখছেন যে লিডার অব দি হাউস এখানে আছেন এবং তিনি এ্যাসেম্বলীতে থাকেন না, কিন্তু লিডার অব দি অপজিশন তিনি কোথায় এই প্রশ্ন আপনাকে জিজ্ঞাসা করছি? এই প্রশ্নটা আমার মনে যখন উঠেছে তখন নিশ্চয়ই আপনার মনেও এই প্রশ্ন উঠবে। দ্বিতীয়তঃ, আর একটা কথা হচ্ছে এই হাউস সামন করেন মহামান্য রাজ্যপাল, তাঁর সামন না পেলে হাউস বসে না। তিনি সমস্ত সদস্যকে ইনডিভিজুয়ালি সামন করেন, আমাদের অনেক মাননীয় সদস্য সেই সামন পেয়েছেন কিন্তু তাঁরা কোথায়? তাঁরা কেন আসছেন না এই প্রশ্নটা পার্লামেণ্টারি ডিমোক্র্যাসির অংগ এবং ডিসেন্সি, ডেকোরাম এবং ডিগনিটির অংগ। সেইজন্য আমার যেটা আপনার কাছে নিবেদন এই যে ডি, আই, রুলে আটক এটা অত্যন্ত অগণতান্ত্রিক একথা আমরা বরাবর বলে এসেছি। সেদিন সুপ্রিম কোর্টে ডাঃ লোহিয়ার কেসের রায় কি হয়েছে তা জানেন কিন্তু আমি সেদিক থেকে কিছু বলতে চাইনা, ডি, আই, রুল একটা জঘন্য আইন, সেই আইন সম্বন্ধে যত কম বলা যায় ততই ভাল। আমি যে প্রশ্ন আপনার কাছে তুলে ধরতে চাই সেটা হচ্ছে অনারেবল জ্যোতি বসু, লিডার অব দি অপজিশন-এর যে মর্যাদা আপনি দিয়েছেন, আপনি এখানে লিডার অব দি অপজিশনের নাম পড়েছিলেন, সেই মর্যাদা আজকে কোথায়? এই মন্ত্রীসভা তাঁকে আটক করে সেই মর্যাদা নষ্ট করেছে। সেখানে কি এই হাউসের মর্যাদা ক্ষুণ্ন হচ্ছে না? আমি আর একটা কথা বলছি তাঁকে ধরা হয়েছিল প্রিভেন্টিভ ডিটেনশন এ্যাক্টে ট্রাম আন্দোলনের সময়।

ট্রাম আন্দোলনের ব্যাপারটা কি ছিল—ট্রাম আন্দোলনের ব্যাপারটা ছিল এই যে শৈলবাবু এবং প্রফুল্লবাবু যাঁরা ইদানিং কালে বড় বড় কথা বলছেন—বৃটিশ এবং আমেরিকার বিরুদ্ধে সেই ইংল্যাণ্ডের একটা কোম্পানী তাদের অত্যন্ত কর্দর্য [illegible] রুখবার জন্য এবং বৃটিশ গুঁজির ঔদ্ধত্যকে রুখবার জন্য আপনি জানেন কলকাতার জনসাধারণ হরতাল করেছিল। বসুমতীতে তারা জানিয়ে দিয়েছে—তথাপি শৈলবাবু ঐ ট্রাম কোম্পানীর বৃটিশ মালিকের প্রতি গভর্নমেণ্টের অত্যন্ত আকর্ষণ থাকায় ঐ মালিকদের রক্ষা করবার জন্য বৃটিশের বিরুদ্ধে যারা লড়াই করেছে তাদের পয়েন্ট ব্লাঙ্ক গুলি করার অর্ডার দিয়েছেন এবং সেই সঙ্গে সঙ্গে লিডার অব দি অপোজিসনকে ডি, আই, রুলে এ্যারেস্ট করেছেন অনেকের সঙ্গে এবং আপনি জানেন স্যার, তার পর যখন ট্রাম আন্দোলন প্রত্যাহার করবার আগে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে এটা প্রত্যাহার হয়ে গেলে সকলকে ছেড়ে দেবো। জ্যোতি বসুকে ধরা হয়েছিল ট্রাম আন্দোলনের

ব্যাপারে তারপরে যখন ট্রাম আন্দোলন প্রত্যাহৃত হোল তখন জ্যোতি বসুকে ছাড়া হোল না কেন। তার এ্যাকসন প্রিভেন্ট করবার জন্য তাঁকে ধরা হয়েছিল সেটা যখন শেষ হয়ে গেল তখন তাকে ছাড়া হোল না কেন? এটা কি ভিনডিকটিভ নয়? আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে এখানে দুটো জিনিস আছে পার্লামেন্টারী ডেমোক্রাসীতে লিডার অব দি অপোজিসন এবং লিডার অব দি অপোজিসনের যে ষ্ট্যাটাস তা না হলে পার্লামেন্টারী ডেমোক্রাসী মোকারী হয়। আপনারা পার্লামেন্টারী ডেমোক্রাসীকে মোকারীতে পরিণত করেছেন। আজকে তাকে রক্ষা করবার জন্য আমাদের কোন কর্তব্য আছে কিনা—মাননীয় স্পীকার মহাশয়, আজকে আপনার কোন কর্তব্য আছে কিনা আমাদের কথা শুনে আপনি কোন রকমভাবে এটা গভর্নরকে বলতে পারেন কিনা আমি জানি না স্যার, আপনি সেইভাবে চিন্তা করুন যে আমাদের এ্যাডজর্নমেন্ট মোসনকে আপনি পুনর্বিবেচনা করতে পারেন কিনা—আজকে সবচেয়ে দুঃখের এবং লজ্জার কথা যে মন্ত্রিসভা মানুষকে ভাত দিতে পারে না, যে মন্ত্রিসভা আজ চালের দর রুখতে পারে না—৭৬ নয়া পয়সা চালটা যে মন্ত্রীসভার চোখের সামনে ৩ টাকা কে, জি, বিক্রি হয় যে মন্ত্রী-সভার আণ্ডারে বাংলাদেশের গরীব মেয়েকে পুলিশের গুলি খেতে হয় আর ঐ মুরারী মান্নার মত লোকেরা হাজার হাজার মণ চাল পাচার করে এবং যে মন্ত্রীসভা বাংলাদেশকে ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে সেই মন্ত্রীসভাকে কনভেনড করাই এই এ্যাডজোর্নমেন্ট মোসনের উদ্দেশ্য।

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, আমিও একজন এই এ্যাডজোর্নমেন্ট মোসন যেটা দেওয়া হয়েছে তাতে সই করেছি। তার কারণ কোন রাজনীতি নয়। গণতন্ত্রের প্রথম কথা বিচার। কাউকে বিচার করে দোষী সাব্যস্ত হলে আইনত তবেই সে অপরাধী হবে। এটা আইনের প্রথম পাতায় লেখা আছে আপনি জানেন। যদি কেউ একজন ফাঁসি দেবার কাজ করে থাকে—তাকে অপরাধী বলা যায় না যদি তার বিরুদ্ধে অপরাধ আইনত প্রমাণিত না হয়। সুতরাং এ ক্ষেত্রে বিনা বিচারে যাদের আটকানো হয়েছে বড় ছোট কেউ সব সমান—বিনা বিচারে যাদের আটকানো হয়েছে আমাদের সংবিধানে যে সমস্ত বিধিব্যবস্থা আছে তার বিরোধী কাজ। কারণ আমাদের গণতান্ত্রিক রাষ্ট্র সোস্যালিষ্ট প্যাটার্ন এটা ভারী সাংঘাতিক কথা। সোস্যালিষ্ট যদি হওয়া যায় তা না হয় বুঝি কিন্তু প্যাটার্নটা আবার কি রকম। এই ব্যাপারে দেখছি যে অমাদের প্যাটার্নে এই যে কোন বিচার-টিচার হবে না আমরা যা খুশী তাই করবো। এখন আমার কথা হচ্ছে যাদের ধরে রাখা হয়েছে তাদের যদি আদালতে না আনা হয় প্রকাশ্যভাবে বিচার না হয় তাদের অভিযোগ প্রমানের সুযোগ না দেওয়া হয়.....

Mr. Speaker:

আপনি রেলেভেন্ট কথা বলুন।

[2-20—2-30 p.m.]

Shri Bejoy Kumar Banerjee:

স্যার, আমার একটা কথাও ইরেলেভেন্ট নয়, কারণ আমি আইনতভাবেই কাজ করে থাকি—বেআইনী কাজ করি না। এই যে সব করপোরেশনের কাউন্সিলারদের ধরে রেখেছেন তাদের ওয়ার্ডের জল, তাদের মড়া পোড়ানো—সবই আমাদের বইতে হচ্ছে। তাদের বিরুদ্ধে যদি কোন চার্জ থাকে আপনি প্রমান না করতে পারেন তাহলে কোন অধিকার নেই সরকারের তাদের ধরে রাখার।

তারা যদি কোন নাশকতামূলক কাজ করে থাকে যদি রাষ্ট্র বিরোধী কাজ করে থাকে তাহলে প্রকাশ্যে বিচার করুন। তাহলে তো লোকে বুঝতে পারবে যে তারা কি দোষ করেছে এবং তাদের কেউই সমর্থন করবে না। কিন্তু তা না করে আজকে বেআইনীভাবে তাদের ধরে রেখেছেন। স্যার, আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যেখানে ইংল্যাণ্ডের কথা বলা হয় সেখানে মিনিটে মিনিটে হিটলার বোম করেছে কিন্তু কখনও সেখানে ডি, আই, আর হয়েছে? আমরা এও জানি যে

ডি, আই, আর-এ যাদের ধরবার কথা তাদের একজনকেও ধরা হয় নি। আমার কথা হচ্ছে ডি, আই, আর যারা প্রয়োগ করছেন তাদের ক্ষমতাকে যদি আমরা সংকুচিত না করে দিই; এই রকম যথেচ্ছাচার যদি চলে তাহলে গণতন্ত্র প্রহসনে পরিণত হবে এবং তাহলে আমাদের এই বিধান সভায় বক্তৃতা সব অনর্থক হয়ে যাবে। সুতরাং আপনার যদি ক্ষমতা থাকে বিধান সভার পক্ষ থেকে আমাদের সদস্য যাদের ধরা হয়েছে আপনি বলতে পারেন গভর্নরকে যে কেন তাদের ধরা হয়েছে আমি জানতে চাই—আপনি যদি বলেন যে হ্যাঁ আমি প্রমান দেখে এলাম তাহলে আলাদা কথা। তাহলে আমরা বলবো যে আপনি কি প্রমান দেখেছেন সত্য, মিথ্যা আমাদের কাছে বলুন। স্যার, আপনি এই কাজ কখনও করতে দেবেন না কারণ এর পরে যদি অন্য কোন পক্ষ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে তাহলে এই নজীর মানুষের স্বাভাবিক জীবনকে বিপর্যস্ত করে তুলবে। কাজেই আমার মনে হয় এইভাবে মানুষের স্বাধীনতাকে অন্যায়ভাবে—বেআইনী-ভাবে হরণ করা হয়েছে। সুতরাং এ বিষয়ে আমাদের একটা আলোচনার অধিকার দেওয়া হোক।

Shri Balai Lal Das Mahapatra:

স্যার, আমি মূলতুবি প্রস্তাবের একজন স্বাক্ষরকারী। আমি খুবই দুঃখিত হয়েছি যে আপনি এটা আলোচনা করবার সুযোগ দিলেন না। ভারতের স্বাধীনতার বিরুদ্ধে ভারতের সার্বভৌমত্ব নষ্ট করবার জন্য যদি কেউ চেষ্টা করে তাহলে নিশ্চয় আমরা তীব্রভাবে তার বিরুদ্ধে দাঁড়াবো, কিন্তু কাউকে বিনাবিচারে দীর্ঘ দিন ধরে আটক রাখা হবে—আদালতের সামনে হাজির করা হবে না এ কেউ সমর্থন করতে পারে না। বৃটিশ আমলে ভারত রক্ষা আইন বার বার জারী হয়েছিল আমরা তার শিকারও হয়েছিলাম কিন্তু অনন্তকাল ধরে আমাদের আটক রাখা হয়নি—আমাদের আদালতের সামনে হাজির করতে হয়েছে এবং আমাদের শাস্তিও দেওয়া হোত। আমরা জানি যে বহু লোককে এইভাবে আটক রাখা হয়েছে—বিধানসভার সদস্য কর-পোরেসনের কাউন্সিলার এবং আরও বিশিষ্ট রাজনৈতিক কর্মীদেরও আটক রাখা হয়েছে এবং তাদের অনন্তকাল ধরে আটকে রাখা হয়েছে। বৃটিশ আমলে ছিল যে কোন কমিটির সামনে হাজির হতে হোত পুনর্বিবেচনার জন্য। এইভাবে আমাদের একটা গণতান্ত্রিক রাষ্ট্র সে যদি একনায়কত্ব রাষ্ট্রের মত ব্যবহার করে তাহলে আমাদের কাজ করবার কি আছে? কাজেই আজকে যদি মনে করি যে অন্যায় ভাবে বন্দিদের আটক করে রাখা হয়েছে তাহলে কি অন্যায় হচ্ছে। সেজন্য বলছি যে আদালতের সামনে আনা হোক বিচার করে দণ্ড দেওয়া হোক আর না হলে এভাবে অনন্ত কাল ধরে আটক রাখার মানে হয় না। সেজন্য দুঃখিত হচ্ছি যে আপনি আলোচনা করার সুযোগ দিলেন না। এটা দিলে ক্যাবিনেটের পক্ষ থেকে অন্তত একটা জবাব হতো। আপনার মাধ্যমে দাবী করছি যে অবিলম্বে মুক্তি দেওয়া হোক অথবা আদালতের সামনে সাক্ষী সাবুদ এনে বিচার করা হোক। সেজন্য বলছি যে এটা আপনি আলোচনা করার জন্য পুনর্বিবেচনা করুন।

Shri Anadi Das:

স্যার এই এ্যাডজোর্নমেন্ট মোসানে আমি একজন সাক্ষরকারী, এটা আপনি আলোচনা করবার কোন সুযোগ দিলেন না। আমরা আশা করেছিলাম গণতন্ত্রের একজন কাস্টোডিয়ান স্পীকার অফ দি হাউস হিসাবে গণতন্ত্র যাতে বিকৃত না হয় সেটা দেখবেন। এটাই হচ্ছে গণতন্ত্রের প্রধান কথা যে প্রতিটা ব্যক্তি দেশের শাসন ব্যাপারে তাদের মতামত জানাবার সুযোগ পাবে অন্তত পরোক্ষভাবে থ্রু ইটস রিপ্রেজেনটেটিভ নিজে না আসতে পারলেও। আমরা এই এ্যাসে-ম্বলীতে বহু বিল আলোচনা করছি কতকগুলি পাশ করবো কিন্তু সে সব বিল সম্পর্কে বহু জায়গার অধিকারী তাদের প্রতিনিধি মারফৎ মতামত জানাবার সুযোগ পাচ্ছে না, এটা কিন্তু আপনি বলবেন যে গণতন্ত্র রক্ষিত হচ্ছে, কাজেই আপনার কাছ থেকে আশা করেছিলাম যে এই গুরুত্বপূর্ণ যে অপরাধ সরকার করছেন সে বিষয়ে আলোচনা করবার। দ্বিতীয়ত গণ-তন্ত্রে আর একটি কথা হচ্ছে যে কোন দোষী ব্যক্তি বিনাবিচারে যেন সাজা না পায় একটা কথা আছে যে বহু দোষী ব্যক্তি ছাড়া পায় পাক কিন্তু নির্দোষী যেন সাজা না পায়। কাজেই এই যে দীর্ঘ দিন ধরে কতকগুলি লোক বিনাবিচারে বন্দী হয়ে থাকবে এটা হতে পারে না। দেশ

আমাদের আপৎকালীন অবস্থায় আছে কিন্তু সাধারণ মানুষ কি বলছে। একদিকে চাল, ডাল, তেল, নুনের দাম বাড়ছে অন্যদিকে সরকার ইচ্ছাকৃত ভাবে দেশকে দুর্ভিক্ষের বুকে ঠেলে দিচ্ছে চাল, তেল আছে যেগুলি চোরাবাজারে বিক্রি হচ্ছে। সেজন্য এর বিরুদ্ধে প্রতিবাদ যাতে সফল না হতে পারে সেজন্য এদের বিনা বিচারে আটক রাখা হয়েছে। আমি অনুরোধ করছি দেশ-রক্ষার দিক থেকে, গণতন্ত্রের দিক থেকে এটা আপনি আর একবার বিবেচনা করবেন এবং আলোচনা করবার সুযোগ দেবেন।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় স্পীকার স্যার, আমিও এই এ্যাডজোর্নমেন্ট মোসনের একজন স্বাক্ষরকারী। আপনি এটা দেখে থাকবেন গত চার বৎসরে যে কম্যুনিস্ট পার্টির কার্যক্রম থেকে আমাদের মৌলিক পার্থক্য আছে কিন্তু তা সত্ত্বেও বলছি আজকে বিনাবিচারে বিধান সভায় এবং বিধান পরিষদের সভাকে অনর্থক আটকে রাখা হয়েছে, বাইরের অনেক লোককে অনর্থক আটকে রাখা হয়েছে। এটা সম্পূর্ণ বেআইনী এবং অগণতান্ত্রিক। আপনি জানেন হাউসের একজন সভ্য ডাঃ রাধানাথ চট্টোরাজ তিনি অসুস্থ তাঁকে হাঁসপাতালে ভর্তি করা হবে, তার থ্রম্বোসিস এ্যাটাক করেছে তবুও তাকে ছাড়া হচ্ছে না। আপনি জানেন কিনা জানি না শ্রীবিজয়পাল অত্যধিক শীর্ণকায় চেহারা তিনি ব্রঙ্কাইটিস ট্রাব্‌ল্‌স-এ ভুগছেন তাকে ছাড়ার কোন লক্ষণ আমরা দেখছি না। চারু মজুমদার যিনি এক বৎসর বেড রিডেন রয়েছেন, বিছানা থেকে স্ট্রেচার-এ করে নামাতে হয় তাকেও আপনারা ছাড়ছেন না। শ্রীমুজাফর আমেদ যার বয়স প্রায় ৭৫ বৎসর—সেই ৭৫ বৎসরের বৃদ্ধ কি বিপ্লব আনবেন জানিনা তবুও তাকে ছাড়া হচ্ছে না। শ্রীগুলজারীলাল নন্দ নাম্বুদ্রিপাদের বিষয়ে বলেছেন যে তিনি বাহিরে যে সমস্ত বক্তৃতা করছেন

Shri E. M. S. Namboodripad by making such a dangerous statement has exposed himself and we are making a vigil over him.

তাই যদি হয় তা হলে তাকে ধরে রাখছেন না কেন? তাকে বাইরে রেখেছেন কেন? জ্যোতিবাবু কোন বক্তৃতা করেন নি অন্য কি অজুহাতে তাকে ধরে রেখেছেন। বিরোধী দলের নেতাকে এই-ভাবে কেন আটকে রেখেছেন তার কারণ বুঝতে পারছি না, এটা ভারতরক্ষা আইন নয়, এটা কংগ্রেস রক্ষা আইন। এছাড়া আমাদের কাউন্সিলের সদস্য শ্রীমোহিত মৈত্রকে আপনারা কয়েকদিন আগে ছেড়ে দিয়েছেন। তিনি কঠিন ক্যান্সার রোগে ভুগছেন। এইভাবে বিধানসভার এবং বিধান পরিষদের বিভিন্ন সভ্যদের এইভাবে আটকে রেখেছেন। এতে আমাদের মনে হয় উই অল বিকাম গিল্টি এ্যাজ এ্যাকমপ্লিসেস আমরা কিছুই করতে পারবো না এবং না পারার জন্যই এই অবস্থা হচ্ছে। সেইজন্য আমি বলছি এই যে মুলতুবী প্রস্তাব এসেছে এই মুলতুবী প্রস্তাবটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব। বিভিন্ন দলের সভ্যদের এইভাবে আটকে রাখা উচিত নয়। সেইজন্য আমি মনে করি বিশেষ করে জ্যোতিবাবুকে আটকে রেখেছেন তাকে হাউসে আসতে দিচ্ছেন না অথচ আপনারা হাউস চালিয়ে যাচ্ছেন এর কারণ কি আমরা বুঝতে পারছি না। এতে কংগ্রেসের কি স্বার্থসিদ্ধি হচ্ছে এবং এর ফলে গণতন্ত্র একবারেই নষ্ট হয়ে যাচ্ছে। সেইজন্য আমি বলছি যে আপনারা সুযোগ দিন লিডার অফ দি অপোজিশনকে যিনি উইলিং মেম্বার এ্যাট লিস্ট তাকে কিছু বলবার সুযোগ দিন। এইভাবে এ্যাসেম্বলী এবং কাউ-ন্সিল-এর যে সমস্ত মেম্বারদের আটকে রেখেছেন তাদের সুযোগ দিন এবং জ্যোতিবাবুকে এখানে বলবার সুযোগ দিন এবং বিষয়টি পুনর্বিবেচনা করুন এটাই আমার আবেদন।

[2-30—2-40 p.m.]

Shri Girish Chandra Mahato:

অধ্যক্ষ মহাশয় আজকে মুলতুবী প্রস্তাব নাকচ করলেন তাতে আমার সই ছিল।

Mr. Speaker: Mr. Mahato, I have already withheld my consent to this motions. Still I have allowed the signatories to say some thing. I don't think you have got any scope to speak.

Shri Girish Chandra Mahato:

অধ্যক্ষ মহাশয় আমরা এ প্রস্তাবে সই করেছি। এবিষয়ে আপনার মাধ্যমে কিছু বলতে চাই। আজকে যারা দোষী তাদের আপনারা ভারতরক্ষা আইনে আটক করেন নি। যারা অম্লান বদনে চোরাকরবার করছে ভারতবর্ষকে দিনের পর দিন ধ্বংসের পথে নিয়ে যাচ্ছে তাদের আটক করা হচ্ছে না। কিন্তু যারা নির্দোষী তাদের ধরা হচ্ছে। সেজন্য আমি বলছি যাদের ভারতরক্ষা আইনে ধরা হয়েছে তাদের বিচার করা হোক, শাস্তি দেওয়া হোক কিন্তু তাদের আটকে রেখে যারা জনসাধারণের পক্ষে কাজ করতে চায় তাদের জব্দ করার জন্য ভারতরক্ষা আইন। আমাদের পুরুলিয়া জেলার কংগ্রেস কমিটির যিনি কোষাধ্যক্ষ যিনি ভারতের ক্ষতি করছেন তাকে আটক করা হয়নি। অথচ যারা নির্দোষ তাদের আটক করে রাখা হয়েছে। সেজন্য এ প্রস্তাবটা পুনর্বিবেচনা করবার জন্য অনুরোধ করছি। কিন্তু আজকে দেখা যাচ্ছে আমাদের বিরোধী দলের নেতা যিনি তাঁকে বিনাবিচারে, বিনাঅপরাধে, বিনাপ্রমাণে এই সরকার আটনক রেখেনছন। এটা অন্যায়, এবং আমি এই অন্যায়ের তীব্র প্রতিবাদ করছি। আর যারা অন্যায়ের সমর্থক, যারা অন্যায় করছে, যারা দেশের শত্রু, যারা দেশোদ্রোহী সেই বড় বড় কংগ্রেস পাণ্ডা যারা চোরাকারবার করছে, তাদের ধরে আটকে রেখে শাস্তি দেওয়া উচিত ছিল। আপাকে স্যার, অনুরোধ করছি আপনি এই মুলতুবী প্রস্তাবটা পুনর্বিবেচনা করুন এবং সে সম্বন্ধে বলবার আমাদের সুযোগ দিন, আর ঐ চোরাকারবারীদের ধরে আটক করবার ব্যবস্থা করুন।

Shri Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে এ্যাডজোর্নমেন্ট মোসন এখানে আনা হয়েছে, যা প্রত্যেকটা বিরোধীদলের নেতারা উত্থাপন করেছেন, আপনি যদি তার আলোচনার সুযোগ দিতেন তাহলে আমি আপনাকে আর অনুরোধ করতাম না। আজ আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে জানাচ্ছি আমি জানি এই বন্দীদের মুক্তি দেওয়ার ক্ষমতা আপনার নাই, আমি জানি এই বন্দী যারা জেলখানায় অসুস্থ হয়ে পড়ে আছে তাদের ভাল করবার ক্ষমতাও আপনার নাই। এতগুলো দেশের নেতাকে ও কর্মীকে বিনাবিচারে আটক রেখেছেন এই সরকার; আর যে আইনে তাঁদের আটক রেখেছেন সেই আইনকে আমি মনে করি বেআইনী আইন, সেই আইনের বলে আজকে তাদের জেলখানায় রেখে দিয়েছেন, সে সম্বন্ধে বাংলার মানুষের যে দুঃখ ও বিক্ষোভ, সেই বিক্ষোভ আজনক এই বিধানসভায় আমরা তুলতে চাই। আমি জানি আমাদের এই আনলাচনার সুযোগ দিলেই যে বিধান সভায় মন্ত্রীরা ঘোষণা করবেন যে বন্দীদের মুক্তি দিলাম, তা নয় যে জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি আপনি যদি পুনর্বিবেচনা করেন, আমার দৃঢ় বিশ্বাস, যাদের আজ বিনাবিচারে জেলে আটক রাখা হয়েছে, তার দ্বারা দেশের ক্ষতিই হচ্ছে, দেশের আজকে সবচেয়ে বড় প্রয়োজন দেশের একতা বাড়ানো; দেশের খাদ্য বাড়ানো, দেশের সাধারণ মানুষের মনে উৎসাহ সৃষ্টি করা, যাঁরা জেলের মধ্যে আছেন, তারা যদি আজ বাইরে আসেন তাহলে তাঁরা আজ জনতার সামনে দাঁড়াতে পারেন, তাদের উদ্বুদ্ধ করতে পারেন এবং এই যে একতা এটা আরো সহস্রগুণ বেড়ে যাবে।

এটা শুধু আমাদের বিরোধী দলের মনের কথা নয়, বাংলাদেশের বিরাট অংশের মনের কথা আজকে তাঁরা বলবেন। আমি সবিনয়ে অনুরোধ করছি আজকে তার সুযোগ দেবার জন্য, বিরোধী দলের নেতা যিনি, তিনি আজকে জেলে আটক পড়ে আছেন। আমি দাবী করছি আপনি জোর করে একটু লাগুন, এই সরকারকে বলুন যে এই নেতাদের এক্ষুণি ছেড়ে দিয়ে তাঁদের বিধানসভায় যোগদান করবার সুযোগ কর দিন। আমরা এই আলোচনার মধ্য দিয়ে কংগ্রেস সরকারকে এইটুকু অনুরোধ করতাম তাঁদের আপনারা মুক্তি দিন। জেলখানায় যাঁরা অসুস্থ ও অকর্মণ্য হয়ে পড়ে আছেন, তাদের অন্ততঃ মুক্তি দিন এবং নূতনভাবে চিন্তা করবার পথ খুলে দিন। আমি এই অনুরোধ করছি। আমি আশা করবো আপনি আমাদের প্রস্তাব সম্পর্কে পুনর্বিবেচনা করবেন এবং আমাদের মনের কথা, যারা বাংলাদেশের মনের কথা যা তা বলবার সুযোগ দিবেন।

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মুলতুবী প্রস্তাবটি ডিজএ্যালাউড করেছেন, তা সত্বেও আমাদের বিরোধী দলের নেতাদের কিছু কিছু বলতে দিয়েছেন, আমরা আশা করেছিলাম যে গভর্নমেন্টের তরফ থেকে শৈলবাবু হবু মুখ্যমন্ত্রী এ সম্বন্ধে তাঁর সরকারের বক্তব্য রাখবেন। কিন্তু তা না করে তিনি ওখানে স্থানুর মত বসে রয়েছেন। এতগুলো এম-এল-এ গ্রেপ্তার করে তিনি চুপচাপ বসে আছেন। এটা কি ধরণের, আমরা আশা করেছিলাম তাদের তরফ থেকে অন্ততঃ দুই একজন এই বিষয়ে কথাবার্তা বলবেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা, অত্যন্ত লজ্জার কথা, অত্যন্ত ঘৃণার কথা গণতন্ত্রের যে ন্যূনতম জায়গা সেই জায়গাটাও এরা ভুলে গিয়েছেন। এতগুলি এম, এল, এ এবং এম, এল, সি-কে গ্রেপ্তার করে রাখা হলো আর এরা স্থানুর মত বসে আছেন সে সম্পর্কে কৈফিয়ত দেবার কোন প্রয়োজন এরা বোধ করছেন না এই যে এ্যাটিচুড মন্ত্রীসভার সেই এ্যাটিচুডের বিরুদ্ধে আমরা আমাদের প্রতিবাদ জানিয়ে আমরা সকলে এই হাউস থেকে চলে যাচ্ছি।

[At this stage the Opposition members walked out.]

Calling Attention

[2-40—2-50 p.m.]

Mr. Speaker: I have received 6 Notices of Calling Attention on the following subjects:—

(1) Hunger-strike claiming continuance of 2 years' degree course—by Shri Haridas Chakravarty;

(2) Disappearance of a new-born child from Eden Hospital—by Shri Haridas Chakravarty;

(3) Exchange of fires between Indian Border Police and Pakistani border forces in the district of Nadia—by Shri Gour Chandra Kundu;

(4) Hunger-strike claiming continuance of 2 years' degree course—by Shri Gour Chandra Kundu;

(5) Short supply of Rice and Wheat in the Durgapur Industrial area—by Shri Aswini Roy; and

(6) Scarcity of water in Central and North Calcutta—by Shri Aswini Roy and Sm. Ila Mitra.

I have selected the notice of Shri Haridas Chakravarty on the subject of disappearance of a new born child from Eden Hospital. The Hon'ble Minister-in-charge may please make a statement or give a date.

Shrimati Purabi Mukhopadhyay: Mr. Speaker, Sir, this case is under the investigation of the police. I do not know whether I am in a position to make a statement because my position will be quite embarrassing in that case.

Message

Secretary (Shri P. Roy): Sir, the following Message has been received from the West Bengal Legislative Council, namely—

"The West Bengal Legislative Council at its meeting held on the 9th November, 1965, agreed to the Bengal Municipal (Amendment) Bill, 1965, without any amendment.

PRATAP GUHA RAY,
Chairman,
West Bengal Legislative Council."

Calcutta:
The 10th November, 1965.

Sir, I beg to lay the Message on the Table.

Half-an-hour Discussion.

Mr. Speaker: Now, half-an-hour discussion. Shri Somnath Lahiri will please make a short statement.

Shri Jagannath Kolay:

স্যার, আমাদের লোকসভার অধিবেশন বসে ১১টা থেকে ৫টা অবধি এবং সেখানে হাপ এন আওয়ার কোশ্চেন ডিসকাশন হয় সিডিউল্ড টাইমের পরে। আমার মনে হয় এখানেও সেই-রকম না দিলে আমাদের প্রতি অবিচার করা হবে। সেজন্য আমি অনুরোধ করছি যে আমাদেরও সেই সিডিউল্ড টাইমের পরে দেওয়া হউক।

Mr. Speaker:

হাফ এন আওয়ার ডিসকাশন হবে সিডিউল্ড আওয়ারের পরে, এই তো বলছেন?

কিন্তু আমাদের হাউসে সিডিউল্ড টাইমের মধ্যে হাফ এ্যান আওয়ার ডিসকাশন হয়েছে এবং inclusion in the regular day's business, হয়েছে।

Shri Jagannath Kolay:

আপনি আমাকে একটা উদাহরণ দেখান যে এমন হয়েছে। আমি এখানে অনেক দিন আছি, একটা নজীরও আমার মনে পড়ছে না। হাপ এ্যান আওয়ার ডিসকাশন-এর জন্য যে এই রকম রুল আছে আমার অন্ততঃ তা মনে পড়ছে না।

Mr. Speaker:

ফার্স্ট অব অল লোক সভার কথা ছেড়ে দিন, আমাদের যা রুলস্ আছে সেইভাবেই দেবো। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের এখানে যে রুলস্ আছে তাতে কোথায়ও স্পেসিফিক্যালি, ইভন ডাইরেক্টলি অর ইনডাইরেক্টলি বলা নেই যে সিডিউল্ড আওয়ার্সের পরে হবে। আপনি দয়া করে রুলস্টা দেখুন।

(হট্টগোল)

Shri Jagannath Kolay:

স্যার, আমার কথাটা একটু শুনুন। লোকসভায় যে রুলস্ আছে আমাদের এখানেও প্রায় ঠিক সেই রকমই রুলস্ তৈরী হয়েছে। কিন্তু লোকসভাতে যেটা হয় এবং আমাদের এখানে বরাবর যেটা হয়েছে সেটাই আপনাকে দিতে হবে। এখানে যা হয়েছে, আমরা যা করেছি তা হচ্ছে আফটার দি সিডিউল্ড আওয়ার্স।

Mr. Speaker:

মিঃ কোলে, প্রথম কথা আমি বলছি আমাদের হাউসে হাপ এ্যান আওয়ার ডিসকাশন উইদিন দি সিডিউল্ড টাইম হয়েছে।

Shri Jagannath Kolay:

স্যার, আপনি প্রসিডিংস দেখুন এই রকম জিনিষ হয়নি।

(Noise and interruptions)

Half-an-hour discussion done during the scheduled hours

Mr. Speaker: First of all, I have said that it has been done. It may be that I will find myself to be wrong tomorrow but I will try to give you the precedents. Half-an-hour's discussion within the scheduled time has been done in this House. It may be that this information that I am giving you is wrong. Leaving that apart, the rules nowhere provide—though these rules are based on the rules of the Lok Sabha—but these are our rules and not of the Lok Sabha—that this discussion should be done after the scheduled hours.

[Pause]

Now, Mr. Kolay, I may be short in my memory, but I find (from the records) that on the 5th of March, 1965, there was a half-an-hour discussion. Now, I think you will withdraw your challenge and you should regret for it.

Shri Jagannath Kolay:

এটা যখন হয়েছিল তখন আমি অবজেকশন করেছিলাম যে এটা হয় না।

Mr. Speaker: Mr. Kolay, let me draw your attention to the fact that it has been done—half-an-hour discussion under rule 58.

Shri Jagannath Kolay:

যদি হয়ে থাকে ১৯৬৫-এ তাহলে এটা উনি করেছেন।

Mr. Speaker:

উনি করলেন, না আমি করবো,
No one else can do it in this House.

Shri Jagannath Kolay:

এটা যদি করেন তাহলে একটা ব্যাড প্রিসিডেন্ট হয়ে যাবে হাউসে।

Mr. Speaker: Let it not be worse. Let that bad precedent be repeated once again. After all, this challenge should not have come from the Ministerial Bench. I will see also what had been done in the past fifteen years. (Pause)

Now, I again find that on the 3rd September, 1963, half-an-hour discussion under rule 58 on starred question No. *325 was done, and if you turn over the pages of these proceedings, you will find that it was done during the scheduled hours.

Shri Jagannath Kolay: No.

[2-50—3 p.m.]

Mr. Speaker: How can you say 'no', Mr. Kolay? You cannot say 'no' when I have shown this to you from my records.

Now, Shri Somnath Lahiri.

Shri Somnath Lahiri:

মিঃ স্পীকার, স্যার, এই যে হাফ এ্যান আওয়ার ডিসকাশন এটা হয়েছে এইজন্য যে ৮ই নভেম্বর তারিখে ষ্টার কোশ্চেন নং ৬৩, এ্যাডমিটেড কোশ্চেন নং ৬১৮, ট্রাম ভাড়া বৃদ্ধি কেন গভর্নমেন্ট মঞ্জুর করলেন সে সম্পর্কে জবাব দিতে গিয়ে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, প্রথমে তিনি বললেন যে কোম্পানীর কর্মচারীদের মাগ্গীভাতা বৃদ্ধি হেতু ও বৈদ্যুতিক শক্তির দাম বৃদ্ধি হেতু ট্রাম কোম্পানীর বার্ষিক অতিরিক্ত খরচের পরিমাণ দাঁড়ায় ২০॥ লক্ষ টাকা। তারপর যখন সাপ্লিমেন্টারি কোশ্চেন করা হয় তার জবাবে তিনি পরিষ্কার করে বলেন যখন আমি বলি যে এর আগের বছর ট্রাম কোম্পানীর সঙ্গে ওয়ার্কারদের যখন চুক্তি হয়েছিল তখন নির্ধারিত হয়েছিল পরের বছর তারা কি পাবে এবং সেই ভিত্তিতে ভাড়া বাড়ান হয়েছিল, তখন মন্ত্রী মহাশয় তাঁর জবাবে বললেন যে ১৯৬৫ সালে যে ১২ লক্ষ টাকা দেওয়া হয়েছে মাগ্গীভাতা এই ১২ লক্ষ টাকা বিগত চুক্তির অতিরিক্ত এবং ৪ মাস ধরে এই অতিরিক্ত টাকা শ্রমিক সংস্থা গ্রহণ করেছে। এ পূর্ব চুক্তি ছাড়া দিতে বাধ্য কারণ ইউনিয়ন প্লেট করেছে এবং পূর্ব বর্ধিত ভাড়ার সঙ্গে এর কোন সম্পর্ক নেই। এই জবাব মন্ত্রী মহাশয় দিয়েছিলেন। সেইজন্য আমার মনে একটু কনফিউশন হয়েছিল কারণ প্রকৃত তথ্য পরিবেশন করা হয়নি। কারণ গত বছর ট্রাম কোম্পানীর সংগে ট্রাম শ্রমিকদের গভর্ণমেন্টের মধ্যস্ততায় যে ত্রিপাক্ষিক চুক্তি হয়েছিল ৪ঠা এপ্রিল ১৯৬৪, যা এফেক্ট দেওয়া হয়েছিল ২৯এ এপ্রিল, ১৯৬৪, তার দু' একটা ক্লজ মাননীয় মন্ত্রিমহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি। ক্লজ নং ৩ আমি কোট করছি ফ্রম দি এগ্রিমেন্ট—

The increase in dearness allowance for all workers drawing a house allowance at the rate of Rs. 450 p.m. will be Rs. 11.75. For all other categories including ministerial staff it will be Rs. 21.75

এটা হল ৩নং ধারা তারপর-এ চুক্তির ৮নং ধারায় বলা হচ্ছে

During the period of agreement dearness allowance shall remain automatically linked with the cost of living index. At the end of each year as soon as the average cost of living index for the previous 12 months is known, dearness allowance shall automatically be adjusted to take account of any increase or decrease and the dearness allowance payable for the following year shall be based on such increase or decrease provided that should the cost of living index in any one year rise or fall by 40 points or more, then the working of this clause will be subject to review cost of living index.

অর্থাৎ তিন বছরের চুক্তি এটা। সেই চুক্তিতে ১৯৬৪ সালের ৪ঠা এপ্রিল ট্রাম শ্রমিকদের সঙ্গে ট্রাম মালিকদের গভর্নমেন্টের মধ্যস্ততায় যে ত্রিপাক্ষিক চুক্তি হয় তাতে একথা তখন স্বীকৃত হয়েছিল যে এখন তাদের ২১ টাকা এবং ১১ টাকা মাগ্গীভাতা বাড়লো এবং পরে বছরের পর বছর তিন বছর ধরে যে হারে কষ্ট অব লিভিং ইনডেক্স বাড়বে সেই হারে তাদের মাগ্গীভাতা বাড়তে থাকবে বা কমতে থাকবে। শুধু প্রভিশন ছিল যদি একবার এক বছর ৪০ পয়েন্টের উপরে উঠে যায় তাহলে জিনিষটা আবার পুনর্বিবেচনা করা হবে। সুতরাং মন্ত্রীমহাশয় যে খবর আমাদের দিলেন যে ইউনিয়ন প্লেট করেছিল এবং তাদের সেই চুক্তির উপরে অতিরিক্ত মাগ্গীভাতা দিতে হয়েছিল সেটা সত্য নয়। কারণ ১৯৬৪ সালে এই চুক্তি হবার পর ১৯৬৫ সালে কষ্ট অব লিভিং ইনডেক্স আমার যতদূর মনে পড়ে ২৫ কি ২৬ পয়েন্ট বেড়েছে। এই চুক্তির ৮ ধারা অনুযায়ী এতে লেখা আছে যে অটমেটিক্যালি তাদের কিছু বেশী মাগ্গীভাতা পাওনা হল এবং তারা সেটা পেল। কাজেই কোন প্লেটের প্রশ্ন উঠে না। সেই চুক্তি অনুসারে—কষ্ট অব লিভিং ইনডেক্স অনুসারে তাদের যা পাওনা ১৯৬৫ সালের মে মাস থেকে তারা তা পেতে আরম্ভ করলো। এই হোল এক নং পয়েন্ট। দ্বিতীয় নং হচ্ছে মন্ত্রীমহাশয় তার জবাবে বলেছেন যে কোন সর্ত নেই। আর একটা প্রশ্ন করা হয়েছিল এই কোম্পানীকে ভাড়া বৃদ্ধির ব্যাপারে ১৯৬৫ সালে গভর্নমেন্ট যে অনুমতি দিলেন সেই অনুমতি দেবার সময় যেসব শর্ত হয়েছিল তা কি কোম্পানী পালন করেছে? তার জবাবে আপনি বলেছেন যে কোন শর্ত ছিল না। কিন্তু আমাদের স্মরণ আছে যে ঐ সময় যখন ভাড়া বৃদ্ধির নেগোসিয়েসন চলছিল এবং কোম্পানী ঘোষণা জারী করলো যে অমুক তারিখ থেকে ভাড়া বৃদ্ধি করা হবে তখন সরকারের তরফ

থেকে নানাভাবে বিজ্ঞপ্তি এবং বিজ্ঞাপন দিয়ে জানানো হয়েছিল যে এই ভাড়া বৃদ্ধি থেকে যা আমদানি হবে তার খানিকটা যাবে শ্রমিকদের বাড়তি মাগ্গীভাতা দিতে, খানিকটা যাবে রিপেয়ার ইত্যাদি করতে, এবং বাকী যা থাকবে তা স্পেশ্যাল রিজার্ভ ফাণ্ডে জমা থাকবে। একথা মন্ত্রী মহাশয় এবং তাঁর দপ্তর বারে বারে ঘোষণা করেছেন। আমার যতদূর মনে পড়ে খবরের কাগজে বিজ্ঞাপনও দেওয়া হয়েছে। বিজ্ঞাপনটা পুরানো বলে আমি জোগাড় করতে পারি নি—সময় হলে জোগাড় করে দিতাম। এখন প্রশ্ন হোল যে যদি এ কথা হয়ে থাকে তাহলে শর্ত ছিল যে যা বেশী হবে সেই বেশীটা প্রথমত শ্রমিকদের মাইনের জন্য যাবে দ্বিতীয়ত রিপেয়ার ইত্যাদি করতে যাবে এবং তৃতীয়ত রিজার্ভ ফাণ্ডে যাবে। সুতরাং মন্ত্রী মহাশয় যে তথ্য দিয়েছেন যে কোন শর্ত ছিল না সেই জবাবটা নট একর্ডিং টু ফ্যাক্টস। তাদের নিজেদের বিজ্ঞপ্তি অনুসারে। এখন আমার বক্তব্য হচ্ছে মন্ত্রী মহাশয় এটা লক্ষ্য করবেন তিনি প্রথম যে উত্তর দিয়েছেন সেই উত্তরটা অসত্য। কারণ শ্রমিকদের সঙ্গে ১৯৬৪ সালে যে চুক্তি হয়েছে সেই চুক্তিমত মাগ্গীভাতা ১৯৬৫ সালে পাচ্ছে অতএব এ প্রশ্ন উঠে না। ১৯৬৪ সালে কোম্পানী যখন চুক্তি করে শ্রমিকদের সংগে যে আমরা এ বছর এতো দেবো এবং সামনের বছর কষ্ট অব লিভিং ইনডেক্স অনুযায়ী বাড়ালে এই হিসাবে দেবো তারপরে কোম্পানীর ভাড়াবাড়ানোর দাবী সরকার গ্রহণ করলেন। তার থেকে এই কথা ধরে নেওয়া উচিত যে কোম্পানী ঐ চুক্তির দ্বারা সেই বছর এবং তার পরবর্তী বছরে যে খরচের সম্মুখীন হবে ১৯৬৪ সালে ভাড়া বাড়ানোর যে প্রস্তাব করেছিল এবং যে প্রস্তাব গভর্ণমেণ্ট মেনে নিলেন তার দ্বারা তা অলরেডি কভার্ড। কোম্পানীর ভাড়া বাড়ানোর জন্য যে যুক্তিকে তাদের অন্যতম যুক্তি হিসাবে দেখিয়েছিল ১৯৬৪ সালের ভাড়া বাড়ানোর পরে যদি সেই চুক্তি পালন না করতে পারে তাহলে তার জন্য না পশ্চিমবাংলার জনসাধারণ না কলকাতার যাত্রী সাধারণ না পশ্চিমবঙ্গ সরকার কেউই দায়ী হতে পারে না। সেখানে কোম্পানী হিসাবের আন্দাজের অক্ষমতা তাদের পরিচালনার অযোগ্যতা এবং সম্ভবত তাদের ভিতরকার চুরি-ঘোচ্চুরিই হচ্ছে দায়ী। সরকার এই মনোভাবকে প্রশ্রয় দিয়েছেন বলে মনে হয়। সরকার এই সমস্ত চুরি-ঘোচ্চুরি সম্পর্কে চোখ বুজে থাকেন। তারা এই যে অপদার্থভাবে গাড়ী চালায়—রিপেয়ারের কোন ব্যবস্থা করে না সেই সমস্ত সম্বন্ধে ওখানে সরকারের দু-চারজন পরামর্শদাতা আছেন বটে কিন্তু তাঁরা যে পরামর্শ দেন তার বিশেষ কোন মূল্য নাই। তাঁরা যা বলার বলে চলে আসেন। বিশেষ করে একজন পুলিশ কমিশনার তিনি ট্রাফিকের ব্যাপার নিয়ে চিন্তিত। আর একজন আছেন মিটিংএ গেলে টাকা পাওয়া যায় এবং সেই জন্যই যান। এবং অসাধু বাংলায় যাকে বলে ঘোঁড়ার ডিম তাই করেন। সুতরাং এখানে যে জবাব মন্ত্রী মহাশয় দিলেন সেই জবাব মারফৎ তিনি প্রকৃত সত্যটাকে গোপন করবার চেষ্টা করেছেন। এবং কোম্পানীকে সাফাই দেবার চেষ্টা করেছেন। এবং সবচেয়ে বড় অপরাধ করেছেন যত কিছু অন্যায় দোষ এবং অপবাদ সবই চালিয়েছেন শ্রমিকদের ঘাড়ে যে শ্রমিকরা এরজন্য বিন্দুমাত্র দায়ী নয়। তিনি সম্পূর্ণ অসত্য কথা বলেছেন তাঁর জবাবে যে শ্রমিকরা প্লেট করে কিন্তু ১৯৬৪ সালে কোন প্লেটের প্রশ্ন ছিল না। কারণ দে ওয়ার অলরেডি কভার্ড। যদি না দিতেন—তারা আদালতে গিয়ে কান ধরে আদায় করতে পারতেন। সুতরাং তাদের চিন্তার বিষয় ছিল না কারণ কোম্পানীর লোকসান হলেও দিতে হবে আর লাভ হলেও দিতে হবে এই হচ্ছে আইন। এদিক ওদিক করবার উপায় ছিল না। নরম্যাল কোর্সেই সমস্ত হয়েছে দ্বিতীয় কথা মন্ত্রিমহাশয় ঐ সমস্ত বিজ্ঞাপন দেবার পরে যে, কিছু অংশ শ্রমিকদের বাজ্ঞতি ভাতার ব্যাপারে, কিছু অংশ রিপেয়ারের ব্যাপারে, আর কিছু অংশ রিজার্ভ ফাণ্ডের ব্যাপারে দেয়া হবে—এইসব দেবার পরও বলছেন, না কোন শর্ত ছিল না। কিন্তু তাঁরা যা জানিয়েছিলেন that amounts to 'Sarta'.

[3—3-10 p.m.]

যে এই টাকা যা আসবে সেই টাকা থেকে এই এই খরচ করা হবে। আজকে যখন বলছেন শর্ত নেই তাহলে কি আমাদের বুঝতে হবে যে ১৯৬৪ সালে প্রায় ৩০ লক্ষ টাকা আদায় করে নেওয়া সত্ত্বেও, ১৯৬৫ সালে প্রায় ৫০ লক্ষ টাকা আদায় করে নেওয়া সত্ত্বেও লাইন রিপেয়ার করা হবে—এই শর্ত তারা মানতে রাজী নয়। তিনি যে জবাব দিয়েছেন তার মানে এই দাঁড়ায়

যে কোন শর্ত নেই—সেই শেয়ালের কুমীর ছানা দেখানোর মত, শেষেরটাকে বার বার দেখানোর মত অবস্থা। ১৯৬৪ সালে ভাড়া তারা বাড়িয়ে নিল, ১৯৬৫ সালের ভাড়া বাড়িয়ে নিল, আবার ১৯৬৬ সালে বলবে যে লাইন মেরামত করতে পারছি না সুতরাং ১৯৬৬ সালে ভাড়া বাড়াতে হবে। কাজেই মন্ত্রিমহাশয়ের বিবৃতি খুবই বিপদজনক—বিশেষ কনর একটা বিলাতী কোম্পানীর পক্ষ হয়ে বলা যারা প্রায় ১০০ বছর ধরে আমাদের দেশের সম্পদকে আমাদের দেশকে শোষণ করেছে সারা কলকাতা সহরে, সেই বিলাতী কোম্পানীর মালিকদের, সেই বিলাতী সাম্রাজ্যবাদীদের কদর্য চেহারা—তারা আমাদের দেশের যে কি পরিমাণ শত্রু তা প্রমাণ হয়ে গেল পাকিস্তানের যুদ্ধের সময়। আমাদের কংগ্রেস পার্টির সেক্রেটারী—ভূতের মুখে রাম নামের মত বলে ফেললেন আমরা মনে করি বিলাতী সাম্রাজ্যবাদীরা আমাদের শত্রু। সেই অবস্থায় আমদের মন্ত্রী মহাশয় কি করলেন—সেই বিলাতী কোম্পানীকে আরও ৩০।৪০।৫০ লক্ষ টাকা পাইয়ে দেবার জন্য একটা মিথ্যা অজুহাত সৃষ্টি করে যে শ্রমিকরা স্ট্রেট করেছে এই বলে তাদের জন্য একটা ব্যবস্থা করে দিলেন এবং আমাদের দেশের মানুষের মাথা সেইভাবে ভাঙ্গবার জন্য পশ্চিমবাংল্যর যত পুলিশ ছিল তা তো তিনি আমদানী করলেনই তার উপর বিহার, উড়িষ্যা থেকে আরও ৭ হাজার পুলিশ এনে কলকাতায় জড় করলেন যেন দেশে একটা কি বিপ্লব হয়ে যাচ্ছে ওঁদের গদি চলে যাচ্ছে বুঝি এইভাবে বিলাতী ট্রাম কোম্পানীর ভাড়া কিছু কিছু লোক যে দেবো না বলছে তারা যাতে ভাড়া না দিয়ে পার না পেতে পারে সেইজন্য ৭ হাজার পুলিশ আমদানি করা হোল কলকাতা সহরের বাইরে থেকে। তার জন্য কত খরচ লেগেছে আমি তা জানি না। আমি একটা প্রশ্ন দিয়েছি আজও উত্তর পাই নি। সেই খরচ আমাদের ঘাড়ের উপর দিয়ে তুলবেন—এইভাবে আমরা খরচ করে পুলিশ পুষে মানুষকে লাঠি মেরে রক্তপাত করে বিনাবিচারে আটক রেখে করলাম কি? না বিলাতী ট্রাম কোম্পানীকে ৩০।৫০ লক্ষ টাকা শেষ পর্যন্ত মুনাফা বাড়াতে সাহায্য করলাম। এই যেখানে মনোভাব সরকারের সেখানে স্বভাবতই আজকে ১৯৬৫ সালের শেষ দিকে তারা প্রশ্নোত্তরে সত্যের অপলাপ করছেন অসত্য কথা বলছেন এবং শ্রমিক শ্রেণীর ঘাড়ে দোষ চাপাবার চেষ্টা করছেন যে শ্রমিকরা স্ট্রেট করেছিল বলে এই কাণ্ড হয়েছিল। কাজেই আমি বলবো যে এটার কারেকসন তাঁর জবাবের মধ্যে আসা দরকার। এলে পর অন্তত পক্ষে আমরা জানতে পারবো যে তারা যে অন্যায় করেছেন দেশের লোকের প্রতি দেশপ্রেমের প্রতি, একটা বিলাতী কোম্পানীর পা চাটা সেই অন্যায় তো থাকবেই কিন্তু অন্ততপক্ষে দেশের লোকের বিরুদ্ধে শ্রমিকদের বিরুদ্ধে একটা ভ্রান্ত ধারণা সৃষ্টি করবার জন্য তারা যে মিথ্যা চেষ্টা করেছেন সেই চেষ্টা অন্ততপক্ষে রুদ্ধ হবে এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nikhil Das:

স্যার, আমার একটা প্রশ্ন ছিল—উনি বলেছেন যে কোন শর্ত ছিল না যেটা সোমনাথবাবু বলেছেন কিন্তু ওঁর সাথে যখন আমরা দেখা করতে গিয়েছিলাম তখন উনি বলেছিলেন.....

Mr. Speaker:

ওঁর রিপ্লাইয়ের পর যদি এ্যাল্যুসিডেসন করতে হয়—আপনি তো আমার পারমিসন নিয়ে রেখেছেন তখন করবেন। ওঁর রিপ্লাইয়ে হয়তো সব কথা পেতে পারেন তা যদি না হয়, তখন আপনার পারমিসন নেওয়া আছে, আপনি, অশ্বিনীবাবু, যদি টাইম থাকে—সার্টেনলি আই উইল এ্যালাউ ইউ। ওনার জবাবে হয়তো সবটা কভার্ড হয়ে যেতে পারে।

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রশ্ন উত্তরের একটা প্রশ্ন নিয়ে তা থেকে সোমনাথবাবু ট্রাম কোম্পানীর আন্দোলন সম্বন্ধে অনেক কথা বলেছেন। বিদেশী কোম্পানীকে যাকি আমরা সাহায্য করছি ইত্যাদি অনেক [illegible] কথাও বলেছেন। এতে ২টা পয়েন্ট ছিল। পুরান এগ্রিমেন্ট ছিল সেই পুরান এগ্রিমেন্ট সম্বন্ধে কিছু বলা উচিত ছিল। আমি এই এগ্রিমেন্টটা এখানে পড়ে দিচ্ছি এই ৮ দফা এগ্রিমেন্ট

"(1) Increased Dearness Allowance; (2) Increase in the rate of contribution to Provident Fund; (3) Revision of gratuity rules; (4) Merger of

25 per cent. Dearness Allowance with the basic pay; (5) Merger of 7½ per cent. increased emoluments since 1959 as basic pay; (6) Automatic linking of Dearness Allowance with the cost of living index; and if necessary, subsequent increase; (7) Increase of some grades and scales of pay in conjunction with the Union; and (8) Removal of certain anomalies to increased higher grade posts;"

এর মধ্যে ২টা দফার কথা বলেছেন আর বাকী ছটা দফার কথা বললন নি। প্রথম এগ্রিমেন্ট-এ ভাড়া বৃদ্ধির সম্বন্ধে কিছু নেই। এদের মধ্যে ত্রিপাক্ষিক চুক্তি হয়। তারপর চুক্তির আর ছয়টি ধারা রিভিসান অফ গ্র্যাচুইটি রুলস ইত্যাদির আরও যে ছয়টী ধারা আছে সেগুলির সম্বন্ধে কিছুই বলেন নি। সুতরাং দেখছি ইউনিয়ন-এর তরফ থেকে সরকারের সঙ্গে যে চুক্তি হয়েছিল, ইউনিয়ন-এর কর্মচারীদের ৮ দফা কল্যান ছাড়া কোনরকম প্রশ্ন তাদের ত্রিপাক্ষিক চুক্তির মধ্যে ছিল না। কিন্তু সরকারকে এই চুক্তির প্রতিটি শর্ত কার্যকরী করবার জন্য এক পয়সা ভাড়া বৃদ্ধির অনুমোদন দিতে হয়েছিল, কারণ এই ৮ দফার চুক্তি যেটা ওদের হিসাব মত খরচ হয় ২৩ লক্ষ টাকা, শুধু ট্রাম কর্মচারীদের কল্যানের জন্য। এক পয়সা ভাড়া বৃদ্ধির কথা যেটা সেটা ওরা সকলেই জানেন তাতে ঐ ২৩ লক্ষ টাকা হয়নি, দু লক্ষ টাকা আগের ঘাটতি ছিল, একুশ লক্ষ টাকা হল কিন্তু সেটারও একটা শর্ত ছিল

Automatic linking of the Dearness Allowance with the cost of living index point.

তার মানে প্রতি বৎসর যদি কস্ট অব লিভিং ইনডেক্স বাড়ে বা কমে যেটা কমে যেতে পারে—কিন্তু সেটা কমে যেতেও পারে তবে সেটা বৃদ্ধি হলে এটা দিতে হবে। সুতরাং তখন দেখা গেল যে ১৯৬৫ সালে কস্ট অব লিভিং ইনডেক্স বেড়ে গেছে, ৮ পয়েন্ট বেড়ে গেছে অল ইন্ডিয়ার ফিগার এবং বেঙ্গল চেম্বার অফ কমার্স ইত্যাদি অনুসারে সকল দল, ট্রেড ইউনিয়ন এবং সরকার এটা দিতে বাধ্য।

[3-10—3-20 p.m.]

সেই হিসাবে দেখা গেল যেটা ২১ লক্ষ টাকা ছিল ওদের চুক্তিতে ১৯৬৪ সালে যেটা ছিল সেটা কর্পোরেশনের স্বার্থে ঐ এগ্রিমেন্ট অনুসারে অটোমেটিক লিভিং ইনডেক্স ১৯৬৫ সালে ১৩ লক্ষ টাকা যেটা বৃদ্ধি হয়। সুতরাং এই ১৩ লক্ষ টাকা বৃদ্ধি এবং আর একটা বৃদ্ধি হল ইলেকট্রিসিটি ডিউটি বেড়ে যাওয়ার জন্য সেটা হল সাড়ে ছয় লক্ষ টাকা। এই সাড়ে একুশ লক্ষ টাকা আর গত বৎসরের ২ লক্ষ টাকা ঘাটতি এই মিলিয়ে ওদের হিসাবে ২৩ লক্ষ টাকা। প্রতিটি পাই পয়সা হিসাব করে সরকার দীর্ঘ আলোচনা করে তবে রাজী হয়েছেন। সুতরাং ঐ বিলাতী ট্রাম কোম্পানীর যা প্রার্থনা ছিল তা দীর্ঘ ছয় মাস আলোচনা করেও তা গ্রহণ করা হয়নি, অগ্রাহ্য করা হয়েছে যদিও তাদের কমিটি প্রিসাইডেড ওভার বাই এক্স-চিফ জাস্টিস দু পয়সা ভাড়া বৃদ্ধির রেকমেন্ড করেছিল কিন্তু সরকার তাতে রাজী হন নি। সরকার কর্পোরেশনের যতটা প্রয়োজন তাদের দাবী যতটুকু সেই স্বত্ব অনুসারে সেইটুকুই কেবল রাজী হয়েছেন। সেই তিনটা অঙ্ক মোট ১৩ লক্ষ টাকা কস্ট অফ লিভিং ইনডেক্স যেটা ১৯৬৫ সালের এপ্রিল থেকে বৃদ্ধি হয়েছে আর সাড়ে ছয় লক্ষ টাকা ইলেকট্রিসিটি ডিউটি যেটা বেড়েছে ও আগেকার দু লক্ষ টাকার ঘাটতি এই নিয়ে প্রায় নমাট ২৩ লক্ষ টাকা এছাড়া এক পয়সাও বৃদ্ধি করা হয়নি। তারা চেয়েছিলেন দুপয়সা বৃদ্ধি। এই প্রসঙ্গে তাদের একটা প্রস্তাব ছিল যে সমস্ত লাইনে সেকেন্ড ক্লাসকে ফার্স্ট ক্লাসে কনভার্ট করা এবং একরকম ভাড়া করা সেটাতেও আমরা রাজী হইনি। আমরা বলেছিলাম যেটা সেই ১৭ দফার ক্লজ-এর যে এগ্রিমেন্ট হয়েছিল তার কথা। আমি এই সুযোগে সমস্ত হাউসের কাছে এইটা পড়ে দিতে চাই, তারা যখন এই কথা বলেছিলেন তখন আমরা এই কথা বলেছিলাম এতে যাত্রীদের অসুবিধা হবে যতদিন সেকেন্ড ক্লাসের গাড়ীগুলো ফার্স্ট ক্লাসের মত সুযোগ সুবিধা দিতে না পাচ্ছো ততদিন আমরা ভাড়া বৃদ্ধিতে অনুমতি দেব না। এই কানেকসনে আমরা রেসানাইলেজেসান আমরা

সেটা পুনর্বিন্যাসের যেটা আমরা আগের বছর ষ্টেট ট্রান্সপোর্টে করেছি এবং মূলত যাতে যাত্রীদের সুবিধা হচ্ছে তাদের কাছে ১৮ রকম ষ্টেজের ভাড়া যেটা ছিল সেটা উঠিয়ে দিয়ে ওয়ান ষ্টেজ ফেয়ার যেটা সারা পৃথিবীতে আছে সেই ওয়ান ষ্টেজ ফেয়ারের পুনর্বিন্যাসের নীতিতে তাদের সব ষ্টেজের ভাড়া কমে গেল কিন্তু যখন পুনর্বিন্যাসে দেখা গেল যে বেশীর ভাগ দরিদ্র জনসাধারণ নীচের ক্লাসে তাদের তিন পয়সা ভাড়া বেড়েছে কোথাও দু পয়সা ভাড়া বেড়েছে তখন আমরা সেটায় রাজী হইনি। কম যাত্রীদের মাত্র এক পয়সা প্রস্তাবে আমরা রাজী হয়েছিলাম। তাদের তিন পয়সা বা দু পয়সায় প্রস্তাবে রাজী হইনি। আমরা রাজী হয়েছিলাম কেবল সেই এক পয়সার প্রস্তাবে এবং দু বৎসরের মধ্যে তাদের কলকাতায় সমস্ত সেকেন্ড ক্লাসকে ফার্স্ট ক্লাসের এ্যামেনিটিসে পরিণত করতে হবে এবং তা হলে পরেই তখন আমরা ওয়ান ষ্টেজ ফেয়ারে অর্থাৎ দশ পয়সায় সমস্ত স্তরে ফার্স্ট ক্লাসের মতন এক রকম যেটা হবে সেই ক্লারিফিকেসনে রাজী হব কি না ভাড়া বাড়াতে হবে কিনা সেটা বিবেচনা করবো। এই সঙ্গে আমি সেই যে সর্তটি ছিল সেই সর্তটি পড়ে দিতে চাই। মূল যে এগ্রিমেন্ট ১৭ দফা সেটার কি ছিল সেটা আমি যদিও এটা দীর্ঘ তবুও আমি এটা পড়ে দিতে চাই তার কারণ হচ্ছে এই এগ্রিমেন্টটি পড়লে বুঝতে পারা যাবে যে আমরা বিলাতী কোম্পানীকে সাহায্য করছি কি না? স্যার আপনার অনুমতি নিয়ে আমি এই এগ্রিমেন্টটি পড়ে দিচ্ছি।

Shrimati Ila Mittra:

স্যার, এটা কি সার্কুলেট হবে?

Shri Saila Kumar Mukherjee: I can as well circulate it if there is no objection.

Mr. Speaker: You can circulate it.

Shri Saila Kumar Mukherjee: All right, Sir, I will circulate it. I also think it is a golden opportunity for me to announce one thing here and now. Allegations have been made here as also in the press and platform that the Government is helping a foreign company to add to their coffer. This allegation, I can categorically say, is baseless. I can today state that Government has already taken steps, after consulting the highest legal authority, to nationalise the Tramway Company as early as possible, and our lawyers are examining whether we can get to an agreement. This is the Government attitude. Whatever motive the Opposition may impute, this is the Government attitude. Inspite of my saying that I will read it you have stopped me. I have already said that I will circulate it.

Shri Nikhil Das:

মাননীয় স্পীকার মহাশয়, আমার প্রশ্ন ছিল কোন সর্ত ছিল কি না। উনি উত্তর দিয়েছিলেন না। আর আজকে তিনি বলছেন সতের না, আঠারোটি সর্ত আছে।

Shri Saila Kumar Mukherjee:

না, আমি তা বলি নাই।

Shri Nikhil Das:

আপনি বলেছিলেন কোন সর্ত নাই। আর আজকে বলছেন সর্ত আছে। একটা অসত্য কথা বলেছেন।

দু নম্বর কথা আমি বলছি আর একটা প্রশ্ন ছিল সরকারের জাতীয়করণ করার কোন পরিকল্পনা আছে কি না? উনি তার উত্তর দিয়েছিলেন না। আর আজকে বলছেন সে পরিকল্পনা আছে।

উনি বললেন যে ভাড়া বাড়ানো শ্রমিকদের মাইনের জন্য। উনি আমাদের সামনে বলেছিলেন তিনটি কনসিডারেসান-এর জন্য, পুরানো গাড়ী বিক্রী করা হবে, স্পেশ্যাল ফাণ্ডে টাকা যাবে, সেই ফাণ্ডে গিয়ে টাকা জমবে ভাড়া বাড়াবার ফলে, যার ফলে যখন সরকার কোম্পানীটি জাতীয়করণ করবেন, তখন কম টাকা লাগবে। আজকে বলছেন অন্য কথা; আপনি অসত্য উক্তি করছেন।

Shri Somnath Lahiri:

স্যার, উনি বললেন যে এই ট্রাম-ওয়েজ কোম্পানী ন্যাসানালাইজেসান সম্পর্কে উচ্চ পর্যায়ের বিশেষজ্ঞদের সঙ্গে ও আইনজ্ঞদের সঙ্গে পরামর্শ করছেন। সেই সম্পর্কে ওঁকে জিজ্ঞাসা করছি ক্যালকাটা ট্রাম ওয়েজ এক্ট অনুসারে ট্রাম কোম্পানীকে যদি জাতীয়করণ করতে হয়, তাহলে ১ কোটী ১০ লক্ষ টাকা সেটা ইনভেস্টেড ক্যাপিটাল, তার শেয়ার ভ্যালু বর্তমানে ৮ শিলিং থেকে ১০ শিলিং, সেই ইনভেস্টেড ক্যাপিটাল যদি এখন বাজারে বিক্রী করতে যাই, তাহলে ৫০ লক্ষ টাকার বেশী পাব না। সেই কোম্পানীকে এখন যদি তার এক্ট অনুসারে নিতে যান, তাহলে ৫ কোটী টাকা পাউণ্ড ষ্টার্লিং-এ দিতে হবে। এক্সচেঞ্জ টু দি ক্যালকাটা ট্রাম ওয়েজ কোটা রাখি ১৩ কিসাবে দেয়া যায়, ৫ কোটি টাকায় পাউণ্ড ষ্টার্লিং এ বিলেতী কোম্পানীকে দিলে আমরা ট্রাম ওয়েজ কোম্পানী এক্ট অনুসারে যে কোম্পানীর বাজার দরে ৫০ লক্ষ টাকা খরচ করলে আপনারা কিনে নিতে পারেন, সেই কোম্পানীকে ৫ কোটি টাকা গেসারৎ দিতে হবে। যদি আপনারা এখন জাতীয়করণ করতে যান। আপনারা কি ন্যাসানালাইজেসন সম্বন্ধে চিন্তা করছেন? মনে হয় ক্যালকাটা ট্রাম ওয়েজ এক্ট অনুসারে চিন্তা করছেন না, অন্য যে উপায় আছে তার কথা ভাবছেন।

[3-20—3-45 p.m.]

যদি আপনারা কোম্পানী মেনেজমেণ্ট টেক ওভার করবার ক্ষমতা যা আছে বলসটিটিউশনালী আছে ডি, আই, আর-এ যে আছে সেই অনুসারে গ্রহণ করেন তাহলে আপনাকে ৫ কোটি পাউণ্ড ষ্টার্লিং প্রায় ৫ কোটি টাকার সমান আপনাকে বর্তমানে খরচ করতে হবেনা। সুতরাং বর্তমানে ফরেন এক্সচেঞ্জের যে অবস্থা ইত্যাদি বিবেচনা করে আমার মনে হয় ৫ কোটি টাকার মত ষ্টার্লিং দেওয়া সরকার পক্ষে খুবই অবিবেচনার কাজ হবে। সুতরাং আপনারা যদি আপনাদের মাইনজ লেবার কমিটি বা অন্যান্যদের সঙ্গে আলোচনা করে ডি, আই, আর-এ যে ক্ষমতা আছে সেই অনুসারে গ্রহণ করবার পরামর্শ দেবেন তবে এই পরামর্শ তাদের কাছে আপনারা দেবেন কিনা? এটাই আমার প্রশ্ন।

Shri Saila Kumar Mukherjee: Sir, it is very dangerous and difficult now to discuss the points raised by Shri Somnath Lahiri. I would have been very much pleased if Shri Lahiri, as the leader of the union, had not raised questions about difficulties in getting these foreign investors' money. I would not like to discuss them here but in any way I can assure the House that the whole thing is being considered by our legal adviser, including the question of the repeal of the Tramways Act. Our intention is also to prohibit tram cars under the Traffic Regulations Act in congested areas. If the Act is repealed, the liability for compensation will certainly be decided and acted upon as our highest legal adviser will advise us. I would not like to go into further discussion at this stage.

Shri Somnath Lahiri:

আপনি এর আগে একবার ঘোষণা করেছিলেন যে গোটা ট্রাম কোম্পানী না নিলেও চীৎপুর হাওড়া এই রকম দুই-একটি সেকশান-এ ট্রাম চলাচল বন্ধ করে দিতে পারেন, সেই বিষয়ে সরকার কোন সিদ্ধান্ত গ্রহণ করছেন কি?

Shri Saila Kumar Mukherjee: I have just now said that this includes the prohibition of tram cars in congested areas. I don't know why is he raising all these questions.

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[3-45—3-55 p.m.]

Shri Anadi Das:

স্যার, হাউসে কোরাম নাই।

Mr. Chairman:

না, কোরাম আছে।

GOVERNMENT BILLS

The Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965.

Mr. Chairman: Now there is a convention that those members who have been taken in the Select Committee should not speak anything here. Dr. [illegible] please speak first.

Dr. [illegible] Mohammad [illegible]: Mr. Chairman, Sir, the Bill has not [illegible] the [illegible] of [illegible] that this [illegible] will be [illegible] World [illegible]. If [illegible] so, then I beg to [illegible] when the Select Committee [illegible] or later [illegible] cannot find [illegible].

Sir [illegible] rather [illegible] very [illegible] with its [illegible] ing [illegible]. I [illegible] the [illegible] of the [illegible] and the [illegible] Barrage Project will, I hope, [illegible] city of [illegible]. With this hope I welcome this [illegible] but I do not know whether [illegible] will [illegible]. I doubt, for the past failures of the Government as well as its dubious intention are only too obvious and too well known and have been proved many times. Sir, future apart, who does not know the present disgust [illegible] of affairs of the city of Calcutta? Half an hour's shower floods the streets of low lying areas of the city and its suburbs, all road traffic comes to a standstill, the transport system itself seems to be paralysed, the normal city life is disrupted, sanitation breaks down and epidemics crop up.

Sir, even without rains the insanitary and unhygienic conditions inside the city are appaling. Before independence we were used to a twice-a-day washing of the streets and quick collection and removal of garbage by means of lorries fitted with light, small cranes, which could lift up dustbins nicely and remove the garbage and pass on without squandering about the same all along the road side, as we see today. The lorries which are in use today are too dilapidated for the job. While the monsoon conditions are horrible due to filth, mud, stink and water logging of many areas, etc., the dry season is no better with its suffocating and disease-spreading

dust and smoke nuisance. I wonder if all these conditions will come within the scope of these two Bills taken together.

We do not know if we shall ever get rid of cholera, dysentery, diarrhoea, intestinal worm, typhoid, tuberculosis and such other scourges. Epidemics go on enjoying merry go round. Tuberculosis deaths have shown an increase of double the figures during the last three consecutive weeks as compared to the corresponding weeks of last year. The conclusion is too obvious although unscientific in the opinion of our great, scientist Health Minister. Our Government always, in season and out of season, brage of its success in the control of malaria and mosquito. Well, then, what about filaria and other mosquito borne diseases which are increasing? The truth is that latest researches in medical science resulting in the discovery of very cheap and effective remedies for malaria have done this trick, and not the Government's mosquito control crusade. Why, then, is this disease defying mosquito campaign? In fact, there is no dearth or diminition of mosquitoes anywhere in the city area or anywhere else in the State. Everywhere the mosquitoes are thriving as before. Besides, there is no known method of discriminating between anopheles and culex or stigomya.

We are grateful to the experts of the World Health Organisation for their valuable survey in order to prepare a master plan for improvement of what is called the Calcutta Metropolitan area. The final report is expected, as the Hon'ble Minister said the other day, by March, 1966. United Nations Special Fund had approved of a budget of 3 lakh 24 thousand 100 dollars amounting to about Rs. 14 lakh, for the purpose of this survey in 1962. In January this year another 3 lakh 82 thousand 300 dollars, amounting to over Rs. 15 lakh, has been further approved for extension of the project by another 21 months. The plan of operation for the extension of the Calcutta Water Resources Survey was signed in Delhi on the 29th October, 1965, by representatives of the Union Government, the United Nations Special Fund and the World Health Organisation. The whole picture looks so grandiose and extravagant. I wonder if our own experts and engineers could not have done the job better, quicker and very much cheaper, at the same time saving a good amount of foreign exchange. Considering all this, I hope, Sir, you will pardon our allergy in this respect, if we feel apprehensive as a result of the disastrous consequences of PL480 which we are solely experiencing at our cost today.

Sir, to return to the subject matter of this Bill, the Government is contemplating the formation of a statutory authority comprising a Board of Directors of 3 members appointed by the State Government and a General Council consisting of 13 ex-officio members all of whom will be Government servants or Government nominated, para-Government or semi-Government perrsonnel.

[3-55—4-5 p.m.]

The Authority will also consist of six members nominated by the State Government plus sixteen members representing three municipal corporations and thirty-one municipalities. How can sixteen members represent these thirty-four different bodies? Again, the Cacutta Corporation will be represented by four members and the Howrah Municipality will be represented by two members. That means that only ten members will be representing the remaining thirty-two municipal corporations and municipalities. This is very unfair and undemocratic.

I submit that every municipal body must have its own representative in the General Council and every such municipality must have the right to elect its own representative. These representatives must not be nominated persons. Unless these points are conceded to, there will be no end of complaints, grievances and hindrances by all those units or by any one of the units which feels or which considers itself ignored, aggrieved or unduly taxed.

There is also another important item, viz., taxation which, I hope, will be thrashed out in detail in the Select Committee. The capacity to bear additional taxation and the high rate of taxation must not be treated lightly. Besides, when the question of granting loan is raised great care has to be exercised. Clause 29 of the Bill mentions: (a) grant from Government or any other source, (b) loans from Government or any other source. Now, what will be the "other source" and what will be the terms and conditions under which these grants and loans will be secured? These are serious matters. Sir, again we are reminded of the enslaving shackles of PL-480, of the high rate of interest of imperialistic loans and their political strings and chains, both visible and invisible.

Sir, the Bill provides for indemnity of the authority from any penalisation for its own failures in the performance of its duties and functions in certain circumstances. Does this mean that barring these special conditions of accidents or unavoidable causes or due to necessary repairs, replacements or other works connected with its functioning, the authority can be penalised? If this is so, this should be clearly stated in the Bill.

Then, clause 57(2) says: "If the outfall deteriorates by the decay of existing river channels or otherwise, the State Government may require the Authority to take at its cost such action as may be necessary to ensure a safe and sufficient outfall". Dies it mean that the training of the river course and prevention of the silting up of the river beds will also devolve upon the Metropolitan Authority? This is a big and complicated matter and it needs better and more concrete clarification.

I hope the Select Committee will go into all these details, plug all the loopholes in the Bill and shape the same accordingly in order to make its implementation more useful, after enactment, and in the best interest of the country. Unless all these are properly done with due regard to the peoples' interest, I feel that the luxury of the CMPO plan may prove too costly an experiment for our poor country and its strained economy, circumstanced as we are today flanked by the hostile neighbours on either side, continually gnawing at our economy, bent on crushing it.

With these few words, I support the motion for circulation of the Bill.

Shri Bhakti Bhusan Mandal:

চেয়ারম্যান স্যার, এই বিলের সম্বন্ধে আমি কয়েকটি কথা বলবো। প্রথম হচ্ছে যে শৈলবাবু নানারকম কথা বলেন এবং এখন দেখছি উনি আছেন এখানে—এই যে বিলটা আনা হয়েছে এটাতে বিরাট স্কীম করা হয়েছে। কিন্তু প্রথম কথা হচ্ছে যে এই পরিকল্পনার নাম দিয়ে আমেরিকান মানি ইনফিলট্রেট করার ব্যবস্থা হচ্ছে আমাদের দেশে। শুধু তাই নয়, এই বিলটি দেখলে দেখা যাবে যে যে টাকাটা এই পরিকল্পনাকে রূপায়িত করার জন্য দেওয়া হবে—কিভাবে তা শোধ দেওয়া হবে—ডলারে দেওয়া হবে—তার কি ইনটারেষ্ট থাকবে কোন কিছু এর ভিতর আমরা পাচ্ছি না। তার পর দেখছি যে এই বিলে যেভাবে টাকা খরচ হবে বা যত টাকা খরচ হবে শেষ পর্যন্ত দেখা যাবে যে এই পরিকল্পনাটি কাজে রূপায়িত হয় নি। একটা জিনিস যেভাবে বিলটা আনা হচ্ছে তাতে আমার মনে হচ্ছে যে এই সরকার যদিও মুখে বলেন যে

আমরা ডিসেন্ট্রালাইজ করার চেষ্টা করছি পাওয়ারকে কিন্তু গভর্নমেন্ট যতই ফ্যাসিস্ট হতে চান ততই দেখা যায় তারা পাওয়ার সেন্ট্রালাইজ করার চেষ্টা করেন। তাঁরা গণতন্ত্রের বড় বড় কথা বলেন। কিন্তু এই বিলটি আনার মানে কি—সেটা তাঁর বোঝা উচিত যে এই বিলে কাকে ক্ষমতা দেওয়া হয়েছে। অথরিটি যা বলা হচ্ছে—এই অথরিটি কে? অথরিটি বলা হয়েছে ক্লজ ৪-তে যে বোর্ড অব ডাইরেক্টারস এবং কাউন্সিল। বোর্ড অব ডাইরেক্টারস যাঁরা হবেন যাঁরা এই জিনিসটা পরিচালনা করবেন বা সর্বেসর্বা হবেন এঁরা কে? এখানে তো কিছুই আমরা দেখলাম না—শৈলবাবু বললেন যে সমস্ত ডিগ্রিগায় লোক নিয়ে প্রত্যেকটি মিউনিসিপ্যালিটির রিপ্রেজেন্টেটিভ নিয়ে তিন জন ডাইরেক্টার ইলেক্ট করে করা হবে। কোথায়ও তা পেলাম না—কি করা হবে? না স্টেট গভর্নমেন্ট দ্বারা এ্যাপয়েন্ট করা হবে এবং কি রকমভাবে এ্যাপয়েন্ট হবেন—এমন লোক এ্যাপয়েন্ট হবেন যিনি ঐ গভর্নমেন্টের ধামাধরা লোক হবেন কিন্তু কোটি কোটি টাকা এই লোকের মাধ্যমে খরচ হবে, সেই কোটি কোটি টাকার হদিশ মিলবে না। অথচ সাধারণ মানুষকে বেশী ট্যাক্স দিতে হবে—কলকাতার নয়, মফঃস্বলে যে মিউনিসিপ্যালিটিগুলি আছে এই পরিকল্পনায় তাদের বহু বেশী টাকা দিতে হবে। তাঁরা বোর্ড ডাইরেক্টারস্‌দের উপর কর্তৃত্ব করতে পারবেন না—কর্তৃত্ব করবেন কে? গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গলের যাঁরা মন্ত্রী আছেন তাঁরা।

[4-5—4-15 p.m.]

কাজেই আমি বলতে চাই এই বিলটা অন প্রিন্সিপল অপোজ করা উচিত। কারণ ডিসেন্ট্রালাইজেশন এই কথাটা এর মধ্যে নেই বিশেষ করে গণতান্ত্রিক উপায়ে যদি এই অথরিটি না করা হয় তা হলে আমার মনে হয় এই বিলটা একটা ঘোর দুর্দিন এনে দেবে। শুধু তাই নয় এই বিলে আমি আরও কতকগুলি জিনিষ দেখছি যেগুলি স্টেপ বাই স্টেপ বলার চেষ্টা করব। এই ক্লজ ৫-এ বলা হয়েছে who shall be appointed by the State Government অর্থাৎ বোর্ড অব ডাইরেক্টারস-এর চেয়ারম্যান এ্যাপয়েন্ট করবে গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল এবং প্র্যাকটিক্যালি দেখা যাচ্ছে সমস্ত ক্ষমতা ওদের হাতে থাকবে। তারপর করা হয়েছে জেনারেল কাউন্সিল, এটা একটা ফার্স করা হচ্ছে কিনা বুঝতে পারছি না। এতগুলি টাকা-পয়সা নিয়ে ছেলেখেলা করা হচ্ছে কিনা বুঝতে পারছি না। এক একটি মিউনিসিপ্যালিটি মিলে এক একজন করে রিপ্রেজেন্টেটিভ দেবে। কিন্তু মূল জিনিসটা কি? এখানে স্টেট গভর্নমেন্ট এর সমস্ত লোক দিয়ে মেজরিটি করা হচ্ছে এবং অন্য লোকের কথার মূল্য থাকবে না। কারণ যদি ক্লজ ৭ দেখি তাহলে দেখব সেখানে বলা আছে।

The General Council shall consist of 13 ex-officio members, 6 members nominated by the State Government and 16 members being representatives of the municipal corporations and municipalities.

অর্থাৎ ১৩+৬=১৯ জনই খতম হয়ে যাচ্ছে—তারপর আরও কয়েকজন নেওয়া হবে। এই প্রহসন করে লাভ কি? আমি বলতে চাই যে বডি, জেনারেল বডি—সেখানে সাধারণ লোকের গণতন্ত্র মানে তারা এখানে আসতে পারবে না এবং যারা পোঁ-ধরা লোক তারাই আসতে পারবে। এটা যদি হয় তাহলে বলব যে মূলে যতই খরচ হোক তাহলেও এই বিলে মানুষের ভাল হবে না। ওয়াটার সাপ্লাই করা হবে, ড্রেনেজ করা হবে। সুয়ারেজ করা হবে ইত্যাদি কথা শুনতে ভাল লাগে। বহু পরিকল্পনায় আমরা দেখেছি, কিন্তু আমি বলতে চাই যে এইগুলি যদি স্টাটুটরী বডি করে করা হত এবং সেই স্টাটুটরী বডি-তে কয়েকজন এক্সিকিউটিভ হেড রেখে বোর্ড করা হোত তাহলে হোত। এইরকমভাবে ক্যালকাটা মিউনিসিপ্যাল ডিস্ট্রিক্ট যে জায়গা নিয়ে করা হচ্ছে সেই ভাবে যদি বোর্ড করা হোত তাহলে একটা গণতান্ত্রিক স্টেজ থাকতো। কিন্তু আমরা দেখছি এই রকম গণতান্ত্রিক বডি বা ক্যালকাটা মিউনিসিপ্যাল ডিস্ট্রিক্ট-এ যেসব মিউনিসিপ্যালিটি-কে নেওয়া হবে তাদের কোন কিছু বলবার অধিকার থাকবে না। এটা যেন একটা ডিফারেন্ট ওয়ে-তে করা হচ্ছে। কারণ আমি বলছি এটা কতকগুলি গভর্ণমেন্ট নমিনেশন

নিয়ে করা হবে এবং তারপর আরও কয়েকজনকে জেনারেল বডি-তে নেওয়া হবে সে সম্বন্ধে আমি কয়েকটা কথা বলতে চাই। ক্যালকাটা করপোরেশন-এর ৪ জন রিপ্রেজেন্টেটিভ আসবে। একজন করে লোক পাঠাবে। হুগলী-চুঁচুড়া মিউনিসিপ্যালিটি মিলে একজন করে পাঠাবে তেমনি

Municipal Corporation of Chandernagore, Bansberia, Serampore, Uttarpara, Kotrung municipalities

মিলে একজন করে পাঠাবে। সিডিউল ২-তে বলা আছে যে এগুলি মিলে একটা বডি হবে। কাজেই বলতে চাই যে যাতে কোটি কোটি টাকা খরচ হবে, যেখানে মানুষের সুযোগ সুবিধার ব্যবস্থা করা হচ্ছে সেখানে গণতান্ত্রিক ভিত্তিতে একটা বডি করা হল না। এটাকে ভালভাবে এক্সিকিউশন-এর জন্য স্পেশালিষ্ট রাখা হোক, এক্সপার্ট রাখা হোক, টেকনিসিয়ানস রাখা হোক। কিন্তু আমি বলতে চাই কন্ট্রোলাইজ ফাক্টর লোকাল গণতান্ত্রিক ভিত্তিতে হওয়া উচিৎ ছিল এবং এটা স্টেট গভর্ণমেণ্ট-এর খবরদারীর উপর হওয়া উচিৎ নয় বলে মনে করি। আর একটা কথা বলতে চাই এই যে কোটি কোটি টাকা যদি খরচ হয় তাহলে করপোরেশন, মিউনিসিপ্যালিটিগুলির যে মেন ডিউটি ছিল তাদের সেই মেন ডিউটিগুলো চলে যাচ্ছে। আমরা যেসব নর্মাল এরিয়া-তে দেখেছি যে ডিস্ট্রিক্ট বোর্ডগুলি চলে গেল অমনি তার রাস্তা, জলের ব্যবস্থা ইত্যাদি সব নিয়ে নেওয়া হল, তেমনি করপোরেশন মিউনিসিপ্যালিটি এই গুলিকে করবে। তার এই তিনটাই মেন তিনিষ ছিল। এছাড়া সামান্য আরও কিছু ফাংসান আছে, কিন্তু মেন ফাংসান হচ্ছে সুয়েরেজ, ড্রেনেজ এ্যান্ড ওয়াটার সাপ্লাই। সুতরাং এই যে করপোরেশন বা মিউনিসিপ্যালিটি যেগুলি ইলেকটেড বডি-তে আসছে তাদের ফাংসান কি হবে? আমরা যেমন জেলা পরিষদ, আঞ্চলিক পঞ্চায়েতের ফাংসান দেখেছি, তহশীলদারী করা ওদেরও তেমনি ঐ ফাংসান হবে। অর্থাৎ এরা লোকের কাছ থেকে টাকা তুলবে, ট্যাক্স আদায় করবে এবং তাদের যে রেট সেই অনুযায়ী ওয়াটার, ড্রেনেজ, সিউরেজ-এর জন্য বিল করবে। সেজন্য আমি মনে করি এই ব্যাপারটা আরও চিন্তা করে দেখা উচিৎ ছিল। তারপর আমি আর একটা সেকসন সম্বন্ধে বলব যেখানে ক্লজ ৯০-তে বলছে যে স্টেট গভর্ণমেণ্ট কণ্ট্রোল করবে। আমার বক্তব্য হচ্ছে যে যখন একটা স্ট্যাটুটরী বডি এতটা জায়গা নিয়ে করা হচ্ছে তখন এটা কি করা উচিৎ ছিল? অতএব স্টেট গভর্নমেন্ট-এর এই রকম একটা প্রহসন করে লাভ কি? স্ট্যাটুটরী বডি রিপ্রেজেণ্টেটিভ হওয়া উচিৎ ছিল এবং জেনারেল কাউন্সিল আরও বেশী রিপ্রেজেণ্টেটিভ হওয়া প্রয়োজন বলে মনে করি। কারণ ৪।৫টা মিউনিসিপ্যালিটি মিলে একজন লোক রিপ্রেজেণ্ট করবে তাহলে সে তার মিউনিসিপ্যালিটি-র কথা বলতে পারবে, অন্য মিউনিসিপ্যালিটি-র কথা বলতে পারবে না।

আমার বক্তব্য হচ্ছে জেনারেল কাউন্সিল খুব বেশী বলছে না। যা বিল আসছে তাতে জেনারেল কাউন্সিল আরও বড় করা উচিত এবং নমিনেশন পদ্ধতি যেটা রেখেছেন সেই নমিনেশন উঠিয়ে দেওয়া উচিৎ। গভর্ণমেণ্ট এই নমিনেশন করে প্রহসন যেন না করেন, এক্সপার্ট লোক অন্যভাবে নেওয়া হোক—৩ জন লোককে নমিনেট করা মানে দেখা যাবে নিজেদের লোক ঢুকিয়ে দিচ্ছেন। এর প্রাক্টিক্যাল এক্সপিরিয়েন্স আমরা দেখেছি। সোস্যাল সার্ভিস বন্ডে ৪ জন করে জেলা পরিষদে নেওয়া হয়েছে যারা কোন দিনই সোসাল কাজ করেননি। অর্থাৎ কংগ্রেসের কোন হোমরা চোমরার স্ত্রীকে নমিনেশন নিয়ে মেম্বার করে রাখা হয়েছে। এখানেও সে জিনিষ হবে। কাজেই আমি দেখছি এ ব্যাপারগুলো এ বিলে ভালভাবে দেখা হয়নি। এ বিলটা হাফ-হ্যাপাজার্ডলি আনা হয়েছে এবং তা আনার জন্য আমার মনে হয় খুব একটা সুবিচার করা হয়নি। আর একটা কথা বলছি একটি রিপোর্ট সি. এম. পি. ও. পাবলিশড্ ইন ১৯৬৪ মার্চ তাতে বলা আছে যে ১৯৬৬-তে ফাইনাল রিপোর্ট দেওয়া হবে। এই এক্সপার্ট বডির যে রিপোর্ট দেবার কথা ছিল সেই ফাইনাল রিপোর্ট তারা ১৯৬৬-তে দেবে। সেই ফাইনাল রিপোর্ট পাবার আগে এ বিল আনার কি মানে হয় তা বুঝতে পারছি না। সেজন্য আমি বলছি সে সময় পর্যন্ত অপেক্ষা করা উচিত ছিল। সেই ফাইনাল রিপোর্ট কি দেয় এবং সেই রিপোর্ট ফাইনালাইজেসান না হওয়া পর্যন্ত এ বিল আনা ঠিক হয়নি, সেজন্য এই যে হাফ-হ্যাপাজার্ডলি বিল আনা হয়েছে সেটার বিরোধীতা করছি।

Shri Khagendra Kumar Ray Chaudhury:

মাননীয় চেয়ারম্যান স্যার, ভক্তিবাবু শেষে যে কথা বললেন যে ১৯৬৬ সালে ফাইনাল রিপোর্ট আসবে অথচ তার আগে শৈলবাবু বিল আনলেন কেন? ফাইনাল রিপোর্ট এলে পর সেটাকে কার্য্যকরী করার জন্য সমস্ত দিক বিবেচনা করে যদি বিল আসতো তাহলে ভাল হত। এত তাড়াহুড়া করে আনার কি প্রয়োজন ছিল তা জানিনা। এর এমস্ এন্ড অবজেক্ট একটা জায়গায় রয়েছে

all loans to be raised by the authority will require sanction of the State Government and will be guaranteed by the State Government as to the payment of interest etc. etc.

কিন্তু একটা জিনিষ বুঝতে পারছি না যে এই লোন কার কাছ থেকে নেওয়া হবে, কতদিনে নেওয়া হবে। কত টাকা নেওয়া হবে, কিভাবে শোধ দেওয়া হবে, তার ইন্টারেস্ট কি হবে ইত্যাদি? এসব কথা এই বিলের মধ্যে নেই। আজ কোলকাতা ও বৃহত্তর কোলকাতার যা অবস্থা হয়েছে তার যদি কোন উন্নতির প্রশ্ন আসে, ড্রেইনেজ থেকে আরম্ভ করে জল ব্যবস্থার কোন উন্নতির প্রশ্ন আসে তাহলে আমরা কেউ তার বিরোধিতা করব না কিন্তু এই উন্নতির প্রশ্নে আমাদের মনে কতকগুলি আশঙ্কা আসছে সেগুলি যদি নিরসন করতে পারেন তাহলে ভাল। মোটামুটি বোঝা যাবে এই টাকা আমেরিকার কাছ থেকে নেওয়া হবে।

[4-15—4-25 p.m.]

এবং ধারটা কিভাবে শোধ করবেন তা ওঁরা বলবেন না। এটা তাঁদের কাছ থেকে নেওয়া হবে। এই যে আমেরিকা, ইংল্যান্ড প্রভৃতি দেশ, মিঃ চেয়ারম্যান, আপনি বোধ হয় জানেন ১৯৪৭ সালে আমাদের দেশ স্বাধীন হবার সময় এই ক্যালকাটা কোন ভাগে পড়বে সেই সম্পর্কে গোপন একটা চক্রান্ত ছিল কলকাতাকে ফ্রি সিটি করা যায় কিনা। যারা কলকাতাকে ফ্রি সিটি করবার পক্ষপাতী ছিল, তাদের এই ফ্রি সিটি করবার মধ্য দিয়ে যে মনোভাব ছিল, সেই রকম একটা দেশের উপর আপনারা পূর্ণ নির্ভরশীল হয়ে উঠছেন। টাকা দিতে দিতে কোন সময় যে টাকা দেওয়া বন্ধ করবে, কোন সময় যে তার জন্য কি চাপ তারা দেবে সেটা আপনারা জানেন না। অবশ্য এর উত্তরে আপনারা এক্ষুণি বলবেন আমরা কোন কারোর কাছে নতি স্বীকার করবো না। সে যাহোক তাদের উপর আপনারা পুরা নির্ভরশীল। তারা হচ্ছে এই প্লানের হর্তাকর্তা বিধাতা, তারা এক্সপার্ট এই থেকে স্বাভাবতঃ মনে সন্দেহ আসে এর দ্বারা আমাদের কতটা কী উন্নতি হবে। অবশ্য উন্নতির কোন পরিকল্পনা থাকলে বিরোধিতার কোন প্রশ্ন আসে না। আজকাল কলকাতার যা অবস্থা আপনারা করেছেন, তাতে দেখছি আগে যে মড়ক গ্রামে লাগতো, এখন সেই মড়ক বা এপিডেমিক হচ্ছে এই কলকাতা শহরে। একটু জল হলে কলকাতা ভেসে যায়। সেইজন্য যখন কোন উন্নতির প্রশ্ন আসে, তখন সেই উন্নতির দিকে থেকে দুর্গতি সাধারণ মানুষের দিকে চেয়ে এই বিরোধিতার প্রশ্ন আসে। আমাদের মনে আশংকা এই যে সমস্ত দেশ এই পরিকল্পনার হর্তাকর্তাবিধাতা, যারা কলকাতাকে ফ্রি সিটি করবার জন্য ষড়যন্ত্র করেছিল, তাদের উপর একান্ত নির্ভরশীল হয়ে তাদের এক্সপার্ট নিয়ে এই যে কাজ করা হচ্ছে, এতে স্বভাবতঃই প্রশ্ন উঠে এই প্লান কতখানি কার্য্যকরী হবে এবং কার্য্যকরী হবার পথে কোন বাধা আসবে কিনা!

তারপর এই রিপ্রেজেন্টেশন সম্পর্কে দেখছি কলকাতা বাদ। এই যে ৩২টি মিউনিসিপ্যালিটি আছে, সব চেয়ে মজার কথা হলো, এই ৩২টি মিউনিসিপ্যালিটি থেকে ১৬ জন প্রতিনিধি আসবেন। আপনারা ৩২ জন নিতে পারতেন, না হয় আর ১৬টি বাড়তো। শৈলবাবু, আপনি জানেন এই যে শেষের দিকের সমস্ত মিউনিসিপ্যালিটি খরদহ, বারাসত, নর্থ দমদম, দমদম, রাজপুর, বারুইপুর, বজবজ, ৭টি নিয়ে একটি গ্রুপ আপনারা সব খবরদারী করবেন তাদের এক্স-অফিসিও লোক দিয়ে। এটা কি গণতন্ত্র তা বুঝতে পারছি না। কোন জায়গায় দুটী নিয়ে গ্রুপ, কোন জায়গায় তিনটি নিয়ে গ্রুপ, আবার কোন জায়গায় ৪টি, ৫টি, ৬টি নিয়ে গ্রুপ প্রত্যেকটি পরিকল্পনার ব্যাপারে প্রত্যেক মিউনিসিপ্যালিটির যাঁরা নির্বাচিত প্রতিনিধি তাঁদের বক্তব্য ও অভিজ্ঞতা নেবার এর মধ্যে কোন ব্যবস্থা নাই।

আর একটি প্রশ্ন আসছে মনের মধ্যে আমাদের দেশেতো বড় বড় কাজ হচ্ছে ফাস্ট ফাইভ ইয়ার প্লান, সেকেন্ড ফাইভ ইয়ার প্লান, থার্ড ফাইভ ইয়ার প্লান, ফোর্থ ফাইভ ইয়ার প্লান-এর কাজ হচ্ছে। আর এই কাজটা কি এর কোন একটি প্লানের মধ্যে নেওয়া যেতনা? এটা কি কোন প্ল্যানের মধ্যে নেওয়া যোগ্য কাজ নয়? এটা সহজেই এই প্ল্যানের মধ্যে নেওয়া যেত। যেভাবে আপনারা কাজটা চালাতে চাচ্ছেন, তাতে এই সব প্রশ্ন আসছে।

সেজন্য এই প্রশ্ন মনের মধ্যে আছে যে এই গুলি যদি কার্যকরী না হয়—জানিনা সিলেক্ট কমিটি কতদূর কি করতে পারবে এবং তার এক্তিয়ারই বা কতদূর থাকবে—এই প্রশ্ন আমার মনের মধ্যে আছে। এবং কিছুদিন আগে যে রিপোর্ট বেরিয়েছে আপনারা দুই হাজার এক বছরে অর্থাৎ প্ল্যান পিরিয়ডের মধ্যে কার্যকরী হবে। কত হবে? এটা রিপোর্টের মধ্যে আছে। আমি উদাহরণ দিয়ে বলছি আমাদের মাথা পিছু ইন্ডাস্ট্রিয়াল পারপাসে পার ক্যাপিটা জল দেবেন আপনারা ২৭ গ্যালন—এই রিপোর্টে আছে ৩৫ বছর পরে আপনারা দেবেন। এখন বর্ত্তমানে ঘানাতে মাথাপিছু ২৮ গ্যালন দিচ্ছে। গ্লাসগোতে মাথাপিছু ৩০ গ্যালন দিচ্ছে। আর ৩৫ বছর পরে আমাদের পপুলেশন আরও বেড়ে যাবে তারপর আমাদের মাথাপিছু ২৭ গ্যালন দেবেন। এই সমস্ত দেখেশুনে আমার মনে অনেক আশংকা এসেছে। বিশেষ করে আমি আমার বক্তব্য শেষ করবার আগে বলতে চাই যেভাবে আপনারা একটা দেশের উপরে এই কলকাতা এবং পার্শ্ববর্ত্তী এলাকায় উন্নতির ব্যাপারে যেভাবে নির্ভর করছেন এবং যেভাবে তাদের মুখের দিকে চেয়ে আছেন এটা আমাদের খুব ভাল মনে হচ্ছে না।

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মাননীয় সভাপাল মহাশয়, এই যে বিল এটা অবশ্য সিলেক্ট কমিটিতে যাচ্ছে বিবেচনার জন্য। এই পরিকল্পনা যেটা নেওয়া হয়েছে এই বিলের মারফত সেটা খুব এ্যামবিসাস্, খুবই সুদূর প্রসারী পরিকল্পনা সে বিষয়ে সন্দেহ নাই। যে আশংকার কথা খগেন বাবু বলেছেন সেই আশংকা আমার মধ্যে দেখা দিচ্ছে এই জন্য যে এই সুদূর প্রসারী এতবড় বিরাট পরিকল্পনা তার টাকা আসবে কোথা থেকে। এই হচ্ছে এক নম্বর। তারপর দ্বিতীয় নম্বর প্রশ্ন হচ্ছে এই পরিকল্পনা রূপায়িত করবার জন্য যে মেসিনারী সেই মেসিনারী এই বিলের মধ্যে যে ভাবে রাখা হয়েছে সেই মেসিনারী দিয়ে এইরকম সুদূর প্রসারী পরিকল্পনা এত ব্যাপক পরিকল্পনাকে কাজে পরিণত করা সম্ভবপর কিনা। তারপর তিন নম্বর হচ্ছে যে এখানে অবশ্য এখনও বোঝা যাচ্ছে না যে যে কাজ এই অথোরিটি ক্যালকাটা মেট্রোপলিটন অথোরিটি হাতে নেবেন সেট অবশ্য ধাপে ধাপে নেবেন এক সঙ্গে করবেন না, কিন্তু যে ভাবে এই অথোরিটি তৈরী করা হয়েছে বা গঠিত হয়েছে তাতে করে গণতন্ত্রের কোন মর্যাদা তারা রাখছেন না। এই কয়েকটি প্রশ্ন এই বিল যে ভাবে রচিত হয়েছে তার সঙ্গে জড়িত আছে। একথা ঠিক যে আমরা ৬।৭ মাসে আগে এই হাউসে কলকাতা এবং কলকাতার আশেপাশে যে শিল্পাঞ্চল আছে সেই সমস্ত মিলিয়ে এই রকম ধরণের একটা পরিকল্পনা নেওয়া হউক যাতে জলের এবং ড্রেনেজ থেকে আরম্ভ করে মল নিস্কাশন পানীয় জল থেকে আরম্ভ করে সব কিছু একটা ইনটিগ্রেটেড পরিকল্পনা আমরা যাতে নিতে পারি তার দাবী আমরা করেছিলাম। এবং এই সিদ্ধান্ত আমরা এই হাউসে গ্রহণ করেছিলাম। কিন্তু আরও দেশ জুড়ে যে সমস্ত সমস্যা আছে সেই সমস্যার মধ্যে এটা কতখানি অগ্রাধিকার পাবে বা কতখানি অগ্রাধিকার দিলে এটা যেমন কার্যকরী হতে চলবে ধাপে ধাপে—এবং কতখানি অগ্রাধিকার দেওয়া উচিত বিভিন্ন সমস্যার মধ্যে আমাদের তা ভাবার দরকার আছে।

[4-25—4-35 p.m.]

এইজন্য এই পরিকল্পনাতে প্রথমে তাদের টাকার প্রশ্নটার কথা বলছি যে টাকা এই অথরিটিকে ধার করতে হবে এবং শুধু ধারের উপর নির্ভর নয়, ট্যাক্স বাড়াতে হবে। এই ক্যালকাটা কর্পোরেশন কিম্বা মিউনিসিপ্যালিটিতে শুধু জলের ট্যাক্স বা অন্যান্য ট্যাক্স থাকবে না এটা যেমন একদিকের কথা, অন্য দিকে তেমনি কি হারে ট্যাক্স বসতে পারে এই নূতন পরিকল্পনা অনুসারে বা এই নূতন বিল অনুসারে সেটা অবশ্য এখানে লেখা নেই কিন্তু এটা এখন থেকে ধরে নিতে

পারা যায় যে ট্যাক্স এখন যা আছে তার থেকে অনেক বেশী সাধারণ মানুষের উপর বসবে। সুতরাং এই বৃহৎ পরিকল্পনাকে রূপায়িত করবার জন্য জনসাধারণের উপর ট্যাক্সের বোঝা আরো বেশী করে চাপানর ব্যবস্থা এই বিল মারফত করা হচ্ছে। দু নং কথা হচ্ছে, আমার দেশের ভিতর থেকে কতখানি টাকা উঠবে সেটা আমরা দেখতে পাচ্ছি, দেশের ভিতর দিয়ে সেই টাকার পরিমাণ খুব বেশী উঠবে বলে মনে হচ্ছে না, ফলে অন্য সরকারের দ্বারস্থ হতে হবে বা অন্য দেশের ধনীদের দ্বারস্থ হতে হবে এবং যে পরিমাণে আমরা অন্য দেশের ধনীদের কিম্বা অন্য ফাইনানশিয়াল ইনস্টিটিউশনের, সে ওয়ার্ল্ড ব্যাঙ্কই বলুন, আমেরিকা বলুন আর ইংলন্ডই বলুন, যাদের দ্বারস্থ আমরা হবো তাদের সেই অর্থ যোগানর উপর নির্ভর করবে আমাদের উন্নয়ন পরিকল্পনা কতখানি ধাপে ধাপে এগুবে। এবং সেই টাকা পাওয়ার ক্ষেত্রে যদি অনিশ্চয়তা দেখা দেয় তাহলে এটা সুদূর প্রসারি পরিকল্পনা হওয়া সত্ত্বেও তার পরিনাম একটা ভীষণ অনিশ্চত হয়ে পড়ছে, সেটা এমনও হয়ে পড়তে পারে যে পর্বতের মূষিক প্রসবের মত আটকে গেল, টাকা পাওয়া যাচ্ছেনা। টাকা শুধু যে কলকাতার বা আশেপাশের অঞ্চল, বৃহত্তর কলকাতা উন্নয়নের জন্য খরচ করা দরকার তা নয়, এর পাশাপাশি আমাদের দেশে আরো বহু সমস্যা আছে যার জ্য প্রচুর টাকা খরচ করতে হয় এবং প্রচুর টাকা ধার করতে হয়। সুতরাং সামগ্রিকভাবে যদি বিচার করা যায় সেই সামগ্রিক বিচারের মধ্যে বৃহত্তর কলকাতার উন্নয়নের দিকে তাকিয়ে সেই ধার যাতে ঠিক ঠিক মত পাই বা সেই অগ্রাধিকার যদি এর মধ্যে দেখা দেয় তাহলে সেই টাকার সাহায্যে আমরা যদি এখানে ঠিক ঠিক মত পরিকল্পনা গড়ে তুলবার জন্য চেষ্টা করি তাহলে সেখানে সম্ভব হবে নইলে একটা অনিশ্চিত অবস্থার মধ্যে আমরা পড়ে যাবো। সুতরাং সেই অনিশ্চয়তা বৃহত্তর কলকাতার উন্নয়নের ক্ষেত্রে থেকে যায় এই বিদেশী সংস্থার উপর তাদের মর্জির উপর অনেকখানি নির্ভর করে থাকার দরুন। কেন না এই পি, এল, ৪৮০র ব্যাপারে যা দেখছি তাতে বহু কংগ্রেস নেতা এবং মন্ত্রীরা এক এক সময় এই পি, এল, ৪৮০র বিরুদ্ধে বলতে আরম্ভ করেছেন। সেই চুক্তির মধ্যে একথা লেখা নেই যে এই পি, এল, ৪৮০র বলে আমরা যে খাদ্য শস্য পাঠাবো তার জন্য আমেরিকা যা বলবে তা আমাদের মেনে চলতে হবে কিন্তু অলক্ষ্যে এই খাদোর উপর মোচড় দিয়ে তারা আমাদের বাধ্য করাতে চেষ্টা করে তাদের মতে সায় দেবার জন্য। এই দৃষ্টিভঙ্গী আমরা সম্প্রতি লক্ষ্য করেছি কাশ্মীরকে কেন্দ্র করে পাকিস্তানের যে আক্রমণ হল তার পটভূমিকায় সুতরাং সেইভাবে গোটা কলকাতার উন্নয়নের ব্যাপারে বিদেশী সরকার বা বিদেশী শিল্প সংস্থার উপর অর্থের ব্যাপারে নির্ভর করার দরুণ তারা একটা রাজনৈতিক মোচড় আমাদের উপর দিতে পারে সেই আশঙ্কা আমাদের থেকে যাচ্ছে। তাই যে কথা আমি বলছিলাম যে মেশিনারি কি, সেই মেশিনারীর দিকে যদি তাকাই তাহলে—আগেও এটা ঢ্যিয়ে আলোচনা হয়েছে, সেখানে আমরা দেখতে পাচ্ছি যারা মিউনিসিপ্যাল প্রতিনিধি তাদের সংখ্যা হচ্ছে ১৬ জন, এক্স-অফিসিও মেম্বার ১৩ জন, ৬ জন নমিনেটেড, এবং তিনজন ডিরেক্টার যাঁরা ডিরেক্টার বোর্ড তৈরী করবেন। এবং এই অথরিটির মধ্যে ডিরেকটার বোর্ডকে প্রায় সর্বেসর্বা করে রাখা হয়েছে এবং যে জেনারেল কাউন্সিল গঠন করার কথা এই বিলের মধ্যে আছে সেখানে প্রতিনিধিদের ভাগ যেভাবে করা হয়েছে, সদস্যদের ভাগ যেভাবে করা হয়েছে তাতে সরকারী আধিপত্য এবং সরকারী আমলাতন্ত্রের আধিপত্য—মন্ত্রীদের আধিপত্যের কথা বলছিনা কারণ অনেক সময় মন্ত্রীরা সেক্রেটারিদের কথায় সই করেন মাত্র, ঐ আমলাতন্ত্রের রাজত্ব চলছে বেনামীতে। সেই আমলাতন্ত্রেদের আধিপত্য ক্যালকাটা মেট্রপলিটান অথরিটির ক্ষেত্রে দেখা দিচ্ছে এবং যে পরিমাণে আমলাতন্ত্রদের আধিপত্য দেখা দিচ্ছে সেই পরিমানে এর রূপায়ন তাদের মর্জির উপর নির্ভর করছে এবং সেই পরিমানে এই পরিকল্পনা রূপায়নের ক্ষেত্রে একটা সংশয়, অনিশ্চয়তা বড় হয়ে উঠেছে। চতুর্থত, যেকথা আমি বলছিলাম যে কতখানি গণতন্ত্রের মর্যাদা রাখা হচ্ছে সে সম্বন্ধে। জেনারেল কাউন্সিল আরো স্বাচ্ছন্দ্যে বাড়ান যেতে পারতো, পলিসি মেকিং বডিতে বিশেষজ্ঞরা নিশ্চয়ই থাকবেন, সরকারী অফিসাররাও থাকুন, সরকার মনোনীত ব্যক্তিরাও থাকুন, কিন্তু সঙ্গে সঙ্গে বৃহত্তর কলকাতার সিভিক সমস্যার সঙ্গে যাঁরা পরিচিত, যাঁদের হাতে কলমে টেকনিক্যাল কাজ করতে হয়, সেই ব্যাপারে যাঁরা অভিজ্ঞ, সেই কর্পোরেশন কর্তৃপক্ষের তরফ থেকে, মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষের তরফ থেকে প্রতিনিধির সংখ্যা আরো নিশ্চয়ই বাড়ান যায় যাতে করে এটাকে সত্য সত্যই

একটা পলিসি মেকিং বডিতে রূপায়িত করা যেতে পারে। কিন্তু সেই সুযোগ এই বিলে অথরিটি বলতে যেভাবে ব্যাখ্যা করা হয়েছে, বোর্ডের হাতে যেভাবে ক্ষমতা দেওয়া হয়েছে, জেনারেল কাউন্সিলের গঠন যেভাবে করা হয়েছে তাতে থাকছে না। আমি বুঝতে পারছিনা সিলেক্ট কমিটিতে যে মূল কথাগুলি আমি বললাম সেটার কতখানি পরিবর্তন ঘটবে তবুও আশা করি যতখানি পারে ঘটুক। কিন্তু এটা ঠিকই এই বৃহত্তর উন্নয়ন পরিকল্পনা সুদূর প্রসারি এবং সেদিক থেকে এটা এ্যামবিসাস প্রগ্রাম আমরা করতে চলেছি যথ্য তখন এটা ভেবে চিন্তে করলেই ভাল হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Hemanta Kumar Basu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বৃহত্তর কলকাতার জল, ড্রেন, সুয়ারেজ এর সমস্যা দিন দিন বেড়ে চলেছে এবং এগুলি বহুদিনের সমস্যা। কলকাতা সহরে একটু বৃষ্টি হলেই রাস্তাঘাট জলে ভরে যায় এবং সেই জল নামতে প্রায় ২।৩ ঘণ্টা বা আরো বেশী সময় লেগে যায়। জঞ্জালের অবস্থাও তাই। জঞ্জালগুলি যেভাবে পরিষ্কার হওয়া উচিত ছিল তা হয়না, জায়গায় দু'তিন দিন ধরে জঞ্জাল জমা হয়ে থাকে, তারপর দু'তিন দিন পরে একদিন সব সাফ করে নিয়ে যায়। কিন্তু এই যে দু'এক দিন পড়ে থাকে তা থেকে দুর্গন্ধের সৃষ্টি হয়। ড্রেনের অবস্থা অত্যন্ত শোচনীয়, পানীয় জলের অবস্থা অত্যন্ত শোচনীয়, কাজেই এই সমস্যা সমাধানের জন্য নিশ্চয়ই ব্যবস্থা করা দরকার এবং সেই বিষয় নিয়ে গত কয়েক বছর ধরে এই মেট্রোপলিটন বোর্ড তৈরী করার জন্য এখানে আলোচনা হয়েছে এবং একটা নন অফিসিয়াল রেজোলিউশনও পাশ করা হয়েছিল। কিন্তু যেভাবে এই কমিটি বা বোর্ড গঠন করা হচ্ছে এটা এইভাবে গঠন হলে ঠিক জনসাধারণের প্রতিনিধি স্থানীয় বোর্ড হবেনা।

[4-35—4-45 p.m.]

৩২টি মিউনিসিপ্যালিটি হাওড়া এবং কলকাতা নিয়ে এবং এই বৃহত্তর কলকাতার মধ্যে জেনারেল কাউন্সিল যেভাবে তৈরী করা হচ্ছে তাতে প্রত্যেক মিউনিসিপ্যালিটির একজন করে প্রতিনিধি থাকছে না। কাজেই একটা দুটো এমন কি ছয়টি পর্যন্ত মিউনিসিপ্যালিটি এক জনের দ্বারা প্রতিনিধিত্ব হবে। সেটা কি হওয়া সম্ভব। যে মিউনিসিপ্যালিটির প্রতিনিধি তিন সেই মিউনিসিপ্যালিটির ব্যাপারে হয়তো বেশী করে বলতে পারে কিন্তু এই রকমভাবে করলে তারা ঠিকমত প্রতিনিধিত্ব করতে পারবেন না। কাজেই এই ১৬-র জায়গায় যদি ৩২টি হয় মেম্বার যদি বাড়ে তাতে ভাল হবে। সরকার দেখছি যাই বিল আনেন—ইউনিভারসিটি বিল বলুন বা যে কোন বিলই বলুন সবেতেই নিজেদের কর্তৃত্ব কি করে থাকবে সে দিকে দৃষ্টি রেখেই করেন। এই বিলটিতেও সেদিকে দৃষ্টি রাখা হয়েছে। ১৩ জন এক্স-অফিসিও মেম্বার, ৬ জন নমিনেটেড মেম্বার আর বাকী ১৬ জন হচ্ছে বিভিন্ন মিউনিসিপ্যালিটির মেম্বার। কাজেই সরকারের সেদিকে দৃষ্টি আকর্ষণ করছি। জনসাধারণের প্রতিনিধি হিসাবে তারা যে তাদের বক্তব্য রাখবে তা রাখবার জো নেই। তার পরে রেটস—রেটস নাকি মিউনিসিপ্যালিটির কমিয়ে দেয়া হবে—কত পারসেন্ট কমিয়ে দেয়া হবে সে বিষয়ে কোন ব্যবস্থা হয় নি। আবার অপর দিকে দেখা যাচ্ছে যে সেই বডিকে ট্যাক্স বসানোর অধিকার দেওয়া হচ্ছে। তারা ট্যাক্সও বসাবে আবার অপর দিকে তারা বিদেশ থেকে টাকা ধার করে এই পরিকল্পনাকে কার্যকরী করবে। এখনে যে সমস্ত মাষ্টার প্ল্যান করা হবে এবং ১৯৬৬ সালে যে প্ল্যান সম্পন্ন হবে এই প্ল্যানগুলি ক্যালকাটা করপোরেসন এবং হাওড়া মিউনিসিপ্যালিটি বা যে সমস্ত মিউনিসিপ্যালিটি তাদের কাছে যদি উপস্থিত করা যায় তাদের বক্তব্য জানার জন্য যেমন এই বিল সম্বন্ধে আমরা আমাদের বক্তব্য রাখছি তাহলে কাজটা ভালভাবে কার্যকরী হতে পারে। সুতরাং সেক্ষেত্রে তাদের বক্তব্যটা শোনা উচিত। একেবারে একটা প্ল্যান করে নিয়ে যদি কোন মিউনিসিপ্যালিটির উপর বা জনসাধারণের উপর চাপিয়ে দিই তাহলে এটা ঠিক গণতান্ত্রিক হবে না। সেই প্ল্যানটাকে যাতে করপোরেসনের কাছে বা হাওড়া করপোরেসনের কাছে উপস্থাপিত করা যায় সেই রকম

কোন প্রভিসন এখানে নেই যে ১৯৬৬ সালে যে রিপোর্ট হবে সেই রিপোর্টটা বিভিন্ন মিউনিসিপ্যালিটির কাছে উপস্থিত করা হবে যেন তাদের কোন অধিকার নেই। এইভাবে তাদের সম্পূর্ণ ওভারলুক করা হচ্ছে। তাদের যে কি বক্তব্য আছে সহর এলাকায় ড্রেন এবং ময়লা সুয়ারেজ পরিষ্কারের ব্যাপারে সেটা তারা শুনতে চান না। এখানে যে বোর্ড করে দেবে সেই বোর্ড যা করবে তাই হবে ক্যালকাটা মিউনিসিপ্যালিটি—হাওড়া মিউনিসিপ্যালিটি সমস্ত মিউনিসিপ্যালিটি ইলেকটেড বডি আর এটা প্রাকটিক্যালি নমিনেটেড বডি হচ্ছে কাজেই এই সব ইলেকটেড বর্ডির উপর নমিনেটেড বডি কর্তৃত্ব করবে। কাজেই করপোরেসন বা মিউনিসিপ্যালিটির প্ল্যান সম্পর্কে কিছু বক্তব্য যা তা কিছুই থাকবে না। তারপর এই প্ল্যান যখন কার্যকরী হবে তখন বিশেষ ইমপর্টেন্ট বিষয়ে মিউনিসিপ্যালিটির কাছে তাদের মত নেওয়া দরকার। এইভাবে যদি নেওয়া হয় তাহলে এটা গণতান্ত্রিক হবে এবং কার্যকরী হবে। কাজেই মেট্রোপলিটন বোর্ডের সঙ্গে যাতে মিউনিসিপ্যালিটির বা করপোরেসনের কোন সংঘর্ষ না হয় সেদিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে। তারা যাতে মনে করে যে আমাদের প্রতিনিধি আমাদের পক্ষ থেকে কাজ করছে, সুতরাং আমাদের জলের সমস্যা, ড্রেনেজ সমস্যা, সুয়ারেজের সমস্যার আমরা সমাধান করতে পারবো। সেদিক থেকে যাতে মিউনিসিপ্যাটিগুলি কো-অপারেসন করে এটাই হচ্ছে মূল কথা এবং এদিকে বিশেষ দৃষ্টি রাখা দরকার। তারপর আরো অন্যান্য যে সমস্ত বিষয় আছে যেমন আমরা টাকা কিভাবে পাবো অনেকে বলেছেন—কিভাবে শোধ হবে কি সর্ত্তে এই সমস্ত বিষয়ে মন্ত্রী মহাশয় যখন বিলটা উৎথাপন করলেন তখন তিনি কিছু বলেন নি। আমাদের মনে হচ্ছে যে পি, এল, ৪৮০ যেভাবে আমাদের ঘাড়ে চেপে, আমাদের দুস্থ লোকদের খাওয়াবার জন্য, বসে আছে ঠিক সেইভাবেই আমাদের স্বাধীনতার উপর একটা চাপ হিসাবে বাধা হিসাবে হয়তো এটা এসে দাঁড়াবে। আমি জানি না কলকাতায় যে বৃহত্তর যে কাজ হবে সেগুলি হয়তো ওয়ার্লড ব্যাঙ্ক বা ফোর্ড ফাউন্ডেসন, ইউ এন ও থেকে টাকা নিয়ে হতে পারে কিন্তু এমন জিনিস ঘটতে পারে যে সেই টাকা হয়তো বন্ধ হয়ে যেতে পারে। শ্রীলালবাহাদুর শাস্ত্রী বলেছেন যে সব বিষয়ে আমাদের আত্মনির্ভরশীল হতে হবে। কিন্তু এ ব্যাপারে আমাদের আত্মনির্ভরশীলতা কোথায়? পরের উপর নির্ভরশীল হয়ে আমাদের কাজ করতে হবে। কাজেই যদি পরের উপর নির্ভর করে প্ল্যান করতে হয় তাহলে কখন যে সেটা বন্ধ হবে তার ঠিক নেই। কবে এই প্যান কার্যকরী হবে তখন হয়তো আমরা মরে শেষ হয়ে যাবে তারপরে হয়তো লোকেরা এর সুযোগ সুবিধা পেতে পারে। সরকার যে প্ল্যানই গ্রহণ করুন না কেন কোন প্ল্যানই এখন প্ল্যান হয় না যাতে বাস্তবিকই লোকের কল্যাণ হয় মাছের প্ল্যান বলুন, দুধের প্ল্যান বলুন আর খাদ্যের প্ল্যান বলুন সব কিছুতেই তারা গন্ডগোল সৃষ্টি করেছেন। আমার বক্তব্য আমি আর দীর্ঘ করবো না কেননা এটা সিলেক্ট কমিটিতে যাচ্ছে এবং সব দলের প্রতিনিধিরা সেখানে যাচ্ছেন সেখানে সকলেই তাঁদের কথা বলবেন কাজেই এখানে বিরোধিতার কোন প্রশ্ন আসে না এই বলে আমি বক্তব্য শেষ করছি।

Shri Balai Lal Das Mahapatra: I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

চেয়ারম্যান স্যার, ক্যালকাটা মেট্রোপলিটন ওয়াটার এন্ড স্যানিটেসন অথরিটি বিল ১৯৬৫—যে আকারে এসেছে আমি তাকে সমর্থন করতে পারছি না। সেইজন্য জনমত প্রচারের জন্য আমি এই প্রস্তাব এনেছি। যদিও আমি জানি এটা একটা জনকল্যাণমূলক বিল—একে সকল দিক থেকে সমর্থন করা উচিত ছিল কিন্তু যে আকারে আনা হয়েছে তাতে একে সমর্থন করা সম্ভব হচ্ছে না। প্রথমত হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় যে বক্তব্য এখানে রাখলেন এবং এই বিলের যে উদ্দেশ্য তাতে আমরা দেখেছি যে ১৯৬০ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা যে রিপোর্ট দিয়েছে বৃহত্তর কলকাতার জল সরবরাহ এবং ময়লা নিষ্কাসন ইত্যাদি ব্যাপারে সমীক্ষা করে এবং ১৯৬০ সালের নবেম্বর মাসে এই বিধানসভা যে প্রস্তাব গ্রহণ করেছিল তার ভিত্তিতে এই প্রস্তাব আনা হয়েছে। অবশ্য সেখানে অথরিটি এই প্রস্তাবে ছিল না। অথরিটি বলতে কাকে বুঝায় ওঁরা যে অথরিটি বলতে বুঝিয়েছেন সেই অথরিটি বোঝায় কিনা সে রকম কোন জিনিস এই প্রস্তাবে ছিল না। কারণ ঐ প্রস্তাবের সমস্ত ভাষা এখানে রাখা হয়েছে। প্রথম আমার বক্তব্য হচ্ছে এই

যে বৃহত্তর কলকাতার পানীয় জল অথবা ময়লা জল নিষ্কাসন ইত্যাদি ব্যাপারে যে বিলটি আনা হয়েছে সেটা সম্পূর্ণ জনস্বাস্থ্য সম্পর্কিত ব্যাপার।

[4-45—4-55 p.m.]

স্বাস্থ্য বিভাগের প্রধান কাজ হচ্ছে সমগ্র বাংলা দেশের এবং বৃহত্তর কলকাতার পানীয় জলের সমস্যার সমাধান করা। ময়লা জল পরিষ্কার পরিচ্ছন্ন করা। কিন্তু জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় এ বিল না এনে অর্থমন্ত্রী কেন এ বিল আনলেন তা বুঝতে পারলাম না। তাহলে যেমন মিউনিসিপ্যালিটির দায়িত্ব কেড়ে নিয়ে তাদের দেউলিয়া করবার চেষ্টা হচ্ছে সেভাবে জনস্বাস্থ্য বিভাগকে দেউলিয়া করা হচ্ছে কিনা? মাননীয় মন্ত্রিমহাশয় বললেন বিশ্ব স্বাস্থ্য সংস্থা বলে গেছেন একটা অথরিটি মাষ্টার প্ল্যানের উপর ভিত্তি করে পানীয় জল এবং ময়লা জলের সমস্যার সমাধান করা উচিত। এবং সেজন্য আমরা এ বিল এনেছি। কিন্তু আমি বলছি স্বাস্থ্য বিভাগের ক্ষমতা রয়েছে কিন্তু তারা কেন বিল আনলেন না সেটা বুঝতে পাচ্ছি না। ২য় প্রশ্ন হচ্ছে বিল যেভাবে আনা হল তাতে বুঝতে পাচ্ছি না যে এটা একটা সেপারেট অথরিটি করা হল যেখানে মিউনিসিপ্যালিটি ও সরকার থাকলেন সেখানে ক্ষমতার লড়াই হবে কিনা। মিউনিসিপ্যালিটি স্বায়ত্ব শাসন ক্ষমতা থাকলো। আবার কতকগুলি অথরিটি রাখা হল তারপর সরকার সর্বশক্তি নিয়ে থাকলেন সেখানে যে ক্ষমতার লড়াই হবে না এটা কে জানে। জমি দখল করার ব্যাপার নিয়ে ট্যাক্স আদায় করার ব্যাপার নিয়ে সেখানে লড়াই হবেই। আমরা দেখছি পি, ডাবলিউ ডি-র খানিকটা জায়গা আছে। তারপাশে ইরিগেসানের জায়গা আছে এটা কার জায়গা তা মীমাংসা করতে বৎসরের পর বৎসর চলে যাচ্ছে। দিনরাত যে ক্ষমতার লড়াই হবে তাতে কাজ কর্ম অচল হবে। আমরা দেখতে পাই সরকার অনেক পরিকল্পনা করেন কিন্তু তাদের প্রশাসনিক দুর্বলতার জন্য অনেক কাজ ব্যর্থ হয়। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি ৩য় পরিকল্পনা যে ৭ কোটি টাকা খরচ করবার কথা ছিল ওয়াটার সাপ্লাই স্কিম এবং ড্রেনেজ স্কিম-এর জন্য তার মধ্যে ৫ কোটি টাকার কাজ করতে পারেন নি কেন? আমাদের পশ্চিমবঙ্গ সরকার কল্পনা বিশারদ তাই তাঁরা সবতাতে ব্যর্থ হন যা আর কোন রাজ্যের সঙ্গে তুলনা হয়না। এঁদের রোজ পরিকল্পনা তৈয়ারী হয় এবং রোজই ব্যর্থ হয়। ২য় পরিকল্পনার সময় কলকাতার ৭২ ইঞ্চি পাইপ বসাবেন ঠিক করছিলেন। ২য় পরিকল্পনা শেষ হয়ে গেল সে ৭২ ইঞ্চি পাইপ বসাতে গিয়ে দেখা গেল ৬০ ইঞ্চি খারাপ হয়ে গেছে। আপনারা ৩৪টা স্বায়ত্ব শাসন প্রতিষ্ঠান দিয়ে কাজ করতে যাচ্ছেন। কিন্তু সামান্য কলকাতার ব্যাপারে ৭২ ইঞ্চি পাইপ বসাতে যেখানে ১০ বৎসর লেগে যায় সেখানে কলকাতায় এবং টালিগঞ্জে এরিয়া হচ্ছে ৩৭ বর্গ মাইল এবং প্রায় ৩০০ বর্গ মাইল—আপনাদের স্ট্যাটিসটিক অনুসারে ২,৭০০ বর্গ মাইল—এই ৩৫০ বর্গ মাইলে জল সরবরাহ, সুয়েরেজ, ড্রেনেজ, করতে কত বৎসর লাগবে তা বুঝতে পাচ্ছিনা। ৩য় প্রশ্ন হচ্ছে আমি মনে করি কলকাতা সহর যেখানে সাংস্কৃতিক কেন্দ্র আছে শিক্ষার ক্ষেত্রে। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে একটি আন্তর্জাতিক কেন্দ্রে পরিণত হয়েছে এবং শুধু ভারতবর্ষ কেন সমগ্র এশিয়ার সভ্যতার পীঠস্থান এখানে এই সহরের পরিষ্কার পরিচ্ছন্নতা জল সরবরাহের ভাল ব্যবস্থা চাই। আমরা দেখছি কিভাবে আবর্জনার স্তূপ হয়ে থাকে করপোরেসান পরিষ্কার করতে পারে না বাইরের লোক এনে পরিষ্কার পরিচ্ছন্ন করতে হয়। সামান্য বৃষ্টি হলে কলকাতায় ট্রাম বাস অচল হয়ে যায়। বস্তির কথাই বলতে গেলে বলতে হয় সেটা একটি নরকখানা, কলকাতায় যেখানে শিক্ষা সভ্যতা সংস্কৃতির কেন্দ্র সেখানে করপোরেসন-এ যদি দেখা যায় তাহলে দেখা যাবে মানুষ বাস করতে পারে না। কংগ্রেসের হাতে ক্ষমতা রয়েছে। তারাই এখানকার মেজরিটি। কংগ্রেসী কাউন্সিলার তারা কাজকর্ম করতে পাচ্ছেন না। সেখানে আবার একটা বোর্ড করলেন তার ৩ জন নমিনেটেড মেম্বার। ১ জন হেল্থ এক্সপার্ট আর একজন অর্থনীতি বিষয় এক্সপার্ট। এই সব লোক সম্বন্ধে কিছু বলেন নি। তাহলে বোঝা যাচ্ছে এই তিন জনের দ্বারা আমলাতন্ত্রের প্রভুত্ব প্রতিষ্ঠা করতে যাচ্ছেন। মিউনিসিপ্যালিটি করপোরেসানে যারা নির্বাচিত হয়ে আসছেন তাঁরা সকলেই অযোগ্য নয়। আমি মনে করি যদি এই অথরিটি সমস্ত মিউনিসিপ্যালিটি এবং করপোরেসনের সকলকে নিয়ে কনফারেন্স করে মাষ্টার প্ল্যান তৈরী করেন এবং কিভাবে মাষ্টার প্ল্যান-এ কাজকর্ম

করা যায় তারজন্য একটা একসান কমিটি একটা জয়েন্ট একসান কমিটি যদি করতেন তাহলে সমস্ত মিউনিসিপ্যালিটি এবং করপোরেসান-এর সাহায্য করতে পারতেন। টাকার প্রশ্ন তুলেছেন যদি মনে করেন কর্পোরেসানেতে টাকা পাওয়া যাচ্ছেনা এবং স্ট্যাটুটারী বডি নাহলে বাইরে থেকে টাকা পাওয়া সম্ভবপর সে ক্ষেত্রে মিউনিসিপ্যালিটি এবং করপোরেসান-এর প্রতিনিধি নিয়ে স্টেটুটারী করতে পারতেন। তাঁরা টাকাও দিতে পারতেন এবং এঁদের সহযোগিতাও পেতেন। আজ পলতা থেকে টালা পর্যন্ত যে কাজ বছরের পর বছর ধরে হচ্ছে না তা হতে পারতো। প্রত্যেক মিউনিসিপ্যালিটির যারা কর্মচারী রয়েছে তাদের সকলের সহযোগিতা মাষ্টার প্ল্যান কার্যকরী করতে গিয়ে সরে পরতেন। কিন্তু একটা কাজ করতে যাবেন অমনি যদি হাই-কোর্ট-এ মামলা সুরু হয়ে যায় তাহলে সমস্ত কাজ অচল হয়ে যাবে এবং মনে করি বর্তমানে জল সরবরাহ ব্যবস্থা আছে তা আরও অচল হয়ে যাবে। সুতরাং কি করে ভাল ভাবে চিন্তা করে জল সরবরাহ হতে পারে, জল নিষ্কাষণ হতে পারে সে রকম একটা ব্যবস্থা হওয়া হয় উচিৎ সে বিষয় সন্দেহ নেই, কিন্তু কি করে সমস্ত মিউনিসিপ্যালিটি, করপোরেসান-এর ভালভাবে সহযোগিতা পাওয়া যেতে পারে সেভাবে তাদের সম্মতি নিয়ে অথরিটি গঠন করতে পারতেন। তারপর যেভাবে বোর্ড গঠন করেছেন কাউন্সিল গঠন করেছেন তাতে কোন আত্মসম্মান বিশিষ্ট ব্যক্তি আসতে চাইবেন না। কারণ এখানে কর্তৃত্ব থাকবে বোর্ড অফ ডায়রেকটার্সের এই বোর্ড অফ ডায়রেকটার্স প্রথমে ২ বৎসরের জন্য থাকবেন তারপর ৪ বৎসরের জন্য এবং তারপর ৬ বৎসরের জন্য এবং যখন তারা সেকেন্ড টার্ণে আসবেন তখন তারা ৬ বৎসর করে থাকবেন অর্থাৎ কোন পেটোয়া লোককে ৩, ৪, ৬ বৎসরের জন্য বসিয়ে রাখা হবে। আমি মনে করি এই যে পি সি বোস যার বয়স হয়েছে ৬৫ বৎসর সেই পি সি বোসকে অথরিটির মধ্যে বসাবার জন্য আপনারা ২ বৎসরের জন্য করছেন। অর্থাৎ আপনারা করছেন ৩ জনের মধ্যে ১ জন হবেন যাঁর হেল্থ ইঞ্জিনিয়ারিং সম্বন্ধে অভিজ্ঞতা আছে। এই পি সি বোস সি, এম, পি, ও, মধ্যে আছেন এবং ইনি পাবলিক হেল্থ ইঞ্জিনিয়ারিং-এর মধ্যে ছিলেন। তাঁকে সি, এম, পি-র যে এক্সিকিউটিভ ডাইরেকটার অ্যান্ড চীফ ইঞ্জিনিয়ার করে আনবার ইচ্ছা আছে। [illegible] এই নিয়ে বহু আলোচনা করেছি। এভাবে ৬০।৬৫ বৎসরের লোককে যদি এক্সটেনসান দিয়ে রাখা হয় তাহলে বাংলা দেশের যারা ভাল ভাল উৎসাহী যুবক আছে যারা বিদেশ থেকে বড় বড় ইঞ্জিনিয়ারিং ডিগ্রী নিয়ে ফিরে এসেছেন তারা এখানে কোন চান্স পাবেন না, এই বোর্ড অফ ডায়রেকটার্স প্রথমে হবে ২ বৎসরের জন্য তার পর ৪ বৎসরের এবং ৬ বৎসরের জন্য। এতেই সন্দেহ করবার যথেষ্ট [illegible] আছে যে তাহলে নিশ্চয়ই পি সি বোস [illegible] কোন [illegible] হবে না। আমি একবার সাজেসান্স দিয়েছিলাম যে বাংলাদেশে এরূপ অনেক অভিজ্ঞ [illegible] আছে যাদের এ্যাডভাইসরী কমিটিতে [illegible] আমাদের সন্দেহ নিরসন করবেন।

4-55—5-5 p.m.]

তারপর কাউন্সিল যেটা করেছেন সেই কাউন্সিল সম্বন্ধে অনেকে বলেগেছেন। সে সম্বন্ধে আমারও ঠিক একই কথা। আপনারা সব বড় বড় কথা বলেন, গণতন্ত্রের কথা বলেন, অথচ এর মধ্যে আপনারা যা কান্ডটা করেছেন সে সব বলে তো কোন লাভ নাই। সকলে বলেছেন ১৩ জন এক্স-অফিসিও অর্থাৎ সকলেই সরকারী কর্মচারী তারপর আবার ৬ জন মনোনীত সরকারী কর্মচারী, তাঁরা সব আপনাদের প্রিয় কেউ হবেন। আর, ১৬ জন হচ্ছেন মিউনিসিপ্যালিটির প্রতিনিধি। তার মধ্যে কলকাতারই ৪ জন। এটা কেন? তাহলে প্রত্যেকটা মিউনিসিপ্যালিটি থেকে জেলারেল কাউন্সিলে যাবার অধিকার বা সুযোগ থাকবে না? এখানেও আমলাতান্ত্রিক প্রভুত্ব বসালেন। প্রত্যেকটি স্বায়ত্ব শাসনশীল প্রতিষ্ঠান থেকে একজন করে প্রতিনিধিও এই জেনারেল কাউন্সিলে আসতে পারবে না বা তাদের বক্তব্য সেখানে বলবার সুযোগ থাকবে না। তাও আপনারা বন্ধ করে দিলো। এটা অন্যায় এবং খুবই অ-গণতান্ত্রিক হচ্ছে।

তারপর কথা হচ্ছে বোর্ড অফ ডাইরেক্টরস-এর চেয়ারম্যান—তিনি এদের কাছে জবাব দিহি থাকবেন কিনা—সন্দেহ আছে। কোন বোর্ড অব ডাইরেক্টরকে ওঁরা পদচ্যুত করতে পারবেন না,

তাড়িয়ে দিতে পারবেন না যদি তাঁরা অন্যায়ও করেন। যদি কোন বোর্ড অব ডিরেক্টরের মেম্বার তার কর্তব্য পালন না করেন তালে আপনারা করবেন কি? কাজেই জেনারেল কাউন্সিলের কোন ক্ষমতা আপনারা রাখলেন না। শুধু তাই নয় বোর্ড অব ডিরেক্টরের যিনি চেয়ারম্যান হবেন, তিনি হবেন এই জেনারেল কাউন্সিলের প্রিসাডিং অফিসার, এতো অদ্ভুত কথা। এই জেনারেল কাউন্সিল হবে যেটা, সে হবে সুপ্রিম অথরিটি তার আন্ডারে বোর্ড অব ডিরেকটরস্ থাকবেন এবং কাজকর্ম দেখাশোনা করবার জন্য তার কাছে সব সময় জবাবদিহি হবেন। এখানে যে জেনারেল কাউন্সিল হবে, নির্বাচিত প্রতিনিধি এর চেয়ারম্যান হবেন এবং বোর্ড অব ডিরেক্টরস তার অধীনস্থ একটা সংস্থা হিসেবে থাকবে যেমন এক্সকিউটিভ বডির মত হবে। এ যদি হয় তাহলে কিছু অন্ততঃ কাজকর্ম সুষ্ঠুভাবে চলতে পারবে। তা না হলে ওটা একটা অদ্ভুত ধরনের ব্যাপার হলো। কোন মর্য্যাদা সম্পন্ন ব্যক্তি এতে থাকতে চাইবে না।

তারপর আপনার সংখ্যা কমাতে হবে। এই যে মনোনীত সদস্য এক্স-অফিসিও নামে যে সব আনছেন, তাদের সংখ্যা কমিয়ে যাতে নির্বাচিত প্রতিনিধি বেশী আসতে পারেন, সেই ব্যবস্থা করতে হবে। তাতে হবে কি? না, কো-অপারেশন বেশী পাবেন এবং কাজ যাতে অল্প সময়ের মধ্যে হতে পারে সেই সুযোগ সুবিধা পাবেন।

তারপর হচ্ছে ট্যাক্স সম্বন্ধে। সেখানে শোষণের ব্যবস্থা হয়েছে। একজন বলেছেন ওয়াটার ট্যাক্স ইত্যাদি এখানে হয়ে যাবে। ওঁরা তো সবই করবেন। আমার বক্তব্য হচ্ছে আপনারা ট্যাক্সটা কমিয়ে দেবেন। এঁরা যদি ওয়াটার ট্যাক্স করবেন, তাহলে মিউনিসিপ্যাল ট্যাক্স কোথায় যাবে? তার কোন ব্যবস্থা নাই, এতে করে খরচ বেড়ে যাবে। মিউনিসিপ্যালিটি তার স্টাবলিসমেন্ট দেখাবার জন্য তার খরচ থাকবে ঠিকই, তার উপর আবার অতিরিক্ত খরচ হবে যে নূতন অথরিটি আসছে, সে ট্যাক্স করবে। কাজেই জনসাধারণ ট্যাক্সের অত্যাচারে প্রপীড়িত হবে, নির্য্যাতিত হবে। খরচ বেশী বেড়ে যাবে, ট্যাক্সও বেড়ে যাবে। আপনারা কি মনে করছেন একটা অথরিটি হয়ে গেলেই সব কাজ করতে সুবিধা হবে? তা নয়। আমি মনে করি এতে টাকা বেশী খরচ হবে, সময়ও বেশী লাগবে এবং তার ব্যর্থতার যথেষ্ট সম্ভাবনা রয়েছে।

তারপর বিচার সংক্রান্ত ব্যাপারে কোন আপত্তি করবার সুযোগ দেন নাই। আদালতে যাবার কোন সুযোগ সুবিধা দেওয়া হবে না। এটা ঠিক নয়। যুক্তিসঙ্গতও নয়। সুবিচার পাবার জন্য আদালতে যাবার সুযোগ দিতে হবে। এ সম্বন্ধে আপনারা একটু ধীর ভাবে চিন্তা করুন।

কাজেই আমি বলবো এটা জনমতের জন্য প্রচার করুন। সমস্ত মিউনিসিপ্যালিটি তাদের মত দিক। সরাসরি তাদের মত নিলে সব দিকটি ভাল হতে পারে। আপনারা যদি ভোটের জোরে আমাদের এই জনমতে প্রচারের দাবীটা হারিয়ে দেন, তাহলে অন্ততঃ এই টুকুন অনুরোধ করে রাখি তাদের বিভিন্ন মিউনিসিপ্যালিটি থেকে সিলেক্ট কমিটিতে যাচ্ছে, কোন প্রকারেই যাতে মিউনিসিপ্যালিটির ক্ষমতা ক্ষুণ্ণ না হয় সেটা যেন তাঁরা মনে রাখেন এবং তার জন্য চেষ্টা করেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st February, 1966.

মাননীয় সভাপাল মহাশয়, এখানে আমার বক্তব্য খুব অল্পই আছে। প্রথমে আমি বলতে চাই যে কাউন্সিল গঠন সম্পর্কে অনেকেই বলে গিয়েছেন, এখন যদি হিসাব করা যায় তাহলে দেখা যাবে যে মিউনিসিপ্যালিটিগুলির মধ্যে ৬০ লক্ষ লোকের বাস তাদের প্রতিনিধিত্ব করবেন মাত্র ১৬ জন। এবং গভর্নমেন্ট এক্স-অফিসিও মেম্বার ১৬ জন আর তিন জন নমিনেটেড। তাহলে সরাসরি জনসাধারণের ভোটে নির্বাচিত বিভিন্ন স্তরের মাধ্যমে এসে দাড়াচ্ছে ১৬ জন। কাজেই হিসাব করে দেখা যায় ৪৫ জন নির্বাচিত প্রতিনিধি। আর বাকী ৫৫ জন মনোনীত। সেদিক থেকে এই সেট আপ অ্যাডমিনিস্ট্রেটিভ সেট আপ অথরিটি সেট আপ বুরোক্রাট সেট আপ এটা এক কথায় বলা যায়। তারপর ৯ নম্বর অধ্যায় যেখানে পাওয়ার অব দি অথোরিটির কথা বলা

হয়েছে সেখানে বহু কিছু থাকবে। এবং সেই বহু থাকার মধ্যে একটা কথা থাকছে —শৈলবাবু এখানে একটু ভেবে দেখবেন এই কালেক্ট ট্যাক্স লেভী ইত্যাদির কথা যেখানে বলছেন। কলকাতায় যখন এই আইনটা প্রযোজ্য হবে তখন মিউনিসিপ্যালিটি এ্যাক্ট থাকছে। তারপর আবার কয়েকদিন পরে শৈলবাবু একটা স্লাম ক্লিয়ারিং বিল নিয়ে আসবেন, সেটা এ্যাক্ট হবে তাহলে একটা ট্যাক্স-এর ব্যাপার দেখা যাবে কলকাতার একজন অধিবাসি যার হয়ত সামান্য বাড়ী আছে সাধারণ ভাবে ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাসেসমেন্ট রেট ২৫ পারসেন্ট তাকে দিতে হচ্ছে। তারপর এই যে অথোরিটি বলছেন সেই অথোরিটির ৩৩ নম্বর অধ্যায়ে উনি যেভাবে বলেছেন যে ট্যাক্স নিতে পারেন—জলের জন্য ট্যাক্স সারচার্জ আছে নানা কিছু আছে। তা সত্ত্বেও বাড়ীর ভ্যালুয়েশান হবে, এই ভ্যালুয়েশনের ভিত্তিতে ট্যাক্স বাড়বে। সেজন্য এই তিনটা আইন যখন প্রয়োগ হবে তখন এই আইনে কি দেখা যাচ্ছে—মিউনিসিপ্যাল এ্যাসেসমেন্ট দিতে হবে জলের চার্জ দিতে হবে, সারচার্জ দিতে হবে আবার গ্র্যাডুয়েটেড ট্যাক্স দিতে হবে। এখানে শৈলবাবু বলেছেন কিন্তু অন্য জায়গায় বলেন নি। গ্র্যাডুয়েটেড ট্যাক্স হলেও হাজার টাকা যাদের ইনকাম তার সাড়ে সাত পারসেন্ট ট্যাক্স পড়ছে। এবারে যে বিল কয়েকদিন পরে আসবে তাতে কি আছে—বেটারমেন্ট লেভী আসছে—স্লাম ক্লিয়ারেন্স বিলে সেটায় কি আছে

30 per cent. of the total valuation to be paid within 20 years.

স্যার, একটা বাড়ীর টোটাল ভ্যালুয়েশান যত হবে তার ৩০ পারসেন্ট পেমেন্ট করতে হবে সেই লোককে যদি বাড়ীর মালিককে বহন করতে হয় তাহলে আপত্তি ছিল না। এই আইনে এমন ক্ষমতা দেওয়া আছে যে আমরা যারা বাড়ী ভাড়া নিই বাড়ীর মালিক সেটা আমাদের উপর চাপিয়ে দেবে। তাহলে এই তিনটা বিলে সামগ্রীক ট্যাক্সের দৃষ্টিভঙ্গী যে ভাবে এসেছে সেটার বসাবার পদ্ধতি ডিটারমাইন্ড করার পদ্ধতি যেটা ফাইন্যাল অথোরিটি তার কমপোজিশান-এ দেখা যাবে শতকরা ৪৫ ভাগ লোক এই মিউনিসিপ্যালিটি থেকে আসবে আর বাকীগুলি সরকারের পক্ষ থেকে মনোনীত হবে। সেজন্য আমি বলেছি বুরোক্রাটিক সেট আপ। ওরা পপুলেশন বেসিসে ধরেণ না, এটা ধরা উচিত তাহলে দেখা যাবে ৬০ লক্ষ লোক যে মিউনিসিপ্যালিটির মধ্যে রয়েছে তাতে ১৬ জন হয় তাহলে গড়গড়তা দেখা যাচ্ছে একজন লোক প্রতিনিধিত্ব করছেন ৪ লক্ষ লোকের। এই অথোরিটির ভিতর প্রতিনিধিত্ব করবার জন্য যাচ্ছে। অবশ্য লোকসভায় ৭ লক্ষ লোক পাঠাতে পারে এক জনকে এবং আমরা বিধান সভায় ১ লক্ষ লোকের প্রতিনিধি পাঠাই। এখানে সাড়ে তিন লক্ষ লোক একজন প্রতিনিধি পাঠাবেন। এটা জেলারেল কাউন্সিলে রয়েছে।

[5-5—5-15 p.m.]

এঁদের কার্যকালটা কি, না এই যে প্রতিনিধি যাঁরা ইলেকটেড হয়ে আসছে তাঁদের কার্যকাল এক বৎসর। শৈলবাবু এখানে প্রভিশন রেখেছেন স্টেট গভর্নমেন্ট যদি মনে করেন তাহলে কার্যকাল বাড়িয়ে দিতে পারেন। আর বাকী যাঁরা আছেন তাঁদের স্টেট গভর্নমেন্ট যে কোন দিন ডিসাইড করতে পারেন যে কার্যকালটা কি হবে তাঁদের কার্যকালটা নির্ভর করছে যাঁরা নমিনেটেড, এক্স-অফিসিও থাকবেন স্টেট গভর্নমেন্টের ইচ্ছার উপর। তাহলে ত যাঁরা নমিনেটেড হয়ে আসছেন তাঁরা দীর্ঘকাল কাজ করবেন অথচ যাঁরা নির্বাচিত হয়ে আসছেন তাঁদের এক বছর পরে রিটায়ার করতে হবে। এই যে জেনারেল কাউন্সিলের কমপোজিশন এবং ট্যাক্সেশনের ধারাগুলি সামগ্রিক-ভাবে কলকাতার লোকের কাছে এই তিনটা এ্যাক্ট চালু হবার পর তাদের অবস্থা কি হবে সেটা বিচার কথা বলছি। তৃতীয় কথা হচ্ছে ঐ নমিনেশানর কথা রাখলেন, এক্স-অফিসিও তিনি রাখলেন, যদি এক্সপার্টস রাখতে হয়, শুধু ওদের এক্সপার্টস কেন ক্যালকাটা ইউনিভার্সিটি আছে, যাদবপুর ইউনিভার্সিটি আছে, শিবপুর কলেজ আছে, যাবদপুর টেকনোলজিক্যাল কলেজ আছে, এই সমস্ত কলেজের যে এক্সপার্টস আছে তাদের জন্য যদি সিট রাখা উচিত, এই সমস্ত কলেজ থেকে বা ইউনিভার্সিটি থেকে একজন করে নির্বাচিত আসবেন এটা যদি থাকতো তাহলে বোঝা যেত যে একটা ডেমোক্র্যাটিক বডি তৈরী করবার জন্য এঁরা চেষ্টা করছেন। কাজেই সেইজন্য বলছি এই ধরণের একটা বিল তাড়াতাড়ি পাশ করাবার প্রচেষ্টা না করে জনমত সংগ্রহের জন্য এটাকে পাঠান উচিত। সেইজন্য আমরা বলেছি ৩১শে ডিসেম্বরের মধ্যে জনমত সংগ্রহ হতে পারে এবং নেকষ্ট বাজেট সেসনে আমরা এটার আলোচনা করতে পারি। আর একটা কথা হচ্ছে,

আমরা টাকাটা পারো কোথা থেকে? ওয়ালর্ড হেল্‌থ অর্গানিজেশন থেকে টাকা দেবে। কিন্তু আন্তর্জাতিক যেসব প্রতিষ্ঠানগুলি আছে তাদের উপর মূলতঃ কর্তৃত্ব করে আমেরিকা। যেখানে আমরা এত বড় প্ল্যান করলাম, এত লোকজনকে নিমন্ত্রণ করলাম, তার জিনিসপত্রগুলি পাবো কোথায় সে সম্পর্কে যদি আমেরিকার উপরও থাকে তাহলে সেটা আমাদের ভাবতে হবে। আমরা ইতিপূর্বে দেখেছি আমেরিকার কাছ থেকে টাকা পাবার সম্ভাবনা আছে কিন্তু তারা কোন সর্ত ছাড়া দিচ্ছে না ঠিক সেইভাবে আমরা দেখেছি আমাদের দেশের উন্নয়নের জন্য যখন আমরা চেয়েছিলাম যে বোখারোতে আমাদের একটা ইস্পাত কারখানা করা হোক তখন তারা রাজী হয়নি, তারা সর্ত দিতে চেয়েছিল। জানি না এখানে তাদের সর্ত কি হবে। কারণ যার নিয়ামক হচ্ছে মার্কিন সম্রাজ্যবাদ সেই ওয়ালর্ড হেল্‌থ অর্গানিজেশন থেকে টাকা আসবে তার স্ট্রিংস, সুতোর বাঁধনগুলো কি আছে না আছে, এইগুলি ভালভাবে জানান হয়নি। আমরা কিছুদিন আগে থেকেই আলোচনা করে আসছি এবং অনবরতঃ বলছি যে প্রতিরক্ষা ব্যবস্থাকে শক্তিশালী করতে হবে কিন্তু এই রকম একটা উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে খুব সুষ্ঠুভাবে তার বাঁধনগুলি কোথায় তা না জেনে এই ধরণের পরিকল্পনা নেওয়া খুব সংশয়জনক বলে মনে হচ্ছে। সেইজন্য এই বিলটাকে আমাদের যাঁরা বিভিন্ন এক্সপার্টস আছেন, ইকনমিষ্ট আছেন, এক্সপার্টস টেকনোলজিষ্ট আছেন, তাঁদের মতামত নেওয়ার জন্য এটাকে এক মাসের জন্য সার্কুলেট করেন এবং নেক্সট বিধান সভায় এটা যদি তাঁরা তোলেন এবং তারপরে যদি আলোচনা করি তাহলে সিলেক্ট কমিটিতে যাঁরা যাবেন তাঁরা সঠিক সিদ্ধান্তে আসতে পারবেন এবং সঠিকভাবে বিল প্রনয়ণ করা যেতে পারবে। কারণ তিনটি বিল এক সঙ্গে কলকাতার মানুষের উপর প্রযোজ্য হচ্ছে, ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট এবং স্লাম ক্লিয়ারেন্স এ্যাক্ট। তাদের উপর যে ট্যাক্সের বোঝা চাপান হয়েছে এবং সেই ট্যাক্স আদায়ের পদ্ধতি অত্যন্ত কন্টাডিকটরি হবে এবং দুর্বহ হবে। সেইজন্য আমার যে সার্কুলেশন মোশন সেটা আমি রাকছি।

Shri Hare Krishna Konar: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th April, 1966.

Shri Amarendra Nath Basu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1965.

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th day of April, 1966.

Shri Anadi Das: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st May, 1966.

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় সদস্যগণ এই বিলের আলোচনা কালে যা বললেন তা আমি মনোযোগ সহকারে শুনেছি। আনন্দের কথা সকলেই একবাক্যে স্বীকার করেছেন যে এটা সুদূর প্রসারি, জনকল্যাণমূলক এবং গুরুত্বপূর্ণ একটা বিল তবে সকলেই খুটিনাটি সম্বন্ধে দু একটা কথা বলেছেন সেগুলি নিশ্চয়ই আমরা যখন এটাকে ৩০ জন সদস্য নিয়ে গঠিত সিলেক্ট কমিটিতে পাঠাচ্ছি পুনর্বিবেচনার জন্য তখন সেই সমস্ত দৃষ্টিভঙ্গী দিয়ে তাঁরা সমস্ত খুঁটিনাটি বিষয়গুলি আরো বিষদভাবে আলোচনা করে দেখবেন। সার্কুলেশন প্রশ্ন সম্বন্ধে আমি দু একটা কথা বলতে পারি। মাননীয় সদস্যগণের অবগতির জন্য বলতে পারি প্রায় তিন মাস আগে এই হাউসের লাইব্রেরিতে সি, এম, পি, ও, যে ইন্টারিম প্ল্যান তৈরী করেছেন সেটা রাখা হয়েছে মাননীয় সদস্যদের অবগতির জন্য। তা ছাড়াও আমরা সিলেক্ট কমিটির সদস্যগণের কাছে সমস্ত ইন্টারিম রিপোর্ট, প্ল্যান সরবরাহ করবো। তা থেকেও তাঁরা এই ৫ বছর ধরে এই পৌর এলাকা, বৃহত্তর কলকাতার যে উন্নয়ন পরিকল্পনা তার সম্বন্ধে আমাদের সরকারী বিশেষজ্ঞগণের কি দৃষ্টিভঙ্গী সেটা জানতে পারবেন। আমি নির্দেশ দিয়েছি প্রত্যেক সিলেক্ট কমিটির মেম্বারের কাছে এই

দুই ভলিউম ইন্টারিম প্ল্যান, ডিটেল, সমস্ত জিনিষ সরবরাহ করবার জন্য। দ্বিতীয়তঃ, এই বিলটা পাবলিস্ট হয়েছে দু মাস আগে সরকারী গেজেটে। আমরা এ পর্যন্ত কোন রিপ্রেজেন্টেশন কোন পাবলিক প্রতিষ্ঠানের কাছ থেকে পাইনি এবং কোন বিরোধী দলের মত এ বিষয়ে আমরা পাইনি। তা থেকে মনে হয় এটা গুরুত্বপূর্ণ বিল, আমরা দীর্ঘদিন এই বিলের প্রত্যাশায় আছি। সুতরাং এটার আর সার্কুলেশনের প্রয়োজন হবে না যেহেতু ৩০ জন সদস্য পুঙ্খানুপুঙ্খরূপে সিলেক্ট কমিটিতে তা আলোচনা করবেন। দু'-একটা মৌলিক প্রশ্ন-এর আলোচনা কালে উঠেছে, সে সম্বন্ধে আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাতে পারি ঐ যে গ্রুপিং তাতে অনেকে বলেছেন সব মিউনিসিপ্যালিটি তাহলে রিপ্রেজেন্টেশন পেলো না কেন। আপনারা লক্ষ্য করে দেখবেন রিপ্রেজেন্টেশন ভাগ করা হয়েছে পপুলেশন বেসিসে। একটা গ্রুপিং, একটা ওয়ার্ডের সমস্ত পপুলেশন জনসংখ্যার অনুপাতে একজন করে, ৩১টি মিউনিসিপ্যালিটি এবং দুটি কর্পোরেশন ছাড়া ৩৭টি নন-মিউনিসিপ্যাল আর্বান এরিয়ার জনসংখ্যার অনুপাতে ভাগ করে নন-অফিসিয়াল নেওয়া হয়েছে এবং কিভাবে তাঁরা নির্বাচিত হবেন সেটা সিলেক্ট কমিটিতে আলোচনা করার সময় আমরা স্থির করবো। আর একটা প্রশ্ন উঠেছে প্ল্যানিং সম্বন্ধে। কেউ কেউ বলেছেন ফাইনাল মাষ্টার প্ল্যান ১৯৬৬ সালে যখন বের হবে ততদিন পর্যন্ত অপেক্ষা করা উচিত ছিল। ফাইনাল মাষ্টার প্ল্যান যে ইনটারিম প্ল্যান সদস্যদের কাছে দিয়েছি, লাইব্রেরীতে রেখেছি তারই ভিত্তিতে হবে। এটা মাষ্টার প্ল্যানের অঙ্গ, এটা পরিকল্পনার একটা ভিত্তি। সেই অনুসারে কাজ করবার আইনত কোন ক্ষমতা পর্যন্ত ছিল না, সেটা করবার জন্য মেট্রোপলিটন প্ল্যানিং অথরিটি তৈরী হচ্ছে এবং আপনারা জানেন আমরা এই ইন্টারিম প্ল্যানের ভিত্তিতে তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনায় কাজ আরম্ভ করে দিয়ে অনেকগুলি প্ল্যান যেগুলি মাননীয় সদস্যরা পেয়েছেন, মাননীয় সদস্যদের প্রশ্ন উত্তরে আমরা জানিয়েছি তার মধ্যে সর্বপেক্ষা গুরুত্বপূর্ণ হল প্রায় ৭॥ কোটি টাকা খরচ করে ইন্টারিম ইমার্জেন্সি ওয়াটার সাপ্লাই স্কীম ইন ডিফারেন্ট এরিয়াস্ যেমন চন্দননগর থেকে আরম্ভ করে দমদম, হাওড়া, কলকাতার, টালিগঞ্জ ইত্যাদি নানা জায়গায় জল সরবরাহের কাজ সুরু হয়ে গিয়েছে। তাছাড়া আর একটা কথা উঠেছে যে মিউনিসিপ্যালিটিগুলির ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে। ক্ষমতা কেড়ে নেওয়া হয়নি বরং তার ঘার থেকে অনেক বোঝা কমিয়ে দেওয়া হচ্ছে, তাদের আরো বহু কাজ করবার আছে। আমি গোড়াতেই বলেছি যে এই ড্রেনেজ, সুয়ারেজ এবং ওয়াটার সাপ্লাই. এটা ছোট এলাকার দৃষ্টিভঙ্গী নিয়ে চলেনা,

It requires a unified highly technical body and not be diversified by local agencies.

তার মানে আজকে একটা মিউনিসিপ্যালিটি যার এলাকা হয়ত তিন বর্গমাইল, তার ড্রেনেজের সমস্যা সমাধান করা একার পক্ষে সম্ভব নয় কারণ তার এলাকার সঙ্গে অন্য এলাকা সংযুক্ত. তার লেভেলিং তার পার্শবর্তী এলাকার সঙ্গে সংযুক্ত।

[5-15—5-25 p.m.]

সেই রকম কলকাতার বৃহত্তর এলাকার যে রেডিয়াস যা সার্ভে করে দেখা গেছে যে তাতে সমস্ত এলাকা যেমন আমরা দেখছি কলকাতায় একদিন সুয়ারেজ হয়েছিল—কিন্তু আজ একটু জল হলে সমস্ত কলকাতা ডুবে থাকে। ৮০ বছর আগে যেটা হয়েছিল সেটা আজকে অপ্রতুল হতে চলেছে প্রয়োজনের তুলনায়। সুতরাং কলকাতার পয়ঃপ্রণালী সমস্যার সমাধান করতে গেলে লেভেলিং দূর পর্যন্ত নিয়ে যেতে হবে। সেটা বিশেষজ্ঞরা ভেবেছেন আজকে আমরা ভাবছি যে ফরাক্কার যে বিরাট ভাগীরথীর জলাধার তৈরী হচ্ছে ৭৭ কোটি টাকা ব্যয়ে সেই জল এক দিকে যেমন হুগলীর নাব্যতা বাড়াবে এবং তার লবণতা কমিয়ে দেবে তেমন আমরা বহু জল আনবো যে জল আমরা পানীয় জলের জন্য সরবরাহ করতে পারবো। সুতরাং সমস্ত কিছুই একটা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি থেকে একটা অথরিটির আন্ডারে করতে হবে। কাজেই একটা ইউনিফায়েড বডির দরকার। কিন্তু মিউনিসিপ্যালিটির সমস্ত ক্ষমতা আইনের ভিতর প্রোভাইড করা হয়েছে। আমরা

তু তাদের হাত থেকে তিনটি কাজের ভার নিয়ে নিই তাহলে তাদের যে সমস্ত কর্মচারী আছে রা এই প্রতিষ্ঠানের আন্ডারে এসে যাবে। সুতরাং মিউনিসিপ্যালিটির ঘাড় থেকে বোঝা নামিয়ে লে তাতে খরচ কমে যাবে ওয়াটার সাপ্লাই, ড্রেনেজ, এবং সুয়ারেজ—এই তিনটি জিনিস নিয়ে লে মিউনিসিপ্যালিটির ঘাড় থেকে বোঝা কমবে এবং বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে সুষ্ঠভাবে রিচলিত হবে। সেইজন্য তাদের পক্ষ থেকে প্রত্যেক এলাকার সদস্য রাখা হচ্ছে। এখানে ১৬ ন রাখা হয়েছে পপুলেসন ভিত্তিতে। পৃথিবীর অন্যান্য সহরেও এই সমস্ত জিনিস হচ্ছে ন্ডন মেট্রোপলিটন অথরিটি, ওয়াশিংটনে, ফিলিপাইনে, আফ্রিকার মত ঘন জায়গায় সেখানেও ট্রোপলিটন অথরিটি করে এই বিরাট সমস্যার সমাধান করছেন। মিউনিসিপ্যালিটির সংগে কোন ঘর্ষ নেই। মিউনিসিপ্যালিটির হাতে বাকী কাজ কি রইলো রাস্তাঘাট, লাইটিং, বাধ্যতামূলক থমিক শিক্ষা এই সমস্ত মিউনিসিপ্যালিটির হাতে আসছে—মেটারনিটির অসংখ্য কাজ উনিসিপ্যালিটির হাতে রয়েছে সুতরাং এই তিনটি চলে গেলে যে মিউনিসিপ্যালিটির অধিকার ুন্ন করা হবে তা নয়, বরং লঘু দায়িত্ব নিয়ে তারা আরও সুক্ষ্মভাবে কাজ চালাতে পারবে। একটা জ্ঞানিক দৃষ্টিভঙ্গি নিয়ে যদি একটা ইউনিফায়েড বডির দ্বারা পরিচালিত হয় তাহলে কাজ াশা করা যায় ভালভাবে চলবে। অনেকে বলেছেন এটা অগণতান্ত্রিক। অবশ্য ওঁরা চিরকালই ই কথা বলেন—কিন্তু সভা যখন একটা আইন পাশ করছে সেই আইনের মাধ্যমে যদি ক্ষমতা ওয়া হয় তাহলে সেটা অগণতান্ত্রিক কি করে হয় তা আমি বুঝতে পারছি না। সুতরাং এই র্কুলেসন মোসনের বিরোধীতা করছি এবং আশা করি সিলেক্ট কমিটিতে যাওয়ার প্রস্তাবটা র্বিবাদী সম্মতভাবে গ্রহণ করা হবে।

Shri Khagendra Kumar Ray Chaudhury:

কার কথাটা বল্লেন না—টাকার কথাটা বলুন।

Shri Saila Kumar Mukherjee:

মেরিকা থেকে টাকা আসবে এটা কোথায় আছে? আমরা লোন ফ্রম গভর্নমেন্ট, ater charge based on consumption, surcharge and water tax, property tax ুলি রেখেছি কেন? যদি লোন করি সেগুলি শোধ করার জন্য এটা কোন দান নয় ভিক্ষা নয়। া কোথা থেকে পাবো? লোন নিলে সেই লোন পরিশোধের ক্ষমতা রেখেছি। সুতরাং ওটা ন করবেন না যে আমেরিকা আমাদের অনুগ্রহ দিচ্ছে। তাঁরা যদি সাহায্য করতে চান বিনা র্তে ভাল—সব বিষয়ে যেমন আছে নিশ্চয় নেবো। বৈজ্ঞানিক সাহায্য করতে চান তাও নেবো। ধু আমেরিকা কেন যে আসবে তাদের কাছ থেকে নেবো ফ্রান্স, সুইজারল্যান্ড, জাপান, তাদের ছ থেকেও নিতে পারি। সুতরাং আমি সিলেক্ট কমিটির মোসন সমর্থন করছি সার্কুলেসন সনটির বিরোধিতা করছি।

Shri Balai Lal Das Mahapatra:

নায় মন্ত্রিমহাশয় এটা পরিষ্কার করে দিন যে ডিরেক্টারের দু' বছর চার বছর ছ' বছর এটা ন?

Shri Saila Kumar Mukherjee:

লেক্ট কমিটি এটা পরিবর্তন করে দিতে পারেন।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion ereon was then put and lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that the Calcutta Metropolitan Water and Sanitation Authority Bill, 1965, be referred to a Select mmittee of this House consisting of 30 members, namely:

1. Shri Saila Kumar Mukherjee,
2. Shri S. M. Fazlur Rahman,
3. Shri Sankardas Banerji,

4. Shri Naresh Nath Mookerjee,
5. Kumar Jagadish Chandra Sinha,
6. Shri Asoke Krishna Dutta,
7. Shri Siddhartha Shankar Ray,
8. Shri Krishna Kumar Shukla,
9. Shri Karam Hossain,
10. Shri Bijesh Chandra Sen,
11. Shri Jehangir Kabir,
12. Shri Jnanatosh Chakravarty,
13. Shri S. M. Abdullah,
14. Shrimati Biva Mitra,
15. Shri Bijay Krishna Bhattacharyya,
16. Dr. Pratap Chandra Chunder,
17. Shri Anil Maitra,
18. Dr. Susil Kumar Das Gupta,
19. Shri Kanai Lall Dey,
20. Shri Clifford Noronha,
21. Shri Somnath Lahiri,
22. Shri Gopal Banerjee,
23. Shri Sambhu Charan Ghosh,
24. Dr. Narayan Chandra Roy,
25. Shri Bejoy Kumar Banerjee,
26. Shri Nikhil Das,
27. Shri Kashi Kanta Maitra,
28. Dr. Kanai Lal Bhattacharya,
29. Shri Anadi Das, and
30. Shri Monoranjan Roy.

with instructions to submit their report by the 7th December, was then put and agreed to.

Mr. Speaker: Now, we take up the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965.

Shri Jagannath Kolay:

স্যার, এই বিলটি আরম্ভ হবার আগে আমি কিছু বলতে চাই। কিছুক্ষণ আগে আপনার সঙ্গে আমার একটু কথা কাটাকাটি হয়ে গেছে, এটা একটু ভুল হয়ে গেছে। এটা আর অন্য কিছু নয়। আমি আপনার কাছে নিবেদন করবো যে অন্য বারে যেমন আমার কাছে একটা নোটিশ পাঠানো হোত, আমি টাইম দিতাম—কিন্তু এবারে এটা না হবার জন্য আমি কিছু বুঝতে পারি নি যে কি হোল এবং আপনি স্বভাবত চিন্তা করে দেখুন যে গত ১৫ দিনে যেভাবে আমাদের বিসনেস হয়েছে, আজকে কোথায় ফাইন্যান্স ট্যাক্সেসান বিল হবার কথা ছিল তার জায়গায় মেট্রোপলিটন স্যানিটারী এ্যান্ড প্ল্যানিং বিলটা হচ্ছে। সেইজন্য আমি চিন্তা করে এটা দেখছিলাম যে যদি পার্লামেন্টের মত করতে পারা যায় যে হাউসের সিডিউল্ড টাইমের পরে যদি হাফ অ্যান আওয়ার ডিসকাসন হয় তাহলে আমাদের সিডিউল্ড বিজনেসগুলি হতে পারে। কাজেই এইভাবে কথা-কাটাকাটি করার জন্য আমি দুঃখিত। আমি এ সব পছন্দ করি না। আমি আশা করি যে আপনি এতে কিছু মনে করবেন না।

Mr. Speaker:

ঠিক আছে, ঠিক আছে।

The West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965.

Shri Sowrindra Mohan Misra: Sir, I beg to introduce the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to place a statement under rule 72(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. This will explain in the circumstances which have necessitated immediate legislation by ordinance. Sub-sections (2) and (3) of section 11 of the West Bengal Panchayat Act which relate to the constitution of Gram Panchayats had been declared *ultra vires* by the High Court. It was risky in the opinion of the Legal Remembrancer to hold further elections before amending the section in the light of the observations of the High Court. Elections had already been due in many areas and the maximum period of three years by which the term of office of Gram Panchayat members can be extended had also expired in several areas and was going to expire shortly in others. Amendment of the two sub-sections was, therefore, immediately needed to validate future elections.

Section 57(1)(a) of the West Bengal Panchayat Act and rule 110A under the said Act had been declared *ultra vires* by the High Court. Assessment and realisation of taxes by Anchal Panchayat had therefore been jeopardised. To avoid financial deadlock, it was necessary, therefore, to immediately amend the said section and rule in the light of the observations of the High Court.

In many cases the election of members, Adhyakshas or Pradhan has been challenged under article 226 of the Constitution, and as a result of interim injunction the Panchayats cannot function in many areas.

[5-25—5-30 p.m.]

With the election of the Pradhan, the Bengal Village Self-Government Act has also ceased to operate in these areas so that no union board can be constituted in these areas. The result is that there is complete vaccum in these areas which are neither administered under the Bengal Village Self-Government Act nor under the Panchayat Act. There is no assessment or realisation of rates and taxes, no payment of salary to the rural police and no development work of any kind under the West Bengal Panchayat or Zilla Parishads Act in these areas. As the period of injunction was often long and uncertain, it was necessary immediately to introduce a new provision section 68A, in the West Bengal Panchayat Act under which all powers, duties and functions of the Gram Panchayat or Anchal Panchayat, as the case may be, shall during the period of injunction be exercised and performed by and all property vest in such authority, person or persons and in such manner as the prescribed authority may direct. District Magistrates have been made prescribed authority for this purpose by a notification.

In the absence of certain statutory powers of the Chairman, Vice-Chairmen of Zilla Parishad, there was deadlock in one Zilla Parishad which refused to delegate powers under section 16 of Zilla Parishads Act. Legislation conferring powers on the Chairman, Vice-Chairman of Zilla Parishad and President, Vice-President of Anchalik Parishad was, therefore, immediately needed to resolve the said deadlock. Sections 8 and 56 of the West Bengal Zilla Parishads Act were, therefore, amended and sections 16 and 63 repealed.

For the smooth and efficient working of the Panchayati Raj bodies, it was urgently necessary to implement the decision of the Government that the Chairman, Vice-Chairman of Zilla Parishads and President, Vice-President of Anchalik Parishads should be ex-officio member of all the Standing Committees. Sections 34 and 80 of the West Bengal Zilla Parishads Act have accordingly been amended by the Ordinance.

A few other minor amendments had also to be made in the two Acts by the said Ordinance.

Sir, I beg to move that the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965, be taken into consideration.

আমি এই মাত্র স্টেটমেন্ট এ্যান্ড অবজেক্টস-এ যেটা বললাম এবং বিলের সঙ্গে যে স্টেটমেন্ট এ্যান্ড অবজেক্টস্ লেখা আছে সেটা মাননীয় সদস্যরা যদি একটু অনুধাবন করেন তাহলে দেখবেন যে বিশদভাবে এই বিল আনার কি প্রয়োজন তা লেখা আছে। হাই কোর্ট কতকগুলি সেকশন তে আলট্রা ভায়রাস করেছে নূতন নির্বাচন আমরা করতে পারছি না, সেজন্য কতকগুলি এ্যামেন্ডমেন্ট করা হচ্ছে। এই সঙ্গে পঞ্চায়েতী রাজ বডিজ কিভাবে চলবে না চলবে সেজন্য সমস্ত ভারতবর্ষ যে শান্তানাম কমিটি হয়েছিল তার রিপোর্ট অনুযায়ী গ্রাম সভায় যারা অধ্যক্ষ তাদের অঞ্চল পঞ্চায়েত নেওয়া উচিত বলে আমরা এ্যামেন্ড করছি। এখানে একটা বিষয়ে অনেকে হয়ত বলবেন যে আমি আগেই বলে রাখতে চাই যে এই বিলের মধ্যে জেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট, ভাইস-প্রেসিডেন্ট-কে অনারারিয়াম ইচ্ছা করলে সরকার দিতে পারে সেটার ক্ষমতা চাই। আর একটা হচ্ছে সেকেন্ডারী এডুকেসান-এর কাজ জেলা পরিষদ যাতে করতে পারেন সেই ক্ষমতাও নূতন এ্যামেন্ডমেন্ট-এ এনেছি। এটাকে মোটামুটি ২ ভাগে ভাগ করা যায়—এর একটা হচ্ছে হাই কোর্ট যে ডিসিসান করেছেন সেই অনুযায়ী এবং এর কাজের সুবিধার জন্য এই রকম ছোটখাট এ্যামেন্ডমেন্ট আনা হচ্ছে। আমি আপনার মাধ্যমে জানাব এবিষয়ে চিন্তা করে সদস্যরা তাঁদের মতামত দেবেন।

Adjournment

The House was then adjourned at 5-30 p.m. till 1 p.m. on Tuesday, the 16th November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 16th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 1 Ministers of State and 160 Members.

HELD OVER STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Detenus arrested under D.I.R.

*45. (Admitted question No. *398.) **Shri Tarun Kumar Sengupta:**

স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে, ভারতরক্ষা আইনে বিনা বিচারে কারারুদ্ধ সর্ব মোট কতজন রাজনৈতিক বন্দী আছেন;

(খ) উক্ত বন্দীদের মধ্যে যাঁহারা রোগে ভুগিতেছেন, তাঁহাদের সংখ্যা কত; এবং

(গ) উক্ত বন্দীদের কাহাকেও মুক্তি দেওয়ার কথা সরকার বিবেচনা করিতেছেন কি?

Shri Ardhendu Shekhar Naskar:

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে ভারতরক্ষা আইনের ৩০ ধারা অনুসারে যাহারা আটক আছেন তাঁহাদের মধ্যে সর্বমোট ২৪৯ জন বিভিন্ন রাজনৈতিক দলভুক্ত।

(খ) উক্ত বন্দীদের মধ্যে যাঁহারা কোন না কোন অসুস্থতায় ভুগিতেছেন তাঁহাদের সংখ্যা ৬২।

(গ) না।

Dr. Narayan Chandra Roy:

আপনি অসুস্থতা সম্বন্ধে, যেগুলি বললেন, তারমধ্যে ভেরিয়েসান, বিভিন্ন রকমের রোগ আছে। আপনি এ সম্বন্ধে কোন বিবৃতি দিতে পারেন?

Shri Ardhendu Shekhar Naskar:

আমার কাছে যে তথ্য আছে, বিভিন্ন কারায় যারা যে যে রোগে ভুগছেন, তার প্রত্যেকের সংখ্যা আমি বলে দিতে পারি। আর রোগ সম্পর্কে কিছুটা তথ্য আমার কাছে আছে, আপনি যদি নির্দিষ্ট বন্দী সম্বন্ধে জানতে চান, তাহলে বলার পক্ষে সুবিধা হয়।

Dr. Narayan Chandra Roy:

আজকের ওরাল কোশ্চেন-এ যাদের নাম আছে, মৃগেন ভট্টাচার্জী থেকে আরম্ভ করে মজাফ্ফর আমেদ, সতীশ পাকড়াসী, রাধানাথ চট্টোপাধ্যায়, বিজয় পাল, সুবোধ চৌধুরী, এম এল এ তার সঙ্গে আমি আর একটা নাম যোগ করতে চাচ্ছি—চারু মজুমদার।

Shri Ardhendu Shekhar Naskar:

মজাফ্ফর আহমেদ সম্বন্ধে তথ্য আমার কাছে আছে, আপনি যদি জানতে চান বলে দিতে পারি। ৭-১১-৬৫—গোড়া থেকে বলছি।

He suffered from an attack of cold from 29th October, 1965. He was examined by the medical specialist in the Dum Dum Central Jail on the same day when found as per note of the specialist.

তার পালস্ রেট কত, তার ব্লাড প্রেসার কত, তার হার্ট কি রকম, সেটা আপনি ভাল করে বুঝতে পারবেন।

Since he is suffering from cold which has gone down to his chest.

Dr. Narayan Chandra Roy:

শ্রীরাধানাথ চট্টরাজ, এম এল এ, ও শ্রীবিজয় পাল, এম এল এ—এদের সম্বন্ধে কিছু বলতে পারেন?

Shri Ardhendu Shekhar Naskar:

লিস্ট আমার কাছে আছে, তবে পরের কোশ্চেনে সব জবাব দেবার চেষ্টা করবো।

Shri Sanat Kumar Raha:

মন্ত্রিমহাশয় কি জানাবেন আরো কতগুলি রাজবন্দী পারিবারিক ভাতা পান নাই?

Shri Ardhendu Shekhar Naskar:

সেটা আলাদা কোশ্চেন, পরে জবাব দেব।

Shri Nikhil Das:

আপনি বলেছেন ভারতরক্ষা আইনে কতজন আটক আছেন, আমার জিজ্ঞাস্য হচ্ছে ট্রাম আন্দোলনের ব্যাপারে কতজন বিনা বিচারে আটক আছেন?

Shri Ardhendu Shekhar Naskar:

আমি পরের প্রশ্নে এর জবাব দেব।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি বলতে পারেন যারা রোগে ভুগছেন, তার মধ্যে কতজনের রোগ খুব সিরিয়াস নেচার-এর বলে রিপোর্টেড হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

সিরিয়স নেচার-এর কত জন সে-তথ্য আমার কাছে নাই, তবে সবশুদ্ধ ৬২ জন ভুগছেন।

Shri Sailendra Nath Adhikary:

আমি জিজ্ঞাসা করছি সিরিয়াস্ নেচার-এর কতজন?

Shri Ardhendu Shekhar Naskar:

ডাক্তার যেভাবে রিপোর্ট করেছেন, সেইভাবে তাঁদের সম্বন্ধে ব্যবস্থা করা হচ্ছে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি হাউসকে অ্যাসিওর করতে পারেন—যাদের সম্বন্ধে স্পেশালিস্ট ডাক্তার রিপোর্ট করেছেন অবস্থা অত্যন্ত গুরুতর, খারাপ বলে মনে হচ্ছে, তিনি তাঁদের মুক্তি দেবার নির্দেশ দেবেন মানবতার খাতিরে?

Shri Ardhendu Shekhar Naskar:

সেটা সরকার বিবেচনা করবেন।

Dr. Narayan Chandra Roy:

আমি জিজ্ঞাসা করেছিলাম যে ৬০।৬২ জন অসুস্থ আছেন অসুখে ভুগছে আপনি বললেন, তাঁদের মধ্যে নিশ্চয়ই কিছু লোক আছেন যারা সর্দিকাসিতে ভুগছেন, আর কিছু হার্টের অসুখে ভুগছেন। কাজেই তাঁদের সবাইকে এক কেটাগরিতে ফেলে দিলে আমার প্রশ্নের জবাব হবে না। পৃথকভাবে দেখান উচিত।

Shri Ardhendu Shekhar Naskar:

আমার কাছে পুরো লিষ্ট আছে।

Dr. Narayan Chandra Roy:

তাদের মধ্যে প্লুরিসি আছে, তার জন্য কি ক্লাসিফিকেসন নাই? সরকারের কি ব্যবস্থা হচ্ছে যে সব সিরিয়াস অসুখে ভুগছে?

Shri Ardhendu Shekhar Naskar:

তাদের সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

Shri Panchu Copal Bhaduri:

আমার কাছে খবর আছে দয়াল প্রসন্ন কুমার যিনি বাতরোগে পঙ্গু হয়ে শয্যাশায়ী আছেন, তাঁর সম্বন্ধে সরকার কিছু বিবেচনা করছেন কিনা?

Shri Ardhendu Shekhar Naskar:

তাঁর সম্বন্ধে উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করা হচ্ছে।

Shri Panchu Copal Bhaduri:

তাঁকে কি ছেড়ে দেওয়ার কোন প্রস্তাব আছে?

Shri Ardhendu Shekhar Naskar:

এ প্রশ্ন এখান থেকে ওঠে না।

Dr. Narayan Chandra Roy:

আমি তিনজন সম্বন্ধে অত্যন্ত গুরুতর অসুখ সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করেছি। আপনি কি অবগত আছেন বিজয় পাল, তাঁর হাত-পা শুকিয়ে যাচ্ছে, হাত-পা টেনে ধরেছে। মুভ করতে পারছেন না, রিপোর্ট হচ্ছে হার্ড কেস; রাধানাথ চট্টরাজ—তার করোনারি কেস,

হাই ব্লাড প্রেসার বলে রিপোর্ট আছে কিনা? আর সতীশ পাকড়াসী অত্যন্ত হাই প্রেসারে ভুগছেন—এরকম তার রিপোর্ট আছে কিনা? আর একজন সুবোধ চৌধুরী—তিনিও হাই ব্লাড প্রেসার-এ ভুগছেন। এদের সমস্ত অর্ডিনারী কেসের মধ্যে ফেলা ঠিক হয় নাই। যিনি রিপোর্ট দিয়েছেন, সেই অফিসার সত্য রিপোর্ট পরিবেশন করেন নাই?

Shri Ardhendu Shekhar Naskar:

যখন মাননীয় সদস্য আমার দৃষ্টি আকর্ষণ করছেন, তখন আমি বিশেষ তদন্ত করে পরে সবিশেষ বলতে পারবো।

Shri Monoranjan Roy:

এই বিজয় পাল সম্পর্কে বার বার করে মন্ত্রিমহাশয়কে বলা হচ্ছে তিনি এই হাউসের মেম্বার। আমি জানি যখন আমি প্রেসিডেন্সী জেলে ছিলাম ট্রাম আন্দোলনের সময় তখন দেখে এসেছি তিনি চলতে ফিরতে পারেন না, হাত-পা প্যারালাইসড হয়ে যাচ্ছে, সম্পূর্ণ চলচ্ছক্তি রহিত হয়ে গেছেন। বিজয় পাল সম্পর্কে একটা রিপ্রেজেন্টেশান দেওয়া হয়েছে। রাধানাথ চট্টরাজ তাঁরও হার্টের অসুখ নড়তে চড়তে পারেন না। সতীশ পাকড়াশী তিনি হাই ব্লাড প্রেসারএ ভুগছেন, চলাফেরা করলে মাথা ঘুরে পড়ছেন, এঁদের ট্রিটমেন্ট সম্পর্কে কিছু জানাবেন? স্পেসালিস্ট দেখাবার ব্যবস্থা করছেন কিনা? তাঁদের পি জি হস্পিটালে পাঠান হয়েছিল, সেখান থেকে বলে দিয়েছে যে তাঁরা চিকিৎসার বাইরে চলে গেছেন। এ খবর আপনার জানা আছে কি?

Shri Ardhendu Shekhar Naskar:

মাননীয় সদস্য একটা বিরাট স্টেটমেন্ট করলেন। তবে আমি তাঁকে একথা বলতে পারি তাঁদের চিকিৎসার কোন ত্রুটি হচ্ছে না।

Shri Monoranjan Roy:

বিজয় পালের অবস্থা চিকিৎসার বাইরে চলে যাচ্ছে, তাঁকে ছেড়ে দেবার ব্যবস্থা করছেন কি? তাঁর সম্বন্ধে কি ব্যবস্থা করছেন?

Shri Ardhendu Shekhar Naskar:

যাঁরা সরকারের বন্দীরূপে রয়েছেন, সরকারের যা করবার নিশ্চয়ই তা তাঁরা করবেন।

[1-10—1-20 p.m.]

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই প্রশ্নগুলি একটা পিন পয়েন্টে করা আছে। প্রশ্নের উত্তরটা ডিপার্টমেন্ট থেকে যদি কারেক্টলি ক্লাসিফাই করে না নেন তাহলে তার গুরুত্ব কখনই সরকার জানতে পারে না।

শ্রীঅর্বেন্দু শেখর নস্করঃ

মাননীয় স্পীকার মহাশয় আপনি যদি আদেশ দেন তাহলে আমি প্রত্যেক পেসেন্ট সম্বন্ধে একটা ডিটেল বক্তব্য এখানে রাখতে পারি মাননীয় সদস্যদের অবগতির জন্য, কারণ আমার কাছে এ সম্বন্ধে একটা লিষ্ট আছে।

শ্রীমনোরঞ্জন রায়ঃ

লিস্ট পড়ার কথা নয়, কারা গুরুতর অবস্থায় আছেন, তাঁদের কেস সারবে না বলে মনে করছেন, সেটা আমাদের কাছে ক্লাসিফাই করে বলুন।

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

প্রত্যেকটি কেসের সম্বন্ধে ডাক্তারের রিপোর্ট আছে, স্পীকার মহাশয় যদি পারমিশন দেন তাহলে সে লিস্টটা পড়ে দিতে পারি।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই যে যাদের বললেন গ্রেপ্তার করা হয়েছে ভারতরক্ষা আইনে তাদের কেসটা আপনারা ৩ মাস ৬ মাস অন্তর রিভিউ করেন কিনা এবং রিভিউ করে সিদ্ধান্তে পৌঁছেছেন কিনা যে তাদের আটক রাখা প্রয়োজন, না অন্য ব্যবস্থা করা প্রয়োজন ?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

মাননীয় সভাপাল মহাশয়, এই প্রশ্ন থেকে ঐ প্রশ্ন ওঠে কিনা আপনি বিচার করুন।

Persons arrested in connection with Tram fare resistance movement

***58.** (Admitted question No. *437.) **Shri Subodh Chowdhury:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state-

(a) how many of those who are arrested and detained in connection with tram fare resistance movement are still in Jail; and

(b) how many of them are undertrials and how many of them were arrested under Rule 30 of D.I.R.?

Shri Ardhendu Shekhar Naskar: (a) and (b) Only 4 persons involved in specific cases are still in jail. No person detained under rule 30 of D.I.R. exclusively in connection with the movement are in detention now.

Sixty persons including 10 persons in 24-Parganas district are still undergoing trial in specific cases.

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ

আপনি কি বলবেন এই ট্রাম আন্দোলনের সময় যাঁদের গ্রেপ্তার করেছেন, আপনি এখনি বললেন যে জ্যোতিবাবুকে এই কারণে গ্রেপ্তার করেছিলেন, তাঁকে ছাড়া হয় নি কেন?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

এখানে প্রশ্ন আছে ট্রাম আন্দোলনে যাঁদের ধরা হয়েছে—তার উত্তরে বলা হয়েছে যে তাঁদের ছেড়ে দেওয়া হয়েছে। যাঁদের বিরুদ্ধে ট্রাম আন্দোলন ছাড়া অন্য স্পেসিফিক চার্জ আছে তাঁদের ছাড়া হয় নি।

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ

আমার জিজ্ঞাস্য হচ্ছে জ্যোতিবাবুকে ট্রাম আন্দোলনের নাম করে ধরেছিলেন, পরে আর সকলকে ছাড়ার পর তাঁকে ছেড়ে দেবার কথা হয়েছিল কিন্তু আজও তাঁকে এবং যাঁরা এখনও আটকে আছেন তাঁদের ছাড়া হয় নি, অথচ কোন কেস হয় নি কেন?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর:

মাননীয় সদস্য যদি এই প্রশ্নটা যেটা করেছেন পড়ে দেখেন তাহলে দেখবেন ট্রাম আন্দোলনের কথা জানতে চেয়েছিলেন এবং তার উত্তর আমি দিয়েছি।

শ্রীনিখিল দাস:

জ্যোতিবাবুকে কোন্ তারিখে ধরা হয়েছিল ভারত রক্ষা আইনে?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর:

নির্দিষ্ট তারিখ আমার পক্ষে বলা সম্ভব নয়। তবে আমি এই কথা বলতে পারি আপনাদের যে প্রশ্ন আছে ট্রাম আন্দোলন নিয়ে তার উত্তর আমি দিয়েছি।

শ্রীনিখিল দাস:

মাননীয় স্পীকার মহাশয়, ট্রাম আন্দোলন ২৫।২৬ তারিখ থেকে শুরু হয়েছিল। জ্যোতিবাবু বাইরে থেকে ২৭।২৮ তারিখে এরোড্রামে নামার সংগে সংগে তাঁকে এ্যারেস্ট করা হয় এবং ট্রাম আন্দোলনের সময় তাঁর অ্যারেস্টের ওয়ারেন্ট ছিল। সেই সময় আরও বহু বিরোধী নেতাদেরও ধরা হয়। তারপর ঐ চার্জে তাঁকে ছেড়ে দিয়ে অন্য কোন চার্জে ধরেছেন কিনা সেটা বললে আমাদের কাছে জিনিসটা পরিষ্কার হয়।

শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর:

ট্রাম আন্দোলন ছাড়া অন্য গ্রাউন্ডে যাঁদের ধরা হয়েছে তাঁদের ছাড়া হয় নি। এখানে শুধু ট্রাম আন্দোলনে ধৃত ব্যক্তিদের সম্পর্কে প্রশ্ন করা হয়েছে, তার উত্তরে বলেছি তাদের ছেড়ে দেওয়া হয়েছে।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন জ্যোতি বাবুকে যখন ধরা হয় ট্রাম আন্দোলন সংক্রান্ত ব্যাপারে তারপর তাঁকে ছেড়ে দিয়ে আবার কি তাঁকে ডি আই আর-এ ধরা হয়েছে?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর:

এই প্রশ্ন উঠতে পারে কিনা জানি না তবে অন্যভাবে যদি নোটিশ দেন তাহলে আমি জবাব দিতে পারি।

শ্রীনিখিল দাস:

মাননীয় স্পীকার মহাশয়, প্রশ্নটা গুরুত্বপূর্ণ এই দিক থেকে যে আমাদের বিধানসভার কয়েক জন মাননীয় সদস্যকে ট্রাম আন্দোলনের গোড়ায় ধরা হয়েছিল যেমন রবীন মুখার্জী, জ্যোতি বসু ইত্যাদি এই ধরনের বহু লোক আমরা এক সংগে ডি আই আর-এ জেলে ছিলাম স্পেসিফিক্যালি দু'চার জন এম এল এ,-কে ধরা হয়েছিল, এখন আমাদের কয়েক জনকে ছেড়ে দেওয়া হয়েছে এবং দু'চারজনকে এখনও জেলে আটকে রাখা হয়েছে—জ্যোতি বসু এবং আরো কয়েক জনকে। জ্যোতিবাবুর প্রশ্নে আপনি বলছেন তাঁকে ট্রাম আন্দোলনের ব্যাপারে ধরে রাখা হয় নি, স্পেসিফিক চার্জে ধরে রাখা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে তাঁকে কি ছেড়ে দিয়ে আবার ধরেছেন, না ঐ যে ধরেছেন ঐ ধরেই রেখে দিয়েছেন?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর:

স্যার, আমি আগেই জবাব দিয়েছি, ডিটেলস্ জানতে হলে নোটিশ না দিলে জবাব দিতে পারব না।

শ্রীমনোরঞ্জন রায়ঃ

ট্রাম আন্দোলনের সময় কি জ্যোতি বাবুকে ধরা হয়েছিল?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

শুধু জ্যোতি বাবু কেন বহু ব্যক্তিকেই ধরা হয়েছে। যাঁরা সেন্ট পার্সেন্ট ট্রাম আন্দোলনের সঙ্গে যুক্ত তাঁদের সবাইকে ছেড়ে দেওয়া হয়েছে।

শ্রীপাঁচু গোপাল ভাদুড়ীঃ

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, জ্যোতিবাবুর এগেনস্টে ট্রাম আন্দোলন ছাড়া অন্য কোন চার্জ ছিল কিনা?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

যাঁদের ছাড়া হয় নি তাঁদের এগেনস্টে অন্য আরো স্পেসিফিক চার্জ ছিল যার জন্য ছাড়া হয় নি।

শ্রীঅশ্বিনী রায়ঃ

মাননীয় মন্ত্রিমহাশয় এক্ষনি বললেন যে যাঁদের বিরুদ্ধে ট্রাম আন্দোলনের সেন্ট পার্সেন্ট চার্জ ছিল তাঁদের ছেড়ে দেওয়া হয়েছে। আমি জিজ্ঞাসা করছি জ্যোতি বাবুর বিরুদ্ধে কত পার্সেন্ট ট্রাম আন্দোলনের চার্জ ছিল এবং কত পার্সেন্ট অন্য চার্জ ছিল?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

আমার কাছে দাঁড়িপাল্লা নেই যে আমি ওজন করে বলতে পারি।

শ্রীখগেন্দ্র নাথ রায় চৌধুরীঃ

অর্ধেন্দু বাবু বললেন যে স্পেসিফিক চার্জ আছে। সেই স্পেসিফিক চার্জটা কি তিনি কি একটু বলবেন?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

জনস্বার্থের খাতিরে তা প্রকাশ করতে রাজী নই।

Government administration in the border districts

***87.** (Admitted question No. *672.)

শ্রীতরুণকুমার সেনগুপ্তঃ স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সাম্প্রতিককালে অনুসন্ধান করিয়া সরকার অবগত হইয়াছেন যে সীমান্ত জেলাগুলির প্রশাসন দায়িত্বের প্রধান প্রধান অফিসার ও সীমান্ত পুলিশের ব্যর্থতাই পশ্চিমবঙ্গ ও পূর্ব পাকিস্তানের মধ্যে চোরাকারবার চলার জন্য প্রাথমিক-ভাবে দায়ী; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত অনুসন্ধান কবে ও কেন করা হয়,

(২) উক্ত অনুসন্ধানের অন্যান্য তথ্য কি, এবং

(৩) উক্ত অবস্থার প্রতিকারের জন্য সরকার আশু ও দীর্ঘমেয়াদী কি ব্যবস্থা অবলম্বন করার কথা বিবেচনা করিতেছেন?

Shri Ardhendu Shekhar Naskar:

(ক) সাম্প্রতিককালে এইরূপ কোন অনুসন্ধান করা হয় নাই।

(খ) এই প্রশ্ন উঠে না।

Setting-up of modern rice mills

***90.** (Admitted question No. *801.)

শ্রী [illegible] রায়: খাদ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কয়টি উন্নত ধরনের আধুনিক ধান-কল (রাইস মিল) প্রতিষ্ঠা করা স্থির হইয়াছে, এবং

(খ) উহাদের স্থান (সাইট) চূড়ান্তভাবে স্থিরীকৃত হইয়াছে কি?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুসারে পশ্চিমবঙ্গে সমবায় সমিতি মাধ্যমে সমবায় বিভাগের তত্ত্বাবধানে একটি মাত্র উন্নত ধরনের আধুনিক ধান-কল প্রতিষ্ঠিত হইয়াছে।

(খ) ঐ ধান-কলটি বর্ধমান জেলার মেমারী নামক স্থানে স্থাপিত হইয়াছে।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়:

এই ধরনের আধুনিক চাল কল কটা হবে এবং কোথায় কোথায় হবে তার লোকেশনটা কি বলতে পারেন?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

ভারত গভর্ণমেন্ট সারা দেশে ৬টি এই রকম চাল কল প্রতিষ্ঠা করার প্রস্তাব করেছেন, তার মধ্যে পশ্চিমবঙ্গের জন্য একটি এ্যালট করেছেন।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়:

৬টার মধ্যে মাত্র একটা পশ্চিমবঙ্গে হল?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

হ্যাঁ।

শ্রীঅশ্বিনী রায়:

এই যে মেমারীতে ধান-কলের কথা বললেন তার দৈনিক উৎপাদন ক্ষমতা কত এবং বর্তমানে কত উৎপাদন করছে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

এখন সবে বসানো আরম্ভ হয়েছে, ধান আসতে আরম্ভ করলেই উৎপাদনের কাজ আরম্ভ হবে।

[20—1-30 p.m.]

বোস:

মাননীয় মন্ত্রিমহাশয়, জানাবেন কি এই যে সমবায় দপ্তরের তত্ত্বাবধানে যে ধান-কল প্রতিষ্ঠিত হয়েছে তার মূলধনী ব্যয় কিভাবে সংগৃহীত হয়েছে?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

সমবায় সমিতি দিয়েছে এবং সরকার দিয়েছে।

শ্রীঅবনীকুমার বোস:

মন্ত্রিমহাশয় বলবেন কি যে কেন্দ্রীয় সরকার এবং পশ্চিমবঙ্গ সরকার কিভাবে সাহায্য দিয়েছেন এবং কি কি সাহায্য দিয়েছেন?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

বিশদ বিবরণ আমার কাছে এখন নাই, নোটিশ দিলে জানাতে পারব।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়:

বর্তমানে যে ধান-কল চলছে এবং আধুনিক যে ধান-কল প্রতিষ্ঠিত হতে যাচ্ছে তাতে কতগুণ বেশী আমরা এর থেকে চাল পাব?

শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

৫।৬ পারসেন্ট বেশী পাব।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:

মন্ত্রিমহাশয় বলতে পারেন কি কত ধানে কত চাল হয়?

(নো রিপ্লাই)

Quota of manure for West Bengal

***104.** (Admitted question No. *847.) **Shri Monoranjan Bakshi:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের সারের বরাদ্দ ছাঁটাই করেছেন,

(খ) সত্য হইলে পশ্চিমবঙ্গে সারের চাহিদা মেটানোর জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন, এবং

(গ) পশ্চিমবঙ্গে বৎসরে মোট কত পরিমাণ সারের প্রয়োজন হয়?

Shri Smarajit Bandyopadhyay:

(ক) ইহা সত্য নহে যে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের সারের বরাদ্দ ছাঁটাই করেছেন। তবে এই রাজ্যের চাহিদা অনুযায়ী কেন্দ্রীয় সরকার সারের আবন্টন (এ্যালটমেন্ট) করেন নাই।

(খ) সমগ্র দেশব্যাপীই রাসায়নিক সারের অভাব আছে কেন্দ্রীয় সরকার এ সম্বন্ধে সম্পূর্ণ সচেতন আছেন। প্রধান মন্ত্রীর সাম্প্রতিক বিবৃতিই ইহার নির্দেশক। প্রধান মন্ত্রীর নির্দেশানুসারে রাসায়নিক সারের অভাব পূরণের জন্য কম্পোস্ট সারের উৎপাদন বৃদ্ধি এবং সবুজ সারের ব্যবহার জনপ্রিয় করিবার জন্য এই সকল ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে এবং হইতেছে:—

(১) কিছুকাল হইতে সরকার কম্পোষ্ট সার তৈয়ারীর ব্যাপারে সম্প্রসারণ পদ্ধতি এবং প্রশিক্ষণ পরিকল্পনার মাধ্যমে কৃষকদিগকে উৎসাহিত করিয়া আসিতেছেন।

(২) নাইট্রোজেন ঘটিত পদার্থের ক্ষয়ের ফলে যাহাতে কম্পোষ্ট সারের গুণ হ্রাস প্রাপ্ত না হয় সে জন্য পাকা কম্পোস্ট গর্ত নির্মাণের উদ্দেশ্যে কৃষকগণকে সাহায্যক বা সাবসিডি দেওয়া হইতেছে।

(৩) কম্পোস্ট তৈয়ারীতে যথাসম্ভব গোবর, গোমূত্র ও আবর্জনা উপযুক্ত ব্যবহারের উদ্দেশ্যে গোয়ালের পাকা মেঝে নির্মাণের জন্য সাহায্যক দেওয়া হইতেছে।

(৪) শতকরা ৫০ টাকা হারে সাহায্যক দিয়া কৃষকগণের নিকট ধৈইঞ্চা ও অন্যান্য সবুজ সারের বীজ বিক্রয় করা হইতেছে।

(৫) যে সকল কৃষক ধৈইঞ্চার বীজ পরিবর্ধন করিতেছেন তাঁহাদের নিকট হইতে সরকার বীজ ক্রয় করিয়া সাহায্যক দিয়া কৃষকদের নিকট উহা বিক্রয় করিতেছেন।

(গ) সকল বৎসরে সারের চাহিদা সমান নহে। চাহিদার পরিমাণ ক্রমশ বাড়িতেছে। গত বৎসর, বর্তমান বৎসর ও আগামী বৎসরের আনুমানিক রাসায়নিক সারের চাহিদা—

১৯৬৪-৬৫	৩·১ লক্ষ টন
১৯৬৫-৬৬	৩·৬ লক্ষ টন
১৯৬৬-৬৭	৪·৫ লক্ষ টন

শ্রীবিজয়কুমার ব্যানার্জী:

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে পশ্চিমবঙ্গ সরকারের সার বরাদ্দ কেন্দ্রীয় সরকার ছাঁটাই করেন নি তবে চাহিদা যে পরিমাণ তা পাওয়া যাচ্ছে না। আমি জিজ্ঞাসা করছি আপনাদের কত চাহিদা ছিল আর তাঁরা কত দিয়েছেন?

শ্রীশ্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

অ্যামোনিয়াম সালফেট চেয়েছিলাম ১ লক্ষ ৭৫ হাজার টন আমরা পেয়েছি এবং অ্যালটমেন্ট হয়েছে ৯২ হাজার ২০০ টন আর ডেসপ্যাচ ইনস্ট্রাকশান ইস্যুড হয়েছিল ৮০ হাজার ৬০ টন। ইউরিয়া চেয়েছিলাম ৩০ হাজার টন আর পেয়েছি অর্থাৎ এ্যালটমেন্ট হয়েছে ১৭ হাজার ৪০০ টন আর ডেসপ্যাচ ইনস্ট্রাকসান ইস্যুড হয়েছিল ১০ হাজার ৭৪৭ টন। তারপর ক্যালসিয়াম এ্যামোনিয়াম নাইট্রেড চাহিদা ছিল ৫ হাজার টন এ্যালটমেন্ট হয়েছিল ৫ হাজার টন আর ডেসপ্যাচ ইনস্ট্রাকশান ইস্যুড হয়েছিল ৩ হাজার ৪০৩ টন। তারপর অ্যামোনিয়াম ফসফেট আমরা চেয়েছিলাম ৫০ হাজার টন এ্যালটমেন্ট হয়েছে ৬০০ টন আর ডেসপ্যাচ ইনস্ট্রাকসান ইস্যুড ৫৫৯ টন। তারপর সুপার ফসফেট আমাদের রিকোয়ারমেন্ট ছিল ১ লক্ষ টন আর আমরা কিছুই পাই নি আর ডেসপ্যাচ ইনস্ট্রাকশান ইস্যুড ৯১ হাজার ৮০০ টন।

শ্রী[illegible] ব্যানার্জী:

এটা কি সত্য যে যেসব সার আপনারা পেয়েছেন সেগুলি সব ইউটিলাইজড্ হয় নি?

শ্রীশ্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

একথা সত্য নয়।

শ্রীমতী ইলা মিত্রঃ

আমাদের পশ্চিমবাংলার প্রয়োজনে যে সার লাগবে জমির জন্য তার জন্য যে সারের কারখানা খোলার কথা ছিল ব্যক্তিগত মালিকানার অধীনে সেই ব্যক্তিগত মালিকরা প্রয়োজনীয় মূলধন, ফরেন এক্সচেঞ্জ এবং পার্মিসন পেয়েছিলেন—সেই কারখানা কি খোলা হয়েছে?

শ্রীশঙ্করজিৎ বন্দ্যোপাধ্যায়ঃ

এটা শিল্প বিভাগ বলতে পারবে, তবে আমি এটুকু জানি যে ফার্টিলাইজার কর্পোরেসন অব ইন্ডিয়া দুর্গাপুরে এটা করবার দায়িত্ব নিয়েছিলেন, কাজেই খোলবার আয়োজন হচ্ছে।

Alleged smuggling of 2,000 quintals of rice to East Pakistan

*157. (Admitted question No. *1177.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) if the Government is aware that recently 2,000 quintals of rice obtained against permits issued by Food Department official of Howrah for despatch to Midnapore have been smuggled to East Pakistan;

(b) if so, who are the persons involved; and

(c) what steps have been taken by the Government in the matter?

Shri Ardhendu Shekhar Naskar: (a) No. Government have no information that any such rice has been smuggled to East Pakistan.

(b) Does not arise; and

(c) Does not arise.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ

মন্ত্রিমহাশয় সেদিন হাউসে ছিলেন। সেখানে চীফ মিনিস্টার পাচার হয়েছে একথা অস্বীকার করেন নি, আপনি এটা অস্বীকার করছেন কেন?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ

উনি তো অস্বীকার করেছেন।

ডাঃ কানাই লাল ভট্টাচার্য্যঃ

মন্ত্রিমহাশয় বললেন যে পাকিস্তানে পাচার হয় নি কিন্তু প্রথম পোর্সানে আছে যে ২ হাজার কুইন্টল চালের পার্মিট ফুড ডিপার্টমেন্টের অফিসিয়াল হাওড়া, মেদিনীপুরে ডেচপ্যাচ করার জন্য ইসু করেছিলেন কিনা?

শ্রীঅর্ধেন্দুশেখর নস্করঃ

এর জবাব তো খাদ্য বিষয়ে আলোচনার সময় মুখ্যমন্ত্রীর কাছ থেকেই পেয়েছেন।

ডাঃ কানাই লাল ভট্টাচার্য্যঃ

জবাব কি হয়েছে না হয়েছে তা আমি জিজ্ঞাসা করছি না। আমি আপনার কাছে ক্যাটিগরিক্যালী জিজ্ঞাসা করছি ফাস্ট পোর্সান অব দি কোয়েশ্চেনে যা আছে, ২ হাজার কুইন্টাল চালের কোন পারমিট হাওড়া থেকে মেদিনীপুরে যাবার জন্য ইসু করা হয়েছিল কিনা?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর:

এর জবাব মুখ্যমন্ত্রী দিয়েছেন, কাজেই নূতন করে আর কিছু বলার নেই।

মিঃ স্পীকার:

মিঃ নস্কর, জবাব আগে দেয়া হয়েছে এটা বল্লে তো জবাব হল না আপনার কিছু থাকলে আপনি জবাব দিতে পারেন, না থাকলে বলুন আমি দিতে পারছি না; কিন্তু ডাজ নট অ্যারাইজ—সেটাতো রিপ্লাই হয় না।

শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর:

আজকে [illegible] প্রশ্নে আছে—

(a) If the Government is aware that recently 2,000 quintals of rice obtained against permits issued by the Food Department officials of Howrah for despatch to Midnapore has been smuggled to East Pakistan.

আমি তার উত্তরে বলেছি

Government have no information that any such rice has been smuggled to East Pakistan.

এর পরে যদি কিছু জানতে হয় তাহলে নোটিশ দেবেন বলবো।

মিঃ স্পীকার:

আপনি ডাজ নট য়্যারাইজ, এটা বলতে পারেন না।

ডঃ কানাইলাল ভট্টাচার্য:

মিঃ স্পীকার, স্যার, ফার্স্ট পোর্সানে ধরে নেয়া হয়েছে যে এই পার্মিট জাল দেয়া হয়েছে হাওড়া থেকে মেদিনীপুরে যাবার জন্য আমার জিজ্ঞাস্য হচ্ছে এ পার্মিট জাল কোন অফিসিয়াল দিয়েছিলেন সেটা বলতে পারেন কি?

Shri Ardhendu Shekhar Naskar: S.D.O., Uluberia, therefore, asked the Subdivisional Controller, Food and Supplies, Howrah, to issue permits to these people.

ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এস ডি ও, উলুবেড়িয়ার, ঐ রকম পার্মিট দেয়ার কোন ক্ষমতা আছে কিনা। না এটা ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর:

আপনি খাদ্য দপ্তরের প্রশ্ন আনছেন, কাজেই আপনি খাদ্য দপ্তরে প্রশ্ন করবেন, জবাব পাবেন।

ডঃ কানাইলাল ভট্টাচার্য্য:

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই পার্মিটটা দেয়ার জন্য আমাদের এই হাউসের কোন মাননীয় সদস্য রেকমেন্ড করেছিলেন কিনা?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্কর:

মাননীয় সভাপাল মহাশয়, আমি যা উত্তর দিয়াছি তার অধিক আমার বলার কিছু নেই।

[1-30—1-40 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষঃ

আপনি প্রথমে বললেন যে সরকারের কাছে এ সংবাদ নেই যে দু-হাজার কুইন্টাল চাল হাওড়া থেকে পাকিস্তানে পাচার হয়ে গেছে। আমি জিজ্ঞাসা করছি সরকারের কাছে এই সংবাদ না থাকতে পারে যে পাকিস্তানে গেছে কিন্তু এরূপ সংবাদ আছে কিনা যে হাওড়া থেকে ঐ চাল চোরাবাজারে চলে গেছে?

শ্রীঅর্দ্ধেন্দু শেখর নস্করঃ

আমার কাছে এ সংবাদ নেই।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ

গত ৩রা নভেম্বর হাওড়া জেলার এস পি একটা চিঠি এ ডি আই জি-এর কাছে লিখেছিলেন যে হাওড়া শ্যামপুর অঞ্চল থেকে চাল মেদিনীপুরে না গিয়ে চোরাবাজারে চলে গেছে। এ সংবাদ আপনি রাখেন কিনা?

শ্রীঅর্দ্ধেন্দু শেখর নস্করঃ

এ সংবাদ সত্য নয়।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ

আমি জিজ্ঞাসা করছি যে এস পি এবং এ ডি আই জির কাছে চিঠি লিখেছিলেন। আপনি এটা জানেন কি না যে মাননীয় সদস্য মুরারীমোহন মান্না এর সঙ্গে জড়িত আছেন?

শ্রীঅর্দ্ধেন্দু শেখর নস্করঃ

আমি আগেই বলেছি এ সংবাদ আমার জানা নেই, আর যদি সত্যও হয় সে রিপোর্ট আমার কাছে একবারে তদন্ত হয়ে আসে নি।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ

আমি জিজ্ঞাসা করছি আপনি এ সংবাদ জানেন কিনা?

শ্রীঅর্দ্ধেন্দু শেখর নস্করঃ

আমার জানা নেই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ

মাননীয় মন্ত্রিমহাশয় এ সংবাদ জানেন কিনা যে হাওড়া জেলার সদস্য এ বিষয়ে জড়িত আছেন?

শ্রীঅর্দ্ধেন্দু শেখর নস্করঃ

আমাদের এ দলের কি ও দলের কোন সদস্য জড়িত আছেন সেটা আমার জানা নেই।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ

আপনি কি জানেন বা আপনি কি এসব সংবাদ রাখেন বাইরে মানুষ আজ না খেতে পেয়ে মরছে। সুতরাং আপনার ডিপার্টমেন্ট এ সংবাদটি রাখছেন কি না সেটা আমি জিজ্ঞাসা করতে চাই।

(নো রিপ্লাই)

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ

এই হাউস-এর সদস্য শ্রীমুরারিমোহন মান্নার শ্যালককে ৩।৪ শত কুইন্টাল চাল দেওয়া হয়েছিল এটা জানেন কিনা?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

ও'র শালাকে কি আপনার ভাগ্নিপোতকে কাকে দেওয়া হয়েছিল বলতে পারবো না।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ

দীঘায় জেলেরা যে সমস্ত মাছ ধরতে গেছে তাদের পার্মিট ইস্যু করা হয়েছে তাহা স্বীকার করেছেন। এই পার্মিট ইস্যু করার ব্যাপারে আমি জিজ্ঞাসা করছি তাদের নাম কি এবং কার এ্যাগেনস্ট-এ কত করে চালের পার্মিট কত করে ইস্যু করা হয়েছিল?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

সমগ্র ব্যাপারটি তদন্ত করা হচ্ছে।

শ্রীশম্ভু চরণ ঘোষঃ

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে সমস্ত পার্মিট ইস্যু করা হয়েছিল সেগুলির উলুবেড়িয়ার সিদ্ধেশ্বরী প্রেসে ছাপান হয়েছিল?

শ্রীঅর্ধেন্দু শেখর নস্করঃ

আমার জানা নেই।

Mr. Speaker: Reply to question No. *158 has not yet been received. On this point, again, I regret to point out that in this Session particularly, I find, in every day's list many of the questions remain unanswered. I do not mean this particular question only, but I find every day three or four questions remain unanswered.

হেল্ড ওভার কোয়েশ্চেন যেগুলো সেগুলো থাকবে যে কোয়েশ্চেনগুলির উত্তর আসে নি সেগুলি হেল্ড ওভার থাকবে। আমি আগেও মিনিস্টারদের এ্যাটেনশন ড্র করেছি রুল মাফিক কোয়েশ্চেন আনা প্রয়োজন এবং সেইভাবেই যেন তাঁরা ব্যবস্থা করেন।

শ্রীমতী ইলা মিত্রঃ

স্যার এটা অন্য কোয়েশ্চেন হলে পরে দিতে পারতেন কিনা বিনা বিচারে এরা লোককে আটকে রেখেছেন এবং তারা অনেকেই অসুস্থ। আমি বিশেষ করে বলছি বিজয় পাল তিনি খুবই অসুস্থ সুতরাং এরূপ কেন করা হচ্ছে তা আমি বুঝতে পারছি না।

মিঃ স্পীকারঃ

আমি আপনাদের হয়েই বলছি জবাব যদি না আসে তা হলে এটা হতে পারে না। কোশ্চেনের অ্যানসার যদি না সাপ্লাই হয় তা হলে সেটা হেল্ড ওভার থাকবে।

Statutory Rationing System

***159. (Admitted question No. *282.)**

শ্রীঅনঙ্গমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে মোট কতগুলি সহরে বর্তমানে বিধিবদ্ধ রেশনিং ব্যবস্থা চালু আছে;

(খ) গত মে মাসে সমীক্ষার ফলে কতগুলি সহরে মোট রেশন কার্ডের শতকরা ২০ ভাগের বেশী ভুয়া কার্ড ধরা পড়িয়াছে; এবং

(গ) কোন্ সহরে সর্বাপেক্ষা বেশীর ভাগ ভুয়া কার্ড ধরা পড়িয়াছে এবং উহার হার কত?

শ্রীশ্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

(ক) বর্তমানে কলিকাতা নগরীতে এবং উহার পার্শ্ববর্তী শিল্পাঞ্চলের ৩০টি মিউনিসিপ্যাল সহরে অর্থাৎ মোট ৩১টি সহরে বিধিবদ্ধ রেশনিং ব্যবস্থা চালু আছে।

(খ) একটি সহরেও নহে।

(গ) গার্ডেন রীচ ও সাউথ সুবার্বানসহ কলিকাতা কর্পোরেশনে সর্বাপেক্ষা বেশী সংখ্যক ভুয়া কার্ড ধরা পড়িয়াছে। ভুয়া কার্ডের হার ৯·৮ পারসেন্ট।

শ্রীঅনঙ্গমোহন দাস:

আপনার কাছে রেশন কার্ড-এর জন্য লোকে দরখাস্ত করে তখন আপনারা তাই এনকোয়ারি করেছেন এবং তারপর রেশন কার্ড মঞ্জুর করেন। সুতরাং এইভাবে মঞ্জুর করবার পর এতগুলি ভুয়ো কার্ড কি করে হল তা বলতে পারবেন কি?

শ্রীশ্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

এনকোয়ারি করতে গিয়ে হেড অফ দি ফ্যামিলি-এর কাছে দেখা গেল যে তারা মিথ্যা সংবাদ দেয়। মিছে কথা বলে সংখ্যা বাড়িয়ে তারা বলে থাকে।

শ্রীঅনঙ্গ মোহন দাস:

আপনি কি জানেন কতকগুলি দোকানদার যারা রেশন শপ কিপার তারা কতকগুলি লোকের নাম করে ভুয়ো রেশন কার্ড করে মাল নেয় এবং সেইগুলি ব্ল্যাক মার্কেটিং করে।

শ্রীশ্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

দোকানদাররা কি করে জানি না তবে অনেকগুলি ভুয়ো রেশন কার্ড ধরা পড়েছে এবং সেটা হল ৯·৪ পারসেন্ট সুতরাং ভুয়ো রেশন কার্ড যে আছে সেটা দেখতে পাওয়া যাচ্ছে। অনেক সময় বস্তি এলাকার একজন হেড অফ দি ফ্যামিলি বলেন যে এতগুলো লোক আছে সুতরাং এনকোয়ারি অফিসারের পক্ষে যারা লুকিয়ে আছে তাদের ঐভাবে বার করা সম্ভব হয় না। এখনও ড্রাইভ দেওয়া হচ্ছে এবং এতে আরও ধরা পড়বে।

শ্রীঅনঙ্গ মোহন দাস:

আপনি যে সমীক্ষা করেছেন তাতে যে রেশন কার্ড ধরা পড়েছে তার পরেও আরও রেশন কার্ড আছে এটা জানেন কি?

শ্রীশ্মরজিৎ বন্দ্যোপাধ্যায়:

আরও থাকতে পারে তবে ধরার কার্যও চলছে।

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ৯·৪ পারসেন্ট ভুয়ো রেশন কার্ড ধরা পড়েছে। এই সংখ্য... হিসাবটা কোথা থেকে পেয়েছেন?

Shri Smarajit Bandyopadhyay:

অনুসন্ধান করতে গিয়ে যেটা ধরা পড়েছে সেগুলির কথা অর্থাৎ যে সমস্ত লোক নেই তাদের কথাই বলা হয়েছে।

Dr. Kanai Lal Bhattacharya:

এটা কি সত্য কথা যে পপুলেশন বেসিস-এ যাদের রেশন কার্ড ইসু করা হয়েছে তার বেসিস ধরেই আপনি ৯·৪ পারসেন্ট ভুয়ো এই কথা বলেছেন?

Shri Smarajit Bandyopadhyay:

রেশন কার্ড যেটা ইসু করা হয়েছে তার বেসিস ধরে—সেই হিসাব ধরেই পারসেন্ট করা হয়েছে।

[1-40—1-50 p.m.]

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ফ্যামিলি রেশন কার্ড ইসু না করে, ইনডিভিজুয়াল রেশন কার্ড ইসু করবার কথা চিন্তা করছেন কিনা, ভুয়া রেশন কার্ড বন্ধ করবার জন্যে?

Shri Smarajit Bandyopadhyay:

আপাততঃ চিন্তা নেই।

Dr. Abu Asad Mohammed Obaidul Chani:

মাননীয় মন্ত্রিমহোদয় কি জানেন, যেগুলো রেশন কার্ড কোন কারণে ক্যানসেল হয়ে গেল, হয়ত কয়েক সপ্তাহ রেশন ড্র করা হয় নি। তারা সেই রেশন কার্ড রিনিউ করবার জন্য, যখন অ্যাপ্লাই করেন, তখন রেশন অফিসের লোকরা এনকোয়ারি না করে, সেটা ছুঁড়ে ফেলে দেয় তাঁর মুখের উপর, ইনস্পাইট অব দ্যাট অ্যাপ্লিকেশন বিইং রিকমেন্ডেড অ্যান্ড অল দ্যাট এই রকম খবর আছে কি?

Shri Smarajit Bandyopadhyay:

এটা ভুয়া রেশন কার্ডের কোয়েশ্চেন, এ থেকে আপনার এই প্রশ্ন আসে না। আপনি যদি স্পেসিফিক কেস দেন, তাহলে আমি খবর নিয়ে দেখবো।

Dr. Abu Asad Mohammed Obaidul Chani:

আমি স্পেসিফিক কেস দিয়েছি।

Shri Smarajit Bandyopadhyay:

যদি এসে থাকে, দেখবো।

Dr. Narayan Chandra Roy:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, যেখানে সত্য কার্ডকে ভুয়া কার্ড বলে ক্যানসেল করা হচ্ছে, তার বিরুদ্ধে কি প্রতিকারের ব্যবস্থা অবলম্বন করছেন?

Shri Smarajit Bandyopadhyay:

ভুয়া ছাড়া, সত্য কার্ড কখনই ক্যানসেল করা হয় নি।

Dr. Narayan Chandra Roy:

আমার এলাকায় এ রকম হয়েছে।

Shri Smarajit Bandyopadhyay:

আপনি প্রমাণ দেবেন, আমি নিশ্চয় ব্যবস্থা অবলম্বন করবো।

Shri Anadi Das:

সরকার থেকে এইরকম কোন মৌখিক নির্দেশ দেওয়া হয়েছে কিনা, যে কেউ রেশন কার্ড চাইতে এলে, রেশন কার্ড দেবে না। কারণ, আমাদের খাদ্য নেই, সেখানে আরও রেশন কার্ড দেওয়া মানে খাদ্য সম্পর্কে কমিটমেণ্ট করা। সুতরাং যত পারো নূতন রেশন কার্ড দিও না, এবং পুরান রেশন কার্ড বাতিল করো। এই রকম মৌখিক নির্দেশ দেওয়া হয়েছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

এ রকম কোন মৌখিক নির্দেশ নেই। আমি জানিয়েছি অক্টোবর মাসে আমরা কত নূতন রেশন কার্ড দিয়েছি।

Shri Panchu Copal Bhaduri:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেসব রেশন কার্ডগুলি ক্যানসেল হয়েছে, সেগুলো ভুয়া বা জাল রেশন কার্ড বলে ধরা হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

না। যেগুলোর লোক পাওয়া যায় নি, সেগুলো ভুয়া বলে ধরা হয়েছে।

Shri Nikhil Das:

এই যে আপনি বলেছেন ৯·৪ পারসেণ্ট ভুয়া রেশন কার্ড আছে। এটা কি আপনার হাতে এসেছে, না, কি হিসাবে বললেন? ৯·৪ পারসেণ্ট ভুয়া রেশন কার্ড আছে বললেন, কি হিসাবে এত পারসেণ্ট ভুয়া কার্ড ধরেছেন?

Shri Ardhendu Shekhar Naskar:

আমি ত আগেই বলেছি—ধরেছি। এবং ধরেছি বলেই ত হিসাব করতে পেরেছি।

Shri Nikhil Das:

আমার কথা হচ্ছে যে ৯·৪ পারসেণ্ট ভুয়া কার্ড ধরেছেন, না, কানাইবাবু যে প্রশ্ন করেছেন পপুলেশান-এর ভিত্তিতে যে কার্ড ইসু হয়েছে, সেই অনুসারে, হিসাব করেছেন,—কোন্‌টা সত্য?

Shri Smarajit Bandyopadhyay:

আমি ত আগেই বলেছি, যত কার্ড রেশনিং-এর দোকানে রেজিস্টার্ড হয়েছে, তারই ভিত্তিতে এত পারসেণ্টেজ বলেছি।

Dr. Kanai Lal Bhattacharya:

আপনি ঠিক কথা বলছেন না। আমি জিজ্ঞাসা করছি—এই যে ৯·৪ পারসেন্ট ভূয়া রেশন কার্ড ধরেছেন বলছেন, বাট দ্যাট ইজ নট দি ফ্যাক্ট, আসলে আপনারা জানতে পেরেছেন এই সব ভূয়া কার্ড বাই সাম মেথড। সেই মেথড-টা কি, আমরা জানতে চাচ্ছি?

Shri Smarajit Bandyopadhyay:

মেথড-টা হচ্ছে এই সব কার্ডে লোক আছে কিনা, সেটা এনকোয়ারি করে দেখা। আজ পর্যন্ত যতদূর জানা গিয়েছে, তাতে জানিয়েছি যে এতগুলি ভূয়া কার্ড আছে।

Dr. Kanai Lal Bhattacharya:

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে গ্রেটার ক্যালকাটায় প্রায় ৭০ লক্ষ লোকের রেশন কার্ডের মধ্যে শতকরা ১০ ভাগ ভূয়া। তা যদি হয়, তাহলে তার মানে হচ্ছে, সাত লক্ষ রেশন কার্ড ক্যানসেল করে দিয়েছেন, ভূয়া হিসাবে। তদন্ত করে এই কয়েক বছরের মধ্যে এইগুলি ক্যানসেল করেছেন কিনা, তার স্পষ্ট জবাব দিন।

Shri Smarajit Bandyopadhyay:

আমরা প্রায় ৭ লক্ষ রেশন কার্ড ক্যানসেল করে দিয়েছি, এবং আরও ভূয়া রেশন কার্ড আছে বলে আমরা সন্দেহ করছি।

Shri Anadi Das:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি—তিনি যে এইমাত্র বললেন মৌখিক নির্দেশ নাই যে নূতন রেশন কার্ড দিও না, যত পারো বাতিল কর। আমি রেশনিং অফিসারের কাছে শুনেছি, তিনি বলেছেন মৌখিক এই রকম নির্দেশ আছে জেনুইন কেস হলেও নূতন রেশন কার্ড দিও না—তাহলে কি তিনি মিথ্যা কথা বলেছেন ?

Shri Smarajit Bandyopadhyay:

এটা ভুয়ো রেশন কার্ডের প্রশ্ন, নূতন রেশন কার্ড রিফিউজ করার কথা নয়, আমরা অক্টোবর মাসে কত দিয়েছি তা বলেছি। মাননীয় সদস্য জানেন এবং সংবাদপত্রেও দেখেছেন যে বহু নূতন লোক অন্য প্রদেশ থেকে এসেছে এবং নূতন বা ফ্রেশ রেশন কার্ড চাচ্ছে। কিন্তু অনেক ক্ষেত্রে এনকোয়ারি না করে তা দেওয়া যায় নাই। তাই বলে নূতন রেশন কার্ড দেওয়া বন্ধ করা হয় নাই।

Shri Bhadra Bahadur Hamal:

আপনারা দার্জিলিং-এ নূতন রেশন কার্ড দেওয়া বন্ধ করেছেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

এরকম কোন সংবাদ আমার কাছে নাই, তবে আমি খোঁজ নিয়ে দেখবো।

Shri Bhadra Bahadur Hamal:

আমি বলছি যত জওয়ানদের বৌ এসেছে—তারা রেশন কার্ডের জন্য অ্যাপ্লিকেশন করেও রেশন কার্ড পায় নি, তাদের ছেলেমেয়ে আছে, তাদের রেশন কার্ডও পাচ্ছে না। বলুন এটা ঠিক কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

নূতন যারা বৌ নিয়ে এসেছে, তাদের ক্ষেত্রে এনকোয়ারি করতে গিয়ে দেরী হচ্ছে। তার মানে রেশন কার্ড বন্ধ করে দেওয়া হয়েছে তা নয়।

Shri Bhadra Bahadur Hamal:

বৌ নিয়ে আসবার কথা নয়, জওয়ানরা যুদ্ধে যাচ্ছে, আর তাদের বৌরা রেশন কার্ড পাচ্ছে না বাড়িতে ফিরে এসে। বাইরেও চাল পাচ্ছে না, আবার নূতন রেশন কার্ড করতে গিয়েছে, সেখানে তাদের বলে দেওয়া হচ্ছে নূতন রেশন কার্ড দেওয়ার নিয়ম নাই। যুদ্ধে জওয়ানরা মরছে, আর বাড়ীতে বৌরা না খেয়ে মরছে। কি ব্যাপার?

Shri Smarajit Bandyopadhyay:

জওয়ানদের বৌ-দের রেশন কার্ড দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।

Shri Bejoy Kumar Banerjee:

মন্ত্রিমহাশয় বলেছেন চাল যেখানে এত কম, সেখানে অনেক ভূয়া কার্ড প্রায় ৯·৪ পারসেন্ট; তিনি আরো বলেছেন হেড অফ দি ফ্যামিলি অনেক সময় রং ইনফরমেশান দেন বলে কার্ড পেতে এই রকম হয়েছে। আমি ক্যাটিগরিক্যালি জিজ্ঞাসা করছি আপনার কি জানা আছে রেশন কর্মচারীদের আর রেশন দোকানদারদের সঙ্গে যোগসাজসেই এই ভূয়া কার্ড করার জন্য দায়ী, হেড অফ দি ফ্যামিলি ছাড়াও এটা একটা কারণ?

Shri Smarajit Bandyopadhyay:

এইরকম অভিযোগ পেলে নিশ্চয়ই আমরা তাকে শাস্তি দেব।

Shri Bejoy Kumar Banerjee:

আপনার কাছে কি কেউ অভিযোগ করেছেন যে হেড অফ দি ফ্যামিলি-র রং ইনফরমেশান-ই এই দেরী হবার জন্য দায়ী?

Shri Smarajit Bandyopadhyay:

যারা এনকোয়ারি করতে গিয়েছে, তারা করেছে—এ অন্যতম কারণ।

Shri Bhadra Bahadur Hamal:

মৃত জওয়ানদের বৌ-রা কি স্বামীর শ্রাদ্ধাদির কাজ করবার জন্য চাল পাবে না?

Mr. Speaker: Mr. Hamal, this supplementary question does not arise.

Shri Smarajit Bandyopadhyay:

শ্রাদ্ধের জন্য একটা কোটা আছে, তার জন্য তারা চাল পাবে।

Shri Bhadra Bahadur Hamal:

জওয়ানদের বৌ-রা দার্জিলিং-এ যখন ডেলিভারীর জন্য আসে, তখন তারা চাল পাবে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

তার জন্য কোন কোটা নাই।

[1-50—2 p.m.]

Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোন কোন ডিলার বহু ভুয়া রেশন কার্ড রেখে চোরা কারবার করে। এই রকম ডিলারের কোন সন্ধান পেয়েছেন কিনা এবং যদি পেয়ে থাকেন তাহলে তার সংখ্যা কত এবং তাদের সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

Shri Smarajit Bandyopadhyay:

আমি এখন অফ-হ্যান্ড সংখ্যা বলতে পারবো না। এই রকম যদি অভিযোগ এসে থাকে তাহলে নিশ্চয়ই তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে, ডিলারসিপ ক্যানসেল করে দেওয়া হয়েছে। আপনি যদি কোন নির্দিষ্ট অভিযোগ দেন তাদের ডিলারসিপ ক্যানসেল হবে।

Shrimati Biva Mitra:

এখানে ভুয়া কার্ড সম্বন্ধে কথা উঠেছে এবং তার উপর আমি একটা প্রশ্ন রাখতে চাই। প্রত্যেক বস্তিতে বাড়ীওয়ালারা তাদের ভাড়াটেদের নামে রেশন কার্ড করিয়ে রেখেছে এবং সেই বাড়ী-ওয়ালাদের যদি কোন রকম অসুবিধা হয় তাহলে ভাড়াটেদের রেশন কার্ড নিয়ে মডিফায়েড রেশন তোলে। তারা নিক আর না নিক এইভাবে ভুয়া রেশন কার্ড করিয়ে রেখেছে, এই সম্বন্ধে আপনারা তদন্ত করেছেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

মাননীয়া সদস্যা যে অভিযোগ করেছেন সে সম্বন্ধে আমরা তদন্ত করবো।

Shrimati Biva Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে এখানে যদি কোন নূতন লোক আসে তার রেশন কার্ড করার জন্য যদি অ্যাপ্লিকেশন করা হয় তখন যদি কোন এম এল এ বা কাউন্সিলার তাতে রেকমেন্ডেশন করেন তাহলে তার উপর পুলিশ এনকোয়ারি করবার পর তাঁরা বলেন যে এম এল এ বা কাউন্সিলারের রেকমেন্ডেশনে হবে না, তোমরা গেজেটেড অফিসারের রেকমেন্ডেশন নিয়ে এসো। এটা তাঁদের অফিসাররা করতে পারেন কিনা সেই জবাবটা মন্ত্রিমহাশয় দেবেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

এই রকম কোন কেস হয়েছে কিনা আমি খুঁজে দেখবো।

Shrimati Biva Mitra:

পুলিশ তদন্ত করবার পর কাউন্সিলারের রেকমেন্ডেশন থাকা সত্ত্বেও এই রকম বহু লোক আছে যাদের রেশন কার্ড দেওয়া হয় নি। তিনি যদি তদন্ত করেন তাহলে আমি এই রকম কেস তাঁকে দেবো।

Shri Smarajit Bandyopadhyay:

মাননীয়া সদস্যা যদি কেস দেন তাহলে নিশ্চয়ই তদন্ত করবো।

Shri Girish Mahato:

গ্রামাঞ্চলে নূতন কার্ডের জন্য কত করে পয়সা নেওয়া হয়?

Shri Smarajit Bandyopadhyay:

পয়সা নেওয়া হয় না।

Shri Girish Mahato:

আপনি বলছেন নেওয়া হয় না কিন্তু আমরা দেখেছি প্রত্যেক রেশন কার্ড পিছু প্রধানরা দু আনা, চার আনা করে পয়সা নেয়।

Shri Smarajit Bandyopadhyay:

আমি জানি না, যদি এই রকম কোন অভিযোগ থাকে আমাকে জানাবেন আমি দেখবো।

Dr. Abu Asad Mohammed Obaidul Chani:

এই যে ভূয়া রেশন কার্ডের ব্যাপারে বলা হচ্ছে এই ভূয়া কার্ড ডিক্লিয়ার করবার আগেই কি একটা তদন্ত করে নেন যে এই নামে মানুষ আছে কিনা? স্পেশালি বস্তি এলাকায় শ্রীমতী বিভা মিত্র যেটা বলেছেন সেটা সম্পূর্ণ সত্য এবং এ সম্বন্ধে আমারও এক্সপিরিয়েন্স আছে যে সেখানে গিয়ে লোক খুঁজে পাওয়া যায় না, তারপর চলে এলে লোকে কমপ্লেন করে দেয় যে আমি সেখানে ছিলাম কিন্তু যখন এনকোয়ারি হয়েছিল তখন আমি কারখানায় ছিলাম সেইজন্য আমাকে পায় নি। তারপর ফ্রেস অ্যাপ্লিকেশনে এম এল এ-রা বা কাউন্সিলার-রা ডিউলি রকমেন্ড করে দিলে অফিসাররা সেই অ্যাপ্লিকেশন তাদের মুখের উপর ছুঁড়ে ফেলে দেন। এই রকম স্পেসিফিক্স কেস আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে দিয়েছি এবং এটা আমার এক্স-পিরিয়েন্স আছে, সেজন্য এই ব্যাপারে তদন্ত করবেন কিনা এবং এটা যাতে বন্ধ হয় তার ব্যবস্থা করবেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

নিশ্চয়ই করবো।

Shri Bejoy Kumar Banerjee:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে অভিযোগ পাই নি, তদন্ত হবে। আমি এই হাউসে ম্যাটার অব পাবলিক ইমপর্টেন্স-এর উপরে কয়েক দিন আগে একথা তুলেছিলাম যেটা মাননীয়া সদস্যা বিভা মিত্র বলেছেন। উনি তো কোন খবর রাখেন না। এইভাবে সরকার যদি খবর না রাখেন হাউসে তোলা সত্ত্বেও কোন মন্ত্রী যদি এই রকম উত্তর দেন যে আমরা জানি না, এই অভিযোগ আমরা পাই নি, তাহলে হাউসে এই সব কথা বলার স্বার্থকতা কি? এ কথার উত্তর আমরা চাই, যদি উত্তর না পাই তাহলে আমাদের কোশ্চেনের ইম্পর্টেন্স কোথায়? কয়েক দিন আগে আমি এই দি ভেরি কোশ্চেন রেজ করি হাউসে যে গেজেটেড অফিসারের সই আনতে বলে, কাউন্সিলার, এম এল এ-দের সই নেয় না, সেইজন্য রেশন কার্ড দিচ্ছে না। এ সত্ত্বেও যদি বলেন জানি না তাহলে প্রশ্ন করবার স্বার্থকতা কি? কাউন্সিলার, এম এল এ-রা রেকমেন্ডেশন করেছেন আর উনি বলছেন যে আমার কোন খবর নেই। নিশ্চয়ই আপনাকে খবর নিতে হবে, তা নিলে এটা আপনাদের ফর নেগলিজিয়েন্স অব ডিউটি হবে। এটা যদি না করেন তাহলে গ্রাউজ্যান্ডস অব সাপ্লিমেন্টারিস উইল বি অব নো হেল্প। এইগুলি যদি ইম্পলিমেন্টেশন না করেন তাহলে আমাদের এই সব কথা রেজ করে লাভ কি?

Shri Smarajit Bandyopadhyay:

আমার যতদূর স্মরণ হচ্ছে মাননীয় সদস্য শ্রীবিজয় ব্যানার্জী সাধারণভাবে অভিযোগ করেছিলেন, কোন স্পেসিফিক কেস দিয়ে যদি বলতেন যে অমুক লোক রেশন কার্ড করতে গিয়েছিল কিন্তু তার মুখের উপর তা ছুঁড়ে ফেলে দিয়েছে তাহলে নিশ্চয়ই তার ব্যবস্থা হতো। স্পেসিফিক কেস দিলে নিশ্চয়ই তদন্ত হবে।

Dr. Gopikaranjan Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে তিনি কত ভূয়া রেশন কার্ড পেয়েছেন এবং সেইসব ভূয়া রেশন কার্ডে যেসব ইন্সপেক্টারদের সই আছে তাদের সম্বন্ধে তিনি এনকোয়ারি করেছেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

নিশ্চয়ই আমরা এনকোয়ারি করছি।

Shri Nikhil Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে আমাদের বিধিবদ্ধ রেশন মারফত যে গমটা দেওয়া হচ্ছে সেই গমের দাম কি দু' নয়া পয়সা বাড়িয়ে দেওয়া হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

ভারত গভর্ণমেণ্ট বাড়িয়ে দিয়েছেন বলে বাড়ান হয়েছে।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই রেশন কার্ড ইসু করার সময় কি এজেন্সির গ্রু দিয়ে রেশন কার্ড ইসু করা হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

রেশন অফিস থেকে হয়েছে এবং গ্রামাঞ্চলে অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে হয়েছে।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তিনি বলছেন গ্রামাঞ্চলে অঞ্চল পঞ্চায়েতের গ্রু দিয়ে ইসু করা হয়েছে, কিন্তু মডিফায়েড রেশনিং যখন ইনট্রোডিউস হয়েছে তখন অঞ্চল পঞ্চায়েত গঠিত হয় নি?

Shri Smarajit Bandyopadhyay:

আপনার এলাকায় না হলেও বহু এলাকায় অনেক আগেই তা গঠিত হয়েছিল।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে গ্রামাঞ্চলে বিশেষ করে প্রত্যেকটি দোকানের সঙ্গে, আমি এখানে দাঁড়িয়ে হাউসের সামনে বলছি মন্ত্রীমহাশয় কি তদন্ত করে দেখবেন, ১০০ থেকে ২০০ কার্ড ইন্সেপেক্টার দোকানদারকে না দিলে তার দোকান চলে না?

Shri Smarajit Bandyopadhyay:

তা হতে পারে, কিন্তু তার সঙ্গে ভুয়া রেশন কার্ডের কি সম্পর্ক তা বুঝতে পারছি না।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই ১০০ থেকে ২০০ রেশন কার্ড ভুয়া কার্ড?

Shri Smarajit Bandyopadhyay:

এই রকম তথ্য আমাদের কাছে নেই। এই রকম তথ্য দিলে নিশ্চয়ই আমরা তার তদন্ত করবো।

Shri Ananda Copal Mukhopadhyay:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে ভুয়া কার্ডগুলি গ্রামাঞ্চলে পাওয়া গিয়েছে—সহরে ঠিক ভুয়া কার্ড ধরতে না পারলেও গ্রামাঞ্চলে ধরা সম্ভব, সেইজন্য প্রশ্ন করছি আপনারা কি

তদন্ত করে দেখবেন ইস্যুইং অফিসার যে কার্ড ইস্যু করেছেন সেই নামে কোন লোক আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

নিশ্চয়ই তদন্ত করে দেখবো, তবে গ্রামাঞ্চলে অঞ্চল পঞ্চায়েতের উপর ভার দেওয়া হয়েছে তদন্ত করবার জন্য।

Shrimati Biva Mitra:

মাননীয় মন্ত্রিমহাশয় কি একথা জানাবেন যে প্রত্যেক দোকানে যিনি ইন্সপেক্টার আছেন তাঁর রেশন নেবার পর ডেলি রাত্রে খাতা দেখার কথা কিন্তু তিনি ডেলি খাতা দেখেন না, একবারে হয়ত এক দিন গিয়ে দুদিনের খাতা দেখে আসেন। কিন্তু দোকানদাররা করে কি, যখন রেশন দিচ্ছে এবং যারা দোকান থেকে রেশন নিচ্ছে তখন তাদের এক রকমের রশিদ দেয় এবং কাউন্টার পার্টে আর এক রকম তারা লিখে রাখে। এইভাবে কত চাল, কত চিনি, কত গম ব্ল্যাক মার্কেটিং হচ্ছে এটা এনকোয়ারি করে দেখবেন কিনা এবং এ সম্বন্ধে কিছু জানেন কিনা এবং যে সমস্ত ইনস্পেক্টারদের সামনে এই কাজ হয়ে যাচ্ছে তাদের সাজা দেওয়া হবে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

মাননীয়া সদস্যা সাধারণভাবে বললেন, কোন বিশেষ দোকান বা কোন ইনস্পেক্টারের নাম করেন নি। তিনি যদি স্পেসিফিক অভিযোগ করেন তাহলে নিশ্চয়ই তদন্ত করা হবে এবং ব্যবস্থা অবলম্বন করা হবে।

Shrimati Biva Mitra:

এই যে জোনাল বেসিসে দোকান আছে এইজন্য এক একটা সার্কেল ইনস্পেক্টার আছে। অন্ততঃ আমি বলবো ভবানীপুর এলাকায় যে সব ইন্সপেক্টার আছে এবং যে সমস্ত দোকান আছে, আমি ঘুরে ঘুরে দেখেছি সেই সমস্ত দোকানে বেশীর ভাগ জায়গায় এই রকম করা আছে। স্পীকার মহাশয়, আপনার সামনে আমি এই কথা রাখছি যে পাঞ্জাবীরা অনেক সময় চাল নেয় না, মাড়োয়াড়ীরা অনেক সময় চাল নেয় না, বাঙ্গালীরা অনেক সময় গম নেয় না, কিন্তু সেই সমস্ত গম চাল কোথায় যায় সেটা যদি মাননীয় মন্ত্রিমহাশয় একটু এনকোয়ারি করে দেখেন তাহলেই সেটা দেখতে পাবেন।

Shri Smarajit Bandyopadhyay:

নিশ্চয়ই দেখবো কিন্তু এই রকম ভেগ অ্যান্ড ইনডেফিনিট ইনডিসক্রিমিনেট চার্জ করলে তা এনকোয়ারি করা সম্ভব নয়।

Shri Kashi Kanta Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে কলকাতা সহরে বা ইন্ডিসিয়াল এরিয়ায় যে সমস্ত লোক আসে তারা রেশন কার্ড পাচ্ছে না, রেশন কার্ডের অভাবে নানান কষ্ট পাচ্ছে তারা সরকারের নিয়ন্ত্রিত মূল্যের চেয়ে বেশী মূল্যে, দুই টাকা আড়াই টাকা মূল্যে চাল কিনছে এবং এই চাল কিনে তারা তাদের জীবিকা নির্বাহ করছে। সরকার কি এটা অপরাধ বলে মনে করেন?

Shri Smarajit Bandyopadhyay:

আইনতঃ তো অপরাধ বটে, যদি কেউ ব্ল্যাকমারকেটে চাল কেনে। তবে আমরা রেশন কার্ড দেওয়া বন্ধ করি নি, এনকোয়ারি হতে দেরী হচ্ছে।

Shri Kashi Kanta Maitra:

তাদের কি আপনারা গুলি করে মারতে চান, না তারা কাঁচকলা খেয়ে থাকবে?

Shri Smarajit Bandyopadhyay:

তারা দুই কিলো করে চাল আনতে পারে।

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Non-registering meters of Oriental Gas Co.

***160.** (Admitted question No. *298.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) what is the number of non-registering meters of Oriental Gas Co. as on 31st March, 1965; and

(b) what was the number of the said meters in time of its taking over by the State Government?

The Minister for Development and Planning: (a) 965.

(b) 1,215.

Deep tube-wells

***161.** (Admitted question No. *536.) **Shri Kashi Kanta Maitra:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মোট কতগুলি গভীর নলকূপ এ রাজ্যে চালু হয়েছে ;

(খ) এই রাজ্যে এ যাবৎ যতগুলি গভীর নলকূপ বসান হয়েছে তার সবগুলিই কি চালু হয়েছে ; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর 'না' হয় তবে তাহার কারণ কি?

The Minister for Agriculture and Community Development:

(ক) ও (খ) মোট ১,১৮২টি গভীর নলকূপ এই রাজ্যে বসানো হয়েছে। উহার মধ্যে ৩৯৬টি নলকূপ হইতে সেচের জল সরবরাহ করা হইতেছে। আরও ৫৬টির ক্ষেত্রে বিদ্যুৎ-শক্তি সংযোজন কার্যে সম্পূর্ণ হয়েছে এবং এই নলকূপগুলি হইতে অতি শীঘ্রই সেচের জল সরবরাহ করা যাইবে বলিয়া আশা করা যায়। আগামী ডিসেম্বর মাসের মধ্যে আরও ১০০টি গভীর নলকূপে বিদ্যুৎ-শক্তি সংযোজিত হইবে; এবং

(গ) সব নলকূপগুলিতে বিদ্যুৎ-শক্তি সংযোজিত হয় নাই।

Notice of Mr. D. A. Totton regarding recent Indo-Pak conflict

***162.** (Admitted question No. *983.) **Shri Somnath Lahiri:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে রেকিট এণ্ড কোলম্যান এণ্ড এটলাণ্টিস (ইস্ট) কোম্পানীর কর্মচারী ও শ্রমিক সমিতি তাঁহাদের ১৪ই সেপ্টেম্বর ১৯৬৫ তারিখের চিঠিতে এই বলিয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন যে সাম্প্রতিক ভারত পাক যুদ্ধের সময় উক্ত

কোম্পানীর স্থানীয় ডিরেক্টর মিঃ ডি এ টটন শ্রমিকদের নিকট বিজ্ঞপ্তি দিয়া জানাইয়াছিলেন যে, পাকিস্তানের সহিত সংঘর্ষের ফলে শহরগুলির উপর ব্যাপক বোমাবর্ষণ হইবে অথবা অসামরিক লক্ষ্য বস্তুর উপর আক্রমণ হইবে ইহা তিনি মনে করেন না?

(খ) যদি সত্য হয় তাহা হইলে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) এ সম্বন্ধে তদন্ত করা হইয়াছে কিনা; এবং

(২) তদন্ত হইয়া থাকিলে তাহার ফল কি?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) (১) হ্যাঁ।

(খ) (২) তদন্তের ফলে জানা গিয়াছে যুদ্ধজনিত পরিস্থিতিতে বিমান আক্রমণ হইলে উক্ত কোম্পানীর কর্মচারীরা কিরূপ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিবেন সেই সংক্রান্ত বিজ্ঞপ্তির ভূমিকা হিসাবে শ্রীটটন ঐ কথাগুলি লিখিয়াছিলেন।

Enquiry about the allegations against the S.P., Midnapore

***163.** (Admitted question No. *943.) **Shri Narayan Chaubey:** (a) Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state whether in pursuance of the statement of the Minister-in-charge of Police Department on the floor of the Assembly during the discussion on the Police Budget for the year 1965-66 on the 15th March, 1965, that allegations made against the then S.P., Midnapur, would be enquired into and that to facilitate proper enquiry orders had been issued to transfer him from Midnapur; the said enquiry has been conducted or not and if so, the findings of the said enquiry?

The Minister for Home (General Administration): (a) The enquiry into the allegations against the then Superintendent of Police, Midnapur, has been taken up by the Vigilance Commission: It is in progress.

Winter clothes for the communist detenus

***164.** (Admitted question No. *946.) **Shri Monoranjan Hazra:**

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম বাংলার বিভিন্ন জেলে বিনাবিচারে আটক কমিউনিষ্ট বন্দীদের শীতকালে লেপ, তোষক, আলোয়ান, গরমের জামা ও পোষাক কিনিবার জন্য ৫০ টাকা দেওয়ার স্থির হইয়াছে; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি উক্ত টাকা ধার্য করার সময় বর্তমান বাজার দর বিবেচনা করা হইয়াছিল কিনা?

The Minister for Home (Special):

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ, বাজার দর হিসাব করিয়া ধার্য করা হইয়াছে।

Family allowances of the detenus

*165. (Admitted question No. *965.) **Shri Niranjan Sen Gupta:**

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ভারতরক্ষা আইনে আটক বন্দীদের (প্রথম শ্রেণী) পারিবারিক ভাতা প্রদানে অপ্রাপ্ত বয়স্ক (মাইনর) পোষ্যদের প্রাপ্ত বয়স্কদের সমান অর্থাৎ ৩০ টাকা হারে মাসিক ভাতা প্রদানের সিদ্ধান্ত নেওয়া হইয়াছিল;

(খ) সত্য হইলে, যাঁদের ভাতা দেওয়া হয় তাঁদের প্রত্যেকের ক্ষেত্রেই সেই সিদ্ধান্ত কার্যকরী হইয়াছে কি না; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর 'না' হয় তবে কার কার ক্ষেত্রে ইহা হয় নাই এবং কেন হয় নাই?

The Minister for Home (Special):

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) যে সকল পরিবারে অপ্রাপ্তবয়স্ক পরিজন আছে তাহাদের সকলের ক্ষেত্রেই, মঞ্জুর হইলে, এই বর্ধিত হারে ভাতা দেওয়া হইতেছে। যে সব ক্ষেত্রে ভাতা দেওয়া হইতেছে অথচ এই বর্ধিতহারে দেওয়া সম্ভব হয় নাই তাহাদের একটি তালিকা এই সঙ্গে সন্নিবিষ্ট হইল।

List referred to in reply to clauses (Kha) *and* (Ga) *of starred question No. 165.*

List of detainees for whom family allowances has not been granted at increased rates for either they have no minor dependents, or their pre-arrest income was covered by the allowance granted already:—

1.	Shri Saral Deb	.. F.B.	(Since released)
2.	Shri Sailen Dey	.. F.B.	(Since released)
3.	Shri Lakshmi Sen	.. C.P.I.	
4.	Shri Sailen Bose	.. C.P.I.	
5.	Shri Naresh Pal	.. C.P.I.	
6.	Shri Sambhu Mitra ..	.. C.P.I.	
7.	Shri Krishna Kumar Sanyal ..	.. C.P.I.	
8.	Shri Dinesh Mazumdar ..	.. C.P.I.	
9.	Shri Sudhansu Dasgupta ..	.. C.P.I.	
10.	Shri Sudhansu Palit ..	C.P.I.	
11.	Shri Hiren Dey	.. C.P.I.	
12.	Shri Bhabani Mukherjee, M.L.A.	.. C.P.I.	
13.	Shri Radhanath Chattaraj, M.L.A.	.. C.P.I.	
14.	Shri Santimoy Ghosh ..	.. C.P.I.	
15.	Shri Sachin Sen	.. C.P.I.	
16.	Shri Sadhan Chatterjee ..	.. C.P.I.	
17.	Shri Pravat Chakraborty ..	.. C.P.I.	

18.	Shri Satya Narayan Chandra ..	.. C.P.I.	
19.	Shri Bhabasindhu Jana .	.. C.P.I.	
20.	Shri Sudhir Ch. Naskar ..	. C.P.I.	
21.	Shri Dibakar Dutta ..	.. C.P.I.	
22.	Shri Sreepati Rajak .	.. C.P.I.	
23.	Shri Jyotirmoy Chakraborty ..	C.P.I.	
24.	Shri Kali Charan Ghosh ..	.. C.P.I.	
25.	Shri Ajit Choudhury ..	.. C.P.I.	
26.	Shri Manik Jha *alias* Sudhendu	.. C.P.I.	(Since released)
27.	Shri Chittabrata Mazumder ..	.. C.P.I.	
28.	Shri Ananta Bhattacherjee ..	.. C.P.I.	
29.	Shri Aswini Kumar Raj ..	.. C.P.I.	
30.	Shri Gurupada Choudhury .	.. C.P.I.	
31.	Shri Budheswar Dutta ..	.. C.P.I.	
32.	Shri Prahlad Das	.. C.P.I.	
33.	Shri Methar Chandra Khan ..	.. C.P.I.	
34.	Shri Bama Charan Shani ..	.. C.P.I.	
35.	Shri Pulin Kushari	.. C.P.I	(Since released)
36.	Shri Santosh Kumar Deb ..	.. C.P.I.	
37.	Shri Balay Banerjee ..	.. C.P.I.	
38.	Shri Sudhir Chandra Goswami ..	.. C.P.I.	
39.	Shri Pasupati Hazra .	.. C.P.I.	
40.	Shri Harisadhan Mitra ..	.. C.P.I.	
41.	Shri Santasree Chatterjee ..	.. C.P.I.	
42.	Shri Nirode Bhattacharjee ..	.. C.P.I.	
43.	Shri Mantu Bhanja ..	.. C.P.I.	
44.	Shri Mokshada Ranjan Chakraborty	.. C.P.I.	
45.	Shri V.V.S. Janardan Rao ..	.. C.P.I.	
46.	Shri Jangal Santhal ..	.. C.P.I.	

Cases now under consideration

1.	Shri Madan Singh ..	(No party affiliation)	(Since released
2.	Shri Jamini Kumar Mazumdar	.. C.P.I.	
3.	Shri Amritendu Mazumder ..	.. C.P.I.	
4.	Shri Haranath Chanda ..	.. C.P.I.	
5.	Shri Ajit Mondal . ..	.. C.P.I.	

Smuggling of paddy in Contai, Ramnagore and Khejuri police-stations

***166.** (Admitted question No. *968.) **Shri Sudhir Chandra Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে কাঁথি, রামনগর ও খেজুরী থানার সমুদ্র তীরবর্তী অঞ্চলের বিভিন্ন স্থানে নৌকাযোগে ধান্য পাচার হইতেছে; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে ঐ পাচার বন্ধ করিবার জন্য কি কি কার্যকরী ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক) কাঁথি থানা অঞ্চলে ৪টি এবং রামনগর থানা অঞ্চলে ১টি এইরূপ নৌকাযোগে ধান পাচার করিবার ঘটনা সরকারের গোচরে আসিয়াছে।

(খ) এই পাচার বন্ধ করিবার জন্য কাঁথি, রামনগর ও খেজুরী থানায় ১টি করিয়া চেকপোস্ট বসানো হইয়াছে।

Statutory rationing system for Dum Dum P.S.

***167.** (Admitted question No. *992.) **Shri Tarun Kumar Sengupta:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ২৪-পরগণা জেলার দমদম থানার সমগ্র এলাকায় বিধিবদ্ধ রেশনিং ব্যবস্থা চালু করা হয় নাই;

(খ) সত্য হইলে, উক্ত থানার কোন্ কোন্ এলাকায় উক্ত ব্যবস্থা চালু করা হয় নাই ও তাহার কারণ কি; এবং

(গ) উক্ত এলাকাগুলিতে ভবিষ্যতে কবে নাগাদ উক্ত ব্যবস্থা চালু করা হইবে?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) উত্তর দমদম এবং ইটালিগাছা ইউনিয়নে বিধিবদ্ধ রেশনিং চালু করা হয় নাই। ১৯৬৫ সালের জানুয়ারী মাসে কলিকাতা সহর এবং শিল্পাঞ্চলে বিধিবদ্ধ রেশনিং চালু করা হয়। উক্ত অঞ্চলে বিধিবদ্ধ রেশনিং-এর সাফল্য দেখিয়া ভবিষ্যতে অন্যান্য অঞ্চলেও উহা ধীরে ধীরে চালু করা হইবে।

(গ) উত্তর দমদম এলাকাকে আগামী ১৯৬৬ সাল হইতে বিধিবদ্ধ রেশনিং-এর আওতায় আনার প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। ইহার সঠিক তারিখ এখনো স্থিরীকৃত হয় নাই।

Aid to the families of injured or deceased Jawans

***168.** (Admitted question No. *1006.) **Shri Birendra Narayan Roy:**

মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত পাক-ভারত অঘোষিত যুদ্ধের দরুন মোট কয়জন পশ্চিমবঙ্গবাসী জওয়ান (১) নিহত এবং (২) আহত হইয়াছেন বলিয়া সরকার সংবাদ রাখেন; এবং

(খ) পশ্চিমবঙ্গ সরকারের ঐ সকল ব্যক্তি এবং পরিবারকে কোনও প্রকার সাহায্য করিবার পরিকল্পনা আছে কিনা?

The Minister for Food and Supplies:

(ক) পশ্চিমবঙ্গের ৯ জন জওয়ান নিহত এবং ১ জন আহত হইয়াছেন বলিয়া সংবাদ ওয়া গিয়াছে।

(খ) হ্যাঁ।

Covernment rate for Aus paddy

169. (Admitted question No. *1049.) **Shri Aswini Roy:**

..দ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার আউস ধানোর দর নির্ধারণ করিয়াছেন;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মাননীয় মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) জেলা ভিত্তিতে ঐ চাউলের কুইণ্টাল প্রতি দর কি;

(২) নির্ধারণের তারিখ কি; এবং

(৩) নির্ধারিত দরে ক্রয়ের সরকারী ব্যবস্থাপনা কি?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) (১) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

(২) এই দর ১৯-১০-৬৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে।

(৩) আউস-বোরো চাউল সরকার ওয়েষ্ট বেঙ্গল রাইস এ্যাণ্ড পারচেস (লেভি) অর্ডার, ১৯৬৪ অনুযায়ী রাজ্যের চাউল কলগুলি হইতে লেভির মাধ্যমে ক্রয় করিয়া থাকেন। উক্ত অর্ডার অনুসারে এই রাজ্যের প্রত্যেক লাইসেন্স প্রাপ্ত চাউল কলের মালিক অথবা লাইসেন্স প্রাপ্ত চাউল ব্যবসায়ী যে কোন চাউল কলে তাঁহাদের ধান হইতে দৈনিক উৎপাদিত চাউলের শতকরা ৫০ ভাগ সরকারের নিকট লেভি হিসাবে বিক্রয় করিতে বাধ্য।

Statement referred to in reply to clause (Ka)(i) *of starred question No. 169.*

Statutory maximum rates for Aus rice in rupees.

Areas:	Prices chargeable by:	Rates:
1. All areas of the State of West Bengal other than Sadar, Kalimpong and Kurseong subdivisions of Darjeeling district.	(a) Producer	per quintal — 66.75
	(b) Dealer	.. per quintal — 69.95 per kilogram 00.70
Sadar, Kalimpong and Kurseong subdivisions of Darjeeling district.	(a) Producer	per quintal - 66.75
	(b) Dealer	.. per quintal — 73.95 per kilogram 00.74

D.I.R. detenus

***171.** (Admitted question No. *1125.) **Shri Gopal Banerjee:**

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ভারতরক্ষা আইনে কতজন রাজনৈতিক কর্মী ও নেতাকে আটক করিয়া রাখা হইয়াছে ; এবং

(খ) ইহাদের বিরুদ্ধে নির্দিষ্ট অভিযোগ উত্থাপন করিয়া ইহাদিগকে আদালতে সোপার্দ করিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কি না?

The Minister for Home (Special):

(ক) ভারতরক্ষা আইনের ৩০(ক) ধারা অনুসারে সর্বসমেত ২৫২ জন বর্তমানে আটক আছেন যাঁহারা বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও কর্মী।

(খ) না।

Distribution of fertilisers for kharif crop

***172.** (Admitted question No. *1142.) **Shri Abhoy Pada Saha:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৬৫ সালে খারিফ শস্যের জন্য সরকারী বাঁধা দরে সরকারী নিয়ন্ত্রণে এমনিয়ম সলফেট ও অন্যান্য সার কৃষকদিগের নিকট ব্যবসায়ী মারফৎ বণ্টনের ব্যবস্থা হইয়াছিল ;

(খ) সত্য হইলে ব্যবসায়ীরা কি দরে কৃষকদিগকে সার বিক্রয় করিয়াছে ;

(গ) কৃষকদের নিকট এমনিয়ম সলফেট ও অন্যান্য সার সরাসরি বিক্রয়ের পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(ঘ) না থাকিলে, তাহার কারণ কি?

The Minister for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ, লাইসেন্স প্রাপ্ত সমবায় ও ব্যবসায়ী মাধ্যমে।

(খ) বিভিন্ন সার বিভিন্ন দরে বিক্রয় করা হইয়াছে, যেমন—

		টন প্রতি
(১) এ্যামোনিয়াম সালফেট	—	৩৬০ টাকা
(২) ইউরিয়া	—	৬১৫ টাকা
(৩) ক্যালসিয়াম এ্যামোনিয়াম নাইট্রেট	—	৩৪২ টাকা
(৪) সুপার ফসফেট	—	২৬৭·৮৮ পঃ
(৫) গ্রেড ১ মিশ্রসার,—ধান, গম, ভুট্টা, সরিষা, তৈল জাতীয় বীজ, ইক্ষু প্রভৃতির জন্য	—	৩৭৮·৮৯ পঃ

		টন প্রতি
(৬) গ্রেড ২ মিশ্রসার—আলু, আলুজাতীয় সবজী, পাট, সবজী, তামাক, পান, ফল, পেঁপে ও আনারস প্রভৃতির জন্য	—	৩৭১·৩০ পঃ
(৭) গ্রেড মিশ্রসার—নারিকেল ও সুপারির জন্য	—	৩৫৮·২৮ পঃ
(৮) গ্রেড ৪ মিশ্রসার—ধানের জন্য	—	৩৬২·৭৩ পঃ
(৯) পাটের মিশ্রসার	—	৩৬৪·১১ পঃ
(১০) ধানের মিশ্রসার	—	৩৬৪·৭৫ পঃ
(১১) আলুর মিশ্রসার	—	৩৬৪·১৫ পঃ
(১২) সবজীর মিশ্রসার (দুই প্রকারের)	—	৩৫১·৩৩ পঃ

(গ) না, সরকার কর্তৃক সরাসরি বিক্রয়ের পরিকল্পনা বর্তমানে নাই।

(ঘ) ভারতবর্ষে কোথাও সরকার সরাসরি চাষীর নিকট সার বিক্রয় করেন না। বর্তমানে যে প্রথায়, যেমন সমবায়, বে-সরকারী ব্যবসায়ী ও অর্ধসরকারী সংস্থার যৌথ ব্যবস্থাপনায় সরকারের নিয়ন্ত্রণাধীনে রাসায়নিক সার কৃষকদের নিকট বিতরণ করা হইতেছে, তাহা ভালভাবেই চলিতেছে, এই জন্য সরকার এই প্রথা পরিবর্তনের প্রয়োজনীয়তা অনুভব করেন নাই।

Menus in Calcutta hotels

***173.** (Admitted question No. *1377.) **Shri Monoranjan Bakshi:**

খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি কলিকাতাস্থ হোটেল ও বোর্ডিং হাউসগুলিতে মধ্যাহ্ন ও রাত্রিকালীন ভোজনের জন্য কি কি সামগ্রী কি পরিমাণ সরবরাহ করিবার জন্য সরকার নির্দিষ্ট তালিকা প্রস্তুত করিয়াছেন?

The Minister for Food:

এ সম্বন্ধে একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

Statement referred to in reply to starred question No. 173

The West Bengal Food (Restriction Service of meals by Establishments) Order, 1965

অনুযায়ী নিম্নলিখিতভাবে মধ্যাহ্ন ও রাত্রিকালীন ভোজনের খাদ্য তালিকা প্রস্তুত করা হইয়াছে।

১। যে কোন একবেলায় একটি সাবস্ট্যান্সিয়াল ডিস ও একটি সার্বসিডিয়ারী ডিস্ অথবা দুইটি সার্বসিডিয়ারী ডিস্ এর বেশী দেওয়া চলিবে না।

২। সমস্ত আবাসিক এস্টাব্লিসমেণ্ট-এর যেখানে ইউরোপীয় ধরনে খাদ্য সরবরাহ (নন-রেসিডেন্সিয়াল) করা হয় এবং সমস্ত অনাবাসিক এস্টাব্লিসমেণ্ট-এ মোট ভোজ্য-দ্রব্যে খাদ্যশস্যের পরিমাণ পাউরুটি সমেত ১৭০ গ্রামের বেশী এক বেলার একটি ভোজনে সরবরাহ করা চলিবে না। ইহা ব্যতীত সমস্ত আবাসিক এস্টাব্লিসমেণ্ট-এ একটি রেশন কার্ডধারী যতটা খাদ্যশস্য পাইতে পারে ভোজ্যদ্রব্যে তাহার বেশী সরবরাহ করা চলিবে না।

তবে যে সমস্ত এস্টাব্লিসমেণ্ট-এ ইউরোপীয় প্রথায় খাবার দেওয়া হইয়া থাকে সেখানে কোন ভোজনের জন্য কোন চাউল বা চাউলজাত খাদ্য দেওয়া চলিবে না। (১) সাবস্ট্যান্সিয়াল ডিস বলিতে মাছ অথবা মাংস, অথবা গৃহপালিত পক্ষী অথবা শিকার করা প্রাণীর মাংস অথবা ভাত এবং ঝোল, অথবা পোলাও বা 'অর ডেভার' (অনধিক তিনটি বিভিন্ন দ্রব্যের সমষ্টিতে প্রস্তুত) এইগুলি বুঝাইবে। (২) সাবস্ট্যান্সিয়াল ডিস হিসাবে ভারতীয় প্রথায় মাংস বা মাছ বা গৃহ-পালিত পক্ষী ছাড়াও ও বিরুয়ানী অথবা ভাত ও ঝোল/ডাল অন্তর্ভুক্ত করা হইয়াছে। একটি সাবস্ট্যান্সিয়াল ডিস্-এ সাধারণতঃ যেভাবে খাওয়া হয় সেরূপ হইলে তাহাতে এই দ্রব্যগুলির অনধিক তিনটিকে একত্র দেওয়া চলিবে।

সাবসিডিয়ারি ডিস (ইউরোপীয়ান) বলিতে একটি মিষ্টান্নের ভোজ্য (সুইট ডিস) অথবা প্রধানতঃ নিম্নোক্ত যে-কোন একটি বুঝাইবে। শাকসবজী, ডিম, ম্যাকারণি, 'সেল' মাছ, পরীজ, গ্রেপনাট, প্রাতরাশের উপযুক্ত যে-কোন তণ্ডুল জাতীয় খাদ্যশস্য 'অর ডেভার' (অনধিক তিনটি সামগ্রী যুক্ত)।

ভারতীয় প্রথায় সাবসিডিয়ারি ডিস বলিতে মিষ্টির ভোজ্য অথবা নিম্নলিখিত যে-কোন একটি:—

চাপাটি, পুরি, পরটা, ডাকারী, ডিম।

৩। প্রত্যেক ভোজনের সঙ্গে স্যালাড বা দুইটির অনধিক নিরামিষ তরকারী খাওয়ান চলিবে। ইহা নিম্নলিখিত জিনিষগুলি খাওয়ান যাইতে পারে কারণ এইগুলি নিষিদ্ধ খাদ্য তালিকার মধ্যে পড়ে না:—

পানীয় দ্রব্য, সুপ, পাঁউরুটি, বিস্কুট, জ্যাম, মারম্যালেড, ফল, ফলের বা শাকসবজীর রস, চাটনি, ভাজী, পাঁপর, পিঁয়াজ, ঘি, মাখন, সর, দই, পনির, পিকলস রায়তা, বাটারমিল্ক, সস, কাস্টার্ড বা এই ধরনের সামগ্রী।

New Hooghly River Crossing

***174.** (Admitted question No. *284.) **Shri Ananga Mohan Das:**

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী নদীর উপর ৩য় সেতুর স্থান কোথায় নির্দিষ্ট হইয়াছে;

(খ) উহার প্ল্যান ও এষ্টিমেট প্রস্তুত হইয়াছে কি; এবং

(গ) উহা কি প্রকারের পুল হইবে এবং কবে উহার কাজ আরম্ভ হইবে?

The Minister for Development and Planning:

(ক) ফোর্ট উইলিয়মের দক্ষিণে প্রিন্সেপ ঘাটের নিকট নূতন সেতুর স্থান নির্দিষ্ট হইয়াছে।

(খ) একটি মোটামুটি নক্সা ও আনুমানিক এস্টিমেট তৈয়ারী হইয়াছে।

(গ) সেতুটি অধিক উচ্চতা সম্পন্ন এবং ধনুকাকৃতি হইবে, কিন্তু কাজ কবে আরম্ভ হইবে তাহা এখন সঠিক বলা যায় না।

Contribution To National Defence Fund

***175.** (Admitted question No. *538.) **Shri Kashi Kanta Maitra:**

মুখ্যমন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ রাজ্যে পাকিস্তানী আক্রমণের পর যে জাতীয় প্রতিরক্ষা তহবিল খোলা হয় তাতে এ পর্যন্ত মোট কত টাকা সংগৃহীত হয়েছে ;

(খ) এ রাজ্যের বিভিন্ন মন্ত্রীরা এবং রাজ্যপালিকা ঐ তহবিলে অর্থসাহায্য করেছেন কিনা এবং করে থাকলে তাঁদের প্রত্যেকের ব্যক্তিগত দানের পরিমাণ কত ;

(গ) সংগৃহীত অর্থ কিভাবে ব্যয় করা হয়েছে এ পর্যন্ত ; এবং

(ঘ) প্রতিরক্ষা তহবিল কমিটির প্রধান কার্যালয় কোথায় অবস্থিত?

The Minister for Home and the Chief Minister:

(ক) পাক আক্রমণের পর থেকে ৫-১১-৬৫ তারিখ পর্যন্ত জাতীয় প্রতিরক্ষা তহবিলে মোট ৫২,৯০,৯১৮·৬৩ পয়সা (বাহান্ন লক্ষ নব্বই হাজার নয়শত আঠার টাকা তেষট্টি পয়সা সংগৃহীত হয়েছে।

(খ) রাজ্যপালিকা	—	১,০০০ টাকা
মুখ্যমন্ত্রী	—	৫০১ ,,
অর্থমন্ত্রী	—	২৫০ ,,
শিল্প ও বাণিজ্যমন্ত্রী	—	২৫১ ,,
পশুপালন, মৎস্য ও স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রী	—	১০১ ,,

মন্ত্রীরা কত টাকা সংগ্রহ করিয়াছেন বলা সম্ভব নহে ;

(গ) সংগৃহীত অর্থ সবই জাতীয় প্রতিরক্ষা তহবিলে জমা পড়েছে।

(ঘ) নূতন দিল্লী।

Smuggling of rice to East Pakistan

***176.** (Admitted question No. *666.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ব পাকিস্তানে চাউল পাচার করা বা পাচারের চেষ্টা করার জন্য কত ব্যক্তিকে বর্তমান বৎসরে এ যাবৎ গ্রেপ্তার করা হইয়াছে এবং কোন্ জেলায় কতজন ; এবং

(খ) গত ৬ মাসের মধ্যে কত চাউল সীমান্ত এলাকায় সরকার কর্তৃক ধরা হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) পূর্বপাকিস্তানের সীমান্তবর্ত্তী পশ্চিমবঙ্গের কোন জেলা হইতে পূর্বপাকিস্তানে চাউল পাচার করার জন্য বা পাচারের চেষ্টা করার জন্য কাহাকেও গ্রেপ্তার করা হয় নাই।

(খ) পূর্বপাকিস্তানে চাউল পাচারের চেষ্টা করার অপরাধে সীমান্তবর্ত্তী কোন জেলায় কোন চাউল আটক করা হয় নাই।

Financial grant for the detenus

***178.** (Admitted question No. *1133.) **Shri Monoranjan Hazra:**

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিনাবিচারে আটক বন্দীদের আত্মীয়স্বজন ও পুত্র-কন্যার অসুস্থতাবশতঃ চিকিৎসার জন্য এককালীন অর্থ মঞ্জুর করার কোন ব্যবস্থা আছে কিনা ;

(খ) উক্ত বন্দীদের মধ্যে যাহাদের জীবনবীমা আছে তাঁহাদের প্রিমিয়ামের টাকা দিবার ব্যবস্থা আছে কিনা ; এবং

(গ) না থাকিলে, এ বিষয়ে সরকার কোন বিবেচনা করিতেছেন কি?

The Minister for Home (Special):

(ক) না।

(খ) না।

(গ) না।

Procurement of rice and paddy in Kandi subdivision

***179.** (Admitted question No. *1147.) **Shri Abhoy Pada Saha:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমায় ১৯৬৫ সালের অক্টোবর মাস পর্যন্ত সরকার কর্তৃক কত চাউল ও ধান্য সংগৃহীত হইয়াছে ;

(খ) সাধারণ উপায়ে কত চাউল ও ধান্য সংগৃহীত হইয়াছে এবং ডাইরেক্টিভ মাধ্যমে কত সংগৃহীত হইয়াছে ;

(গ) যেসকল জোতদারের উপর ডাইরেক্টিভ দেওয়া হইয়াছিল সরকারকে ধান চাউল বিক্রয়ের জন্য, তাহারা সমস্ত ধান ও চাউল সরকার ও এজেন্টকে সরবরাহ করিয়াছেন কি না; এবং

(ঘ) না করিয়া থাকিলে কত পরিমাণ বাকি আছে এবং তাহার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হইতেছে?

The Minister for Food and Supplies:

(ক) চাউল (১০-১১-৬৫ পর্যন্ত):—১৪,৫৪৩ কুইন্টাল ৮৩ কিলোগ্রাম।
ধান্য (১০-১১-৬৫ পর্যন্ত):—৪,০৩০ কুইন্টাল ৯০ কিলোগ্রাম।

(খ) **সাধারণ উপায়ে সংগৃহীত**

চাউল (১০-১১-৬৫ পর্যন্ত):—১৪,৫৪৩ কুইন্টাল ৮৩ কিলোগ্রাম।
ধান্য (১০-১১-৬৫ পর্যন্ত):— ৬০৯ কুইন্টাল ৮৪ কিলোগ্রাম।

ডিরেক্টিভ মাধ্যমে সংগৃহীত

চাউল—সংগৃহীত হয় নাই।
ধান্য (১০-১১-৬৫) পর্যন্ত:—৩,৪২১ কুইন্টাল ৬ কিলোগ্রাম।

(গ) না।

(ঘ) ১০-১১-৬৫ তারিখ পর্যন্ত ৩৫৪ কুইন্টাল ৬৪ কিলোগ্রাম ধান্য বাকী আছে। খেলাপকারীগণের বিরুদ্ধে প্রসিডিংস করা হইতেছে।

Arrest of political leaders under D.I.R.

***180.** (Admitted question No. *1162.) **Shri Tarun Kumar Sengupta:**

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের ১লা অক্টোবর হইতে অদ্যাবধি সময়কালে পশ্চিমবঙ্গের বিভিন্ন রাজনৈতিক দলের কতজন ব্যক্তিকে ভারতরক্ষা আইনে বিনা বিচারে আটক করা হয় ;

(খ) এ পর্যন্ত উক্ত বিভিন্ন দলের রাজবন্দীদের কতজনকে মুক্তি দেওয়া হয় ;

(গ) বর্তমানে কারারুদ্ধ উক্ত ধরনের বন্দীদের মুক্তি দেওয়ার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা ; এবং

(ঘ) বিবেচনা না করিলে তাহার কারণ কি?

The Minister for Home (Special):

(ক) ১৯৬৪ সালের ১লা অক্টোবর হইতে ১১ই নভেম্বর ১৯৬৫ পর্যন্ত সমগ্র পশ্চিমবঙ্গে বিভিন্ন রাজনৈতিক দলভুক্ত ২৯৪ জন ব্যক্তিকে ভারতরক্ষা নিয়মাবলীর ৩০নং নিয়ম অনুসারে আটক করা হয়।

(খ) উপরি-উক্ত আটক ব্যক্তিগণের মধ্যে বিভিন্ন রাজনৈতিক দলভুক্ত ৪২ জনকে এ যাবৎ মুক্তি দেওয়া হইয়াছে।

(গ) না।

(ঘ) যেসকল পরিস্থিতিতে এবং কারণে ইহাদের আটক করা হয়, তাহার কোন পরিবর্তন বর্তমানে দেখা যায় না।

Cement

***181.** (Admitted question No. *285.) **Shri Ananga Mohan Das:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সিমেন্টের যে দর নির্দিষ্ট ছিল তাহা অপেক্ষা কিছু বৃদ্ধি করা হইয়াছে ;

(খ) 'ক' এর উত্তর 'হ্যাঁ' হইলে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে কি হারে কি কারণে কবে হইতে উক্ত দাম বৃদ্ধি করা হইয়াছে ; এবং

(গ) সিমেন্টের সরবরাহ পূর্বাপেক্ষা বৃদ্ধি করা হইয়াছে কিনা?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ।

(খ) ভারত সরকার সর্বশেষ সিমেন্টের দর বৃদ্ধি করিয়াছেন ১-৬-৬৫ তারিখ হইতে। বৃদ্ধির হার ছিল মেট্রিক টন প্রতি ৮ টাকা ৩৫ পয়সা। সিমেন্ট প্রস্তুত করিবার খরচ (ওয়ার্কস কস্ট) এবং সিমেন্টের রেল পরিবহণ খরচ (ফ্রেট) বৃদ্ধি পাওয়ার দরুন এই দর বৃদ্ধি করা হইয়াছে।

(গ) না।

Adulterators of mustard oil

***182.** (Admitted question No. *871.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালে সরিষার তৈলে পশ্চিমবঙ্গে ভেজাল দিবার অপরাধে কতজন ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে?

(খ) এইরূপ ভেজালকারী কতজন দণ্ড পাইয়াছেন ; এবং

(গ) উহাদের নিকট হইতে দণ্ড বাবদ কি পরিমাণ জরিমানা আদায় হইয়াছে?

The Minister for Home (Police):

(ক) ৩০০

(খ) ১৪৫

(গ) সর্বমোট কত টাকা আদায় হইয়াছে তাহা এখনও জানা যায় নাই তবে ক্ষেত্র বিশেষে ১,০০০ টাকা পর্যন্ত জরিমানা হইয়াছে এবং এক বৎসর পর্যন্ত কারাদণ্ড হইয়াছে।

Increase in price of vegetables

***183.** (Admitted question No. *1164.) **Shri Tarun Kumar Sengupta:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সাম্প্রতিককালে বেগুন, পটল, ইত্যাদি সবজিগুলির দর বৃদ্ধি পাইয়াছে ;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি ; এবং

(গ) অবস্থার প্রতিকারের জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করার কথা চিন্তা করিতেছেন কি?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ, সেপ্টেম্বর ও অক্টোবর মাসে এইরূপ সবজির দর বৃদ্ধি পাইয়াছে।

(খ) আবহাওয়ার অনিশ্চয়তার দরুন অতি বৃষ্টিতে প্রায় তৈয়ারী ফসল জমিতেই নষ্ট হইয়াছিল। এই কারণে চাহিদার তুলনায় যোগান অপর্যাপ্ত হওয়ায় দর বৃদ্ধি পাইয়াছিল।

(গ) সবজির ফলনের বৃদ্ধিকল্পে সরকার সম্প্রতি একটি পরিকল্পনা গ্রহণ করিয়াছেন। ইস্কুল, কলেজ, হাসপাতাল ও সমিতি প্রভৃতির সংলগ্ন জমিতে চাষ করিবার সুবিধা দেওয়ার জন্য সেচন ব্যবস্থার সাহায্য ও ৫০ টাকা অবধি মূল্যের চারাগাছ ও বীজ এই সকল প্রতিষ্ঠানগুলিকে দেওয়া সাব্যস্ত করা হইয়াছে। গ্রামাঞ্চলে কিংবা সহরাঞ্চলে কোন এক ব্যক্তিকে তাহার দখলের জমির মাপানুযায়ী সর্বোচ্চ এক হাজার বীজ অঙ্কুর ও চারাগাছ বিনামূল্যে বিতরণ করা হইবে। ইহার মূল্য দুই টাকা।

মিউনিসিপ্যাল সহরসমূহ, কলিকাতা সহর এবং প্রথম পর্যায়, দ্বিতীয় পর্যায়, তৎপরবর্তী পর্যায়ভুক্ত ব্লকগুলির জন্য সবজির অঙ্কুর ও চারাগাছ বাবদ পাঁচ লক্ষ টাকা পৃথকভাবে দিবার জন্য নির্দিষ্ট করা হইয়াছে।

সমস্ত প্রথম ও দ্বিতীয় পর্যায়ভুক্ত ব্লকের জন্য নার্শারিতে অঙ্কুর ও চারাগাছ তৈয়ারীর সর্বোচ্চ সীমা ৪ হাজার হইতে পাঁচ হাজার টাকায় বর্ধিত করা হইয়াছে এবং পঞ্চবার্ষিকী প্রোগ্রামের সময়ে চারাগাছ রোপন করিবার সরঞ্জাম বিতরণের সীমা দুই হইতে আড়াই হাজার টাকায় বর্ধিত করা হইয়াছে। উপরোক্ত দুই শ্রেণীর ব্লকের চাষীদের মধ্যে বিতরণের জন্য চারাগাছ উৎপন্ন করিতে এক হাজার করিয়া টাকা দেওয়া হইয়াছে। দ্বিতীয় পর্যায়োত্তর ব্লকের জন্য এক হাজার টাকা মূল্যের অঙ্কুর ও পাঁচশত টাকা মূল্যের চারাগাছ উৎপন্ন করিয়া বিতরণ করিতে দেওয়া হইয়াছে। চারাগাছ ও বীজ বিতরণের নিমিত্ত প্রত্যেক মিউনিসিপ্যাল সহরের জন্য ৩০০ টাকা ও কলিকাতার জন্য হাজার টাকা নির্দিষ্ট করা হইয়াছে।

Unstarred Questions to which written answers were laid on the Table.

Licencees for stocking paddy

225. (Admitted question No. 6.) **Shri Sanat Kumar Raha:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ধান-চাল মজুত করিবার ক্ষমতা রাখে এইরূপ কৃষক ও কৃষিজীবীর সংখ্যার এবং কৃষি আয় কর দিবার সক্ষম কৃষকদের সংখ্যার কোন হিসাব সরকারের আছে কিনা;

(খ) যদি থাকে তাহলে তাহাদের সংখ্যা কত; এবং

(গ) ধান, চাল, শস্যাদি মজুত করিবার লাইসেন্স করিয়াছে এরূপ চাষী ও অকৃষি ব্যবসায়ী কত?

The Minister for Food and Supplies:

(ক) হ্যাঁ, আছে।

(খ) ১৯৫৯-৬০ সালের ফ্যামিলি বাজেট এনকোয়ারির হিসাবে দেখা যায় যে পশ্চিমবঙ্গে পল্লী অঞ্চলে শতকরা ১৬টি পরিবারের চাউল ও চাউলজাত দ্রব্য বিক্রয়যোগ্য উদ্বৃত্ত থাকে। কৃষি আয়কর দিবার মত কৃষকের সংখ্যা ১৯,০০০-এর কিছু ঊর্ধ্বে।

(গ) এতৎসহ একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 225.

Statement showing the number of different categories of licences in force in the districts under the West Bengal Rice and Paddy Control Order, 1964.

Producers	All figures as on 31-8-65.	
	Wholesalers	Retailers
11,996	8,130	32,877

Deep tubewells in Sankrail police-station, Midnapur

226. (Admitted question No. 343.) **Shri Surendra Nath Mahato:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শাঁকরাইল থানায় কয়টি গভীর নলকূপ কোন্ কোন্ স্থানে সংস্থাপিত হইয়াছে এবং কোন্‌টি কোন্ তারিখ হইতে চালু হইয়াছে এবং কোনটিতে কত টাকা খরচ হইয়াছে;

(খ) এ সমস্ত গভীর নলকূপ হইতে কোন্ বৎসর কত একর জমিতে জল দেওয়া হইয়াছে;

(গ) সংস্থাপিত নলকূপগুলির কোন্‌টি হইতে কত পরিমাণ জমিতে ভাল সেচ দেওয়া যাইতে পারে; এবং

(ঘ) তৃতীয় পরিকল্পনার মধ্যে এই থানায় আর কোন গভীর নলকূপ বসান হইবে কিনা এবং হইলে তাহা কোথায় কোথায় হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) তিনটি—চুনপারা, প্রতাপপুর এবং মারিছোল অঞ্চলে। উক্ত নলকূপগুলি ৩০এ মে, ১৯৬৪ তারিখ হইতে চালু হইয়াছে। ভারত সরকারের এক্সপ্লোরেটার টিউবওয়েল অর্গানাইজেসন মারফত এই নলকূপগুলি সংস্থাপিত হইয়াছে। খরচের হিসাব এই অর্গানাইজেসান-এর নিকট হইতে পাওয়া যায় নাই।

(খ) এই বিষয়ে একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল—

নলকূপের নাম	১৯৬৪-৬৫ সন
প্রতাপপুর	২৮ একর
চুনপারা	২২ একর
মারিছোল	২৫ একর

বর্তমান বৎসরে প্রত্যেকটি নলকূপ দ্বারা ৬০ একর পরিমিত জমিতে জল দেওয়া যাইবে।

(গ) তিনটি নলকূপের প্রত্যেকটি এক কিউসেক জল ছাড়িতে এবং একশত একর জমিতে সেচের কার্য চালাইতে পারে।

(ঘ) তৃতীয় পরিকল্পনার অবশিষ্ট সময়ের মধ্যে এই থানায় নাইকানছোল, ইটামারো এবং পাথরা এই তিনটি অঞ্চলে গভীর নলকূপ বসাইবার জন্য স্থান নির্বাচন করা হইয়াছে।

Surrender of sanctioned money from Copiballavpur Block I, Midnapur

227. (Admitted question No. 367.) **Shri Surendra Nath Mahato:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার গোপীবল্লবপুর ১নং ব্লকের বিভিন্ন খাতে মঞ্জুরীকৃত টাকা গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে আর্থিক বৎসরের মধ্যে খরচ করিতে না পারায় ফেরত, দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, কোন্ বৎসর কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করা হয় নাই; এবং

(গ) ঐগুলি খরচ না হওয়ার কারণ কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ১৯৬৩-৬৪ সালে গোপীবল্লভপুর ১নং ব্লক প্রাক্ সম্প্রসারণ পর্যায়ে থাকার দরুন কোন অর্থ বরাদ্দ করা হয় নাই। ১৯৬৪-৬৫ সালে কিছু অর্থ ফেরত দেওয়া হইয়াছে।

(খ) ও (গ) একটি বিবৃতি প্রদত্ত হইল।

Statement referred in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 227.

১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে গোপীবল্লভপুর ১নং ব্লকের বিভিন্ন সমষ্টি উন্নয়ন প্রকল্পে বরাদ্দ অর্থ ব্যয় না হওয়ার বিবরণ।

প্রকল্প,	ব্যয় না হওয়া অর্থের পরিমাণ (টাকা)	ব্যয় না হওয়ার কারণ
১। বিবিধ কৃষিপ্রকল্প ...	৪,৫৫০	... যথোপযুক্ত স্থান, ঋণ-
২। ফলাফল প্রদর্শন ...	২৫০	... গ্রহণকারী এবং কর্ম-
৩। ক্ষুদ্র সেচ প্রকল্প ...	১৩,০০০	চারীর অভাব।
		বরাদ্দ অর্থ বিলম্বে পাওয়ার জন্য।

Surrender of sanctioned money from Binpur Block II, Midnapur

228. (Admitted question No. 370.) **Shri Surendra Nath Mahato:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার বিনপুর ২নং ব্লকের বিভিন্ন খাতে মঞ্জুরীকৃত টাকা গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের আর্থিক বৎসরের মধ্যে খরচ করিতে না পারায় ফেরত দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, কোন্ বৎসর কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করা হয় নাই; এবং

(গ) ঐগুলি খরচ না হওয়ার কারণ কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) একটি বিবৃতি প্রদত্ত হইল।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 228.

১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে বিনপুর ২নং ব্লকের বিভিন্ন সমষ্টি উন্নয়ন প্রকল্পে বরাদ্দ অর্থ ব্যয় না হওয়ার বিবরণ।

প্রকল্প	ব্যয় না হওয়া অর্থের পরিমাণ (টাকা)		ব্যয় না হওয়ার কারণ	
	১৯৬৩–৬৪	১৯৬৪–৬৫	১৯৬৩–৬৪	১৯৬৪–৬৫
১। বিবিধ কৃষি-প্রকল্প	৯৲	৭৫৯৲	৬,০০০৲ টাকা আবণ্টনের তুলনায় উদ্বৃত্ত অর্থ অতি সামান্য।	এই প্রকল্প অনুসারে পাকা সারের গাদা, গোয়াল ইত্যাদি নির্মাণের জন্য অর্থ সাহায্য পাইবার উপযুক্ত আর কোন ব্যক্তি না থাকার জন্য।
২। কৃষি ও পশুপালনের উন্নয়নের জন্য উৎপাদক পরিকল্পনা ঋণ।	১,০০০৲	৫০০৲	উপযুক্ত ঋণ গ্রহণকারীর অভাব।	
৩। স্বাস্থ্য ও গ্রামীন অনাময় ব্যবস্থা।	৮৮৫৲	২,৪১৪৲	অংশ গ্রহণকারীগণের কয়েকজন আর্থিক বৎসরের মধ্য প্রকল্পের কাজ সম্পূর্ণ করিতে না পারায় ঐ অর্থ ব্যয় হয় নাই।	

Cultivable fallow and waste land

229. (Admitted question No. 465.) **Shri Panchu Copal Bhaduri:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) what is the exact area of cultivable fallow land in the State; and

(b) what is the exact area of waste land that may be brought under cultivation?

The Minister of State for Agriculture and Community Development: (a) The exact figure of cultivable fallow land in this State is not available but that of "Old Fallow" land which means "Cultivated land not brought under cultivation during the last three years" is available which is 2.74 lakh acres.

(b) Estimate of cultivable waste land is 10.66 lakh acres.

Procurement of rice and paddy in Kandi subdivision

230. (Admitted question No. 493.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার বিভিন্ন থানায় ১৯৬৫ সালে অদ্যাবধি কত ধান ও চাল সরকার কর্তৃক সংগৃহীত হইয়াছে; এবং

(খ) এই জেলায় নবগ্রাম ও সাগরদিঘী থানায় কত ধান ও চাল এই সময়ে সংগৃহীত হয়?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এই সম্পর্কে একটি বিবরণ সংলগ্ন করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 230.

Statement showing figures of procurement of rice and paddy in Sagardighi, Nabagram and in all P.S.s of Kandi subdivision in 1965 up to date.

P.S.	Paddy procured under price support scheme	Rice procured by levy on Mills
Sagardighi	Nil	Nil
Nabagram . . .	Nil	Nil
Kandi	Nil	751 Q 11 K.G.
Barwan .	Nil	11,983 Q 22 K.G.
Khargram	Nil	Nil
Bharatpore . .	609 Q 84 K.G.	1,809 Q 50 K.G
Total .	609 Q 84 K.G.	14,543 Q 83 K.G.

Programmes for augmenting food production during the emergency

231. (Admitted question No. 535.) **Shri Kashi Kanta Maitra:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান জরুরী অবস্থায় খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধিকল্পে কোন অন্তবর্তীকালীন জরুরী কার্যক্রম করা হয়েছে কিনা;

(খ) উত্তর "হ্যাঁ" হইলে তার বিবরণ; এবং

(গ) এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন অর্থসাহায্য রাজ্যসরকার পেয়েছেন কিনা?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে জরুরী অবস্থায় রবিশস্যের উৎপাদন বৃদ্ধিকল্পে রাজ্য সরকার একটি বিশেষ জরুরী প্রকল্প গ্রহণ করিয়াছেন; এই প্রকল্পের কার্যক্রম অতিরিক্ত ৩,৫৫,০০০ একর জমিতে অতিরিক্ত ৪,৩৮,০০০ টন রবিশস্য (শাকসবজি, আলু, গম, বোরো ধানা, ডাইল, তৈলবীজ, ভুট্টা) উৎপন্ন করিবার নিমিত্ত পূর্ণোদ্যমে চেষ্টা হইতেছে। এই উদ্দেশ্যে ৫ লক্ষ টাকা মূল্যের বীজ, চারা ইত্যাদিও বিতরণ করা হইতেছে।

(গ) তিন লক্ষ টাকা কেন্দ্রীয় অর্থসাহায্য পাওয়া যাইবে।

New Development Block

232. (Admitted question No. 656.) **Shri Radha Nath Das Adhikary:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় আর কয়টি নতুন উন্নয়ন সংস্থা খোলার পরিকল্পনা সরকারের আছে;

(খ) ঐগুলি কোন্ কোন্ স্থানে খোলা হইবে; এবং

(গ) কোন্ সময় ঐগুলি খোলা হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ছয়টি।

(খ) মেদিনীপুর—৩; নদীয়া—১; কোচবিহার ১; হুগলী—১।

(গ) আইনগত বাধা থাকায় এই পরিকল্পনা বর্তমানে স্থগিত আছে।

Rates of husking paddy

233. (Admitted question No. 669.) **Shri Sanat Kumar Raha:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ছোট ধান কল, বড় ধান কল ও হাস্কিং মেসিন কর্তৃক ধান ভাঙাইবার জন্য কোন নির্দিষ্ট রেট আছে কিনা; এবং থাকিলে তাহা কি?

The Minister for Food and Supplies:

ধান ভাঙাইবার জন্য কোন নির্দিষ্ট রেট নাই। প্রতি ক্ষেত্রে টেন্ডার ডাকিয়া উহা স্থির করা হয়।

Deep tubewells in Birbhum district

234. (Admitted question No. 724.) **Shri Bhakti Bhusan Mondal:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের (কৃষি) মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলায় সেচের জন্য কোন্ থানায় কয়টি গভীর নলকূপ আছে (১৯৬৫ সালের সেপ্টেম্বর তক হিসাব দিবেন);

(খ) বর্তমান বৎসরে উক্ত নলকূপ বসাইবার কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) পরিকল্পনা থাকিলে, কোন্ থানায় কোন্ মৌজায় উহা বসান হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) একটি (এক্সপ্লোরেটরি) নলকূপ। ইলামবাজার থানায় ঘুরিয়া অঞ্চলে।

(খ) বর্তমান আর্থিক বৎসরের মধ্যে ২৫টি গভীর নলকূপ বসাইবার একটি পরিকল্পনা আছে।

(গ) এ পর্যন্ত নির্বাচিত স্থানগুলির একটি তালিকা এতৎসহ উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 234.

	Name of sites	Police-station
*1.	Payer Anchal	.. Illambazar
*2.	Baruipur Mehadiganj	Do.
*3.	Ichapur	Do.
4.	Mirzapur	Do.
*5.	Shunmuri	Do.
6.	Kayra	Do.
*7.	Tikorbeta	Do
*8.	Madanpur	Do
*9.	Uttarkona .. .	Do.
10.	Khayerbari	
11.	Bahiri	Bolepur
12.	Mahidapur	Do.
13.	Ramnagar	Do.
14.	Bolepur thana farm (Surul)	Do.
15.	Mulluk	Do.
16.	Baradibur	Mayureswar
17.	Ghoga	Dubrajpur
18.	Shibramtora	Do.
*19.	Rangum	Do.
20.	Kuitha (Dum Dum)	Do.
21.	Bara-Gunshima	Do.
*22.	Paduma	Do.
23.	Rongna	Do.
*24.	Bhaluka	Do.

*Located within the Hinglow River Project Command Zone.

Alleged seizure of paddy in Murshidabad district

235. (Admitted question No. 872.) **Shri Sanat Kumar Raha:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানার ১৯৬৫ সালে এ পর্যন্ত মোট কতজনের নিকট হইতে মোট কি পরিমাণ ধান সীজ করা হয়?

The Minister for Food and Supplies:

মুর্শিদাবাদ জেলার কোনও স্থান হইতে এ বৎসরে কোন ধান সীজ করা হয় নাই।

Modified Ration Shops in Malda district

236. (Admitted question No. 188.) **Dr. Golam Yazdani:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় গত এপ্রিল মাসের শেষ তারিখ পর্যন্ত এবং আগস্ট মাসের শেষ তারিখ পর্যন্ত কোন্ ব্লকে কতগুলি মডিফায়েড রেশন দোকান ছিল; এবং

(খ) এই সময়ে প্রত্যেক ব্লকের জন্য কত চাল, গম ও চিনি বরাদ্দ ছিল এবং কত পরিমাণ সরবরাহ করা হইয়াছিল?

The Minister for Food and Supplies:

(ক) ও (খ) এই সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Ration Shops in Kharba police-station, Malda

237. (Admitted question No. 189.) **Dr. Golam Yazdani:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার খরবা থানায় ব্লকগুলিতে কোন্ অঞ্চলে কতগুলি রেশন দোকান আছে;

(খ) ইহা কি সত্য যে গত এপ্রিল মাস হইতে এ দোকানগুলির কোন্ কোন্‌টি তাহাদের প্রাপ্য কোটার কম পরিমাণ চাল, গম ও চিনি তুলিয়াছে; এবং

(গ) সত্য হইলে কোন্ দোকানে কত পরিমাণ জিনিষ কম তুলিয়াছে এবং ইহার কারণ কি?

The Minister for Food and Supplies:

(ক) এই সম্পর্কে দুইটি বিবরণী লাইব্রেরী টেবিলে স্থাপন করা হইল।

(খ) হ্যাঁ, কেবলমাত্র চাল ও গম কম তুলিয়াছে।

(গ) এতৎসহ দুইটি বিবরণী লাইব্রেরী টেবিলে স্থাপন করা হইল। জিনিষ কম তুলিবার কারণ আর্থিক অসংগতি।

Production and yeild rate of rice in West Bengal

238. (Admitted question No. 575.) **Shri Amarendra Nath Roy Pradhan:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৫৪ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত প্রতি বৎসর পশ্চিমবঙ্গে মোট ধান্য উৎপাদনের পরিমাণ কত; এবং

(খ) গত ১৯৫৪ সাল হইতে ১৯৬৪ সাল পর্যন্ত প্রতি বৎসর পশ্চিমবঙ্গে গড়ে একর প্রতি ধান্য উৎপাদনের পরিমাণ কত।

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ও (খ) একটি বিবরণী (স্টেটমেণ্ট) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

Area under Paddy, Jute and Mesta in West Bengal

139. (Admitted question No. 823.) **Shri Kashi Kanta Maitra:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় জেলাওয়ারী হিসাবে ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ ও ১৯৬৫ সালের ধান ও পাট এবং মেস্তা চাষের জমির মোট পরিমাণ কত?

The Minister of State for Agriculture and Community Development:

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় জেলাওয়ারি হিসাবে ১৯৬১-৬২, ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে ধান, পাট ও মেস্তা চাষের জমির মোট পরিমাণ সম্বলিত একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

Adjournment Motion

[2—2-10 p.m.]

Mr. Speaker: I have received five notices of adjournment motion on the following subjects from:

(1) Shri Sambhu Charan Ghosh on the subject of mutation in the writings of Kazi Nazrul Islam by the Pakistan Radio;

(2) Shri Nikhil Das on the subject of increase in the price of wheat supplied from the ration shops;

(3) Shri Gour Chandra Kundu on the subject of non-availability of rice in the district of Nadia;

(4) Shri Aswini Roy on the subject of imposition of restriction on the wholesale trade of rice and paddy without consulting the House; and

(5) Shri Sambhu Charan Ghosh and others on the subject of declaration of new food policy by the Chief Minister at the party meeting.

I have withheld my consent to these notices.

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: I have received six notices of Calling Attention from:

(1) Shri Abdul Latif on the subject of irregular and inadequate supply of medicines to the T.B. patients of the Health Centres of Murshidabad;

(2) Shri Gour Chandra Kundu on the subject of exchange of fires between Indian Police and Pak Police in the district of Nadia;

(3) Shri Gour Chandra Kundu on the subject of hunger strike claiming continuance of 2 years' Degree course;

(4) Shri Aswini Roy on the subject of death of a college-student by State bus on the Upper Circular Road;

(5) Shri Aswini Roy, Shrimati Ila Mittra and Dr. Abu Asad Mohammad Obaidul Ghani on the subject of strike of the rickshaw-pullers of Calcutta; and

(6) Shri Nani Bhattacharjee on the subject of death alleged to be due to starvation in Alipur Duars subdivision.

I have selected the notice of Shri Aswini Roy, Shrimati Ila Mittra and Dr. Abu Asad Mohammad Obaidul Ghani on the subject of strike of the rickshaw-pullers of Calcutta. The Hon'ble Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Khagendra Nath Das Gupta: The statement will be made on Friday next.

Shri Hemanta Kumar Basu:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল চন্দ্র সেন এর আগে খাদ্য সম্বন্ধে যে স্টেটমেণ্ট করেছিলেন বাহিরে সে বিষয়ে এখানে আলোচনা হয়েছিল এবং এটা আপনার দৃষ্টি আকর্ষণ করাতে আপনি বলেছিলেন যে এ্যাসেম্বলীতে প্লেস না করে বাহিরে স্টেটমেণ্ট করা উচিত নয়। অথচ আমরা দেখছি প্রফুল্লচন্দ্র সেন মহাশয় এদিক ওদিক নানা রকমভাবে খাদ্য সম্বন্ধে স্টেটমেন্ট করে যাচ্ছেন। আজকে খবরের কাগজে দেখছি তিনি বলেছেন যে ৭৫ কে, জি-র বেশী চাল কেউ নিতে পারবেন না এবং ২০ মণের বেশী কোন ব্যবসায়ী চাল রাখতে পারবেন না। এবং আজকের থেকে হোলসেল মারকেট বন্ধ হয়ে গেল। কাজেই এই কথা তিনি এ্যাসেম্বলীতে প্লেস না করে বাহিরে প্লেস করছেন এবং আপনার যে রুলিং ছিল তা তিনি অমান্য করছেন। কাজেই এই বিষয়ে আপনার আমি বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি। এটা অত্যন্ত অন্যায় বলে আমি মনে করি। তিনি ফুড ডিবেটে তার নিউ পলিসি সম্বন্ধে তিনি কিছুই বললেন না এবং এখানে তিনি কোন স্টেটমেণ্ট করছেন না অথচ চতুর্দিকে নানাভাবে তিনি স্টেটমেণ্ট করছেন। কাজেই তিনি আপনার এবং এই হাউসের মর্যাদা ক্ষুণ্ণ করছেন। এই বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং কিভাবে এটা বন্ধ করা যায় সেজন্য আপনাকে বলছি।

Shri Khagendra Kumar Ray Chaudhury:

স্যার, আজকের একটি বাংলা দৈনিকে আছে শিলিগুড়ি বাদ দিয়ে কোন জায়গায় ৭৫ কে জির বেশী ধান, চাল বিক্রী করা যাবে না। ১৫ই নভেম্বর থেকে কতকগুলি আইন সরকার চালু করেছেন এই ব্যবসা সংক্রান্ত ব্যাপারে। আমরা এখানে বিধানসভায় কিছু জানতে পারলাম না কি আইন চালু করেছেন। আমাদের কাছে অনেক লোকে প্রশ্ন করে, তারা জানতে চায় যে কি ব্যাপার, কি আইন চালু হল। আমরা বিধানসভার সদস্য, আমরা তো কিছুই বলতে পারছি না। স্যার, এ ব্যাপারে সরকারপক্ষ কি আমাদের একটু আলোকপাত করবেন না। সবই বাইরে বাইরে আইন তৈরী হবে। বাইরে বাইরে নির্দেশ জারী করবেন। কাজেই এসম্পর্কে আপনার কাছে আমরা কিছু জানতে চাই।

Shri Somnath Lahiri:

অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ স্যার, প্রিভিলেজটা পুরানো কিন্তু নূতনভাবে আবার তোলা, কারণ এর আগের দিন যখন আমরা আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম তখন আপনি বলেছিলেন যে এভাবে ফুড পলিসি সম্বন্ধে বাইরে বলা উচিত নয় কিন্তু তিনি তখন যা স্টেটমেণ্ট প্রেসের কাছে করেছিলেন তা ফুড পলিসির জন্য সে বিষয়ে আপনি মত দিতে প্রস্তুত ছিলেন না। সুতরাং আপনি রুলিং দিয়েছিলেন যে প্রিভিলেজ ক্ষুণ্ণ হয় নি যদিও পলিসি স্টেটমেণ্ট হাউসে

করা উচিত। আজকে আর স্টেটমেণ্টের প্রশ্ন নয়, আজকে গভর্নমেণ্ট থেকে অর্ডার বার করেছে, **অর্থাৎ একটা য়্যাকসান হয়ে যাচ্ছে, নট অনলি জল্পনা কল্পনা যে হোলসেল ট্রেড বন্ধ করে** দেয়া হল ইন ফুড গ্রেনস, অমুক ছাড়া, অর্থাৎ রাইস মিলার, গভর্নমেণ্ট এজেণ্ট এবং প্রডিউসাররা ৭৫ কে জি পর্যন্ত—এ ছাড়া আর কেউ চাল বিক্রী করতে পারবে না, এই বলে অর্ডার বেরিয়েছে কাগজে আমরা দেখলাম। এখন হোলসেল ট্রেড করতে পারবে কি পারবে না, কে পারবে এবং কে পারবে না এটা হল ফুড পলিসির মেজর পার্ট এবং এখন যা আছে তার থেকে এটা মেজর চেঞ্জ। সুতরাং this is in substance the major part of the new food policy. যেটা অর্ডার মারফত একজিকিউট করা আরম্ভ হয়ে গেল। সুতরাং সেখানে যদি আমরা মনে করি যে ফুড পলিসি সম্বন্ধে গভর্নমেণ্ট হাউসের বাইরে সিদ্ধান্ত নিয়ে পাবলিককে জানাচ্ছেন না। এখানে এসে বলবেন তাহলে আমরা মুর্খের স্বর্গে বাস করছি এটা ধরতে হবে। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এই যে হাউসের প্রিভিলেজ ক্ষুণ্ণ হল কিনা সেকথা আপনাকে এবারে চূড়ান্ত-ভাবে বিবেচনা করতে হবে শুধু এই বলে নয় যে করা উচিত। যা করা হয়েছে সেটা পারফেক্ট সুস্পষ্ট অর্ডার। সুতরাং ফুড পলিসি ইনানসিয়েটেড হয়ে গেল কিনা আউট সাইড দি হাউস এটা আপনাকে স্যার, বিচার বিবেচনা করে একটা সিদ্ধান্তে আসতে হবে এবং তা যদি না আসেন মুস্কিল কি হচ্ছে, আমাদের এখানে মাননীয়মহাশয় প্রমিজ করেছিলেন বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে যে সামনে ফুড পলিসি সম্বন্ধে আমরা ডিবেট করবো এবং সেই ডিবেটের আগে আমরা বলেছিলাম যে আপনাদের কি পলিসি সেটা আমাদের কাছে সার্কুলেট করবেন কিন্তু এখন দেখছি যে হাউসে ডিবেট হবে না। ফুড পলিসি আইদার বাই ইনস্টলমেণ্ট অথবা সমগ্রভাবে সিদ্ধান্ত হয়ে যাবে। একজিকিউটেড হয়ে যাবে, তারপরে হয়ত তারা হাউসে ডিবেট করবেন কিন্তু তখন সেই ডিবেটের কোন মূল্য থাকবে না, কারণ তখন ইট ইজ অলরেডি আণ্ডার একজিকিউসন. একজিকিউসনের আগের স্টেজে যদি আমরা আমাদের মতামত না জানাতে পারি আমাদের মুখ্যমন্ত্রী এবং তার সাংগপাংগরা য়্যাসেম্বলীকে বিশ্বাস করেন না ঠিকই কিন্তু তাহলেও ঠাট দেখাবার জন্য একটা নিয়ম আছে যে য়্যাসেম্বলীতে এনে জিনিসটা উপস্থিত করবেন, তারপরে সাংসন করবেন ভোটের জোর আছে, কিন্তু পলিসির ব্যাপার ভোটে আসে না, অন্ততঃ ঠাট দেখাবার জন্য যে পদ্ধতি আছে, যে পলিসি সাব্যস্ত করার আগে হাউসের মতামত নেবেন। মনে হয় ওয়েস্ট পেপার বাস্কেটে ফেলে দিলেন, না হয় সে সম্বন্ধে কিছু গ্রহণ করলেন।

[2-10—2-20 p.m.]

অন্তত এইটুকু সেটিসফ্যাকসন থাকতো সে আমাদের যা বলবার ছিল তা বললাম। তারপর তারা না শুনলেন অগ্রাহ্য করলেন তা হলেও আমরা লোকের কাছে গিয়ে বলতে পারতাম যে আমরা বলেছিলাম তারা গ্রাহ্য করলেন না। কিন্তু প্রশ্ন হচ্ছে যে আমাদের বলবার অধিকারই থাকলো না। এইভাবে যদি পিসমিল ফুড পলিসিতে এক একটা আইটেম একজিকিউট হতে আরম্ভ হয় তা হলে কি হবে? আমি আপনাকে রিমাইণ্ড করে দেব যে হোলসেল ট্রেড ইন ফুড গ্রেইনস যে কি হবে বা সেটা কি হচ্ছে নিউ ফুড পলিসি এর মেজর অংগ সেটা যদি চলে যায় তাহলে পর আলোচনা করে কি করবো—ঘোড়ার ডিম আমরা করবো—এসব আমরা কিছুই বুঝতে পারছি না। সুতরাং আমি বলছি আগের বারে যা ছিল একটা প্রেস স্টেটমেণ্ট করেছিলেন সংবাদপত্র কি বলেছিল সেটা নিয়ে বলতে পারা যায় যে এটার সম্বন্ধে এত গুরুত্ব দেবার কিছু নাই। কিন্তু আজকে অর্ডার হয়েছে সেই অর্ডার অনেকখানি পার্ট অব দি ফুড পলিসি কভার করা হয়েছে। আমি আপনার কাছে নিবেদন করবো যে আমাদের হাউসের অধিকার যেটা তা ত প্রায় সবই কেড়ে নেওয়া হয়েছে, কালকে ইচ্ছা করলে আমাদের জেলখানায় ভর্তি করে নিতে পারেন, কোন কৈফিয়ত কাউকে দিতে হবে না। এটাই হচ্ছে আজকে হাউসের অবস্থা। যে কয়দিন আমরা উপস্থিত থাকতে পারি সে কয়দিনই আমরা বলবো। আশা করি আপনি এ বিষয়টা বিবেচনা করবেন এবং সেইভাবে আমাদের বলবার সুযোগ দেবেন। আপনি আমাদের অধিকার রক্ষা করবার জন্য যা প্রয়োজন তা করুন, তাহলে হাউস চালিয়ে লাভ আছে। তা না হলে এই হাউস সম্পূর্ণরূপে ধোঁকার টাটী হয়ে যায়। মাননীয়মহাশয়রা দেখবেন না শাসক সম্প্রদায় দেখবেন না [illegible]

Shri Nikhil Das:

মিঃ স্পীকার স্যার, আপনার সামনে যে কথাটা বলতে চাই গতবার আমরা প্রিভিলেজ-এর প্রশ্ন এনেছিলাম। তখন আমরা দুটো কথা শুনেছি যে খবরের কাগজে বিবৃতি অর্থাৎ খবরের কাগজ এলোমেলো কি ছাপিয়েছে তা আমরা বলতে পারবো না। আর একটা কথা বলেছিলেন ইট ইজ এ কণ্টিনিউয়েন্স অব দি ওল্ড পলিসি কিন্তু আজকে খবরের কাগজে সেটা বেরিয়েছে যে হোলসেল ট্রেড যেটা সেখানে স্টেট ট্রেডিং ইন্ট্রোডিউজ করছেন। ১৮ তারিখ থেকে হোলসেল ট্রেড-এ ধান এবং চাল স্টেট ট্রেডিং-এ ইন্ট্রোডিউজ আপনারা করছেন এবং কিছুটা রাইস মিলারসদের হাতে ছেড়ে দিচ্ছেন এটাই হচ্ছে সিফ্ট। গতবারের যা ছিল তা নয় ইট ইজ এ সিফ্ট ফ্রম দি ওল্ড পলিসি। এখানে স্যার একটা জল্পনা কল্পনার ব্যাপার নয়, আজকে এটা কার্যকরী হতে চলেছে সুতরাং পুরান যে ফুড পলিসি সেটা থেকে সিফ্টও করা হচ্ছে এবং সেটা কালকে কার্যকরী হতে চলেছে। ইট ইজ এ কণ্টিনিউএন্স অব দি ওল্ড পলিসি। আপনার মাধ্যমে আর একটা কথা বলতে চাই। আমরা অধিকারগত প্রশ্নের যে কথা বলেছিলাম একটা সেন্সার ওদের করলেন যে ওদের হাউস যখন চলবে তখন ফুড পলিসি সম্বন্ধে যদি কোন নীতি নিতে হয় তখন তা হাউসএ প্লেস করতে হবে কিন্তু ওরা সেই হাউস-এর মর্যাদা দেন নি। আপনি যে সেন্সার করেছিলেন তার প্রতি যদি বিন্দুমাত্র বা এই এ্যাসেম্বলী-এর প্রতি যদি বিন্দুমাত্র মর্যাদাবোধ থাকতো তা হলে এরূপভাবে হাউস-এর বাহিরে নিউ ফুড পলিসি সম্বন্ধে স্টেটমেণ্ট দিতে পারতেন না। তৃতীয় কথা হচ্ছে যে জিনিসটা বহুদিন থেকে দেখছি, গত সেসনেও বলা হয়েছে এবং এ সেসনেও দুবার বলেছি কিন্তু তার কিছুই হয় নি প্রত্যেকবারই আপনি হিতোপদেশ দেন। আর ওরা এ কান দিয়ে শুনে ও কান দিয়ে বের করে দেন। কিন্তু আমরা এবার স্পেসিফিক্যালি ডিমাণ্ড করছি যে একটা নূতন অর্ডার দেওয়া হোক যে সিফ্ট ফ্রম দি ওল্ড পলিসি হলো এবং এতে হাউস-এর প্রিভিলেজ নষ্ট হল। আপনি স্যার দয়া করে এটা প্রিভিলেজ কমিটীতে দিন সেখানে যারা থাকবেন অর্থাৎ ঐ প্রিভিলেজ কমিটির জাজমেণ্ট-এ দেখা যাবে যে এটা হাউস-এর প্রিভিলেজ নষ্ট হয়েছে কিনা। এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনাকে অনুরোধ করছি অন্য কোন জাজমেন্ট দিয়ে এটা ছেড়ে দেবেন না। আপনি হয়ত বলবেন যে আপনারা যা বলেছেন তাতে যুক্তি আছে এবং আমিও বলেছি এটা করা উচিত নয়। কিন্তু আপনি এটা চিন্তা করে দেখুন হাউস যখন চলবে তখন হাউস এ পলিসি ইনানসিয়েট করতে হবে কিন্তু মুখ্যমন্ত্রী একটা স্টেটমেন্ট দিলেন অথচ আমরা বিরোধী পক্ষ থেকে বলছি যে এটা নিউ ফুড পলিসি সুতরাং আমরা মনে করি এর একটা নিষ্পত্তি হওয়া দরকার। এ ধরনের স্টেটমেণ্ট-এ হাউস-এর প্রিভিলেজ নষ্ট হচ্ছে কিনা এবং হাউস চলাকালীন এরকম স্টেটমেন্ট করা উচিত কিনা এটা আপনি বলুন এবং আপনি এটা প্রিভিলেজ কমিটীতে দিন। এটা ওয়াল্স ফর অল সেটেল্ড হয়ে থাক। কারণ আমাদের এখানে এ ব্যাপারে একটা সেটেল্ করতে হবে। আপনাকে বিশেষ করে অনুরোধ করছি আপনি এটা প্রিভিলেজ কমিটীতে দিন।

Shri Panchu Gopal Bhaduri:

স্যার, আমি লিখিতভাবে যে প্রিভিলেজ মোসান দিয়েছিলাম সেটার প্রতি আবেদন জানাচ্ছি। যে প্রিভিলিজ মোসান-এর ব্যাপারটি এখানে সোমনাথ লাহিড়ী বাবু এবং নিখিল বাবু আগেই বলেছেন। খবরের কাগজ-এর যে রিলেভেণ্ট অংশ সেটা দাখিল করা হয়েছে। খবরের কাগজে বেরিয়েছে গভর্নমেণ্ট থেকে সারকুলার দেওয়া হয়েছে ডিস্ট্রিক্ট অফিসারসদের কাছে হোলসেল ট্রেড সম্পর্কে। এই সম্পর্কে কোন মতামত প্রকাশ না করে যে রেলিভ্যাণ্ট কথাটা সোমনাথ লাহিড়ী বাবু বলেছেন যে সত্যাসত্য পলিসি সম্পর্কে সরকার বাহিরে বলেছেন নাকি সেটা ঠিক করা হোক। মুখ্যমন্ত্রী শুধু বলেছেন তা নয় আজ পলিসি ইম্পলিমেণ্টসন হতে আরম্ভ হয়েছে। এখানে পলিসি সম্পর্কে আলোচনা হয় নি। এখানে পলিসি সম্পর্কে কোন পূর্ণ বা আংশিক বিবৃতি মুখ্যমন্ত্রী বা সরকারের পক্ষ থেকে দেওয়া হয় নি। এই জিনিষটা নিশ্চয়ই ব্রিচ অব প্রিভিলেজ। সেদিক থেকে আমি আপনার কাছে বিটিং এ্যাবাউট দি বুস না করেই এই সম্পর্কে প্লেস করছি. আপনি প্রিভিলেজ মোসানটা গ্রহণ করুন এবং প্রিভিলেজ কমিটীর কাছে দিন। এই সম্পর্কে সব চেয়ে বড় ইম্পরটেণ্ট কথা হচ্ছে এই হাউসকে ক্লাউট করার ব্যাপারে মুখ্যমন্ত্রী দৃঢ়

প্রতিজ্ঞ হয়েছেন। এই হাউসকে একটা প্যান্টমিমিক—তামাসা এটা একটা তিনি দেখতে চান। অপোজিশন-এর লোকের ওয়ার্থ আছে কিনা দেখতে চান। কিন্তু হাউস-এর ওয়ার্থ না থাকলে মন্ত্রিসভার ওয়ার্থ থাকে না। সেদিক থেকে হাউস-এর ডিগনিটি মেইনটেইন করতে হলে আপনার যে ডিগনিফাইড অফিস তার কোন মূল্য যে আছে লিডার অব দি হাউস তা দেন নি। সেদিক থেকে দেখলেই এটা বোঝা যাবে। আপনি এটা প্রিভিলেজ কমিটীতে দিন এবং আশা করি আমার এ মোসনটা এ্যাকসেপ্ট করবেন।

Shri Aswini Roy:

আজকে এখানে একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন উঠেছে এবং সেটার সম্বন্ধে অনেকেই বলেছেন। ভবিষ্যতের খাদ্যনীতি কি হবে এবং খাদ্য সম্পর্কে পরিকল্পনা বা এসম্পর্কে যদি কোন আলোচনা করতে হয় তাহলে প্রথমে বিধানসভায় করা উচিত। এখন এ আদেশ জারী হবার পর গ্রাম এবং অঞ্চল পঞ্চায়েতের কি হবে? প্রথম কথা হচ্ছে এই আদেশ জারী হবার আগে স্থির করা উচিত যে চাষীদের ধানের দাম কি হবে। গতবার এই এ্যাসেম্বলীতে আমরা আপত্তি করেছিলাম। আমরা বলেছিলাম যে এর পরিবর্তন করা উচিত। এখানে এরূপ করা হয়েছে গত বৎসর ধান এবং চালের দরের পার্থক্য ছিল যেখানে ৩৭·৫০ পয়সায় ১ কুইন্টাল ছিল চাষীদের কাছে সেটা মিলে এসে টাকা ৬৪·৫০ পয়সায় কুইন্টাল হয়। উৎপাদন খরচা মিলের ভাঙ্গানী খরচ, ঘরভাড়া, গাড়ীভাড়া ইত্যাদি দিয়ে ৫৬ থেকে ৫৮ টাকার বেশী পড়ে না। সেখানে চাষীদের নায্য দাম না দিয়ে মিল মালিকদের ৬ টাকা ৮ টাকা বেশী দেওয়া হয়েছে। এ সম্পর্কে এখানে বলা হয়েছে। দ্বিতীয় কথা হচ্ছে এই আদেশ জারী হবার পর এম আর এলাকা দুর্গাপুর, আসানসোলে চাল পাওয়া যাচ্ছে না। খোলা বাজারে যেখানে টাকা ১·২০ পয়সায় চাল পাওয়া যাচ্ছিল এই আদেশ জারী হবার পর সেখানে আর চাল পাওয়া যাচ্ছে না। আমি বলছি গত কয়েক সপ্তাহে দুর্গাপুর ইত্যাদি এলাকায় কি অবস্থা ঘটেছে। ৩১শে অক্টোবর যে সপ্তাহ শেষ হচ্ছে তাতে ১ হাজার গ্রামের জায়গায় মাত্র ২৫০ গ্রাম আটা দেওয়া হয়েছে, চাল দেওয়া হয় নি। ৭ই নভেম্বর যে সপ্তাহ শেষ হচ্ছে সেই সপ্তাহে মাত্র ২৫০ গ্রাম আটা এবং ২৫০ গ্রাম চাল দেওয়া হয়েছে। ১৪ই নভেম্বর যে সপ্তাহ শেষ হচ্ছে সে সপ্তাহে ঐ ২৫০ গ্রাম চাল এবং ২৫০ গ্রাম আটা দেওয়া হয়েছে।

[2-20—2-30 p.m.]

কাজেই এই যখন মডিফায়েড রেশন-এর অবস্থা, এবং ঠিক এই আদেশ জারী হবার পর, বাজারে যখন চাল ১·২০ নয়া পয়সায় পাওয়া যাচ্ছিল, এখন আর চাল সেই দরে পাওয়া যাবে না, হয়ত দেড় টাকা থেকে, ২ টাকা হয়ে যাবে। দ্বিতীয় সমস্যা হচ্ছে, আজকে চাষী যখন নূতন ধান ওঠার সঙ্গে সঙ্গে তারা গঞ্জে নিয়ে যাবে, তখন কিনবে কে? এই আদেশে বলা হয়েছে মিল-ওনার্স এবং গভর্নমেন্ট কিনবে। আমরা জানি গভর্নমেন্টের কিনতে গেলে, সেখানে যে মেসিনারী সেটা আপ করা দরকার, তা, তাঁরা এখনও করতে পারেন নি। কাজেই দেখা যাচ্ছে যে, কৃষক বা চাষী যাদের ধান বিক্রয় করবে, তারাই ধানের দর নির্দিষ্ট করে দেবে, সেই একচেটিয়া মিল-মালিক। আমি গতবার বলেছিলাম, মিলমালিকরা যখন কেনে, তখন ১৫ টাকা যে দর ছিল সেই দরে তারা কেনে নি। তার চেয়ে নীচু দামে তারা কিনেছিল। কাজেই এই আদেশ জারী হবার সাথে, সাথে, যারা সাধারণ চাষী, যারা ধানের দাম চায়, তারা তাদের ধানের দাম পাবে না, অর্থাৎ তারা ঐ নির্ধারিত দরে ধান বিক্রয় করতে পারবে না। তারা ডিসট্রেস সেল করতে বাধ্য হবে। আরো একটা জিনিষ এখানে রাখা হয়েছে, যে এ্যাসিস্ট্যান্ট সাব-ইনেসস্পেক্টর যারা, তারা ইচ্ছা করলেই চাষীদের ধান সিজ করতে পারবে। তারা কি সিজ করে, তা আমরা জানি। গতবারে মে মাসে, যখন সাধারণ চাষী সিদ্ধ ধান নিয়ে গিয়েছে হাসকিং মেসিন-এ ভাঙ্গাতে, হয়ত দুই কুইন্টাল, কি আড়াই কুইন্টাল ধান, সেই সিদ্ধ ধান, তারা সিজ করেছিল। সুতরাং বোঝা যাচ্ছে যে এই আইন জারী হওয়ার সঙ্গে সঙ্গে, এই সব অফিসারদের প্রতিক্রিয়া কৃষক সমাজের উপর কিভাবে হবে। সেই জন্য আমি বলবো এ সম্পর্কে এখানে আলোচনা হওয়া উচিত। সেই জন্য আমার দাবী হচ্ছে এই সমস্যাটা, অন্যান্য বিজনেস বা বিষয়ের উপর প্রায়রিটি দিয়ে,

আলোচনা করা হোক। দিস্ ইজ এ সিস্ট ফ্রম দি ওল্ড ফুড পলিসি। কাজেই দেখা যাচ্ছে যে, এর দ্বারা আমাদের বিধান সভার সভ্যদের যে অধিকার রয়েছে, সেই অধিকার ক্ষুন্ন করা হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করবো যে, এটা আজই অন্যান্য আলোচ্য সূচীর মধ্যে নিয়ে আলোচনা করা হোক।

Shri Bejoy Kumar Banerjee:

মিঃ স্পীকার স্যার, আমরা এটা নিয়ে অনেক দিন ধরে আলোচনা করছি। এই হাউসের সদস্যদের সত্যিই কোন অধিকার আছে কিনা, তা আপনাকে জিজ্ঞাসা করেছিলাম। আপনি বলেছিলেন, তাহলে স্কুল খুলতে হয়। আমরা ধরে নিয়েছি, আমাদের এখানে কোন অধিকার নেই। এজন্য আমরা অত্যন্ত দুঃখিত। আপনার কোন অধিকার আছে কিনা, আগে সেটাই মাথাব্যথা। আপনি সেদিন আমাদের বুঝিয়ে দিয়েছিলেন যে যদি মুখ্যমন্ত্রী মহাশয়, বা কোন মন্ত্রিমহাশয় আমাদের পশ্চিমবঙ্গের জন্য খাদ্যনীতি প্রচার করতে চান, তাহলে হাউস থেকে সিদ্ধান্ত নিয়ে, তবে সেটা করা উচিত। আপনার দায়িত্ব রয়েছে রুলিং দেওয়ার। আজকে আমরা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে এ সম্বন্ধে কোথায়, কোন নীতি, তিনি কি করেছেন, জানতে পারলাম না। আমরা সংবাদপত্র থেকে, শুধু এইটুকু দেখেছি। আমরা আপনার কাছে নিবেদন করেছি যে আপনি দয়া করে মুখ্যমন্ত্রী মহাশয়কে এখানে ডেকে পাঠান, তিনি এসে, এখানে এই যে সমস্ত অভিযোগ করা হয়েছে তা খণ্ডন করুন, এবং সমস্ত জিনিসটা একটু বুঝিয়ে, সুঝিয়ে দিন। কিন্তু অদ্যাপি তিনি এলেন না এখানে। জানি না আইনে ক্ষমতা আছে কিনা, যে তিনি না এসে পারেন। আমি জানিনা মে-র বইতে কি লিখা আছে? আমরা জানি তিনি স্পীকারের রুলিং মানেন নি, অথচ স্পীকারও তার কোন এ্যাকসান নেনান। আমার অভিযোগ হচ্ছে আপনি স্পীকার, আপনার রুলিং ভাওলেটেড হয়েছে। যদি কোন মূল নীতি বাইরে প্রকাশ করা হয়, সেটা এখানে বিবেচনা করার আগে, তাহলে তিনি হাউসের অবমাননা করেছেন। আমি জিজ্ঞাসা করছি যে, এই হাউসে যে ক্ষমতা আপনাকে দেওয়া হয়েছে, সেই ক্ষমতার বলে আপনি সকল বিষয় যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করতে পারেন। কিন্তু আপনি স্যার, নিজে এ্যাডমিট করেছেন, এবং ভাল করে বুঝিয়ে দিয়েছেন যে এই রকম নীতি হওয়া উচিত, তা না হলে ঠিক হয় না। এ নীতি হচ্ছে আপনার নীতি। এ রুলিং আপনি দিয়েছেন। আজকে সেই রুলিং এ্যাডমিটেডলি ভাওলেটেড হয়েছে। আমি জিজ্ঞাসা করি এই হাউসে হয়ত আমাদের সে রকম কোন অধিকার নেই, ক্ষমতা নেই, কিন্তু, আপনি এই হাউসের স্পীকার, আপনার কোন ক্ষমতা আছে কিনা? আপনি এ্যাজ এ স্পীকার, যদি আপনার রুলিং যদি না মানাতে পারেন, তাহলে এই বিধানসভা আজকে তালাচাবি দিয়ে বন্ধ করে দেওয়া উচিত। এই বিধানসভা রাখার কোন সার্থকতা নাই। যদি পৃথিবীর কোন জায়গায় এই রকম হয় তাহলে সেখানকার গভর্নমেণ্ট রিজাইন দেয়। ডেমোক্রেসীর কথা এখানে আর না বলাই ভাল। ডেমোক্রেসী কোথায় এখানে? কোন ডেমোক্রেসী এখানে নাই। আমি প্রিভিলেজে বলছি, কোন ইররেলেভেণ্ট কথা বলছি না। আপনি যে রুলিং দিয়েছেন, সেই রুলিং অনুযায়ী চীফ মিনিষ্টার যদি বাধ্য না হয় চলতে, তাহলে আপনি স্যার সেরকম রুলিং দেবেন না। এখানে কী নীতি তাঁরা করছেন? আপনি যদি আমাদের বসতে বলেন, রুলিং দেন, তাহলে নিশ্চয়ই আমাদের বসতে হবে। তা না হলে তাড়িয়ে দিতে পারেন সার্জেন্ট ডেকে। কাজেই আপনি যে রুলিং দিয়েছেন, আপনার সেই রুলিং আপনি ইমপ্লিমেন্টেসান করাবেন কিনা? সেটা আমরা জানতে চাই।

Shri Nani Bhattacharya:

মাননীয় স্পীকার মহাশয়, আমি সামান্যশুধু-একটি কথা বলছি। আমি বলেছিলাম এ্যাডভাইসরি কমিটির মিটিং-এ এই খাদ্য বিতর্ক আগে করবার জন্য। এই ফুড ডিবেট যদি আগে দেওয়া হতো, তাহলে আর এই ঝামেলা হতো না। কিন্তু ফুড ডিবেট আগে হল না, সরকারের সেই পলিসি নিয়ে আলোচনা হল না। আপনি জানেন কারেণ্ট ফুড ডিবেট-এর দিন ঠিক হলো, সে ডিবেট-ও হলো। হয়ত এ্যাডভাইসরি কমিটির প্রত্যেকটা মেম্বার ভালভাবে জানেন আগামী ফুড পলিসি যেটা হবে, সেই ফুড পলিসি সম্বন্ধে একটা স্টেটমেন্ট এখানে মুখ্যমন্ত্রী দেবেন। চীফ মিনিস্টার উইল মেইক এ স্টেটমেণ্ট বিফোর দি হাউস এবং তা নিয়ে এখানে পরে ডিসকাসন হবে। তার

সময় পরে ঠিক হবে। এই কথা বলেছিলেন। এ্যাকর্ডিংলি পরবর্তী কালে আপনাকে বলেছিলাম তাড়াতাড়ি করুন। এটা কি একটা জঘন্য ব্যাপার হচ্ছে। এই যা হচ্ছে একে সংসদীয় গণতন্ত্র বলে না। যতই আপনারা সংসদীয় গণতন্ত্র বলে চ্যাঁচান সব ডুবে যাবে। আপনি এখানে আছেন, পার্লামেণ্টারী য়্যাফেয়ার্সের মিনিষ্টার-ও আছেন, তিনি অন্ততঃ আজ কালের মধ্যে ফুড ডিবেটের একটা প্রোগ্রাম দিন না কেন? খগেন বাবু ডেপুটী লীডার, তিনি বলুন কাল হোক, পরশু হোক যে-কোন দিন হোক তিনি শীঘ্র এই ফুড ডিবেট দিয়ে দিন। তাহলে সব ঝামেলা মিটে যায়।

Shri Anadi Das:

মাননীয় স্পীকার মহাশয় মুখ্যমন্ত্রীর কার্য্যকলাপের দ্বারা হাউসের অধিকার ক্ষুন্ন হয়েছে, প্রিভিলেজ নষ্ট হয়েছে সেবিষয় কোন সন্দেহ নাই। এটা জেনারেল নলেজ। আজ গভর্নমেণ্ট যাঁরা তৈরী করেছেন এ্যাজ এক্সজিকিউটিভ অব দিস্ হাউস, এই হাউস ইজ দি জেনারেল বডি অব মেম্বারস্, অথবা জেনারেল বডি অব মেম্বারস্ তার যখন অধিবেশন থাকে, তাঁরা যখন বসেন, সভা করেন তখন তাঁদের বাদ দিয়ে একজিকিউটিভদের কোন ক্ষমতা থাকা উচিত নয়, নাই ও। তারা কাজ করতে পারেন ইন্ডিপেন্ডেন্টলি কখন? অনিল অ্যাট দি টাইম যখন জেনারেল বডি অব মেম্বার্স মিটিং করছেন না, বসছেন না। এটা সাধারণ লোকের জেনারেল নলেজ। এমন কি ক্লাবগুলিতেও কাজের এই নিয়ম পালিত হয়ে থাকে। সমস্ত জায়গায় এই হয়। এই যে গভর্নমেণ্ট তৈরী হয়েছে হাউসের কাজকর্ম একজিকিউট করবার জন্য। হাউসের সেই সমস্ত পলিসি তাঁরা নির্ধারণ করবেন। হয়ত হতে পারে আপনারা মেজরিটী আছেন, আপনারা যে পলিসি তৈরী করেছেন তার মেজরিটীর জোরে, গভর্নমেণ্ট হয়ে যে পলিসি করেন আমরা তার বিরোধিতা করলেও সেটা চালু হয়। এটা ঠিক, তবে ষ্টীল এটাই প্রিন্সিপেল যে কোন নূতন পলিসি চালু করতে গেলে সেটা প্রথমে এই হাউসের কাছে উপস্থাপিত করতে হয়। এই হচ্ছে সাধারণ নিয়ম যেটা ক্লাবেও ফলো করা হয়। আপনারা একে গণতন্ত্র নাম দিয়েছেন। অথচ সেটা যদি আমরা ফলো না করি, অনুসরন না করি, তাহলে গণতন্ত্র আর থাকে কোথায়? গণতন্ত্র আর থাকে না। যেটা থাকে এজন্য যে কেমন করে লোককে ঠকিয়ে গণতন্ত্রের নামে লোককে বিভ্রান্ত করে আমরা আর কিছুদিন গদিতে বসে থাকতে পারি। তা পলিসি হিসেবে চলে। সেইজন্য বলছি খাদ্যের পলিসি যেটা তৈরী হয়েছে, এটা খুবই মারাত্মক ব্যাপার। পাইকারী ব্যবসায় আর চলবে না। আমরা কি মত দেব কি না দেব সে আলাদা কথা। এটা বিশেষ গুরুত্বপূর্ণ প্রস্তাব। লেভী করে ধান আনতে হবে। সমস্ত মিল মালিককে কিছু কিছু অধিকার দেওয়া হবে কিনা, চোরাকারবার চলতে থাকবে কিনা নানা প্রশ্ন এর সঙ্গে জড়িত। গভর্নমেণ্ট পলিসির উপর সমস্ত কিছু নির্ভর করছে। আমরা বাংলাদেশের কোটি কোটি কি দরে চাল পাব, সমস্ত লোক চাল পাবে কিনা? গ্রামে চাল নাই তাদের খাওয়াবার দায়িত্ব কে নেবে? এসম্বন্ধে কি ব্যবস্থা হবে? মাঁডফায়েড রেশন দিয়ে যখন পারবো তখন দেব, না, পুরাপুরি সারা বছর খাওয়াবার দায়িত্ব নেব? এই রকম অনেক প্রশ্ন একসঙ্গে জড়িত।

[2-30—2-40 p.m.]

জীবন মরণের প্রশ্ন, খাবার মত জিনিষ যেখানে সেখানে আপনারা একটা পলিসি নিলেন যখন আমাদের এই জেনারেল বডি, এই হাউসের অধিবেশন চলছে তখন না নিয়ে। অবশ্য একটা ভাল কাজ করেছেন যে আপনারা যা নিয়েছেন এতে মন্দ ত হবেই, আপনারা যাতেই হাত দেন তার পরিণাম কি হয় সেটা আমরা জানি। সুতরাং এর সমস্ত দায়িত্ব আপনাদের হবে, গভর্নমেণ্টের হবে। তবে পলিসিটা এখানে নিলে আমরা জনসাধারণের কথা এখানে বলবার কিছু সুযোগ পেতাম। সুতরাং আমি মনে করি, যেটা ননীবাবু বলেছেন, সে অন্ততঃ দুটো দিন আলোচনার জন্য দেওয়া হোক এবং এই যে প্রিভিলেজ নষ্ট হয়েছে এটা দেখা হোক এবং শীঘ্রই একটা আলোচনার দিন ঠিক করা হোক এই কথা আমি বলছি।

Dr. Narayan Chandra Roy:

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি আর একটা দিক থেকে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, আমরা সকলেই জানি এডমিনিস্ট্রেশন এবং ডিমোক্র্যাসি কতটা কোলাপ্স

করেছে। আপনি একটু ভেবে দেখুন আপনি যদি একটা দিক থেকে মানাতে না পারেন তাহলে ভবিষ্যতে যখন ডিসিপ্লিনের কথা বলবেন তখন আপনি কি আশা করতে পারেন আমাদের এদিক থেকে ডিসিপ্লিন ঠিক ভালভাবে মানবে? সেজন্য আপনি যে লাইন নিচ্ছেন আপনাকে তা প্রমাণ করতে হবে দুদিক থেকে।

Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহাশয়, যে প্রিভিলেজের কোশ্চেন উঠাতে চেয়েছিলাম সেটা একটু অন্য রকমের, খগেন বাবু কি উত্তর দেবেন বা কি বলবেন সেটা নয়। আমি যেটা আপনার কাছে প্লেস করতে চেয়েছি সেটা হচ্ছে এই আপনি এর আগে দুবার একথা এই হাউসকে বলেছেন যে চিফ মিনিষ্টার বা গভর্নমেন্টের তরফ থেকে যে পলিসি নেওয়া হবে হাউস চলা কালীন সেই পলিসি হাউসকে জানান দরকার এবং আপনার কথা হাউসের কাছে ম্যাণ্ডেটরি এবং আপনার কথা সেদিন বলবার পরও আজ যখন চিফ মিনিষ্টার আবার সেটা ভঙ্গ করলেন তখন এই দায়িত্ব এসে পড়ছে হোল হাউসের কাছে যে সেটাকে কিভাবে ডিল করা হবে। আজকে সেই প্রশ্নটাই আপনার কাছে রাখছি যে এই ইমপ্রপার এ্যাকশন এই হাউস কিভাবে ডিল করবে সে সম্বন্ধে আপনি একটা নির্দেশ দেবেন। দ্বিতীয় কথা হচ্ছে, আপনি এর আগে বলা সত্ত্বেও যেভাবে ফ্লাউট করা হচ্ছে তাতে আমাদের কাছে এটা স্বতঃই প্রমাণিত হচ্ছে যে হাউসের যে ডিগনিটি সেই ডিগনিটি লিডার অব দি হাউস ইচ্ছা করে ভাংগছেন এবং হাউসের ডিগনিটি যদি লিডার অব দি হাউস ভাংগেন তাহলে সেখানে হাউসের কি কর্তব্য হবে সেটাও আপনি নির্দেশ দেবেন এবং আপনার নির্দেশের উপরেই এখানে গণতন্ত্র বাঁচবে। আমি সেজন্য দুটো পয়েন্টের উপর কোশ্চেন অব প্রপ্রাটিই আপনার সামনে রাখছি এবং শেষে যেটা আমি দেখছি কাগজে চিফ মিনিস্টার একথাও বলেছেন এই যে নূতন ফুড পলিসি তাঁরা করতে যাচ্ছেন সেটা নাকি কংগ্রেসীদের সমস্ত সহযোগিতা ছাড়া চলবে না। এটাও লিডার অব দি হাউস এবং সংসদীয় গণতন্ত্রের কথা যিনি বারে বারে বলেন তাঁর কাছে একটা পার্টিজান স্পিরিট এটা সংগত কিনা, হাউস চলা কালীন এইভাবে মন্তব্য করা প্রপ্রাইটির।

Shri Jaharlal Banerjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শৈলেন বাবু এক্সিকিউটিভ নীতি কি হবে না হবে সে সম্বন্ধে যেটা বলেছেন সেটা এখানে উল্লেখ করা যেতে পারে কিনা?

(তুমুল হট্টগোল)

Shri Sanat Kumar Raha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই বিধানসভাতে খাদ্যনীতি যে প্রস্তাবিত আছে বলে শুনেছিলাম সেটা আজ পর্যন্ত আনা হয় নি বলে আমাদের অধিকার ক্ষুন্ন হচ্ছে নানা বিষয়ে। যে সব বক্তারা আমাদের অধিকার ক্ষুন্ন এবং হাউসের মর্যাদা ক্ষুন্ন হবার কথা বলেছেন আমি তার সংগে দু-একটা কথা যোগ করতে চাই সেটা হচ্ছে প্রস্তাবিত খাদ্যনীতি কি হবে, প্রকিয়োরমেণ্ট কি হবে, ক্রেতা, বিক্রেতা কারা থাকবে, পাইকারী ব্যবসা কি হবে সে সম্বন্ধে যে প্রশ্ন করা হয়েছিল এই হাউসে তার বেশীর ভাগই ডিস এ্যালাউড হয়েছে, কারণ দর্শান হয় নি। আমার ধারণা এই হাউসের সম্পত্তি হিসাবে প্রস্তাবিত খাদ্যনীতি এসে হাজির হয় নি যার ফলে এর উত্তর দেওয়া কোন মন্ত্রীর পক্ষে কখনও সম্ভব নয়। তৎসত্ত্বেও দাবী করছি আপনি খাদ্যনীতি সম্পর্কে এই হাউসে অবিলম্বে আলোচনা করার সুযোগ দিন এবং আমাদের প্রশ্নের জবাব দিন। যদি আপনারা খাদ্যনীতি আলোচনা না করেন তাহলে একদিকে যেমন হাউসের অধিকারকে ক্ষুন্ন করা হচ্ছে তেমনি সংগে সংগে মেম্বার হিসাবে আমাদের যে এই নীতি সম্পর্কে অনেক প্রশ্ন আছে সেই প্রশ্নের জবাব থেকে আমরা বঞ্চিত হচ্ছি। স্পীকার মহাশয়, আমি এজন্য আপনাকে বলছি যে অবিলম্বে আমাদের খাদ্যনীতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা দরকার। কারণ গ্রাম সহর

সর্বত্র নিখুঁতভাবে নূতন পলিসি সম্পর্কে জানতে চায়, আমরা সেখানে আমাদের বক্তব্য পেশ করতে পারছি না। আমরা কি বলতে চাই, সরকার কি চান, সেটা পরিষ্কার হওয়া উচিত। দেশের মধ্যে মনোপলি প্রকিয়োরমেণ্ট কিভাবে চলতে পারে, সেটা কি আমাদের কাছে এখনও আশংকার বিষয় হয়ে রয়েছে। কারণ হচ্ছে এই রেশনিং-এর বিরুদ্ধে, একচেটিয়া প্রকিয়োরমেণ্টের বিরুদ্ধে সমস্ত বাংলাদেশের মধ্যে এমন একটা দল, এমন একটা গোষ্ঠী আছে, যারা এটাকে স্যাবোটেজ করতে চায়। সেজন্য সরকার থেকে এই খাদ্যনীতি সম্পর্কে যদি বিধানসভার সামনে আলোচনা না করেন তাহলে আমার মনে হয় যারা এটাকে স্যাবোটেজ করতে চায়, এই নীতিকে ধ্বংস করতে চায় তাদের হাতকে জোরদার করা হবে, সরকার তাদের উসকানি দিয়ে বাড়িয়ে দেবার সুযোগ দেবেন। আমার মনে হয় এই নীতি ব্যর্থ হয়ে গেলে ভবিষ্যতে সরকার হয়ত বলতে পারবেন যে খাদ্যনীতি ব্যর্থ হয়েছে, কারণ দেশের লোক এটা চায় নি। আমাদের বক্তব্য হচ্ছে যদি র‍্যাশনিং-এর শত্রুকে, স্টেট ট্রেডিং-এর কোণঠাসা করতে হয় তাহলে অবিলম্বে এখানে খাদ্যনীতি এনে আলোচনা করা উচিত এবং এর বিরুদ্ধে যারা সমাজে আছে তাদের বিরুদ্ধে আমাদের ঐক্যবদ্ধভাবে আলোচনা করা দরকার। বিধানসভার কাজ বিধানসভা করুক, মন্ত্রীত্বের কাজ মন্ত্রীরা করুক, জনসাধারণ বুঝবে সংহতভাবে র‍্যাশনিং, মনোপলি স্টেট ট্রেডিং আমাদের বাংলা দেশে চলছে। বাংলা দেশ সারা ভারতবর্ষের মধ্যে নূতন পথের ইঙ্গিত দেবে। আমি মনে করি এই বিষয়ে আর দেরী না করে অবিলম্বে মিটিং ডাকুন, আলোচনা সুরু করুন, আমাদের অধিকার প্রশ্ন করার থাকবে এবং উত্তর আমরা পাবো এবং আমরা নিজেদের নির্বাচন কেন্দ্রে গিয়ে বলতে পরবো যে এই স্টেট ট্রেডিং সঠিকভাবে পরিচালনা করা দরকার তা না জানার আগে পর্যন্ত কিছুতেই বুঝতে পারছি না সরকার নিষ্ঠার সঙ্গে এই স্টেট ট্রেডিং চান কি চান না।

Shri Cour Chandra Kundu:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে প্রশ্নটা উঠেছে এই সম্বন্ধে আমি বলতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী যে খাদ্যনীতি গ্রহণ করেছেন সেই নীতির ফলে আমাদের বাংলাদেশে দুর্ভিক্ষের অবস্থা দেখা দিয়েছে। আমি একটা অ্যাডজোর্নমেণ্ট মোশন দিয়েছিলাম যে আমাদের নদীয়া জেলাতে প্রায় দুর্ভিক্ষের অবস্থা দেখা দিয়েছে সেখানে রেশান সপে চাল পাওয়া যায় না, বাজারে কোন চাল পাওয়া যায়না, লোকে না খেয়ে আছে। তাছাড়া আমরা দেখেছি গ্রামের চাষীদের মধ্যে এই প্রকিয়োরমেণ্ট নিয়ে একটা চরম প্যানিকের সৃষ্টি হয়েছে, চাষীদের মধ্যে একটা বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে এবং বিভিন্ন জায়গায় জনসাধারণের মধ্যে এই খাদ্যনীতি সম্বন্ধে একটা বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে। অথচ মুখ্যমন্ত্রী এই আইন সভায় কোন রকম আলোচনা না করে একের পর এক বিবৃতি দিয়ে যাচ্ছেন আর সমস্ত চাল উধাও হয়ে যাচ্ছে। এবারে তিনি যে কর্ডন করলেন সে সম্বন্ধে আইন সভায় কোন রকম আলোচনা হল না। তিনি কাগজে একটার পর একটা বিবৃতি দিয়ে বড় বড় চোরা কারবারীদের সুযোগ করে দিয়ে দেশকে দুর্ভিক্ষের কবলে ঠেলে দিচ্ছেন। সমস্ত বাংলা দেশের লোক আজ এই নিয়ে চরম চিন্তিত। আমরা আইন সভার সদস্যরা এখানে এসে গভর্নমেণ্টের বিলের পর বিল পাশ করিয়ে দেবো অথচ মুখ্যমন্ত্রীর নীতির ফলে বাংলা দেশের লোক না খেয়ে শুকিয়ে মারা যাবে, কোন ফয়সলা হবে না এটা চলতে পারে না। সেজন্য আপনার কাছে আবেদন করছি যে, যে পয়েন্ট অব প্রিভিলেজ গত দিন উঠেছিল তার কোন ফয়সলা হয় নি, আজ যে পয়েণ্ট অব প্রিভিলেজ উঠেছে তার যদি ফয়সালা না হয় তাহলে মুখ্যমন্ত্রী তাঁর নিজের একক নীতির ফলে দেশকে জাহান্নামে পাঠিয়ে দেবেন। সেইজন্য এই বিষয়ে আলোচনা করার জন্য আমি আপনার কাছে দাবী করছি যে আপনি পয়েণ্ট অব প্রিভিলেজ গ্রহণ করুন এবং অবিলম্বে মুখ্যমন্ত্রীকে এখানে আসতে আপনি নির্দেশ দিন। তিনি এসে একটা বিবৃতি দিন, আমরা আলোচনা করি, তারপর যেটা ভাল হয় সেটা করা যাবে।

Shrimati Ila Mitra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে এইভাবে আমরা আমাদের যে বক্তব্য রাখছি এতে দেখছি যে হাউসের স্পীরিট অত্যন্ত হালকা হয়ে যাচ্ছে, বিশেষ করে এই গুরুত্বপূর্ণ ব্যাপারে। কাজেই

আপনার কাছে আমি ডিমান্ড করছি আপনি এই ব্যাপারে একটা সিদ্ধান্তে এসে পৌঁছান এবং একটা রায় দিন। আপনার কাছে আমরা সকলেই বিচার প্রার্থী। এইভাবে শুধু বার বার এই রকম কথা বলে কি লাভ আছে? এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে, বিশেষ করে আমরা আইন সভার সদস্যরা যখন বলছি এবং তার যখন কোন ফল হচ্ছে না তখন হাউসের স্পীরিটটা নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই এবারে আপনি কিছু বলুন।

[2-40—2-50 p.m.]

Shri Bhakti Bhushan Mandal:

মাননীয় স্পীকার মহাশয়, এই জিনিষটা অনেক দিন থেকে ভাওলেশন ঘটছে। প্রিভিলেজ কোশ্চেনটা প্রিভিলেজ কমিটিতে যদি না পাঠান হয় বা বিষয়টা নিয়ে যদি গুরুত্বপূর্ণভাবে আলোচনা করে সিদ্ধান্ত না করা যায় তাহলে দুই পক্ষেরই একটা মিসকনসেপশান থেকে যাবে। সেজন্য আমি বলতে চাই যে ওয়ানস্ ফর অল ডিসাইড হওয়া উচিত। এবং যদি এটা স্থির হয় এবং স্থির হওয়া উচিত এবং স্থির হয়েছে যে মুখ্যমন্ত্রী কোন বিষয়ে সেশন চলা কালীন তাঁর বক্তব্য এখানে পেশ না করে বাহিরে প্রকাশ করতে পারবেন না। যেটা এর আগে আপনি স্যাংশান দিয়েছেন যে হ্যাঁ পারা উচিত নয় এবং পারেন না। সেটা যদি স্থিরীকৃত হয় এ্যাজ এ কনভেনশান **চীফ মিনিষ্টার আমি মনে করি তিনি আর যেই হউন স্টেটের তিনি অ্যাবাভ দি ল নন, এবং** about the procedure and convention.

তা যদি না হয় তাহলে তাঁকে এখানে আনার আপনার কোন অধিকার নাই। কিন্তু তাঁর বিরুদ্ধে প্রসিডিং করা এবং সে বিষয়ে ডিসাইড করার ক্ষমতা আপনার আছে বলে আমি মনে করি। এবং মনে করি এই জন্য যে আপনাকে আমি অনুরোধ করব যে আপনি একটু শক্ত হয়ে এখানে জাষ্ট ডিসিশান দিন। এবং ডিসিশান দিলে অন্তত বাংলাদেশের লোক বুঝবে যে চীফ মিনিষ্টার বাংলাদেশে হতবুদ্ধি হতে পারে কিন্তু হাউস যারা চালায় তাদের মধ্যে অনেক বুদ্ধিমান লোক আছে। আমি তাই আপনার কাছে এই হাউসের মর্য্যাদা রাখবার জন্য বলছি এবং আপনি এই বিষয়ে একটা গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিন এবং সিদ্ধান্ত নেবার পর যদি পানিশমেণ্ট দেবার প্রয়োজন মনে করেন তাহলে দিন। এবং যাতে একটা স্থির সিদ্ধান্ত নেওয়া হয় তার জন্য আমি আপনাকে অনুরোধ করছি। এই জন্য আমি এখানে এই প্রশ্নটা উত্থাপন করছি।

Shri Jiban Krishna Dey:

মাননীয় সভাপতি মহাশয়, এখানে আমরা অনেক আগে থেকে দেখে আসছি যে আজকে খাদ্য ব্যাপারে যা ঘটছে তাতে আমরা মনে করেছিলাম যে সরকার পক্ষ থেকে এ্যাসেম্বলি এর আগে অধিবেশন ডাকবেন। কিন্তু আমরা দেখলাম না সরকার পক্ষ থেকে তেমন কোন উদ্যোগ নিতে। **তারপর বছরের শেষে স্বাভাবিকভাবে যখন আর অ্যাভয়েড করা গেল না এবং যখন অধিবেশন চলছে তখন আমরা দেখছি এ্যাসেম্বলীকে বাদ দিয়ে বাহিরে থেকে আজকে মন্ত্রিসভা তাদের** খুসিমত সমস্ত কাজ করে যাচ্ছেন। কাজের নমুনাটা কি এখানে আমরা যখন বসে আছি তখন মন্ত্রীমন্ডলী তারা বাহিরে তাদের খুসিমত বিবৃতি দিয়ে বেড়াচ্ছেন। আমরা এখানে বেফয়দা **বসে আছি। যার কোন মূল্য নাই। কোন দাম নাই। ঐ মন্ত্রিসভা থেকে ১০।১২ জন যা ঠিক** করে রেখে দিয়েছেন সেটাই চরম কথা এবং সব কিছু সেই ভাবে চলবে। তারা আমাদের এখানে রেখেছেন কিছু শোনার জন্য। তারা কেবল দেশের লোকের কাছে সাক্ষী হিসাবে, আমাদের আসামী হিসাবে এখানে রেখেছেন। আমরা বিরোধী পক্ষ স্বাধীনচেতা সদস্য নই। আমাদের রেখেছেন কাসটোডিয়ান হিসাবে। যে দুরবস্থা আজ দেশের মধ্যে এসেছে তা আগামী বছরে আরও বেশী ভাবে তারা চালিয়ে যাবেন। অথচ তারা দেশের কাছে বলছেন যে আইন সভার সদস্যরা বিরোধীদল তারাও অনুমোদন করছে। আমরা নাকি তাদের এই সমস্ত কাজ এ্যাপ্রুভ করেছি এবং সায় দিয়েছি। দেশের লোককে ধোকা দেবার জন্য এই সমস্ত ব্যবস্থা করা হচ্ছে। এবং আইন সভার সদস্য হিসাবে আমরা বাধ্য হচ্ছি এদের এই ষড়যন্ত্র প্রত্যক্ষ না হলেও পরোক্ষভাবে সাহায্য করতে। সভাপতি মহাশয়, আমি ব্যক্তিগতভাবে এর থেকে অব্যাহতি পেতে চাই। এর

কি উপায় আছে আমি জানি না। আমরা দেখছি আমাদের দলের বহু সদস্য আজও জেলের মধ্যে রয়েছে। তাদের কি অপরাধ তারা জানে না। আমাদের যারা শাসকদল তাদের অপছন্দ হলেই তাদের ধরে নিয়ে জেলে রাখে। এবং তাদের জেলে রেখে দিয়ে এইভাবে তারা তাদের কর্তব্য খালাস করছেন। আবার বাইরে কিছু লোককে রেখে দিয়েছেন কবে কাকে নেবেন তা কেউ জানেন না। স্যার, এমন কি আপনিও জানেন না। দুইদিন আগে আমি এবং আরেকজন সদস্য শিয়ালদহ স্টেশনে যখন দার্জিলিং মেল থেকে নামলাম তখন হঠাৎ দেখলাম ১০।১২ জন আই, বি, আমাকে ঘিরে ফেলেছে এবং তাদের মধ্যে থেকে দুইজন এগিয়ে এসে আমাকে জিজ্ঞাসা করল যে আপনি কোথা থেকে আসছেন। আমি তাদের বললাম যে বলব কেন, তখন তারা আমাকে বলল যে আমরা আই, বি, থেকে আসছি। এই রকম অবস্থা দাঁড়িয়েছে। এই রকম করে যাদের আপনারা পছন্দ করেন না তাদের জেলে পুরে রাখছেন আর যাদের রাখেন নি তাদের প্রতি মুহূর্তে এসপিওনেজ করে ঘেরাও করে রেখেছেন। এটাই একটা ইনডিকেশান সরকার কি নীতিতে চলেছেন। সরকার যে নীতি নিয়ে চলছেন তাতে আমরা পরিষ্কার জানি, বুঝি এবং মনে করি যে আগামী বছর বিরোধীপক্ষীয় সদস্যদের ৪ ভাগের এক ভাগও আপনি দেখতে পাবেন না। হয়ত শেষ পর্যন্ত আপনি থাকবেন, হয়ত আমাদের পাঁচুদা যার কোন উপায় নেই তিনি থাকবেন কিনা তাঁকেও রাখবেন কিনা জানি না। এই রকমভাবে ওঁরা রাজত্ব চালিয়ে যাবেন। আইনসভা চলাকালে আমরা দেখেছি কাগজপত্রে যে ১·৬৮ পয়সা দরে সরকারের ডিস্ট্রিক্ট কন্ট্রোলার চাল বিক্রী করছেন এবং স্লিপও দিচ্ছেন। সরকারের তত্ত্বাবধানে, সরকারী পরিচালনায় ১·৬৮ পয়সা দরে যেখানে চাল বিক্রী হতে পারে সেখানে কি অবস্থা সেটা স্যার আপনি বিবেচনা করে দেখুন। ব্ল্যাক মার্কেটিয়াররা আবার ৩।৪ টাকা দরে বিক্রী করে। কাজেই আমাদের কর্মকর্তারা নিজেরাই ১·৬৮ পয়সা দরে ডিস্ট্রিক্ট টাউনে ভাল চাল বিক্রী করেন। যখন অনেক চেঁচামেচি হৈ চৈ করা হল তখন তিনি বল্লেন নেপাল রাইস কিন্তু পরে জানা গেল যে নেপাল রাইস নয়। এমনিভাবে একটা অরাজক রাজত্ব চালিয়ে যাচ্ছেন প্রফুল্ল সেন মহাশয় তার খাদ্যনীতির নামে। তিনি পাইকারী ব্যবসা তুলে দিলেন। পাইকারী ব্যবসা থাকা উচিত কি উচিত নয় এটা নীতিগত ব্যাপার, যদিও ওঁরা বলছেন যে এটা নীতির মধ্যে পড়ে না। আমরা বলেছিলাম যে ভাগচাষীদের অবস্থা কি হবে। বাধ্যতামূলকভাবে ওঁরা বাজার থেকে বাড়তি চাল কিনে নেবেন। ৭৫ কে জির বেশী কেউ বেচতে পারবেন না। আমরা বলছি যে ডিসেম্বরের পয়লা থেকে ৪০।৫০ লক্ষ মণ ধান ভাগচাষী সুদ হিসাবে আজকে যারা মানি লেণ্ডিং বিজনেস করে তাদের দিয়ে দিচ্ছে। কারণ গভর্নমেণ্ট ভাগচাষীদের পয়সা দেয় না। তাদের বিশ্বাস করে না। কাজেই তাদের ধার নিতে হয় কাবুলিওয়ালা, মহাজন, সুদখোরদের কাছ থেকে এবং সুদ হিসাবে তারা ধানটা দিয়া দেয়। গভর্নমেণ্ট কি ব্যবস্থা করেছেন। ডিসেম্বর মাসে যখন ধান কিনতে নামবেন তখন ৮ লক্ষ ভাগচাষী তাদের ধান সুদ বাবদ মহাজনদের গোলায় পেঁাছে দেবে এবং আসল বাবদ আরো কয়েক লক্ষ মণ প্রায় ১ কোটি মণ ধান অফিসাররা চোরাকারবারীদের বাড়ীতে পেঁাছে দেবে কারণ সে জানে সরকার টাকা পয়সা দেবে না। একমাত্র মজুতদাররাই তাদের টাকা দেবে। অতএব তাদের বাড়ীতে ধানটা দিয়ে দেবে। তা না হলে তারা ধার পাবে না। আমরা এ ব্যাপারে একটা প্রশ্ন করেছিলাম, সেটা ডিসয়্যালাউড হয়েছে। এটা নাকি আলোচনা হবে না। ৮ লক্ষ ভাগচাষী সরকারের কাছে টাকা পাবে কিনা, ভাগচাষীদের ধান নেবার জন্য সরকার কি ব্যবস্থা করছেন এটা যদি আমরা এখানে আলোচনা না করতে পারি তাহলে এই আলোচনা করবেন কোথায়—মাঠে, ময়দানে? সেখানে তো আবার পুলিস গদা হাতে নিয়ে দাঁড়িয়ে আছে, তারা বলবে ভাগচাষীদের নিয়ে মিটিং করছো। নিশ্চয়ই তোমাদের কিছু মতলব আছে এই বলে তো গ্রেপ্তার করবে। সুতরাং এখানে ভাগচাষী মধ্যচাষীদের কথা বলা যাবে না? খাদ্যনীতি কি হবে সে সম্বন্ধে আমাদের কিছুই বলা হবে না কেবল মন্ত্রিসভার কতিপয় লোক খুসীমত যা করবেন তাই চলবে এই জিনিস হচ্ছে কিন্তু এর পরিণতি অতিশয় ভয়াবহ। মিঃ স্পীকার স্যার, আমি মফঃস্বলের লোক আমি খুব বেশী এখানকার আলোচনায় যোগদান করি না কিন্তু আমি জানি যে সামনে কি ভয়াবহ অবস্থা আসছে। কি কঠিন অবস্থা আছে। এখানে আমাদের হাসান সাহেব আছেন। তিনি দার্জিলিং-এর সদস্য, তাঁকে জিজ্ঞাসা করুন যে আজকে ফ্রণ্টে যে তারাও সোলজার যুদ্ধ করে প্রাণ দিচ্ছে, রক্ত দিচ্ছে, আপনি খোঁজ নিন দেখবেন দার্জিলিং-এ তাদের বাড়ীঘরে আজ খাবার নেই এবং দু-দিন পরে দেখবেন তাদেরই ছেলে মেয়েরা খাদ্য চাই বলে ভুখা মিছিল করবে। তখন

আবার হয়ত প্রফুল্লবাবু বলবেন যে কমিউনিষ্ট পার্টির লোকেরা আমাদের সৈন্যদের মধ্যে অশা সৃষ্টি করছে তখন হামাল সাহেবকে গ্রেপ্তার করবেন। আমাদের গ্রেপ্তার করবেন কিন্তু আমা গ্রেপ্তার করে ডি আই রুল প্রয়োগ করে তাদের আটকানো যাবে না। মানুষ যখন খেতে পায় না খেয়ে থাকে তখনই মিটিং, আন্দোলন, মিছিল হয়, কারণ এছাড়া আর কোন পথ নেই। কাজে মিঃ স্পীকার স্যার, আমরা জানি যে আজ সরকার এই নীতি নিয়ে চলেছেন। আইনস নামকো বাস্তে রাখা হয়েছে এবং আমাদের আসামী সাক্ষী করে রাখা হয়েছে দেশে লোকের কাছে বলার জন্য যে আমরা নাকি এ নীতি সমর্থন করি প্রফুল্লবাবুর নীতির সমর্থ আমরা আছি। এ দুরবস্থা থেকে অব্যাহতি আমরা চাই। আমরা চাই সুষ্ঠভাবে খাদ্য সমস্য একটি সমাধান হোক, আজকে এটা নিয়ে আলোচনা, পরামর্শ করা হোক এবং এটা যদি না হ তাহলে অত্যন্ত অসুবিধা হবে বলে মনে করি।

[2-50—3 p.m.]

Shri Sudhir Chandra Das:

মিঃ স্পীকার স্যার, আজকে একটা অস্বস্তিকর অবস্থার মধ্যে আমরা পড়ে গেছি। আপন রুলিং দেবার পর আমরা আশা করেছিলাম যে কার্যসূচীর মধ্যে ফুড ডিবেট আপনারা নিশ্চয় রাখবেন। ৩ দিন আগে আপনার কাছে ফুড ডিবেট রাখা হয় নি কেন সে বিষয় উত্থাপ করতে গিয়েছিলাম এবং আশা করেছিলাম যে তাঁরা এটাকে পুনার্বিবেচনা করে বিসনেস কমি ডেকে একটা কিছু ঠিক করবেন। কিন্তু কোন আত্মসম্মান বিশিষ্ট সভ্যের এখানে বসাই কষ স্পীকারের এ বিষয়ে স্পষ্ট রুলিং দেওয়া আছে যে এরূপ কোন খাদ্যনীতি বা বিশেষ কোন নীতি সেসান চলাকালীন কখনও তিনি কনসাল্ট না করে সমর্থন না নিয়ে ঘোষণা করতে পারবেন না অথচ খবরের কাগজে প্রকাশ করা হয়েছে যে ১লা ডিসেম্বর থেকে নূতন খাদ্যনীতি চালু করা হবে অর্ডার চলে গেছে, পাইকারদের ব্যবস্থা করা হচ্ছে, অথচ চাষীরা কি দাম পাবে খোলা বাজা থাকবে কিনা, মফস্বলে ধান চাল বিক্রি করা হবে কিনা এবিষয়ে মফস্বলের লোকেরা যখন আমা কাছে এসে জিজ্ঞাসা করছেন যে খাদ্যনীতি কি তখন আমরা একেবারে নিরুপায়। অথচ মুখ্যমন্ত্র এখানে এসে তিনি একটি স্টেটমেণ্ট দেবেন সেটা নিয়ে এখানে আলোচনা করা হবে এটা তিনি পরিষ্কার আভাস দিয়েছিলেন। কিন্তু এ বিষয়ে একেবারে নীরবতা প্রকাশ করলেন। মুখ্যমন্ত্র এই হাউসে দাঁড়িয়ে খাদ্যনীতির ব্যর্থতার কথা স্বীকার করেছেন। বিরোধী দলের সহযোগিত তিনি এবিষয়ে নেন নি। এই খাদ্যনীতি কেন ব্যর্থ হয়েছে, কাদের কর্মকুশলতার জন্য? খাদ্য দপ্তর না পুলিস বিভাগ—যাদের ৮০ ভাগ সার্টিফিকেট দিয়ে রেখেছেন, না মন্ত্রিসভা নিজেরা দা পাকাবার জন্য করছেন—এ সব কথা আলোচনা করলে অনেক জিনিস পরিষ্কার হতো। কিন্তু তিনি এই স্টেটমেণ্ট দেওয়াতে স্পীকার-এর রুলিং দেবার পরেও হাউসের মর্যাদা তিনি নষ্ট করলেন এজন্য আত্মসম্মান বিশিষ্ট সভ্যের পক্ষে এখানে বসে আলোচনা করা উচিত নয়। এখানে বিলের আলোচনা অত্যন্ত লঘু হয়ে দাঁড়িয়েছে। কারণ আসল যেটা খাদ্য সেটাকে তারা দূরে রেখে দিয়ে কতকগুলি বিল যেগুলি পরে আলোচনা করতে পারা যেত এবং এমন কতকগুলি অনাবশ্যক বিল আমাদের ঘাড়ে চাপিয়ে দেওয়া হচ্ছে সেগুলি না আনলেই হত। সুতরাং আমি মনে করি স্পীকার যদি দৃঢ় হন এবং প্রিভিলেজ কমিটি যদি হাউস-এর মর্যাদা রক্ষার জন আলোচনা করেন তাহলে নিশ্চয়ই সংকটের অবসান হবে এবং সংখ্যাগরিষ্ঠতার দম্ভ শেষ হবে। বিজয়বাবু বললেন তালাচাবি বন্ধ করে চলে যান। আমাদেরও সেই মত। এখানে বিলের কোন আলোচনা ভাল লাগছে না যতক্ষণ পর্যন্ত না খাদ্যনীতি একটা দৃঢ় হচ্ছে অর্থাৎ আগামী মরসুমে ধান চালের ক্রয় বিক্রয়, তার বণ্টন ব্যবস্থা ইত্যাদি সুষ্ঠুভাবে আলোচনা না করা হবে ততক্ষণ পর্যন্ত এ হাউস চালান উচিত নয় বলে মনে করি। বিরোধী দলের সকল সদস্যই এক মত হবেন যে খাদ্য বিতর্ক হবে, ফুড পলিসি সম্পর্কে মুখ্যমন্ত্রী স্টেটমেণ্ট দেবেন এবং তারপর আমরা আমাদের কর্মনীতি স্থির করবো এবং বিরোধী পক্ষ থেকে আলোচনায় অংশ গ্রহণ করবো কিন স্থির করবো।

Shri Saila Kumar Mukherjee:

স্যার, আজ তিন দিন হল ভবিষ্যতের খাদ্যনীতি নিয়ে মাননীয় সদস্যরা বিরোধী পক্ষের আপনার কাছে প্রিভিলেজ মোসান রেখেছেন। এর আগে ২ দিন আপনিও আপনার বক্তব্য রেখেছেন। নিউজ পেপার-এ একটা সংবাদ প্রকাশিত হয়েছে তা নিয়ে এখানে আলোচনা হচ্ছে। নিউজ পেপার হচ্ছে ইন এ ডেমোক্রেটিক কানট্রি উই হ্যাব এ ফ্রি প্রেস। তারা যে সংবাদ পরিবেশন করেন তার বিরুদ্ধে কারুর কিছু অভিযোগ নেই। কিন্তু আজকে যে অভিযোগ হল যে ভবিষ্যতে খাদ্যনীতি সম্পর্কে যেটা বেরিয়েছে ওয়ান অব দি এ্যাডমিনিস্ট্রেটিভ স্টেপস্ অব এ ডিসিশন কিন্তু এটা ২ মাস আগে ক্যাবিনেট গ্রহণ করেছিল। ভবিষ্যৎ খাদ্যনীতি এত ব্যাপক এবং পুঙ্খানুপুঙ্খরূপে যেটার নানান দিক আলোচনা করবার আছে সেটার সম্পূর্ণ চিত্র গ্রহণ করা সম্ভব নয়। তা ছাড়া নূতন খাদ্যনীতি আসবে ১লা জুন ১৯৬৬ থেকে। এখনও পর্যন্ত পুরান খাদ্যনীতি পরিবর্তন করা হয় নি। যা করা হচ্ছে তা হচ্ছে প্রস্তুতি পর্ব। অর্থাৎ যা ডিসিসান নেওয়া হয়েছিল কেবিনেট থেকে সরকারের কর্তব্য হচ্ছে সেগুলি সম্বন্ধে এ্যাডমিনিস্ট্রেটিভ ষ্টেপ নেওয়া। খবরের কাগজে কি বেরিয়েছে তা থেকে যদি বলেন যে মুখ্যমন্ত্রী খাদ্যনীতি ঘোষণা করেছেন তাহলে বলবো সেটা ঠিক নয়। এই হাউসে কমপ্লিটলি এ্যাসিওরেন্স দেওয়া হয়েছে যে ভবিষ্যতে খাদ্যনীতির চিত্র যখন সম্পন্ন হবে তখন নিশ্চয়ই আলোচনা করবো, তা থেকে সরকার নিশ্চয়ই সরে দাঁড়ান নি। আমি বলবো যে খাদ্যনীতি গ্রহণ করা হয় নি আজকে এক একটা স্টেপ্ নেওয়া হচ্ছে ভবিষ্যতে খাদ্যনীতি সম্পর্কে। সুতরাং এর বিরুদ্ধে কোন প্রিভিলেজ মোসান আসে কিনা সেটা বিচার করুন, কারণ এটা সম্পূর্ণ আপনার এক্তিয়ারের বিষয়।

Mr. Speaker:

মন্ত্রিমহাশয় ক্যাটিগোরিকালি বলেছেন যে যখন নূতন খাদ্যনীতি সম্পূর্ণ রূপ নেবে তখন হাউসে ডিসকাসান করা হবে।

Shri Bejoy Kumar Banerjee:

মুখ্যমন্ত্রী আসছেন না কেন? এভাবে ধামা চাপা দিয়ে লাভ কি?

Mr. Speaker:

একজন মন্ত্রী বললেই তার একই ভ্যালু থাকে।

Shri Panchu Gopal Bhaduri:

আপনার রুলিং দেবার আগে আমাদের কি কোন রাইট অফ রিপ্লাই আছে?

Mr. Speaker:

প্রিভিলেজ পয়েন্টে আগুমেন্টে রিপ্লাই থাকে না, যদি থাকতো তাহলে আমি শুনতাম। বিকজ ইউ উইল বি হেলপিং দি ইসু। সে ডিসিসানের জন্য হোয়েদার ইট ইস এ পয়েন্ট অফ প্রিভিলেজ—এ বিষয়ে আমি কিছু বলতে বলি নি। বরং আপনারা যেগুলি বললেন যে কাগজে কোন স্কীম কোন পলিসি দিয়েছেন কিনা, খবরের কাগজে বেরিয়েছে কিনা এবং ভবিষ্যৎ পলিসি হলে হাউসে বলবেন কিনা এই তিনটা পয়েন্ট। আপনারা বললেন নট অন দি পয়েন্ট অফ প্রিভিলেজ অতএব প্রিভিলেজের পয়েন্টে এটা বলবার কোন প্রয়োজন নেই যখন আমি ডিসিসান আগেই দিয়ে দিয়েছি। আমি এ ডিসিসান দিচ্ছি যে "অধিকারগত প্রশ্ন উঠে না, এই রুলিং এই পয়েন্ট আমি পূর্বেই দিয়াছি এবং আমি সেই ডিসেসান রি-ইটারেট করবো। খবরের কাগজে কি প্রকাশ হয়েছে তার সত্যাসত্য সেটি নিউ পলিসি কিনা তাহা আমি কিছুই বলিতে পারিব না। আমি এই মাত্র বলতে পারি যে যদি কোন নিউ পলিসি থাকে ও হাউস যদি সেসান-এ সেই সময়ে বসে তবে পলিসি হাউস-এ প্রথমে জানান উচিত। কিন্তু তাহা না জানালে অধিকারগত প্রশ্ন উঠে না"। যেটা আমি আগেই বলেছি সেটার পুনরাবৃত্তি করলাম। উনি শেষ ডিসিসানও জানিয়ে দিলেন।

Message

[3—3-10 p.m.]

Secretary (Shri P. Roy): Sir, the following message has been received from the West Bengal Legislative Council, namely:—

"The West Bengal Legislative Council at its meeting held on the 9th November, 1965, agreed to the Calcutta Municipal (Second Amendment) Bill, 1965, without any amendment.

Calcutta:
The 10th November, 1965.

PRATAP GUHA RAY,
Chairman,
West Bengal Legislative Council."

Government Bills

The West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965

Mr. Speaker: Now, the West Bengal Panchayat and Zilla Parishads (Amendments) Bill, 1965. There are motions for circulation of the Bill. All the motions are in order and taken as moved. Now, Shri Gour Chandra Kundu may speak.

Shri Gour Chandra Kundu: Sir, I beg to move that the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965, be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটি, এ্যামেন্ডমেন্ট বিল হিসাবে আমাদের সামনে উপস্থিত করেছেন, সেটি যদি ও একটি এ্যামেন্ডমেন্ট বিল, কিন্তু বিলটি খুব গুরুত্বপূর্ণ। কারণ বাংলা দেশের লক্ষ, লক্ষ গ্রামের লোকে, যাঁরা স্বায়ত্ব শাসনের অধিকার লাভ করেছেন তাঁদের সংগ্রামের দ্বারা, সেই স্বায়ত্বশাসনের অধিকারের মধ্যে বহুবিধ গলদ আজকে এই কংগ্রেস সরকার ঢুকিয়ে দিয়েছেন সেই জন্য এই বিলটি আলোচনা করতে গিয়ে একটা মৌলিক অধিকারের কথা এসে পড়তে পারে। অতএব আমি প্রথমে বলবো যখন জেলা পরিষদ বিল, ও পঞ্চায়েত বিল এখানে আলোচনা হয়, তখনও আমরা অনেকগুলি মৌলিক অধিকারের কথা বলে ছিলাম, সেই কথাগুলি এখনও উল্লিখিত হতে পারে। আমি আশা করবো মন্ত্রিমহাশয়, সেগুলির সম্বন্ধে চিন্তা করবেন, এবং যথাযথ উত্তর দেবেন। প্রথম কথা হচ্ছে, আজকে এই যে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করার জন্য প্রচেষ্টা সুরু হয়েছে, সেই পঞ্চায়েত রাজ ভারতবর্ষের অন্যান্য প্রদেশে যে ভাবে আছে, এখানে একটা অঞ্চল পঞ্চায়েত, একটা অঞ্চল পরিষদ, এই রকম জিনিষ করা হয়েছে। কিন্তু আমরা অন্যান্য প্রদেশের খবর জানি, যে সেখানে তাঁরা গ্রাম পঞ্চায়েতগুলিকে, অত্যন্ত ব্যাপক ক্ষমতা দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে স্বায়ত্বশাসনের কথাটা হচ্ছে আমার এলাকায় কিভাবে কাজ চলবে, তা আমি নিজে নির্ধারণ করবো। মিউনিসিপ্যালিটিগুলিতে দেখা যায় সেখানে মিউনিসিপ্যালিটির ভিতর যাঁরা বসবাস করেন, তাঁরাই সেখানকার সমস্ত কাজকর্ম পরিচালনা করেন। অর্থাৎ সেখানকার স্যানিটেশান থেকে আরম্ভ করে, ট্যাক্স কলেকসান প্রভৃতি সমস্ত কিছু ব্যাপারে সেখানকার মিউনিসিপ্যালিটির একটা সার্বভৌম অধিকার থাকে। কিন্তু আমরা দেখছি যে আমাদের গ্রামে পঞ্চায়েতগুলো নামকো আস্তে

ঠিন করা হয়েছে। সেখানে তাদের উপর কতকগুলি কাজের দায়িত্বভার দেওয়া হয়েছে। কিন্তু সেখানকার আসল কাজ হচ্ছে কেবল ট্যাক্স সংগ্রহ করা। অর্থাৎ সেখানকার প্রত্যেকটি লোকের খবর গ্রাম পঞ্চায়েতের সদস্যরা যে ভাবে জানবেন, অঞ্চল পঞ্চায়েত বা জেলা পরিষদের সদস্যরা ঠিক সেইভাবে জানতে পারবেন না। গ্রামের লোকের কার কত ইনকাম, কার কত ট্যাক্স হওয়া উচিত, কিভাবে তারা ট্যাক্স দেবেন, সেটা গ্রামের লোক, যাঁরা গ্রাম পঞ্চায়েতে আছেন, তাঁরা যে ভাবে জানবেন, বাইরের লোক, যাঁরা অঞ্চল পঞ্চায়েত বা জেলা পরিষদে আছেন, তাঁদের পক্ষে সেই ভাবে জানা সম্ভবপর নয়। আজকে সেই মৌলিক অধিকারটা গ্রাম পঞ্চায়েতের হাত থেকে কেড়ে নেওয়া হচ্ছে। এবং সেটা কেড়ে নিয়ে, অঞ্চল পঞ্চায়েত ও জেলা পরিষদের হাতে সেটা তুলে দেওয়া হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করছি অঞ্চল পঞ্চায়েতের কী ফাংসান? আমরা তার কোন ফাংসান দেখিনা একমাত্র ট্যাক্স বসান ছাড়া এবং সেই ট্যাক্সের টাকা ভাগাভাগি করে দেওয়া ছাড়া। গ্রামের উন্নতির জন্য স্যানিটেসান, রাস্তাঘাট ইত্যাদি সমস্ত বিষয় কিভাবে হবে তা তাদের উপর পড়ল না। সমস্ত কিছু গ্রাম পঞ্চায়েতের ভাগে পড়ল। এই অঞ্চল পঞ্চায়েৎ কেবল ট্যাক্স ইমপজিসান করবেন এটা এ্যামেন্ডমেন্ট এর মধ্যে আছে। কিন্তু আমার বক্তব্য হচ্ছে গ্রামপঞ্চায়েৎকে সেই ট্যাক্স ইমপজিসান-এর ক্ষমতা দেওয়া উচিত। আমি বিশ্বাস করি অঞ্চল পঞ্চায়েৎ যেভাবে গঠিত হয়েছে তাতে সেখানে কেবল বুদ্ধিমান ব্যক্তিরা আছেন, আর গ্রাম-পঞ্চায়েতে কতকগুলি অর্বাচীন লোক আছে এই ধারণা ঠিক নয় ভুল। এই গ্রাম পঞ্চায়েতের মধ্যে ও অনেক বুদ্ধিমান বিচক্ষণ লোক থাকবে এবং অঞ্চল পঞ্চায়েতে ও অনেক বুদ্ধিমান লোক থাকবে। কাজেই এই গ্রামপঞ্চায়েতের উপর যথাযথ বিশ্বাস স্থাপন করা উচিত বলে আমি মনে করি। আমি এই অঞ্চল পঞ্চায়েৎও অঞ্চল পরিষদ তুলে দেওয়ার পক্ষপাতি। আমি বলবো মন্ত্রী মহাশয় যদি একটু ঘুরে ইনকোয়ারী করে দেখেন, তাহলে দেখবেন যে জিনিষগুলির প্রয়োজন নাই, এমন একটা সিস্টেম আমাদের ঘাড়ের উপর চাপিয়ে দেওয়া হয়েছে। আমাদের বিভিন্ন প্রদেশের কথা আগেই বলেছি পঞ্চায়েৎ রাজ যেখানে প্রথম সুরু হয়েছিল উত্তর প্রদেশে, যেখানে এই অঞ্চল পঞ্চায়েৎ ও আঞ্চলিক পরিষদ নাই। এই ইউ পি, বিহারে কি হলো তা দেখার প্রয়োজন নাই। আমরা দেখছি অঞ্চল পঞ্চায়েৎগুলি বসেন মিটিং করেন এবং যখন কোন কাজ করতে হয় ধরুন কোন রিলিফ দিতে হয় বা ট্যাক্স বসাতে হয়, জি আরের লিস্ট দিতে হয়, তখন এই গ্রাম পঞ্চায়েতের বিশেষ কোন কাজ নাই। কতকগুলি লোককে প্রোভাইড করবার জন্য, কতকগুলি লোককে কংগ্রেসের দলীয় তাঁবে রাখবার জন্য এই অঞ্চল পঞ্চায়েৎ সৃষ্টি করা হয়েছে। আর এই আঞ্চলিক পরিষদের কি ফাংসান থাকতে পারে? সব কিছুতো বি ডি ও অফিসার-এর কাজই করা হয়। এই বি ডি ও অফিসের মাধ্যমে জেলা পরিষদের তরফ থেকে যে লোন আসে তা বিল কটা করা হয়। এ ছাড়া আঞ্চলিক পরিষদের আর কোন ফাংসান নাই। বি ডি ও সাহেবের অফিসাররা যা কিছু করবার তা করেন, তাদের সঙ্গেই ডাইরেক্ট যোগাযোগ জেলা পরিষদের এই ফাংসানগুলি যদি গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে হয়। তাহলে কাজগুলি ঠিকমত হতে পারে এবং স্বায়ত্বশাসনের কাজগুলিও সুষ্ঠুভাবে হতে পারে। সেদিকে লক্ষ্য রেখে বলবো এই অঞ্চল পঞ্চায়েৎ, ও আঞ্চলিক পরিষদ রাখার কোন যুক্তি নাই বা দরকার ও নাই। কেবল কতকগুলি স্ট্যান্ডিং কমিটি বা কমিটি করে পাবলিকের টাকা পয়সা তচনচ হয়ে যাচ্ছে। এটা তিনি ভাল করে জানেন।

তিন নম্বর পয়েন্ট হচ্ছে নূতন একটা ক্লজ্ এখানে থেকে করা হয়েছে। ট্যাক্স আগে ঠিক হয়েছিল জমি বা বাড়ীর মূল্যের উপর না, ইনকামের উপর করা হবে ঠিক ছিল। এখন তাঁরা বলছেন জমি এবং বাড়ীর মূল্যের উপর এই ট্যাক্স ধার্য করা হবে। এ বিষয়ে মাননীয় মন্ত্রি-মহাশয়কে একটু চিন্তা করতে অনুরোধ করছি। ঐ যে ট্যাক্স করা হবে ২ পারসেন্ট পার ইয়ার হবে বলেছেন, তা করলে কি হবে? ধরুণ গ্রামের লোক যার ৫ বিঘা জমি আছে চাষী পর পর কয়েক বছর ফসল হল না, তার ফলে ট্যাক্স দেওয়ার আর তার ক্ষমতা থাকবে না। তা ছাড়া বর্তমানে তার কি ইনকাম তো গ্রামপঞ্চায়েতের লোক জানে। একজন গরুর গাড়িওয়ালার কি ইনকাম সেটা গ্রামপঞ্চায়েতের লোকে জানে। কাজেই এখন যা ট্যাক্স ধার্য্য করবার পদ্ধতি আছে, সেই গ্রাম পঞ্চায়েতের লোকের হাতে ভার দেওয়া হলে এটা সুষ্ঠুভাবে হতে পারে। তা নাহলে খুবই

অসুবিধা হবে। ধরুন একটি লোক গ্রামে রয়েছে, সহরের মধ্যে বাড়ী আছে, আর একজন চাষী যার জীবনধারণের জন্য যে নূনতম জমি থাকা উচিত তা নাই, সে ক্ষেত্রে ঐভাবে জমির ভ্যালুর উপর যদি ট্যাক্স ধরা হয়, তাহলে সেই ট্যাক্স তার পক্ষে খুব বেশী হয়ে যাবে। আর একটা পয়েন্ট বলে আমি শেষ করবো সেটা জেলা পরিষদের সভাপতি এবং অঞ্চল পরিষদের সভাপতিকে যে মাইনে দেবার প্রশ্ন উঠেছে সেটা চিন্তা করবার বিষয়। কারণ আজকে জেলা পরিষদের সভাপতি যদি বিজেসবাবু হন তাহলে তিনি এখান থেকে মাইনে পাবেন আবার ওখান থেকেও মাইনে পাবেন, দুদিক থেকেই মাইনে পাবেন। সেইজন্য আমি ঐ প্রভিশন উঠিয়ে দেওয়া কর্তব্য বলে মনে করি।

[3-10—3-20 p.m.]

Shri Bhakti Bhushan Mandal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 4th February, 1966.

মাননীয় স্পীকার মহাশয়, এই এ্যামেন্ডমেন্টটা যেভাবে আনা হয়েছে তাতে আমি প্রথমেই আইন-সংগত একটা অবজেকশন তুলছি। কারণ ওয়েষ্ট বেংগল পঞ্চায়েত এ্যাক্ট বলে একটা এ্যাক্ট পাশ করা আছে এবং ওয়েষ্ট বেংগল পঞ্চায়েত এ্যাক্ট বলে আর একটা এ্যাক্ট পাশ করা আছে, দুটোকে কমবাইন করে এক সংগে এই যে এ্যামেন্ডমেন্ট করা এটা আইনসংগত কিনা সেটা মন্ত্রী মহাশয়কে চিন্তা করতে বলছি। কারণ দুটোর ভিতরে অনেক কিছু প্রভিশন আছে যে প্রভিশনগুলি আলাদা আলাদাভাবে বিবেচনা করা হয়েছে এবং সেখানে একটা এ্যামেন্ডমেন্ট বিলের দ্বারা দুটো এ্যাক্টকে এ্যামেন্ড করা এটা আমরা হিসট্রিতে দেখিনি, আমার মনে হচ্ছে এখানে এই রকম প্রিসিডেন্ট আছে কিনা জানিনা। আমার মনে হয় এটা করা ঠিক হবে কিনা জানিনা, এটা যদি কোর্ট অব ল এ যায় তাহলে এটা টিকে থাকবে কিনা সন্দেহ প্রকাশ করছি। এবং সেইজন্য মন্ত্রী মহাশয়কে এ বিষয়ে চিন্তা করতে বলছি। দ্বিতীয়ত আমি বলতে চাই এই বিলের ভিতরে দুটো অংশ আছে, একটা হচ্ছে পঞ্চায়েত অ্যাক্ট সম্বন্ধে, আর একটা হচ্ছে জেলা পরিষদ অ্যাক্ট সম্বন্ধে। জেলা পরিষদ এ্যাক্ট সম্বন্ধে, বলা হয়েছে যে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, অব জেলা পরিষদ এদের সব বেতন হবে এবং অঞ্চল পরিষদে যাঁরা প্রেসিডেন্ট হবেন, ভাইস প্রেসিডেন্ট হবেন, তাঁদের বেতন হবে এবং প্রেসক্রাইবড্ অথরিটি সেটা করবেন। এখানে আমার বক্তব্য হচ্ছে যে আমাদের এ বিষয়ে খুব বিরোধিতা করত হবে এইজন্য যে যদি আমার এর স্ট্রাকচার লক্ষ্য করি জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদের তাহলে দেখবো কংগ্রেস তার নিজের কাজ সুবিধা করার জন্য আজ সারা বাংলা দেশে যেভাবে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট আঞ্চলিক পরিষদে করেছেন [illegible] ওয়েতে তাতে তাঁদের লোকদেরই টাকা দেওয়া হবে। এটা খুবই অন্যায় হবে এবং আমি বলবো আমাদের প্রত্যেকের এটার ভীষণভাবে বিরোধিতা করা উচিত। আমি অবশ্য এটা বলতে পারি আমার এলাকায় সারা বাংলা দেশের মধ্যে আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট আমাদের লোক হয়েছে, তবুও কেন আনডেমোক্র্যাটিক বলছি সেটা শুনুন। কারণ আমরা, এ রাজ্যের বলেছি জেলা পরিষদ বিল যখন এসেছিল তখন তাতে চারটি নমিনেটেড সদস্য রাখা হয়েছে, ফর্মেসানটা দেখা দরকার কিভাবে জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদ তৈরি আছে। এখন এই জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদের ৪ জন মেম্বারকে নমিনেট করছে কে? না পশ্চিমবঙ্গ সরকার। কারা নমিনেশন পেয়েছেন? না নমিনেশন পেয়েছেন এমন লোক কংগ্রেসের যাঁরা সহধর্মিণী, বেশীর ভাগ সহধর্মিণীদেরই মনোনীত করা হয়েছে। এমনও পর্যন্ত আমরা দেখেছি যিনি বাইরে কোন দিন বের হননি তাঁকে পর্যন্ত আঞ্চলিক পরিষদের মেম্বার করে দিয়েছেন। তাঁদের মেম্বার করে দেবার পর বাকী দুজন মেম্বার হয়েছে কোঅপশনে, এবং সেটাও ওপেন ভোটে হয়েছে। পৃথিবীতে যেখানে সিকরেট ব্যালট ব্যবস্থা আছে সেখানে আপনারা ওপেন ভোট করছেন। এইভাবে ৬ জন মেম্বার কংগ্রেস হাতে গুণে রেখে তারপর বলছেন অঞ্চল পরিষদ তৈরী করুন। এই যে আনডিমোক্রেটিকওয়ে অধিকাংশ জায়গায় লেফটিস্টরা হেরে যাবার কারণই হচ্ছে এইটা। যেখানে প্রায় সমান সমান আঞ্চলিক প্রধান ছিল সেখানে সেই ৬ জন মেম্বার ওয়েভ করে দিয়ে অর্থাৎ এটাকে যোগ করে

দেবার পর লেফটিস্টরা অটমেটিক্যালি হেরে গিয়েছে। আমার অঞ্চলে অবশ্য ব্যাপারটা আলাদা হয়েছে, সেখানে আমরা এত একসেপশনালি স্ট্রং যে সেখানে কংগ্রেসের মাত্র দুজন প্রধান ছিল, আমাদের ছিল ৯ জন, কাজেই সেখানে তাঁরা ঐ ৬ জন যোগ করেও জিততে পারেনি। তবুও আমি নীতির দিক থেকে বলছি যে এটা অত্যন্ত অন্যায় হচ্ছে। সারা বাংলা দেশে এই রকম কুকার্য, অন্যায় কার্য করে তাঁদের সব জায়গায় চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান, প্রেসিডেন্ট এবং ভাইস প্রেসিনডন্ট করতে চাইছেন এবং আজকে সেজন্য তাঁদের পোষবার জন্য এই বিলটা নিয়ে এসেছেন। এই বিলটা আমরা সর্বান্তঃকরণে সমর্থন করতাম যদি দেখতাম যে এই লোক যাঁরা ইলেকটেড হয়েছে তাঁরা প্রকৃত গণতান্ত্রিক উপায়ে ইলেকটেড হয়েছে। কিন্তু তা হয়নি। কারণ ৪ জন নমিনেশন পেয়েছে আর ২ জনকে ওপেন ভোটে দেওয়া হয়েছে কাজেই এর চাবিকাঠি রেখে যদি আপনারা বলেন যে আমরা গণতন্ত্র করছি এবং আমরা গণতন্ত্রের পূজারী তাহলে আমি মনে করি ভারতবর্ষের এই গণতন্ত্র দেখে অন্যান্য গণতান্ত্রিক দেশ হাসবে এবং বলবে যে বোকা বোঝান হচ্ছে। তাই আমি বলছি এই যে ওঁদের বেতনের কথা বলা হয়েছে এটা কংগ্রেস তার নিজের স্বার্থে এবং সুবিধা বিশেষভাবে পাবার জন্য এই বিলটা এনেছেন। আর একটা কথা আমি বলতে চাই এখানে বলা হয়েছে যে চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান অব দি জেলা পরিষদ আর প্রেসিডেন্ট অথবা ভাইস প্রেসিডেন্ট অব দি আঞ্চলিক পরিষদ এঁরা ফাইনান্স এবং এস্টাবলিসমেন্ট কমিটিতে পদাধিকার বলে চেয়ারম্যান হবেন। আমি এটার বিরোধিতা করছি এইজন্য যে একটা ব্যালেন্স অব চেক্ ছিল, থিয়োরি অব চেক এ্যান্ড ব্যালান্সে দেখা গিয়েছে যে কোন জায়গায় এমন অবস্থা হয়েছে যেটা এস্টাবলিশমেন্ট ফাইনান্স কমিটি বলে সেখানে অন্য লোক প্রেসিডেন্ট হয়েছে, অন্য লোক চেয়ারম্যান হয়েছে কিন্তু এখানে কি করে দেওয়া হচ্ছে, না, ঐ যে অগণতান্ত্রিক উপায়ে দুজন লোক ইলেকটেড হয়েছে তাদের সমস্ত ক্ষমতা দিয়ে দেওয়া হচ্ছে। তারা টাকাটা চুরি, জুয়াচুরি, বাটপারি, যাখুশি তাই করবে কিন্তু তা কোন জায়গায় চেক হবার কোন উপায় থাকবে না। সেজন্য আমি বলতে চাই ফাইনান্স, এস্টাবলিসমেন্ট কমিটিতে পদাধিকার বলে যে চেয়ারম্যান এবং প্রেসিডেন্ট হবে এটা সম্পূর্ণ অন্যায় হচ্ছে, অগণতান্ত্রিক হচ্ছে। কারণ আমরা জানি কি সব মাল প্রেসিডেন্ট হয়ে আসে আঞ্চলিক পরিষদে আর কি সব লোক চেয়ারম্যান হয়েছে জেলা পরিষদে। এই সব লোকদের যদি এস্ট্যাবলিসমেন্ট এবং ফাইনান্স কমিটিতে পাঠান হয় তাহলে এই টাকাগুলি যে রকম কোরাপটেড ওয়েতে খরচ হবে সেটা একটু চিন্তা করে দেখবেন এবং চিন্তা করে দেখে আমার মনে হয় ফাইনান্স এবং এস্ট্যাবলিসমেন্ট কমিটিতে অন্য বরং একজন চেয়ারম্যান আপনাদের করা উচিত। সেজন্য আমি বলছি যে এই যে বিলটা আনা হয়েছে এই বিলটার সম্পূর্ণ সার্কুলেশন করা দরকার। এই সঙ্গে আমি আর একটা কথা বলি সেটা হচ্ছে ওয়েষ্ট বেঙ্গল পঞ্চায়েত এ্যাক্ট এবং জেলা পরিষদ এ্যাক্ট এই দুটি এ্যাক্টকে কমবাইন্ড করে যদি একটা কমপ্রিহেনসিভ এ্যাক্ট তৈরী করতেন তাহলে ফ্রম দি ভেরি বিগিনিং টু দি ডিস্ট্রিক্ট লেভেল আমরা সমস্ত জিনিসটা পেতাম। কিন্তু সেইভাবে বিলটি তিনি নিয়ে আসেন নি, শুধু একটা প্যাচ্ ওয়ার্ক করবার জন্য বিল এনেছেন। সেজন্য আমি বলতে চাই পঞ্চায়েত এ্যাক্ট এবং জেলা পরিষদ এ্যাক্ট দুটোকে কমবাইন করে একটা কমপ্রিহেনসিভ এ্যাক্ট করা হোক এবং সেটার যে কোন নাম দেওয়া যেতে পারে এবং সেইভাবে করা উচিত ছিল।

[3-20—3-30 p.m.]

আরেকটা কথা বলতে চাই যে এটা আনলেন অথচ স্কুল বোর্ডের যে ব্যাপারটা সেটা চাপাই থাকলো সেটা এল না এই বিলের ভিতর দিয়ে। আমরা দেখেছি এই স্কুল বোর্ডের ফাংসানটা কি অবস্থায় এসে পৌছবে। যখন একটা এ্যামেন্ডমেন্ট আসছে তখন সমস্ত ব্যাপারগুলি চিন্তা করা উচিত ছিল। আমি দেখি সেটা সম্বন্ধে কেবল কিছুই করা হয়নি। আরেকটা কথা ভ্যালুয়েসান সম্বন্ধে বলেছেন ট্যাক্সেশন ব্যাপারে সেটা একটু ভালভাবে দেখতে বলি কারণ ২ পারসেন্ট যেটা বলেছেন এই অ্যাসেসমেন্টগুলি করা করবেন তার কি কেমন প্রসিডিওর আছে এবং এই সব করার ফলে দেখা যাবে যে এমন একটা অবস্থায় দাঁড়াবে যে গ্রামে এই নিয়ে দলাদলি আরম্ভ হবে। সেজন্য বলছি কিভাবে কালেকসান হবে ভ্যালুয়েসনটা একটা বেসিস্ এখানে

দেওয়া উচিত ছিল বলে আমি মনে করি। সেজন্য এই বিলের বিরোধীতা করছি এবং কালকুলেসন-এর দাবী জানাচ্ছি।

Deputation of Rickshaw pullers

Shri Monoranjan Roy:

আপনার মাধ্যম এখানে বলতে চাই এখানে চীফ মিনিষ্টার বা শ্রমমন্ত্রীও নেই কিন্তু প্রায় ২০ হাজার রিক্সাপুলার তারা এই এ্যাসেম্বলীর কাছে অপেক্ষা করছেন যদি মন্ত্রীদের কেউ যেতে পারতেন তাহলে রিক্সাওয়ালাদের কিছু বলতে পারতেন। বেন্টিক ষ্ট্রীটের উপর দিয়ে ক্যানিং ষ্ট্রীটের উপর দিয়ে কেবল রিক্সায় মাল নিয়ে লোক চলাচলের বন্ধ করে দেবার ফলে তাদের শুধু আর্থিক ক্ষতি হয়েছে তা নয়। জনসাধারণের এবং ছোট ছোট দোকানদার এবং যারা ব্যবসা করেন তাদের ভীষণ অসুবিধা হয়েছে। এতে স্যার আরও মালের দাম বেড়ে যাবে। ট্যাক্সিতে গেল সেই ভাড়া তাদের মালের উপরে চড়বে। ঠেলা গাড়ীও বন্ধ। সেজন্য রিক্সার ব্যবস্থা যাতে হয় তারজন্য দাবী জানিয়েছে। টেম্পো করে মাল নিয়ে গেলে তার ভাড়াও বেশী পড়ে। এবং রিক্সাপুলার এবং প্যাসেঞ্জারকে পুলিস মারধর করছে। স্যার, সেখানে অরাজকতা চলছে। তাদের এত বেশী ফাইন করছে যে তারা দিতে পারছেনা। এই জুলুম বন্ধ করা দরকার। তারা একটা মেমোরেন্ডাম নিয়ে এসেছে সেটা আপনার কাছে দিচ্ছি।

The West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965.

Shri Aswini Roy: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st December, 1965.

এই বিলটা জনমত প্রচারের জন্য আমি মোসান দিয়েছি এবং সেটা সমর্থন করে বলছি। প্রথমে হচ্ছে দুটো বিল আলাদা আলাদা কেন এক সঙ্গে আনছেন। একটা হচ্ছে পঞ্চায়েত এ্যাক্ট আরেকটি হচ্ছে জেলা পরিষদ এ্যাক্ট। এখন এই দুটো বিল আনার উদ্দেশ্য হচ্ছে সদস্যদের একটা ধোকায় ফেলা। এখন এই যে সংশোধনী বিলটা আনা হয়েছে তাতে উদ্দেশ্যের ক্ষেত্রে বলা হয়েছে যে সেকশান টু আই যে ত্রুটিটা ছিল সেই ত্রুটিটা হাইকোর্ট থেকে দেখিয়ে দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সমস্ত বিল আলোচনা হয় নির্বাচনের ক্ষেত্রে তখনই আমরা একটা বলে থাকি যে প্রেসক্রাইবড্ অথরিটি কথাটাকে ভেগ রাখবেন না। এই প্রেসক্রাইবড্ অথরিটির জায়গায় একটা অন্তত বেসিস থাকা উচিত পপুলেশান যাই হউক ওরা আমাদের কথা শুনলেন না—না করার পর এই বার হাইকোর্ট থেকে একটা স্ট্রিকচার দিয়েছেন যে এই যে গ্রাম সভার যে ভিতটা হবে সেটা অন দি বেসিস অব দি মেম্বারস অব দি গ্রাম সভা। যাদের ২১ বছরের বেশী বয়স তাদের নিয়ে হবে। এতদিনে ওঁরা এইটুকু পরিবর্তন করছেন। এখানে উদ্দেশ্যের মধ্যে কি বলছেন সে অঞ্চল পঞ্চায়েতের যে সমস্ত সদস্য আছে তাদের সংখ্যা কমানো, সেক্ষেত্রে অধ্যক্ষ এক্স অফিসিও হিসাবে ওঁরা ঢুকিয়ে দিচ্ছেন। এখানে মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত আইনে এমন কোন বাধা নেই যে অধ্যক্ষ থেকেও তিনি অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন প্রার্থী হতে পারবেন না। কাজেই এই ধরণের যেটা করার মানে হচ্ছে এক্স অফিসওর সংখ্যা ভালভাবে অঞ্চল পঞ্চায়েতে বেশী হয় সেই একটা উদ্দেশ্য রয়েছে। আর একটা উদ্দেশ্য কি বলছেন জমি বা বাড়ীর উপর ট্যাক্স এটাও হাইকোর্ট থেকে একটা স্ট্রিকচার আছে যে ট্যাক্সের লিমিটেসন কি হবে যেটা আমরা বার বার বলে থাকি সেটা আছে। আর জেলা পরিষদ বিলের যেটা সুলভে নিয়ে আসছেন সেটা হচ্ছে, জেলা পরিষদের যাঁরা চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান থাকবেন তাঁদের ভেতর, আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানের ভেতর এবং সবচেয়ে মারাত্মক যেটা নিয়ে আসছেন সেটা হচ্ছে এই জেলা পরিষদের চেয়ারম্যানকে বিধিগত ক্ষমতা দেয়া হচ্ছে এই পরিবর্তন ওঁরা আনছেন। এখন এর মধ্যেও মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু ত্রুটি থাকছে, আগেও ত্রুটি ছিল, এখনও থাকছে এবং সেই ত্রুটিগুলো ইচ্ছা করেই ওঁরা রাখছেন। তাহলে আমাদের যেসব বন্ধুরা যে ডিপার্টমেন্টে আছেন তাঁরা কি ভাল করে এসব ভাল দেখেন না?

আমি যতদূর জানি তাঁরা বিশেষ করে এসব জিনিস ভাল দেখেন কিন্তু দেখলে কি হবে। এঁদের উপর সেদিন দেয়া হয় যে যতদূর পার ত্রুটি রেখো আইনের মধ্যে কারণ এই যে রুলিং পার্টি তাঁদের একচেটিয়া কতৃত্ব পঞ্চায়েতে? গ্রামসভায়, এবং জেলা পরিষদে রাখতে গেলে এই ধরণের ফাঁকের অবকাশ রাখার দরকার আছে, সেজন্য আন্ডান চেষ্টা করলেও এই সমস্ত ফাঁকগুলো থাকছে সেগুলো বার বার করে হাইকোর্ট থেকে নাকচ হয়ে যায়। যখন হাইকোর্ট থেকে নাকচ হওয়ায় ক্ষেত্রে আমরা যারা আইন বলে করি এটা আমাদের ডিসক্রেডিট। সেজন্য আমি বারম্বার করে আপনার সামনে অন্ততঃ সদস্যদের অনুরোধ করছি যে ১৯৫৬ সালে যে পঞ্চায়েত অ্যাক্ট পাশ হয়েছে সেই পঞ্চায়েৎ য়্যাক্ট তিন তিন বার সংশোধন হয়েছে, আবার সংশোধন হতে যাচ্ছে কিন্তু পঞ্চায়েৎ য়্যাক্ট চালু করার পরে যে অভিজ্ঞতা ভাল আছে সেই অভিজ্ঞতায় ভিত্তিতে আইনটাকে কিভাবে সুষ্ঠুভাবে করা যায় তার কোন বক্তব্য পাওয়া যাচ্ছে না, সেজন্য তাড়াতাড়ি দুটো আইন নিয়ে সংশোধনীগুলি পাস করিয়ে নেয়া কতখানি সমীচীন হয়ে মাননীয় সদস্যদের কাছে আপনার মাধ্যমে সেটা চিন্তা করার জন্য রাখছি। তখন এখন যেটা হচ্ছে, এই ত্রুটী ভাল কিসে দেখা যাচ্ছে না, গণ সংশোধনী আনছেন ৪৬, ৯৪, ১৬, ১৭, এমন কি আজকে যদি আলোচনা না হত তাহলে আমাদের মন্ত্রী মহাশয় আরো কিছু সংশোধনী আনতেন। তখন সত্যিকারের আইনটাকে চালু করে যাতে জনসাধারণের ভাল হয় সেই উদ্দেশ্য যদি থাকতো তাহলে এত সংশোধনী আনতে হতনা। কাজেই আমি বলবো যে এই আইনের মধ্যে এক্স অফিসিওর সংখ্যা বাড়ানোটা অত্যন্ত অগণতান্ত্রিক এবং সেখানে অধ্যক্ষের অধিকার রয়েছে নির্বাচনে খাড়া হবার বা নির্ধারিত হবার সেখানে আইনে এরকম সংশোধনী হওয়া উচিত নয়। তৃতীয় কথা হচ্ছে যে এই প্রেসক্রাইবড্ অথোরিটি কথাটা এতদিন পরে যখন স্বীকার করা হয়েছে তখন বেসিস অব দি পপুলেসনটা সবক্ষেত্রে হওয়া উচিত। আমি পঞ্চায়েত অ্যাক্টের ক্ষেত্রে আর বেশী কিছু বলছি না, তবে জেলা পরিষদের সম্বন্ধে আমার একটা বক্তব্য রয়েছে সেটা হচ্ছে এই যে এই জেলা পরিষদ আইন এক বছর আগে পাশ হয়েছে কিন্তু জেলা পরিষদগুলি গঠনের সময় একটা কথা ছিল ডিসেন্ট্রালাইজেসন অবদি পাওয়ার, আরো গণতান্ত্রিক অধিকার দেয়া সেই গণতান্ত্রিক অধিকার বর্তমান আইনে ক্ষুন্ন হচ্ছে, সেটা কিসে।

[3-30—3-55 p.m.]

আপনি জানেন যে জেলা পরিষদের আইন আছে যে স্ট্যান্ডিং কমিটিগুলো সব কিছু করার। এখন মনে করেন একটা স্ট্যান্ডিং কমিটি করা সিদ্ধান্ত যেটা নিল জেলা পরিষদের স্ট্যান্ডিং কমিটি ৭।৮ জনে একটা সিদ্ধান্ত নিয়েছে। এখন জেলা পরিষদের ৬৪, ৬৫ জন মেম্বার এর যে সিদ্ধান্ত বদল করবার ক্ষমতা নেই। কাজেই স্ট্যান্ডিং কমিটি সাবজেক্ট টু দি অ্যাপ্রুভ্যাল অব দি জেলা পরিষদ এরকম ধরনের যদি সংশোধনী আনতেন তাহলে বুঝতাম যে আরো ডেমক্রেটিক রাইটস একসার্ট করার জন্য এনেছেন। সেই স্ট্যান্ডিং কমিটিই থেকে যাচ্ছে। জেলা পরিষদে যেখানে বলা আছে চেয়ারম্যান ভাইস চেয়ারম্যান-এ পাওয়ার ভেস্ট করবে সেখানে আজকে তিনি সে কুজ ডিলিট্ করে আইনে দেওয়া হচ্ছে স্টেট গভর্নমেন্ট-এ ভেস্ট করবে। চেয়ারম্যান ভাইস-চেয়ারম্যান এর উপর জেলা পরিষদের কোন হাত থাকছে না এটা সমীচীন হচ্ছে না। দ্বিতীয়ত এই স্ট্যান্ডিং কমিটিগুলোর উপর এডুকেশন স্ট্যান্ডিং কমিটি যেটা আছে সেটার গঠন কিভাবে হবে তা বলা আছে। বর্তমানে যে স্কুল বোর্ড আছে সে স্কুল বোর্ড বহুদিনের ব্রিটীশ আমলের প্রাইমারী এডুকেসান এ্যাক্ট অনুসারে গঠিত। এর বিরুদ্ধে দেশের লোকেরা আন্দোলন করেছে যে এরূপ অগণতান্ত্রিক আইন থাকা উচিত নয়। এ আইন অনুসারে যে স্কুল বোর্ড গঠিত হবে। কে স্কুল বোর্ড উইল ফাংসন অ্যাজ দি এডুকেসন অ্যাক্ট এই যে অগণতান্ত্রিক যে প্রথা তার যদি সংশোধন করতেন তাহলেওও বুঝতাম। প্রাইমারী এডুকেসন এ্যাক্ট ব্রিটিশ আমলের এ্যাক্ট, অগণতান্ত্রিক এ্যাক্ট সেটাকে পরিবর্তন করে নূতন আইন এনে অগণতান্ত্রিক যে সমস্ত পদ্ধতি স্কুল বোর্ড-এর নির্বাচনের ক্ষেত্রে আছে সেগুলিকে পরিবর্তন করে যদি আইন আনতেন এবং সে অনুযায়ী যদি এডুকেশন স্ট্যান্ডিং কমিটি ও স্কুল বোর্ড গঠন করবেন তাহলে বুঝতাম যে ভালর দিকে নিয়ে যাচ্ছেন। কাজেই এটা একটা বিচার করার বিষয় এবং ধারাবাহিক আলোচনার সময় আমি এটা সম্বন্ধে বিশেষভাবে বলব। এই যে স্ট্যান্ডিং কমিটির উপর যদি চেয়ারম্যান

ভাইস-চেয়ারম্যান-এর ক্ষমতা দেওয়া হয় তাহলে এটা একটা ফ্যাসিস্ট ডিকটেটারসীপে পরিণত হবে। সেজন্য সার্কুলেসান মোসান যেটা এসেছে সেটা সমর্থন করছি এবং সেই সঙ্গে সভ্যদের কাছে বিশেষ করে ট্রেজারী বেঞ্চে যারা আছেন তাঁদের দৃষ্টি স্ট্যান্ডিং কমিটি সম্বন্ধে আকর্ষণ করছি। আমরা জানি জেলা পরিষদ আঞ্চলিক পরিষদ আছে কিন্তু এর পরিচালনা ক্ষমতা মুষ্টিমেয় কতকজনের হাতে থাকা উচিত নয়। কাজেই এ অসুবিধাগুলি যাতে চলে যায় সেজন্য জনমত প্রচারের জন্য দাবী রাখছি।

[At this stage the House was adjourned for twenty minutes]

(After Adjournment)

[3-55—4-5 p.m.]

Shri Deb Saran Ghosh:

চেয়ারম্যান স্যার, গতকাল এ বিলটা আইন সভায় পেশ করার সময় মুখ্যমন্ত্রী যে কথাগুলি বলেছিলেন তার মধ্যে মূলতঃ হচ্ছে জেলা পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েতের পর্যায়ে গঠনতন্ত্রের কতকগুলি অসুবিধা দেখা দেওয়ার জন্য মামলা মকদ্দমা দায়ের হওয়ার ফলে পঞ্চায়েতের পরিচালনায় সংকট অবস্থা সৃষ্টি হয় এবং সেই কারণে সেই সমস্ত ত্রুটি বিচ্যুতি সংশোধন করবার জন্য ইনি আবার গ্রাম পঞ্চায়েত এবং জেলা পঞ্চায়েত আইনকে সংশোধন করার জন্য একটা সংশোধনী বিল এনেছেন। আপনি জানেন গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত ৫।৬ বৎসর হল বাংলাদেশের সমস্ত অঞ্চলে চালু হয়েছে এবং জেলা পঞ্চায়েত প্রায় ১ বৎসর হল মোটামুটি সমস্ত জেলাতে চালু হয়েছে। গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতে শাসনতান্ত্রিক কাজকর্ম করার যে সমস্ত অসুবিধাগুলি দেখা দিয়েছে বাস্তব দৃষ্টিতে বিচার করে সে অসুবিধাগুলি দূর করার উদ্দেশ্য নিয়ে যদি এখানে বিল আনতেন তাহলে শাসনতান্ত্রিক যে অধিকার দেবার সুযোগ সাধারণ মানুষ পেয়েছিল তা কিছুটা বাস্তবে রূপায়িত হতে পারতো। আমরা জানি গ্রামপঞ্চায়েত থেকে জেলা পঞ্চায়েত পর্যায়ে ৪টা পর্যায় আছে গ্রাম পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত, আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদ। এ ৪টা পর্যায়ের মধ্যে কোন সমন্বয় না থাকার জন্য এবং বিভিন্ন বিষয় বৈষম্য থাকার ফলে গ্রামের সমাজ কল্যানমূলক যে সমস্ত কাজ তা সম্পূর্ণ ব্যর্থ হয়ে গেছে। বিগত ৪।৫ বৎসর ধরে বাংলাদেশে অঞ্চল পঞ্চায়েত গ্রাম পঞ্চায়েত চালু হবার পরে সাধারণ মানুষ যা আশা করে ছিল তা ব্যর্থ হয়ে গেছে তার কারণ আইনের ত্রুটি বিচ্যুতি আপনি জানেন পঞ্চায়েত পর্যায়ে হাতে কলমে কাজ করবার ক্ষমতা গ্রামের উন্নতির জন্য কিছু করবার ক্ষমতা গ্রাম পঞ্চায়েতের হাতে ন্যস্ত আছে কিন্তু সে উন্নতিমূলক কাজকরবার জন্য যে অর্থের প্রয়োজন গ্রাম পঞ্চায়েতের সে অর্থ সংগ্রহ করার কোন সুযোগ এ আইনে নেই। অঞ্চল পঞ্চায়েত সমস্ত অঞ্চল থেকে ট্যাক্স তোলে। তার ইচ্ছামত যে অর্থ গ্রাম পঞ্চায়েতকে দেবে তাই দিয়েই গ্রামের মধ্যে কাজ করতে হবে। কাজেই গ্রাম পঞ্চায়েতের গ্রামের উন্নতির জন্য যে সমস্ত কাজ করা দরকার, অর্থের অভাবে তা তারা করতে পারছেন না বিগত কয়েক বৎসর থেকে আমরা সেটা লক্ষ্য করছি। অঞ্চল পঞ্চায়েত নিজে কোন দায়িত্ব নিয়ে কাজ করতে পারেন না, কারণ, আইনে সে বিধান নেই। অঞ্চল পরিষদের যে অবস্থা, জেলা পরিষদের ঠিক সেই একই অবস্থা, সরকার থেকে অর্থ দেবে, সেই অর্থ নিয়ে জেলা পরিষদ এবং অঞ্চল পঞ্চায়েত কাজ করবে। এই অসুবিধা থাকার দরুন, গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতের সদিচ্ছা থাকা সত্ত্বেও গ্রামাঞ্চলে কোন উন্নতি স্থল বা কাজ করা তাদের পক্ষে সম্ভব হচ্ছে না। এই দৃষ্টিভঙ্গী পরিবর্তন করা দরকার। কিন্তু, সেদিকে লক্ষ্য না রেখেই মাননীয় মন্ত্রিমহাশয় গঠনতন্ত্রের কতকগুলি ধারা, উপধারা সংশোধন করার উদ্দেশ্যে, তিনি আর একটি সংশোধনী বিল এনেছেন। এই বিলের মধ্যে একটা জিনিষ দেখছি যে গ্রাম পঞ্চায়েতের যাঁরা অধ্যক্ষ তাঁদের অঞ্চল পঞ্চায়েতে নিয়ে আসা হচ্ছে। কিন্তু এমন কোন বাধা আগের আইনে ছিলনা, যে অঞ্চল পঞ্চায়েতের সদস্য, গ্রাম পঞ্চায়েতের সদস্য হতে পারবেন না। এখন তাদের এক্স-অফিসিও করে আনবার জন্য, এটা সংশোধন করা হচ্ছে। পরে দফাওয়ারী আলোচনার উপর আমি বিস্তারিতভাবে এ সম্বন্ধে বলবো।

এই বিলে একটা জিনিষ আমার চোখে খুব খারাপ লাগছে, সেটা হচ্ছে, যে সেকেন্ডারী এডুকেসনটাকে জেলা পঞ্চায়েত বা জেলা পরিষদের অধীনস্থ করা হচ্ছে। এটা খুবই গর্হিত কাজ করা হচ্ছে। সেকেন্ডারী এডুকেসনের মধ্যে বহু শিক্ষিত ব্যক্তি, এমন কি প্রফেসার পর্যায়ের লোক পর্যন্ত থাকবেন, তাঁদের এই আইনের বলে জেলা পরিষদের কর্মচারী বলে গণ্য করা হচ্ছে, এটা খুবই গর্হিত কাজ বলে আমি মনে করছি। সেকেন্ডারী এডুকেসানকে, জেলাপরিষদের আওতার মধ্যে কেন আনবার চেষ্টা করছেন, তা আমি বুঝতে পারি না।

সবচেয়ে খুব খারাপ যে সংশোধনীটা, সেটা হচ্ছে বর্তমান আইনে ট্যাক্সেসান সম্পর্কে যে ধারাটা আছে, সেটা সংশোধন করে একটা নূতন নিয়ম চালু করা হচ্ছে, এতে আমাদের মনে সন্দেহ হচ্ছে, এবং এই সন্দেহ হওয়া স্বাভাবিক এবং ন্যায্য। সন্দেহ হচ্ছে যে নূতন করে ট্যাক্স বাড়াবার একটা ফন্দি বা অভিসন্ধি তাঁদের মাথায় আছে, এবং গঠনতন্ত্রের মাধ্যমে সেটা বলবৎ করবার চেষ্টা করছেন। এর আগে আমরা জানি যে ল্যান্ড এর ইনকাম এর উপর ট্যাক্স ধার্য করা হত, এবং সেখানে কোন কোন ক্ষেত্রে যদি ফসল উৎপাদন না হত বা অঞ্চল পঞ্চায়েতের মধ্যে কোন এলাকায় ফসল উৎপাদন না হ'ত, তাহলে সেইসব জমির অধিকারীর ট্যাক্স থেকে যেতে পারবে সুযোগ ছিল। আইনের সুবিধা না থাকলেও, কর্তৃপক্ষের ইচ্ছায় সেটা করার সুযোগ ছিল। কিন্তু সেই সুযোগটা বর্তমান সংশোধিত আইনে হরণ করা হচ্ছে। বর্তমান আইনে কখন আইনকে সংশোধন করা হচ্ছে এইভাবে যে জমির ইনকামের উপর বা সমস্ত জমির টোটাল ভ্যালুর উপর ট্যাক্স ধার্য হবে। এখানে আমার মনে সন্দেহ হচ্ছে যে এই আইন বলবৎ হলে গ্রামাঞ্চলে সাধারণ মানুষরা, একটা অত্যন্ত ভয়াবহ অবস্থার মধ্যে পড়বে। যদি সেখানে ফসল না হয়, বা বন্যায় সমস্ত ফসল নষ্ট হয়ে যায়, অর্থাৎ এই সমস্ত কারণ, হেতু, তার জমি থেকে যদি কোন আয় না হয়, তাহলেও সরকার তার কাছ থেকে ট্যাক্স আদায় করবেন।

[4-5—4-15 p.m.]

টোটাল ল্যান্ড ও বাড়ীর যে ইয়ারলি ভ্যালু, তার উপর খাজনা আদায়ের ব্যবস্থা করা হচ্ছে। তবে আমাদের সন্দেহ হচ্ছে সরকারের এই ক্ষুদ্র এ্যামেন্ডমেন্ট এর মাধ্যমে দরিদ্র জনসাধারণ গ্রামবাসীর উপর নূতন করে আরো বেশী করে ট্যাক্স বাড়াবার ষড়যন্ত্র তাঁরা করছেন এ বিষয়ে কোন সন্দেহ নাই। যদি তা তাঁরা না করতে চান, তাঁদের সেই খারাপ ইচ্ছা না থাকে, কোন দুরভিসন্ধি না থাকে, তাহলে মন্ত্রিমহাশয় আমাদের বোঝাবেন আগে যে আইন ছিল জমির ও বাড়ীর ইনকামের উপর কর ধার্য্যের যে ব্যবস্থা ছিল, তা বাতিল করে, টোটাল ইনকাম অফ ল্যান্ড এবং বাড়ীর উপর, সেটা বাতিল করে টোটাল ল্যান্ড এবং বাড়ীর যে টোটাল ইয়ারলি ভেলু, তার উপর ট্যাক্স ধার্যের ব্যবস্থা করছেন কেন? তার উদ্দেশ্য কি।

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আগেই বলেছি বাস্তব অবস্থার দৃষ্টিভঙ্গীতে যদি বিলের সংশোধন করা হতো, তাহলে হয়ত অনেক সুযোগ সুবিধা এর মধ্যে আমরা দেখতে পারতাম। মাননীয় অশ্বিনীবাবু একটা কথা বলেছেন স্ট্যান্ডিং কমিটি সম্পর্কে জেলা পরিষদে ও আঞ্চলিক পরিষদে যে সমস্ত স্ট্যান্ডিং কমিটি আছে, সেই সমস্ত স্ট্যান্ডিং কমিটির কর্তৃত্ব তাদের হাতে দেওয়া হয়েছে। আপনি জানেন জেলা পরিষদ পর্যায়ে এবং আঞ্চলিক পরিষদ পর্যায়ে আজকে যে দলাদলি সুরু হয়েছে, এই গ্রাম পঞ্চায়েত ও অঞ্চল পঞ্চায়েতকে কেন্দ্র করে যে দলাদলি ও আত্মকলহ সুরু হয়েছে, সেই আত্মকলহের সুযোগ নিয়ে যারা স্ট্যান্ডিং কমিটির মেম্বার আছেন, তারা ইচ্ছা করলে সমস্ত কাজকে গোটা অঞ্চলের সমস্ত কাজকে, নিজের নিজের এলাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে পারেন। ধরুন এগ্রিকালচারাল স্ট্যান্ডিং কমিটি তার যে কাজ আছে সেই অঞ্চলের এ্যাগ্রিকালচারাল এর উন্নতির জন্য যে ব্যবস্থা করবার ক্ষমতা দেওয়া হয়েছে, সেই আঞ্চলিক পরিষদের ভেতর এবং স্ট্যান্ডিং কমিটিতে এত গন্ডগোলের ফলে, অন্তর্দ্বন্দ্ব থাকার ফলে সেই কাজ সম্পূর্ণ ব্যাহত হচ্ছে। এগ্রিকালচারাল স্ট্যান্ডিং কমিটির যাঁরা সদস্য আছেন, আমি জানি, একই অঞ্চলে স্ট্যান্ডিং কমিটিতে ৫ জন কি ৭ জন সদস্য থাকেন, তাঁরা গোটা অঞ্চলের, অন্য এলাকায় গিয়ে সেই অঞ্চলের স্ট্যান্ডিং কমিটির সদস্য মনোনীত হতে পারেন না।

ফলে দেখা গেল এগ্রিকালচারাল স্ট্যান্ডিং কমিটির আঞ্চলিক সদস্য মেজরিটি হবে যেখানে, সেখানে কাজ করা সম্ভব হবে, আর অন্য অঞ্চলের সদস্য স্ট্যান্ডিং কমিটিতে যেখানে নাই, সেখানে সেই অঞ্চলের কাজ ব্যাহত হবে। এই কারণে দেখছি স্ট্যান্ডিং কমিটির উপর সম্পূর্ণ কর্তৃত্ব দেওয়ার ফলে সাধারণভাবে দেখা যাচ্ছে আঞ্চলিক পরিষদের কোন কাজ নাই। তাদের রেজলিউসন-এর যে বক্তব্য যা তারা আঞ্চলিক পরিষদের কাছে পেশ করবে, সেটা সমর্থণ করা ছাড়া অলটার করা বা এ্যামেন্ড করার কোন অধিকার এই আঞ্চলিক পরিষদের থাকছে না। এই রকম গণতন্ত্রে যে বাস্তবে অসুবিধা আছে, সেদিকে মন্ত্রিমহাশয় দৃষ্টি না দিয়ে ট্যাক্সেসন বৃদ্ধি ও অন্যান্য [illegible] অপ্রয়োজনীয় ধারা সংশোধন করবার চেষ্টা করছেন। মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি আর একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। এই যে রিক্রুটমেন্ট কমিটি আঞ্চলিক পরিষদ তৈরী হয়েছে, এই রিক্রুটমেন্ট কমিটির কাজ হচ্ছে আঞ্চলিক পরিষদে যদি কোন কর্মচারী নিয়োগ করতে হয়, তাহলে এই রিক্রুটমেন্ট কমিটি প্রথমে অ্যাপ্লিকেন্টদের কাছ থেকে অ্যাপ্লিকেশন কল করবেন এবং রিক্রুটমেন্ট কমিটি দু-জনের নাম দিয়ে ফাইন্যাল সিলেকসন ফাইন্যাল করবেন এবং সেই দুজনের নাম প্যানেল হয়ে চলে যাবে ফাইন্যানসিয়াল স্ট্যান্ডিং কমিটির কাছে। তখন তাদের রিকমেন্ডেসন যাবে আঞ্চলিক কমিটির কাছে। এমন জটিল অবস্থা সৃষ্টি করা হয়েছে। একজন পিয়ন নিয়োগ করবার জন্য সরকার এমন আইন তৈরী করেছেন তার ফলে দেখা যাচ্ছে সেখানে সংকট দেখা দিয়েছে, লোকের অ্যাপয়েন্টমেন্ট দেবেন আঞ্চলিক কমিটি। একজন পিয়ন বা একজন কেরাণীকে নিয়োগ করতে হলে স্ট্যান্ডিং কমিটি, রিক্রুটমেন্ট কমিটি, ফাইন্যানসিয়াল স্ট্যান্ডিং কমিটি হয়ে তারপর আঞ্চলিক পরিষদ ও জেলা পরিষদ। এটা আরো সহজ করা হলে। আঞ্চলিক পরিষদ ডাইরেক্ট নিয়োগ করতে পারেন বা সরকারও করতে পারেন, এই সম্পর্কে যে সংকট দেখা দিয়েছে, এ সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে একটা পরিষ্কার জবাব চাচ্ছি।

Shri Girish Mahato:

মাননীয় চেয়ারম্যান সাহেব, আজ আমাদের সামনে পঞ্চায়েত এবং জেলা পরিষদ বিল উপস্থিত হয়েছে। এই জেলা পরিষদ বিলের ৫৭ ধারায় আরো নূতন ট্যাক্স করবার জন্য ক্ষমতা দেওয়া হচ্ছে। আমরা এই নূতন ট্যাক্স যাতে না হয় তার জন্য প্রতিবাদ করছি এবং মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই ধারাটা পরিবর্তন করেন। তার কারণ হচ্ছে এই ধারাতে আছে জমি এবং ঘরের ভ্যালুয়েশনের উপর ট্যাক্স বসবে, শতকরা ২ টাকা ট্যাক্স করা হবে। এত বড় একটা সাংঘাতিক আইন পাশ হচ্ছে যেটা গ্রামের চাষীদের পক্ষে অত্যন্ত মারাত্মক তার কারণ হচ্ছে আমাদের জমি আছে, জমিতে যে উৎপাদন হবে সেখানে আমাদের ট্যাক্স দিতে হচ্ছে। আমি চাষ করতে পারি আর না পারি আমি আইনতঃ বাধ্য থাকবো আমার একরে এত ধান হয় আমাকে শতকরা এত ট্যাক্স দিতে হবে। আমার ঘর রয়েছে বাস করবার জন্য সেই ঘরের দরুন আমাকে ট্যাক্স দিতে হবে। আমার হয়ত অন্য কিছু কাজ আছে সেই কাজের আয়ের জন্যও আমাকে ট্যাক্স দিতে হবে, এটা বিলে পরিষ্কার করে বলা আছে। আজকে জনসাধারণের উপর ট্যাক্স বসান হচ্ছে, ট্যাক্সের ভারে তারা জর্জরিত, তার উপর এই বিলের মাধ্যমে বাধ্যবাধক ভাবে আমাদের উপর ট্যাক্স আসবে। আমাদের এই সরকার বলেন যে আমরা এই পঞ্চায়েত করে শাসন ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করে দিচ্ছি। যদি সত্যিই কেন্দ্রীয় ক্ষমতা বিকেন্দ্রীকরণ করতে হয় তাহলে পঞ্চায়েত মারফত আবার নূতন করে ট্যাক্স আদায় করবার কি দরকার আছে? যে কর কেন্দ্রে জমা আছে সেই করতো পঞ্চায়েতের ভাগে আসবে আবার নূতন করে এই পঞ্চায়েতকে কর ধার্য করার ক্ষমতা কেন দেওয়া হচ্ছে জনসাধারণ কেন্দ্রকে কোটি কোটি ট্যাক্স দিচ্ছে সেই টাকা পঞ্চায়েতকে দেওয়া হোক। কিন্তু আসল উদ্দেশ্য তা নয়, আসল উদ্দেশ্য হচ্ছে পঞ্চায়েতের মারফত দলীয় রাজনীতি করা। আমরা দেখেছি এই যে জেলা পরিষদ, অঞ্চল পরিষদ আছে এর সমস্ত স্ট্যান্ডিং কমিটিতে কংগ্রেসী লোক আছে, কংগ্রেসের যারা অনুগত, যারা জনসাধারণের শত্রু তারাই সেখানে রয়েছে, কংগ্রেসের মেম্বাররাই জেলা পরিষদের মেম্বার, যে টাকাটা পঞ্চায়েতকে দেওয়া হচ্ছে সেই টাকাটা তারা জনসাধারণের কাজে না লাগিয়ে সমস্ত টাকাটাই তছরুপ করছে। পঞ্চায়েতে যে টাকা দেওয়া হয় সেই টাকাটা প্রধানরা বি ডি ও-কে হাত করে পকেটস্থ করে।

আমি আগেই বলেছি যে প্রধানরা র‍্যাশন কার্ডের দরুণ একটা ট্যাক্স আদায় করছে। পঞ্চায়েতে পরিচালক হয়ে আছে সেই কংগ্রেসী প্রধানরা এইভাবে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে ট্যাক্স আদায় করছে। আমরা জানি আমাদের পুরুলিয়া জেলায় দেখেছি কোন একটা সামান্য জিনিষের জন্য যদি জেলা পরিষদে দরখাস্ত করা হয় যে জনসাধারণের জন্য এটা অনুমোদন করা হোক তাহলে তারা বলে আমাদের হাতে টাকা নেই। তারা সত্য কথাই বলছে কারণ এই যে শত শত মেম্বার হয়েছে, স্ট্যান্ডিং কমিটির মেম্বার, জেলা পরিষদের মেম্বার, তারা সমস্ত টি এ বিল করে পরিষদের সমস্ত টাকা খরচ করে। আবার যদি ট্যাক্স করবার ক্ষমতা তাদের হাতে দেওয়া হয় তাহলে তারা আরো টাকা তছরুপ করবে। আজকে দসু শাসন কংগ্রেসের মধ্যে রয়েছে, এই দসু শাসনের অঙ্গরূপে এই বিল পাশ করে পঞ্চায়েতকে কর ধার্যের ক্ষমতা দেওয়া হচ্ছে। তাই মাননীয় চেয়ারম্যান সাহেব আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি মানুষ আজ যেখানে খেতে পাচ্ছে না, কাপড় পাচ্ছে না, মানুষকে যেখানে বাঁচবার অধিকার সরকার দিতে পারছে না, যেখানে লক্ষ লক্ষ মানুষ না খেয়ে দিনের পর দিন রয়েছে, যেখানে এক কিলো চালের জন্য মানুষকে গুলি করে মারা হচ্ছে, সেই অবস্থায় মানুষের উপর আবার পঞ্চায়েত ট্যাক্স বসবে এর দ্বারা জনসাধারণকে শোষণ এবং ধ্বংস করার রাস্তা হচ্ছে। আজ যেখানে প্রত্যেকটি লোক বলছে যে আমরা খেতে পারছি না, আজ যেখানে মুখ্য মন্ত্রী চাল নেই বলে কলা খাচ্ছেন আজ যদি ভাত থাকতো তাহলে কি মুখ্যমন্ত্রী কলা খেতেন? আজ দেশের এমন অবস্থা হয়েছে যার জন্য প্রধানমন্ত্রীকে উপোস করতে হচ্ছে, যার জন্য মুখ্যমন্ত্রীকে কলা খেতে হচ্ছে, যেখানে হাজার হাজার বিঘা পতিত জমি আছে, ধান হচ্ছে না, সেই অবস্থায় আবার এই যে নূতন করে ট্যাক্সের ব্যবস্থা করছেন এর আমি তীব্র প্রতিবাদ করছি এবং শুধু প্রতিবাদ নয় আবার যদি ট্যাক্স জুলুম করে বসান হয় তাহলে দেশে বিপ্লব হবে এবং তার ফলে এই স্বৈরাচারী কংগ্রেস সরকার ধূলিসাৎ হয়ে যাবে।

[4-15—4-25 p.m.]

Shri Nani Bhattacharjee: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কেবল দু'একটা পয়েন্টের উপর মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো এবং সেই দুটি পয়েন্টের মধ্যে একটা হল একটা কমপ্রিহেন্সিভ এ্যাক্ট আনা উচিত। এইভাবে দুটি আইন-এর যুক্ত সংশোধনী না এনে জেলা পরিষদ ও পঞ্চায়েত এই দুই ব্যবস্থাকে একটা ব্যবস্থাতে পরিণত করার জন্য একটা সামগ্রিক আইন প্রণয়ন করা দরকার, বিশেষ করে এইজন্য দরকার যদি গঠনতন্ত্রের দিক থেকে বিচার করি তাহলে তার প্রয়োজন আছে। একেবারে নীচের যে টায়ার সেটা হচ্ছে গ্রামসভা বা গ্রামপঞ্চায়েত, দ্বিতীয় টায়ার হচ্ছে অঞ্চল পঞ্চায়েত, তৃতীয় টায়ার হচ্ছে আঞ্চলিক পরিষদ, চতুর্থ টায়ার হচ্ছে জেলা পরিষদ এবং গ্রামাঞ্চলের প্রশাসনিক অভিজ্ঞতা থেকে এবং আইনের যে উদ্দেশ্য গ্রামাঞ্চলে বিকেন্দ্রীকৃত শাসন ব্যবস্থা প্রবর্তিত করতে যাচ্ছেন যেটা সরকার বলেন সেই দিকে তাকিয়ে আমার বক্তব্য হচ্ছে শুধু মাত্র তিনটি টায়ার গ্রামাঞ্চলে রাখা দরকার, সেটা হচ্ছে জেলা পরিষদ, আঞ্চলিক পরিষদ না অঞ্চল পঞ্চায়েত, এবং গ্রামসভা। অবশ্য এখন অঞ্চল পঞ্চায়েত যেভাবে গঠিত এবং আঞ্চলিক পরিষদ যেভাবে গঠিত তাতে তফাত আছে। কয়েকটি অঞ্চল বা ব্লকের অধিনে, এমন কি কিছু কিছু জায়গায় তার ব্যতিক্রম আছে, একটা ব্লকে যতগুলি অঞ্চল সেই অঞ্চলকে নিয়ে একটা আঞ্চলিক পরিষদ, কতগুলি গ্রামসভাকে কেন্দ্র করে অঞ্চল পঞ্চায়েত বা গ্রাম পঞ্চায়েত এলাকাকে কেন্দ্র করে অঞ্চল পঞ্চায়েত এইভাবে ভাগ আছে এবং এতে আমাদের অঞ্চলে যাঁরা কাজকর্ম করেন তাঁদের অভিজ্ঞতা থেকে বলতে পারা যায় অনেক ক্ষেত্রে ডুপলিকেশন অব পার্সোন-এর সম্ভাবনা দেখা দিচ্ছে। একই লোক নানাভাবে যিনি কাজকর্ম করছেন আঞ্চলিক পরিষদে আবার তাঁকে অঞ্চল পঞ্চায়েতেও দেখতে পাচ্ছি। এই অবস্থা দেখতে পাচ্ছি। এই চারটি টায়ারের মধ্যে অন্ততঃ এক লেভেলে দু'ভাগ করার দরকার পড়ে না। গ্রাম পঞ্চায়েত ব্লক পঞ্চায়েত এবং জিলা পরিষদ এই রকম ধরণের তিনটা টায়ারে পরিণত করা উচিত। প্রশাসনিক ডুপ্লিকেশনকে এড়াবার জন্য

এবং প্রশাসনিক সুব্যবস্থার জন্য। আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় তার অভিজ্ঞতার কথা বলবেন। অবশ্য তার অভিজ্ঞতা অফিসারদের মারফত রাজা কর্ণেল পর্যন্ত সেই ভাবে তার অভিজ্ঞতা এতে করে তার সেই অভিজ্ঞতাতে কুলোবে না, তার কারণ যে আমরা যে পঞ্চায়েতী ব্যবস্থার মধ্যে দেখেছি ব্লকই সর্বেসর্বা ব্লক ডেভেলপমেন্ট অফিসার যিনি তিনি আঞ্চলিক পরিষদের ক্ষেত্রেই হউক অথবা অঞ্চল পঞ্চায়েতের কাজকর্ম পরিচালনা অথবা গাইডেন্স দেবার ক্ষেত্রেই হউক তাকে আমরা সর্বেসর্বা রূপে লক্ষ্য করেছি। এবং যেহেতু গ্রামাঞ্চলের লোক খুব বেশী এ্যাসার্ট করতে পারেন না এখন ও সেই রকম জায়গাতে তিনি পিছিয়ে সেখানটায় ব্লক ডেভেলপমেন্ট অফিসার বি, ডি, ও, তার কথাকে উপেক্ষা করে তাদের মতে ঠিক থাকা সেই রকম অবস্থা আমরা প্রায় ক্ষেত্রে দেখতে পাইনি বিশেষ করে জলপাইগুড়ি গ্রামাঞ্চলে আমরা লক্ষ্য করিনি। সেখানে বি, ডি, ও, হর্তাকর্তা হয়ে আছে। সেই জন্য যদি গ্রাম পঞ্চায়েত নির্বাচন ঐ তিনটি টায়ার করে ব্লক পঞ্চায়েত নির্বাচন, জেলা পরিষদের নির্বাচনকে আরেকটু ভাল ভাবে তার নিয়ম কানুন তৈরী করা যায় এবং সেখানটাতে ঠিক ঠিক মতন ব্যবস্থা গড়ে তোলা যায় অন্যান্য শাখা প্রশাখা গড়ে তোলা যায় তাহলে আমার মনে হয় যে উদ্দেশ্যে এই গ্রামীণ প্রশাসনকে নতুন করে সংগঠনের কথা তাঁরা বলছেন তাতে সুফল হতে পারে। এই একটা দিকের কথা আমি বললাম। আরেকটি কথা হচ্ছে সেটা হচ্ছে ট্যাক্স সংক্রান্ত ব্যাপারে। আমরা দেখেছি এবং বোধ হয় মাননীয় মন্ত্রী মহাশয় করে বসেছেন যে ইনকাম এর উপর না ল্যান্ড-এর ভেলু বা হোলডিংস-এর যে ভেলু সে ভেলুর উপরে ট্যাক্স বসাও আমরা দেখেছি যে ব্লক ডেভেলপমেন্ট অফিসারদের তরফ থেকে এবং তাদের উর্ধ্বতন পঞ্চায়েত অফিসার বা এই সমস্ত অফিসারদের তরফ থেকে একটা ক্রমাগত চাপ যেটা হয়ত একটা পলিসির অঙ্গ, গ্রামসভা উপরে এসেছে বর্দ্ধিত হারে ট্যাক্স বসানোর কথা ভেবে। গ্রামসভা এ্যাসেসমেন্ট একটা তৈরী করে দেন ইনকাম এর এ্যাসেসমেন্ট তার পরে বিভিন্ন গ্রামসভার যে এ্যাসেসমেন্ট সে এ্যাসেসমেন্ট নিয়ে অঞ্চলে আলাপ আলোচনা হল, অঞ্চল পঞ্চায়েত আলাপ আলোচনা হল সেখানে তখন সেই ইনকাম এর ভিত্তিতে ট্যাক্স ধার্য্য করার ব্যবস্থা এখন আছে, এবং সেখানে আমরা দেখেছি যে যাতে ইনকাম একটা চাষীর বাড়িতে দেখানোর ব্যবস্থা হয় সেই ধরণের চেষ্টা এবং সেই ধরণের চাপ অফিসারদের তরফ থেকে হয়েছে। এটা যেন ধরে নেওয়া হয়েছে এই ব্যবস্থার ভিতর দিয়ে যে গ্রামাঞ্চলের উন্নতি যদি কিছু করতে হয় তার প্রধান রিসোর্স প্রধান যে সঙ্গতি সেই সঙ্গতি গ্রাম থেকে তুলতে হবে। বা সেই অঞ্চল থেকে তুলতে হবে। এবং তারপর সরকার বাহাদুর তিনি কি পরিমান টাকা পয়সা দেবেন তা ঠিক করবেন। ঠিক এই রকম ধরনের একটা মনোভাব থাকার দরুন অফিসারদের তরফ থেকে বি, ডি, ও,-র তরফ থেকে অনবরত একটা চাপ অঞ্চলের উপরে এসেছে যে এত আমদানী কম হচ্ছে কেন। ট্যাক্স ধার্য এত কম হবে কেন। এবং যাতে করে বেশী বেশী ট্যাক্স বসান হয় গ্রামের সাধারণ মানুষের উপরে সেই উদ্যোগ বা সেই চাপ তারা ক্রমাগত রেখেছেন।

[4-25—4-35 p.m.]

এটা একটা দিক এবং সেই দিকের কথা বিবেচনা করে হয়ত মন্ত্রীমহাশয় ঠিক করেছেন ঐ ইনকাম কেউ হয়ত ফাঁকি দিচ্ছে, সুতরাং এগুলির মধ্যে যাবার দরকার নেই সেখানে জমি এবং বাড়ীর যে ভ্যালুয়েসন সেই ভ্যালুয়েসনের ভিত্তিতে ট্যাক্স ধার্য করা হোক। ঠিক সেই ধরণের প্রস্তাব নূতন সংশোধনীতে রাখা হয়েছে। আমি মনে করি যে ভাবে রাখা উচিত নয় যার যা ইনকাম সেই ইনকামের ভিত্তিতে ধার্য্য করা উচিৎ। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা মনে করি যে গ্রামাঞ্চলে পাঁচ রকমের ট্যাক্সের বদলে একটিমাত্র ট্যাক্স, ওয়ান ইন্টিগ্রেটেড ট্যাক্স চালু করা উচিত। পঞ্চায়েত ট্যাক্স, অমুক ব্যাপারে ট্যাক্স জমির খাজনা ইত্যাদি আরো এরকম ধরণের পাঁচ রকমের খাজনা তুলে দিয়ে বা পাঁচ রকমের ট্যাক্সের ব্যবস্থা রহিত করে সেখানে ওয়ান ইন্টিগ্রেটেড গ্রামাঞ্চলের সাধারণ মানুষের উপর চালু করা উচিত। ইনকাম ট্যাক্সের মত একটা আইন তৈরী করে, এমন কি এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স তুলে দিয়ে ইনকাম ট্যাক্স আইন কেন্দ্রিয় আইন কিন্তু ইনকাম ট্যাক্স আইনের মত একটা আইন তৈরী করে গ্রামাঞ্চলে যারা বিত্তবান লোক আছে তাদের উপর ট্যাক্স নেবার রীতি গ্রহণ করা উচিত এবং সেখানে একটিমাত্র ট্যাক্স ওয়ান ইন্টিগ্রেটেড ট্যাক্স বসানো উচিত। সেই নীতির দিক থেকে মিঃ চেয়ারম্যান, স্যার, এই যে নূতন ট্যাক্স বসানোর কথা

'রা চিন্তা করছেন নূতন ভিত্তিতে ইনকামের উপর নয় ল্যান্ড এবং হোল্ডিংয়ের ভ্যালুয়েসনের ভিত্তিতে সেটার দ্বারা আমরা মনে করি যে গ্রামাঞ্চলের সাধারণ মানুষের কোন উপকার হবে না বং অন্যদিকে ওঁরাও খুব বেশী লাভবান হতে পারবেন না গভর্নমেন্টের আয় তাতে বাড়বে ল আমার মনে হয় না। সুতরাং এই দুটো কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি যে ঐ টাকায়, ৪ টাকায় এখানকার মত নয় এবং ট্যাক্সের ক্ষেত্রে ঐ কথাই বলবো। আর একটা কথা ঃ চেয়ারম্যান, স্যার, বলা উচিত সেটা অবশ্য পুনরাবৃত্তি হবে কিন্তু তাহলেও না উচিত, সেটা হচ্ছে যে এডুকেশন স্ট্যান্ডিংং কমিটি করুন না কেন। ঐ স্কুল ার্ডকে এডুকেসন স্ট্যান্ডিং কমিটির যায়গায় বসানোর কি দরকার ছিল এবং আমার মনে হয় এর ভেতর বিভিন্ন বিষয়ে স্ট্যান্ডিং কমিটি তৈরী হয়েছে। সুতরাং স্কুল বোর্ডকে ংগ দিন, কারণ স্কুল বোর্ড একবারে দুর্নীতির জায়গাতে পরিণত হয়েছে। এটা অন্ততঃ ল বিভাগেরও অভিজ্ঞতার কথা, আমাদের গ্রামাঞ্চলের শিক্ষকদের অভিজ্ঞতার কথা। সুতরাং খানে আজকে স্কুল বোর্ডেকে তুলে দেয়া উচিৎ, তুলে দিয়ে নূতনভাবে এডুকেসন স্ট্যান্ডিং মিটি গঠন করা উচিত। প্রস্তাবিত সংশোধনীতে আর একটা মারাত্মক ব্যাপার করা হচ্ছে যে কেন্ডারী এডুকেসন পর্য্যন্ত এই জেলা পরিষদের হাতে তুলে দেবার ব্যবস্থা হচ্ছে। এটা রো মারাত্মক এজন্য যে এখন পর্যন্ত প্রাথমিক স্কুলগুলিকে তাঁরা ঠিক ঠিক মত সংগঠিত রতে পারছেন না। কাজেই সেখানে আবার যদি সেকেন্ডারী এডুকেসনের দায়িত্ব এই জেলা রিষদগুলির উপর চাপানো হয় তাহলে সেটা শিক্ষার বদলে অশিক্ষার রাজত্বে পরিণত হবে। ক্ষা অন্ততঃ যাঁরা কণ্ডাক্ট করবেন। গাইড করবেন সেখানে সেখানে অধিকতর শিক্ষিত লোকের ইডেন্স নিশ্চয়ই শিক্ষা ক্ষেত্রে দরকার এবং আমাদের আশংকা আছে, অভিজ্ঞতা থেকেই বলছি জেলা পরিষদ যদি এভাবে তৈরী হয় তাতে করে সেকেন্ডারী এডুকেসনের ব্যাপারে শিক্ষা এবং প্রশাসনিক দিক দেখবার মত যোগ্যতা সম্পন্ন জেলা পরিষদ গঠন করা আজকে সম্ভবপর সেটা সুদূর পরাহত। তার উপর যদি সেকেন্ডারী এডুকেসানের দায়িত্ব দেয়া হয় সেকেন্ডারী কেসানের ডেফিনিসনের ভেতর ডিগ্রী পর্যন্ত এডুকেসন করে সেক্ষেত্রে অধ্যাপক এবং ্যাপনার ক্ষেত্রে কলেজীয় শিক্ষার ক্ষেত্রে পর্যন্ত একটি জেলা পরিষদের আওতার মধ্যে আনা ং তার দায়িত্বের মধ্যে নিয়ে আসা এটা যে কি ধরণের মস্তিষ্কপ্রসূত আমি তো তা বুঝে তে পারছি না। সুতরাং আমি আশা করি যে মন্ত্রিমহাশয় এই পয়েন্টগুলি ভেবে দেখবেন থা বলেই আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Jaharlal Banerjee:

ানীয় চেয়ারম্যান, স্যার, আজকে এই যে বিলটা অ্যামেন্ডমেন্ট করা হচ্ছে তার জন্য কয়েকটা র্কুলেসন মোশান এসেছে আমি এই সার্কুলেসন মোসন-এর বিরোধিতা করতে চাই। কারণ স্টেট-এ অঞ্চল পঞ্চায়েতগুলি, জেলা পরিষদ এবং গ্রাম সেবা ভালভাবে কাজ করছে যখন ন নূতন করে আইনটা সার্কুলারে আনা প্রয়োজন আছে বলে মনে করি না। এই যে মেন্ডমেন্টগুলি আনা হয়েছে তার মধ্যে কতকগুলি জিনিষকে আমি অভিনন্দন জানাচ্ছি কারণ ত খুবই ভাল কাজ হবে। আগেকার বিলে চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানের বিধিগত তা দেওয়া ছিল না চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান কেবল ছিলেন। এখন চেয়ারম্যানকে তা দেওয়ায় কাজটি খুবই ভাল কাজ হয়েছে কারণ যে মুহূর্তে চেয়ারম্যান এবং ভাইস ারম্যান নির্বাচনের জন্য অধ্যক্ষের আস্থাভাজন হন তখন সেখানে ক্ষমতা নূতন করে অর্থ ছ বলে আমি মনে করিনা। কতকগুলি আইনগত অধিকার ছাড়া আগে আমরা দেখেছি ল্ডিং কমিটিতে চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান না থাকার জন্য দৈনন্দিন কাজ চলার ারে অসুবিধা হত। চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যানকে স্ট্যান্ডিং কমিটিতে রাখার জন্য ক কাজের সুবিধা হবে। এখানে একটা কথা না বলে পারছিনা আগে নিয়ম ছিল চেয়ারম্যান ভাইস চেয়ারম্যান কমিটিতেই থাকুন তা পদাধিকার বলে। তিনি সভাপতি হবেন কিন্তু নে সেটা উঠিয়ে দেওয়া হয়েছে। তিনি কেবল ফিনান্স কমিটির সভাপতি হবেন। এরূপ নে কোথাও নেই যে একটা কনভেনশন আছে বা কোন সাব কমিটি তৈরী হয় তবে সেক্রেটারী ার সেক্রেটারী অথরিটি কনভেনর হন। এই অবস্থার দিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি

আকর্ষণ করছি। আর একটা বলছি যে স্ট্যান্ডিং কমিটি-এর হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছে সেই গুলি এ্যাপ্রুভাল-এর জন্য জেনারেল বডি এর কাছে আনা উচিত। তা না হলে জেনারেল বডি এর কোন মানে হয় না। এদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করি যে এর ফলে সব জায়গায় এরূপ থাকা উচিৎ স্ট্যান্ডিং কমিটি বিশেষ কমিটীর হাতে তারা এটা দিতে পারবেন, তারা সাজেসন দেবেন অন্ততঃ ফর ইনফরমেসন, তা না হলে ফর এ্যাপ্রুভ্যাল বলে এটা হওয়া উচিত আমি মনে করি। তা না হলে চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান-এর সমস্ত মেম্বাররা অন্ধকারে থেকে যাবে। তাদের আলোচনা করবার কোন স্কোপ যদি না থাকে তাহলে আমি মনে করি যে সমস্ত সভ্যদের যে অধিকার তাতে হস্তক্ষেপ করা হচ্ছে। দ্বিতীয় আর একটা বলতে চাই সেকেন্ডারী এডুকেসন সম্বন্ধে। জেলা পরিষদই এটা দেওয়া হয়েছে, এটা এত সত্বর দেওয়া ঠিক হচ্ছে কিনা সেটা আমি মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে অনুরোধ করছি সেকেন্ডারী এডুকেসন এর স্কোপ অত্যন্ত বেশী। আজকে এই সেকেন্ডারী এডুকেসন হাইলি বোটানিক্যাল শুধু ফর সেকেন্ডারী এডুকেসন সেল্ফ সাফিসিয়াল্ট এডুকেসন-এর জন্য বিশেষক্ষেত্রের প্রয়োজন। অন্যান্য বহু জিনিষের প্রয়োজন সুতরাং এটা এত তাড়াতাড়ি জেলা পরিষদের হাতে দেওয়া ঠিক হচ্ছে কিনা সেটা আমি চিন্তা করতে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। আর ট্যাক্স সম্বন্ধে যে কথা বলেছেন, অ্যানুয়াল ভ্যালুয়েসন এতদিন ছিল ইনকাম-এর উপরে এখন সেটা অ্যানুয়াল ভ্যালুয়েসন করছেন। যারা গ্রামের সঙ্গে পরিচিত তারা জানেন যে অনেকে কোন ইনকাম করে না, সেগুলি যদি ভ্যালুয়েসন-এর দিক থেকে ট্যাক্স করা হয় তা হলে অসুবিধা হবে। আমি মনে করি এ বিষয়ে বিশেষ চিন্তা করার প্রয়োজন। এই বিলে অনেক ভাল জিনিস আছে আমি সেগুলির প্রতি পূর্ণ সমর্থন জানাই। আর একটা জিনিষ বলতে চাই তা হচ্ছে গ্রাম সভায় যে সমস্ত প্রতিনিধিত্বের কাজ দেওয়া হচ্ছে সেটা ভাল হচ্ছে। তার কারণ হল গ্রামই হচ্ছে লোয়েস্ট টায়ার এখান থেকে অঞ্চলে পাঠাবার জন্য লোকের স্বাধীনতা ছিল। আমি মনে করি গ্রামসভার অধ্যক্ষগণের অঞ্চল পঞ্চায়েতের মেম্বার হওয়া উচিত যেমন অঞ্চলের সভাপতি এই পদ্ধতি আছে এটা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। গ্রাম সভার সভাপতি তিনি অঞ্চলের সভাপতি। কিন্তু তাই বলে এই যে প্রত্যক্ষ নির্বাচন এটাকে বন্ধ করে দেওয়া ভাল নয়। সেদিক থেকে আমি এটাকে ভালভাবে চিন্তা করে দেখবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। তিনি অনেকগুলি ভাল সংশোধন এনেছেন যার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি এবং যারা এই সার্কুলেশন মোশন দেবার জন্য বলেছেন আমি তার বিরোধিতা করছি।

[4-35—4-45 p.m.]

Dr. Radhakrishna Singha:

মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত এবং জেলা পরিষদ সংশোধনী বিল এখানে আনা হয়েছে, আমি সেই সারকুলেশন মোশনের উপর দু একটা কথা বলতে চাই। আপনি জানেন যে অঞ্চল পরিষদ এবং জেলা পরিষদ আইন পাশ করা হয়েছে। এই বিল পাশ করার সময় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে গ্রামীন উন্নতি এবং গ্রামের লোকের সঙ্গে যোগাযোগ এবং ক্ষমতা বিকেন্দ্রীকরণ করার জন্যই এই বিল আনা হয়েছিল। আমরা প্রত্যক্ষ অভিজ্ঞতায় দেখেছি যে অঞ্চল পরিষদ এবং জেলা পরিষদ হবার সঙ্গে সঙ্গে অফিসার বি, ডি, ও এবং আরও অন্যান্য অফিসার যারা আছেন, তারা যেন অঞ্চল পরিষদের সঙ্গে বিচ্ছিন্ন হয়ে গেছেন। আজকে সেটা লক্ষ্য করা যাচ্ছে যে তারা কেউ এক মত নন, তাঁরা কেউ দায়িত্ব নিতে চান না। আমি মন্ত্রি-মহাশয়কে জানাচ্ছি এই যে [illegible] টাগ-অফ-ওয়ার লেগেছে এটার প্রতি তিনি যেন একটু দৃষ্টি রাখেন। আমি এটা নীতিগতভাবে বলছি এতে গ্রামের চাষীদের অত্যন্ত ক্ষতি হচ্ছে।

আমি এই বিল সম্বন্ধে দু-একটা প্রস্তাব রাখছি। প্রথমে তিনি বলেছেন যে ট্যাক্সের ব্যাপারে তাতে আমি বলবো যে

On lands and buildings within the local limits of its jurisdiction, a tax not exceeding two per centum of the annual value of such lands and buildings to be paid by the owners or occupiers or owners and occupiers thereof.

এটা চাওয়া হয়েছে ওনার্স এ্যান্ড অকুপায়ার্স-এর ব্যাপারে। আমি এটার ক্লারিফিকেশন চাচ্ছি। আর একটা কথা বলা হয়েছে—ল্যান্ডের অ্যানুয়েল ভ্যালু কি করে করবেন? কোন সময় ল্যান্ডে ধান বা ফসল হলো না, তখন তার অ্যানুয়েল ভ্যালু কি করে করা হবে? সুতরাং আমার মতে এ্যানুয়েল ইনকামের মধ্যেই এই ট্যাক্স হওয়া উচিত। দ্বিতীয় কথা হচ্ছে অধ্যক্ষ নির্বাচন সম্পর্কে। এটা হচ্ছে অত্যন্ত অগণতান্ত্রিক ব্যাপার। গ্রামাঞ্চলে যে সাবডিভিশন আছে সেখানে প্রায় সাত আট লক্ষ লোক বাস করে। আমি জানি বীরভূমের দুটো সাবডিভিশানে, একটা হচ্ছে সদর আর একটা হচ্ছে রামপুরহাট এবং বর্ধমান, কালনা, কাটোয়া ইত্যাদি সাব-ডিভিসানে, প্রায় সাত, আট, নয় লক্ষ করে লোক বাস করে। আমরা দেখেছি এ সব জায়গায়ও মাত্র দুটো অধ্যক্ষ আর যেখানে মাত্র দু-তিন লক্ষ লোকের বাস সেখানেও দু'জন অধ্যক্ষ। এই যে ইলেকটোরেটস এর মধ্যে কোন সমতা নেই। দ্বিতীয় কথা হচ্ছে অনারারিয়াম সম্বন্ধে। মাননীয় সদস্যগণ সকলেই জানেন যে, আমরা একটা এমার্জেন্সি পিরিয়ডের মধ্য দিয়ে পাস করছি। টাকা লোন নিশ্চয়ই আমরা চাইবো ডিফেন্সের জন্য। এখন আমাদের সমস্ত ইকনমিক প্ল্যানটা হচ্ছে ডিফেন্স ওরিয়েনটেড প্ল্যান। সেখানে জেলাতে এবং অঞ্চল পরিষদের চেয়ারম্যানকে দাহিনা দেবার জন্য মন্ত্রিমহাশয় কেন এত ব্যস্ত হচ্ছেন তা আমি বুঝতে পারছি না। কারণ যখন জেলা পরিষদ এ্যাক্ট পাস করা হয়, তখন পয়সার কথা উল্লেখ করা হয় নি। এ্যালাওয়েন্স ছিল, কিন্তু পয়সা বা মাইনে দেবার কোন কথা হয় নি। অনেক মাননীয় সদস্য সেখানে গিয়েছেন কাজ করবার জন্য, তাদের ভলান্টারী সারভিস দেবার জন্য; এবং আমি এ-ও জানি বহু জেলা পরিষদের চেয়ারম্যান এবং ভাইস-চেয়ারম্যান, তাঁরা লিখেছেন গভর্নমেন্টকে যে, আমরা মাইনে নেবো না। এক্ষেত্রে আমার মনে হয়, আমাদের এমারজেন্সি পিরিয়ড-এ কোন রকম ফাইনানসিয়াল ইমপ্লিকেশান আমাদের গভর্নমেন্টের নেওয়াটা সমীচীন হবে না।

আমার শেষ বক্তব্য হচ্ছে এডুকেশন সম্পর্কে। আপনি জানেন যে এই স্কুল বোর্ডগুলোতে আপনারা যখন স্ট্যান্ডিং কমিটি করেন জেলা পরিষদে, তখন বলেছিলেন যে এডুকেশন স্ট্যান্ডিং কমিটির একটা বিশেষ কালার আছে, যার উপর জেলা পরিষদের কোন কর্তৃত্ব থাকবে না, এটা সেই প্রাইমারী এডুকেশন অ্যাক্ট, ১৯০০—কবে হয়েছিল মান্ধাতার আমলে, সেইমত চলবে? যাই হোক, আমরা অত্যন্ত দুঃখের সংগে বোধ করছি যে স্কুল বোর্ডগুলো যেন একটা শেয়ার মার্কেট হয়ে পড়েছে। এগুলো আপনি আবার সেখানে, তাদের উপর চাপাতে যাচ্ছেন। যেটা অ্যাডাল্ট এডুকেশন, সেকেন্ডারী এডুকেশন কমিটি, আর সেই স্ট্যান্ডিং কমিটি এগুলিকে আপনারা কেন জেলা পরিষদের আওতার মধ্যে আনতে চাচ্ছেন না? এডুকেশন কমিটিটাকে এ্যামেন্ড করতে পারলে, আমরা অত্যন্ত আনন্দিত হতাম। আমি সর্বশেষে বলবো, যে উদ্দেশ্য নিয়ে এই বিলটি করা হল, যে গ্রামের লোকের হাতে ক্ষমতা দেবো, তাদের ভাল করবো, সেদিকে আমরা কতদূর অগ্রসর হচ্ছি, সে বিষয় মন্ত্রী মহাশয় যেন একটু অবহিত হন, তার জন্য আমি তাঁকে অনুরোধ করছি।

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

মাননীয় চেয়ারম্যান মহোদয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রিমহোদয় কালকে বিলটি উত্থাপন করে, তার মুখবন্ধে দুটি কারণ দেখিয়েছেন যে কেন এই বিলটি তিনি আনলেন? তার প্রথম কারণ হচ্ছে, হাইকোর্টে কতকগুলি কেস হয়েছিল, সেখানে যে কঠোর মন্তব্য হয়েছিল, সেই মন্তব্যের কথা তিনি এখানে বলেন নি। তারা কি কঠোর মন্তব্য করেছেন, সেটা আমি একটু পরে উল্লেখ করবো। দ্বিতীয় কথা হচ্ছে উনি বলেছেন যে কতকগুলি কাজের অসুবিধার জন্য এই বিলটি আনা হচ্ছে। যদি কাজের অসুবিধার জন্যই এই বিলটি আনা হয়ে থাকে, তা হলেতো আরও অনেক কিছু পরিবর্তন করা উচিত ছিল। আমরা বার বার বলছি এই ধরনের পঞ্চায়েত আইন সত্যিকার পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করতে কখনও সাহায্য করতে পারে না। কংগ্রেস দলের স্বার্থ রক্ষার পক্ষে যত বেশী সাহায্য করবে, গ্রামের উন্নয়নমূলক কাজে, অথবা গণতন্ত্র বিকাশের কাজে

সাহায্য করবে না। একথা আমরা বার বার বলেছি, মন্ত্রী মহোদয়কে। কিন্তু তিনি সেদিকে লক্ষ্য না রেখে, এই বিলটি এনেছেন। আমাদের সংবিধানের যে নির্দেশ, প্ল্যানিং কমিশনারের যে নির্দেশ, তা তিনি সম্পূর্ণ অমান্য করে চলেছেন। তাঁদের পঞ্চায়েত মানে হচ্ছে যে, গ্রামের মধ্যে ক্ষমতা কি করে কুক্ষিগত করে রাখা যায়। তারই দিকে লক্ষ্য রেখে এই পঞ্চায়েত বিল এনেছেন। আজ প্রায় আট, নয়, দশ বছর সময় পেয়েছেন, অনেক অভিজ্ঞতা হয়েছে, তাতে, অনেক পরিবর্তন আনা উচিত ছিল। আমাদের অভিজ্ঞতা এই যে, এই পঞ্চায়েত আইন সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। তার একটা প্রমাণ আমি দিচ্ছি। হাইকোর্টে চারশো থেকে পাঁচশো ম্যাণ্ডামাস কেস চলছে, এবং তাতে গভর্নমেণ্টের লক্ষ লক্ষ টাকা খরচা হয়ে যাচ্ছে। তা ছাড়া সারা বাংলাদেশের বিভিন্ন আদালতে এই পঞ্চায়েত আইনের বিরুদ্ধে নানা রকম কেস চলছে। এখন তিনি যে দুটি মূল বিষয়ের উপরে এই বিল এনেছেন, তা হচ্ছে একটা ১১ নং অনুচ্ছেদ, আর একটা অনুচ্ছেদ হচ্ছে ৫৭ নম্বর ধারা। যাতে বি. ডি. ওকে এক্সেসিভ পাওয়ার দেওয়া হয়েছিল, তার উপরে তিনি একটা এ্যামেণ্ডমেণ্ট এনেছেন। আর ৫৭ নং ধারায়, যেখানে অবাধে ট্যাক্সেসনের ক্ষমতা ছিল – এই দুটীকে তিনি বিশেষভাবে পরিবর্তনের জন্য এনেছেন। মাননীয় চেয়ারম্যান মহোদয়, হাইকোর্টে তাঁরা কি মন্তব্য করেছেন, তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তাঁরা বলছেন "The general complaint in these Panchayat Act cases is that the full advantage is being taken of the shortcoming in the Act and the Rules and interested quarters are carrying operation behind closed doors."

[4-45—4-55 p.m.]

অর্থাৎ বন্ধ ঘরের মাঝখানে অর্থাৎ তার অন্দর মহলে থেকে স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিরা পঞ্চায়েত আইনের যে ভুলত্রুটি রয়েছে, তার সুযোগ নিয়ে কাজ হাসিল করছে। আমরা জানি মন্ত্রীরা তাঁদের দলের স্বার্থরক্ষার জন্য বার বার তাঁদের অর্ডার পরিবর্তন করেন। এ সম্বন্ধে আমাদের তিক্ত অভিজ্ঞতা রয়েছে। তাঁরা কি বলছেন এই নোটিফিকেশনের নামে? তাঁরা বলছেন Notification means published in the Official Gazette.

অথচ তাঁরা এটা সর্বদা অমান্য করে চলেছেন। এই যে নোটিফিকেশন যেটা হবে বলা হচ্ছে, সেই নোটিফিকেশন-এর ডেট বদলে দেওয়া হচ্ছে, ব্যাক ডেট সেখানে দেওয়া হচ্ছে। সেখানে তাঁরা কোন পরিবর্তন আনছেন না। বিভিন্ন সময়ে দেখা গেছে বি ডি ও-কে হাত করে সেখানে দলকে রক্ষা করবার চেষ্টা তাঁরা করেছেন। আর সেখানে যাঁরা বিরোধী দলের লোক রয়েছেন তাঁদের উপর অন্যায়ভাবে ট্যাক্স ধার্য করা হয়েছে। আমরা আরো দেখেছি দলীয় স্বার্থ রক্ষার জন্য অত্যন্ত অযৌক্তিকভাবে কনস্টিটিউয়েনসি ভাগ করা হয়েছে। যেখানে কারো সঙ্গে কারো সম্পর্ক নাই। হয়তো মাঝখান দিয়ে খাল-বিল রয়েছে, কোথাও বা বড় বড় রাস্তা মাঝখান দিয়ে চলে গেছে এই রকম একটা গ্রামের সঙ্গে আর একটি গ্রামের সম্পর্ক নাই, সেখানে এই গ্রাম পঞ্চায়েৎ করা হয়েছে। এই রকম নানা অভিযোগ সম্বলিত অন্ততঃ পাঁচশোটি কেস হাইকোর্টে রুজু হয়েছে এই পঞ্চায়েৎ আইনের বিরুদ্ধে। মাননীয় বিচারপতি যে মন্তব্য করেছেন এই আইন সম্পর্কে, সে বিষয়ে গভর্নমেণ্টের সতর্ক হওয়া উচিত। এই সরকারের যদি হাইকোর্টের প্রতি, বিচার বিভাগের প্রতি একটা সম্মান দেখাবার ইচ্ছা থাকে তা হলে এই পঞ্চায়েৎ আইন অবিলম্বে আমূল পরিবর্তন করা দরকার। মাননীয় বিচারপতি সিংহ বলেছেন, এই পঞ্চায়েত আইনের ব্যাপারে যে সমস্ত মামলা হয়েছে তার সাধারণ অভিযোগ এই যে আইনের ত্রুটি-বিচ্যুতির পূর্ণ সুযোগ নিয়ে স্বার্থ-সংশ্লিষ্ট গোষ্ঠিরা বন্ধ দরজার পেছনে নানা কাজ করছেন। বিচারপতি সিংহ আরো মন্তব্য করেছেন যে, এই পঞ্চায়েত আইনের ১১(৩) ধারা সংবিধান-বিরোধী মাত্রাতিরিক্ত বৈষম্য-মূলক। বি ডি ও-কে অতিমাত্রায় সম্পূর্ণ দায়িত্ব কোন কোন ব্যাপারে দেওয়া হয়েছে, সেখানে তাঁর খেয়ালখুশিমত তিনি করতে পারবেন।

তারপর আইনের ৫৬ ধারা সম্বন্ধে একটু উল্লেখ করতে চাই। সেখানে করা হয়েছে অর্থাৎ সারকমসটেন্সেস। তাতে বলা হয়েছে, অ্যাকর্ডিং টু দি সারকমসটেন্সেস অব স্যাচ পারসন্স। কার

অবস্থা কিভাবে বিচার করা হবে, তা নির্দিষ্টভাবে বিচার করা হয় নাই। সেটা বিচার করবে গ্রাম পঞ্চায়েৎ। আমি গরীব হলেও যেহেতু আমি বিরোধী দলের লোক—আমি হয়ে গেলাম মস্ত বড় লোক! আমার জমি থেকে, বাড়ী থেকে প্রচুর আয় হয়। তাকে ট্যাক্স ধরে দাও বেশী করে। সেটাও সংবিধান-বিরোধী বলে মন্তব্য করা হয়েছে হাইকোর্ট থেকে। তারপর জেলা পরিষদ্ সম্পর্কে একটু বলতে চাই। সেখানে আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে। মাননীয় অজয় মুখার্জী ওদিকে বসে আছেন, সেখানে তাঁকে প্রেসিডেন্ট করা হলো অথচ তাঁকে সেখানে অর্থনৈতিক দায়িত্ব পালন করবার অধিকার দেওয়া হলো না। তিনি কংগ্রেস দলের প্রেসিডেন্ট। বি পি সি সি মেদিনীপুর জেলার তিনি চেয়ারম্যান হলেন। তার অর্থনৈতিক কমিটি যেটা ষ্ট্যান্ডিং কমিটি, তাঁরা বললেন তাঁকে এক পয়সা খরচ করবারও অধিকার দেওয়া হবে না। তাঁকে বসিয়ে দেওয়া হলো। তার ফলে মেদিনীপুর জেলা পরিষদের আজকে অচল অবস্থা। কংগ্রেসের একজন প্রেসিডেন্ট, জেলা পরিষদের চেয়ারম্যান—তাঁর যদি এই রকম অবস্থা হয়, তা হলে স্যার, আপনি চিন্তা করে দেখুন আঞ্চলিক পরিষদ ও জেলা পরিষদে আইন কিভাবে পরিচালিত হচ্ছে! কিভাবে আইনের মর্যাদা দেওয়া হচ্ছে! এটা মাননীয় চেয়ারম্যান মহোদয়, আপনি বিবেচনা করে দেখুন। তার জন্য কি এই সংশোধন আইনে আনা হয়েছে? এই অচল অবস্থা দূর করবার জন্য একটা সংশোধন আনা উচিত ছিল। এই অচল অবস্থার জন্য তাঁরা নূতন একটা সংশোধনী এনেছেন। তিনি জেলা পরিষদে বলছেন—হ্যাব জেনারেল রেসপন্সিবিলিটি ফর দি ফাইনান্সিয়াল—এই ফাইনান্স শব্দটা ছিল না, এটাই পরিবর্তন আনা হয়েছে। তাহলে তিনি ঘাস কাটবেন, গরু চরাবেন। ফাইনান্সিয়াল রেসপন্সিবিলিটি তাঁর ছিল না। অর্থাৎ তাঁরা ঠেকা খেলেন, সেখানে কংগ্রেসে কংগ্রেসে ঝগড়া লেগে গেল, সেখানে প্রবীর জানা মহাশয়ের সঙ্গে ঝগড়া, অর্থাৎ তিনি চাচ্ছেন সেখানে এই যে কোটি কোটি খরচ হবে সে সম্বন্ধে তাঁর ক্ষমতা থাকবে, না অজয়বাবুর হাতে ক্ষমতা থাকবে? এই হচ্ছে প্র্যাকটিক্যাল ঘটনা। আমি বলছি তাঁরা যদি বাংলা দেশের মঙ্গলের জন্য এই বিল আনতেন তাহলে আমার এসব কথা বলার দরকার ছিল না। তারপর আরো অনেকগুলি সংশোধন আনার দরকার ছিল। যেমন ধরুন এ্যাসেসমেণ্ট সম্পর্কে। এ্যাসেসমেণ্ট সম্পর্কে ওঁরা কিছু বলেন নি। এখানে ৫৭ ধারায় যেটা ট্যাক্স ধার্য করে গেলেন আগে ছিল—এ্যাসেসেবেল ইনকাম—এবারে করে গেলেন ভ্যালু সম্বন্ধে। ভ্যালু সম্বন্ধে আমাদের মাননীয় বন্ধুরা বলেছেন, আমার জমি, বাড়ীর ভ্যালু কিভাবে ঠিক হবে সেটা নির্দিষ্ট করা হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পাড়াগাঁয়ে কাঁচা ঘর, তার আবার ভ্যালু কি করে ঠিক করা হবে? কিন্তু পঞ্চায়েৎ যদি মনে করে যে আমার ঘরটা খুব সুন্দর তা হলে অমনি ট্যাক্স ধার্য হয়ে গেল, এই তো অবস্থা। তারপর এ্যাসেসমেণ্ট সম্পর্কে যেটা আমি বিশেষভাবে বলছি সেটা হচ্ছে অঞ্চল পরিষদে অঞ্চল পঞ্চায়েৎ এ্যাসেসমেন্ট করবে। এটা খুব অন্যায়, গ্রাম সভাকে এটা করার অধিকার পর্যন্ত আপনারা দিচ্ছেন না। গ্রাম পঞ্চায়েৎ তো সে এ্যাসেসমেণ্ট করতে পারে। সেজন্য আমি বলছি এ্যাসেসমেন্ট লিষ্ট

must be prepared by Anchal Panchayat and approved by Gram Sabha,

এ যতক্ষণ না হবে ইউনিয়ন বোর্ডকেও এই অধিকার দেওয়া হয়েছিল ব্রিটিশ গভর্নমেণ্টের আমলে, আজ আপনারা সে অধিকার কেড়ে নিচ্ছেন। সেজন্য বলছি অঞ্চল পঞ্চায়েৎকে অধিকার না দিয়ে গ্রামসভাকে এই অধিকার দেওয়া উচিত। এ্যাসেসমেণ্ট যেটা হয়ে গেল, বাজেট তৈরী হয়ে গেল, তাকে বি, ডি, ও, রেকমেন্ড করবেন, তার ফাইন্যাল এ্যাপ্রুভাল চলে গেছে ডিস্ট্রিক্ট পঞ্চায়েৎ অফিসারের হাতে। এটা না করে আমি বলছি এ্যাসেসমেণ্ট লিস্ট এখানে তৈরি করবে, এ্যাপ্রুভ করবে গ্রামসভা। কারণ তার বিরুদ্ধে যদি কিছু আপত্তি থাকে তা হলে অঞ্চল পরিষদে তার এ্যাপিল হতে পারে। আপনি চিন্তা করে দেখুন যদি ডিস্ট্রিক্টে গিয়ে সেই পঞ্চায়েৎ অফিসারের কাছে এ্যাপিল করতে হয়, মামলা মকর্দমা করতে হয়, তাহলে গ্রামের লোকেরা সেখানে কতজন যেতে পারবে আর বাজেট সংক্রান্ত ব্যাপারে যে কথা বলছি সেটা হচ্ছে আঞ্চলিক পরিষদ যখন করলেন তখন আঞ্চলিক পরিষদকে বাজেট এ্যাপ্রুভ করবার ক্ষমতা দিন। আঞ্চলিক পরিষদকে ঠুঁটো জগন্নাথ করে বসিয়ে রেখে লাভ কি? আপনারা গ্রাম পঞ্চায়েৎ করলেন, অঞ্চল পঞ্চায়েৎ করে গ্রাম সভাকে কোন ক্ষমতা দিলেন না, আবার অঞ্চল পঞ্চায়েৎকে যেটুকু দিয়েছিলেন সেটা আঞ্চলিক পরিষদ করে ক্ষমতা কেড়ে নিলেন, ক্ষমতাকে কেন্দ্রীভূত

করলেন। অথচ পঞ্চায়েৎ আইনের মূল কথা হচ্ছে রাজনৈতিক এবং অর্থনৈতিক ক্ষমতাকে বিকেন্দ্রীকরণ করতে হবে। কিন্তু আপনারা সেটাকে কেন্দ্রীভূত করতে চান। কাজেই সেদিক থেকে আমি বলবো তিনি যদি একটা কমপ্রিহেনসিভ বিল আনেন তা হলে নিশ্চয়ই আমরা সমর্থন করবো এবং আমার অন্যান্য বক্তব্যগুলি ক্লজ বাই ক্লজ ডিসকাশনের সময় বলবো।

[4-55—5-5 p.m.]

Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় সভাধক্ষ্য মহাশয়, আজকে এই বিলের যে সার্কুলেশন মোশন এসেছে তা সমর্থন করতে গিয়ে এখানে বিলের উদ্দেশ্য সম্বন্ধে যে দুটি কথা বলা হয়েছে তার সম্বন্ধে আপনার কাছে বলছি। এখানে বলা হয়েছে হাইকোর্টের কতকগুলি নজীরের কথা আর শান্তানাম কমিটির রিপোর্টের কথা। এ দুটোই যে প্রযোজ্য হয় নি তা বিল দেখেই বোঝা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাইকোর্টের বিচারের রায় যদি পড়া যায় তাহলে তাঁর যে মনোভাব সেই মনোভাব থেকে এই বিল মোটেই আসে নি। তাঁর মনোভাব কিছুটা আইনগত সংশোধন করা হয়েছে—যেক্ষেত্রে তাকে আলট্রাভায়ারস করা হয়েছে সেক্ষেত্রে সেটাকে বাঁচাবার চেষ্টা করা হয়েছে—এটা স্বীকার করবো। হাইকোর্টের মাননীয় বিচারপতিদের শুধু দুটো রায়ের কথাই নয়, আরো একাধিক রায় রয়েছে, তার থেকে দেখতে পাবেন গত এক বছর ধরে আগে থেকে যেভাবে পঞ্চয়েতগুলি চলছে, পঞ্চায়েতের গঠন, পরিচালন ইত্যাদি বিভিন্ন দিকে হাইকোর্ট তীব্র মন্তব্য করেছেন আমাদের এই সরকারী ব্যবস্থার বিরুদ্ধে, আইনের বিরুদ্ধে, অঞ্চল পঞ্চায়েতগুলি যেভাবে পরিচালিত হচ্ছে তার বিরুদ্ধে। হাইকোর্ট যে দৃষ্টিভঙ্গী থেকে এই কথাগুলি বলেছেন তার একটা দৃষ্টিভঙ্গী, আমি বলতে পারি, আইনগত ধারায় ১১ নং রুল করে পঞ্চায়েত আইন বদলাবার চেষ্টা করেছেন। কিন্তু হাইকোর্টের যে মূল বক্তব্য যেটা সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তারা শুনিয়েছেন সেই বক্তব্যের ধার ধারেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখবেন জাষ্টিস বি, এন, সিংহের যে জাজমেন্ট আছে সেকসন ৫ সম্বন্ধে এখানে তার কোন উল্লেখ করা হয়নি। সেকসন ৩ সম্বন্ধে একথা বলা হয়েছে যে, এটা আলট্রাভায়ারস নয়। কিন্তু আলট্রাভায়ারস নয় একথা বললেই তার সম্বন্ধে আগে যেকথা বি, এন, সিংহ বলেছিলেন, অর্থাৎ অত্যন্ত বেশী ক্ষমতা সরকারী কর্মচারীদের হাতে দেওয়া হয়েছে। তাঁরা অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ গঠন ইত্যাদি ব্যাপারে হাতে মাথা কেটেছেন, যেখানে যা খুশী করেছেন। তারপর সেকসন ৫১ ধারাকে অস্বীকার করে মন্ত্রীদের কাছে তদবির করে, পঞ্চায়েৎ ডাইরেক্টরেটে ব্যবস্থা করে, এমন কি নোটিফিকেশন না দিয়ে সমস্ত অঞ্চল পঞ্চায়েৎ এলাকাকে তাঁরা কাটাকাটি করেছেন। সে সম্বন্ধে হাইকোর্টের রায়ে তীব্র মন্তব্য আছে। এমনকি রুল ৩০তে যেখানে মানুষ বিচারপ্রার্থী হয় এস, ডি, ও-র কাছে গিয়ে তার সম্বন্ধেও তীব্র মন্তব্য আছে বি, এন, সিংহের রায়ে। এস, ডি, ও,-র কাছে যখন বিচারপ্রার্থী হয় তখন দেখা গিয়েছে সেখানে কংগ্রেসের দু'-তিন দল গিয়ে হাজির হয় এবং যে দলের সঙ্গে এস, ডি, ও, মহাশয়ের ভাব থাকে, তিনি দরকার হলে লক্ষ্য করেন না কি বিচার আছে, অমনি একটা রায় দিয়ে দেন। এই সমস্ত দৃষ্টিভঙ্গীর কথা হাইকোর্টের বিচারের রায়ে আছে। ২৪-পরগণা জেলার কথা আমি বলতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কারো নাম করবো না। সেখানে কংগ্রেসের ভিতর বিভিন্ন দলাদলি আছে। সেই সমস্ত মামলা হাইকোর্টে বিচারে গিয়েছে। হাইকোর্টের রায়ের পাতায় পাতায় এই সমস্ত ঘটনা আছে যে কিভাবে সেই সমস্ত জায়গায় গণতন্ত্রের সমাধি করে এই সমস্ত করা হয়েছে। কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে সেই দৃষ্টিভঙ্গী থেকে আজকে এই বিল আনা হয় নি। আমাদের সরকারের যদি সত্যিকারের এই দৃষ্টিভঙ্গী থাকতো তা হলে যে কয়েক বছর পঞ্চায়েৎ চলছে তার মধ্যে একজন ভাল হাইকোর্টের বিচারপতি বলুন আর আমাদের দেশে যাঁরা সমাজের কাজ করেন এই রকম ব্যক্তিকে চেয়ারম্যান করে একটা কমিশন করতেন, করে বিচার করতেন যে এই পঞ্চায়েৎ আইনকে কিভাবে চালান হয়েছে এবং সাধারণ মানুষের রিপোর্টের ভিত্তিতে এই জেলা পরিষদে কার কতজন আত্মীয়স্বজন গিয়েছে তারও প্রমাণ পাওয়া যেতো। আজকে যেটা চেষ্টা করা হচ্ছে সেটা একটা পিস মিল চেষ্টা যে কি করে আইনকে বাঁচান যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে শান্তানাম কমিটির রিপোর্টের কথা বলা হয়েছে। শান্তানাম কমিটির রিপোর্টে অন্যান্য প্রদেশের কথা কি

রয়েছে? আপনারা এখানে ইনডাইরেক্ট ইলেকশনের ব্যবস্থাকে পাকা করছেন, আবার যে সংশোধনী এসেছে তাতে আপনি গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষকে অঞ্চল পঞ্চায়েতের ভিতর ঢুকিয়ে দিয়ে সেখানে ইনডাইরেক্ট ইলেকশন করছেন আর ২৫০কে ৫০০ করে দিয়ে একজন সদস্যকে বাদ দিয়ে দিচ্ছেন। কিন্তু শান্তানাম কমিটির রিপোর্ট কি ইনডাইরেক্ট ইলেকশন বাড়াতে বলেছেন? শান্তানাম কমিটির রিপোর্টে দেখবেন অন্যান্য প্রদেশে থ্রি টায়ার সিসটেম আছে আর আমাদের এখানে চার টায়ার করা হয়েছে—গ্রামসভা, অঞ্চল পরিষদ, আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ। তার একটা টায়ার বাদ দেবার ব্যবস্থা আইনের ভিতর কোথায় হয়েছে? আপনারা অঞ্চল পঞ্চায়েতকে উঠিয়ে দিয়ে গ্রাম পঞ্চায়েতকে শক্তিশালী করুন। শান্তানাম কমিটির রিপোর্টকে এখানে কাজে লাগাবার চেষ্টা করুন, কিন্তু তা মোটেই করছেন না, মিথ্যা কতকগুলো অবজেক্ট এখানে নিয়ে এসে হাইকোর্টের রায়কে অবজ্ঞা করছেন এবং বলছেন হাইকোর্টের রায় নিয়ে এখানে এসেছেন। শান্তানাম কমিটির রিপোর্টকে অবজ্ঞা করছেন এবং এখানে বলছেন শান্তানাম কমিটির রিপোর্ট অনুযায়ী করছি। সমস্ত মিথ্যাচার এই আইনের সংশোধনীর ভিতরে জারী করা হয়েছে। আবার একটা অবস্থা দেখুন হাইকোর্ট-এর যে রায় সম্বন্ধে, ঐ যে নদীয়ার ডি এম ব্যানার্জী ভারসাস নদীয়া অঞ্চল পঞ্চায়েৎ—যে রায় সম্বন্ধে বলছেন সেই রায়কে যদি আপনি লক্ষ্য করেন তা হলে দেখতে পাবেন ঐ সংশোধনীর ভিতরে সেই রায়ের স্পীরিট রাখা হয় নি। সেখানে বলা হয়েছে ইনকাম-এর পরিবর্তে ইনকাম ট্যাক্স-এর প্রিন্সিপ্যালকে লাগান উচিত নয়, কারণ ইনকাম ট্যাক্স-এর প্রিন্সিপ্যালকে লাগান হবে কোথায় না কেন্দ্রের আইন করার ক্ষমতা আছে আপনার নাই। কারো ইনকামকে ট্যাক্স করবার ক্ষমতা আছে একমাত্র কেন্দ্রের—সংবিধান অনুযায়ী। কিন্তু আপনারা এখানে যে এ্যামেন্ডমেন্ট এনেছেন তার ভিতরেও ইনকাম-এর কথা রাখা হয়েছে। এই যে সেকশন ৫৭-এর যে এ্যামেন্ডমেন্ট রেখেছেন তার সাব-সেকশন (বি)-এর মধ্যে লেখা আছে

On professions, trades, callings and employments carried on or held within the local limits of its jurisdiction, a tax on the basis of the total annual income.

টোটাল এ্যানুয়াল ইনকাম কত জায়গায় মানুষ দেবে? আপনার এ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স আছে, ইনকাম-এর কথা তো সব জায়গায় আছে, তাকে অন্য জায়গায় তো দিতে হচ্ছে। আপনি বলছেন অঞ্চল পঞ্চায়েৎও ইনকাম ট্যাক্স করবেন। সেজন্য বলছি ডি, বোস-এর যে জাজমেণ্ট আছে তার স্পীরিটকে এখানে রক্ষা করা হয় নি। এখন এ্যানুয়াল ভ্যালুয়েশন সম্বন্ধে আমি বেশি কথা বলব না। অ্যানুয়াল ভ্যালু একটি সেই জিনিস বলা যায় যার অস্তিত্ব যেমন সেদিন অশোকবাবু বলছিলেন কমনওয়েলথটা কি তার বিশ্লেষণ খুঁজে পাওয়া যায় না সেই রকম এ্যানুয়াল ভ্যালুয়েশন ও মিউনিসিপ্যাল ভ্যালুয়েশন-এ যা আছে তা সবাই জানেন ও খুঁজে পাওয়া বড় দায়। এ্যানুয়াল ভ্যালুয়েশন কি বারে বারে যাবে—আমি ভাবছিলাম যে জমির এ্যানুয়াল ভ্যালুয়েশন কি করে হবে—আপনার সাধারণত মিউনিসিপ্যাল আইনে বাড়ী ভাড়াটাকে ১২ মাস দিয়ে গুণ করা হয় তার এ্যানুয়াল ভ্যালুয়েশন করা হয়। একটা বাড়ীর যদি মাসিক একশ টাকা ভাড়া হয় তাকে ১,২০০ টাকা ধরা হয়। কোন কোন ক্ষেত্রে দুই মাসের ভাড়াকে মকুব দেওয়া হয় কিন্তু ভ্যালুয়েশন ধরা হয় ১,২০০ টাকা। কিন্তু গ্রামে একটা বাড়ী পড়ে আছে তার এ্যানুয়াল ভ্যালুয়েশন কি হবে আমি তো বুঝতে পারছি না। এই যে একটা বিধি আপনি করছেন কোন ডেফিনেসন আপনি এ্যাকচুয়ালি দিচ্ছেন না। কি করে এ্যানুয়াল ভ্যালুয়েশন হবে তার কোন সংজ্ঞা, কোন নির্দেশ না দিয়ে এই রকম একটা এ্যানুয়াল ভ্যালুয়েশন-এর কথা বলে দিলে সাংঘাতিক অবস্থার সৃষ্টি হবে। জমির উপরে এ্যানুয়াল ভ্যালুয়েশন এবং তার ২ পারসেন্ট মানে একবিঘা জমিতে কি দাম হবে তার সমস্ত ঐ অঞ্চল পঞ্চায়েতের হাতে ছেড়ে দিলেন আর তাকে এখন কেস-এর পর কেস করে মামলা লড়তে হবে। এক দারুণ অবস্থার সৃষ্টি করলেন এই এ্যানুয়াল ভ্যালু করে। আমার সেজন্য প্রস্তাব এটাকে সারকুলেশন দিন। এই সব সম্বন্ধে পুনর্বিচারের প্রয়োজন আছে।

Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবঙ্গ পঞ্চায়েৎ জেলা পরিষদ সংশোধনী বিলটি জনমত সংগ্রহের প্রচারের দাবীকে সমর্থন জানিয়ে আমি পারম্ভারভ: ব বলতে চাই যে, এই বিলটি রচনা

করা হয়েছে শুধুমাত্র দলীয় স্বার্থকে কায়েম করবার জন্য। এই বিল কেন নিয়ে আনা হয়েছে সে সম্পর্কে গতকাল মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তব্যই রাখুন না কেন আমি পরিষ্কারভাবে বলতে চাই এই বিলের দুটি হচ্ছে আসল উদ্দেশ্য— সেটা হচ্ছে দলীয় স্বার্থ কায়েম করার জন্য। এক নম্বর হচ্ছে জেলা পরিষদ ও অঞ্চল পরিষদের কিছু ক্ষমতা বাড়িয়ে দেওয়া আর দুই নম্বর হচ্ছে কিছু টাকা-পয়সার ব্যবস্থা করে দেওয়া। এই দুটো মূল উদ্দেশ্যকে সামনে রেখে এই বিল আনা হয়েছে। এবং সেজন্যই এই সংশোধনী বিলটির আমি বিরোধিতা করছি। আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ চাই। ক্ষমতা দিতে চান খুব ভাল কথা কিন্তু একটা প্রশ্ন মাননীয়মহাশয়ের কাছে যে, এই একই ক্যাবিনেট যখন মিউনিসিপ্যালিটি ও করপোরেশন-এর ক্ষেত্রে ক্ষমতাকে কাঁমরে নিয়ে আসছেন ধীরে ধীরে, ক্ষমতাকে বাড়তে দিচ্ছেন না আর তখন জেলা পরিষদ এবং অঞ্চল পরিষদের ক্ষেত্রে ক্ষমতা বাড়াচ্ছেন সেটা কিসের জন্য? আসল কথা যে জায়গায় আপনাদের দলীয় স্বার্থ ভালভাবে কায়েম রয়েছে সেখানে ক্ষমতা বাড়িয়ে দিতে রাজী আছেন আপনারা। আর যে জায়গায় দলীয় স্বার্থ কায়েম হচ্ছে না সেখানের ক্ষমতা সংকুচিত করছেন। এই জন্য বলছি যে মুহূর্তে এই ভারতবর্ষে ঐ সুদূরে মহারাষ্ট্রে যখন জেলা পরিষদের ক্ষমতাকে খর্ব করা হচ্ছে সেখানে যে রেভিনিউ আদায়ের ক্ষমতা ছিল জেলা পরিষদের সেটা তুলে নেওয়া হচ্ছে। আর সেই সময় এই পশ্চিমবাংলার মন্ত্রিসভা এমন একটা জঘন্য বিল নিয়ে আসছেন সেই বিলের ভিতর দিয়ে আপনারা জেলা পরিষদের ক্ষমতা বাড়িয়ে দিচ্ছেন। একটিমাত্র প্রশ্ন মাননীয় মন্ত্রীর কাছে যে, তিনি বলেছেন ট্যাক্স আদায় করতে পারছে না অঞ্চলরা, চৌকিদারদের মাহিনা দেওয়া যাচ্ছে না। আঞ্চলিক পরিষদের সভাপতি, জেলা পরিষদের সভাপতিরা অনেক কাজ করেন তাদের জন্য কিছু খরচা দেওয়া দরকার। তারা সব সময়ের কর্মী, কিছু এলাউন্স দেওয়া দরকার। কিন্তু আমি জিজ্ঞাসা করি তারা কি কাজ করে বলতে পারেন? এদের কাজ হল ট্যাক্স আদায় করা। ট্যাক্স বাড়াও, বাড়তি ট্যাক্স আদায় কর। জেলা পরিষদের সভাপতিদের জীপ গাড়ী হাঁকিয়ে ঘুরে বেড়ান ছাড়া আর কিছু কাজ নাই। আর একটু কাজ হচ্ছে, গ্রামে গ্রামে যাওয়া আর দলবাজী করা। আর যারা সদস্য জেলা পরিষদের আর আঞ্চলিক পরিষদের তাদের কাজ টি এ বিল করা। জেলা ও আঞ্চলিক পরিষদের অফিসগুলির একমাত্র কাজ হচ্ছে সদস্যদের টি এ বিলের হিসাব করা।

[5-5—5-15 p.m.]

এ ছাড়া সেখানে কোন কাজ নেই। সেই রকম একটা সংস্থার আপনারা ক্ষমতা বাড়িয়ে দেবার চেষ্টা করছেন, এটা খুবই দুঃখের কথা। যে মুহূর্তে মহারাষ্ট্রের মত চিন্তা করা উচিত যে, পশ্চিমবাংলায় আমরা ক্ষমতা বাড়াবো না কমাবো, এসব আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ এবং অঞ্চল প্রধানদের কিভাবে ক্ষমতা কমিয়ে দেওয়া হবে, সেই মুহূর্তে ওঁরা ক্ষমতা বাড়িয়ে দিচ্ছেন এ কেন? অভিসন্ধি তা আমি বুঝতে পারি না। এই বিলের মধ্যে যেটা সবচেয়ে মারাত্মক সেটা হচ্ছে প্লীডারী এডুকেসনের সঙ্গে সেকেন্ডারী এডুকেসনকে জুড়ে দেওয়া হচ্ছে এটা কিসের জন্য? প্লীডারী এডুকেসনের কি অবস্থা আজকে তা আপনি জানেন। আজকে কোচবিহার এবং জলপাইগুড়িতে জেলা পরিষদের ক্ষমতা বেশী, না স্কুল বোর্ডের ক্ষমতা বেশী—এ নিয়ে গণ্ডগোল হচ্ছে এবং সেখানে শিক্ষাব্যবস্থা বন্ধ হয়ে যাবার অবস্থায় এসেছে। আমি কোচবিহার এবং [illegible] এই দুটো ইনস্টান্স দিলাম। আপনি খবর নিয়ে দেখুন যে, সেখানে কোন কাজ হচ্ছে না, শিক্ষাব্যবস্থা কোথায় গুবলেট হয়ে যাচ্ছে। সেক্ষেত্রে আবার নতুন করে [illegible] এডুকেসনের ভার আপনারা দিচ্ছেন? মাননীয় শিক্ষামন্ত্রী [illegible] সিংহ মহাশয় বলেছিলেন, "আমরা চিন্তা করছি ক্লাস ৮ [illegible] দিকে আরো উঁচু পর্যায়ে উন্নত করার জন্য। জেলা পরিষদ তুলে দেওয়া হবে কিনা সে সম্বন্ধে আমরা কোন চিন্তা করছি না" আর এখানে দেখছি এই বিলের মধ্যে সেকেন্ডারী এডুকেসনকে ঢুকিয়ে দেবার ব্যবস্থা হয়েছে— কিসের জন্য, কার স্বার্থ? সেজন্যই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলতে চাই যে [illegible] এডুকেসনকে—ঐসব রামরাজত্বে যেসব হনুমান সৃষ্টি হয়েছে আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট, অঞ্চল-প্রেসিডেন্ট এবং জেলা পরিষদের চেয়ারম্যান, আইন-[illegible] হাতে এটাকে তুলে

[illegible] না। তা হলে শিক্ষাব্যবস্থা একেবারে ধ্বংস হয়ে যাবে। আমি এজন্য বলছি, মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন কিছুদিন আগেকার একটা ঘটনার কথা। কলকাতার আশেপাশে একটা প্রাথমিক বিদ্যালয়ে সাব-ইনস্পেকটর ভিজিট করতে গিয়েছিলেন। তিনি স্কুলের ছেলেদের প্রশ্ন করেছিলেন—বল তো, কে হরধনু ভেঙ্গেছে? সব ছেলেরা তখন আমি ভাঙ্গি নি, আমি ভাঙ্গি নি, বলতে লাগলো। আবার কেউ বলল, গোপাল ভেঙ্গেছে। শেষ পর্যন্ত দেখা গেল যে গোপাল সেদিন স্কুলে আসে নি, অথচ গোপালের নামে সম্পূর্ণ বদনাম হল যে গোপাল হরধনু ভেঙ্গেছে। তারপর সাব-ইনস্পেক্টর বেরিয়ে আসলেন। ঐ স্কুলের সেক্রেটারী হলেন জেলা পরিষদের একটি স্ট্যাণ্ডিং কমিটির চেয়ারম্যান। সাব-ইন্সপেক্টর অব স্কুলস বেরিয়ে এসে তাঁকে বললে—মশাই আপনার স্কুল ভজিট করতে গিয়েছিলাম। সেখানে হরধনু কে ভেঙ্গেছে জিজ্ঞাসা করলাম। কেউ বলতে পারলো না। সবাই বলল—গোপাল ভেঙ্গেছে। তখন বিদ্যালয়ের সেক্রেটারী বললেন—ঠিকই বলেছে, ছেলেমানুষ ঠিক বুঝতে পারে নি। ঐ গোপালই ভেঙ্গেছে হরধনু। এই হচ্ছে জেলা পরিষদের কর্মকর্তাদের অবস্থা। সেক্ষেত্রে আপনারা প্রাথমিক শিক্ষাকে তাঁদের হাতে তুলে দিয়েছেন, আবার সেকেন্ডারী এডুকেসনকে তুলে দেয়ার জন্য চেষ্টা করছেন। কাজেই আমি বলবো এই সমস্ত হনুমানদের হাতে আপনারা মাধ্যমিক শিক্ষা তুলে দেবেন না, এটাই মন্ত্রিমহাশয়ের কাছে একান্ত অনুরোধ।

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

মাননীয় সভাপতি মহাশয়, এইদুটো স্বতন্ত্র আইনকে এক সঙ্গে তাড়াতাড়ি আনার ফলে সামগ্রিকভাবে চিন্তা-চেতনা এই দপ্তর করেছেন কিনা সন্দেহ আছে। আমি প্রথমে বলতে চাই যে, ১৯৫৬ সালে এই এ্যাক্ট পাস হয়েছে, তারপর ১৯৫৭ সাল থেকে আরম্ভ করে ১৯৬৫ সাল পর্যন্ত এই ৮ বছরের অভিজ্ঞতায় কোন্‌খানে গিয়ে ঠেকছে, কোথায় বটলনেক, কোন্‌টা দূর করতে পারলে পঞ্চায়েতী রাজ ভাল হয় এ সম্পর্কে কোন কিছু নেই—শুধু ফরমাল টেকনিক্যালিটিস দিয়ে সব সারা হয়ে গেছে। অর্থাৎ সভাপতি পঞ্চায়েতকে বেতন দেওয়া যাবে কিনা, সেকেন্ডারী এডুকেশন নেওয়া হবে না—এ সবই আছে। কিন্তু প্রাইমারী এডুকেশন কতটুকুন হল তার এ্যাসেসমেণ্ট নেই, কতটুকুন কাজ হয়েছে তার এ্যাসেসমেণ্ট নেই। এই সব বিস্তৃত বিবরণ না দেওয়ায় মন্ত্রিমহাশয় যেভাবে বিল এনেছেন তাতে আমার কাছে মনে হচ্ছে খুব যান্ত্রিকভাবে হাইকোর্টের ঠেলা খেয়ে এবং শান্তানাম কমিটি, স্টাডী টিম-এর রেকমেণ্ডেশন পেয়ে একটা কিছু না করলে সব কিছু আটকে যায় দেখে এই বিল এনেছেন। আমি এই দৃষ্টিভঙ্গীর সম্পূর্ণ বিরোধী। সেজন্য আমার বক্তব্য এই দুটো বিল সম্পর্কে যদি দুটো স্বতন্ত্র সংশোধনী আসত এবং সেই সংশোধনী সামগ্রিকভাবে সুসঙ্গতভাবে আসত, তা হলে আমরা অভিজ্ঞতার বিচারে পরামর্শ দিয়ে এটাকে কার্যে পরিণত করার সুযোগ দিতাম। সুতরাং তা যদি না সম্ভব হয়ে থাকে তা হলে সমালোচনা হবে। প্রথম হচ্ছে বেতন দেবার ব্যাপার। পঞ্চায়েতী রাজ চালু হবে এটাই ভারতবর্ষের লক্ষ্য এবং তার জন্য বড় বড় কথা, মহৎ বাধী অনেক কমিটি হচ্ছে। কিন্তু কার্যতঃ কি দেখি? পঞ্চায়েতী রাজের মূলে প্রাণকেন্দ্র হচ্ছে গ্রামসভা। সবাই বললেন ফোর টায়ার—আমার কাছে মনে হল পাঁচতলা বাড়ী। যারা গ্রামসভার দেবার তাদের একটা বিশেষ স্তর না ধরলে সেটা সম্পূর্ণ হয় না। কাজেই পাঁচতলা বাড়ীতে সবচেয়ে উপেক্ষিত হচ্ছে যারা এর প্রাণকেন্দ্র। পঞ্চায়েতী রাজ গঠন করা হলে গ্রামসভা, গ্রাম পঞ্চায়েৎ ফাংশন করবে তার ঠিক হওয়া উচিত। তারা ফাংশন করে না সভায় একটি মিটিং হয় সেই মিটিং-এ কিছু কথাবার্তা বলা যায়, গোটা ৩৬৪ দিন কথা বলার সুযোগ নেই। আমার যদিও বা একটি মিটিং ডাকা হল সেই মিটিং-এ কোরাম হল না। এই যে অবস্থা হচ্ছে, সেটা কি করে দূর করা যায়? কি করে এ বিষয়ে আইন করা হয়, কি করে পঞ্চায়েতী রাজ নিষ্ঠার সঙ্গে প্রতিষ্ঠা করা যায় সেটাই অজ্ঞ বড় প্রশ্ন। দ্বিতীয় প্রশ্ন গ্রাম পঞ্চায়েতের পর অঞ্চল পঞ্চায়েৎ দুর্নীতি এবং প্রশাসনের মধ্যে ক্ষমতা বিকেন্দ্র [illegible] করার জন্য, দুর্নীতি দূর করার জন্য পঞ্চায়েতী রাজ হয়েছে। কিন্তু আমরা সেই দুটোর বিরোধী পথেই চলেছি। প্রথম হচ্ছে ক্ষমতা।

হচ্ছে না। প্রথমতঃ গ্রামসভায় যেভাবে প্রত্যক্ষ ভোটের মাধ্যমে নির্বাচন করা হয়েছে তা অঞ্চল পঞ্চায়েতের প্রতিনিধিদের কায়েমী স্বার্থ রাখার জন্য। এটা শুধু আমাকে বিরোধী দলই বলেনি, কংগ্রেসী বেঞ্চ থেকেও বহু লোকের কাছ থেকে একথা শুনেছি। অর্থাৎ কায়েমী স্বার্থের বাসা অঞ্চল পঞ্চায়েৎ থেকে আরম্ভ করে উপর তলা পর্যন্ত হয়েছে। কাজেই ক্ষমতা হস্তান্তরিত হচ্ছে, বিকেন্দ্রীকরণ হচ্ছে না—ক্ষমতা আরও কেন্দ্রীকরণ হচ্ছে, দুর্নীতির সঙ্গে যুক্ত হচ্ছে। এটা কি করে দূর করা যায় তার সম্বন্ধে পেনিট্রেটিং স্টাডি, স্টাডি টিম টার্মস অব রেফারেন্স-এ যাতে আসতে পারে তার কোন ব্যবস্থা নেই। আমার বক্তব্য হচ্ছে দুর্নীতি দূর করার জন্য সামগ্রিক ভাবে চিন্তা করা হয় নি। এখানে বেতন ও এ্যালাউন্স-এর কথা উঠেছে জেলা-পরিষদের সভাপতি, উপসভাপতি এবং অঞ্চল পরিষদের সভাপতিদের বেতন, এ্যালাউন্স আমরা দেব। আমার মনে হয় আজকের যুগে রাজা-মহারাজারা ফিটন গাড়ীতে গিয়ে পঞ্চায়েতী রাজ চালাবে সেই যুগ বা ইতিহাস নেই। মধ্যবিত্তের ঘরের ছেলেরাই যাবে। আমার ধারণা হচ্ছে ওকালতি যাঁরা করেন তাঁরাই বেশীর ভাগ ক্ষেত্রে অঞ্চল পঞ্চায়েৎ, আঞ্চলিক পরিষদের সভাপতি হয়ে বসবেন, ডাক্তারী যাঁরা করেন তাঁদের প্রফেশন-এ ক্ষতি হবে বলে তাঁরা যাবেন না। ওকালতি যাঁরা করতে যান তাঁরা কি দেখবেন না যেই বেতন পাবেন তখন ভাববেন যে আমার এই ২৫০ টাকা বেতনকে কি বেশী করে দেখব, না আমি আমার মক্কেলদের বেশী করে দেখব। কাজেই টাকা খরচ হবে কিন্তু পঞ্চায়েতী রাজ সামগ্রিক হবে না। সুতরাং কি করলে পঞ্চায়েতী রাজ সক্রিয় করা যাবে সে প্রশ্ন আমার কাছে আছে এবং সেই সব জিনিস আলোচনা করার জন্য এই বিল তৈরী করা উচিত ছিল। দ্বিতীয় কথা বলব, শিক্ষা সম্বন্ধে এবং এ নিয়ে আমার একটা এ্যামেন্ডমেন্ট আছে। সেকেন্ডারী এডুকেশান সম্পর্কে আমার কনসেপশন ছিল এই যে, ক্লাস এইট জুনিয়ার পর্যন্ত তাদের দেখবার কেউ নেই। অর্থাৎ ৫—৮ ক্লাশ পর্যন্ত তাদের দেখার কেউ নেই। তাদের দেখবার জন্য লোকাল অথরিটি গণতান্ত্রিক ভিত্তিতে হলে হয়তো কিছু কাজ হতে পারত। বোর্ড অব সেকেন্ডারী এডুকেসন দেখেন না। ডি আই মাত্র ফরমাল যান, রেকমেন্ড করেন ২ বছর, কাগজ হারিয়ে যায়, আবার সেই কাগজ চেয়ে পাঠান। এটাই হচ্ছে বোর্ডের কাজ। তারপর জুনিয়ার হাই স্কুল সম্বন্ধে ভেবেছিলাম হয়তো কিছু উন্নতি হতে পারে। কিন্তু পরিশেষে আলোচনা করে দেখলাম যে, আমার এ্যামেন্ডমেন্ট ভুল এবং ঐ এ্যামেন্ডমেন্ট মুভ করা সম্ভব হবে না। সেকেন্ডারী এডুকেসন সম্পর্কে যে ধারণা ওখানে পোষণ করা হচ্ছে তাতে মনে হচ্ছে প্রাইমারী এডুকেসানের ত একটা এসেসমেন্ট হওয়া উচিত ছিল। ৭।৮ বছরের মধ্যে যা ২।৩ বছরের মধ্যে স্কুল বোর্ড-এর সঙ্গে জেলা পরিষদের কি ফ্রিকশন আছে সেই ফ্রিকসন বা ক্ল্যাশ যাতে না হয় তার জন্য এ্যামেন্ডমেন্ট আনা উচিত ছিল। তা না হয়ে আবার একটা পরিধি বাড়িয়ে দিলেন—সেকেন্ডারী এডুকেসান নিয়ে আসবেন। সেকেন্ডারী এডুকেসন নিয়ে আসার অর্থ কি না একটা পাওয়ার নিয়ে রাখলেন, ৩।৪ বছরে ইমপ্লিমেন্ট করবেন। কিন্তু যে পাওয়ার দেবেন সেই পাওয়ার কিভাবে ইমপ্লিমেন্টেড হবে তার এ্যাসেসমেন্ট হওয়া চাই, কি করা দরকার তার জুরিসডিকসন হওয়া চাই। কতটুকুন তার ক্ষমতা আছে—এই সব আলোচনা করলে কিছুই হবে না। কাজেই কোন লোককে অজ্ঞাতভাবে পাওয়ার দেওয়া যায় না। দ্বিতীয় হচ্ছে, যে পাওয়ার আমরা দেব তার কি অবস্থা তা আমরা জানি। বর্তমানে আঞ্চলিক পরিষদ, অঞ্চল পঞ্চায়েতের হাতে যে স্ট্যান্ডিং কমিটি আছে তা একতরফা। আমাদের জেলায় প্রত্যেকটি স্ট্যান্ডিং কমিটি একতরফা। একদলীয় ফ্যাকসনাল এবং সেই ফ্যাকসন-এর মধ্যে আবার ফ্যাকসন। এই অবস্থা যদি চলে তা হলে কিভাবে ধারণা করব যে, এঁরা এই ফ্যাকসন নিয়ে, দুর্নীতি নিয়ে সেকেন্ডারী এডুকেসন, জুনিয়ার হাই এডুকেসন চালাবেন? আমার কাছে প্রশ্ন হচ্ছে, এলিমেন্টারি এডুকেসন সম্বন্ধে। এলিমেন্টারি এডুকেশন এজ ১৪ পর্যন্ত যে গ্রুপ তারাই এলিমেন্টারি-এডুকেসন পাবে। সেজন্য প্রাইমারী এডুকেসন এ্যাক্ট বদলে বোর্ড অফ সেকেন্ডারী এডুকেসন-এর ফাংসন ঠিক করে দিয়ে নূতন করে শিক্ষা সম্পর্কে চিন্তা করুন। তারপর তখন ধীরে ধীরে ক্ষমতা দেওয়া যাবে, তার আগে ক্ষমতা দেওয়া যায় না। আর এই বিলের মূল কথা হচ্ছে—ট্যাক্স চাপান। শতকরা ৫০ ভাগ গ্রামের লোক ট্যাক্স বহন করে। অর্থাৎ সারা ভারতবর্ষের জাতীয় আয় যত হয় তার শতকরা ৫০ ভাগ গ্রামের লোকই বহন করে। এর উপরে গ্রামবাসীদের সবচেয়ে বঞ্চিত একটা গ্রাম পঞ্চায়েতকে সজীব করতে হবে, চঞ্চল করতে হবে। এর জন্য টাকার দরকার।

[3rd—3-25 p.m.]

সেই টাকা দেবার কি ব্যবস্থা? স্বতন্ত্র ট্যাক্স করার ক্ষমতা দেওয়া থাকল। আমি বলছি, এমন নীতি হোক যে মানুষের দু-বেলা খাওয়া-পরার সংস্থান নেই তার উপর কোন রকম ট্যাক্স আদায় না হয়—এই রকম নীতি থাকুক। ভারতবর্ষের পঞ্চায়েতী রাজের মধ্যে অধিকাংশ প্রজাদের যাদের জীবিকার মান নিম্নতম, যাদের দু-বেলা পেট ভরে খাবার পর বাড়তি সংস্থান থাকে না তাদের উপর কোন ট্যাক্স হবে না। আইনে আছে, যারা এক আনা চাঁদা বা ট্যাক্স দিতে পারবে না তাদের উপর ট্যাক্স রেহাই করার জন্য হার্ডশিপ একজেমপ্ট একটা ক্লজ আছে। এটা অত্যন্ত মামুলী ধরনের হয়েছে। কারণ ট্যাক্স চাপিয়ে দিলে ধার করেও দিতে হবে। আমার মূল দৃষ্টিভঙ্গী হচ্ছে, খুব সরলভাবে বলতে হবে আমাদের পঞ্চায়েতী রাজে এমন মানুষ যারা থাকবে যাদের দু-বেলা খাবার পরার সংস্থান হয় না, টাকা জমে না—তাদের কোন প্রকার ট্যাক্স ভারতবর্ষের রাজত্বে দিতে হবে না। এই দৃষ্টিভঙ্গী নিয়ে আসা উচিত ছিল। কথা হচ্ছে, পরোক্ষ নির্বাচনের মাত্রা বাড়িয়েছেন, যেখানে এক্স-অফিসিও অধ্যক্ষ করা হয়েছে সেখানে সেটা খুব আপত্তিজনক না হলে যেখানে শতকরা হার কমান হয়েছে, ২৫০ করা হয়েছে—৫০-এর জায়গায় ৫০০ করা হয়েছে, সেখানে পরোক্ষ নির্বাচনের মাত্রা কমিয়ে দিয়ে প্রত্যক্ষ নির্বাচনের মাধ্যমে প্রতিনিধি আসুক সেটাই চাই। আর একটা বক্তব্য হচ্ছে, জেলা পরিষদের অধ্যক্ষ নির্বাচনের ব্যাপারে একটা বড় মহকুমা—বহরমপুর, বর্ধমান ইত্যাদি জায়গায় যেখানে ৬।৭।৮ লক্ষ লোকের বাস—সেখানে ২ জন প্রতিনিধি। আবার কাঁথি, কালনা, কাটোয়া যেখানে ২।৩ লক্ষ লোকের বাস সেখানেও ২ জন প্রতিনিধি। এই এ্যানোম্যালি দূর করা দরকার। পরিশেষে আমার বক্তব্য হচ্ছে, সমবায় আন্দোলনের কোন প্রতিনিধি পঞ্চায়েতী রাজের মধ্যে নেই। সমবায় আন্দোলনকে কিভাবে পঞ্চায়েতে নিয়ে এসে সমবায়গুলিকে উজ্জীবিত করা যায় সেই দৃষ্টিভঙ্গী নিয়ে সমবায় প্রতিনিধিকে অঞ্চল পঞ্চায়েৎ, আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদে প্রত্যক্ষভাবে অংশ গ্রহণ করান দরকার এবং তার আলোচনা, সমালোচনার ভিত্তিতে সামগ্রিকভাবে পঞ্চায়েৎ নীতি চালান উচিৎ। আরও বিস্তৃত আলোচনা করার সুযোগ পেতাম যদি আরও কর্মপ্রিহেনসিভ ওয়েতে বিল আসত এবং সামগ্রিকভাবে যদি সত্যি পঞ্চায়েতী রাজ গঠন করার দৃষ্টিভঙ্গী থাকতো তা হলে ভাল হোত।

Dr. Golam Yazdani: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th January, 1966.

মিঃ চেয়ারম্যান স্যার, আজ যে বিল এসেছে সেই বিলের সারকুলেশান মোশন-এর সমর্থন করতে গিয়ে আমি কতকগুলি বিষয়ের প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্টেটমেন্ট অফ অবজেক্ট-এ বলা হয়েছে যে কোর্টে কতকগুলি কেস হয়েছে এবং তাতে কোর্টের বিরুদ্ধে মন্তব্য করে বলে সেই মন্তব্যের ভিত্তিতে কতকগুলি এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। তা ছাড়াও আরও কতকগুলি কেসের কথা মাননীয় মন্ত্রী মহাশয়ের জানা উচিত ছিল। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কোর্টের কেসে যে সমস্ত অসুবিধা সৃষ্টি হয়ে থাকে অন্ততঃ সেগুলি মনে রেখে এই এ্যামেন্ডমেন্ট আনা উচিত ছিল। এখানে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আমার এলাকায় এই রকম একটা কেস হয়েছিল, এবং আশা করি, তিনি নিশ্চয় সেই কেসের কথা জানেন। তারপর কো-অপসনের ব্যাপার সম্পর্কে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আঞ্চলিক পরিষদের দু জন মেম্বার কো-অপটেড হবেন। সেখানে এই রকম হয়েছিল যে, যিনি অলরেডি মেম্বার হয়েছিলেন, অধ্যক্ষ হিসাবে তাঁর নাম আবার প্রপোজড হয়েছিল কো-অপশানের জন্য। আমি একটা ইনজাংশন-এর জন্য কোর্টে প্রার্থনা করেছিলাম, তাতে কোর্ট ইনজাংশন গ্র্যান্ট করেছিল। তার ফলে আঞ্চলিক পরিষদের গঠন স্থগিত, আর হয় নাই। তারপর জেলা পরিষদের যে নির্বাচন, সেই জেলা পরিষদের নির্বাচনের একটা ইনজাংশন জারি হয়ে জেলা পরিষদের নির্বাচন বাতিল হয়ে যায়। এটা অত্যন্ত দুঃখের বিষয়, যে মঙ্গলদহ জেলা পরিষদের উদ্বোধন করবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রী পি সি সেনের যাওয়ার কথা ছিল কিন্তু ঐ ইনজাংশান হওয়ার দরুন তিনি যেতে পারেন নি। তাই বলছি, এই কেসগুলির কথা মনে করে বর্তমান এ্যাক্টের মধ্যে যে সকল দুর্বলতা আছে, তা দূর করবার জন্য, সেইভাবে, এ্যাক্ট এ্যামেন্ড করা উচিত ছিল। অঞ্চল পরিষদে কো-অপশন অফ

দি মেম্বার্স-এর বেলায় ঐ ৫২ ধারায় রয়েছে যে, দু'জন মেম্বারকে কো-অপশনি ক'রে নেওয়া হবে। এখন এই দু'জন মেম্বার কারা হবে? ঐখানে অঞ্চল পরিষদের যিনি মেম্বার ছিলেন, তার নাম প্রপোজড হয়েছিল কো-অপশান করবার জন্য। এই রকম ঘটনা এখানে ঘটে গিয়েছে। এই রকম অবস্থায়, যদি একটা অ্যামেন্ডমেন্ট এনে, একটা প্রভিসো অ্যাড করে দেওয়া হত, তা হলে আমি মনে করতাম যে এই অ্যাক্ট অ্যামেন্ড করার যে সুযোগ, সেটা তিনি গ্রহণ করেছেন। কিন্তু তা করা হয় নি, এটা অত্যন্ত দুঃখের বিষয়। সেখানে আরও অনেক কেস হয়েছে। প্রাইমারি টিচার্স, যারা জেলা পরিষদের মেম্বার হয়ে গিয়েছে, তাদের সম্পর্কে কোর্টে কেস হয়ে গিয়েছে। সুতরাং আমি বলবো, এ বিষয়েও একটা অ্যামেন্ডমেন্ট আনা উচিত ছিল। আমি আর একটা বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, সেটা হল ওপেন ভোটিং। কো-অপশনের ব্যাপারে, কিংবা স্ট্যাণ্ডিং কমিটির ক্ষেত্রে—যেখানে অঞ্চলিক পরিষদের ৮ জন, আর জেলা পরিষদের ৯ জন, যাঁরা হবেন—এঁরা সবাই ওপেন্ ভোটিং-এ হবেন। আজকে গভর্নমেন্ট থেকে বলা হচ্ছে যে অঞ্চল পরিষদ, জেলা পরিষদ, গ্রাম পঞ্চায়েত ইত্যাদি যা গঠন করা হচ্ছে, তা সব গণতান্ত্রিক ভিত্তিতে হবে। অথচ এখানে ওপেন ভোটিং-এর ব্যবস্থা রাখা হয়েছে—এর অর্থ বুঝতে পারছি না। একটা অ্যামেন্ডমেন্ট এনে, এখানে এই ওপেন ভোটিংগুলি বন্ধ করা উচিত ছিল, কিন্তু তা আপনি করেন নি। আর একটা বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে, জেলা পরিষদ অ্যাক্টের ৩২(৩)তে—যেখানে প্রাইমারী এডুকেশন অ্যাক্ট অ্যামেন্ড করা হয়েছে, যদিও ঐ জেলা পরিষদ অ্যাক্টের মধ্যে প্রাইমারী এডুকেশন অ্যাক্ট অ্যামেন্ড করার প্রয়োজন ছিল না।

[5-25—5-35 p.m.]

কিন্তু ঐ জেলা পরিষদ অ্যাক্ট-এ প্রাইমারী এডুকেশন অ্যাক্ট আমেন্ড করা হয়েছে। সেখানে ৩২(সি) ধারাতে বলা হয়েছে, দু-জন মেম্বার সেখানে অ্যাপয়েন্ট করা হবে। আমি এখানে বলি যে, জেলা পরিষদ অ্যাক্ট যদি অ্যামেন্ডমেন্ট করা হলো, তা হলে প্রাইমারী এডুকেশান অ্যাক্ট-এর ভেতর যে গলদ ছিল, তার জন্য অন্তত একটা অ্যামেন্ডমেন্ট করা উচিত ছিল যে কিভাবে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড-এর যে ৩ জন মেম্বার ইলেকটেড হয়, তারা ইলেকটেড হয় ওপেন ভোটিং-এর মাধ্যমে। সমস্ত জেলাতে মাত্র ৩ জন মেম্বার নেওয়া হয়। সেই ৩ জন মেম্বার বাই ওপেন ভোটিং-এ ইলেকটেড হয়, তা এখানে বন্ধ করা উচিত ছিল। কেননা এই সমস্ত নিয়ে অনেক ঝগড়াঝাঁটি আগে হয়ে গেছে, বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে। এই সমস্ত অ্যামেন্ডমেন্ট এর মধ্যে নিয়ে আসা হয় নাই। তারপর আমি বলতে চাই, এই যে প্রেসিডেন্টস অফ দি আঞ্চলিক পরিষদ এবং চেয়ারম্যানদের অনারেরিয়াম দেওয়ার কথা হয়েছে—এতে কি অবস্থা হবে? এখন আমাদের দেশে এমারজেন্সি চলছে, এই সময় প্রতিরক্ষা তহবিলের জন্য আবেদন নিবেদন করে দরিদ্র জনসাধারণের কাছ থেকে আপনারা চাঁদা আদায় করছেন। অথচ এই রকম অবস্থার মধ্যে আপনারা যে অনারেরিয়াম দেওয়ার প্রস্তাব করছেন তার তীব্র প্রতিবাদ আমরা করি। তা হলে কি হবে? বাংলাদেশে ৩৩৩টি ব্লক আছে। আমরা পেপারে দেখেছিলাম আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্টকে ১৫০ টাকা ভাইস-প্রেসিডেন্টকে ১০০ টাকা এবং জেলা পরিষদের চেয়ারম্যানকে ৫০০ টাকা, ভাইস-চেয়ারম্যানকে ২৫০ টাকা—এইভাবে দেওয়া হবে। ১৬টি জেলার ৩৩৩টি ব্লকে এইভাবে দিতে গেলে আমি হিসেব করে দেখেছি মাসিক খরচ হবে ৯৫,২৫০ টাকার মত তাদের এই মাইনে দেবার জন্য। এই যে ৯৫,২৫০ টাকা মাসিক গভর্নমেন্টের খরচ হবে এটা এই মুহূর্তে খরচ করা উচিত হবে কিনা মন্ত্রিমহাশয়কে ও মাননীয় সদস্যদের ভেবে-দেখতে বলি। এই প্রসঙ্গে আর একটি কথা বলি এই যে আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট ও জেলা পরিষদের চেয়ারম্যান ওঁরা যখন ইলেকটেড হয়েছিলেন তখন তাঁরা এই রকম আশা করেন নাই। কেননা তাঁদের আশা ছিল আইনতানিকভাবে জনসাধারণের সেবা তাঁরা করবেন। সুতরাং এই মাইনে তাঁদের না দিলে তাঁরা যে ডিসএ্যাপয়েন্টেড হয়ে যাবেন তা নয়। তার পর আর একটা কথা বলতে চাই—এই যে ফাইনান্স অ্যান্ড এস্টাবলিসমেন্ট কমিটি তার চেয়ারম্যানের পদ আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট কিংবা জেলা পরিষদের চেয়ারম্যানকে দেওয়া হবে বলা হয়েছে। কেন এটা হবে? এই অ্যাক্ট-এর বলা হয়েছে ৮০ নম্বর ধারায়—যদি প্রেসিডেন্ট আঞ্চলিক পরিষদের স্ট্যাণ্ডিং কমিটির মেম্বার হন,

এক্স-অফিসিও চেয়ারম্যান হবেন। সাতটি স্ট্যান্ডিং কমিটি, প্রত্যেকটি স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কিংবা প্রেসিডেন্টকে এখানে দেখা যাচ্ছে। প্রত্যেকটি স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান হচ্ছেন অর্থাৎ প্রথম এই যে ফাইনান্স অ্যান্ড এস্টাবলিসমেন্ট কমিটি এটা একটা মস্ত বড় গুরুত্বপূর্ণ কমিটি—তারও চেয়ারম্যান তিনি হবেন। ঐ চেয়ারম্যান ও প্রেসিডেন্ট ছাড়া আর কেউ কি যোগ্য লোক নেই তার চেয়ারম্যান হবার। তারপর অ্যামেন্ডমেন্ট-এর মধ্যে আর একটা জিনিস আছে—ডেলিগেসন অব পাওয়ারস—১৬ নম্বর ও ৬৩ নম্বরে—তা অমিট করার কথা বলা হয়েছে। এখানে জিলা পরিষদের ও আঞ্চলিক পরিষদের উপর ভার দেওয়া ছিল চেয়ারম্যান ও প্রেসিডেন্ট কতকগুলি পাওয়ারের ব্যাপার তাঁরা ঠিক করে দেবেন। এটা এখানে অমিট করে দেওয়া হচ্ছে। কেন? তার কারণ বুঝতে পারছি না। অর্থাৎ জেলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদ নামেই খালি রাখা হচ্ছে। তাদের প্রকৃতপক্ষে কাজ করবার কোন সুযোগ দেওয়া হচ্ছে না। তারপর অধ্যক্ষদের এই এক্স-অফিসিও মেম্বার করে নেওয়া হচ্ছে। প্রত্যেক অঞ্চল পঞ্চায়েতের এবং প্রতি ৫০০ জনের জন্য একজন করে মেম্বার অর্থাৎ ইলেকটেড মেম্বার হবার কথা, তার সংখ্যা অর্ধেক কমে গেল। যারা ইলেকটেড, তারা কম সংখ্যায় আসবে। আমি বলবো ৫০০ জনের কম যদি হয়, তা হলে তার বিরুদ্ধে মেম্বার যেতে পারছে না। ট্যাক্সের ব্যাপারে একটি কথা বলতে চাই যে আনইকনোমিক হোল্ডিং হলে কি হবে? তার কোন ব্যবস্থা এখানে দেখতে পাচ্ছি না। ট্যাক্স বাড়ানোর কথা হয়েছে, সেখানে ম্যাক্সিমাম ২৫০ টাকা ইনকামের উপর করবেন। আমি এর বিরোধিতা করছি। কিন্তু একটি সমস্যার কথা বলছি—মনে করুন গ্রামে একটা কোন ফ্যাকটরি গড়ে ওঠে, তার যদি আয় খুব বেশি হয়, ইনকাম যদি ম্যাক্সিমাম হয়—৫০ হাজার ৮০ হাজার বা এক লক্ষ হয়—তা হলে কি ঐ ২৫০ টাকা হিসেবে দিতে হবে? এই সমস্ত কথা একটু চিন্তা করে দেখা দরকার।

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th day of April, 1966.

মিঃ স্পীকার, স্যার, যে সংশোধনী বিল আমাদের কাছে উত্থাপন করা হয়েছে সেই সম্পর্কে হাইকোর্টের দুটো নজীর উল্লেখ করে যে সমস্ত ত্রুটি এই আইনের তাঁরা দেখিয়ে দিয়েছেন সেগুলি সংশোধনের চেষ্টা করছেন বলে তাঁরা অর্ডিনান্স পাশ করেছিলেন এবং সেই অর্ডিনান্সকে কার্যকরী করার জন্য এই বিল উত্থাপন করেছেন। প্রথমে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেকসন ১১র প্রতি যার উপর একটা কেস হয়েছিল এবং যে কেসটা স্টেটমেন্ট অব অবজেক্টস্ অ্যান্ড রিজনসের মধ্যে দেখিয়েছেন (এস, সি, চৌধুরী ভারসেস স্টেট অব ওস্টে বেঙ্গল)। এখানে মূলতঃ চারটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে হাইকোর্ট বলেছিলেন যে, স্টেট গভর্নমেন্ট এই আইন পাশ করে, লেজিসলেচার এই আইন পাশ করে, এমন একটা অবস্থার সৃষ্টি করেছেন যে আইনকে টুইস্ট করে প্রেসক্রাইবড অথরিটির ইচ্ছা অনুসারে রুলিং পার্টির খেয়াল-খুশি চরিতার্থ করতে পারে। যে চারটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করেছিলেন তার একটা হল গ্রামসভা কত লোক নিয়ে গঠিত হবে, কি তার চেহারা হবে, সে সম্পর্কে আইনে কোন ধারা ছিল না। দু নং হচ্ছে কনস্টিটিউয়েন্সীগুলি কেভাবে ভাগ হবে এবং প্রতিটি কনস্টিটিউয়েন্সী ইকোয়াল হবে কিনা, কি বেসিসে হবে, ওয়েল্থ বেসিসে হবে, না পপুলেশন বেসিসে হবে, বাউণ্ডারি অব দি কনস্টিটিউয়েন্সি কিভাবে হবে সেগুলি আমাদের আইনের মধ্যে কিছু ছিল না। তিন নং হচ্ছে, রিপ্রেজেন্টেটিভস্ অব ইচ কনস্টিটিউয়েন্সি কি রকম হবে অর্থাৎ একটা কনস্টিটিউয়েন্সিতে যদি ৪০০ লোক থাকে তা হলে তার দুজন হতে পারে, যদি ২০০ লোক থাকে তা হলে একজন হতে পারে এই রকম কোন বিধান আইনে না থাকার জন্য প্রেসক্রাইবড অথরিটি অনেক সময় ২০০ লোকের জন্য তিন জন রিপ্রেজেন্টেটিভ করে থাকে, আবার তিন শত লোকের জন্য দুই জন রিপ্রেজেন্টেটিভ করে থাকে। এই সব এ্যানোমেলি সব জায়গায় হয়েছে। চার নং হচ্ছে, ইলেকটোরাল রোল সম্পর্কে। এই ইলেকটোরাল রোল প্রেসক্রাইবড অথরিটি বা বি, ডি, ও, পাবলিশ করে দেবেন। তার বিরুদ্ধে কোন অবজেকশন দেবার অবকাশ নেই, তার বিরুদ্ধে কোন ক্লেম পিটিশন দেবার উপায় নেই, ইচ্ছাকৃতভাবে যদি ভুলও করে দেন, কারো নাম বাদ দিয়ে দেন তা হলেও তার বিরুদ্ধে কোন ক্লেম বা অবজেকশন ফাইল করার কোন সুযোগ এই আইনের মধ্যে

ছিল না। প্রধানতঃ এই চারটি মূল বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করে সেকশন ১১কে তাঁরা আলট্রাভায়ারস ডিক্লেয়ার করে দিয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনি যে সেকশন ১১-র সংশোধনী এনেছেন, সেকশন টু অব দি বিল, তাতে এই মূল চারটি বিষয়কে তিনি এর মধ্যে কোথায় এনেছেন? আমরা দেখতে পাচ্ছি, এবারে যে নূতন বিল উত্থাপন করেছেন তাতে তিনি সম্পূর্ণ ফাঁক রেখেছেন। তিনি বলছেন, এবারে আমি অথরিটি ডেলিগেট করে দিচ্ছি, রুল মেকিং পাওয়ার আমি স্বীকার করে নিচ্ছি। আইনের ১২০ ধারা অনুযায়ী রুল মেকিং পাওয়ার সাব-সেকশন ৪এ আছে। কিন্তু রুল মেকিং পাওয়ারের হাতে আবার যদি সমস্ত পাওয়ার ডেলিগেট করেন তা হলে কি ধরনের সেই রুল তৈরী হবে, তার মধ্যে দিয়ে কনস্টিটিউয়েন্সিগুলি কিভাবে ডিভাইডেড হবে, তার কি প্রিনসিপল হবে এবং কত লোক নিয়ে গ্রামসভা হবে, কিভাবে কতজন রিপ্রেজেন্টেটিভ কোন কনস্টিটিউয়েন্সি থেকে নির্বাচিত হবে এবং ফরমেশন, ক্যারেক্টার কি হবে, ইলেকটোরাল রোল যা হবে সেখানে বি, ডি, ও, গ্রাম বেসিসে ইলেকটোরাল রোল করে দেবেন, ক্লেম অ্যান্ড অবজেকশনের কি প্রিনসিপল হবে, কি প্রসিডিয়োর লেড ডাউন করবেন সেগুলি সম্বন্ধে আপনারা কোন নীতির ধার ধারেন নি। কোন একজন পেটি অফিসার সেখানকার ইনফ্লুয়েন্সিয়াল লোকের বা কংগ্রেস নেতৃত্বের চাপে পড়ে তাদের সুবিধামত সব রকম ব্যবস্থা করে দেবেন সেই ব্যবস্থাই করেছেন। আমরা আগে জানতে পারি নি, শেষ মুহূর্তে হয়ত জানতে পারলাম যে কতকগুলি বোগাস ভোটার সেই কনস্টিটিউয়েন্সির মধ্যে ঢুকে গেল। এই রকমভাবে জনসাধারণের যে চাহিদা সেই চাহিদার কোন মূল্য আপনি এই আইনের মধ্যে দেন নি। সেজন্য আমরা আপনার কাছে বলতে চাই, যখন হাইকোর্ট থেকে এই চারটি বিষয়ের উপর লক্ষ্য রেখে আইনকে আলট্রাভায়ারস ডিক্লেয়ার করেছেন তখন আপনারা আইনটাকে পরিষ্কারভাবে আনুন, আমরা পঞ্চায়েতের মাধ্যমে ক্ষমতা বিকেন্দ্রীকরণের যে স্বপ্ন দেখেছিলাম সেটাকে কার্যকরী করার ব্যবস্থা করুন। কিন্তু আপনারা সেই ১১নং ধারার এমন সংশোধনী এনেছেন যাতে যে মূল চারটি বিষয়ের প্রতি দৃষ্টিভঙ্গী রেখে এই সেকশনটাকে আলট্রাভায়ারস ডিক্লেয়ার করেছেন সেটাকে কার্যকরী করার কোন চেষ্টা করেন নি এবং সেই চেষ্টা না করে আপনারা সমস্ত পাওয়ার ডেলিগেট করছেন কার হাতে, না, রুল মেকিং পাওয়ারের হাতে, গভর্নমেন্টের হাতে। আমি স্বীকার করে নিচ্ছি রুল যখন তৈরী হবে তখন সেকশন ১২০ অনুসারে সেই রুল বিধানসভার মধ্যে উপস্থাপিত করার সুযোগ আছে, এখানে লাইব্রেরী টেবিলে সেটা লেড ডাউন হয়ে থাকবে এবং সেই লাইব্রেরী টেবিলে সেটা পড়ে অনুধাবন করে যদি কোন রকম কেউ অ্যামেন্ডমেন্ট আনবার চেষ্টা করেন বা মডিফিকেশন করবার চেষ্টা করেন তা হলে সেই সুযোগ খানিকটা তাঁর আছে। কিন্তু সেই রুলকে আপনারা লোকচক্ষুর অন্তরালে রেখে বিধানসভার কাছে উত্থাপন করার দায়িত্ব রাখছেন না, সেগুলি সম্বন্ধে ডিসকাশনের সুযোগ আপনারা রাখছেন না। আমাদের আশা ছিল, যে চারটি মূল বিষয়ের উপর হাইকোর্ট রায় দিয়েছেন সেটা তিনি আইনের মধ্যে নিয়ে এসে আমাদের সামনে রাখবেন কিন্তু আমরা দেখলাম হাইকোর্টের সেই রায়কে এড়িয়ে গিয়ে আপনাদের যে মূলগত উদ্দেশ্য দলীয় স্বার্থ বজায় রাখা তার জন্য আপনি সেকশন ১১কে এইভাবে সংশোধন করবার চেষ্টা করেছেন। তাই আমি শান্তানাম কমিটির প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এই বিল যখন প্রথম বিধানসভায় উত্থাপন করা হয়েছিল তখন এই শান্তানাম কমিটি সম্পর্কে আমরা আমাদের বক্তব্য পেশ করেছিলাম। বিভিন্ন প্রদেশে যে সমস্ত পরিষদ, পঞ্চায়েত আছে সেখানে কি কি সিসটেম আছে সেগুলি আমরা উল্লেখ করেছিলাম এবং বলেছিলাম যে, একমাত্র পশ্চিমবঙ্গ ছাড়া ভারতবর্ষের—বিহারই বলুন, উত্তরপ্রদেশই বলুন, আর বম্বেতেই বলুন—কোন জায়গাতে ফোর টায়ার সিসটেম নেই।

[5-35—5-45 p.m.]

তিন টায়ার সিসটেম সমস্ত জায়গায় আছে। কিন্তু আমাদের এখানে একটা অদ্ভুত জিনিস তৈরী করবার চেষ্টা করছেন যার মাধ্যমে রিয়েল রিপ্রেজেন্টেটিভ অব দি পিপল যত কম আসতে পারে এবং ইনডাইরেক্ট ইলেকশনের পথ খোলবার চেষ্টা করছেন। আমরা ভারতবর্ষের অন্যান্য

আমার পঞ্চায়েত রিপোর্ট উদ্ঘাপন করে হাউসের অনেক সদস্য এবং আমি দেখিয়েছিলাম যে, এই সিসিডিওর হওয়া উচিত নয়। আবার যখন সংশোধন আনলেন তখন আশা ছিল যে, অন্যান্য জায়গায় পঞ্চায়েত যে পদ্ধতিতে চলেছে সে সম্বন্ধে জ্ঞান লাভ করে এবং শান্তানাম কমিটির প্রতি খানিকটা শ্রদ্ধা রেখে ভারতবর্ষের অন্যান্য জায়গায় যে ৩ টায়ার সিসটেম আছে সেটার ব্যবস্থা তিনি এখানে করবেন। কিন্তু তা না করে সেই গ্রামসভা, অঞ্চল পরিষদ, আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ—একটা কামব্রাস করেছেন এবং এই কামব্রাস সিচুয়েশানের মধ্যে আমাদের অনেক রিয়েল রিপ্রেজেনটেটিভ সেখানে গিয়ে বসতে পারবেন না এবং এইভাবে সত্যিকারের আপনারা ক্ষমতা বিকেন্দ্রীকরণের পথে বাধা সৃষ্টি করছেন। তারপর সেকশান ৫৭তে আপনারা যে অ্যামেণ্ডমেণ্ট এনেছেন সেটা খুব ইমপর্ট্যাণ্ট, যে সম্পর্কে হাইকোর্ট রায় দিয়েছেন (বি, সি, ব্যানার্জী ভার্সাস ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসার, নদীয়া) সেই ৫৭ ধারার প্রতি ট্যাক্সের ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখন প্রথমে যা ছিল ইনকামের উপর অ্যাসেসমেণ্ট করার পাওয়ার দিয়েছিলেন। কিন্তু ইনকামের উপর আমরা অ্যাসেস করতে পারি না, আন্ডার দি কনস্টিটিউশন আমাদের যে বার আছে সেই বারের জন্য সেকশন ২৭কে তাঁরা আলট্রাভায়ারস ডিক্লেয়ার করেছেন যে, ইনকাম ট্যাক্স অ্যাসেস করার জুরিসডিকশন সেণ্ট্রাল গভর্নমেণ্টের। সেই সেণ্ট্রাল গভর্নমেণ্টের জুরিসডিকশন ওভাররাইড করে আমরা স্টেট লেজিসলেচার ইনকামের উপর অ্যাসেস করতে পারি না এবং সেই অনুসারে আর্টিকেল ২৭৬-এ যেটুকু পাওয়ার আপনাকে দিয়েছে, তাতে ২৫০ টাকা ইনকামের উপর অ্যাসেসমেণ্ট করতে পারেন। আপনি সেইভাবে করেছেন, আমার কিছু বলার নেই। কিন্তু মূলতঃ যেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে সেকশন ৭-এর এ(১) আপনি যদি লক্ষ্য করেন সেখানে দেখবেন

Tax on lands and buildings within the local limits of its jurisdiction, a tax not exceeding 2 per centum of the annual value of such lands and buildings to be paid by the owners or occupiers or owners and occupiers thereof

এখানে আমার বক্তব্য আছে। এখানে বক্তব্য হল টু পার্সেণ্ট যে আপনারা করছেন, বলতে পারেন, যে মিনিমামটা আমি বেঁধে দিই নি, সেটা ওয়ান পার্সেণ্ট অর হাফ পার্সেণ্ট টু টু পার্সেণ্ট, এখানে এইভাবে না করে আমার সাজেশন ছিল। এখানে এইভাবে না করে আমার সাজেশন ছিল এখানে টু পার্সেণ্ট থেকে বাড়িয়ে দিতে পারেন, তাতে আমার আপত্তি নেই, কিন্তু মিনিমাম অ্যানুয়াল ভ্যালুয়েশন যাদের আছে, মিনিমাম একটা ধরে নিন যাদের প্রপার্টি ভ্যালু ৫ হাজার টাকা, ১০ হাজার টাকা, তাদের আপনাকে বাদ দিতে হবে। অবশ্য বম্বেতে যে অ্যাক্ট আছে সেখানে সিক্স হাফ পার্সেণ্ট টু ফিফটিন পার্সেণ্ট ট্যাক্সেশন করার পাওয়ার আছে। আমি একথা এজন্য বলছি যে, গ্রামে অনেক ইণ্ডাস্ট্রি আছে যেমন আমি এগজামপল দিতে পারি আমাদের বাউড়িয়া অঞ্চলে ফোর্ট গ্লস্টার স্টেট যার এক কোটি টাকার উপর প্রপার্টি আছে গ্রামে, সেখানে আপনি কত পাবেন? যার ১০ হাজার টাকা বছরে ইনকাম তাকেও আপনারা টু পার্সেণ্ট করছেন আর যার বছরে ১০ লক্ষ টাকা ইনকাম তার উপরেও টু পার্সেণ্ট করছেন। মিনিমাম আপনি বলুন এটাকে সংশোধন করা হোক। এখানে আপনি বলুন যাদের প্রপার্টির ভ্যালুয়েশন ৫ হাজার টাকার কম তাকে আমি কোন ট্যাক্স করবো না। তার পর থেকে ৫ হাজার থেকে আপনি বলুন ১০ হাজার পর্যন্ত আপনি বলুন আমি ২ পার্সেণ্ট করব। এবং ১০ হাজার থেকে ৫০ হাজার টাকা যার ইয়ারলি ইনকাম তাদের বলুন যে ১৫ পার্সেণ্ট পর্যন্ত ট্যাক্স করবার অধিকার গ্রাম পঞ্চায়েতের থাকবে। আপনি পরে বলবেন যে, গ্রামের উন্নয়ন হচ্ছে না টাকা কোথায় পাই, ট্যাক্স বাড়াবার সুযোগ আমার নাই। আপনি বলবেন যে আমার হাতে ফাইনান্স নাই। সেজন্য আমি সাজেশান রাখছি যে, যাদের ৫০ হাজার টাকার উপরে ইয়ারলি ইনকাম আছে তাদের ১৫ পার্সেণ্ট কেন ২০ পার্সেণ্ট করলেও আমাদের অন্তত বিরোধী পক্ষের কারো আপত্তি থাকবে না। সেজন্য আমি বলছিলাম যে, আপনারা এখানে তাদের সুযোগ করে দিলেন সেই সমস্ত ল্যাণ্ড লর্ডদের। আমি বাউড়িয়া অঞ্চলে ফোর্ট গ্লস্টার-এর মালিককে ১০ হাজার টাকা ট্যাক্স ধার্য করা হয়েছে। সে স্বেচ্ছায় এসে বলছে যে আমি ৬ হাজার টাকা দিচ্ছি। সে ৬ হাজার টাকা পেমেণ্ট করে দিয়েছে অলরেডি। তেমনি বহু মিল আছে, এবং হাওড়া জেলায় ২৪-পরগণায় বহু মিল

আছে। এই সব জায়গা থেকে কয়েক হাজার হাজার টাকা আমরা এই পঞ্চায়েতের মাধ্যমে আদায় করে নিয়ে গ্রাম উন্নয়নের ব্যবস্থা করতে পারি। কিন্তু আইনটা ঠিক এইভাবে করা হয়েছে যে, সেকশান ৫৭-র অ্যামেণ্ডমেণ্ট এইভাবে করা হয়েছে যে, বিগ ওনার্স যারা, ইণ্ডাস্ট্রিয়ালিস্ট যারা, তারা বেঁচে যাচ্ছেন। গরীব লোক হলে ২ পার্সেণ্ট ধরবেন আর যারা কোটি টাকার মালিক তাদেরও ২ পারসেণ্ট-এর বেশি আপনি করতে পারছেন না। বম্বেতে ১৫ পারসেণ্ট করার প্রভিশন রয়েছে। আপনি কেন বাংলাদেশে যারা গ্রামকে চুষে নিচ্ছে সেই ইণ্ডাস্ট্রিয়ালিস্টদের কাছ থেকে যতটুকু সুযোগ আপনি পেতে পারতেন তা করছেন না? মিউনিসিপ্যালিটি সেখানে নেই, আর মিউনিসিপ্যালিটির অ্যাসেসমেন্ট-এরও সেই রকম অবস্থা। আপনি পঞ্চায়েত আইনের মধ্যে দিয়ে ইচ্ছা করলে করতে পারেন এবং সেজন্য আমি বিশেষ করে সমস্ত সদস্যদের কাছে এবং মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যে, মিনিমাম একটা বেঁধে দিয়ে ম্যাক্সিমাম ৫০ থাউজেন্ড-এর উপরে যাদের ইনকাম ইয়ারলি ভ্যালুয়েশন প্রপার্টি আছে তাদের আপনারা গার্ডেড করে দিন এবং ১৫ পারসেণ্ট করে দিন।

Shri Sailendra Nath Adhikary: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

Shri Nimai Chand Murmu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

Shri Sowrindra Mohan Misra:

মাননীয় স্পীকার মহাশয়, এই সারকুলেসন মোসান-এর উপরে বিরোধী পক্ষের এবং এ পক্ষের বন্ধুরা যে সমস্ত কথা বলেছেন আমি খুব মনোযোগ সহকারে শুনেছি। আমি প্রথমে ভক্তিভূষণ মণ্ডল মহাশয়ের প্রশ্নের জবাব দেব, কেননা তিনি একটি আইনগত প্রশ্ন তুলেছেন। তিনি বলেছেন যে দুটো আইনের অ্যামেণ্ডমেণ্ট নাকি করা যায় না। আমি দেখছিলাম যে, এর আগেও এই রকম অ্যামেণ্ডমেণ্ট এখানে হয়ে গেছে এবং সেটা আগে নয় ওয়েস্ট বেঙ্গল ট্যাক্স লজ, ১৯৫৯ হয়েছে। তারপরে দি ক্যালকাটা অ্যান্ড সুবারবন বিলস্ (অ্যামেন্ডমেন্ট) অ্যাক্ট, ১৯৬২-তে হয়েছে। তাঁকে আমি এই কথাই জানাতে চাচ্ছি যে, এর নজীর আছে বলেই দুটো আইনকে একত্র করা হয়েছে। দ্বিতীয় কথা মাননীয় ননী ভট্টাচার্য মহাশয় তুলেছেন। একটু অপ্রাসঙ্গিক হলেও এই নিয়ে একটু আলোচনা করা প্রয়োজন যে, পশ্চিমবাংলায় ৪ টায়ার কেন মহাশয়, অন্য জায়গায় ৩ টায়ার আছে। উনি কখনও বলেছেন আঞ্চলিক পরিষদ না রাখা উচিত, আবার কখনও বলেছেন অঞ্চল পরিষদ না রাখা উচিত। আমি আপনাদের কাছে এই বিষয়ে বলব যে, শান্তানাম কমিটির রিপোর্ট-এর বিষয় নিয়ে এখানে অনেকেই আলোচনা করেছেন এবং বলেছেন যে শান্তানাম কমিটি তো বলেছিল যে ৪ টায়ার না করে ৩ টায়ার কর। আমি আপনাদের কাছে আগেকার কথা না বলে এখনকার কথা বলছি। যখন শান্তানাম কমিটি আমাদের কাছে এই কথা বলেছিলেন তখন আমরা বলেছিলাম যে গ্রাম পঞ্চায়েত একটা এত ছোট বডি হবে যাদের পক্ষে ট্যাক্সেশান করা একটু অসুবিধা হবে। তাদের পক্ষে একজন কর্মচারী রাখা অসুবিধা হবে। অঞ্চল পঞ্চায়েত মানে হচ্ছে ৫টি গ্রাম পঞ্চায়েতের সমষ্টি। ইচ্ছা করলে তারা একজন একটুখানি শিক্ষিত লোক রাখতে পারবে যে হিসাব নিকাশ রাখতে পারবে।

[5-45—5-55 p.m.]

কিন্তু সত্যিকারের কাজ গ্রামের উন্নয়নমূলক কাজ গ্রাম পঞ্চায়েত করবে। অতএব সত্যি কথা বলতে গেলে ৩ টায়ার হয়েছে। অঞ্চল পঞ্চায়েত ট্যাক্স করে, ট্যাক্স আদায় করে অ্যাডমিনিস্ট্রেশন করে, কিন্তু খরচ করে সমস্ত গ্রাম পঞ্চায়েত, গ্রামের উন্নয়নের সমস্ত কাজগুলি গ্রাম পঞ্চায়েতের হাতে দেওয়া আছে। আজকে অনেক বন্ধুর মুখে এই সুরটা ফুটে উঠলো যে, দুটোর মধ্যে খুবই কনফ্লিক্ট আছে। হয়তো কোনখানে আছে, আমি অস্বীকার করি না। [illegible]

[illegible] ২০ হাজার গ্রাম পঞ্চায়েত আছে, তার মধ্যে যে কয়টা-পঞ্চায়েত থাকবে যা ঠিক নয়, কিন্তু প্রতিটি ক্ষেত্রে অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েতে যে কয়টা আছে বলছেন একথা সত্য নয়। বরং অনেক জায়গাতে তাঁরা একযোগে কাজ করছেন। আর একজন প্রশ্ন তুলেছেন যে, অধ্যক্ষ কেন নিলেন? মনসুর সাহেব খুব আবেগভরে শান্তানাম কমিটির কথা বলেছেন, কিন্তু আমি শান্তানাম কমিটির রিপোর্ট দেখেছি, শান্তানাম সাহেবের সঙ্গে আলোচনাও করেছি। তিনি বলেছেন যে, নির্বাচন কমিয়ে দেওয়া ভাল, অন্ততপক্ষে গ্রামসভায় অধ্যক্ষদের নাও। যা হোক যে কথা আমি বলতে চাচ্ছিলাম সেটা হচ্ছে, এখন সমস্ত ভারতবর্ষে যে কমিটি আছে তাঁরা একথা আজকে চিন্তা করছেন যে পশ্চিমবঙ্গ যেভাবে অঞ্চল পঞ্চায়েত করেছে হয়তো সমস্ত ভারতবর্ষে সেটা প্রবর্তন করতে হবে। ঠিক অঞ্চল পঞ্চায়েত না হলেও কয়েকটা রাজ্যে এই গ্রাম পঞ্চায়েত-গুলি ছোটখাট একটা সমিতি করে সরকারী কর্মচারী বা বেসরকারী কর্মচারী নেবার কথা ভাবছেন। আমি স্যার, আপনার কাছে জানাই যে এ বিষয়ে যে আইন করা হয় বিভিন্ন রাজ্যে কি হচ্ছে না হচ্ছে তা দেখে বছরে একবার করে আলাপ-আলোচনা করে অভিজ্ঞতার ভিত্তিতে এই আইনগুলি হচ্ছে। কাজেই যাঁরা মনে করছেন যে, দলীয় স্বার্থ দেখাব জন্য কেবলমাত্র এই আইন পরিবর্তন করা হচ্ছে আমি তাঁদের বলবো যে তাঁরা হয় একটা কল্পনা রাজ্যে আছেন, না হয় কালো চশমা দিয়ে দেখছেন। এই আইন যে সংশোধন করা হচ্ছে এটা কোন দলীয় স্বার্থ দেখার জন্য নয়, নূতন একটা ব্যবস্থা। পঞ্চায়েতী ব্যবস্থায় ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা আছে, কাজেই এর বহু পরিবর্তন হবে আমি স্বীকার করছি। এর পরেও হয়তো আরও আইনটার পরিবর্তন করতে হবে। কারণ এটা একটা নতুন জিনিস। বিভিন্ন ক্ষেত্রে কাজ করতে গিয়ে নানা অসুবিধা দেখা যাচ্ছে। সেজন্য আইনটার পরিবর্তন করতে হচ্ছে। একটা কথা আজকে প্রায় সকলের কণ্ঠে ফুটে উঠেছে ট্যাক্সেশন সম্বন্ধে, তাও আবার দেখলাম মত দুরকম আছে। অপূর্ববাবু বললেন ২ পার্সেন্ট কেন ১৫ পার্সেন্ট পর্যন্ত বড়লোকদের করা হোক, আবার গিরিশ মাহাতো মহাশয় আবেগময় কণ্ঠে বললেন ভীষণ ট্যাক্স করবার জন্য আইনটা পরিবর্তন করা হচ্ছে। মানে ট্যাক্স বৃদ্ধি করবার জন্য নাকি এই আইনের পরিবর্তন করা হচ্ছে। আমি আপনার কাছে জানাই যে কোন ট্যাক্স বৃদ্ধির জন্য এই আইন করা হয় নি। অপূর্ববাবু খুব ভালভাবে স্ক্যান করেছেন। আইনে যেটা বলেছে দু ভাগে ভাগ করে দেওয়া সেটা হাইকোর্ট বলেছে। ওঁরা তার উপর বেসিস করে এটা বলেছেন দুভাগে ভাগ করুন এবং আমি স্বীকার করছি যে, যা আছে তার থেকে যাতে বৃদ্ধি না হয়, কমতি না হয় সেদিকে লক্ষ্য রেখে করা হয়েছে। ওঁরা বলেছেন বোম্বেতে ৬ পার্সেন্ট টু ১৫ পার্সেন্ট আছে। আমার একবার লোভ হয়েছিল যে করে দিই সেটা, তার পরে ভাবলাম এখানে এমনিতে কথা উঠে যে, ট্যাক্সেশন বৃদ্ধি ছাড়া দলীয় স্বার্থ ছাড়া আর আমরা কিছু দেখি না এটা করলে তো আরো বেশী উঠবে। কিন্তু এখন অপূর্ববাবুর কথাতে মনে হচ্ছে যে করে দিলে বোধ হয় স্বীকার করে নিতেন অর্থাৎ তিনি অন্তত সমর্থন করতেন। আমি একথা এখানে বলি যে, এই যে ট্যাক্সেশান করা হচ্ছে আইনত ২টা ভাগে ভাগ করে ইনকাম আমরা দিতে পারি না। আগে ইউনিয়ন বোর্ডে কি ট্যাক্স ছিল? একটা সার্চার্জ-এর উপরে ট্যাক্স হত। তা নিতে গিয়ে যেটা আমরা দেখেছি যে কোথাও বেশী হয়ে ছিল। এগুলির কতক কোর্টে চ্যালেঞ্জ হয়েছে। তার অভিজ্ঞতা থেকে নূতন করে করছি। তাতেও যদি কোনখানে দেখি যে অসুবিধা হচ্ছে ভবিষ্যতে পরিবর্তনের জন্য আনাবো। আপাততঃ যা আমরা করেছি তাতে গিরিশবাবু বা কারো আশঙ্কা করবার দরকার নেই যে ট্যাক্সেশন বৃদ্ধির জন্য আইন করা হচ্ছে। আইন করা হচ্ছে যে, যেটুকু আদায় করা হত সেটুকু আদায় করবার জন্য। একটা কথা এখানে উঠেছে এডুকেসন কমিটি নিয়ে। এই এডুকেশন সম্বন্ধে বলতে গিয়ে একজন সদস্য একটি পুরাতন গল্পের কথা বললেন যে জেলা পরিষদ শিক্ষার এই অভিজ্ঞতা। যদিও এ গল্পটা বহু পুরাতন, প্রায় পচে গেছে। আমি এ গল্প বছর ৮ আগে শুনেছি। ঐ হরধন্ ভঙ্গের গল্প এবং ঐ গল্প বেহালাতে আমি বছর ৩ আগে একটা পাবলিক মিটিংএ বলেছিলাম যখন সংস্কৃত রাখা হবে কি হবে না কথা হচ্ছে। অতএব জেলা পরিষদ হবার বহু পূর্বে এ গল্প। পুরাতন গল্পটা নূতন করে চালাবার চেষ্টা করেছেন কিন্তু ঐটা সকলেই জানে। এখন এডুকেশন সম্বন্ধে বলতে চাই। আমি বলি সে কথাটার খানিকটা সনৎবাবু ব্যঙ্গ করেছেন। তাঁর সঙ্গে আলোচনা হয়। সেটা ডায়রেকটিভ প্রিন্সিপিল অফ দি কনস্টিটিউসান অর্থাৎ ১৪ বছর বয়স পর্যন্ত

যে শিক্ষার ব্যবস্থা—খুব বিশেষজ্ঞ একটা কমিটি হাইলি সেণ্ট্রালাইজ কমিটি, বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেসানের হাতে না থেকে বা এডুকেসান ডিরেক্টারের হাতে না থেকে প্রত্যেক জেলায় জেলায় ডিসেণ্ট্রালাইজেশন করাটা বাঞ্ছনীয়। তা না হলে এই ১ থেকে ১৪ বছর পর্যন্ত শিক্ষাটা দ্রুত যত এগিয়ে যাওয়া উচিত ছিল তা যাচ্ছে না। আমি শিক্ষা বিভাগের কাজ দেখে দেখেছি সনৎবাবু যে কথা বললেন যে এডুকেসন, ঐ সেকেণ্ডারী এডুকেসন বলতে হাই স্কুল হায়ার সেকেণ্ডারী ছাড়া অন্য কোন চিন্তা আমাদের মধ্যে নেই। জহরবাবু যে কথাটা বলছেন তাঁর মাথাতে কিন্তু সেকেণ্ডারী এডুকেসন বলতে হাই স্কুল ছাড়া অন্য কোন চিন্তা আসছে না এবং মাননীয় অনেক সদস্যের মাথায়ও সে চিন্তা আছে। আমি বলছি জুনিয়ার হাই আপ টু দি এজ গ্রুপ অফ ফোর্টিন যেটা ডায়রেকটিভ প্রিন্সিপল অফ দি কনস্টিটিউসান হচ্ছে যে ১৪ বছর বয়স পর্যন্ত প্রত্যেকটা লোককে শিক্ষা দেওয়া দরকার এবং সেটাকে বিনা ব্যয়ে যাতে শিক্ষা গ্রহণ করতে পারে তার ব্যবস্থা করা উচিত। বাংলা দেশের অবস্থা কি? যত হাই স্কুল বা হায়ার সেকেণ্ডারী আছে জুনিয়ার হাই স্কুলের সংখ্যা তার চেয়ে কম আছে। কারণ এদিকে যে পরিমাণ নজর দেওয়া উচিত ছিল ঠিক সে পরিমাণ নজর হয়তো দেওয়া হচ্ছে না। শিক্ষা বিভাগের আণ্ডারে আমি ২টি বিভাগে আছি বলে তাই জোর করে বলছি। আমি এজন্য মনে করি যে জেলা পরিষদ বা জেলায় জেলায় ডিসেণ্ট্রালাইজেশন হলে জুনিয়ার হাই স্কুল পর্যন্ত কাজ ভালভাবে চলবে। এখন কথা হচ্ছে যে আপনারা যা আইন করছেন তাতে সমস্ত সেকেণ্ডারী চলে আসতে পারে। তা হলে কি করা

[5-55—5-59 p.m.]

হবে? এখন কি করা হয়েছে—না এর আগে ছিল অ্যাডাল্ড এডুকেসানের কিছু কাজকর্ম, সোসাল এডুকেসানের কাজ, জেলা পরিষদ বা স্ট্যাণ্ডিং কমিটি করতে পারেন। এখন শুধু সেই প্রভিসান করে নেওয়া হয়েছে যে প্রয়োজন হলে মাধ্যমিক শিক্ষার কাজ জেলা পরিষদ করতে পারবে। তারপর মাধ্যমিক শিক্ষার কতটুকুর কাজ দেবেন, কি দেবেন না সেটা অ্যাক্ট-এর উপর নির্ভর করছে। আমি আপনার কাছে বলতে পারি, পঞ্চায়েতের মাধ্যমে কাজ করার বিষয় অনেকখানি এগিয়ে এসেছে। তার মধ্যে মহারাষ্ট্র সমস্ত সেকেণ্ডারী এডুকেশানকে জুনিয়ার হাই স্কুল-এ সমস্ত কাজ দিয়ে দিয়েছেন। এখনও পর্যন্ত সরকারের মাথায় যা আছে সেটা হচ্ছে জুনিয়ার হাই স্কুল পর্যন্ত, তার উপরে নয়। স্টেপ বাই স্টেপ যাওয়া উচিত। আর একটা কথা প্রত্যেক সভ্য বলেছেন যে, নিজের দলের লোককে প্রোভাইড করার জন্য এই অনারেরিয়াম দেবেন। কিন্তু আমি দেখছি ক্ষমতা ডিসেণ্ট্রালাইজেশন করে যদি কাজের ভার বেশী করে দিতে হয় তা হলে সে কাজ সুষ্ঠুভাবে করতে গেলে তার জন্য একটা অনারেরিয়ামের ব্যবস্থা করা অন্যায় নয়। জেলা পরিষদে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, আঞ্চলিক পরিষদে প্রেসিডেণ্ট, ভাইস-প্রেসিডেণ্টকে বেশী করে কাজ করতে দেওয়া হবে বলে আশা করা যাচ্ছে এবং ভবিষ্যতে আরও ক্ষমতা অর্পণ করার জন্য সরকার যেখানে তৈরী হচ্ছেন সেখানে তাদের একটা অনারেরিয়ামের ব্যবস্থা করা অন্যায় নয়। কারণ অঞ্চলে যিনি প্রেসিডেণ্ট তিনি ঐখানেই থাকেন আবার অনেক আঞ্চলিক পরিষদের সভাপতিকে দূর থেকে এসে কাজ করতে হয় বলে তাকে একটা অনারেরিয়াম দেওয়া যুক্তিসঙ্গত। জেলা পরিষদের চেয়ারম্যানকে অনেক সময় বাইরে যেতে হয়। তাঁকে ডেইলী এলাউন্স দিতে গেলে অনেক পয়সা পড়ে যায়। সেজন্য আমি মনে করি এটা করাই ভাল। মহারাষ্ট্র এবং গুজরাটের দিকে যদি তাকান তা হলে দেখবেন যাদের গুরুত্বপূর্ণ কাজ দেওয়া হয়েছে তাদের কিছু কিছু অনারেরিয়াম দেবার ব্যবস্থা আছে। অতএব নূতন করে কিছু করা হচ্ছে না। অনেকে আরো অনেক কথা বলেছেন সেগুলির জবাব দিতে গেলে আরো অনেক সময় লাগবে, যে সময় আপনি দেবেন না। মূলকথা বলতে চাই সারকুলেশান মোসান এনে আরো একটু দেরী করিয়ে দেওয়া। আমরা সকলেই জানি ৩০০-র উপর গ্রামসভার এখনও নির্বাচন হয় নি। আমি সেজন্য নিজেকে আর দোষী করতে চাই না। সেজন্য সারকুলেশান মোশান নেবার কোন যুক্তি আছে বলে মনে করি না এবং সমস্ত সার্কুলেশান মোশানের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Bill be circulated for eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Sowrindra Mohan Misra that the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 5-59 p.m. till 1 p.m. on Wednesday, the 17th November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 17th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 4 Ministers of State and 181 Members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Rate of taxes on land

***184.** (Admitted question No. *973.) **Shri Aswini Roy:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গ সরকার ভূমি রাজস্বের হার বৃদ্ধির সিদ্ধান্ত লইয়াছেন; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটি এবং প্রশ্ন নং *১৯০ একই ধরনের, সে জন্য এদুটি একত্রে নেওয়া হোক।

Proposal for increasing taxes on land

***190.** (Admitted question No. *1291.) **Shri Gour Chandra Kundu:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গ্রামাঞ্চলে খাজনা বৃদ্ধি করিবার জন্য সরকারী প্রস্তাব আছে; এবং

(খ) সত্য হইলে কি পরিমাণ খাজনা বৃদ্ধির কথা চিন্তা করিতেছেন?

প্রথমটির (ক) না।

(খ) বর্ধিত প্রতিরক্ষা ব্যয় এবং উন্নয়ন ব্যয়ের সংস্থান করিবার জন্য ভূমি রাজস্বের উপর শতকরা ২৫ ভাগ অধিভার (সারচার্জ) বসাইবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

দ্বিতীয়টির (ক) দেয় খাজনার উপর অধিভার বসাইবার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) সরকারের ভূমি রাজস্বের উপর শতকরা ২৫ ভাগ অধিভার (সারচার্জ) বসাইবার প্রস্তাব আছে।

শ্রীঅশ্বিনী রায়:

এই যে সারচার্জ বসাবেন, বর্তমানে যে হারে খাজনা আদায় হচ্ছে, সেই হারের উপর, না অন্য কোন কিছুর উপর?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

এখনও প্রস্তাবটি গৃহীত হয়নি; প্রস্তাবটি বিবেচনা করা হচ্ছে। কাজেই, কি হারে বসান হবে, বা না হবে, তা এখনও বলা যায় না।

Shri Aswini Roy:

মোট রাজস্ব আপনার পশ্চিমবঙ্গে কত আদায় হয়, এবং এই রকম সারচার্জ বসিয়ে আপনারা কত টাকা বেশী পাবেন?

Shri Syamadas Bhattacharyya:

আমাদের মোট রাজস্বের দাবী হল প্রায় ছয় কোটি টাকার কাছাকাছি। তার শতকরা ২৫ ভাগ যদি সারচার্জ হয়, তাহলে দেড় কোটি টাকার মত হতে পারে।

Shri Sanat Kumar Raha:

সারচার্জ যদি বসানর সিদ্ধান্ত হয়, তাহলে সেটা, ছোট, বড় সকলের উপর সমানভাবে বসানর জন্য চিন্তা করছেন, না, সরকারের এমন কোন সিদ্ধান্ত আছে যে একটা সেক্‌সন কে ছেড়ে দেওয়া হবে?

Shri Syamadas Bhattacharyya:

সমস্ত বিষয়টা বিবেচনাধীন আছে।

Shri Deb Saran Ghosh:

বর্তমানে খাজনার যে স্ট্রাকচার আছে, তা পরিবর্তন করবার কোন চিন্তা করছেন কিনা?

Shri Syamadas Bhattacharyya:

না।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, ভূমি রাজস্ব বৃদ্ধি করা সম্বন্ধে প্রশ্ন ছিল, সেখানে ভূমি রাজস্বের কথা না বলে, সারচার্জের কথা বলছেন কেন?

Shri Syamadas Bhattacharyya:

প্রশ্ন ছিল এই, ভূমিরাজস্ব বৃদ্ধি করবার কোন প্রস্তাব আছে কিনা? ভূমিরাজস্ব বৃদ্ধির কোন প্রস্তাব নেই। তবে সারচার্জ বৃদ্ধির প্রস্তাব আছে সারচার্জ যদি বৃদ্ধি হয়, তাহলে ভূমি রাজস্বের যা আদায় হয়, তার সঙ্গে একটা আনুপাতিক হারে আদায় হতে পারে, এবং সারচার্জ বসানও যেতে পারে। সেইজন্যই এই ভাবে উত্তর দেওয়া হচ্ছে।

Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন? ভূমি রাজস্ব যেটা ডিটারমাইন হয়েছিল, সেটা শেষ কতদিন আগে, এই ভূমি রাজস্ব নির্মিত হয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:

অনেকদিন এই ভূমিরাজস্ব বৃদ্ধি করা হয়নি। ১৯৩৭ সাল পর্যন্ত। আগেকার দিনে জমিদাররা বৃদ্ধি করতে পারতেন। সেই সময় বৃদ্ধির পরিমাণ কম ছিল। ১৯৩৭ সালের পর থেকে আর ভূমিরাজস্বের পরিমাণ বৃদ্ধি করা হয় নি।

Shri Abani Kumar Basu:

মন্ত্রীমহাশয় বলবেন কি পশ্চিমবঙ্গের গড়পড়তা ভূমি রাজস্বের পরিমাণ কত?

Shri Syamadas Bhattacharyya:

প্রায় ছয় কোটি টাকার মত।

Shri Sailendra Nath Adhikary:

এই ভূমিরাজস্বের উপর সারচার্জ যেটা মন্ত্রিমহাশয় বৃদ্ধি করবার জন্য চিন্তা করছেন, সেটা করতে গিয়ে যে সমস্ত আন-ইকনমিক ল্যান্ড আছে, সেই সমস্ত ল্যান্ড বাদ দেওয়ার কথা বিবেচনা করবেন কি?

Shri Syamadas Bhattacharyya:

আমি আগেই বলেছি সমস্ত বিষয়ই বিবেচনাধীন আছে।

Shri Sailendra Nath Adhikary:

আপনি কি এই সারচার্জ করবার ব্যাপারে একটি এক্সপার্ট কমিটি নিয়োগ করে, তাদের উপদেশ নিয়ে এই সারচার্জ ঠিক করবেন, না আপনি এ বিষয়ে অলরেডি স্ট্রাকচার ঠিক করে ফেলেছেন?

Shri Syamadas Bhattacharyya:

আমি নিশ্চয়ই আপনাদের উপদেশ নেব। আমরা নিজেদের এক্সপার্ট মনে করি কিনা সেটা মতামতের বিষয়।

Shri Nani Bhattacharjee:

এই যে মন্ত্রিমহাশয় বলেছেন ভূমিরাজস্বের হার ১৯৩৭ সালের পর থেকে বাড়ান হয় নাই এবং এখন ৬ কোটি টাকার মত ভূমিরাজস্ব আদায় হচ্ছে। আনডিভাইডেড বেঙ্গলে কি পরিমাণ আদায় হতো, তার কোন রেকর্ড আছে?

Shri Syamadas Bhattacharyya:

তা বলতে পারবো না। এই কথা বলেছি যে পরিমাণ আদায় হতো আগে, সেই পরিমাণ আদায় হচ্ছে। মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী আমরা যখন সমস্ত জমিদারী বিলোপ করলাম এবং রায়তের সঙ্গে সরাসরি সম্পর্ক স্থাপন করলাম, তখন এটা ঠিক হলো যে রায়ত যে খাজনা দিতেন আগে, সেই খাজনা এখনো তিনি দেবেন। ১৯৩৭ সালের পর থেকে কোন ভাবেই খাজনা বর্দ্ধিত হয় নাই। কিন্তু তার আগে খাজনা সামান্য বৃদ্ধি পেয়েছে। তখন যে পরিমাণ খাজনা আদায় হতো, এখনো ঠিক সেই পরিমাণ খাজনা আছে যদিও উৎপন্ন ফসলের মূল্য যথেষ্ট পরিমাণ বেড়েছে।

Shri Nani Bhattacharjee:

এই যে ১৯৩৭ সালের পর থেকে ধার্য খাজনা বাড়ান নাই, দ্যাট মে বি কারেক্ট, জমিদাররা অবিভক্ত বাংলায় যে খাজনা দিতেন, সেটা ৩ কোটি টাকার বেশী নয়, এ্যাজ ফার এ্যাজ আই রিকলেক্ট, এখন আপনারা ৬ কোটি টাকা ভূমি রাজস্ব পাচ্ছেন। এটা কি ঠিক জানেন যে বার বার এই দাবীটা ছিল যাতে জমিদাররা খাজনা কমান ১৯৩৭ সাল বা তার আগে যেভাবে খাজনা চাষীর উপর বাড়াতে বাড়াতে চলেছিল, তাতে সেই সময় একটি দাবি উঠেছিল সমস্ত কৃষক সংগঠন থেকে, সমস্ত রাজনৈতিক দলগুলি থেকে যে এই খাজনার অতিরিক্ত বোঝা সাধারণ চাষীর উপর যে চাপিয়ে দেওয়া হয়েছে, তা কমাতে হবে, লাঘব করতে হবে।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে দীর্ঘ প্রশ্ন করলেন তার মধ্যে এই ইঙ্গিত আছে যে প্রজাদের উপর আগে যে খাজনা বসান হতো ১৯৩৭ সালে বা তার আগে, তা অত্যন্ত গুরুভার ছিল। তবে একথা ঠিক যে সেই সময় প্রজারা সেই খাজনা দিতে পারতেন না। তাঁরা জমিকে বলতেন যম। খাজনা দিতে পারতেন না বলে জমি ইস্তফা দিতেন। একথা ঠিক। কিন্তু তারপর থেকে অবস্থার পরিবর্তন হয়েছে। তারপর খাজনা কমের আন্দোলন হয়েছিল। জমির উৎপন্ন ফসলের দাম অত্যন্ত কম ছিল বলে প্রজারা খাজনা দিতে পারতেন না। আজকে সেই ফসলের মূল্য বহুগুণ বেড়েছে অথচ খাজনার হার বাড়ে নাই। কাজেই এখন আর সেকথা খাটে না। খাজনা কমানোর যে আন্দোলন ছিল ১৯৩১ সালে ১৯৩২ সালে যে ডিপ্রেশন চলছিল, যখন ধানের দাম কম হয়ে গিয়েছিল, তখনকার আন্দোলনের সঙ্গে এখনকার কোন আন্দোলনের তুলনা করা যায় না।

[1-10—1-20 p.m.]

শ্রীননী ভট্টাচার্য

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, আন ইকনমিক হোল্ডিংওয়ালা যেসব কৃষক তারা ত কোন লাভবান হচ্ছে না, তাদের ক্ষেত্রে খাজনা মকুব করার কোন সিদ্ধান্ত নেবেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

যদি সত্যি কথা বলেন তাহলে খাজনা হয়ত একদিন মকুব করে দেওয়া হবে। তবে সমস্ত বিষয়টা বিবেচনাধীন আছে।

শ্রীঅবনী কুমার বসু:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, ৬ কোটি টাকা ভূমি রাজস্ব আদায় হয়। আমি তাঁর কাছে জানতে চাই পশ্চিমবঙ্গে একর প্রতি ভূমি রাজস্ব গড়পড়তা কত?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

গড়পড়তা ৩ টাকা ১২ আনার মত হবে।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বর্তমানে নির্ধারিত খাজনা আর বৈজ্ঞানিক পদ্ধতিতে ইকনমিক রেন্ট যাকে বলে তার সঙ্গে কি পার্থক্য আছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

এটা অত্যন্ত গুরুতর বিষয়, সত্য বলতে কি যে এর সঙ্গে মতামতের প্রশ্ন এত জড়িত যে এটা সাপ্লিমেন্টারি হতে পারবে কিনা মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে আমি নিবেদন করছি।

শ্রীবলাই লাল দাস মহাপাত্র:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই যে খাজনার উপর সারচার্জ ধার্য করা হয়েছে সেখানে সেচ এলাকার বহির্ভূত ৫ একর জমির উপর পর্যন্ত বাদ দেবার কথা ছিল, সেটা মকুব করার কথা বিবেচনা করবেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

আমি বলেছি যে, সমস্ত বিষয়টাই বিবেচনা করা হবে।

শ্রীভদ্র বাহাদুর হামাল:

মন্ত্রিমহাশয় এখনই বললেন যে, গড়পড়তা ৩ টাকা করে খাজনা, কিন্তু আপনি কি জানেন যে চা বাগানের যে জমি ভেস্টেড হয়েছে তার খাজনা ৩৭ টাকা ৮৭ নয়া পয়সা করা আছে, সেটা কমাবার কথা বিবেচনা করবেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

এখানে কথা হচ্ছে আগে যে প্রকারের খাজনা দিতেন সেই প্রকার খাজনাই আমরা আদায় করবো। আগে প্রজা ও রায়ত জমিদারকে যে খাজনা দিতেন তার চেয়ে বেশী আদায় করছি না। তবে যে সমস্ত জমি ভেস্টেড হয়েছে সেখানে একটা নির্দিষ্ট হারে স্থানীয় রায়ত বা প্রজাদের বন্দোবস্ত দিচ্ছি, তবে এই বন্দোবস্ত স্থায়ীভাবে দেওয়া হয় নি। আমরা শীঘ্রই স্থায়ীভাবে দেবো, তবে তার হার বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম হবে। মাননীয় সদস্য যে ৩৭ টাকার কথা বললেন সেটা খুব সম্ভবতঃ তিনি নন এগ্রিকালচারাল টেনান্টের কথা বলেছেন। এর মধ্যে দুটি জিনিষ আছে, একটি হচ্ছে কৃষি প্রজা, আর একটি হচ্ছে অকৃষি প্রজা। মাননীয় সদস্য বোধহয় জলপাইগুড়ির কথা বলছেন, বেশীর ভাগ নন এগ্রিকালচারাল টেনান্ট যারা তাদের জন্য এই রেন্ট আছে।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:

মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন ১৯৩০ সালে আইন অমান্য আন্দোলনের সময় মহাত্মা গান্ধী যে ১১টি পয়েন্ট দেন তার মধ্যে একাদশ পয়েন্ট হচ্ছে যে খাজনার ভার ৫৫ ভাগ কমান। সে দিক থেকে জাতীয় আন্দোলনের যে দায়িত্ব ছিল খাজনার ভার ৫০ ভাগ কমান সে সম্বন্ধে আর একটা প্রশ্নের উত্তরে বলেছেন যে মূল্যবৃদ্ধির জন্য সে কথা ভাবছেন না, কিন্তু তবুও যে জমিগুলির খাজনা ধার্য করা উচিত নয় সে সম্পর্কে তাঁরা মকুব করেন নি। তাই জাতীয় আন্দোলনের যে প্রতিশ্রুতি সেটা কিভাবে পালন করবেন বলে ভাবছেন সেটা জানাবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

যখন জাতীয় আন্দোলন হয়েছিল তখন খাজনার হার সত্য সত্যই অত্যন্ত গুরুভার বলে পরিগণিত হতো। তখন জিনিষ পত্রের মূল্য এত কম ছিল যে এক বিঘা জমির খাজনা দিতে জমির সমস্ত ফসলই বিক্রি করে দিতে হতো। আজকের দিনে এক বিঘা জমির খাজনা দিতে কৃষককে পীড়িত হতে হয়না। যেমন ফসলের দাম বেড়েছে তেমনি খাজনা আদায়ের পরিমাণও অনেক বেশী বেড়েছে।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:

মাননীয় মন্ত্রিমহাশয় তাহলে জানাবেন কি, মূল্যবৃদ্ধির জন্য তাঁরা পুরানো খাজনা কমাবার কথা যেহেতু চিন্তা করছেন না সেহেতু কমপেনসেশন হিসাবে আন ইকনমিক হোল্ডিংএর খাজনা একজেমশন দেবার কথা চিন্তা করছেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আগেই বলেছি যে, সমস্ত বিষয়টা বিবেচনাধীন আছে, এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।

Gramdan in Murshidabad district

***185.** (Admitted question No. *1007.) **Shri Birendra Narayan Roy:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৬২ সালে বিনোবা ভাবের পাদ পরিক্রমার সময় মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থানার (১) লক্ষণপুর, (২) ঝুলনপুর এবং (৩) বরকতপুর নামক তিনখানি গ্রাম তৎকালীন ভারতের প্রধানমন্ত্রী জহরলাল নেহরু এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেনের উপস্থিতিতে দান করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, উক্ত স্থানগুলিতে কয় বিঘা কৃষি এবং অকৃষি জমি আছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

(ক) হ্যাঁ।

(খ) কৃষি জমি ১৩৩১ বিঘা। অকৃষি জমি ২০৭ বিঘা।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়:

এই তিনটি জায়গায় দান করার পর এর উন্নতির জন্য বর্তমান সময় পর্যন্ত কি কি করেছেন আপনারা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

এখানে দান করবার পর আলাদা করে কিছু করা হয়েছে এই রকম খবর আমার কাছে নেই।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে তিনটি গ্রাম গ্রামদান এ্যাক্ট অনুসারে নেওয়া হয়েছে সেখানে গ্রামদান এ্যাক্ট এ্যাপলায়েড হয়েছে কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য ঃ

গ্রামদান আইন আমরা যখন করি তখন বিনোভাজীর উপদেশ মত করেছিলাম এবং বিনোভাজীর কাজকর্ম এখানে যিনি দেখাশোনা করেন, শ্রীচারু চন্দ্র ভান্ডারী মহাশয়ের পরামর্শক্রমে করেছিলাম। তাঁরই পরামর্শক্রমে গ্রামদান আইনের নিয়মাবলি রচিত হচ্ছে, এখনও সেই নিয়মাবলি চূড়ান্তভাবে সংশোধিত হয়নি, প্রকাশিত হয়নি। সেজন্য আইনটা পুরোপুরি প্রয়োগ হয়েছে একথা বলতে পারিনা।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী ঃ

মাননীয় মন্ত্রী মহাশয় কি আমাদের এই কথা বোঝাতে চাইছেন যে যেহেতু গ্রামদান এ্যাক্ট পাশ হবার পরে রুলস্‌গুলি তৈরী হয়নি সেহেতু এই সমস্ত দানকৃত গ্রামগুলি ঠিক যে জায়গায় আগে ছিল সেই জায়গায় রয়ে গিয়েছে, এর স্ট্যাটাসকো অলটার হয়নি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য ঃ

মাননীয় সদস্য ঠিকই বলেছেন।

শ্রীসনৎকুমার রাহা ঃ

সেই জায়গাগুলি বর্তমানে কার ভোগ দখলে আছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য ঃ

নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় ঃ

তাহলে কি বুঝতে হবে, স্যার, ১৯৬২ সালে আচার্য বিনোভাজীর সামনে, প্রধান মন্ত্রী পন্ডিত নেহেরু এবং মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেনের সামনে যে দান পাওয়া গেল সেটা কি পাবলিককে ধোকা দেবার জন্য?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য ঃ

এটা মতামতের প্রশ্ন। জিনিষটা হল এই যে, মাননীয় সদস্যরা বোধ হয় ভুলে গিয়েছেন আমি যখন গ্রামদান আইনটা এখানে উপস্থিত করেছিলাম তখন বলেছিলাম গ্রামদান আইনটা সম্পূর্ণ বিনোভাজীর পরিকল্পিত এবং এখানে শ্রীচারুচন্দ্র ভান্ডারীর কথামত আমরা এর নিয়মাবলী রচনা করছি। এবং গ্রামদান এ্যাক্টের যে সব সংশোধনী আনছি, সেগুলি শ্রীচারুচন্দ্র ভান্ডারীর পরামর্শক্রমে আনছি। তাঁরা এই বিষয়ে কাজকর্ম করছেন, তাঁরা যেভাবে সংশোধন করতে বলছেন সেভাবে নিয়মাবলি রচনা করা হচ্ছে। এই সম্পর্কে কাজ কর্মের ভার পরিপূর্ণভাবে ভূদান কর্মীদের উপরেই আছে, সরকারী কর্মচারীরা তাঁদের সাহায্য করবেন মাত্র। সেই মতই অগ্রসর হচ্ছি কিন্তু এতে দেখতে পাচ্ছি খুব তাড়াতাড়ি অগ্রসর হওয়া যাচ্ছেনা। আমাদের দিক থেকে স্পষ্টভাবে বলতে চাই এই সম্পর্কে সরকারী কর্মচারীরা ইনিসিয়েটিভ নিয়ে এগিয়ে গিয়ে নিজেদের দায়িত্বে কাজ করছেন না, ও'দের পরামর্শ নিয়ে কাজ করছেন।

শ্রীদেবশরণ ঘোষ ঃ

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে সমস্ত গ্রাম বিনোভাজীকে দান করা হয়েছে সেই সমস্ত গ্রামের অধিবাসীদের কি এখনও স্মরণ আছে যে এই গ্রামগুলি বিনোভাজীকে দান করা হয়েছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য ঃ

সেটা বলতে পারবোনা।

ডাঃ কানাই লাল ভট্টাচার্য ঃ

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, ইমপ্লিমেন্টেশন আর ইনিসিয়েটিভ সরকারী কর্মচারীদের হাতে নেই, ভূদান কর্মীদের হাতে আছে এটা আমি ঠিক বুঝলাম না। আইনের ইমপ্লিমেন্টেশন সরকারী কর্মচারীরা ইনিসিয়েটিভ নিয়ে কেন করেছেন না এটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য :

আমি কতবার একই কথা বলবো জানিনা, আগে বরাবরই বলেছি যদি মাননীয় সদস্যগণ মন দিয়ে না শোনেন তাহলে আমি নাচার। ভূদান যজ্ঞ সম্পর্কিত যে আইন এবং গ্রামদান সম্পর্কিত যে আইন তা সম্পূর্ণভাবে বিশেষজ্ঞদের পরিকল্পিত। আমরা যখন এখানে দুটো আইন মাননীয় সদস্যগণের সামনে উপস্থাপিত করি, প্রিএ্যামবেলেও একথা বলা আছে এবং আমার বক্তৃতার সময়েও বারবার সেই কথাই বলেছিলাম যে ইনিসিয়েটিভ আমাদের সরকারী কর্মচারীরা গ্রহণ করলে ভাল হবে বলে মনে করিনা, ও'রা গ্রহণ করলে ভাল হবে। সেইজন্য ও'দের হাতে সম্পূর্ণরূপে এই কাজ করার ভার দিয়েছি এবং আমরা তাঁদের সাহায্য করবো।

[1-20—1-30 p.m.]

শ্রীবলাইলাল দাস মহাপাত্র :

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন, যে কথাটা আমি আপনার কথা থেকে বুঝতে পারছি যে, যেখানে গ্রামদান আইন প্রযুক্ত হয় নি, সেখানে কি পঞ্চায়েত আইন প্রযুক্ত হয়েছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য :

পঞ্চায়েত আইন হবার কথা নিশ্চয়।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় :

তাহলে আমি একথা বুঝতে পারছি এই তিনটি গ্রামদান এ্যাকচুয়ালি আইন অনুসারে গ্রামদান হয়নি এবং এই তিনটি গ্রামের জনসাধারণ যাঁরা, তাঁরা জমি কেনা-বেচা করতে পারে কিনা? কিন্তু আমরা জানি গ্রামদান যদি হয়ে যায়, তাহলে জমি বিক্রি করতে পারে না। ব্যাপারটা কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য :

আপনি ওকথা বুঝতে পারেন। কিন্তু একথা বুঝলে আপনি খুব ভুল করবেন।

New Roads in Midnapur district

***186.** (Admitted question No. *1044.) **Shri Ananga Mohan Das:**

পূর্ত (রাস্তা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলা উন্নয়ন কমিটি গত তৃতীয় পরিকল্পনাকালে যে ২০টি রাস্তার নাম সুপারিশ করিয়াছিলেন সেই রাস্তাগুলির কাজ আরম্ভ হইয়াছে কিনা; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'না' হয়, তবে ঐগুলির কাজ আরম্ভ না করিবার কারণ কি?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত :

(ক) (খ) মেদিনীপুর জেলা উন্নয়ণ পর্ষৎ তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় রাস্তা সম্পর্কে অগ্রাধিকার অনুসারে ৫৫টি রাস্তা সুপারিশ করিয়াছিলেন। ঐ ৫৫টি রাস্তার মধ্যে কোন্ কোন ২০টি রাস্তা সম্পর্কে প্রশ্ন করা হইয়াছে তাহা বুঝা যাইতেছে না।

যাহোক তৃতীয় পরিকল্পনায় মেদিনীপুর জেলার যে সকল রাস্তা নেওয়া হইয়াছে তাহার মধ্যে কতকগুলির কাজ আরম্ভ হইয়াছে এবং কয়েকটি রাস্তার কাজ ভূমি দখল না পাওয়ার জন্য আরম্ভ করা সম্ভব হয় নাই।

শ্রীঅনঙ্গ মোহন দাস :

জেলা উন্নয়ন পর্ষৎ যে প্রায়রিটি লিস্ট করে, যতগুলি রাস্তা তৈরী করেন, প্রায়রিটি লিস্ট আপনারা কি মান্য করেন, না পাল্টা পাল্টি করেন।

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

প্রায়রিটি লিস্ট সাধারণত মান্য করা হয়, কিন্তু যদি কোন ক্ষেত্রে প্রয়োজন হয়, তাহলে একটু পাল্টা পাল্টি করা হয়।

শ্রীঅনন্ত মোহন দাসঃ

মেদিনীপুর জেলার উন্নয়ন কমিটি ৫৫টি রাস্তার সুপারিশ করেছিলেন, তার মধ্যে আপনারা কতটা রাস্তা গ্রহণ করেছেন ?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

মেদিনীপুর জেলার প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার স্পীল ওভার রাস্তা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা ধরেছি ২৭টি আর নূতন রাস্তা আমরা গ্রহণ করব বলে স্থির করেছিলাম ৩৬টি।

শ্রীঅনন্ত মোহন দাসঃ

মেদিনীপুর জেলায় প্রথম পরিকল্পনায় এবং দ্বিতীয় পরিকল্পনায় কতগুলি রাস্তা শেষ হয় নি?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

প্রথম এবং দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যেগুলো নেওয়া হয়েছিল, তার প্রত্যেকটি কাজ শেষ হয়েছে, দু একটি সামান্য বাকি থাকতে পারে। গোপীবল্লভপুর এবং নয়নগ্রামে রাস্তার একটা পুল বাকি আছে আর খালের উপর দুটো পুল বাকি আছে। আর পটাশপুর বাহুচকে কিছুটা কাজ বাকি আছে। আর খেজুরীহেড়িয়া রাস্তার ৫০ ভাগ কাজ শেষ হয়েছে। বাকি জমির পজেশন পাওয়া যায় নি।

শ্রীঅনন্ত মোহন দাসঃ

আপনাদের পরিকল্পনার কাজ কিছু বাকি রয়ে গেল, আবার দ্বিতীয় পরিকল্পনায় কিছু রাস্তা আরম্ভ করলেন, আবার তৃতীয় পরিকল্পনায় যে রাস্তাগুলি নিলেন, তাও কিছু বাকি থেকে গেল। অর্থাৎ, প্রথম এবং দ্বিতীয় পরিকল্পনার কাজ কিছু বাকি থেকে গেল। আবার তৃতীয় পরিকল্পনায় আপনারা নূতন রাস্তার কাজ নিলেন। এই রকম করে কেন আপনারা করছেন? যে কাজগুলি প্রথমে ধরেছেন, সেইগুলি শেষ করা উচিত ছিল, তা না শেষ করে পরে পরে নূতন রাস্তা নিয়ে কেন গোলমালের সৃষ্টি করছেন?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

আপনাকে বুঝিয়ে দিচ্ছি। প্রথম পরিকল্পনায় যে টাকা ধরা থাকে, প্রায় তার দ্বিগুণ রাস্তা আমরা গ্রহণ করি। ধরুন, পরিকল্পনায় ২১ কোটি টাকা আমাদের ধরা ছিল, ৪২ কোটি বা ৪৫ কোটি টাকার রাস্তা আমরা নিই কারণ অনেক সময় এমন হয় যে, ২১ কোটি টাকার মধ্যে আমরা যে সকল রাস্তা করব বলে স্থির করেছিলাম, তার হয়ত অনেক স্থানে জমির পজেশন পেলাম না এবং অনেক স্থলে অ্যালাইনম্যান্টের প্রশ্ন নিয়েও হাইকোর্টে বিবাদ উপস্থিত হলো। এই জন্য আমরা ঠিক সময়মত কাজে এগোতে পেলাম না। পজেশন না পাওয়ার জন্য অনেক রস্তার কাজ শেষ হয় না। সেইজন্য একসঙ্গে সব শেষ হয় না। যেগুলি পজেশন পেলাম, সেগুলির কাজ করলাম। এইরকমভাবে নানা রকম বাধা বিপত্তি আসার জন্য এবং স্থানীয় অধিবাসীর কাছ থেকে আপত্তির জন্য অ্যালাইনম্যান্ট নিয়ে, যাতে আমাদের টাকা খরচ বন্ধ না হয়, এইজন্য আমরা বেশী বেশী রাস্তা ধরে কাজ আরম্ভ করি।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ

মন্ত্রিমহাশয় বললেন যে, জেলা উন্নয়ন কমিটি আছে, সেই কমিটির সুপারিশগুলি সাধারণত মানা হয়। তবে কোন কোন ক্ষেত্রে মানা হয় না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে প্রশ্ন করছি, জেলা উন্নয়ন কমিটি থেকে যে সুপারিশ আসে তার যেগুলি আপনারা মানবেন না, সেগুলি কি ফের সেখানে রেফার করা হয় যে কেন মানা হচ্ছে না অথবা এক্স পার্টি করা হয়?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

আমরা তাঁদের জানাই না, আমরা সাধারণত তাঁদের কাছ থেকে রেকোমেন্ডেশান চাই, তারপর আমরা বিবেচনা করে দেখি কোনগুলি নেওয়া সম্ভব আর কোনগুলি নেওয়া সম্ভব নয়। যেমন মেদিনীপুর জেলা থেকে ৫৫টা রাস্তার নাম পাঠিয়ে দিয়েছিলো, কিন্তু ৫৫টা রাস্তা আমাদের তৈরী করতে হলে যে পরিমাণ অর্থের দরকার, সেই পরিমাণ অর্থ আমাদের ছিল না।

শ্রীঅবনী কুমার বসুঃ

মাননীয় সদস্য শ্রীঅনঙ্গ দাস যে প্রশ্ন করলেন যে দেরী হচ্ছে, প্রথম পরিকল্পনা দ্বিতীয় পরিকল্পনা এবং তৃতীয় পরিকল্পনার কাজে আমি মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন রাখছি তিনি কি অবগত আছেন যে, বহু জমি দখল হয় নি ল্যান্ড এ্যাকুজিশন হয় নি বলে রাস্তাগুলির কাজ পিছিয়ে যাচ্ছে?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

জমি দখল না পেলে আমরা তো রাস্তার কাজ করতে পারি না।

শ্রীঅবনী কুমার বসুঃ

মন্ত্রিমহাশয় কি জানেন যে, জমি দখল যাঁরা দেবেন, সেখানে ল্যান্ড এ্যাকুজিশন ক্যালেকটারের অফিসে লোক না থাকার জন্য এই কাজ বন্ধ হয়ে যাচ্ছে বছরের পর বছর ধরে?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

ল্যান্ড এ্যাকুইজিশন ক্যালেকটারের অফিসের খবর আমি বলতে পারব না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ

মন্ত্রিমহাশয় কি এখন জানাবেন সীমান্তের সড়কগুলি যেগুলি পাক বর্ডারে রয়ে গিয়েছে নদীয়া এবং মুর্শিদাবাদ প্রভৃতি জায়গায় এই সমস্ত গুরুত্বপূর্ণ সড়কগুলি এবার টেক আপ করবার কোন ব্যবস্থা হচ্ছে কিনা?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

এটা মেদিনীপুর জেলা সম্পর্কে প্রশ্ন। মেদিনীপুর জেলার কোন জায়গায় কোন সীমান্ত নেই।

শ্রীবলাই লাল দাস মহাপাত্রঃ

মন্ত্রিমহাশয় কি বলবেন, তিনি বললেন জেলা উন্নয়ন পর্ষৎ যেগুলি সুপারিশ করেন, তার মধ্যে কিছু পরিবর্তন করেন এবং এও বলেছেন যে তাঁরা ৫৫টা রাস্তার নাম পাঠিয়েছিল, তার মধ্যে ২০টা নিয়েছেন, আর্থিক অবস্থা দেখে, আমার প্রশ্ন হচ্ছে এই যে তাঁরা যে প্রায়রিটি লিস্ট তৈরী করে দেন, তার মাঝখানে আপনারা কোন পরিবর্তন করেন কিনা এবং যদি করেন কি কি কারণে করেন?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

প্রায়রিটি লিস্ট আমাদের পরিবর্তন করতে হয় এইজন্য মেদিনীপুর জেলার প্রথম রাস্তাটি যে সাব ডিভিশনে দ্বিতীয় রাস্তাটি হয়ত সেই সাব ডিভিশনে তৃতীয়টি হয়ত একই সাব ডিভিশনে এই তিনটে রাস্তা যদি নিতে যাই, তাহলে আমাদের যে টাকা আছে, তাতে অন্যান্য সাব ডিভিসানের রাস্তা নেওয়া সম্ভব হয় না। সেজন্য প্রতিটি সাবডিভিসানের রাস্তা যাতে ঠিকমত নিতে পারি তার জন্য আমাদের পরিবর্তন করতে হয়।

শ্রীবলাই লাল দাস মহাপাত্রঃ

আপনি বললেন যে, আপনারা এখানে বিবেচনা করে দেখবেন যে কোনটা করা দরকার। আমার বক্তব্য হচ্ছে এই যে, সেখানকার জেলার বিভিন্ন মহকুমা সদস্যরা থাকেন, তাঁরা বিবেচনা করে দেখেন যে কোন রাস্তাটা আগে হওয়া দরকার এবং সেই অনুযায়ী প্রায়রিটি সাজিয়ে দেন।

ক্ষেত্রে তাঁদের সুপারিশকে মেনে না নিয়ে, আপনারা নিজেরা ইচ্ছামত যে করেন এর কারণ কি?

খগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

আমি তো পূর্বেই বলেছি আমাদের দেখতে হয় মেদিনীপুর জেলায় ৫টা কি ৬টা সাব ডিভিসন আছে, প্রতিটি সাব ডিভিসনে যাতে রাস্তা দিতে পারি এটা লক্ষ্য রাখতে হয় এবং প্রোপরসানেটলি সাব ডিভিশনে যাতে রাস্তা উন্নয়নের কাজ চলে সেটা দেখতে হয়। যদি এমন সুপারিশ আসে যে একটা সাব ডিভিসনে সব রাস্তা করতে হবে, তাহলে সেই সুপারিশ আমাদের পক্ষে মেনে করা কঠিন।

[1-30—1-40 p.m.]

অবনী কুমার বসুঃ

আপনি বললেন ল্যান্ড একুইজিসান কালেকটারের অফিসে পড়ে থাকে কিনা জানি না। আমি জানি করছি বছরের পর বছর ল্যান্ড একুইজিশান কালেকটরের অফিসে কানুনগো বা অন্যান্য স্টাফ অফিসার না থাকার জন্য এ রাস্তাগুলি বিলম্বিত হচ্ছে এটা কি অনুসন্ধান করবেন।

Mr. Speaker: That is a request for action.

Cultivable lands of tea-gardens

***187.** (Admitted question No. *1080.) **Shri Sanat Kumar Raha:**

ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে চা-বাগানের মালিকদের কত জমিতে চায়ের চাষ হয়?

(খ) ইহা কি সত্য যে চা-বাগানের মালিকদের অধীনে আবাদযোগ্য বহু জমি পতিত পড়িয়া আছে; এবং

(গ) সত্য হইলে, এইরূপ জমির পরিমাণ কত?

শ্যামাদাস ভট্টাচার্যঃ

(ক) ১,৯৯,৮২১·৬৮৭৮ একর।

(খ) হ্যাঁ।

(গ) জমির পরিমাণ সঠিক বলা সম্ভব নহে।

সনৎকুমার রাহাঃ

আপনি খ প্রশ্নের উত্তরে বললেন হ্যাঁ এবং তারপর বললেন জমির পরিমাণ সঠিক বলা সম্ভব নয়। বর্তমানে এই পতিত জমি উদ্ধার করবার জন্য সরকার আগ্রহ প্রকাশ করেছেন অথচ এর পরিমান সরকারের জানা নেই। আমার বক্তব্য হচ্ছে এই যে, বিরাট জমি চা বাগানের মালিকদের অধীনে পড়ে আছে সেটা উদ্ধার করবার জন্য সরকার কোন কিছু ব্যবস্থা করছেন কিনা?

শ্যামাদাস ভট্টাচার্যঃ

১৩১টা চা বাগান আছে, তার জমির পরিমাণ হল ৪ লক্ষ ৮০ হাজার একর। এর মধ্যে চাষ হয়ে ২ লক্ষ একর। বাকি যা জমি আছে সেকশন ৬(৩) প্রয়োগ করে আমরা তা রিজিউম করছি এবং অবিলম্বে জমির যে লেবার কোয়ার্টার্স ক্ষেতি জমি যা চা বাগান নিজস্ব চাষ করে এরূপ অনেক জমি আছে যা আনকালচারেবল ওয়েস্ট আছে এবং হাসপাতাল আছে, স্কুল আছে, শ্রমিকদের বাসগৃহ এ ধরনের জমি আছে। তাছাড়া অনাবাদী জমি আছে সেই অনাবাদী জমি পাবার পর আমি যেটা আমার ফাইল-এ দেখলাম এই আনকালচারেবল ওয়েস্ট অনেক ক্ষেতি জমি আছে।

আমি সেইজন্য এই প্রশ্নের উত্তরে হ্যাঁ বলেছি, কারণ হচ্ছে এই যে পরিমাণ জমি ঐ আনকালচারেবল ওয়েস্ট জমি তার সবটাই কালচারেবল করা যায় সেটা স্বীকার করি না। আমার মনে হয় বর্তমানে সে সমস্ত জমিতে চাষ করা উচিত। সেজন্য প্রশ্ন উত্তরে সম্মতিসূচক উত্তর দিয়েছি এবং আমি ইতিমধ্যে চা বাগানে অ্যাসোসিয়েশানের কাছে লিখেছি তারা যে সমস্ত পতিত জমি আন-কালচারেবল ওয়েস্ট বা কালচারেবল ওয়েস্ট আছে তাতে যেন চাষ করবার ব্যবস্থা করেন। একটা প্রশ্ন হতে পারে যদি না চাষ করেন তা হলে সেকসন ৬(৩) তাদের উপর প্রয়োগ করে তাদের কাছ থেকে জমি নিতে পারা যায়। আমি একটা কথা বলতে চাই যে এ বৎসর সেই জমি নট নেসেশারি ফর রিকোয়ারমেন্টস অব দি টি গার্ডেনস—এটা মাননীয় সদস্যদের বলি, আমি আশা করি এরা সেটা স্বীকার করে নেবেন। এই বৎসর যদি কোন জমি পড়ে থাকে, চেষ্টা করলে কিছু মূলধন নিয়োগ করলে যদি চাষ হতে পারে তাহলে তাতে নিশ্চয়ই চাষ করা উচিত। তাহলে আনকালচারেবল ওয়েস্ট এ্যান্ড কালচারেবল ওয়েস্ট কতটা কি [illegible] করা যায়।

শ্রীসনৎকুমার রাহা:

আমার প্রশ্ন হচ্ছে, এই জমিগুলিকে অর্থাৎ আনকালচারেবল ওয়েস্ট-এর যাতে তাড়াতাড়ি ব্যবস্থা করা যায়, সরকার থেকে চা বাগানের সিলিং করে সরকার দয়া করে সেখানকার চাষীদের তা দেবার প্রস্তাব বিবেচনা করছেন কিনা?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

এস্টেট এ্যাকুইজিশান অ্যাক্ট-এ সেকশন ৬(৩) ধারা অনুসারে আমরা প্রত্যেক চা বাগানের মোট জমির পরিমাণ দেখে সে বাগানে কি পরিমাণ জমি আছে তা দেখে এবং তার প্রয়োজন দেখে যদি সেই জমি বাড়তি বলে মনে হয় তাহলে সেটা গ্রহণ করি। অনেক জায়গায় চা বাগান টি-বোর্ড-এর কাছ থেকে সম্মতি নিয়ে এসেছে আরও কিছু জমি নিয়ে রেখে যে পরিমাণ জমিতে চাষ হয় সেই জমি বাড়াবার বা সম্প্রসারণ করবার চেষ্টা করছেন। মাননীয় সদস্যগণ জানেন যে এ জমির পরিমাণ বাড়াবার চেষ্টা করা হচ্ছে। টি বোর্ড বা গভর্নমেন্ট অফ ইন্ডিয়া যদি বলেন যে আমাদের চা বাগান সম্প্রসারনের জন্য দরকার তাহলে, আমরা ছেড়ে দেবো। কিন্তু সম্প্রসারনের নামকরে যদি ফেলে রাখা হয়, যে ২।৩ বৎসর পরে চা বাগান করবো সেটা আমরা নিশ্চয়ই চাই না। সেখানে নিশ্চয়ই কোন ফসল ফলাতে পারা যায়। যদি তা না করেন তাহলে সেকশন ৬(৩) সম্পর্কে জমি ছাড় হয়ে যাবে এটা স্বীকার করিনা।

শ্রীভদ্রবাহাদুর হামাল:

ওরা নূতন গাছ লাগাবে বলে যে জমি রেখে দিয়েছে সেসব ভাল জমি। সেই ভাল জমি যাতে অন্য লোকের হাতে না যায় সেজন্য তারা এটা রেখে দিয়েছে। কিন্তু সেখানে অনেক বছর ধরে চা গাছ করছেনা। এই রকম জমির পরিমান দার্জিলিং ডিস্টিক্ট-এ প্রায় ৩০।৪০ হাজার একর। এছাড়া ১½ মাইল নীচে ভেস্টেড জমি তাদের কিছু আছে, সেখানেও ভাল চাষ করা যায়। তারা ২ বছর করে নূতন গাছ করছে, আর এক বছর করে রেখে দিচ্ছে এরা ২।৩।৪টি করে পুরানো গাছের জায়গায় নূতন গাছ করছে সেজন্য বলছিল ঐ জমি যদি ভেষ্ট করেন তাহলে অনেক ফসল হতে পারে যাই হোক আমি যদি এনকোয়ারী করে হিসাব দিই যে কোথায় কোথায় জমি আছে তাহলে আপনি কি বিষয়টা কনসিডার করবেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

আপনি যদি অনুগ্রহ করে জানান যে এইসব জমি পতিত জমি আছে যেখানে চাষ হতে পারে তাহলে আমরা নিশ্চয় সেটা দেখব। তবে যদি কোন জায়গায় টি বোর্ড ছাড় দেয়, কিন্তু যদি দেখি যে জমি অনেক দিন ধরে পতিত হয়ে আছে তাহলে নিশ্চয় আমরা প্রস্তাব করব, আইন প্রয়োগ করব এবং বাধ্য করাব সেখানে যেন চাষ করায়। শুধু মূলধনের ভয়ে বা শ্রমিক নিয়োগের ভয়ে চাষ করা হচ্ছেনা এই রকম জমি সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করার জন্য আমরা একটা প্রস্তাব নিয়ে মাননীয় সদস্যদের কাছে উপস্থিত হতে পারি।

শ্রীননী ভট্টাচার্য :

আপনি আবাদযোগ্য জমির পরিমানের কথা বলতে পারবেন না, কিন্তু আবাদী জমি যেগুলিতে চা হয় না সেই জমির পরিমাণ কত?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য্য :

আমি দেখতে পাচ্ছি মোট প্রায় ৪ লক্ষ ৮০ হাজার একর জমি, তার মধ্যে ৭১ হাজার একর জমি ক্ষেতী জমি বলে রাখা আছে, এই জমিতে চাষবাস হয় বলে জানা নেই।

শ্রীননী ভট্টাচার্য :

৭১ হাজার ক্ষেতী জমি বলে রেকর্ডে আছে। সেই ৭১ হাজার ক্ষেতী জমির মধ্যে কি পরিমাণ জমি ৬(৩) অনুসারে এনকোয়ারী করে খাসে নিয়ে এসেছেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য :

সেটা বলতে পারব না, তবে মোট ২৭ হাজার একর রিজিউম করার অনুমতি দিয়েছি। কিন্তু সমস্ত চা বাগানে এনকোয়ারী শেষ হয় নি।

শ্রীননী ভট্টাচার্য :

আপনি কি বলবেন যে, এই ক্ষেতী জমির মধ্যে অনেক জমি ফরেস্টের হাতে তুলে দেওয়া হয়েছে, এ্যাফরেস্টেশন-এর জন্যই গ্রো মোর ফুড ক্যাম্পেনিং-এর আনুসঙ্গিক অনুসারে বলেছেন যে, অনাবাদী, পতিত জমিতে ধান যাতে তৈরী হয় তারজন্য তাদের সঙ্গে কথাবার্তা বলবেন। সেজন্য বলছি যে ফরেষ্ট-এর হাতে কি পরিমান জমি দিয়েছেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য :

ক্ষেতী জমি বলে বর্ণিত জমির মধ্যে কত ফরেস্ট দিয়েছি তা বলতে পারব না। ক্ষেতী জমি যদি এ্যাফরেস্টেশন-এ চান তাহলে আমরা দিই, না হলে দিই না।

শ্রীননী ভট্টাচার্য :

চ্যাংমারীতে যে সমস্ত উদ্বৃত্ত জমি ৬(৩) অনুযায়ী এনকোয়ারীর পর উদ্বৃত্ত বলে ঠিক হল এবং ১০(২) ধারা মতে গভর্নমেন্ট নিজে হাতে নিলেন এবং তারপর ফরেস্ট-এর হাতে হস্তান্তর করা হল তারপর রেড ব্যাঙ্ক বলে একটা চা বাগানকে দেওয়া হয়েছে এটা কি জানেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য :

চ্যাংমারীতে ১৭০০ একর না, ২ হাজার একর আমরা পেয়েছিলাম সেই জমিতে একটা নূতন চা বাগান করার অনুমতি দেওয়া হয়েছে।

[1-40—1-50 p.m.]

শ্রীননী ভট্টাচার্য্য :

চ্যাংমারী চা বাগান এলাকায়, ঐযে ১৭শো একর জমি, সেটা খুব গুরুত্বপূর্ণ জমি, এইজন্য যে সেই জমির মধ্যে বহু লোক বাস করতো এবং চাষ করতো, বাগানের আত্মীয়-স্বজনেরা তো বটেই গ্রামাঞ্চলের চাষীরাও। সেই জমিটা শেষ পর্যন্ত ফরেস্ট-এর হাতে দেওয়া হল, তারপর হাতি দিয়ে সেখানকার সমস্ত ঘরবাড়িগুলো ভেঙ্গে দেওয়া হল। তারপর সেই সমস্ত জমি রেড ব্যাঙ্ক-এর হাতে ট্রান্সফার করে দেওয়া হল। সেই জমির বর্তমান অবস্থাটা কি, মাননীয় মন্ত্রিমহাশয় খোঁজ নেবেন কি?

সেই জমির বর্তমান অবস্থাটা কি, মাননীয় মন্ত্রিমহাশয় খোঁজ নেবেন?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য :

কথাটা ঠিকই। কিন্তু, মাননীয় সদস্য কি এটা ভেবে দেখবেন না যে আমরা মূল প্রশ্ন থেকে অনেক দূরে চলে গিয়েছি।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :

মাননীয় মন্ত্রিমহাশয় শ্রীহামালের প্রশ্নের জবাবে বলেছিলেন যে, চা বাগানের আবাদযোগ্য পতিত জমি পড়ে আছে বোঝাতে পারলে, সেগুলি চাষ করাবার জন্য ব্যবস্থা করে দেবেন। আমার প্রশ্নটা হচ্ছে, এই টি বোর্ডের অনুমোদনক্রমে চা বাগান যে সমস্ত জমি হাতে নিয়েছে, তার মধ্যে যে সমস্ত আবাদ যোগ্য জমি পড়ে রয়েছে, সেগুলি সরকারের হাতে নেবার জন্য, আইন সংগত অধিকার কি মন্ত্রীসভার হাতে আছে?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য :

আপাতত আমার যতদূর মনে হচ্ছে, আমি এমন কোন আইন দেখতে পাচ্ছি না, যাতে তাদের জোর করতে পারি, জোর করে তাদের চাষ করাতে পারি। সেইজন্য আমি বলেছিলাম যে, যদি প্রয়োজন হয়, তাহলে এই সম্পর্কে একটা আইনের প্রস্তাব এখানে আপনাদের কাছে উপস্থিত করতে পারি।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী :

যেখানে আবাদযোগ্য পতিত জমি আছে, অথচ এক্সজিস্টিং আইনে, তাদের বাধ্য করতে পারছেন না সেখানে কোন জরুরী আইন করার প্রয়োজনীয়তা সরকার অনুভব করছেন কি?

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য :

হ্যাঁ, অনুভব করছি। এই সম্পর্কে একটা প্রস্তাব আমাদের বিবেচনাধীন আছে।

Bustees in Calcutta

*188. (Admitted question No. *1102.) **Shri Nikhil Das:**

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা শহরে বস্তীর সংখ্যা কত এবং এই বস্তীগুলিতে কতলোক বাস করে; এবং

(খ) এই বস্তীগুলির উন্নয়নকল্পে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত :

(ক) কলিকাতা শহরে বস্তীর সংখ্যা ৩,২১৯টি এবং এই বস্তীগুলিতে প্রায় ৬,৮৫,০০০ লোক বাস করেন;

(খ) সরকার কর্তৃক বস্তী উন্নয়নকল্পে এখন পর্যন্ত বিশেষ কোন ব্যবস্থা কার্যকরী করা সম্ভব হয় নাই। ১৯৫৮ সালের কলিকাতা বস্তী অপসারণ ও বস্তীবাসিদের পুনর্বাসন আইনে বস্তীগুলিকে অপসারণ করিয়া বস্তীর দখল লওয়ার পর উহা প্রয়োজনমত উন্নয়নের ব্যবস্থা আছে। কয়েকটি ক্ষেত্রে এই আইন অনুসারে বস্তী দখলের জন্য নোটিশ জারি করা হইলে সংশ্লিষ্ট ব্যক্তিগণ হাইকোর্টে আবেদন করেন। ফলে বিষয়টি হাইকোর্টের বিবেচনাধীন রহিয়াছে। অবশ্য অপর কয়েকটি ক্ষেত্রে আইন অনুযায়ী ব্যবস্থা অবলম্বন করা হইতেছে, বস্তীগুলিকে অপসারিত না করিয়া যাহাতে বস্তী উন্নয়ন করা সম্ভব হইতে পারে সেই উদ্দেশ্যে সরকার বর্তমান অধিবেশনে একটি নূতন বিল আনয়ন করিয়াছেন। উহা পাশ হইলে বস্তী উন্নয়নের ক্ষেত্রে সাফল্যের সহিত অগ্রসর হওয়া যাইবে বলিয়া আশা করা যায়।

ডাঃ কানাইলাল ভট্টাচার্য :

এই যে ৭ বছর আগে আইনটা পাশ হয়েছিল মন্ত্রিমহাশয় বললেন, সেই আইনটা প্রয়োগ করতে যাওয়ার জন্য হাইকোর্ট থেকে ইনজাংসন হয়েছিল, সেই ইনজাংশন এখানে আছে, যে জায়গায় ইনজাংশন হয় নাই, সেখানে এই ৭ বছরের মধ্যে বস্তি ইমপ্রুভ করা হয়েছে কিনা?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত ঃ

কতকগুলি জায়গায় ইনজাংশন আছে ঠিক, কিন্তু যেখানে এই ইনজাংশন নাই, সেখানে বস্তি দখলের কাজ চলছে এবং বস্তির যারা অধিবাসী, তাদের জন্য আমরা সংখ্যা ঠিক মনে নাই টেনামেন্ট তৈরী করে রেখে দিয়েছি। কিন্তু বস্তি অপসারণ না হওয়া পর্য্যন্ত ঐ টেনামেন্ট-এর দখল তাদের দিতে পারছি না।

ডাঃ কানাই লাল ভট্টাচার্য্য ঃ

এই রকম কতগুলি টেনামেন্ট তৈরী করেছেন বলবেন কি?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

আমাদের হাউসিং স্কীম থেকে প্রায় এক হাজার, তাছাড়া আমরা ক্যালকাটা ইম্প্রুভমেন্ট ট্রাস্টকে টাকা দিয়েছি তৈরী করবার জন্য, সেও বোধ হয় হাজার খানেক হবে। ঠিক সংখ্যাটা এখন বলতে পারবো না। প্রশ্ন করলে জানাবো।

শ্রীসোমনাথ লাহিড়ী ঃ

আপনি একথা কি বলতে পারবেন যে ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আইন অনুসারে যে টেনামেন্ট তৈরী হয়েছে তাছাড়া এই শ্ল্যাম ক্লিয়ারেন্স অ্যাক্ট অনুসারে একটিও টেনামেন্ট তৈরী হয় নাই গত ৭ বছরে?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত ঃ

হ্যাঁ, অনেক টেনামেন্ট তৈরী হয়েছে।

শ্রীসোমনাথ লাহিড়ী ঃ

কোথায় হয়েছে বলুনতো?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

অনেকগুলি জায়গায় টেনামেন্ট তৈরী হয়েছে এবং সেগুলি অনেক খালি পড়ে আছে।

শ্রীসোমনাথ লাহিড়ী ঃ

কলকাতার একটা জায়গার নাম করুন যেখানে শ্ল্যাম ক্লিয়ারেন্স অ্যাক্ট অনুসারে টেনামেন্ট তৈরী হয়েছে?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্তঃ

মানিকতলায়, বেলেঘাটায় হয়েছে, সেখানে সব খালি পড়ে আছে।

শ্রীমতী ইলা মিত্র ঃ

আইন হচ্ছে যে বস্তি উচ্ছেদের নোটীশ তাদেরকে দেবেন বিকল্প বাসস্থান তাদের জন্য তৈরী করে, যাতে তারা বস্তি ছেড়ে নূতন বাড়িতে গিয়ে উঠতে পারে। অথচ এমন অনেক উদাহরণ আছে যে বস্তি উচ্ছেদের নোটীশ কালেক্টর থেকে দেওয়া হচ্ছে, কেউ খবর জানে না যে বিকল্প বাসস্থান খালি পড়ে আছে যেখানে তারা গিয়ে উঠতে পারে। আপনি বলছেন মানিকতলা ও বেলেঘাটায় তাদের জন্য তৈরী বাড়ী খালি পড়ে আছে। অথচ তারা সেখানে যেতে পারছেনা। এ ব্যাপারটা কি?

শ্রীখগেন্দ্রনাথ দাসগুপ্ত ঃ

আগে সেখানে আমরা বাড়ী তৈরী করেছি তারপরে তাদের নোটীশ দিয়েছি, যাতে আমরা তাদের বাড়ী দিতে পারি। নোটিস দেওয়া সত্ত্বেও [illegible] সে বাড়ীতে আসছে না।

শ্রীমতী ইলা মিত্রঃ

আপনারা সেখানে হোমগার্ড ঢুকিয়ে রেখেছেন বলে তারা সেই বাড়ীতে যেতে পারছে না। অথচ আপনারা উচ্ছেদের নোটীশ দিচ্ছেন। পুলিস গিয়ে বার বার তাদের হুমকী দিচ্ছে। তারা গিয়ে আমার কাছে বলছে। আমি তাদের বলে দিয়েছি পুলিস এলে ফোন করো আমি যাবো।—এ ছাড়া আর আমি কি করতে পারি?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

এরকম সংবাদ আমার জানা নাই। যে বাড়ীগুলিতে বস্তিবাসীরা যাচ্ছে না বলে খালি পড়ে আছে, হয়ত আপাততঃ সেই বাড়ীগুলি হোমগার্ডদের দেওয়া হতে পারে।

শ্রীমতী ইলা মিত্রঃ

একথা কি আপনি জানেন [illegible] জন্য যে বাড়ী তৈরী হলো, সেই বাড়ীর ভাড়া প্রায় ১৬ টাকা ওয়ান রুম ফ্লাট, [illegible] জন্য নির্মিত বাড়ী তাদের দেওয়া হচ্ছে না বিকল্প বাসস্থান হিসেবে, যদিও তাদের উপর উচ্ছেদের নোটীশ দেওয়া হয়েছে, সেই বাড়ীগুলো এখন লোয়ার ইনকাম গ্রুপের লোকদের ৪৭ টাকায় ভাড়া দেওয়া হলো, এতে সরকারের লাভ হলো, একথা কি জানেন?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

না।

শ্রীমতী ইলা মিত্রঃ

আমি নিজে গিয়ে সমস্ত কাগজপত্র আপনাকে দেব এবং সেই বাড়ী আপনাকে দেখিয়ে আনবো। তাহলে কি আপনি ব্যবস্থা করবেন?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

নিশ্চয়ই।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ

একথা কি সত্য ইম্প্রুভমেন্ট ট্রাস্ট অ্যাক্ট অনুসারে যে বস্তি অপসারণ করেছেন গত ৭ বছরে, সেই তুলনায় বস্তি অপসারণ আইন অনুসারে বস্তি অপসারণ কম হয়েছে?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

একথা সত্য।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ

তার কারণ কি?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

বস্তি অপসারণ আইন অনুসারে ব্যবস্থা হচ্ছে এই, কোন বস্তিবাসীকে সরাতে হলে আগে আমাদের তাদের জন্য বিকল্প বাসস্থান তৈরী করতে হবে, তারপর তাদের সরাতে পারবো এবং বস্তি আমরা দখল নিতে পারবো। কিন্তু ইম্প্রুভমেন্ট ট্রাস্ট-এর সুবিধা হচ্ছে এই তাঁরা কোথাও অনেকগুলি বাড়ি তৈরী করলেন, বিভিন্ন বস্তি থেকে তাদের নিয়ে ভাড়া দিলেন সেখানে বস্তির লোকেরা ভাড়া নিয়ে বসবাস করতে পারলেন। কিন্তু আমরা তা পারি না।

[1-50—2 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ীঃ

প্রশ্ন হচ্ছে এই যে, আপনি কারণটা বললেন তা ছাড়া ইম্প্রুভমেন্ট ট্রাস্ট আইন অনুসারে আপনি বলেছেন যে সুবিধা আছে। আমি জিজ্ঞাসা করছি, ইম্প্রুভমেন্ট আইন অনুসারে করলে বস্তিবাসীদের অলটারনেটিভ এ্যাকোমডেশান একদম কাছাকাছি পাওয়ার কোন [illegible] অধিকার

নেই, এই হচ্ছে এক নম্বর, দুই নম্বর হচ্ছে স্লাম ক্লিয়ারেন্স এ্যাক্ট অনুসারে উচ্ছেদ করতে হলে জমিদারকে যে ক্ষতিপূরণ দিতে হয়ে, ইমপ্রুভমেন্ট ট্রাস্ট আইন অনুসারে তার চেয়ে অনেক বেশী ক্ষতিপূরণ দিতে হয়। সেখানে বস্তিবাসীদের অসুবিধা এবং জমিদারদের সুবিধা সেই আইন আপনারা বেশী প্রয়োগ করেন এবং যেখানে বস্তিবাসিদের একটু সুবিধা হয় এবং জমিদারদের অসুবিধা হয় সেই আইনটা কম প্রয়োগ করেন এর কারণ কি?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

একথা সত্য নয়। বস্তি অপসারণ যে আইন আছে সেই আইনে কোথায়ও অনকেগুলি ঘর তৈরী করে বিভিন্ন বস্তির লোককে সেখানে ভাড়া দিতে পারি। ধরুন একটা বস্তি ঠিক করলাম যে এই বস্তিটা অপসারণ করা হবে, সেই বস্তির যে আধিবাসী তাদের বিকল্প বসবাসের ব্যবস্থা করে দিয়ে সেই বস্তির অধিবাসীকে আমরা সেখানে সরিয়ে নিয়ে গেলাম তারপরে সেই বস্তিটি দখল করলাম।

শ্রীঅমরেন্দ্র নাথ বসুঃ

মাননীয় মন্ত্রিমহাশয় জানিয়েছেন যে প্রায় ৭ লক্ষ লোক এখনও বস্তিতে বাস করে। তিনি কি বলবেন এই আইন যখন পাশ হয়েছিল, তখন যে সংখ্যক লোক বস্তিতে বাস করতো এখন কি তার চেয়ে কম লোক বাস করছে?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

তখন কত লোক বাস করতো আর এখন কত লোক বাস করছে তার হিসাব আপনাকে আমি দিতে পারবোনা।

শ্রীঅবনী কুমার বসুঃ

মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টকে স্লাম ক্লিয়ারেন্স অ্যাক্ট অনুসারে টেনামেন্ট করার জন্য দুটো স্কীম দেওয়া হয়েছিল। যেখানে কোন মামলা বা মোকদ্দমা ছিল না সেখানে কোন ব্যবস্থা আজ পর্যন্ত কেন গ্রহণ করা হয়নি?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

এ খবর আমার জানা নেই।

শ্রীহেমন্ত কুমার বসুঃ

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, কতকগুলি বস্তি থেকে [illegible] অপসারণ করা হয়েছে এবং তার উন্নয়নের জন্য ব্যবস্থা করা হয়েছে স্লাম ক্লিয়ারেন্স এ্যাক্ট অনুসারে?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

৭টি বস্তি সম্পূর্ণ দখল নেবার জন্য আমরা নোটিশ দিয়েছিলাম।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবায়দুল গণিঃ

স্যার, আমি একটি স্পেসিফিক প্রশ্ন করছি, ছাতু বাবু লেনের ২নং বস্তির উপর গত দাঙ্গায় ২।৩ মাসের মধ্যে আপনারা নোটিশ দিয়েছিলেন ঐ বস্তি এ্যাকোয়ার করে দালান বাড়ী করবেন বলে কিন্তু তার খুব কাছেই বেচু লাল রোডে খালি টেনামেন্ট ছিল সেখানে তাদের না দিয়ে বেলেঘাটায়, না কোথায় যাবার জন্য নোটিশ দিয়েছিলেন, তারা যায়নি কেন?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

না, এটা সত্য নয়।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবায়দুল গণিঃ

তাহলে যায়নি কেন?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

পারেনি নানা কারণে। তারা ভেবেছে যদি না যাই তাহলে সরকার ভাড়া কমিয়ে দেবে, আমরা যা ভাড়া স্থির করেছি তার চেয়ে আরো কম ভাড়া চায়।

জনাঃ আবু আসাদ মহম্মদ ওবায়দুল গণিঃ

এই রকম কি অভিযোগ পেয়েছিলেন যে ভাড়া দিতে পাচ্ছেনা বলে যাচ্ছেনা?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

তা আমি এখন বলতে পারছিনা, অন্য প্রশ্ন করলে উত্তর দিতে পারবো।

Churni bridge, Bhagirathi bridge and Mahananda bridge

***189.** (Admitted question No. *1130.) **Shri Barendra Krishna Bhowmick:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা হইতে আসাম পর্যন্ত যে জাতীয় সড়ক ৩১নং ও ৩৪নং গিয়াছে তাহার মধ্যে রানাঘাটের চুর্ণী সেতু বহরমপুরের ভাগীরথী সেতু ও মালদহে মহানন্দা সেতুর নির্মাণ কার্য কতদূর অগ্রসর হইয়াছে এবং কতদিনে এই তিনটি সেতুর নির্মাণ কার্য সম্পূর্ণ হইবে।

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

রানাঘাটে চুর্ণীর উপর সেতু নির্মাণের কাজ শেষ হইয়া গিয়াছে, এখন সেতুর দুই দিকে এ্যাপ্রোচ রোড নির্মাণের কাজ চলিতেছে, আগামী বর্ষার পূর্বেই ঐ অ্যাপ্রোচ রোডগুলি নির্মিত হইয়া যাইবে বলিয়া আশা করা যায়।

বহরমপুরে ভাগীরথী সেতুটি আগামী বৎসর বর্ষার পূর্বেই শেষ হইবে বলিয়া আশা করা যায়। সেতুর মধ্যবর্তী যে অংশটি বাকি আছে এখন তাহার কাজ চলিতেছে।

মালদহে মহানন্দা সেতুটি নির্মিত হইয়া গিয়াছে এবং তাহার উপর দিয়া যানবাহন চলাচল করিতেছে।

শ্রীমনোরঞ্জন রায়ঃ

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, বহরমপুরের ঐ সেতুটি তৈরী করার পর মাঝখানে ভেঙ্গে গিয়েছিল কোন সালে এবং যেটুকু ভেঙ্গে গিয়েছিল সেটা জোড়া দিতে কত সময় লেগেছিল?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

ভাগীরথীর উপর যে সেতুটি নির্মিত হচ্ছিল তার একটা অংশ নির্মাণকালে ভেঙ্গে পড়েছিল এবং সে সম্পর্কে তদন্তের জন্য একটি বিশেষজ্ঞ কমিটি নিযুক্ত করা হয়েছিল। সেই বিশেষজ্ঞ কমিটির রিপোর্ট এখনও আমরা পাইনি।

শ্রীমনোরঞ্জন রায়ঃ

কোন সালে ভেঙ্গেছিল এবং সেটা মেরামত করতে কত বৎসর লাগলো?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

মেরামত করার প্রশ্ন আসেনি, যেটা ভেঙ্গে পড়েছিল সেটা নূতন করে তৈরী করতে হয়েছে।

শ্রীমনোরঞ্জন রায়ঃ

স্যার, আমার প্রশ্ন হচ্ছে কোন সালে ওটা ভেঙ্গে পড়েছিল এবং তারপর ওটা জোড়া দিতে কত বছর আপনার ডিপার্টমেন্ট নিয়েছে?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

গত বছরের আগের বছর বর্ষাকালে এটা ভেঙ্গে পড়েছিল এবং ভেঙ্গে পড়ার পর যে অংশটা ভেঙ্গে পড়েছিল সেটা মিলিটারি দিয়ে উড়িয়ে দিয়ে নূতন করে কাজ আরম্ভ করতে অনেক সময় গিয়েছিল।

শ্রীসনৎকুমার রাহাঃ

বহরমপুরে সেতুর উপর দিয়ে যানবাহন চলবে কবে?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

ফেব্রুয়ারী থেকে এপ্রিলের মধ্যে আশা করছি।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারীঃ

মাননীয় মন্ত্রিমহাশয় একথা জানেন কি, এই সেতুর যে অংশটা ভেঙ্গেছিল সেই অংশটা সারাবার জন্য আজ পর্যন্ত দু বছর লেগেছে, আর কতদিন লাগবে?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

এর যে অংশটা ভেঙ্গে পড়েছিল তা সরিয়ে দেওয়া হয়েছে।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারীঃ

কবে সারিয়ে দেওয়া হয়েছে?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

অনেক দিন হল।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারীঃ

স্যার, এই রিপোর্ট কন্ট্রাডিক্ট করছে।

(নো রিপলাই)

শ্রীমনোরঞ্জন রায়ঃ

এই সেতু যে কন্ট্রাক্টার নির্মাণ করেছিলেন, ভেঙ্গে পড়ার পর সেই কন্ট্রাক্টারই কি নির্মাণ করে দিয়েছে?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

হ্যাঁ, সেই কন্ট্রাক্টারই নির্মাণ করেছেন এবং সেই কন্ট্রাক্টার একটা ভারত বিখ্যাত ফার্ম, অনেক বড় বড় সেতু তারা নির্মাণ করেছে।

শ্রীমনোরঞ্জন রায়ঃ

সেই সেতু কেন ভেঙ্গে গিয়েছিল সেটা কি তদন্ত করেছেন?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

কি কারণে ভেঙ্গে গিয়েছিল সেটা দেখবার জন্য আমি পূর্বেই বলেছি একটা বিশেষজ্ঞ কমিটি নিযুক্ত করা হয়েছে, তাঁরা এ সম্পর্কে তদন্ত করছেন এবং তাঁদের তদন্তের রিপোর্ট এখনও পর্যন্ত আমরা পাইনি।

শ্রীমনোরঞ্জন রায়ঃ

তদন্ত শেষ হবার আগেই আবার কেন সেই কন্ট্রাক্টারকে দিলেন?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্তঃ

যে কন্ট্রাক্টার এটা করছেন তিনিই করবেন কারণ এই সেতু নির্মাণের দায়িত্ব তাঁরই উপর।

শ্রীদেবশরণ ঘোষ ঃ

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই কন্ট্রাক্টার আর কতগুলি সেতু এইভাবে ডুবিয়েছে?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্ত ঃ

অন্য কোন সেতু এইভাবে ডুবিয়েছে বলে আমার জানা নেই। এই কন্ট্রাক্টার ভারতবর্ষের মধ্যে একটা বিখ্যাত ফার্ম এবং খুব বড় বড় সেতু এঁরা নির্মাণ করেন।

শ্রীসনৎকুমার রাহা ঃ

বহরমপুরে এই সেতুটি ভেঙ্গে পড়বার পর সেটা পুনরায় নির্মাণ করতে যে খরচ পড়লো সেটা কি সরকার দিয়েছেন, না সেই কন্ট্রাক্টার দিয়েছেন?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্ত ঃ

বিশেষজ্ঞ কমিটি যা স্থির করে দেবেন তার উপর সব নির্ভর করছে। বিশেষজ্ঞ কমিটি যদি মনে করেন যে কন্ট্রাক্টারের দোষে ভেঙ্গে পড়েছে তাহলে কন্ট্রাক্টার খরচ করবেন, আর বিশেষজ্ঞ কমিটি যদি মনে করেন যে সুপারভিষনের দোষে ভেঙ্গে পড়েছে তাহলে এই খরচ সরকার দিতে বাধ্য।

শ্রীসনৎকুমার রাহা ঃ

আপনাদের যে পরিমাণ টাকা ব্রীজের জন্য দেওয়ার কথা ছিল, সেই পরিমাণ টাকা দেওয়ার পর বাড়তি খরচ হয়েছে কিনা?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্ত ঃ

এখনও নির্মানকার্য্য শেষ হয় নি। বাড়তি খরচ নিশ্চয় হবে। এখন সেই বাড়তি খরচটা কে দেবে, সেইটাই এখনও ঠিক হয় নি। তবে এটা বলতে পারি রাজ্য সরকার দেবে না।

শ্রীহরিদাস চক্রবর্ত্তী ঃ

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে, ঐ ব্রীজটা ভেঙ্গে গিয়েছিল, তারজন্য তদন্ত কমিটি করেছেন, তদন্ত কমিটির রিপোর্ট এখনও পান নি। যদি তদন্ত রিপোর্টে দেখা যায়, যে, কন্ট্রাক্টারের দোষে ব্রীজটা ভেঙ্গে পড়ে নি, সেক্ষেত্রে যাঁদের সুপারভিশনের দায়িত্ব ছিল, তাঁদের বিরুদ্ধে কোন ব্যবস্থা সরকার অবলম্বন করবেন কিনা?

শ্রীখগেন্দ্র নাথ দাসগুপ্ত ঃ

প্রয়োজন হলে নিশ্চয় করব।

[2—2-10 p.m.]

Mr. Speaker: Honourable Members, before I declare that the question hour is over, may I draw the attention of the Hon'ble Judicial Minister to question No. *191 of Shri Sudhir Chandra Das.

আপনি জবাব দিয়েছেন, মেদিনীপুর জেলা শাসকের নিকট হইতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হইতেছে এবং ইহার জন্য সময় লাগিবে। এটা এ প্রশ্নের জবাব নয়। এই যদি প্রশ্নের জবাব হত, সবকটা এই বলেই চলে যেতে পারত। আপনার নজরে পড়ে নি কোশ্চেয়েনটা হচ্ছে, কাঁথি ফৌজদারী আদালতের কাজ রাত্রি ৮টা অবধি বসিতেছে কিনা, এর উত্তর এই নয় যে তথ্য সংগ্রহ করা হইতেছে, সময় লাগিবে।
That is no answer.

Shrimati Purabi Mukhopadhyay: Sir, I am unable to follow your ruling. If I am supposed to give an answer to a question on a particular day if I do not have the necessary information about it, what reply shall I give?

মিঃ স্পীকার: তথ্য সংগ্রহ করা হইতেছে, সময় লাগিবে, কেশ্চেনটা ডিসপোজ অফ হয়ে গেল।

I can say that the reply which you have given is no answer to a question. I do not know whether it is correct or not but I can only say that this is no answer to a question.

সময় লাগিবে। তথ্য সংগ্রহ করা হইতেছে এটা উত্তর নয়।

Shrimati Purabi Mukhopadhyay: Sir, in the business of the House there must be some convention.

Mr. Speaker: Shrimati Mukherjee, whether there is any such convention or not that I do not know but the rules are there and you may see from the records of the last 18 years.

Shrimati Purabi Mukhopadhyay: Sir, may I humbly submit that if some materials which are necessary to reply a question are not readily available, how am I to give the reply and in such cases what should be the procedure?

মিঃ স্পীকার:

আপনি এটা জানেন না এটা দুঃখের কথা। আপনারা অনেক সময় বলেছেন সময় লাগিবে, সেটা আবার রোটেশন্যাল ডেতে দেওয়া হয়েছে। শুধু এটা আজকের ব্যাপার নয় প্রত্যেকদিনই এই রকম হয়। এটা আপনার জানা উচিত ছিল যেটার তথ্য সংগ্রহ করা সম্ভব হয় না। পরে আবার সেটা দেওয়া হয়েছে।

Shrimati Purabi Mukhopadhyay: Sir, may I know what will be the procedure in such cases?

Mr. Speaker: Shrimati Mukherjee, I do not know the Rules under which it falls.

STARRED QUESTIONS

(to which answers were laid on the table)

Excavation of Panchchannagram Khal

***192.** (Admitted question No. *1103.) **Shri Nikhil Das:**

সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) একথা কি সত্য যে ২৪-পরগণা জিলার, পঞ্চান্নগ্রাম খাল কাটার কাজ এখনও সম্পূর্ণ হয় নাই ;

(খ) যদি (ক)-এর উত্তর হ্যাঁ হয়, তবে তাহার কারণ কি;

(গ) একথা কি সত্য যে, এই খাল কাটার কাজ অসম্পূর্ণ থাকার জন্য বিস্তৃত এলাকা জলমগ্ন আছে; এবং

(ঘ) যদি (গ) এর উত্তর হ্যাঁ হয় তবে এই ব্যাপারে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

The Minister for Irrigation and Waterways:

(ক) টালিগঞ্জ পঞ্চান্নগ্রাম জল নিকাশী প্রকল্পের প্রাক্তন খনন কার্য সম্পূর্ণ হইয়াছে। ৬টি শাখা খালের মধ্যে ৩টি শাখা খালের খনন কার্য্য সম্পূর্ণ হইয়াছে এবং অবশিষ্ট ৩টি শাখা খালের খনন কার্য্য আংশিক হইয়াছে।

(খ) কিছু জমি দখল না পাওয়ার জন্য এবং বাকী জমির দখল পাইতে দেরী হওয়ার জন্য ৩টি শাখা খালের খননকার্য বিলম্বিত হইতেছে।

(গ) শাখা খাল কাটা সম্পূর্ণ না হওয়ার জন্য গত জুন জুলাই মাসে কিছু এলাকা জলমগ্ন হইয়াছিল।

(ঘ) সময়োপযোগী ব্যবস্থা অবলম্বন করায় কয়েক দিনের মধ্যেই জল নিষ্কাশিত হইয়াছিল। বর্তমানে ঐ এলাকায় কোন জমি জলমগ্ন নাই।

Second alternative Highways in North Bengal

***193.** (Admitted question No. *1131.) **Shri Barendra Krishna Chawmick:**

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে দ্বিতীয় পরিবর্ত মহাসড়ক ল্যাটেরাল রুট নির্মাণকার্য কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(খ) যে সকল নদী এই সড়কের মধ্যে পড়িয়াছে তাহাদের উপর সেতু নির্মাণ কতদিনে সম্পূর্ণ হইবে?

The Minister for Public Works:

(ক) রাস্তা নির্মাণের প্রাথমিক কার্য মোটামুটিভাবে শেষ হইয়াছে। অর্ধেকের উপর জমির দখল পাওয়া গিয়াছে। মাটি ফেলার কাজ বর্ষার আগেই শুরু হইয়াছে এবং ধান কাটার পর মাটি ফেলার কাজ পূর্ণোদ্যমে চলিবে। ছোট পুলের কাজও শুরু হইয়াছে ও বর্ষার আগেই শেষ হইয়া যাইবে।

(খ) ৮টি বড় পুলের মধ্যে রায়ডাক (২) সম্পূর্ণ হইয়াছে ও গত আগস্ট মাস হইতে তাহার উপর দিয়া যানবাহন চলিতেছে। রায়ডাক (১) এই মাসের শেষাশেষি সম্পূর্ণ হইবে এবং জানুয়ারী মাস হইতে যানবাহন চলাচলের উপযোগী হইবে। সংকোষ সেতু এই ডিসেম্বর-এর শেষভাগে সম্পূর্ণ হইবে এবং জানুয়ারী মাস হইতে যানবাহন চলাচলের উপযোগী হইবে। অন্যান্য বড় সেতুগুলির মধ্যে মূর্তি ও জলঢাকা মার্চ মাসে ও বাকী তিনটি বর্ষার মধ্যেই শেষ হইবে আশা করা যায়।

এই রাস্তার সমস্ত কাজ ১৯৬৭ সালের ডিসেম্বর মাসের আগেই শেষ হইয়া যাইবে।

Land acquisition for Panipia Khal

***194.** (Admitted question No. *1335.) **Shri Sudhir Chandra Das:**

সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি বেসিন পরিকল্পনার অন্তর্ভুক্ত পানিপিয়া খালের জন্য যে সকল বাস্তু উচ্ছেদের ব্যবস্থা হইতেছে তাহাদের ঘরের ও বাস্তুজমির সমূহ টাকা না মিটাইয়া উচ্ছেদের জন্য বিভাগীয় কর্তৃপক্ষ চাপ দিতেছেন ইহা কি সত্য; এবং

(খ) ইহা সত্য হইলে উচ্ছেদের পূর্বে বাস্তুজমি ও ঘরের সমূহ মূল্য দিতে অসুবিধা কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) এই পরিকল্পনার অন্তর্ভুক্ত পানিপিয়া খাল কাটিবার জন্য যে সমস্ত বাস্তুজমি ও ঘর কান্ত প্রয়োজন সে সমস্ত জমি ও বাড়ীর মালিকদের ঐ জমি ও বাড়ী ছাড়িয়া দিবার জন্য ১৯৮ সনের দুই নং আইনের ৩ ধারা অনুযায়ী নোটিশ জারী করা হইয়াছে।

(খ) উক্ত আইনে জমি ও বাড়ীর দখল ছাড়িয়া দিবার পূর্বে সম্পূর্ণ ক্ষতিপূরণ দিবার কোন বধান নাই। তবে যাঁহাদের বাড়ী ছাড়িয়া দিবার পূর্বে টাকার বিশেষ প্রয়োজন, তাঁহারা একরার ামা সম্পাদন করিয়া দিলে গৃহের আংশিক মূল্য অগ্রিম দিবার আবেদন বিবেচনা করা হয়।

Air-conditioning of Ministers' room in the Assembly House

***185.** (Admitted question No. *1302.) **Shri Nikhil Das:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বিধানসভা ভবনে মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীদের ঘরগুলি শীততাপ নিয়ন্ত্রিত করিতে ১৯৬৪-৬৫ ও ১৯৬৫-৬৬ আর্থিক বৎসরে এ পর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে?

The Minister for Public Works:

এই বাবদে ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরে কোন ব্যয় করা হয় নাই। ১৯৬৫-৬৬ আর্থিক বৎসরে এ পর্যন্ত ব্যয়ের পরিমাণ ১,১০,৭৭৬ টাকা (এক লক্ষ দশ হাজার সাত শত ছিয়াত্তর টাকা)।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Granting of Parole to the Prisoners

240. (Admitted question No. 110.) **Shri Mrigendra Bhattacharyya:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৫৭, ১৯৫৮, ১৯৫৯, ১৯৬০, ১৯৬১, ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালের কোন্ বৎসর কতজন বন্দীকে সাময়িক ছুটি মঞ্জুর করা হয়; এবং

(খ) বন্দীদের এই প্রকার ছুটী প্রাপ্তির সর্ত কি?

The Minister for Home (Jails):

(ক) একটি তালিকা নিম্নে সংস্থাপিত হইল।

(খ) ইংরাজী ১৯৫৫ সালের XIII নং আইনের ৩১এ ও ৩১বি ধারা এবং সেই সঙ্গে ওয়েস্ট বেঙ্গল প্রিজনার্স (টেম্পোরারী রিলিজ) রুলস, ১৯৫৬-এর ৫ এবং ৬নং ধারা দ্রষ্টব্য

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 240.

বৎসর	কতজন কয়েদীকে সাময়িক ছুটী দেওয়া হইয়াছিল
১৯৫৭	২ জন
১৯৫৮	১ ,,
১৯৫৯	১ ,,
১৯৬০	—
১৯৬১	৪ ,,
১৯৬২	২ ,,
১৯৬৩	৪ ,,
৬৪	২ ,,
মোট ..	১৬ জন

Teachers' Training College under Burdwan University

241. (Admitted question No. 384.) **Shri Aswini Roy:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়ের কোন তথ্য আছে কি; এবং

(খ) থাকিলে (১) মোট কয়টি মহাবিদ্যালয় আছে; এবং

(২) প্রতিটি মহাবিদ্যালয়ের মোট শিক্ষার্থী সঙ্কুলানের সংখ্যা?

The Minister for Education:

(ক) আছে।

(খ) (১) মোট চারিটি শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয় আছে।

(২) ঐগুলির নাম	অনুমোদিত আসন সংখ্যা
গভর্ণমেন্ট ট্রেনিং কলেজ, হুগলী	১২০
ইনষ্টিটিউশন অফ এডুকেশন (পোষ্ট-গ্রাজুয়েট) ফর উইমেন, চন্দননগর	২০০
গভর্নমেন্ট কলেজ অফ এডুকেশন, বর্ধমান	২০০
স্পন্সরড্ টিচার্স ট্রেনিং কলেজ, পুরুলিয়া (ফর উইমেন)	

শেষোক্ত তিনটি মহাবিদ্যালয়ের ভবন নির্মাণ সম্পূর্ণ না হওয়ায় স্থানাভাববশতঃ অনুমোদিত সংখ্যার শিক্ষার্থী গ্রহণ করা এখনই সম্ভবপর হয় নাই।

Class III Prisoners

242. (Admitted question No. 476.) **Shri Mrigendra Bhattacharyya:**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় শ্রেণীর বন্দীদের দৈনিক খাদ্য তালিকা কি কি এবং উহাদের পরিমাণ কত;

(খ) উক্ত খাদ্য তালিকা কতদিন হইতে চালু রহিয়াছে;

(গ) তৃতীয় শ্রেণীর বন্দীদের বিছানা দ্রব্য ও পরিধেয় কি কি জিনিষ দেওয়া হয় ও কতদিন অন্তর পরিবর্তনীয়; এবং

(ঘ) উক্ত শ্রেণীর বন্দীদের মশারী দেওয়া হয় কিনা এবং মশারী না দেওয়া হইলে তাহার কারণ?

The Minister for Home (Jails):

(ক) এতদসংলগ্ন বিস্তৃত বিবরণসহ ১নং তালিকা দ্রষ্টব্য।

(খ) বর্তমান খাদ্যতালিকা মূলতঃ ১৯২৬ সাল হইতে চালু রহিয়াছে বলা যায়।

(গ) এতদসংলগ্ন ২নং তালিকা দ্রষ্টব্য।

(ঘ) মাননীয় সদস্যর ১১১নং প্রশ্নের (খ) ও (গ) অংশে এই একই প্রশ্ন করা হইয়াছিল। ফলে সেই প্রসঙ্গেই এই প্রশ্নের উত্তর দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 242.

১নং তালিকা

খাদ্য তালিকা প্রণয়নের ব্যাপারে তৃতীয় শ্রেণীর কয়েদীগণকে নিম্নলিখিত হিসাবে প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণী এই দুই ভাগে ভাগ করা হয়।

প্রথম শ্রেণী—সশ্রম কারাদণ্ডে দণ্ডিত প্রাপ্তবয়স্ক পুরুষগণ।
দ্বিতীয় শ্রেণী—(১) সশ্রম কারাদণ্ডে দণ্ডিত ১৬ বৎসরের নিম্ন বয়স্ক পুরুষগণ।
(২) সকল স্ত্রী কয়েদী।
(৩) বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত সকল পুরুষগণ।

খাদ্যের তালিকা ও বিহারী খাদ্য ও বাঙ্গালী খাদ্য এই দুই ভাগে বিভক্ত। কয়েদীগণ কারাগারে প্রবেশের পর এই দুইটির যে কোনও একটি খাদ্য নির্বাচন করিবেন এবং বন্দীদশায় সেই অনুসারেই খাদ্য পাইবেন।

খাদ্য তালিকা —

খাদ্য বস্তু সমূহ	বাঙ্গালী খাদ্য		বিহারী খাদ্য	
	ক-শ্রেণী class I	খ-শ্রেণী class II	ক-শ্রেণী class I	খ-শ্রেণী class II
	গ্রাম	গ্রাম	গ্রাম	গ্রাম
প্রাতঃকালীন আহার--				
চাল	১১৭	৮৭	১১৭	৮৭
লবণ	৩.৬৩	৩.৬৩	৩.৬৩	৩.৬৩
মধ্যাহ্ন ও রাত্রের আহার (দুইটি মিলিয়া মোট)-- ..				
চাল	৫৮৩	৪৯৬	২৯২	২৬২
আটা	--	--	২৯২	২৩৩
ডাল	১৪৬	১৪৬	১৪৬	১৪৬
শাকসব্জি	২৩৩	২৩৩	২৩৩	২৩৩
তেল	১৮.১২৫	১৮.১২৫	১৮.১২৫	১৮.১২৫
লবণ	২৫.৩৭৫	২৫.৩৭৫	২৫.৩৭৫	২৫.৩৭৫
আচার	৭.২৫	৭.২৫	৭.২৫	৭.২৫
ক্লান্তি নিবারক--				
লেবুর রস .. .. অথবা	২৯	২৯	২৯	২৯
আমচুর .. .. অথবা	৪.৮৩	৪.৮৩	৪.৮৩	৪.৮৩
তেঁতুল মণ্ড	৭.২৫	৭.২৫	৭.২৫	৭.২৫
(খোসা, আঁশ ও বীচি বাদ দিয়া)				

মাছ বা মাংস—প্রত্যেক কয়েদীকে একদিন অন্তর ২৯ গ্রাম মাছ বা মাংস দেওয়া হয়। নিরামিষাশী কয়েদীকে ঐ মাছ বা মাংসের সম মূল্যের অন্য কোনও উপযুক্ত খাদ্য দেওয়া হইয়া থাকে।

বিঃ দ্রঃ—(১) পাঞ্জাব বা উত্তরপ্রদেশের অধিবাসী কোনও কয়েদী যদি স্বেচ্ছায় চায় তাহা হইলে সে 'মধ্যাহ্নে' ও 'রাত্রি' দুই বেলাই আটা খাইতে পারে। সেক্ষেত্রে প্রথমশ্রেণীভুক্তগণ মাথাপিছু মোট ৬৪২ গ্রাম এবং দ্বিতীয় শ্রেণীভুক্তগণ মাথাপিছু মোট ৫২৫ গ্রাম আটা পাইবেন। তাহারা প্রাতঃকালীন আহার হিসাবে ৫৮ গ্রাম ছোলা বা ৮৭ গ্রাম আটা এবং ২৯ গ্রাম গুড় পাইবেন।

(২) যে সমস্ত অঞ্চলে পুরা রেশন চালু হইয়াছে সেখানে কয়েদীগণকে রেশনে বরাদ্দ চাল ও আটা দেওয়া হইয়া থাকে। ফলে এই খাদ্য তালিকায় বরাদ্দ মোট চাল ও আটার তুলনায় যেটুকু ঘাটতি পড়ে তাহা গোলআলু, ছোলা, মটর কিম্বা বজরা, জোয়ার বা ভুট্টাজাত আটার দ্বারা পূরণ করা হইয়া থাকে।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 242.

২নং তালিকা

তৃতীয় শ্রেণীর কয়েদীদের মধ্যে সশ্রম কারাদণ্ডে দণ্ডিত ও বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত এই দুই শ্রেণীভেদে বিছানা ও পোষাকের বিভিন্নতা আছে।

(১) সশ্রম কারাদণ্ডে দণ্ডিত ব্যক্তিগণকে নিম্নোক্ত বিছানা ও পোষাকাদি দেওয়া হইয়া থাকেঃ—

পুরুষ		স্ত্রী	
সুতির কোর্ত্তা	২	সুতির সেমিজ বা গেঞ্জি	২
সুতির পায়জামা	১	৪.৫৭ মিঃ × ১.০৬৮ মিঃ মাপের শাড়ী	২
জাঙ্গিয়া	১		
গামছা	২	গামছা	২
টুপি	১		
কম্বলের কোর্ত্তা	১	কম্বলের কোর্ত্তা	১
সুতির বিছানার চাদর	১	সুতির বিছানার চাদর	১
বিছানার তাঁতপট্টি	১	বিছানার তাঁতপট্টি	১
কম্বল	২	কম্বল	২
৬০.৯৬ সেঃ মিঃ × ৬০.৯৬ সেঃ মিঃ মাপের মোটা চট বা মাদুর	১	৬০.৯৬ সেঃ মিঃ × ৬০.৯৬ সেঃ মিঃ মাপের মোটা চট বা মাদুর	১

উপরোক্ত বস্তুসমূহের অতিরিক্ত বৎসরে একটি গুর্খাটুপী, একজোড়া চটী জুতা, একজোড়া পায়জামা ও একটি করিয়া ছোটহাতা কোর্ত্তা প্রত্যেক চীনা ও জাপানী কয়েদীদের দেওয়া হয়।

দার্জিলিং জেলার পাহাড়ী অঞ্চলের জেলাগুলিতে প্রত্যেক কয়েদীকেও বৎসরে ১ জোড়া করিয়া চটী জুতা দেওয়া হয়।

উল্লিখিত পোষাকগুলির মেয়াদ সাধারণভাবে এইরূপ ধরা হয়ঃ—

সুতির পোষাকগুলির সহিত আরও একটি জাঙ্গিয়া টুপী ও গামছা যুক্ত হইয়া—১ বৎসর।
কম্বলের কোর্ত্তা—অন্ততঃ ২ বৎসর।

বিছানার তাঁতপাটি, চৌকোন চট ও কম্বল—৩ বৎসর মেয়াদ অন্তে এইসব জিনিস পরিবর্তন করা হয়।

(২) বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত ব্যক্তিগণের মধ্যে যাহাদের বিছানা-পোষাকাদি নাই তাহাদিগকে নিম্নোক্তরূপ বিছানা-পোষাকাদি দেওয়া হইয়া থাকে।

পুরুষ		মহিলা	
পায়জামা	১	শাড়ী	১
গামছা	১	গামছা	১
কোর্ত্তা	১	সেমিজ বা কোর্ত্তা	১
চাদর	১	চাদর	১
(শুধুমাত্র শীতকালের জন্য)		(শুধুমাত্র শীতকালের জন্য)	
কম্বল	২	কম্বল	২
বিছানার চাদর	১	বিছানার চাদর	১
অতিরিক্ত কম্বল	১	অতিরিক্ত কম্বল	১
(শুধুমাত্র শীতকালের জন্য)		(শুধুমাত্র শীতকালের জন্য)	

বিঃ দ্রঃ—বিনাশ্রম দণ্ডে দণ্ডিত বন্দীগণ নিজ গৃহ হইতে বা বন্ধুবান্ধবের নিকট হইতে বিছানা, পোষাকাদি আনিতে পারেন। যদি তাহারা ঐরূপ আনিতে অসমর্থ হন তবে উল্লিখিত তালিকার মাপকাঠিতে জেল হইতে তাহাদের বিছানা, পোষাক প্রভৃতি সরবরাহ করা হয়।

Payment of wages to convicted prisoners

243. (Admitted question No. 547.) **Shri Hare Krishna Konar:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether the Government has taken any decision to extend the system of payment of wages to convicted prisoners that is in vogue in Central Jails to District Jail also;

(b) if the answer to (a) be in the affirmative, when the decision will be implemented;

(c) if the answer to (a) be in the negative, whether the Government will consider the desirability to extend the wages system to District Jails also; and

(d) what percentage of total convicted prisoners (convicted for 6 months or more) in West Bengal is generally kept in District Jails?

The Minister for Home (Jails): (a) No.

(b) Does not arise.

(c) A proposal for extending the wages system to District Jails is under the consideration of Government.

(d) About 10 per cent.

Arrests under D. I. Rules

244. (Admitted question No. 598.) **Shri Cour Chandra Kundu:**

স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালের নভেম্বর মাস হইতে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে কত লোককে ডি আই রুলসে ৩০ ধারা অনুযায়ী বিনাবিচারে আটক করা হইয়াছে;

(খ) ধৃত ব্যক্তিদের মধ্যে কতজন ভারতীয় কমিউনিষ্ট পার্টির সদস্য; এবং

(গ) ধৃত ব্যক্তিদের মধ্যে কতজনকে পারিবারিক ভাতা দেওয়া হইতেছে?

The Minister for Home (Special):

(ক) ১৯৬৪ সালের নভেম্বর মাস হইতে ৩১শে অক্টোবর, ১৯৬৫ পর্যন্ত সমগ্র পশ্চিমবঙ্গে ১,৪৬০ জন ব্যক্তিকে ভারতরক্ষা নিয়মাবলীর ৩০নং নিয়ম অনুযায়ী আটক করা হয়।

(খ) উপরিউক্ত ধৃত ব্যক্তিদের মধ্যে ২৪২ জন কমিউনিষ্ট দলভুক্ত বলিয়া জানা যায়।

(গ) ধৃত ব্যক্তিদের মধ্যে এ যাবৎ ১৩২ জন ব্যক্তিকে পারিবারিক ভাতা মঞ্জুর করা হইয়াছে।

Arrests of persons and political leaders during the last tram fare increase resistance movement

245. (Admitted question No. 600.) **Shri Cour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Home (Special) Department be pleased to state—

(a) how many persons and political leaders were arrested under section 30 of the D. I. Rules during the last tramfare resistance movement.

(b) how many of them have been released so far; and

(c) whether the Government would consider the desirability of releasing other persons and political leaders arrested under section 30 of D. I. Rules in connection with the tramfare resistance movement?

The Minister for Home (Special): (a), (b) and (c) 32 persons, belonging to different political parties were detained under rule 30 of the D. I. Rules solely in connection with the tramfare increase resistance movement. All of them have been released.

Seventeen other members of political parties were also detained during the same period for other reasons also. They have not been released.

Twenty other persons (not known as belonging to any political party) were detained for other reasons also, during the same period. Release orders in the case of four of them have since been issued.

The question of release of those not yet released will be considered when the situation so required.

Pre-merger Police of Chandernagore

246. (Admitted question No. 604.) **Shri Bhabani Mukherjee:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) চন্দননগর প্রাক্ অন্তর্ভুক্তি কালের (প্রি-মার্জার) পুলিশ কনস্টেবলদের মধ্যে কতজন অদ্যাপি অস্থায়ী আছেন;

(খ) ইহা কি সত্য যে উক্ত অস্থায়ী কর্মচারীগণ বিভিন্ন সুযোগ-সুবিধা, যথা বেতন বৃদ্ধি, পেনসন প্রভৃতি ভোগ করিতে পারিতেছেন না; এবং

(গ) সত্য হইলে ইহার কারণ কি?

The Minister for Home (Police):

(ক) ১৪ জন।

(খ) ও (গ) এই ১৪ জন কনস্টেবল তাঁহাদের ইচ্ছা (অপসন) অনুযায়ী এখনও ফরাসী সরকারের প্রবর্তিত সার্ভিস নিয়মাবলীর অধীন আছেন। চন্দননগর ভারতভুক্তির প্রাক্‌কালে তদানীন্তন ফরাসী কর্তৃপক্ষ ইঁহাদিগকে স্থায়ীভাবে নিয়োগ এবং ইহাদের বেতন বৃদ্ধি অনুমোদন করিয়া যান নাই। অবশ্য ইঁহাদের অভাব অভিযোগের বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে এবং এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত সাপেক্ষে ইঁহাদের পূর্বের চাকুরীর সর্ত অপরিবর্তিত রহিয়াছে।

Payment of wages to the convicted prisoners

247. (Admitted question No. 611.) **Shri Bhabani Mukhopadhyay:**

স্বরাষ্ট্র(কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কারা দণ্ডাজ্ঞা প্রাপ্ত আসামীদের পরিশ্রমের জন্য মজুরী দেওয়ার ব্যবস্থা কোন্ কোন্ কারাগারে চালু হইয়াছে; এবং

(খ) যেসব জেলে এই ব্যবস্থা চালু নাই সেখানে ইহা চালু করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

The Minister for Home (Jails):

(ক) পশ্চিমবঙ্গের পাঁচটি কেন্দ্রীয় কারা যথা (১) পোর (প্রেসিডেন্সি) কারা, (২) দমদম কেন্দ্রীয় কারা, (৩) আলিপুর কেন্দ্রীয় কারা, (৪) বহরমপুর কেন্দ্রীয় কারা এবং (৫) মেদিনীপুর কারায় কারা দণ্ডাজ্ঞা প্রাপ্ত আসামীদের পরিশ্রমের জন্য মজুরী দেওয়ার ব্যবস্থা চালু আছে।

(খ) এই ব্যবস্থা জেলা কারায় (ডিষ্ট্রিক্ট জেল) চালু করার ব্যাপারটী সরকারের বিবেচনাধীন আছে।

Conversion of Primary Schools into Junior Basic Schools in Birbhum district

248. (Admitted question No. 722.) **Shri Bhakti Bhusan Mondal:**

শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালে বীরভূম জেলা স্কুল বোর্ড কতগুলি প্রাথমিক বিদ্যালয়কে নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে উন্নীত করিবার জন্য প্রস্তাব পাঠায়াছিলেন এবং উহাদের মধ্যে কতগুলি প্রস্তাব কার্যকরী হইয়াছে?

The Minister for Education:

বীরভূম জেলা স্কুল বোর্ড ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালে উভয় ক্ষেত্রেই ১৮টি করিয়া প্রাথমিক বিদ্যালয়কে নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে উন্নীত করিবার প্রস্তাব পাঠাইয়াছিলেন এবং তন্মধ্যে যথাক্রমে ৬টি এবং ২টি বিদ্যালয়ের প্রস্তাব ঐ দুই বৎসরে কার্যকরী হইয়াছে।

১৯৬৩-৬৪ সালে উক্ত বোর্ড এ সম্পর্কে কোন প্রস্তাব পাঠান নাই।

Supply of water under Mayurakshi Irrigation Scheme

249. (Admitted question No. 743.) **Shri Bhakti Bhusan Mondal:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়ূরাক্ষী সেচ পরিকল্পনার অধীনে সেচ প্রাপকগণ বর্তমান বৎসর আইন মোতাবেক জল পাইতেছেন না ইহা কি সত্য;

(খ) সত্য হইলে সরকার তাঁহাদিগকে এগ্রিমেন্ট অনুযায়ী জল সরবরাহ করিতে পারিবেন না বলিয়া কোন সংবাদ দিয়াছেন কি; এবং

(গ) যাঁহারা সেচের জল পাইতেছেন না তাঁহাদিগকে ক্যানেল ট্যাক্স দেওয়া হইতে মুক্তি দেওয়া হবে কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) সত্য নহে।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না; তাহা ছাড়া ময়ূরাক্ষী প্রকল্প হইতে জল সরবরাহ ব্যবস্থা বেঙ্গল ডেভালপমেন্ট অ্যাক্ট, ১৯৫৩, অনুযায়ী নিয়ন্ত্রিত হয়। এই আইন অনুযায়ী, জল সরবরাহ করিবার জন্য "এগ্রিমেন্ট" করিবার প্রয়োজন হয় না।

জল সরবরাহ করা যাইবে না বলিয়া কোন সংবাদ কাহাকেও দেওয়া হয় নাই।

জল সরবরাহ করা না হইলে ক্যানেল ট্যাক্স মকুবের জন্য দরখাস্ত করা যায় এবং তাহা বিবেচিত হয়।

Distribution of C.R. in Khairasol, Dubrajpur and Ilambazar police-stations, Birbhum

250. (Admitted question No. 747.) **Shri Bhakti Bhusan Mondal:**

ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার খয়রাসোল, দুবরাজপুর ও ইলামবাজার থানায় কত লোককে ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ সালে মোট কত জি, আর, দেওয়া হইয়াছে;

(খ) বর্তমান বৎসরে উক্ত থানাগুলিতে কোন জি, আর, দেওয়া হইয়াছে কি না; এবং

(গ) দেওয়া হইলে পরিমাণ, মোট সংখ্যা কত?

The Minister for Relief and Social Welfare:

(ক) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত হইল;

(খ) হ্যাঁ;

(গ) —

বিস্তারিত খয়রাতি সাহায্যের পরিমাণ ও প্রাপক সংখ্যা

থানার নাম	পরিমাণ টাকা	প্রাপক সংখ্যা
দুবরাজপুর	২০,৬০০	১,২৩৭
খয়রাসোল	২৪,০০০	১,৫০০
ইলামবাজার	১২,৭০০	৭৯৪

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 260.

বিতরিত খয়রাতি সাহায্যের পরিমাণ ও প্রাপক সংখ্যা

থানার নাম	১৯৬২		১৯৬৩		১৯৬৪	
	পরিমাণ	প্রাপক সংখ্যা	পরিমাণ	প্রাপক সংখ্যা	পরিমাণ	প্রাপক সংখ্যা
ধুবরাজপুর ..	১,৫৫২.০৮ কুইন্টাল গম	৪,৮৫০	৩,৬৫৫.০৭ কুইন্টাল গম	১১,৪২২	১,২৭৪ কু.গম ও ৩২,৯০০ টাকা	২,০৯৬
খয়রাসোল ..	২,৪২৩.০৬ কুইন্টাল গম	৭,৫৭২	৩,৮৫১ কু. গম	১২,০৩৪	১,৩০৫ কু. গম ও ৪৪,০০০ টাকা	২,৭৯১
ইলামবাজার ..	১,৭২১.০৮ কুইন্টাল গম	৫,৩৭৮	৩,৪৬০.৬৪ কুইন্টাল গম	১০,৮১৪	১,২৪৩ কু:গম ও ২৪,০০০ টাকা	১,৫৩৪

Contai Government Sanskrit Tol

251. (Admitted question No. 755.) **Shri Bejoy Krishna Maity:**

(অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৫) গত বাজেট অধিবেশনে ২২-৩-৬৫ তারিখে অতারকিত ৬৮৪নং প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কাঁথিতে যে গভর্নমেন্ট সংস্কৃত কলেজ চলিতেছে, তাহার নাম "দিবাকর বেদান্ত পঞ্চানন গভর্নমেন্ট সংস্কৃত কলেজ, কাঁথি" করিবার জন্য সরকার এ পর্যন্ত কি সিদ্ধান্ত করিয়াছেন?

The Minister for Education:

কাঁথি রাষ্ট্রায়ত্ত টোলের নাম পরিবর্তনের প্রস্তাব সম্পর্কে এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।

Haringhata Dairy Farm

252. (Admitted question No. 778.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(a) the total number of milch cows and buffaloes in Haringhata Farm under Government ownership;

(b) what is the total out-put of Haringhata Dairy Farm in terms of milk products of cows and buffaloes;

(c) if it is a fact that most of the space in the cattle shed constructed at Haringhata Dairy Farm is lying vacant;

(d) if so, the reason thereof;

(e) how many milk collection centres there are in West Bengal and what is the total quantity of milk collected at such centres from cows and buffaloes not owned by Government during 1964-65;

(f) the average quantity of powdered milk in use at the Haringhata Dairy Farm per month prior to March, 1965 and what is the present position of supply of such powdered milk;

(g) if there has been any appreciable increase in the supply of milk at the milk collection centres after the recent banning of 'Channa' for preparation of 'Sandesh' in Calcutta and other municipal areas and if so, what is the extent of increase; and

(h) why instead of banning the use of milk in all form for the preparation of 'Sandesh' like 'Khoa Khir', only 'Channa' has been banned?

Minister for Animal Husbandry and Veterinary Services: (a) The total number of milch cows and buffaloes in Haringhata Farm under Government ownership is, 3,109 including 1,946 cows in Kalyani Farm out of 3,109, the number of milch cows is 3,030 and that of buffaloes is 79.

(b) The daily out-put of milk of Govt. herd at Haringhata Farm on 4th November, 1965, was as follows:

Cow milk	...	10,137 litres
Buffalo milk	...	276 "
Total	...	10,314

(c) Nearly 57 per cent. of the cattle shed area is lying vacant.

(d) The reluctance on the part of private owners to remove their cattle from the city khatals.

(e) There are at present ten Milk Collection-Cum-Chilling Stations in West Bengal out of which five named below had been collecting milk in 1964-65 and the remaining five have started functioning during 1965-66.

The quantity of milk collected at each of the 5 centres existing during 1964-65 is indicated below:

Milk Chilling Station		Average collection per day.
(1) Beldanga	...	1,338 litres
(2) Bathuadahari	...	1,538 "
(3) Fulia	...	1,797 "
(4) Habra	...	1,315 "
(5) Haringhata	...	22,345 "
Total	...	28,333 "

(f) The average ultilisation of milk powder per month prior to March, 1965, was 153.2 tons.

The present position of the supply of imported milk powder is very much uncertain due to non-availability of foreign exchange.

(g) Yes.

The extent of increase is as follows:

The intake on 5th November, 1965 was 60,500 litres against the average daily collection of 23,000 litres before the introduction of the West Bengal Channa Sweets Control Order, 1965;

(h) When an essential commodity like milk is in short supply, the proper step is to ensure (a) prevention of wastage and (b) utilisation of the available quantity in a form which is most useful from the nutritional standpoint.

In this part of the country, preparation of channa became a practice because of the higher prices available for channa utilised for sweet-meat production. In the process of channa making, a considerable part of the nutrients, specially in the form of lactose soluble protein and minerals are lost in the whey. It is estimated that nearly 33 per cent. of the milk solids or about 5 per cent. of the fluid milk is lost in channa making. A restriction on channa making will prevent this tremendous wastage of milk nutrients. As a very large proportion of channa is utilised for 'channa sandesh', the ban on the use of milk for preparation of channa sandesh is, therefore, going to reduce the wastage and to bring about increase in the quantity of milk available for use in the fluid form.

The ban on channa sandesh was imposed to prevent the loss of nutrients in the process of making channa and to ensure that milk so released was available in liquid form. The question of banning preparation of sandesh from 'Khoa Khir' is under consideration of Government.

White Tiger

253. (Admitted question No. 807.)

শ্রীনরেন্দ্রনারায়ণ রায়: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলিপুরের পশুশালায় সাদা বাঘ আসার পর হইতে বর্তমান সময় পর্যন্ত মোট কত টাকা উক্ত সাদা বাঘ দেখিবার জন্য দর্শনী বাবদ পাওয়া গিয়াছে; এবং

(খ) উক্ত সময় সাদা বাঘের (১) চিকিৎসা, (২) খাদ্য, (৩) রক্ষণাবেক্ষণ এবং (৪) অন্যান্য বাবদ কত খরচ হইয়াছে?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) গত ৩০-৯-৬৫ পর্যন্ত মোট ৩,০৭,৪০৪ টাকা।

(খ) নিম্নে দেখান হইল:—

(১) চিকিৎসা—টাকা ৫,১২১·৩৩ পয়সা

(২) খাদ্য—টাকা ৬১,০৭৪·৪৩ পয়সা

(৩) রক্ষণাবেক্ষণ—টাকা ৫১,৪৬০·৫৯ পয়সা

(৪) অন্যান্য বাবদ—

* খরচ—টাকা ৯৯,৯৫৪·১১ পয়সা।

মোট টাকা—২,১৭,৬০৯·৪৬ পয়সা।

* (৯৬,০০০ টাকা সাদা বাঘ ক্রয় বাবদ ইহার মধ্যে ধরা হইয়াছে)

Arrest of persons during the last tram fare increase resistance movement

254. (Admitted question No. 820.) **Shri Rabindra nath Mukhopadhyay:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) total number of persons arrested during the last tram fare increase resistance movement;

(b) number of persons against whom cases have been instituted;

(c) number of persons so far released; and

(d) number of persons detained without trial?

The Minister for Home (Police): (a) 820 persons.

(b) 820 persons.

(c) 554 persons.

(d) 52 persons.

Shed at the Bus stand of Krishnagar town

255. (Admitted question No. 827.)

শ্রীকাশীকান্ত মৈত্র: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলায় কৃষ্ণনগর শহরে মোটর বাস স্ট্যান্ডের নিকট স্থায়ী যাত্রীদের বিশ্রামাগারের অভাবে যাত্রী সাধারণের দারুণ অসুবিধা হইতেছে; এবং

(খ) সত্য হইলে, সরকার উক্ত সহরে একটি স্থায়ী বিশ্রামাগার নির্মাণের জন্য কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

The Minister for Home (Transport):

কৃষ্ণনগর বাস ষ্ট্যান্ডে কোন বিশ্রামাগার নাই। বর্তমান বাস ষ্ট্যান্ড অন্যস্থানে সরাইবার প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) বিশ্রামাগার নির্মাণের জন্য জমি সংগ্রহ করা হইতেছে।

Arrest of persons for violation of the West Bengal Channa Sweets Control Order, 1965

256. (Admitted question No. 853.)

শ্রীমনোরঞ্জন বক্সী: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতায় সন্দেশ নিরোধ আদেশ অমান্য করার জন্য সরকার এ পর্যন্ত কত সংখ্যক ব্যক্তিকে গ্রেপ্তার করিয়াছেন?

The Minister for Home (Police):

৩১-১০-৬৫ তারিখ পর্যন্ত মোট ১০ (দশ) জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে।

Upgraded Junior High Schools in Burdwan district

257. (Admitted question No. 864.)

শ্রীমনোরঞ্জন বক্সী: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত আগস্ট ১৯৬৫ হইতে এ পর্যন্ত বর্ধমান জেলার কোন কোন দুই শ্রেণীবিশিষ্ট জুনিয়ার হাই স্কুলকে ৭-৮ শ্রেণী স্কুলে উন্নত করা হইয়াছে?

The Minister for Education:

নিম্নলিখিত ২-শ্রেণী জুনিয়ার হাই স্কুলকে ১লা জানুয়ারী, ১৯৬৫ হইতে ৪-শ্রেণী স্কুলে উন্নীত করিবার জন্য এ পর্যন্ত সুপারিশ করা হইয়াছে:—

বালকদিগের স্কুল

(১) গোপালবেরা জুনিয়ার হাই স্কুল, পোঃ গোপালবেরা।

(২) সম্মিলনী বিদ্যানিকেতন, পোঃ ছোট বইনান।

(৩) চিঁচুরিয়া উপেন্দ্রনাথ জুনিয়র হাই স্কুল, পোঃ চিঁচুরিয়া।

(৪) কলেটি গণপল্লী আদর্শ বিদ্যাপীঠ, পোঃ দীঘা।

বালিকাদিগের স্কুল

(১) সতী কৃষ্ণমণি গার্লস জুনিয়র হাই স্কুল, পোঃ মন্তেশ্বর।

(২) হাট কৃষ্ণনগর বালিকা বিদ্যালয়, পোঃ দিগনগর।

Translation of Bengali literature in foreign languages

258. (Admitted question No. 880.)

শ্রীলনংকুমার রাহা: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাংলা সাহিত্য পৃথিবীর কোন্ কোন্ দেশে সর্বাধিক অনুবাদ করা হইয়াছে এ সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের কোন তথ্য আছে কি না; এবং

(খ) সোভিয়েট রুশিয়ায় কোন্ কোন্ বাংলা সাহিত্য অনুবাদ করিয়া প্রচলন করা হইয়াছে এবং কত কপি করিয়া, এ বিষয়ে সরকার কোন সংবাদ পাইয়াছেন কি না?

The Minister for Education:

(ক) ও (খ) এ সম্বন্ধে সরকারের নিকট কোনও তথ্য নাই।

Establishment of a Medical College at Burdwan

259. (Admitted question No. 978.)

শ্রীঅশ্বিনী রায়: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান জেলা পরিষদ ৪র্থ পরিকল্পনাকালে বর্ধমান মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য সরকারকে অনুরোধ জানাইয়াছেন; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা করিতেছেন?

The Minister for Health:

(ক) হ্যাঁ।

(খ) বর্ধমানে মেডিক্যাল কলেজ সংস্থাপনের কোন পরিকল্পনা বর্তমানে নাই।

Maharaja Nandakumar's village home at Bhadrapur, Birbhum

260. (Admitted question No. 1174.)

ডাঃ রাধানাথ চট্টরাজ: পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় নলহাটী থানায় ভদ্রপুর গ্রামে ইতিহাস খ্যাত মহারাজ নন্দকুমারের ভদ্রাসন বাড়ী আজও সরকার কর্তৃক সংরক্ষিত করিবার কোন ব্যবস্থা হয় নাই; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে উক্ত ভদ্রাসন সংরক্ষণের কোন ব্যবস্থা সরকার হইতে করার প্রস্তাব আছে কিনা?

The Minister for Public Works:

(ক) হ্যাঁ।

(খ) না।

Co-operative Marketing Society

261. (Admitted question No. 306.)

শ্রীসনৎকুমার রাহা: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে কতগুলি সমবায় বিপণন সমিতি রেজিস্ট্রি হয় এবং উহাদের মধ্যে কতগুলি চালু আছে; এবং

(খ) কতগুলি বিপনন সমিতি লাভ করিতে পারিয়াছে তাহাদের নাম ও ঠিকানা কি?

The Minister for Co-operation:

(ক) উক্ত দুই বৎসরে রেজিস্ট্রিকৃত সমিতির মোট সংখ্যা—৩৯, চালু সমিতির সংখ্যা—৩৫।

(খ) ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে মোট ১১৪টি বিপনন সমিতি লাভ করিতে পারিয়াছে। সমিতিগুলির নাম ও ঠিকানা সম্বলিত তালিকা লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

Fish Farms in West Bengal

262. (Admitted question No. 779.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) the places in West Bengal where pisciculture centres have been established and expenditure involved on different items;

(b) the total quantity of fish produced in such centres in 1964-65 and the value thereof; and

(c) the number of employees engaged in each centre in 1964-65 and the pay and allowance paid to them?

The Minister for Fisheries: (a) Forty-one Fish Farms have been established up to 1964-65 in West Bengal. A Statement I showing the places where the farms have been established is placed on the Library Table.

The Statement II furnishing the expenditure incurred in different farms during 1964-65 is also placed on the Library Table.

(b) A Statement III showing fish and fry sold from the Fish Farms of the State during 1964-65 is placed on the Library Table.

(c) A Statement IV showing the number of staff employed under the Fish Farms of this State along with their pay including allowances is placed on the Library Table.

T.A., D.A., etc., drawn by the Ministers

263. (Admitted question No. 808.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালের ১লা জানুয়ারী হইতে বর্তমান সময় পর্যন্ত কোন্ কোন্ মন্ত্রী এবং রাষ্ট্রমন্ত্রী সরকারী তহবিল হইতে কত টাকা (১) টি-এ, (২) ডি-এ এবং (৩) অন্যান্য খরচ বাবদ গ্রহণ করিয়াছেন;

(খ) উক্ত সময়ে কোন্ কোন্ মন্ত্রীর জন্য কত টাকার (১) ইলেকট্রিক বিল, (২) পেট্রল বিল এবং (৩) অন্যান্য বিল সরকারী তহবিল হইতে খরচ হইয়াছে?

The Minister for Finance:

(ক) ও (খ) ১৯৬৫ সালের ১লা জানুয়ারী হইতে বর্তমান সময় পর্যন্ত (৩১-১০-৬৫ মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীদের সরকারী কার্যে (১) টি-এ, (২) ডি-এ, (৩) পেট্রল ও ইলেকট্রিক কি প্রভৃতির অদ্যাবধি প্রাপ্ত খরচের একটি তালিকা বিধানসভার লাইব্রেরী টেবিলে রাখার জন নিম্নে দেওয়া হইল।

Powerloom Co-operatives in Nadia district

264. (Admitted question No. 832.)

শ্রীকাশীকান্ত মৈত্র: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) (১) নদীয়া জেলার কতগুলি পাওয়ারলুম কো-অপারেটিভকে এ পর্যন্ত রেজেস্ট্রীভুক্ত করা হইয়াছে এবং (২) চালু হয়েছে কোন্ কোন্ এলাকায়, তাদের নাম ও বিবরণ;

(খ) এই ধরনের প্রতিটি কো-অপারেটিভকে সরকার কত টাকা দিয়েছেন;

(গ) এইসব কো-অপারেটিভগুলি নিয়মিতভাবে সভ্যদের লভ্যাংশ দিয়ে আসছে কিনা এবং কি পরিমাণ লভ্যাংশ দিয়ে আসছে;

(ঘ) এইসব সমিতিগুলির বাৎসরিক অডিট নিয়মিত হচ্ছে কিনা এবং উক্ত অডিট রিপোর্ট সন্তোষজনক কিনা; এবং

(ঙ) এইসব সমিতিগুলির প্রতিটির বাৎসরিক আয় কত এবং উৎপন্ন বস্ত্রের পরিমাণ কত?

The Minister for Cottage and Small-scale Industries:

(ক) (১) ১৬টি। ইহাদের মধ্যে ১টি সর্বার্থ ও ৩টি তন্তুবায় সমবায় সমিতি আছে। (২) বিবরণ লাইব্রেরী টেবিলে রক্ষিত ক্রোড়পত্রে দেওয়া হইল।

(খ) ৮টি সোসাইটির প্রতিটিকে ৫৫,৬৬২ টাঃ ৫০ পঃ ঋণ এবং ২,৩৮৫ টাঃ সাহায্য এবং অপর ৮টি সোসাইটির প্রতিটিকে ৪৮,২০০ টাঃ ঋণ এবং ৪,৫৬০ টাঃ সাহায্য দেওয়া হইয়াছে।

(গ) ৪টি সোসাইটি শতকরা ৯ টাকা লভ্যাংশ দিতেছে এবং অপরগুলিতে লভ্যাংশ দেওয়া হইতেছে না।

(ঘ) বাৎসরিক অডিট হয় এবং অধিকাংশ কমিটির অডিট রিপোর্ট সন্তোষজনক।

(ঙ) তথ্যসমূহ লাইব্রেরী টেবিলে রক্ষিত ক্রোড়পত্রে দেওয়া হইল।

Old-age Pension Scheme in Murshidabad district

265. (Admitted question No. 877.)

শ্রীসুধাংশু রাহা: ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কে কে কত করিয়া বার্ধক্যভাতা পাইতেছেন; এবং

(খ) বর্তমানে ঐ জেলা হইতে আরও কতজনের উক্ত প্রকার ভাতা পাইবার জন্য আবেদন সরকারের বিবেচনাধীন আছে?

The Minister for Relief and Social Welfare:

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(খ) ১২২টি।

Adjournment motions

Mr. Speaker: I have received two notices of adjournment motion on the following subjects, namely—

(1) Arrest of leading personalities belonging to the Muslim community—by Dr. Narayan Chandra Roy, Shri Nani Bhattacharjee, Shri Amarendra Nath Basu, Shri Sambhu Charan Ghosh, Shri Syed Abul Mansur Habibullah, Dr. Golam Yazdani, Dr. Abu Asad Mohammad Obaidul Ghani and Shri Radhakrishna Singha.

(2) Situation arising out of the permanent injunction granted by the Hon'ble High Court against the enforcement of the West Bengal Chhana Sweets Control Order of 1965—by Shri Nani Bhattacharjee.

I have withheld consent to these notices.

Dr. Narayan Chandra Roy: Sir, with permission I read my notice of adjournment motion.

> "There has been an indiscriminate arrest of leading personalities of Muslim community including doctors, lawyers, educationists, causing a feeling of helplessness amongst the members of the community.".

ডাঃ নারায়ণচন্দ্র রায়: স্যার, আমরা যেটা গত পরশুদিন বলেছিলাম সত্যই আমরা হেল্পলেস, আমরা কেউ বুঝতে পারছি না কে কি কারণে ধরা পড়ছে। বহু রিক্সাওয়ালা যাদের পাকিস্তানের সঙ্গে কোন সম্পর্ক নেই বা ডিফেন্স অফ ইন্ডিয়ার সঙ্গে কোন সম্পর্ক নেই, সেই সমস্ত রিক্সাওয়ালা থেকে আরম্ভ করে উকিল, ডাক্তারদের সব ধরা হয়েছে। কাজেই এ সম্বন্ধে সরকারকে একটা নীতি নিতে বলছি।

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: The Hon'ble Minister in charge of the Labour Department may now make his statement.

Shri Bijoy Singh Nahar: Sir, with reference to the calling attention notice of Shri Sudhir Chandra Das, I beg to make the following statement:-

Due to alleged non-availability of imported raw materials, trade depression affecting sales and accumulation of finished goods, Messrs. Bharat Woollen Mills, No. 2, found it necessary to cut down production for the economic working of the Mills. This rendered 165 workmen surplus and the management retrenched them on 11th November 1965. Five of these workmen were temporary, 129 had completed over 240 days' work and the rest, i.e., 31 had not put in work for 240 days. The management offers by a notice dated 8th November, 1965 one month's wage in lieu of notice as well as compensation under provision of the Industrial Disputes Act to 134 of these workmen. The remaining workmen were not entitled to such benefits under the provisions of the said Act. The management sent a copy of the retrenchment notice to Government along with a notice under Rule 77 of the West Bengal Industrial Rules, 1958. Bharat Woollen Mills Employees' Union raised a dispute on 9th November 1965 before the Assistant Labour Commissioner challenging the retrenchment and the matter is now under conciliation.

Mr. Speaker: I forgot to inform the House that question No. *191 will be held over for the next rotational day.

I have received 9 notices of calling attention on the following subjects, namely:—

(1) Steps for prevention of smuggling at Pakistani borders of West Bengal—by Shri Ananga Mohan Das.

(2) Death of a person by police firing at Dubrajpur in Bankura—by Shri Aswini Roy.

(3) Closure of Shri Mahalaxmi Cotton Mills in the district of 24-Parganas—by Shri Gopal Banerjee.

(4) Scarcity of Bread in Calcutta—by Shrimati Ila Mitra.

(5) Transfer of Bird Heilgers Company—by Shri Somnath Lahiri.

(6) Rise in price of Wheat—by Shri Gopal Banerjee.

(7) Stoppage of supply of ration in Radharghat Anchal, Nealishpara and Goaljam Anchal area—by Shri Sanat Kumar Raha.

(8) Lay off of workers of India Cycle Co. of Tiljala, Calcutta—by Shri Monoranjan Roy.

(9) Starvation death of Shri Jorekatu Tantra of village Uttar Patkapara within Alipur Duar P.S.—by Shri Nani Bhattacharjee.

I have selected the notice of Shri Nani Bhattacharjee on the subject of starvation death of Shri Jorekatu Tantra of village Uttar Patkapara within Alipur Duar P.-S. The Hon'ble Minister in charge may please make a statement on the subject today, if possible, or give a date for the same.

Shri Jagannath Kolay: Sir, the statement will be made on Monday next.

[2-10—2-20 p.m.]

শ্রীমতী ইলা মিত্র : আমি একটা ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে সরকারের ধান ক্রয় নীতি সম্পর্কে জনসাধারণ বিশেষ করে যারা ধান চাল উৎপাদন করছে তাদের অজ্ঞ রেখে সরকার বর্তমান খেয়াল খুসী মত একটি আদেশ জারী করেছেন এবং পুলিসের দ্বারা সেটা কার্যকরী করার চেষ্টা করছেন, এর জন্য যে ভয়াবহ পরিস্থিতি হয়েছে সে সম্পর্কে মালদহ থেকে যে সংবাদ এসেছে আমি সেটা হাউসের কাছে উপস্থিত করছি। আপনারা সকলেই জানেন যে মালদহ জেলার কোন কোন জেলায় একটু আগে ধান উঠে অর্থাৎ প্রায় ২ সপ্তাহ আগে ধান উঠেছে, যেমন বুলন ধান, কার্ত্তিকশাল ইত্যাদি। সেখানে দশ-পনের দিন আগেই উঠেছে, এবং সরকারের ক্রয় নীতি না থাকায় বড় বড় জোতদাররা অভাবী চাষীদের কাছ থেকে কিনতে শুরু করেছেন এবং অভাবী চাষীরা এভাবে বেচার ফলে জোতদাররা সেই ধান কিনছে এবং সেই ধান লরী করে পাচার হয়ে যাচ্ছে। এই ধান বিক্রী হচ্ছে ২৮-৩০ টাকা মণ দরে। অন্যদিকে মালদহ জেলায় অন্ততঃ তিনটা থানায় ইংরেজ বাজার, কালিয়াচক, মানিকচক ইত্যাদি থানায় ধান উৎপাদন হয় নি এরূপ অবস্থায় দেখা গেল ৪ দিন আগে থানা টু থানা কর্ডন হচ্ছে এবং যেখানে বেশী ধান উৎপাদন হয় সেখানে মোটেই ধান উৎপাদন হয় নি। ধান চাল সেখান থেকে নিয়ে যাচ্ছেন অথচ সেখানে পুলিশ পাহারা রয়েছে, এম, আর, সপ-এর ২-৩ সপ্তাহ চাল নেই, বাইরেও চাল মিলছে না, ২।৩ টাকা দামে চাল পাওয়া যাচ্ছে না, অন্য দিকে যেখানে যেখানে ধান বেশী হচ্ছে যেমন কাজল হাট, নবাবগঞ্জ, মুচিরহাট এই জায়গায় ধান বিক্রী করতে গিয়ে দেখা গেছে যে গভর্নমেন্ট এক নোটীশ দিয়েছেন যে গভর্নমেন্টের কাছ ছাড়া বা তাহার এজেন্ট ছাড়া ধান বিক্রী করতে পারবেনা। পুলিশ পাহারায় ধান বিক্রী করতে হবে। এর ফলে লোকেরা লুকিয়ে ধান বিক্রী করছে, ৮-১০ টাকায় ধান বিক্রী হচ্ছে, চাষীদের অবস্থা খুবই খারাপ, ক্ষেত মজুররা ধান কাটতে পারছে না কারণ ধান কেটে মজুরী হিসেবে যে ধান পেত সে ধান তারা বাড়িতে আনতে পারছে না। অন্য দিকে যেখানে ধান হয় না সেখানে ৩-৪ দিন ধরে লোক না খেয়ে রয়েছে। জেলা ম্যাজিস্ট্রেটকে লোকে খুঁজে পাচ্ছেনা, এস, ডি, ও-কে বললে তিন বলছেন আমার কিছু করবার নেই, আপনারা এ্যাসেম্বলীতে গিয়ে মুখ্যমন্ত্রীকে বলুন। আমার মনে হয় ইংরেজবাজার থেকে বারলাইব্রেরীর উকিলরা মুখ্যমন্ত্রীকে একটি টেলিগ্রাম পাঠিয়েছেন। আমিও এ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে মণ মণ ধান পাচার

হয়ে যাচ্ছে এবং যে ফুড প্রোকিওরমেন্ট পলিসি গভর্নমেন্ট নিয়েছেন সেটা বানচাল হতে যাচ্ছে। দ্বিতীয় কথা হচ্ছে অবিলম্বে ধান চাল সরকার থেকে কেনার ব্যবস্থা করা উচিত এবং যেখানে মোটে চাল নেই ৩-৪ টাকায় চাল বিক্রী হচ্ছে মানিকচক, কালিয়াচক, কাশিমবাজার, ইংরেজ-বাজার সেখানে অবিলম্বে চাল পাঠাবার বন্দোবস্ত করুন।

শ্রীননী ভট্টাচার্য : আপনার মাধ্যমে একটি বিষয় মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আজকে কাগজে বেরিয়েছে এবং আমিও এ্যাডজোর্নমেন্ট মোশন দিয়েছিলাম আপনি সেটা নাকচ করে দিয়েছেন ঐ রাজভোগ সন্দেশের ব্যাপারে। সাধারণ লোকের ভোগে আসে না সে ক্ষেত্রে হাইকোর্ট থেকে পরিষ্কার-ভাবে বলা হয়েছে যে এ আইন উদ্দেশ্যহীন এবং এটা এমনভাবে বলেছেন যে এটা কার্যকরী হবে না এ ব্যাপারে তারা কি করছেন সেটা বললে ভাল হয়।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবায়দুল গণি : স্যার, একটি বিষয়ের আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি হয়তো জানেন যে ওরা ছানা নিয়ে এতদিন ছিনিমিনি খেলেছেন। এর উপযুক্ত উত্তর অনারেবল হাইকোর্ট দিয়েছেন। আমি শুধু একটি কথা বলতে চাই যে, আপনি জানেন যে, কন্ট্রোল অর্ডার-এর বিরুদ্ধে বিরোধী-দলের তরফ থেকে যা কিছু মন্তব্য করা হয়েছিল সমস্তই হাইকোর্ট-এর জাজমেন্ট-এ বলা হয়েছে সেজন্য আমরা খুবই আনন্দিত।

ডাঃ কানাই লাল ভট্টাচার্য : স্যার, বুলেটিন, পার্ট থ্রি-তে

Select Committee on the Calcutta Metropolitan Water and Sanitary Authority Bill, 1965

তার একটা মিটিং শনিবার ডাকা হয়েছে এবং রবিবারও ডাকা হয়েছে। আমি জানিনা যদিও আমি একজন কমিটি মেম্বার। আমায় শৈলবাবু বলেছিলেন যে শনিবার বসা যাবে। তিনি আরও বলেছিলেন যে, এ্যাসেম্বলীর আগে বসা যাবে। আমি সেটা রাজী হই নি। আমি এইটুকুই বলেছিলাম যে যেভাবে এ্যাসেম্বলী হাউসের সামনে সেসন হচ্ছে এবং একটানা হেভী বিজনেস-এর পর যদি আমাদের বলা হয় যে সিলেক্ট কমিটি আবার বসবে এবং যাতে আমাদের এক্সট্রা আওয়ারস থাকতে হবে তা হলে আমাদের উপর খুবই ইনজাস্টিস করা হবে এবং সিলেক্ট কমিটির কাজে আমরা খুব জাসটিস হতে পারবো না। সেইজন্য আমার অনুরোধ যে এটা পরে করা হোক। এতে শৈলবাবু বলেছিলেন যে এই বিলটা নাকি এই সেসন-এ পাস করার ব্যবস্থা করা হবে কারণ এটা নাকি খুবই জরুরী। আমি তাঁর সঙ্গে একমত নই, গভর্নমেন্টের জরুরী হত গভর্নমেন্ট সেইভাবে ফাংসন করতো। যে রিপোর্ট গভর্নমেন্টের কাছে সি, এম, পি, ও, ডিসিসন মার্চ মাসের আগে দিয়েছে এবং কেবিনেট ডিসিসন মার্চ মাসে নেওয়া হয়েছে তারপর আপনারা এ্যাসেম্বলী সেসন ডাকতে পারতেন কিন্তু তা না করে আপনারা নভেম্বর-এ এ্যাসেম্বলী ডেকে যদি আপনারা বলেন যে ডিসেম্বরের আগে শেষ করতে হবে তাহলে আমি বলবো এটা ফিজিক্যালি ইমপসিবল, পসিবল নয়। সেইজন্য আমার অনুরোধ যে এটা করে আমাদের উপর এভাবে যেন চাপিয়ে না দেওয়া হয়।

Mr. Speaker: I will discuss with you regarding that matter in my Chamber.

ডাঃ কানাইলাল ভট্টাচার্য : আমি বলছি যে এভাবে করলে আমাদের খুবই অসুবিধা হবে। আমাদের উপর খুবই জোর করা হবে।

মিঃ স্পীকার : আমি জোর করে কিছু বলতে চাই না, আমি অ্যাটেনশন ড্র করছি অর্থাৎ আমি বলছি শনিবার রবিবার বসার ব্যাপারে আপনি যে অসুবিধার কথা বলছেন এ ব্যাপারে আপনি আমার চেম্বার-এ দেখা করবেন, কারণ এখানে ডিসকাশন করা সম্ভব নয়।

শ্রীননী ভট্টাচার্য: অফিসিয়াল বিজনেস হবার আগে আমি একটা বিষয় দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনি একটা অদ্ভুত জিনিস দেখেছেন বোধ হয় এবং এটা খবরের কাগজে আজ বেরিয়েছে। কো-অপারেটিভ সম্বন্ধে দেখবেন যে পশ্চিমবঙ্গ সরকারের সমবায়, শিল্প ও বাণিজ্য, কুটির ও ক্ষুদ্র শিল্প এবং বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী এটা দিয়েছেন। কিন্তু এর মধ্যে খাদ্যনীতির কিছু কিছু আভাস পাওয়া গেছে। এ বুলেটিনে সেটা বলা হয়েছে। "সরকারী উদ্যোগ ১৫ লক্ষ টন চাল সংগ্রহের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই মরসুম থেকে পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য শস্যের এক চেটিয়া ব্যবসায় নিজেদের হাতে নেবেন, ধান চালের পাইকারী কাজ কোন ব্যবসাদারদের হাতে থাকবে না, সব সরকার করবে এবং কিভাবে কো-অপারেটিভ থেকে ধান চাল সংগ্রহ হবে, চাল মজুত করবেন এ সমস্ত কথা উল্লেখ করেছেন। বন বিভাগের মন্ত্রীমহাশয় নিবেদন করেছেন। চিফ মিনিষ্টার এখানে আছেন। খাদ্য সংক্রান্ত ব্যাপারে আলোচনা হওয়া উচিত। খাদ্য নীতি কি ভাবে চলবে সামনে বছরে, কি ভাবে প্রোকিওর করতে চান, কি ভাবে স্টোর করতে চান এ সম্পর্কে বলা উচিত। এ ব্যাপারে তাঁর ভাশুর ভাদ্র বউ-এর ন্যায় সম্পর্ক কেন?

শ্রীলোমনাথ লাহিড়ী: আমি একটি ইনফর্মেশন পেয়েছি, আমি মন্ত্রিমহাশয়কে বলছি যে ছানার কন্ট্রোল অর্ডার সম্পর্কে যে জাজমেন্ট বেরিয়েছে তাতে তারা রিমার্ক করে বলেছেন যে এই অর্ডার-এর ফলে মাত্র ৯ হাজার লিটার দুধ পেতে পারেন। মন্ত্রিমহাশয় বলেছিলেন যে চল্লিশ হাজার লিটার পেতে পাওয়া যায় এবং এক লক্ষ লিটারও পেতে পারি। জাজ-এর ফিগার-এর সঙ্গে আপনার ফিগার-এর তফাত কি করে হল জানাবেন কি?

শ্রী এস, এম, ফজলুর রহমান: আমাদের ক্যালকুলেসন-এ আমরা বলেছি যে ৯০ হাজার লিটার। জাজ-এর ফিগার-এ যা দেখা যাচ্ছে তাতে এটাই দেখা যাচ্ছে কেবল মূল্যের তফাত।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আমি আপনার কাছে একটি বিষয় নিবেদন করছি, এই হাউস-এ গত সেসন-এ মাননীয় মন্ত্রী ফজলুর রহমান বলেছিলেন জিয়াগঞ্জ এবং আজিমগঞ্জ মিউনিসিপ্যালিটির ব্যাপারে। তিনি এই অ্যাসিওরেন্স দিয়েছিলেন যে ইলেকশান যথাসময়ে হবে এবং ঐ ইলেকশনে এর সমস্ত প্রোগ্রাম এবং কাজকর্ম হওয়া সত্ত্বেও নমিনেশন পেপার স্ক্রুটিনি ও উইথড্র হবার পর ইলেকশন-এর ডেট যা ৫ই ডিসেম্বর ছিল সেটার ব্যাপারে হাউস-এ অ্যাসিওরেন্স দেবার পরেও মিউনিসিপ্যালিটির ইলেকশন কেন বন্ধ করে দিলেন?

GOVERNMENT BILLS

The West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965

[2-20—2-30 p.m.]

Mr. Speaker: We will now take up the clauses one by one.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মিঃ স্পীকার স্যার, আমার একটি পয়েন্ট অব অর্ডার আছে। এই আইনটির আমরা আলোচনা এখন করতে পারি কিনা, এর উপরেই আমার পয়েন্ট অব অর্ডার। এই আইনে পঞ্চায়েত এবং জেলা পরিষদ, এই দুইটি আইনকে একসঙ্গে করা হচ্ছে। (ইন্টারাপশানস) একটি জিনিস হচ্ছে পঞ্চায়েত অ্যাক্টের যে প্রিয়াম্বেল, এবং জেলা পরিষদের যে প্রিয়াম্বেল, সেটা দুটি সেপারেট প্রিয়াম্বেল। সে দুটি সেপারেট প্রিয়াম্বেল থাকা সত্ত্বেও, এই জিনিসটাকে এক সঙ্গে নিয়ে আসার, এটা ভাইলেটেড হচ্ছে কি না. এ সম্বন্ধে আপনার রায়ের আবশ্যকতা আছে। তার কারণ, দুটী

সেপারেট প্রিয়াম্বেল। এ সম্বন্ধে, বিভিন্ন বিষয় নিয়ে যাঁরা আইন আলোচনা করেন, তাঁদের মন্তব্য, এইটুকু আমি আপনার সামনে রাখতে চাই যে প্রিভি কাউন্সিল-এর একটী জাজমেন্টএ লর্ড বাকিংহাম বলেছিলেন

"In considering the Act of Parliament where the intention of the legislature is declared by the preamble, we have to give effect to that preamble object as it shows us what the legislature is intending."

কাজেই সার, এর মানে হচ্ছে যে একটা প্রিয়াম্বেল-এর একটা পার্টিকুলার উদ্দেশ্য থাকে। দুটা অ্যাক্টের দুটো প্রিয়াম্বেল। সুতরাং, হাউ দি টু প্রিয়াম্বেল ক্যান কনসাইড, এ সম্বন্ধে কোন লিগাল জুরিসডিকশন আছে কিনা? সেইটাই হচ্ছে আমার পয়েন্ট অফ অর্ডার। আমি আপনার কাছে আমার এই পয়েন্ট অফ অর্ডার রেজ করে, আপনার রুলিং দাবী করছি।

মিঃ স্পীকার: মিঃ অধিকারী, এই রকমভাবে, দুটা এ্যাক্টের দুটা সেপারেট প্রিয়াম্বেল নিয়ে এক সঙ্গে হতে পারে। এইটুকুই আমার পয়েন্ট অফ অর্ডারের আনসার।

Clause 1

The question that clause 1 do stand part of the Bill **was then put and** agreed to.

Clause 2

Shri Sowrindra Mohan Misra: I beg to move that in clause 2,—

(*1*) in paragraph (*2*), for sub-paragraph (*aaa*), the following sub-paragraph be substituted, namely :—

"(*aaa*) he is in the service of the Central or State Government or of the *Zilla Parishad* of the district or of an *Anchalik Parishad*, an *Anchal Panchayat* or a *Gram Panchayat* within the district; or";

(*2*) for paragraph (*4*), the following paragraph be substituted, namely:— "(*4*) in section 31, clause (*1*) shall be omitted;";

(*3*) for paragraph (*10*), the following paragraph be substituted, namely :—

'(*10*) in Schedule I, in the entries in column 4 relating to the Cattle-trespass Act, 1871, I of 1871.

(*1*) in clause (*1*),—

(*i*) in sub-clause (*a*), for the words "an *Adhyaksha* of a *Gram Panchayat*", the words "a *Pradhan* of an *Anchal Panchayat*" shall be substituted;

(*ii*) in sub-clause (*b*), for the words "*Gram Panchayat*", the words "*Anchal Panchayat*" shall be substituted;

(*iii*) in sub-clause (*c*),—

(*a*) in paragraph (*i*), for the word "*Adhyaksha*", the word "*Pradhan*" shall be substituted;

(*b*) in paragraph (*ii*), for the words "*Upadhyaksha* of such *Gram Panchayat*", the words "*Upa-Pradhan* of such *Anchal Panchayat*" shall be substituted ;

(*2*) in clause (*2*),—

(*i*) in sub-clause (*a*), for the word "*Adhyaksha*", the word "*Pradhan*" shall be substituted;

(*ii*) in sub-clause (*b*), for the word "*Upadhyaksha*", the word "*Upa-Pradhan*" shall be substituted;

(*iii*) in sub-clause (*c*), for the word "*Adhyaksha*", the word "*Pradhan*" shall be substituted.'.

I also move that in clause 2, in paragraph (3), in clause (b) of the proposed sub-section (1) of section 26, for the words "be determined", the words "be determined in such manner as may be prescribed" be substituted.

I also move that in clause 2, in sub-section (3) to the proposed sub-section (1) of section 26, the following proviso be added, namely :—

"Provided that no member of a *Gram Sabha* shall be elected to be a member of an *Anchal Panchayat* if he has any of the disqualifications mentioned in section 15."

Shri Sailendra Nath Adhikary:
মাননীয় স্পীকার মহাশয়, উনি যে অ্যামেন্ডমেণ্টগুলি পড়লেন, যা তিনি অ্যাক্ট-এর মধ্যে ইনসার্ট করলেন, সঙ্গে সঙ্গে তার কারণগুলো না বললে অবজেক্ট অ্যান্ড রিজনস না বললে কি করে হবে। এই যে এ্যামেন্ডমেন্টগুলি তিনি সাবস্টিটিউট করতে চাচ্ছেন তা নিউ ল হয়ে যাচ্ছে। সে ক্ষেত্রে এর কারণগুলি না শুনলে আমরা কি করে বুঝবো? সেটা তিনি আমাদের বুঝিয়ে বলুন।

শ্রীসৌরেন্দ্রমোহন মিশ্র : আমি সেটা এক্ষুনি এক্সপ্লেন করছি শুনুন। আমি প্রথম যেটা এ্যামেন্ডমেন্ট দিলাম, সেটা সম্বন্ধে একটু বলে দেই। যেখানে প্রথম ছিল যে যারা লোক্যাল অথরিটিজ-এর কোন কর্মচারী, তারা গ্রামসভায় দাঁড়াতে পারবেন না। সেখানে আমি এ্যামেন্ডমেন্ট করে বলছি যে যারা গ্রাম পঞ্চায়েৎ বা অঞ্চল পঞ্চায়েৎ বা আঞ্চলিক পরিষদ বা জেলা পরিষদের কর্মচারী, পঞ্চায়েৎরাজ ইনস্টিটিউশনস-এর যারা কর্মচারী, তারা দাঁড়াতে পারবে না। কিন্তু যাঁরা মিউনিসিপ্যালিটিতে বা কলিকাতা কর্পোরেশনে কাজ করে থাকেন, তাঁরা দাঁড়াতে পারবেন।

আর দ্বিতীয়টির মূল উদ্দেশ্য হচ্ছে গ্রামসভাগুলির হাতে খোঁয়াড়গুলি থাকায় অসুবিধা হচ্ছে ছোট ছোট ইউনিট বলে। এইজন্য প্যারাগ্রাফ ৪তে বলতে চাই ইন সেকশন ৩১, ক্লজ (১) ডিলিট করে অঞ্চল পঞ্চায়েতের হাতে এটা দেওয়া হচ্ছে বলে পরের সব জায়গায় যেখানে অধ্যক্ষ বা উপাধ্যক্ষ আছে সেখানে প্রধান বা উপপ্রধান লেখা হয়েছে।

আর দু-নম্বরে তৃতীয় যেটা দিলাম সেটা হচ্ছে ডিটারমাইন্ড বলে কোন একটী রুলস উল্লেখ ছিল না যেটা ক্লজ ৪৬এ বলছি ডিটারমাইন্ড রুলসের ভেতর দিয়ে করতে হবে সেকশন ২৬।

আর একটি অ্যামেন্ডমেণ্ট দিয়েছি সেখানে প্রভাইসো ছিল না মিস করেছি, সেখানে একটি প্রভাইসো অ্যাড করে দিচ্ছি—যারা গ্রামসভার সদস্য হতে পারবেন না যে যে ডিসকোয়ালিফিকেশন থাকার দরুন, অঞ্চল পঞ্চায়েতের সদস্য হবার সময় ও সেই সব ডিসকোয়ালিফিকেশনগুলি খাটবে। আমার মনে হয় এখন সকলের কাছে পরিষ্কার হয়েছে।

[2-30—2-40 p.m.]

Dr. Golam Yazdani: Sir, I beg to move that in clause 2(3), in proposed sub-section (1)(b), in line 8, the words "at least" be omitted.

Sir, I also beg to move that in clause 2(3), in proposed sub-section (1)(b), in lines 10 to 11, the words beginning with "that" and ending with "Gram Sabha" the words "one additional member if the number of the remaining members of the Gram Sabha is not less than two hundred and fifty" be substituted.

Sir, I also beg to move that in clause 2(7)(a), in proposed sub-section (1)(a), in line 3, for the words "two per centum" the words "one per centum" be substituted.

Sir, I also beg to move that in clause 2(7)(a), in proposed sub-section (1)(a), in lines 5 and 6, the words "or occupiers or owners and occupiers thereof" be omitted.

Sir, I also beg to move that in clause 2(7), in proposed sub-section (1)(b), in line 7, for the words "two hundred and fifty rupees" the words "one hundred fifty rupees" be substituted.

Sir, I also beg to move that in clause 2(1)(b), in proposed sub-section (3)(ii), line 2, for the word "four" the word "three" be substituted.

Sir, I also beg to move that after clause 2(7), in proposed sub-section (1)(a), the following proviso be added:—

"Provided that no tax shall be imposed on uneconomic holdings of land and/or building."

Sir, I also beg to move that after clause 2(7), in proposed sub-section (1)(b), the following proviso be added:—

"Provided that a tax more than the maximum limit shall be imposed as prescribed in case of any industry or trade which will have more annual income as prescribed."

Shri Balai Lal Das Mahapatra:

প্রথমে আমি বলছি আমার এ্যামেন্ডমেন্ট নং ২২ এ যে ঐ ২নং ক্লজের সাবসেকশন ১(বি) তে যে 'এ্যাট লিস্ট' কথাটা আছে সেটা থাকার কোন অর্থ হয় না। কেন না ৫০০ জন মেম্বার প্রতি একজন মেম্বার নিতে হবে অঞ্চল পঞ্চায়েতে। একজন এসেই যাচ্ছে সেজন্য 'এ্যাট লিষ্ট' কথাটা সুপারফ্লুয়াস হয়ে যাচ্ছে, কোন অর্থ হয় না। তারপর আমি আর একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছি যে

and that there shall be at least one member from each Gram Sabha.

এই যদি হিসাব হয় যে প্রত্যেক ৫০০ জন মেম্বারের জন্য একজন করে হবে--একজন করে ত হয়েই যাচ্ছে কিন্তু বাকি যদি আরো আড়াইশো মেম্বার থাকে তাহলে তাদের মধ্যে থেকে একজন দেওয়া দরকার। ওটার বদলে আরো একটা সভ্য হওয়া দরকার সেটা হল

one additional member if the number of the remaining members of the Gram Sabha is not less than 250.

কেননা অরিজিনাল এ্যাক্টের মধ্যে আছে যে ২৫০ জন মেম্বারের জন্য একজন মেম্বার হবে। তারপর বলা আছে ২৫০ জনের যদি কম হয় কিন্তু ১২৫ জনের যদি বেশী হয় তাহলেও একজন নেওয়া হবে। কিন্তু এখানে সেই নীতি গ্রহণ করা হচ্ছে না কেন? ৫০০ জন লোকের জন্য একজন মেম্বার নেওয়া হবে কিন্তু যেখানে ৫০০র কম এবং ২৫০এর বেশী সেখানে একজন নেওয়া হোক। সেইজন্য এই এ্যাটলিষ্ট কথাটা তুলে দেওয়া দরকার। ৫০০ জনের কম হলে এবং ২৫০-এর বেশী হলে একজন মেম্বার হতে পারে এটা যদি করেন তাহলে আমরা আশ্বাস পেতে পারি এবং হওয়া উচিত বলে মনে করি, সেজন্য আমি এই এ্যামেন্ডমেন্টটা দিয়েছি। তারপর আমি যেটা দিয়েছি সেটা হচ্ছে ২ পার্সেন্টের জায়গায় ১ পার্সেন্ট হবে, এখানে ট্যাক্সের কথা আছে। এটা আমি এক্সপ্লেন করে বলবো না কেন ২ পার্সেন্টের জায়গায় ১ পার্সেন্ট করতে বলছি। আমার ২৮নং এবং ২৯নং-টা আমি মুভ করছি না, ৩০নং-টা মুভ করছি। যেখানে ম্যাক্সিমাম লিমিট দেওয়া আছে ২৫০ টাকা সেখানে আমি বলছি, যেখানে গ্রামে সাধারণতঃ স্মল ট্রেড, স্মল প্রফেশন হয়, বড় দোকান সাধারণতঃ যার ম্যাক্সিমাম লিমিট ২৫০ টাকার করা যেতে পারে, সেখানে ওটা কমিয়ে ১৫০ টাকা করুন। তারপরে যে এ্যামেন্ডমেন্ট দিয়েছি, ৮৬ নং, তাতে বলেছি

provided that a tax more than the maximum limit shall be imposed as prescribed in case of any industry or trade which will have more annual income as prescribed.

এটা যোগ করা হোক। এই কথা বলতে গিয়ে আমি সেই কথাই বলবো যা বলে আমি গত কাল দৃষ্টি আকর্ষণ করেছিলাম, এই যে পাড়াগায়ের মধ্যে ম্যাকসিমাম লিমিট করছেন ২৫০ টাকা এটা ঠিক নয়, কারণ যদি গ্রামে খুব বড় একটা ইন্ডাস্ট্রি গড়ে উঠে যার ইনকাম হয়ত ১ লক্ষ ২ লক্ষ টাকা তাহলে তাদের কাছ থেকেও কি ২৫০ টাকা নেবো? এখানে একটা পার্থক্য থাকলো না। আমি মনে করি তাদের কাছ থেকে বেশী নেওয়া উচিত। কিন্তু তার প্রভিশন কোথায় থাকলো? আমি সেইজন্য দৃষ্টি আকর্ষণ করে আগেই বলেছি যে এই প্রভিশন করে রাখা দরকার যে বড় ইন্ডাস্ট্রি যদি হয় তাহলে তাকে বেশী দিতে হবে। তারপরে আর একটা কথা বলছি ক্লজ ২-এর ৩(২) যেখানে রয়েছে কনস্টিটিউয়েন্সি এবং সিটের কথা—

Electors of such Constituency as it is not being less than 2 and more than 4.

তার আগের ধারা যদি দেখি প্রত্যেক এরিয়াতে কটা করে হবে কনষ্টিটিউয়েন্সিতে? ৩ টার কম নয় এবং ৫ টার বেশী নয়। এখানে যদি আমরা প্রত্যেক কনষ্টিটিউয়েন্সি থেকে দুটো করে মিনিমাম নিতে পারি, আর ম্যাক্সিমাম চারটে করে নিতে পারি তাহলে এই ম্যাক্সিমাম চারটের কোন প্রয়োজন হচ্ছে না। আমি গুণ-ভাগ করে দেখেছি ওখনে যদি ম্যাক্সিমাম তিনটা করি এবং আমাদের যদি পাঁচটি কনষ্টিটিউয়েন্সি হয় তাহলে আমাদের ১৫টি মেম্বার হয়ে যাচ্ছে। ৪টি কনষ্টিটিউয়েন্সি যদি হয় তাহলে ১২টি হয়ে যাচ্ছে। ৯ থেকে ১৫র যে লিমিট করে দেওয়া হচ্ছে সেখানে আমরা বলছি ২ থেকে ৩ পর্যন্ত যদি প্রত্যেক কনষ্টিটিউয়েন্সির মেম্বার নেওয়া হয় তাহলে আমরা আমাদের রিকয়ার্ড সংখ্যা পেয়ে যাচ্ছি। সুতরাং মিছামিছি ৪ করার কি দরকার আছে? ৪ না করে যদি ৩ করে দেওয়া যায় তাহলে আমাদের নির্দিষ্ট সংখ্যক মেম্বার পেয়ে যাচ্ছি। সুতরাং ৪টি সুপারফ্লুয়াস হয়ে যাচ্ছে। তারপর ট্যাক্সের ব্যাপারে যেখানে আছে সেখানে একটা এ্যামেন্ডমেন্ট দিয়েছি যে যাদের আন ইকনমিক হোল্ডিং হবে তাদের বেলায় একটা প্রভিশন থাকা দরকার। এটা একটু বিবেচনা করার বিষয়। সেজন্য আমার এ্যামেন্ডমেন্টে বলেছি আন ইকনমিক হোল্ডিং যদি হয় তাহলে তাদের বেলায় কি করতে হবে।

Shri Sanat Kumar Raha: Sir, I beg to move that in clause 2(4) line 1, for the words "clause (1)" the words "clause (1)" substituted.

Sir, I also beg to move that in clause 2(7), the following proviso be added to proposed sub-section (1)(a):—

"Provided that no such tax be charged on land and building which are considered as uneconomic holding for the owner and the occupier, whatever the case may be. Total land not more than one acre irrigated under possession total land of two acres non-irrigated will be considered as uneconomic holding for the person."

Sir, I also beg to move that in clause 2(7), in proposed sub-section (1)(b), in line 4, after the word "income" the words "not less than rupees three thousand" be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্লজ ২এ—২৪, ২৫, ৩১, এই তিনটি আমার এ্যামেন্ডমেন্ট আছে। ২৪ নং এ্যামেন্ডমেন্ট আবার এ্যামেন্ড করা উচিত ছিল 'এল' এর জায়গায় 'ওয়ান' হয়েছে, আবার আমার এ্যামেন্ডমেন্টেও 'এল' এর জায়গায় 'ওয়ান' করা হয়েছে। কাজেই ওটা 'এল' করলে মানে হয় তানা হলে মানে হয়না। দ্বিতীয় এ্যামেন্ডমেন্ট হচ্ছে যেখানে ট্যাক্স করার ব্যবস্থা হয়েছে সেই ট্যাক্স করার ব্যবস্থার মধ্যে সর্বোচ্চ কি করবেন না করবেন সেদিক যাচ্ছি না, গাঁয়ে আজকে বড় বড় লোক সৃষ্টি হচ্ছে তাদের উপর ট্যাক্স করুন আপত্তি নেই। সেই মাত্রা হারিয়ে না গেলে নিশ্চয়ই জেই পয়সা আমাদের ডেভেলপমেন্টের জন্য দরকার আছে। কিন্তু যেটা আমার বক্তব্য পঞ্চায়েত রাজের দৃষ্টিভঙ্গী নিয়ে এবং যেটা আমার এ্যামেন্ডমেন্টের মধ্যে দিয়ে বলেছি এই প্রভাইসো দিয়ে সেটা হচ্ছে

Provided no such tax be charged on land and building which are considered as uneconomic holding for the owner and the occupier, whatever the case may be.

গ্রাম এলাকাতে আমাদের ধারণা একটা লোকের পরিবারকে যদি বাঁচাতে হয় তাহলে ইরিগেশনের আন্ডারে, কম সে কম যার এক একর বা তিন বিঘা জমি আছে এবং ইরিগেশনের বাইরে যার অন্ততঃ দুই একর বা ছয় বিঘা জমি আছে তাদের উপর ট্যাক্স কোন প্রকারে চার্জ করা উচিত নয়। এদের আমি আন ইকনমিক হোল্ডিং বলছি। যে সব বাড়ী আছে যে বাড়ীতে কোন ইনকাম হয় না, তাদেরকে আমি আন ইকনমিক হোল্ডিং বলছি। কাজেই ল্যান্ড এবং বিল্ডিং যার থেকে কোন ইনকাম ড্র করতে পারে না বা ল্যান্ড থেকে ইনকাম ড্র করতে গেলেও সেই পরিবারের গ্রাসাচ্ছাদন চলেনা সেই রকম পরিবারকে আন ইকনমিক হোল্ডিং বলে আমরা মনে করি। তাদের উপর থেকে ট্যাক্স ছাড় দেওয়া উচিত। সেইজন্য এই প্রভিশন রেখেছি।

[2-40—2-50 p.m.]

আর একটি কথা আছে যেটা ইনকামের ব্যাপার। আপনারা আবার একটা রাজস্ব বাড়াবার চেষ্টা করছেন। সেদিক থেকে আমি বলব জমিজমা বাড়ি ব্যতিরেকে যারা যেখানে রোজগার করে সেই রোজগারের উপরে আপনারা ট্যাক্স করতে যাচ্ছেন। সেদিক থেকে আমার বক্তব্য যে, তলাকার লোকদের ছাড় দিন। একটা গ্রাম এলাকায় মিলমালিকেরা যারা বিরাট সহর থেকে টাকা নিয়ে গ্রামে মহাজনী ব্যবসা করছেন, দালালী করছেন এবং নানান ভাবে টাকা ইনকাম করছেন তাদের উপরে যত পারেন ট্যাক্স বাড়ান। কিন্তু যাদের ইনকাম বছরে তিন হাজারের উপরে উঠবে না তাদেব উপরে ইনকাম ট্যাক্স বসাবেন না। এই রকম একটা নির্দ্দিষ্ট মান যেন থাকে যাতে যেন গরীব লোকে বুঝতে পারে যে পঞ্চায়েত রাজের আমলে তলাকার লোকেদের অযথা ট্যাক্স করা হয়না। আমার দুটো সংশোধনী প্রস্তাব আমি রেখেছি, তারা যে দৃষ্টিভঙ্গীর কথা বক্তৃতায় বলেন সেদিক থেকে তাঁদের এই সংশোধনী গ্রহণ করতে আশা করি আপত্তি হবে না।

Shri Deb Saran Ghosh: Sir, I move that in clause 2(3), in proposed sub-section (1)(b), line 8, the words "at least" be omitted.

I move that in clause 2(3), in proposed sub-section (1)(b), lines 10 to 11, the words beginning with "that" and ending with "Gram Sabha" the words "one additional member if the number of the remaining members of the Gram Sabha is not less than two hundred and fifty" be substituted.

I move that the following proviso be added to clause 2(7), sub-section (1)(a):—

"Provided that no such tax be charged on land and building which are considered as uneconomic holding for the owner and the occupier whatever the case may be. Total land not more than one acre irrigated under possession total land of two acres non-irrigated will be considered as uneconomic holding for the person.".

I move that in clause 2(7), in proposed sub-section (1)(b), in lines 5 and 6, the words "and employments" be omitted.

I move that in clause 2(7)(a), in proposed sub-section (1)(b), lines 1 and 2, the words "and employment" be omitted.

I move that in clause 2(7), in proposed sub-section (1)(b), in line 4, after the word "income" the words "not less than rupees three thousand" be inserted.

স্যার, আমার অ্যামেন্ডমেন্ট ৫০, ৫১, ৫৯, ৬১, ৬৩, ৬৪ আমি মুভ করছি। আমি প্রথমে ক্লজ ২ এর (১) এ্যাটালিন্ট কথাটা তুলে দিতে বলছি, এবং ৫০০ জনে একজন করে অঞ্চল পঞ্চায়েতে মেম্বার হবে, সেখানে আমি একটা নতুন এ্যাডিশানাল মেম্বার যোগ দিতে চাচ্ছি। ধরুন একটা গ্রামসভায় ৯০০ জন মেম্বার আছে সেখানে ৫০০ জনে একজন মেম্বার হচ্ছে বাকী ৪০০ জনে আরেকজন মেম্বারশিপ পচ্ছে না। সেখানে আমি এ্যাডিশ্যানাল মেম্বারের স্কোপ রেখেছি। যেখানে ৫০০ জনে একজন হচ্ছে অতিরিক্ত ২৫০-৩০০ জনে একজন সদস্য হচ্ছে না সেখানে আমি বলেছি এ্যাডিশানাল প্রতি ২৫০ জনে একজন এ্যাডিশানাল মেম্বার রাখা হউক। এটা মাননীয় মন্ত্রিমহাশয় গ্রহণ করা উচিত।

তারপর ৫৯এ যেটা বলেছি যে একটা প্রভাইসো যোগ করতে বলেছি। কেননা আমরা গ্রামাঞ্চলে দেখি যে বাড়ি থেকে কোন লোকের আয় হয় না। তারপর যে সমস্ত জমিতে ফসল উৎপন্ন হয়না কোন ইনকাম হয়না সেই জমির উপর ট্যাক্স ধার্য করা উচিত নয়। আমি সেই জমিতে এবং বাড়ীতে ট্যাক্স বাদ দিতে বলেছি। সেগুলি বাদ দিয়ে ট্যাক্স করার কথা আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি অনুরোধ করছি। তারপর ৬১ নম্বর অ্যামেন্ডমেন্টে আমি এমপ্লয়মেন্ট কথাটা উঠিয়ে দিতে বলছি। সরকার এমপ্লয়মেন্ট কথাটার মাধ্যমে যারা স্কুলমাস্টার এবং যারা ছোটখাট কাজকর্ম করে তারা তাদের দুই এক বিঘা জমি যদি থাকে তার উপর ট্যাক্স দিতে বাধ্য হচ্ছে আবার অন্য দিক দিয়ে তারা যদি একটু অল্পসল্প আয় করে তাদের উপর আবার নতুন ট্যাক্স হচ্ছে সেজন্য আমি এমপ্লয়মেন্ট কথাটা তুলে দিতে চাইছি।

Shri Aswini Roy: Sir, I beg to move that in clause 2(3)(1)(b), lines 8-9, for the words "five hundred" the words "two hundred and fifty" be substituted.

I also move that in clause 2(3)(1)(b), in line 9, after the words "Gram Sabha" the words "one additional number if the remaining members of the Gram Sabha is not less than one hundred and twenty five" be inserted.

I also move that in clause 2(4), line 1, for the figure "(1)" the letter "(l)" be substituted.

I also move that the following proviso be added to clause 2(7):—

"Provided no tax on the land to the extent of one third acre comprising of the homestead or dwelling house shall be imposed.".

I also move that in clause 2(7), in proposed sub-section (1)(a), in line 4, after the word "buildings" the words "above the value of rupees five hundred" be inserted.

I also move that in clause 2(7)(1)(b), in line 1-2, after the word "employment" the words "having an annual income above one thousand" be inserted.

মাননীয় স্পীকার মহাশয়, ক্লজ ২এ আমার বহু এ্যামেন্ডমেন্ট আছে। আমি এই এ্যামেন্ডমেন্ট গুলি মুভ করার আগে বলতে চাই যে মাননীয় মন্ত্রিমহাশয় ১৬(১) ধারায় এএএ যে এ্যামেন্ডমেন্ট দিয়েছেন সেখানে উনি যেকথা বলতে চেয়েছেন সেটা আমার কাছে পরিষ্কার নয়, কারণ উনি বলছেন যে কারা নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন না। সে ক্ষেত্রে যাঁরা আঞ্চলিক পরিষদ, জেলা পরিষদ বা অঞ্চল পঞ্চায়েতের বেতন ভোগী বা রেমুনারেশন পান তাঁরা অংশ গ্রহণ করতে পারবেন না কিন্তু একটা জিনিস কালকেও হয়েছিল এবং আজকেও বলা হচ্ছে যে স্ট্যান্ডিং কমিটির যদি কোন এমপ্লয়ী হয় তাহলে তারা কি জেলা পরিষদের এমপ্লয়ী এখন হয়ে গেছে। কারণ একটা উদাহরণ দিই এডুকেসন স্ট্যান্ডিং কমিটি যেটা আইনে রয়েছে যে একজিসটিং স্কুলবোর্ড, অথচ সেই স্কুলবোর্ডগুলি এখনও পর্যন্ত জেলা পরিষদের আওতায় আসে নি। এখন সার্ভিস কন্ডিশান যেটা রেগুলেটেড এবং গাইডেড্ হয় সেটা হচ্ছে স্কুলবোর্ডের আলাদা মেনুয়াল আছে যার দ্বারা সার্ভিস কন্ডিশানগুলি গাইডেড্ হয় আবার স্ট্যান্ডিং কমিটিগুলোকে যদি জেলা পরিষদের অঙ্গ হিসাবে করেন তাহলে জেলা পরিষদ আইনের আওতায় আসবে। কাজেই এখানে একটু সন্দেহ থেকে যাচ্ছে যে এই স্ট্যান্ডিং কমিটির যারা এমপ্লয়ী তারা তাহলে কনটেস্ট করতে পারছে। সেই হিসাবে ভাল উনি যদি আইনে এটা রাখতেন Employees of the Zilla Parishad or the Standing Committee. এবং Employees of the Anchalik Parishad or of the Standing Committee. তাহলে এটা একটু বুঝতে সুবিধা হত। কাজেই এই জিনিসটা একটু ভেবে এখানে সংশোধন করতে পারেন কিনা দেখুন, কারণ এই ধরনের য়্যানাম্যালি আছে, আর প্রত্যেকবার হাইকোর্টের কাছে ধাক্কা খাচ্ছেন কালকে ছানা অর্ডারে ধাক্কা খেয়েছেন। কাজেই বারেবারে হাইকোর্টের কাছে

আপনারা অপদস্থ হচ্ছেন অথচ আমরা যখন বলি তখন আপনারা কান দেন না। তারপরে আমার সংশোধনী ৫৩ এবং ৫৪ উনি যে কথা বলেছেন অঞ্চল পঞ্চায়েৎ কিসের ভিত্তিতে গঠিত হবে—সেই অঞ্চল পঞ্চায়েৎ গঠিত হবার ক্ষেত্রে উনি বলেছেন ৫০০ মেম্বারে একজন। আমি সেখানে বলছি যে ৫০০ নয়, ২৫০ এবং তার যদি কোন ফ্র্যাকশন থাকে তাহলে সেই ফ্র্যাকশন নিয়ে একজন এভাবে গঠিত হোক। কালকে উনি যে যুক্তিটা দিয়েছেন যে কেন ওঁরা অঞ্চল পঞ্চায়েতের সদস্য সংখ্যা কমাতে চাচ্ছেন, এখন সেক্ষেত্রে উনি বলেছেন যে অঞ্চল পঞ্চায়েতের সদস্য সংখ্যা কমানোর দরকার আছে, শান্তনম কমিটি রেকমেন্ড করে গেছে। এখন সুষ্ঠুভাবে কাজ করতে গেলে ঐ পদ্ধতি না নিয়ে অন্য পদ্ধতি নেয়া যায়। উনি যদি ঐ পদ্ধতিটা না নিয়ে অঞ্চলগুলির এলাকা ছোট করেন তাহলে আর এই সংখ্যাটা কমাতে হয় না কিন্তু উনি সেই পদ্ধতির কথা চিন্তা করেন নি। কাজেই আমরা মনে করি যখন প্রাথমিকভাবে আইন হয়েছিল তখন ঐ ২৫০ এর ভিত্তিতে একজন অঞ্চলে যাবে সেটা ভেবে চিন্তেই করা হয়েছে। এখন হয়ত লোকসংখ্যা বেড়েছে এবং যখন এই অঞ্চল পঞ্চায়েত গঠিত হয়েছিল তখন মূলতঃ ছিল সে ইউনিয়ন বোর্ডের জুরিসডিকসন, আরো ছোট করলে সুবিধা হয়, কিন্তু সংখ্যা কমালে সুবিধা হয় না। ছোট করলে সুবিধা হয় কি—না, প্রধান বা উপ-প্রধান যাঁরা থাকবেন বা অঞ্চলের সদস্য যাঁরা থাকছেন তাঁরা একটা ছোট্ট এলাকার প্রতি সজাগ দৃষ্টি রাখতে পারেন, সেখানকার উন্নয়ন ডেভেলপমেন্ট যাকিছু খুঁটিনাটি বিষয় সে বিষয়ে ভাবতে পারেন, দেখতে পারেন, চিন্তা করতে পারেন এবং প্রথামিক কাজেও খুব ভাল হয়, যেমন ট্যাক্স ইত্যাদি আদায়ের ক্ষেত্রে খুব ভাল হয়। সেজন্য উনি বিকল্প পন্থা না নিয়ে শান্তনম কমিটির নাম করে করলেন কি যা ছিল অঞ্চল পঞ্চায়েতের সদস্য সেই সদস্য সংখ্যাকে মোটামুটিভাবে শতকরা ৫০ ভাগ কমিয়ে দিতে চাইলেন।

[2-50—3 p.m.]

আমার ৫৩, ৫৪ এ্যামেন্ডমেন্ট আমি আগেই রেখেছি আমি আমার ৫৫ এ্যামেন্ডমেন্টএ বলছি। এটা একটি প্রিটিং মিস্টেক বলেছেন কাজেই এই এ্যামেন্ডমেন্ট প্রিটিং মিস্টেক বলে ইনসিস্ট করছি না। ৫৭ এবং ৫৮-এর যে অ্যামেন্ডমেন্ট আছে এটি একটি ভাইটাল অ্যামেন্ডমেন্ট কারণ এটি একটি পলিসি-এর উপর বলেছেন। এই ৫৭ এ্যামেন্ডমেন্ট-এর উপর আমার বক্তব্য হল, এটি একটি পলিসি-এর বিল্ডিংস আছে সেটা কি ভাবে হবে, ভ্যালুয়েশন কিভাবে হবে এটা জানতে চাই। সেখানে যা দিয়েছেন তারপর আমি একটি প্রভিসো অ্যাড করবো provided that no tax on the land to the extent of one third acre comprising of the home-stead or dwelling house shall be imposed.

কেন এটা বলেছি? অনেক মাননীয় সদস্য বলেছেন আন ইকনমিক হোল্ডিং বাদ দিলে ভাল হয়। এটা না করলে অনেক ক্ষতি হবে কারণ অনেক সময় জানেন যে ভূমি সংশোধন আইনের আমাদের স্বাধীনতা আন্দোলনের যে মৌলিক অধিকারছিল যে স্বাধীন হবার পর সে অধিকার আজকে রক্ষিত হচ্ছে কিনা। বাড়ী যাতে নিলাম না হয় ট্যাক্স না দেবার জন্য বা হস্তান্তর যাতে না হয় সেজন্য অনেক ভেবে চিন্তে ভূমি রাজস্ব মন্ত্রী শ্যামাদাস বাবু ভূমি সংস্কার আইন ছাড় দিলেন কি না খাজনা যদি না দেয় তাহলে ½ একর অব দি ডোয়েলিং হাউস সেটা রেন্ট ফ্রি থাকবে। তিনি বললেন এর উপর কোন খাজনা থাকবে না, ½ একর যদি বাস্তু থাকে তার উপর রেন্ট ধার্য হবে না। আর একটি জিনিস করা গেছে আদিবাসী যারা তাদের টু দি এক্সটেন্ট অব ½ একর এটা ট্রাইবাল পপুলেশন-এর ক্ষেত্রে বলা হয়েছে। সে বস্তু কোন দেনার দায়ে যদি খাজনা না দেয় তাহলে তা কোনদিন নিলাম হবে না। এই প্রভিসো যদি অ্যাড না করেন তা হলে ভূমি রাজস্বের সংশোধন করে যদি কাজ করা হয় যাতে গরীব লোকদের বাস্তু রাখার অধিকার দেওয়া হয়েছে আদিবাসীদের যে অধিকার দেওয়া হয়েছে সে সুযোগ-সুবিধা কেটে নিচ্ছেন। সেজন্য আমি ট্রেজারী বেঞ্চকে এবং মাননীয় সদস্যদের অনুরোধ করছি যে তারা এই ৫৭ এ্যামেন্ডমেন্টটা বিচার করুন। তারপর ৫৮ এ্যামেন্ডমেন্টএ যেটা আছে সেটা হচ্ছে ঐ ভ্যালুয়েশনএ যেটা বলছেন সেটা বলছেন সেটা প্রত্যেক বৎসর ল্যান্ড ভ্যালুয়েশন হিসাবে ট্যাক্স বসাবেন উদ্দেশ্য থাকা উচিত যে সার্টেন ইনকাম পর্যন্ত লোককে একটি রিলিফ দিতে পারা যায় এবং এতে সেটা থাকা উচিত। আমি সেইজন্য এই এ্যামেন্ডমেন্ট দিয়েছি যে লো ইনকাম গ্রুপ যারা রয়েছে তাদের কিছু কিছু

সুবিধা হয়। আমার এক বন্ধু ভ্যালুয়েশন হিসাব করে বলেছেন যে ভ্যালুয়েশন-এর ক্ষেত্রে ৫০০ টাকার নীচে যদি হয় তাহলে তার উপর কোন ট্যাক্সেসন এর ব্যবস্থা না থাকে। এ্যানুয়াল ভ্যালুয়েশন-এর এই সংশোধনী দিয়েছি সেটা হচ্ছে ল্যান্ড এ্যান্ড বিল্ডিংস এর পর এই জিনিষটা করতে হবে যে অ্যাবাউট ভ্যালুয়েশন অব টাকা ৫০০ এটা অ্যাড করবার জন্য এই সংশোধনী দিয়েছি। তারপর আমি ৬০ নং সংশোধনী যেটা আছে সেটার কথা বলছি সেটাও অনুরূপ আছে ইনকাম এর ব্যাপারে। যেখানে আপনি বলেছেন যারা চাকুরী করছেন তাদের ব্যাপারে যেমন ডাক্তার, প্রেফেসার কম্পাউন্ডার এমপ্লইজ যারা আছেন ইত্যাদি গ্রামাঞ্চলে এরূপ বিভিন্ন পেশায় যারা নিযুক্ত আছেন তাদের ক্ষেত্রেও যদি এই ২ পারসেন্ট করেন তাহলে এটা অন্যায় হবে। সেখানে আমি এক্সজেমশন চাইছি। এই এক্সজেমশনটা হল যে টোটাল এ্যানুয়াল ইনকাম যার ১ হাজার টাকা নয় তার উপর ট্যাক্স পড়বেনা। ক্ষেত মজুরের উপর ট্যাক্স হবেনা, গরীব চাষীর উপর ট্যাক্স হবেনা সেইজন্য সারটেন ইনকাম পর্যন্ত এটা করা উচিত। কালকে একজন মাননীয় সদস্য বলেছেন অন্তত প্রিন্সিপ্যাল যেটা হওয়া উচিত মোর দি সারপ্লাস হায়ার দি রেট অব ট্যাক্স সেটা আপনি গ্রহণ করছেন না। আপনি এ ২ পারসেন্ট কেন রেখেছেন তা হলে ঐ ৫০০ লোকের কাছ থেকে উৎপীড়ন করে পয়সা আদায় করবেন। হয়ত দেখা যাবে কিছু লোকের কাছ থেকে পাওয়া যাবে সেম কোয়ান্টাম অব ট্যাক্স, সেই যে একজিসটিং রুল আছে সেখানে গ্রেডেশন করছেন। যার ইনকাম ৭৫ টাকা সে বাদ পড়লো, এইভাবে গ্রেডেশন-এর কথা আজকে করে দিলেন। এই গ্রেডেশনের জন্য সমস্ত লোকের উপর অ্যাট দি রেট অব ২ পার্সেন্ট হল এটা বিচার করা উচিত। এই পলিসিটা আগে ছিল কাজেই, আমি যে এই ৬০ নং এ্যামেন্ডমেন্ট রেখেছি এবং সমস্ত এ্যামেন্ডমেন্টগুলি রেখেছি, আশা করি এর সমস্ত কটি গ্রহণ করবেন।

Dr. Pratap Chandra Chunder: I move that in clause 2, in paragraph (7), in sub-paragraph (a), in clause (a) of the proposed sub-section (1) of section 57, after the words "such lands and buildings" the words "determined in the prescribed manner" be inserted.

এটার উদ্দেশ্য হচ্ছে এই যে ক্লজ এ এ্যানুয়াল ভ্যালু এর উপর ট্যাক্স বসাবার কথা হয়েছে কত এ্যানুয়াল ভ্যালু কি ভাবে বসবে সেটা এ্যাক্ট এর মধ্যে কোথাও পরিষ্কারভাবে নেই। আমরা দেখেছি ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট বা বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট যেখানে অ্যানুয়াল ভ্যালু এর উপর ট্যাক্স বসাবার কথা হয়েছে সেখানে সেকশন-এ এটা পরিষ্কারভাবে বলা হয়েছে যে এ্যানুয়াল ভ্যালু বলতে কি বোঝায়। সেটা যদি এখানে পরিষ্কারভাবে বলা না হয় তাহলে এই এ্যাক্টটা অস্পস্ট থেকে যাবে। সেইজন্য আমি প্রস্তাব করছি এই ল্যান্ড এ্যান্ড বিলডিং এর পর অ্যাজ মে বি ডিটারমাইন্ড ইন দি প্রেস্ক্রাইবড ম্যানার, অন্য রুল করে তার অ্যানুয়াল ভ্যালু কি হবে সেটা পরিস্কারভাবে বলে দিন। রুল থেকে জানা যাবে যে এ্যানুয়াল ভ্যালু এর অর্থ কি। আমি এই এ্যামেন্ডমেন্টটী মন্ত্রিমহাশয়কে গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

Dr. Kanai Lal Bhattacharya: I move that in clause 2, sub-clause (8), in proposed section 68A(1), in lines 9-10, after the words "person or persons" the words "not being person or persons connected with the case in which an order of a competent court has been made" be inserted.

আমার বক্তব্য হচ্ছে এই যে মন্ত্রিমহাশয় এই বিলে একটী নূতন ধারা যোগ করেছেন সেটা হচ্ছে ৬৮(এ) । এই ধারা থাকা ভাল কারণ আমাদের যে অভিজ্ঞতা তার থেকে আমরা দেখেছি যে পঞ্চায়েত আইন চালু হবার পর অনেক জায়গায় কেস হয়, ইলেকশন কেস হয় যার ফলে পঞ্চায়েত যা গঠিত হয়েছিল গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েত সেই গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েতের উপর কোর্ট থেকে ইনজাংসান জারী করে বন্ধ করে দেওয়া হল।

[3—3-10 p.m.]

এখন এক একটি ইউনিয়ন বোর্ডের মধ্যে দুটো তিনটে অঞ্চল আছে, অনেকগুলো গ্রাম পঞ্চায়েত আছে। ইউনিয়ন বোর্ডকে বাতিল করে দেওয়া হয়েছে এবং সেখানে তিনটি অঞ্চলের জায়গায়,

হয়ত দুটি অঞ্চল ফাংসন করছে এবং আর একটি অঞ্চলের উপর ইনজাংসন জারী করা হয়েছে। সেক্ষেত্রে তৃতীয় অঞ্চলের কাজকর্ম করতে সত্যিই অসুবিধা হয়। আগেকার সরকারী আইনে এ রকম কোন নিয়ম ছিল না যে, যাতে সেই এলাকার গ্রাম পঞ্চায়েত বা অঞ্চল পঞ্চায়েতের কাজ সরকার চালু রাখতে পারেন। সরকারের পক্ষ থেকে মন্ত্রিমহাশয় প্রোপোজ অব দি ব্যবস্থা করেছেন যে, এখানে সরকারের পক্ষ থেকে একটি অথরিটি এ্যাপয়েন্ট করা হবে, তার উপর নাকি, এই কাজটা ন্যস্ত করা হবে। আমার বক্তব্য হচ্ছে, এখানে আমি আমার এ্যামেন্ডমেন্টের দ্বারা বলতে চাচ্ছি, সেই যে অথরিটি আপনারা এাপয়েন্ট করবেন গভর্নমেন্টের পক্ষ থেকে, সেই অথরিটি এই কেসের সঙ্গে যেন কোন প্রকারে জড়িত না থাকেন। আমি এই জন্যই বলছি, যে এর ভিতর অনেক দলীয় রাজনীতি হয় দেখা গিয়েছে। আমি দু-একটি কেস মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টিতে এনেছিলাম, যে যেখানে কংগ্রেস হেরে গিয়েছে, তারা আমাদের বিরুদ্ধে, বিরোধী পক্ষ, আমরা যেখানে জিতছি, তারা সেখানে আমাদের বিরুদ্ধে কোর্টে ইনজাংশন করেছে, কোর্টে ইনজাংশন করবার পর, অঞ্চল পঞ্চায়েত ফাংসন করছেন না। সেখানে সরকার পক্ষ থেকে, যারা হেরে গিয়েছে, তাদেরই অথরিটি দিয়ে সেখানে বসিয়ে দেওয়া হয়েছে। এটা অত্যন্ত নক্কর জনক কাজ। কিন্তু কংগ্রেস পক্ষ থেকে এটা করা হয়েছে। এই ধরনের ব্যাপার আর যাতে না ঘটে, সেই জন্যই আমার এই এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে। আমি অনুরোধ করবো মন্ত্রিমহাশয়কে যে আমার এই সংশোধনীটি গ্রহণ করা হোক। আমি বলেছি যে যাঁরা এই কেসের সঙ্গে জড়িত থাকবেন, তাঁদের উপর অথরিটি দেওয়া চলবে না। অথরিটি যদি দিতে হয়, তাহলে গভর্নমেন্টের কোন অফিসিয়ালকে দিতে হবে, কিম্বা কোন নিউট্রাল পার্সনকে দিতে হবে। এখন হয়েছে যিনি হেরে গিয়েছেন, তিনি নিজে কেস করেন নি, কেস করিয়েছেন আর একজনকে দিয়ে, তিনি সেই সিট-এ আছেন, তিনি লড়েছেন। এইরকম লোককে যেন অথরিটি দেওয়া না হয়। সেই জন্য আমার এ্যামেন্ডমেন্টটী হচ্ছে "not being person or persons connected with the case in which an order of a competent court has been made."
আমি আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় আমার এই সংশোধনীটি গ্রহণ করবেন।

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that in clause 2(7)(a) of proposed section 57, line 4, for the words and numbers (1) and (1)(a) beginning with "(1). Subject to such rules".....and ending with occupiers thereof;" the words and number "(1)(a) on lands within the local limits of its jurisdiction, a tax not exceeding ten per centum of total rent of the lands but not less than 0.50 (fifty) paise, and a tax not exceeding two per centum on the annual value of the rental buildings to be paid by the owners or occupiers or owners and occupiers thereof." be substituted.

Sir, I also beg to move that in clause 2(7)(a) of proposed section 57, line 14, for the words beginning with "(b) on professions, trades",..... and ending with "any one person." the words "(b) on profession, trades, callings and employment, carried on or held within the local limits of its jurisdiction, a tax to be imposed on the basis of the circumstances of such professions, trades, calling and employments, subject to a maximum of fifty rupees per annum in respect of any one person." be substituted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি ৫৭ নং, ক্লজ ২ এর সাব-সেকশান ৭(এ) এর উপর আমার অ্যামেন্ডমেন্ট এনেছি। আমার এই অ্যামেন্ডমেন্টটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেইজন্য আমি এ্যামেন্ডমেন্টটি প্রথমে পড়ে শোনাচ্ছি

"on lands within local limits of its jurisdiction, a tax not exceeding 10 per centum of total rent of the lands but not less than 0.50 P. and a tax not exceeding two per centum on the annual value of the rental buildings to be paid by the owners or occupiers or owners and occupiers thereof be substituted".

এই যে দুটি প্যারাগ্রাফ (১) এবং ১(এ) করেছেন, এই দুটির বদলে আমার এ্যামেন্ডমেন্টটি এখানে সাবস্টিটিউট করতে বলছি। প্যারাগ্রাফ-এ মাননীয় মন্ত্রিমহাশয় যে প্রোপোজ করেছেন যে গ্রাম সভার টাকা কড়ি কোথা থেকে আসবে। সেইজন্য তিনি বলেছেন যে ল্যান্ডস্ এ্যান্ড বিলডিংস এর উপর ট্যাক্স ধার্য করা হবে, এবং এইভাবে তিনি করতে চেয়েছেন তিনি বলছেন, যে

এই কথা সম্পর্কে আমার বলবার পূর্বে, মাননীয় সদস্য চন্দ্র মহাশয় বললেন যে তার ভ্যালু কিভাবে ঠিক করা হবে, তার কোন নির্দেশ দেওয়া হয় নি। আমিও বলছি, যেভাবে গ্রামের মধ্যে ঝগড়াঝাটি আছে, সে ক্ষেত্রে, এই ভ্যালু যদি ঠিক করে না দেন, তাহলে সেখানে আরও গোলমাল দেখা দেবে। ওঁরা কি বলতে চান? জমির প্রোডাকসন এর উপর ভ্যালু ঠিক করা হবে, না, জমির মূল্যের উপর ভ্যালু ঠিক করা হবে, তা তাঁরা কিছুই বলছেন না। খাল বলেছেন যে আমাদের ভ্যালু এর মধ্যে সব ঠিক দেবো। আমি সেইজন্য আমার এ্যামেন্ডমেন্ট, আমার বক্তব্য রেখেছি যে, বাংলা দেশের সর্বত্র জমি আছে, এবং তার একটা খাজনা আছে, সেই খাজনা যেখানে যে যত খাজনা দেয়, তার থেকে ১০ পারসেন্ট কেটে দেওয়া হবে। ঐরূপ আমি ৩ টাকা খাজনা দিই, আমার সেখানে ৩০ নয়া পয়সা খাজনা হবে। কিন্তু আমি বলছি, যে ৫০ নয়া পয়সার কম কোথাও হবে না। আমরা জানি ইউনিয়ন বোর্ডের ট্যাক্স আট আনার কম ছিল না। আমার যদি ৫০ বিঘা জমি থাকে, তাহলে সেখানে আমার ২২৷৷ টাকা ট্যাক্স হয়ে গেলো। একটা স্ট্যান্ডার্ড ঠিক থাকলো, ফিকসেশন হল এবং কারও উপর জুলুম হল না। তারপর আমি ৯৭ নং যেটা, তাতে বলতে চাচ্ছি। সেটা তিনি বলেছেন প্রফেসান সম্বন্ধে। উনি বলছেন যে on professions, trades, callings and employments অর্থাৎ total annual income accrued from such professions lands etc., এর উপর ধার্য হবে। এতে আমি মনে করি তিনি আমার সেই ইনকাম এর প্রশ্ন টেনে আনছেন। এটা করলে আবার হাইকোর্টে চ্যালেঞ্জ হবে, আবার ইনকাম ট্যাক্স এর প্রশ্ন এসে যাবে। এটা আমি মনে করি তবে জোর করে বলতে পারছি না। তবে আমার দৃঢ় বিশ্বাস ঐ ইনকাম ট্যাক্স এর ব্যাপার নিয়ে আবার হাইকোর্টে চ্যালেঞ্জ হবে। সেই জন্য আমার এ্যামেন্ডমেন্ট হচ্ছে—

"on profession, trades, callings and employment carried on or held within the local limits of its jurisdiction a tax to be imposed on the basis of the circumstances of such professions, trades, callings and employments, subject to a maximum of fifty rupees per annum in respect of any one person"

আমার বক্তব্য হচ্ছে আপনি গ্রাম দেশের কথা চিন্তা করুন, কোন মিউনিসিপ্যালিটি বা সহরাঞ্চলের কথা নয়। পাড়াগাঁয় কেউ হয়ত সামান্য বিড়ির দোকান করছেন, কেউ হয়ত ডাক্তারী করছেন, কেউ হয়ত ভূষিমালের দোকান করেন; এই জাতীয় ট্রেড্ ইত্যাদি সেখানে চলে। তাদের উপর আড়াইশো টাকা ট্যাক্স করলে জুলুম হবে।

মাননীয় ডাঃ ভট্টাচার্য্য যে কথা বললেন গ্রাম পঞ্চায়েৎ ও গ্রামে ঝগড়াঝাটির কথা বলে গেলেন, সেখানে যে হেরে গেল, তাকে আবার অথরিটি করে বসিয়ে দেওয়া হয়েছে। পাড়াগাঁয়ে আপনি ম্যাক্সিমাম ৫০ টাকা ট্যাক্স বসাচ্ছেন প্রফেসন্স, কলিং অথবা এমপ্লয়মেন্ট এর উপর একজন প্রাইমারী শিক্ষক ৭০-৮০ টাকা বেতন পান, ফিক্সড বেতন পান, গ্রাম পঞ্চায়েতের সঙ্গে যদি আরো ঝগড়া থাকে, সেক্ষেত্রে তার ট্যাক্স বেশী করে বসিয়ে দিলেন। সেইজন্য আমি সেটাকে পরিষ্কার করে ফিক্স করে দিতে চাচ্ছি। on the basis of the circumstances of such professions, trades, callings and employments.

এটা আপনাকে স্বীকার করে নিতে বলছি। এই প্রসঙ্গে পল্লীর পঞ্চায়েতের যে অবস্থা তাও বিচার বিবেচনা করতে বলছি। মন্ত্রিমহাশয় জানেন যে পঞ্চায়েতে কি জন্য ঝগড়া হয়, কিভাবে ঝগড়াঝাটি, খুনোখুনি, ঘরে আগুন দেওয়া ইত্যাদি হয়, গত ৪ঠা নভেম্বর যুগান্তর কাগজে বিনোবাভাবে একটি প্রবন্ধ লিখেছেন, আপনারা তাঁকে শ্রদ্ধার সঙ্গে মানেন। বিশেষ করে কংগ্রেস পার্টীর সকলে মানেন। তিনি সেখানে বলছেন পঞ্চায়েত অর্থাৎ ঝগড়ার স্থান অর্থাৎ যে ঝগড়া দিল্লীতে ছিল, তা এখন প্রদেশের তথায় গ্রাম-পল্লীতে বণ্টন করা হয়েছে, ঝগড়া জাতীয়-করণ করা হয়েছে। পঞ্চায়েতের স্থানে স্থানে ঝগড়ার কারণ উপর থেকে যে অধিকার এসেছে, তা সীমাবদ্ধ। দ্বিতীয়তঃ গ্রামে পঞ্চায়েতের নির্বাচনের ব্যাপার নিয়ে বিবাদ সুরু হয়েছে। এ নিয়ে হাইকোর্টে বহু কেস হচ্ছে। এটা যদি আপনি নির্দিষ্ট করে না দেন, তাহলে ট্যাক্সের ব্যাপার নিয়ে গ্রামে গ্রামে উৎপীড়ন চলবে। বিরোধীদলের লোক হলে তো আরো বেশী করে ট্যাক্স ধার্য হবে। এই ট্যাক্সের বেসিস ঠিক করে দিচ্ছি জমির উপর যত খাজনা তার ১০ পার্সেন্ট। আর রেন্ট-এর কথা বলেছি ফাস্ট রিডিং-এ, পাড়াগাঁয়ে কাঁচাঘর বেশী, দু-একটি পাকাঘর, যে ঘর ভাড়া দেওয়া হবে তার ১০ পারসেন্ট এর বেশী নিতে পারবেন না আর প্রফেসান

এর উপর ফিফটি রুপিস এর বেশী হবে না। এটা আমি অনুরোধ করবো পল্লী অঞ্চলের অবস্থা বিবেচনা করে সেখানে পঞ্চায়েত যেভাবে চলছে, সেটা বিবেচনা করে এটা মন্ত্রিমহাশয় মেনে নেবেন। আপনি হয়ত বলতে পারেন তাহলে কাজের জন্য টাকা আসবে কোথা থেকে? আমি বলবো ল্যান্ড রেভিনিউ যদি তার হাতে দেওয়া হয় তাহলে টাকা আসতে পারে।

[3-10—3-20 p.m.]

Shri Sudhir Chandra Das: Sir, I beg to move that in clause 2(8), in proposed section 6A(1), lines 9 and 10, for the words "authority, person or persons" the words "person who will be a responsible officer of the West Bengal Government" be substituted.

Sir, I beg also to move that in clause 2(8), in proposed section 68A(2), lines 4 and 5, for the words "authority, person or persons" the "person" be substituted.

মিঃ স্পীকার, স্যার, ইতিপূর্বে কানাইবাবু যে ধরনের অ্যামেন্ডমেন্ট এনেছেন আমিও সেই রকমেরই একটা অ্যামেন্ডমেন্ট এনেছি। আমার অ্যামেন্ডমেন্ট হচ্ছে ক্লজ ২ সেকশন ৮-এ। আমার বক্তব্য আমি রাখছি এই জায়গাতে যে যেগুলি আইন দ্বারা বারিত হয়ে যাবে সেই সমস্ত অঞ্চল অথবা গ্রাম সভা থেকে কাজ চালাবার জন্য তাঁরা একটা বিধান এনেছেন যে অথরিটি পার্সন অর পার্সনস্‌কে দেবেন। আমিও কানাই বাবুর সঙ্গে এক মত যে বেশীর ভাগ ক্ষেত্রে আমরা দেখেছি যে তাঁরা দলের লোককে যাঁরা মামলার সঙ্গে সংশ্লিষ্ট তাদেরকেও চাপিয়েছেন, তা ছাড়া একেবারে পাকা দলবাজী করতে পারবে এমন লোককেও সেখানে কাজ চালাবার জন্য দায়িত্ব দেওয়া হয়েছে। সেজন্য আমি এই দৃষ্টিভঙ্গী নিয়ে দেখছি যে গভর্নমেন্ট অফিসার যাঁরা গিয়েছেন তাঁদের মধ্যে দলাদলি বোধ অনেক কম, তাঁরা দলের মধ্যে প্রায়ই ঢোকেননা, বেশীর ভাগ ক্ষেত্রে তাঁরা নিরপেক্ষভাবে কাজ করছেন, এটুকু আমরা লক্ষ্য করেছি বলেই এবং কাজটা ভাল হবে মনে করেই যদি দায়িত্ব দিতে হয় তাহলে আমার এ্যামেন্ডমেন্টএ বলছি person who will be a responsible officer of the West Bengal Government. অথরিটি পার্সন বা পার্সনস-এর বদলে একজন গভর্নমেন্ট অফিসার সেখানে যাঁরা আছেন, খুব কম ক্ষেত্রেই ঘটবে যেখানে গভর্নমেন্ট অফিসারের জন্য খোঁজাখুঁজি করতে হবে, কেননা গভর্নমেন্ট অফিসার এত সৃষ্টি হয়েছে, ডেভালপমেন্ট অফিসে এত রেসপনাসিবল অফিসার আছে যাঁদের মধ্যে থেকে একজনকে দিলে এই দলাদলি বন্ধ হবে বলে আমি মনে করি। সেজন্য নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি নিয়ে এটা যদি মেনে নেন তাহলে ভাল হয় এবং ক্লজ ২ সেকশন ৮ যেটা তার পরের ধারাতে যেটা আছে ভেস্ট করবে সেখানেও ঠিক একই কথা বলেছি যে তাঁরই উপর ভেস্ট করবে। সুতরাং আমি বলবো পঞ্চায়েত মন্ত্রিমহাশয়ের অভিজ্ঞতা আছে এবং বর্তমানে [illegible] কথা যেটা শুনলেন বলাই বাবুর মুখ থেকে যে পঞ্চায়েতগুলিতে কি রকম কংগ্রেসের নিচেকার থেকে যেভাবে দলাদলির সৃষ্টি হয়েছে তা থেকে রক্ষা করবার জন্য তিনি একজন দায়িত্ব সম্পন্ন গভর্নমেন্ট কর্মচারীর উপর কাজ চালাবার জন্য দায়িত্ব দিন। এই জন্য আমি এই অ্যামেন্ডমেন্ট এনেছি এবং আশা করি মন্ত্রিমহাশয় এটা মেনে নেবেন।

শ্রীখগেন্দ্রকুমার রায়চৌধুরীঃ মিঃ স্পীকার, স্যার, আমি এর আগে বলাই বাবু যা বলেছেন এবং কানাইবাবু যা বলেছেন মোটামুটি তারই সমর্থনে দুচারিটি কথা বলবো। এই যে এ্যানুয়াল ভালুয়েশনের কথা বলেছেন এই অ্যানুয়াল ভ্যালুয়েশন কে ধরবে, কোন অথরিটি, তা এখনও ঠিক হয়নি, সেটা রুলসে ঠিক হবে এবং অ্যানুয়াল ভ্যালুয়েশন বলতে আপনারা কি মিন করেছেন, কিভাবে ডিটারমিন্ড হবে তাও এর মধ্যে নেই, সেটাও রুলসের মধ্যে যাবে। এখন ব্যক্তিগতভাবে যদি বলেন তাহলে আপনার উপর আমার খুব বিশ্বাস আছে কিন্তু আইন পাশ হয়ে গেলে আপনিত আর সিনে থাকবেন না, সিনে ঐ পঞ্চায়েতের উপর ভার দেবেন এ্যানুয়াল ভ্যালুয়েশনের। এখন প্রধানদের যেভাবে আপনারা নির্বাচিত করেছেন বি, ডি, ও, পঞ্চায়েত অফিসারের সাহায্যে ভোটার লিষ্ট করিয়ে তাতে সেত হাতে মাথা নিয়েছেন। যদি তাঁদের উপর আবার এই ভার দেন যে তুমি এ্যানুয়াল ভ্যালুয়েশন ঠিক কর তাহলে সে তো সাতের জায়গায় সত্তর করে দেবে এবং একেবারে হাতে মাথা নেবে। আপনারা সব এটা গায়ের জোরে পাশ করতে চান ত পাশ করিয়ে

নেবেন কিন্তু এ্যানুয়াল ভ্যালুয়েশন কে ধরবে, কিভাবে তার ভিত্তি হবে এটা যদি ডিটারমিন না করেন তাহলে অত্যন্ত ক্ষতি হবে এবং আপনি দেশে আর একটা গণ্ডগোল বাধিয়ে দেবার ব্যবস্থা করবেন। সেখানে বলাই বাবু যা বলেছেন ঐ ১০ পার্সেন্ট অব দি ল্যান্ড রেভিনিউ যা কালেকটেড্ হচ্ছে, যেখানে যেরকমভাবে হচ্ছে, সেই রকমভাবে নিন, যদি আপনার পছন্দ না হয় যে ১০ পার্সেন্ট কম হচ্ছে তাহলে আপনি সেটা ১৫ পার্সেন্ট করুন, কিন্তু লেট ইট বি ডিটারমিনড এখানে ফিক্সড হোক। ওঁদের হাতে এটা ছেড়ে দেবেন না এবং মানে করার সুযোগটা আমরা দিতে চাইনা। এটা আপনি বিবেচনা করবেন। তারপর হচ্ছে প্রফেশনের ব্যাপার। মিঃ স্পীকার, স্যার, একবারত তারা ইনকাম ট্যাক্স দিচ্ছে, আবার তাদের উপর আপনি জুলুম করতে যাচ্ছেন কেন? কতবার একই লোক তার ইনকাম-এর উপর ট্যাক্স দেবে সেখানে ডাক্তার কিংবা অন্যান্য প্রফেশনে যারা কিছু রোজগার করে তাদের সেই বিশেষ বিশেষ প্রফেশনের জন্য আপনি স্পেশাল ব্যবস্থা করতে পারেন যে এটা করতে গেলে তোমাকে লাইসেন্স করতে হবে, একটা ফি দিতে হবে, তাহলে না হয় আমরা বুঝতাম। একবার তারা ইনকাম ট্যাক্স দেবে আবার তার ইনকামের উপর ভাগ বসাবেন, কতবার তারা দেবে? সেজন্য আপনাকে আমি অনুরোধ জানাচ্ছি এগুলি বিবেচনা করবার চেষ্টা করুন এবং ঐ পঞ্চায়েত সভ্যদের ভ্যালু ডিটারমিন করার ব্যাপারে যা তা করবার সুযোগ আপনি দেবেন না, এখান থেকেই সেটা ডিটারমিন্ড হোক।

Mr. Chairman: I now put all the amendments excepting amendment No. 39 on which division has been claimed.

The Motion of Dr. Golam Yazdani that in clause 3(2), in the proposed section 7A, in line 5, after the words "allowances" the words "as may be determined by the Zilla Parishad" be inserted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 3(5), line 2, for the word "three" the word "two" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 3(6) be omitted, was then put and lost.

The motion of Dr Golam Yazdani that in clause 3(11), in the proposed section 55A, in line 5, after the word "allowances" the words "as may be determined by the Zilla Parishad" be inserted, was then put and lost.

The motion of Shri Sanat Kumar Raha that in clause 3(14), line 2, for the word "three' the word "two" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that clause 3(15) be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 3(2), in proposed section 7A, in line 7, after the word "periods" the words "subject to the approval of the Parishad" be inserted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that clause 3(6) be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that clause 3(c) (d) (e) be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 3(9)(iv), line 1, for the word "and" the word "or" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that clause 3(12), clauses (c), (d) and (e) of proposed section 56, be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 3(14), line 2, for the words "three months" the words "two months" be substituted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that clause 3(15) be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that clause 3(16) be omitted, was then put and lost.

The motion of Shri Aswini Roy that in clause 3(17) (a) (iv), line 1, for the word "and" the word "or" be substituted, was then put and lost

The motion of Dr. Golam Yazdani that in clause 3(2), in the proposed section 7A, in lines 4 and 5, the words "honoraria and" be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 3(5), in line 2, for the word "three" the word "two" be substituted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 3(9)(b), the proposed proviso be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 3(11), in the proposed section 55A, in line 5, the words "honoraria and" be omitted, was then put and lost.

The motion of Dr. Golam Yazdani that in clause 3(17)(b), the proposed proviso be omitted, was then put and lost.

The motion of Shri Sowrindra Mohan Misra that in clause 3,—

(1) in paragraph (1), in the proposed sub-section (6) of section 7, for the words "as long as he remains such Chairman or Vice-Chairman thereof", the words figures and brackets "for the full terms of his office as such Chairman or Vice-Chairman thereof under sub-section (2) of section 7 or sub-section (2) of section 10 as the case may be" be substituted;

(2) in paragraph (10), in the proposed sub-section (6) of section 55, for the words "as long as he remains such President or Vice-President thereof", the words, figures and brackets "for the full term of his office as such President or Vice-President thereof under sub-section (2) of section 55 or sub-section (2) of section 58, as the case may be" be substituted;

was then put and agreed to.

The motion of Dr. Pratap Chandra Chunder that in clause 3—

(a) in paragraph (3) to clause (d) of sub-section (1) of the proposed section 8, the following proviso be added, namely:—

"Provided that the Chairman shall not exercise such powers, perform such functions or discharge such duties as may be required by the rules made under this Act to be exercised, performed or discharged by the Zilla Parishad at a meeting.";

(b) in paragraph 12, to clause (d) of sub-section (1) of the proposed section 56, the following proviso be added, namely:—

"Provided that the President shall not exercise such powers, perform such functions or discharge such duties as may be required by the rules made under this Act to be exercised, performed or discharged by the Anchalik Parishad at a meeting."

was then put and agreed to.

[4-35—4-45 p.m.]

The motion of Shri Aswini Roy that in clause 3(7), lines 3-4, the word "secondary" be omitted, was then put and a division taken with the following result:—

NOES—99

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abul Hossain, Shri Syed
Ahamed Ali Mufti, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shri Jaharlal
Banerjee, Shrimati Maya
Banerji, Shri Sankardas
Barman, Shri Shyama Prosad
Basu, Shri Abani Kumar
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhagat, Shri Budhu
Bhattacharyya, Shri Syamadas
Biswas, Shri Manindra Bhusan
Bose, Dr. Maitreyee
Bose Shri Promode Ranjan
Chakravarty, Shri Hrishikesh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Chunder, Dr. Pratap Chandra
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Ambika Charan
Das, Shri Ananga Mohan
Das, Dr. Bhusan Chandra
Das, Shri Dinabandhu
Das, Dr. Kanai Lal
Das, Shri Khagendra Nath
Das, Shri Radhanath
Das Gupta, Shri Khagendra Nath
Das Gupta, Dr. Susil
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Ghosh, Shri Tarun Kanti
Guha, Dr. Prabodh Kumar
Halder, Shri Jagadish Chandra
Hemram, Shri Kamala Kanta
Jalan, Shri Iswar Das
Jehangir Kabir, Shri
Karam Hossain, Shri
Kazim Ali Meerza, Shri Syed
Khamrai, Shri Niranjan
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath

Mahata, Shri Surendra Nath
Maitra, Shri Birendra Kumar
Maity, Shri Bijoy Krishna
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mallick, Shri Ramendra Kishore
Misra, Shri Sowrindra Mohan
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Saila Kumar
Mukherjee, Shri Santosh Kumar
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shri Manik Chandra
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Pramanik, Shri Puranjoy
Raikut, Shri Bhupendra Deb
Ray, Dr. Anath Bandhu
Ray, Shri Kamal Krishna
Roy, Shri Arabinda
Roy, Shri Bankim Chandra
Roy, Shri Gonesh Prosad
Roy, Dr. Indrajit
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Pranab Prosad
Roy, Shri Tara Pada
Saha, Shri Dhaneswar
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Prafulla Chandra
Sen, Shri Santi Gopal
Shakila Khatun, Shrimati
Shamsul Bari, Shri Syed
Sharma, Shri Jaynarayan
Singha, Shri Hiralal
Singhadeo, Shri Raj Rajeswari Prasad
Sinha, Kumar Jagadish Chandra
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda
Tudu, Shrimati Tushar
Wangdi, Shri Tenzing

AYES—30

Abul Mansur Habibullah, Shri Syed
Adhikary, Shri Sailendra Nath
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal

Bhattacharjee, Shri Nani
Choubey, Shri Narayan
Das, Shri Sudhir Chandra
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Deb Saran
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Haldar, Shri Mahananda
Halder, Shri Adhar Chandra
Maitra, Shri Kashi Kanta
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Murmu, Shri Nathaniel
Murmu, Shri Nimai Chand
Nawab Jani Meerza, Shri Syed
Raha, Shri Sanat Kumar
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Singha, Dr. Radhakrishna
Thakur, Shri Shreemohan

The Ayes being 30 and the Noes 99, the motion was lost.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Clause 4 and Preamble.

The question that clause 4 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Sowrindra Mohan Misra: Sir, I beg to move that the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed.

শ্রীপাঁচুগোপাল ভাদুরী:

মাননীয় সভাপতি মহাশয়, রাষ্ট্রমন্ত্রী শ্রী মিশ্র এই যে পাঁচটি হাইব্রিড মিশ্রিত বিলটি এনেছেন, আমরা আশা করেছিলাম যে তিনি তাতে বিরোধী দলের কিছু সংশোধনী গ্রহণ করবেন। কিন্তু দুঃখের বিষয় লক্ষ্য করলাম, তিনি আমাদের কোন সংশোধনী গ্রহণ করতে পারলেন না। এই সভাতে বহু সংশোধনী উঠেছে, অনেক সময়ে প্রকাশ করা হয়েছে, সেই সম্পর্কে আমি কয়েকটি কথা আপনার কাছে নিবেদন করতে চাই। সভাপতি মহাশয়, আমি যে কথা বলতে চাচ্ছি, সেটা হচ্ছে যে বিরোধী পক্ষের সদস্যরা এই বিলটি সম্পর্কে খুবই সংশয়াপন্ন। যখনই কংগ্রেস মন্ত্রীসভা কোন বিশেষ ক্ষমতা চান, তখনই আমাদের মনে বিশেষ সংশয় উপস্থিত হয়। এই যে পঞ্চায়েত বিল বা আইন, এ সম্পর্কে ইতিপূর্বে আমাদের সভায় তদানীন্তন স্বায়ত্তশাসন মন্ত্রী খুব আবেগ কম্পিত কণ্ঠে, গলা কাঁপিয়ে কাঁপিয়ে পঞ্চায়েত সম্পর্কে বক্তৃতা করেছিলেন। সত্যই পঞ্চায়েত কথাটা যখন শুনি, এবং তার মানে অনুধাবন করি, তখন আমাদের মন চঞ্চল হয়ে ওঠে, এবং মনে হয়, যে পঞ্চায়েত মানে যদি এই হয় সমবায় সংযুক্ত পঞ্চায়েত, অর্থাৎ সমবায়ের সঙ্গে যদি গ্রামের আমল ভূমি সংস্কার হয়, যদি উৎপাদনকারী জমির মালিক হয়, তার পেশা, বা তার জীবিকার সংস্থান হয়, তাহলে এই পঞ্চায়েত ব্যবস্থা, দেশে একটা দারুন পরিবর্তন আনতে পারবে। আমি শুনেছিলাম আচার্য বিনোভাবে, মহাত্মা গান্ধী, যেমন কংগ্রেসের চার আনার সদস্য ছিলেন, তিনি বোধ হয় সে রকম ছিলেন না। তিনি কংগ্রেস সদস্য নন, কিন্তু, তিনি মহাত্মাজীর আদর্শ অনুসরণ করে এসেছেন। কংগ্রেসের মধ্যে

গান্ধী বিরোধী পন্থী, কেউ থাকতে পারেন না। মহাত্মা গান্ধী যেমন কংগ্রেসের বিবেক ছিলেন, বিনোভাজীর সেইরূপ কংগ্রেসের বিবেক। তাঁর কথায় আছে, কংগ্রেসী মন্ত্রীসভা যেভাবে কাজ কর্ম করে চলেছে, তাতে একটা বিদ্বেষের ভাব সর্বত্র পরিলক্ষিত হচ্ছে। কেন্দ্রে ঝগড়া ছিল, প্রদেশে, প্রদেশে সেই ঝগড়া ছিল, আর, আজ গ্রামে, গ্রামে সেই ঝগড়া ছড়িয়ে দিয়েছে। কথাটা হচ্ছে যদি গ্রাম পঞ্চায়েতের হাতে, যদি সাক্ষাত উৎপাদকের হাতে সমস্ত ক্ষমতা দিয়ে দেওয়া হয়, আর গ্রামের সমবায় যদি সাক্ষাৎ উৎপাদক হয় এবং পঞ্চায়েতও যদি সাক্ষাৎ উৎপাদক হয়, তাহলে দুয়ে মিলে, নিশ্চয় ভারতবর্ষে সমাজতন্ত্রের ভিত্তি স্থাপন বা রচনা হত। কিন্তু যেহেতু গ্রামের সমস্ত ক্ষমতা চলে যাচ্ছে জোতদারদের হাতে, অসাধু ব্যবসায়ীদের হাতে, এবং সেই মডেলে, আমরা দেখতে পাচ্ছি, আজকে জেলা পরিষদের হাতে সমস্ত ক্ষমতা চলে যাচ্ছে। এখান থেকে, এই যে, আইন পাশ হতে চলেছে, সেই আইন হবে জেলা পরিষদের একটি অগণতান্ত্রিক আইন। পূর্বেকার জেলা পরিষদ আইন হবার সময় বলেছিলাম, যে সে আইন অত্যন্ত অগণতান্ত্রিক হয়েছে, তার মধ্যে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং অঞ্চল পরিষদের প্রেসিডেন্ট, ও ভাগ চাষ বোর্ডের হাতে তারা ক্ষমতা বাড়িয়ে দিচ্ছেন। এখানে আমরা জানি, প্রত্যেকটি জেলা পরিষদে কংগ্রেস দলের সংখ্যাগরিষ্ঠতা আছে। তারা নিজের দলের সংখ্যাগরিষ্ঠতায় বিশ্বাস করতে পারছেন না, তাই তাঁরা বিশেষ বিশেষ ক্ষমতা, বিশেষ বিশেষ ক্ষেত্রে, বিশেষ বিশেষ লোকের হাতে দিচ্ছেন। এটা মনে করা খুব অসংগত নয়, আগামী বছরের ইলেকশনের আগে, জেলা পরিষদের হাতে বিরাট ক্ষমতা দিচ্ছেন এবং সেই ক্ষমতাকে কেন্দ্রীভূত করছেন জেলা পরিষদের চেয়ারম্যান এবং অঞ্চল পরিষদের প্রেসিডেন্ট বা সভাপতির হাতে সুতরাং এ ক্ষেত্রে বিরোধী পক্ষের সন্দেহের নিশ্চয়ই যুক্তি সংগত কারণ আছে।

[4-45—4-55 p.m.]

তার সঙ্গে দেখুন যেটা স্কুল বোর্ড বলে চিহ্নিত ছিল, সেই স্কুল বোর্ডের অপদার্থতা সবাই লক্ষ্য করেছিলেন আজ সেই স্কুল বোর্ডকে জেলা পরিষদের আন্ডারে একটি এডুকেশন সাব-কমিটি করে নেওয়া হচ্ছে। সেই জেলা কমিটিকে সেকেন্ডারী এডুকেসান এর ভার আপনারা দিয়ে দিচ্ছেন। আমাদের রাষ্ট্রমন্ত্রী বললেন মহারাষ্ট্রের কথা। মহারাষ্ট্রের মত তো সবকিছু হচ্ছে না। করছেনও না। সেদিক থেকে এই যে, সেকেন্ডারী এডুকেশান এর ভার দিয়ে দিলেন, ক্লাস এইট পর্যন্ত দিলেন বললেন, কেন এ্যামেন্ডমেন্ট মারফৎ ক্লাস এইট পর্যন্ত দেওয়া হবে? এখন না বললেন তাদের হায়ার সেকেন্ডারী এডুকেসান পর্যন্ত সব কিছু দিয়ে দেবেন। কেন? না, নজির আছে, মহারাষ্ট্র দিয়ে দিয়েছে। এখানে সেই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে প্রাইমারী এডুকেসান, এই স্কুল বোর্ড যা গঠিত হয়েছে জেলা পরিষদের সঙ্গে তাঁরা কিভাবে তা ম্যানেজ করছেন, তার রেজাল্ট কি হয় এই সব অ্যামেন্ডমেন্ট করা দরকার, তা পরীক্ষা করবার আগে পুরা সেকেন্ডারী এডুকেসান এর ভার তাদের উপর দেওয়া যায় না কোন ক্রমে। যদি কিছু ভার দেওয়া যায় বিলেতে যেভাবে হতে চলেছে, আপনারা মেজরিটির সাহায্যে যেভাবে করতে চলেছেন, সেখানে আমি এই অনুরোধ করবো অন্তত আমাদের বক্তব্য এবং মন্ত্রিমহাশয়ের বক্তব্য এবং এই হাউসের ব্যাপক মনোভাব বিবেচনা করে অন্ততঃ পক্ষে রুলসের মধ্যে রাখুন কেন তাদের ক্লাস এইট পর্যন্ত ভার দেওয়া হচ্ছে। এটা সম্বন্ধে নিশ্চই মন্ত্রী মহাশয় তাঁর বক্তব্য রাখবেন। আর একটি জিনিষ যেটা হচ্ছে গুরুত্বপূর্ণ ট্যাক্সেসন সম্পর্কে। এখন ট্যাক্সেসন বিভিন্ন ভাবে হচ্ছে পরোক্ষ কর, প্রত্যক্ষ কর, তার উপর ল্যান্ড রেভিনিউ রয়েছে। এর উপর আবার পঞ্চায়েত ট্যাক্স হচ্ছে। এ মানি যে কাজ চালাতে গেলে ট্যাক্স-এর দরকার। কিন্তু সেই ট্যাক্স বসাবার দিক থেকে বিবেচনা করতে গেলে, সেই ট্যাক্স থেকে একজেমসন-এর কেসও কিছু থাকে। কিন্তু আপনি এখানে কেন একজেমসন এর কেস রাখেন নাই। এখানে সনৎবাবু ও অশ্বিনীবাবু যে একজেমশনের কথা বলেছেন তাঁরা যেখানে আন ইকনমিক হোল্ডিং-এর কথা বলেন নি, হোল্ডিং-এর কথা বলেছেন যে ওয়ান থার্ড একর বাস্তু জমির উপর ভূমি সংস্কারের ব্যাপারে যে খাজনা রেহাই দেওয়া হয়েছে, সেটা আপনি পরিষ্কারভাবে বিধিবদ্ধ করে দিন যেখানে ট্রাইবস রয়েছে, আদিবাসী রয়েছে তাদের বাস্তু এবং বাসস্থান সম্পর্কে তাদের উপর অনাবশ্যক ভাবে জুলুম বাড়ানো হবে না, তাদের একজেমসন করা হবে। এই অতি সামান্য ন্যায্য সংশোধনটা আপনি গ্রাহ্য করতে পারলেন না। সেদিক

থেকে আমার মনে হয় ট্যাক্স বসান নিশ্চয়ই প্রয়োজন। তবে ট্যাক্স বসাবার সময় দেখতে হবে সেটা রিগ্রেসিভ না হয়, সেই ট্যাক্স প্রথা দরিদ্র জনতাকে মারাত্মকভাবে আঘাত না করে সেদিক থেকে বিবেচনা করতে আপনাকে অনুরোধ করবো অন্ততঃ রুলসের ভেতর আপনি নিয়ে আসতে পারেন যে ৪ একর জমির মালিক যারা তারা এই ট্যাক্স থেকে একজেমটেড থাকবে। ট্রাইব পিপল যারা, তাদের জীবিকা ও বাস্তু ট্যাক্স থেকে একজেমসন থাকবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসৈয়দ আবুল মনসুর হবিবুল্লাহ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের দফাওয়ারী আলোচনা শেষ করেছি, এখন প্রয়োগ পদ্ধতির আলোচনা সম্পর্কে বলতে গিয়ে প্রথমে আমি এই কথা বলতে চাই যে এই বিলে এমন ব্যবস্থা কতকগুলি করা হয়েছে, যার ফলে যে উন্নতির আশা তাঁরা করছেন হয়ত সেগুলি হতেও পারে। কিছুটা যদি উন্নতি করা যায় এর মধ্যে যদি তার প্রয়োগ ব্যবস্থা রুলের মধ্যে, বিধানের মধ্যে আরো সেগুলি স্পষ্ট করা হয় বা আরো সুস্পষ্ট ব্যবস্থা তার মধ্যে রাখা হয়, তাকে নিয়ন্ত্রণ করা হয়, তার মধ্যে যদি এই রকম ব্যবস্থা থাকে, যেমন ধরুন সংগঠনের সম্বন্ধে—অঞ্চল পঞ্চায়েত সংগঠন সম্বন্ধে একটা বিতর্ক উপস্থিত হয়েছে আমরা অরাডিনান্স করেছিলাম, তার ফলে বিতর্ক উপস্থিত হয়েছে, এখন যে অঞ্চল পঞ্চায়েতগুলি গঠিত হয়েছে, তাতে গ্রাম অধ্যক্ষরা ইতিমধ্যে সদস্য হয়ে গেলেন কিনা এক্স-অফিসিও? যদি হয়ে থাকেন, তাহলে যে আড়াইশোর ভিত্তিতে আগে যারা সদস্য হয়েছিলেন তারা বেরিয়ে গেলেন কিনা, বা সবাই থাকলেন কিনা? অঞ্চলের সংগঠন এখন হয়ে গেল বড় আকারের। এ নিয়ে কিছু কিছু কথা শোনা যাচ্ছে যে, ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসাররা নির্দেশ দিয়ে দিয়েছেন যে, হ্যাঁ, গ্রাম অধ্যক্ষরা অঞ্চল পঞ্চায়েতের সদস্য হলেন।

Mr. Chairman: Mr. Habibullah, please confine yourself within the frame-work of the Bill as settled.

Shri Syed Abul Mansur Habibullah: I am speaking on the application of the Bill.

বিলের এই এ্যাপ্লিকেশান যাতে সুষ্ঠুভাবে হয় তার নির্দেশ বিধিতে পরিষ্কার করে দেওয়ার দরকার আছে। তারপর কর সম্বন্ধে আমার পূর্ববর্তী বক্তারা যা বলেছেন মিউনিসিপ্যাল আইনে অন্যান্য জায়গায় যেখানে এ্যানুয়াল ভ্যালুয়েশানের কথা আছে সেখানে এই রকম কতকগুলি বিধিনিষেধের ব্যবস্থা আছে, অবজেক্সান হিয়ারিং-এর ব্যবস্থা আছে যার মধ্য দিয়ে লোকে রিলিফ পেতে পারে। কিন্তু সেই ব্যবস্থাগুলি যাতে ভবিষ্যতে ঠিক ঠিকভাবে প্রয়োগ হয়, অ্যানুয়াল ভ্যালুয়েশান যখন ডিটারমিন হবে তখন লোকে যাতে বলবার সুযোগ পায় আপত্তি জানাবার সুযোগ পায়, সেই সর্বশেষ নির্ধারণের আগে সমস্ত জিনিসটা যাতে বিবেচিত হয় তারজন্য যেন বিধান করা হয়। এছাড়া আইনে যখন জেলা পরিষদের চেয়ারম্যান, আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্টের রেমুনারেশন দেবার ব্যবস্থা হয়েছে তখন তাঁদের কাজের সম্বন্ধেও নির্দেশ দেওয়া দরকার যে তাঁদের যে কাজ সেটা করতে হবে, শুধু পাওয়ার ডেলিগেট করে দিয়ে রেমুনারেশন নিলে চলবে না। আমাদের দেশে পাওয়ার ডেলিগেট করার আশঙ্কা আছে সেই আশঙ্কা যাতে না থাকে তার বিধান করার দরকার আছে। সাধারণত হয় কি চেয়ারম্যান ভাইস চেয়ারম্যানের উপর পাওয়ার ডেলিগেট করে দিয়ে রেমুনারেশন নিয়ে চলে যান। রেমুনারেশন নিয়ে কাজের ফাঁকি যাতে না থাকে সেটা এর মধ্যে করার দরকার আছে। তারপর আমি এর সভা সম্বন্ধে দু' একটা কথা বলতে চাই।তার সভা সম্বন্ধে আমরা তিন মাসের লিমিটেশন দিয়েছি। এই সভাগুলি যাতে ঠিক সময়ে হয় তার নির্দেশ থাকলে আমার মনে হয় এটা কার্যকরী হবে। মাননীয় সভাপতি মহাশয়, আমার সর্বশেষ বক্তব্য হচ্ছে বিলটা প্রয়োগ করার সময় এই সংশোধনীর মধ্যে গণতন্ত্রকে খর্ব করার যেটুকু ব্যবস্থা হয়েছে সেই দিকে লক্ষ্য রেখে যাতে এর প্রয়োগ বিধি আনা হয়, যাতে গণতন্ত্র খর্ব না হয় সেই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-55—5-5 p.m.]

শ্রীশম্ভু চরণ ঘোষঃ

মাননীয় সভাপতি মহাশয়, এতক্ষণ ধরে বোধ হয় মন্ত্রিমহাশয় এই দীর্ঘ আলোচনা শুনে খুব অসহিষ্ণু হয়ে উঠেছেন, তাহলেও আমি এই থার্ড রিডিংএ কয়েকটি বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। তিনি যখন এই বিল হাউসের সামনে এনেছিলেন তখন তিনি আমাদের সামনে রেখেছিলেন যে সারা পশ্চিমবাংলায় গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠার মধ্যে দিয়ে প্রত্যক্ষ গণতন্ত্রকে তাঁরা প্রতিষ্ঠা করছেন। আমি প্রথমে তাঁর এই বিবৃতির প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আজো পশ্চিমবঙ্গে এমন অঞ্চল আছে যেখানে গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠিত হয়নি। আমি প্রসঙ্গত উল্লেখ করছি আসানসোল মহকুমার রাণীগঞ্জ এলাকার কথা। আজ পর্যন্ত সেখানে আপনারা গ্রাম পঞ্চায়েত প্রতিষ্ঠিত করতে পারেন নি। দ্বিতীয় কথা, যে কথা বলেছেন এর মধ্যে দিয়ে যে প্রত্যক্ষ গণতন্ত্রকে প্রতিষ্ঠা করছেন সেটাও অন্ততঃ আজকে মিথ্যা বলে প্রতিপন্ন হয়েছে। তার কারণ গ্রামের সাধারণ মানুষের সাথে এই সংস্থার কোন যোগাযোগ নেই। গ্রাম পঞ্চায়েত আইনের মধ্যে একটা কথা আছে যে গ্রাম সভার অধিবেশন অন্তত বছরে দুবার ডাকতে হবে। আমি জানি পশ্চিমবঙ্গে এমন বহু গ্রাম সভা আছে যেখানে বছরে দুবার অধিবেশন ডাকা হয়না এবং অধিবেশন ডাকা হলেও কোরামের অভাবে সেই অধিবেশন বন্ধ থাকে। সেখানে সাধারণ মানুষের যেটুকু অধিকার আছে গ্রাম সভা ডেকে বাজেট পাশ করান, সেখানে সাধারণ মানুষের বক্তব্য রাখার যে সুযোগ সেই সুযোগ থেকে গ্রামের সাধারণ মানুষ বঞ্চিত হয় গ্রাম সভা না ডাকার ফলে। কাজে কাজেই এই সংস্থার মধ্যে দিয়ে সাধারণ মানুষ তাদের কোন সুযোগ সুবিধা আদায় করতে পারছেনা। সেইজন্য আমরা বরাবর বলেছি ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে যেমন থ্রি টায়ার সিসটেম আছে বাংলা দেশেও সেই রকম থ্রি টায়ার সিস্টেম করা দরকার। অঞ্চল পঞ্চায়েত থাকার ফলে গ্রাম পঞ্চায়েতের আর কি ভূমিকা থাকতে পারে? তারা কর আদায় করবে, তারা প্রগ্রাম করবে এবং তাদের শুধু টাকা দেবে। সেইজন্য বলছিলাম, এই কথা চিন্তা করে যে গ্রাম পঞ্চায়েতের ভূমিকাকে স্বীকার করে নিয়ে থ্রি টায়ার সিসটেম যাতে প্রয়োগ করা যায় সেটা চিন্তা করা দরকার। আপনি শান্তানাম কমিটির কথা উল্লেখ করে নির্বাচন কমাতে বলেছেন। নির্বাচন যদি কম হয় তাহলে আমরাও বিশ্বাস করি যে দলাদলি কমবে, তাতে কাজ ভাল হবে। কিন্তু শান্তানাম কমিটি একথা বলেন নি যে সাধারণ মানুষের অধিকারকে কেড়ে নিতে হবে। গ্রামাঞ্চলের অধ্যক্ষকে অঞ্চল পঞ্চায়েতে এক্স অফিসিও মেম্বার করে পাঠাচ্ছেন, এতে গ্রামের সাধারণ মানুষের অঞ্চল পঞ্চায়েতের নির্বাচন করার যে অধিকার সে অধিকার কেড়ে নেবার কোন কথা শান্তানাম কমিটির রিপোর্টে নেই। সেইজন্য বলছি আপনারা এইভাবে গ্রামের অধ্যক্ষকে অঞ্চল পঞ্চায়েতে এক্স অফিসিও মেম্বার করার মধ্যে দিয়ে গ্রামের সাধারণ মানুষের যে গণতান্ত্রিক অধিকার সেই অধিকার আপনারা কেড়ে নিয়েছেন। তৃতীয়তঃ আর একটি কথার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে কথা মাননীয় সদস্য ডাঃ কানাই লাল ভট্টাচার্য বলেছেন যে, যদি কোন একটা পঞ্চায়েতের বিরুদ্ধে ইনজাংশন জারী হয় সেখানে আপনারা অন্তরবর্তীকালীন ব্যবস্থা হিসাবে আপনাদের একজন প্রতিনিধিকে সেইখানে বসাবার কথা বলেছেন। এখন আমরা দেখছি হয়ত কোন জায়গায় বিরোধী দল পঞ্চায়েত নির্বাচনে জিতলো এবং যারা হেরে গেল তারা হয়ত কংগ্রেস পক্ষীয় দল, তারা হয়ত একটা মামলা হাইকোর্টে করার ফলে হয়ত ইনজাংশন জারী হয়েগেল। সরকার পক্ষ থেকে যদি যে দল নির্বাচনে পরাজিত হল তাদের প্রতিনিধি কে ওখানে বসাবার চেষ্টা করেন তাহলে গণতন্ত্রের প্রতি অসম্মান করা হয়। আপনি এখানে বললেন যে আমি প্রতিশ্রুতি দিচ্ছি যাতে এই রকম ব্যবস্থা না হয়। এখানে আমরা মনে করি মন্ত্রীর প্রতিশ্রুতির কোন মূল্য নেই। আইনে যখন বিধান নেই তখন এই রকম ব্যবস্থা হওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়ে গিয়েছে, গণতন্ত্রকে তাঁরা এইভাবে বিকৃত করতে পারেন এবং তাঁদের খেয়াল খুশী মত কাজ করতে পারেন। কাজে কাজেই মন্ত্রিমহাশয় যে প্রতিশ্রুতি দিয়েছেন তারজন্য তাঁকে সাধুবাদ দিচ্ছি কিন্তু আইনের

চোখে এই প্রতিশ্রুতির কোন মূল্য নেই। সেইজন্য ডাঃ কানাই ভট্টাচার্য যে সংশোধনী এনেছিলেন সেটা হচ্ছে মামলার সঙ্গে জড়িত কোন দল যাতে প্রতিনিধিত্ব করতে না পারে তার সুস্পষ্ট বিধান রাখা দরকার। আমার সর্বশেষ কথা হচ্ছে শিক্ষা সম্বন্ধে। শিক্ষা সম্বন্ধে আপনি মহারাষ্ট্রের উদাহরণ দিয়েছেন যে মহারাষ্ট্র সেকেন্ডারি এডুকেশন পর্যন্ত তারা পঞ্চায়েতের হাতে দিয়ে দিয়েছেন। আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই মহারাষ্ট্রের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা যে পর্যায় গিয়েছে পশ্চিমবঙ্গ কি সেই পর্যায় গিয়েছে? পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে। আমি জানি পশ্চিমবঙ্গের গ্রাম এলাকায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা আজ অত্যন্ত শোচনীয়। স্কুল বোর্ডকে আজকে পঞ্চায়েত এডুকেশন স্ট্যান্ডিং কমিটি করুন, তাকে যে নামেই ভূষিত করুন না কেন আজকে একথা অস্বীকার করতে পারবেন না যে গ্রাম এলাকার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা অত্যন্ত বিপর্যয়ের মধ্যে গিয়েছে। ১৯৪৭ সাল থেকে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের গ্রামে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার কোন দিক দিয়ে উন্নতি হয়নি, যে অবস্থা ছিল ১৯১৯ সালের আইনে আজো সেই অবস্থায় আছে। ১৯১৯ সালের ইংরাজ আমলের সেই আইন অনুযায়ী আজো আপনি প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পরিচালনা করছেন। কয়েকটা স্কুল বিল্ডিং করেছেন তার মধ্যে দিয়ে প্রাথমিক শিক্ষার কতখানি উন্নতি হয়েছে? আমি অন্ততঃ বলতে পারি প্রাথমিক শিক্ষার হার যেভাবে বাড়া উচিত ছিল পশ্চিমবঙ্গ সেদিক থেকে অনেকখানি পিছিয়ে আছে। আপনি মহারাষ্ট্রের সঙ্গে তুলনা করেছেন। মহারাষ্ট্রের যদি ছবি দেন তাহলে দেখবেন প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে শুধু মহারাষ্ট্র কেন, বিভিন্ন রাজ্য যেমন কেরালা, মাদ্রাজ, অনেক এগিয়ে গেছে পশ্চিমবঙ্গ থেকে। তারা অনেক কিছু কার্যকারী ব্যবস্থা করেছে কিন্তু আমাদের দিক থেকে আমরা কোন কিছু ব্যবস্থা করতে পারিনি। ১৯১৯ সালের আইন অনুযায়ী আজো বাংলাদেশে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে পরিচালনা করছেন। যেখানে এই রকম জরাজীর্ণ অবস্থায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা, যেখানে আমাদের প্রাথমিক শিক্ষা ব্যবস্থার কাঠামো ভেঙ্গে পড়ার অবস্থা হয়েছে, তাকে অন্ততঃ কিভাবে সামলান যায়, কিভাবে আমরা ভালভাবে প্রতিষ্ঠিত করতে পারি সেদিকে আমাদের ভালভাবে নজর দেওয়া উচিত, কিন্তু তা না করে সেখানে যদি আপনারা সেকেন্ডারী স্কুল আপনার কথাই ধরলাম যে সেকেন্ডারি জুনিয়ার হাই স্কুল তাও যদি হয় তাহলে বলবো বাংলা দেশের শিক্ষা ক্ষেত্রে একটা নূতন বিপর্যয় ডেকে আনবেন। সেইজন্য আমি এই অনুরোধ করার সুযোগ নিচ্ছি যে আপনি চিন্তা করুন যতক্ষণ পর্যন্ত না প্রাথমিক শিক্ষাকে একটা অর্ডারে আনতে পারছেন ততক্ষণ পর্যন্ত সেকেন্ডারি না হোক জুনিয়ার হাই স্কুলকে এর মধ্যে নিয়ে আসার দুঃসাহস আপনি করবেন না। সেইজন্য আপনার কাছে অনুরোধ যেন অন্তত যখন এই বিলটাকে পাস করাবার জন্য চূড়ান্তভাবে উঠবে, তখন অন্তত এই কথাটা স্বীকার করুন এবং আশ্বাস দিন যতক্ষণ পর্যন্ত বাস্তব সম্মত চূড়ান্ত পদ্ধতি গ্রহণ করছেন, ততক্ষণ পর্যন্ত জুনিয়ার বা সেকেন্ডারী হাই স্কুলগুলিকে পঞ্চায়েতের হাতে দেবেন না।

শ্রীসুধীর চন্দ্র দাসঃ

মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই বিলটা পাস হয়ে যাচ্ছে, আমাদের যে সমস্ত সংগত সংশোধনী প্রস্তাব ছিল, তা আপনি গ্রহণ করলেন না। এবং তৃতীয় পর্যায়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে বলাইবাবুর মন্তব্যের পরে মন্ত্রিমহাশয় একটু উষ্মা প্রকাশ করেছিলেন এবং তিনি দলাদলি কোথাও দেখতে পাচ্ছেন না, একথা বলেছিলেন এবং আমরা কালো চশমা পরে সমস্ত জিনিষটা দেখছি, একথাই তিনি বলতে চেয়েছেন। কিন্তু আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাতে চাই যে, দলীয় অবস্থা এমন পর্যায়ে পৌঁচেছে যে, অজয়বাবুর মত লোককেও জেলা পরিষদ থেকে বের করে দিয়েছেন, শুধু নিজেদের দলের ক্ষমতাকে রক্ষা করবার জন্য। যে অজয়বাবু সর্ববাদী সম্মতভাবে চেয়ারম্যান হয়েছিলেন। কি লজ্জাজনক অবস্থার মধ্যে তাঁকে সরাসরি সরিয়ে দেওয়া হল। সুতরাং দলীয় ক্ষমতার অপব্যবহার হচ্ছে, এটার প্রতি আলোকপাত করবার জন্যই আমি এই কথা বললাম। সেইজন্য আমি যেকথা বলতে যাচ্ছি যে, সেকেন্ডারী এডুকেশেনকে আবার নিয়ে আসছেন, এটার আমি তীব্র প্রতিবাদ করছি। আর জেলা শিক্ষা বোর্ডগুলির কেলেংকারীর ইতিহাস বাংলাদেশের সর্বত্রই দেখা যাচ্ছে। বিশেষ করে মেদিনীপুর জেলার শিক্ষা বোর্ড যে কেলেংকারীর ইতিহাস রচনা করেছেন তা ভাষায় বলা সম্ভব নয়।

সুতরাং প্রাথমিক শিক্ষা এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে, জেলা পরিষদের হাতে না দিয়ে শিক্ষা দপ্তরের হাতে ভার দিন। প্রাথমিক শিক্ষাকে জেলা বোর্ডের হাত থেকে তুলে নিন। জেলা পরিষদরা রাস্তাঘাট, পুল এইসব দায়িত্ব নিয়ে থাকুন, জেলা পরিষদ যেন সেকেন্ডারী এডুকেশনের ভার না দেওয়া হয় তাঁদের উপর। দ্বিতীয় কথা হচ্ছে, ট্যাক্স ধার্য্য করার ব্যাপারে অনেকে অনেক কথা বলেছেন, আমি দৃঢ়তার সঙ্গে বলতে চাই পঞ্চায়েত রাজের অনেক মহিমা প্রকাশ করেছেন, রেডিওতে অনেক বক্তৃতা করেছেন, কিন্তু আমরা যেখানেই গিয়েছি, একটা কথা আমাদের সকলেই বলছেন পঞ্চায়েত মানে হচ্ছে, কি করে ট্যাক্স বেশি করে আদায় করে নেওয়া যায়, তারই চেষ্টা। অথচ আমরা দেখেছি, বি ডি ও অফিসগুলি সব একটা ক্ষুদে রাইটার্স বিল্ডিংস হয়ে দাঁড়িয়েছে, সেখানে সব অফিস সাজিয়ে রেখেছেন, কোন কাজ হয় না, শুধু প্রস্তাব পাশ হচ্ছে। আবার এদিকে আঞ্চলিক পরিষদের কর্মকর্তাদের ভাতার ব্যবস্থা করছেন এবং তারজন্য প্রত্যক্ষ কর বাড়াবার চেষ্টা করছেন। আমি যেকথা বলতে চাচ্ছি, যে আজকে পুলিস বিভাগ থেকে কেন চৌকিদার দফাদারদের বেতন দেওয়া হবে না। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, চৌকিদাররা পুলিস বিভাগের কি কাজ করেন। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, ৫২ নং পঞ্চায়েত অ্যাক্টের ধারা দেখলে বুঝতে পারবেন ১৫ দফা কেবল পুলিশেরই কাজ তাদের করতে হয়। পুলিস বিভাগের কত রকম কাজ তাদের দিয়ে করান হয়। আজকে পুলিসের অঙ্গ হিসাবেই দফাদার চৌকিদারদের ব্যবহার করা হচ্ছে। সেজন্য আমি বলতে চাই মাননীয় মন্ত্রিমহাশয় কেন জোর দিয়ে বলছেন না যে, পুলিস বিভাগ থেকে অন্তত অর্ধেক বেতন কেন দেবে না?

[5-5—5-15 p.m.]

একথা পঞ্চায়েত দপ্তরের তোলা উচিত, কেননা পঞ্চায়েত আইনে আমরা পাশ করেছি, তারা পুলিস বিভাগের কাজ করে যাবে। তারা চুরি, ডাকাতি, খুন, জখম, জন্ম, মৃত্যু তার সন্ধান দেয়, তাদের পুলেশ বিভাগের কাজ করতে হচ্ছে পুলিশের কাছে আনুগত্য রাখতে হচ্ছে তা সত্ত্বেও পঞ্চায়েত দপ্তরের কি কি কুণ্ঠা তা আমাদের পক্ষে বুঝা কষ্টকর যে পুলিস দপ্তরকে কেন বলা হবে না। কাজেই আমি বলবো যে জোর করে এই দাবী করা উচিত। পঞ্চায়েত দপ্তরকে পুলিস বিভাগ থেকে যদি সেটা দেয়া হয় তাহলে আর দেশের লোকের উপর এই যে ৩০-৪০ টাকা করে বেতন দেয়া দফাদার এবং চৌকিদারদের তাঁরা অর্ধেক দেবেন আর অর্ধেক দেশবাসীর উপর ট্যাক্স করে আদায় করতে হবে তার মানে হচ্ছে প্রতি অঞ্চলে ৩ হাজার টাকা আরো বেশী ট্যাক্স আদায় করতে হবে, এটা হয়না। সুতরাং আমি বলবো যে প্রত্যক্ষ কর ধার্য্য করলে দেশের লোক আর তা সহ্য করতে পারবেনা। এ বিষয়ে বলাইবাবুর প্রস্তাব মন্ত্রিমহাশয় নেন নি। তিনি বল্লেন আমার রুলস এমন ধরনের করবো যাতে আর ট্যাক্স না বাড়ে কিন্তু আমি এ বিষয় মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দেবার জন্য বলবো যে রুলস কিভাবে করবেন তা আমি জানিনা তবে এটুকু অনুরোধ করবো আপনার কাছে যে ট্যাক্স বর্তমানে যা আছে তার উপর দেশবাসীর ঘাড়ে যেন আর ট্যাক্সের বোঝা চাপানো না হয়। তা যদি চাপানো হয় তাহলে দেখবেন যে পঞ্চায়েত কাজ করতে পারবেন না। পঞ্চায়েত অচল হয়ে যাবে, দেশের লোকের তা বাধা দেবার শক্তি আছে। কতকগুলি মুষ্টিমেয় লোকের কিছু ক্ষমতা বাড়ছে এই শাসনের ফলে কিন্তু গরীব আরো গরীব হয়ে গেছে। সেই কারণে যাতে বর্তমানে ট্যাক্সের হার না বাড়ে সেরকম রুলস থেকে করার যদি চেষ্টা করেন তাহলে আপনারা আমাদের অকুণ্ঠ সমর্থন পাবেন এবং পঞ্চায়েতের সঙ্গে সহযোগিতা করে কাজ করা যাবে। সুতরাং আমি যে কথাটা বলেছি তার পুনরাবৃত্তি করার যে পুলিশ বিভাগ থেকে দফাদার, চৌকিদারদের মাইনাটা যদি মেটাতে পারেন তাহলে গঠনমূলক কাজে উন্নয়নমূলক কাজে পঞ্চায়েত আরো শক্তিশালী হবে। আর একটা কথা আমি বলতে চাচ্ছিলাম যে সেদিন একটা প্রশ্ন উঠেছিল। জানিনা পঞ্চায়েত মন্ত্রিমহাশয় ছিলেন কিনা ত্রাণ মন্ত্রিমহাশয়কে প্রশ্ন করেছিলাম রিলিফ কমিটির ব্যাপারে। পঞ্চায়েত রয়েছে, গ্রামসভা, অঞ্চল পঞ্চায়েত। আঞ্চলিক পরিষদ আছে, তা সত্ত্বেও আমি এটার প্রতি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা অবশ্য খুব অপ্রাসংগিক হবেনা এজন্য যে এটার এই সঙ্গে সম্পর্ক আছে।

চেয়ারম্যানঃ

মিঃ দাস, আপনি সেকসনের বাইরে সব বলছেন।

শ্রীসুধীর চন্দ্র দাসঃ

স্যার, থার্ডরিডিং-এ না বল্লে আর বলার স্কোপত পাবো না। ওঁরা পঞ্চায়েত করেছেন, পঞ্চায়েতের উপর অনন্ত ক্ষমতা দিচ্ছেন। বিকেন্দ্রিকরণ করতে যাচ্ছেন কিন্তু আবার রিলিফ আফিসও করছেন। এখন এই রিলিফ কমিটি যে তালিকা করবেন তার চূড়ান্ত অনুমোদন কে দেবেন? আপনি তো রুলস করবেন বলছেন কিন্তু এই চূড়ান্ত অনুমোদন রিলিফ কমিটিকে কে দেবেন এ কথাটা একটু পরিষ্কার করে দিন? তা না হলে দ্বৈত শাসন, দলীয় শাসন চলতেই থাকবে। একথাগুলি বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

ডাঃ গোলাম ইয়াজদানীঃ

মিঃ চেয়ারম্যান স্যার আমি এই পর্য্যায়ে যখন ক্লজগুলি পাশ হয়ে গেল এবং আমাদের কোন এ্যামেন্ডমেন্ট গ্রহণ করা হল না দু একটা ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এখানে ঠিক হয়েছে যে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট কে অনারেরিয়া দেওয়া হবে। মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন তাতে এখন পঞ্চায়েত ও জেলা পরিষদের হাতে বেশী কাজ যাচ্ছে এবং সে সমস্ত সুষ্ঠুভাবে করা দরকার। এই যখন দেওয়া হল তখন আমরা দাবী করবো তাদের যে ফাংসান তাঁরা ঠিক মতন যাতে করেন সে সম্বন্ধে আমাদের গ্যারান্টি দিতে হবে। এই জন্য আমি বলছি যে আমরা গ্রামঞ্চলে যখন গ্রাম পঞ্চায়েতের দিকে তাকাই তখন দেখি যে গ্রাম পঞ্চায়েতের যারা মেম্বার তারা জানেন না যে তাঁরা কটা মিটিং এ্যাটেন্ড করেন। একবার তাঁরা ভোটে জয়ী হয়েছেন তারপর গ্রাম পঞ্চায়েতের কাজ কি ভাবে চলছে তা জানেন না। এখানে অধ্যক্ষকে টেনে আনা হয়েছে অঞ্চল পঞ্চায়েতে। সুতরাং আমি মনে করি যারা অঞ্চল পঞ্চায়েতের মেম্বার হয়েছেন তাদের পঞ্চায়েত সম্বন্ধে শিক্ষা দেওয়া দরকার। কারণ তাঁরা গ্রাম পঞ্চায়েতের রেসপনসিবিল মেম্বার। আমরা দেখছি একটা প্রভিসান রয়েছে যখন গ্রাম পঞ্চায়েতের বাজেট তৈরী হবে তখন গ্রাম সভার সমস্ত মেম্বারকে দিয়ে পাশ করাতে হবে। এই রকমভাবে এনুয়াল জেনারেল মিটিং হবে না, অধ্যক্ষরা মিটিং করে না, অধ্যক্ষরা এসব বিষয়নিয়ে খবরদারী করেন না অর্থাত এভাবেই কাজ চলছে। এখন যখন আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্টকে মাহিনা দেওয়া হবে তখন আমি মনে করি এ সম্বন্ধে কাজ আরও ভালভাবে হওয়া দরকার। আমি আর একটা কথা বলতে চাই যে অঞ্চল পঞ্চায়েত গ্রাম পঞ্চায়েতে যারা নির্বাচিত হচ্ছেন তাঁদের মনের মধ্যে একটা ধারণা আছে যে তারা বি, ডি, ও-র আন্ডারে চাকরি করছে এবং সব সময় তারা বি, ডি, ওকে মনে করে তাদের প্রভু। পঞ্চায়েতে যারা নির্বাচিত সদস্য বা অধ্যক্ষ বা প্রধান তাদের মনে এরূপ ধারনা থাকা উচিত নয়। আমি একটা সাজেসান দিচ্ছি মন্ত্রিমহাশয়কে যে যখন এরূপ কাজ বেড়ে গেল এবং সুষ্ঠুভাবে কাজ হবে বলে মাহিনা দেওয়া হচ্ছে তখন পঞ্চায়েতের প্রধান, অধ্যক্ষ ইত্যাদি নিয়ে একটা ট্রেনিং এর মত কিছু করা দরকার। তাদের পাওয়ার এবং পজিশান কি যাতে তারা জানতে পারে এবং পঞ্চায়েতের কাজ যাতে ইন্ডিপেন্ডেন্টলি ভাল ভাবে করতে পারে তার জন্য একটা শিক্ষা দেওয়া দরকার। কেননা এই যে একটা ভুল ধারনা যে তাঁরা বি, ডি, ওর আন্ডারে চাকরী করছেন সেটা তাহলে দূর হবে। সুতরাং এই কাজগুলি যাতে সুষ্ঠুভাবে করেন সে জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর মনসুর হবিব সাহেব যে সমস্ত কথা বলেছেন সেগুলি আমি সমর্থন করছি। এখানে একটা এনামালি থেকে যাচ্ছে অধ্যক্ষ জেলায় যাচ্ছেন তাতে অঞ্চল পঞ্চায়েতের পজিশান কি হবে সেটা বুঝিয়ে বললে ভাল হয়। আর মিটিং করার কথায় ৩ মাস মেক্সিমাম থেকে গেল কিন্তু এই ৩ মাসের মধ্যে যাতে মিটিং হয় এরূপ একটা আন্ডারস্ট্যান্ডিং থাকা দরকার, আর ট্যাক্স সম্বন্ধে যে বক্তব্য হয়েছে সে সব আমি সমর্থন করি। মোটামুটি আমি বলতে চাই যে এ্যামেন্ডমেন্টগুলি হয়েগেল এবং আমাদের এ্যামেন্ডমেন্ট নেওয়া হল না কিন্তু যতগুলি হল তার পূর্ণ সুযোগ যাতে ভালভাবে এ্যপ্লাই করতে পারেন তার জন্য আমি দাবী করছি।

[5-15—5-25 p.m.]

শ্রীদেবশরণ ঘোষ ঃ

মিঃ চেয়ারম্যান স্যার, আমরা ধরে নিচ্ছি যে বিল পাশ হয়ে যাবে এবং অনেক গুরুত্বপূর্ণ আমাদের সংশোধনী থাকা সত্ত্বেও মন্ত্রিমহাশয় তা গ্রহণ করতে পারেন নি এবং তিনি যে পারবেন না সেটাও আমরা জানতাম। যাইহোক সর্বশেষে আপনার মাধ্যমে এই কথা বলতে চাই পঞ্চায়েতী রাজ পঞ্চায়েত গঠন হবার পর যে সঙ্কট বা সংশয় আমাদের মনের মধ্যে ছিল এই সংশোধনীর মাধ্যমে তার কিছু যে সুরাহা হয়েছে তা মনে করতে পারছি না। আমার নিজের ধারনা এই সংশোধনীর মাধ্যমে আরো সঙ্কট সৃষ্টি করা হচ্ছে। বিশেষ করে আঞ্চলিক পরিষদ এবং জেলা পরিষদে যে ষ্ট্যান্ডিং কমিটিগুলি গঠন করা হয়েছে এবং তাদের যে ক্ষমতা দেওয়া হয়েছে তাতে প্রত্যেক ষ্ট্যান্ডিং কমিটিতে আঞ্চলিক পরিষদের চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান বা জেলা পরিষদের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যানকে স্ট্যান্ডিং কমিটিতে এক্স অফিসিও হিসাবে সভাপতি করে নেবার ব্যবস্থা করা হয়েছে। এতে আমি মনে করি শাসনতান্ত্রিক চরম সঙ্কট যে দেখা দেবে তাতে কোন সন্দেহ নেই। ষ্ট্যান্ডিং কমিটির যে কাজ তাতে ষ্ট্যান্ডিং কমিটির উপর অঞ্চল পরিষদ বা জেলা পরিষদের সাধারণ সদস্যদের আলোচনা করবার কোন অধিকার বা মন্তব্য করার কোন অধিকার থাকছে না এবং ষ্ট্যান্ডিং কমিটিগুলি যে কাজ করবে সেই কাজই বহাল থাকবে। এদিক থেকে মনে হয় আঞ্চলিক পরিষদের জেনারেল বডি থাকার কোন সার্থকতা নেই কারন যে মুহূর্তে ষ্ট্যান্ডিং কমিটিগুলির ইলেকসান হয়ে গেল তার পর আঞ্চলিক পরিষদ বা জেলা পরিষদের জেনারেল বডি রাখার কোন সার্থকতা নেই। তাদের আর কোন কাজ থাকে না, সভা করে ষ্ট্যান্ডিং কমিটি রিপোর্ট শোনা ছাড়া আর কিছু নেই। বাস্তব অবস্থায়ে আমরা বিভিন্ন জেলা পরিষদে যা দেখছি তাতে ষ্ট্যান্ডিং কমিটি ভারসাস জেনারেল কমিটির যে গণ্ডগোল সেটা থেকেই যাচ্ছে, অর্থাৎ এই সংশোধনীর পর স্ট্যান্ডিং কমিটির সমস্ত ক্ষমতা থেকে যাচ্ছে জেনারেল বডির কোন ক্ষমতা থাকছে না। কাজেই সঙ্কট থেকেই যাচ্ছে আর একটা বিষয় বলতে চাই আঞ্চলিক পরিষদ ও জেনারেল বডির কোন ক্ষমতা থাকছে না। কাজেই সঙ্কট থেকেই যাচ্ছে আর একটা বিষয় বলতে চাই আঞ্চলিক পরিষদ ও জেলা পরিষদের কর্মচারী নিয়োগ সম্বন্ধে। এ বিষয় বর্তমানে যে আইন আছে সেটা খুব পরিষ্কার নয়। আমি মন্ত্রিমহাশয়কে এর আগে একটা প্রশ্ন করেছিলাম যে আঞ্চলিক পরিষদ জেলা পরিষদ যে সমস্ত ক্লার্ক বা অন্যান্য কর্মচারী নিয়োগ করা হবে এদের নিয়োগ কর্তা কে? স্টান্ডিং কমিটি না ফাইনান্স স্টান্ডিং কমিটি না জেনারেল কমিটি? অর্থাৎ ক্লার্ক পিওন কে নিয়োগ করবে আঞ্চলিক পরিষদ করবে না ফাইনান্সিয়াল ষ্ট্যান্ডিং কমিটি করবে তা কিছু বলা নেই। সুতরাং আমরা চাই একটা রিক্রুটিং কমিটি করে দিন। আমরা জানি আমাদের এলাকায় এই নিয়ে গোলমাল সৃষ্টি হয়েছে রিক্রুটিং কমিটির যে প্যানেল তৈরী করে দিয়েছেন আইন অনুযায়ী এই প্যানেলের দু জনের নাম ফাইনানসিয়াল এস্টাবলিশমেন্ট কমিটিতে যাচ্ছে। এই ফাইনানসিয়াল এস্টাবলিশমেন্ট কমিটি যে সিদ্ধান্ত করবে সেটাই চূড়ান্ত হবে না আঞ্চলিক পরিষদ সেটা বদল করতে পারবে এই আইনে সেটা পরিষ্কার নেই। এর ফলে সেখানে সঙ্কট দেখা দিয়েছে এবং দু-জন কর্মচারী নিয়োগ করার ব্যাপারে একটা থানা দুটি আঞ্চলিক পরিষদে এই নিয়ে গোলমাল সৃষ্টি হয়েছে, অর্থাৎ আঞ্চলিক পরিষদ ঠিক করবে না ফাইনানসিয়াল এস্টাবলিশমেন্ট কমিটি ঠিক করবে না রিক্রুটিং কমিটি ঠিক করবে সে সব কিছু নেই। এই সম্বন্ধে মন্ত্রিমহাশয় বলেছিলেন যে তিনি এ বিষয় পরিষ্কার করে বলবেন, কিন্তু তিনি কিছুই বলেন নি। যাই হোক আমাদের যে এ্যামেন্ডমেন্টগুলি ছিল রুলস্ তৈরী করবার সময় আশা করি সে দিকে দৃষ্টি রাখবেন।

শ্রীসৌরিন্দ্রমোহন মিশ্র ঃ

মিঃ চেয়ারম্যান স্যার, এই তৃতীয় পর্যায় আলোচনার উত্তর যত সংক্ষেপে হয়, তার জন্য আমি চেষ্টা করবো। অবশ্য সংক্ষেপেই হবে, কারণ এর যদি উত্তর দিতে হয়, তাহলে আমি আগে যা বলেছি, তার পুনরাবৃত্তি ছাড়া আর কিছুই থাকবে না। মাননীয় সদস্য পাঁচু গোপাল ভাদুড়ী

মহাশয় যে কথাগুলি তুলেছেন, তার উত্তরে, আমি তাঁকে জানাতে চাই যে এই পঞ্চায়েত যাতে ভালভাবে, সুষ্ঠুভাবে চলে, তারজন্য ভারতবর্ষে সমস্ত দল নিয়ে একটা কমিটি গঠিত হয়েছিল, এবং তাঁরা এ নিয়ে নানা ভাবে চিন্তা করেছিলেন। তাঁর অবগতির জন্য জানাই, হয়ত জানেনও তিনি, ও হীরেন মুখার্জী সেই কমিটির সভ্য ছিলেন, এবং আমিও ছিলাম। আমি এই কথা বলছি এই জন্য যে, এই গ্রাম পঞ্চায়েত এবং অঞ্চল পঞ্চায়েত নিয়ে বহু পরীক্ষা নিরীক্ষা চলছে এবং বহু আলোচনা চলছে। মাননীয় সদস্য শম্ভুবাবু একটা কথা বলেছেন, তাতে মনে হচ্ছে, যে, যেখানে থ্রি টায়ার আছে সেখানে কোন অসুবিধা নেই। গ্রামসভাগুলি খুব এ্যাকটিভ, গ্রামসভাগুলি অঞ্চল পঞ্চায়েতগুলি যেখানে খুব এ্যাকটিভ, সেখানে থ্রি টায়ার আছে। আমি অন্তত ভাল করে জানি, ভারতবর্ষের অন্যান্য দেশগুলির খবর নিয়ে, এইটুকু বলতে পারি যে পঞ্চায়েত ব্যবস্থাকে যদি এ্যাকটিভ করতে হয়, তাহলে গ্রাম সভাগুলিকে এ্যাকটিভ করতে হবে। ঐ যেটা বলছেন যে বছরে একবার করে বাজেট প্লেস করা হয়, এখানেও তার ব্যবস্থা আছে। কিন্তু তা হয় না। মিটিং ডাকলে, তাঁরা আসেন না। এটা শুধু বাংলা দেশেই নয়, মহারাষ্ট্রে, গুজরাটে, সব জায়গাতেই আছে কাজেই এইটা কি করে করা যায়, তার জন্য নানা রকম চেষ্টা চলছে। সে সম্বন্ধে, এখানে আর আলোচনা করতে চাই না। শম্ভুবাবু হয়ত শিক্ষা ব্যবস্থার সঙ্গে জড়িত বলে, শিক্ষা সম্বন্ধে নানা রকম কথা বলেছেন। আমি বলবো বোর্ড অব সেকেন্ডারী এডুকেশন অ্যাক্টকে যখন পরিবর্তন করা হবে, বা শিক্ষা সম্বন্ধে একটা নূতন বিল, হয়ত কিছুদিন বাদে এখানে আসবে, তখন আলোচনা হতে পারে যে স্কুল বোর্ড কতখানি সফল হয়েছে বা কতখানি ব্যর্থ হয়েছে। সেটা আজকের আলোচনার বিষয় বস্তু নয়। তবে, মিঃ চেয়ারম্যান, স্যার, এখানে একটা জিনিষ লক্ষ্য করেছি, যে ক্ষমতা বিকেন্দ্রীকরণ সকলেই ভালবাসেন। কিন্তু সেই ক্ষমতা, তারা স্কুল বোর্ডকে দিতে চান না। কারণ তাদিলে, তাঁরা ভাবছেন যে, সেখানে হয়ত ভাল কাজ হবে না। তাঁরা, জেলা পরিষদের হাতে শিক্ষার কোন ক্ষমতা দিতে চান না। এই যদি তাঁদের মনোভাব হয়, তাহলে ক্ষমতা বিকেন্দ্রীকরণ কি করে করবেন ? মহারাষ্ট্রের কথাও খুব শোনালেন, গুজরাটের কথা বললেন। গুজরাটের কথা বলি সেখানেও ঠিক এই রকম সেকেন্ডারী এডুকেশনের ব্যবস্থা আছে। আমি তাঁকে বলি শিক্ষা নিয়ে যখন বিল, টিল আসবে, তখন শম্ভু বাবু বললে, ভাল হয়। আর একটা কথা সুধীর বাবু বলেছিলেন যে বলাই বাবু যখন বক্তৃতা দিচ্ছিলেন, তখন আমি নাকি খুব ক্রুদ্ধ হয়ে উঠি। তা ঠিক নয়। আমি মোটেই ক্রুদ্ধ হইনি। মেদিনীপুর জেলায় অজয়বাবুর সঙ্গে কি হয়েছে, বা না হয়েছে, তা বড় কথা নয়। তারজন্যইত এই আইনটার কিছু কিছু ক্ষমতা দেওয়া হচ্ছে, যাতে সেখানে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদের পক্ষে, কার্য পরিচালনা করায় অসুবিধা বা বাধা সৃষ্টি না হয়। এ কথাও বলা হয়েছে। সেটা নিয়ে এখানে আলোচনা করবার বিষয় নয়। আর একটা কথা সুধীর বাবু বললেন চৌকিদারদের মাইনা সম্পর্কে। সে প্রশ্ন এখানে ওঠে না। উনি যে অসুবিধার কথাগুলি বলেছেন, অবশ্য সত্য কথা। কিন্তু, চৌকিদারদের জন্য পুলিশের কাছ থেকে টাকা নেবো, কি, ফাইন্যান্সের কাছ থেকে টাকা নেবো, এটা এই বিলের অন্তরগত ব্যাপার নয়। কত অপ্রাসঙ্গিক কথার আর জবাব দেবো। দেবশরণ ঘোষ মহাশয় একটা কথা বললেন যে, অঞ্চল পরিষদে কোন কর্মচারী, কি ভাবে নিয়োগ হবে ? তা, তার নিয়মাবলীর মধ্যেই নির্দিষ্ট করে দেওয়া আছে, সেটা দেখে নিলেই জানতে পারবেন, আমাকে জবাব দিতে হবে কেন ? অঞ্চল পরিষদের উপর যে ক্ষমতা অর্পণ করা আছে, তার দ্বারা, সেটা অঞ্চল পরিষদ করবে। ষ্ট্যান্ডিং কমিটির উপর যে ক্ষমতা দেওয়া আছে, সেটা ষ্ট্যান্ডিং কমিটি করবে। এতে আমার কোন জবাব দেবার প্রয়োজন হয় না। একটা প্রশ্ন তোলা হয়েছে গ্রাম সভার অধ্যক্ষ সম্বন্ধে। যে নূতন আইন পাশ হলে, তিনি আর সেখানে থাকতে পারবেন না। সিটেড মেম্বাররা আন সিটেড হবেন না। ইত্যাদি এইসব কারণ দেখান হয়েছে। কিন্তু তা নয়, সিটেড মেম্বারসরা আন সিটেড হবে না। এই আইন পাশ হলে কোনই লোকসান বা ক্ষতি হবে না। তবু যখন বললেন, আমি এ বিষয় দেখে নিয়ে ব্যবস্থা করবো। পরিশেষে আমি বলতে চাই, স্পীকার সাহেব এই বিলটি পাশ হয়ে গিয়েছে ধরে নিয়ে, নিয়মাবলী গঠণ করবার সময়, লক্ষ্য দেবার জন্য আমাকে অনুরোধ করেছেন, আমি সেদিকে লক্ষ্য দেবো, যতখানি সম্ভব আমার জ্ঞান, বুদ্ধি মত। এই কথা বলে, আমার বক্তব্য এখানে শেষ করছি।

The motion of Shri Sowrindra Mohan Misra that the West Bengal Panchayat and Zilla Parishads (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

[5-25—5-31 p.m.]

The West Bengal Gramdan (Amendment) Bill, 1965.

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to introduce the West Bengal Gramdan (Amendment) Bill, 1965.

(Secretary read the title of the Bill.)

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Gramdan (Amendment) Bill, 1965, be taken into consideration.

মাননীয় চেয়ারম্যান মহোদয়, আমার এই বিলটি খুব ছোট্ট মোট ৫টি প্রকরণ এই বিধেয়কের মধ্যে আছে। এই পাঁচটী প্রকরণ যখন আমি উত্থাপন করি, তখন আমার সামনে কয়েকটি বিবেচনার বিষয় ছিল। মূল আইনের ৫ ধারাতে আছে যে কোন গ্রামকে বা কোন গ্রামের অংশকে গ্রামদান বলে ঘোষণা করা যেতে পারে। আবার ঐ ধারার উপধারাতে অনুবিধিতে আছে proviso আছে যে কোন গ্রামের অংশকে বা গ্রামকে গ্রামদান বলে ঘোষণা করা যাবে না যদি তার লোক সংখ্যা একশোর কম হয়। কিন্তু এমন গ্রাম হতে পারে যার লোক সংখ্যা একশোর কম বা এমন গ্রাম হতে পারে যাকে গ্রামদান বলে ঘোষণা করা যেতে পারে, অন্য দিক দিয়ে বিচারে উপযুক্ত, কিন্তু সেখানে লোকসংখ্যা একশোর কম। এইরকম ক্ষেত্রে যাতে সেই গ্রামকে গ্রামদান বলে ঘোষণা করা যেতে পারে তার জন্য এই সংশোধন প্রস্তাব করা হয়েছে, দু নম্বর প্রকরণে।

আর তিন নম্বর প্রকরণে বলা হয়েছে—সমবায় সমিতিকে যাতে জমি দেওয়া যায় তার ব্যবস্থা করা হবে। বর্তমানে সমবায় সমিতিকে জমি দেওয়ার ব্যবস্থা নাই। যদি কতকগুলি ভূমিহীন কৃষক সমবায় সমিতি গঠন করে তাহলে সেই সমবায় সমিতিকে জমি দেওয়া যেতে পারবে। সেই জন্য আমি দুটি প্রস্তাব এখানে এনেছি। আর গ্রামদান জমি কাদের দেওয়া হবে, তারা সেই জমি বন্ধক রেখে সরকারের কাছে দেন অথবা সমবায় সমিতির কাছ থেকে ঋণ নিতে পারবে। আমি তারও প্রস্তাব করেছি। তাছাড়া গ্রাম পরিষদকে সমবায় সমিতির আইন অনুসারে যাতে নিবন্ধন-ভুক্ত করা যায় সেই প্রস্তাবও আমি করেছি। আমি শেষদিকে তিনটি প্রস্তাব করেছি। তার আগে আমি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে একটি নির্দেশ পেয়েছি, যখন আমাদের গ্রামদান বিল রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠাই তখন রাষ্ট্রপতি অনুমোদন করবার পর ভারত সরকার আমাদের কতকগুলি পরামর্শ দেন যাতে তাঁরা বলেন—

Provision should be made for allotment of land to a group of persons who form a Co-operative Farming Society registered under the Co-operative Societies Act.

Provision may also be made to enable the beneficiaries of Gramdan lands to hypothecate their interest in the lands in favour of Government or any Co-operative Society for securing loans.

এসম্বন্ধে আমাদের ব্যবস্থা অবলম্বন করতে বলেন। তারপর বলেন আর একটা কথা—

Provision may be made to enable registration of Gram Parishad as a Co-operative Society under the Co-operative Societies Act subject to certain modifications.

এই তিনটী প্রস্তাব আমরা এর মধ্যে গ্রহণ করেছি। আর অতিরিক্ত হিসেবে নিয়েছি যদি কোন গ্রামের লোকসংখ্যা একশোর কম হয় বা কোন গ্রামের অংশেরও লোকসংখ্যা একশোর কম হয় তাহলে তাকেও গ্রামদান বলে ঘোষণা করতে যেন বাধা না থাকে। এই আমার মোটামুটি কথা আশা করি মাননীয় সদস্যগণ এটা গ্রহণ করবেন।

Adjournment

The House was then adjourned at 5-31 p.m. till 1 p.m. on Thursday, th 18th November, 1965 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 18th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 9 Ministers, 2 Ministers of State and 176 Members.

OBITUARY

[1—1-10 p.m.]

Mr. Speaker: Honourable members, before we begin, it is my melancholy duty to inform you that Shri Suresh Chandra Paul, a sitting member of the West Bengal Legislative Council, passed away on the 16th November last. For the last few days he was suffering from heart trouble.

He was a member of the Revolutionary Party, Bengal, in 1917, and in 1920 he became a member of the Indian National Congress and had been a sincere worker of the Congress since that time. He joined the Non-Co-operation Movement in the year 1920. He was a Commissioner of the Sailhati Municipality from 1931 to 1949 and was its Chairman in 1949. He was a member of the Legislative Assembly of West Bengal from 1952 to 1957, and was a member of the West Bengal Legislative Council since 1960. In his personal life he was unassuming and he endeared himself to all who came in contact with him.

I would now request you, ladies and gentlemen, to rise in your places and remain standing in silence for two minutes as a mark of respect to the memory of the departed soul.

(The honourable members rose in their places and remained standing in silence for two minutes)

Thank you, ladies and gentlemen.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Licence for non-registered medical practitioners

***196.** (Admitted question No. *988.) **Shri Tarun Kumar Sen Gupta:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নন-রেজিস্টার্ড ডাক্তারদের কিভাবে লাইসেন্স দেওয়া যাবে, তার উপায় নির্ধারণের জন্য পশ্চিমবঙ্গে কোন বিশেষজ্ঞ কমিটি গঠন করা হইয়াছিল কি:

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তা, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত কমিটি রাজ্য সরকারের নিকট উক্ত বিষয়ে কোন রিপোর্ট পেশ করিয়াছেন কি;

(২) রিপোর্ট পেশ করিয়া থাকিলে, উক্ত রিপোর্টের সুপারিশগুলি কি; এবং

(৩) উক্ত সুপারিশগুলি কবে নাগাদ কার্যকরী করা হইবে?

Shrimati Purabi Mukhopadhyay:

(ক) ভারত সরকার কর্তৃক ১৯৬৪ সালে সংশোধিত ১৯৫৬ সালের ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল এ্যাক্ট অনুযায়ী নন-রেজিষ্টার্ড চিকিৎসকগণের এ্যালোপ্যাথিক মতে চিকিৎসা করা আইনতঃ দন্ডনীয়। ইহার ফলে ঐ সকল চিকিৎসকগণ এ্যালোপ্যাথিক মতে চিকিৎসা করিয়া জীবিকার্জন করা হইতে বঞ্চিত হইয়াছেন। এই বিষয়টি পুনর্বিবেচনা করিয়া দেখিবার উদ্দেশ্যে ভারত সরকার রাজ্য সরকারসমূহের মতামত চাহিয়া পাঠান। রাজ্য সরকার ভারত সরকারকে এই বিষয়ে মতামত জানাইবার পূর্বে একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করিয়া তাঁহাদের মতামত জানিতে চাহেন।

(খ) (১) হ্যাঁ;

(২) যাঁহারা বর্তমান আইনানুযায়ী রেজিষ্ট্রেশন পাইবার যোগ্য নন, কমিটি সেই সমস্ত ব্যক্তিকে রেজিষ্ট্রেশন দিবার সুপারিশ করিতে পারেন নাই। কমিটি অবশ্য প্রস্তাব করিয়াছেন যে যেসমস্ত নন-রেজিষ্টার্ড চিকিৎসক ন্যূনপক্ষে দশ বৎসরকাল প্রাকটিশ করিতেছেন এবং চিকিৎসা বিদ্যায় মৌলিক জ্ঞান অর্জন করিয়াছেন, তাঁহাদিগকে একটি বিশেষ তালিকাভুক্ত করা যাইতে পারে। এইরূপ তালিকাভুক্ত ব্যক্তি যাহাতে পূর্বের ন্যায় প্রাকটিশ করিতে পারেন এই বিষয়ে কমিটি সরকারকে বিবেচনা করিতে অনুরোধ জানাইয়াছেন। কমিটি আরো অভিমত প্রকাশ করিয়াছেন যে তালিকাভুক্তির জন্য একটি নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করিতে হইবে এবং তাহার পরে কোন আবেদন গ্রাহ্য হইবে না এবং এই সুযোগ ভবিষ্যতে আর কখনও বা কাহাকেও দেওয়া হইবে না।

(৩) এ্যালোপ্যাথিক চিকিৎসকগণের রেজিষ্ট্রেশনের বিষয়টি ভারত সরকার প্রণীত ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল এ্যাক্ট দ্বারা নিয়ন্ত্রিত। সুতরাং নন-রেজিষ্টার্ড চিকিৎসকদিগকে রেজিষ্ট্রেশন দিতে হইলে ভারত সরকার কর্তৃক উক্ত আইনের সংশোধন প্রয়োজন। এই বিষয়ে যাহা কিছু করণীয় ভারত সরকার তাহা করিবেন। রাজ্য সরকার ভারত সরকারকে এই বিষয়ে মতামত দিবার পূর্বে কমিটির সুপারিশগুলি বিবেচনা করিয়া দেখিতেছেন।

[illegible] রাহা:

মন্ত্রী মহোদয়া কি বলবেন যে নন রেজিষ্টার্ড ডক্টররা ১০ বছরের অভিজ্ঞতা আছে এ বিষয়টা ঠিক করে দেবেন কে?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:

কমিটি যা রিকমেণ্ডেশন করেছেন আমি তাই বল্লাম আপনাদের কাছে।

ডাঃ নারায়ণ চন্দ্র রায়:

এর আগে একটা প্রস্তাব এসেছিল যে এঁদের একটা নমিনাল একজামিনেশন নেয়া হবে যার উপর ভিত্তি করে এঁদের আবার প্রাকটিশ করার সুযোগ দেয়া হবে। মন্ত্রিমহাশয় সে সম্বন্ধে কিছু জানেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:

নন-রেজিষ্টার্ড ডাক্তারদের সমস্যা সরকার বহুভাবে পরীক্ষা করে দেখেছেন এবং কিভাবে ঐ সমস্যার সমাধান করা যায় তার জন্য চেষ্টা করছেন। সেজন্য বহু প্রস্তাব সরকারের কাছে

উঠেছে এবং সরকারও নানাদিক বিবেচনা করে এটা দেখছেন এবং এই কাজের জন্য একটা বিশেষজ্ঞ কমিটির কথা হয়েছিল। বিশেষজ্ঞ কমিটি এখন প্রস্তাব করেছেন, সকলকেই রেজিস্ট্রেসান দেয়া হোক্ একথা তাঁরা বলছেন না। কিন্তু তাঁদের মধ্যে যাঁদের ১০ বছরের অভিজ্ঞতা রয়েছে সেই সমস্ত অভিজ্ঞতাসম্পন্ন লোকদের কোন ধরনের কাজে আইনসংগত প্র্যাকটিশ করার অধিকার দেয়া হবে আপনাদের এই কোয়েশ্চেন আছে বলে আমি কমিটির চেয়ারম্যান, ডাঃ পি, কে, রায় চৌধুরীকে নিয়ে আলোচনা করেছিলাম। যে আপনাদের যা রিপোর্ট আছে তা আমি পড়েছি, এছাড়াও এই রিপোর্টের বেসিসে আপনাদের বক্তব্য কি জানতে চাই। তাতে তাঁরা যেটা বলছেন সেটা অনেকটা সোসাইটি মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট, হিসাবে কিছু রেকগনিশন তাদের দেয়া যায় কিনা এটা বলছেন এবং তা করতে হলে কোন পরীক্ষা নিরীক্ষা করা হবে কিনা এ সম্পর্কে কমিটি কোন স্থির সিদ্ধান্ত দেন নি। আমরা সমস্ত বিষয়টি পূর্ণবিবেচনা করছি এবং অন্যান্য বিশেষজ্ঞদের সংগে আলোচনা করব। আমাদের মতামত জানবার সময় এখনও আসে নি। আমরা মডেল বিলটা পাই নি। বিলটা পাবার পরে তাঁরা এ সম্পর্কে কি বলছেন, সেটা আমরা বিবেচনা করে ফাইন্যাল ডিসিসন নেব।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি এই যে বিশেষজ্ঞ কমিটির কথা বললেন এই বিশেষজ্ঞ কমিটিতে ডাঃ পি, কে, রায় চৌধুরী ছাড়া আর কে কে ছিলেন এবং তাঁদের যোগ্যতা কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ ডাঃ রামগতি ব্যানার্জি, এম, পি, ডাঃ তারাগতি ব্যানার্জি, বীরভূমের লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক, ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশনের প্রতিনিধি, ডাঃ অনাথবন্ধু সিনহা, লাইসেনসিয়েট মেডিক্যাল এসোসিয়েশনের একজন প্রতিনিধি, আমাদের জয়েণ্ট ডাইরেক্টর অফ হেল্থ সারভিসেস এবং আমাদের একজন অফিসার সেক্রেটারী হিসাবে ফাংসান করেছেন।

শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ মন্ত্রিমহাশয়া কি বলবেন যে, পশ্চিমবঙ্গলায় নন-রেজিষ্টার্ড ডাক্তারের সংখ্যা কত এবং ১০ বছর প্র্যাকটিশ করেছেন, তাঁদের সংখ্যা কত?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ এটা জানবার জন্য এখনও পর্যন্ত কোন সারভে করা হয় নি। আমি ডাঃ রায় চৌধুরীকে জিজ্ঞাসা করেছিলাম যে মেগনিচুড অফ দি প্রবলেম এই বিশেষজ্ঞ কমিটি নিশ্চয় বিবেচনা করেছেন। এই সম্পর্কে তাঁরা সিদ্ধান্তে এলেন কি করে ফিগারের, কোন কোন সারভে তো করেন নি কিম্বা সরকার থেকেও হয় নি। তাতে তাঁরা বলছেন নন-রেজিষ্টার্ড মেডিক্যাল এসোসিয়েশনের যে সমস্ত নন-অফিসিয়াল অরগানিজেশন আছে, তাঁরা যখন এভিডেন্স দিতে এসেছেন, তাঁরা যা ফিগার দিয়ে গেছেন, তাতে ১২ হাজারের মত দাঁড়ায়।

[1-10—1-20 p.m.]

ডাঃ রাধাকৃষ্ণ সিংহঃ মাননীয় মন্ত্রিমহাশয়া কি জানাবেন যে ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন এর কোন সাজেশন এতে নেওয়া হয়েছে কিনা এবং ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন কোনো প্রতিবাদ জানিয়েছিলেন কিনা?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন এর একজন প্রতিনিধি কমিটি মেম্বার হিসাবে আছেন। সেই প্রতিনিধি তারা সিলেক্ট করে পাঠিয়েছেন। অতএব মেডিক্যাল এসোসিয়েশান-এর বক্তব্য কমিটি বেশ ভালভাবেই বিবেচনা করে দেখতে পেরেছিলেন এবং মেডিকেল এসোসিয়েশান রেজিষ্ট্রেশন-এর বিপক্ষে মত দিয়েছেন।

ডাঃ রাধাকৃষ্ণ সিংহঃ *মাননীয় মন্ত্রিমহাশয়া বোধ হয় দেখেছেন যে খবরের কাগজে বিজ্ঞাপন দেওয়া হচ্ছে যাদের রেজিস্ট্রেশান হয়নি তাদের রেজিস্ট্রেশান করবার জন্য?*

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমি দেখেছি আজকে বসুমতীতেও বিজ্ঞাপন বেরিয়েছে। আমরা আইন পাশ করেছি কেন্দ্রীয় সরকার আন-রেজিস্টার্ড প্র্যাকটিসনারদের প্র্যাকটিস করাটা অপরাধ বলে গণ্য করেছেন এবং পশ্চিমবাংলা সরকারও এরকম আইন পাশ করেছেন কিন্তু তার উপর আমরা কোন এ্যাকসান নিচ্ছি না তার কারণ সমস্ত জিনিষটা আমরা পুনর্বিবেচনা করে দেখছি। এই ধরনের বিজ্ঞাপন যাতে না বেরোয় আমি সেজন্য আমার দপ্তরকে নির্দেশ দিয়েছি। আমি বলেছি যে যিনি এই বিজ্ঞাপন দিয়েছেন তাকে জানিয়ে দেওয়া হোক যে তিনি বেআইনী কাজ করছেন নূতন নূতন পদস্য গ্রহণ করে। কিন্তু এটা আইনের চোখে দণ্ডনীয় বলে গণ্য হবে না।

শ্রীহেমন্তকুমার বসুঃ এই বিষয়টা বেঙ্গল গভর্নমেন্টের বিবেচনা করতে করদিন লাগবে।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমরা এদের রিকমেন্ডেসান পেয়েছি ২৭।১০।৬৫তে, আমার ডিপার্টমেণ্ট ঐ রিকমেন্ডেসান পুঙ্খানুপুঙ্খরূপে বিচার করছেন। কিন্তু মডেল বিল যেটা কেন্দ্রীয় সরকার তৈরী করেছেন সেই বিলের কপি আমাদের কাছে দেন নি। আমরা বিল না পেলে প্রপর পারস্পেকটিভটা বিবেচনা করা যায় না।

Prevalence of a new disease in Calcutta

***197.** (Admitted question No. *1046.) **Shri Aswini Roy:**

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সম্প্রতি কলিকাতায় নূতন ধরনের জ্বরের প্রাদুর্ভাব দেখা দিয়াছে যাহা ডেঙ্গু বা ইনফ্লুয়েঞ্জা নহে;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বর্তমান বৎসরের সেপ্টেম্বর ও অক্টোবর মাসে এই রোগে কলিকাতায় কতজন আক্রান্ত হয়; এবং

(২) উক্ত জ্বর সম্বন্ধে কোন গবেষণা হইয়া থাকিলে বিশেষজ্ঞদের অভিমত কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ (ক) না, ইহা সত্য নহে, আপাততঃ কলিকাতায় সর্দ্দিজ্বর (করিজা বা কমন কোল্ড) জাতীয় অসুখ ছাড়া নূতন কোন রোগ দেখা দেয় নাই।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

শ্রীঅশ্বিনী রায়ঃ এটা কি মন্ত্রিমহাশয় জানেন যে কিছুদিন আগে কলকাতায় এরূপ কোন রোগ দেখা দিয়েছিল যা ইনফ্লুয়েঞ্জা নয়, ডেংগুও নয় এবং বিশেষজ্ঞরা এখনও ঠিক করতে পারেনি যে এটা কি ধরনের রোগ।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ

কিছুদিন আগে বলতে আপনি কোন দিনের কথা বলছেন তা আমি বলতে পারবো না। দিন কুড়ি আগে ডেঙ্গু জ্বর হয়েছে তারপর দেখা গেছে স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিনএ পরীক্ষা করে বিশেজ্ঞদের দিয়ে এটা ঐ নয়। এই সম্পর্কে নানা ধরনের গবেষণা সুরু করেছেন এবং সে কাজ এখনও চলছে। এটা যেটা হয়েছে কমন কোল্ড এর জন্য হয়েছে। তার ফলেই সর্দ্দি জ্বর দেখা দিয়েছে। ইনফ্লুয়েঞ্জা বা ডেঙ্গু হয়েছে বলে অনেকে বলেছেন কিন্তু আসলে এটা সাধারণ সর্দ্দি জ্বর ছাড়া কিছু নয়। এটা যেহেতু ইনফ্লুয়েঞ্জা বা ডেঙ্গু নয় সেজন্য সমস্ত কেসটা আমার পক্ষে বলা সম্ভব নয় এবং এভাবে ট্রেস করাও সম্ভব নয়।

শ্রীঅশ্বিনী রায়ঃ আপনি বলেছেন এটা কমন কোল্ড। আপনি কোন্ তথ্যের উপর ভিত্তি করে একথা বললেন? আপনি কি জানাবেন কতজন এর আক্রমণের ফলে মারা গেছেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আপনি বললেন যে এটা নরমাল ডিজিস কিনা। যে সমস্ত কেস হসপিট্যাল অর হেল্থ সেন্টারএ আসেনা সেগুলির ট্রেস করা সম্ভব নয়। কিন্তু যেগুলি রেফার্ড হয়েছে সেগুলি পরীক্ষা করে দেখা গেছে যে এগুলি হল কমন ব্যাপার। এর মধ্যে আনকমন ভ্যারাইটি কিছু নেই।

Bonus disputes in factories

***198.** (Admitted question No. *1065.) **Shri Sanat Kumar Raha:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বছরে এই রাজ্যে কতগুলি কারখানা বোনাস দেয় নাই বলিয়া সরকারের নিকট অভিযোগ আসিয়াছে; এবং

(খ) যাহারা বোনাস দেয় নাই তাহাদের সম্পর্কে সরকার কি ব্যবস্থা লইয়াছেন?

শ্রীবিজয় সিংহ নাহারঃ (ক) একটীও নহে।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীসনৎকুমার রাহাঃ বোনাস অরডিনেন্স সংক্রান্ত যারা বোনাস দিতে চায় না বলে রিফিউজ করেছে এই যে সংবাদ এটা আপনি জানেন কি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীসনৎকুমার রাহাঃ কাশিমবাজার মনীন্দ্র মিল, বিটি মিল-এর বোনাস এর ব্যাপারে বলতে পারবেন?

শ্রীবিজয় সিংহ নাহারঃ নোটিশ দিলে ইন্ডিভিজুয়াল কেস-এর কথা বলতে পারবো।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ এখানে পরিষ্কার প্রশ্ন রয়েছে এবং সেখানে আমার সাপ্লিমেন্টারীতে আমরা পাচ্ছি কারণ এখানে ক এবং খ-তে লেখা আছেঃ (ক) বর্তমান বছরে এই রাজ্যে কতকগুলি কারখানা বোনাস দেয় নাই বলিয়া সরকারের নিকট অভিযোগ আসিয়াছে এবং (খ) যাহারা বোনাস দেয় নাই তাহাদের সম্পর্কে সরকার কি ব্যবস্থা লইয়াছেন? সুতরাং এখানে আমার পরিষ্কার সাপ্লিমেন্টারী যেটা তা হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে হিন্দুস্থান কেবল কারখানায় শ্রমিকদের বোনাস দেওয়া হয় নি এই সম্পর্কে তার লেবর ডিপার্টমেন্ট-এ তারা চিঠি দিয়েছে এটা মন্ত্রিমহাশয় খবর রাখেন কি?

শ্রীবিজয় সিংহ নাহার: আমি একটু আগেই বলেছি। আমি মাননীয় সদস্যদের জানাচ্ছি যে বোনাস দেওয়া হয়নি বলে আমার কাছে একটাও অভিযোগ আসে নি।

শ্রীঅশ্বিনী রায়: মাননীয় মন্ত্রিমহাশয় যে বোনাস-এর ব্যাপারে কোন সংখ্যা তত্ত্ব তাঁর কাছে নেই বলেছেন। আমি ক্যাটিগরিকেলী জিজ্ঞাসা করি কুলটী আয়রণ অ্যান্ড স্টীল কোম্পানী তারা বোনাস-এর ব্যাপারে রিফিউজ করেছে কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: রিফিউজ করার প্রশ্ন দিলে উত্তর দেব।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি বোনাস অর্ডিন্যান্স আইন অনুসারে আবেদন করা সত্ত্বেও এবং গভর্নমেন্টকে জানান সত্ত্বেও বঙ্গেশ্বরী কটন মিলে বোনাস দেওয়া হয়েছে কিনা? পেমেন্ট অফ বোনাস দিয়েছে শ্রম বিভাগ এই বিষয়ে কোন নালিস পেয়েছেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: আমার রেকর্ডএ পাচ্ছিনা।

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: বাংলা দেশে চটকলসমূহে যেখানে পেমেন্ট অফ বোনাস অর্ডিন্যান্স অনুসারে ফুল অবলিগেসন পালন করা হচ্ছে কিনা সেটা বলতে পারবেন?

শ্রীবিজয় সিংহ নাহার: এ প্রশ্ন থেকে সেটা আসে না, বোনাস দিয়েছে কি দেয়নি আমি তার উত্তরে জানিয়েছি যে বোনাস দেওয়া হয়নি এরূপ কোন অভিযোগ আমার কাছে আসেনি।

শ্রীসনৎকুমার রাহা: মাননীয় মন্ত্রিমহাশয়কে আমরা জিজ্ঞাসা করছি কিন্তু তিনি প্রতিটা প্রশ্নই এড়িয়ে যাচ্ছেন, বোনাস দেওয়া হয়েছে কিনা এর অর্থ কি এটাই যে কোম্পানী থেকে বোনাস ড্র করা হয়েছিল ৪ পারসেন্ট এবং সেটা দেওয়া হয়নি অর্থাৎ নাকি কোম্পানীর টাকা খরচ করা হয়নি এরূপ কিছু সংবাদ আছে কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: আপনারা প্রশ্ন করেছেন যে বর্তমানে বছরে এই রাজ্যে কতকগুলি কারখানা বোনাস দেয় নাই বলিয়া সরকারের নিকট অভিযোগ আসিয়াছে তার উত্তরে আমি জানিয়েছি এই অভিযোগ আসে নি।

শ্রীসনৎকুমার রাহা: কোম্পানী বোনাস ডিক্লেয়ার করা অর্থাৎ ঘোষিত বোনাস দেবার জন্য ঘোষণা করা হয়েছিল তা দেওয়া হয়নি এরূপ কেস কটা আছে?

শ্রীবিজয় সিংহ নাহার: নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীঅনাদি দাস: হাওড়ার কথা আমার জানা আছে সেখানে ৪ পারসেন্ট বোনাস দেওয়া হয় নি এবং এই সম্পর্কে লেবার কমিশনার-এর কাছে অভিযোগ করা হয়েছে এবং সে তদন্ত অসম্পূর্ণ এটা স্বীকার করেন কি?

শ্রীবিজয় সিংহ নাহার: অনুগ্রহ করে মাননীয় সদস্য আমাকে জানান যে কোথায় এরূপ হয়েছে তাহলে আমি আমার ডিপার্টমেন্টকে বলতে পারি এবং আমি নিশ্চয়ই তখন দেখব।

শ্রীআনন্দগোপাল মুখার্জী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এ্যারাইজিং আউট দিস কোশ্চেন যে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া আন্ডারটেকিং প্রতিষ্ঠানগুলিকে বিশেষ করে হিন্দুস্থান কেবল যেখানে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া বোনাস স্কিম-এর আওতায় সেটা আসবে কিনা এবং এ সিদ্ধান্ত হয়েছে কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: এই প্রশ্নের সঙ্গে এটা আসে না। এর সঙ্গে এটার কোন যোগ নেই।

[1-20—1-30 p.m.]

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই সিদ্ধান্ত না থাকার দরুন, সেখানে বোনাস না দিয়ে, একটা এ্যাডহক পেমেন্ট-এর কথা বলে, ঐ সিদ্ধান্তের জন্য কর্তৃপক্ষ বিবেচনা করছেন?

শ্রীবিজয় সিংহ নাহার: এই প্রশ্নটায় ছিল, কোন অভিযোগ করেছেন কিনা? এ থেকে ঐ প্রশ্ন ওঠে না।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: মাননীয় মন্ত্রিমহাশয় এ কথা জানেন যে এই বোনাস সংক্রান্ত অর্ডিন্যান্স জারী হবার পর থেকে, কতকগুলি কারখানা, যারা প্রিভিয়াস এগ্রিমেন্ট অনুসারে বোনাস দিতেন, সেগুলি কানটেল করে, মাত্র ২০ পারসেন্ট দিচ্ছেন। এর ফলে তাঁরা সেখানে একটা লেবার ট্রাবল ক্রিয়েট করছেন, এটা মন্ত্রিমহাশয় কি জানেন?

শ্রীবিজয় সিংহ নাহার: মাননীয় সদস্য যদি এই প্রশ্নটা দেখেন, তাহলে বুঝতে পারবেন এই প্রশ্ন থেকে আপনার এই সাপ্লিমেন্টারী ওঠে না। মাননীয় স্পীকার মহাশয়, এই প্রশ্নের উপর যতগুলি সাপ্লিমেন্টারী হচ্ছে, তার কোন যোগ নেই। আর একটি *২০২ নম্বর প্রশ্ন আছে, সেটা এর সাথে, এক সঙ্গে দিলে, আমি সমস্ত উত্তর দিতে পারবো।

মিঃ স্পীকার:
All right.

Prevalence of a new disease in West Bengal

***202.** (Admitted question No. *1092.) **Shri Birendra Narayan Roy:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে কিছুদিন হইতে কলিকাতাসহ পশ্চিমবঙ্গের সর্বত্র এক প্রকার জ্বরের প্রাদুর্ভাব হইয়াছে (যাহাকে ডেঙ্গু অথবা ইনফ্লুয়েঞ্জা বলিয়া সাধারণতঃ বলা হইয়া থাকে) এবং উহার আক্রমণ এবং মৃত্যুর সংখ্যা বাড়িতেছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত রোগের মোকাবিলা করিবার জন্য সরকার বর্তমান সময় অবধি কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ (ক) আপাততঃ সর্দ্দিজ্বর (করেজা বা কমন কোল্ড) জাতীয় অসুখ (যাহাকে ডেঙ্গু বা ইনফ্লুয়েঞ্জা বলিয়া সাধারণতঃ বলা হইয়া থাকে) দেখা দিয়াছে। তবে বিশেষজ্ঞ চিকিৎসকদের মতে ইহাতে ডেঙ্গু বা ইনফ্লুয়েঞ্জার প্রাধান্য নাই। এই রোগ বিজ্ঞপ্তি-যোগ্য অসুখ গণ্য না হওয়ায় সম্পূর্ণ তথ্য পেশ করা সম্ভব নহে।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এই রোগে আক্রান্ত রোগীর হাসপাতালে আসেনা এবং তার জন্য কোন আলাদা বন্দোবস্ত নেই। কিন্তু এই রোগে প্রচুর লোক মারা যাচ্ছে এটা নিশ্চয়ই স্বীকার করবেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ আমরা শ্মশানঘাটে এবং কবরখানায় খোঁজ নিয়ে দেখেছি ঐ রোগে কেউ মারা যায় নি।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, আপনার ম্যালেরিয়া রোগী হাসপাতালে খুব কম যেতো এবং এখন সেটা প্রায় উচ্ছেদ হয়ে গিয়েছে কিন্তু তা সত্ত্বেও ম্যালেরিয়ার স্কোয়াড রেখেছেন। কিন্তু এই রোগের প্রতিকারের জন্য আপনারা সে রকম কোন স্কোয়াড রাখবেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ ইনফ্লুয়েঞ্জা এবং ম্যালেরিয়া একসঙ্গে ইকুয়ালাইসড হতে পারেনা।

শ্রীবীরেন্দ্র নারায়ণ রায়ঃ আপনি বলেছেন যে এটা ডেঙ্গুও নয়, ইনফ্লুয়েঞ্জা নয়, এটা কমন কোল্ড। এই কমন কোল্ডের জন্য প্রচুর লোক মারা যাচ্ছে এবং ঘরে ঘরে অসুস্থ হচ্ছে এ সংবাদ কি আপনি জানেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ প্রচুর লোক মারা যাচ্ছেন যেটা বলেছেন সেই সত্যটাই আমি অস্বীকার করছি।

শ্রীহরিদাস চক্রবর্তীঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে কেউ এই রোগে মারা যাচ্ছেন এবং এ সম্পর্কে নিঃসংশয় হবার জন্য তিনি শ্মশানঘাট ও কবরখানায় গিয়ে খোঁজ নিয়েছেন, আমার প্রশ্ন হচ্ছে এই শ্মশানঘাট এবং কবরখানায় যাতায়াতের জন্য কত টি. এ, বিল হয়েছে।

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ ওটা বাজে কথা বলছেন শ্মশানঘাটে গিয়ে খবর নিতে হয় না।

Bonus disputes in tea gardens

***200.** (Admitted question No. *1100.) **Shri Somnath Lahiri:**

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কতগুলি চা বাগানে শ্রমিকদিগকে আইন নির্ধারিত ন্যূনতম বোনাসও দেওয়া হয় নাই এই মর্মে কোন অভিযোগ বর্তমান বৎসরে শ্রম দপ্তরে আসিয়াছে কি;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) সেই চা-বাগানগুলির নাম কি এবং সেগুলির মালিক কাহারা; এবং

(২) উক্ত চা বাগানের শ্রমিকরা যাহাতে ন্যায্য বোনাস পায় তাহার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

শ্রীবিজয় সিংহ নাহারঃ (ক) হ্যাঁ। ঐ প্রকার অভিযোগ শ্রম অধিকারে পাওয়া গিয়াছে।

(খ) (১) এ বিষয়ে তথ্য সংগ্রহ করা হইতেছে।

(খ) (২) ভারত সরকার কর্তৃক গঠিত বোনাস সাব কমিটি বর্তমানে বিষয়টি বিবেচনা করিতেছেন। বোনাস সাব কমিটির রিপোর্ট পাইলে সরকার আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবেন।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় মন্ত্রিমহ শয় কি বলবেন বোনাসের সময় পার হয়ে গিয়েছে যখন তারা সাধারণতঃ পায় তারপর সম্ভবতঃ দু' তিন মাস হয়ে গিয়েছে কিন্তু এখনও পর্যন্ত সরকার কোন স্টেপ নেননি কেন তার কারণ কি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ বোনাস সাব কমিটি ভারত সরকার কর্তৃক গঠিত, তাঁরা এই বিষয়ে আলোচনা করছেন। তাঁরা এ বিষয়ে দেখে কি ব্যবস্থা অবলম্বন করবেন সেটার জন্য আমরা অপেক্ষা করছি।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ বোনাসের যেটা স্ট্যাটুট, স্ট্যাটুটরি প্রভিশন আছে সেই অনুসারে যদি কেউ না দেয় তাহলে তার কি করা হবে তা বলা আছে, তাহলে সরাসরি সেই ব্যবস্থা অবলম্বন করা হচ্ছেনা কেন?

শ্রীবিজয় সিংহ নাহারঃ এই জন্য হচ্ছেনা এটা অত্যন্ত ব্যাপক, এর সঙ্গে মালিক এবং শ্রমিক পক্ষ জড়িত রয়েছে, তাঁদের সঙ্গে আলোচনা চলছে যাতে সকলেই একটা সিদ্ধান্তে আসতে পারে। অবশ্য বোনাস না দিলে নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করা হবে।

শ্রীমনোরঞ্জন রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, বোনাস সাব কমিটির ১৯৬৪ সালের আইন অনুযায়ী যে বোনাস সেটা তার বিষয়বস্তু নয়, কারণ সেটা আইনে আছে সেটা আলোচনার মধ্যে আসবেনা। ১৯৬৪ সালের বোনাসের জন্য চা বাগানের মালিক পক্ষ আপনাদের কাছে একজেমশন চেয়ে দরখাস্ত করেছিল এবং এক্সটেনশন অব টাইম চেয়ে দরখাস্ত করেছে, এই দুটির একটা বিষয়ও বোনাস সাব কমিটির আলোচনার বিষয় নয়। তাঁরা যেটা আলোচনা করছেন সেটা হচ্ছে ১৯৬২, ১৯৬৩ সালের বোনাসের ব্যাপারে যেটা আইনের কিছু গোলমালের জন্য হয়ত শ্রমিকদের বেকায়দায় পড়তে হয়েছে সেইজন্য তাদের আলোচনা করতে হচ্ছে এটা কি তিনি জানেন?

শ্রীবিজয় সিংহ নাহারঃ আমি জানি যে ওঁরা একজেমশন চেয়েছিলেন কিন্তু আমরা একজেমশন দিইনি এবং দেবার সম্ভাবনা আছে বলে মনে করিনা। তবে আমরা বোনাস সাব কমিটির নির্দেশের জন্য অপেক্ষা করছি সেটা পেলেই আমরা ব্যবস্থা অবলম্বন করবো। আমি এর আগেই উত্তরে বলেছি যে কোন কোন চা বাগান কিভাবে দিয়েছে, কি দেয়নি, কি অবস্থায় আছে, তার সমস্ত তথ্য সংগ্রহ করে যা কিছু ব্যবস্থা অবলম্বন করা দরকার সমস্ত একসঙ্গে করা হবে।

শ্রীমনোরঞ্জন রায়ঃ আপনি যে বললেন একজেমশন এখনও দেননি সেটা কি দয়া করে বলবেন একজেমশন দেবার কোন রকম পরিকল্পনা সরকারের এখনও আছে কিনা?

শ্রীবিজয় সিংহ নাহারঃ বর্তমানে নেই।

শ্রীননী ভট্টাচার্যঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন বোনাস সাব কমিটির কাছে ১৯৬৪ সালের বোনাসের ব্যাপার নয়, ১৯৬২, ১৯৬৩ সালের বোনাস সংক্রান্ত ব্যাপার আলোচিত হয়েছে এটা তিনি জানেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার: সেটা এই মাত্র মনোরঞ্জন রায় মহাশয়ের প্রশ্ন উত্তরে বললাম।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় মন্ত্রিমহাশয় কি বলিবেন এই বোনাস ডিসপিউট যদি না মেটে তাহলে তাঁরা মালিকের বিরুদ্ধে আইন প্রয়োগ করবেন?

শ্রীবিজয় সিংহ নাহার: নিশ্চয়ই।

Shrinkage of employment in Non-Ferrous Small Scale Engineering Factories

***201.** (Admitted question No. *1105.) **Shri Nikhil Das:** Will the Minister-in-charge of Labour Department be pleased to state—

(a) whether it is a fact that workers engaged in Non-Ferrous Small Scale Engineering Factories are facing "lay-off" and "retrenchment" after the promulgation of "Scarce Metal Control Orders"; and

(b) if so, what steps have been taken by the Government against such shrinkage of employment?

Shri Bijoy Singh Nahar: (a) Notices of lay-off in five such factories have been received. But no notice or complaint of retrenchment arising out of Scarce Metal Control Order has so far been received.

(b) Appropriate steps under the Industrial Disputes Act, 1947, will be taken in connection with industrial disputes raised in the matter. Besides, the Labour Department and also the Tripartite Committee on the Industrial Truce Resolution are examining the problem of shortages.

শ্রীনিখিল দাস: আপনি বললেন যে আপনার স্কেয়ার্স মেটাল কন্ট্রোল অর্ডার হবার পর লে-অফ এবং রিট্রেনচমেন্টের কোন খবর আপনাদের কাছে নেই।

শ্রীবিজয় সিংহ নাহার: হ্যাঁ, বলেছি। নোটিসেস অব লে-অফ in five such factories have been received.

শ্রীনিখিল দাস: আমাদের ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট এ্যাক্ট-এ যে সেকসন আছে তাতে লে-অফ বেনিফিট, রিট্রেঞ্চমেন্ট বেনিফিট দেবার কথা আছে। কিন্তু স্কেয়ার্স মেটাল কন্ট্রোল অর্ডার চালু হবার পর দেখা যাচ্ছে ছোট ছোট নন-ফেরাস কারখানাগুলির কোথায়ও ৫০ পারসেন্ট লে-অফ হচ্ছে, কোথায়ও সেই লে-অফ পরে রিট্রেনচমেন্টে চলে যাচ্ছে। ফলে এই নন-ফেরাস মেটাল কারখানাগুলি থেকে প্রায় ১০ হাজার লোকের মত বেকার হয়ে যাচ্ছে। তাদের ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস্ এ্যাক্ট দিয়েত চাকরী দিতে পারবেন না। সেজন্য আমার প্রশ্ন হচ্ছে তাদের এই বেকারত্ব দূর করবার কি পরিকল্পনা সরকারের আছে?

শ্রীবিজয় সিংহ নাহার: কত বেকার হবে এটা আমরা বলতে পারিনা তবে এটা ঠিক 'র' মেটিরিয়াল সর্টেজের জন্য কিছু কিছু লে-অফ হচ্ছে, রিট্রেঞ্চমেন্ট ঠিক সেইভাবে হয়নি। আমরা এ বিষয়ে সতর্ক আছি, দেখছি, চেষ্টা করছি যাত রিট্রেঞ্চমেন্ট না হয়। লে-অফ হলে রিট্রেঞ্চমেন্ট বেনিফিট দিতে হয় এবং এটা যদি ব্যাপকভাবে হয় তাহল নিশ্চয়ই আমাদের ব্যবস্থা অবলম্বন করতে হবে এবং সেখানে আপনাদের সকলের সহযোগিতা চাইবো।

শ্রীঅখিল দাস: আমি কয়েকটা কারখানার নাম বলছি যেমন পাইয়োনিয়ারস্ ইঞ্জিনীয়ারিং ওয়ার্কস, সেখানে ১২৫ জন কাজ করতো এবং তার মধ্যে লে-অফ ৪৬ জন এবং পরে ঐ লে-অফটা রিট্রেঞ্চমেন্টের অবস্থায় নিয়ে আসে। এই রকম স্মল স্কেল ইন্ডাস্ট্রিসে যেমন অম্লপূর্ণা মেটাল ওয়ার্কস, এভার লাইট, ইত্যাদিতে তাদের যে কোটা ছিল র' মেটিরিয়ালের সেটা কমানর জন্য প্রথমে লে-অফ করে তারপরে রিট্রেঞ্চমেন্ট নিয়ে আসে, এইভাবে প্রায় ৮।১০ হাজার লোক আজ বেকার হয়ে যাচ্ছে। এই ইমার্জেন্সি পিরিয়ডে তারা যাতে বেকার না হয়ে যায় তার জন্য কোন পরিকল্পনা আছে কিনা? কারণ তারা রিট্রেঞ্চমেন্ট বেনিফিট আর ক'পয়সা পাবে?

শ্রীবিজয় সিংহ নাহার: আপনি যেটা বললেন কয়েক হাজার লে ক এ আপনার ট্যাটিসটিক্স নয়, আমারও নয়। তবে আমি আপনাদের কাছে বলছি যে র' মেটিরিয়ালের সর্টেজের জন্য লে-অফ হচ্ছে, এখনও রিট্রেঞ্চমেন্ট হয়নি। আমরা রিট্রেঞ্চমেন্ট যাতে না হয় সেদিকেও লক্ষ্য রেখেছি এবং র মেটিরিয়াল যাতে আমাদের এখানে আরো বেশী পাওয়া যায় সেজন্য চেষ্টা চলেছে। আমরা জানি এখন অনেক জায়গায় লে-অফ হচ্ছে, কিন্তু রিট্রেঞ্চমেন্ট এখনও হয়নি।

শ্রীজনাদি দাস: আপনি কি জানেন সেন্ট্রাল লক ফ্যাক্টরী, গভর্নমেন্টেরই ডিপার্টমেন্ট অব ইন্ডাস্ট্রির অধীনে আছে, সেখানে আউটসাইড আর্টিজান বলে যারা কাজ করে তারা স্কেয়ার্স মেটাল না পাবার ফলে তাদের কাজ বন্ধ হয়ে গেছে? তাদের লে-অফ করা হয়েছে অথচ তাদের রিট্রেঞ্চমেন্ট বেনিফিট দেওয়া হয়নি, এই জন্য তিনি কোন ব্যবস্থা করছেন কিনা?

শ্রীবিজয় সিং নাহার: নোটিশ না দিলে কোন্ কারখানা তা বলতে পারব না।

Bonus disputes

***202.** (Admitted question No. *1152.) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) in how many cases according to Government calculation the management of establishments have not fulfilled their obligations under the Payment of Bonus Ordinance of 1965 in this State; and

(b) what steps are being taken to bring to book defaulting managements and for the realisation of the amount due to employees?

Shri Bijoy Singh Nahar: (a) 757 disputes over bonus were received this year by the Labour Directorate before the Pujas.

(b) 425 disputes have been settled through conciliation while conciliation is in progress in the remaining 332 cases.

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:

এই যে পেন্ডিং ডিসপুটেগুলি রয়েছে, সেগুলি নিয়ে আপনি কিভাবে প্রসিড করছেন?

শ্রীবিজয় সিংহ নাহার:

আমরা চেষ্টা করছি যাতে মালিক পক্ষ নিয়মিত বোনাস দেয়। কোথাও বোনাস দেওয়া হয়নি, আবার কোথাও নিয়মের বাইরে শ্রমিক পক্ষ বোনাস চেয়েছেন, আমরা তাদের বোঝাবার চেষ্টা করছি, যে আইনের বাইরে বোনাস দেওয়া যেতে পারেনা।

শ্রীপাঁচু গোপাল ভাদুড়ী:

যেখানে শ্রমিক পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে পেমেন্ট অফ বোনাস অর্ডিন্যান্স অনুসারে যে নির্ধারিত, গভর্নমেন্ট অফিসিয়ালের এবং ইন্সপেক্টারের কেস করার কথা, সেই দাবী করে, না লেখা হয়েছে, তারপরে সেখানে আপনি একটিও কেস করেছেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার:
বর্তমানে কোন কেস করা হয়নি। যেখানে মালিক পক্ষরা স্বীকার করছেন না, সেখানে [illegible] দেওয়ার কথা বিবেচনা করা হচ্ছে। আমরা দুই পক্ষকেই বুঝিয়ে চেষ্টা করছি যাতে প্রতি বছর শ্রমিকরা বোনাস নিয়ম মত পায়।

শ্রীপাঁচু গোপাল ভাদুড়ী:
জুট মিলের সঙ্গে সংশ্লিষ্ট কটন মিল, যেমন কটন সেকশান অফ শ্রীরামপুর ইন্ডিয়া জুট কোম্পানি সেখানে ৪ পারসেন্ট বোনাস দিয়েছে অথচ তাদের বোনাস পাওয়ার কথা অনেক বেশী, চার, পাঁচ গুণ, সেই সমস্ত জায়গায় কিছু করেছেন কি?

শ্রীবিজয় সিংহ নাহার:
এই সব জায়গায়, হিসাব করে, পরীক্ষা করে দেখা হচ্ছে, যদি মালিকপক্ষ কম দিয়ে থাকেন, তাহলে, তাঁদের ঠিকমত দেবার নির্দেশ দেওয়া হচ্ছে। যদি তাঁরা ঠিকমত না দেন, তাহলে এটা ট্রাইবুন্যালে পাঠিয়ে ব্যবস্থা করতে হবে।

শ্রীপাঁচু গোপাল ভাদুড়ী:
৩০শে নভেম্বর, ৮ মাস উত্তীর্ণ হবার শেষ তারিখ। সেই ৩০শে নভেম্বর, ৮ মাস উত্তীর্ণ হয়ে গেল পর, আপনারা কেস দাখিল করবেন?

শ্রীবিজয় সিংহ নাহার:
৩০শে নভেম্বরের প্রশ্ন নয়, ৮ মাস পর্যন্ত সময়। এই ৮ মাসের মধ্যে তাঁরা যদি বোনাস ডিক্লিয়ার করে না দেন, তাহলে নিশ্চয় আমরা এ সম্বন্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবার জন্য চেষ্টা করবো।

শ্রীপাঁচু গোপাল ভাদুড়ী :
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন কতগুলি কোম্পানীকে বোনাস অর্ডিন্যান্স এর প্রভিসন অনুসারে আপনারা এক্সটেনশন দিয়ে, টাইম লিমিট বাড়িয়ে দিয়েছেন?

শ্রীবিজয় সিংহ নাহার:
এটা নোটিশ না দিলে বলতে পারবো না।

শ্রীনিখিল দাস:
সনৎবাবুর কোয়েশ্চেন ১০৬৫—তার (ক) প্রশ্নের উত্তরে বলেছেন যে লেবার ডাইরেক্টরেটএ বর্তমানে একটিও অভিযোগ আসে নাই, যে কোথাও বোনাস দেয়নি। কিন্তু এভারলাইট ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস, যেটা বিড়লা কনসার্ন, এবং এ, এল, সি, শ্রী এস, এন, ব্যানার্জির বেহালা কারখানা, সেখানে বোনাস ডিসপুট পেন্ডিং রয়েছে, তারা একটি পয়সাও বোনাস দেয়নি এ পর্যন্ত। এ খবর মন্ত্রিমহাশয় জানেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার:
এটা আমি দেখে আপনাকে জানাবো।

শ্রীসোমনাথ লাহিড়ী:
যে কারখানায় স্ট্যাটিউটরী ২০ পারসেন্ট যেটা মেক্সিমাম অতীতে আরও বেশী ওয়ারকাররা পেয়েছে। কিন্তু এখন আইনে মেক্সিমাম এর বেশী দিতে চাচ্ছেনা। সুতরাং সেই সব কারখানার সম্বন্ধে শ্রমিকদের যে দাবী রয়েছে যে আগের মত বোনাস যেন তারা পায়, সে সম্বন্ধে গভর্নমেন্ট পলিসী কি?

শ্রীবিজয় সিংহ নাহার:
বোনাস আইনের বাইরেত কোন ব্যাপারে গভর্নমেন্ট যাবে না। বোনাস আইনে যা আছে, লিগাল পেমেন্ট নিয়মমত যেটুকু হবে, রার বাইরে আমরা যেতে পারবো না।

শ্রীসোমনাথ লাহিড়ী:
সে তো আইন আছে। যেখানে আগে যা পেত ৬ র চেয়ে কমে যাচ্ছে এই রকম যে কেস ডিসপিউট আসছে, তাহলে কি আমরা ধরে নেব যে গভর্নমেন্টের পলিসী হলো তারা যেন ২০ পারসেন্ট এর বেশী না দেয় সেইভাবে মেটান হয়? এই কি গভর্নমেন্টের সুপারিশ?

শ্রীবিজয় সিংহ নাহার:
এটাই আইনে আছে।

শ্রীসোমনাথ লাহিড়ী:
আইন যা হয়েছে, তার চেয়ে বেশী দেওয়ার কোন মানা নাই। তবে বাধ্যবাধকতা যা আছে, তার চেয়ে বেশী দাবী করতে পারবেনা। কিন্তু ডিসপিউট না ওঠে তার চেয়ে বেশী যদি কোন কোম্পানী দেয় তাতে কোন মানা নাই। **সুতরাং সেরকম ক্ষেত্রে গভর্নমেন্ট কি কোন অন্য রকম সালিসীর চেষ্টা করছেন যাতে মিটে যায়?**

শ্রীবিজয় সিংহ নাহার:
আইনের বেশী যদি কেউ দেয়, তাতে নিশ্চয়ই সরকারের আপত্তি থাকবে না। তবে সরকার চেষ্টা করবেন না যে আইনের বেশী দেয়।

শ্রীসোমনাথ লাহিড়ী:
আপনি বলেছেন যে বোনাস দেয়নি, এই রকম ডিসপিউট আপনার কাছে আসেনি? আপনি কি আর, এস, এন, কোং লিমিটেড-এর কাছ থেকে কোন বোনাস ডিসপিউট পান নাই এ বছর?

শ্রীবিজয় সিংহ নাহার:
বোনাস ডিসপিউট থাকতে পারে। কিন্তু বোনাস দেয়নি বলে কোন অভিযোগ আসে নাই।

শ্রীআনন্দ গোপাল মুখোপাধ্যায়:
একটা কথা আপনি কি জানাবেন যে সব জায়গায় বোনাস ক্যালকুলেশন-এর ব্যাপারে স্থানীয় **ইউনিয়ন মনে করে যে অডিটেড এ্যাকাউন্ট বা ব্যালেন্স সিট ঠিক নয় সেই সব জায়গায় এই এ্যাকাউন্টস চেকআপ করবার জন্য ইন্সপেক্টরকে এ্যাপয়েন্ট করবার প্রভিশন আছে, সরকার তার** ব্যবস্থা অবিলম্বে করবেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার:
ইন্সপেক্টর দরকার হলে এ্যাপয়েন্ট করা হবে। বর্তমানে যে ইন্সপেক্টরস আছে তাঁরা দেখছেন এবং তাঁরা যদি কোথাও দেখেন আইনের মতে কেউ গোলমাল করছে, সে সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

শ্রীআনন্দ গোপাল মুখোপাধ্যায়:
মন্ত্রিমহাশয় কি জানাবেন যে আপনার বিভাগে এমন কোন বিশেষজ্ঞ এ্যাকাউন্টেন্ট আছেন কিনা যিনি এই একাউন্টটা অডিট করতে পারেন?

শ্রীবিজয় সিংহ নাহার:
আমাদের অডিট করবার কথা নয়। আগে যেভাবে হিসাব দেখা হতো এখনো সেই রকমভাবে দেখা হচ্ছে।

শ্রীআনন্দ গোপাল মুখোপাধ্যায়:
যিনি আগে অডিট্ করতেন, তিনি স্টেট ইলেকট্রিকসিটি বোর্ডে চলে গেছেন, এখন আপনার **ডিপার্টমেন্টে অডিট্ করবার জন্য কেউ নেই। একথা ঠিক কিনা?**

(No reply.)

শ্রীপাঁচু গোপাল ভাদুড়ী:
মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সেকশন ৩৪(৪) অনুযায়ী বোনাস্ অর্ডিনান্সে নির্ধারিত পেমেন্ট থেকে বেশী পেমেন্ট বাই-পার্টাইট এগ্রিমেন্টএ দেওয়া সম্ভব, যার এ্যাকমোডেসন ঐ পেমেন্ট অফ বোনাস অর্ডিনেন্সএর মধ্যে আছে, সেইসব বোনাস নিষ্পত্তির সালিসী হিসেবে গেস্ট কিন

এ্যান্ড উইলিয়মস্ এবং বার্ড এ্যান্ড ব্রেথওয়েট যেখানে ২০ পারসেন্ট-এর বেশী আগে ছিল, এখন অবশ্য কম পাচ্ছে, সেই সব কোম্পানীর ডিসপিউট সেটেল করবার দিক থেকে আপনারা চেষ্টা করছেন কিনা?

শ্রীবিজয় সিংহ নাহার:
বাই-পারটাইট এগ্রিমেন্ট হলে আমাদের কোন আপত্তি নাই। কিন্তু সরকার নিয়মের বাইরে থেকে কোন চেষ্টা করতে পারেন না।

শ্রীঅশ্বিনী রায়:
এই যে এখনো ৩৩২টী কেস পেন্ডিং আছে, এর মধ্যে কুলটি আয়রণ এ্যান্ড ষ্টীল কোং-র বোনাস সম্বন্ধে যে ডিসপিউট আছে, সেটা পড়ছে কি?

শ্রীবিজয় সিংহ নাহার:
সেটা আমি অফহ্যান্ড বলতে পারবো না। লিষ্ট-এর মধ্যে আছে কিনা নোটিশ দিলে বলতে পারবো।

শ্রীহরিদাস চক্রবর্ত্তী:
ঐ যে ৩৩২টি ডিসপুট-এর কথা বললেন এর মধ্যে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া আন্ডারটেকিং, পাবলিক সেকটর এই রকম কতগুলি কারখানা আছে সেটা দয়া করে বলবেন?

শ্রীবিজয় সিংহ নাহার:
সেটা বলতে পারবো না। আমার কাছে যে ফিগার-এর লিষ্ট আছে তার মধ্যে নাই।

Accommodation in Balurghat sub-jail

***203.** (Admitted question No. *1195.) **Shri Subodh Choudhury:** Will the Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) what is the strength of accommodation of prisoners at Balurghat sub-jail in West Dinajpur;

(b) if it is a fact that the sub-jail at Balurghat is over-crowded at present and that the political prisoners/undertrials are locked up in the same lock-up with other non-political prisoners/criminals; and

(c) if so, what steps Government proposes to take to remedy the aforesaid difficulties?

[1-40—1-50 p.m.]

Shri Jagannath Kolay: (a) The registered capacity of the Sub-jail is for 34 prisoners, calculated, however, on a very liberal scale of accommodation.

(b) There is over-crowding in the Balurghat Sub-jail at present. There is, however, no D.I.R. detainee in the Sub-jail.

(c) Administrative approval has since been accorded for construction of another barrack in the Sub-jail.

শ্রীঅশ্বিনী রায়:
আপনি বলেছেন (এ) প্রশ্নের জবাবে যে হোল ক্যাপাসিটি ৩৪ আর (বি) প্রশ্নের জবাবে বলেছেন ওভার ক্রাউডিং আছে তাহলে গত তিনমাসের এ্যাভারেজ ওভারক্রাউডিং কি রকম?

শ্রীজগন্নাথ কোলে:
আমি ওভারক্রাউডিং এর কথা বলেছি। সাব জেলে একটু ওভার ক্রাউডিং হয়। সেজন্য আমরা আরও কয়েকটা ব্যারাক করছি তাহলে আর ওভারক্রাউডিং হবেনা। যেখানে ৩৪ জনের ক্যাপাসিটি সেখানে যদি ৯০ জন হয় তাহলে ওভারক্রাউডিং হয়। কিন্তু আমরা ডি, আই, আর, এ পলিটিক্যাল [illegible] এখানে রাখিনা।

শ্রীঅনোরঞ্জন রায়ঃ
আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চাই যে সেপ্টেম্বর মাসে কত জন ছিল এবং সেপ্টেম্বর মাসে কোন পলিটিক্যাল প্রিজনার ছিল কিনা?

শ্রীজগন্নাথ কোলেঃ
পলিটিক্যাল প্রিজনার যাদের ডি, আই, আর, এ ধরা হয় তাদের হয়ত কয়েক ঘণ্টার জন্য থাকতে হয় তারপরে আমরা সেন্ট্রাল জেলে তাদের পাঠিয়ে দিই। যেমন ধরুন কাউকে ওয়েস্ট দিনাজপুর থেকে ধরা হলো তাকে হয়ত কয়েক ঘণ্টা সাব জেলে থাকতে হতে পারে কিন্তু তারপরেই তাকে সেন্ট্রাল জেলে পাঠান হয়।

শ্রীঅনোরঞ্জন রায়ঃ
আমি জিজ্ঞাসা করছি যে ডি, আই, আর, এ পলিটিক্যাল প্রিজনার ছাড়াও তো অনাকে ধরা হয় সেজন্য জানতে চাচ্ছি যে সেপ্টেম্বর মাসে কতজন ছিল?

শ্রীজগন্নাথ কোলেঃ
সেপ্টেম্বর মাসে ১০২ জন ছিল।

Employment of medical graduates

***204.** (Admitted question No. *1233.)

শ্রীজনপ্রমোহন দাসঃ
স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৩ সালে কতজন ছাত্র-ছাত্রী বিভিন্ন মেডিক্যাল কলেজ হইতে এম, বি, বি, এস, পাশ করেছেন; এবং

(খ) উহাদের মধ্যে এ পর্যন্ত কতজন সরকারী চাকুরীতে নিযুক্ত হইয়াছেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ

(ক) ৩৫৬ জন।

(খ) ৬৮ জনকে চাকুরী দেওয়া হয়েছিল কিন্তু এ পর্যন্ত (অক্টোবর মাসের শেষ) মাত্র ১৯ জন চাকুরীতে যোগদান করেছেন।

শ্রীজনপ্রমোহন দাসঃ
মাননীয় মন্ত্রিমহাশয়া জানাবেন কি যে সমস্ত মেডিক্যাল গ্রাজুয়েটদের আপনারা চাকরী দিয়েছিলেন তারা চাকুরীতে যোগদান করেন নি কেন, কারণটা কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ
তারা চাকুরীতে যোগদান করেন নি কেন সে কথা আমি বলতে পারব না।

শ্রীজনপ্রমোহন দাসঃ
আপনাদের চাকরীর যে বেতনের হার এবং যা সর্ত সেগুলি ডাক্তারদের যোগদানের অন্তরায় কিনা তা বলবেন?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ
এ প্রশ্নের জবাব আমি বহুবার দিয়েছি, তবু আবার বলছি, এই সব চাকরীর জন্য এ্যাডভারটাইজ বেরিয়েছিল এবং তারা এ্যাপ্লাই করেছিল এবং ইন্টারভিউ দিয়ে তারা সিলেক্টেড হয়েছিল তারপর তাদের এ্যাপয়েন্টমেন্ট লেটার দেওয়া হয়েছিল, তারপরে তারা জয়েন করেননি, যদি তারা বেতনের হার কম বলে মনে করেছিলেন তাহলে তাদের এ্যাপ্লাই করা উচিত ছিল না।

শ্রীজনপ্রমোহন দাসঃ
যারা ওকালতি পাশ করে তাদের যেমন এক বছর আরটিকেল ক্লার্ক হিসাবে কাজ করতে হয়

তারপর তারা ওকালতি করতে পারে সেই রকম মেডিক্যাল এর শেষ পরীক্ষায় পাশ করে অন্তত এক বছর গ্রামাঞ্চলে ডিসপেনসারি কাজ করলে সার্টিফিকেট দেওয়া যাতে হয় সে রকম কোন পরিকল্পনা সরকার চিন্তা করছেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ
এই সিলেবাস কোর্স তৈরী করেন ইউনিভার্সিটি এবং ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল তার সম্পর্কে উপদেশ দিতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের সিলেবাসের উপর কোন হাত নাই, তবে **এই রকম হওয়া বাঞ্ছনীয়।**

শ্রীআবু আসাদ মহম্মদ ওবায়েদুল গণিঃ
ওয়া জয়েন করলেন না তার কারণ আপনি বলতে পারলেন না, আপনি কি এটা মনে করেন না যে গভর্নমেন্ট সারভিস চাকরী দেওয়া হল অথচ মেজরিটি জয়েন করলেন না এর থেকে হেলথ সারভিস পলিসির ব্যর্থতা প্রমাণিত হয় না কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ
এতে হেলথ সারভিসের ব্যর্থতা প্রমাণিত হয় না, পশ্চিমবঙ্গ সরকার যে দরিদ্র অধিবাসীদের নিয়ে যে সরকার পরিচালিত করেন তারা দরিদ্র বলে সেই হিসাবে ব্যর্থতা, তা না হলে এমন কোন **পলিসি এর জন্য রেসপনসিবল নয়। এর চেয়ে বেশী মাহিনা আমরা দিতে পারিনা, স্টেটের-এর** চেয়ে বেশী মাহিনা দেবার ক্ষমতা নাই।

শ্রীআবু আসাদ মহম্মদ ওবায়েদুল গণিঃ
আপনি কি জানেন যে গভর্নমেন্টের অন্য কোন ডিপার্টমেন্টে গভর্নমেন্ট সারভিস এ এ্যাপয়েন্টেড হয়েছে অথচ মেজরিটি জয়েন করেনি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ
এগুলি টেকনিক্যাল কাজ, পশ্চিমবঙ্গ সরকার যে ধরনের এ্যাপয়েন্টমেন্ট দেন সেগুলি বেশীর ভাগ ইঞ্জিনীয়ার কিম্বা ডাক্তার এই ধরনের কাজ ছাড়া কেউ এ্যাপয়েন্টমেন্ট পেলে ফেরত দেন না। মেডিক্যাল সার্ভিসে ফেরত দিচ্ছেন কারণ প্রাইভেট প্রাকটিস খুব এ্যালিওরিং বলে।

শ্রীসনৎকুমার রাহাঃ
এই যে ডাক্তারের সমস্যা আমাদের মন্ত্রিমন্ডলী কি চিন্তা করেছেন, এই সমস্যা থেকে উদ্ধার পাবার জন্য?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ
মন্ত্রিমন্ডলী আরও মেডিক্যাল কলেজ বাড়াবার জন্য চেষ্টা করছেন এবং যখন তাঁরা প্রথম **চাকরিতে ঢুকবেন তখন তাঁরা সবাই যাতে কমপালসারিলী রুরাল এরিয়ায় পোসটেড হন, তার** ব্যবস্থা করছেন এবং আপনাদের সহযোগিতা চাচ্ছেন, যাতে তাঁরা যখন আপনাদের কাছে আসবেন কলকাতায় পোসটিং এর জন্য তখন যাতে তাঁদের বলতে পারেন 'গ্রামে যাও'।

ডঃ গোলাম ইয়াজদানীঃ
আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, এম, বি, বি, এস, পাস করার পর কয়েক মাস পি, আর, সি, এ, বলে একটা ট্রেনিং ছিল, আমরা শুনছি এমারজেন্সির জন্য পি, আর, সি, এ, ট্রেনিং **তুলে দেওয়া হয়েছে। সেটা কতদিনের জন্য একটু জানালে ভাল হয়।**

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়ঃ
পি, আর, সি, এ, ট্রেনিং তুলে দেওয়া হয় নি। আমরা ক্যালকাটা ইউনিভার্সিটিকে লিখেছিলাম যে মেডিক্যাল একজামিনেশনের পরে ছাত্রেরা পাস করে যাবার পরে আবার যে পি, আর, সি, এ, কোর্স রয়েছে, সেটা হাসপাতালের মধ্যে ট্রেনিং নেবার ব্যবস্থা সেটাকে টু কার্টসট আমাদের **এমারজেন্সীর যে সমস্ত সারভিস আমরা অরগানাইজ করেছি কোন পি, আর, সি, এ স্টুডেন্ট** যদি ক্যাজুয়েলটি সারভিসে কাজ করেন কিংবা ডিফেন্স সারভিসে কাজ করেন, তাহলে সেই পিরিয়ডটাকে পি, আর, সি, এ ট্রেনিং পিরিয়ড বলে গণ্য করা হোক। পি, আর, সি, এ, তুলে

দেওয়া হবে কিনা, এটা পশ্চিমবঙ্গ সরকারের উপর নির্ভর করে না। এটা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপর নির্ভর করে। কলিকাতা বিশ্ববিদ্যালয় [illegible] করেছেন ১৯৭০ সালের পরে যারা ভর্তি হবে তাদের বেলায় পি, আর, সি, এ, তুলে দেওয়ার জন্য রেকমেন্ড করেছেন কিন্তু এখন পর্যন্ত যারা রয়েছে তাদের জন্য পি, আর, সি, এ, রেখে দিচ্ছেন। বিশ্ববিদ্যালয়ের সেই ডিসিশান সম্পর্কে আমরা তাঁদের সংগে আলোচনায় বসেছিলাম এবং কেন্দ্রীয় সরকার, ইন্ডিয়ান মেডিক্যাল কাউনসিল তাঁরা পি, আর, সি, এ, তুলে দেওয়ার স্বপক্ষে কিন্তু যতক্ষণ পর্যন্ত পি, আর, সি, এ রেখে দিচ্ছেন ততক্ষণ পর্যন্ত সেই পি, আর, সি, এ, কলেজের মাঝখানে বসে না থেকে ক্যাজুয়ালটি সারভিস কাজ ডিফেন্স সারভিসে কাজ করলে সেটাকে পি, আর, সি, এ, বলে গণ্য করা হোক এটা তাঁদের কাছে আবেদন করেছিলাম এবং ক্যালকাটা ইউনিভার্সিটির সিন্ডিকেট তা মেনে নিয়েছেন।

ডাঃ গোলাম [illegible]:
এই সমস্ত পি, আর, সি, এ, এর স্টুডেন্টরা যদি এই ক্যাজুয়ালটি সারভিস বা ঐরকম কোন সারভিসে জয়েন করতে রাজী থাকেন তাহলে আমাদের দেশে যখন ডাক্তার পাওয়া যাচ্ছে না তখন তাঁদের এটাকে পি, আর, সি, এ, ট্রেনিং বলে ধরে নিয়ে তাঁদের চাকরীতে নিয়োগ করবেন কিনা?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:
ডিফেন্স সারভিসে গেলে পর তাদের দেওয়া হবে, আর বাদ বাকি যারা তারা [illegible] রেজিস্ট্রেশান পাবেন, কিন্তু এ্যাকচুয়াল রেজিস্ট্রেশান পাবেন না যতক্ষণ পর্যন্ত তাঁরা পি, আর, সি, এ, কোর্স শেষ না করছেন।

Wages for the prisoners

***205.** (Admitted question No. *1276.)

শ্রীজীবনকৃষ্ণ দে:
স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কয়েদীদের মজুরী দিবার ব্যবস্থা জেলা এবং মহকুমা (সাব) জেলসমূহেও প্রবর্তিত হইবার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কবে থেকে তাহা কার্যকরী হইবে?

শ্রীজগন্নাথ কোলে:
(ক) ও (খ) জেলা কারা (ডিস্ট্রিক্ট জেলস্) সমূহে কারাদণ্ডাজ্ঞা প্রাপ্ত কয়েদীদের পরিশ্রমের জন্য মজুরী দিবার পরিকল্পনা বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। মহকুমা কারা (সাব জেলস্) সমূহে এই ব্যবস্থা প্রবর্তন করিবার কোন পরিকল্পনা সরকারের নাই।

শ্রীঅশ্বিনী রায়:
এই যে বললেন বিবেচনাধীন আছে, কতদিন থেকে বিবেচনা করছেন? এটা কি ১৯৬৩ সাল থেকে আজ পর্যন্ত বিবেচনার বাহিরে গেল না?

শ্রীজগন্নাথ কোলে:
এটা বিবেচনাধীন আছে কারণ একটা জিনিস করতে গেলে তার অনেক সরঞ্জাম দরকার হয়, তবে আমার ইচ্ছা আছে আসছে বারে আমরা এটা আরম্ভ করব।

শ্রীঅশ্বিনী রায়:
১৯৬৬ সাল থেকে কি চালু হবে?

শ্রীজগন্নাথ কোলে:
১৯৬৬-৬৭ সাল থেকে চালু হবে।

শ্রীবলাই লাল দাস মহাপাত্র:
কয়েদীদের যে মজুরি দেওয়া হয় দৈনিক কি হারে সেটা দেওয়া হয়? [illegible] কি হারে দেওয়া এবং নন-টেকনিক্যালদেরই বা কি হারে দেওয়া হয়?

শ্রীজগন্নাথ কোলে:
কয়েদীদের মজুরির কথা বলা হয়নি, বলা হয়েছে "কয়েদীদের মজুরি দিবার ব্যবস্থা জেলা এবং মহকুমা (সাব) জেলসমূহেও প্রবর্তিত হইবার কোন পরিকল্পনা আছে কিনা আমরা তার উত্তর দিয়েছি। আমরা বলেছি বর্তমানে এরূপ কোন পরিকল্পনা নেই, সুতরাং এ প্রশ্ন থেকে এ প্রশ্ন আসে না।

শ্রীমনোরঞ্জন রায়:
মাননীয় [illegible] কি বলবেন যে জেলা কারাগারে যে সমস্ত কয়েদীরা কাজ করেন এবং কেন্দ্রীয় কারাগারে যে সমস্ত কয়েদীরা কাজ করেন এদের পারিশ্রমিকের কোন পার্থক্য আছে কিনা এবং কি কারণে তাদের দেওয়া হয় না?

শ্রীজগন্নাথ কোলে:
আমাদের জেলার কারাগারে কোন পরিশ্রমের কাজ নেই। যারা দীর্ঘমেয়াদী কয়েদী তাদের আমরা সেন্ট্রাল কারাগারে পাঠাই, এবং সেখানে পারিশ্রমিক পাবার ব্যবস্থা আছে। জেলা কারাগারগুলিতে আমরা খোলবার ব্যবস্থা করছি সেখানে কাজ করান যেতে পারে কিনা সেটা আমরা বিবেচনা করছি। আপনারা হয়ত জানেন যে আমরা সেখানে চেয়ার, টেবিল ইত্যাদি করাবার চেষ্টা করছি।

শ্রীমনোরঞ্জন রায়:
তিন মাস কোন কয়েদীর সশ্রম কারাদণ্ড হলে পর তার এই মজুরী প্রাপ্য হবে এটা জানেন কি। আপনি বললেন যে দীর্ঘ মেয়াদী কয়েদীদের ঐ জেলে রাখা হয় না। তিন মাসের বেশী এরূপ কয়েদী নিশ্চয়ই সেখানে থাকে এবং বাগান ইত্যাদিতে কাজ করে।

শ্রীজগন্নাথ কোলে:
যারা ৩, ৪ অন্ততঃ দুই বৎসরের উপর থাকে তাদের আমরা সেন্ট্রাল কারাগারে রাখি।

Arrest of food adulterators

***208.** (Admitted question No. *1294.) **Shri Gour Chandra Kundu:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many persons have been arrested in connection with cases of food adulteration during last six months; and

(b) how many of them have been convicted?

Shrimati Purabi Mukhopadhyay: Sir, I may kindly be allowed to correct some figures which are given in the answer to the question.

(a) None has been arrested but prosecutions against 743 persons were launched; and

(b) 287 persons have been convicted during the period.

[illegible] কুণ্ডু:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন কেন্দ্রীয় গভর্নমেন্ট এই আইন করার পর এবং এই আইন কঠোর করা হয়েছে বলে কেস আনা কমে গেছে?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:
আইনটা করা হয়েছিল বলে কোর্টে কেস আসা কমে গেছে এরূপ সংবাদ নেই তবে কতকগুলি তথ্য আছে যা আমি অনেকবারই এই হাউসএ বলেছি যে আমাদের পাবলিক ল্যাবরেটরির সংখ্যা

কম সুতরাং যত সংখ্যক স্যাম্পল আসে তা সময় মত একজামিন করতে পারা যায় না এবং তার ফলে টাইম টু টাইম এটা বলা যায়না। নাম্বার অফ কেস যতটা করা উচিত সেভাবে হয়ে উঠে না।

শ্রীগৌর চন্দ্র কুণ্ডু:

ছমাস আগে এই আইন তৈরী হয়েছিল। তার আগে কেস এর সংখ্যার সঙ্গে এখানকার কেস এর সংখ্যা যদি কম্পারেটিভ স্টাডি করা যায় তাহলে এটা দেখবেন। আপনাদের ইন্সপেক্টর তাদের দোকানদারের সঙ্গে ব্যবস্থা থাকায় কেস পাঠান বন্ধ হয়ে গেছে, দিজ আর দি ফ্যাক্ট এটা এনকোয়ারী করবেন কি?

শ্রীমতী পূরবী মুখোপাধ্যায়:

এই কেসটা ইমপ্লিমেন্টেশন হয়েছে কিছুকাল আগে এটা ঠিক নয়। যে আইন মত কাজ হচ্ছে সে ফাষ্ট মার্চ ১৯৬৫, এটা ইমপ্লিমেন্টেড হয় তার আগে ছমাস ৩ হাজার ৬ শো সাতটা কেস পাঠান হয়েছে, ইট কম্পেয়ারস কোয়াইট ফেবারেবল ইন দি করেসপন্ডিং ইয়ারস।

Unemployment of the Educated persons

***207.** (Admitted question No. *990.)

শ্রীতরুণকুমার সেনগুপ্ত:

শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সারা ভারতের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির সাম্প্রতিককালের এক সরকারী সমীক্ষায় প্রকাশ পশ্চিমবঙ্গে শিক্ষিত বেকারের সংখ্যা সর্বাধিক;

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে—

(১) তাহার কারণ, এবং

(২) অবস্থা প্রতিকারের জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি না?

শ্রীবিজয় সিংহ নাহার:

(ক) সাম্প্রতিক কালে এইরূপ কোনও বিশেষ সমীক্ষা হয় নাই।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

শ্রীমনোরঞ্জন রায়:

যদি সমীক্ষায় এটা না হয় তাহলে ন্যাশন্যাল সারভে যেটা হয়েছিল সেটা সমীক্ষার কথা মন্ত্রিমহাশয় জানেন তাতে শিক্ষিত বেকারের সংখ্যা যা নির্ধারিত হয়েছিল তাতে দেখা গিয়েছিল যে পশ্চিমবাংলায় সব চেয়ে বেশী। মাননীয় মন্ত্রিমহাশয় এ সংবাদটা কি জানেন?

শ্রীবিজয় সিংহ নাহার:

মনে হয় সংবাদটা মাননীয় সদস্য দিল্লীর সংবাদ দেখে বলছেন। আমি এই সম্পর্কে জানাতে চাই। পার্লামেন্টএ এই নিয়ে প্রশ্নোত্তর হয়েছিল সেটা তার মনে আরও এ প্রশ্ন জেগেছে [illegible] ঠিক নয় যে ফিগার যায় সেই টোটাল ফিগারটা কাগজে বেরিয়েছিল। সেটার উত্তর জানিয়ে দেওয়া হয় যে এখানে শিক্ষিত বেকার প্রার্থীর সংখ্যা বেশী নয়। এই যে ফিগার দেখান হয়েছে

এর থেকে কম। আমি ২।১টা প্রশ্ন তুলে ধরলেই মাননীয় সদস্যদের ভুল ভেঙ্গে যাবে। আমাদের এখানে মোট কর্মপ্রার্থীর সংখ্যা ছিল ৪ লক্ষ ৯১ হাজার ৮ শত ৯৪, শিক্ষিত বেকারের সংখ্যা **১ লক্ষ ৪৫ হাজার ৬২, এই ১ লক্ষ ৪৫ হাজার ৬২ অন্যান্য দেশের চেয়েও সাধারণতঃ বেশী।** মহারাষ্ট্রে হল ২ লক্ষ ৫৮ হাজার, উত্তর প্রদেশে হল ৩ লক্ষ ৫৪ হাজার, কেরালায় যেখানে শিক্ষিত আমাদের চেয়েও কম নয়, সেখানে হল ১ লক্ষ ৪০ হাজার। সেখানে শিক্ষিত কর্ম্মপ্রার্থীর সংখ্যা **৭৭ হাজার। তার পারসেন্টেজ হচ্ছে ৫৪·৭ বাংলাদেশের কর্মপ্রার্থীর সংখ্যা ২২·৫** এখানে যে শিক্ষিত বেকারের সংখ্যা আছে এমপ্লয়মেন্ট রেজিস্টারে সেটা বেশী বলে তাই শিক্ষিত বেকারের সংখ্যা বেশী দেখছেন। এই প্রশ্ন দিল্লীতেও উঠেছিল এবং আমরা খবরের কাগজে দেখেছি এখন এটা ক্লিয়ার হয়ে গেছে। এখন এখানে সব চেয়ে বেশী সংখ্যা বা পারসেনটেজ নয়।

শ্রীমনোরঞ্জন রায়ঃ

এটা কাদের সংখ্যা কারা এটা কমপাইল করছে?

শ্রীবিজয় সিংহ নাহারঃ

কমপাইল করেন নি, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ প্রতি মাসে তাদের রেজিস্টার মেন্টেন্ড করে সেই রেজিস্টারীর রিপোর্ট যায় কোন্ কোন্ প্রদেশে কর্মপ্রার্থীর সংখ্যা কত শিক্ষিত এবং ইত্যাদি। এই যে ফিগার এর সংখ্যা শিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা এটা কাগজে কমপেয়ার করেননি। এখানে সব চেয়ে বেশী লাইভ রেজিস্টারে নাম আছে।

শ্রীঅনাদি দাসঃ

মাননীয় মন্ত্রিমহাশয় আসল প্রব্লেমটা আমাদের কাছে মিসলিড করবার চেষ্টা করছেন টোটাল নাম্বার অফ রেজিস্টার আন-এমপ্লয়েড কলকাতায় শিক্ষিতের সংখ্যার হার যটা বলেছেন। কিন্তু পপুলেসান হিসাবে আমাদের দেশে শিক্ষিত বেকারের সংখ্যা কত এবং অন্যান্য দেশে কত ঐ পপুলেসান হিসাবে শিক্ষিত বেকারের সংখ্যা সেটা যদি আমাদের সামনে দিতেন তাহলে আসল চিত্র দেখা যেত। আমি জিজ্ঞাসা করছি মন্ত্রিমহাশয় সে হিসাব দেবেন কি?

শ্রীবিজয় সিংহ নাহারঃ

এড়িয়ে যাবার প্রশ্ন নেই। আমার কাছে যে ফিগার আছে তাই আমি আপনাদের কাছে বলেছি কেরালার ফিগার দেখলে দেখবেন কেরালায় পপুলেসান এর ভিত্তিতে সেখানের শিক্ষিত বেকারের সংখ্যা ৫৪ পারসেন্ট, বাংলা দেশে শিক্ষিতের সংখ্যা এ হিসাবে ২৯ পারসেন্ট। সুতরাং এটা এড়িয়ে যাবার প্রশ্ন উঠে না।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Damage to rice stored in Government Godowns

268. (Admitted question No. 22.) **Shri Sanat Kumar Raha:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারী গুদামজাত চাউল এ বৎসর কি পরিমাণ নষ্ট হইয়াছে এবং কোন্ কোন্ এলাকায় কোন্ কোন্ গুদামে কত পরিমাণ নষ্ট হয়?

The Minister for Food and Supplies:

সরকারী গুদামজাত চাউল এ বৎসর ৪১৬·৬ মেঃ টন—৯৪ কেজি—৪৪০ গ্রাম পরিমাণ নষ্ট হইয়াছে। নিম্নলিখিত এলাকায় ও গুদামে নষ্টের পরিমাণ দেখান হইল।

জেলা	মেঃ টন	কেজি	গ্রাম
মেদিনীপুর	২.৬	১১	৫৪০
হাওড়া	৩.৫	৪২	০০০
পুরুলিয়া	২.২	১৫	০০০
২৪-পরগণা	২.১	৪৬	৬০০
নদীয়া	৭.৬	৪৯	৯০০
মুর্শিদাবাদ	৪.২	৩৩	৫০০
দার্জিলিং	—	৩০	০০০
জলপাইগুড়ি	.২	৪৫	৯০০
	২১.৬	৯৪	৪৪০
সদর			
হাওড়া খাদ্য গুদাম	৮১.০		
লেক খাদ গুদাম	১৮০.০		
শালিমার খাদ্য গুদাম	২৮.০		
স্টেট ওয়্যারহাউস	১০০.০		
বেহালা খাদ গুদাম	১.০		
কাশীপুর খাদ্য গুদাম	৫.০		
	৪১৬.৬	৯৪	৪৪০

Arrest of Persons indulged in Profiteering in Kerosene Oil

267. (Admitted question No. 23.) **Shri Sanat Kumar Raha:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বছরে পশ্চিমবঙ্গে কেরোসিন তৈলে অতি মুনাফার জন্য কাহাকেও গ্রেপ্তার করা হয় কিনা; এবং

(খ) হইলে তাহাদের নাম কি?

The Minister for Home (Police):

(ক) হ্যাঁ।

(খ) এ সম্পর্কে একটি তালিকা প্রদত্ত হইল।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 2 37.

১। শ্রীজয়নাথ সাউ
২। „ নারায়ণ প্রসাদ সাউ
৩। „ বিশ্বনাথ দত্ত
৪। „ অজিতকুমার নন্দী
৫। „ নিরঞ্জন নন্দী
৬। „ রাজেন্দ্রনাথ সাহা
৭। " কানাইলাল সাহা
৮। „ রাধারমণ কুন্ডু
৯। „ সুধীরচন্দ্র সাহা
১০। „ মঞ্জুর হোসেন
১১। „ সাজ্জাদ আলি বিশ্বাস
১২। „ ফজলুর রহমান
১৩। „ রওসেদ আলি বিশ্বাস
১৪। „ শিশিরকুমার সরকার
১৫। „ সত্যচন্দ্র পাল
১৬। „ দুর্গাপদ জানা
১৭। „ রামপদ জানা
১৮। „ লক্ষ্মণ জানা
১৯। „ কৃষ্ণকান্ত মিশ্র
২০। „ রাধাবল্লভ সাহা
২১। „ বিমল দাস
২২। „ হারাধন চন্দ্র
২৩। „ জগৎভূষণ ত্রিপাঠী
২৪। „ মঞ্জী সাউ
২৫। „ প্রভাকর নন্দী
২৬। „ মেওয়ালাল দুবে
২৭। „ কানাইলাল দাস
২৮। „ শ্রীবিশু
২৯। „ কঞ্জুলাল দাস
৩০। „ রামপতি মল্লিক

৩১। শ্রীভূপতিচরণ নন্দী

৩২। „ কালি রাণা

৩৩। „ শান্তিপ্রসন্ন কোনার

৩৪। „ বাসদেও সিং

৩৫। " দীননাথ সিং

৩৬। " সুধীরকুমার পারুয়া

Forest area in Midnapore district

268. (Admitted question No. 206.) **Shri Mrigendra Bhattacharjee:**

বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ কোন্ থানায় কত পরিমাণ জঙ্গল এলাকা বর্তমানে সরকারের অধীনস্থ;

(খ) উক্ত জঙ্গল এলাকার কি পরিমাণ জমি আবাদযোগ্য এবং কি পরিমাণ আবাদযোগ্য নহে;

(গ) উক্ত চাষের জন্য আবাদযোগ্য জমি বিলি বন্দোবস্ত দেওয়া হইয়াছে কিনা.

(ঘ) দেওয়া হইয়া থাকিলে কত পরিমাণ জমি কতজনকে এবং কি কি শর্তে বিলি করা হইয়াছে;

(ঙ) মেদিনীপুর জেলায় এ পর্যন্ত কোন্ থানায় কত পরিমাণ জমিতে জঙ্গল সৃষ্টি করা হইয়াছে; এবং

(চ) ঐ জেলায় কত পরিমাণ পুরাতন জঙ্গল কি কারণে কাটিয়া ফেলা হইয়াছে?

The Minister of State for Forests:

(ক) থানা হিসাবে সরকারের অধীনস্থ জঙ্গলের পরিমাণ নিম্নে দেখান হইল—

থানা	জঙ্গলের পরিমাণ (একর)
(১) বিনপুর	৮৭,২১৭.৯২
(২) ঝাড়গ্রাম	৫৩,৭৭৭.৭৭
(৩) জামবোনী	২১,৫৮৫.৭২
(৪) গোপীবল্লভপুর	১৪,৯৩৫.৬১
(৫) নয়াগ্রাম	৩৯,৯২৫.০০
(৬) খড়গপুর	৮,৪৭৯.৩৪
(৭) সাঁকরাইল	৭,৮৪৪.৩৪
(৮) নারায়ণগড়	৭,৩৮৩.০৫
(৯) কেশিয়ারী	২,৩৪০.৩১
(১০) মেদিনীপুর	১৮,৮৪০.৮৯

থানা	জঙ্গলের পরিমাণ (একর)
(১১) গড়বেতা	৮৫,৭৯৪.৪২
(১২) চন্দ্রকোণা	৩,৯৮৩.২৭
(১৩) শালবোনী	৫৩,৬৪৮.০১
(১৪) কেশপুর	৯,৭৪২.০৪
(১৫) কণ্টাই	৯৫৭.৫৬
(১৬) রামনগর	১,১০০.৯৮
(১৭) খেজুরী	১,০৩৮.২২
(১৮) নন্দীগ্রাম	১৫৩.৮৮
(১৯) সুতাহাটা	৪৬৪.২৩

(খ) উক্ত জংগল এলাকায় কোন আবাদযোগ্য জমি নাই।

(গ) ও (ঘ) এ প্রশ্ন উঠে না।

(ঙ) হিসাব নিম্নে দেওয়া হইল।

থানা	দেশবিভাগের পর হইতে এ'পর্যন্ত সৃষ্ট বনের পরিমাণ (একর)
(১) বিনপুর	৯৮৩.৯০
(২) ঝাড়গ্রাম	৫,৫৫৩.৪২
(৩) জামবোনী	১,৪৮৬.৬৬
(৪) সাঁকরাইল	১,৪০৩.০০
(৫) খড়গপুর	৯১২.৩৬
(৬) গোপীবল্লভপুর	৭০৪.৮৫
(৭) কেশিয়ারী	২৫১.৮০
(৮) নয়াগড়	১৪১.০০
(৯) নয়াগ্রাম	৩৮৬.৭৮
(১০) কণ্টাই	৭২৪.০০
(১১) রামনগর	৪৯৭.৪০
(১২) খেজুরী	৮৮৩.৫০
(১৩) সুতাহাটা	৪৫১.২৩
(১৪) গড়বেতা	৬,৪২৬.১৫
(১৫) শালবোনী	৩,১৫৭.৮৪
(১৬) কেশপুর	২০.০০
(১৭) মেদিনীপুর	৯৯৩.৯০

(চ) জঙ্গল কেবলমাত্র রক্ষণ করিবার জন্য নয়; তাহা হইতে আর্থিক সুবিধা আহরণ করাও সর্বসম্মত প্রথা। এইজন্য এবং জঙ্গলের মান উন্নত করার জন্যও কাটিবার প্রয়োজন হয়। কিন্তু কোন ক্ষেত্রেই কোন এলাকা সম্পূর্ণভাবে জঙ্গলমুক্ত করা হয় না। পূর্বনির্দিষ্ট ব্যবস্থা অনুযায়ী ১৯৫৫-৫৬ সাল হইতে এ পর্যন্ত ১৫৩,৪৭২·০৮ একর জমিতে জঙ্গল কাটা হইয়াছে। এখন আবার উক্ত সমস্ত স্থানেই গাছে ভর্তি।

Breach in the Bheri bundh of the Dulung river

269. (Admitted question No. 260.) **Shri Surendra Nath Mahato:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার শাঁকরাইল থানার ১নং ইউনিয়নের মধ্য দিয়া প্রবাহিত ডুলং নদীর ভেড়ী বাঁধ স্থানে স্থানে ভাঙ্গিয়া গিয়া বেইকা অস্তি বাঁধগড়া এবং কাঠমুণ্ডি মৌজার বহু ধানী জমি বর্তমান বৎসরে নষ্ট হইয়া গিয়াছে?

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ;

(২) এই ক্ষতি নিরোধের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন; এবং

(৩) এই সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

The Minister for Irrigation and Waterways:

(ক) ১৯৬৪ সালের বন্যায় শাঁকরাইল থানায় ডোলং নদীর ভেড়ী বাঁধ ভাঙ্গনের ফলে ১নং ইউনিয়নের অন্তর্গত অস্তি বেচা, তালকাঠমুণ্ডি প্রভৃতি মৌজা ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(খ) (১) ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ প্রায় ৮৫ একর। তাহার মধ্যে প্রায় ৩০ একর জমি বালির চাপে নষ্ট হইয়াছে। বাকী ৫৫ একর উদ্ধার করা হইয়াছে এবং তথায় চাষ আবাদ চলিতেছে।

(২) স্টেট রিলিফের মাধ্যমে ভেড়ী বাঁধের মেরামত কার্য চলিতেছে।

(৩) ভেড়ী বাঁধটি সেচ বিভাগের অধীন নহে। এই সম্বন্ধে সেচ বিভাগের কোন পরিকল্পনা নাই।

Modified Ration Shops in Kalna and Katwa Subdivisions

270. (Admitted question No. 442.) **Shri Subodh Choudhury:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কালনা ও কাটোয়া মহকুমায় থানাওয়ারী কয়টি মডিফায়েড রেশন দোকান আছে;

(খ) এক একটি মডিফায়েড রেশন দোকানে গত ছয় মাসের মধ্যে কতজনকে গড়ে চাল ও গম সরবরাহ করা হয়; এবং

(গ) গত তিন মাসে ঐ দোকানগুলিতে কত গম ও চাল সরবরাহ করা হইয়াছে?

The Minister for Food and Supplies:

(ক), (খ) ও (গ) এই সম্পর্কে একটি বিবরণী সংলগ্ন করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 270.

Subdivision.	Name of P.S.	No. of M. R. Shop.	Weekly average No. of persons served per shop during last six months.	Supplies to M. R. Shops during the last three months (in quintals).	
				Rice.	wheat/ wheat product.
Kalna ..	Kalna ..	56	1,164	10,548	6,427
	Purbasthali ..	51			
	Monteswar ..	27			
		134			
Katwa ..	Katwa ..	56			
	Ketugram ..	65	577	5,122	6,624
	Mongalkote ..	35			
		156			
	Total ..	290	1,741	15,670	13,051

Deep tube-wells in Katwa Subdivision

271. (Admitted question No. 444.) **Shri Subodh Choudhury:**

কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাটোয়া মহকুমায় কয়টি গভীর নলকূপ বসান হইয়াছে;

(খ) কতগুলি চালু হইয়াছে এবং কয়টি কোথায় চালু হয় নাই; এবং

(গ) কি নাগাদ এইগুলি চালু হইবে?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) ২২টি। এই বিষয়ে একটি তালিকা উপস্থাপিত করা হইল।

(খ) একটিকেও এ পর্যন্ত চালু করা সম্ভবপর হয় নাই।

(গ) বিদ্যুৎ শক্তি সংযোজিত হওয়ার পরেই নলকূপগুলি চালু করা যায়। আশা করা যায় যে তারকা চিহ্নিত প্রথম ১৫টিতে ১৯৬৬ সনের মার্চ মাসের মধ্যে বিদ্যুৎ শক্তি সংযোজিত করা যাইবে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 271

Serial No.	Police-station.	Mauza.
1	2	3
*1.	Katwa	Barkulgachi
*2.	Do.	Ramdaspur
*3.	Do.	Suagachi
*4.	Do.	Palasi
*5.	Do.	Chhoto Kulgachi
*6.	Do.	Gosi
*7.	Do.	Khajurdihi
*8.	Do.	Ekaihat
*9.	Do.	Nalhati
*10.	Do.	Pateihat
*11.	Do.	Tukuriamji
*12.	Do.	Pamaiat
*13.	Do.	Deypara
*14.	Do.	Makaltore
*15.	Do.	Mondalhat
16.	Do.	Charpataihat
17.	Do.	Chalababudesmath
18.	Do.	Ghoshpara
19.	Do.	Gopinathpur
20.	Do.	Kharmadanga
21.	Do.	Agradwip Sarari
22.	Do.	Sahabazgar

Government vested lands in the Municipal Areas of Murshidabad district

272. (Admitted question No. 491.)

শ্রীসনৎকুমার রাহা :

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় মিউনিসিপ্যাল এলাকায় জমিদারী উচ্ছেদের পূর্বে সরকারে ন্যস্ত জমি ও তাহার প্রাপ্য খাজনা মোট কত ছিল; এবং

(খ) বর্তমানে ওই সকল এলাকায় জমির পরিমাণ ও খাজনার পরিমাণ কত ?

The Minister for Land and Land Revenue:

(ক) মুর্শিদাবাদ জেলার জমিদারী উচ্ছেদের পূর্বে সরকারে ন্যস্ত মোট ১,৮৩৫·১৬২ একর জমি ন্যস্ত ছিল এবং তাহার প্রাপ্য খাজনা ছিল মোট ১৫,৪৯৯·৬৬ পয়সা।

(খ) বর্তমানে এই এলাকার জমির পরিমাণ ১,৮৩৫·১৬২ একর ও প্রাপ্য খাজনার পরিমাণ হইয়াছে ১৫,৭৬১·৪৫ পয়সা।

Mansadah Beel, Santipur, Nadia

273. (Admitted question No. 498.) **Shri Kashi Kanta Moitra:**

মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার শান্তিপুর মনসাদহ খাল বা বিলের সংস্কার সাধন করে মৎস্য চাষ ও উৎপাদন বৃদ্ধির জন্যে রাজ্য সরকার যে পরিকল্পনা গ্রহণ করেছেন সেটি কবে থেকে চালু করা হবে এবং সে বাবদ বরাদ্দ অর্থের মোট পরিমাণ কত;

(খ) উক্ত পরিকল্পনাটির সংক্ষিপ্ত বিবরণ;

(গ) গত বৎসর উক্ত বিলের জমি বাবদ ক্ষতিপূরণের টাকা দেওয়ার কাজ সমাপ্ত হওয়া সত্বেও এই খাল বা বিলের সংস্কারের কাজে এতদিন হাত লাগান হয় নি কেন?

(ঘ) এই বছর এই খালে উৎপন্ন মাছ যারা বিক্রি করল তাদের কাছ থেকে সরকারের মৎস্য দপ্তর বা সেটেলমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক কোন অর্থ জলকর বন্দোবস্ত বাবদ গৃহীত হয়েছে কিনা; এবং

(ঙ) গৃহীত হয়ে থাকলে, তার পরিমাণ এবং না হলে তার কারণ কি?

The Minister for Fisheries:

(ক) মনসাদহ বিলের একাংশে মৎস্যবীজ উৎপাদন কেন্দ্র (ফিস সিড ফার্ম) স্থাপনের জন্য ইতিমধ্যে টেন্ডার আহ্বান করা হয়েছে। প্রকল্প বাবদ মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ ২,৩৮,১৬২ টাকা। ইহা ছাড়াও কেন্দ্রের জন্য প্রয়োজনীয় জমিগ্রহণ (অ্যাকুইজিসান) বাবদ ১৯,১৪০ টাকা ক্ষতিপূরণ হিসাবে মঞ্জুর করা হয়েছে।

(খ) উক্ত প্রকল্পের অধীনে নিম্নে বর্ণিত কাজ করা হবে:—

(১) নদীয়া জেলায় সরকারী ও বেসরকারী উদ্যোগে মৎস্য উৎপাদন বৃদ্ধিতে সহায়তার জন্য এই কেন্দ্রে উৎকৃষ্ট মৎস্যবীজ উৎপাদন;

(২) সাইপ্রিনাস কার্পিও, লেদার কার্প, গ্রাস কার্প প্রভৃতি বিদেশী মাছের চাষ জনপ্রিয়করণ।

(৩) স্থানীয় মৎস্য চাষীদের নিকট কৃত্রিম উপায়ে ডিম পোনা উৎপাদন পদ্ধতি প্রদর্শনের ব্যবস্থা এবং;

(৪) মৎস্য চাষ উন্নয়নের জন্য স্থানীয় মৎস্যচাষীদের প্রযুক্তি বিষয়ক সাহায্যদান।

(গ) ক্ষতিপূরণ প্রদানের পর জিলা সমাহর্তা ১৯৬৫ সালের ফেব্রুয়ারী মাসে প্রয়োজনীয় জমি মৎস্য বিভাগের স্থানীয় অফিসারের নিকট অর্পণ করেন। প্রকল্প বাবদ অর্থ ১৯৬৪-৬৫ সালের শেষ দিকে মঞ্জুর হওয়ার জন্য গত আর্থিক বৎসরে কাজ আরম্ভ করা যায়নি।

(ঘ) উক্ত জলকর এই বছর কাহাকেও বন্দোবস্ত দেওয়া হয়নি। এই খাল থেকে উৎপন্ন মাছ বিক্রির কোনো খবর সরকারের জানা নেই।

(ঙ) প্রশ্ন ওঠে না।

Procurement of Food Crops

274. (Admitted question No. 533.) **Shri Kashi Kanta Maitra:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নূতন ধান উঠিলে খাদ্যশস্য সংগ্রহের জন্য রাজ্য সরকারের কোন পরিকল্পনা আছে কি না;

(খ) প্রস্তাবিত সর্বভারতীয় 'খাদ্য কর্পোরেশন' সম্বন্ধে রাজ্য সরকারের সম্পর্ক কি; এবং

(গ) এ রাজ্যে খাদ্যশস্য সংগ্রহের ব্যাপারে উক্ত খাদ্য কর্পোরেশনের কোন ভূমিকা আছে কি না?

The Minister for Food and Supplies:

(ক) আছে।

(খ) রাজ্য সরকারের এ সম্বন্ধে কোন সম্পর্ক নাই।

(গ) উক্ত খাদ্য কর্পোরেশনের কোন ভূমিকা এ রাজ্যে খাদ্যশস্য সংগ্রহের ব্যাপারে নাই।

Agricultural Lands in West Bengal

275. (Admitted question No. 587.) **Shri Sanat Kumar Raha:**

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে দুইটি ফসল হয় এইরূপ জমির পরিমাণ কত;

(খ) পশ্চিমবঙ্গে একটি ফসল হয় এইরূপ জমির পরিমাণ কত; এবং

(গ) দুইটিও বেশি ফসল হয় এইরূপ জমির পরিমাণ কত?

Minister of State for Agriculture and Community Development:

(ক) ১২ লক্ষ একর (নেট এরিয়া)।

(খ) ১২৩ লক্ষ একর (নেট এরিয়া)।

(গ) দুইটি ও বেশি ফসল হয় এইরূপ জমির পরিমাণ কত?

Khals and Bunds in Uluberia and Shyampur police-stations, Howrah

276. (Admitted question No. 639.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the names of the 'Khals and Bunds' belonging to the E. A. Department in Uluberia P.S. and Shyampur P.S. which have been improved during the last three years and the cost involved in respect of each schemes;

(b) whether any advice of any non-official body is obtained prior to selection of such scheme for execution;

(c) on what consideration and by whom the schemes are selected;

(d) if there is any non-official body to supervise the execution of the said schemes; and

(e) whether the Government is considering the desirability of making over the charge of maintenance of the 'Khals' and 'Bunds' belonging to the E. A. Department to the Zilla Parishad and/or the Anchalik Parishad?

The Minister for Land and Land Revenue: (a) A statement is placed below.

(b) No.

(c) Schemes are sponsored by the Junior Land Reforms Officer on consideration of petitions for protection of life and property including crops from any possible flood and for improvement of agriculture. In the process members of the Anchal Panchayat and Gram Sabha are consulted.

(d) No.

(e) The matter has not been considered as yet.

Statement referred to in reply to item (a) of unstarred question No. 276

List of Bunds and Khals in Uluberia Police-station and Shyampur Police-station showing cost of improvement for the years 1962-63, 1963-64 and 1964-65.

Uluberia Police-station

Year			Rs. P.
1962-63	..	Kamina Bund	9,082·95
		Kajiakhali Bund	2,268·00
		Total ..	11,350·95
1963-64	..	Sumda Bund	12,290·00
		Kamina Bund	10,418·00
		Tulsiberia Bund	8,175·00
		Mohisrokha Bund	4,853·00
		Rangamati Bund	1,617·00
		Kajialhalia Bund	3,075·00
		Baniban Bund	4,818·00
		Total ..	45,246·00
1964-65	..	Rangamati Bund	2,146·00
		Avirampur Bund	286·00
		Kanjiakhali Bund	4,408·00
		Karatberia Bund	9,800·00
		Banitala Khal	2,430·00
		Rajapur Br. Khal	1,427·00
		Total ..	20,497·00

Shyampur Police-station

Year			Rs. P.
1962-63	..	Nakole-Kantagachi Bund	16,456·00
		Jhumjhumi Bund	3,989·00
		Champabar Bund	2,384·00
		Pakurtala Bund	7,054·00
		Dongaghata Khal	3,578·00
		Total ..	33,461·00
1963-64	..	Jalpai Bund	5,266·00
		Pakurtala Bund	1,689·00
		Osmanpur Bund	2,922·00
		Ajodhya Narikeldaha Khal	7,752·00
		Pakurtala Khal	8,186·00
		Nauripara Khal	6,176·00
		Champabar Khal	5,027·00
		Kamalpur Khal	3,922·00
		Jallaz Khal	29,618·00
		Total ..	70,578·00
1964-65	..	Jalpai Bund	9,452·00
		Osmanpur Bund	1,400·00
		Champabar Bund	2,066·00
		Pakurtala Bund	384·00
		Nakole-Kantagachi Bund	7,419·00
		Alpina Bund	193·00
		Dehargara Khal	12,814·00
		Total ..	33,728·00

Compensation paid to Intermediaries in Contai subdivision

277. (Admitted question No. 694.) **Shri Hrishikesh Chakravorty:**

ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের [illegible] অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি মহকুমার কতকগুলি মধ্যস্বত্বভোগীকে তাহাদের সম্পূর্ণ ক্ষতিপূরণের টাকা দেওয়া হইয়াছে;

(খ) কতকগুলি ব্যক্তিকে আংশিক অর্থ দেওয়া হইয়াছে এবং [illegible] একেবারে প্রদত্ত হয় নাই; এবং

(গ) ক্ষতিপূরণ বাবদ এ পর্যন্ত মোট কত টাকা ঐ মহকুমায় দেওয়া হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) এ যাবৎ কাঁথি মহকুমার ৫,৬০২ জন মধ্যস্বত্বভোগী ভূ-বাসন বিভাগ হইতে এবং ২,৬৯৩ জন সমাহর্তার নিকট হইতে সম্পূর্ণ ক্ষতিপূরণ পাইয়াছেন। ভূ-বাসন বিভাগ হইতে ১০,৪৭৬ জনকে সম্পূর্ণ ক্ষতিপূরণ গ্রহণের জন্য নোটিশ দেওয়া হইয়াছিল, কিন্তু ৪,৮৭৪ জন টাকা লইতে আসেন নাই।

(খ) কাঁথি মহকুমায় ক্ষতিপূরণ প্রাপকের মোট আনুমানিক সংখ্যা ৩৪,৩৫৫ জন। তন্মধ্যে এ যাবৎ ৫,৯৪৫ জনকে আংশিক ক্ষতিপূরণ দেওয়া হইয়াছে। যদি স্বত্ব ইত্যাদির কোন গোলমাল না থাকে, তবে আংশিক ক্ষতিপূরণ প্রত্যেক আবেদনকারীকেই দেওয়া হয়। যাঁহারা আংশিক ক্ষতিপূরণ পান নাই তাঁহারা হয় আবেদন করেন নাই নতুবা তাঁহাদের স্বত্বের কোন গোলমাল ছিল।

(গ) কাঁথি মহকুমায় এ পর্যন্ত মোট ৫৬,৮০,৯১৭ টাকা ৭ পয়সা ক্ষতিপূরণ বাবদ দেওয়া হইয়াছে।

Tubewells in Midnapur district

278. (Admitted question No. 695.) **Shri Hrishikesh Chakravorty:**

আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় তপশিলী উন্নয়ন বিভাগ হইতে গত ১৯৬২ সাল হইতে ১৯৬৫ সাল পর্যন্ত কোথায় কতগুলি নলকূপ স্থাপন ও পুরাতন নলকূপ সংস্কার হইয়াছে;

(খ) ১৯৬৫-৬৬ সালের জন্য ঐ বাবদ কোথায় কত টাকা বরাদ্দ আছে: এবং

(গ) নলকূপ স্থাপনের স্থান নির্বাচনের জন্য কি প্রকার পদ্ধতি আছে?

The Minister of State for Tribal Welfare:

(ক) ১৯৬২ সাল হইতে ১৯৬৫ সাল পর্যন্ত স্থাপিত নলকূপের একটি বিস্তারিত তালিকা নিম্নে রাখা হইল।

এই বিভাগ হইতে পুরাতন নলকূপ সংস্কার করা হয় না। পুরাতন নলকূপ সংস্কারের দায়িত্ব স্বাস্থ্য বিভাগের অধীন জনস্বাস্থ্য বাস্তুক (পি, এইচ, ই,)-এর উপর অর্পিত হইয়া থাকে।

(খ) প্রশ্নটি সুস্পষ্ট নহে। তবে মনে হইতেছে মেদিনীপুর জেলার কথাই এখানে বলা হইয়াছে।

স্থান ভিত্তিতে কোন অর্থ বরাদ্দ করা হয় না। জেলা শাসকের হস্তে সমগ্র জেলার জন্য অর্থ অর্পণ করা হয়। জেলা শাসক জেলা উন্নয়ন কমিটির অনুমোদনক্রমে অগ্রগণ্যতা বিচার করিয়া বিশেষ বিশেষ স্থানের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করেন।

১৯৬৫-৬৬ সালে মেদিনীপুর জেলার তপশিলী জাতি ও উপজাতির কল্যাণার্থে নলকূপ স্থাপনের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ হইতেছে টাকা ৭৭,০০০।

(গ) বিভিন্ন এলাকার ব্লক উন্নয়ন আধিকারিক নিজ নিজ এলাকার স্থান নির্বাচন করিয়া একটি তালিকা মহকুমা শাসকের নিকট পাঠান। মহকুমা শাসক তাহার বরাদ্দ অনুযায়ী নির্বাচিত এলাকার তালিকা জেলা শাসককে পাঠান। জেলা শাসক জেলা উন্নয়ন কমিটির অনুমোদনক্রমে নির্বাচিত স্থানের জন্য প্রয়োজনীয় অর্থ মঞ্জুর করেন।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 278

Statement showing the number of tube-wells sunk in different police-stations of Midnapore from the years 1962 to 1965 for the Welfare of Scheduled Caste and Scheduled Tribe.

1962-63		1963-64		1964-65	
Name of the police-station.	No. of tube-wells sunk	Name of the police-station	No. of tube-wells sunk	Name of the police-station	No. of tube-wells sunk
1. Mayna ..	1	1. Kharagpur ..	1	1. Keshpur ..	5
2. Mahisadal ..	1	2. Daspur ..	1	2. Debra ..	4
3. Sutahata ..	1	3. Pingla ..	2	3. Sabong ..	2
4. Nandigram ..	2	4. Sabong ..	1	4. Narayangarh	7
5. Contai ..	3	5. Debra ..	2	5. Kharagpur ..	3
6. Egra ..	1			6. Pingla ..	2
7. Bhagwanpur..	2			7. Nandigram ..	5
8. Ramnagore ..	1			8. Tamluk ..	2
9. Narayangarh..	2			9. Sutahata ..	2
10. Sabong ..	1			10. Daspur ..	5
11. Ghatal ..	1			11. Chandrakona	4
12. Chandrakona..	3			12. Ghatal ..	5
13. Keshpur ..	2			13. Garbeta ..	1
14. Debra ..	1			14. Salboni ..	3
15. Kharagpur ..	2			15. Dantan ..	4
				16. Contai ..	4
				17. Patnspur ..	1
				18. Khejuri ..	5
				19. Bhagwanpur	3
				20. Paskura ..	1
				21. Midnapore ..	1

Labour Co-operative Society in Burdwan district

279. (Admitted question No. 763.) **Shri Aswini Roy:**

সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় কোনও শ্রম সমবায় সমিতি আছে কিনা; এবং

(খ) থাকিলে ১৯৬৫ সালের সেপ্টেম্বর মাস পর্যন্ত যে সকল শ্রম সমবায় সমিতি গঠিত হইয়াছে তাহাদের নাম, ঠিকানা ও গঠনের তারিখ ও সভ্যসংখ্যা কি ছিল?

নাম, ঠিকানা ও গঠনের তারিখ ও সভ্যসংখ্যা কি ছিল?

The Minister for Co-operation:

(ক) হ্যাঁ।

(খ) নাম—মেমারী ব্লক শ্রম সমবায় সমিতি লিঃ

ঠিকানা—গ্রাম ও পোঃ অফিস—মেমারী, জিলা—বর্ধমান।

রেজিস্ট্রেসন তারিখ—২৬-৭-৬২

সভ্য সংখ্যা—১১৮।

Distribution of Fertilisers

280. (Admitted question No. 781.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) whether there is any difference between a dealer and agent for distribution of fertilisers;

(b) by whom the dealers and/or agents are appointed and the general terms of appointment of each of the said categories;

(c) the terms under which the dealers and sub-dealers obtain their supplies;

(d) the names of the present dealers and/or sub-dealers appointed for distribution of fertiliser in Uluberia police-station; and

(e) the quantity of different variety of fertilisers distributed through them from January, 1964 to 30th September, 1965?

The Minister of State for Agriculture and Community Development:

(a) There is difference between a dealer and an agent. The agents who are known as distributors are appointed by the Government for distribution of chemical fertilisers. The dealers are the retail sellers.

(b) The agents are appointed by the Government and the dealers are appointed by the agents.

The distributing agents are appointed for a fixed period and for some specified area. They have to furnish security as prescribed by the Government. The agents are supplied with Inorganic Nitrogenous fertilisers from Central Fertiliser Pool. Superphosphate is purchased by the agents from private factories at rates fixed by Government. The agents are expected to open depots or sub-depots in each Block within their area of operation, but the present shortage of supply is standing in the way of complete coverage. They are allowed commission on the fertilisers and they sell fertilisers to the cultivators at fixed rates through dealers appointed by the agents. The agents are supplied with ingredients for preparation of fertiliser

mixtures and they prepare mixtures according to the Government specifications and sell the same at rates fixed by Government after the mixtures are found, on analysis, to conform to the standard fixed. The agents have to take out licence from the lisensing authorities to deal with fertilisers.

As the dealers are appointed by the agents the terms of appointment are settled between the agents and dealers. The dealers are also required to take out licence from the authorities to deal with fertilisers.

(c) The agents are supplied with Nitrogenous fertilisers against their indents on realisation of price. The stocks are generally supplied up to the railway stations but sometimes stocks are supplied from the godowns of the Regional Director (Food).

Superphosphate is lifted by the agents from the factories of private manufacturers as per Government allotment.

The agents reallot the stocks amongst their dealers for distribution of the same to the cultivators at rate fixed by Government. The terms of supply of fertilisers to dealers and sub-dealers are settled by the respective agents and their dealers and sub-dealers.

(d) There is one sub-dealer in Uluberia police-station appointed by Messrs. B. C. Paul and Co., an agent under Government. Name of the dealer is Shri Ajit Kumar Manna of Fortgloster Bazar, Uluberia, Howrah The demand of fertilisers for Uluberia police-station is also met by the depots situated outside this police-station.

(e) Following quantities of fertilisers were distributed in Uluberia police-station during the period January, 1964 to 30th September, 1965:

	Tonnes
Paddy Mixture	4.576.
Vegetable Mixture	5.85.
Jute Mixture	2.1.
Potato Mixture	17.7.
Ammonium Sulphate	10.08.
Superphosphate	1.20.
Urea	.20.

Discovery of an image of Tirthankar

281. (Admitted question No. 795.) **Shri Mrigendra Bhattacharjee:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে রূপনারায়ণ নদের উপর কলিকাতা-বোম্বে রোড নির্মাণের জন্য থাম প্রস্তুতির মাটি খনন করার সময় কয়েকটি বৌদ্ধ মূর্তি পাওয়া গিয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কতফুট মাটির নিচে কোন্ তারিখে উহা পাওয়া যায়;

(২) কোন্ যুগের মূর্তি এবং কিভাবে এই স্থানে আনীত হয়েছে সে সম্বন্ধে প্রত্নতাত্ত্বিকদের অভিমত কি; এবং

(৩) বর্তমানে মূর্তিগুলি কি অবস্থায় কোথায় রাখা হয়েছে?

The Minister for Public Works:

(ক) কোন বুদ্ধমূর্তি পাওয়া যায় নাই; তবে একটি শ্বেতপাথরের পুরাতন জৈন তীর্থঙ্কর মূর্তি পাওয়া গিয়াছে।

(খ) (১) নদীর তীরভূমি থেকে প্রায় ৮০ ফুট নিম্নে কর্দ্দমের স্তরের ভিতর থেকে গত ১লা জুন তারিখে মূর্তিটি পাওয়া গিয়াছে।

(২) পশ্চিমবঙ্গ প্রত্নতত্ত্ব উপদেষ্টা কমিটি কর্তৃক মূর্তিটি কোলাঘাটে পরীক্ষিত হইয়াছে এবং ইহা মাত্র কয়েকশত বৎসর পূর্বের তীর্থঙ্কর চন্দ্রপ্রভার মূর্তি বলিয়া জানা গিয়াছে।

(৩) বর্তমানে কোলাঘাটের স্থানীয় জৈন মন্দিরে মূর্তিটির নিত্য পূজা হইতেছে।

Smuggling of Rice in Calcutta

282. (Admitted question No. 802.) **Shri Birendra Narayan Roy:**

স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বৃহত্তর কলিকাতার পূর্ণাঙ্গ বিধিবদ্ধ রেশন ব্যবস্থা চালু হওয়ার পর হইতে বর্তমান সময় পর্যন্ত মোট কয়জন ব্যক্তিকে বে-আইনীভাবে চাল আমদানীর অভিযোগে গ্রেপ্তার করা হইয়াছে এবং তাঁহাদের কাছ হইতে মোট কত মণ চাল আটক করা হইয়াছে;

(খ) উহাদের মধ্যে কয়জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছে;

(গ) কয়জনের খালাস হইয়াছে, কয়জনের বিরুদ্ধে মামলা চলিতেছে এবং কয়জন মুক্তি পাইয়াছে; এবং

(ঘ) উক্ত ব্যক্তিদের নিকট হইতে যে চাল পাওয়া গিয়াছে তাহা বর্তমানে কোথায় এবং কাহার হেপাজতে আছে?

The Minister for Home (Police):

(ক) এই বৎসরের ৩১শে অক্টোবর পর্যন্ত মোট ১০,০৯৩ জনকে গ্রেপ্তার করা হইয়াছে; তাঁহাদের কাছ হইতে প্রায় ৮,৩৯৩ মণ ১৬ সের চাল আটক করা হইয়াছে।

(খ) ৯,৭৪২ জনের বিরুদ্ধে।

(গ) ৩,১৫৬ জনের বিরুদ্ধে মামলা চলিতেছে; খালাস অথবা মুক্তি পাইয়াছেন ৩৭ জন।

(ঘ) বেশীর ভাগ চালই রেশনিং বিভাগের ডাইরেক্টরেটকে দেওয়া হইয়াছে। অবশিষ্টাংশ চাল পুলিশের হেফাজতে বিভিন্ন থানার মালখানায় জমা আছে।

Schemes for water-supply and drainage for the South Subarban Municipality area

283. (Admitted question No. 818.) **Shri Rabindra Nath Mukhopadhyay:** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the South Subarban Municipal area is included in the Calcutta Metropolitan Planning Organisation for sewerage, drainage and water-supply scheme in that region; and

(b) if so, whether the Government has any interim scheme in view of the acute problems in that region?

The Minister for Development and Planning: (a) Yes.

(b) At present there are interim schemes for water-supply and drainage only for the South Subarban Municipality area which are being implemented.

Grants paid to the families affected by Pak-firing in Nadia border

284. (Admitted question No. 826.) **Shri Kashi Kanta Maitra:**

ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য সরকার কর্তৃক নদীয়া জেলায় নফরচন্দ্রপুর লালবাজার ভাটুপাড়া সীমান্ত অঞ্চলে পাকিস্তানী গুলিবর্ষণের ফলে যে সকল সীমান্তবাসী ভারতীয় নাগরিক সীমান্তের গ্রামের ঘরবাড়ী পরিত্যাগ করে গত অক্টোবরের ৬।৭ তারিখ থেকে বেতাই সহরে স্কুল প্রাঙ্গণে আশ্রয় নেয় তাদের আজ পর্যন্ত মোট কত টাকা পরিবার পিছু অথবা জন-পিছু সাহায্য করা হয়েছে;

(খ) অর্থ সাহায্য ছাড়া অন্য কোন রকম সাহায্য রাজ্যসরকার করেছেন কি না এবং করে থাকলে তার বিবরণ; এবং

(গ) যে সব ব্যক্তি পাকিস্তানী গুলিবর্ষণে আহত হয়েছে বা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের সংখ্যা কত এবং সেই সকল ব্যক্তিদের এযাবত সরকার কি কি সাহায্য করেছেন?

The Minister for Relief and Social Welfare:

(ক) প্রাপ্তবয়স্ক ব্যক্তি পিছু ৩ টাকা এবং অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি পিছু ১·৫০ পয়সা হারে ২৮টি ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে মোট ৩৬০ টাকা খয়রাতি সাহায্য হিসাবে বিতরণ করা হয়েছে;

(খ) হ্যাঁ; বেতাই স্কুল প্রাঙ্গণে যাঁহারা আশ্রয় গ্রহণ করেছিলেন তাঁহাদের মধ্যে ২৫ খানা ধুতি, ২৫ খানা শাড়ি ও ২৫ খানা কম্বল বিতরণ করা হয়েছে। সাময়িকভাবে বাস করার জন্য ৩০ খানি ত্রিপলও সরবরাহ করা হয়েছিল; এবং

(গ) তিনজন আহত হয়েছিলেন। তাঁহাদের মধ্যে দুইজনের আঘাত সামান্য এবং অন্য ব্যক্তি, যিনি মাথায় আঘাত পেয়েছেন, তাহাকে খয়রাতি সাহায্য দেওয়া হয়েছে।

Revenue earned as Canal tax in Damodar and Mayurakshi Project area

285. (Admitted question No. 828.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state the amount of revenue earned by the State Government from the irrigated area in the Mayurakshi Project and Damodar area respectively for supply of water for cultivation of paddy and Rabi crops during the years 1962, 1963, 1964 and 1965?

The Minister for Land and Land Revenue: Figures relating to the Collection of water rates are maintained according to the financial year. The total amount of collection of water rates from the Mayurakshi Reservoir Project and Damodar Valley Corporation areas is shown below separately in accordance with the financial year:—

(A) Mayurakshi Reservoir Project area

Year	Amount of collection.
	Rs. P.
1962-63	63,84,469·00
1963-64	69,93,387·00
1964-65	59,18,101·00

(B) Damodar Valley Corporation area

Year	Amount of collection.
	Rs. P.
1962-63	25,57,160·00
1963-64	27,56,121·00
1964-65	47,46,269·00

The financial year 1965-66 is not yet over. As such the total amount of collection during 1965-66 cannot be furnished now.

Provident fund money of the employees of the Krishnagar Municipality

286. (Admitted question No. 831.) **Shri Kashi Kanta Maitra:**

স্বায়ত্ত শাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর পৌর প্রতিষ্ঠানের পৌর কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড এ্যাকাউন্টে এ পর্যন্ত মোট কত টাকা জমেছে; এবং

(খ) প্রভিডেন্ট ফান্ড ব্যবস্থা চালু হবার পর থেকে অদ্যাবধি পুরা টাকা পৃথক এ্যাকাউন্টে জমা আছে কি না?

The Minister for Local Self-Government:

(ক) ৫৭,৪৫৭ টাকা ৯২ পয়সা।

(খ) না। পৌর কর্তৃপক্ষ এই বাবদ সম্পূর্ণ দেয় অর্থ প্রভিডেন্ট ফান্ড তহবিলে জমা দেন নাই।

Electrification of Berhampore Municipal Roads

287. (Admitted question No. 874.) **Shri Sanat Kumar Raha:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সহরের পৌরসভার অন্তর্গত কাশিমবাজার রোড, তাহার সংশ্লিষ্ট রাস্তা এবং ঝাউবাগান, কারবালা রোড রাস্তায় বৈদ্যুতিক আলো দিবার কোন ব্যবস্থা হইবে কিনা; এবং

(খ) হইলে কবে দেওয়া হইবে?

The Minister for Commerce and Industries:

(ক) বহরমপুর সহরের পৌরসভার অন্তর্গত কাশিমবাজার রোডে অধিকাংশেই বৈদ্যুতিক আলো রহিয়াছে; অবশিষ্টাংশে বৈদ্যুতিক আলো দিবার জন্য স্থানীয় কর্তৃপক্ষ হইতে চাওয়া হয় নাই। ঝাউবাগান নামে অভিহিত কোন রাস্তা আছে বলিয়া জানা নাই—তবে ঝাউখোলা নামে একটি রাস্তা রহিয়াছে এবং সেই রাস্তায় বৈদ্যুতিক আলোর ব্যবস্থা রহিয়াছে। কারবালা রোডে আংশিক বৈদ্যুতিক আলো রহিয়াছে—তাছাড়া অবশিষ্টাংশে আলো সরবরাহের জন্য স্থানীয় কর্তৃপক্ষ হইতে আনুষ্ঠানিক ভাবে প্রদত্ত আদেশ পাওয়া যায় নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

Berhampore Thana Building

288. (Admitted question No. 886.) **Shri Sanat Kumar Raha:**

পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানা বিল্ডিং নির্মাণের জন্য কোন্ বছরে কত টাকা মঞ্জুর হইয়াছিল; এবং

(খ) উক্ত বিল্ডিং নির্মাণ সম্পন্ন হইয়াছে কি না?

The Minister for Public Works:

(ক) বহরমপুর থানা ভবন বর্তমানে বহরমপুর রিজার্ভ লাইন্স-এর নিকটস্থ পুরাতন ভবনেই অবস্থিত। উক্ত থানার জন্য নূতন কোনও ভবন নির্মাণের প্রস্তাব বর্তমানে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

Panagarhbazar-Silampur-Damodarghat Road, Burdwan

289. (Admitted question No. 916.) **Shri Monoranjan Bakshi:**

পূর্ত (রাস্তা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার কাঁকসা থানার পানাগড়বাজার—সিলামপুর—দামোদর ঘাট রোডের মেরামতের কাজ কখন শুরু হইবে; এবং

(খ) উক্ত রাস্তা মেরামত বাবদ সরকার কত টাকা মঞ্জুর করেছেন?

The Minister for Public Works (Roads):

(ক) এবং (খ) রাস্তাটি তৃতীয় পরিকল্পনার অন্তর্ভুক্ত নয়। সুতরাং উহা মেরামতের কাজ কখন সুরু হইবে এবং ঐ বাবদ কত টাকা মঞ্জুর করা হইবে তাহার কোন স্থিরতা নাই।

Magra Basin Drainage Scheme

290. (Admitted question No. 934.) **Shri Sudhir Chandra Das:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কাঁথি থানার অন্তর্গত মগরা বেসিনের জলনিকাশ পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে কিনা; এবং

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে সেই পরিকল্পনা কি, এবং ঐ পরিকল্পনা রূপায়নের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

Time tables for the bus routes of Midnapore district

291. (Admitted question No. 941.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of Home (Transport) Department be pleased to state—

(a) whether the R.T.A., Midnapore, fix up time tables for various bus routes of the district;

(b) whether the R.T.A. have any machinery to see that their time table is observed by the bus owners;

(c) what actions are taken by the R.T.A. if the bus owners do not observe the time table fixed by the R.T.A.; and

(d) how many such action and against whom have been taken by the R.T.A. from 1-1-65 to 15-10-65?

The Minister for Home (Transport): (a) Yes.

(b) Yes.

(c) The bus owners are prosecuted in court if they do not observe the time table fixed by the R.T.A. Sometimes such cases are dealt with by the R.T.A.

(d) Five criminal prosecutions have been launched in court against the following bus owners:

(i) Shri Phani Bhusan De, Garhbeta.

(ii) Messrs. Netaji Motor Services (P) Ltd., Midnapore.

(iii) Messrs. Kundu Nandy Motor Service, Midnapore.

(iv) Messrs. Hijli Co-operative Transport Society, Contai.

(v) Shri Mukunda Murari Patra, Jaleswar, district Balasore.

The R.T.A. imposed penalties on two bus owners, Shri Kalidas Raha, Vishnupur, and Messrs. Bhagawanpur Motor Transport Company Ltd., Bhagawanpur.

Repair of Malancha Road, Kharagpur

292. (Admitted question No. 944.) **Shri Narayan Choubey:** Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) whether the Government have sanctioned any money for the reconstruction of the Malancha Road, in Kharagpur Town;

(b) if so, what is the amount;

(c) whether the work of reconstruction of this road has been started; and

(d) if answer to (c) be in the affirmative—

(i) when this work of reconstruction started,

(ii) how far the same work has progressed, and

(iii) when the work of construction will be completed?

The Minister for Local Self-Government: (a) Yes.

(b) Rs. 3,20,022.

(c) Yes.

(d) (i) 24-3-65.

(ii) About 40 per cent.

(iii) Expected to be completed by June, 1966.

Supply of water from Kangsabati Canals

293. (Admitted question No. 953.) **Shri Jaleswar Hansda:**

সেচ ও জলপথ বিভাগের [illegible], জানাইবেন কি—

বর্তমান বৎসরে এ পর্যন্ত কংসাবতী ক্যানেল থেকে কোন্ জেলার কোন্ থানায় কি পরিমাণ থানী জমিতে জল সেচ করা হইয়াছে?

The Minister for Irrigation and Waterways:

এ বৎসর বাঁকুড়া ও মেদিনীপুর জেলায় আনুমানিক ৭১,৩০০ একর ধানী জমিতে কংসাবতীর সেচের জল দেওয়া হইয়াছে। এই জমির পরিমাণের মধ্যে কর্ষণযোগ্য অনাবাদী জমিও (কালচারেবল ওয়েস্ট) আছে। থানা অনুযায়ী পরিমাণ এইরূপ:

বাঁকুড়া জেলা

থানা	পরিমাণ
ইন্দপুর	২,৯৭০ একর
তালডাংরা	১১,৫০০ ,,
খাতড়া	৫,১৬২ ,,
রাইপুর	১৬,৮৬৪ ,,
সিমলাপাল	৯,১০৪ ,,

মেদিনীপুর জেলা

গড়বেতা	২৩,৪০০ ,,
শালবনি	২,৩০০ ,,

Low-income Group Housing Scheme in Bankura district

294. (Admitted question No. 956.) **Shri Jaleswar Hansda:**

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বাঁকুড়া জেলায় ১৯৬২-৬৩ থেকে ১৯৬৪-৬৫ এই আর্থিক বৎসরগুলির মধ্যে নিম্ন আয় গ্রুপের কত লোককে গৃহনির্মাণ ঋণ দেওয়া হইয়াছে?

The Minister for Housing:

১৯৬২-৬৩ সালে—৯ জনকে; ১৯৬৩-৬৪ সালে—১০ জনকে; ১৯৬৪-৬৫ সালে—১০ জনকে।

এইরূপে মোট ২৯ জনকে নিম্ন আয় গ্রুপ স্কীমে বাঁকুড়া জেলায় গৃহনির্মাণ হেতু ঋণ দেওয়া হইয়াছে।

Visit to Farakka Barrage by M.L.A's and M.L.C's

295. (Admitted question No. 1009.) **Shri Birendra Narayan Roy:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৫ সালে বিধানমণ্ডলীর সদস্যবৃন্দকে ফারাক্কা পরিকল্পনা দেখাইবার খাতে মোট কত টাকা খরচ হইয়াছিল:

(খ) কয়জন (১) এম এল এ, (২) এম এল সি, (৩) উচ্চপদস্থ কর্মচারী, এবং (৪) মন্ত্রী উক্ত সফরে গিয়াছিলেন:

(গ) (১) ট্রেন ভাড়া, (২) খাওয়া খরচা এবং (৩) অন্যান্য খরচ বাবদ কোন্ খাতে কত খরচ হইয়াছে: এবং

(ঘ) উক্ত উচ্চপদস্থ কর্মচারীদের নাম এবং পদাধিকার কি?

The Minister for Irrigation and Waterways:

(ক) রাজ্যসরকারের পক্ষে মোট ১,৩৩৪·৪০ টাকা খরচ হইয়াছে।

(খ) (১) ও (২) এম এল এ ও এম এল সি মোট—১৩৫ জন: (৩) দুইজন উচ্চপদস্থ কর্মচারী এবং (৪) দুইজন মন্ত্রী ঐ সফরে গিয়েছিলেন।

(গ) (১) ট্রেন ভাড়া বাবদ রাজ্যসরকারের পক্ষে মোট ৯,৩০৪·৪০ টাকা খরচ হইয়াছে; (২) এবং (৩) এই বিষয়ে রাজ্যসরকার কোন খরচ বহন করেন নাই।

(ঘ) নাম ও পদাধিকার—শ্রীম্বিজেন্দ্রলাল গুহ—সহ-সচিব, সেচ ও জলপথ বিভাগ; শ্রী [illegible] গুহ—সহ-অধিকর্তা, প্রচার বিভাগ।

Sale of different food articles from Government poultry farms

296. (Admitted question No. 1023.) **Shri Birendra Narayan Roy:**

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগে মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারী খামার হইতে মোট কত (১) দুধ, (২) হাঁস-মুরগীর ডিম, (৩) হাঁস-মুরগীর মাংস, (৪) গো-শূকর-ছাগ প্রভৃতির মাংস এবং (৫) অন্যান্য দ্রব্য বিক্রয় হইয়াছে?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

বিভিন্ন দ্রব্যাদি মোট নিম্নলিখিত পরিমাণ বিক্রয় হইয়াছে:—

	১৯৬৩-৬৪	১৯৬৪-৬৫	১৯৬৫-৬৬ (অক্টোবর মাস পর্যন্ত-৭ মাস)
(১) দুধ	২,৬২,৩৫,২৭০ লিঃ	২,৮০,০৩,৮৯৫ লিঃ	১৭,৮৩০,০৮৮ লিঃ
(২) হাঁস মুরগীর ডিম	১,৮৭৯,০৬৭ টি	২,৪৯৮,৬৭৭ টি	১,৩৩৮,৭১৬ টি
(৩) হাঁস মুরগীর মাংস	৫৬,১১৩ কিঃগ্রাঃ	৭৫,০৪৯ কিঃগ্রাঃ	৪১,১৫৫ কিঃগ্রাঃ
(৪) শুকর, ছাগ প্রভৃতির মাংস ও মাংসজাত দ্রব্য	১,৭০০ কিঃগ্রাঃ	৭,৭১৫ কিঃগ্রাঃ	২,৮৬৫ কিঃগ্রাঃ
(৫) অন্যান্য দ্রব্য—			
(ক) মাখন	৪,৭৭৭ কিঃগ্রা	৩,৭৯২ কিঃগ্রাঃ	৫,৮১১ কিঃগ্রাঃ
(খ) ঘৃত	২,২৪৭ কিঃগ্রা	৭৮২ কিঃগ্রাঃ	৮৭ কিঃগ্রাঃ
(গ) হাঁস মুরগীর খাদ্য	১,২৯৮,১৮২ কিঃগ্রাঃ	১,৪৯৫,৩১৯ কিঃগ্রাঃ	১,০০০,১৫৮ কিঃগ্রাঃ

Stud Bulls

297. (Admitted question No. 1024.) **Shri Birendra Narayan Roy:**

পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রজননের জন্য দেওয়া সরকারী ষাঁড় বর্তমানে কতগুলি আছে;

(খ) উহাদের মধ্যে কয়টি প্রজননক্ষম এবং কয়টি প্রজননে অক্ষম; এবং

(গ) পশ্চিমবঙ্গের সর্বত্র ঐ প্রকার ষাঁড় দিতে হইলে কয়টি ষাঁড়ের প্রয়োজন?

The Minister for Animal Husbandry and Veterinary Services:

(ক) ৮২৬টি।

(খ) (১) প্রজননক্ষম—৬৭৩টি।

(২) প্রজননে অক্ষম—১৫৩টি; ৩৫টি বৃদ্ধ ষাঁড়—এগুলি মাঝে মাঝে ব্যবহার করা হয় এবং ধীরে ধীরে এগুলিকে বদলান হচ্ছে; ১১৪টি বাচ্ছা ষাঁড়—এগুলি শীঘ্রই ব্যবহারযোগ্য হইবে; এবং ৪টি অসুস্থ ষাঁড়—চিকিৎসাধীনে আছে।

(গ) ৩৪,৮৯০টি; এছাড়া ৫ থেকে ৬ হাজার অতিরিক্ত ষাঁড় প্রতি বছর বদলাইতে হইবে।

Theft in Tamir Mahal

298. (Admitted question No. 1066.) **Shri Sanat Kumar Raha:**

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ঐতিহাসিক মুর্শিদাবাদ জেলার অন্দর মহল হইতে সম্প্রতি (সেপ্টেম্বর মাসে) দুর্বৃত্ত কর্তৃক শ্বেত পাথরের সামগ্রী টাইল ইত্যাদি চুরি হইয়া গিয়াছে;

(খ) সত্য হইলে অপরাধী ধরা পড়িয়াছে কিনা; এবং

(গ) বর্তমানে উক্ত সম্পত্তি রক্ষণাবেক্ষণের দায়িত্ব কাহার উপর ন্যস্ত?

The Minister for Judicial:

(ক) হ্যাঁ। সম্প্রতি মুর্শিদাবাদের 'তামীর মহল' প্রাসাদের অভ্যন্তর হইতে কিছু শ্বেত পাথরের সামগ্রী, টাইল ইত্যাদি চুরি হইয়া গিয়াছে।

(খ) নয় জন অপরাধী ধরা পড়িয়াছে এবং তাহাদের বিরুদ্ধে আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(গ) ১৯৬৩ সালের মুর্শিদাবাদ এস্টেট (ট্রাস্ট) অ্যাক্টের বিধান অনুযায়ী বর্তমানে উক্ত সম্পত্তি রক্ষণাবেক্ষণের দায়িত্ব ন্যাসপালে বর্তাইয়াছে।

Wages for the prisoners

299. (Admitted question No. 1094.) **Shri Mrigendra Bhattacharjee.**

স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তিন মাসের অধিক সশ্রম কারাদণ্ডে দণ্ডিত অপরাধীর পারিশ্রমিক দেওয়ার নিয়ম কেন্দ্রীয় জেল ভিন্ন অন্যান্য জেলে চালু কেন করা হইতেছে না; এবং

(খ) ইহা চালু করার কোন আশু পরিকল্পনা আছে কিনা?

The Minister for Home (Jails):

(ক) ও (খ) অন্যান্য জেলা কারাগুলিতেও নিয়মটি চালু করার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

Asansol Planning Organisation

300. (Admitted question No. 1137.) **Shri Bejoy Pal:**

উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল প্ল্যানিং অর্গানাইজেশন-এর কাজ কিভাবে অগ্রসর হইতেছে; তাহার একটি বিস্তৃত রিপোর্ট বিধানসভায় পেশ করিবেন কি;

(খ) এই পরিকল্পনার কাজ শেষ হইতে কত সময় লাগিবে; এবং

(গ) এই কাজে মোট কত টাকা ব্যয় হইবে?

The Minister for Development and Planning:

(ক) আসানসোল প্ল্যানিং অর্গানাইজেশনের কাজ নির্ধারিত কার্যসূচী অনুযায়ী সন্তো জনকভাবে অগ্রসর হইতেছে। উক্ত সংস্থার পরিকল্পনা প্রণয়নের জন্য প্রয়োজনীয় প্রাথমিক জর ও মৌলিক তথ্যানুসন্ধানের কার্য শেষ হইয়াছে ও বর্তমানে সংগৃহীত তথ্যাদির ভিত্তিতে এ অন্তর্বর্তী উন্নয়ন পরিকল্পনা (ইন্টারিম ডেভেলপমেন্ট প্ল্যান) প্রণয়নের কাজ শেষ হইয়া আশা করা যায় উক্ত অন্তবর্তী উন্নয়ন পরিকল্পনা ১৯৬৫ সালের ডিসেম্বর মাসের মধ্যেই প্র করা সম্ভব হইবে।

(খ) সামগ্রিক এবং সর্বাত্মক উন্নয়ন পরিকল্পনাটির (কমপ্রেহেনসিভ ডেভেলপমেন্ট প্ল্য রচনাকার্য যাহাতে ১৯৬৭ সালের মার্চ মাসের মধ্যে সম্পূর্ণ করা যায় তদনুযায়ী পরবর্তী কা ক্রম স্থির করা হইয়াছে।

(গ) এই কার্যের জন্য কেন্দ্রীয় সরকার মূল জরীপ কার্যাদির ব্যয় সমেত মোট ৬,১৯,৮ টাকা আনুমানিক ব্যয়-বরাদ্দ মঞ্জুর করিয়াছেন। এই পরিকল্পনার প্রণয়ন সংস্থার সম্পূর্ণ ব জন্যই বর্তমানে কেন্দ্রীয় সরকার বহন করিতেছেন।

Adjournment Motion

Mr. Speaker: I have received one notice of adjournment motion fr Shri Nani Bhattacharjee on the subject of publication in today's newspa the Cabinet decision regarding future food policy.

I have withheld consent to this notice.

শ্রীননী ভট্টাচার্য: আপনি স্যার, আমার কথাটা শুনুন। তারপর আপনি হয় এটা পুনর্বিবে কাছে নিবেদন করছি।

মিঃ স্পীকার: আপনারা নিশ্চয়ই নিবেদন করবেন করুন সেটা আমি বারণ করবো আপনাদের হাউস আপনারা চালাবেন; কিন্তু আমার কথা হচ্ছে একটা জিনিষ নিয়ে রে ডিস্কাসান হতে পারে না।

[2—2-10 p.m.]

শ্রীননী ভট্টাচার্য: আপনি স্যার, আমার কথাটা শুনুন। তারপর আপনি হয় এটা পুনর্বিবেচ না হয় নাই করবেন। আমার বক্তব্য হচ্ছে হাউসের মর্য্যাদা যদি কেউ নষ্ট করে থাকে তাহলে সে দেখা দরকার। আপনি দেখুন তরুণবাবু যেটা বার করেছেন সেটার মধ্যে নূতন ফুড পলিসি আভাস রয়েছে, আজকে বাংলাদেশে যত কাগজ আছে, সমস্ত কাগজগুলিকে বেরিয়ে গেলো সেচ ব্যবস্থা যেখানে আছে, সেখানে ধান, চাল কিভাবে প্রকিয়োরমেন্ট হবে। তাছাড়া অ এলাকাতেও কিভাবে প্রকিয়োরমেন্ট হবে সেটা তাঁরা জানিয়েছেন। তারপর এ, বি, সি, ডি, রেশান কার্ড হোল্ডারদের সম্পর্কে, তাঁরা প্রস্তাব করেছেন যে, তাঁরা কি হারে রেশান পাবে না পাবে, ইত্যাদি ব্যাপার বেরিয়ে গিয়েছে সমস্ত কাগজগুলিতে। আমরা বার বার এ ক

(Noise and interruptions)

বলেছি যে হাউস চলাকালীন, সরকারের নূতন কোন ফুড পলিসি, প্রথমে হাউসকে না জানি বাইরে প্রকাশ করা অন্যায়। আপনিও বলেছেন এটা ইমপ্রপার সরকারের নিউ ফুড পলি পাবলিক-এর কাছে এনাউন্স করবার আগে, যখন এ্যাসেম্বলী, লেজিসলেচার চলে, তখন প্রথ তাদের কনফিডেন্সএ নেওয়া উচিত, এ কথা আপনি বলেছেন। মাননীয় স্পীকার মহা ওরাও সেদিন, খগেনবাবু, ডেপুটি লিডার এবং জগন্নাথবাবু স্বীকার করেছেন যে ওর এ নীতি জানেন। তা সত্বেও আজ আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত কাগজগুলিতে, তাঁ নূতন ফুড পলিসি কি হবে, সেটা তারা জানিয়ে দিয়েছেন, এবং তা সম্পূর্ণ আকারে বেরিয়েছে এর ফলে একটা অবস্থা সৃষ্টি হয়েছে। সে অবস্থাটা হচ্ছে এই, আমরা যখন রাস্তায় চ আমাদের লোকেরা জিজ্ঞাসা করেন, এবং প্রেস রিপোর্টাররাও জিজ্ঞাসা করেন, তখন আমাদে

[illegible] কিছু থাকে না। আমরা কি এখানে তামাশা করতে এসেছি? চিফ মিনিস্টারের এখানে থাকা উচিত ছিল, তিনি থাকলে, এর জবাব দিতে পারতেন। আমরা এস্থলে তামাশা করবার জন্য আসিনি। সেইজন্য মিঃ স্পীকার, স্যার, আমি পরিষ্কার ভাবে এই কথাটা বলতে চাই যে এই ধরনের গ্রামদান বিল, বা অন্যান্য বিল, পাশ করিয়ে দেবার জন্য আমরা এখানে আসিনি, তার চেয়ে বেশী গুরুত্বপূর্ণ প্রশ্ন হচ্ছে, আজকের প্রস্তাবিত খাদ্য নীতির ব্যাপারটা। আজ যে খাদ্য নীতি সরকার অনুসরণ করে চলেছেন, তা নিয়ে এখানে আলোচনা করা উচিত। এখানে আমরা বার বার এই গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে লক্ষ্য করছি যে চিফ মিনিস্টার হাউসকে কনফিডেন্সএ নিচ্ছেন না, এবং বাইরে স্টেটমেন্ট দিচ্ছেন, ও খবরের কাগজে বেরিয়েছে। ক্যাবিনেট এর সিদ্ধান্ত খবরের কাগজে বেরিয়েছে। এই রকম অবস্থার মধ্যে আইন সভার সদস্যদের কি কাজ হতে পারে, আপনি বলুন। পাবলিক যখন আমাদের জিজ্ঞাসা করবে, তখন আমরা কি বলবো? তাঁরা এই প্রস্তাবিত ফুড্ পলিসিতে পাঁচটা ক্যাটেগোরি ঠিক করেছেন। এ সম্বন্ধে কেউ যদি আমাদের জিজ্ঞাসা করেন তাহলে, সেখানে আমরা কি বলবো, সেটা বলুন।

মিঃ স্পীকার: মিঃ ভট্টাচার্য: এবার বসুন। প্রত্যেক অনারেবল মেম্বার যদি এই ভাবে প্রতিদিন একটা বিষয়ের উপর আলোচনা করতে থাকেন তাহলে হাউসের কাজ চলতে পারেনা। আপনারা একটা পয়েন্ট তুলেছেন যে সরকারের যথাযথ্য নীতি সম্পর্কে একটা খবর কালকের কাগজে প্রকাশিত হয় এবং ফের আজকের কাগজে সরকারের নূতন খাদ্য নীতি সম্পর্কে আর একটা খবর বেরিয়েছে। এবং অনারেবল মুখার্জী এ সম্বন্ধে যে কথা বলেছেন সেটা সত্যি কিনা, জানতে চেয়েছেন। অবশ্য, আপনাদের প্রিভিলেজ আছে এ্যাডজোর্নমেন্ট মোসান আনবার, এবং অনেকেই তা এনেছেন, এবং ডিসাইড হয়ে গিয়েছে। যাই হোক মিঃ মুখার্জী যেটা এক্সপ্লেইন করেছেন বা না করেছেন তা আমি জানিনা। তবে উনি এখন যেটা বলতে চান সেটা বলতে দিন, তাঁর কথাটা আগে আপনারা শুনুন।

ডাঃ নারায়ণ চন্দ্র রায়: স্পীকার মহাশয়, আমাদের বলবার কারণ আছে। এই রকম হলে, কেন আমরা বার বার বলবো না?

মিঃ স্পীকার: কারণ অনেক থাকতে পারে। কিন্তু, উনি যেটার এ্যাটেনশন ড্র করেছেন, এ্যাডজোর্নমেন্ট মোসান এনে, তারপরে যদি কেউ এক্সপ্লেইন করতে চান, মিনিস্টেরিয়াল বেঞ্চ থেকে, সেখানে তাঁকে বলবার সুযোগ দেওয়া উচিত। তাঁর কথা শোনবার পর, আপনারা বলবেন, আপনাদের ঐ একই কথাত, ফুড পলিসি?

শ্রীশৈলকুমার মুখার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ নিয়ে তিন-চার দিন অধিকারগত প্রশ্নের জবাব দিয়েছি। আপনার যা রুলিং আছে সেই সম্পর্কে। সরকারী কর্তৃপক্ষ তা মেনে নিয়েছেন। আজকে ননীবাবু সংবাদপত্রের উপর একটা এ্যাডজোর্নমেন্ট মোসান-এর প্রশ্ন তুলেছেন হাউসে। প্রথম হচ্ছে সংবাদপত্রে কত কি সংবাদ বেরোয় তা ত সরকারের তরফ থেকে কোন অফিসিয়াল প্রেস স্টেটমেন্ট নয়। দ্বিতীয়ত সেটা মুখ্যমন্ত্রীর কোন স্টেটমেন্ট অফ পলিসি নয়, কোন কেবিনেট ডিসিশনও সেটা নয়, একটা নিউজ মাত্র। ভারতবর্ষের ফ্রি প্রেস সংবাদ সরবরাহ করবার অধিকার আছে। আর যে সংবাদ বেরিয়েছে তাতে অনেক ভুল আছে। আমি পরশুদিন বলেছি, আজও বলছি এখনো সম্পূর্ণ সামগ্রিক খাদ্য-নীতি সরকার গ্রহণ করতে পারেন নি। কারণ ব্যাপারটা এত বিরাট যে তার পরিষ্কার চিত্র এখনো পরিস্ফুট হয়ে ওঠেনি। যা বলছেন সংগ্রহ নীতি বন্টনের নীতি কিছু ঠিক হয় নাই। সংগ্রহ এবং বন্টন নিয়েই পরিপূর্ণ খাদ্য নীতি হয়।

অফিসিয়াল ভাবে এখনো ডিস্ট্রীবিউসন এর নীতি নির্ধারিত হয় নাই। আজও আমাদের স্পেসাল ক্যাবিনেট আছে। এখনো পাকাপাকি সিদ্ধান্ত কিছু হয় নাই। আগামী সোমবার মুখ্যমন্ত্রী মহাশয় সম্পূর্ণ খাদ্য নীতি যা এত দিন পর্যন্ত সরকার গ্রহণ করেছেন, তার একটা সামগ্রিক চিত্র সকল মাননীয় সদস্যদের কাছে লিখিত স্টেটমেন্ট প্লেস করবেন। তার উপর মাননীয় সদস্যরা যদি আলোচনা চান, তাহলে নিশ্চয়ই আগামী সপ্তাহে যে দিন হয় আপনাদের কাছে পরামর্শক্রমে তার দিন ধার্য হবে। এখনো সম্পূর্ণ সামগ্রিক খাদ্যনীতি নির্ধারিত হয় নাই।

শ্রীখগেন্দ্র কুমার রায় চৌধুরী: মাননীয় স্পীকার মহাশয়, শৈলবাবু বললেন কাগজে যেটা বেরিয়েছে সেটা হচ্ছে সংগ্রহ নীতি, বণ্টন নীতি কিছু বেরোয় নাই।

(এ ভয়েস : ভুল)

ভুল হতে পারে। কিন্তু এই সংগ্রহ নীতিটা কি খাদ্য নীতি নয়? তারমধ্যে কোন্ ম্যাজিক থাকতে পারে? আপনাদের বক্তব্য বেরিয়েছে তো?

শ্রীসোমনাথ লাহিড়ী: উনি বলেছেন খবরের কাগজে যা বেরিয়েছে তাতে অনেক ভুল আছে সেই ভুলগুলি যদি আপনি ধরিয়ে দিতেন যা বেরিয়েছে, তাহলে লোকে বিভ্রান্ত হত না। এতে করে কৃষকদের মধ্যে নানা রকম বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। ভুলটা ধরিয়ে দিলে লোকে বুঝতে পারতো, লোকে জানতে পারতো। তা না করে উনি সেফ সাইডএ এড়িয়ে গেলেন।

Calling Attention to matters of urgent public importance

Mr. Speaker: Honourable members, I have received 7 notices of Calling Attention on the following subjects, namely:—

(1) Drainage of stagnant water from 'Bharoti Beal' of 24-Parganas to grow more food—by Shri Gopal Banerjee;

(2) Non-appointment of Rent Controller at Barrackpore—by Shri Gopal Banerjee;

(3) Postponement of Municipal Election due to Emergency—by Shri Bhadra Bahadur Hamal;

(4) Starvation death of Shri Fakir Das at Ranaghat Railway platform—by Shri Gour Chandra Kundu.

(5) Murder of a nurse of Kanchrapara T.B. Hospital—by Shri Gour Chandra Kundu;

(6) Postponement of Civic election of Darjeeling town—by Shri L. R. Josse, Shri Monoranjan Baksi, Dr. Radhakrishna Sinha, Shri Hrishikesh Haldar, Shri Bejoy Banerjee and Shri Birendra Narayan Ray; and

(7) Non-announcement of bottom price for Aman paddy in different districts—by Shri Aswini Roy.

I have selected the notice of Shri Gour Chandra Kundu on the subject of murder of a nurse of Kanchrapara T.B. Hospital. The Hon'ble Minister in-charge may please make a statement on the subject to-day, if possible or give a date for the same.

Shri Jagannath Kolay: A statement will be made on Tuesday.

[2-10—2-20 p.m.]

শ্রীপাঁচু গোপাল ভাদুড়ী: মিঃ স্পীকার, স্যার, আমার একটা দৃষ্টি আকর্ষণী বিষয় আছে ইতিপূর্বে একদিন র‍্যাশান সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় তিনি এই হাউসে বলেছিলেন প্রশ্নের উত্তরে যে র‍্যাশান এলাকায় বা স্ট্যাটুটরি র‍্যাশান এলাকায় নূতন র‍্যাশান কার্ড দেওয়া হচ্ছে এবং পুরাণো

বোনাফায়েড লোকের র‍্যাশান কার্ড বাতিল করা হয়নি, শুধু ভুয়া র‍্যাশান কার্ড বাতিল করা হয়েছে। আমার কাছে শ্রীরামপুর মহকুমার স্ট্যাটুটারি র‍্যাশান এলাকা থেকে প্রায়, লিটারেলি, শত শত লোক জানিয়েছেন এবং তার মধ্যে বেশ কিছু সংখ্যক লোক তারা নাম দিয়ে, লিস্ট দিয়ে, র‍্যাশান কার্ড পাঠিয়ে দিয়েছেন যে এই এই লোক নূতন র‍্যাশান কার্ডের জন্য এ্যাপ্লাই করেছিলেন কিন্তু দেওয়া হয়নি, রিনিউয়ালের জন্য এ্যাপ্লাই করেছিলেন দেওয়া হয়নি এবং অযথাভাবে ক্যানসেল করা হয়েছে এবং সেগুলি সম্বন্ধে রিকনসিডার করা হচ্ছে না। এই সম্পর্কে মিলের ম্যানেজার, মিলের লেবার অফিসার, মিউনিসিপ্যালিটির কমিশনার, এম, এল, এ, এবং স্থানীয় মহকুমা শাসক এস, ডি, ও, এঁদের সকলেরই রেকমেন্ডশন আছে যে এরা সকলেই বোনাফাইডি পার্সন, এদের সম্পর্কে সন্দেহ করার কোন কারণ নেই। কিন্তু তবুও কোন্নগর সার্কেল এবং শ্রীরামপুর সার্কেলের স্থানীয় র‍্যাশন অফিসার তাদের কার্ড দিচ্ছেনা। অপর দিকে শোনা যাচ্ছে এক টাকা থেকে পাঁচ টাকা ঘুষ নিয়ে র‍্যাশান কার্ড যথেচ্ট পরিমাণে ইসু হচ্ছে। এইভাবে এস, ডি, ও, মিলের লেবার অফিসার, স্থানীয় কমিশনার, এবং এম, এল, এ, দের সই থাকা সত্ত্বেও শত শত শ্রমিকদের র‍্যাশান কার্ড বাতিল হয়ে যাচ্ছে কিম্বা রিনিউড হচ্ছেনা। এই সম্পর্কে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীঅনাদি দাস: স্যার, আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে হাওড়ার ছোট ছোট কারখানা প্রায় হাজার দুই বা তারও বেশী হবে সেই সব কারখানায় কর্মচারী নিযুক্ত আছে প্রায় ২৫ : ৩০ হাজারের উপর। এই সব কারখানার মালিকরা দুই-তিন মাস আগে পর্যন্ত ১২।১৪ ঘণ্টা করে কাজ করতো, কিন্তু এই দুতিন মাসের ভিতর ১২।১৪ ঘণ্টা কেন, ৮ ঘণ্টাও কাজ দিতে পারছেনা। এতে অনেক শ্রমিক বেকার হয়ে গিয়েছে। যখন উৎপাদন বাড়াতে হবে এই শ্লোগান সরকার চালিয়ে যাচ্ছেন এবং যখন দেশ রক্ষার জন্য উৎপাদন বাড়ান দরকার তখন শ্রমিকরা কাজ পাচ্ছেনা এবং এই সব ছোট ছোট কারখানার মালিকরা ভেবে পাচ্ছেনা কি করে তারা উৎপাদন বাড়াবে। অর্ডার নেই, ইমার্জেন্সির সময় র মেটিরিয়ালসের অভাবে ৬০ পার্সেন্ট কর্মচারী বসে আছে। এই সম্বন্ধে আমি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীহেমন্ত কুমার বসু: স্যার, সংবাদপত্রে বেরিয়েছে যে আলিপুরের একজন ম্যাজিস্ট্রেট তিনি একজন কর্মচারীর কান ধরে উঠিয়েছেন, বসিয়েছেন, এই ব্যাপারের প্রতি আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

COVERNMENT BILLS

THE WEST BENGAL *GRAMDAN* (AMENDMENT) BILL, 1965

Mr. Speaker: There are motions for circulation of the Bill from Shri Balai Lal Das Mahapatra, Shri Aswini Roy, Shri Deb Saran Ghosh, Shri Nathaniel Murmu, Shri Apurba Lal Majumdar and Shri Sailendra Nath Adhikary.

Shri Aswini Roy: Sir, I move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 1st December, 1965.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে সংশোধনী বিলটা আনা হয়েছে এ সম্পর্কে আমি যে জনমত প্রচারের জন্য মোশান দিয়েছি সেটার সমর্থনে কিছু বলতে চাই। প্রথম কথা হচ্ছে এই বিলটার পিছনে বিনোবাজীর একটা সদিচ্ছা ছিল যে বিভিন্ন দেশে যে সামাজিক পরিবর্তন হয়েছে সেখানে দেখা গিয়েছে এই শ্রেণী সংগ্রামের মধ্য দিয়ে হয়েছে. তিনি ভারতবর্ষে চেষ্টা করতে

চেয়েছেন এই শ্রেণী সংগ্রামকে পরিহার করে কি করে ভারতবর্ষের ভূমি ব্যবস্থা পরিবর্তন করা যায়, এই উদ্দেশ্যে তিনি এই গ্রামদান বিষয়টি আনেন। তারই পটভূমিকায় এই বিলটা রচনা করা হয়েছে। এই বিলের সংশোধনী যিনি উত্থাপন করলেন কালকে তাঁর বক্তব্যের ভিতর দিয়ে দেখা গেলনা এক বছরের ভিতরে কোন কোন গ্রাম এই গ্রামদানের আওতার ভিতর এসেছে কিনা। তা যদি তিনি দেখাতে পারতেন তাহলে বোঝা যেতো যে এই আইনকে কার্যকরী করতে গিয়ে এই যে বিচ্যুতিগুলি দেখা গিয়েছে এবং তারই পরিপ্রেক্ষিতে আজকে প্রয়োজনীয়তা আছে এই বিলের সংশোধন। কিন্তু তিনি সেই রকম কোন তথ্য পরিবেশন করতে পারেননি। তিনি তাঁর বক্তব্যের মধ্যে একথা বলেছেন যে কেন্দ্রীয় সরকার এই ধরণের সংশোধন চান। এখন কেন্দ্রীয় সরকার কি বাস্তব অভিজ্ঞতার ভিত্তিতে এই সংশোধনগুলি আনছেন তা ঠিক জানা নেই। কাজেই এই সংশোধনী আনবার আগে কিছুটা অভিজ্ঞতার কথা না বলতে পারেন তাহলে সংশোধন সম্পর্কে মত দেওয়া নিশ্চয়ই বিপদজনক। এখন এই যে সংশোধন যেটা আনছেন তার থেকে আমাদের মনে হয় তিনি বলতে চান যে একটা গ্রামকে কো-অপারেটিভে পরিণত করতে, এটা হচ্ছে আজকে কো-অপারেটিভ কমনওয়েলথ। কথাটা শুনতে ভাল, কথাটার মধ্যে চার্ম আছে কিন্তু যে গ্রামদান করতে গিয়ে গ্রামগুলিকে এখনও পর্যন্ত আনা যায়নি অথচ গ্রামের কো-অপারেটিভ কমনওয়েলথ-এর কথা তুলেছেন। ১৯৬৩ সালে বিলটা পাশ হবার পর এই দু-বছরে একটা গ্রামও কেন এই গ্রামদানের মধ্যে এলোনা, তার অসুবিধাগুলি কি এটা দেখা দরকার। কাজেই বর্তমানে যে আইন রয়েছে সেই আইনের মধ্যে কতগুলি প্রতিবন্ধকতা রয়েছে। কারণ এই গ্রামদানের মধ্যে প্রথমে কারা আসতে উৎসাহিত হবে? না, গ্রামের যারা ক্ষেত মজুর, গরীব চাষী, তাদের মধ্যে উৎসাহ সৃষ্টি করার দরকার আছে। সেদিক থেকে এই উৎসাহ সৃষ্টি করতে তিনি ব্যর্থ হয়েছেন কারণ প্রথম অধ্যায় যদি দেখা যায় যে কোন গ্রামটা গ্রামদানের মধ্যে আসবে এবং কোন গ্রামকে গ্রামদান হিসাবে ঘোষণা করবেন তাহলে সেই যে আইন আছে সেই আইনের মধ্যে অনেক কিছু ত্রুটি আছে সেই ত্রুটি কি? প্রথম কথা হচ্ছে যে গ্রামটার ৫১ ভাগ জমি গ্রামদানের মধ্যে যেতে পারবে সেই ৫১ ভাগের মধ্যে ৭৫ ভাগ লোক বাসিন্দা হবে এবং সেই বাসিন্দাদের মধ্যে ৭৫ ভাগ লোক ঘোষণা করতে রাজী আছে কিনা যে তারা গ্রামদানে যাবে। এই যদি থাকার ফলে কোন গ্রাম আসছে না। কাজেই যদি সত্যিকারের যে উদ্দেশ্যে এই গ্রামদান সেটাকে যদি সফল করতে হয় তাহলে এই যে আইন আছে, আইনে যে উপবিধি আছে এর কিছুটা পরিবর্তন করা দরকার। সেদিক থেকে ৫(খ) এবং (গ) এই দুটি ধারাতে যেখানে শতকরা ৭৫ ভাগ আছে সেটা যদি ৬০ ভাগ করতেন তাহলে এটা অন্তরায় হতোনা। কারণ কি? না, গ্রামের মধ্যে যারা বেশী জমির মালিক তারা গ্রামদানের মধ্যে যাবেনা, কাজেই ক্ষেত মজুর এবং গরীব চাষীদের যদি উৎসাহিত করতে চান তাহলে তার অন্য ব্যবস্থা করা উচিত। তৃতীয়তঃ হচ্ছে এই যে ল্যান্ড পুল যেটা ২৭ পরিচ্ছদের আছে এই ল্যান্ড পুলের ক্ষেত্রে কি রেখেছেন? না, যেটুকু জমি গ্রামদানের মধ্যে আসবে তার শতকরা ৫ ভাগ মাত্র ল্যান্ড পুলের মধ্যে যাবে এবং এই জমিগুলি ল্যান্ড পুলে আসার পর ল্যান্ডলেস পেজেন্ট অর্থাৎ ভূমিহীন কৃষকদের দেওয়া হবে শতকরা ৫ ভাগ। অথচ গ্রামের লোক সংখ্যা যদি আমরা হিসাব করি তাহলে গরীব চাষী এবং ক্ষেত মজুরের সংখ্যা হচ্ছে শতকরা ৬০ ভাগ। তাহলে এই ধরনের আইনে যদি বিধান থাকে যে মাত্র ৫ ভাগ জমি আসবে তাহলে এই শতকরা ৬০ ভাগ লোককে কি করে উদ্বুদ্ধ করা যাবে যে তোমরা গ্রামদানের মধ্যে এসো? সেইজন্য যদি আইনে শতকরা ২৫ ভাগ করতেন তাহলে বলা যেতে পারতো যদি তারা নিজেদের বাস্তব অভিজ্ঞতার ভিতর দিয়ে বুঝতো যে শতকরা ২৫ ভাগ জমি ল্যান্ড পুলের মধ্যে আসছে এবং সেই জমি বাটোয়ারা হবে গরীব কৃষক এবং ক্ষেত মজুরদের মধ্যে তাহলে তাদের মধ্যে একটা উৎসাহের সৃষ্টি হতো এবং তারা উদ্বুদ্ধ হতো অধিকাংশ গ্রাম গ্রামদানের মধ্যে আসার জন্য। চতুর্থ যেটা প্রতিবন্ধক সেটা কি, না উনি বলছেন যে গ্রামদানে আসার পর যেটা কন্ট্রিবিউশন হবে সেই কন্ট্রিবিউশন কি-না জমির মালিক যারা তারা ৪০ ভাগের এক ভাগ দেবে আর ভাগচাষী যারা তারা ৩০ ভাগের এক ভাগ দেবে। এইভাবে গ্রামদানের কোন উন্নতি করা যাবেনা।

[2-20—2-30 p.m.]

তাহলে একবিঘা জমির মালিক তাকে দিতে হচ্ছে ৪০ ভাগের এক ভাগ। আর ভূমিহীন চাষী বা গরীব চাষী তাকে দিতে হচ্ছে ৩০ ভাগের এক ভাগ। এখন মোটামুটি কন্ট্রিবিউশানের নামে একটা পরোক্ষ আদায়ের মনোভাব থেকে যাচ্ছে। ইনডাইরেক্ট ট্যাক্সেশান হচ্ছে। এখন এই ধরনের ট্যাক্সেশের ক্ষেত্রে সাধারণ গরীব লোকদের একটা বাধা থাকে বা রেজিটেন্স থাকে। কাজেই এটা এই ভাবে না করে গ্রাজুয়েটেড স্কেলে করা উচিত ছিল, যার ভিত্তি হতো
the more the surplus, the higher the contribution
এই জিনিষটা থাকা উচিত ছিল। কাজেই এই তিন নম্বর অধ্যায়ে তিনি কোন কিছু রাখলেন না। তারপর দশ নম্বর অধ্যায়ে সেক্রেটারী যিনি এ্যাপয়েন্টটেড হবেন তার গ্রামপরিষদের কোন অনুমোদনের দরকার নাই। কাজেই এই সেক্রেটারী যিনি এ্যাপয়েন্টেড হবেন তিনি একটি ক্ষুদে ডিকটেটর হিসাবে ঐ গ্রামপরিষদে থাকবেন। তার কাজের সম্বন্ধে সমালোচনা করা বা পরিষদের এ্যাপ্রুভালের কোন জিনিষ নাই। কাজেই গ্রাম দানের মধ্যে আসা একটা ভীতিজনক ব্যাপার হয়ে দাড়াবে। তারপর আরও অনেক ত্রুটি বিচ্যুতি আছে। সব শেষে আমি যে কথা বলতে চাই যে এই গ্রামপরিষদ এবং গ্রাম পঞ্চায়েতের যে বিরোধগুলি আইনতঃ থেকে গেছে সেগুলির কোন মীমাংসা হবে না। এখানে আরেকটা জিনিষ আছে গ্রাম দানের মধ্যে যে লোক আছে তার জমি হয়ত গ্রামদানের এলাকার বাহিরে আছে তাহলে সেই লোককে যেহেতু তার জমি অন্য জায়গায় আছে একটা অন্য পঞ্চায়েতের এলাকার অধীনে আছে তাকে ট্যাক্স দিতে হচ্ছে আবার যেহেতু গ্রাম পরিষদের অন্তর্ভুক্ত রয়েছে তাকে কন্ট্রিবিউশান দিতে হচ্ছে ১৩ নম্বর ধারা অনুযায়ী। কাজেই এই সব বিরোধগুলি আছে এই সমস্ত বিরোধগুলিকে সংশোধন করে একটা বিল আনবার চেষ্টা করতেন তাহলে সম্ভবপর হতো। আরেকটা জিনিষ রয়েছে হয়ত জমি দেবেন কিন্তু আমরা আমাদের অভিজ্ঞতায় যা দেখেছি তাতে সত্যিকারের গরীব যারা কৃষক [illegible] তারা পাবেনা। যদি [illegible] কৃষকদের উন্নতি করতে হয় যদি তাদের গ্রামদানের আদর্শে উদ্বুদ্ধ করতে হয় তাহলে আমাকে অন্য একটা দেশের নজীর দিতে হয়—এতে হয়ত অনেকে উষ্মা প্রকাশ করবেন। চীনে যখন এই ধরনের ঘটনা হয়েছিল তখন এই সমস্ত লোকের জন্য বিনা মূল্যে সার বিনা মূল্যে উন্নত বীজ তারা দিয়েছিল। এখানে এই ধরনে ব্যবস্থা যদি করতে পারতেন তাহলে গরীব মানুষরা তাড়াতাড়ি আসতে রাজী হতো। তাহলে সত্যিকারের গ্রামদানকে কাজে রূপায়িত করা যেতে পারত। কিন্তু উদ্দেশ্য তা নয়। যে উদ্দেশ্যে সংশোধনী এনেছেন সেখানে কি হচ্ছে না গ্রাম কো-অপারেটিভ কমনওয়েল্থ হয়ে যাচ্ছে। এই কো-অপারেটিভ-এর মধ্যে ২৫।৩০ বিঘার মালিকও থাকবেন আবার ৭৫ বিঘার মালিকও থাকবে আবার ১ বিঘা দেড় বিঘা জমির মালিক ভাগচাষীও থাকবে। হারীর সঙ্গে ব্যাং কাদায় পড়লে যেমন ব্যাং মুষড়ে যায় এখানে সেই রকম অবস্থা হচ্ছে। গরীব ক্ষেত মজুরদের এই কো-অপারেটিভ কমনওয়েল্থ এর মধ্যে এনে তাদের একেবারে নিঃশেষ করা হচ্ছে। এই ভাবে না করে এই অংশগুলি যদি পরিবর্তন করে বিলটা আনতেন তাহলে হয়ত আমরা সমর্থন করতে পারতাম। কাজেই আমি দাবী করছি যে বিলটা জনমত সংগ্রহের জন্য প্রেরিত হউক। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

মিঃ স্পীকার স্যার, এই গ্রাম দান আইনের সংশোধনীর উপর যে সার্কুলেশান মোশান আমি এনেছি তার সমর্থনে আমি একথা বলছি যে মাননীয় মন্ত্রিমহাশয় সংশোধনী যেটা এনেছেন এটার বিরোধিতা করা নিশ্চয়ই আমাদের উদ্দেশ্য নয়, কারণ এই আইনের উদ্দেশ্য মহৎ। কিন্তু একটা জিনিস গতকাল তিনি যখন তাঁর প্রারম্ভিক বক্তৃতা দিচ্ছিলেন তখন আমরা আশা করেছিলাম যে গ্রাম দান আন্দোলন বা ভূদান আন্দোলন বাংলাদেশে কতদূর ফলপ্রসূ হয়েছে, কত জমি এর আওতায় এসেছে এবং কিভাবে গ্রামদান গ্রাম গড়ে উঠছে এ সম্পর্কে তিনি একটা বর্ণনা দেবেন। কিন্তু আমি খুবই দুঃখিত যে তিনি সে ধার দিয়ে গেলেন না। তিনি বললেন যে কেন্দ্রীয়

সরকারের ইচ্ছা যাতে এই রকম সংশোধনী আসে, তাই আমি এই সংশোধনী এনেছি। আমি বুঝতে পারছি না যে গ্রামদান আন্দোলন আজ কি পর্যায়ে আছে, কত জমি আছে, সেখানে গ্রামদান গ্রাম গড়ে ওঠার সম্ভাবনা আদতে আছে কিনা ? যদি না থাকে তাহলে সমবায়ের ভিত্তিতে গ্রামদান এইরকম একটা সংশোধনী আনা স্বপ্ন ছাড়া আর কিছু নয়। আমি আমার সারকুলেশান মোশানে যেটা বলতে চাচ্ছি সেটা হচ্ছে আরো কিছু কিছু খুঁত মূল আইনে আছে, যেমন গ্রামদান এ্যাক্টে গ্রাম আদালত বলে প্রভিশন আছে। এর আগে যখন এই আইন বিধানসভায় আসে সেই সময় আমরা বলেছিলাম যে গ্রাম আদালতের যে জুরিসডিকশান সেই জুরিসডিকশানের ক্ষেত্রে ভেগ টারম আছে। ওঁরা বলছেন গ্রাম আদালত বিচার করবে Any dispute of civil nature.

সেটা যে কি ধরনের বিচার, কোন দেওয়ানী সংক্রান্ত সমস্ত বিরোধই গ্রাম আদালত বিচার করতে পারবে কিনা এই সম্পর্কে কোন ক্লারিফিকেসান নেই। আমার মনে আছে আমি যখন একবার শ্যামাদাস বাবুর কাছে রাইটার্সবিল্ডিং-এ ডেপুটেশনে গিয়েছিলাম সে সময় তাঁরই বিভাগের একজন কর্মচারী এই কথা বলেছিলেন যে এটা নিয়ে বিরোধের সূত্রপাত হতে পারে, কাজেই এর সংশোধনী দরকার। স্বভাবতই আমরা আশা করেছিলাম যে এবারে যে সংশোধনী আসবে অন্ততঃ এ ডিসপিউট অফ সিভিল নেচার, যেটা ভেগ টার্ম তার সংশোধনী এখানে থাকবে সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তারা যখন বলছেন। কিন্তু আমি খুব দুঃখিত যে শ্যামাদাস বাবু সেরকম কোন প্রস্তাব আনেন নি। তাই সারকুলেশান মোশান দেবার ক্ষেত্রে আমি যে কথাটা জোর করে বলার চেষ্টা করছি যে এর যা খুঁত আছে সে সম্বন্ধে শ্যামাদাস বাবু ভাল করে চিন্তা করেন নি। কেন্দ্রীয় সরকারের নির্দেশে, বিনোবাজীর নির্দেশে বা অমুকের অনুরোধে এই রকম না করে এই ভবিষ্যত কি হতে পারে, গ্রামদানের সত্যিকারের স্বরূপ কি হতে পারে, তার গঠনতন্ত্র কি হতে পারে এগুলি সম্পর্কে যেন সুষ্ঠুভাবে বিল আসে এই অনুরোধ করছি এই রকম একটা মহৎ বিষয় বিচার করে সংশোধনী যেন বিধানসভায় না আনা হয়। তাঁর কাছে অনুরোধ এই যে গ্রামদান আন্দোলনকে সফল করবার দায়িত্ব তাঁদের। আজকে কোন্ জমিদার বা জোতদার জমি দেবেন তার জন্য অপেক্ষা না করে সরকারের হাতে তো বহু খাস জমি আছে। আজকে সমবায়ের কথা বলছেন। আমরা জানি পশ্চিমবাংলা এক একটা গ্রামে অনেক জায়গায় লাগুয়া, অনেক ভাল খাস পতিত পড়ে আছে। সেগুলি ওঁরা গ্রামদানে দান করতে পারেন এবং সেখানে ভূমিহীন চাষীদের নিয়ে গ্রামদানকে গড়ে তোলার জন্য এক্সপেরিমেন্ট করতে পারেন কিন্তু এরকম কোন প্রচেষ্টা সরকারের নেই। কিন্তু বিনোবাজীর দোহাই দিয়ে, মানুষের ওই বুদ্ধির দোহাই দিয়ে বারবার বিধানসভায় এই রকম বিল এনে এর মহৎ উদ্দেশ্যকে অপমান করা হবে। সেজন্য আমি এই বিলটাকে জনমত সংগ্রহের জন্য সার্কুলেসনের দাবী জানাচ্ছি।

Shri Balai Lal Das Mahapatra: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক বছর যেতে না যেতে মাননীয় মন্ত্রিমহাশয় আবার দ্বিতীয় বার গ্রামদান বিলের সংশোধনী নিয়ে এসেছেন। অবশ্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে এটা কোন আশ্চর্যের কথা নয়, কেননা কালকেই আমরা দেখলাম যে পঞ্চায়েত বিল এলো পরশুদিন পঞ্চায়েত বিল নিয়ে এলেন পঞ্চায়েত মন্ত্রিমহাশয় এবং কালকে তিনি নিজে দাঁড়িয়ে ৭।৮টা সংশোধনী এনেছেন অর্থাৎ ওঁরা যখন বিল আনেন তখন কিছু চিন্তাও করেন না, তার মানে এত অস্থির-চিত্ত ওঁরা যে এদের কোন সুদূরপ্রসারী চিন্তাধারা থাকেনা যার জন্য আজকে যে বিল আনছেন, আইন পাশ করছেন তার পরের দিন আবার তা পরিবর্তন করতে হচ্ছে। এক বছর হল এই গ্রামদান বিল পাশ করানো হয়েছে। কালকেই মাননীয় মন্ত্রিমহাশয় নিজেই বলেছেন যে আমরা এই গ্রামদান আইনটাকে এখনও বাংলাদেশের কাজে লাগাতে পারিনি কোথাও, এমন কি তিনি কালকে নিজে স্বীকার করেছেন যে গ্রামদান সংক্রান্ত ব্যাপারে আইনের যে নিয়মাবলী তাও প্রস্তুত হয়নি। কাজেই আজ কেন এই বিলটা নিয়ে আনছেন তা বুঝতে পারিনা। যদি

সরকারের কোন আন্তরিকতা না থাকে তাহলে এই সব বিল এনে লাভই বা কি? আবার তিনি নিজেই স্বীকার করেছেন যে বিনোবাজীর পরামর্শমত তিনি এখানে বিলটা এনেছিলেন এবং এই এ্যাক্ট পাশ করেছেন। এবং এখন এ কাজের দায়িত্ব আছে।

[2-30—2-40 p.m.]

কিন্তু যে আইনকে কার্যকরী করবার দায়িত্ব সরকারের নেই সেটা তাঁরা নিজেরাই স্বীকার করেছেন। গ্রামদান কর্মী বিশেষ করে চারু ভাণ্ডারীর নাম উল্লেখ করেছেন। দেখছি সরকারের দায়িত্ব নেই একবার করে তাঁদের কাছে পরামর্শ নেন এবং সংশোধনী এখানে তাঁদের পরামর্শ নিয়ে আবার নতুন সংশোধনী এনেছেন। কাজেই আমি দেখছি সরকারের দায়িত্ব নেই একবার করে তাঁদের কাছে পরামর্শ নেন এবং সংশোধনী এখানে নিয়ে আসেন। তিনি গ্রামদান কর্মীরা কি করছেন তার খোঁজ রখেন না। গ্রামদানের উদ্দেশ্য মহৎ। যদি কংগ্রেস সরকার এটা স্বীকার করতেন এবং পরিকল্পনা কমিশনের নির্দেশমত তাঁরা সংশোধন আনতেন, করাচী কংগ্রেসের সম্মতি অনুসারে এঁরা যদি ভূমি সংস্কার করতেন আমি মনে করি বিনোবাজীকে তাহলে পদপরিক্রমা করে গ্রামদান আন্দোলন করতে হত না। গ্রামদান আন্দোলন খুব ভাল জিনিষ সুতরাং সেটা আমরা সমর্থন করি। কিন্তু সরকার দেশের লোকের কাছে প্রেরণা হিসাবে এর কি করেছেন? মহাত্মা গান্ধী যে কথা বলেছিলেন যে আমাদের রিপাবলিক-এ পরিণত করতে হবে স্বয়ংসম্পূর্ণ হতে হবে, গ্রাম হবে স্বাবলম্বী এবং গ্রামকেন্দ্রিক। তিনি এই কথাই বলেছিলেন যে গ্রাম হবে সম্পূর্ণ স্বাবলম্বী। কিন্তু সেই গ্রাম তৈরী করার যা প্রেরণা সে প্রেরণার কি হল, যারা দেশের স্বাধীনতা অক্ষুন্ন রাখবে তাদের দিকেই আজ লক্ষ্য নেই। সেই পঞ্চায়েতের দিকেই আপনাদের আজ কোন লক্ষ্য নেই। বিনোবাজীর কথা বলেছিলেন, বিনোবাজী বলেছিলেন যে পঞ্চায়েতগুলি হচ্ছে একটা ঝগড়ার স্থান, আমি সে কথা বলায় পঞ্চায়েতমন্ত্রী খুব ক্ষুব্ধ হয়ে গেলেন, তিনি ধৈর্য হারালেন। কিন্তু সে যাই হোক আমি এই কথাই বলতে চাই যে পঞ্চায়েতের ভিতর দিয়েই আমাদের ভূমি সংস্কারের যথেষ্ট সুযোগ রয়েছে এদিকে এই গ্রামদান বিলের মধ্যে দিয়েই আজকে কিছুই দেখছিনা। গ্রামের লোকদের ভূমির অধিকার দিতে হবে, কো-অপারেটিভ করে গ্রামের লোকদের সুবিধা করে দিতে হবে এটা ভূমিরাজস্ব মন্ত্রীকে কি বলতে পারি যে বাংলা দেশের খাদ্য সমস্যার সমাধান করতে হয় যদি কৃষকের হাতে জমি না দেওয়া যায়, যদি উৎপাদনের দায়িত্ব তাদের যায় তা হলে বাংলা দেশের খাদ্য সমস্যার সমাধান কোনদিন হবে না, মূল উদ্দেশ্য হচ্ছে কৃষকের হাতে ভূমি দেওয়া। সুতরাং এটা যদি আন্তরিকতার সঙ্গে আমরা গ্রহণ করতে না পারি তা হলে এরূপ আইন করে কোন লাভ হবে না। আর একটা কথা এখানে বলি যখন এই যে বিল এসেছে সেই বিলের যা নীতি সেটা যখন স্বীকার করে নিয়েছেন তখন এটা যথাযথভাবে পালিত করবার চেষ্টা করছেন না কেন যে জমি কৃষকের হাত থেকে গ্রামের লোকের হাত থেকে নিয়ে নিয়েছেন তা আজ কৃষকদের মধ্যে বিলি করবার ব্যবস্থা করছেন না কেন। আমি আর একটা কথা বলতে চাই সুরেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় বলেছিলেন যে আমি বুঝতে পারছিনা এরা কেন বিনোবাজীর পিছনে পিছনে ঘোরেন, তাদের হাতে আইন আছে, ক্ষমতা আছে তারা কেন ভূমি সমস্যার সমাধান করছেন না? আমিও তাই বলি যে আপনাদের যে উদ্দেশ্য, সে উদ্দেশ্য ভাল নয় কারণ তা যদি হত তাহলে আপনারা এই বিনোবাজীকে সামনে রেখে এভাবে কাজ করতেন না। আজকে বিনোবাজীকে সামনে রেখে চাপ দেবার চেষ্টা করা হচ্ছে, আজ এরূপ যদি কেউ আন্দোলন করে তা হলে তাকে দোষ দেবার কারণ নেই। এই যে বিল আনা হয়েছে এই বিলকে সার্কুলেশন মোসানএ দেবার জন্য আমি অনুরোধ করছি, জনমত গ্রহণ করে গ্রামে যে সমস্ত কর্মী আছে তাদের কোন রকম মত না নিয়ে আপনারা এটা করছেন। আমি তাই গভর্নমেন্টকে বলবো যে আপনারা তাদের মত গ্রহণ করুন। আপনারা ভালভাবে আইন পাস করুন। আমি সেইজন্য বলছি আপনারা এটা সার্কুলেসান মোশান জনমত প্রচারের জন্য দিন।

শ্রীপাঁচু গোপাল ভাদুড়ী: মাননীয় স্পীকার, স্যার, বিশ্বাস করবেন কিনা জানিনা কিন্তু আমা কংগ্রেসের নীতি এবং মন্ত্রিমণ্ডলীর বিবেকের কথা বিবেচনা করে সেই বিবেকের দংশন আমা পশ্চিম বাংলার ক্যাবিনেট-এর যদি থাকে কারণ তারা কালেকটিভলি কাজ করেন। আমি শ্যামাদা বাবুকে বলবো তিনি যদি তাঁর ভাল মনোভাব থেকে এই বিল এনে থাকেন তাহলে আমি বল এই বিবেকের দংশনের মধ্যে যেমন পাক ভারত যুদ্ধের পর এবং গম নিয়ে আমেরিকার ব্ল্যা মেলের পর আমরা আশা করেছিলাম যে ফসল উৎপাদনের জন্য কংগ্রেস ভূমিহীন কৃষককে উদ আহ্বান জানাবে যে তোমরা গ্রামে সংঘবদ্ধ হও এবং সমস্ত পতিত জমি নাও। গভর্নমে তোমাদের ধান বীজ দেবে তোমাদের সার দেবে তোমরা জমি চাষ করো, তোমরা বাংলা দে ফসল বাড়াও, আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হব। আমরা বলবো তোমরা সংঘবদ্ধ হও কা তোমরাই সাক্ষাৎ উৎপাদক, তোমরা জমির মালিক, তোমরা সংঘবদ্ধ হয়ে দাবী কর। তোমা উৎপাদনের জন্য আমরা ঋণ, সার দেবো, ক্ষুদ্র সেচের ব্যবস্থা করবো। এরূপ একটা বির পরিকল্পনা আমরা আশা করেছিলাম। কিন্তু আমরা দেখলাম যে তখন তাঁরা সিমবলিক ভা নমুনা ভাবে এই গ্রামদান বিল নিয়ে এলেন যে গ্রামদান বিল ২ বৎসর আগে এসেছিল এ যার একটা কর্মও হয় নি। কারণ কংগ্রেসের নীতি এই সহর এবং গ্রামের ক্ষেত্রে ভিন্ন। সহ পুঁজিবাদী প্রথায় অর্থনৈতিক বিকাশ ও গ্রামে উৎপাদনের ক্ষেত্রে সামন্ততান্ত্রিক যে প্রথা রয়ে তাকেই বজায় রাখা। আমরা আশা করেছিলাম যে রেডিক্যাল একটা স্টেপ নেওয়া হবে। কি পাক ভারত যুদ্ধের পর গম নিয়ে আমেরিকার ব্লাক মেলিং-এর পর অতুল্য বাবু এবং প্রফু বাবু যে সমস্ত গ্যাস ছড়িয়ে ছিলেন সভায় সভায় সেই গ্যাসরূপী এই বিল আনা হয়েছে এর আগে যখন গ্রাম দান বিল আমাদের কাছে এসেছিল তখন গ্রাম দান সম্বন্ধে আমরা নীতি মূলক মনোভাব গ্রহণ করিনি, আমরা দেখেছি এই বিলের উদ্দেশ্য খারাপ নয়। কিন্তু আজকে যে বিল এসেছে এরূপ একটা সিমবলিক বিল এনে আমি মনে করি এই বিলের উদ্দেশ্য সাধি হচ্ছে না। আমি সে জন্য এই বিলের সারকুলেসান মোসান সমর্থন করি। আমি বলবে শুভবুদ্ধি বা শুভেচ্ছা মন্ত্রিসভার থাকা দরকার। বিশেষ করে আজকে গভীর দুর্দিন সাম্রাজ্যবাদী আমেরিকা যখন গম নিয়ে ব্ল্যাকমেলিং করছে। আজকে জোতদার প্রথা দূ করে কৃষকের হাতে জমি দেওয়ার ব্যবস্থা করা দরকার সে দিক থেকে সরকার একটা বি আনুন এবং যদি এটা সারকুলেসানে দেন তাহলে দেখবেন কি মতামত এর মধ্যে প্রকাশি হয়েছে। কেবলমাত্র নমুনামূলকভাবে নয় সামগ্রিকভাবে একটা বিল আনুন যাতে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পারে, যা দেশকে সমৃদ্ধশালিনী করবে যা দেশের সার্বভৌমত্ব বাঁচাবে এবং শক্তিশালী হাতিয়ার হিসাবে কাজ করবে।

Shri Apurba Lal Majumdar: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

Shri Sailen Adhikary: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th November, 1965.

[2-40—2-50 p.m.]

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের বক্তৃতা আমি শুনলাম মোটামুটি আমি দেখলাম যে গ্রামদান আন্দোলনকে সকলেই সমর্থন করেছেন কেবল মাত্র আইনের কতকগুলি ধারা সম্বন্ধে তাঁরা উল্লেখ করেছেন এবং বলেছেন এগুলি সংশোধন করা উচিত ছিল। মাননীয় সদস্যদের কেউ কেউ ১৬ নং ধারা সম্বন্ধে বলেছেন। অন্য কতকগুলি ধারার কথাও উল্লেখ করা হয়েছে, যে ধারাগুলি সংশোধন করা উচিত ছিল বলে মাননীয় সদস্যদের মধ্যে কয়েকজন বলেছেন। যেমন ১৬ নং ধারা সংশোধনের জন্য অশ্বিনী বাবু বলেছেন, ২৩ নং ধারা সংশোধনের জন্য নাথানিয়েল মুর্মু বলেছেন। কিন্তু এই সম্পর্কে আমি এইটুকু বলতে পারি যে বর্তমান বিলের পরিসর খুবই অল্প। বর্তমান বিলে কতকগুলি ত্রুটি সংশোধন করতে চেয়েছি।

আমি আগেই বলেছি, আমার প্রারম্ভিক বক্তৃতায় যে গ্রামদান আন্দোলন মূলতঃ সর্বসেবা সংঘ কর্তৃক পরিচালিত। গ্রামদান আন্দোলন সরকার করছেন না। কিন্তু গ্রামদান আন্দোলনকে সফল করবার জন্য সরকার সর্বপ্রকার সাহায্য দেবেন বলে, এই পরিকল্পনা করে নিয়েছেন। এই পরিকল্পনা গ্রহণ করেছেন, তার কারণ হচ্ছে, ভূমি সংস্কার করবার জন্য সরকারের একটা নিজস্ব, বিশিষ্ট ভূমিকা আছে। সরকার ভূমি সংস্কার সম্বন্ধে কতকগুলি আইন করেছেন, জমিদারী প্রথা বিলোপ করেছেন, মধ্যস্বত্ব বিলোপ করেছেন, নিজের হাতে অনেক ভূমির ম্যানেজমেন্ট গ্রহণ করেছেন, এবং রায়তের পুরাপুরি স্বত্ব দিয়েছেন, এবং জমির উর্ধ্বসীমা বেঁধে দিয়েছেন, এবং বাড়তি জমি গ্রহণ করে রায়তের মধ্যে বিলি করবার ব্যবস্থা করেছেন। যেখানে সাঁজা জমি ছিল, সেই সাঁজা জমির দরুন কৃষক প্রজাকে অনেক পরিমান বেশী খাজনা দিতে হ'ত, সেই খাজনা কমিয়ে খুব কম করে ফেলা হয়েছে। নানাভাবে ভূমি সংস্কার করবার জন্য চেষ্টা করা হচ্ছে সরকারের তরফ থেকে। কিন্তু আমরা সেই সঙ্গে এ কথাও স্বীকার করি যে আচার্য বিনোবাজী যেভাবে চেষ্টা করছেন, বা চেষ্টা করতে চান ভূদান আন্দোলনের ভিতর দিয়ে, বা গ্রামদান আন্দোলনের ভিতর দিয়ে, তারও একটা সর্থকতা রয়েছে। আমি এটা মনে করি গ্রামদান আন্দোলন যদি সফল হয়, তাহলে আমাদের যে ভূমি সংস্কার পরিকল্পনা রয়েছে, তারও সুবিধা হবে, এবং গ্রামের মধ্যে অনগ্রসর সম্প্রদায়, দরিদ্র কৃষক সম্প্রদায় যারা রয়েছে, তারাও উপকৃত হবে। সেইজন্য আমি ভূদান আন্দোলন এবং গ্রামদান আন্দোলনের প্রতি সহানুভূতি জানাবো ও সাহায্য করবো। সর্বপ্রকার সেই আন্দোলনের প্রতি যত প্রকার সাহায্য করা দরকার, তা আমরা অবশ্যই করবো। এই সম্পর্কে, বলাই বাবু এই মাত্র বলছিলেন যে আমরা কিছুই করছি না কেন? আমি তাঁকে বলতে চাই, আমরা আন্দোলন করছি না, আমরা আন্দোলনে সাহায্য করতে চাচ্ছি। ভূদান আন্দোলনের নেতৃত্ব গ্রহণ করেছেন বিনোবাজী। তাঁর কার্যকর্তৃবৃন্দ ও কর্মীদের মধ্যে শ্রদ্ধেয় চারু বাবুর নাম উল্লেখ করা যায়। এবং এই কথা আমি আজও বলছি, এই যে আইন, এটি রচিত হয়েছে আচার্য বিনোবাজীর পরামর্শক্রমে, এবং আইনটি যে সংশোধন করা হচ্ছে, তাও বিনোবাজীর পরামর্শক্রমে ভারত সরকার, আমাদের গ্রামদান আইনে সমর্থন জানাবার সময়, কতকগুলি পরামর্শ দিয়েছিলেন এবং সুপারিশ করেছিলেন, এবং এই পরামর্শ ও সুপারিশ অনুযায়ী কাজ করবার জন্য আচার্য বিনোবাজী এবং শ্রদ্ধেয় চারু বাবুর সঙ্গে আলাপ আলোচনা করা হয়েছে, এবং তাঁদের পরামর্শ অনুসারেই এটা করা হয়েছে। এই আন্দোলন যতটুকু সফলা হয়েছে বা হবে বা যেটুকু অনুকূল আবহাওয়া সৃষ্টি হয়েছে বলে মত প্রকাশ করা হয়েছে, তার সম্পূর্ণ কৃতিত্ব সরকারের একার নয়, এই আন্দোলনে যারা অংশ গ্রহণ করেছিলেন এই আন্দোলনের যাঁরা কর্মী, তাদেরও। এই সম্পর্কে স্বর্গত নেহেরুজী একদিন এই ভাবে বলেছিলেন, এই যে আন্দোলন

"This movement has great significance for what it had achieved and for the new psychology it created about land and land holdings and about the terrific passion for private possession of land. The Gramdan villages could offer the best chance of putting the Co-operative endeavour into effect in view of the fact that the usual difficulty arising out of individual ownership of land did not obtain."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামদানের প্রধান লক্ষ্য হলো গ্রামরাজ গঠন। সমগ্র গ্রামই সম্পদ হবে একটি পরিবারের মত। উৎপন্ন সম্পদ প্রয়োজনের ভিত্তিতে ন্যায়সঙ্গত বণ্টন করবার নীতি এখানে প্রযোজ্য হবে। গ্রামদানের জমিগুলি হবে সর্বসাধারনর সম্পত্তি। অথবা বলা যায় গ্রাম সমাজ বা গ্রাম পরিষদ গ্রামের সব জমি সকলের জন্য অছিরূপে পরিচালনা করবার ব্যবস্থা করবেন। গ্রামের সমস্ত প্রাপ্ত বয়স্ক ব্যক্তি গ্রাম পরিষদের সদস্য হবে। এই হচ্ছে আমাদের পরিকল্পনা।

গ্রামদান আন্দোলন, আবার বলছি, একটা পুরাপুরি বে-সরকারী আন্দোলন এবং আমরা এই আন্দোলনের সাফল্য কামনা করি এই জন্য যে এই আন্দোলন সফল হলে আমরা যাদের উপকার করতে চাই ওয়েল ফেয়ার স্টেট হিসেবে বা ভূমি সংস্কারের দ্বারা যাদের উপকার

করবার কথা ভাবি, তাদের উপকার করা এই ভূদান আন্দোলনের সাফল্যের মধ্য দিয়ে কিছুটা পরিমাণে হতে পারে। সেইজন্য এই আন্দোলনে আমরা সর্বপ্রকারে সাহায্য করছি, এই কয়েকটী কথা বলে মাননীয় সদস্যদের কাছে এই বিধেয়কটী গ্রহণ করবার জন্য অনুরোধ করছি।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon was then put and lost.

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal Gramdan (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 and 2

The question that clauses 1 and 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 3

Shri Aswini Roy: I move that in clause 3, lines 4-7, for the words beginning with "any group" and ending with "the Bengal Co-operative Societies Act, 1940", the words "a Co-operative Society formed by landless persons, registered under the provisions of the West Bengal Co-operative Societies Act, 1940" be substituted.

আমার এই সংশোধনী খুব ছোট। উনি এই যে গ্রুপের কথাটা বলছেন, এই গ্রুপের যদি কোন ডেফিনেসন দিতেন তাহলে আমার এই অ্যামেন্ডমেন্ট মুভ করতে হতো না। কিন্তু তিনি গ্রুপ এর কোন ডেফিনেসন দেন নাই। সেটা দেওয়া দরকার, না হলে পরে অসুবিধা হবে। উনি যেটা সংশোধন করতে চাচ্ছেন তাতে হচ্ছে যে

Such landless persons residing in the Gramdan village as he thinks fit তারপর any landless person or persons residing in the Gramdan village including any group of such persons who form a co-operative society registered under the provisions of the Bengal Co-operative Societies Act, 1940.

এখন এই গ্রুপ কথাটা বাদ দিয়ে যদি ঐ ল্যান্ডলেস কথাটা বসান হয়, তাহলে আমার মনে হয় পার্টিকুলার ল্যান্ডলেসদের জন্য কো-অপারেটিভ হলে সেই কো-অপারেটিভ কথাটা আরো স্পষ্ট হয়। আর এই গ্রুপ কথাটা যদি থাকে, তাহলে তার মধ্যে ল্যান্ডলেসরাও থাকতে পারে, আবার বিগ ল্যান্ড ওনার্সরাও থাকতে পারে, মাঝারী ল্যান্ড ওনার্সরাও থাকতে পারে। কাজেই এই রকম বিস্তৃত লোক নিয়ে যদি কো-অপারেটিভ হয়, তাহলে কোঅপারেটিভ-এর অবস্থা কি হবে? যিনি কো-অপারেটিভ সোসাইটিতে থাকবেন, তাঁকে মাঝে মাঝে কো-অপারেটিভ থেকে লোন নিতে হতে পারে। এই ল্যান্ডলেসরা কমন পুল থেকে এক বিঘা জমি যদি পান তাহলে ভবিষ্যতে তাদের দেনার দায়ে অন্য সমস্ত অস্থাবরের জন্য সেই এক বিঘা হস্তান্তরিত করতে হবে। সেইজন্য আমার এই সংশোধনী। আমি ঐটা একেবারে ক্যাটাগরিকেলি বাদ দিয়ে দিতে বলছি। যারা ঐ গ্রুপের মধ্যে থাকছে সেখানে বড় জোতদার, বড জমির মালিক না আসতে পারে সেই জন্য সেটা পরিবর্তন করে ঐ ল্যান্ডলেস কথাটা করতে চাচ্ছি।

Shri Nathaniel Murmu: Sir, I beg to move that in clause 3, lines 4-5, the words "including any group of such persons" be omitted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, অশ্বিনীবাবু যে কথা বললেন আমার সংশোধনীতেও ঠিক সেই কথাই বলা আছে। আমি এনি গ্রুপ অব সাচ পার্সন্স একথাটাকে অমিট করতে বলেছি। এর কারণ হচ্ছে এই এনি গ্রুপ অব সাচ পার্সন্স ইনক্লুডিং যারা জমিওয়ালা তারাও থাকবে এই আশঙ্কা আমি করছি। জমিওয়ালা লোক কো-অপারেটিভের মধ্যে গিয়ে ভূমিহীন লোকেরা যারা কোঅপারেটিভ করছে তাদের তারা বিপদাপন্ন করে তুলতে পারে। সেইজন্য এই ইনক্লুডিং এনি গ্রুপ অব সাচ পার্সন্স এই কথা বাদ দেবার জন্য অনুরোধ করছি।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের আশংকা হচ্ছে এই গ্রুপ অব সাচ পার্সন্স বললে এর ফাঁক দিয়ে বড় বড় জোতদার, ধনী, মহাজন, তারা ঢুকে পড়বে। কিন্তু মাননীয় সদস্য যদি একবার দেখেন তাহলে দেখবেন আমরা বলেছি ল্যান্ডলেস পার্সন্স, এই হল এক নম্বর। দুই নম্বর হচ্ছে, ল্যান্ডলেস পার্সন্স যদি কো-অপারেটিভ সোসাইটি গঠন করে তাহলে তারাই এই সুযোগটা পাবে। এই যে বলা হচ্ছে গ্রুপ অব ল্যান্ডলেস পার্সন্স এই ল্যান্ডলেস পার্সন্সের একটা ডেফিনিশন আছে এবং সেটায় বলা হয়েছে গ্রুপ অব ল্যান্ডলেস পার্সন্স ক্যাননট ইনক্লুড পার্সন্স হু হ্যাভ ল্যান্ডস, এখানে সাচ পার্সন্স কোয়ালিফাই করছে ল্যান্ডলেস পার্সন্সকে। সুতরাং ল্যান্ডলেস পার্সন্সের গ্রুপ একথা বলার পর কেন আশংকা হবে? গ্রুপ বলার ফাঁক দিয়ে ল্যান্ড ওয়ালা লোক অথবা বড় জোতদার অথবা ধনী ব্যক্তি, মহাজন, বড় বড় ব্যাপারী লুকিয়ে ঢুকতে পারবে আমার মনে হয় সেই আশংকা অমূলক, এই আশংকার কোন সত্যতা নেই।

[2-50—3 p.m.]

The motion of Shri Aswini Roy that in clause 3, lines 4-7, for the words beginning with "any group" and ending with "the Bengal Co-operative Societies Act 1940" the words "a Co-operative Society formed by landless persons, registered under the provisions of the West Bengal Co-operative Societies Act 1940" be substituted, was then put and lost.

The motion of Shri Nathaniel Murmu that in clause 3, lines 4-5, the words "including any group of such persons" be omitted, was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 4 and 5 and preamble

The question that clauses 4 and 5 and preamble do stand part of the bill was then put and agreed to.

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Gramdan (Amendment) Bill, 1965 as settled in the Assembly be passed.

শ্রীবলাই লাল দাস মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত মনোযোগ সহকারে মাননীয় রাজস্ব মন্ত্রীর যে জবাব তা শুনেছি। তিনি বলেছেন যে গ্রামদান আন্দোলনকে তাঁরা সাহায্য করবেন কিন্তু আমার অভিযোগ হচ্ছে তাঁদের সেই সাহায্যের মধ্যে আন্তরিকতা নেই। সারা ভারতবর্ষের মধ্যে যত গ্রামদান হয়েছে তার মধ্যে বাংলা দেশে সবচেয়ে কম গ্রামদান হয়েছে। এখানে মাত্র ৩।৪ শত গ্রাম পাওয়া গিয়াছে, আবার এর মধ্যে কিছু ফ্রডও আছে, আমি তার মধ্যে যাচ্ছিনা। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বিহারের দিকে তাকাতে বলছি। বিহারে গ্রামদান তুফান আন্দোলন চলছে, সেখানে এক মাসের মধ্যে ২॥ হাজার গ্রামদান পেয়েছে এবং সেখানকার সরকার বিশেষভাবে সাহায্য করছেন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য : আমি মাননীয় সদস্যকে সবিনয় জিজ্ঞাসা করছি কোন্ মাসে কোন্ বছরে?

শ্রীবলাই লাল দাস মহাপাত্র : এবছরে, আজকের কাগজে বেরিয়েছে, বিহারে গ্রামদান তুফান আন্দোলনে ২॥ হাজার গ্রামদান বিনোবাজীর সাফল্য। সেইজন্য আমি বলতে চাই আপনারা যে গ্রামদানে সাহায্য করছেন কি ধরনের সাহায্য করছেন? কারণ আজ পর্যন্ত আপনারা নিয়মাবলী তৈরী করতে পারেননি। তিন চার শত গ্রামকে কার্যকরী করার জন্য, এখানে সরকারী দায়িত্ব আছে। এদিকে আপনারা পঞ্চায়েত আইন যেটা করছেন তার সুযোগ তারা পাচ্ছেনা। আবার গ্রামদানী গ্রাম হওয়ার জন্য

সে সুযোগও তারা পাবেনা। তাহলে সেই লোকগুলি দুদিক থেকে বঞ্চিত কেন হবে? কাজেই এখানে সরকারের দায়িত্ব আছে। সেইজন্য আমি বলছি যে এই আইন পাশ হলে নিশ্চয়ই আপনাদের দায়িত্ব থাকবে এবং আমি আশা করবো যে আপনারা সে দায়িত্ব পালন করবেন।

শ্রীশ্যামাদাস ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছিলাম একথা যে সরকারের দায়িত্ব আছে নিশ্চয়ই, এবং সরকার তার দায়িত্ব পালন করছেন কিন্তু আবার আমি সবিনয়ে ঘোষণা করতে চাই যে এই বিষয়ে আন্দোলন পরিচালনার দায়িত্ব সর্বসেবা সংঘের এবং সর্বসেবা সংঘের শ্রদ্ধেয় কর্মী যাঁরা আছেন তাঁরা আন্দোলন পরিচালনা করছেন এবং আমরা সরকার থেকে সেই আন্দোলনে সহায়তা করছি মাত্র এবং আন্দোলনের ফলে যেখানে বেশী গ্রামদান পাওয়া গিয়েছে এবং ভাল কাজ হচ্ছে সেই সব জায়গায় তার কৃতিত্ব দাবী করতে পারেন সর্বসেবা সংঘের কর্মীরা, ভূদান কর্মীরা এবং সর্বোদয় কর্মীরা। সরকার তারজন্য কৃতিত্ব দাবী করতে পারেন না। স্যার, সমস্ত ভারতবর্ষে এটা একই প্যাটার্ণে চলছে, এই আন্দোলন পিয়োরলি ভলান্টারি মুভমেন্ট বলে পরিচালিত হয় এবং সরকার তাতে সাহায্য করেন। এখানে এপর্যন্ত রুলস্ করিনি বলে উনি অভিযোগ করলেন। আমি সবিনয়ে আবার বলছি যে আমরা বিনোবাজীর সংগে এবং এখানে যিনি স্থানীয় কর্মী শ্রীযুক্ত চারুচন্দ্র ভান্ডারীর সংগে যোগাযোগ করে রুলসই বলুন আর আইনই বলুন সমস্ত করে থাকি। এখন চারু চন্দ্র ভান্ডারী মহাশয় কুচবিহার সীমান্তে গঠনমূলক কার্যে ব্যাপৃত আছেন, তিনি সেখান থেকে এলে আমাদের সংগে বসে এই বিষয়ে চূড়ান্ত নিষ্পত্তি করবেন। সুতরাং এ বিষয়ে আমাদের যতটুকু দায়িত্ব সেটা পালন করবার চেষ্টা করছি কিন্তু দায়িত্ব পালন করবার আগে এবং পরে সব সময় আমরা বিনোবাজী এবং তাঁর অনুবর্তী কর্মীদের পরামর্শ গ্রহণ করে থাকি।

শ্রীবলাই লাল দাস মহাপাত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের জ্ঞাতার্থে একটা কথা বলছি। আপনি জিজ্ঞাসা করেছিলেন যে কোন বছর, কোন মাস? এটা এই বছরের এই মাসেরই খবর।

The motion of Shri Syamadas Bhattacharyya that the West Bengal *Gramdan* (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

THE BENGAL CO-OPERATIVE SOCIETIES (AMENDMENT) BILL, 1964, AS REPORTED BY THE JOINT COMMITTEE.

[3—3-10 p.m.]

Shri Tenzing Wangdi: Sir, I beg to move that the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1964, as reported by the Joint Committee, be taken into consideration.

In submitting this motion to the House I may point out that the Joint Committee considered the Bill in sitting spread over 8 days and went into very great detail with respect to each and every provision of the Bill in the context of the provisions of the Co-operative Societies Acts of other States of the Indian Union and of the model Bill of the Government of India. The Committee was also furnished with copies of the Report of the Committee appointed by the Government of India together with a copy of the Model Bill, the Report of the Committee appointed by the State Government and the copies of the Administration Report for the last few years. I shall be failing in my duty if I were not to acknowledge with gratitude the services of my honourable friends, the members of the Joint Committee, who gave so much of their time and thought to the Bill.

Sir, it is not necessary at this stage to acquaint the House with all the changes that have been introduced in the Bill by the Joint Committee. I may be permitted, however, to bring to the notice of the House some of the important changes. I am very glad to say that almost all the changes in the Bill were made on an agreed basis.

Clause 4 has been omitted by the Joint Committee with a view to prevent delegation of certain important powers by the Registrar to his subordinate officers. The Joint Committee thought that section 12 of the Act itself was not essential and they have omitted Section 12 by a change in Clause 5. By an amendment of Section 13 (new Clause 5A) a time for registration of a Co-operative Society has been sought to be imposed. A new Clause 6A has been added for facilitating voluntary and ultimately compulsory amalgamation and division of Co-operative Societies. In omitting Clause 11 of the Bill, the Joint Committee thought that powers of a drastic character need not be conceded to the Registrar to enable him to supersede the Managing Committee. By the addition of a new clause 18A provision has been sought to be made for charge on immovable property of members borrowing from certain societies in addition to the charge generally upon crops or produce under the existing provision of Section 47 of the Act. A provision like this was suggested to the State Government by the Reserve Bank of India. By a change in clause 23, students of educational institutions who have not attained majority shall be eligible for membership of Co-operative Societies. This will enable them to form Co-operatives of their own. The Joint Committee was not in favour of ousting the jurisdiction of the Civil Court altogether and so they have omitted clause 45 of the Bill. The change in clause 46 makes it obligatory upon the State Government to constitute a Tribunal for hearing appeals in matters relating to Co-operative disputes and the Tribunal has been sought to be put at par with an Appellate Court. Clauses 49 and 51 have also been changed by the Committee.

With these few words, Sir, I commend my motion for the acceptance of the House.

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই কো-অপারেটিভ বিলের জয়েন্ট সিলেক্ট কমিটির একজন সদস্য ছিলাম, আমি আমার নোট অব ডিসেন্ট কাগজের মধ্যে দিয়েছি। আমার বক্তব্য আমি গোড়াতেই রেখেছিলাম যে আমরা সকলেই অনুভব করছি সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ এবং যারা কো-অপারেটিভ নিয়ে কাজ করেন এবং সকলে যারা এই ব্যাপারে ইন্টারেস্টেড তারা সকলেই অনুভব করেন যে কো-অপারেটিভে এমন অনেকগুলি ফাঁক রয়েছে যেগুলি মেরামত করা দরকার। এবং যেগুলি সম্বন্ধে আমার ধারণা নতুন করে আগাগোড়া ঢেলে সেজে আইন আনা উচিত ছিল। কিন্তু আমরা এখানে যে কিছুটা দেখলাম যে কয়েকটি গাইডিং প্রিন্সিপ্যাল দিয়ে কয়েকটি ক্লজের উপর ছিল বলে জয়েন্ট সিলেক্ট কমিটি যতই বসুক আলোচনা করে থাকুক তার কাঠামোর মধ্যে করতে পেরেছি তার বাহিরে পারিনি এই কথাটি স্বীকৃত হয়েছে। আমি আমার মূল বক্তব্য গোড়াতে বলেছিলাম যে একটা নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে দেখার জন্য আমি সরকারকে অনুরোধ করেছিলাম। আজ দেশে নতুন অর্থনৈতিক ভাঙ্গনে আমরা অনেকগুলি নতুন শ্রেণী গড়ে উঠতে দেখছি। আবার অনেক পুরানো শ্রেণী ভেঙে যাচ্ছে, ক্লাশ স্প্লিটিং। মানুষ যেমন ঢেউয়ের মধ্যে বান এলে হাবুডুবু খায় তেমনি অর্থনৈতিক সমুদ্রে অনেক মানুষ ডুবে যাচ্ছে, আবার কেউ সাঁতার কাটছে আবার কেউ সাঁতার কেটে এসে উঁচু জায়গায় চলে যাচ্ছে।

এখন কো-অপারেটিভকে ওঁরা সকলে এক চোখেতো দেখেন না এবং কো-অপারেটিভের মধ্যে অনেক ভাল দৃষ্টিভঙ্গী আছে তার যদি আমূল পরিবর্তন না হয় তাহলে বিভিন্ন ধরনের মন যোগানো কাজ যোগানো যায় না। যেখানে মানুষ উঠছে এবং সেখানে কো-অপারেটিভের মধ্যে, অর্থনীতির মধ্যে এমন একটা দিক আছে লেনদেনের মধ্যে ব্যবস্থা আছে, লেনদেনের মধ্যে লাভ আছে, অবশ্য সরকারের পক্ষ থেকে সেখানে লাভ নেই সেখানে টাকা ফেলো বলাও যায় না, টাকা যে ফেলবে ভাল করে এ আশাও করা যায় না, কিন্তু যে মানুষ কাজে উন্নতি করছে, যে মানুষের নিজের অর্থ আছে, সে অর্থ ফেলে, সে অর্থ নেবে তো সরকারী সাহায্য, সরকারী সহযোগিতা কামনা করছে, সে প্রচুর পেতে পারে, তার পাবার সুযোগ রয়েছে কিন্তু যে মানুষ কো-অপারেটিভ করে একত্রিত হয়ে একতার সুযোগ নিতে চায় তারা অর্থনীতির সাহায্য সৃষ্টি করতে চায়, অর্থনীতিক শক্তি অর্জন করতে চায় তারা যখন অন্ততঃ সরকারের কাছে, ব্যাঙ্কের কাছে বা অন্য জায়গায় যায় সেখানে তাদের সাহায্য দেবার মনোভাব কো-অপারেটিভ আইনের

মধ্যে আমরা রাখতে পারিনি। যেখানে মানুষকে বাঁচাবার কথা সেখানে লোকসানও যদি হয় সেই লোকসানকে লোকসান বলে ধরবেনা এই রকম নীতি না থাকলে ঐ জিনিষ কো-অপারেটিভের মধ্যে থাকতে পারেনা কারণ তাহলে মনে হবে যে ওটা দানধ্যানের ব্যাপার, সেখানে মানুষকে দান করে কিন্তু মানুষতো ভিক্ষা চায় না। আপনাদের কাছ থেকে সাহায্য নিয়ে সহযোগিতা নিয়ে সে দাঁড়াবার চেষ্টা করছে। আমি কো-অপারেটিভ মানে মনে করি সে শুধু অর্থ সাহায্য নয়, আরো সাংগঠনিক সাহায্য সমস্ত দিক দিয়ে সাহায্যের কথা ভাবছি। আমি নাম করে বলি ধরুন কাঁসা শিল্প ভেঙ্গেচুরে গেছে, আরো বহু পুরানো পুরানো শিল্প যেগুলিকে আজকে কোন রকম চেষ্টা করলেও কো-অপারেটিভ হবেনা। আপনি হয়ত জানেন এ বছর পূজার সময় তাঁতের কাপড়ের কতটা চাহিদা ছিল, এবারে বরং প্রিন্টেড্ কাপড় এবং অন্যান্য বাংলার বাইরের কাপড় এসে আমাদের তাঁতকে কতটা জখম করে গেছে আজও তার হিসাব নিকাস করবার হয়ত টাইম হয়নি। তাহলেও তাঁত একটা ভাঙ্গেনি কিন্তু ধরুন যারা তালগুড় করে, দাঁড় করে, বিড়ি করে, যারা জুতো তৈরী করে, যারা কাঁসার কাজ করে এবং সে সবগুলি আজকে তার সাবস্টিটিউট দিয়ে ভেঙ্গেচুরে যাচ্ছে তারা যখন যাবে—যে সরকার আমাদের কো-অপারেটিভ করে দাঁড় করিয়ে দাও তখন আমরা জানি যে সেখানে একটা হতমান মৃতপ্রায় ব্যবসাকে পুনরুজ্জীবিত করে টাকা লোকসান দেয়া ছাড়া আর কোন কিছু নয় কিন্তু এখনকার মত তাকে সাহায্য করে যদি বাঁচিয়ে না তুলি এবং তাকে আস্তে আস্তে মোড় ঘুরিয়ে অন্য ব্যবসার মধ্যে না তুলি তাহলে কো-অপারেটিভ পুরোপুরি কর্তব্য সম্পাদন করেছে তা বলতে পারিনা। ওর মধ্যে বেচাকেনায় পুরো লোকসান হচ্ছে ধরে নিতে হবে। কোন রাষ্ট্র যখন কো-অপারেটিভ নিয়ে কথা কইবে তখন সবই লাভের দিক থেকে করবে, একথা মানতে আমি রাজী নই। অনেক মানুষ আছে যাদের ব্যবসা এমনভাবে পড়ে যাবে, সাঁতার কাটছে কিন্তু ভেঙ্গে যাবে। কোন কোন নূতন নূতন জিনিস উঠেছে। যেমন তাঁত, রঙ্গীন অন্য সুতা, মজবুত অন্যান্য জিনিস তার সঙ্গে ভবিষ্যতে দাঁড়াবে না একথা আজ সকলেই অনুভব করছেন ৪ বছর যাঁরা ব্যবসা জানেন তাঁরা সকলেই অনুভব করেছেন। আমার প্রশ্ন হচ্ছে আমরা যারা কো-অপারেটিভে যেতে চাই, তাহলে আমরা কি আবার মামুলী ধরণের কো-অপারেটিভ করে এবং সেখানে বেচা-কেনার হিসাব করতে গিয়ে ২ বছর পরে দেখা যাবে সেই মানুষ যাকে আমরা টাকা দিয়েছি তার ব্যবস্থা মারা যাচ্ছে, তাকে খাইয়ে পরিয়ে বাঁচাবার মত যে টাকা দিয়েছি ২ বছর পরে দেখা যাবে সে মূলধন খেয়ে উড়িয়ে দিয়েছে, অথচ আমাদের অডিটিং-এ আমরা সমস্ত হিসাব ব্যবসার চোখে দেখবো।

[3-10—3-20 p.m.*

এখানে মানুষ হিসাবে ব্যবসায়ী হিসাবে অর্থনৈতিক ইউনিট হিসাবে গণ্য করবার কারণ আছে। দেশ যেখানে অর্থনৈতিক দিক থেকে নূতনভাবে গড়ে উঠছে সেখানে সরকারের তরফ থেকে নিশ্চয়ই এদের সম্বন্ধে ভালভাবে চিন্তা করতে হবে। কিন্তু এ বিলের মধ্যে সেরূপ কোন আভাস আমরা পাইনি। আমার বক্তব্যের শেষ কালে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে আমরা যখন রেফার করি তখন কো-অপারেটিভ জয়েন্ট সিলেক্ট কমিটিতে মনে হয়েছে যে এক রকমের ভাষা করছে আর আমরা ভাবছি এক রকমের এ্যাডমিনিস্ট্রেসন আপনারা আবার ভাবছেন সেন্ট্রালাইজেসন কেন্দ্রীভূত সেন্ট্রাল-এর কথা। এটা নিয়েই আমাদের সবচেয়ে বেশী দ্বন্দ্ব যেটা নিয়ে সিলেক্ট কমিটিতে থাকাকালীন একটা মিনিমাইজ করা যায় সে চেষ্টা করেছিলাম। সেন্ট্রাল কনট্রোল সেটা দূর করা উচিত এবং এদিক সেদিক থেকে অনেক সুধরে নিয়েছেন। এখানে প্রাইভেট ইনিসিয়েটিভে কো-অপারেটিভকে ভেঙ্গে না দেয় সেদিক থেকে আমাদের দেখতে হবে। এ আলোচনার মধ্যে হয়ত নূতন সংশোধনী আসবে সেগুলো সম্বন্ধে ভাবতে হবে। সিলেক্ট কমিটির প্রথম সিটিং-এ যেকথা হয়েছিল যে দৃষ্টিভঙ্গী এই রাখতে হবে নূতন নূতন আইটেমস্ এলে তাকে গ্রহণ করতে হবে তা না হলে কো-অপারেটিভ-এর কোন মানেই হয় না। সেজন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে একটা নূতন বিল আনুন তানাহলে অন্য কোন জায়গায় নূতন সংশোধনী এনে এটাকে আরো লবারেলাইজ করা যায় কিনা সে চিন্তা করুন এবং আমরা যে সংশোধনী দেব সেগুলি গ্রহণ করে আরও সুন্দরতর করে তুলুন। আমার বক্তব্য আবার দফাদারী আলোচনা করার সময় বলবো। এই বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করলাম।

The following circulation motions were taken as moved:—

Shri Balai Lal Das Mahapatra: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st January, 1966.

Shri Aswini Roy: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 5th December, 1965.

Shri Bhakti Bhusan Mondal: That the Bill be circulated for the purpose of eliciting opinion by the 14th January, 1966.

Shri Sanat Kumar Raha: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1965.

Shri Apurba Lal Majumdar: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th April, 1966.

Shri Sudhir Chandra Das: That the Bill be circulated for the purpose of eliciting opinion by the 31st March, 1966.

Shri Anadi Das: That the Bill be circulated for the purpose of eliciting opinion by the 31st March, 1966

Shri Sailen Adhikary: That the Bill be circulated for the purpose of eliciting opinion thereto by the 31st December, 1965.
control of Chhana sweets.

শ্রীগোপাল ব্যানার্জী: স্পীকার, স্যার, স্বাধীনতার পর সমস্ত ভারতবর্ষে সমবায় আন্দোলনের প্রসার ঘটেছে, আমাদের এ রাজ্যে বোধ হয় ২০ হাজার সমবায় সমিতি আছে শুধু সংখ্যা দিয়ে নয় বিভিন্ন ধরনের সমবায় সংগঠিত হচ্ছে। আজ থেকে ৪০ বৎসর আগে যে আইন পাশ হয়েছিল বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট— তার পরিবর্তন অনেক আগে প্রয়োজন ছিল। যদি সমবায় আন্দোলনকে আরো তাড়াতাড়ি এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে এর প্রয়োজন ছিল। কিন্তু তা অনেক দেরী হয়ে গেছে তা সত্ত্বেও যে আইন হয়েছে যে সংশোধনী বিল তার সবচেয়ে বড় দুর্বলতা ছিল যে পুরান আইনের কতকগুলি পরিবর্তনের চেষ্টা হয়েছে মাত্র সামগ্রিকভাবে একটা নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে আইন আসেনি। যেমন কো-অপারেটিভ আন্দোলনের প্রসার কাদের নিয়ে হবে সেটা ঠিক করা হয়নি। এখানে আইনে প্রথমে যা ছিল তা যদি লক্ষ্য করা যায় তাহলে আইনের প্রিয়ামবলের উদ্দেশ্য সেখানে কাদের নিয়ে করা হবে বলা হয়েছিল সেখানে আমরা প্রথমে দেখলাম সেটাকে প্রসার করতে হবে এমনভাবে যাতে করে আগে যেটা ছিল মডারেট মিন্স অর্থাৎ দরিদ্র লোককে কো-অপারেটিভ সেকটারে সুযোগ নেবেন সেটা বললেই কো-অপারেটিভকে সার্বজনীন করে দেওয়া হচ্ছে অর্থাৎ প্রসার সাধারণ লোকের মধ্যে না গিয়ে যারা উচ্চ বিত্তলোক তাদের মধ্যে নিয়ে যাবার দৃষ্টিভঙ্গী লক্ষ্য করা গেছে। এটা অত্যন্ত মারাত্মক বলে মনে করি। এখন এখানে জিনিষটা যেভাবে জয়েন্ট সিলেক্ট কমিটি থেকে বেরিয়ে এসেছে তাতে মডারেট মিন্স-এর জায়গায় পিপ্‌ল বলা হয়েছে। মন্ত্রিমহাশয় একথা বললেন যে উচ্চবিত্তদের মধ্যে কো-অপারেটিভের সুযোগ দিতে হবে। সুতরাং আজকে সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে কো-অপারেটিভ কাকে নিয়ে হবে? অর্থাৎ যারা ইন্ডাসট্রিয়াল সেকটারে যেমন বড় বড় লিমিটেড কোম্পানী তাদের নিয়েই হবে। সুতরাং দৃষ্টিভঙ্গীর প্রশ্ন প্রথমেই আছে। সীমাবদ্ধ সম্পত্তির দিকে প্রথমেই নজর দিতে হবে কো-অপারেটিভ-এর প্রসারের প্রশ্ন এমন ক্ষেত্রে দেখা গেছে কো-অপারেটিভ এবং লিমিটেড কোম্পানীর মধ্যে কোন পার্থক্য নেই। সেটা যাতে না হয় সেটা দেখা উচিত। কিন্তু প্রথম যখন বিল এসেছে তার মধ্যে সে দৃষ্টিভঙ্গী থাকা উচিত ছিল সাধারণ লোকের মধ্যে এটাকে প্রসার ঘটার উচ্চবিত্তদের সুযোগ দিয়ে নয়। আজকে বাংলা দেশের কো-অপারেটিভ-এর সংখ্যা যদি দেখা যায় তাহলে দেখা যাবে যে কৃষি কো-অপারেটিভ এর সংখ্যা সবচেয়ে বেশী। ঋণ দান সমিতি কৃষকদের জীবনের সঙ্গে জড়িত। সেই কো-অপারেটিভ সাধারণ যারা গরীব কৃষক বা মধ্যবিত্ত কৃষক এদের মধ্যে প্রসারিত হওয়াই বাঞ্ছনীয়। কিন্তু বর্তমানে তা নেই। বর্তমানে দেখা যাবে

যেহেতু বিলাতি আমলে ছিল সেহেতু ধনী কৃষকদের হাতেই এই কো-অপারেটিভগুলো আমরা রাখছি। কিন্তু আমরা যদি প্রসার করতে চাই তাহলে গরীব কৃষকদের সুযোগ দেবার জন ব্যবস্থা করা উচিত। কিন্তু আইনের মধ্যে সে দৃষ্টিভঙ্গী নেই। কারণ কৃষি কো-অপারেটিভ সম্পর্কে যে সব পরিবর্তন করা উচিত ছিল সে সব পরিবর্তন হয় নি। এটাই আজকে বিচার করবার সময় এসেছে যে কো-অপারেটিভ-এ আজকে আমরা কোন অংশের লোককে সুযোগ দেবো এবং কো-অপারেটিভ-এর প্রসার বলতে কি বুঝবো। একথা প্রায় শোনা যায় যে কেন্দ্রের টাকা আছে। অন্য জায়গায় টাকা আছে আমরা তার ব্যবহার করতে পাচ্ছি না। সুতরাং টাকা আনার জন্য কো-অপারেটিভ করে যদি আমরা বড় বড় লোকের দিয়ে শিল্প করতে পারি তাহলে যে সুযোগ নিতে পারি। আমি মনে করি এটা অত্যন্ত মারাত্মক। আজকে কৃষি ঋণ দিতে সেখানে পাচ্ছিনা সেখানে শুধু ইন্ডাস্ট্রির প্রতি লক্ষ্য রেখে কোন লাভ হবে না। সুতরাং আইনের দিক থেকে এটা অত্যন্ত ত্রুটিপূর্ণ। ৩য় প্রশ্ন হচ্ছে আইনের সমস্ত দৃষ্টিভঙ্গী কো-অপারেটিভ সম্বন্ধে এখন যা চলছে তাতে কিছু কো-অপারেটিভ ভাল কাজ করছে কতকগুলি খারাপ কাজ করছে। যে আইনটা রচিত হয়েছে তাতে ভাল কো-অপারেটিভকে আরও উৎসাহ দানের চেয়ে খারাপ কো-অপারেটিভকে কিভাবে সায়েস্তা করা যায় সেদিকে নজর রাখা হয়েছে। কো-অপারেটিভ-এর মধ্যে কিছু সংখ্যক খারাপ আছে কিন্তু অধিকাংশ কো-অপারেটিভ ভাল। কিন্তু তাদের সম্পর্কে এত বাধা যে তারা ভাল কাজ করতে পারে না। এই আইনের মূল দৃষ্টিভঙ্গী হচ্ছে কো-অপারেটিভ সবই খারাপ এটা যেন ধরে নেওয়া হয়েছে সেজন্য কো-অপারেটিভ আন্দোলনের অগ্রসর চেয়ে রেজিষ্টারকে অঢেল ক্ষমতা দেওয়া হয়েছে। আপনারা লক্ষ্য করলে দেখবেন রেজিষ্টার-এর পাওয়ার কি ভাবে বাড়ানর চেষ্টা করা হয়েছে। প্রথমে ছিল কো-অপারেটিভ সোসাইটি সমস্ত সভ্যদের সঙ্গে পরামর্শ নিয়ে তার উপর কোন শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হত। কিন্তু প্রথম বিল যখন এলো তাতে দেখা যাবে যে এখানে রেজিষ্টার-এর হাতে অসম্ভব ক্ষমতা দেওয়া হয়েছে। তিনি যদি মনে করেন যে কোন কো-অপারেটিভকে সুপারসিড করা দরকার তাহলে সে সুপারসেসান করবার ক্ষমতা দেওয়া হয়েছে অর্থাৎ একটা মিউনিসিপ্যালিটিকে, সুপারসেসানের ক্ষেত্রে এ আইন নেই। আগে ব্রিটিশ আমলের যে আইন তাতে সুযোগ দেওয়া ছিল যে সকল মেম্বারের কাছে রেফার না করে এ জিনিস হতে পারবে না, কিন্তু এখানে যদি দেখেন তাহলে দেখবেন যে রেজিষ্টারের হাতে অনেক পাওয়ার দেওয়া হয়েছে। এভাবে সমস্ত কো-অপারেটিভ আন্দোলন অফিসারদের কন্ট্রোল-এ নিয়ে আসার চেষ্টা হচ্ছে যার আমরা সম্পূর্ণ বিরোধী।

[3-20—3-30 p.m.]

আমি মনে করি কো-অপারেটিভ আন্দোলন যদি প্রসারিত করতে হয়, তাহলে সাধারণ সভ্যদের যতক্ষণ পর্যন্ত না উৎসাহিত করা যাবে, সাধারণ মানুষকে যতক্ষণ পর্যন্ত না উৎসাহিত করা যাবে, ততক্ষণ পর্যন্ত কো-অপারেটিভ আন্দোলনের প্রসার হওয়া সম্ভব নয়। একাজ কঠিন বিশেষ করে আমাদের দেশে, যেখানে শিক্ষাগত মান সাধারণ লোকের খুব কম, এবং যেখানে সংগঠিতও কম, সেখানে সেই কাজ খুব কঠিন। এটা যে খুব সহজ, তা মনে করছি না। কিন্তু রেজিষ্ট্রার কে কি কাজ করতে হবে? ইনস্পেক্টরকে কি কাজ করতে হবে? কাজটা এই করতে হবে, সাধারণ মানুষকে শিক্ষিত করা। রেজিষ্ট্রার শুধু, লাঠি হাতে নিয়ে গিয়ে, কোন কো-অপারেটিভকে সুপারসিড করবেন, বা না করবেন, অথবা সেখানে এ্যাডমিনিস্ট্রেটর বসিয়ে দেবেন, এটা তাঁর কাজ নয়। কাজেই আমরা দেখতে পাচ্ছি যে সেখানে, অফিসারেরা সাধারণ মানুষের সম্মুখে গিয়ে, সাধারণ মানুষকে শিক্ষিত করে গড়ে তোলার জন্য যে প্রয়াস, তা, তাঁরা করছেন না। উল্টে তাঁরা যে পাওয়ার পেয়েছেন, তার দ্বারা, সমস্ত কিছুকে একটা অফিসিয়াল আওতার মধ্যে টেনে এনে, কো-অপারেটিভ আন্দোলনকে চালাবার চেষ্টা করছেন। এই প্রসঙ্গে আমি খুব ভাল করে বলতে পারি—১৯৫০ সালে যখন বেঙ্গল মিউনিসিপ্যাল এ্যাক্ট এ্যামেন্ড করা হয়, তখন এইভাবে ৬৭(এ), একটা নূতন ধারা যোগ করে এক্সিকিউটিভ অফিসারকে জোর করে চাপিয়ে দেবার ব্যবস্থা করলেন। আমি গভর্নমেন্টকে জিজ্ঞাসা করি এই যে এক্সিকিউটিভ অফিসারকে মিউনিসিপ্যালিটির উপর চাপান হয়েছিল, তাতে মিউনিসিপ্যালিটির কি উপকার হয়েছে? তাতে কালেকশান পারসেন্টেজ কি বেড়েছে, বা ভাল হয়েছে? অথবা এ্যাডমিনিস্ট্রেশন

কি কোন উন্নতি হয়েছে? সব জায়গায় তাঁরা ব্যর্থ হয়েছেন। সুতরাং আমি মনে করি যদি এইভাবে কো-অপারেটিভের উপর একজন এ্যাডমিনিস্ট্রেটরকে চাপাবার, এই রকম দৃষ্টিভঙ্গী থাকে, তাহলে সেখানে সর্বনাশ হবে, কো-অপারেটিভ মুভমেন্ট-এর প্রসার হবে না, বরং কো-অপারেটিভ মুভমেন্ট আরও ব্যাহত হবে, কো-অপারেটিভ সোসাইটিগুলি অফিসিয়াল কন্ট্রোলে চলে গেলে, সেখানে কমপিটিসন-এর ফলে, কো-অপারেটিভ মুভমেন্ট-এর প্রসার ভয়ানক ভাবে ব্যাহত হবে। তৃতীয়ত, প্রশ্ন হচ্ছে কো-অপারেটিভের সঙ্গে সরকারের কি সম্পর্ক থাকবে? সরকার এখানে একজন অফিসারকে নমিনেশন-এর দ্বারা নিয়োগ করে, তার হাতে সমস্ত ক্ষমতা দিতে চাচ্ছেন। সরকার চাচ্ছেন নমিনেশন, এই নমিনেশন, একটা অত্যন্ত মারাত্মক জিনিষ বলে আমি মনে করি। তার কারণ হচ্ছে এখন যে কো-অপারেটিভ রুলস্ আছে, সেই রুলস্-এ কো-অপারেটিভ এ্যাক্ট-এ, কোথাও নমিনেসন-এর প্রভিসন নেই। এখানে গভর্নমেন্ট নিজের হাতে একটা জবরদস্ত পাওয়ার নিয়ে নিচ্ছেন। বলা হচ্ছে যে এ্যাডিসনাল ডাইরেক্টর, তাঁরা নমিনেট করতে পারবেন। আমি যদি জিজ্ঞাসা করি যে আইনের কোন ধারার বলে, তারা এই এ্যাডিসনাল ডাইরেক্টর এ্যাপয়েন্ট করছেন? কোন রুল-এর আন্ডারে এটা তারা করতে যাচ্ছেন,—এর জবাব ওঁরা দিতে পারবেন না। কোন ধারায় স্পেসিফিক্যালি বলা আছে যে এ্যাডিসনাল ডাইরেক্টর এই সব কাজ করতে নিযুক্ত হতে পারবেন? এবং এ্যাডিসনাল ডাইরেক্টর কত জন? তা হচ্ছে, যত জন নির্বাচিত ডাইরেক্টর, তার অর্ধেক, এবং এই অর্ধেক পর্যন্ত তাঁরা দিতে পারেন। কিন্তু সেখানে কি এ্যাপ্রোপিয়েট ইনটারেস্ট, এ্যাডিসনাল ডাইরেক্টররা নিয়েছেন? বলা হচ্ছে এ্যাডিসনাল ডাইরেক্টররা কিসের জন্য? না, এ্যাপ্রোপিয়েট ইনটারেস্ট দেখার জন্য। তাই যদি হয়, তাহলে যদি জিজ্ঞাসা করা যায় যে এই এ্যাপ্রোপিয়েট ইনটারেস্ট কি? তা তাঁরা বলতে পারবেন না। এমনও ঘটনা ঘটতে দেখা গিয়েছে যে একদল লোক, এখানে যারা কো-অপারেটিভ কন্ট্রোলএ ছিল, তারা কোঅপারেটিভের ইলেকসন-এ হেরে গিয়েছে, এ্যাপ্রোপিয়েট ইন্টারেস্ট-এর ফলে, সেই সব হেরে যাওয়া লোককে আবার এ্যাডিশন্যাল ডাইরেক্টর করে পাঠিয়ে দেওয়া হয়েছে। একটা ডেমোক্রেটিক বডি, এবং সেখানে যারা ইলেকটেড ডাইরেক্টরস্, তারা কাজ করছিলেন, সেখানে প্রথম থেকে একটা দ্বন্দ্ব বাঁধিয়ে দেওয়া হচ্ছে এ্যাডিসনাল ডাইরেক্টর দিয়ে। এবার আরও একটা মারাত্মক জিনিষ আসছে—নমিনেটেড মেম্বারস্ গভর্নমেন্টের অনেক টাকা আছে সেখানে, [illegible] তাঁরা দেখিয়েছেন। টাকা আমরা দিয়েছি। এমনকি আমরা ইনডাইরেক্টলি যে কোন কো-অপারেটিভকে সাহায্য করে থাকি। সুতরাং সেখানে আমরা নমিনেটেড মেম্বার দেবো। আমি বলি, আমি একটা মিউনিসিপ্যালিটিতে যুক্ত আছি, আমি সেখানে সরকারের লক্ষ লক্ষ টাকা খরচ করি। আমাদের সেখানে সব ইলেকটেড কমিশনার, কোন নমিনেটেড লোকের দরকার করে না। সেখানে অডিট আছে, ইনস্পেকশন আছে, সুপারভিশন আছে এর মধ্যদিয়ে অনায়াসে কন্ট্রোল রাখা যায়। একদিকে কন্ট্রোল, পপুলার সুপারভিশন, আর এক দিকে ইনস্পেকশন এন্ড অডিট, এর মধ্য দিয়া অনায়াসে কন্ট্রোল রাখা যায়। এখানে ঘটনা কি? আমি একটা ঘটনার কথা বলি, তাহলে আমরা এতে কেন সন্দেহ করছি, তা প্রমাণ হবে। আমি একটা হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ-এর সঙ্গে যুক্ত আছি। এই হোলসেল কনজিউমার্স কো-অপারেটিভ-এর আমি গতবার নমিনেটেড ডাইরেক্টর ছিলাম। তার ইলেকসন ২৯এ আগস্ট হয়ে গিয়েছে, আজ পর্যন্ত সেখানে নমিনেটেড ডাইরেক্টর যান নাই। সেখানে ইলেকসন ২৯এ আগস্ট হয়ে গিয়েছে, আজ ১৮ই নভেম্বর, গত তিন মাসের মধ্যে, একদিনও এই নমিনেটেড ডাইরেক্টর সেখানে গেলেন না। পুরান বোর্ডের আমরা যারা ছিলাম, আমরা জানি, এই ষ্ট্রেডিসন্যাল পিরিয়ডেতে, তিন মাসের মধ্যে, এই রকম ভাবে কখনই চলা সম্ভব নয়, তা কখনই চলতে পারে না। এটা অত্যন্ত অন্যায়। কিন্তু এখানে ওঁরা এটা দিচ্ছেন না। আমার খুব সন্দেহ হয়, এবার ডাইরেক্টর বোর্ডে যারা গিয়েছেন, তাঁরা হয়ত গভর্নমেন্টের সঙ্গে সমস্ত ব্যাপারে এক মত না হতে পারেন, কিন্তু, অন্যান্য দৃষ্টিভঙ্গীতে, নিশ্চয়ই তারা গভর্নমেন্টের চেয়ে কো-অপারেটিভ আন্দোলনে কম উৎসাহী নন। কিন্তু নিশ্চয়ই গভর্নমেন্ট কোন জায়গা থেকে, কোন সূত্র থেকে এই ধারণা সৃষ্টি হয়েছে বা এই রকম রিপোর্ট পেয়েছেন, যে এঁরা হয়ত অন্যান্য ব্যাপারে তাঁদের সঙ্গে একমত নন। সুতরাং দেখা যাচ্ছে যে এখানে [illegible] নমিনেশন দেরী করা হচ্ছে। ঠিক এখানে দেড় বছর নমিনেশন দেরী করে রেখেছেন। ঐ ওল্ড

বোর্ডকে কন্টিনিউ করছেন নমিনেশন না দিয়ে। তার জন্য আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এই নমিনেশন যতদিন রেখে দেওয়া যাবে ততদিন এই কো-অপারেটিভ স্বাধীনভাবে দাঁড়াতে পারবে না। এইটুকু বলে শেষ করছি এবং ধারাওয়ারী আলোচনার সময় এ সম্বন্ধে বিশদভাবে বলবো।

শ্রীশম্ভুচরণ ঘোষঃ মাননীয় স্পীকার মহাশয়, প্ল্যানিং কমিশনের সদস্যরা একথা স্বীকার করেছেন যে পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্য দিয়ে দেশ উন্নয়নের ব্যাপারে সমবায় আন্দোলনের যথেষ্ট ভূমিকা আছে। এবং একথা স্বীকার করেছেন বলে তাঁরা উল্লেখ করেছেন যে ১৯৪০ সালের আইনের সংশোধন করা দরকার। কারণ ১৯৪০ সালের আইনের মধ্যে আমরা দেখেছি এই সমবায় আন্দোলনের উপর পুরা-পুরি সরকারী কর্তৃত্ব রয়েছে। অত্যন্ত দুঃখের কথা দীর্ঘ পনের বছর বাদে আজও আমরা দেখছি সরকারী কর্তৃত্ব হতে, নিয়ন্ত্রণ হতে এই কো-অপারেটিভ আন্দোলন মুক্ত হতে পারেনি। গতকাল দিল্লীতে যে ইণ্ডাষ্ট্রীজ কো-অপারেটিভ এইড সম্মেলন হয়ে গেল, সেই সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী মিঃ টি. এন, সিংহ তিনি একথা স্পষ্ট করে বলেছেন যে আজও সমবায় আন্দোলনগুলো আমলা-তান্ত্রিক পদ্ধতিতে চলছে, তাদের দ্বারাই তা নিয়ন্ত্রিত হচ্ছে। আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলন আজও এই আমলাদের কুক্ষিগত হয়ে রয়েছে যার জন্য এই সমবায় আন্দোলনগুলি সাধারণ মানুষের মধ্যে আজও পৌঁছতে পারেনি ও ঠিকভাবে বিকশিত হতে পারেনি। আমরা দেখছি ভারতবর্ষের অন্যান্য রাজ্যে যেমন মহারাষ্ট্রে ও মাদ্রাজে সেখানে তারা নিজেদের প্রচেষ্টার মধ্যদিয়ে কিছুটা সাধারণ মানুষের মধ্যে সমবায় আন্দোলন প্রসার করতে পেরেছে এবং অন্যান্য দেশেও দেখেছি যে সমবায় আন্দোলনকে পুরোপুরিভাবে সরকার কর্তৃত্ব থেকে মুক্ত রাখবার জন্য সমগ্র দিক দিয়ে প্রয়াসী হয়েছে। আমি একটা বুকলেট দেখেছিলাম ইউ, এস, ইনফরমেসান সারভিস-এর, তার একটা জায়গায় এই কো-অপারেটিভ সম্বন্ধে বলছে। "But the Government does not control the Co-operatives, except to see that they are honestly and lawfully carried on. The Co-operatives and their members have paid back the loans or the capital which the Government had put in and when this has been done the Co-operatives are free from Government."

অর্থাৎ দেখা যায় যে আমেরিকার মত একটা পুঁজিবাদি দেশেও এই সমবায় আন্দোলনের ক্ষেত্রে সমবায় বলতে নিয়ন্ত্রণ ও কর্তৃত্ব সেভাবে তাঁরা প্রয়োজন বোধ করেন না। অথচ দুঃখের কথা আমাদের দেশে এই লাল ফিতার ফাঁক থেকে সমবায় আন্দোলনকে মুক্ত না করবার জন্য আমাদের বিভিন্ন ক্ষেত্রে যে সমস্ত সমবায় সংস্থা গড়ে উঠেছে, তা ঠিকভাবে বিকশিত হতে পারছে না, গড়ে উঠতে পাচ্ছে না। প্রসঙ্গক্রমে আমি এখানে উল্লেখ করছি ১৯৬৩ সাল পর্যন্ত যে সংখ্যা পেয়েছি তাতে পশ্চিমবঙ্গে সবচেয়ে কম সংখ্যক কৃষি সমবায় সমিতি গড়ে উঠেছে। তার সংখ্যা হলো ১৬টি। মহারাষ্ট্রে ১৯৬৩ সালে ৩০৮টা সমবায় গড়ে উঠেছে। পাঞ্জাবে ঐ সময় ২২৬টি, ইউ পি-তে ১৬৬টি। এর কারণ হচ্ছে পশ্চিমবঙ্গ সেদিক থেকে ঠিকভাবে সচেতন হয় নাই বা নজর দেয় নাই যাতে করে কৃষি সমবায় সমিতি ডেভেলপ করতে পারেনি। ১৯৬১ সালে সরকার ঘোষণা করলেন যে কলকাতাতে ট্যাক্সী সমবায় সমিতি গড়ে তুলবেন। কিন্তু তারপর দেখা গেল মাত্র ১০টী ট্যাক্সী সমবায় গড়ে তোলা হয়েছে এবং সেগুলিও ঠিকভাবে চলছে না। সরকার যা গড়ে তুললেন তা কেন ঠিকভাবে চলবেনা? কারণ কলকাতার প্রাইভেট ক্যাপিটেলিষ্টদের হাতে এই ট্যাক্সী পারমিট দেওয়া হয়েছে। তাঁহারা সরকারের সঙ্গে সহযোগিতা করেন নাই। তারপর এখানে সবচেয়ে বড় হচ্ছে হাউসিং প্রবলেম অথবা দেখেছি পূর্ববঙ্গ থেকে মানুষ চলে আসার ফলে পশ্চিমবঙ্গে বিশেষ করে কলকাতায় হাউসিং প্রবলেম অত্যন্ত প্রকটভাবে দেখা দিয়েছে। সেখানে আমরা আশা করেছিলাম যে সরকার পক্ষ থেকে হাউসিং কো-অপারেটিভ গড়ে তুলবার চেষ্টা করবেন। এ বিষয়ে ভারত-বর্ষের অন্যান্য রাষ্ট্রে যেমন মাদ্রাজ ও মহারাষ্ট্রে দেখেছি তাঁরা হাউসিং কো-অপারেটিভ গড়ে তুলেছেন। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যদি হাউসিং কো-অপারেটিভ অরগানাইজেসান গড়ে তোলা হতো, যদি বিভিন্ন জায়গায় প্রাইমারী হাউসিং কো-অপারেটিভ অরগানাইজেসান গড়ে তোলা হয়, তাহলে পশ্চিমবঙ্গে যে প্রকট হাউসিং সমস্যার বা গৃহ সমস্যা রয়েছে, তার

[illegible] কিছুটা সরকার করতে পারবেন। আমরা আরও দেখছি রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে রুরাল গ্রেডেড সার্ভে সোসাইটি রয়েছে, তারা সুপারিশ করেছিলেন প্রত্যেকটি জেলায় একটি করে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক হওয়া দরকার, বিভিন্ন জেলায় সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক হওয়া দরকার। কিন্তু আজ পর্যন্ত কলকাতায় এই রকম কোন সংস্থা গড়ে ওঠেনি যেগুলো নাকি বিভিন্ন সমবায় সংস্থাকে সাহায্য করতে পারবে, সরাসরিভাবে তাকে অর্থ হেল্প করতে পারে।

[3-30—4 p.m.]

কাজে কাজেই আমরা দেখছি যে আজ পর্যন্ত আমাদের দেশে পশ্চিমবঙ্গে সমবায় সমিতি, সমবায় আন্দোলন সরকার ঠিক সেইভাবে আমলাতন্ত্রের হাত থেকে মুক্ত করতে না পারার জন্য ঠিকভাবে বিকাশ লাভ করতে পারেনি। এদিকে নজর না দিয়ে যদি শুধু কতকগুলি ক্লজ এ্যামেন্ড করা হয় তাহলে তার দ্বারা সমবায় আন্দোলন প্রসারলাভ করতে পারবে না। যেখানে আমরা আশা করেছিলাম এই সমবায় সমিতি, সমবায় আন্দোলন আইনে সাধারণ মানুষকে আরো বেশী সচেতন করে তুলতে পারবো বিভিন্ন ক্ষেত্রে, বিভিন্ন স্তরে, তাদের সহযোগিতা আমরা এ্যাক্টিভলি কাজে লাগাতে পারবো সেখানে আমরা দেখছি যে সমস্ত ক্ষমতাগুলিকে আজকে সরকার একজন মানুষ বা দুজন মানুষের হাতে কেন্দ্রীভূত করতে চাচ্ছেন। এখানে রেজিষ্ট্রারের উপর আননেসেসারি যথেষ্ট ক্ষমতা আরোপ করেছেন যেমন বিলের ক্লজ ৬এ দেখছি। ক্লজ ৬এ দেখছি একটা বাই ল অ্যামেন্ড করার জন্য সম্পূর্ণভাবে, পুরোপুরিভাবে রেজিষ্ট্রারের হাতে ক্ষমতা দেওয়া হচ্ছে অন দি রেকমেন্ডেশন অব দি রেজিস্ট্রার সেই বাই ল এ্যামেন্ড করতে পারা যাবে। যেখানে কো-অপারেটিভ সোসাইটির সদস্যরা রয়েছেন, যেখানে তারা নিজেরা উৎসাহিত হয়ে ইনিসিয়েটিভ নিয়ে একটা সমিতিকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছে, সেখানে ক্ষমতা যদি সরকার নিয়োজিত একজন ব্যক্তির হাতে বা প্রধানের হাতে দেওয়া হয় তাহলে তাদের যে ইনিসিয়েটিভ, তাদের উদ্যোগ সেটা নষ্ট করে দেওয়া হবে। তারপর ক্লজ ১০এ দেখছি সেখানে বলা হচ্ছে যে অন দি রেকমেন্ডেশন অব দি রেজিষ্ট্রার, অর্থাৎ বিভিন্ন ক্ষেত্রে দেখা যাচ্ছে যে রেজিষ্ট্রারের উপর প্রচুর ক্ষমতা দিয়ে সমস্ত সদস্য এবং অন্যান্য যাঁরা সভ্য আছেন তাঁদের ক্ষমতাকে সংকুচিত করার চেষ্টা করা হচ্ছে। ক্লজ ৯এ আমরা দেখছি সেখানে নমিনেশনের একটা প্রভিশন রাখা হয়েছে। যেখানে সমবায় সমিতির মধ্যে দিয়ে আমরা সাধারণ মানুষকে এই সংস্থার মধ্যে এনে তাঁদের আরো উদ্যোগী করবার চেষ্টা করছি সেখানে নমিনেশনের মধ্যে দিয়ে যে অগণতান্ত্রিক প্রথা চালু করছেন তাতে সমবায় সমিতির যে মূল উদ্দেশ্য সেই উদ্দেশ্য ব্যাহত করা হচ্ছে। যে কথা মাননীয় সদস্য গোপাল বাবু বললেন এই আইনের কোথাও নেই অথচ একটা রুল, রুল ৩২ তাঁরা সংযোজন করে সেই রুল ৩২-এর মাধ্যমে একজন এ্যাডিশনাল ডিরেক্টরকে এই সমিতির মধ্যে চাপাবার চেষ্টা করলেন। অত্যন্ত লজ্জার কথা, সুস্পষ্টভাবে আইনে কোথাও সেকথা উল্লেখ করা নেই, অথচ একজন ডিরেক্টর রুল ৩২-এর মধ্য দিয়ে তাঁরা চালু করার চেষ্টা করলেন এবং সমবায় সমিতির মধ্যে যে একটা গণতান্ত্রিক স্পিরিট ছিল সেটাকে নষ্ট করার চেষ্টা করলেন। আবার ক্লজ ৮এ বলা হচ্ছে এ্যাকাউন্ট সাধারণ সভ্যের বার্ষিক সভায় পেশ করা হবে না, কিন্তু ওয়েষ্ট বেঙ্গল এ্যাকাউটেন্ট জেনারেল দ্বারা হিসাব পরীক্ষিত হবে এই রকম ধারাও [illegible] মধ্যে রাখা হয়নি। তারপর ক্লজ ২৩এ দেখা যাবে সম্পূর্ণভাবে আননেসেসারি একটা গভর্নমেন্ট কন্ট্রোল এই কো-অপারেটিভের উপর আনার চেষ্টা হয়েছে। ক্লজ ২৪এ একটা অত্যন্ত অগণতান্ত্রিক পদ্ধতি অবলম্বন করা হয়েছে। যদি কেউ অনুপস্থিত থাকে তাহলে তার প্রক্সি দেবার ব্যবস্থা করা হয়েছে। অর্থাৎ সম্পূর্ণভাবে জয়েন্ট কমিটির কাছে যাবার পরও বিলটা যেভাবে আমাদের কাছে এসেছে তাতে করে বলতে পারি তাঁরা বিন্দুমাত্র এর ডেভালপ করতে পারেন নি বা কোন রকম উন্নতিবিধান করতে পারেন নি। সেজন্য আমি মন্ত্রী মহ[illegible] আবেদন করবো তিনি আবার অন্ততঃ ভালভাবে বিলটা দেখুন। আইনে রেজিষ্ট্রারের উপর এত ক্ষমতা দিয়ে আমলাতান্ত্রিক যে বন্ধন আছে তাকে যদি আরো জোরদার করতে চান তাহলে সমবায় আন্দোলন যে উদ্দেশ্য সেই উদ্দেশ্য ব্যর্থ হবে।

Mr. Speaker: Before we rise for the recess, the Hon'ble Fazlur Rahman will make a statement regarding the ban on milk products.

Statement regarding ban on milk products

Shri S. M. Fazlur Rahman: Sir, I beg to make a statement regarding control of Chhana sweets.

The West Bengal Chhana Sweets Control Order came into force from the 24th August, 1965. It applied to Calcutta and 34 neighbouring municipalities. Under this order, the manufacture and sale of Chhana sweets except Rossogolla, Pantua, Chamcham, Khirmohan and Lancha were prohibited in commercial establishments. Shri Nanigopal Pal had some time back filed a petition to the Hon'ble High Court challenging the validity of the Order. Hon'ble Mr. Justice B. N. Banerjee delivered judgment on 16th November, 1965, quashing the Order.

As the annulment of the Chhana Sweets Control Order threatens the procurement of milk, some action has to be taken immediately in this connection. The total colletion of milk which had gone up to 66,579 litres on the 15th instant came down to 66,035 litres on the 16th and 65,156 litres on the 17th. Obviously, the producers in the rural areas cannot yet have received full intimation about the annulment of the Chhana Sweets Control Order, but when they do so, the collection is bound to come down heavily in the course of the next few days. We have already issued about 8,000 new cards since the Sandesh ban came into force. There are about fifty thousand pending applications and it would have been necessary to cut down our supplies to consumers in the absence of adequate stocks of milk powder. In fact, we had expected that the total collection would go up to one lakh litres per day in January, 1966, but as a result of the Hon'ble High Court's Order, the collection could come down to less than 40,000 litres.

In the circumstances a fresh order called the West Bengal Milk Products Control Order has been passed today as the result of a decision of the Cabinet taken today. The preamble of this Order states that "it is necessary and expedient to regulate the manufacture of milk products for the maintenance and increase of supplies in West Bengal of milk in fluid form, a commodity essential to the life of the community". The purpose of increasing the supply of milk in fluid form is bound to be served by the ban on the manufacture of milk products, i.e., Chhana, Kheer and all sweets having Chhana or Kheer or both among their ingredients. On merits it is essential to augment the procurement of milk substantially since the supply to the consumers falls far short of the demand.

The new order applies to the same areas as the previous order. Our existing chilling stations will be able to cope with the additional procurement as a result of this measure and our factories also are in a position to process the whole milk into Standardised and Toned milk. It may be mentioned here that the milk products that are going to be banned do not include butter, ghee, cheese, cream, chocolates and toffees, milk powder, ice-cream, curd, condensed milk, baby foods or beverages prepared with milk. These items will require a fair quantity of fluid milk which cannot be estimated just now with accuracy. Incidentally the Government of Punjab have banned the production of sweets from Kheer, no chhana or Sandesh being produced in that State. The per capita consumption of milk is 16.89 oz. in Punjab, 7.16 ob. in U.P., 4.37 oz. in Bihar and 2.77 oz. in West Bengal, the quantity in every case including not only fluid milk but the milk that goes into the manufacture of sweets, etc. The West Bengal figure is by itself a sad commentary on the production of milk sweets in the State.

The new Order is expected to augment the procurement of milk substantially and it will be possible for the Greater Calcutta Milk Supply Scheme to cater to a larger number of consumers.

কানাইলাল ভট্টাচার্য : দই-এর কি হল ?

শ্রীনিখিল দাস : মিঃ স্পীকার, স্যার, এই যে অর্ডার হল এ সম্বন্ধে আমরা একটা আলোচনা করতে চাই।

[At this stage the House was adjourned for 20 minutes]

[After adjournment]

[4-10 p.m.]

শ্রীশম্ভুচরণ ঘোষ : মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি প্রথমে আপনার কাছে একটা নিবেদন করতে চাই যে আমাদের হাউসের রিসেসের আগে মাননীয় মন্ত্রিমহাশয় এখানে সন্দেশ বন্ধ সম্পর্কে নতুন সরকারী আদেশ এখানে ঘোষণা করলেন। এতদিন পর্যন্ত শুধু দুধ থেকে যে সমস্ত জিনিস হতো সেগুলি বন্ধ ছিল কিন্তু এখন তিনি আমাদের কাছে যা রাখলেন তাতে সমস্ত কিছু বন্ধ হলো। এই বন্ধের সংগে সংগে বাংলাদেশে হাজার হাজার কর্মচারী এর সংগে জড়িত আছে। কাজে কাজেই এই সম্পর্কে আমরা কিছুই জানতে পারলাম না তিনি শুধু একটা বিবৃতি এখানে পড়ে দিলেন। এই সম্পর্কে আমরা আলোচনা করতে চাই এবং আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করতে চাই যে একটা দিন এই বিষয়ে বিতর্কের যেন সুযোগ আমাদের দেওয়া হয়। এবং সম্ভব হলে এখনি এই বিষয়ে বিতর্ক করে এই বিষয়ে পরিষ্কার হতে চাই। কিন্তু এখানে মন্ত্রীকে আমরা দেখতে পাচ্ছি না ট্রেজারী বেঞ্চ একেবারে খালি। স্যার, আপনি যদি অনুমতি দেন তাহলে খুব ভাল হয়।

মিঃ চেয়ারম্যান : স্পীকারকে বলবেন।

শ্রীশম্ভু চরণ ঘোষ : ট্রেজারী বেঞ্চ একদম খালি, কোন মন্ত্রীকে এখানে দেখছি না।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী : স্যার, শম্ভুবাবু যে কথা বললেন সে সম্বন্ধে মন্ত্রিমহাশয়েরা তো কেউ উপস্থিত নেই। সব মন্ত্রীরা কোথায় গেলেন তাঁরা কি হাউস বয়কট করেছেন স্যার ?

মিঃ চেয়ারম্যান : দুটো হাউস চলছে, জানেন না ?

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী : তাহলে এই হাউসকে নেগলেক্ট করবেন। আপনি এখন আমাদের কাস্টডিয়ান। চেয়ারম্যান স্যার, মন্ত্রীদের সাহস নেই। তাঁদের গিলটি কনসেন্স তো, সেজন্য এই হাউসকে ফেস করবার সাহস নেই। কেন তাঁদের এটুকু সাহস হবেনা এখানে এসে কিছু বলব আমরা যে কোয়েশ্চেন রেজ করেছি সে সম্বন্ধে কোন ইলিউসিডেসন দেয়ার এবং আপনি এ বিষয়ে আমাদের কেনই বা সাহায্য করবেন না ?

মিঃ চেয়ারম্যান : আপনারা তো ডিবেটের কথা অলরেডি স্পীকারকে বলেছেন। স্পীকার যখন আসবেন তখন তাঁকে আপনারা বললেন।

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী : কথা হচ্ছে আপনি এখন আমাদের কর্তা হয়ে ঐ চেয়ারে বসে আছেন। আমার বক্তব্য হচ্ছে যে আজকে একটার পর একটা এই রকম মহম্মদ তোগলকি কান্ড আরম্ভ হয়েছে। স্যার, মহম্মদ তোগলক এবং হেনরী দি এইটথ্ তাঁরাও এরকম পাগলামী করেন নি যা এই সমস্ত যুদ্ধে মহম্মদ তোগলকেরা আজ আরম্ভ করেছেন। এখন থেকেই বাংলাদেশের সমস্ত জায়গায় রিপারকাসর আরম্ভ হয়ে গেছে। বাংলাদেশের মানুষ হিসাবে এসম্বন্ধে আপনার কি কোন দায়িত্ব থাকবেনা ?

Mr. Chairman: How can I force a Minister to come here. He may have got other business in the other House.

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী : ফোর্স না করলেও আপনি কি মনে করেন না যে মিনিষ্টারদের এখানে আসা উচিত ?

শ্রীকান্তী কান্ত মৈত্র : স্যার, আমি আপনার কাছে অনুরোধ করছি আপনি যদি দেখেন তাহলে দেখবেন যে আমাদের রুলস অব বিজনেসে সুযোগ আছে, আমরা এখনই যদি লিখে দিই এবং মোর দ্যান ওয়ান মেম্বার, যদি সহি করেন তাহলে আপনি আলোচনা তুলতে দিতে পারেন ম্যাটার অব আর্জেন্ট পাবলিক ইমপরট্যান্স হিসাবে। আপনাকে আর কি বলবো, আপনার তো এ সম্বন্ধে যথেষ্ট অভিজ্ঞতা আছে, আপনি সবই জানেন। আমি বলছি আপনি যখন সদস্য হিসাবে এখানে বসেছেন, যখন মিঃ স্পকার ঐ আসন অলঙ্কৃত করেছেন, তখন
neglected by the Chief Minister.
এবং
he did not find time to present himself before the House.
আর আজকে যখন আপনি চেয়ারে আছেন,
you are again going to be humiliated and humbled by the Hon'ble the Chief Minister and the Minister-in-charge of the Animal Husbandry Department, Shri S. M. Fazlur Rahman.
উনি এখানে আসছেন না কেন? আমি আপনাকে বলছি এটাতো শুধু একটা পার্টিকুলার ফুড আইটেম ব্যান করার প্রশ্ন নয়। কালকে সকাল থেকে হাজার হাজার লোক বেকার হয়ে যাবে। কাজেই মিনিষ্টার একটা ষ্টেটমেন্ট করুন। আমাদের কয়েকটা প্রশ্ন আছে ডিবেট পরে হবে। আমাদের কতকগুলি গুরুত্বপূর্ণ প্রশ্ন আছে, আমরা তাঁকে জিজ্ঞাসা করবো, তিনি আমাদের সাটিসফাই করুন। আমরা আপনার মনোভাব জানি আপনি যখন সদস্য হিসাবে থাকেন তখন আপনার ফিলিংস এবং ভিউ জানি বলেই আমি জোরের সঙ্গে বলছি যে আপনি ১৫ মিনিটের জন্য হাউস য়্যাডজোর্ন করুন,
House may be adjourned further so that the Minister concerned may present himself and explain the position.
আপনার এই ডিফিকালটি থেকে পরিত্রাণের উপায় আছে আপনি ১৫ মিনিটের জন্য হাউস য়্যাডজোর্ন করুন
Minister concerned would take it as sufficient notice that it is the desire of the House and the Hon'ble Chairman that he should immediately address the House and apprise the members of the House about the position he is going to take.

শ্রীসৈয়দ আবুল মনসুর হাবিবুল্লাহ : সভাধ্যক্ষ মহাশয়, আজকে যে অর্ডার হয়েছে তাতে ক্ষীর জাতীয় পদার্থ বন্ধ করার ফলে গ্রামে অনেকে যাঁরা দুধ বিক্রী করেন বা ঘাঁটিতে দেন যেখানে ক্ষীর তৈরী হয় সেই সমগ্র এলাকা কোলকাতা থেকে ৪০।৫০।১০০ মাইল দূর পর্যন্ত এই অর্ডারের দ্বারা তাঁরা ভীষণভাবে এফেকটেড হবেন এবং সেখানে সেই দুধ বিক্রী করারও কোন ব্যবস্থা নেই। তাঁরা এখানেই ক্ষীর করে থাকেন এবং সেটা আজকের থেকে নয় ৫০।৬০ বছর ধরে এটা হয়ে আসছে।

[4-10—4-20 p.m.]

হঠাৎ এই আদেশ নির্দেশের ফলে আমার মনে হয়েছে যে মাননীয় মন্ত্রী যেন খেপে গিয়ে বাংলাদেশে দুধ যারা বিক্রি করেন তাদের উপর আক্রমণ করতে গিয়ে সমস্ত লোককে আজ আক্রমণ করছেন। এ দুধ তিনি পেতে পারেন না। মন্তেশ্বরে খোয়ি নদীর ধারে, কাটোয়ার অজয়ের ধারে, যে সমস্ত ক্ষীর তৈরী হয় যা কলকাতায় আসে সে দুধ কোলকাতায় আসার কোন সম্ভাবনা নেই, সেখানে হয় সে দুধ বিক্রি হবে না হয় পড়ে নষ্ট হবে। কিন্তু এই গোয়ালারা এফেকটেড হবে আজকের এই অরর্ডার এর দ্বারা। কাজেই আজকে এ আলোচনা হওয়া দরকার আছে। মাননীয় মন্ত্রী বা ক্যাবিনেট কি বিচার করেছেন তা আমরা জানিনা। কিন্তু তাঁরা হাই কোর্ট-এর আদেশকে রাখবার জন্য এমন একটা অর্ডার তৈরী করেছেন যে অর্ডার-এর দ্বারা হাজার হাজার লোক এফেক্‌টেড হবে শুধু মিষ্টান্ন ব্যবসায়ী নন বা শুধু কর্মী নয়, হাজার হাজার লোক, যারা দুধ উৎপাদন করে গোপালন করে যারা তারা এরা সকলেই এ্যাফেকটেড হবেন এ অর্ডার এর দ্বারা। তাদের উপজীবিকার কালকে থেকেই একটা সমস্যায় গিয়ে দাঁড়াবে। আজকে সন্ধ্যায় যে ক্ষীর উৎপাদন হচ্ছে কালকে তা কলকাতা সহরে আসবে যখন তা বাজার পাবে না এবং তারা কাল থেকে বেকার হবে যেখানে ঘাটিতে লোক জন আছে ব্যবস্থা আছে সে সব ঘাটি বন্ধ হয়ে যাবে, তার কি ব্যবস্থা করেছেন। এটা আলোচনা করার বা দেখার প্রয়োজনীয়তা আছে। আজকে কো-অপারেশন বিলের যে আলোচনা চলছে সেটা ২ ঘণ্টা বা ১ দিন দেরী করা যেতে পারে কিন্তু এ অর্ডারের ফলে যে সর্বনাশ ডেকে আনা হচ্ছে তাতে হাজার হাজার কৃষিজীবী মানুষ যারা দুধ উৎপাদন করে তারা কোন রকমে ব্যবসা করে চালায় তাদের কোন অলটারনেটিভ ব্যবস্থা না করলে তাদের পরিবার চালান কষ্ট হবে। এ যেন গোল্ড কন্ট্রোল অর্ডারের মত সিরিয়াস অর্ডার এনে দিয়েছেন। ক্ষীর বন্ধ হওয়ার ফলে, পুরা ছানা বা তার আংশিক বন্ধ হবার ফলে যে অবস্থা হয়েছিল তা নয় তার চেয়ে আরো গুরুতর অবস্থা সৃষ্টি হবে। সেজন্য আমি মাননীয় মন্ত্রীকে বলছি আপনি আসুন ক্যাবিনেট সদস্যরাও আসুন এবং আমাদের কথা শুনুন। আমরা অনুভব করছি বলে বলছি। এটা পুণর্বিবেচনা করুন। আজকে এ অর্ডার দিয়ে কালকে এরূপ সর্বনাশ ডেকে আনবেন না। অলটারনেটিভ ব্যবস্থা না করে কর্ম সংস্থানের ব্যবস্থা না করে তাদের খাদ্যের ব্যবস্থা না করে সে দুধ পাবার ব্যবস্থা না করে এই ঢালাও অর্ডার দিয়ে হাজার হাজার লোকের জীবিকার উপর আঘাত করবেন না এটা অনুরোধ করবো। এবং আপনাকে অনুরোধ করবো আলোচনার সুযোগ দিন।

শ্রীবিজয় কুমার ব্যানার্জি: স্যার ইন দি মিডস্ট অফ ডিসকার্সন মন্ত্রিমহাশয় এসে কি একটা স্টেটমেন্ট দিলেন বুঝতে পারলাম না উপর উপর বুঝলাম যে সন্দেশ ছানা ইত্যাদি বন্ধ হবে। এই রকম হঠাৎ একটা গুরুত্বপূর্ণ স্টেটমেন্ট দিলেন তাতে কাল থেকে দুধ পাব কি পাব না, দুধ বাড়ান যাবে কি যাবে না। দুধের দাম কম হবে কিনা এসব কিছুই বললেন না। এখন হাই কোর্ট-এর অর্ডার-এ সন্দেশ বিক্রি হচ্ছে। এতে হাউস-এর প্রতি একটা ইনজাস্টিস হচ্ছে, তাতে তিনি যদি স্টেটমেন্ট না দিতেন তাহলে এই রকম হোত না। কিন্তু একটা গুরুত্বপূর্ণ স্টেটমেন্ট দিলেন যেটা স্টেটমেন্ট এ্যাফেকসন সো মেনি পিপুল আমরা যখন অ্যাসেম্বলী থেকে বাড়ী যাব তখন কি হল সেটা কিছুই জানতে পারলাম না। কিন্তু লোকেরা বলবে যে তোমরা ছিলে, আইন হল। তিনি যখন বললেন তখন সেটা ভালভাবে বলুন। হাই কোর্ট-এর অর্ডার কি ছিল। হাই কোর্ট-এর অর্ডারকে কাটাবার কি ব্যবস্থা করেছেন সেটা আমাদের না জানলে কি হবে?

মিঃ চেয়ারম্যান: এটা একটা নূতন অর্ডার।

শ্রীবিজয় কুমার ব্যানার্জি: আমরা অতসব বুঝিনা। এখন কথা হচ্ছে আপনারা যা ইচ্ছা তাই করবেন। আদালত থেকে যা বলে দেবেন সংখ্যা গরিষ্ঠতার জোরে বাতিল করে দেবেন? আলটিমেটলি এতে যে হাই কোর্টকে ইগনোর করা হয়ে যাচ্ছে হাই কোর্ট-এর ডিসিশন কোন রকমে কার্যকরী হবে না। এসব কি

ছেলেখেলা নয়? আমরা যাদের প্রতিনিধিত্ব করি আমাদের কথা শুনুন, আমাদের মন্তব্য করার তো সুযোগ দেবেন। তিনি কেন বললেন এখানে তো বেশ ওয়েস্ট বেঙ্গল কো-অপারেশন বিল হচ্ছিল। তারপর তিনি একটা কিছু বলে গেলেন এবং তাতে দেখলাম যে দুধ, ছানা খালি নয় আর যেগুলি ছিল না সেগুলি সমস্ত ব্যান করে দিলেন। এই রকম একটা অরাজকতা আমরা চাইনা। এখানে আর অন্য কিছু বিল কিছুই হবে না যতক্ষণ না মন্ত্রিমহাশয় এখনে এসে তার বক্তব্য আমাদের বোঝান এবং আমাদের বক্তব্য শুনে তারপর যা করার তাই করেন তা না হলে হাউস এ্যাডজোর্ন করতে হবে। আপনি হাউস এ্যাডজোর্ন না করেন তাহলে এই যে অর্ডার তাতে আমরা অংশ গ্রহণ করতে পারব না। তিনি যা বলবেন তাতে আমরা আমাদের মতামত দিতে পারবো না। বেঙ্গল কো-অপারেশন বিল পড়ে থাক। তিনি কি বলেন আমরা শুনি, তারপর আমরা যা বুঝব তাই বলব। এখন কো-অপারেশন হবেনা, এখন কো-অপারেসন-এর সময় চলে গেছে। কাল সকাল থেকে দেশের অবস্থা খারাপ হয়ে যাবে। এমন করেও তাহলে বিধানসভা ডেকে কি হবে? কেউ নেই—অথচ অভিযোগ করলে কে সেটা খণ্ডন করবে? আপনি দয়া করে তাঁদের আসতে বলুন, কি অর্ডার হয়েছে বলুন?

শ্রীহেমন্ত কুমার বসুঃ স্যার, হাই কোর্টের অর্ডারের পর সঙ্গে সঙ্গে বেঙ্গল গভর্নমেণ্ট এরূপ একটা অর্ডার যদিও এটা একটা নূতন অর্ডার কিন্তু হাই কোর্ট-এ অর্ডার-এর পর এরূপ একটা অর্ডার এনে বাংলাদেশের মানুষের অর্থ-নৈতিক জীবনের একটা বিপর্যয় আনলেন সেটা ভাল হল না। এরূপ একটা ব্যাপার হঠাৎ হাউসের সামনে আনা হবে না ভেবে চিন্তে সেটা আশা করা যায় না। এ সমস্ত লোকেদের জীবিকার কি হবে, পুনর্বাসনের ব্যবস্থা কি হবে এ বিষয় কোন ব্যবস্থা করা হল না কিন্তু মন্ত্রিমহাশয় হঠাৎ এসে একটা অর্ডার করলেন যাতে একটা গুরুতর পরিস্থিতি বাংলাদেশে সৃষ্টি হল। বাংলাদেশের গভর্নমেন্ট কি সাধারণ মানুষের কথা ভাববেন না? শিশু বালক, বৃদ্ধ এদের নিশ্চয়ই দুধ খাওয়াতে হবে কলকাতা শহরে ৫০ হাজার লোক কিন্তু কলকাতার বাইরের লোকেদের জীবিকা এর দ্বারা যে এ্যাফেক্টেড হল সেকথা সরকার ভাবলেন না। আজকে এ্যাসেম্বলীতে যে অর্ডার দেওয়া হল এর একটা এ্যাফেক্ট সাড়া বাংলাদেশে হবে। আমরা বাইরে গেলেই লোকে জিজ্ঞাসা করবে কি হল এটা একটা খুব ইমপর্টেন্ট ব্যাপার। সুতরাং মন্ত্রিমহাশয় এটা পরিষ্কার ভাবে বিশ্লেষণ করুন। কো-অপারেটিভ বিলের আলোচনা কালকে হতে পারে এরূপ অর্ডার দেবার আগে যদি সরকার বিভিন্ন দলের নেতাদের ডেকে আলোচনা করতেন যে এরূপ অর্ডার দিচ্ছি তাহলে বুঝতাম এবং আমরাও আমাদের বক্তব্য সেখানে দিতে পারতাম কিন্তু আমরা কিছু জানতে পারলাম না। আমাদের বক্তব্য শোনা হলনা অথচ এরূপ অর্ডার আনা হল এর দ্বারা বাংলাদেশের বহু লোকের অর্থনৈতিক জীবন বিপন্ন হয়ে যাবে। কাজেই এ বিষয়ে শ্রেষ্ঠ সমাধানের পথ হচ্ছে মন্ত্রিমহাশয় এসে আমাদের সঙ্গে ডিসকাসান করেন তারপর যাহা স্থির করা যাবে কারণ এটা খুব জরুরী।

শ্রীননী ভট্টাচার্যঃ মাননীয় সভাপাল মহাশয়, আমরা একটি অদ্ভূত শাসন দেখছি। গভর্নমেন্ট হাইকোর্টের একটা বিশেষ অর্ডার বাতিল করে দিলেন এবং আবার একটা নূতন অর্ডার জারী করলেন যার ফলে সমস্ত মিষ্টি তৈরী করা বন্ধ করে দেওয়া হল। মিষ্টি বন্ধ হোক তাতে আপত্তি নেই। কিন্তু যেভাবে হাই কোর্ট-এর অর্ডার, হাই কোর্ট-এর ইনজাংশন এড়িয়ে যাবার জন্য যেভাবে কাজ করলেন তাতে আইনের শাসন যে কিভাবে চলছে তা পরিষ্কার বোঝা যাচ্ছে। এছাড়া যখন মিষ্টি বন্ধ হয়ে যাচ্ছে তখন দোকানদার যারা মিষ্টান্ন বিক্রি করত এবং হাজার হাজার যারা কর্মচারী আছে তারা সব বেকার হয়ে যাবে। তাদের বিকল্প কাজের কি ব্যবস্থা করছেন সেগুলি বলুন।

[4-20—4-30 p.m.]

এখানে ফজলুর রহমান মহাশয়, তিনি এসে একটা অর্ডার পাঠ করে দিলেন। এটা মন্দের ভাল, বাইরে এই অর্ডারটা পড়ার চেয়ে, এইটুকু মর্যাদাবোধ তাঁর আছে, যে ভিতরে এসে তিনি এই অর্ডারটা পড়েছেন, বাইরে প্রকাশ করবার আগে। তার জন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু সঙ্গে

সঙ্গে আমরা দেখতেপাচ্ছি যে তাঁর বক্তব্যের মধ্যে, একটা বড় জায়গায়, যেখানে হাজার, হাজার কর্মচারী বেকার হয়ে পড়বে, সে সম্বন্ধে কোন কথা তাঁর মুখ থেকে শুনলাম না। (এ ভয়েস পড়বে না।) উনি শৈল বাবু বলছেন যে তারা বেকার -দশার মধ্যে পড়বে না। তারা কি ভাবে পড়বে না। আপনি সেটা একটু বললে আমি খুসি হবো এবং হাউসও আশ্বস্ত হবে। সেই জন্য মাননীয় চেয়ারম্যান মহাশয়, ফজলুর রহমন সাহেবকে এখানে নিয়ে আসার ব্যবস্থা করুন, বা এখানে যাঁরা উপস্থিত আছেন, তারা বলুন এ ব্যাপারে। এটা খুব গুরুতর ... এর আলোচনা হওয়া দরকার।

শ্রীঅশ্বিনী রায়ঃ মিঃ চেয়ারম্যান, স্যার, মন্ত্রিমহাশয় এই যে একটা খুব গুরুত্বপূর্ণ অর্ডার এখানে পড়ে দিয়ে চলে গেলেন, আমি সে সম্পর্কে কিছু বৈধতার প্রশ্ন তুলে বলতে চাই। আমরা যদি এটা বুঝতাম যে, আগে যে জিনিষের উপর নিয়ন্ত্রণ ছিল, সেই জিনিষগুলিই পুনরায় ব্যান করলেন, তাহলে বুঝতাম একটা স্টেটাসকো থেকে যেত। কিন্তু তা নয়। সমস্ত ছানা জাতীয় পদার্থ, এমন কি, ক্ষীর পর্যন্ত, কাল থেকে আসা বন্ধ হয়ে গেলো এবং উৎপাদনও বন্ধ হয়ে গেলো। মাননীয় সভাপতি মহাশয়, আপনি জানেন যে ইষ্টার্ণ রেলওয়ে, কর্ড লাইন, মেন লাইন, সাহেবগঞ্জ লুপ লাইন, সাউথ ইষ্টার্ণ রেলওয়ে প্রভৃতির কতকগুলি গাড়িতে, ছানার কামরা সংলগ্ন থাকে, এখন সেই সমস্ত গাড়িতে করে তারা বহুদূর থেকে ছানা, ও ক্ষীর তৈরী করে নিয়ে আসবে। এবং তা এখানে পেঁছাবার সঙ্গে, সঙ্গে, যখন সেটা বে-আইনী হয়ে গেলো, তখন তাকে পুলিশ হামলার সম্মুখীন হতে হবে। সুতরাং এই ভাবে ভেবে দেখবেন এটা গুরুত্বপূর্ণ বিষয় কিনা? এই বিষয়ের জরুরী আলোচনা হওয়া উচিত। সেইজন্য রিসেস-এর আগে আমরা দাবী করে ছিলাম যে, যে অর্ডারটা উনি পড়ে চলে গেলেন, সেই অর্ডার এর কপি এখানে রিসেস-এর পরে দেওয়া হোক, এবং তা নিয়ে আলোচনা করা হোক। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়, এর আলোচনা এক্ষুণি হওয়া উচিত। কারণ এর জন্য আমরা দেখতে পাবো কাল থেকে বউবাজার ষ্ট্রীটে এবং লোয়ার চিৎপুর রোডে যে হাজার হাজার ছানা ব্যবসায়ী আছে, তাদের দোকানে ঝাঁপ পড়ে যাবে, এবং বাজারে মিষ্টি কিনতে গেলে সাধারণ লোক তা পাবে না। এই গুরুত্বপূর্ণ বিসয়টি এখনই আলোচনা হওয়া উচিত।

দুধের উৎপাদন বাড়ান উচিত, তা আমরা জানি, কিন্তু, এই ভাবে হয়না। সেই জন্য আপনার কাছে আমার আবেদন এই যে, অন্ততঃ পক্ষে এই গুরুত্বপূর্ণ বিষয়টির এখুনি আলোচনা সুরু করা হোক। এখানে অন্যান্য মন্ত্রিমহাশয়রা রয়েছেন, তারা সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে এখানে ডেকে নিয়ে আসুন, এবং এইটা আলোচনার জন্য আপনি অনুমতি দিন।

শ্রীশম্ভু চরণ ঘোষঃ মিঃ চেয়ারম্যান, স্যার, আমি কয়েকটি কথা আপনার কাছে নিবেদন করছি, এই মাত্র, রুল ১৯৪ অনুযায়ী আমরা একটি লিখিত নোটিশ আপনাকে দিয়েছি। রুল ১৯৪তে আছে, যদি কোন জরুরী ব্যাপার সম্পর্কে আমরা আলোচনা করতে চাই, সেখানে, দুই জন বা ততোধিক সদস্য, আপনাদের কাছে বা সেক্রেটারীর কাছে রিটন নোটিশ যদি দিই, তাহলে আপনি তখনই আলোচনা করবার অনুমতি দিতে পারেন। সেই রুল অনুযায়ী আমরা আপনাকে নোটিশ দিয়েছি। সুতরাং আমিও আপনাকে অনুরোধ করবো যে, এই বিষয়টির গুরুত্ব বিবেচনা করে, আপনি এখনই এর উপর বিতর্কের ব্যবস্থা করে দিন।

শ্রীঅনাদি দাসঃ মাননীয় চেয়ারম্যান স্যার, ছানা কন্ট্রোল অর্ডারের ফলে যে অবস্থা চাই। সম্প্রতি আমাদের দেশে গোল্ড কন্ট্রোল অর্ডারের ফলে, বহু স্বর্ণশিল্পে সৃষ্টি হবে, তব পরিণতি সম্পর্কে দু-একটি কথা, আপনার কাছে নিবেদন করতে নিযুক্ত কর্মচারী, বেকার হয়ে গিয়েছে, এবং তার পরিণতি হয়েছে যে, অনেকেই শেষ পর্যন্ত বেকারীর জ্বালা সহ্য করতে না পেরে আত্মহত্যা করে, তাদের বেকারীর জ্বালা জুড়িয়েছে। এখানেও যে হাজার হাজার কর্মচারী বেকার হয়ে যাবে,

তাদের জন্য যদি উপযুক্ত অলটারনেট, ব্যবস্থা করা না হয়, তাহলে, তাদের মধ্যে অনেকেই হয়তো আবার দেখতে পাবো, তারা আত্মহত্যা করে, এই বেকারীর জ্বালা, এবং সরকারের নির্যাতনের জ্বালা, এড়াবার চেষ্টা করবেন। কাজেই এ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। হাজার, হাজার কর্মচারী, তাঁরা বেকার হয়ে পড়বেন, তাঁদের স্ত্রী, পুত্র পরিবার নিয়ে, তাঁরা কি করবেন জানি না। যারা দুধের ছানা উৎপাদন করে, তাদেরও অবস্থাটা কি হবে, একবার চিন্তা করে দেখুন। আগামী কাল যারা ছানা নিয়ে আসবেন, তাঁদের অবস্থা কি হবে? তারা তো গত কাল ছানা তৈরী করে, ছানা সঙ্গে নিয়ে, এখনই রওনা হয়ে গিয়েছেন, তারা ছানার গাড়ী করে আসছেন, তারাও এই অর্ডার জানতে পারছে না। তাদের এই অর্ডার জানাবার জন্য, তাদের কাছে এই অর্ডার পৌঁছাতে এখনও অনেক দেরী। সুতরাং কালকে যখন তারা, ছানা সঙ্গে নিয়ে, কলকাতায় এসে পৌঁছাবেন, তখনইত এই সরকারী আদেশ অনুযায়ী, পুলিশ তাদের উপর হামলা সুরু করতে থাকবে। অথচ তাদের কোন অপরাধ নেই, সে হয়ত আইন মেনে চলবার জন্য আগ্রহী, সে একজন আইনযুক্ত নাগরিক। কিন্তু যেহেতু, এই রকম হঠকারিতার সঙ্গে, এই রকম একটা আইন হল, তার জন্য, কাল থেকে, বহু লোককে নিগ্রহ ভোগ করতে হতে পারে। তাই বলছি, চেয়ারম্যান মহাশয়, আপনি এ সম্পর্কে আলোচনা করবার জন্য একটা নির্দেশ দিন। আইনের ধারাতেও এই যে রুলস্ আছে যে রুলস-এর দ্বারা আমরা পরিচালিত হচ্ছি, সেই রুলস-এর মধ্যেও প্রভিসন আছে যে, এরকম আলোচনা চলতে পারে। সুতরাং আমি আপনাকে অনুরোধ করছি এ সম্পর্কে আলোচনা করবার জন্য এখনই আমাদের সুযোগ দিন।

Mr. Chairman: I have received a notice from some members with regard to this matter under rule 194. I refer them to the next rule, i.e., rule 195 which runs as follows: "If the Speaker is satisfied, after calling for such information from the member who has given notice and from the Minister as he may consider necessary, that the matter is urgent and is of sufficient importance to be raised in the House at an early date, he may admit the notice and in consultation with the Leader of the House fix the date on which such matter may be taken up for discussion and allow such time for discussion, not exceeding two and a half hours, as he may consider appropriate in the circumstances". Therefore, I am sending this notice to the Leader of the House for fixing a date and for his information. In the meantime, let us go on with the Bill.

(Noise and interruptions)

Shri A. H. Besterwitch: Mr. Chairman, the first order was made banning Sandesh when the House was not in session and now when the House is in session, the Government have taken a Cabinet decision and issued this order. Sir, this order should not be given effect to till such time as the House gives its permission to do so.

Mr. Chairman: Mr. Besterwitch, if you cite a rule then you must rely on the rule.

Shri A. H. Besterwitch: Sir, this order should not be made workable till such time as the House gives the Minister-in-charge permission to give effect to it.

শ্রীশম্ভু চরণ ঘোষ: মাননীয় সভাপাল মহাশয়, আপনি যে রুলের কথা উল্লেখ করলেন রুল ১৯৫, তার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই—এখানে এমন কোন কথা নাই —আমি নোটিস দেবার পরে এখনই আপনি নোটিস অনুসারে বিতর্কের সুযোগ দিতে পারেন না। এখানে আছে লিডার অফ দি হাউস-এর সঙ্গে পরামর্শ করে একটি আরলি ডেট এই ডিবেট-এর জন্য ফিক্স করতে পারেন। আপনি তাঁর সঙ্গে আলোচনা করে এক্ষুনি একটা আলোচনা করবার সুযোগ দিতে পারেন যে রুল আছে সেই রুল অনুসারে।

Mr. Chairman: Mr. Ghosh, you read the provisos to rule 194 "provided that the notice shall be accompanied by an explanatory note stating reasons for raising discussion on the matter in question". Here there is no explanatory note and therefore the notice is not in order. Still I am sending it to the Leader of the House for his information and for fixing a date if necessary.

শ্রীশম্ভু চরণ ঘোষ: আপনি যে কথা বললেন, নোটীশের সঙ্গে এক্সপ্লানেটরি নোট-এর কথা বললেন, সেটাতো সেল্ফ এক্সপ্লানেটরি নোট, দ্বিতীয় হচ্ছে এই রুল ১৯৫তে একথা নাই যে লিডার অফ দি হাউস-এর সঙ্গে পরামর্শ করে আপনি বিতর্কের সুযোগ দিতে পারেন না। রুলে এই কথা বলছে রুল ১৯৫, যে নোটীশ পেলে সংশ্লিষ্ট মন্ত্রী ইনফরমেসন নেবেন এবং লিডার অফ দি হাউস-এর সঙ্গে পরামর্শ করে নির্দিষ্ট সময়ের ব্যবস্থা করবেন নেক্সট ডে বা আরলিয়েস্ট পসিবল আওয়ার-এ করতে পারবেন। এখনই লিডার অফ দি হাউস-এর সঙ্গে আলোচনা করে বিতর্কের সুযোগ দিতে পারেন।

মিঃ চেয়ারম্যান: বর্তমান রুল আপনারা করেছেন, এ ডেট হ্যাজ টু বি ফিক্সড, ঠিক কথা। সেই রুল আপনারা মানবেন না? প্রিভিলেজ অফ দি হাউস আছে সে ঠিকই, কিন্তু এই রুল ভাংগা কি একটা প্রিভিলেজ ?

শ্রীজবনী কুমার বসু: মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে যে অর্ডার পড়া হলো একটু আগে, সেটা অত্যন্ত গুরুতর জিনিষ, সারা পশ্চিমবঙ্গের হাজার হাজার মানুষ বেকার হয়ে যাবার সম্ভাবনা। আমি এবিষয়ে আলোচনা চাই। আপনার রুল ১৯৫ যেটা দেখিয়েছেন, তা ঠিক। কিন্তু আজকে যখন জিনিষটা এত গুরুতর, তখন সে বিষয়ে আলোচনার সুযোগ নিশ্চয়ই দেওয়া উচিত। আপ্যার কথা থেকে বুঝতে পারছি আপনি ঐ মোসান এ্যাডমিট করেছেন, শুধু তাই নয় এই গুরুতর পরিস্থিতি আলোচনা করবার অর্ডার নর্মাল বেসিস অফ দি হাউস-কে রেখে এটা আলোচনা করবার সযোগ দিন। এটা আপনার কাছে আবেদন করছি।

[4-30—4-40 p.m.]

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী: চেয়ারম্যান মহাশয়, রুল ১৯৫ অনুসারে আপনি যেটা বললেন সেখানে একটা কথা হচ্ছে আপনি স্যাটিসফায়েড হয়েছেন কিনা। আপনি আর্জেন্ট পাবলিক ইমপর্টেন্স হিসাবে স্যাটিসফায়েড হয়েছেন বলে এটা এ্যাডমিট করলেন। কাজেই এখন আপনার আর দুটো কাজ আছে, একটা কাজ হচ্ছে ইনফর্মেশন নেওয়া এবং আর কাজ হচ্ছে লিডার অব দি হাউসের সঙ্গে পরামর্শ করা।

Mr. Chairman: Honourable members, I have neither admitted it not rejected it.

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী: এখানে আমার বক্তব্য হচ্ছে লিডার অব দি হাউসের সঙ্গে আপনার পরামর্শ করা দরকার। কিন্তু লিডার অব দি হাউস ত হাউসে আসেন না, তিনি ত হাউসকে বয়কট করেছেন। সেহেতু এটা আর্জেন্ট পাবলিক ইমপর্টেন্স সেহেতু আপনি যখন এটা এক রকম এ্যাডমিট করেছেন বলে মনে হচ্ছে তখন আপনার কাছে আমাদের সাবমিশন হচ্ছে আপনি লিডার অব দি হাউসের সঙ্গে পরামর্শ করবার জন্য সময় নিন, আপনি হাউস এ্যাডজোর্ন করে সেই সময় নিতে পারেন, এই রকম একটা স্কোপ তৈরী করুন। এ্যাডজোর্ন আপনি করতে পারেন।

মিঃ চেয়ারম্যান: এ্যাডজোর্ন করার প্রয়োজন হয়না, ডেট এবং টাইম ফিক্স করতে হলে ইমিডিয়েটলি হবেনা।

শ্রীসৈয়দ আব্দুল মনসুর হাবিবুল্লাহ: স্যার, আমাদের মনে হচ্ছে তাঁরা শুধু আমাদের দেশবাসীকেই নয়, যারা আজ উৎপাদন করছে তাদেরই নয়, মহামান্য হাই কোর্টকে পর্যন্ত ধমক দিতে চাইছেন। তাঁরা বলতে চান.....

(হট্টগোল)

শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী: স্যার, আপনি দেখুন আজকে ওদিকের মেম্বারদেরও কনসেন্স এসে গিয়েছে, তাঁরা আজকে বলছেন, যদিও মন্ত্রিসভা তাঁদের গিল্টি কনসাসের জন্য উত্তর দিচ্ছেন না। আজকে সেইজন্য আপনার কাছে আবেদন এইভাবে আইন-কানুন, রুল অব ল সব কিছু তচ্‌নচ্‌ করে দিয়ে হাউসের ডিগনিটি নষ্ট করে দিয়ে যেভাবে এঁরা কাজ শুরু করেছেন তাতে আপনার কাছে, চেয়ারম্যান মহাশয়, আবেদন ইন দি নেম অব ডিমোক্র্যাসি আপনার কি কোন কর্তব্য নেই? আজকে আপনিও স্যার, ডিমোক্রাসিকে সেভ করবেন এই সমস্ত ফ্যাসিষ্টদের হাত থেকে।

Mr. Chairman: The date will be fixed by the Government and not by me.

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি রুল ১৯৫ দেখালেন। খুব ন্যায়সঙ্গত ভাবে আমি আপনার কাছে আবেদন করছি আপনি রুল ১৯৫টা পড়ুন। সেখানে বলা হচ্ছে "If the Speaker is satisfied, after calling for such information from the member who has given notice and from the Minister as he may consider necessary." Let us stop here.

আমরা যাঁরা নোটিশ দিয়েছি, আমি, শম্ভু বাবু, অমর রায় প্রধান, বলাই বাবু এবং আরো অনেকে তাতে সই করেছেন, আমাদের কাছ থেকে আপনি কোন ইনফরমেশন চাইলেন না "that the matter is urgent and is of sufficient importance to be raised in the House at an early date, he may admit the notice and in consultation with the Leader of the House fix the date on which such matter may be taken up for discussion".

আপনি এখানে আমাদের কাছ থেকে ইনফর্মেশন নেবেন এবং এর গুরুত্ব সম্পর্কে যাচাই করবেন এবং মিনিস্টার ইন-চার্জ লিডার অব দি হাউসের সঙ্গে পরামর্শ করে আপনাকে সেখানে একটা ডেট দিতে হবে এবং সেই ডেট কবে হবে সেটা আপনাকে সিদ্ধান্ত করতে হবে। আপনি আমাদের কাছে কিছু জিজ্ঞাসা করেননি, আপনি ট্রেজারি বেঞ্চকে কিছু জিজ্ঞাসা করেননি। আপনি বুঝেছেন বিষয়টি খুব গুরুত্বপূর্ণ সেইজন্য রেডিলি বললেন আমি এটা লিডার অব দি হাউসের কাছে পাঠাচ্ছি। কিন্তু পরিশেষে যেটা বললেন তাতে আমি স্তম্ভিত হয়ে গেলাম। আমি বুঝলাম যে আপনি এ্যাডমিট করেছেন কিন্তু আপনি এখন বলছেন যে এ্যাডমিট করেননি এবং বলেছেন

I am referring the matter to the Leader of the House.

Mr. Chairman: I said it is not in accordance with the rules.

Shri Kashi Kanta Maitra: Sir, you cannot keep this notice in abeyance, or in the air. You have to decide here and now. Either you have to admit or disallow it.

আপনি প্রভাইসোটা দেখুন সেখানে আছে

"Provided that if an early opportunity is otherwise available for the discussion of the matter, the Speaker may refuse to admit the notice.". Sir, are you satisfied that the matter cannot be discussed here and now?

অর্থাৎ আপনি তখন রিফিউজ করতে পারেন আদারওয়াইজ প্রভাইসোর কোন মানে হয় না। আপনি রুল ১৯৫ যেটা দেখালেন সেটা পড়লে দেখবেন সেই রুলে যে কন্ডিশন প্রিসিডেন্ট

আছে তাতে ট্রেজারী বেঞ্চ এবং আমাদের কথা শুনে আপনাকে ডেট ফিক্সট করতে হবে। কিন্তু যদি আরলি আওয়ারে ডিসকাশন করতে অসুবিধা হয় তাহলে আপনি রিফিউজ করতে পারেন। কিন্তু আমরা ডিমান্ড করছি

Having regard to the importance of the matter and the grave consequences with which the whole move is fraught we are claiming that discussion on this matter should get precedence over all other matters. It should enjoy precedence over all other matters.

সুতরাং আজকে এই বিষয়টার গুরুত্ব আছে বলে আমরা বলছি ইট সুড এনজয় প্রিসিডেন্স ওভার অল আদার ম্যাটারস্। আপনি মিনিস্টারকে ডেকে পাঠান, এখানে আসতে বলুন এবং রুল ১৯৫এ এ্যাডমিট করুন দেয়ার সুড বি দেন এ ডিসকাশন এবং মিনিস্টার স্টেটমেন্ট করুন।

Mr. Chairman: I have sent for the Minister concerned. If he is available he will come and give answers to your question. In the meantime let us go on with the Bill.

এখন হাউস এ্যাডজোর্ন করার কোন প্রয়োজন নেই।

(হট্টগোল)

শ্রীহরিদাস চক্রবর্তী: স্যার, আপনার চেয়ারের প্রতি সম্মান রেখে আমি বলছি যে আপনি প্রথমে এই বিষয়টা যেভাবে গ্রহণ করেছিলেন এবং আপনার নিশ্চয়ই স্মরণ আছে যখন মাননীয় শম্ভু ঘোষ মহাশয় বিরোধী দলের তরফ থেকে বলছিলেন রুল ১৯৫ অনুসারে নোটিশ দিয়ে তার জবাবে আপনি পরিষ্কার বলেছেন যদিও একটা এক্সপ্লানেটোরি নোট তার সঙ্গে নেই তা সত্ত্বেও আপনি এটাকে এ্যাডমিট করছেন।

Mr. Chairman: I have not admitted it I only drew his attention to Rule 195.

শ্রীহরিদাস চক্রবর্তী: কিন্তু আপনি একথা বলেছিলেন যদিও এক্সপ্লানেটরি নোট এর সঙ্গে নেই তা সত্ত্বেও আমি এ্যাডমিট করছি, রেফার করছি লিডার অব দি হাউসের কাছে। তার পরের ঘটনা হল যখন আমরা সমস্ত বিষয়টার গুরুত্ব উপলব্ধি করে বিরোধী পক্ষ এবং কংগ্রেস পক্ষ থেকে একজন উঠে দাবী জানালেন, কারণ তিনি মনে করেন বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যখন সকল পক্ষই এটা গুরুত্বপূর্ণ বলে মনে করছেন তখন আমরা দাবী জানিয়েছি যতক্ষণ পর্যন্ত না বিষয়টা আলোচনা হতে পারছে ততক্ষণ পর্যন্ত নরম্যাল ফাংশনিং অব দি হাউস আপনি বন্ধ রাখুন এবং তারপর একটা ডেট ফিক্স করে আগে এই বিষয়টা আলোচনা করে পরবর্তীকালে অন্য বিষয় আলোচনা করার ব্যবস্থা করুন।

মিঃ চেয়ারম্যানঃ ডিসকাশন করতে হলে নরম্যাল বিজনেস বন্ধ রাখতে হবে তার কোন মানে নেই।

শ্রীবলাই লাল দাস মহাপাত্র: মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি বললেন যে, মিনিস্টারকে খবর দিয়েছেন। আমি ধরে নিচ্ছি যে লিডার অব দি হাউসকে সংবাদ দিয়েছেন। কিন্তু আমরা বুঝতে পারছি না তিনি এখানে আসবেন কিনা। এখানে খগেনবাবু, শৈলবাবু আছেন যাঁরা চিফ মিনিস্টারের পক্ষ থেকে কথাবার্তা বলতে পারেন। ঘটনার গুরুত্ব আপনি নিশ্চয়ই অনুভব করছেন, এর সঙ্গে হাজার হাজার লোকের জীবিকার ব্যাপার জড়িত আছে। বিষয়টি সম্বন্ধে হাইকোর্ট পরশু দিন রায় দিয়েছেন, কালকেই এ্যাপিল করা হয়েছে, হাইকোর্ট বলছেন যে সে সম্বন্ধে বিচার করা হবে কিন্তু তবুও তাঁরা হাইকোর্টকে অবজ্ঞা করে চলেছেন। হাইকোর্ট যে রায় দিয়েছেন একদিন যেতে না যেতেই এ্যাপিল করেছেন এবং মিষ্টান্ন সমিতির পক্ষ থেকে আবেদন করা হয়েছে যে আপনারা কেস করবেন না, আপনাদের সর্বপ্রকারে সাহায্য করবো। কিন্তু তা সত্ত্বেও আপনারা এই অর্ডার দিলেন। এই স্বেচ্ছাচারিতা আর কতদিন লোকে সহ্য করবে? আজ আমরা দেখছি আপনাদের স্বেচ্ছাচারিতা চরমে উঠেছে, আপনারা হাইকোর্টকে মানছেন না,

বিধান সভাকে মানছেন না, দেশের কোন দাবী দাওয়ার কথা শুনছেন না। কাজেই মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি আমাদের এই গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করার সুযোগ দিন। আপনি নিশ্চয়ই এর গুরুত্ব উপলব্ধি করেছেন। এর সঙ্গে আজ বাংলাদেশের হাজার হাজার দুগ্ধ ব্যবসায়ী এবং মিষ্টান্ন ব্যবসায়ী এবং তাদের পোষ্যবর্গের ভাগ্য জড়িত আছে। কাজেই আমি বিনীতভাবে অনুরোধ করবো যে এটা আলোচনা করবার সুযোগ আমাদের দিন।

[4-40—4-50 p.m.]

শ্রীননীভট্টাচার্য : মাননীয় সভাপাল মহাশয়, আমি ঐ ১৯৫ ধারার উপর আবার আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঐ ১৯৫ ধারাকে দুটো ভাগে ভাগ করা যায়, একটা হচ্ছে এ্যাডমিট করার পার্ট আরেকটা হচ্ছে লীডার অব দি হাউস এর সঙ্গে পরামর্শ করে যত তাড়াতাড়ি সম্ভব দিন ঠিক করার পার্ট। এ্যাডমিট করার পার্ট হচ্ছে

"If the Speaker is satisfied, after calling for such information from the member who has given notice and from the Minister as he may consider necessary, that the matter is urgent and is of sufficient importance to be raised in the House at an early date, he may admit the notice"

তারপরে এ্যান্ড ইন কনসালটেশন উইথ দি লীডার অব্ দি হাউস আপনি সভাপাল মহাশয় বিষয়টার গুরুত্ব এত বেশী করে আপনার মনে হয়েছে যে ওরা নোটিশ দিলে সভাপাল মহাশয়, তাদের কাছে আর এমনকি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের সঙ্গে পরামর্শ নেবার দরকার মনে করেননি। যাতে আরও তথ্য বেশী করে আবার পেতে পারেন, সেজন্য যা তথ্য এই হাউসের কাছে উপস্থিত হয়েছে সেটা আপনি যথেষ্ট বলে মনে করছেন এবং মনে করেছেন বলে যে স্টেপ, সেই স্টেপের কথা বলেছেন। আপনি অবশ্য ঘোষণা করে বলেননি যে আমি এ্যাডমিট করেছি। কিন্তু আপনি এই কথা বলেছেন যে আমি লীডার অব দি হাউসের কাছে পাঠাচ্ছি। কিন্তু লীডার অব দি হাউসের প্রশ্ন আসে কেন। যখন টাইম ঠিক করার প্রশ্ন আসে তখন তার সঙ্গে পরামর্শ করার ব্যাপার। এই ১৯৫ ধারা আপনি এখানে এ্যাডমিট করে নিয়েছেন, করে নেবার পরে তার জন্য লীডার অব দি হাউসের সঙ্গে প্রশ্ন আসছে। এবং সেজন্য আপনি বলেছেন লীডার অব দি হাউসের কাছে এই নোটীশ পাঠাচ্ছেন। সভাপাল মহাশয়, আপনি যখন এটা এ্যাডমিট করেছেন তখন আলোচনার সুযোগ দিন, আপনি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে ডেকে পাঠান তার কাছ থেকে যদি বক্তব্য জানার থাকে জেনে নিন।

Mr. Chairman: I am informed that the Minister concerned is making a statement in the Upper House.

ডাঃ নারায়ণ রায় : মাননীয় চেয়ারম্যান, স্যার, এখানে এটা ফয়শালা না করা পর্যন্ত আপনি হাউস এ্যাডজোর্ন করে দিন, কারণ এটা এত বেশী গুরুত্বপূর্ণ ব্যাপার যে আমরা এটাকে ছেড়ে দিতে পারব না।

শ্রীঅপূর্ব লাল মজুমদার : মাননীয় চেয়ারম্যান মহাশয়, যেটা ক্যাবিনেট ডিসিশান বলে আমাদের জানান হলো অবশ্য ওঁরা কি ডিসিশানই নিয়েছেন তা লিখিতভাবে কোন কপি আমরা পাইনি, কোন আইন অনুসারে সেই পাওয়ার একসাইজ করেছেন যে হাইকোর্টের যে রায় হয়ে গেল সেটাকে নাকচ করে দিলেন এবং আরও বেশী ষ্ট্রীনজেন্ট অর্ডার জারী করেছেন এবং সেটা কোন আইনের বলে করলেন তারও কোন কপি আমরা পাইনি। আমরা হাইকোর্টের যে রায় দেখেছি যে অর্ডার তারা জারী করেছিলেন ডি, আই, আর ১২৫ ধারা অনুসারে সেখানে হাইকোর্ট অন্তত এইটুকু বলে দিয়েছে যে আদেশ জারী করে তারা সন্দেশ বন্ধ করেছিলেন তা পারপাস্ সার্ভ করেনি, হোপলেসলি আনজাস্টিফায়েড। এই ধরণের কোন অর্ডার দিয়ে মূলত যে উদ্দেশ্য ডিসট্রিবিউশানকে ঠিক করে দেওয়া এবং মানুষের মধ্যে যাতে ইকোয়ালী ডিসট্রিবিউটেড হয় তার এ্যাফেক্ট জাস্টিফায় করার যে অর্ডার জারী করছিলেন হাইকোর্ট বলে দিয়েছেন Without any purpose, without any justification and it is highly condemned by the High Court.

এ সম্পর্কে দুটো লাইন এখানে আমি পড়ে দিচ্ছি

Where the power is exercised purposelessly or with the knowledge that

control order will not achieve the proposed object, there is no legal justification for the exercise of the power. The control order was arbitrarily made on speculative grounds, was purposeless and ineffective and deserves to be quashed. I condemn the impugned control order as an unreasonable piece of delegated legislation made arbitrarily in exercise of the power under Rule 125 without any justification in law and regardless of the purpose for which such orders may be made.

স্যার, হাইকোর্টের জজ, তিনি এটা মনে করেছেন

purposeless, absurd, without justification.

আমরা এ্যাসেম্বলীতে চীৎকার করলে সেটা ওঁদের কানে পৌঁছায়না বাট হিয়ার ইজ এ জুডিসিয়ারি যাঁরা বলেছেন এদের চেয়ে কোন অর্ডার কোন নির্দেশ ঐ সন্দেশ তৈরী বন্ধ করে দেওয়া এর পেছনে কোন লিগাল জাস্টিফিকেশান, মরাল জাস্টিফিকেশান থাকতে পারে না এবং হায়েষ্ট জুডিসিয়ারি অব দি স্টেট তাঁরা এখানে বলে জাস্টিফিকেশান তাঁরা এখনও কাজ করছেন। যখন হায়েষ্ট জুডিসিয়ারী এমন একটা ওপিনিয়ন এক্সপ্রেস করেছেন তখন এটা অত্যন্ত ঘৃণ্যবান বলে এখানকার লোকেরা মনে করেন এবং শুধু অপোজিসন নন, তাঁরা যখন এর উদ্দেশ্য সম্পর্কে সন্দিহান এবং এই কন্ট্রোল অর্ডার যখন কোন সম্পর্ক সার্ভ করেনি, আমি জাস্টিফায়েড তখন আজকের সেই জুডিসিয়ারীর অবজারভেশনকে নালিফাই করার জন্য এই সমস্ত জিনিস করা হচ্ছে এবং অপোজিসন সব সময় গ্যাগড্ হচ্ছেন। আমরা দেখছি যখন এরকম ষ্ট্রং ল্যাংগুয়েজ, ফাইলিং করা হয়েছে তখন এ সম্পর্কে আপনারা একটা অর্ডার পাশ করে সেটা নালিফাই করে দিয়ে জোর জবরদস্তি করে এমন সমস্ত জিনিস করছেন যার পিছনে কোন মরাল, এথিক্যাল, লজিক্যাল, লিগাল জাস্টিফিকেসন থাকতে পারেনা। সেজন্য মিঃ চেয়ারম্যান স্যার, এটা যখন কনডেমড্ হচ্ছে তখন তাড়াহুড়া করে পেছন দরজা দিয়ে অর্ডার পাস করার দরকার নেই। বাট ইট বি ডিসকাসড্ অন দি ফ্লোর অব দি হাউস ফাস্ট অব অল এবং আলোচনা করার পর যদি প্রয়োজন হয় তাহলে ঐ সম্পর্কে সিদ্ধান্ত নেবেন। ওঁরা হাইকোর্ট গিয়ে ওরাল এ্যাপ্লিকেসন করলেন যে এটাকে স্টে করা হোক। কারণ একজিকিউটিভ অর্ডার যেটা পাস হয়ে গেছে সেটাকে আলট্রাভায়ারিস ডিক্লেয়ার করে তাঁরা কনডেম করে দিয়েছেন এবং যে ওরাল অবজেকসন ফাইল করলেন সেই ওরাল অবজেকসন হ্যাড বিন ডিসমিসড্ আমি একথা বলি যে সন্দেশ বন্ধ করে দেয়ার ফলে বাংলাদেশের হাজার হাজার মানুষ আজ দুঃখ দুর্দশার সম্মুখীন হয়েছে এবং গোয়ালারাও এখন একটা বিপদের সম্মুখীন হয়েছে। যদি বুঝতাম যে হ্যাঁ তার দ্বারা আমাদের দেশের কোন পার্পাস সার্ভড হয়েছে তাহলে না হয় কিছু বলার ছিল না কিন্তু যখন তা হয়নি এখন এতগুলো লোকের সর্বনাশ করার মানে কি? আমরা দেখেছি গভর্নমেন্ট ইদানিংকালে ডি, আই, আর-এর নামে এবং এসেনসিয়াল কোমোডিটিজের নামে ডেলিগেটেড পাওয়ার এত বেশী পেয়েছেন যে রাইটার্স বিল্ডিংসে বসে যখন তখন তোগলকি আমলের মত যেসকল অর্ডার পাশ করেন, উইদাউট রাইম অর রিজন্ এবং উইদাউট পলিটিক্যাল অর মরাল জাস্টিফিকেসন তাঁরা এসব কাজ করে যাচ্ছেন। এই ডেলিগেটেড পাওয়ার নিয়ে আজকে বাংলাদেশের মানুষকে যে পিষে ফেলার চেষ্টা হচ্ছে তার বিরুদ্ধে জুডিসিয়ারী রায় প্রকাশ করেছেন। কাজেই আমি অপোজিসানের তরফ থেকে বলব যে, এ বিষয়ে আলোচনা না করার পূর্বে যদি আবার আমাদের গ্যাগ করার চেষ্টা হয়, আবার এমনি করে স্বৈরাচারী ব্যবস্থা চালু করার চেষ্টা করা হয় উইদাউট এনি জাসটিফিকেশন, এবং লোকের অসুবিধার দিকে না তাকিয়ে, তাহলে তার ফল খুব ভাল হবে না এবং হাউস যখন ইন সেসনে আছে, তখন যদি তাঁরা মনে করেন, এ বিষয়ে বিল উত্থাপন করার প্রয়োজন আছে, তাহলে তাঁরা বিল নিয়ে আসুন এবং এখানে থ্রেড বেয়ার আলোচনা হোক। তাতে আমরা উভয় পক্ষ আমাদের বক্তব্য পেশ করি। কিন্তু ওঁরা ওঁদের বক্তব্য পেশ করতে সাহসী নন। এইভাবে যদি পিছনের দরজা দিয়ে এই সমস্ত ডেলিগেটেড লেজিসলেসনের সুবিধা নিয়ে বিভিন্ন একসিকিউটিভ অর্ডার পাস করে জনসাধারণের উপর রোলার চাপাবার চেষ্টা করেন, তাহলে জনসাধারণ তা সহ্য করবে না। সেইজন্য মিঃ চেয়ারম্যান স্যার, ১৯৫ রুল অনুযায়ী আপনার কাছে যে মোশন রাখা হয়েছে, সেটাকে অগ্রাধিকার দেওয়া উচিত, পারটিকুলারলি

in view of the facts that it has been highly condemned by the highest judiciary of the State.

সেইজন্য আর কোন কাজ করার আগে আমাদের লিডার অফ দি হাউস তিনি আসুন, এসে তাঁর বক্তব্য রাখুন এবং তারপর দু'পক্ষে আলোচনা হোক—আমাদের বক্তব্য বলবার সুযোগ দেওয়া হোক। তাঁরাও তাঁদের বক্তব্য বলুন এবং এই সমস্ত ডিসকাস করার পরে যদি তাঁরা মনে করেন যে, কোনো স্টেপ নেওয়া দরকার তা নিন। তার আগে স্টেটের হাইয়েষ্ট জুডিসিয়ারিকে অবজ্ঞা করে পিছনের দরজা দিয়ে যদি এটাকে চালু করবার চেষ্টা করেন, তাহলে আমরা তার বিরুদ্ধে যাব, বাংলাদেশের গণতান্ত্রিক মত তার বিরুদ্ধে যাবে। কজেই আমাদের এই দাবী যে, আগে এটা আলোচনা করা হোক। তারপর এই অর্ডার কার্যকরী করা হোক।

[4-50—5 p.m.]

শ্রীনিখিল দাস: মাননীয় সভাপতি মহাশয়, আমি দুটো কথা বলতে চাই। হঠাৎ রিসেস হবে, স্পীকার সাহেব রিসেস দেবেন আমাদের দুধ মন্ত্রী দুধ সম্পর্কে একটা ফিরিস্তি দিয়ে গেলেন এবং তিনি একটা আদেশ জারী করলেন তাতে আগামীকাল থেকে আর কোন মিষ্টি তৈরী হবে না, ক্ষীর তৈরী হবে না, ছানা হবে না—কারণ আমরা দুধ পাব, কম দামে দুধ পাব এবং বেশী লোকে দুধ পাবে। মাছ নিয়ে তিনি একবার ছেলেখেলা করেছেন যার ফলে মাছ আর বাজারে পাওয়া যাচ্ছে না, পচা মাছ পাওয়া যাচ্ছে। এখন এই যে আদেশ হল তাতে দুধে আর কোন মিষ্টি হবে কিনা জানিনা পায়েস হবে কিনা জানিনা, বাড়ীতে পায়েস ক্ষীর করলে আইনের আওতায় পড়বে কিনা জানিনা, আমার বাড়ীতে ধরুন ক্ষীর তৈরী হল আমি সেটা যদি শম্ভু বাবুর বাড়িতে নিয়ে যাই তাহলে পুলিস আমাকে ধরতে পারে এবং বলতে পারে যে এটা আমার বাড়িতে হয় নি। এই ভাবে একটা অরাজকতার রাজত্ব সৃষ্টি করছেন। আমি বার বার এই সেসানে জিজ্ঞাসা করেছি যে আপনারা ছানার নিয়ন্ত্রণ আদেশ জারী হবার পর কত লিটার বেশী দুধ খেয়েছেন? তিনি ফিরিস্তি দিয়েছেন যে তিনগুন দুধ বেশী পেয়েছি। সেই তিনগুণ দুধ কারা খেল? দেশের জনসাধারণ না মন্ত্রী বাবুরা? সেই তিনগুণ দুধের দোকান বেড়ে গেল তাহলে সেই কার্ডের দুধ কারা খেল? আমরা জানি সাধারণ মানুষ সে কার্ডের সুযোগ পায়নি। আজকে এই আদেশের ফলে হাজার হাজার লোক বেকার হয়ে যাবে। দেশের মধ্যে জরুরী অবস্থা আছে, পাকিস্তান আছে, চীন আছে, কিন্তু এই সময় বেকার লোকগুলো যখন রাস্তায় নামবে চাকরীর জন্য তখন কি হবে? চাকরীর জন্য বিজয় বাবুর নিকট লোক গেলে তিনি বলবেন চাকরী কোথা থেকে দেবো। আমি জিজ্ঞাসা করছি সমস্ত দুধ কেনার ক্ষমতা কি সরকারের আছে? সমস্ত দুধ ষ্টোরিং করবার ক্ষমতা কি সরকারের আছে, চিলিং করবার ক্ষমতা কি সরকারের আছে? আমরা জানি তা নেই। এবং এর ফলে অনেক পরিমানে দুধ নষ্ট হয়ে যাবে। তৃতীয় হচ্ছে আমাদের বাংলাদেশের একটা ইন্ডাস্ট্রি আপনারা শেষ করে দিচ্ছেন। কিন্তু কেন করছেন তার কোন কারণ নেই। এই তিনটা কারণ আলোচনা না করে রাগের মাথায় মর্য্যাদার কথা চিন্তা করে মন্ত্রিমহাশয়রা যদি আদেশ দেন তাহলে অত্যন্ত অন্যায় হবে। হাইকোর্ট থেকে একটা আদেশ বাতিল করে দিল তারপর মন্ত্রিমহাশয়দের সেই আদেশ বাতিল করে দেবার ক্ষমতা আছে কিনা জানিনা। আমি জানিনা পুরা ক্যাবিনেট মিটিং এ বিষয়ে হয়েছিল কিনা বা সমস্ত মন্ত্রীরা এ বিষয় মত দিয়েছেন কিনা জানিনা। কিন্তু অল্প সময়ের মধ্যে তাঁরা মত দিয়ে ঠিক করে দিলেন যে জজসাহেবকে ননী গোপাল পালকে এবং সমস্ত মিষ্টির ব্যবসায়ীকে সায়েস্তা করে দেবো। সরকারের বিরুদ্ধে একজন জজসাহেব যদি এরূপ বিরুদ্ধ মন্তব্য করে তাহলে তাকে যদি আক্রমণ করা হয় তাহলে একটা খারাপ পরিস্থিতি আপনারা সৃষ্টি করতে যাচ্ছেন। তাই যদি শান্তি ভঙ্গ না চান তাহলে দায়িত্ব হচ্ছে মন্ত্রীদের আপনারা যে অর্ডার পাশ করলেন সেই অর্ডার সম্পর্কে আলোচনা করবার সুযোগ দেওয়া হোক যাতে আমরা এই সম্পর্কে আমাদের বক্তব্য দিতে পারি। অতএব যতক্ষণ না আমাদের আলোচনা হচ্ছে হাউসের মতামত না নেওয়া হচ্ছে ততক্ষণ পর্যন্ত সেসান চলাকালীন এরূপ ধরনের বে-আইনী আদেশ জারী করা উচিত নয়। আশা করি মন্ত্রিমহাশয় একথাগুলির জবাব দেবেন এবং যে মোসান দেওয়া হয়েছে সেটা আপনি আলোচনা করতে দেবেন।

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবায়েদুল গণি: মিঃ চেয়ারম্যান, স্যার, আপনার স্মরণ আছে ছানা কন্ট্রোল সম্বন্ধে আগে যা কিছু মন্তব্য রেখেছি অনারেবল হাইকোর্ট সমস্তই সম্পূর্ণভাবে সাপোর্ট ও জাস্টিফাই করে গেছেন। এই অর্ডার আপনারা সবাই দেখেছেন। কিন্তু এখন হঠাৎ শুনছি হাইকোর্ট-এর অর্ডার হওয়া সত্ত্বেও এ্যাপিল করেছেন কিনা জানিনা তার উপর আর একটা অর্ডার বেআইনীভাবে দিলেন যাতে সব কিছুই কভার করে যাচ্ছে। আমি লইয়ার নই, জানিনা কনটেম্পট অব দি কোর্ট হচ্ছে কিনা? কিন্তু ফ্যাকচুয়ালি কনটেমপ্ট অব দি কোর্ট হয়েছে যেটা আমাদের সরকার করেছেন।

মিঃ চেয়ারম্যান: এটা নূতন অর্ডার

ডাঃ আবু আসাদ মহম্মদ ওবায়েদুল গণি: কিন্তু ডিফায়েন্স অব দি কোর্ট, অন দি ফেস অব দি হাইকোর্ট অর্ডার ঐ সাবজেক্টএ আর একটা অর্ডার ইস্যু করেছেন যাতে এটা আরও ব্যাপকভাবে কভার করছে। এটা টেকনিক্যালি না হতে পারে, কিন্তু ফ্যাকচুয়ালি অবজেক্টিভলি এ্যান্ড রিয়েলি ইট ইজ এ ডিফায়েন্স অব দি কোর্ট তারমানে রুল অব ল থাকবে কিনা সেটা সন্দেহ হচ্ছে। কারণ রুল অব ল ডি, আই, আর-এ খেয়ে বসে আছেন। যাকিছু বাকী ছিল তাতে এইভাবে জুডিসিয়াল কোর্টকে ডিফাই করে একজিকিউটিভ অর্ডার দিয়ে যদি রাষ্ট্র পরিচালনা করেন তাহলে ডেমোক্রেসি আর থাকবে না। সেজন্য এই গুরুত্বপূর্ণ ব্যাপারে ইমিডিয়েটলি একটা ডিসকাসন-এর আমরা দাবী করি, আশা করি আপনি এটা দেবেন।

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: মিঃ চেয়ারম্যান, স্যার, বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কিন্তু রহমান সাহেব একটা খালি স্টেটমেন্ট দিয়ে চলে গেলেন। হাইকোর্ট-এ এ্যাপিল করবেন। কিন্তু সেই এ্যাপিল-এ কি হয় না হয় সেটা দেখার ধৈর্য ছিল না। তিনি এমন একটা অর্ডার দিলেন যার ফলে বাংলা-দেশের হাজার হাজার মানুষ বিপন্ন হয়ে পড়বে। কোলকাতা ও মফঃস্বলের শহরের বহু খাবারের কর্মচারী এবং ছোট ছোট দোকানদার সমস্তই বেকার হয়ে যাবে। আপনি জানেন যে গভর্নমেন্টের গোল্ড কন্ট্রোল আদেশের ফলে হাজার হাজার লোক বেকার হয়ে গেল, অনেক লোক প্রাণ দিল। আজও এই অর্ডার-এর ফলে বিভিন্ন শ্রেণীর লোক বেকার হয়ে গেল, বহু দোকান বেকার হয়ে যাবে, কর্মচারী বেকার হবে, যারা দুধ উৎপাদন করে তারা বেকার হয়ে যাবে। সুতরাং আমি বলছি এই অর্ডার প্রত্যাহার করে নেওয়া উচিৎ। বাংলাদেশে যখন আইনসভা চলছে তখন আইনসভা চলাকালীন অবস্থায় মন্ত্রিমহাশয় যে ঔদ্ধত্য আদেশ দিয়েছেন সেটা বলা যায় না। সেজন্য দাবী করি মন্ত্রিমহাশয়কে আসবার জন্য বলুন এবং তা না হলে আমরা এ্যাসেম্বলীর অন্য কাজ করতে পারছিনা। বাংলাদেশের লোক যখন একটা বিপর্যয়ের মধ্যে পড়েছে তখন এই বিল পাশ করে কিছু হবে না। সেজন্য দাবী করি অবিলম্বে চিফ মিনিষ্টার-এর সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়কে ডেকে এটা আলোচনা করার ব্যবস্থা করা উচিৎ। আজ এটা সম্ভব না হলে হাউস বন্ধ করে দিন, তারপর কো-অপারেটিভ নিয়ে আলোচনা করা যাবে।

শ্রীঅনাদি দাস: স্যার, এই আলোচনা করতে গিয়ে যদি দু একদিন দেরী হয়ে যায় তাহলে বাংলা-দেশের কি ক্ষতি হবে সেটা আপনাকে বিচার করবার জন্য বলছি। এরূপ একটা গুরুত্বপূর্ণ বিষয় তাঁরা যদি আমাদের কনভিন্স করাতে পারেন যে এটা সত্যই করতে হবে তাহলে নিশ্চয়ই এই আইন বলবৎ হবে এবং আমরা সকলেই মত দেবো। কাজেই আমি বলছি এই আলোচনা করবার জন্য দুটো দিন দেওয়া হোক এবং এই অর্ডারটা দু দিন পিছিয়ে দেওয়া হোক।

Mr. Chairman: The House stands adjourned till 1 p.m. tomorrow.

(Adjournment)

The House was accordingly adjourned at 5 p.m. till 1 p.m. on Friday, the 19th November, 1965, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 19th November, 1965, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 11 Ministers, 3 Ministers of State and 167 Members.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

[1—1-10 p.m.]

Town Libraries

301. (Admitted question No. 74.) **Shri Ananga Mohan Das:**
শ্রীঅনঙ্গমোহন দাস: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কয়টি টাউন লাইব্রেরী রহিয়াছে;

(খ) উক্ত লাইব্রেরীর জন্য সরকার কি কি বাবদ কত অর্থ সাহায্য করেন; এবং

(গ) উক্ত লাইব্রেরী স্থাপনের স্থান সরকার কি নীতিতে নির্ধারণ করেন?

The Minister for Education:

(ক) ১টি।

(খ) টাউন লাইব্রেরী প্রকল্পের মোট এককালীন অনুমোদিত প্রকলন:—

গৃহনির্মাণ	.. ..	৪০,০০০ টাকা
আসবাবপত্র ইত্যাদি	.. ..	৪,০০০ টাকা
পুস্তক ও পত্রপত্রিকা	.. ..	৮,০০০ টাকা
	মোট ..	৫২,০০০ টাকা

উক্ত প্রকলনের ৪৫,৫০০ টাকা সরকারী সাহায্যরূপে মঞ্জুর করা হয়। বাকী অংশ, অর্থাৎ ৬,৫০০ টাকা (১২½ শতাংশ) লাইব্রেরী কর্তৃপক্ষকে বহন করিতে হয়। ইহা ব্যতীত পৌনঃপৌনিক ব্যয়ের মধ্যে নির্দিষ্ট সংখ্যক কর্মীদের সরকার নির্ধারিত হারে বেতন প্রদানের দায়িত্ব গ্রহণ করা হইয়াছে এবং পুস্তকাদি খরিদ ও অন্যান্য আনুসঙ্গিক ব্যয় বাবদ বার্ষিক ৩,০০০ টাকা সাহায্য মঞ্জুর করা হইয়াছে।

(গ) শিক্ষা বিভাগের অনুমোদন সাপেক্ষে শিক্ষা অধিকর্তা জেলা সমাজ শিক্ষা আধিকারিকের সহিত আলোচনা করিয়া লাইব্রেরীর স্থান নির্ধারণ করেন।

Lift Irrigation Schemes

302. (Admitted question No. 277.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যের কোন্ কোন্ জেলায় নদী হইতে পাম্পের সাহায্যে জল তুলিয়া চাষের জন্য জল সরবরাহের ব্যবস্থা হইতেছে;

(খ) ঐরূপ এক-একটি প্রকল্পের জন্য কত টাকা ব্যয় হইবে;

(গ) উক্ত প্রকল্পগুলি এই বৎসর চালু হইবে কিনা; এবং

(ঘ) সেচের জলের জন্য কৃষকগণকে কোন ট্যাক্স দিতে হইবে কিনা এবং হইলে উ কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) পশ্চিমবঙ্গের নিম্নলিখিত জেলাগুলিতে বর্তমানে নদী হইতে পাম্পের সাহায্যে জল তুলিয়া চাষের জন্য জল সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে এবং হইতেছে; (১) পুরুলিয়া (২) বাঁকুড়া, (৩) বর্ধমান, (৪) মেদিনীপুর, (৫) হুগলী, (৬) হাওড়া, (৭) বীরভূম, (৮) মুর্শিদাবাদ, (২) নদীয়া, (১০) চব্বিশপরগনা, (১১) মালদহ এবং (১২) পশ্চিম দিনাজপুর।

(খ) ৫০০ একর জমিতে চাষের জল দেবার ব্যবস্থা হিসাবে গৃহীত প্রকল্পগুলি প্রত্যেকটির জন্য ১ লক্ষ টাকা এবং ১,০০০ একর জমিতে চাষের জন্য জল সরবরাহের প্রকল্পগুলির প্রত্যেকটির জন্য ১ লক্ষ ৬১ হাজার টাকা ব্যয় করা হইতেছে।

(গ) গৃহীত প্রকল্পগুলির মধ্যে ৮০টি ইতিমধ্যে আংশিক চালু করা হইয়াছে এবং আরও প্রায় ১৭০টি চালু করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(ঘ) প্রকল্পগুলি সম্পূর্ণভাবে শেষ হইবার পর সেচকর ধার্য করা হইবে। নিম্নলিখিত হারে কর আদায় করা হইবে—(১) প্রথম শস্যের জন্য ১১ টাকা প্রতি একর, এবং (২) দ্বিতীয় শস্যের জন্য ১৫ টাকা প্রতি একর।

Cultivation of Paddy

303. (Admitted question No. 289.)

শ্রীঅনঙ্গমোহন দাস: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়ে কোন সরকারী পরিসংখ্যান আছে কি—

(১) এই বৎসর এই রাজ্যে মোট কত জমিতে ধান চাষ হইয়াছে, তন্মধ্যে কত জমিতে আউস ও কত জমিতে আমন ধানের চাষ হইয়াছে;

(২) গত বৎসর, অর্থাৎ ১৯৬৪ সালে উহার পরিমাণ কত ছিল; এবং

(৩) উক্ত আবাদী জমির মধ্যে কত জমিতে জাপানী প্রথায় চাষ হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে তাহা কি?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) (১) না।

(ক) (২) আছে।

(ক) (৩) আছে।

(খ) (ক) (১) প্রশ্ন ওঠে না।

(ক) (২) গত বৎসর, অর্থাৎ ১৯৬৪-৬৫ সালে মোট ১,১৫,৪২,২০০ একর জমিতে ধান চাষ হইয়াছিল; তন্মধ্যে ১৫,১১,২০০ একর জমিতে আউশ ধান এবং ৯৯,৭৫,৩০০ একর জমিতে আমন ধান এবং ৫৫,৭০০ একর জমিতে বোরো ধানের চাষ হইয়াছিল।

(ক) (৩) ১৯৬৪-৬৫ সালে ১০,৭০,০০০ একর জমিতে জাপানী প্রথায় ধান চাষ হইয়াছিল।

Blackout

304. (Admitted question No. 1034.)

শ্রীঅনন্তমোহন দাস: স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাম্প্রতিক পাক-ভারত সংঘর্ষের সময়ে অসামরিক প্রতিরক্ষার ব্যবস্থা হিসাবে কতগুলি শহরে নিষ্প্রদীপের ব্যবস্থা করা হইয়াছিল; এবং

(খ) উক্ত ব্যবস্থা অমান্যের জন্য (১) কলিকাতায়; এবং (২) অন্যান্য শহরে মোট কতজনকে গ্রেপ্তার করা হয় ও শাস্তি দেওয়া হয়?

The Minister for Home (Civil Defence):

(ক) কলিকাতা সহ মোট ৬১টি শহরে নিষ্প্রদীপের ব্যবস্থা করা হইয়াছিল।

(খ) (১) কলিকাতায় ৫৫ জনকে গ্রেপ্তার করা হয় এবং ৪২ জনকে শাস্তি দেওয়া হয়।

(২) অন্যান্য শহরে মোট ২১ জনকে গ্রেপ্তার করা হয় এবং ২২ জনকে শাস্তি দেওয়া হয়।

Price of Rice in Sadar Subdivisions of West Bengal

305. (Admitted question No. 1038.)

শ্রীঅনন্তমোহন দাস: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বিভিন্ন জেলাগুলির সদর মহকুমায় কিরূপ মূল্যে চাউল বিক্রিত হইতেছে; এবং

(খ) সরকার নির্দিষ্ট মূল্যে যাহাতে সর্বত্র চাউল বিক্রিত হয় তাহার জন্য কোন ব্যবস্থা লওয়া হইতেছে কি?

The Minister for Food and Supplies:

(ক) এ সম্পর্কে বিবরণী পেশ করা হইল।

(খ) এ সম্বন্ধে তদারকীর ভার এবং সরকার নির্ধারিত মূল্য অপেক্ষা অধিক মূল্যে চাউল বিক্রয়কারীর শাস্তিপ্রদানের ভার পুলিশ বিভাগের উপর ন্যস্ত করা হইয়াছে। ইহা ছাড়া পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে এম আর দোকান খোলা হইয়াছে।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 305

Statement showing average minimum and maximum retail prices of rice in Sadar Subdivisions of West Bengal

Subdivision	Prices in rupees per ... As on 3-11-65	
	Maximum	Minimum
Sadar (Burdwan)	0·88	0·74
Sadar (Birbhum)	0·75	0·75
Sadar (Bankura)	0·76	0·73
Sadar (Midnapore)	0·84	0·86
Sadar (West Dinajpur)	0·80	0·76
Sadar (Malda)	1·20	1·14
Sadar (Cooch Behar)	1·87	1·67
Sadar (Nadia)	2·00	1·60
Sadar (Hooghly)	1·26	1·16
Sadar (Howrah)	2·50	2·41
Sadar (Drjeeling)	0·86	0·74
Sadar (24-Parganas)	2·10	1·91
Sadar (Murshidabad)	1·19	1·07
Sadar (Jalpaiguri)	1·75	1·50
Sadar (Purulia)	0·81	0·79

Appeal cases submitted to the State Transport Authorities against the R.T.A.'s

306. (Admitted question No. 1039.)

শ্রীজনপ্রমোহন দাস : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৪ সালে বিভিন্ন জেলা আর টি এ-এর সিদ্ধান্তের বিরুদ্ধে স্টেট ট্রান্সপোর্ট অথরিটিজ-এর কাছে মোট কতগুলি এপিল কেস দায়ের হইয়াছিল; এবং

(খ) বর্তমান সময় পর্যন্ত তাহাদের মধ্যে কতগুলি কেস-এর নিষ্পত্তি হইয়াছে ?

The Minister for Home (Transport):

(ক) ১১৭টি।

(খ) ৯০টি।

Divorce Cases

307. (Admitted question No. 1267.)

শ্রীঅপ্রমোহন দাস : গত ১১ই মে, ১৯৬৫ তারিখে প্রদত্ত ১৫৭৩ নং (অনুমোদিত প্রশ্ন নং ২৮৬২) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উক্ত তথ্য সংগ্রহ করা হইয়াছে কিনা; এবং

(খ) সংগ্রহ করা হইলে তাহা কি ?

The Minister for Judicial:

(ক) হ্যাঁ, সংগৃহীত হইয়াছে।

(খ) প্রয়োজনীয় তথ্যাদি এতৎসংলগ্ন বিবরণীতে লিপিবদ্ধ আছে।

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 307.

এই রাজ্যের নিম্নলিখিত আদালতে গত ১৯৬৩-৬৪ সালে যতগুলি বিবাহ বিচ্ছেদের মামলা উত্থাপিত হইয়াছিল তাহা নিম্নে প্রদত্ত হইল।

(১)	বর্ধমান	৬২
(২)	বীরভূম	৪৩
(৩)	বাঁকুড়া	১৩
(৪)	হাওড়া	৫৬
(৫)	হুগলী	৫৭
(৬)	মেদিনীপুর -	৩০
(৭)	মালদহ-পশ্চিম দিনাজপুর	৭৬
(৮)	পুরুলিয়া	২
(৯)	মুর্শিদাবাদ	৯৬
(১০)	নদীয়া	৩৫
(১১)	জলপাইগুড়ি-দার্জিলিং	২৪
(১২)	২৪-পরগণা	২৪১
(১৩)	কোচবিহার	৫৩
(১৪)	নগর দেওয়ানী আদালত	১২৫

ইহাদের মধ্যে হিন্দু, মুসলমান ও অন্যান্য সম্প্রদায়ের লোকের তালিকা--

		হিন্দু	মুসলমান	অন্যান্য সম্প্রদায়
(১)	বর্ধমান	১	৩০	১
(২)	বীরভূম	২১	২১	১
(৩)	বাঁকুড়া	১৩	..	..
(৪)	হাওড়া	৩৪	২২	..
(৫)	হুগলী	১৩	৪৪	..
(৬)	মেদিনীপুর	৩০	..	..
(৭)	মালদহ-পশ্চিম দিনাজপুর	২৪	৫২	..
(৮)	পুরুলিয়া	২	..	..
(৯)	মুর্শিদাবাদ	৩৪	৬২	..
(১০)	নদীয়া	১৯	১৬	..
(১১)	জলপাইগুড়ি-দার্জিলিং	৫	১৯	..
(১২)	২৪-পরগণা	১৭৯	৫৯	৩
(১৩)	কোচবিহার	২৩	৩০	..
(১৪)	নগর দেওয়ানী আদালত	১১২	১০	৩

ঐ সকল মামলার মধ্যে যেগুলিতে বি... ...র হইয়াছে তাহার তালিকা—

(১)	বর্ধমান	২১
(২)	বীরভূম	২৪
(৩)	বাঁকুড়া	১
(৪)	হাওড়া	৩৪
(৫)	হুগলী	৩৪
(৬)	মেদিনীপুর	৮
(৭)	মালদহ-পশ্চিম দিনাজপুর	২০
(৮)	পুরুলিয়া	—
(৯)	মুর্শিদাবাদ	৪৫
(১০)	নদীয়া	২৩
(১১)	জলপাইগুড়ি-দার্জিলিং	১০
(১২)	২৪-পরগণা	১৯১
(১৩)	কোচবিহার	১১
(১৪)	নগর দেওয়ানী আদালত	৯৯

Roads in Howrah district

308. (Admitted question No. 637.) **Shri Abani Kumar Basu:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) the names of the roads sanctioned under the Third Plan in the district of Howrah with particular reference to the different stages of completion of each of them;

(b) the names of such roads in respect of which acquisition of land has not been completed;

(c) names of the roads sanctioned under 2nd Plan which have not yet been completed and state the reasons; and

(d) is there any phased programme for the improvement of such roads set up by Road Department at the beginning of the 2nd Plan?

The Minister for Public Works (Roads): (a) to (d). A statement attached herewith.

Statement referred to in reply to unstarred question No. 308

(a)—

	Name of the road.	Different stages of completion.
1.	Ekkabarpur-Jajursha road ..	Advance collection of materials in progress.
2.	Upgrading Bagnan-Sricol-Shyampur	Surfacing completed : 50 per cent., Stone consolidation : 80 per cent.
3.	Dhulagari-Domjur *via* Bagri ..	Earth work : 50 per cent., collection of materials in progress.
4.	Maheshpur-Birshibpur-Hatgachia-Boaliaghat road.	Collection of materials in progress.
5.	Upgrading Bagnan-Amta road ..	Surfacing : 40 per cent., Soling and Jhama metalling : 50 per cent., Stone metalling : 40 per cent. and advance collection in progress.
6.	Dhundulia-Shyampur road. ..	Advance collection in progress.
7.	Upgrading Munshirhat-Penro-Khila Rajapur road.	Soling and Jhama-metalling : 60 per cent., Stone metalling : 60 per cent., and Surfacing : 60 per cent.
8.	Upgrading Amta-Rajapur-Dihi-Bhursur road.	Collection of materials completed. Soling and metalling in progress.
9.	Sankrail-Manikpur Hirapur Bazar road	Advoace collection completed.
10.	Dhundulia-Nabagram-Ghoshpur-Kalia	Collection of materials in progress.
11.	Deulti-Panitras road	Earth work : 70 per cent., collection of materials completed.
12.	Link road from Bagnan to Gaighata Ferry *via* Bainan.	Earth work : 60 per cent., soling matelling : 50 per cent.
13.	Nuntia-Mugkalyan-Rabibhag ..	Advance collection in progress.
14.	Link road connection Harishdadpur Rly. Stn. to Harishdadpur-Amta road.	The project has since been included in the plan.
15.	Joypur-Khalna-Bakshirhat (C. R. F. works).	Collection of materials in progress. Earth work : 35 per cent.

)—

Name of the roads (1) Ekkabarpur-Jajursha road.

(2) Bagnan-Sricol-Shyampur road.

(3) Dhulagari-Domjur *via* Bagri road

(4) Maheshpur-Birshibpur-Hatgachia-Boaliaghat road.

(5) Dhundulia-Shyampur road.

(6) Sankrail-Nagabram Ghoshpur-Kalia road

(7) Dhundulia-Nabagram-Ghoshpur-Kalia road.

(8) Deuli-Panitras road.

(9) Joypur-Khalna-Bakshirhat road.

(10) Bagnan-Amta road.

(11) Link road Bagnan to Gaighata Ferry *via* Bainan road.

(12) Nundia Mugkalyan-Rabibhag road.

(13) Link road connecting Harishdadpur Rly. Stn. to Harishdadpur-Amta road.

(c)—

	Name of the road.	Reasons.
1.	Uluberia-Panpur, O. D. R. ..	Want of posession of homestead areas.
2.	Domjur-Andul road	Ditto.
3.	Bagnan-Amta road, O. D. R. ..	Ditto.
4.	Amta-Jhinkra road, O. D. R. ..	Ditto.
5.	Munshirhat-Penre-Ehila-Rajapur V.R.	Delay in receipt of land possession and approval of waterways by I. & W. Deptt. regarding Madria Khal.
6.	Amta-Rajapur-Dihi-Bhurant road V.R.	Want of possession of homestead areas and approval of waterways by I. & W. Deptt.
7.	Uluberia-Shyampur (C. R. F. dworks)	Want of possession of homestead areas.

(d) No phased programme for the improvement of the above roads set up by the Roads Department : The roads were scheduled to be completed up to Black top stages.

Arrest of persons in connection with the Crush India Movement in East Pakistan

309. (Admitted question No. 809.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২২এ অক্টোবরের পূর্ব পাকিস্তানের ভারত ভাঙ্গো (ক্রাস ইন্ডিয়া) আন্দোলনের প্রতিক্রিয়া প্রতিরোধের জন্য মোট কতজন ব্যক্তিকে পশ্চিমবঙ্গ সরকার আটক করিয়াছিলেন;

(খ) তাঁহাদের মধ্যে কয়জন (১) হিন্দু, (২) মুসলমান এবং (৩) অন্যান্য সম্প্রদায়ভুক্ত ;

(গ) তাঁহাদের মধ্যে কয়জন পুরাতন জেলখাটা অপরাধী অথবা দাগী গুণ্ডা ; এবং

(ঘ) কয়জনকে ইতিমধ্যে ছাড়িয়া দেওয়া হইয়াছে ?

The Minister for Home (Political):

(ক) ১৫ জন।

(খ) হিন্দু ১২ জন; মুসলমান ৩ জন।

(গ) একজন পুরাতন জেলখাটা অপরাধী সহ ৮ জন দাগী গুণ্ডা।

(ঘ) একজনকে।

Price of rice and stock of food articles in Murshidabad district

310. (Admitted question No. 1012.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার মহকুমাওয়ারী ১৯৬৫ সালের ২২এ জুন, ২২এ জুলাই, ২২এ আগস্ট, ২২এ সেপ্টেম্বর ও ২২এ অক্টোবর সাধারণ চালের দর খোলাবাজারে কত ছিল;

(খ) ঐ ঐ তারিখের কোন্ তারিখে জেলা [illegible] হেফাজতে কি কি প্রকারের খাদ্যশস্য মজুত ছিল; এবং

(গ) ১৯৬৩ এবং ১৯৬৪ খৃষ্টাব্দের ঐসকল তারিখে চালের দর কত ছিল এবং জেলা [illegible] হাতে কত পরিমাণ এবং কি কি খাদ্যশস্য মজুত ছিল ?

The Minister for Food and Supplies:

(ক) এই সম্পর্কে একটি বিবরণী (স্টেটমেন্ট ওয়ান) সংলগ্ন করা হইল।

(খ) এই সম্পর্কে একটি বিবরণী (স্টেটমেন্ট টু) সংলগ্ন করা হইল।

(ন) এই সম্পর্কে তিনটি বিবরণী [স্টেটমেন্ট থ্রি(এ), থ্রি(বি) এবং ফোর] সংলগ্ন করা হইল।

Statement referred to in repty to clause (Ka) of unstarred question No. 310.

STATEMENT I

Statement showing average minimum retail price of rice in the Subdivsions of Murshidabad district.

(In rupees per Kilogram)

Subdivisions.	On 23-6-65.	On 21-7-65.	On 18-8:65.	On 22-9-65.	On 20-10-65.
Sadar (Murshidabad)	0·97	1·22	1·36	1·08	1·11
Lalbagh	1·05	1·23	1·35	1·06	1·19
Jangipore	1·03	1·26	1·52	1·20	1·18
Kandi	0·86	1·12	1·20	1·06	1·00

N.B.—As figures for the dates specified in the question are not available, figures as on the dates nearest to the specified date have been shown.

Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 310.

STATEMENT II

Statement showing stocks of foodgrains held by Government in the district of Murshidabad

(Figures in tonnes)

Date	Rice.	Paddy.	Wheat-Products.
19-6-65	3962	10	1688
24-7-65	2652	....	1300
21-8-65	2314	....	1176
25-9-65	861	....	1550
23-10-65	516	....	703

N.B.—As figures for the dates specified in the question are not available, figures as on the dates nearest to the specified dates have been shown.

Statement referred to in reply clause (Ga) of unstarred question No 310

STATEMENT III(a)

Statement showing average minimum retail price of rice in the Subdivisions of Murshidabad district.

(In rupees per kg.)

Subdivisions.	On 19-6-63	On 24-7-63	On 21-8-63	On 18-9-63	On 23-10-63
Sardar (Murshidabad)	0.80	0.85	0.85	0.88	0.90
Lalbagh	0.82	0.86	0.85	0.88	0.99
Jangipore	0.77	0.79	0.80	0.82	0.89
Kandi	0.84	0.86	0.87	0.89	0.97

N.B.—As figures for the dates specified in the question are not availabl ,figures as on the dates nearest to the specified dates have been shown.

STATEMENT III(b)

Statement showing average minimum retail price of rice in the Subdivisions of Murshidabad district.

(In rupees per Kilogram.)

Subdivisions.	On 17-6-64	On 22-7-64	On 19-8-64	On 23-9-64	On 21-10-64
Sadar (Murshidabad.)	0.80	0.90	0.90	0.83	0.88
Lalbagh	0.79	0.76	0.69	0.73	0.81
Jangipore	0.81	0.85	0.88	0.85	0.84
Kandi	0.76	0.68	0.68	0.74	80.83

N.B.—As figures for the dates specified in the question are not available, figures as on the dates nearest to the specified dates have been shown.

STATEMENT IV

Statement showing stocks of foodgrains held by Government in the district of Murshidabaad.

(Figures in tonnes)

Date.	Rice.	Paddy.	Wheat-Products.
20th June, 1964 ..	832	....	1382
22nd June, 1963 ..	1279	....	1476
5th July, 1964 ..	1503	....	2983
20th July, 1963 ..	1206	....	2733
22nd August, 1964 ..	2035	....	879
24th August, 1963 ..	603	....	3356
19th September, 1964 ..	2504	....	390
21st September, 1963 ..	806	....	2752
24th October, 1964 ..	745	....	522
19th October, 1963 ..	475	....	917

N.B.—As figures for the dates specified in the question are not available, figures as on the dates nearest to the specified dates have been shown.

Bhoodan Land

311. (Admitted question No. 1020.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শ্রীবিনোবা ভাবে পশ্চিমবঙ্গ পরিক্রমার পর বর্তমান সময় পর্যন্ত জেলাওয়ারী কয় একর (১) কৃষি, (২) অকৃষি, (৩) জলা ভূমি, (৪) বসত বাটি এবং (৫) অন্যান্য প্রকারের জমি দান হিসাবে পাওয়া গিয়াছে;

(খ) ঐ সম্পত্তিগুলির উন্নয়ন এবং রক্ষণাবেক্ষণের জন্য সরকার অদ্যাবধি জেলাওয়ারী কত টাকা মঞ্জুর করিয়াছেন; এবং

(গ) উক্ত সম্পত্তিগুলি হইতে গত দুই বৎসরে কোন্ বৎসরে কত টাকা জেলাওয়ারী আয় হইয়াছে?

The Minister for Land and Land Revenue:

(ক) শ্রেণীভেদে ভূমি দানের তথ্য সংগ্রহ সময়সাপেক্ষ। মোট প্রাপ্ত জমির জেলাওয়ারী বিবরণ নিম্নে উপস্থাপিত হইল।

(খ) এখন পর্যন্ত কোন টাকা মঞ্জুর করা হয় নাই।

(গ) এখন পর্যন্ত কোন আয় হয় নাই।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 311.

Quantity of Bhoodan Land in different districts.

District.	Total quantity of land donated approx
Cooch Behar	575 acres
Bankura	502 acres.
Nadia	198 acres.
Darjeeling	Nil.
Hooghly	Nil
Malda	140 acres.
Jalpaiguri	Nil
West Dinajpur..	68 acres
Burdwan	3 acres.
Murshidabad	45 acres.
Midnapore	323 acres.
Birbhum	70 acres
Howrah	1 acre.
24-Parganas	35 acres.

Rural Water Supply in Nadia district

312. (Admitted question No. 825.)

শ্রীকাশীকান্ত মৈত্র : স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার বিভিন্ন থানায় থানাওয়ারী মোট কতগুলি (পানীয় জলের) টিউবওয়েল এ পর্যন্ত বসান হয়েছে;

(খ) এর মধ্যে বর্তমানে মোট কতগুলি চালু আছে এবং কতগুলি অকেজো হয়ে পড়ে আছে এবং কতদিন যাবত তার থানাভিত্তিক সংখ্যা;

(গ) এই অকেজো টিউবওয়েলগুলিকে চালু করার জন্য নদীয়া জেলার কোন কর্মসূচী গ্রহণ করা হইয়াছে কিনা; এবং

(ঘ) কি কি কারণে এই টিউবওয়েলগুলি অকেজো বা ডিরিলিক্ট অবস্থায় পড়ে আছে ?

The Minister for Health:

(ক) এবং (খ) নিম্ন বিবরণীতে দেওয়া হইল—

থানা	বসান নল-কূপের সংখ্যা	চালু নল-কূপের সংখ্যা	অকেজো নল-কূপের সংখ্যা	কবিন যাবত অকেজো পড়ে আছে
কোতয়ালী	১,০৬১	৯০৮	১৫৩	সঠিক তারিখ জানা নাই
নবদ্বীপ	২২২	১৭৩	৪৯	
চাপড়া	৫৫৩	৪৯২	৬১	
কৃষ্ণগঞ্জ	৩৭০	৩১৬	৫৪	
কালীগঞ্জ	৫৩২	৪৭২	৬০	
নাকাশীপাড়া	৬৫৩	৫৬৭	৮৬	
তেহাট্টা	৬৬৩	৫২৩	১৪০	
করিমপুর	৪৩৬	৩৮৩	৫৩	
রাণাঘাট	৮৮০	৮২৩	৫৭	
চাকদা	৫৫৪	৪৯৯	৫৫	
কল্যাণী	৯৩	৭৫	১৮	
হাঁসখালী	৪৬৬	৪৩২	৩৪	
হরিণঘাটা	৩৭৩	৩৫০	২৩	
শান্তিপুর	৩৭৯	৩৪০	৩৯	
মোট ..	৭,২৩৫	৬,৩৫৩	৮৮২	

(গ) প্রতি বৎসর পল্লী জল সরবরাহ কর্মসূচী অনুসারে অর্থ বরাদ্দ সাপেক্ষে এবং প্রতি ৪০০ জনে একটি করিয়া নলকূপ খননের রীতি অনুযায়ী নলকূপ পুনর্খনন কার্য সরকার গ্রহণ করিয়া থাকেন। ১৯৬৫-৬৬ সাল হইতে পল্লী জলসরবরাহের কর্মসূচী রূপায়ণের ভার জেলা ও আঞ্চলিক পরিষদগুলিতে হস্তান্তরিত করা হইয়াছে। এতদুদ্দেশ্যে এই বৎসর জেলা ও আঞ্চলিক পরিষদ কর্তৃক জল সরবরাহ কার্য সম্পাদনের নিমিত্ত সরকারী তহবিল হইতে নদীয়া জেলায় ১৪টি অকেজো নলকূপ পুনর্খননের অর্থ মঞ্জুরীকৃত হইয়াছে। এই নলকূপগুলির পুনর্খননের থানাওয়ারী কার্যসূচী জেলা পরিষদ প্রস্তুত করিবেন। ইহা ছাড়াও অতিরিক্ত নলকূপ খনন বা পুনর্খনন কার্য জেলা ও আঞ্চলিক পরিষদ নিজ তহবিল অথবা স্থানীয় অর্থ সাহায্য হইতে করিতে পারেন।

(ঘ) অর্থের স্বল্পতাহেতু অকেজো নলকূপগুলির পুনর্খনন সম্ভব না হওয়ায় অকেজো অবস্থায় পড়িয়া আছে।

Thanawise production of Wheat and Gram in Nadia district

313. (Admitted question No. 829.)

শ্রীকাশীকান্ত মৈত্র : কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪ ও ১৯৬৫ সালে নদীয়া জেলায় বিভিন্ন থানায় মোট কি পরিমাণ গম উৎপন্ন হয়েছে; এবং

(খ) এই জেলায় উক্ত কয় বছরের প্রতি বছর উৎপন্ন ছোলার পরিমাণ কত ?

The Minister of State for Agriculture and Community Development:

(ক) থানাভিত্তিক কৃষি পরিসংখ্যান নাই। সমগ্র নদীয়া জেলার উৎপন্ন গমের পরিমাণ নিম্নে দেওয়া হইল :—

১৯৬১-৬২	২,৭০০ টন
১৯৬২-৬৩	৩,১০০ টন
১৯৬৩-৬৪	২,৩০০ টন
১৯৬৪-৬৫	২,৬০০ টন

(খ) সমগ্র নদীয়া জেলায় উৎপন্ন ছোলার পরিমাণ নিম্নে দেওয়া হইল :—

১৯৬১-৬২	২২,৪০০ টন
১৯৬২-৬৩	২৮,৬০০ টন
১৯৬৩-৬৪	৩৪,৪০০ টন
১৯৬৪-৬৫	২৬,০০০ টন

National Sugar Mills, Ahmedpur

314. (Admitted question No. 52.)

শ্রীমনংকুমার রাহা: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আমেদপুর ন্যাশনাল সুগার মিলটি কি নাগাদ চালু করা হইবে;

(খ) ইক্ষু বিক্রয় বাবত কৃষকেরা উক্ত মিলের নিকট হইতে কত টাকা পাইবে এবং তাহা কতদিনের মধ্যে পরিশোধ করা হইবে;

(গ) ঐ মিলের মোট ঋণ কত; এবং

(ঘ) সরকারের নিকট ঐ মিলের কত ঋণ আছে ?

The Minister for Commerce and Industries:

(ক) সঠিক তারিখ বলা সম্ভব নয়।

(খ) ১,৫২,৩৯৬·০০ টাকা কৃষকদের সত্বর পরিশোধ করিবার জন্য কোম্পানীকে অনুরোধ করা হইয়াছে।

(গ) আনুমানিক মোট ১,১৩,৩৭,৯৩৪ টাকা।

(ঘ) প্রায় ৮২,০০,০০০ টাকা।

Tourist Lodge at Berhampur

315. (Admitted question No. 1069.)

শ্রীমনংকুমার রাহা: উন্নয়ন (টুরিজম্) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর টুরিস্ট লজ্ নির্মাণের পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে কবে উহা নির্মিত হইবে ?

The Minister for Development (Tourism):

(ক) হ্যাঁ, আছে।

(খ) আশা করা যায়, ১৯৬৬-৬৭ সালের মধ্যে উহার নির্মাণকার্য সম্পন্ন হইবে।

House building loan to the low income group Government employe

316. *(Admitted question No. 1075.)*

শ্রীসনৎকুমার রাহা : গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অধস্তন সরকারী কর্মচারীদের পক্ষ হইতে গৃহনির্মাণের জন্য কতগুলি আবে সরকার ১৯৬৪-৬৫ সালে পাইয়াছেন; এবং

(খ) উহাদের কতজনকে গৃহনির্মাণের জন্য ঋণ দেওয়া হইয়াছে ?

The Minister for Housing:

(ক) সরকারী কর্মচারীদের যে হাউস বিল্ডিং অ্যাডভান্স দেওয়া হয়, তাহার জন্য ১৯৬৪-৫ সালে কোন আবেদনপত্র এই বিভাগের কর্মচারীদের নিকট পাওয়া যায় নাই।

"স্বল্প আয় লোকদের গৃহনির্মাণের জন্য ঋণ" স্কীমে সর্বসাধারণকে ঋণ দেওয়া হই থাকে। সরকারী কর্মচারীদের পৃথকভাবে কোন হিসাব রাখা হয় না।

(খ) 'ক' অংশের মন্তব্য দ্রষ্টব্য। কলিকাতা কর্পোরেশন এলাকায় গৃহনির্মাণের জ ১৯৬৪-৬৫ সালে ১৯ জন সরকারী কর্মচারীকে এল আই জি এইচ স্কীমে ঋণ দেওয়া হইয়াছে

Distribution of agricultural loans in Nadia district

317. (Admitted question No. 833.)

শ্রীকালীকিঙ্কর মৈত্র : ত্রাণ ও সমাজকল্যাণ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২, ১৯৬৩, ১৯৬৪, ১৯৬৫ সালে নদীয়া জেলার বিভিন্ন থানায় কৃষিঋণ দানে পরিমাণ কত এবং মোট কতজন কৃষককে এই ঋণ দেওয়া হয়েছে ; এবং

(খ) সমবায় সমিতি মাধ্যমে দেওয়া মোট কৃষিঋণের পরিমাণই বা কত এবং কতজনকে ত দেওয়া হয় বিভিন্ন থানায় ?

The Minister for Relief and Social Welfare:

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগ হইতে সমবায় সমিতিকে কোন কৃষিঋণ দেওয়া হয় নাই

Distribution of T.R. and C.R. in West Bengal

318. (Admitted question No. 1018.)

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে জেলাওয়ারী ১৯৬৩, ১৯৬৪ এবং ১৯৬৫ সালের বর্তমান সময় পর্যন্ত কত টাকায় টি আর এবং জি আর দেওয়া হইয়াছে;

(খ) উহা উক্ত সময়ে মুর্শিদাবাদ জেলার মহকুমাওয়ারী এই দুই প্রকারের সাহায্য কত দেওয়া হইয়াছিল; এবং

(গ) উহার মধ্যে উক্ত সময়ে উক্ত জেলার লালগোলা, মুর্শিদাবাদ, রঘুনাথগঞ্জ, নবগ্রাম এবং সাগরদিঘী থানার কোন্ থানায় কত দেওয়া হইয়াছে ?

The Minister for Relief and Social Welfare:

(ক), (খ) ও (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইয়াছে।

শ্রীশম্ভুচরণ ঘোষ : মিঃ স্পীকার, স্যার, আজকে কোন বিজনেসে যাওয়ার আগে আপনার কাছে একটা নিবেদন করতে চাই। গতকাল আপনি যখন হাউসে ছিলেন না, তখন মাননীয় মন্ত্রী ফজলুর রহমান সাহেব, তিনি সন্দেশ নিয়ন্ত্রণ সম্পর্কে একটা বিবৃতি দিয়েছিলেন।

মিঃ স্পীকার : আপনি ঐ ১৯৪-এর কথা বলবেন ত!

শ্রীশম্ভুচরণ ঘোষ : না। আপনি যখন এখানে ছিলেন না, চেয়ারম্যান মহাশয় হাউস কনডাক্ট করছিলেন। আমি আর্টিকেল ১৯৪-এর কথা বলছি না। আমি আপনাকে আর্টিকেল ১৯৫টা দেখতে বলছি। আমি হাউসের বিরোধীপক্ষের তরফ থেকে, আপনাকে অনুরোধ করছি, তাঁর ঐ স্টেটমেন্ট-এর উপর আমাদের বিতর্কের একটা সুযোগ দেওয়া হোক। গতকাল এই সম্পর্কে আমাদের কোন সুযোগ দেওয়া হয়নি। আজকে আপনি যখন এসেছেন, তখন আপনার কাছে এই অনুরোধ রাখছি। গতকাল তিনি যে স্টেটমেন্ট দিয়েছেন, বা যে আদেশ জারী করেছেন, তার ফলে বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষ, কর্মচারী বেকার হয়ে যাবে। বাংলাদেশের সাধারণ মানুষের মধ্যে, এর দারুন প্রতিক্রিয়া দেখা দেবে। কাজেই, আমি বিরোধী দলের পক্ষ থেকে, আপনার কাছে নিবেদন করছি, এর উপর একদিন বিতর্কের সুযোগ আমাদের দিন।

মিঃ স্পীকার : মিঃ ঘোষ, আমি কালকেই আপনার নোটিস পেয়েছি and I think that I should admit that motion and I am asking the Minister concerned to allot two and half hours on an earliest date possible.

শ্রীহেমন্তকুমার বসু : এখানে আমি একটা প্রশ্ন করছি, এই দুধ আর ছানা থেকে সন্দেশ বা রসগোল্লা প্রস্তুত করা হবে না, এই অর্ডারটি কবে থেকে এফেকটিভ হবে? কারণ, কাল রাত্রে যা তৈরী হয়েছে, তা আজকে তারা বিক্রয় করতে পারবে কিনা?

শ্রী এস, এম, ফজলুর রহমান : অর্ডারে তো বলাই আছে It will come into force at once.

Mr. Speaker: Then I am fixing Monday for discussion of the motion under rule 194.

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমার একটা নিবেদন আছে। এই যে কগনিজেন্স নিয়ে এটার উপর ডিবেট-এর পার্মিশন দিলেন, তখন বোঝা যাচ্ছে যে এটা সাফিসিয়েন্টলি পাবলিক ইমপরটান্ট বলে আপনি অনুমতি দিয়েছেন। আমি জিজ্ঞাসা করছি, আপনি যে অর্ডারটা দিয়েছেন, সেটা টিল দ্যাট ডেট ইন অ্যাবিয়েন্স, থাকবে কি?

শ্রীজগন্নাথ কোলে : উনি যখন বললেন এটার সাফিসিয়েন্ট ইমপরটেন্স রয়েছে, তখন আমি মনে করি এটার ডিসকাসন মন-ডে-এর জন্য অপেক্ষা না করে আজই আরম্ভ করে দেওয়া উচিত।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি : স্যার, আজই হয়ে যাক।

মিঃ স্পীকার : আপনাদের নন-অফিসিয়াল বিল আজকে আছে। আপনারা যদি আজকেই এটার উপর ডিসকাসন করতে চান, তাহলে আজই হয়ে যাক।
We will have discussion at 3-30 to-day.

Shri A. H. Besterwitch: Sir, we suggest that we shall discuss it on Monday and the order should be held in abeyance till that day.

Mr. Speaker: No, Mr. Besterwitch, it will be discussed today at 3-30 p.m.

Shri A. H. Besterwitch: We don't want to discuss it today, we want discussion on Monday.

(Noise and interruptions)

Mr. Speaker: Some of the honourable members are asking for discussion today and some on Monday. (Noise) Just now I heard many members asking for discussion today.

Shri A. H. Besterwitch: Nobody is asking it today, we want it on Monday.

শ্রীহরিদাস চক্রবর্তী : আজই হোক।

মিঃ স্পীকার : আমার টাইম দেবার কথা, তা দিয়েছি, ডেট-ও দিয়েছিলাম—

Keeping in view that to-day is fixed for Non-official Business.

শ্রীহেমন্তকুমার বসু : আমি বলছি আজই হোক, স্যার।

শ্রীবিজয়কুমার ব্যানার্জি : আজই হোক আমি বলছি।

মিঃ স্পীকার : তাহলে তো আজকে লটারী করতে হয় যে কবে হবে।

The House will go by my decision.

শ্রীজগন্নাথ কোলে : আজকে দিতেই হবে। আমরা অর্ডার চেঞ্জ করতে চাই না।

শ্রীবিজেশচন্দ্র সেন : ওঁরা যখন এ বিষয়ে এত গুরুত্ব দিচ্ছেন, তখন আজই হোক।

মিঃ স্পীকার : তাহলে এই নিয়ে ডিসকাসন চলুক।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : আজ কখন সুরু হবে? আর ততক্ষণ আগের অর্ডার অ্যাবিয়েন্স থাকবে কিনা?

মিঃ স্পীকার : আজকে সাড়ে তিনটার পর থেকে।

শ্রীকাশীকান্ত মৈত্র : সোমবার ফুডের উপর ডিবেট আছে। কাজেই এখনই আরম্ভ করলে কি ক্ষতি হয়?

মিঃ স্পীকার : আমি এখন দিতেই রাজী আছি। আপনাদের আজকে নন-অফিসিয়াল ডে আছে। ওঁরা রাজী আছেন। আপনারা বলবেন, ওঁরা জবাব দেবেন। আমার দেরী করবার কোন উদ্দেশ্য থাকতে পারে না।

I did not want to fix up the matter myself last you might think that I am taking away your right to discuss the non-official business to-day. First I thought that I would take it up on Monday. Then I decided to hold the discussion at 3-30 p.m. to-day. But if you want to take it up just now, I have no objection.

শ্রীসোমনাথ লাহিড়ী : আপনি যখন সাড়ে তিনটার পর হবে বলে অ্যানাউন্স করেছেন, তখন তাই হোক।

Mr. Speaker: (Turning towards the Chief Whip).

আপনি কম্প্রোমাইজ করে দিন না। এঁরাও রাজী আছেন।

শ্রীজগন্নাথ কোলে : আপনি ঠিক করুন কখন করবেন।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : আমরা সাড়ে তিনটা মেনে নিয়েছি—আপনি যেটা দিয়েছেন।

Adjournment Motion

Mr. Speaker: I have received a notice from Shri Gopal Banerjee asking for leave to move the following motion for the adjournment of the business for the purpose of raising a discussion.

This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurance namely, suspension of municipal elections in the State. A short statement as given by Shri Gopal Banerjee says that, "A press note has been issued by the State Government yesterday suspending the elections to commissioners to the municipalities in the State". Preparations for such elections were going on in respect of more than 20 municipalities and the Howrah Corporation.

I have to state that I have withheld my consent.

1-10—1-20 p.m.]

Calling attention to matters of urgent public importance

Mr. Speaker: The Hon'ble Minister will please make a statement on the subject of strike of Rickshaw Pullers in Calcutta, Called attention by Shri Aswini Roy and others.

Shri Jagannath Koley: Sir, the statement will be made on Monday next.

Mr. Speaker: I have received 8 notices of calling attention from:—

(1) Shri Sailendra Nath Adhikary, on the subject of stoppage of municipal election of Jiagunj and Ajimgunj,

(2) Shri Sanat Kumar Raha, on the subject of transfer of ownership of management and capital of Messrs. Bird and Heilgers Company,

(3) Shri Surendra Nath Mahata, on the subject of assaults on students by D.F.O., West Circle, Midnapur,

(4) Shri Syed Abul Mansur Habibullah, on the subject of non-availability of potato seeds and fertilisers in potato growing areas of Burdwan,

(5) Shri Sanat Kumar Raha, on the subject of position of retailers affected by the wholesale State trading in paddy and rice,

(6) Shri Gour Chandra Kundu, on the subject of starvation death by Fakir Das of Ranaghat, District Nadia,

(7) Shri Nikhil Das, on the subject of promulgation of Milk Control Order.

(8) Shri Gour Chandra Kundu, on the subject of exchange of fire between Pak Armed Police and Indian Armed Police at Nadia, Tehatta, at Nafarchandrapur border.

I have selected the notice of Shri Sanat Kumar Raha, on the subject of position of retailers affected by the wholesale State trading in paddy and rice. I will request the Hon'ble Minister to make a statement today on the subject, or to give a date when the statement will be made.

Shri Smarajit Bandyopadhyay: Sir, the statement will be made on Tuesday next.

Report of the Business Advisory Committee

Mr. Speaker: I beg to present the twenty-eighth report of the Busin Advisory Committee which at its meeting held on the 18th November, 19 in my Chamber considered the question of allocation of dates and time Government Bills and other business for the current session of the Assemb

The recommendations of the Committee as to the allocation of time respect of the Government Bills are as follows:—

1. The Bengal Amusements Tax (Amendment) Bill, 1965—2 hours
2. The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bi 1965—2 hours.
3. The Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1965—4 hour
4. The Calcutta University Bill, 1964 as reported by the Joint Co mittee—16 hours.
5. The Bengal Wakf (Amendment) Bill, 1965 as reported by t Joint Committee—6 hours.
6. The West Bengal Cold Storage (Licensing and Regulation) Bil 1965, as passed by the Council—4 hours.
7. The West Bengal Requisitioned Land (Continuance of Powers (Amendment) Bill, 1965—1 hour.
8. The Calcutta Improvement (Amendment) Bill, 1965—6 hours.
9. The Howrah Improvement (Amendment) Bill, 1965—6 hours.
10. The West Bengal Premises Requisition and Control (Temporar Provisions) (Amendment) Bill, 1965—2 hours.

The Committee also recommended that there will be a debate on too policy the time for which will be fixed later.

Shri Jagannath Kolay: Sir, I beg to move that the twenty-eighth repor of the Business Advisory Committee presented this day be agreed to by th House.

(The motion was then agreed to.)

Private Member's Bill

Mr. Speaker: Regarding the Bill, I am not in a position to give a ruling today. Let it be kept pending till the next non-official day.

শ্রীশম্ভুচরণ ঘোষ : স্পীকার মহাশয়, আমি একটা প্রিভিলেজের প্রশ্ন তুলেছিলাম।

মিঃ স্পীকার : মিঃ ঘোষ, আপনার ঐ রুলিংটা আমি পরের শুক্রবারে দেবো।

শ্রীশম্ভুচরণ ঘোষ : মাননীয় স্পীকার মহাশয়, আপনি আজকে রুলিংটা স্থগিত রেখেছেন কাজে কাজেই আমি বিলটার উপর আলোচনা করছি না, আমি ফার্দার পয়েন্ট অব প্রিভিলেজ রাখছি এই প্রসঙ্গে যাতে রুলিংটা একসঙ্গে দিতে পারেন। আমি এর আগে যে পয়েন্ট অব প্রিভিলেজ দিয়েছিলাম তাতে আমি আমার বক্তব্য রেখেছিলাম যে পশ্চিমবঙ্গ ভাষা আইন অনুযায়ী আমি একটা বাংলা ভাষায় বিল রচনা করে আপনার সামনে দিয়েছিলাম সংবিধানের

৩৪(১) এবং (৩) ধারা অনযায়ী, তার ইংরাজী ট্রানশ্লেসন করে সরকারী গেজেটে ছাপা হয়নি। এই সম্পর্কে আপনি রুলিং স্থগিত রেখেছেন। আজকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি রুলস অব প্রসিডিওরের ৬৬ ধারার প্রতি।মাননীয় স্পীকার মহাশয়, এই রুলস ৬৬ বলছে,

"The Governor may order the publication of any Bill (together with the Statement of Objects and Reasons and the financial memorandum, if any, accompanying it) in the Gazette, although no motion has been made for leave to introduce the Bill."

আমার বক্তব্য হচ্ছে যে আমি যে বাংলা ভাষায় বিলটা দিয়েছি সেই বিলটা গেজেটে পাবলিশ করার স্কোপ এই রুলস ৬৬-এ স্বীকার করা হয়েছে। এই রুলস ৬৬-এর মধ্যে গভর্নরকে ক্ষমতা দেওয়া হয়েছে যে গভর্নর এই বিলটা গেজেটে পাবলিশ করবার অর্ডার দেবেন, আমার পয়েন্ট অব প্রিভিলেজ হচ্ছে মাননীয় রাজ্যপাল এই রুল ৬৬ অনুযায়ী আমার বাংলা বিলটা সরকারী ঘোষণাপত্রে মুদ্রণের অধিকার না দিয়ে তিনি আমাদের অধিকার ভঙ্গ করেছেন এবং সেই রুলস ৬৬ অনুযায়ী তাঁর যে পাওয়ার সেটা তিনি একসারসাইজ কবেননি। মাননীয় স্পীকার মহাশয়, আপনার কাছে আমি রাখতে চাই যে রুল ৬৬-এ কোন ডিসক্রিমিশন করা নেই, রুল ৬৬-এ কোথায়ও একথা বলা নেই যে প্রাইভেট মেম্বারস বিল এবং গভর্নমেন্ট বিল পৃথক-ভাবে ট্রিটমেন্ট করতে পারেন। রুল ৬৬ বলছে গভর্নর যে কোন দিন বিলকে পাবলিশ করার অর্ডার দেবেন। আমি দেখেছি এর আগে প্রাইভেট মেম্বারস বিল এসেছিল, সেখানে গভর্নর তাঁর পাওয়ার একসারসাইজ করে গেজেটে পাবলিশ করার অনুমতি দেননি। কাজে কাজেই এখানে ডিসক্রিমিনেশন করছেন অফিসিয়াল বিল এবং প্রাইভেট মেম্বারস সম্পর্কে, এবং সে সম্পর্কে এই রুলের কোথায়ও উল্লেখ নেই। এই প্রসঙ্গে আমি সংবিধানের ১৪ ধারার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যেখানে পরিষ্কারভাবে বলা আছে

The State shall not deny to any person equality before the law or the equal protection of the laws within the territory of India

এই আর্টিকেল ১৪ যেখানে ইকুয়ালিটির কথা বলা আছে যে ডিসক্রিমিনেশন করতে পারে যদি কোন রাশনাল বেসিস থাকে কিন্তু এখানে দেখতে পাচ্ছি কোন রাশনাল বেসিসের কথা উল্লেখ নেই। এই রুল ৬৬-এ স্বীকার করে নেওয়া হয়েছে যে প্রাইভেট মেম্বারস বিল এবং অফিসিয়াল বিল পৃথকভাবে ট্রিটমেন্ট করবেন না অথচ আমার বিলটির ক্ষেত্রে দেখা যাচ্ছে ডিফারেনশিয়াল ট্রিটমেন্ট হচ্ছে। সেইজন্য আমি আপনার কাছে রাখছি এই বিলটা পাবলিশ না করে গভর্নর আমার অধিকার ভঙ্গ করেছেন এবং এটা আপনার কাছে পয়েন্টস অব প্রিভিলেজ হিসাবে রাখছি। প্রসঙ্গতঃ আমি আপনার কাছে সুপ্রিম কোর্টের একটা রায় রাখছি যেটা হচ্ছে আমিরুন্নেসা ভারসাস মেহেবুব, এস. সি. আর, 808—818, এই মামলায় পরিষ্কারভাবে বলা হয়েছে যে কোন স্পষ্ট রিজিনেবেল বেসিস না থাকলে কোন ডিসক্রিমিনেশন করা চলে না। এখানে গভর্নর কোন রকম রিজিনেবল, র‍্যাশানাল বেসিসের উল্লেখ না করে আমার যে অধিকার ক্ষুণ্ন করেছেন এই বিলটা সরকারী গেজেটে পাবলিশ করার অনুমতি না দিয়ে। এটাই আমি পয়েন্ট অব প্রিভিলেজ হিসাবে আপনার কাছে রাখলাম।

1-20—1-30 p.m.]

Non-official Resolution

শ্রীঅনাদি দাস : স্যার, অনারেবল মেম্বার অশ্বিনী রায় মহাশয় যে প্রস্তাব এনেছেন এবং তার উপর শ্রীশম্ভুচরণ ঘোষ, শ্রীদেবশরণ ঘোষ ইত্যাদি যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেই অ্যামেন্ড-মেন্ট সহ প্রস্তাবটা সমর্থন করে আমি বলছি যে আমাদের গভর্নমেন্ট বৃটিশ সরকারের আজও তোষামোদ করে চলেছেন। কমনওয়েলথ থেকে ছেড়ে আসার প্রস্তাব তারা নাকচ করতে যাচ্ছেন। যে গভর্নমেন্ট আমাদের সংকটের সময় শত্রুতার কাজ করেছেন, যে দেশের প্রধানমন্ত্রী আমাদের দেশকে খোলাখুলি আক্রমণকারী হিসাবে উল্লেখ করেছেন সেই দেশের প্রধানমন্ত্রী যে

কমনওয়েলথের লীডার তার মধ্যে থাকতে আমাদের দেশের সরকার এখনও লজ্জা অনুভব করছেন না। আমরা বুঝতে পারি যে তাঁরা চান না এই কমনওয়েলথের বাইরে চলে আসেন যখন যুদ্ধের সময় সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে মনোভাব আমাদের দেশে তীব্র হয়ে ওঠে তখন তাঁরা খোলাখুলি কাজ করতে পারেন না, এমন কি কিছু কিছু বিরুদ্ধেও কথা বলেছিলেন। তার পরে সেই ভাব যখন স্তিমিত হয়ে আসছে তখন তাদের আসল চেহারা বেরিয়ে পড়ছে। স্যার কংগ্রেস পক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্ট দেখা যাচ্ছে তার চেহারা আমরা এর থেকে বুঝতে পারি এটা লক্ষ্য করবার বিষয় যে সাড়ে তের কোটি টাকা বৃটিশ গভর্নমেন্ট আমাদের দেশকে বিনা সুদে ধার দিয়েছে। এটাও মনে রাখা দরকার যে বৃটিশ গভর্নমেন্ট অনেক দেশকে আজ পর্যন্ত বিনা সুদে টাকা ধার দিয়েছে। এই যে টাকা ধার দেয় এই ধার দেবার পেছনে একটা উদ্দেশ আছে এবং এই উদ্দেশ্য হচ্ছে এই যে, আমাদের দেশের সরকারকে তাঁরা জানেন যে তাঁরা বৃটিশ কমনওয়েলথের বাইরে যাবেন না, তাঁরা পশ্চিমী রাষ্ট্রগোষ্ঠীর সঙ্গে থাকতে চান, সেই অর্থনীতির সঙ্গে থাকবে বলে, কিন্তু জনসাধারণ বিরুদ্ধে যাচ্ছে, তাদের ভোলাবার জন্য একটা টোপ দেবার ব্যবস্থা হচ্ছে। কিন্তু আমি বলে রাখতে চাই যে ভারতবর্ষের জনতা এই টোপে ভুলবে না—গভর্নমেন্ট ভুলতে পারেন। স্যার, এই যে বলা হয়েছে ঘুরিয়ে ঘুরিয়ে যদি মিটিং করা হয় তাহলে আমাদের বলবার কিছু থাকবে না, কারণ তাহলে বৃটিশ গভর্নমেন্টের নেতৃত্ব থাকবে না। কিন্তু একটা কথা মনে রাখা দরকার যে, এই যে বৃটিশ কমনওয়েলথের মিটিং ভাল হয়। নাম দেখানো মাত্র মিটিং ভাল হয়, এই মিটিং-এ কোন সদস্যের ভেটো দেবার ক্ষমতা নেই। কোন প্রস্তাব যদি কোন দেশের বিরুদ্ধে যায় তাহলে সেই প্রস্তাবকে ভেটো দিয়ে যে বন্ধ করতে পারে এটা নেই। কাজেই এটা প্রমাণ হয় যে এই যে কমনওয়েলথ বলেছে এটা বৃটিশ প্রভাবাধীন এবং তাঁদের স্বার্থের জন্য। যদিও অন্যান্য দেশ এই কমনওয়েলথের মেম্বার আছেন। আমি স্যার, বলতে চাচ্ছি একথা পরিষ্কার হয়ে যায় যদি আমরা মনে রাখি গত কমনওয়েলথ সম্মেলন যে হয়ে গেল, তাতে ত্রিনিদাদের প্রধানমন্ত্রী কি বলেছিলেন—তিনি খোলাখুলি বলেছেন যে যা কিছু হয় ভেতরে রেজোলিউসান করা থাকে, আমরা ওখানে মিটিং-এ যায়। যে যাই বলি না কেন, আসলে বৃটিশ সরকার থেকে সেখানেও প্রস্তাবগুলি দেওয়া হয়, সেই প্রস্তাবগুলি কমনওয়েলথে রেখে সেখানে কেবল খানাপিনা হয় এবং তারপরে পর্দার আড়ালে আসল কাজটা হয়ে যায়, সেটা হচ্ছে এই যে কেবলমাত্র সেখানে সহি করে দিয়ে আসতে হয়। আমি স্যার, আপনার কাছে কিছুদিন আগেকার কোলকাতা সিটি কোর্টের একটা মামলার কথা উল্লেখ করতে চাই, সেটা একটা কাবুলীকে নিয়ে। সেখানে সিটি কোর্টের কাবুলীর পক্ষের যে অ্যাডভোকেট থেকে পি কে, সান্যাল তিনি বলেন যে আজকেও রিপাবলিক ভারতের নাগরিকরা বৃটিশের প্রজা। সেদিন কালীবাবু বললেন বিলাতের একটা মামলার কথা। আমি বলছি আমাদের দেশের ক্যালকাটা সিটি কোর্টে যে মামলা হয়, একজন কাবুলীর নাগরিকত্ব নিয়ে সেখানে তার উকিল বলে যে ভারত রিপাবলিক হলেও তারা বৃটিশের প্রজা মাত্র। আমি বলছি স্যার, বৃটিশ ন্যাশানালিটি অ্যাক্ট যেটা চালু আছে সেটাকে ১৯৪৯ সালে আমাদের দেশ স্বাধীন হবার পর অ্যামেন্ড করা হয় যে ইন্ডিয়া কনসিকয়েনসিয়াল প্রভিসন অ্যাক্ট ১৯৪৯—এই অ্যাক্টে বলবার সময় কিং জর্জ দি সিকস্থ, তিনি ১৯৪৯ সালের ১৬ই ডিসেম্বর বলেন যে ভারত যে এক সাধারণ সভারেন ইন্ডিপেনডেন্ট রিপাবলিক তৈরী করতে যাচ্ছে অথচ যে বৃটিশ কমনওয়েলথের পূর্ণ সদস্য থাকবে, এ এক ঐতিহাসিক যুক্তি এবং এর যে সমস্ত আইনগুলি ছিল সেগুলি চালু থাকবে। স্যার, ১৯৫০ সালের ২৬শে জানুয়ারী রিপাবলিক হবার পরেও বৃটিশ আইনে ভারতের মর্যাদা, সুযোগ-সুবিধা, অধিকার একই রকম থাকবে, যেমন রিপাবলিক হবার আগে ছিল। তিনি বলেন অ্যাজ ইফ ইন্ডিয়া হ্যাড নট বিন রিপাবলিক। এই কথাগুলি বলে তখন এই কনসিকয়েনসিয়াল প্রভিসন অ্যাক্ট চালু হয়েছিল। আমি স্যার, আপনার কাছে কন্সটিটিউসন থেকে ৩৭২ ধারাটা উল্লেখ করতে চাই

"Notwithstanding the repeal by this Constitution of the enactments referred to in article 395 but subject to the other provisions of this Constitution, all the law in force, it is important, Sir, in force in the territory of India ture or other competent authority."

বৃটিশ ন্যাশানালিটি অ্যাক্টের সঙ্গে যুক্ত হয়ে ইন্ডিয়া কনসিকয়েনসিয়াল প্রভিসন অ্যাক্ট ১৯৪৯ সালে চালু হয়, সেটা আজ পর্যন্ত স্যার, কোথাও রিপিলড হয়নি, এটা আজও চালু আছে অথচ ওঁরা বলতে চান যে আমরা এখন ডোমিনিয়ন নই। আমরা স্বাধীন এবং কমনওয়েলথের মধ্যে। যেহেতু ২১টা অন্যান্য রাষ্ট্র আছে সেহেতু আমাদের ওখানে থাকতে হবে। আমি বলছি স্যার, যে অন্যান্য দেশের সঙ্গে যুক্ত থাকবার জন্য আমাদের কমনওয়েলথে থাকবার দরকার করে না। আমাদের আরও অনেক ফোরাম আছে, আমাদের অ্যাফ্রো-এশিয়ান দল আছে, আমরা তো নন্ অ্যালাইনমেন্টের একটা ব্যবস্থা করেছি—আমাদের বান্দুং সম্মেলন হয়েছে, বিভিন্ন প্রকারে বিভিন্ন দেশের সঙ্গে আমাদের যোগাযোগ রাখবার ব্যবস্থা আছে—তার জন্য কমনওয়েলথে থাকবার দরকার পড়ে না। এই কমনওয়েলথে থাকবার একটি মাত্র কারণ হচ্ছে এই যে আমরা পশ্চিমী রাষ্ট্রগোষ্ঠীর যুক্ত থাকবো—তাই তাদের রাজনীতি, তাদের অর্থনীতি, তাদের মনোভাব এই সমস্তগুলি আমাদের ভারতবর্ষে বজায় রেখে আমাদের সরকার চালাতে চাই। তাই আজকে কমনওয়েলথের জন্য এত ওকালতি। একথা স্যার, আরও প্রকাশ হয়ে যায় গত কমনওয়েলথ সম্মেলনে জাঞ্জিবার টাঙ্গানিকার প্রধানমন্ত্রী তাঁকে যখন অ্যাকিউজ করা হয়। চীনের সঙ্গে এড্ নেবার জন্য তখন তিনি বলেন বৃটিশ কমনওয়েলথে আছি, আমরা পশ্চিমী গোষ্ঠীর সঙ্গে থাকবার জন্য। আমরা অন্য চুক্তি করছি, মানে আমরা নন্ অ্যালাইন্ড কানট্রি এটা প্রমাণ করবার জন্য। এটা আমাদের অধিকার আছে। অর্থাৎ এটা পরিষ্কার হয় জাঞ্জিবার টাঙ্গানিকার প্রধানমন্ত্রীর ভাষণ থেকে যে কমনওয়েলথে থাকা মানে পশ্চিমী প্রভাবাধীনে থাকা। তাই আমি দাবী করি যে কমনওয়েলথে থেকে বেরিয়ে আসা হোক। স্যার, একটা কথা হতে পারে যে কমনওয়েলথে থাকার জন্য আমাদের নাকি ব্যবসা-বাণিজ্যের কিছু সুবিধা হতে পারে কিন্তু একথা ভুলে গেলে চলবে না যে আমাদের স্বার্থেই শুধু বৃটিশ আমাদের সঙ্গে ব্যবসা-বাণিজ্য করে না। তাদের প্রয়োজনেও ব্যবসা-বাণিজ্য করতে হয়। সুতরাং আমরা যদি কমনওয়েলথ থেকে বেরিয়ে আসি তাহলে এটা হবে যে আমরা সামনা সামনি ব্যবসা-বাণিজ্য করতে পারবো।

[1-30—1-40 p.m.]

আমাদের ব্যবসা এখন বৃটিশ অভিমুখি হয়ে আছে। এখন কমনওয়েলথে থাকার জন্য অনেক কিছু করতে পারছি না। আমরা যদি বেরিয়ে আসি তাহলে আমরা অনেক সুবিধা পাব। আমরা ব্যবসা-বাণিজ্য অনেক দিকে ছড়িয়ে দিতে পারবো। আজ আমরা কমনওয়েলথে থাকার জন্য আমরা অন্য দেশের কাছে আমাদের ঠিকমত কাঁচামাল আমরা পাঠাতে পারি না। আমাদের বৃটেনে পাঠাতে হয়। আর আমরা বাহিরে পাঠাতে পারি না। এভাবে যদি আমরা বেরিয়ে এসে আমরা নিজেদের পায়ে দাঁড়াবার চেষ্টা করি, আমাদের কাঁচামাল যদি আমরা ব্যবহার করতে পারি তাহলে আমরা আরও অনেক সুযোগ পাবো। আমরা এটা করলে আমাদের দেশকে আমরা উন্নত করতে পারবো। কমনওয়েলথে থাকার জন্য আমাদের অনেক লোকসান করে আমাদের জিনিস আনতে হয় যেহেতু আমরা সেখানে আছি। আমার কথা হচ্ছে আপনারা এ সব কথা বলছেন না। আপনারা কেবল বলছেন এতে থাকলে আমাদের অনেক সুবিধা হবে। ব্যবসায়ে, শিল্পে কি অন্যান্য দিক থেকে এমন কি রাজনৈতিক দিক থেকে আমাদের এই কমনওয়েলথে থাকার জন্য অসুবিধায় পড়তে হচ্ছে। রাজনৈতিক দিক থেকে আমাদের চোখ রাঙ্গানী খেতে হয়। আজও আমাদের দেশের অ্যাডভোকেটরা বলতে পারেন যে বৃটিশ ন্যাশানালিটি অ্যাক্ট আমাদের দেশে আছে। কমনওয়েলথের যে কোন দেশের প্রজা আমাদের দেশের প্রজা। এই অপমান থেকে আমাদের রেহাই পাওয়া যাবে না। কিন্তু আপনারা দেশের মঙ্গল চান না। এঁরা চান আমাদের দেশকে ধনতান্ত্রিক দিকে নিয়ে যেতে। কমনওয়েলথে থাকতে হবে তাই কংগ্রেসের পক্ষ থেকে সংশোধনী আনা হয়ছে। আমি এই সংশোধনীর বিরোধীতা করে আমাদের প্রশ্নটার সমর্থন করছি।

শ্রীসোমনাথ লাহিড়ীঃ মাননীয় স্পীকার মহাশয় এখানে আলোচনার সময় কংগ্রেস পক্ষ অ্যামেন্ডমেন্ট দিয়েছেন যা প্রকৃত পক্ষে কমনওয়েলথ-এর সঙ্গে সম্পর্ক বজায় রাখার পক্ষে সেই অ্যানমন্ডমেন্ট উপলক্ষে কংগ্রেস পক্ষ থেকে যাঁরা বক্তৃতা করেছেন যেমন অশোকবাবু ইত্যাদি তাঁরা

একটা যুক্তি দিচ্ছেন যে কমনওয়েল্থয়ের কোন পাকাপাকি বন্ধন নেই, কমনওয়েলয়ের কোন নিয়মকানুন নেই—কোন পাকাপাকি ডিসিপ্লিন নেই, কোন গঠনতন্ত্র নেই। সুতরাং কমনওয়েলথ-এর বিশেষ কোন বন্ধন নেই। কাজেই কমনওয়েলথ থাকায় আমাদের স্বাধীনতা কোনরকমে বিপন্ন হচ্ছে না, এটাই তাঁদের বক্তব্যের মূল কথা, কথাটা কিছু পরিমাণে সত্য যে কমনওয়েলথ-এর কিছু পাকাপাকি বন্ধন নেই। কিন্তু সত্য বলে জিনিষটা আরও ভয়ংকর। কারণ বন্ধনটা দৃশ্যত না হলেও অদৃশ্যত তার বন্ধন আষ্টেপৃষ্ঠে জড়িয়ে রয়েছে। যে বন্ধন থেকে বেরিয়ে আসতে হলে কমনওয়েলথ যে অদৃশ্য বন্ধন আছে তা ছিন্ন করতে হবে। সেটা হল আসল বন্ধন বা বাধা কমনওয়েলথ বন্ধনের মধ্য দিয়ে এক্সপ্রেস্ট নেই। সে সম্বন্ধে আমার আগে কয়েকজন বক্তা উল্লেখ করেছেন। তাহলেও আমি তার পুনরাবৃত্তি করছি। প্রথম বন্ধন হল ভারতবর্ষে বৃটিশ পুঁজির বন্ধন। ভারতবর্ষে আমরা দেশীয় শিল্প গড়ে তুলছি সন্দেহ নেই, কিন্তু এখনও পর্যন্ত ব্রিটেন যখন ভারতের মালিক ছিল তখন যে পরিমাণ পুঁজি ভারতে খাটাতো এখন তার চেয়ে বেশী পুঁজি এখানে খাটছে—প্রায় ৪০০ কোটি টাকা এবং বছরে প্রায় ১০০ কোটি টাকা আমাদের সম্পদ, আমাদের শ্রমিক শক্তিকে শোষণ করে ব্রিটেন প্রতি বৎসর এখান থেকে নিয়ে যাচ্ছে। কমনওয়েলথ প্রধান যে বন্ধন সে বন্ধন থেকে মুক্তি পেতে হলে কমনওয়েলথ বন্ধন প্রয়াস ছিন্ন করা। কারণ কমনওয়েলথ বন্ধন যে নৈতিক বিধিবন্ধ যে বিধিবন্ধ আমাদের বাধ্য করছে ব্রিটিশ পুঁজির আমরা শিকার হয়ে থাকবো। ২য় বন্ধন যে কি সেটা আমরা যুদ্ধের সময় হাড়ে হাড়ে টের পেলাম এবং সেটা হচ্ছে ডিফেন্সের ব্যাপার। আমাদের নৌ বাহিনীতে ব্রিটিশ নৌ ছিল যারা ব্রিটিশ ইণ্ডিয়ান আর্মি আমাদের যখন ক্ষমতা হস্তান্তর করা হল তখন আমরা সে জিনিষ লক্ষ করলাম। তার ফলে আমাদের নৌ বাহিনীর সাজসরঞ্জাম গঠন পদ্ধতি সম্পূর্ণরূপে প্রায় শতকরা ৮০ ভাগ ব্রিটেনের উপর নির্ভরশীল। তাদের সঙ্গে আমাদের যৌথ ব্যবস্থা। তাদের অস্ত্র আমাদের প্রধান অস্ত্র। অবশ্য পয়সা দিয়ে আমরা কিনি, বিনা পয়সায় পাই না, পাকিস্তানের মত। কিন্তু ব্রিটেনের মুখাপেক্ষী হয়ে থাকতে হয়। কিন্তু তার যে পরিচয় যুদ্ধের সময় পেলাম তা হচ্ছে স্পেয়ার পার্টসগুলো বন্ধ করে দিল। আমাদের বন্ধন এতদূর যে আমাদের স্বাধীন ভারতের নৌ বহর ব্রিটেনের সঙ্গে মহড়া করে। যেমন অতীতে ভারতে ২।১ খানা জাহাজ নিয়ে ভারতীয় সমুদ্রে মহড়া করতো। ঠিক সে রকম সেদিনও ব্রিটেনের সঙ্গে মহড়া করেছি। ব্রিটেনের একমাত্র উদ্দেশ্য হচ্ছে পূর্ব এশিয়ার বিভিন্ন ঔপনিবেশিক দেশগুলিতে তার ক্ষমতা প্রদর্শন করা। এমন কি একথা প্রকাশ পেয়েছিল যে আমাদের ভারতের নৌ বাহিনীর যে কোড সে কোড ব্রিটিশ-এর সঙ্গে তার যোগাযোগ রয়েছে। সেটাই এবার টের পাওয়া গেল। কাজেই কমনওয়েলথ-এর বন্ধন মানে যেমন ব্রিটিশ পুঁজির বন্ধন যেমন আমাদের ডিফেন্সের বহু বিষয় আমরা তাদের সঙ্গে জড়িয়ে রেখেছি, কাজেই কমনওয়েলথ-এর বন্ধন ছিন্ন করা বলতে হয়ত ঐ বন্ধনগুলো ছিন্ন করার চেষ্টা আমরা করতে পারবো। কিন্তু সাম্প্রতিককালে আমি লক্ষ্য করেছি যে পাকিস্তানের সঙ্গে যখন যুদ্ধ চলছিল তখন শাসক সম্প্রদায়ের মুখ থেকে এবং কংগ্রেস দলের নেতাদের মুখ থেকে যে কথা হত। যুদ্ধ বিরতি হবার সঙ্গে সঙ্গে তাঁদের বদলে গেল মতটা সুর উল্টো দিকে চলে যাচ্ছে। এর কারণ কি? এর কারণ হচ্ছে এক অদৃশ্য বন্ধন। আমাদের পশ্চিম বাংলার দুটা মাত্র উদাহরণ দেবো, যে কি পরিমাণে ব্রিটিশ অদৃশ্য বন্ধন আমাদের সরকারের উপরে কাজ করছে। আমার যে কনষ্টিটিউয়েন্সি চেতলা সেখানে একটা বিলাতি কোম্পানী রেকেট কোলম্যান, বার্লি, ডেটল ইত্যাদি তৈয়ারী করে। কেন যে আমাদের ভারতবর্ষের মধ্যে কলকাতা সহরে বার্লি, ডেটল তৈরী করবার জন্য বিলাতি পুঁজি থাকার সেটা আমার বুদ্ধির অগম্য। কিন্তু যাই হোক যুদ্ধের সময় দেখলাম সে কম্পানির স্থানীয় ডাইরেক্টার মিঃ টটন, একটা ইস্তাহার দিলেন শ্রমিকদের তাতে লিখে দিলেন 'আমি মনে করিনা ভারত পাকিস্তান সংঘর্ষের ফলে ভারতবর্ষের উপর পাকিস্তান কর্তৃক কোন মাস্ বোমবিং-এর সম্ভাবনা আছে কিম্বা সিভিল টারগেটের উপর পাকিস্তান বোমা ফেলবে। এর উপর তিনি লিখলেন এ অবস্থায় আমি আরও মনে করি না শ্রমিকরা যখন দোতলায় কাজ করছে তখন এয়ার রেড ওয়ারনিং হলে, তাদের ১ তলায় সিঁড়ির নীচে আশ্রয় নেবার প্রয়োজন আছে। এই ছাপান হ্যাণ্ডবিল তিনি সই করে কারখানায় দিলেন। সেখানকার শ্রমিক ইউনিয়ান সে হ্যাণ্ডবিলের ওরিজিনালসহ

নিশ্চয়ই পাঠিয়েছিল মুখ্যমন্ত্রীর কাছে প্রায় ১½ মাস আগে। কিন্তু আশ্চর্য ঘটনা যে আজ পর্যন্ত আমাদের পশ্চিম বাংলার কংগ্রেস সরকার এবং তার মুখ্যমন্ত্রীর সাহস হোল না যে বিলাতি সাহেব হোক যারা এদের শোষণ করে চলেছে যারা পাকিস্থানকে তোষামোদ করে শ্রমিকদের বিভ্রান্ত করবার চেষ্টা করছে এবং যারা নিরাপত্তার প্রতি বিন্দুমাত্র মমতা প্রদর্শন করে না তাদের কোন শাস্তির ব্যবস্থা করা। আজ পর্যন্ত সে ভদ্রলোক অক্ষত দেহে কারখানা পরিচালনা করছেন। করপোরেসানের সভায় এ অভিযোগ নিয়ে যখন আলোচনা হয়েছিল তখন গোটা করপোরেসানের মেয়র সমেত সবাই এর নিন্দাবাদ করেছিলেন, কিন্তু মুখ্যমন্ত্রী এবং তার পুলিস সকলেই সচল কারণ সাহেবদের সঙ্গে আমাদের যে অদৃশ্য বন্ধন আছে সে অদৃশ্য বন্ধনের রজ্জুতে যে টান লাগবে সে টান দিতে তাঁরা প্রস্তুত নন।

[1-40—1-50 p.m.]

National and Grindlays Bank তার শাখা ভারতবর্ষে আছে, পাকিস্তানেও আছে। ভারতবর্ষের সম্পদ শোষণ করে, কোটী কোটী টাকা সে পায়। সেই ন্যাশান্যাল অ্যান্ড গ্রিন্ডলেজ ব্যাঙ্ক, পাকিস্তান রেডিও থেকে ঘোষণা করা হয়েছে যে, তারা পাকিস্তানের ডিফেন্স-এর জন্য ১ লক্ষ টাকা দান করেছে। অর্থাৎ আমাদের শোষণ করে যে ব্যাংক বড়লোক হচ্ছে, সেই ব্যাঙ্ক-এর টাকায় তাদের বোমা, বন্দুক তৈরী হচ্ছে, যা এসে আমাদের মাথায় পড়ছে বা পড়তে পারে। কিন্তু এ বিষয়েও প্রশ্ন তোলা হয়েছিল, যে ন্যাশান্যাল অ্যান্ড গ্রিন্ডলেজ ব্যাঙ্ক-এর ভারতবর্ষে যখন শাখা আছে, তখন যে প্রতিরক্ষার জন্য খুব সম্ভব, যতদূর আমি জানি, এক পয়সাও চাঁদা দেয়নি। এই ব্যাপারটা সরকারের দৃষ্টিতে আনলেও, সরকারের সাধ্য হয়নি যে তাদের কিছু বলেন, বা কিছু করেন। এই যে অদৃশ্য বন্ধন, এই অদৃশ্য বন্ধনগুলি হচ্ছে সবচেয়ে মারাত্মক। আমি Commonwealth বন্ধন ছিন্ন করবার জন্য, এই জন্য বলছি, যে আমরা কমনওয়েলথ বন্ধন যদি ছিন্ন করতে পারি, তাহলে আমরা দ্বিতীয় পদক্ষেপ হিসাবে, ভারতবর্ষকে আমরা বৃটিশ পুঁজিপতির শোষণ থেকে মুক্ত করতে পারবো। এই বৃটিশ পুঁজিপতি আমাদের যে শুধু শোষণ করে, তা নয়, এঁরা আমাদের বিপদের দিনে, এ দেশের শিল্প ব্যবস্থাকে বিশৃঙ্খলার পথে ফেলে দেয়। আপনি জানেন যে এখানে তেল সরবরাহের প্রধান দায়িত্ব বিলাতী কোম্পানীর উপর আছে। কিন্তু সেই বিলাতী কোম্পানীর দায়িত্ব পালন সম্বন্ধে আমাদের সরকার এতখানি চিন্তাগ্রস্থ যে, সকলেই জানেন যে, যখন পাকিস্তানের সঙ্গে আমাদের যুদ্ধ হয়েছিল এবং চলছিল, সেই সময়, ভারতীয় প্লেনগুলিকে, কি সিভিল প্লেন, ইণ্ডিয়ান এয়ার লাইনস করপোরেসান-এর প্লেনগুলিকে বিলাতী বা অ্যামেরিকান তেল ব্যবহার করতে দেওয়া হয়নি। এই ভয়ে, যে তারা তেলের মধ্যে ভেজাল দিয়ে, যুদ্ধের ব্যাপারে গোলমাল ঘটাতে পারে। গত যুদ্ধের সময়, আমাদের যুদ্ধের প্লেন, ইনক্লুডিং আওয়ার সিভিলিয়ান প্লেনস, সম্পূর্ণরূপে রুশিয়ান অয়েল-এর উপর নির্ভর করে চলতে বাধ্য হয়েছে। যেখানে সরকারের ডিফেন্স ডিপার্টমেণ্ট পর্যন্ত বোঝেন, যে যুদ্ধের দিনে, যে সব তেলের কুমিরদের আমরাই, আমাদের সরকার ডেকে এনে এখানে বসিয়েছেন, তারা তেলের ভিতর ভেজাল দিয়ে, আমাদের ক্ষতি করতে পারেন। কিন্তু সেই সরকারের এক অংশের প্রয়োজন তখন প্রচণ্ড হয়, বাস্তব এসে সম্মুখে দাঁড়ায়, তখন যুদ্ধের এই হচ্ছে আর একটা গুণ, যে তখন আর রেখে, ঢেকে কথা বলবার সময় থাকে না, যার মুখে, যে ঢাকনা ছিল, তা নির্মমভাবে উন্মোচিত হয়ে পড়ে। কাজেই সরকারের সেই ডিপার্টমেণ্টকে বুঝতে হল যে আমাদের তেলের ভার বৃটেন এবং অ্যামেরিকার উপর ছেড়ে দেওয়া চলবে না। যখন পাকিস্তানের সঙ্গে আমাদের যুদ্ধ হল, যে যুদ্ধের পিছনে প্রধান উদ্যোক্তা হল ইংরাজ ও এ্যামেরিকান সরকার যাদের প্ররোচনায় এই যুদ্ধ বাধে, যারা পাকিস্তানের পরামর্শদাতা ও প্রধান সাহায্যকারী, তখন আমাদের সরকার বলতে বাধ্য হলেন যে ইংরাজ ও অ্যামেরিকার তেল ব্যবহার করা আপাতত বন্ধ রেখে, সোভিয়েট তেল ব্যবহার করো। অর্থাৎ সোভিয়েট তেলের উপর ভরসা করো। যাতে, অন্ততঃ আমাদের প্লেন-গুলি আকাশে গিয়ে, বানচাল হবার সম্ভাবনা থাকবে না। তারপরে আরও উদাহরণ আপনাদের মনে আছে। তখন চীনের আক্রমণ হয়েছিল আসামে, তখন সেখানে যত বিলাতী চা-বাগান ছিল, তার মালিকরা, রাতারাতি প্লেনে করে, বাগান ফেলে রেখে পালিয়ে গিয়েছিলেন। আমাদের অনেকের ধারণা যে সাহেবরা খুব সাহসী। সেদিন তার পরিচয় পাওয়া গিয়েছে। সেদিন

তাঁরা তাঁদের সম্পত্তি ইত্যাদির কোন কিছুর মায়া না রেখে, সব ছেড়ে দিয়ে পালিয়ে গিয়েছিলেন, তাঁরা সব আগে পলায়ন করেছিলেন। যদি বাস্তবিক, চীনেরা আরও একটু বেশী দূর অগ্রসর হ'ত, তাহলে আমাদের চা-বাগানের সমস্ত সম্পদ সম্পূর্ণ অরক্ষিত অবস্থায় তাদের হাতে গিয়ে পড়তো। সুখের কথা, আনন্দের কথা যে, সেখানকার বৃটিশ মালিকরা সেইদিন, যেহেতু সেটা আমাদের সম্পত্তি, শেষ পর্যন্ত তাদের সম্পত্তির সকল মায়া ছেড়ে দিয়ে, সেগুলি শত্রুর মুখে ফেলে দিয়ে পালাবার কথা চিন্তা করেছিলেন, সেদিন সেখানকার ভারতীয় শ্রমিকরা রুখে দাঁড়িয়েছিল সেখানে এবং সেই চা-বাগানকে তারা রক্ষা করেছিল এবং সেই চা-বাগানের যা ভারতের সম্পদ, তা তারা রক্ষা করেছিল।

কথা হচ্ছে এ থেকে এই জিনিষটা বুঝতে পারি, শুধু শোষণের দিক থেকে নয়, বিদেশী মালিকদের হাতে যদি আমাদের বিভিন্ন দরকারী স্ট্র্যাটেজিক বিষয়গুলি থাকে—তেল, চা ও অন্যান্য জিনিষ, তাহলে যুদ্ধের সময় তা আমাদের বিপক্ষে প্রযুক্ত হতে পারে। আমরা যদি তার ব্যবহার না করতে পারি, তাহলে আমাদের ডিফেন্স ক্ষতিগ্রস্ত হতে পারে। কি অর্থনীতির দিক থেকে, কি দেশরক্ষার দিক থেকে বিদেশী পুঁজি বিশেষ করে ব্রিটিশ পুঁজির বন্ধন থেকে মুক্ত হবার প্রয়োজনীয়তা আছে। সেই কারণে আমরা যদি কমনওয়েলথের বন্ধন ছিন্ন করতে পারি, তাহলে সেদিক আমরা একটি বড় পদক্ষেপ করতে পারবো। সেই জন্য এই প্রস্তাব সভা বিলেতে ডাকলাম বা দিল্লীতে ডাকলাম তাতে কিছু আসে যায় না। যে নৈতিক অদৃশ্য বন্ধন, যে আণ্ডারস্ট্যাণ্ডিং তাকে ছিন্ন করতে হলে, দৃশ্যতঃ যেটুকু বন্ধন আছে, তাও ছিন্ন করতে হবে। আমরা শুনে অবাক হয়ে গেলাম এর আগের দিন যখন এখানে এই প্রস্তাব আলোচনা হচ্ছিল, তখন আমাদের কংগ্রেস পক্ষের কোন কোন বন্ধু বললেন এঁরা আবার আমেরিকাকে কেন টেনে আনছেন! আমেরিকা তো আমাদের বন্ধু। তিনি কিছু অন্যায় বলেন নি। তাঁদের দলের লোক পার্লামেণ্টে যাঁরা রয়েছেন, তাঁদের নেতারাও এই সুরে গাইতে আরম্ভ করেছেন হ্যাঁ, আমেরিকা আমাদের বন্ধু। পি এল ৪৮০ পাওয়া যায় কিনা সেই জন্য এখন আমেরিকার পায়ে তেল দেওয়ার চেষ্টা চলছে। শাস্ত্রীজী, তোমার নিমন্ত্রণ ক্যানসেল করলাম বলে জনগণ এক কথায় যেটা জানিয়েছিলেন, আজকে সেই নিমন্ত্রণ ফিরে পাওয়া যায় কিনা তার চেষ্টা তাঁরা করছেন। কাজেই সেদিন যিনি এখানে তাঁদের কথার অনুসরণ করে বলেছিলেন আমেরিকা তাঁদের বন্ধু, আমি তাঁকে এই কথা বলতে চাই এ কথা কি বলবার ক্ষমতা হতো দেড় মাস আগে, যখন আমেরিকান প্যাটন ট্যাংকস ও আমেরিকান স্যাবর জেট যুদ্ধের সময় রণাঙ্গনে আমাদের সৈন্যের বুকের রক্ত ঝরাচ্ছিল এবং এখানকার নিরীহ নাগরিকদের ঘরবাড়ী ভেঙ্গে চুরমার করে দিচ্ছিল? সেই অবস্থায় কি তাঁদের এ কথা বলবার সাহস হতো? না। সেই সময় অতুল্যবাবুকে গলাবাজি করতে হয়েছে, ময়দান থেকে যে পি এল ৪৮০ আমরা ছোব না, নেব না। কিন্তু দুঃখ হয়, লজ্জা হয় জওয়ানদের দুর্দিনে নিজের মনের কথা না বলতে পেরে যাঁরা মিথ্যা বীর সাজবার চেষ্টা করেছিলেন, আর আজকে যুদ্ধ শেষ হতে না হতে আমেরিকার প্রতি দুঃখন মনোভাবাপন্ন যারা, তাদের প্রতি দিনের টুকরো টুকরো ব্যবহারে তাদের নগ্ন চেহারা আবার প্রকাশিত হয়ে পড়েছে, সেই হচ্ছে বিপদ। কংগ্রেস দলের সকলেরই যে এই মত তা আমি মনে করি না। মনে করুন যুদ্ধ আবার হয়ত লাগবে; আজ যে জনসাধারণের মনের মধ্যে যে চেতনা এসেছে, সেই চেতনার ভিত্তিতে আমরা দেশকে যদি আমেরিকান শত্রুর কাছ থেকে, বৃটিশ শত্রুর কাছ থেকে আত্মরক্ষা করবার জন্য শক্তি উদ্বুদ্ধ করতে পারতাম, যদি সকলে মিলে আমরা অগ্রসর হতে পারতাম, তাহলে একটা কাজের কাজ হতো। কিন্তু আজকে সামরিক সামান্য ক্ষীণ তুচ্ছ স্বার্থের লোভে যদি আমরা সেই জিনিষ থেকে মানুষকে দূরে ফিরিয়ে দিতে যাই, আবার সেই ঝাঁকের কই ঝাঁকে ফিরে যাবার চেষ্টা করি, তাহলে অতুল্যবাবুর লোকের হয়ত সাময়িকভাবে তাদের কিছু লাভ হবে, কিন্তু দেশের ভবিষ্যৎ সম্পূর্ণভাবে নষ্ট হবে, যে ভবিষ্যৎ ঐ ২২ দিনের যুদ্ধের মধ্যে আকাশের বিজলী আলোর মত চমকে উঠেছিল। ভবিষ্যতের পৃথিবী থেকে সেই প্রতিজ্ঞা ধুয়ে মুছে দেবেন না। চলে আসুন—আমরা কমনওয়েলথের বন্ধন ছিন্ন করি এবং বৃটিশ ও আমেরিকান সাম্রাজ্যবাদ থেকে মুক্ত হয়ে ভবিষ্যৎ ভারতবর্ষকে প্রকৃত স্বাধীন, স্বাবলম্বী ও স্বয়ম্ভর করবার কাজে আত্মনিয়োগ করে অগ্রসর হই।

[1-50—2 p.m.]

শ্রীআনন্দগোপাল মুখোপাধ্যায়ঃ মাননীয় স্পীকার মহোদয়, বন্ধুবর শ্রীঅশোককৃষ্ণ দত্ত মহাশয় মূল প্রস্তাবের উপর যে সংশোধনী প্রস্তাব এনেছেন সেই প্রস্তাবকে আমি সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি এই কারণে যে ভারতবর্ষ স্বাধীনতা লাভ করার পর সারা পৃথিবীতে সমস্ত দেশের সঙ্গে বন্ধুত্ব বজায় রাখবার জন্য চেষ্টা করেছিল এবং তারই উপর ভিত্তি করে ভারতবর্ষের পররাষ্ট্র নীতি নির্ধারিত হয়েছে। বান্দুং সম্মেলনে সেই নীতির স্পষ্ট রূপ আমরা দেখতে পেয়েছিলাম এবং আমরা দেখেছি ভারতবর্ষ সেখানে পিসফুল কো-একজসটেন্স এবং আরো পরিষ্কার করে বলতে গেলে পঞ্চশীল নীতিকে গ্রহণ করে তার এক্সটারনাল এ্যাফেয়ার্সে কি পলিসি হবে তা ঠিক করেন। বিগত কয়েক বছর ধরে সারা পৃথিবীর ঘটনাবলী পর্যালোচনা করলে দেখতে পাবো কোন দেশেরই অবস্থা এক রকম থাকেনি। বিভিন্ন দেশ তার অবস্থা যেখানে থেকেছে তারই উপর ভিত্তি করে নিজের সুবিধামত নীতি নির্ধারণ করেছে। ভারতবর্ষ কিন্তু একটা নীতিকে ধরে রাখতে চেয়েছে সেটা হল জোট নিরপেক্ষ নীতি এবং এই জোট নিরপেক্ষ নীতিকে ভিত্তি করে একটা গোষ্ঠী গড়ে উঠলো পৃথিবীতে যারা এই নীতিকে গ্রহণ করে নিজেদের সুখ সুবিধার উপর নজর রেখে চলছিল। ভারতবর্ষ স্বাধীনতা লাভ করার পর ব্রিটিশ সাম্রাজ্যবাদের আওতায় যে সব দেশগুলি পরাধীন ছিল তাদের সঙ্গে হাত মিলিয়ে কমনওয়েলথের অন্তর্ভুক্ত থাকে। ১৯৬২ সালে ভারতবর্ষের সামনে একটা চরম পরীক্ষা আসে সেই চরম পরীক্ষা হল ভারতবর্ষ তার নীতিকে বজায় রাখবে না বিসর্জন দেবে। ১৯৬২ সালে ভারতবর্ষ সেই চরম পরীক্ষায় উত্তীর্ণ হয় নীতি বিসর্জন না দিয়ে। জোট নিরপেক্ষ নীতিকে সে সেখানে বিসর্জন দেয়নি এবং কমনওয়েলথের বাইরে আসার কথাও তাকে চিন্তা করতে হয়নি। সেন্টো, সিয়াটো, ন্যাটো, কারো দ্বারস্থ হতে গিয়ে তার নিজের আদর্শকেও বিসর্জন দিতে হয়নি। তারপর পরিবর্তিত পরিস্থিতিতে আমরা ১৯৬৫ সালে আর একটা বিপদের সম্মুখীন হলাম, ভারতবর্ষের পররাষ্ট্র নীতি সব চেয়ে বিপদের সম্মুখীন হল। ১৯৬২ সালে ভারতবর্ষের উপর যে আক্রমণ সেটা আমরা পরিষ্কারভাবে দেখতে পেয়েছি একদিকে সাম্রাজ্যবাদী কম্যুনিষ্ট চীনের হামলা আর এক দিকে ভারতবর্ষ। গোষ্ঠী নিরপেক্ষ রাষ্ট্রগুলি ভারতবর্ষের দিকে এগিয়ে আসবে কিনা চিন্তা করছে। কমনওয়েলথ কান্ট্রিগুলি ভারতবর্ষের দিকে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে, কিন্তু অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিস্থিতির উদয় হয় ১৯৬৫ সালে। কারণ ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে বিশেষ করে আন্তর্জাতিক পরিস্থিতি অত্যন্ত ঘোরালো হল। এখানে ঠিক বোঝা শক্ত যে পিছন থেকে কে টান মারছে। সামনে দেখতে পাচ্ছি পাকিস্তান তার একদিকে দেখতে পাচ্ছি চীন। দুয়ের মিতালি কি করে সম্ভব হল। একটা রাষ্ট্র বলে সোসালিষ্টিক ষ্টেট, আর একটা রাষ্ট্র ধর্মের উপর ভিত্তি করে ডিকটেটারসিপ চালিয়ে যাচ্ছে, দুয়ের মিতালি সম্ভব হয়েছে। সেখানে দেখতে পাচ্ছি আর একটা অদৃশ্য হাত ছিল, দুটো রাষ্ট্রেরই পিঠ চাপড়াচ্ছে, ঐ চায়নাকে সমর সম্ভার বিক্রি করছে ব্রিটিশ এবং পাকিস্তানকেও তারাই সাহায্য করছে। ভারতবর্ষ এখানে আজ তার নীতির পরিবর্তন করবে, কি তার সেই পূর্ব নীতিতে থাকবে এটা চিন্তা করার কোন প্রয়োজন এখানে আসেনি। কেন আসেনি। কারণ সে তার মূল নীতিতে থেকে ১৯৬২ সালের এবং ১৯৬৫ সালের যে দুর্যোগ সেই দুর্যোগ সে কাটিয়ে উঠতে পেরেছে। ১৯৬৫ সালের দুর্যোগ কাটিয়ে উঠে আজকে তার যে কে বন্ধু, কে শত্রু সেটা চিনতে পারছে। সেখানে নীতি পরিবর্তনের কোন প্রশ্ন আসেনি, পরিবর্তন করতে হবে তার দৃষ্টিভঙ্গী। আজকে ভারতবর্ষের তাই কমনওয়েলথ থেকে বেরিয়ে আসার কোন প্রশ্ন উঠে না। বন্ধুত্বের সহযোগিতার হাত ভারতবর্ষ অন্য রাষ্ট্রগুলির দিকে যেমনভাবে তেমনি বাড়িয়ে রাখবে কিন্তু তাকে মনে রাখতে হবে যে এই দুর্দিনে কেউ সহায়তা করতে এগিয়ে আসেনি। আমার তাই সবিনয় নিবেদন আজ বাংলার বিধানসভা থেকে একথা একযোগে ঘোষণা করি যে যেসমস্ত রাষ্ট্রগুলি এই কমনওয়েলথের মধ্যে আছে তারা কেউই ব্রিটিশের তাঁবেদার নয়। হয়ত কয়েকজন থাকতে পারে কিন্তু আফ্রিকার দেশগুলি এখনও পর্যন্ত তাদের স্বাধীন চিন্তা নিয়ে, আদর্শ ও মতবাদ নিয়ে মাথা উঁচু করে আছে। ভারতবর্ষ তাদের সঙ্গে আছে শুধু নয়, ভারতবর্ষ তাদের সঙ্গে থেকে নিজের শক্তিকে শুধু বৃদ্ধি করতে পারবেন, তা নয় পৃথিবীতে জোট নিরপেক্ষ রাষ্ট্রের জোর বাড়াতে পারবে এবং সেখানে আফ্রো-এশিয়ান কান্ট্রিগুলির সলিডারিটি বাড়াতে

পারবে একথা আমি বিশ্বাস করি নিজে। আমরা তাই পরিষ্কার দেখতে পাচ্ছি এক দিকে কাসাব্লাঙ্কা সম্মেলন হল সেখানে এ্যারাবিয়ান কান্ট্রিস এবং অন্যান্য মুশলিম রাষ্ট্রগুলি সম্মিলিত হয়েছিল এবং আরো কতকগুলি রাষ্ট্র সম্মিলিত হয়েছিল। তারপরে আবার আলজিরিয়াতে এশিয়ার এবং আফ্রিকার দেশগুলি সম্মিলিত হয়েছিল, তাদের কি মনোভাব আমরা দেখেছি। সেখানে চীন বারংবার চেষ্টা করেছে এই সম্মেলনকে ব্যর্থতায় পর্যবসিত করবার জন্য। ভারত সেখানে তার নেতৃত্ব বজায় রাখতে সক্ষম হয়েছে। আমি আজ তাই মনে করি আফ্রো-এশিয়ান কান্ট্রিগুলির পাশে ভারতবর্ষের থাকা উচিত। এই পরিবর্তিত পরিস্থিতিতে ভারতবর্ষ কমনওয়েলথর মধ্যে থেকে যারা ভারবর্ষের শত্রুতা করছে তাদের নীতি পরিবর্তন করাতে বাধ্য করা উচিত এবং ভারতবর্ষ স্বকীয় শক্তিতে শক্তিমান হয়ে তার নিজের যে সমস্ত প্রয়োজন আছে সারা পৃথিবীর কাছ থেকে সব চেয়ে আগে তার বন্ধু রাষ্ট্রের কাছ থেকে সাহায্য নেবে, নিয়ে নিজেকে শক্তিশালী করবে, এই নীতি নিয়ে নিশ্চয়ই আমরা চলবো। মাননীয় স্পীকার মহোদয়, আজ আমাদের এই কথা নূতন করে চিন্তা করার প্রয়োজন নেই যে কথা সোমনাথবাবু বলেছেন গোড়া থেকে, তাঁরা ধুয়া তুলেছেন স্বাধীনতার পর থেকে, যে কমনওয়েলথ ছেড়ে চলে এসো, তাঁরা যাদের হাতছানি দিয়ে ডাকছেন সেই সমস্ত কম্যুনিষ্ট রাষ্ট্রের মধ্যেও ভারতবর্ষ যায়নি। তাঁরা আজ যাদের নীতিকে পছন্দ করেন, বিশেষ করে তাঁরা যদি রাশিয়ার নেতৃত্বকে বিশ্বাস করেন সেই রাশিয়া কোন দিন ভারতবর্ষকে বলেন যে তোমার জোট নিরপেক্ষ নীতি ছেড়ে দিয়ে আমার দলে এসে যোগ দাও। আজকে তাঁরা সেটা জানেন বলেই ভারতবর্ষের আদর্শকে তাঁরা বিশ্বাস করেন এবং তাই ভারতবর্ষের সঙ্গেই তাঁদের বন্ধুত্ব। আজ তাই চায়না দূরে পড়ে আছে, ভারতবর্ষ দূরে পড়ে নেই। আজকে কমনওয়েলথের মধ্যে থেকে দেশগুলির সঙ্গে থেকে ভারতবর্ষ নিজেকে যে শুধু সমৃদ্ধ করবে তা নয় নিজের দুর্দিন কাটিয়ে উঠে নিজের শক্তি দিয়ে অন্যান্য বন্ধু রাষ্ট্রগুলির হাত শক্ত করবে। আজ তাই কমনওয়েলথ ছেড়ে আসার প্রশ্ন উঠে না, ভারতবর্ষ কমনওয়েলথের মধ্যে থাকবে। কিন্তু কথা হচ্ছে কমনওয়েলথ নীতিকে পরিবর্তন করতে হবে। সেখানে এমন কোন মূল নীতি থাকবে যে সেখানে সভাপতিত্ব শুধু ব্রিটিশ প্রধানমন্ত্রীই করবেন না, দেশে দেশে ঘুরে ঘুরে কমনওয়েলথের মিটিং হতে হবে এবং যে দেশে মিটিং হবে সেই দেশের প্রধানমন্ত্রী কমনওয়েলথের সভাপতিত্ব করবেন এবং এই নীতি কমনওয়েলথকে গ্রহণ করতে হবে, এই চাপ ভারতবর্ষ দেবে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2—2-10 p.m.]

Dr. Gopikaranjan Mitra :

মাননীয় স্পীকার স্যার, মূল প্রস্তাবের উপর আমাদের শ্রীঅশোক দত্ত যে সংশোধনী প্রস্তাব এনেছেন তার সমর্থনে আমি ২।৪টা কথা বলতে চাই। স্যার, যখন পাকিস্তানের সঙ্গে আমাদের যুদ্ধ চলছিল তখন ঐ বৃটেনের প্রাইম মিনিষ্টার যে ব্যবস্থায় করেছিলেন তাতে এমন কোন ভারতবাসী নেই যে দুঃখীত হয়নি। ৫ই আগষ্ট যখন পাকিস্তান কাশ্মীরে নানা রকম হানাদার পাঠাতে আরম্ভ করলো তখন ঐ প্রধানমন্ত্রী দেখতে পেলেন না, ১লা সেপ্টেম্বর যখন পাকিস্তান আন্তর্জাতিক সীমারেখা ক্রস করে জম্মুর উপর আক্রমণ করলো তখন হ্যারোল্ড উইলসন দেখতে পেলেন না কিন্তু ৬ই সেপ্টেম্বর যখন ভারতবর্ষ ঐ আক্রমণকে প্রতিরোধের জন্য লাহোর শিয়ালকোটে নূতন ব্রাঞ্চ খুলে তাদের উপর আক্রমণ করলো তখন ঐ হ্যারোল্ড উইলসন একথা স্পষ্ট করে বলেন যে ভারতবর্ষ আক্রমণাত্মক ভূমিকা নিয়েছে। শুধু বৃটেনের প্রাইম মিনিষ্টারই নন, সেদিন বৃটেনের সংবাদপত্র, বি বি সি রেডিও যে ব্যবহার করেছে তা যে ভারতবর্ষের মনে অত্যন্ত দুঃখ দিয়েছে এ সম্বন্ধে কোন সন্দেহ নেই কিন্তু স্যার, ভারবর্ষ এমন একটা দেশ যে দেশ রাগের মুহূর্তে, উত্তেজনার মুহূর্তে কোনদিন তার নীতি নির্ধারণ করেনি। আজ পাকিস্তান যেভাবে মালয়েশিয়ার সঙ্গে সম্বন্ধ ছিন্ন করলো ইন্দোনেশিয়া যেভাবে ইউ এন ও থেকে বেরিয়ে এলো, পাকিস্তান ইউ এন ও-র মাধ্যমে যেভাবে বল্লো যে যদি কাশ্মীরের ব্যাপারে কোন ধরনের সেটেলমেন্ট না হয় তাহলে আমরা ইউ এন ও ছেড়ে দেব ভারতবর্ষ সে ধরনের নীতিতে বিশ্বাস করে না। আমি ব্যক্তিগতভাবে এমন একটা পেশায় নিযুক্ত যে আমার এই বিবেচনা আছে যে রোগীতে আর রোগে তফাৎ আছে। মহাত্মা গান্ধী আমাদের যে শিক্ষা দিয়েছিলেন যে পাপীর

মধ্যে এবং পাপের মধ্যে তফাৎ আছে, আমার এ কথায় বিশ্বাস আছে। আমি একথা বিশ্বাস করি যে মানুষের নীতি ভ্রান্ত হতে পারে, রোগের উপর রাগ করে রোগীকে মেরে ফেলবার কোন অধিকার মানুষের নেই। আমি একথা আপনার কাছে বলতে চাই যে কমনওয়েলথ ছেড়ে আসবার জন্য যে আওয়াজ ভারতবর্ষের কিছু কিছু লোক তুলেছে, তাঁরা অত্যন্ত একটা রাগের বশে একথা বলছেন। ভারতবর্ষ আজও ইউ এন ও-র মধ্যে আছে। যদি সোভিয়েট রাশিয়া আর আমেরিকার পাশাপাশি বসে আন্তর্জাতিক ব্যবস্থা সম্বন্ধে কোন রকম বিবেচনা করতে পারেন তাহলে আমি বিশ্বাস করি যে ভারতবর্ষ ও বৃটেনের সঙ্গে পাশাপাশি বসে ভারতবর্ষের রাজনাবর্গ নীতি সম্বন্ধে আলোচনা করতে পারে। ভারতবর্ষের যে একটা নিজস্ব নীতি আছে সেই নীতি সম্বন্ধে আমাদের কংগ্রেসী এম এল এ শ্রীপ্রতাপচন্দ্র চন্দর বলে গেছেন যে সুয়েজে যে নীতি নির্ধারণের কথা হয়েছিল বা অন্যান্য সময় কমনওয়েলথ থেকেও বৃটেনের বিরোধিতা করতে ভারতবর্ষ কোনদিন ভয় পায় না। পৃথিবীতে যেসব য়্যাসোসয়েশনগুলি আছে সেই য়্যাসোসিয়েশনগুলি যাতে ঠিক পথে চালিত হয়, যাতে তাদের নীতি ঐ যুদ্ধের নীতি না হয়, শান্তিপূর্ণ মীমাংসার পথে পৃথিবীতে সমস্ত সমস্যার সমাধান করতে পারা যায়, এই নীতিতে ভারতবর্ষ যতদিন বিশ্বাস করবে ততদিন সে কোন য়্যাসোসিয়েশনের সঙ্গে বসতে ভয় পায় না। একটা কথা সোমনাথবাবু এবং আরও অনেকে বলেছেন যে বিরোধীপক্ষের সে কমনওয়েলথে থাকার জন্য ভারতবর্ষে নাকি বৃটিশ পুঁজি আমাদের শোষণ করছে। একথা সোমনাথবাবু জেনে রাখবেন যে ভারতবর্ষের অর্থনৈতিক পুনর্গঠনের জন্য যেদিন দরকার হবে সেদিন কমনওয়েলথের সদস্য থেকেও ভারতবর্ষের বৃটিশ পুঁজিকে জাতীয়করণ করতে কোন বাধা থাকবে না। কমনওয়েলথের সদস্য থাকা মানে তার নিজস্ব নীতিকে বিসর্জন দেওয়া নয়। তাঁরা খুব জোর করে বলছেন যে বৃটিশ শাসনের সময় ভারতবর্ষে যে বৃটিশ পুঁজি খাটতো আজ তার চেয়ে বেশী পুঁজি খাটছে, একথা আমি মানি কিন্তু তার সঙ্গে সঙ্গে আমি সোমনাথবাবুকে জিজ্ঞাসা করতে পারি কি যে বৃটিশ শাসনের সময় ভারতবর্ষে সমস্ত রকম শিল্পের যে পুঁজি খাটতো আজ সেই পুঁজি কত খাটছে?

তার সঙ্গে সঙ্গে একথা কি জিজ্ঞাসা করতে পারি যে সেদিন পাবলিক সেকটরে যে ক্যাপিটাল ভারতবর্ষে খাটতো আজ পাবলিক সেকটরে তার চেয়ে কত বেশী গুণ ভারতবর্ষে খাটছে। একথা সত্য সেদিন সোভিয়েট রাশিয়া বা কমিউনিস্ট কান্ট্রি যে সব দেশ আছে, তার মূলধন ভারতবর্ষে কতটুকু খাটতো আর আজ তাদের মূলধন কতটুকু খাটছে। আজ ভারতবর্ষ নূতন শিল্পোন্নয়নের নাম আছে। ভারতবর্ষ মিশ্র অর্থনীতিতে বিশ্বাস করে ভারতবর্ষ শিল্পের জন্য, তার স্বাধীন নীতির জন্য তার অর্থনীতিকে যেভাবে গঠন করার দরকার মনে করবে সেইভাবে গঠন সে চিরকালই করবে। কাজেই আমি পুনরায় বলছি যে এই প্রস্তাবকে যখন আমি সমর্থন করবো তখন আমি একথা বলি যে যদি কোনদিন দরকার হয় তাহলে ভারতবর্ষ নিশ্চয়ই কমনওয়েলথ থেকে বেরিয়ে আসবে কিন্তু সেই ডিসিসান, সেই নীতি রাগের দ্বারা বা উত্তেজনার দ্বারা প্রভাবিত হবে না। তার নিজস্ব স্বার্থের জন্য ভারতবর্ষ যে নীতি নির্ধারণ করার দরকার মনে করবে সেই নীতি নির্ধারণ করবে। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Monoranjan Baksi:

মাননীয় স্পীকার মহাশয়, আজকে কমনওয়েলথ সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি আপনার কাছে প্রথমেই নিবেদন করছি যে গত পাকিস্তান যুদ্ধের সময় থেকে আমাদের কমনওয়েলথে থাকা হবে কি হবে না এ নিয়ে সারা ভারতবর্ষে বিরাট আলোড়ন দেখা দিয়েছে। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে নিবেদন করতে চাই যে রাজনৈতিক দিক থেকে যদি চিন্তা করা যায় তাহলে দেখা যাবে যে রাজনৈতিক যোগ করার নেই এই কমনওয়েলথে থাকবার, কারণ আমরা জানি যে গত চাইনীজ য়্যাগ্রেসনের সময় যদিও বৃটিশ গভর্নমেণ্ট আমাদের সাহায্য করেছেন কমনওয়েলথ দেশভুক্ত বলে কিন্তু সঙ্গে সঙ্গে এও দেখেছি যে, আমেরিকা যুক্তরাষ্ট্র তারা বৃটিশ কমনওয়েলথ দেশভুক্ত না হলেও এগিয়ে এসেছিল। মাননীয় স্পীকার মহাশয়, অর্থনৈতিক কোন থেকে যদি আমরা চিন্তা করি তাহলে বুঝতে পারবো যে যাঁরা আজকে কমনওয়েলথে থাকতে বলছেন তাঁদের একটিমাত্র যুক্তি হচ্ছে অর্থনৈতিক দৃষ্টি কোণ থেকে। স্যার, আজকে যদি আমরা অর্থনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে আলোচনা করি তাহলে দেখতে পাই যে

১৯৩২ সালে অটোয়ায় যে কনফারেন্স হয়, যাকে বলে ইম্পিরিয়াল কনফারেন্স, সেই ইম্পিরিয়াল কনফারেন্সে এটা ঠিক হয় যে বৃটিশ কমনওয়েলথে দেশগুলির সঙ্গে বৃটেনের ব্যবসা-বাণিজ্য হবে এবং সেখানে কি শিল্প নির্মাণ হবে সেই সময় তা চিন্তা করা হয় এবং অটোয়া প্যাক্ট অনুসারে ঠিক হয় যে ভারতবর্ষ কিছু কিছু সাহায্য পাবে। মাননীয় স্পীকার মহাশয়, আপনিও জানেন যে আজকে ভারতবর্ষ বৃটিশ কমনওয়েলথ দেশগুলির সঙ্গে ছাড়াও পৃথিবীর অন্যান্য দেশের সঙ্গে বাণিজ্য আরম্ভ করেছে, যার ফলে আমরা দেখছি যে ১৯৫৩ সালে যেখানে কমনওয়েলথ দেশগুলির সঙ্গে ভারতবর্ষের ব্যবসা-বাণিজ্য হত, তার শতকরা ভাগ ছিল ৫০ ভাগ, এখন ১৯৬৩ সালে সেটা কমে গিয়ে হচ্ছে শতকরা ৩১ ভাগ। মাননীয় স্পীকার মহাশয়, আমরা এও জানি যে বৃটিশ দেশ থেকে যে সব ফসল আমদানি হত ভারতবর্ষে তার পরিমাণ ১৯৫২ সালে শতকরা ৫০ ভাগ ছিল, এখন হয়েছে শতকরা ৪০ ভাগ।

[2-10—2-20 p.m.]

কাজেই আজকে আমরা দেখতে পাচ্ছি রাশিয়া বা পূর্ব ইউরোপের কাছ থেকে বহু জিনিষ আনতে হয়েছে, ভারতবর্ষে ব্যবসা-বাণিজ্য বৃটেনের সঙ্গে চলছে। যে সমস্ত জিনিষ আমদানি করি ভারতীয় মুদ্রায় সে সমস্ত জিনিষ আমদানী করতে পারা যায়। শুধু তাই নয়, আমেরিকা এবং জার্মাণী, ফ্রান্সের সঙ্গে আজকে কমন মার্কেট-এ পাশাপাশি চলছে। মাননীয় স্পীকার মহাশয় আমরা জানি যে ভরতবর্ষে যে সমস্ত শিল্পপতি তাঁরা জিনিষ করবার সময় তাঁরা উৎকর্ষতার দিকে মন দেন না এবং যে মূল্য হ্রাস করতে হয় সে সমস্ত চিন্তা করে না। তারা অতি আয়াসে ব্যবসা-বাণিজ্য করতে চান, আমরা জানি যে মানুষ যদি বিরুদ্ধ অবস্থার মধ্যে পড়ে সে বিরুদ্ধ অবস্থার মধ্যে পড়লেও সে তার বোঝা নিয়ে দাঁড়াতে পারে, আজকে বৃটিশ কমনওয়েলথ ত্যাগ করে ভারতবর্ষ যদি বেরিয়ে আসে তা হলে ভারতবর্ষের হয়ত অনেক কিছু অসুবিধা ভোগ করতে হবে কিন্তু তা অতি সামান্য এবং সে অসুবিধা ভোগ করেও আমি মনে করি বেরিয়ে আসা ভাল। কারণ ভারতবর্ষের কাছে সেটা অভিশাপ না হয় আশীর্বাদ হয়ে দেখা দেবে, কাজে কাজেই আজকে ভারত সরকারের তথা ভারতবর্ষের স্লোগান হওয়া উচিত কমনওয়েলথ ছাড়ো অভি ছোড়ো এই স্লোগান আজ হওয়া উচিত, এই কথা বলে আমি শেষ করছি।

শ্রীঅশ্বিনী রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয় গত শুক্রবার এই প্রস্তাব নিয়ে আলোচনার সময়ে প্রতাপবাবু কয়েকটা কথা উত্থাপন করেছেন যে ২১টি জাতি নিয়ে কমনওয়েলথ তার মধ্যে ৪টি হল শ্বেতকায় এবং বাকী সব কটি কৃষ্ণকায়, এবং এই শ্বেতকায় জাতির মধ্যে একমাত্র ব্রিটেন ছাড়া আর সব শ্বেতকায় জাতি ভারতবর্ষকে সমর্থন করে থাকে, প্রতাপবাবু অবশ্য এখন হোম-এ উপস্থিত নেই। আমি প্রতাপবাবুকে বলবো যে তিনি যেন ১৯৫৭ সালের ২৬শে জানুয়ারী নিরাপত্তা পরিষদের অষ্ট্রেলিয়ার প্রতিনিধির যে মন্তব্য করেছিলেন সেটা যেন দেখেন। তিনি বলেছেন যে কাশ্মীর গণ-ভোটের প্রয়োজনীয়তা আছে, তারপর বলেছিলেন যে কানাডা এবং অষ্ট্রেলিয়া এ কথা বলেনি কাজেই উনি হয়ত ভুলে যেতে পারেন তাই আমি তাকে বলছি প্রতাপবাবু আরও বলেছিলেন যে সোভিয়েট সাহায্য নিয়েছিল, সোভিয়েট সাহায্য নিয়েছিল সত্য কিন্তু তার সাহায্য নিয়েছিল কিসের জন্য? সোভিয়েট স্বাধীন হবার পর জার্মান, ব্রিটেন, আমেরিকা সমস্ত পুঁজি বাজেয়াপ্ত করে নিয়েছিল সুতরাং সেখানের সাহায্যের ধরণটা কি সেটা দেখতে হবে। ভারতবর্ষে আগে ২৫০ কোটি ব্রিটিশ পুঁজি ছিল আজকে সেটা ৫০০ কোটি টাকা হয়েছে। কাজেই তাঁকে বলি তাঁর দৃষ্টি এদিকে একটু রাখতে হবে। আজকে তাদের মুনাফার হার বাড়াতে হবে কাজেই সেই সব তর্কের দিকে না গিয়ে উনি কমনওয়েলথ-এ থাকতে চান এই কথাই বলেছেন। কাজেই সাহায্য নেবার সম্পর্কটা কি, সর্তটা কি সে সর্তটার কথা ভুলে গেছেন, সোভিয়েট রাশিয়া সাহায্য নিয়েছিল, সে বিদেশ থেকে যন্ত্রপাতি এনেছিল নমুনা হিসাবে এবং তা ভেঙ্গে প্রত্যেকটি পার্টস সে পরীক্ষা করে দেখেছে এবং নানান নূতন পার্টস টেকনিসিয়ান দিয়ে তৈরী করেছিল। আমি জানি স্যার, এই যে প্যাটন ট্যাঙ্ক ধ্বংস করবার জন্য একটা বন্দুক আছে। আমাদের জোয়ানরা সেটা ব্যবহার করেছিল। এখন এই যে প্যাটন ট্যাঙ্ক তা ভাঙ্গবার যে গোলাটা সেটা ব্রিটিশ সাম্রাজ্যবাদের কাছ থেকে আনতে হয়। সেই

[illegible]লা যদি ব্রিটিশ সাম্রাজ্যবাদ আমাদের না দেয় তা হলে আর প্যাটন ট্যাঙ্ক ধ্বংস করা যাবে না, কাজেই এরা আজ কি করবেন, আজাদ যখন প্রশ্ন তুলেছিলেন যে কমনওয়েলথ ছাড়ো তখন এরা বলেছিলেন না এটা দরকার, আজ পিএল ৪৮০টি যদি বন্ধ হয় তাই আজকে এদের এ সব দরকার। আজকে এ'রা ভুলে যান জায়ানদের জান দিতে হয়েছে তাঁদের তো জান দিতে হয় নি কাজেই তাঁরা এ সব ভুলে যান। সেই জন্য যুদ্ধের সময় এক কথা বলেন আর আজ অন্য কথা বলতে আরম্ভ করেছেন।

শ্রীনরেন্দ্রনাথ সেন: অন এ পয়েণ্ট অফ অর্ডার স্যার এই কথা উনি কোথা পেলেন যে প্যাটন ট্যাঙ্ক ধ্বংস করার গুলি ব্রিটেন থেকে আনতে হয়? এটা ত এইখানে তৈরী হয়, এটা উনি কোথা থেকে পেলেন?

মিঃ স্পীকার: যেখান থেকেই হোক আসে।

শ্রীঅশ্বিনী রায়: তারপর কথা হচ্ছে যেদিন বলা হয়েছিল কমিউনিস্ট পার্টির ভবানী সেন একটা পুস্তিকা প্রকাশ করেছিলেন প্রতাপবাবুই বলেছিলেন এই পুস্তিকার কথা, কিন্তু কমরেড ভবানী সেনের পুস্তিকায় এ কথা নেই যে ধর্মের ভিত্তিতে ভারতবর্ষকে ২টা ভাগ করা হোক। তাতে ছিল যে আসাম, বাংলাদেশ যে সমস্ত দেশ রয়েছে বা জাতি রয়েছে এরা একটা এদের অটোনোমাস পাওয়ার থাকা দরকার। যেটা কাশ্মীরকে অন্তত সাংবিধানিকগতভাবে দিয়েছে। কিন্তু ভবানী সেনের পুস্তিকায় একথা ছিল না যে ধর্মের ভিত্তিতে ভাগ হোক। লর্ড মাউনব্যাটেন এই নীতি গ্রহণ করেছিলেন এবং সেই লর্ড মাউনব্যাটেনের উত্তরাধিকারী হিসাবে কংগ্রেস সেটা মেনে নিয়েছেন। কাজেই কমিউনিস্ট পার্টি এ কথা বলেনি, তারপর তিনি বলেছেন কমনওয়েলথ-এ না থাকলে আমাদেরে কোন উন্নতি হবে না। মাননীয় সদস্যকে আমি বলি যে কমনওয়েলথ-এ না থেকেও কি বর্মা উন্নতি করছে না, সংযুক্ত আরব রি-পাবলিক কি উন্নতি করছেন না। তারা কেউই কমনওয়েলথ-এর মধ্যে নেই, ব্রিটিশ গাটছড়ার মধ্যে নেই। তারা কি কেউ উন্নতি করেন নি! আজকে আমাদের দেখা উচিত বার্মা, ইজিপ্ট কি করছে, সুয়েজখাল ব্রিটিশ স্বার্থে থাকার পরেও তারা কি কমনওয়েলথ ছেড়ে বেরিয়ে আসে নি, ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে কি তারা দাঁড়ায়নি? পৃথিবীর মধ্যে সবচেয়ে আশ্চর্য আসওয়ান ড্যাম সেটা তৈরী করা হয়েছে, কাজেই আমাদের আজকে এই আমেরিকার উপর ভরসা করে থাকতে হত না, আমরা আজকে ব্রিটিশ শোষণ চালাতে দেব না যদি আমাদের প্রতিজ্ঞা থাকে তা হলে ভাল কিন্তু কমনওয়েলথ-এর মধ্যে না থাকলে চলে না তাই তারা বার্মা, মিশর এই সব দেশের কথা শোনেন না। যদিও কংগ্রেসের মধ্যে অনেকেই ভাবেন এবং বলেনও কিন্তু এদের ভয় হচ্ছে যে ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে দাঁড়াতে তাদের বন্ধন ছেড়ে দিতে। এই কমনওয়েলথ ছাড়লে কি হবে? কমনওয়েলথ-এর মধ্যে পাকিস্তান আছে এই পাকিস্তানে আয়ুবশাহীর রাজত্বের আগে মহম্মদ আলী বলেছিলেন যে আমাদের কমনওয়েলথ-এ থেকে কি কাজ হচ্ছে এবং কমনওয়েলথ-এ থাকার বিরুদ্ধে মত প্রকাশ করলে তার কি অবস্থা হয়েছিল তা দেখা যায়। তিনি বিরক্তি প্রকাশ করলে কি ফল হয়েছিল সে কথা এখানে আর আলোচনা করার দরকার নেই, পাকিস্তানের মহম্মদ আলী গভর্নমেন্টকে চলে যেতে হল কূপ হলো। মাননীয় সদস্যের এই ধরনের আশঙ্কা যে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যদি আমরা কিছু ঘোষণা করি তাহলে আমাদের দেশেও মিলিটারি ক্যাম্প হবার সম্ভাবনা আছে। নাসেরকেও সাম্রাজ্যবাদীরা সরাবার চেষ্টা করেছিল কিন্তু তা পারেন নি, কারণ নাসেরের পিছনে ছিল গণতান্ত্রিক শক্তি। এই গণতান্ত্রিক শক্তির উপর তাকালে আর সাম্রাজ্যবাদীর মুখাপেক্ষী হয়ে থাকতে হয় না। কিন্তু সে ভয় আছে সেই জন্য মাঝে মাঝে দেখেছে যে আমাদের কৃষ্ণকায় সদস্য বন্ধু ঐ শ্বেত প্রেমে উদ্বুদ্ধ হবার সম্ভাবনা দেখতে পাই, এর পর আর একজন বললেন যে আমাদের নিরপেক্ষ নীতিকে আমরা যদি আমাদের সবল এবং সুস্থ রাখতে হয় তা হলে আমাদের কমনওয়েলথ-এ থাকা দরকার। কিন্তু আমরা কমনওয়েলথ-এ থাকলে ব্রিটিশ সাম্রাজ্যবাদের চাপ অনেক সময় আমাদের নীতি থেকে সরে যেতে হয়। আমি বেশী উদাহরণ দেব না। আমি বলবো একবার কঙ্গোর কথা ভেবে দেখুন। সেখানে আমরা আর্মি পাঠিয়েছিলাম কিন্তু আমরা কি লুমুম্বাকে রাখতে পেরেছি? দক্ষিণ ভিয়েৎনামে কি

হল। সেখানে আমাদের লোক ছিল কিন্তু তা যদি এক্সামিন করা যায় তাহলে দেখবেন যে আমাদের নিরপেক্ষ নীতি আমরা সব সময় রাখতে পারিনি। আর একটা কথা বলা হয়েছে যে কমনওয়েলথ-এ থাকার জন্যই নাকি আমরা দুর্গাপুর, ভিলাই ইত্যাদি করতে পেরেছি, এই কমনওয়েলথ-এর মধ্যে না থেকে যদি আমরা ঐ ৪০০ কোটীর উপর ব্রিটিশ পুঁজি বাজেয়াপ্ত করতে পারতাম তা হলে আমরা ৭।৮টা এরকম ভিলাই করতে পারতাম, কাজেই এদের পয়েন্ট হচ্ছে অন্য এরা সেদিক দিয়ে যাবেন না। অশোকবাবুর সংশোধনের কথা বলছি, অশোকবাবু একজন ওস্তাদ ব্যবহারজীব। আমাদের বিরোধী দলের বন্ধুরা তার কথা বলেছেন, আমি বলব ব্যবহারজীবিরা ও'র পেশা তবে সাধারণত দেশের কাজ যেটা দেশের জমি যখন চলে যাবে তখন এই অসত্যের প্রমাণ না করে উনি যে বড় কন্ট্রাক্ট নিয়েছেন তা ভারতবর্ষকে সাম্রাজ্যবাদের মধ্যে কি করে রাখা যায়। তাই তিনি তারই হয়ে ওকালতী করছেন, এবং সেই ওকালতির ভিত্তিতে

[2-20—2-30 p.m.]

যেটা নিয়ে এসেছেন, সেটা হচ্ছে আমাদের কমনওয়েলথ-এ থাকতে, কি আপত্তি থাকতে পারে! অর্থাৎ, কমনওয়েলথ ত্যাগ আমরা করবো না, বৃটিশ শোষণ যা চলছে, তা চলতে থাকুক। উনি ওকালতি করেছেন, ও'দের যে কনফারেন্স হবে, সেখানে যে সমস্ত মেম্বার রাষ্ট্র আছেন, তাঁদের বিভিন্ন ক্যাপিট্যাল-এ ঘুরে ফিরে হবে, এবং মেম্বার রাষ্ট্রের যাঁরা প্রাইম মিনিষ্টার, তাঁরা এক, একবার করে ঐ কনফারেন্স-এ সভাপতিত্ব করবেন। এখন, এক কথায় এই কমনওয়েলথ জিনিষটা আমাদের কাছে, এবং দেশের বহু লোকের কাছে, কি মনে হয়েছে? যদি একটা খাঁচার মধ্যে বাঘ ও মেষশাবক থাকে, তাহলে সেখানে হিংস্র বাঘের যে মনোবৃত্তি, তা হচ্ছে ঐ মেষশাবকের রক্ত শোষণ করা। কাজেই একটা সাম্রাজ্যবাদী জাতির বন্ধনের মধ্যে আমাদের মত জাতি, যে সম্প্রতি স্বাধীন হয়েছে, যার শিল্প বিস্তারের দারুন আকাঙ্ক্ষা রয়েছে, যার উন্নয়নের আকাঙ্ক্ষা রয়েছে, যদি থাকি, তাহলে আমাদের সম্পর্কটা তাদের সাথে, ঠিক ঐ রকম হয়ে যায়, ব্যাঘ্র যেমন তার হিংস্র মনোবৃত্তি ত্যাগ করতে পারে না, তেমনি সাম্রাজ্যবাদীর হিংস্র মনোবৃত্তি হল, যেটা, আমাদের মত দেশকে শোষণ করা, তা কোনদিন তাঁরা ত্যাগ করবেন না। কমনওয়েলথ-এ থাকলে, আমাদের উন্নতিসাধন করা কোনদিন সম্ভব হবে না। যে শিল্প শুধু আজ এখানে গড়ে উঠছে, তা আর হবে না। কমনওয়েলথ-এ থাকতে, থাকতে তাদের যে সাম্রাজ্যবাদী মনোভাব, তার উন্নতি হবে, বা পরিবর্তন হবে, তা বিশ্বাস করা যায় না। ইতিহাসও তা বিশ্বাস করে না। যিনি যুক্তি দিয়েছেন, ওকালতি নিয়েছেন বৃটিশ সাম্রাজ্যবাদের স্বার্থ রাখবার জন্য, সেই জন্য তাঁকে বলতে হয়েছে এই সমস্ত কথা। এই সমস্ত বিষয়গুলি জেনে-শুনেও ও'রা সেখানে থাকতে চায়। এখন, দেশের উন্নতি যদি করতে হয়, তাহলে সাম্রাজ্যবাদের গাঁটছড়ার মধ্যে থেকে হবে না। সেই জন্য ১নং, ২নং ও ৩নং শম্ভু ঘোষ মহাশয়ের যে সংশোধনী, এটা আমি গ্রহণ করছি।

The motion of Shri Sambhu Charan Ghosh that for the words beginning with "unfriendly action" in line 1 and ending in "attitudes and activities" in line 2, the following be inserted:

"hostile attitude of the British Government manifested by their anti-Indian activities"

was then put and lost.

The motion of Shri Deb Saran Ghosh that before the words "in view of the unfriendly action" in line 1, the following be inserted:

"in view of the fact that severance from Commonwealth is inseparably connected with the sovereignty, which has been voiced by the people before and after independence and particularly"

was then put and lost.

The motion of Shri Ashoke Krishna Dutta that for the words beginning with "sever all connections" in line 4 and ending in the words "of Nations" in line 5, the following be substituted:

"consider the desirability of—

(a) shifting the venue of the Commonwealth Conferences from London and holding the same at the capitals of different member nations by rotation; and

(b) providing that the Prime Ministers of the respective host countries do preside over such Conferences.",

Was then put and a division taken with the following result:

AYES—75

Abdul Bari Moktar, Shri
Abdul Gafur, Shri
Abdullah, Shri S. M.
Abul Hashem, Shri
Ahamed Ali Mufti, Shri
Baidya, Shri Ananta Kumar
Bankura, Shri Aditya Kumar
Bandyopadhyay, Shri Smarajit
Banerjee, Shrimati Maya
Barman, Shri Shyama Prosad
Bauri, Shri Nepal
Bazlur Rahaman Dargapuri, Moulana
Beri, Shri Daya Ram
Bhattacharyya, Shri Bejoy Krishna
Bhattacharyya, Shri Syamadas
Bose, Shri Promode Ranjan
Chakravartty, Shri Jnantosh
Chattopadhyay, Shri Brindabon
Chattopadhyay, Dr. Susil Ranjan
Dakua, Shri Mahendra Nath
Das, Shri Khagendra Nath
Dasadhikari, Shri Radha Nath
Das Gupta, Shri Khagendra Nath
Dhar, Shrimati Charushila
Dhara, Shri Sushil Kumar
Dutta, Dr. Ramendra Nath
Dutta, Shri Asoke Krishna
Dutta, Shrimati Sudha Rani
Fazlur Rahman, Shri S. M.
Gayen, Shri Brindaban
Haldar, Shri Haralal
Hansda, Shri Debnath
Jana, Shri Mrityunjoy

Jana, Shri Prabir Chandra
Karam Hossain, Shri
Khamrai, Shri Niranjan
Khan, Shri Gurupada
Kolay, Shri Jagannath
Mahanty, Shri Charu Chandra
Mahata, Shri Mahendra Nath
Mahato, Shri Debendra Nath
Maitra, Shri Anil
Maitra, Shri Birendra Kumar
Majhi, Shri Budhan
Majumdar, Shrimati Niharika
Mitra, Shrimati Biva
Mitra, Dr. Gopikaranjan
Mohammad Israil, Shri
Mondal, Shrimati Santilata
Mondal, Shri Sishuram
Mukherjee, Shri Ajoy Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Mukherjee, Shri Santosh Kumar
Mukherjee, Shri Shankar Lal
Mukhopadhyay, Shri Ananda Gopal
Mukhopadhyay, Shri Manik Chandra
Mukhopadhyay, Shrimati Purabi
Nahar, Shri Bijoy Singh
Naskar, Shri Ardhendu Shekhar
Noronha, Shri Clifford
Pramanik, Shri Rajani Kanta
Prasad, Shri Shiromani
Roy, Shri Arabinda
Roy, Dr. Indrajit
Santra, Shri Jugal Charan
Saren, Shri Mangal Chandra
Sarkar, Shri Sakti Kumar
Sen, Shri Bijesh Chandra
Sen, Shri Narendra Nath
Sen, Shri Prafulla Chandra
Shakila Khatun, Shrimati
Sharma, Shri Jaynarayan
Singhadeo, Shri Shankar Narayan
Sinha, Shri Phanis Chandra
Tarkatirtha, Shri Bimalananda

NOES—38

Adhikary, Shri Sailendra Nath
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Bejoy Kumar
Banerjee, Shri Gopal
Basu, Shri Amarendra Nath
Basu, Shri Hemanta Kumar
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchu Gopal
Bhattacharya, Dr. Kanai Lal
Chakravarty, Shri Haridas
Das, Shri Nikhil
Das Mahapatra, Shri Balai Lal
Dhibar, Shri Radhika
Ghosh, Shri Sambhu Charan
Golam Yazdani, Dr.
Hamal, Shri Bhadra Bahadur
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Majhi, Shri Kandru
Mandal, Shri Adwaita
Mandal, Shri Siddheswar
Mondal, Shri Bijoy Bhusan
Mondal, Shri Dulal Chandra
Mukherjee, Shri Girija Bhusan
Murmu, Shri Nathaniel
Nawab Jani Meerza, Shri Syed
Obaidul Ghani, Dr. Abu Asad Mohammad
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Ray Chowdhury, Shri Khagendra Kumar
Roy, Shri Aswini
Roy, Shri Monoranjan
Roy, Dr. Narayan Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Abhoy Pada
Singha, Dr. Radhakrishna

The Ayes being 75 and the Noes 38, the motion was carried.

The motion of Shri Aswini Roy, as amended, namely that in view of the unfriendly action of the British Government manifested by their attitude and activities during the recent aggression by Pakistan this Assembly is of opinion that the Government of India be requested to consider the desirability of—

(a) shifting the venue of the Commonwealth Conferences from London and holding the same at the capitals of different member nations by rotation; and

(b) providing that the Prime Ministers of the respective host countries do preside over such Conferences:

was then put and agreed to.

Shri Nikhil Das: Sir, I beg to move that this Assembly is of opinion that the present food crisis and the rise of price of essential commodities are the result of bankrupt policy of the Government in that it has failed to effect the price control and to check hoarding, profiteering and black-marketting.

[2-30—2-40 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাবে যে কথাটা বলার চেষ্টা করা হচ্ছে তা হচ্ছে এই যে বর্তমানে যে খাদ্য সঙ্কট এই খাদ্য সঙ্কটের জন্য হচ্ছে সরকারের দেউলিয়া খাদ্য নীতি এবং সেই দেউলিয়া খাদ্য নীতির ফলে তাঁরা মূল্য নিয়ন্ত্রণ করতে পারেন নি এবং মজুতদার, মুনাফাখোর, চোরাকারবারীদের নিয়ন্ত্রণ করতে পারেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জানি আমার এই প্রস্তাব যদি মনের দিক থেকে বিচার করতে হয় তাহলে কংগ্রেস দলের সদস্য যাঁরা তাঁরাও এই প্রস্তাবের বিরোধিতা করতে পারবেন না। কারণ আমি আপনার সামনে দুটো জিনিষ উপস্থিত করতে চাই, একটা হচ্ছে মুখ্যমন্ত্রী আমাদের এখানে যে খাদ্য বিতর্ক হয়ে গিয়েছিল সেই খাদ্য বিতর্কে একটা কথা বলেছিলেন যে মূল্য নিয়ন্ত্রণে তাঁরা ব্যর্থ হয়েছেন, তাই সেটা স্বীকৃত হয়েছে আমাদের মুখ্যমন্ত্রীর দ্বারা। দু নম্বর কথা হচ্ছে মজুতদারি, মুনাফাখোরী এবং চোরাকারবারী এর জন্য দায়ী হচ্ছেন সরকার কারণ সরকার এদেরকে নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয়েছেন, সেটাও কংগ্রেসী দল স্বীকার করেছেন। গত ১৫ তারিখে পশ্চিমবঙ্গ কংগ্রেসএর কার্যকরী সমিতির যে সভা হয় সেই সভায় আমাদের মৎস্যমন্ত্রী তথা দুগ্ধমন্ত্রী সভাপতিত্ব করেন এবং মন্ত্রিসভার সমস্ত মন্ত্রীগণও সেই সভায় উপস্থিত ছিলেন। সেখানে যে প্রস্তাব তাঁরা নিয়ে আসেন সেই প্রস্তাবের মধ্যে একথা লেখা আছে বর্তমান খাদ্য সংকট যে গুরুতর হয়েছে তার জন্য দায়ী কে? দায়ী হচ্ছে খাদ্য ব্যবসায়ী, মজুতদারী, অতিমুনাফাখোরী এবং দেশপ্রেম বর্জিত সমাজদ্রোহী মনোভাব এই সমস্যাকে জটিলতর করে তুলেছে। দেশের এই চরম সংকট মুহূর্তে এরা দেশ ও জাতীয় স্বার্থের পরিপন্থী উপায়ে মজুত ব্যবসা করে এই অবস্থার সুযোগ গ্রহণ করে নির্লজ্জভাবে মুনাফাখোরী করছে। এই দুটি কথা এই প্রস্তাবে বলার চেষ্টা করা হয়েছে। মুনাফাখোরী, মজুতদারী, অতিলোভি কালোবাজারীদের তাঁরা নিয়ন্ত্রণ করতে পারেন নি, সেটা এই প্রস্তাবের মূল দাবী সেটা কংগ্রেস দল এবং কংগ্রেস দলের নেতারা স্বীকার করে নিয়েছেন। এখন আমরা যদি আসল জায়গায় আসি কেন তাঁরা মূল্য নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয়েছেন, কেন তাঁরা মজুতদারী, মুনাফাখোরী এবং চোরাকারবারীদের নিয়ন্ত্রণ করতে পারলেন না, তাহলে আমরা দেখতে পাবো এই না পারার মূলে রয়েছে সরকারের খাদ্য নীতির গলদ। গতবার খাদ্য নীতি যখন আমাদের সামনে মুখ্যমন্ত্রী রাখেন তখন আমরা তাঁকে প্রশ্ন করেছিলাম যে খাদ্য শস্যের পাইকারী ব্যবসা আপনি হাতে নিচ্ছেন না অথচ আপনি দাম বেঁধে দিচ্ছেন এটা কি করে চলবে? এই দাম নিয়ন্ত্রণ করতে পারবেন না, দাম বেড়ে যাবে, যারা মুনাফাখোরী, চোরাকারবারী, তারাই এর সুযোগ নেবেন। তখন মুখ্যমন্ত্রী প্রায়ই যে কথা বলেন এখনও যে কথা বলেন, ডিমান্ড অ্যান্ড সাপ্লাই, অর্থাৎ যোগান যদি চাহিদার চেয়ে বেশী থাকে তাহলে দাম বাড়তে পারে না, এই হচ্ছে ওঁর মত। কিন্তু একথা আজকাল আর খাটে না। গতবারে বামপার ক্রপ হয়েছিল সুতরাং কলকাতা এবং শিল্পাঞ্চলকে যদি আমরা বিধিবদ্ধ রেশনিং এলাকায় এনে দিই তাহলে যোগান বেশী থাকবে চাহিদার চেয়ে, দাম বাড়বে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি একথা বলতে চাই আজকে এই একচেটিয়া পুঁজিপতি, মনোপলি ক্যাপিটালের যুগে ঐ যোগান এবং চাহিদার যুক্তি বাতিল হয়ে গিয়েছে, এই যুগে এই নীতি ব্যর্থ হয়ে গিয়েছে। কারণ আজকে মজুতদার যারা, একচেটিয়া পুঁজিপতি যারা তাদের হাতে এত প্রচুর কালো টাকা রয়েছে, তাদের হাতে এত বেশি বিদেশী মুদ্রা রয়েছে যে তারা আমাদের দেশে ফলন যদি বেশিও হয় তাহলে সেই ফলনকে তাঁরা গোপন জায়গায় মজুত রেখে কৃত্রিম উপায়ে দাম বাড়িয়ে দেয় এই হচ্ছে আজকে অর্থনীতির মূল কথা। আজকে এই পরিবর্তিত অবস্থায় অর্থনীতির গোড়ার কথা যদি না বোঝেন আমাদের মন্ত্রী বাবুরা তাহলে বার বার যে খাদ্য নীতি আনবেন, মূল্য নিয়ন্ত্রণ আনবেন সেই মূল্য নিয়ন্ত্রণ নীতি ব্যর্থ হতে বাধ্য। তাই পুরানো ডিমান্ড অ্যান্ড সাপ্লাইএর যে নীতি সেটা আজকে একচিটিয়া পুঁজিপতি মনোপলি ক্যাপিটালের যুগে অচল হয়ে গিয়েছে। তা না হলে গতবারে বামপার ক্রপ হওয়া সত্ত্বেও নির্ধারিত জায়গায় দাম রাখতে পারলেন না কেন? তার কারণ একচেটিয়া পুঁজিপতি মজুত কালো বাজারের সৃষ্টি করেছে, জিনিষ লুকিয়ে দিয়েছে, বাজারে যোগান আসে নি, দাম বেড়ে গিয়েছে। তাই পুরোনো থিয়োরি অব ডিমান্ড অ্যান্ড সাপ্লাই এটা বাজে ভুয়া কথা। সেইজন্য আজকে সেইভাবে মূল্য নিয়ন্ত্রণ নীতিকে দাঁড় করান দরকার। দ্বিতীয় নম্বর কথা হচ্ছে, মাননীয় স্পীকার মহাশয়, ওঁরা চালের দাম বেঁধে দিলেন যে ২৬।২৭।২৮ টাকায় বিক্রি করতে হবে মাছ এত দামে বিক্রি করতে হবে, সরিষার তেল এত দামে বিক্রি করতে হবে অথচ বণ্টন ব্যবস্থার পূর্ণ জায়গা যদি আমাদের হাতে না থাকে তাহলে এই মূল্য নিয়ন্ত্রণ অত্যন্ত খারাপ ফল দেয়। অর্থাৎ বণ্টন নিয়ন্ত্রণ ব্যতিরেকে, যোগান নিয়ন্ত্রণ ব্যতিরেকে যে মূল্য নিয়ন্ত্রণ তা একান্ত অশুভ কাজ, অত্যন্ত অন্যায় কাজ। আমার হাতে যদি জিনিষ না থাকে অথচ তার দাম বেঁধে দিলাম তাহলে সেই দাম বাজারে থাকবে না। ওঁরা মাছের দাম বেঁধে দিয়েছেন কিন্তু মাছের যোগান ওঁদের হাতে নেই, ফলে দেখলাম মাছের দাম বেঁধে দেওয়া সত্ত্বেও মাছের বাজারে চোরাকারবার সৃষ্টি হয়েছে। ওঁরা সরিষার তেলের দাম বেঁধে দিয়েছিলেন কিন্তু সরষের তেলের যোগান, সরষের তেলের বণ্টন ক্ষমতা ওঁদের হাতে না থাকার জন্য সরষের তেলের ব্যাপারে কালো বাজার সৃষ্টি হয়েছে। চালের দাম বেঁধে দিলেন কিন্তু চালের বণ্টন এবং যোগান নিয়ন্ত্রণ না করার ফলে চালের দাম আকাশচুম্বী হয়েছে। তাই মূল্য নিয়ন্ত্রণ বণ্টন নিয়ন্ত্রণ এবং যোগান নিয়ন্ত্রণ ব্যতিরেকে অত্যন্ত নিস্ফলা মূল্য নিয়ন্ত্রণ, সে মূল্য নিয়ন্ত্রণে কোন ফল দেয় না, একমাত্র ফল দেয় সেটা হচ্ছে কালো বাজারের সৃষ্টি করে আর জনগণকে চরম দুর্দশার সামনে ঠেলে দেয়। সেজন্য বণ্টন নিয়ন্ত্রণ এবং যোগান নিয়ন্ত্রণ না করে মূল্য নিয়ন্ত্রণ নীতি গ্রহণ করার ফলে আজকে আমাদের নিত্য প্রয়োজনীয় জিনিষ এবং খাদ্যশস্যের দাম চরম খারাপ জায়গায় গিয়ে পৌঁছেছে। তাই আপনার মাধ্যমে, মাননীয় স্পীকার মহাশয়, যে কথা বার বার ওঁদের কাছে তুলে ধরতে চাই সেটা হচ্ছে ফসল বেশী হয়েছে কি না হয়েছে তা দিয়ে দাম বাড়বে কি না বাড়বে তা ঠিক হয় না, মূল্য নিয়ন্ত্রণ করলে দাম কমান যায় না যদি মূল্য নিয়ন্ত্রণের সাথে বণ্টন নিয়ন্ত্রণ এবং যোগান নিয়ন্ত্রণ না করা যায়। তাই সেই মূল্য নিয়ন্ত্রণ ব্যর্থ মূল্য নিয়ন্ত্রণ হতে বাধ্য এবং সেটা অত্যন্ত স্পষ্ট এবং পরিষ্কার হয়ে গিয়েছে এবারে খাদ্যশস্যের দাম যে আকাশচুম্বী হয়েছে তার দ্বারা। মাননীয় স্পীকার মহাশয়, গতবারে খাদ্য নীতি যখন আমাদের কাছে মুখ্যমন্ত্রী দেন তখন আমরা বার বার তাঁকে বলেছিলাম রাইকারী ব্যবসা রাষ্ট্রায়ত্ব করুন। তা করতে গিয়ে যদি না পারেন তাহলে আপনি অন্ততঃ আপনার কাছে এমন একটা বাফার স্টক রাখুন যে স্টক থেকে ঘাটতি জেলাগুলিতে যেখানে দাম বেড়ে যাবে সেখানে আপনি নিয়ন্ত্রিত দরে যোগান দিতে পারবেন। তখন উনি হেসে আমাদের কথা উড়িয়ে দিয়েছিলেন। তখন উনি আমাদের কাছে এই কথা বলেছিলেন যে আমি চালকলগুলি থেকে ৪ লক্ষ টন চাল পাবো এবং কেন্দ্র থেকে ৩ থেকে ৩॥ লক্ষ টন পাবো এই মোট ৭॥ লক্ষ টন চাল দিয়ে আমরা এই সমস্যার সমাধান করতে পারবো। মাননীয় স্পীকার মহাশয়, চালকলগুলি থেকে ২ লক্ষ ৬২ হাজার টন চাল ওঁরা পেয়েছেন, আমি একটা প্রশ্ন আপনার সামনে তুলে ধরতে চাই প্রফুল্লবাবু আমাদের জবাব দেবেন যে চালকলগুলি ৮ থেকে ৯ লক্ষ টন চাল ছাঁটাই করতে পারে, মিলিং করতে পারে সেই চালকলগুলি এই পরিমাণ চালটা কেন ছাঁটাই করলো না? বামপার ক্রপ হওয়া সত্ত্বেও সেই চালকলগুলির কম ছাঁটাই করার কারণ কি সেটা

কি তিনি অনুসন্ধান করে দেখেছেন? তাহলে এখানে নিশ্চয়ই বোঝা যাচ্ছে যে চালকলগুলি হিসাবে কারচুপি করেছে, তারা ৮।৯ লক্ষ টন চাল তৈরী করেছে কিন্তু হিসাবের খাতায় কম করে দেখিয়েছে এবং এই ২ লক্ষ ৬২ হাজার টন চাল দিয়ে তারা বাকী বাড়তি চালটা চোরাকারবারে বাড়তি দামে বিক্রি করে দিয়েছে। আপনারা যদি হিসাবপত্র দেখেন যে কোন চালকলগুলি কতদিন চলেছে এবং তাতে তার কত চাল উৎপাদন হতে পারে তাহলে এটা পরিষ্কার হয়ে যাবে যে চালকলগুলি থেকে লেভি করে যা পেয়েছেন তার থেকে অনেক বেশী চালকলগুলিতে উৎপাদন হয়েছে এবং বাড়তি চাল চোরাকারবারের মাধ্যমে তারা বিক্রি করে দিয়েছে। তাই মাননীয় স্পীকার মহাশয়, বার বার আমরা এই কথা তুলে ধরতে চেষ্টা করেছিলাম যে আপনারা চালকলগুলির হাতে ধান কেনার ক্ষমতা দেবেন না কারণ চালকলগুলি হচ্ছে চোরাকারবারের আড্ডাখানা, মুনাফাখোরীদের আড্ডাখানা, যদি এই ক্ষমতা তাদের হাতে দেন তাহলে খাদ্য নীতি ব্যর্থ হতে বাধ্য।

[2-40—2-50 p.m.]

আপনি জানেন যে ১৯৬২ সালে শিলিং কমিশন একটা তৈরী হয়েছিল এবং তাঁরা ঠিক করেছিলেন বাংলাদেশের কোন্ ফ্লাওয়ার মিল কত টন হুইট বছরে পাবে এবং এই কমিশন ১৯৬২ সালে যখন রায় দেয় তখন যেকটা ফ্লাওয়ার মিল ছিল ১৯৬২ সালের পরে ১৯৬৩-৬৪ সালে ঝপঝপ করে আরো কয়েকটা ফ্লাওয়ার মিল বেড়ে গেল। আমি সেই ফ্লাওয়ার মিলগুলির নাম বলে দিচ্ছি—মাস্টার্স স্টোর্স, শ্রীদুর্গা ফ্লাওয়ার মিল, শ্রীগঙ্গা ফ্লাওয়ার মিল, মহাকালী ফ্লাওয়ার মিল, গুহ রাইস কোং, রাইস কোং—এটা আবার ফ্লাওয়ার মিল হয়ে গেল, শিলিগুড়ি ফ্লাওয়ার মিল—এগুলির জন্ম হয়েছে ১৯৬২ সালের পরে, ১৯৬৩-৬৪-৬৫ সালে। এরা গমের কোটা পাচ্ছে আটা এবং ময়দা তৈরী করবার জন্য। মাননীয় সভাপাল মহাশয়, এই গুহ রাইস কোং ১,৬৯০ টন হুইট পায় কিন্তু এত টন হুইট মিলিং করবার তাদের ক্যাপাসিটি নেই। মাস্টার্স স্টোর্স ২॥ হাজার টন হুইট পায়; কিন্তু এত টন মিলিং করবার ক্যাপাসিটি নেই, অথচ এই গমটা তাদের কাছে দেওয়া হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে এই ফ্লাওয়ার মিলগুলি যে মিলিং করে তার সেন্ট পারসেন্ট সরকার নিয়ে যায়। হিসাব কি করে মিলিয়ে দিল? ২॥ হাজার টন তাদের মিল করবার ক্ষমতা নেই। হিসাব কি করে মিলিয়ে নেন? আমার কাছে যে তথ্য আছে সেই তথ্য থেকে আমি প্রমাণ করে দিতে পারি যে কি হয়? আমি মাননীয় রাষ্ট্রমন্ত্রীকে বলতে পারি যে তারা ২২ টাকা দরে যে গম সরকারের কাছ থেকে পাচ্ছে সেই গম তারা চোরাকারবারে ৩২ টাকা দরে বিক্রী করছে। তাদের গমের যে কোটা আছে সেটা মিল করবার উপযুক্ত যন্ত্রপাতি নেই, এটা সত্য কথা এবং এটা সবাই জানে। আমি আর একটা তথ্য দেব এই গুহ রাইস অ্যান্ড কোম্পানিতে যে খালি দয়া করে ১,৩১০ টনের যে পারমিট দিয়েছেন তা নয়, তার উপর মাসে ১০ হাজার ব্যাগ করে আটা দেন খুচরা বিক্রী করবার জন্য, অর্থাৎ এই গুহ রাইস কোম্পানি রাতারাতি পুরানো মেশিন কিনে ফ্লাওয়ার মিলে পরিণত হল, তাদের ১,৩১০ টন করে গম দেওয়া হচ্ছে, তার উপর এই কোম্পানিকে আরো দিতে হবে, কারণ এর সাথে গোপনে মিল রয়ে গেছে, আঁতাত রয়ে গেছে মন্ত্রীবাবুদের এমন এমন লোক আছেন যাদের নাম আমি করতে চাই না, জিজ্ঞাসা করলে নাম করে দিতে পারি। এখন এই ফ্লাওয়ার মিলের ক্ষেত্রে যেরকম দুর্নীতি চলেছে রাইস মিলের ক্ষেত্রেও সেই পরিমাণ দুর্নীতি চলছে। যে পরিমাণ সেখানে মিলিং হয় তার কোন হিসাব থাকে না। সেখানেও এইভাবে কারচুপি চলছে এবং তার মাধ্যমে চোরাকারবার সৃষ্টি হচ্ছে। মাননীয় সভাপাল মহাশয়, তাই এই প্রস্তাবের মাধ্যমে আমি যে কথা বলতে চাই এবং গত বিতর্কে যে কথাটা বলবার চেষ্টা করেছিলাম—আমাদের মনে আশঙ্কা রয়ে গেছে যে আগামী বছর যে খাদ্য নীতি গৃহীত হবে সেটা আরো সাংঘাতিক হবে। কাজেই গত বছরের খাদ্য নীতির ত্রুটি কোথায় ছিল, গলতি কোথায় ছিল এই খাদ্য নীতির ফলে চলতি বছরে কেন ৩ টাকা কে জি দরে আমরা চাল কিনে খাচ্ছি, এই চলতি বছরে কেন ধীরেন দে আত্মহত্যা করল, এই চলতি বছরে আলিপুরদুয়ারে কেন ১১ জন লোক আত্মহত্যা করল, এই চলতি বছরে অর্ধাশনে অনশনে কেন বাংলাদেশের হাজার হাজার মানুষের গ্রামাঞ্চলে না খেতে পেয়ে কান্নার রোল শোনা যাচ্ছে, এই চলতি বছরে কলকাতা এবং বিধিবদ্ধ রেশন এলাকায় কেন মানুষের

চীৎকার শুনছি, এগুলি যদি বন্ধ করতে চাই তাহলে গত বছরে গলতি কোথায় ছিল, দোষ কোথায় ছিল তাকে খুঁজে বের করে আগামী বছরের জন্য ঠিক ঠিক খাদ্য নীতি যদি আমরা না দিতে পারি তাহলে আগামী বছর অবস্থা আরো সাংঘাতিকভাবে দেখা দেবে। তাই আমি আমার প্রস্তাবের মাধ্যমে যে কথা বলবার চেষ্টা করেছি তা হচ্ছে মূল্য নিয়ন্ত্রণ ঠিকভাবে করতে হলে বণ্টন এবং যোগানের নিয়ন্ত্রণ ঠিক করতে হবে। বণ্টন এবং যোগানের নিয়ন্ত্রণ না করে যদি মূল্য নিয়ন্ত্রণের নীতি গ্রহণ করা হয় তাহলে সে মূল্যনিয়ন্ত্রণ বন্ধ্যা নিয়ন্ত্রণ হয় এবং সে নিয়ন্ত্রণ কালোবাজারের সৃষ্টি করে।

আগামী বছরের নীতি নিতে গিয়ে একথাটা যেন মনে রাখি এবং পাইকারী ব্যবসা যদি রাষ্ট্রায়ত্ব করতে হয় তাহলে রাইসমিলগুলো এজেন্সি আছে সেই এজেন্সি আমরা আবার আলাদা তৈরী করে দেবো। এ জিনিষ যদি হয় তাহলে আগামী বছরে রাইস মিলে কত চাল মিলিং হয়েছে তা খুঁজে পাওয়া যাবে। তাই এই ত্রুটিগুলি যদি ঠিক ঠিক ভাবে খুঁজে না নিতে পারি সাপ্লাই এবং ডিমান্ডের উপর দাঁড়িয়ে যদি আমরা নীতি নির্ধারণ করি তাহলে একচেটিয়া পুঁজির জায়গায় নীতি ব্যর্থ। মানুষ না খেয়ে মরবে, মানুষ অভাবের তাড়নায় আত্মহত্যা করবে, দেশে অস্বাভাবিক খারাপ অবস্থা দেখা দেবে। সেদিক থেকে বলতে চাই খাদ্য নীতি গতবার যেটা নিয়েছেন সেটা ব্যর্থ হয়েছে এবং সে ব্যর্থ নীতির জন্য দায়ী আমাদের সরকার যাঁরা ইচ্ছা করে এ নীতিকে ব্যর্থতায় পর্যবসিত করেছেন।

[2-50—3 p.m.]

Mr. Chairman: There are two amendments to this resolution, viz. one by Shri Panchu Gopal Bhaduri and the other by Shri Aswini Roy. The amendment of Shri Aswini roy is out of order.

Shri Panchu Gopal Bhaduri: Sir, I beg to move that in lines 3-5, for the words beginning with the words "in that it has failed" and ending with the words "black-marketing", the following be substituted:—

> "in that it has pursued the capitalist path of development which fosters profiteering, hoarding and monopolising which at the same time defies ordinary efforts of price-control and which on occasions surrenders important economic positions to foreign capital".

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী: সভাপতি মহাশয়, আমি প্রথমে আমার অ্যামেন্ডমেন্ট পড়েছি। পাঁচুগোপাল দাস মহাশয়ের যে মূল প্রস্তাব সে প্রস্তাবের ৩য় লাইনে সেখানে আছে

for the words beginning with the words "in that it has failed" and ending with the words "black-marketing"

সেখান থেকে শেষ পর্যন্ত তুলে দিয়ে আমি তার বদলে দিচ্ছি

In that it has pursued the capitalist path of development which fosters profiteering hoarding and monopolising which at the same time defies ordinary efforts of price-control and which on occasions surrenders important economic positions to foreign capital.

আমার অ্যামেন্ডমেন্ট সম্বন্ধে কিছু বক্তব্য আমি রাখতে চাই। আমার অ্যামেন্ডমেন্ট দেবার উদ্দেশ্য হচ্ছে পশ্চিম বাংলার মন্ত্রিসভা নীতি-নির্ধারক বক্তব্য রাখতে গিয়ে তাঁদের চিন্তায় যে সমস্ত ডিফেক্ট প্রকাশ করেন, তাঁদের চিন্তাধারা যে খাত ধরে চলেছে সেটা অত্যন্ত সেকেলে ধাত এবং অপসোলিট। বহুকাল আগে সে চিন্তাধারা বাতিল হয়ে গেছে। সে চিন্তাধারা অনুসারে তাঁরা তাঁদের বক্তব্য রাখেন। আমি বলতে চাই এদের যে ঘোষিত খাদ্য নীতি তা ব্যর্থতায় পর্যবসিত হল তার কারণ হচ্ছে এরা ক্যাপিটালিস্ট পার্থ অফ ডেভালাপমেন্ট পছন্দ করে নিয়েছেন। আমাদের যে সদ্য স্বাধীনতা যে অনুন্নত দেশ পৃথিবীর আর যে সমস্ত সদ্য স্বাধীনতা প্রাপ্ত অনুন্নত দেশ রয়েছে তাদের ইতিহাস যদি পর্যবেক্ষণ করে দেখা যায় যেখানে ক্যাপিটালিস্ট পার্থ নিয়ে চলেছে সেখানে দেখা যাবে অনেকগুলি বিদ্রাট সুরু হয়েছে। আমাদের

পরলোকগত প্রধানমন্ত্রী জহরলাল নেহেরু খুব বিখ্যাত অর্থনীতিবিদ লর্ড রয়েড অফ-এর সঙ্গে পরামর্শ করে দেশ স্বাধীন হবার পর তিনি ঠিক করেছিলেন ভারতবর্ষে কয়েক শত কোটি টাকা খরচ করে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করবেন ৩ বৎসরের মধ্যে এবং তারপর এক দানা শস্যও আসবে না। কিন্তু যখন এই প্ল্যান কার্যকরী হল না এবং টাকা কোথায় গেল তার হিসাব নেওয়া ঠিক হল তখন দেখা গেল কৃষ্ণমাচারী কমিটি মূল্য নির্ধারণ করতে গিয়ে বললেন এই টাকা শতকরা ৫ ভাগ খাদ্য উৎপাদনের ক্ষেত্রে ব্যায়িত হয়েছে, বাকি ৯৫ ভাগ অর্থকরী শস্য, তুলা, পাট, সুগার কেনে ব্যায়িত করা হয়েছে। অর্থাৎ পুঁজিপতির ক্ষেত্রে টাকা লগ্নী করে সে টাকা অধিক লাভের ক্ষেত্রে প্রবাহিত হয় এ সত্যের সঙ্গে পরিচয় না হয়ে তাঁরা অন্য একটা কিছু করলেন। আর একটা জিনিষ দেখা যাবে ১৯৬৫ সালে আমাদের মুখ্যমন্ত্রী সীমাবদ্ধ ভাবে ঠিক করলেন আমরা মূল্য নিয়ন্ত্রণ করলাম কলকাতায় স্ট্যাটুটরি রেশনিং করলাম এবং যেহেতু বামপার ক্রপ হয়েছে ৫৭ লক্ষ টন ধান হয়েছে সেহেতু এবার আর কোন শঙ্কট হবে না। তিনি যেই বললেন সঙ্কট হবে না অমনি সঙ্কট হল। এখন তিনি আবার নূতন করে ড্রামাটাইস করছেন যে খাদ্যে ঘাটতি আছে, খাদ্যে ওভার অল ৮ পরসেন্ট সারা ভারতবর্ষে ঘাটতি আছে একথা সত্য। একথা বার বার বলার দরকার হবে না। কিন্তু খাদ্যে ঘাটতি আছে ওভারড্রামাটাইস করে যদি এটা নিয়ে এখনকার সঙ্কট ব্যাখ্যা করবার চেষ্টা হয় তাহলে ভুল হবে। ১৯৬৪ সালে যে সময় আউস ধান প্রচুর হল সে সময় চালের দাম বাড়ে নি আবার সেপ্টেম্বর ও অক্টোবর মাসে চালের দাম বেড়ে গেল। এটা সাধারণ চিন্তাধারায় সে কথা প্রচার করছেন তা দিয়ে ব্যাখ্যা করা যায় না একথাটা বুঝতে হবে। কিন্তু রাইস মিল ওনারদের হাতে প্রকিওরমেন্টের ভার দিলেন, অর্থাৎ ডাইনীর হাতে ছেলে মানুষ করার ভার দিলেন। প্রফুল্লবাবু যে শ্রেণীর এজেন্ট হয়ে গভর্নমেন্ট-এর কাজ চালান সেটা হচ্ছে পুঁজিপতি শ্রেণী। কাজেই সেই পুঁজিপতি শ্রেণী চৌহদ্দীর বাইরে তাঁরা যেতে পারছেন না। যদি তাঁরা সেটা যাবার চেষ্টা করেন তাহলে অন্য পথ নিতে হবে। ভারতবর্ষের উৎপাদন সম্পর্কিত বিভিন্ন ব্যবস্থার মধ্যে ইনস্টিটিউশন চোরদের কথা ভাবতে হবে। তাহলেই খাদ্য সমস্যার সমাধান হবে। যদি রাইস মিলের ওনারকে দিয়ে এই প্রকিওরমেন্ট হোত তাহলে প্রফুল্লবাবু এখানে বগল বাজিয়ে নৃত্য করতেন এবং সঙ্কটকে সঙ্কট বলতেন না এবং ঐ খাদ্যের কথা উঠলে এখানে না বসে নিজের ঘরে বসে থাকতেন না। খাদ্য সঙ্কট যে এ বৎসর ভয়াবহ হয়েছে একথা অস্বীকার করি না, তেমনি একথাও অস্বীকার করি না যে এ বছরে গত কয়েক বছরের তুলনায় অনেক বেশী ধানচাল হয়েছে। কাজেই নূতন পদ্ধতির চিন্তা করতে হবে যে ক্যাপিটালিস্ট পদ্ধতিতে বিকাশের কথা ভেবেছেন তার নিয়ন্ত্রণ করতে হবে। আনস্টার্টার্ড ডেভালাপমেন্টের উপর বাধা-নিষেধ করতে হবে। আগামী শুক্রবার যে ডিবেট হবে তার ভূমিকা হচ্ছে আজকের দিনে প্রাইভেট মেম্বার রেজলিউসান। সেদিক থেকে কয়েকটা মূল বিষয় উপস্থিত করছি। এখন মনে করছেন যে রাইসমিল ওনার অর্থাৎ ডাইনীর হাতে ছেড়ে দিয়ে তাঁরা প্রকিওরমেন্ট করবেন। গতবার এঁরা নাকান-চোকানি খেয়েছেন কিন্তু আমরা দেখছি তাঁরা যে নীতিতে শাসন চালাচ্ছেন তাদের পুঁজিবাদী শ্রেণীর এক অংশ রাইস-মিল ওনাররা খুব লাভবান হচ্ছে, প্রতি কুইন্টাল চাল ব্ল্যাকমার্কেটিং করে, তারা গত বছরের চেয়ে অনেক বেশী লাভ করেছে। এইভাবে প্রফিটের উপর ব্ল্যাক প্রফিট করে তারা বহু পরিমাণ প্রফিট করেছে। আজকে সমস্ত ভারতবর্ষে রাইসমিল ওনাররা দেশদ্রোহী সমাজদ্রোহী হিসাবে চিহ্নিত হয়ে গেছে। তাদের ধারা সমর্থন করে সেই প্রফুল্লবাবুর মন্ত্রিসভাকেও সেই বিরোধী দেশদ্রোহী হিসাবে চিহ্নিত করা যায়। কাজেই রাইসমিল ওনারদের কাছে ভার দিলে তাঁদের যে অপরাধ সেটা অপরাধ বলে ধরা যায় না। জনসাধারণের সহযোগিতা নিয়ে জোতদারদের কাছ থেকে ধান সংগ্রহ করবার চেষ্টা করলেন না। আর একটা হচ্ছে মনোপলী গ্রো করবার চেষ্টা তাঁরা করছেন, এই মনোপলি হচ্ছে ল্যান্ডের মনোপলী। সহরাঞ্চলে মনোপলী হচ্ছে একটা রাইজিং ট্রাইজ, একটা ইনফ্লেশন সমস্ত ভারতবর্ষে বজায় রাখার একটা টেন্ডেন্সি দেখা যাচ্ছে। এইভাবে সব সময় মনোপলি গ্রো করাতে সাহায্য করছেন এবং যে কথাটা একটা প্রনিধানযোগ্য কথা সেটা হচ্ছে যা এখানে আছে তা তাঁরা ইমপর্টেড ইকনমিক কনসেসান সারেন্ডার করে দিচ্ছেন, কারণ ক্যাপিটালের কাছে ঐ যে পি এল ৪৮০ সঙ্গে যুক্ত পুলি অ্যামেন্ডমেন্ট সেটা আরো মারাত্মক। আমরা এর দ্বারা যে গম পাই সেটা আমাদের আপাত দৃষ্টিতে খাদ্যের অভাব পূরণ করে।

[3—3-10 p.m.]

আমি আমার পয়েন্টটা কভার করতে চাই। এই যে পি এল ৪৮০,—তার সঙ্গে যে পুলি অ্যামেন্ডমেন্ট, তার উপর আমরা গম পাই। কিন্তু তার সঙ্গে অন্যান্য যে সমস্ত লেজুড়, এই সমস্ত ব্ল্যাকমেল করে যে সমস্ত অ্যামেরিকা বার বার চেষ্টা করেছে পাক-ভারত যুদ্ধের সময়, সেটা আমরা দেখছি। তা ছাড়াও ঐ যে পুলি অ্যামেন্ডমেন্ট তাতে গম বিক্রির যে টাকাটা, এখানে রুপি ফান্ডএ অ্যামেরিকান এমবেসির কাছে থাকবে, সেই টাকাটা দিয়ে ভারতবর্ষের বিভিন্ন পুঁজিপতিদের দিয়ে অ্যান্টি-ইন্ডিয়ান কাজ করাবেন। প্ল্যানিং কমিশনএর শিল্প প্রসারের যে পলিসি তার বিরুদ্ধে ভারতবর্ষের শিল্পপতিদের দিয়ে, অনেক কিছু করে ফেলতে পারেন। তেমনি টুরিস্টরা যে আসতো, তাঁদের কাছ থেকে যে ফরেন এক্সচেঞ্জ আমরা আর্ন করতাম, পুলি অ্যামেন্ডমেন্টএর পরে ঐ টুরিস্টদের টাকা এমবেসি থেকে, এই গম বিক্রির টাকা থেকে দেওয়া হবে। কাজে কাজেই টুরিস্টদের কাছ থেকে যে ফরেন এক্সচেঞ্জ আমরা পেতাম, সেটা আমরা আর পাব না। কাজে কাজেই এই যে পি এল ৪৮০, তার যে ইমপর্টেন্ট ইকনমিক কন্সিডারেশন, সেটা তাদের পলিটিক্যাল ব্ল্যাকমেল-এর দরুন নষ্ট করা হচ্ছে।

কাজে কাজেই যে জিনিষটা আমাদের কাছে এসেছে, তাতে নূতনভাবে আমাদের চিন্তা করতে হবে। দেশী যে পুঁজিপতি, তাদের উপরেতে আমাদের খাদ্য এবং এসেন্সিয়াল কমডিটিস সম্পূর্ণভাবে নির্ভরশীল রয়েছে, সেখানে ট্রেডকে জাতীয়করণ স্টেট ট্রেডিংএর মারফত করতে হবে। জোতদারদের হাতে যে ল্যান্ডএর মনোপলি রয়েছে, সেই ল্যান্ডএর মনোপলি স্মাস করতে হবে, এবং শিক্ষিত উৎপাদকের হাতে জমি দিতে হবে। তৃতীয়ত বণ্টনের ক্ষেত্রেতে, যেখানে উইক পলিসি এনে, সমস্ত জিনিষটা নষ্ট করে দিচ্ছে, সেটা চেক করতে হবে। ব্যাংক এবং ৭৪টি মার্কেটিং কোম্পানিস সারা ভারতবর্ষে একচেটিয়া ট্রেড করছে। ব্যাংককে জাতীয়করণ করে, তার মারফত এবং ট্রেডিং কোম্পানিগুলির মনোপলি ট্রেডিং রাইট নষ্ট করে স্টেট ট্রেডিং করতে পারলে, তবেই আমরা একটা নূতন ব্যবস্থা করতে পারবো, তার গতি হবে নন-ক্যাপিটালিস্টএর দিকেতে সমাজতন্ত্রের দিকেতে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Arabinda Roy:

শ্রদ্ধেয় চেয়ারম্যান মহাশয়, শ্রীশম্ভুগোপাল দাস মহাশয় এখানে একটা রেজলিউশন এনেছেন। তা এনে আমাদের আলোচনার একটা সুযোগ দিয়েছেন। আমি এই সম্পর্কে কয়েকটি কথা আপনার কাছে রাখতে চাই। আমার মূল বক্তব্য রাখবার পূর্বে আমি বিরোধী পক্ষের বন্ধুদের কাছে একটা নিবেদন রাখতে চাচ্ছি। তাঁরা যেন ভাববেন না যে, যেহেতু আমি এ পক্ষ থেকে বলছি, সেইজন্য একটা সংগ্রামের মনোভাব নিয়ে বক্তৃতা করছি, কিম্বা বিরোধিতা করার উদ্দেশ্যেই আমি বিরোধিতা করতে উঠেছি, তা নয়। আমি তাঁদের কাছে আমার কিছু নিবেদন রাখবো।

আমি মনে করি না বর্তমান পরিস্থিতিতে পরস্পরের প্রতি বিরোধিতার কোন অবকাশ আছে। আমরা একটা বিশেষ বিপদের মধ্য দিয়ে, সংকটের মধ্য দিয়ে একটা গুরুতর পরীক্ষার মধ্য দিয়ে সমগ্র জাতি অগ্রসর হচ্ছি। আজ দেশে খাদ্যের অভাব ও সংকট আছে। জনসাধারণের সে জন্য খুবই কষ্ট হচ্ছে, আমরা সকলেই তা উপলব্ধি করি। তা ছাড়া এই খাদ্য সংকট বর্তমানে আরো গভীর তাৎপর্য নিয়ে আমাদের সামনে দেখা দিয়েছে -যেহেতু আমরা দুটি জাতির সঙ্গে সংগ্রামে লিপ্ত হয়ে পড়েছি। সেই জন্যে সমগ্র দেশের মধ্যে পার্টি-জাতি-ধর্ম-নির্বিশেষে আরো বেশী গভীর নিবিড় সম্পর্ক রচিত হওয়া দরকার, আরো বেশী আন্ডারস্ট্যান্ডিং হওয়া প্রয়োজন। যে প্রবলেম জাতির সামনে এসেছে তাতে আমরা সকলে ইউনাইটেড হয়ে যাতে সেই প্রবলেমএর সম্মুখীন হতে পারি, সেজন্য আরো বেশী কোহেশন, আরো বেশী সলিডারিটি আমাদের মধ্যে থাকা প্রয়োজন। এই অ্যাপ্রোচ যদি আজকে ভুলে যাই তাহলে আমি মনে করি আমরা মূল লক্ষ্য মিস্ করে ফেলবো—আসল জায়গা থেকে অনেক দূরে সরে যাব। আমরা এখানে খাদ্যের অভাব নিয়ে অনেক সেন্টিমেন্ট প্রকাশ করেছি। খাদ্যের অভাব নিশ্চয়ই

আছে, দরের বৃদ্ধি ঘটেছে, গভঃর্নমেন্ট যে মূল্যমান নির্ধারণ করেছিল সেটা নির্ধারিত সীমার মধ্যে নেই। এর জন্য জনসাধারণের দুঃখ-দুর্দশা বেড়েছে, আপনাদের এই সেন্টিমেন্টের সঙ্গে আমি একমত। এ বিষয়ে আমি কোন বিরোধিতা করবো না বা অশ্রদ্ধা প্রকাশ করবো না।

আজকে সবথেকে বড় প্রশ্ন—দেশের এই অবস্থায় হোল এমফ্যাসিস কোন দিকে নিয়ে যাবো? সমস্ত জনসাধারণের দুর্দশার কথা এবং জাতীয় সংকটের কথা বিবেচনা করে খাদ্য সমস্যা সমাধানের সম্মুখীন হতে হবে—এই কথা কিছুতেই ভুললে চলবে না। সরকারকে সমালোচনা করুন। কিন্তু জনসাধারণের চেতনাকে যদি জাগ্রত রাখতে না পারেন, তাদের কর্তব্যবোধ সম্বন্ধে যদি তাদের সচেতন করতে না পারেন তাহলে আমরা মাত্র কয়জন এম এল এ মিলে এই প্রবলেম-এর মীমাংসা করতে কোনদিন পারবো না। এই সমালোচনার মনোভাব থেকে জনসাধারণকে দূরে রাখতে হবে। জনসাধারণ ভাবছেন একা গভর্নমেন্টই খাদ্য সমস্যার মীমাংসা করে দেবেন, তাঁদের এ ব্যাপারে কিছু করার নেই। এ বিষয়ে গভর্নমেন্টের একটা নিজস্ব ভূমিকা আছে, সমগ্রভাবে জাতির আর একটা ভূমিকা আছে। জাতি যদি তার রোল প্লে করতে ভুল করে, তাহলে খাদ্য সমস্যার সমাধান হবে না। খাদ্য নীতি আগামী সোমবার মাননীয় খাদ্যমন্ত্রী আমাদের সামনে উপস্থিত করবেন, সেই খাদ্য নীতি চুলচেরা বিচার করে গ্রহণ করবেন আপনারা। আপনারা, যাঁরা লীডার তাঁদের সাথে অসংখ্য অনুরাগী ও সমর্থক আছেন, তাঁরা আপনাদের কথা শুনে চলেন। আপনাদের গ্রামে গ্রামে নিয়ে তাঁদের মধ্যে আন্দোলন সৃষ্টি করতে হবে, বলতে হবে এই খাদ্যনীতিতে যদি আমাদের সক্রিয় সহযোগিতা পাই তাহলে খাদ্য সমস্যার আমরা মীমাংসা করে দেব—এই প্রতিশ্রুতি আমরা আপনাদের দিতে পারি। যদি সেই সহযোগিতা না থাকে, তাহলে ঐ চারটা কনস্টেবল দিয়ে বা কয়েকটা এনফোরস্‌মেন্ট-এর লোক দিয়ে কোন সুফল পাওয়া যাবে না।

(এ ভয়েসঃ কি বলছেন আপনি?)

আমি ঠিকই বলছি। আপনারা জানেন গভর্নমেন্ট নানা প্রচেষ্টা সত্বেও যে খাদ্যনীতি তাঁরা গ্রহণ করেছিলেম, তা পুরোপুরি সফল হতে পারে নি। এর স্থানে তার একটিমাত্র উপায়, একটিমাত্র কি নোট হচ্ছে সারা দেশ মিলে খাদ্য সমস্যার সমাধানের কাজে লাগতে হবে। আলোচনার প্রয়োজন আছে ঠিকই, কিন্তু সমালোচনার বিপদও আছে। সমালোচকের মনে স্বভাবতঃই একটা ভ্রান্তি ঘটে যে তিনি গভর্নমেন্টের সমালোচনা করে সমাজের অনেক কল্যাণ করলেন এবং এতেই তাঁর কর্তব্য শেষ হোল বলে তিনি মনে করেন। এখন গভর্নমেন্টের কর্তব্য গভর্নমেন্ট পালন করুন এই বলে ক্রিটিকরা নিষ্ক্রিয় হয়ে থাকেন। জনসাধারণও সমালোচনা শুনেই ক্ষান্ত হন, ভাবেন সমাধানের দায়িত্ব গভর্নমেন্টের, মুশকিল তো এখানে। আমরা লেজিসলেটররা এখানে শুধু ক্রিটিসিজম করবো, আর কোন দায়িত্ব বহন করবো না এটা মনে করলে প্রচণ্ড ভুল করা হবে,

t will be disservice to the Nation.

আজেই সে ভুল আর করবেন না আপনারা। শুধু ফুড ডিবেট দিয়ে খাদ্যের সমাধান হবে না. া শুধু ব্লক ডেভেলপমেন্ট অফিসার ও খাদ্য দপ্তরের ওপর ভার ছেড়ে বসে থাকলে খাদ্যের ৎপাদন, সংগ্রহ, বণ্টন সম্ভব হবে না। জমিতে ধানের উৎপাদনের অ্যাসেসমেন্ট ও প্রোকিওর-মেন্ট একা বি ডি ও-কে দিয়ে সম্ভব নয়। সামগ্রিকভাবে সমস্ত বিষয়টিকে সফল করতে হলে আপামর জনসাধারণের সক্রিয় সহযোগিতা একান্ত প্রয়োজন। একটি কথা নিবেদন করছি—এমফেসিস যেন কিছুতেই ভুল জায়গায় না দিই।

খাদ্যের ন্যায্য বণ্টন যেমন একটা সমস্যা, খাদ্যের উৎপাদনও তেমনই একটা বড় সমস্যা। সেখানে উৎপাদনের ব্যাপারে তো আপনারা মুভমেন্ট করছেন না! গাঁয়ে আপনারা ক'জন গিয়ে বলছেন যে চাষ একটা লুক্রেটিভ প্রোফেসন, চাষ একটি পেয়িং বিজিনেস? এটা তো কেউ গ্রামে গ্রামে গিয়ে আপনারা বলছেন না। আমি বিশ্বাস করি না কেউ বলেছেন। যদি বাংলাদেশের সমস্ত এম এল এ গ্রামে চলে যান কিছু দিনের জন্য পলিটিক্স শিকায় তুলে রেখে চাষী ও

জনসাধারণকে কৃষি উৎপাদনে অনুপ্রাণিত করেন, তাহলে আমি বিশ্বাস করি দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি পেতে বাধ্য। এই দায়িত্ব যদি আমরা নিই খাদ্য সমস্যা সমাধানের ব্যাপারে আমরা বিধান সভার সদস্যরা একটা বিরাট রোল প্লে করতে পারি। এই কনভিকশন আমার আছে।

[3-10—3-30 p.m.]

চাষীদের মধ্যে কোন কনফিডেন্স নেই, তাদের আত্ম বিশ্বাস নেই যে চাষ করলে তার অবস্থার উন্নতি হতে পারে, চাষ করলে তিনটে ফসল পাওয়া যায়, চাষ করলে এখন যে পরিমাণ ফসল হচ্ছে তার তিন গুণ ফসল করতে পারা যায়, একথা আমরা তাদের কাছে গিয়ে বলতে পারিনি। আমরা আমাদের কর্তব্যকে এই সভাকক্ষের চতুঃসীমায় সৌখিন আলোচনার মধ্যে সীমাবদ্ধ রাখতে চাইছি।

(হট্টগোল)

এখানে আমি বন্ধুদের আমি কিছুতেই বোঝাতে পারছি না। আপনার যা নেই তা নিয়ে যদি শুধু ক্রন্দন করেন বা কুণ্ঠিত হয়ে বসে থাকেন তাহলে কোনদিনই প্রবলেমকে ফেস করতে পারবেন না। আপনার যা আছে তাই নিয়ে আপনাকে এগুতে হবে, গভর্নমেন্ট যতটুকু দিয়েছে তাই নিয়েই আপনাকে কাজে নামতে হবে।

[At this stage the House was adjourned till 3-30 p.m.]

[After Adjournment]

[3-30—3-40 p.m.]

Discussion on a Matter of Urgent Public Importance under Rule 194

শ্রীকাশীকান্ত মৈত্রঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয় আজকে আমাদের আলোচনার সুযোগ দিয়েছেন সেটা খুব গুরুত্বপূর্ণ এবং বাংলা দেশের আর্থনীতিক, সাংস্কৃতিক জীবনে একটা দারুণ বিপর্যয় সৃষ্টি করেছেন সরকার এই ছানা নিয়ন্ত্রণ আদেশ নূতন করে জারী করে যেটার ঘোষণা কালকে এই হাউসে মাননীয় মন্ত্রী শ্রীফজলুর রহমান করেছেন। আমি আপনাকে বলছি এই সরকার কিভাবে নানাভাবে জনসাধারণকে ঠকাচ্ছেন সেত আমরা বার বার দেখে আসছি কিন্তু সব চেয়ে আশ্চর্যের বিষয় হচ্ছে হাইকোর্টের যে রায় কিভাবে বাইপাস করে তাকে কলা দেখিয়ে জালিয়াতি করা যায় তারও দৃষ্টান্ত এখানে স্থাপন করা হয়েছে এই নূতন আদেশের মাধ্যমে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বলতে চাচ্ছি যে হাইকোর্টে ১২ দিন ধরে এই মামলা চলছে, এই মামলাতে দুগ্ধ দপ্তর থেকে যিনি সাক্ষ্য দিয়েছিলেন তিনি হচ্ছেন ডাঃ এস রায়, সেই সাক্ষ্যতে তিনি বলছেন কলকাতাতে রিকয়ারমেন্ট হচ্ছে ৭ লক্ষ ৫০ হাজার লিটার দুধ। ওঁরা কি বেসিসে ক্যালকুলেশান করেছেন তা কিছু বলেন নি, শুধু বলেছেন ৭ আউন্স পার ক্যাপিটা কনজামসান এই বেসিস এবং ওঁরা বলেছেন যে সিটি খাটাল থেকে আমদানি হবে ৯২ হাজার লিটার, ডোমেস্টিক কাউ-সেড থেকে আমদানি হবে ৩৭ হাজার লিটার এবং মিল্ক সাপ্লাই স্কীম থেকে ৮২ হাজার লিটার, এইভাবে ২ লক্ষ ১১ হাজার লিটার ওঁদের আমদানি হবে এবং কলকাতার টোটাল রিকয়ারমেন্ট হচ্ছে ৭॥ লক্ষ লিটার এবং এই ২ লক্ষ ১১ হাজার লিটার বাদ দিলে দাঁড়ায় ৫ লক্ষ ৩৮ হাজার লিটার তাঁদের ঘাটতি পড়ছে। ওঁরা কালকে যে ব্যান নিষেধাজ্ঞা জারি করেছেন তাতে দেখিয়েছেন, এর ফলে দেখা যাচ্ছে যে মিষ্টি ওয়ালারা যে দুধ ছানা করে মিষ্টি তৈরি করতেন তা ক্যালকাটা সিটি খাটাল সাপ্লাই আসে ৯২ হাজার ৫ শো লিটার, রুরাল এরিয়া থেকে ১ লক্ষ ৪৮ হাজার লিটার মোট ২ লক্ষ ৪০ হাজার লিটার সাপ্লাই আসে। যেহেতু ৯২ হাজার লিটার দুবার দেখান হচ্ছে সেহেতু ওটা বাদ দিলে কলকাতার টোটাল ডেফিসিট দাঁড়াচ্ছে ৬ লক্ষ ৩০ হাজার লিটার। এই যে আইন জারী করলেন এটা নিয়ে হাইকোর্টে মামলা হল, সেখানে হাইকোর্টের বিচারপতি মাননীয় শ্রীবিনায়ক ব্যানার্জী ট্রায়াল অন এভিডেন্স করেছিলেন, সেখানে সাক্ষ্য দিতে গিয়ে ডাঃ রায়কে নানা রকম জেরা করা হয়েছিল। সেখানে তাঁরা এফিডেবিট করেছেন, শ্রীবীরেন ভট্টাচার্য এফিডেবিড করেছেন।

আগে যে নিষেধাজ্ঞা জারী করা হয়েছিল তাতে তাঁকে জেরা করা হয়েছিল যে আগে যে ১ লক্ষ ২০ হাজার লিটার দুধ রিলিসড হবে এই পার্শিয়াল ব্যানের ফলে, এই ১ লক্ষ ২০ হাজার লিটার দুধ সবটাই কি আপনারা পাবেন? তিনি বলেছিলেন তা পাবো না, আমরা ৯ হাজার লিটার দুধ পাবো। এই জন্য ওঁরা এই আইনটা প্রয়োগ করলেন। আপনাদের জানা উচিত মহামান্য হাইকোর্টের বিচারপতি একটা গুরুত্বপূর্ণ রায় দিয়েছেন, প্রায় ৩২ পাতা রায়, এই রায়ের সমস্ত জায়গায় স্টেট গভর্নমেন্টের ফেভারে গিয়েছে, শুধু একটি পয়েন্টে স্টেট গভর্নমেন্টকে হারিয়ে বলছেন এটা আনরিজিনেবেল। সমস্ত জায়গায় হাইকোর্ট স্টেট গভর্নমেন্টএর ফেভারএ ফাইন্ডিং করে গেছেন, শুধু একটা মাত্র পয়েন্টএ মহামান্য হাইকোর্ট স্টেট গভর্নমেন্টকে হারিয়ে দিয়েছেন, বলেছেন এটা আনরিজনেবল। আর্টিকল ৩০১ অফ দি কনস্টিটিউশন-এ বলছে

subject to the other provisions of this Part, trade commerce and intercourse throughout the territory of India shall be free.

আর্টিকল ৩০১-এর ব্যাখ্যা করতে গিয়ে মাননীয় বিচারপতি শ্রীবিনায়ক বন্দ্যোপাধ্যায় বলেছেন যে

there is no infringement of Article 301 in this case.

তা এখানে উনি বলেছেন যে এখনও ক্ষীরের থেকে মিষ্টি হতে পারে, রসগোল্লা এবং অন্যান্য মিষ্টি হতে পারে শুধু সন্দেশটাকে ব্যান করা হয়েছে। স্যার, এখানে টোটাল প্রহিবিশন বা টোটাল ব্যান কিছু নাই

It is just a regulatory measure, in trying to regulate it you cannot obliterate it, you cannot annihilate it, you cannot annihilate the whole trade, obliteration, but only regulation.

এখানে

there is no question of annahilation no obliteration but only regulation

সেজন্য বললেন যে আর্টিকল ৩০১-এর ইনফ্রাকশন হয়নি বলে গভর্নমন্ট-এর ফেভার-এ ফাইন্ডিং করে গেছেন। শুধু বলে গেলেন যে ৯ হাজার লিটার মাত্র দুধ রিলিজ হবে তার জন্য এই রকম একটা ব্যান করতে চাওয়া হচ্ছে সেজন্য এটা আনরিজনেবল হয়ে যাচ্ছে। এই গ্রাউন্ড-এ মাত্র হাইকোর্ট হারিয়ে দিয়েছেন, অন্যান্য পয়েন্ট-এ স্টেট গভর্নমেন্টকে জিতিয়ে দিয়েছেন। আশ্চর্যের বিষয় সেইখানে এই হাইকোর্ট-এর রায় হওয়ার পর এখানে সরকার এসে এই রকম ধরনের একটা তোঘলকী আইন করছেন। সেজন্য আমি বলছি এই রায়টা বেরবার পর কালকে আমরা দেখলাম এবং কোর্টেও আমরা দেখলাম যে স্ট্যান্ডিং কাউনসেল অনিল মিত্র গিয়ে ভার্বাল প্রেয়ার করলেন যে ইনজাংশান দেওয়া হউক। মাননীয় বিচারপতি বললেন যে তোমরা অ্যাপ্লিকেশন কর, সেখানে গিয়ে ভার্বালী বলা হল হুজুর ওটা ৯ হাজার লিটার নয় ওটা হবে ৯০ হাজার লিটার। সেখানে জাস্টিস ব্যানার্জি বলেছেন যে তাহলে তোমরা এফিডেবিট করে বল যে ৯০ হাজার লিটার তোমাদের দরকার। এফিডেবিট যাঁরা করেন নি, সবচেয়ে লজ্জার কথা অধ্যক্ষ মহাশয়। হাইকোর্টের বিচারপতির কাছে গিয়ে মন্ত্রিমহাশয়ের দপ্তরের থেকে গিয়ে সেখানে তাদের স্ট্যান্ডিং কাউনসেল প্রেয়ার করছেন

you are going to prefer an appeal to give no injunction, stay for some time

এবং এটা একটা পাবলিক আটারেন্স সেখানে হয়ে গেছে। এটা তারা করেছেন হাইকোর্টকে তারা চিট করতে গিয়েছিলেন, হাইকোর্ট তারা ডিসিভ করতে গিয়েছিলেন। তা তারা করলেন না এখানে এসে এই নতুন আইনটা করতে গেলেন। নতুন যে অর্ডারটা হয়েছে তা একেবারে টোটাল প্রহিবিশন হচ্ছে। আমি আইনের একজন ছাত্র হিসাবে বলছি এ বিষয়ে আপনিও একজন বিশেষজ্ঞ যে এখানে ক্লিয়ারলি সেকশন ৩০১-এর ইনফ্রাকশন হবে। কেন না মাননীয় হাইকোর্টের বিচারপতি তার আগের রায়ে বলেছেন যে টোটাল প্রহিবিশন-এর আমি কোন সম্ভাবনা দেখছি না কিন্তু নতুন আইন যেটা হচ্ছে তাতে টোটাল প্রহিবিশন হয়ে যাবে টোটাল ব্যান হয়ে যাবে এবং আজকে এই আইন হবার সাথে সাথে যে কোন ব্যক্তি এর দ্বারা এফেকটেড হবেন।

হাইকোর্টে একটা রিট পিটিশন করে হি ক্যান আস্‌ক ফর ইনজাংশন। কোর্ট ইনজাংশান দিতে পারে। আজকে আমরা দেখছি সব চেয়ে লজ্জার কথা যে ফাইট ও'রা করছেন একজিকিউটিভ ভার্সাস জুডিসিয়ারী, জুডিসিয়ারীকে ডিসক্রেডিট করতে চাচ্ছেন

I consider it as an affront to the judiciary.

এটা করবেন না আপনারা। এর ফল ভয়াবহ হবে। আমি ওয়ার্নিং দিচ্ছি মুখ্যমন্ত্রীকে যে ও'রা হাইকোর্টকে যেন এইভাবে ছেলেখেলা না করেন—তাঁরা আগুন নিয়ে খেলছেন। আগামী সোমবার মুখ্যমন্ত্রী ফুডের উপর স্টেটমেন্ট করবেন। আপনারা জানেন এর আগে প্যাডি কন্ট্রোল অর্ডার হয়েছিল কয় হাজার কেস হাইকোর্ট-এ হয়েছিল রিট পিটিশন

In almost all cases injunction was granted, Government could not take delivery of the paddy.

সোমবারে তারা ফুড পলিসি করবেন, তারা লেভী করবেন, তারা প্রোকিওরমেন্ট করবেন। গ্রামের প্রত্যেকটি চাষী যদি হাইকোর্ট-এ এসে রাইট পিটিশন করে ইনজাংশান নেয়

the entire scheme will be frustrated.

গভর্নমেন্ট সেদিকটা বিবেচনা করছেন না। ও'রা হাইকোর্টকে ভাবছেন আমরা এইভাবে হাইকোর্টকে নিয়ে খেলতে পারব হিউমিলাইট করতে পারব। আমি সেজন্য বলছি শুধু তাই নয় আরেকটি দিক বিবেচনা করার আছে আর্টিকেল ২৯তে আমাদের সংবিধানে বলা হচ্ছে

Any section of the citizens residing in the territory of India or any part thereof having a distinct language, script or culture of its own shall have the right to conserve the same.

এই যে মিষ্টি বাংলাদেশে এটা বাংলার কালচার-এর সঙ্গে জড়িয়ে আছে, শুধু ল্যাংগুয়েজটা কালচার নয়, তার জীবনযাত্রার প্রণালীটাও তার কালচার-এর একটা অংশ। আজকে এইভাবে ও'রা একটা আইন করে বলে দেবেন—বাঙ্গালীকে বলে দেবেন যে তোমরা মাছ খেও না, তোমরা ভাত খেও না, ও'রা কি আইন করে বাংলাদেশের সভ্যতাকে একটা ককটেল সিভিলাইজেশন এ তৈরী করবেন। না ও'রা বলে দেবেন যে না ককটেল পার্টি, ককটেল সিভিলাইজেশন চলুক। এই কি আইন করে করতে পারেন। আমি বলছি এটা সম্পূর্ণ ফুড অন দি কনস্টিটিউশন তা তাঁরা পারেন না। এবং এ যদি ও'রা করেন তাহলে মারাত্মক ভুল ও'রা করবেন। এবং এর ফলে ও'রা যে স্কীম আনছেন তা বানচাল হয়ে যাবে। মাননীয় বিচারপতি শ্রী ব্যানার্জী বলেছেন যে আমি তো বুঝি না যে গভর্নমেন্ট যদি চায় দুধের সরবরাহ বাড়াতে গভর্নমেন্ট তার প্রডাকশন বাড়াতে পারে। তিনি একটা সুন্দর কথা বলেছেন

Government must try to tackle the problem and Government should not try to tinker with the problem. Here I say that the Hon'ble Minister is trying to tinker with the problem and is not going to tacle the problem, is not going to face the problem.

[3-40—3-50 p.m.]

সেই জন্য আপনারা এইভাবে যে আইন আনছেন এর ফলে দুধের সরবরাহ বাড়বে না উপরন্তু প্রায় ৩ লক্ষ লোক বেকার হয়ে যাবে। এর দ্বারা শুধু যে যারা মিষ্টি করছে তারাই অ্যাফেকটেড হবে তা নয়, যারা কনটেনার করছে ঠোঙা তৈরী করছে, মাটির ভাঁড় তৈরী করছে তারাও বেকার হবে যাবে। আপনারা গোল্ড কন্ট্রোল অর্ডার করলেন, কিন্তু গোল্ড কন্ট্রোল করে আপনারা বড় বড় স্বর্ণশিল্পীদের গায়ে হাত দিতে পারেন নি বরং তাদের ব্যবসা বাড়িয়ে দিয়েছেন। কিন্তু সত্যিকারের যারা আর্টিজান ছিল তারাই মারা পড়েছে। এই আইনের ফলে কি হবে, আজকে বাংলাদেশের লক্ষ লক্ষ লোক যারা মিষ্টি করে স্পেসালাইজড কারিগর যারা তারা মারা পড়বে। আমি জিজ্ঞাস করছি এর পরে মুখ্যমন্ত্রী কি বলবেন যে এদের ডিফেন্স ডিপার্টমেন্টে অ্যাবজর্ব করবেন, না এরা অ্যাটোম বোম্ব বা ইন্টার কন্টিন্যানটাল সিভিল গানস তৈরী করবে, গান তৈরী করবে। তারা এখন আর কি কাজে লাগতে পারে? সারা জীবন তাদের কেটে গেছে

ঐ কয়লার আগুনের ধারে বসে মিষ্টি তৈরি করে। সেই সমস্ত লোক আজকে বেকার হয়ে যাচ্ছে তারা গিয়ে কোথায় দাঁড়াবে? আমি তাই বলছি যে আপনারা যা করছেন সেটা সম্পূর্ণ বেআইনী। আমি জিজ্ঞাসা করছি ফজলুর রহমানের কাছে, তাঁকে জবাবদিহি করতে হবে—এই হাউসে তিনি স্টেটমেন্ট করেছেন যে ছানা ব্যান্ড অর্ডার করবার পর দুধের সরবরাহ ৬৪ হাজার লিটার হয়ে গেল, তার আগে ছিল ২৪ হাজার লিটার—

if that statement is correct then the statement made by Shri Biren Bhattacharjee, Secretary of the Deptt. to the Hon'ble High Court in the affidavit must be false and if that statement is correct then the statement made by the Hon'ble Minister on the floor of the House must be taken as absolutely false

এবং এর জন্য একটা প্রিভিলেজের প্রশ্ন হবে, কারণ এইভাবে তিনি হাউসকে ব্লাফ দিয়েছেন। আমি বলছি আপনারা হাজার হাজার টাকা খরচ করে মামলা করেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলছি হাইকোর্ট যে নির্দেশ দিলেন সেই নির্দেশের পরে তিনি অপজিশনকে ডাকতে পারতেন, জুডিসিয়ারির সব এক্সপার্ট, লিগাল এক্সপার্ট তাঁদের সঙ্গে পরামর্শ করতে পারতেন। গণতন্ত্রের মূল নীতি হচ্ছে হোয়াট টাচেস

all should be decided by all.

সেখানে যদি আইন করে লক্ষ লক্ষ মানুষকে বেকার করেন, তাদের পেট ভাতের ব্যবস্থা না করে তাদের সর্বনাশ করেন তাহলে আমি আবার বলব যে আপনারা একটা দারুন সংকট ডেকে আনছেন এবং আপনারা এইভাবে মিথ্যা স্টেটমেন্ট করেছেন যে মাত্র ৯ হাজার লিটার দুধের সরবরাহ বাড়বে, এইভাবে কোর্টকে ব্লাফ দিয়েছেন। কাজেই আমি বলছি এটা প্রত্যাহার করুন।

শ্রীশম্ভুচরণ ঘোষ: অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, এই যে

West Bengal Channa Sweets Control Order

হাইকোর্ট থেকে নাকচ করে দেওয়ার পরে পশ্চিমবঙ্গ সরকার

West Bengal Milk Products Control Order

জারী করলেন, এটা রাতারাতি জারী করার পরে যে অবস্থার সৃষ্টি হয়েছে সেদিকে লক্ষ্য রেখে আমরা আপনাকে অনুরোধ করেছিলাম যে আমরা এ বিষয়ে আলোচনা করব এবং আপনি তা স্বীকার করেছেন। কিন্তু আজকে যে গুরুত্বপূর্ণ বিষয় আমরা আলোচনা করছি সেই অর্ডারটা আমাদের কাছে সারকুলেট করা হয়নি। আমি একটা রুলের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি.....

মিঃ স্পীকার: আপনারা সেটা না নিয়েই নোটিশ দিয়েছেন?

শ্রীশম্ভুচরণ ঘোষ: কিন্তু আমরা আশা করেছিলাম যে এই অর্ডারটা আমাদের সামনে দেওয়া হবে।

মিঃ স্পীকার: এখানে পয়েন্ট অব অর্ডার কিছু নেই, আপনারাই একটা নোটিশ দিয়েছেন, আই হ্যাভ

আপনারা কি কাগজের উপর দিয়েছেন না দিয়েছেন তা আমি জানি না, আর সেটা দেখার অধিকারও আমার নেই।

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমরা অর্ডারটা পাব না?

মিঃ স্পীকার: আপনারা যদি অর্ডারটা না নিয়েই নোটিশ দেন তাহলে আমি পয়েন্ট অফ অর্ডারটা অ্যালাও করি কি করে?

শ্রীশম্ভুচরণ ঘোষ: আমাদের কাছে অর্ডারটা তাহলে সারকুলেট করা হবে না?

Mr. Speaker: How can I allow ? There is no point of order in it.

ডাঃ নারায়ণ চন্দ্র রায়ঃ মাননীয় সভাপাল মহাশয়, আমি কাশীকান্ত বাবুর প্রস্তাবের সমর্থনে বলবার সময় মাননীয় মন্ত্রিমহাশয়ের সামনে দু'-একটা কথা জানাব যে তিনি যেন স্মরণ রাখেন যে তাঁর কাজগুলি বাংলাদেশের ক্যাবিনেটের বন্ধুরা বা তাঁর দলের লোক বা বিধানসভার এই কয়েকজন লোকই যে দেখছেন তা নয়, বাংলাদেশের মানুষ আপনার কাজ-কর্মের মাধ্যমে, আপনার কাজের ভঙ্গির মাধ্যমে আপনার কাজের বিচার করে দেখবে। সবচেয়ে বড় কথা যেটা সেটা হচ্ছে আপনারা শক্তি পরীক্ষার কোন কষ্টিপাথরের সামনে আসেন নি, আপনারা একটার পর একটা আইন করছেন এবং তাতে বাংলাদেশের মানুষকে একটার পর একটা আঘাত করে যাচ্ছেন। তার প্রথম চোটটা এল হাইকোর্টের তরফ থেকে মহামান্য বিচারপতি ব্যানার্জীর কাছ থেকে। আপনাদের লড়তে যাবার সাহস হল না, কারণ আরো হায়ার কোর্টে গেলে যদি আরো অসুবিধা হয়। তাই আপনারা সেখানে বাইপাস করছেন একটা নূতন অর্ডার দিয়ে, অর্থাৎ আপনারা আরো ব্যাপকভাবে চটে গেলেন। সাধারণ মানুষের চোখ থেকে দেখলে দেখা যায় যে ছোট ছেলে রাগ করলে যেমন ইট, পাথর দিয়ে গ্লাস ভেঙ্গে চলে ভোলানাথ হয়ে যায়, আপনারাও তেমনি। অহেতুক রাগ এবং ক্ষোভ দেখালেন। আপনারা মনে করছেন এর মধ্যে রাগ এবং ক্ষোভ প্রকাশ পায়নি। কিন্তু কালকে রেডিও শোনার পর আজকে সকালে খবরের কাগজ দেখার পর প্রত্যেক মানুষ একথা বলেছে যে একটা চড় খেয়ে গায়ের জ্বালায় একটা আইন পাশ করলেন সেটা দিয়ে তাঁরা সাধারণ মানুষের উপর শোধ নিচ্ছেন। এটা ভাল জিনিষ নয়। আপনারা নিজেদের সমস্ত ক্রিটিসিজমের উপর মনে করেন। আপনারা এরূপভাবে ইভিন্ হাইকোর্টকে এভাবে পাশ করে চলে যান তাহলে সাধারণ মানুষকে অন্য রাস্তা গ্রহণ করতে হবে এবং তার জন্য বন্দোবস্ত করতে হবে। এই অর্ডার ছাড়া আগের অর্ডার-এর সম্বন্ধে আমি ২।৩টা বক্তব্য রাখবো। আপনাদের অর্ডারএ বরাবরই একথা বলা ছিল সন্দেশ ইজ এ লাকসারি গুড্স।

শ্রী এস এম ফজলুর রহমানঃ

Sir, are we concerned with an order which has been abbrogated? Is that relevant.

ডাঃ নারায়ণচন্দ্র রায়ঃ আমি ডাক্তার হিসাবে একথা বলতে চাই যে বাঙ্গালীর ঘরে প্রোটিন হিসাবে মাছ ছিল সেটা আজ মানুষের অজ্ঞাতসারে চলে গেছে। আপনাদের আজ হাসতে লজ্জা করে না। একমাত্র প্রোটিন শিশুদের মুখে যা দিতে পারতাম তা হচ্ছে সন্দেশ। বাঙ্গালীর ঘরে প্রত্যেক মায়েরা ঘুম থেকে ওঠার পর সন্দেশ রসগোল্লা রসমুণ্ডি এটা দিতে পারতো তা পারবে না। প্রথম অন্যায় যদি মারাত্মক হয়ে থাকে তবে এটা তার চেয়ে আরও মারাত্মক। আমি একান্ত গরীব মানুষ নই, আমার বাড়ীতেও ৪।৫টি ছেলেমেয়ে আছে তাদের প্রত্যেককে সকাল বিকাল সন্ধ্যা-বেলা সন্দেশ দিতে হয় তাদের মুখ থেকেও আপনি সেটা কেড়ে নিলেন। তার বদলে তাদের দুধ দেবেন বলছেন কিন্তু এটাতে আপনি মানুষকে ভুল বুঝিয়েছেন। আপনি চেয়েছেন দুধ কেড়ে নিতে, মানুষকে দেবার জন্য নয়, হাইকোর্ট যে কথা বলছেন সরকার সেটা করতে পারতেন অর্থাৎ গরু এনে সেটা করতে পারতেন। আপনারা রাউরকেল্লা দুর্গাপুর করতে পারেন আর এটা করতে পারেন না? তা না করে যাদের ঘরে দুধের কারবার আছে তাদের দুধ নিয়ে টানাটানি করছেন। যেটা আপনারা নিজেরা করতে পারতেন সেটা অন্য লোকের জিনিষ নিয়ে হরণ করছেন এবং বড়াই করছেন যে এত দুধ এনেছি। কিন্তু আপনারা কার দুধ আনছেন? আপনারা কাঁচকলা দেখাচ্ছেন, এক দিকে চাল, মাছ নেই, অন্য দিকে ছোট ছেলের সন্দেশ কেড়ে নিচ্ছেন, তাহলে হাওয়া খাওয়া ছাড়া অন্য জিনিষ রাখলেন না। এখন এ উদ্দেশ্যের মধ্যে যদি বাংলাদেশের মানুষকে দুধ খাওয়াতেন তাহলে মানুষ আপত্তি করতো না। আপনারা বলছেন ৫ হাজার কার্ড দেবেন, কিন্তু এটা কাকে দেবেন তা কি জানেন না। আপনাদের খোসামদ না করলে কার্ড পাওয়া যায় না। আপনারা যাদের চেনেন তাদেরই কার্ড হয় বাংলাদেশের মানুষ এতে রাজী হবে না। আজকে আপনাদের এত রাগ কেন? আপনারা কাগজে দেখেছেন যে ছোট ছোট বাচ্চা ছেলেরা সন্দেশ কিনছে সে কি আপনাদের সহ্য হল না। ছোট ছেলেদের ছাঁসি এ মন্ত্রিসভার গালে চড় দিল। আপনারা ক্ষীর পর্যন্ত কেড়ে নিলেন। আদালতের কথা

কাশীবাবু বলেছেন আপনাদের একমাত্র সেই জায়গায় দাঁড় করিয়ে সাজা দেওয়া উচিত। মিথ্যা মিথ্যা ভুল আপনারা বলেন, একবার দিল্লী থেকে স্বর্ণশিল্পীদের আঘাত করলো আর আপনারা বাংলাদেশে বসে আর একটা আঘাত দিলেন বাংলাদেশের মানুষের উপর। যার ফলে যারা সন্দেশ খায় তাঁদের উপর আঘাত করছেন যারা তৈরী করে তাদের উপর আঘাত করলেন এবং যারা দুধ নিয়ে কারবার করে তাদের উপর আঘাত করলেন। আমার বক্তব্য শেষ করার আগে আমি বলবো মন্ত্রিসভার একটা বিবেক থাকা উচিত এবং সে বিবেকের বিচ্ছেদে তাঁরা এ আদেশ তুলে দিতে পারেন এবং তা তুলে নিয়ে একটা তিক্তকর পরিস্থিতি থেকে বাংলাদেশের মানুষকে রেহাই দিন।

[3-50—4 p.m.]

শ্রীহেমন্তকুমার বসু : মাননীয় স্পীকার স্যার, আজকে গভর্নমেন্ট হাইকোর্টের অর্ডারের উপর তাঁদের পূর্ব অর্ডার বাতিল করে দেবার ফলে তাঁরা এক রকম ক্রোধান্বিত হয়ে যে অর্ডার তাঁরা কালকে প্রোমালগেট করেছেন তা সম্পূর্ণ অযৌক্তিক। তাঁরা আজ থেকে এই অর্ডার বলবৎ করছেন। এই অর্ডারের দ্বারা দেশের জনসাধারণের যে কতখানি ক্ষতি হবে সে বিষয়ে তাঁরা কিছুমাত্র চিন্তা করেননি। তাঁরা যাতেই হাত দেন তাতেই সংকট দেখা দেয়। অর্থাৎ খাদ্য, মাছ, দুধ ইত্যাদি যাতেই হাত দিয়েছেন তাতেই একটা সংকট উপস্থিত হয়েছে। এঁরা কোন কিছু সমস্যার সমাধান করতে পারেননি। আজ এই অর্ডার পাশ করে তাঁরা আরও সেটা জটিল করে তুলছেন। এই অর্ডারের পর লক্ষ লক্ষ লোকের জীবনে যে একটা বিপর্যয় আসবে সে কথা তাঁরা ভাবছেন না। তাঁরা মনে করছেন তাঁরা বহাল তবিয়তে গদীতে বসে আছেন, তাঁরা যা করলেন দেশের লোক সেটাই মেনে নেবেন। এই রকম অর্ডারের পর এমন দিন আসবে যেদিন দেশের লোক আর কোন কিছুই মানবে না। ক্ষীর নিয়ে দিন কতক আগে ক্যাবনেটে আলোচনা হয়েছিল। ক্যাবিনেটে আলোচনার পর তাঁরা সিদ্ধান্ত রলেন যে ক্ষীর বন্ধ করা হবে না। অথচ হাইকোর্টের অর্ডারের পর সেই সিদ্ধান্ত কি করে বদলালেন ?এতেই মনে হচ্ছে তাঁদের মস্তিষ্কের কোন ঠিক নেই। তা না হলে কাল যেটা করেন আজ সেটা কি করে পালটান ? এসব কি তাঁরা ভেবে চিন্তে করেন না। কাজেই তাঁদের যে কোথায় স্থান হবে সেটা তাঁরা বুঝতে পারছেন না। আজকে এর দ্বারা লক্ষ লক্ষ জীবন নিয়ে জীবিকা নিয়ে ছেলেখেলা হচ্ছে। নারায়ণবাবু ঠিকই বলেছেন ছোট ছেলেরা কি আনন্দ নিয়ে সন্দেশের দোকানে গিয়ে হাজির হয়েছিল। সরকারের ব্যর্থতা সব জায়গাতে দেখা যাচ্ছে। এঁরা দুধের প্রোডাকসান বাড়াতে পারেননি। গোয়ালাদের উপর নির্যাতন করে, অত্যাচার করে তাদের দুধ কেড়ে নিয়ে হরিণ-ঘাটায় দুধ সংগ্রহ করে লোককে দেখান যে তাঁরা দুধের প্রোডাকসান বাড়িয়েছেন। কতখানি প্রডাকসান বাড়িয়েছেন আর কলকাতা শহরে যতখানি দুধের দরকার হয় তার এক ছটাকও দুধ আপনারা দিতে পারবেন না। সরকার দুধ পাচ্ছেন না। যেখানে ৮ লক্ষ লিটার দুধের প্রয়োজন, সেখানে যদি মাত্র ২ লক্ষ, আড়াই লক্ষ লিটার দুধ হয়, তাহলে তাতে কি করে সমস্যার সমাধান হবে। কাজেই সেদিক থেকে আমি বলবো, সরকার আরও ভাল করে ডেয়ারী করুন প্রোডাকসান বাড়ান। তা না করে, এই রকমভাবে জোর করে মানুষের মুখের অন্ন কেড়ে নিয়ে, লোককে বেকার করে দিয়ে, এই সমস্যা সমাধান হবে না। সরকারের উচিত কালকে ওঁরা যে অর্ডার দিয়েছেন, তা বলবৎ না করা। আমরা সকলেই চাই বাংলাদেশে দুধের সরবরাহ বাড়ুক সকলে পাক। এ বিষয় বিভিন্ন দল এবং অ্যাসেম্বলীর সদস্যদের সঙ্গে আলাপ, আলোচনা না করে, আদায় বা দাদন ৪৪;০০০ লিটারে পরিণত করা হবে এই অর্ডার যেন না করা হয়। কিন্তু এই যে অর্ডার করা হল, তার ফল কি হবে, সেটা তিনি ভাবছেন না। এতে দুধ আরও কমে যাবে, দুধের সমস্যা সমাধান করতে পারবেন না। এই অর্ডারে দুধের সমস্যা আরও জটিল হবে। সেইজন্য এই অর্ডারের প্রতিবাদ করতে আমরা বাধ্য হচ্ছি। আমরা চাই দুধের পরিমাণ বাড়ুক, দেশের লোক পাক, বৃদ্ধেরা পাক, শিশুরা পাক। কিন্তু যে রকমভাবে দুধের সরবরাহ বাড়ান উচিত, সরকার সে দিকে দৃষ্টি দিচ্ছেন না বা চেষ্টা করছেন না। হরিণঘাটায় তাঁদের ডেয়ারী ফার্ম সম্পূর্ণরূপে অকেজো হয়ে গিয়েছে, ব্যর্থ হয়েছে। তাঁরা যাতে হাত দিচ্ছেন, তাতেই ব্যর্থতার পরিচয় পাওয়া যাচ্ছে। সেইজন্য আমি এই অর্ডারের তীব্র প্রতিবাদ করি। তারপর তাঁরা যে ক্ষীর বন্ধ

তার ৮০ পারসেন্ট ক্ষীর বিহার ও ইউ, পি, থেকে আসে, সেগুলো তো বাংলাদেশের ক্ষীর নয়, সেগুলো কি হবে সেও কি ব্যান করা হবে? তা যদি ব্যান করা হয়, তাহলে যত লোক ক্ষীরের সন্দেশ প্রস্তুত করে, তারা বেশীর ভাগ বাইরের ক্ষীর ব্যবহার করে, তাদের খুব দুরবস্থার মধ্যে পড়তে হবে। কারণ, এখানকার ক্ষীরে সন্দেশ তৈরী করলে ১২ টাকা সের পড়ে, আর বিহার বা ইউ, পি-র ক্ষীর থেকে যদি সে সন্দেশ তৈরী করে তাহলে তার দর ৫ টাকা থেকে ৬ টাকা পড়ে। সুতরাং সেদিক থেকে বাইরের ক্ষীরে যারা সন্দেশ তৈরী করে, সেটা তাদের ব্যবহার করতে দেওয়া হবে কিনা? সেটা সরকারের বিবেচনা করতে হবে। কারণ বাইরের ক্ষীরের সংগে বাংলার ক্ষীরের কোন সম্পর্ক নেই। বাইরে থেকে যে বহু পরিমাণে ক্ষীর আসে, সে ক্ষীর এখানে চলতে দেওয়া হবে কিনা, সেটা পরিষ্কার করে সরকারকে বলতে হবে। কাজেই আজকে, যেভাবে এই অর্ডারটা বেরিয়েছে, এর বিরুদ্ধে, সারা বাংলাদেশের প্রতিটি লোকের মুখে প্রতিবাদের সুর ধ্বনিত হচ্ছে। তাঁরা বলছেন সরকার কোন সমস্যা সমাধান করতে পারেন না, প্রত্যেকটি সমস্যা তাঁরা বাড়িয়ে চলেছেন: যেটায় তাঁরা হাত দেন, সেটা আরও খারাপ হয়ে যায়। শুধু সাধারণ মানুষের মধ্যে নয়, ব্যবসায়ীদের মধ্যে নয়, কর্মচারীদের মধ্যে নয়, সর্বত্র একটা বিরাট অসন্তোষ ভাব পাওয়া যাচ্ছে। এর আগে কেবল ছানা জাতীয় দ্রব্যকে নিয়ন্ত্রণ করেছিলেন, এবার ক্ষীর পর্যন্ত করা হল। এইভাবে, সামগ্রিকভাবে যদি করা হয়, তাহলে যে অসন্তোষ সৃষ্টি হল, যে অবস্থা সৃষ্টি হল, সেই অবস্থার দ্বারা দেশে এক বিরাট অসন্তোষ টেনে আনছেন। যাঁরা ট্রেজারী বেঞ্চে বসে আছেন, তাঁরা হয়তো মনে করছেন যে চিরকাল তাঁরা সেখানে বহাল তবিয়তে থাকবেন। অতএব বিরোধী পক্ষ কি বলছে, বা না বলছে, তাতে কি এসে যায়। কিন্তু পৃথিবীর ইতিহাসে দেখা গিয়েছে যাঁরা গদীতে বসে থাকেন, তাঁরা চিরকাল জনসাধারণের উপর রাজত্ব করেছেন, তাঁদের প্রতিপত্তি,তাঁরা যা মনে করেছেন, তা তাঁরা চালিয়ে গিয়েছেন। কিন্তু একদিন এসেছে যখন তাঁদের সেই প্রতিপত্তি, সেই মনোভাব একেবারে অতল জলে অদৃশ্য হয়ে গিয়েছে। আজকে এখানে সেই অবস্থা আসছে। আজকে তাঁরা বুঝতে পারছেন না, কোথায় হাত দিচ্ছেন। দেশের লোক মাথা পেতে দিয়েছে ডি, আই, আর-এর ভয়ে। কিন্তু একদিন আসবে, তারা মাথা পাতবে না, মানবে না, মানবে না।

[4—4-10 p.m.]

শ্রীঅপূর্বলাল মজুমদার: মিঃ স্পীকার স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, গতকাল মাননীয় মন্ত্রী ফজলুর রহমান সাহেব যে বক্তব্য রেখেছিলেন, আজকে তার একটা কপি এখানে সার্কুলেট করা হয়েছে। কিন্তু কালকে এই বক্তব্য আমাদের কাছে সার্কুলেট করা হয় নাই। আমি এই সার্কুলেট করা কপি থেকে দেখছি—তিনি অলরেডি এই ওয়েস্ট বেঙ্গল মিল্ক প্রডাক্ট কন্ট্রোল অর্ডারটা ইসু করে দিয়েছেন। যদিও সেই অর্ডার কোথায় আছে জানি না। গেজেটে পাবলিশড হয়নি আমি যতদূর সংবাদ জানি। ও'র কথামত সেটা পাবলিশড হয়ে গেছে অ্যান্ড হি হ্যাজ কুয়োটেড এ ফিউ লাইনস ফ্রম দ্যাট অর্ডার। এই ওয়েস্ট বেঙ্গল মিল্ক প্রডাক্ট কন্ট্রোল অর্ডার—এটা প্রকাশিত হয়ে গেছে এবং তিনি তার প্রিঅ্যাম্বেল থেকে কুয়োট করে একটা স্টেটমেন্ট আমাদের কাছে সার্কুলেট করলেন। তার পেজ ২, সেকেন্ড লাইনে উনি বলেছেন

The preamble of this order states that "it is necessary and expedient to regulate supplies in West Bengal of milk in fluid form, a commodity essential to the life of the Community."

তিনি খানিকটা অর্ডার-এর কোটেশন দিয়ে আমাদের হাউসের সামনে প্লেস করলেন। আমি আপনার রুল ৩৪৩ অফ দি রুলস অফ প্রসিডিওর-এর প্রতি আপনার দৃষ্টি আর্ষণ করছি এবং কালকে কোটেশন-এ দেখছি টাইপ-এ ছাপান হয়েছে। ১৮।১১।৬৫ অ্যাট ৩—৩-৩৫ পি এম। আমাদের এই রুল ৩৪৩ প্রোভাইড্স্

"If a Minister quotes in the House a despatch or other State paper which has not been presented to the House, he shall lay the relevant paper on the Table:

Provided that this rule shall not apply to any documents which are stated by the Minister to be of such a nature that their production would be inconsistent with public interest:"

এখন উনি যে অর্ডার পাশ করছেন ফর পাবলিক ইন্টারেস্ট

There is a definite direction under the Rules of Procedure that if some lines are quoted from official document that document must be placed before the House. It is also stated in the rule that "Provided further that where a Minister gives in his own words a summary or gist of such despatch or State paper it shall not be necessary to lay the relevant papers on the Table."

কিন্তু এখানে তিনি সামারি দেন নাই।

He has quoted a few lines within inverted comma.

এটা আপনার কাছে দৃষ্টি আকর্ষণ করছি পেজ হতে

He has quoted a few lines from that order which has already been published by the Government yesterday.

যদি তাই পজিশন হয়ে থাকে, তাহলে রুল ৩৪৩ এই হাউসের প্রিভিলেজ এবং হাউসের মাননীয় সদস্যরা জানতে চান কেন তিনি স্টেট পেপার-এ যে কোটেশন দিলেন, তার এনটায়ার পেপার হাউসের সামনে প্লেস করছেন না? স্যার, আপনার বিশেষ করে মনে আছে গত বছর আর একটা কাজ হয়েছিল। আর একজন মন্ত্রী আসল সম্পূর্ণ কাগজটা সরিয়ে রেখে মাত্র একটা কি দুটো লাইন ভূদেব সেনের মার্ডার সম্পর্কে অ্যাটর্নি-জেনারেল-এর মন্তব্যের একটা লাইন দেওয়া হলো, কোটেশন করে তুলে দেওয়া হয়েছিল। তার অভিমতে বলা হলো জুডিসিয়াল এনকোয়ারী হতে পারে না। সেই একটা লাইন কোটেশন থাকার ফলে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম রুল ৩৪৩-এর প্রতি এই বলে যে অ্যাডভোকেট-জেনারেল যে ওপিনিয়ন এক্সপ্রেস করেন অধিকার আছে, সেই অধিকার ভঙ্গ করা হচ্ছে বলে আমি মনে করি।

We are entitled under Rule 343 to have the document placed on the Table of the House.

এবং আপনি সেই বক্তব্য স্বীকার করে নিয়ে রুল ৩৪৩ অনুযায়ী আপনি মিনিস্টারকে অর্ডার করেছিলেন সেটা এনটায়ারলি দিতে—

—entire statement of the Advocate-General may be placed before the House.

এবং আপনার রুলিং অনুসারে সঙ্গে সঙ্গে সেটা প্লেস করা হয়েছিল। সেইজন্য আপনাকে অনুরোধ করবো সেটা এনটায়ারলি এই রুল ৩৪৩ অনুসারে আমাদের সামনে এক্ষুনি প্লেস করে দেওয়া হোক এবং তা না হওয়া পর্যন্ত ইট ইজ এ ব্রীচ অফ প্রিভিলেজ। আমাদের যে অধিকার আছে, সেই অধিকার ভঙ্গ করা হচ্ছে বলে আমি মনে করি।

Shri S. M. Fazlur Rahman: Sir, with regard to the point of order that has been raised by Shri Kashi Kanta Maitra and with regard to the rule quoted by Shri Apurba Lal Majumdar which is not relevant in this respect, I can say that Item 3 of Para 3 of this statement which has been read by me before this House is the Preamble of this Order which is as follows: "It is necessary and expedient to regulate the manufacture of milk products for the maintenance and increase of supplies of milk in West Bengal in bulk form, a commodity essential to the life of the community". This is the Preamble of an Order which has been passed and which has become a public document. So it is not a statement or any part of document which has been entirely in my possession and which has been placed before the House when this matter came up for discussion. So the rule which has been cited and quoted by the honourable member is not at all relevant.

Mr. Speaker: Let us carry on. I will give you the Order in the next few minutes.

শ্রীকাশীকান্ত মৈত্র ঃ অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমি আপনার কাছে অনুরোধ করছি আপনি অনুগ্রহপূর্বক আর্টিকেল ৩০৪ অফ দি কনস্টিটিউসন এটা দেখুন এবং আমার মনে হয় যে কারণে মাননীয় সদস্য শ্রীঅপূর্বলাল মজুমদার যে পয়েন্টটা তুলেছেন সেটার যৌক্তিকতা প্রমাণ হবে আর্টিকেল ২০৪এ। আর্টিকেল ৩০১-তে ফ্রিডম অফ ট্রেড অ্যান্ড কমার্স গ্যারান্টিড।

"Article 304 of the Constitution: Notwithstanding anything in Article 301, freedom of trade and commerce guaranteed....Article 304 of the Constitution: Notwithstanding anything in Article 301 or Article 303, the Legislature of a State may by law (a) impose on goods imported from other States or the Union territories any tax to which similar goods manufactured or produced in that State are subject, so, however, as not to discriminate between goods imported and goods so manufactured or produced; and (b) impose such reasonable restrictions on the freedom of trade, commerce or intercourse with or within that State as may be required in the public interest: Provided that no Bill or amendment for the purposes of clause (b) shall be introduced or moved in the Legislature of a State without the previous sanction of the President"

প্রথমতঃ হচ্ছে আমার পয়েন্ট অফ অর্ডার যে এখানে বাই-ল স্টেট গভর্নমেন্ট ইনটার স্টেট ট্রেডকে রেগুলেট করতে পারে—মে ইম্পোজ রেস্ট্রিকশন। এখানে সাব-অর্ডিনেট লেজিসলেশনেরও বাড়া হয়েছে। এখানে লেজিসলেচারের কাছ থেকে কোন বিল আসেনি, এক্সিকিউটিভ হুইমস-এ তাঁরা এক্সিকিউটিভ অর্ডার দিয়ে হাইকোর্টের অর্ডারকে পর্যন্ত বাই পাস করেছেন। এখানে প্রভাইসোতে বলে দিচ্ছে,

even if that is deemed as regulatory measure imposing reasonable restrictions, then the sanction of the President of India must be had first. So the Minister concerned owes it to the House to lay before us the exact or full purport of the Order to satisfy the whole House that the sanction of the President was obtained and the President was satisfied that there was urgency of the measure and that this was necessitated. Therefore in pursuance of the President's order of satisfaction this regulatory or prohibitory measure has been introduced in the State Legislature by the Minister concerned. Therefore, in any view of the matter the Minister concerned has to lay before us the full purport of the Order and to satisfy us that the President's sanction was obtained. I do not think that the President's sanction was obtained because the hurry and the heat in which the whole thing was gone into could not have given any opportunity to our President to apply his mind and be satisfied to give his sanction.

[4-10—4-20 p.m.]

Shri Somnath Lahiri: Sir, on the point of order raised by Shri Apurba Lal Majumdar and the point made by the Minister concerned.

মিনিস্টার যে কথা বললেন আমি তার কোন মানে বুঝলাম না। কারণ সেই অর্ডার যদি আগে পাবলিশড হয়ে গিয়ে থাকতো, ইফ ইট হ্যাড বিকাম এ পাবলিক ডকুমেন্ট, তাহলে ওঁর কথা খাটতো যে পাবলিক ডকুমেন্ট অলরেডি পাবলিশড হয়েছে, সকলেই দেখেছে, সুতরাং টেবিলে লে করার দরকার নেই। কিন্তু কালকে যখন উনি স্টেটমেন্ট করেছেন তখন ইট হ্যাড নট বিন পাবলিক

he had intended it to be public.

পাবলিক হি হ্যাড ইনটেন্ডেড ইট টু বি পাবলিক। কিন্তু তখন অ্যাট দ্যাট টাইম, ইভন টু ডে, সেটা ছেপে আমরা গেজেটে পাইনি, আমাদের কাছেও হাজির হয়নি, অন্ততঃ কালকে ছিল না।

সুতরাং কালকে উনি যখন একটা অর্ডার রেফার করলেন যা পাবলিক তখনও জানে না এক্সেপ্ট হিজ অফিস তখন সেই অর্ডার উনি লে করতে বাধ্য।

When he is quoting extracts from that document, the point of order raised by Shri Apurba Lal Majumdar is quite right and you can give a ruling accordingly.

Shri S. M. Fazlur Rahman: If you permit me, I can give a reply.

Mr. Speaker: There is no question of reply, you can help it.

শ্রী এস, এম, ফজলুর রহমান: মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র আর একটি সংবিধানগত প্রশ্ন তুলেছেন। তিনি বলেছেন যে ফ্রিডম অফ ট্রেডকে যদি রেস্ট্রিক্ট করতে করতে হয় এবং তার জন্য কোন আইন জারী করতে হয় তাহলে সেটা প্রেসিডেন্টের কনসেন্ট নিয়ে করা হয়। মাননীয় সদস্য ভুলে যাচ্ছেন যে এটা রেগুলার বিল নয়। ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস তার রুল ১২৫এ যে ক্ষমতা দিয়েছে সেই ভারত রক্ষা আইনে, আইনটা স্বয়ং একটা বিল ইনট্রোডিউস করতে গেলে সেই প্রশ্ন উঠতো। এখানে যে পাওয়ারটা দেওয়া হচ্ছে

"General control of Industry etc. (1) In this rule unless the context otherwise requires etc. etc.

(2) If the Central Government or the State Government is of opinion that it is necessary or expedient so to do for securing the defence of India and civil defence, the efficient conduct of military operations or the maintenance or increase of supplies and services essential to the life of the community of for securing the equitable distribution and availability of any article or thing at fair prices, it may, by order, provide for regulating or prohibiting the production, manufacture, supply and distribution, use and consumption of articles or things etc. etc. It is under rule 125 that this order has been made. This order being authorised by President to pass under rule 105"

শ্রীঅপূর্বলাল মজুমদার: মিঃ স্পীকার, স্যার, উনি যে প্রিএ্যাম্বেলটা পড়লেন ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস-এর তার সঙ্গে মাননীয় হেমন্তবাবু যেটা বলেছিলেন যে ইন্টার-স্টেট বিজনেস যেখানে আছে বাইরে থেকে, ইউ, পি, থেকে বা অন্যান্য জায়গা থেকে যে সব ক্ষীর আমদানী হচ্ছে ইট ইজ এ ব্যান অন দি ইন্টার-স্টেট বিজনেস এবং সেই ইন্টার-স্টেট বিজনেস সম্পর্কে আর্টিকেল ৩০৪এ-তে ডেফিনিটলি বলে দেওয়া হয়েছে যে ডি, আই, রুলস সেখানে সাইলেন্ট ডি, আই, রুল সেকথা কখনও বলে না, ডিফেন্স অফ ইন্ডিয়া রুলস-এর পারপাস ইজ আদার ওয়াইজ—উইলিংনেস অফ স্টেট, এসেন্সিয়াল সাপ্লাইস অফ হিউম্যান লাইফ, ডিস্ট্রিবিউশন তাতে যদি ঠিকভাবে ইকুয়াল ডিস্ট্রিবিউশন অ্যান্ড কন্ট্রোল অফ প্রাইস, প্রাইস লাইন হোল্ড করবার জন্য এবং ইকুয়াল ডিস্ট্রিবিউশনের জন্য স্টেট অথরিটি হ্যাজ দ্যাট মাচ অফ পাওয়ার স্টেট অথরিটি সেটা করতে পারে। কিন্তু যেখানে ইন্টার-স্টেট বিজনেসের প্রশ্ন আছে সেখানে রুল ৩০৪ অ্যাপ্লাই করে এবং ৩০৪ হ্যাজ নট

being abbrogated or not been over-ruled and that is not an idea of Defence of India Rule.

সেই রুল ৩০৪-কে ওভার রুল করে যাচ্ছে যেটা কখনও যেতে পারে না। সেজন্য উইদাউট দি কনসেন্ট অফ দি প্রেসিডেন্ট কখনও এই ধরনের অর্ডার পাশ হতে পারে না।

Mr. Speaker: So far as the point raised by Shri Maitra is concerned there is no point of order. It is neither a Bill nor an amendment for the purpose of clause (b) of article 304 referred to by him. Regarding Mr. Majumdar's point, I find from the statement made by the Hon'ble Mr. Rahman yesterday on the floor of the House that he has quoted some portion may be the preamble from a paper which is in possession of the Government and I think that the paper should be laid on the table. Now, I request Mr. Rahman to let me know when he can lay the paper on the table.

Shri S. M. Fazlur Rahman: Sir, it has been published in the "Calcutta Gazette". Members are entitled to have copies of it.

[At this stage Shri S. M. Fazlur Rahman handed some paper to Mr. Speaker]

Mr. Speaker: Mr. Rahman has placed before me a copy of the Extra-ordinary Gazette published on the 18th November, i.e. yesterday, and the preamble as quoted by him from that gazette notification.

Now, let us proceed. Shri Panchu Gopal Bhaduri.

শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অর্ডার সম্পর্কে আইনের যে সমস্ত তর্ক বিতর্ক হল কিন্তু এর পরে হাইকোর্টে আবার যে সমস্ত আইনের পয়েন্ট উঠবে আমি এ সম্পর্কে কোন কিছু বলতে চাচ্ছি না। আমার প্রথমতঃ মনে হচ্ছে যে জনাব ফজলুর রহমান তিনি পশু বিভাগের মন্ত্রী হয়ে পশু সংসর্গে থেকে তাঁর মতিগতি যেন কি রকম সমস্ত ছন্ন-ছাড়া হয়ে গেছে। আজকে যে কথার মধ্যে সাধারণ লোক সে কথা বলছে। কে একজন শ্রী পাল হাইকোর্টে দরখাস্ত করেছিলেন, আর হাইকোর্টের মাননীয় বিচারপতি আগেকার সন্দেশ অর্ডারকে নাকোচ করে দিলেন। তার ফলে বাংলাদেশের ক্যাবিনেট এবং শ্রী ফজলুর রহমানের এরকম রাগ হোল যে তিনি বললেন ছানার সমস্ত সর্বনাশ করে দেবো, করে দিয়ে তিনি এমন একটা প্রতিহিংসামূলক, অত্যন্ত ক্ষুব্ধ হিংস্র অর্ডার দিলেন যে সমগ্রভাবে ছানা জাতীয় সমস্ত জিনিসকে ব্যান করে দিলেন। কিন্তু এই অর্ডারের সময় আমাদের কাছে প্রস্তাবিত যে কাগজ তাতে তিনি একটা জনকল্যাণমূলক উদ্দেশ্যের কথা বলেছেন। প্রচার পত্রে তাঁর যে বক্তব্য সেই বক্তব্য হচ্ছে অন্তঃসারশূন্য। তিনি বলেছেন যে পাঞ্জাবের লোকেরা ১৬ আউন্স দুধ খায়, ইউ পি-র লোকেরা ৮ আউন্স, বিহারের লোকেরা ৪ আউন্স, বাংলাদেশের লোকেরা ২ আউন্সের একটু বেশী। কাজেকাজেই বাংলাদেশের লোককে তিনি বেশী দুধ খাওয়াতে চান- সেজন্য তিনি ছানা জাতীয় এবং ক্ষীর জাতীয় সমস্ত জিনিসের মিষ্টান্ন করা বন্ধ করে দিলেন। ভাল-ভাবে বিচার বিবেচনা করলে তাঁর এই যুক্তি মোটেই দাঁড়াতে পারে না। অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন যে বোম্বাই সহরে সেখানে গভর্নমেন্ট সরবরাহ প্রচুর পরিমাণে বাড়িয়েছে। সেখানে বিভিন্ন মিল্ক পকেট থেকে দুধ আনবার জন্য দূর থেকে যে সমস্ত ট্রেণ আসে সেই সব ট্রেণে কোল্ড স্টেরেজের ব্যবস্থা আছে।

[4-20—4-30 p.m.]

ট্রেণেতে এসে যে দুধ দিয়ে যায়, সেই দুধ কোল্ড স্টোরেজ থেকে সহরে এসে পরে ব্যবহার হতে পারে। সেই রকমভাবে বোম্বেতে যে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা এখানে করেন নি। তেমনি আমাদের পশ্চিমবঙ্গে ফডারের অভাব এবং ভাল দুগ্ধবতী গরুর অভাব। পশ্চিমবঙ্গে গরু পিছু যে দুধের উৎপাদন ভারতবর্ষের ভিতর তা সর্ব নিম্ন। সেই দুধের উৎপাদন বাড়াবার জন্য ভাল ব্রীড ফডারের চেষ্টা করেন নি। তেমনি বাইরে থেকে প্রচুর পরিমাণে হেল্দী গরু আনার চেষ্টাও করেন নি। এগুলি না করে এগজিসটিং যে ব্যবস্থা ছিল তাকে আপনি আঘাত করলেন। শুধু হাইকোর্টের একজন বিচারপতি তাঁকে অপদস্থ করেছেন এবং কে একজন শ্রী পাল মিষ্টান্নের দোকানদার সে দরখাস্ত করেছিল তাতে তিনি ক্রুদ্ধ হয়ে গেলেন। কিন্তু ক্রুদ্ধ হওয়ার সাথে সাথে তিনি যে অর্ডারটি দিলেন তাতে ৮০ হাজার মিষ্টান্ন কর্মচারী কর্মহীন হয়ে গেল। শুধু একটু বিবেচনা করে তিনি সিদ্ধান্ত করলেন, তারপর অর্ডার হল, তারপরে বিকেলের মধ্যে একস্ট্রা অর্ডিনারী গেজেটে ছাপা হয়ে গেল অতি সহজে। কিন্তু তার ফলে ৮০ হাজার লোক বেকার হল এবং তাদের পরিবারের ৩।৪ লক্ষ লোক এই র‍্যাশনের দিনে দুর্ভিক্ষ অনাহারের শিকার হয়ে গেল। তিনি এ সম্বন্ধে কিছুই ভাবলেন না—একটা প্ল্যান্ড ওয়েতে আস্তে আস্তে করার কথা তিনি ভাবলেন না এবং কোলকাতা সহরকে তিনি যে দুধ দিচ্ছেন তা আমরা জানি, যতটুকু দুধ দিচ্ছেন কোলকাতায় তার যে বন্টন হচ্ছে তাতে এক ভয়াবহ অনাচার আছে। এক একটা পরিবার হয়ত ৬ লিটার দুধ পাচ্ছে, আবার রুগ্ন লোক, প্রসূতি, শিশুদের খাবার জন্য ½ লিটার চেয়েও পাচ্ছে না। এই রকম শত শত দরখাস্ত আছে, যখন দরকার হবে আমি সেই এভিডেন্স আপনার কাছে দেব। এই সামান্য মাত্র যে দুধ তার জন্য যে

ডিস্টারবেন্স করলেন সমস্ত কিছু যে ব্যবস্থা তার একদিকে প্রচলিত একটা ব্যবসাকে আ করলেন, ৮০ হাজারেরও বেশী লোক কর্মচ্যুত হল এবং তার ফলে অনাহারে শিকার হয়ে পা হচ্ছে ৩।৪ হাজার লোককে। এদিকে তিনি কিছুই ভাবলেন না। আমার যেটা মনে হ অত্যন্ত দায়িত্বহীন মন্ত্রীসভা তার অত্যন্ত দায়িত্বহীন মন্ত্রী লোকে বলছে—জনাব ফজ রহমান সাহেব সম্বন্ধে বলছেন যে কংগ্রেস রাজার শনি মন্ত্রী, সেদিক থেকে শনির শনি হ ফজলুর রহমান। তিনি মাছ ছুঁলেন মাছ ভ্যানিস—দুধ ছুঁলেন দুধ ভ্যানিস। ছোট ছেলের মায়েরা মাথার শিয়রে দুটো রসগোল্লা বা সন্দেশ রেখে দিতো—ছেলেরা কাঁদলে এ সন্দেশ বা একটা রসগোল্লা দিয়ে তাকে শান্ত করে সন্তুষ্ট হোত—তা থেকে তারা বঞ্চিত হয়ে অবশ্য তাতে তার কিছু আসে যায় না। তিনি ক্রুদ্ধ হয়েছেন, প্রতিহিংসা পরায়ণ হয়েছে প্রতিহিংসাকে চরিতার্থ করেছেন। তিনি বাংলাদেশের অগণিত এক্সপেকটেন্ট মাদার, চিলড্রে তাদের দুধ খাওয়াবেন বলেছেন—কিন্তু তারা এখন এ্যামিনিটিজ পায়, দুঃখের সংসারে যতট করতে পারে তার থেকে তাদের বঞ্চিত করলেন। অবশ্য আমি জানি না তিনি এ রকম কে নিয়ম করেছেন কিনা বা সে নিয়ম পালন করতে পারবেন কিনা যে শিশু এবং এক্সপেকটে মাদার অ্যাপ্লাই করলে দুধ পাবে। কিন্তু আমরা জানি যে একটা ফ্যামিলি—মন্ত্রীমহাশ হয়তো পরিচিত ফ্যামিলি হতে পারে বা কোন গভর্নমেন্ট সার্ভেন্ট-এর ফ্যামিলি হতে পা একটা ফ্যামিলি ছয় লিটার দুধ পায়—অথচ তারই পাশাপাশি বৃদ্ধ পঙ্গু লোক দুধ চাইলে প না—এই রকম দেখেছি। শিশু প্রসূতিরা পায় না এই রকম কেস দেখেছি। কাজেই এদের জ দুধ দিতে হবে বলে তিনি যে অর্ডার পাশ করেছেন তাতে তারা দুধ পাচ্ছে না এবং পাবেও এবং যে পরিমাণ দুধ এখনও পর্যন্ত তিনি জোগাড় করতে পেরেছেন এবং সেই দুধ কমে যাওয় আশঙ্কা যে করেছেন যে ৬০ হাজার, পরে ৪০ হাজার পর্যন্ত হয়ে যেতে পারে—সেইজন্য এ অর্ডার পাশ করেছেন, আমি বলছি যদি ৮০ হাজার লিটার বাড়ে তাহলে যে সমস্ত নিডি লে আছে যারা দুধ এখন পাচ্ছে না তারা পরেও পাবে না। যে পরিমাণ দুধ হলে এটা হওয়া সম্ভ সেই ৬।৭ লক্ষ লিটার দুধ কোলকাতায় এবং তার কাছাকাছি এলাকায় ঐ দুধে দেও প্রয়োজন কিন্তু তা আজ পূরণ করা যাচ্ছে না। তার জন্য উচিত ছিল উৎপন্নের দিকে বে লক্ষ্য দেওয়া, ট্রেণ-এ ট্রেণ-এ রেফ্রিজেরেটার করা উচিত ছিল। চিলিং স্টেসন অনেক পরিমা অনেক জায়গায় করা উচিত। কিন্তু তা না করে বাইরে থেকে ছানা আসা বন্ধ করে দিচ্ছে আপনারা মিল্চ কাউ দুধ বাড়ান যাতে দরকার আমাদের দেশে গরু দেশী গরু তাদের ফোড় নেই। যে সমস্ত গোচারণ মাঠ ছিল তা নষ্ট হয়ে গেছে। গরুর ফোডার নেই। কাজেই দিক থেকে আমরা দেখছি যে এর কোন ব্যবস্থা না করেই একটা প্রচলিত ব্যবস্থা যা ছিল ত উপর আপনারা হাত দিলেন এবং এক বিরাট বেকার সমস্যার সৃষ্টি করলেন। সে দিক থে আমার মনে হয় যে আপনারা অত্যন্ত দায়িত্বহীনভাবে এ কাজ করলেন। আমি আবেদন কর যে আপনাদের ক্যাবিনেট অর্ডার বিবেচনা করুন না হয় এই অর্ডার সংশোধন করুন। হাইকো এর অর্ডার তার মুখের উপর ঘষে দেবার আগে এই অর্ডার সংশোধন করবেন এই আশ করি।

শ্রীগুরুপদ খাঁন : মাননীয় সভাপাল মহাশয়, আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে প্রস্তাব বিরো পক্ষ থেকে আসা উচিত ছিল সেই প্রস্তাবের এরা নিন্দা করছেন। বিরোধী পক্ষের বন্ধু কোন কিছু নূতন কথা বলেন নি, তারা কেবল বিরোধিতাই করে চলেছেন। আমি বুঝে পারছি না তারা কেন এই মনোভাব গ্রহণ করেছেন। এর উদ্দেশ্য যখন হল দুগ্ধের সরবরা বাড়ান এবং তা বাড়াবার জন্য সরকার যখন চেষ্টা করেছেন, তখন কই এই প্রস্তাবের বিরোধি করেছেন। শিশুদের বঞ্চিত করে তাদের স্বার্থে সন্দেশের ব্যবহারের জন্য ওকালতী করছে তা জানি না। সন্দেশ এবং রসগোল্লা বাংলাদেশে সব কিছু নেই। তার মধ্যেই বাংলাদেশে সংস্কৃতি এবং অর্থনীতি জড়িত এই কথা কাশীবাবু বলেছেন। তিনি এই মন্তব্য প্রকা করেছেন বাংলাদেশের ঐতিহ্য শুধু ঐ রসগোল্লা সন্দেশের মধ্যে আছে এবং এর পরিবর্ত হলে নাকি আমাদের ঠুনকো সংস্কৃতি পরিবর্তন হয়ে যাবে। তা যদি হয় তা হলে বাংলাদেশে লোক রসগোল্লা, পানতুয়া এই সমস্ত যা আছে তাহলে বাংলাদেশের সংস্কৃতি থাকতো। দুধে

জায়গায় যে সমস্ত মিষ্টান্ন আসছে তা বন্ধ করে দিলে কি ক্ষতি হবে। আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা কাদের স্বার্থে একথা বলছেন যে এর মধ্যে বাংলাদেশের সংস্কৃতি আছে। এ ছাড়া কোলকাতায় যে ৫০ লক্ষ অধিবাসী আছে—ডাঃ নারায়ণ রায় বললেন যে ছোট ছেলেমেয়ে আছে তাদের হাতে নাকি সন্দেশ তুলে দিতে পারেন না। পাঁচুবাবু বলেছেন যে ৫০ লক্ষ অধিবাসীর মধ্যে কতজন মাতাপিতা ছেলেমেয়েদের মুখে দুটো করে সন্দেশ, রসগোল্লা দিতে পারেন। সেটা আমি বুঝতে পারছি না। এটা অত্যন্ত দুঃখের কথা তার সমস্ত কিছুই ওর মধ্যে ধরে রেখেছেন। আজকে আমরা যদি শিশুদের দুধ দিতে না পারি তাহলে অত্যধিক অন্যায় হবে। এটা অত্যধিক বলিষ্ঠ পদক্ষেপ সরকার নিয়েছেন, সরকার যে প্রোগ্রাম নিয়েছেন এবং সরকার যেভাবে কাজ করতে যাচ্ছেন, বিরোধী পক্ষের বন্ধুরা যাদের নিজেদের প্রগতিশীল বলে মনে করেন তাদের উচিত ছিল সবচেয়েও বেশী এগিয়ে আসা। সন্দেশ যখন ব্যান করা হয়েছিল তখন এটা শুধু কোলকাতায় নয় বাংলাদেশের অনেক মিউনিসিপ্যাল এলাকায়ও করা হয়েছিল। আজকে আমাদের দেশের শিশুদের বঞ্চিত করা হচ্ছে। সুতরাং আইন করে যদি এটা বন্ধ করা হয় জানি না কাদের স্বার্থে কিসের জন্য বিরোধী পক্ষ এর বিরোধিতা করছেন এবং কণ্ঠ এরূপ ধ্বনিত করছেন। বেকারের কথা তারা বলেছেন কিন্তু আপনারা সকলেই জানেন যখন সন্দেশের আদেশ প্রত্যাহার করা হল তখন তাদের ২।৩ ঘণ্টার মধ্যে সন্দেশ বাজারে দেখা গেল, এ একটা বিরাট প্রহসন। হাইকোর্ট-এর বিচারের অর্ডার পাবার সঙ্গে সঙ্গেই সমস্ত বাজারে সন্দেশ দেখা দিল, নিশ্চয়ই সন্দেশ অল্প সময়ের মধ্যে অন্য জায়গা থেকে চলে আসে নি এটা নিশ্চয়ই তারা করত তা না হলে একদিনের মধ্যেই সমস্ত গ্রাম থেকে কারিগর ধরে এনে সন্দেশ করা যায় না।

[4-30—4-40 p.m.]

যেদিন হাইকোর্ট থেকে রায় বেরোল তারপরের দিনে দেখা গেল যে বাজারে সন্দেশ ভর্তি হয়ে গেছে। কোথায় ছিল? আমি বলি দুধজাত যে সমস্ত মিষ্টান্ন তৈরী হয় সেই সমস্ত দুধ যদি শিশুদের মুখে দিতে পারি তাহলে শিশুর মাতা-পিতা নিশ্চয়ই এবং দরিদ্র জনসাধারণ যারা রয়েছেন তারা আশীর্বাদ করবেন এই সরকারকে, তারা এটাকে সমর্থন করবেন। যে সব লোকের কণ্ঠে প্রতিবাদের সুর ধ্বনিত হচ্ছে যারা আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যাদের সঙ্গে একমত সেই মিষ্টান্ন ব্যবসায়ীরা হয়তো সমর্থন করবেন না। এরাই এই ভ্রাতৃ দ্বিতীয়ার দিনে দেখেছি যে ১২ টাকা ১৩ টাকা দরে সন্দেশ বিক্রী করে আর আজ তাদের জন্যই প্রতিবাদের সুর ধ্বনিত হচ্ছে। আমরা আজ শিশুদের এবং মায়েদের মুখে দুধ দেবার ব্যবস্থা করছি। আমরা আরও চেষ্টা করছি যাতে আরও বেশী করে কার্ড দিতে পারি। আজকে তাদের মুখে এই প্রতিবাদ ধ্বনিত হচ্ছে আর সেটাই কি আমাদের বিশ্বাস করতে হবে। যারা নূতন এই ৮ হাজার কার্ড পেল তারা নিশ্চয়ই এটাকে সমর্থন করবে এবং আরও যারা কার্ড পাবে এই সমস্ত ব্যক্তি সরকারকে অকুণ্ঠ আশীর্বাদ জানাবে। শুধু পল্লী অঞ্চলের কথাই আমি বলছি না আমি সরকারকে অনুরোধ করবো যে বিভিন্ন মিউনিসিপ্যাল এলাকায় যাতে তারা এই ব্যবস্থা করতে পারেন। সেখানকার জনসাধারণকে যাতে দুধ দিতে পারেন—সেখানকার শিশুদের মুখে যাতে দুধ দিতে পারেন তার জন্য যেন তারা চেষ্টা করেন এবং এই অঞ্চলের লোকেরা নিশ্চয়ই সরকারকে সমর্থন করবে। আজকে কাদের মুখে প্রতিবাদের সুর ধ্বনিত হচ্ছে না মুষ্টিমেয় কয়েকজন ব্যবসায়ী যারা ব্যবসা করে অনেক টাকা করেছেন, আমি বিশ্বাস করতে পারি না যে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এরূপ একটা প্রগতিশীল বিলকে প্রতিক্রিয়াশীল বলে অগ্রাহ্য করে দেবেন। আমাকে এই কথা বিশ্বাস করতে হবে যে আমাদের কৃষ্টি, আমাদের সভ্যতা, আমাদের সংস্কৃতি এবং অন্যান্য যা কিছু তা নাকি এই মিষ্টান্নের মধ্যেই আছে। আমাদের পোষাক-পরিচ্ছদ আমাদের চলন বলন আমাদের সাহিত্য, সংস্কৃতি, কৃষ্টি যেখানেই আমাদের সভ্যতা রয়েছে। সেইজন্য আমি বলবো যে একথা সম্পূর্ণ ভুল এবং আমাদের সভ্যতা এর মধ্যেই থাকবে। তা না করে কয়েকটা মিষ্টান্নের মধ্যে সভ্যতা থাকে একথা যদি বিশ্বাস করতে হয় তাহলে এর চেয়েও আর কি আশ্চর্যের আছে (এ ভয়েস—তাহলে কি ড্রেন পাইপের মধ্যে সভ্যতা?)

আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা এই মিষ্টান্ন ব্যবসায়ের কথা বলেছেন কিন্তু আমরা যদি শিশুদের দুধ থেকে বঞ্চিত করি তাহলে কি আমাদের তারা এটা মেনে নেবেন। কিন্তু বিরোধী পক্ষের বন্ধুরা ঐ সব কথা বলেন নি, কেবল কয়েকজন বলেছেন যে আমাদের দুধের প্রডাকসন বাড়াতে হবে। আমি বলবো আমাদের সরকারের অবশ্যই যথেষ্ট পরিমাণ দুধের প্রডাকসন বাড়াতে হবে। আরও বিভিন্ন জায়গায় এবং কোলকাতা সহরে এ দুধ সরবরাহ বাড়াতে হবে। যেখান থেকে দুধ আসে সেটার ব্যবস্থা করতে হবে। যদি আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলেন যে তারা এগুলি সমর্থন করছেন না তাহলে আমরা আর কি বলতে পারি। ডাঃ নারায়ন রায় বলেছেন যে আপনারা কার ঘর থেকে দুধ আনবেন, আপনারা চুরি করে দুধ আনবেন। আমি বলবো কোলকাতার লোককে খাওয়ানোর জন্য আমরা কি ধান চাল পল্লী অঞ্চল থেকে আনছি না বা পল্লী অঞ্চলের লোক সহরের জন্য দিচ্ছে না। সুতরাং বাংলাদেশে যা তৈরী হবে তা সব জায়গায় সুসম বণ্টন করতে হবে, শিশু যাতে তার প্রয়োজন মত দুধ পায় সেদিকে লক্ষ্য রাখতে হবে। কোলকাতার লোক হাওড়ার লোককে কি আমরা ধান চাল এনে দিচ্ছি না ? আজকে আমাদের ভাবতে হবে যে সরকার কোথা থেকে এসব তৈরী করবেন। গড়ের মাঠ বা পার্ক দিয়ে তো ধান চাল তৈরী করবেন না। যে গোয়ালা দুধ উৎপাদন করে সেই দুধে বড়লোকেরা সন্দেশ রূপে মিষ্টি খেয়ে থাকেন, কিন্তু সেই দুধ যদি আমরা শিশুর জন্য, বৃদ্ধের জন্য সরকার থেকে ব্যবস্থা করতে না পারি তাহলে একটা অন্যায় হবে। এটা কেউই সমর্থন করবেন না, সন্দেশ দুগ্ধজাত মিষ্টান্ন বলে যে সবই চলে গেল বলে মনে করার কোন কারণ নেই। দুগ্ধজাত দ্রব্য বলতে আরও অনেক জিনিস আছে, হরলিকস পাওয়া যায়, চকোলেট পাওয়া যায়। এই সব তো বাদ দিয়ে দেওয়া হয়েছে। আমি মনে করি দুগ্ধজাত মিষ্টান্ন আরও অনেক আগেই বন্ধ করে দেওয়া উচিত ছিল এবং অনেক আগেই এ ব্যাপারে চিন্তা করা উচিত ছিল বলে মনে করি। অনেক লোক বেকার হয়ে যাবে। পাড়াগাঁয়ে অনেক লোক, যারা ছানা নিয়ে আসে, ক্ষীর নিয়ে আসে, তারা বেকার হবে যাবে বলে, একটা মস্তবড় আশঙ্কা প্রকাশ করা হয়েছে। আমি একটা কথা আপনাদের স্মরণ করিয়ে দিই—আমাদের প্রয়োজন সবচেয়ে বেশী দুধ, না, মিষ্টান্ন ? নিজের বুকে হাত দিয়ে যদি প্রশ্ন করেন, তাহলে নিশ্চয়ই তার উত্তর পাবেন। এ কথা অবিসংবাদিতভাবে সত্য, এ কথায় কোন প্রমাণের আবশ্যকতা থাকে না, এ কথাটায় কোন তর্কের অবকাশ রাখে না, যে দুধ আমাদের সবচেয়ে বেশী প্রয়োজন। এই দুধ, দুধের আকারে পলতায় আসুক, আমরা চাই। এর জন্য সরকারের যা ব্যবস্থা করা উচিত, তা করতে হবে। যেমন কোল্ড স্টোরেজ বা চিলিং স্টেসন, বা অন্যান্য যা কিছু প্রয়োজন, তা আরও বেশী, বেশী করতে হবে। আমরা চাই দুধ সেটা দুধের আকারে আসুক, ছানা বা ক্ষীর, বা সন্দেশের আকারে নয়। গোয়ালা যারা দুধ উৎপাদন করে, তারা ন্যায্য দাম পাবে। মধ্যখানে যে সমস্ত এজেন্ট, ছানা নিয়ে আসে বা ছানা তৈরী করবার জন্য বড় বড় কারখানা করেছেন, তাদের উচ্ছেদ করে দেওয়া হোক। মধ্যখানে যে সব দালাল আছে, তাদের উচ্ছেদ করে দেওয়া হোক। প্রকৃত গোয়ালা যারা, যারা দুধ উৎপাদন করে, তারা ন্যায্য দাম পাক। তাদের কাছ থেকে সরকার নিজেদের লোক দিয়ে দুধ সংগ্রহ করে নিয়ে আসছেন। এই যে বৈপ্লবিক পদক্ষেপ করা হচ্ছে, এই যে প্রগতিশীল বলিষ্ঠ নীতি গ্রহণ করতে হয়েছে, তাকে সমর্থন না করে, আপনারা তার বিরোধিতা করছেন। আমার মনে হয় যে, আপনারা নিজেদের ঘরের শিশু, বৃদ্ধ রোগীদের কথা যদি একটু চিন্তা করেন, তাহলে নিশ্চয়ই সরকারের এই প্রগতিশীল যে নির্দেশ বা আদেশ, তাকে সমর্থন করবেন। সারা বাংলাদেশের মিউনিসিপ্যালিটিগুলিতে এবং অন্যান্য আরও বড় বড় জায়গায়, যেখানে দুধের অভাব রয়েছে, সেখানেও যাতে এই রকম ধরনের আদেশ বলবৎ হয়, তারজন্য আমরা চেষ্টা করবো। সরকারের এই বলিষ্ঠ নির্দেশের পিছনে আমি সর্বান্তঃকরণে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীনিখিল দাস : মাননীয় সভাপাল মহাশয়, আমাদের পশু বিভাগের মন্ত্রী বাংলাদেশের মানুষকে দুধ খাওয়াবার জন্য খুব ব্যাগ্র হয়ে উঠেছেন।

পশুপালন তাঁর দপ্তরের অধীনে, আপনার মাধ্যমে একটি প্রশ্ন শুধু জিজ্ঞাসা করতে চাই,—তাঁর এই মন্ত্রিত্ব চার বছর হয়ে গেলো—তাঁর আমলে—যারা দুধ দেয়, গোধন বা মহিষ, তাদের কতটা উন্নতি-সাধন উনি করতে পেরেছেন ? বাংলাদেশে প্রায় দেড় লক্ষ গোধন আছে, এই দেড়

ক গোধনের উন্নতি তিনি কতটুকু করতে পেরেছেন? তারা যে পরিমাণ দুধ, তিনি মন্ত্রিত্বে আসার আগে দিত, তার চেয়ে বেশী দিচ্ছে না কম দিচ্ছে? তিনি কি খবর রাখেন, এই দেড় লক্ষ গোধন বা মহিষাদি যা আছে, তার মধ্যে বেশীর ভাগই ফোডার পায় না, তাদের খাবার নেই। সেই গোধনকে উন্নতি করে, গো উৎপাদন যে বাড়ান যেতো, সেদিকে নজর তাঁর গেলো না। সে-দিকে নজর না দিয়ে দুগ্ধের উৎপাদন বৃদ্ধি করে, মানুষের কাছে দুধ পৌঁছে দেওয়া, এদিকে তাঁদের নজর যায় না। যেটা করার মধ্যে কিছুটা ভাল জিনিস আছে, যা করলে দুধের পরিমাণ বাড়তো, তা না করে এমন এক পথ, এখন ধরেছেন, যে পথে লোকে দুধ পাবে না, এবং একটি শিল্পও ধ্বংস হয়ে যাবে। মাননীয় সভাপাল মহাশয়, উনি বলেছেন যে আমাদের দুধ বাড়তি করে খাওয়াবেন। উনি মাছে হাত দিয়েছিলেন, মাছ উঠে গিয়েছে। এখন উনি আবার মিল্টান্ন বন্ধ করে দুধ বেশী করে খাওয়াবেন বলছেন। উনি যে জায়গায় হাত দিয়েছেন, সে জিনিস উধাও হয়ে গিয়েছে। দুধও দেখবেন উধাও হয়ে যাবে, ব্ল্যাক মার্কেটে যাবে। উনি দুধ যাদের খাওয়াবেন বলেছেন,—যাদের জন্য বলতে গিয়ে গুরুপদবাবু চোখের জলে আসেম্বলী ভাসিয়ে দিলেন, শিশু, বৃদ্ধ, রোগী, যাদের কথায় ওঁর মন একেবারে উদ্বেলিত হয়ে উঠেছে, সেই গরীব সাধারণ মানুষ, তারা আজও দুধ পাচ্ছে না, এই অর্ডারের পরে তারা আরও দুধ পাবে না। এবং তাদের যে ক্রয় ক্ষমতা, সেই ক্রয় ক্ষমতা এমন জায়গায় রয়েছে, যেখানে দুধের দাম কমাতে না পারলে দুধ কিনে তারা খেতে পারবে না। আর কার্ড? সেও তদ্বিরের ব্যাপার। গুরুপদ-বাবুর কার্ডের প্রয়োজন হলে, তদ্বির করলে কার্ড পাওয়া যাবে কিন্তু গরীব মানুষ, যাদের প্রয়োজন আছে তারা কার্ড পায় না, পাবে না এবং কিছুতেই পাবে না। এ হচ্ছে বাস্তব সত্য। সভাপাল মহাশয়, আমার দ্বিতীয় কথা হল, যে মাথা থেকে এই অর্ডার বা বিল এসেছে, সে মাথাকে বলিহারি। সেই মাথায় যা থাকা দরকার তা নেই। যে মাথা থেকে এই অর্ডার এসেছে, সেই মাথায় যে জিনিস থাকা দরকার তা নেই। সেই মাথায় আছে কেবল গোধন, যা দিয়ে জ্বালানি তৈরী হয়, ঘুঁটে তৈরী হয়, সেই জিনিস মাথায় না থাকলে এমন অর্ডার হতে পারে না। এবং সেই জিনিস মাথায় থেকে যা তৈরী করেছে তাতে দেশটাকে জ্বালিয়ে পুড়িয়ে ছেড়ে দেবেন ওঁরা।

[4-40—4-50 p.m.]

এই সন্দেশ বন্ধ আদেশের ফলে আড়াই লক্ষ লোককে তাঁরা বেকার করছেন। যার ফলে আজ তাদের ঘরেতে হাহাকার রব উঠেছে। এই করে তাঁদের মগজের জ্বালানি ঘুঁটে দিয়ে দেশটাকে ছারখার করে দেবেন তাঁরা। এই যে সন্দেশ বন্ধ হয়ে গিয়েছিল বললেন, তাহলে আদেশ নাকচের পরদিনই সন্দেশ এলো কি করে? আমি তাঁকে জিজ্ঞাসা করবো সন্দেশ কি তখন পাওয়া যেত না কালোবাজারে? নিশ্চয়ই কালোবাজারে সন্দেশ ছিল। পেছন দরজা দিয়ে সেই সন্দেশ আনাগোনা করতো। সাধারণ মানুষ যারা তাদের ক্রয় ক্ষমতার বাইবে চলে গিয়েছিল। এই করে কি ছানার মিষ্টি তৈরী বন্ধ হবে? মিউনিসিপ্যালিটি ও কোলকাতা সহরের বাইরের এলাকায় গিয়ে সন্দেশ রসগোল্লা তৈরী হবে। গাড়ি যাদের হাতে আছে, তাদের রাজভবনে বসে সন্দেশ রসগোল্লা খেতে কোনই অসুবিধা হবে না। গাড়ি যাদের আছে—মন্ত্রীবাবুদের, যারা গাড়ি করে কোলকাতার আশেপাশে ঘোরেন, তাদের কোলকাতা কর্পোরেশনের বাইরে দশ মাইল দূর থেকে গাড়ির গোপন ক্যারিয়ারে করে তারা সেই সন্দেশ রসগোল্লা নিয়ে আসতে পারবেন। কারণ সেখানে তো নিয়ন্ত্রণ আদেশ বলবৎ নাই। কাজেই আদেশের ফলে ব্যাপকভাবে মিষ্টির কালোবাজার দেখা দেবে। এই যে দুধ পাবার কথা বলছেন, দুধ বেশী করে পাওয়া যাবে, তা পাওয়া যাবেনা, দুধের জোগান বাড়বেনা। মাননীয় সভাপাল মহাশয়, গরীব লোক যারা দুধ খেতে পাচ্ছে না তাদের দুধ দেওয়া দরকার। কিন্তু কিভাবে আপনি তাদের দুধ খাওয়াবেন? তার পন্থা কি? লোকের ক্রয় ক্ষমতার মধ্যে সেই দুধ দিতে হবে। সেখানে তাদের সার্বাস-ডাইসড রেটে দিতে হবে। যারা দুধ উৎপাদন করে, তাদের কাছ থেকে ন্যায্য মূল্য দিয়ে কিনে এই গরীব মানুষদের, অভাবী মানুষদের দরজায় সার্বাসডাইসড রেটে পৌঁছে দিতে হবে। ডাবল টোনড মিল্কই বলুন বা সিঙ্গেল টোনড মিল্কই বলুন, যে দামে আপনারা বিক্রী করছেন এখন, সেই দামে যদি বিক্রী করেন, তাহলে লো ইনকাম গ্রুপ-এর লোক যারা, তারা সে দুধ কিনে খেতে পারবেনা। আপনি তাদের ক্রয় ক্ষমতা বাড়াবেন কি করে?

এর সাথে সাথে আর একটি প্রশ্ন জিজ্ঞাসা করছি—এই যে দুধ যা বাড়তি হবে, আপনাদের আবুহোসেনী পরিকল্পনা সত্যি বলে যদি ধরে নেই, মহম্মদী তোঘলকী পরিকল্পনাকে যদি সত্যি বলে ধরে নেই, এদিকে মিল্কি তৈরী বন্ধ হয়ে গেল, সেই যে বাড়তি দুধ আসবে বলছেন, সেই দুধ সংরক্ষণের ব্যবস্থা কি? তা সংগ্রহের ব্যবস্থা কি? আপনাদের সেই দুধ প্রোকিওর-মেন্টের উপযুক্ত মেশিনারী নাই। সংগ্রহ কি করে করবেন, কোথায় সে দুধ রাখবেন তার কোন ব্যবস্থা নাই, তা বণ্টনেরও ব্যবস্থা নাই। এসব ব্যবস্থাদি প্রথমে না করে রাতারাতি অর্ডার চলে গেল। আগে বিজ্ঞানসম্মতভাবে প্রাথমিক স্তরের এই ব্যবস্থাগুলি করুন। এতদিন যখন দেরী হলো, কাজ হয় নাই? এই ধরনের আদেশ মহম্মদ তোঘলকী বা আবুহোসেনী রাজত্ব ছাড়া অন্য কোন রাজত্বে চলে না বা দেওয়া যায় না। রুল অফ ল-এর কথা আর বলবো না। হাইকোর্টের একটা আদেশ আপনারা একটা এক্সিকিটিভ অর্ডার বাতিল করে দিলেন। এখন কি আইনের শাসন চলছে না? কিসের শাসন চলছে? যেটা হাইকোর্ট জজ বলেছেন লিখিতভাবে, তার বিরুদ্ধে আপীল করার আপনাদের সাহস হলো না। এইভাবে আপনারা কাঁচাকলা দেখিয়ে দিচ্ছেন। হতে পারে প্রচুর পরিমাণে কাঁচাকলা আজকাল রাজভবনে যাচ্ছে। মুখ্যমন্ত্রী মহাশয় তো কাঁচাকলা খেয়েই বেঁচেই আছেন। আর আপনাদের সেই আদেশের ফলে আড়াই লক্ষ মানুষ বেকার হয়ে গেল—যাদের জন্য গুরুপদবাবু মায়াকান্না কাঁদলেন। এর আগে দেখা গেছে মাছ, তেল যা কিছু আপনারা নিয়ন্ত্রণ করেন, তা আর বাজারে পাওয়া যায় না। কাজেই এই যে দুধ দেবেন বলছেন, এই ছানা বন্ধ করে সেই দুধও আপনারা বাজারে দিতে পারবেন না। আপনারা করবেন কি, করবেন শুধু একটা কাজে আড়াই লক্ষ কর্মচারী, সাধারণ মানুষ, যারা মিষ্টান্ন ব্যবসায়ী নয়, যারা রোজগার করে খেতো, যারা পরিশ্রম করে সংসার প্রতিপালন করতো সেই লোকগুলিকে আপনারা বেকার করে দিচ্ছেন, সেই লোকগুলিকে অনশনের মুখে ঠেলে দিচ্ছেন, তাদের ঘরে আত্মহত্যাকে ডেকে আনছেন, তাদের ঘরের শিশুগুলি, এই লোকগুলি বেকার হয়ে যাবার ফলে শুকিয়ে মারা যাবে। তাদের জন্য এতটুকু চোখের জল আপনাদের নেই, তাদের জন্য এতটুকু বেদনাবোধ আপনাদের নেই। আড়াই লক্ষ মানুষকে রাস্তায় ফেলে দিতে এঁদের এতটুকু বাধে না। আজকে দেশ রক্ষার কথা বলছেন, ইমার্জেন্সির কথা বলছেন, সেই ইমার্জেন্সির সময়ে এই অর্ডার দেশে বিশৃংখলার সৃষ্টি করবে, আড়াই লক্ষ মানুষকে রাস্তায় এনে দাঁড় করাবে, প্রতিরক্ষার কাজ প্রতিহত হবে। আমাদের দেশে যে ইনটিগ্রিটি ছিল, যে সংহতি ছিল, তা বিঘ্নিত হবে। তাই যদি আমি বলি যে দেশদ্রোহী ছাড়া এই অর্ডার আনতে পারে না, দেশের ভিতরে যে একটা বিশৃংখলা আনার যে চক্রান্ত সেটা এই অর্ডারের মধ্যে দিয়ে আমাদের কাছে দেখা দিয়েছে তাহলে বোধহয় অপ্রাসঙ্গিক হবে না। সেজন্য আমি সমগ্র মন্ত্রিসভার কাছে এবং ওপক্ষের সকল সদস্যদের কাছে আবেদন করবো—অবনীবাবুকে দেখছি না, কালকে বোধহয় তাঁকে তাড়া খেতে হয়েছে, অবনীবাবুর মত কংগ্রেসের ভিতরে অনেক সদস্য আছেন যাঁদের মনের কথা আমরা জানি, যাঁরা বাংলাদেশের সমস্যা বোঝেন কিন্তু তাঁরা মুখ খুলতে পারছেন না, আমি তাঁদের মানবতার কাছে আবেদন করবো তাঁরা বাধ্য করুন মন্ত্রিসভাকে এই আদেশ তুলে নিতে। এই আদেশ কার্যকরী যাতে না হয় সেই ব্যবস্থা যদি তাঁরা করতে পারেন তাহলে বাংলাদেশের মানুষ তাঁদের দু'হাত তুলে আশীর্বাদ করবে।

শ্রীবিজয়কুমার ব্যানার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের এই যে আলোচ্য বিষয় এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই নূতন আইনের ফলে দুধ বাড়বে কি কমবে ওসব নিয়ে আমি এখন মাথা ঘামাতে চাই না। আজকে দেশে ২৪ ঘণ্টা গণতন্ত্রের প্রচার করা হয় কিন্তু সেটা কোন চরম অবস্থায় এসে দাঁড়িয়েছে সেটা আমি দেখতে পাচ্ছি না। এখানে বিশিষ্ট আইনজ্ঞ, আইন-জীবী অনেকে আছেন, এই আইন যেভাবে করা হচ্ছে সেটা আমাদের একটু দেখা উচিত। কারণ আজকের এই গণতন্ত্রে যদি বিচারালয়ের ক্ষমতা খর্ব হয়, যদি বিচারালয়ের আদেশ উপেক্ষা, অবজ্ঞা এবং এড়িয়ে যাওয়া হয় তাহলে সেটা কনটেম্পট অফ কোর্ট হয়। ওনারা যেভাবে এগুচ্ছেন, এই রাষ্ট্রের ক্ষমতা ওঁরা যেভাবে অপব্যবহার করছেন, তাতে এটা আমার কথা নয়, এই আইন সম্বন্ধে মহামান্য হাইকোর্টের বিচারপতি বলেছেন যে ওঁরা সেই ক্ষমতা সঙ্গতভাবে

ব্যবহার করেন নি, এই আইন অসিদ্ধ, এই আইন যে উদ্দেশ্যে হয়েছিল সেই উদ্দেশ্য ব্যর্থ হয়েছে। ঠিক এর পরে ১৯৬৫ সালের ২৪শে আগস্ট থেকে এই নভেম্বর মাসে মাত্র আড়াই মাসের মধ্যে একজন নাগরিকের আবেদনে মাহামান্য হাইকোর্ট এই আইন সম্বন্ধে তাঁর মন্তব্য করেন ও নিন্দাবাদ করেন। ঠিক সেই আইন আজকে যদি আরো ব্যাপকভাবে সেই এলাকায় প্রযোজ্য হয় তাহলে আমার মনে হয় এর চেয়ে কোন ক্লিয়ার কেস অফ কনটেম্পট হতে পারে না। আমার মনে হয় এই আইন যদি হাইকোর্টে নিয়ে যাওয়া হয় তাহলে নিশ্চয়ই আমাদের নাগরিকদের তরফ থেকে হাইকোর্টের বিচারপতিকে বলা উচিত যে আমাদের রাষ্ট্রের ক্ষমতা যদি এইভাবে অপব্যবহার করা হয় তাহলে গণতন্ত্র ধ্বংস হয়ে যাবে। স্যার, এই জিনিস খুব সোজা নয়। গণতন্ত্রের মূল কথা বিচারালয়ে বিচারপতির আদেশ। হাইকোর্টে এবং আদালতের সেই আদেশের প্রতি আমাদের শ্রদ্ধা আছে। কারণ আমরা জানি কোন জায়গায় যদি আমরা কোন অন্যায়ের প্রতিকার বা প্রতিবিধান করতে না পারি তাহলে আমার বিশ্বাস আছে অন্ততঃ বিচারালয়ে যে কোন স্বাধীন দেশের মানুষের তার প্রতিকার পাবার আশা আছে। আজকে সেই আশাকে ভেঙ্গে দেবার যে অপচেষ্টা হচ্ছে সেই অপচেষ্টাকে রোধ করা উচিত, গণতন্ত্রের নামে এই প্রহসন এই সমস্ত কাজ কিছুতেই করতে দেওয়া উচিত নয়। স্যার, কালকে যে আইন অসিদ্ধ বলে বলা হয়েছে, আমি জানি সেটা অন্য রকম ভাবে অন্য নাম দিয়ে হাইকোর্টের রায়কে উপেক্ষা এবং অবহেলা করে এড়িয়ে চলবার জন্য অনেক রাস্তা সরকার নিচ্ছেন। এটা কি মহামান্য হাইকোর্টের রায়কে উপেক্ষা বা অবমাননা করা হয় না? এখানে অনেক আইনজ্ঞ আছেন, তাঁরা যে দলেরই হোন না কেন, উঠে দাঁড়িয়ে বলুন এটা হাইকোর্টের রায়কে এড়িয়ে চলবার জন্য সরকারের অপচেষ্টা হচ্ছে, তাঁরা সাহস করে বলুন, হাইকোর্টের সঙ্গে যাঁদের সম্পর্ক তাঁরা ম্যাজেস্টি অফ ল মেনে ওটা যাতে রক্ষা হয় তার জন্য চেষ্টা করুন।

[4-50—5 p.m.]

সেজন্য আমি এখানে যাঁরা বিশিষ্ট আইনজীবী আছেন, যাঁরা মহামান্য হাইকোর্টের সঙ্গে সংশ্লিষ্ট তাঁদের কাছে আবেদন করবো আজকে যদি আমরা শেষ চেষ্টা করে সেই আইনের মান্য দিতে না পারি তাহলে স্যার, গণতন্ত্র চুরমার হয়ে যাবে। স্যার, স্বেচ্ছাচারিতার একটা মাত্রা আছে। যখন কোন অন্যায়ের প্রতিবিধান হয় না তখন আমরা আদালতের আশ্রয় নিই। আজ আদালত তাঁর রায়েতে যদি একটা জিনিস বলে থাকেন সেটা না মেনে এইভাবে এড়িয়ে চলার উদ্দেশ্য কি সেটা আদালত বুঝে। কিন্তু আদালত তো আর নিজে শাস্তি দিতে পারেন না। তাই আজ এই রকমভাবে এড়িয়ে যাচ্ছেন তাঁরা। এখানে আইনমন্ত্রী বসে আছেন, আমি তাঁকে জিজ্ঞাসা করি তিনি দাঁড়িয়ে বলুন এই আইন সিদ্ধ কিনা বা আদালতের রায়কে এড়িয়ে চলা হচ্ছে কিনা? তা যদি হয় তাহলে এটা কোন গণতান্ত্রিক রাষ্ট্রের পক্ষে করা উচিত কি উচিত নয়? স্যার, অনেকেই অনেক কথা বলেছেন, আমি বলতে চাই যে রাষ্ট্রের গরু মারা নিষিদ্ধ হয় না, যেখানে হাজার হাজার গরু মেরে খাওয়া হচ্ছে, যেখানে লক্ষ লক্ষ গরু না খেতে পেয়ে মারা যাচ্ছে সেখানে গরুর দুধের ছানা বন্ধ করে যদি আর কিছু করতে পারা যায় তাহলে সেই নীতি হচ্ছে গর্ত খুঁড়ে গর্ত বোজান। এতে কি হবে? আজকে ১৮ বছর স্বাধীনতার পরে পাঞ্জাব বা অন্যান্য জায়গা থেকে ভাল ভাল গরু এনে তার দুধ তৈরী করার কাজে যদি সরকার মনযোগ দিতেন তাহলে আজকে দুধের অবস্থা এই রকম হতো না। আমরা জানি সরকার আজকে আমাদের যে পর্যায়ে নামিয়েছেন সেখানে রাস্তার ভিখারীর সঙ্গে সাধারণ মানুষের কোন তফাৎ নেই। স্যার, আজকে যদি মন্ত্রীদের তোষামোদ না করা যায় তাহলে চাল, দুধ, স্বাধীন মানুষের যে ন্যায্য অধিকার তার কোন কিছু পাওয়া যায় না, একথা আজ অসত্য নয়। সেইজন্য আজ আমি তাঁদের এই বলে ওয়ার্নিং দিচ্ছি যে আপনারা গণতন্ত্রকে হত্যা করবেন না, দেশের মানুষ অনেক সহ্য করেছে, দেশের মানুষের সহ্যের একটা সীমা আছে। স্যার, আপনি চেয়ারে বসে আছেন, আপনি বলুন এই আইন এইভাবে হওয়া উচিত কিনা, আপনিই বলুন এইভাবে আদালতের রায়কে এড়িয়ে যাওয়া হচ্ছে কিনা? আমি আইন মন্ত্রীকে জিজ্ঞাসা করি হাইকোর্টের যে বিচারে রায় হয়েছে তাকে এড়িয়ে চলা হচ্ছে কিনা? যদি সাহস থাকে তো উত্তর দিন যে, না আইন কিছু ভাঙ্গা হয়

নি, আমরা আইন মেনে চলছি। একথা বলার সাহস তাঁদের নেই। স্যার, সেদিন উত্তেজনার মাথায় কংগ্রেস দল—তাঁরাও, স্যার, সাধারণ মানুষ, এই কথা বলেছিলেন, জানি না আমার বন্ধুর কিছু হয়েছে কিনা তারপরে, যদি কিছু না হয় তাহলে ভাল, কিন্তু আমি আবেদন করবো মাননীয় মন্ত্রিমহাশয় যদি এই রকম আইন করেন অগণতান্ত্রিক পদ্ধতিতে, তাহলে নিশ্চয়ই আদালতের ক্ষমতা আছে আপনাদের কনটেম্পট অফ কোর্ট করে বা অন্য কোন ক্ষমতা প্রয়োগ করে আপনাদের স্বেচ্ছাচারিতা বন্ধ করে দেওয়ার।

শ্রীঅমর বসু ঃ সভাপাল মহাশয়, আজকে আমার বক্তব্য রাখবার প্রথমেই আমি বলতে চাই যে ১৪ বছর আগে এই বিধানসভায় যখন প্রথম এসেছিলাম তখন বিধানসভার আয়-ব্যয় আলোচনার খাতে হরিণঘাটার হিসাব দেখতে গিয়ে দেখলাম যে বিরাট অঙ্কের বিদেশী গুড়ো দুধ কেনা হয়। আমি একটু আশ্চর্য হয়ে গিয়েছিলাম যে হরিণঘাটার অনেক কথা শুনেছিলাম বাইরে থেকে—কিন্তু এখানে দেখছি যে সেখানে যে দুধ হয় তার মোটা অংশ বিদেশী গুড়া দুধ এবং অনেক বছর ধরে শুনে আসছি যে আমাদের হরিণঘাটা ধীরে ধীরে এগুচ্ছে—অনেকটা দুধ-এর সমস্যার সমাধান করে এনেছি। কিন্তু আজ এই ছানার উপর তার পর ক্ষীরের উপর খাঁড়া চলছে মন্ত্রিমহাশয়ের—এটাতে পরিষ্কার প্রমাণ হয়ে যাচ্ছে যে হরিণঘাটার নাভিশ্বাস এসেছে—বাঁচবে কিনা সন্দেহ। সমুদ্রের জলে মাছ ধরে সমস্ত সমস্যার সমাধান করে দেবো—এই ছিল মন্ত্রিমহাশয়দের বক্তব্য।,কিন্তু তার পর দেখলাম কি—সেই জাহাজগুলি সমস্তই লোহার দরে বিক্রি হয়ে গেল। ২৫০টি বাঙ্গালী যুবক যারা সেখানে কাজ করে খেতো, উপার্জন করতো তারা বেকার হয়ে গেল। মন্ত্রিমহাশয় তো লাঠি নিয়ে বেরুলেন—জেলেদের ঠেঙ্গাবেন। আমি বোধহয় আর বছর মন্ত্রিমহাশয়কে বলেছিলাম যে ওসব ছেড়ে দিন—জেলেরা মাছ বেচবে সাধারণ মানুষ কিনবে—যা হোক একটা ব্যবস্থা করে নেবে, এর মধ্যে আর মন্ত্রীত্ব করতে যাবেন না। আজকে দুধের অবস্থা, ছানার সন্দেশের অবস্থা, খাবারের অবস্থা ঠিক সেই জায়গায় এসে পৌঁচেছে। ১৪ বছরে যখন বাংলার শিশুদের দুধ দিতে পারেন নি তখন ছানা বন্ধ করতে পারবেন না, ক্ষীর বন্ধ করতে পারবেন না। এক মাস আগে যখন শুধু ছানার উপর আপনি আঘাত হেনেছিলেন তখন এই বিধানসভায় বিরোধী দল থেকে যেসব যুক্তি দিয়েছিল যে আপনি এর দ্বারা পারবেন না—আপনি অন্যায় করছেন আপনি হাজার হাজার মানুষকে বেকার করছেন তখন আপনি কর্ণপাত করেন নি। তারপর ঐ হাইকোর্টে যখন বিচার হোল তখন আমরা দেখলাম যে আমাদের যুক্তিগুলি ঠিক, আপনি যা বলেছিলেন ঐ হাইকোর্টের বিচারপতি তা মানলেন না। তিনি নিজে সঠিক একটা বিচার করে তাঁর রায় দিয়ে দিলেন। কিন্তু আপনার তাতে অপমান বোধ হল, আপনি ক্রুদ্ধ হলেন—আপনি ভাবলেন আমি যা আদেশ করেছি আমি ঐ সমুদ্রের ধারে গিয়ে চাবুক চালাবো সমুদ্রের ঢেউ আমার কাছে আসতে পারবে না, আমি সরিয়ে দেবো—এই মেজাজ দেখিয়ে আপনি ২৪ ঘণ্টা যেতে না যেতে আর একটা আদেশ জারী করে বসলেন। এটা কি জানেন, মাথা ধরেছে শীরঃপীড়ায় লোকটা কষ্ট পাচ্ছে—চিকিৎসক সুবিধা করতে পারছেন না তখন বললেন মাথা কেটে বাদ দিয়ে দাও আর দরকার নেই। সন্দেশ হোল না, ক্ষীর রসগোল্লা সন্দেশ পানতুয়া সব বন্ধ হোল। আজকে খালি কচুরি সিঙ্গাড়া আর গজা এই হোল আমাদের খাওয়া। আমি এটা জানি যে খুব কম লোকই এই রকম জিনিস খায়। ১০।৫ টাকা দরের সন্দেশ রসগোল্লা খুব কম লোকেই খায় সব লোকে খেতে পারে না। কিন্তু একটা কথা আছে যারা ওটা খেলে চালটা গমটা কিছু কম খাবে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় প্রায়ই শুনান যে ধনীরা চাল গম কম খায়। অন্য খাবার যদি খেয়ে থাকে ভাল কথা। তারা যদি সন্দেশ খেয়ে থাকে ক্ষতি নেই। কিন্তু আপনি সন্দেশ বন্ধ করে দুধটা কি বাড়াতে পেরেছিলেন? আর একটা কথা বলি আপনি যদি দুধ বাড়ানও তাহলে যে দর হবে সেই দর শতকরা ৫০ জন মা-বাপ তাঁদের ছেলেদের মুখে দুধ দিতে পারবে না। আপনি যদি ছেলেদের দুধ খাওয়াতে চান ঐ লন্ডনে যা হচ্ছে দেখুন সরকার পক্ষ থেকে দুধ কমলালেবুর রস এবং আরও ভাল ভাল পুষ্টিকর খাদ্য মিলিয়ে প্রত্যেক ছেলেকে এক গ্লাস করে দেওয়া হয় স্কুলে—সেই

পথ আপনি গ্রহণ করতে পারবেন? আপনি হরিণঘাটার দুধ বিক্রি বন্ধ করে প্রত্যেক স্কুলে গিয়ে ছেলেদের এমনিতে খাওয়াতে পারবেন? তাহলে বুঝবো যে আপনি শিশুদের পালন করবার জন্য তাদের দুধ খাওয়াবার জন্য এই বিরাট টাকা খরচ করে হরিণঘাটা চালাচ্ছেন।

[5—5-10 p.m.]

সেদিকে তো যেতে পারবেন না। আমার সবচেয়ে বড় কথা হোল শিল্প বলুন আর যাই বলুন এর জন্য আমি ততো ব্যাথা পাই না, কারণ এটা কোনদিন চিরস্থায়ী থাকবে না, আবার দৈ-সন্দেশ ইত্যাদি হবে। কিন্তু এই যে এতো লোক বেকার হয়ে গেল শুধু সন্দেশ রসগোল্লার কারিগর নয়, যারা ছানা বইতো যারা ভাঁড় করতো যারা ঠোঙ্গা তৈরী করতো তারা যে বেকার হয়ে গেল সেই অবস্থাটা আপনি একটু ভেবে দেখেছেন কি? আপনি পারবেন না—এই বেকারের দলকে আপনি কিছুতেই কাজ দিতে পারবেন না—অসম্ভব ব্যাপার আপনার পক্ষে। আমি সেইজন্য বলবো হয়তো আপনি গোড়ায় ঠিক করে রেখেছেন যে আপনি কিছুতেই আপনার আদেশ বদলাবেন না—আমি জানি হয়তো আমার কথাটা সত্য নাও হতে পারে—কিন্তু আমি শুনেছি যে এটার পিছনে আপনার সবচেয়ে বড় জেদ ছিল। আমি নাম করে বলতে পারি যে এতে শৈল-বাবুর, জগন্নাথবাবুর, তরুণকান্তিবাবুর আপত্তি ছিল—কিন্তু আপনার একার জিদে, আপনি হরিণঘাটার মন্ত্রী এবং আপনি হরিণঘাটাকে রাখবেন ঠিক করেছেন বলে আপনি এটা এনেছেন। আমি আপনাকে বলছি যে আপনার আদেশ বদলান। সভাপাল মহাশয়, আপনি জানেন আমি সীমলে পাড়ার লোক এবং সীমলে পাড়ার সন্দেশ শুধু বাংলাদেশে নয়, শুধু ভারতবর্ষে নয়, ভারতবর্ষের বাইরেও চালান হয় এবং তার সুনামও আছে। আজকে সকাল বেলায় আমি তাদের কাছে গিয়েছিলাম—দোকানের মালিক, শিল্পী, মুটে শ্রমিক আজ একসঙ্গে রাস্তার ফুটপাতে দাঁড়িয়ে আছে "দাদা কি হবে"? আমি বললাম বলতে পারি না ভাই—যারা যুক্তি বোঝে তাদের যুক্তি দিয়ে বোঝানো যায়—কিন্তু যারা যুক্তি বোঝে না তাদের উপর শক্তি প্রয়োগ করতে হয় এবং সেই শক্তি প্রয়োগ করবার যদি তোমাদের ক্ষমতা থাকে তাহলে যারা তোমাদের এই ছানার উপর ক্ষীরের উপর আঘাত হানছে সেই আঘাত বন্ধ করতে হবে; তা না হলে কিছুই করতে পারবে না। আমি দেখে আশ্চর্য হলাম—তাদের মুখ দেখে মনে হোল যেন তাদের বাপ-মা মারা গেছে। বাপ-মা মারা গেছে সেইরকম বাড়ীতে গেলে সেই বাড়ীর ছেলে মেয়েদের মুখ যেমন হয়, তাদেরও সেইরকম মুখের অবস্থা। আমি ভাবলেম, কাল থেকে তারা কি খাবে? মালিক যারা রোজগার করেছে তারা কিছুদিন, হয়তো দু-তিন-চার বছর খেতে পারে বা অন্য ব্যবসায় যেতে পারে। কিন্তু শ্রমিকরা যারা সন্দেশ করে তারা হাতুড়ি পিটবে বা মোট বইবে কি করে? এগুলি আপনি বিবেচনা করলেন না। আপনি আমাদের কথা যদি না শুনেন তাহলে আমি বলি কংগ্রেস পার্টির সকলকে নিয়ে বসুন, বসে আর একবার বিবেচনা করুন। এই সর্বনাশ আপনি ডেকে আনবেন না। এতে আমার মনে হচ্ছে এমন একদিন আসছে, ধীরে ধীরে নানা দিক থেকে যে বিপদ সৃষ্টি হচ্ছে অভাব সৃষ্টি হচ্ছে—এইসব অভাবী মানুষ একদিন অসহ্য হয়ে আপনাদের সামনে একটা বিরাট ঝড় তোলবার জন্য এগিয়ে আসবে।

ডঃ কানাইলাল ভট্টাচার্য ঃ মিঃ চেয়ারম্যান স্যার, হাইকোর্ট যে আদেশ দিয়েছেন সেই আদেশের বিরুদ্ধে মন্ত্রিমহাশয় আপীল করবেন এটাই আমরা শুনেছিলাম। কিন্তু কাল হাই-কোর্টের আদেশকে পাশে রেখে দিয়ে মন্ত্রিমহাশয় আর একটা নির্দেশ জারী করলেন যার দ্বারা সমস্ত রকম মিষ্টান্ন তৈরী বন্ধ করে দিলেন। এর দ্বারা এই টুকুনি মনে হচ্ছে যে পশ্চিমবঙ্গ সরকার হাইকোর্টকে এক কথায় বলা যেতে পারে চিট করলেন। এই রকম একটা খারাপ নজীর পশ্চিমবঙ্গ সরকারের সৃষ্টি করা উচিত হয় নি। এর দ্বারা তাঁরা নিজেদের সম্মান ক্ষুন্ন করছেন এবং আমি মনে করি হাইকোর্টের সম্মানও তাঁরা যথেষ্ট ক্ষুন্ন করেছেন এই অর্ডার পাশ হবার পর আমরা আর একটা দৃষ্টান্ত দেখতে পেলাম যার দ্বারা ডি আই আর-এর অপমান করা হল। ডি আই আর-এর অপব্যবহার আমরা দেখেছি বহুভাবে, কিন্তু এইভাবে ডি আই আর-এর অপব্যবহার করা এর আগে হয়েছে বলে মনে হয় না। কারণ এই অর্ডারের দ্বারা আজকে লক্ষ লক্ষ লোককে বেকার করা হল। আজকে সরকার নিজেদের যে অক্ষমতা সেটাকে ঢাকবার জন্য একটা সমস্যার সৃষ্টি করলেন। তারা খাটাল অপসারণ করে কলকাতা থেকে হরিণঘাটা

কলোনীতে নিয়ে যাবার জন্য আইন তৈরী করলেন। সেই আইন আবার সংশোধন করা হল, অর্থাৎ যে সমস্ত খাটাল যারা এখান থেকে যাবে না তাদের বেশী করে সাজা দেওয়া হবে। মন্ত্রিমহাশয় বলেছিলেন খাটাল মালিকদের তিনি জোর করে হরিণঘাটায় নিয়ে যাচ্ছেন এবং তারা যদি সেখানে খাটাল পরিচালনা করেন তাহলে সমস্ত কলকাতায় দুধ সরবরাহ করা যবে। কিন্তু মন্ত্রিমহাশয় বললেন না কেন খাটাল অপসারণের যে স্কীম সেই স্কীম সাকসেসফুল হল না? আজকে দুধের প্রডাকসান না বাড়িয়ে কেন দুগ্ধজাত মিষ্টির উপর বিধি নিষেধ আরোপ করতে হল যার ফলে বড় রকমের সমস্যা সৃষ্টি হল? মন্ত্রিমহাশয় এবং কংগ্রেসের বড় বড় সদস্যরা আমদের কাছে বলেছেন যে বৃদ্ধ, শিশুদের মুখে দুধ দেবার জন্য একটা প্রগতিশীল নীতি সরকার নিয়েছেন এবং আমরা নাকি তাতে আপত্তি জানিয়ে অত্যন্ত প্রতিক্রিয়াশীল মনোভাব ব্যক্ত করেছি। আমি জিজ্ঞাসা করছি ৭০ লক্ষ লোকের মধ্যে কতজন লোক দুধ খায় এবং দুধ যেটা বাচান হচ্ছে সেটা কি সরকার শিশু ও বৃদ্ধদের বিনা পয়সায় দেবেন? এক টাকা লিটার এই দুধের দাম। কংগ্রেস সদস্যরা যেন মনে রাখেন কতজন লোক এই বৃহত্তর কলকাতায় সেই দুধ খেতে পারেন। আমরা জানি মিষ্টি যারা খায় তাঁরা মধ্যবিত্ত এবং উচ্চ মধ্যবিত্ত। কিন্তু যাদের আজকে দুধ খাওয়াবেন বলে বড় বড় কথা বলছেন, যাদের দুধ যোগানের জন্য সরকার বড় বড় প্রগতিবাদী নীতি গ্রহণ করেছেন তাদের সংখ্যা কত? মন্ত্রিমহাশয় আমাদের লিস্ট দিয়েছেন যে ৫০ হাজার দরখাস্ত নাকি হয়েছে—যেখানে ৭০ লক্ষ লোক বাস করে সেখানে এটা এক পারসেন্ট-এ আসে না।

[5-10—5-20 p.m.]

